বিশ্বকোষ

অর্থাৎ

যাবতীয় সংস্কৃত, বাঙ্গালা ও গ্রাম্য শব্দের অর্থ ও ব্যুৎপত্তি; আরব্য, পারস্য, হিন্দি প্রভৃতি ভাষার চলিত শব্দ ও তাহাদের অর্থ; প্রাচীন ও আধুনিক ধর্ম্মসংপ্রদায় ও তাহাদের মত ও বিশ্বাস, মনুষ্যতত্ত্ব এবং আর্য্য ও অনার্য্য জাতীয় বৃত্তান্ত; বৈদিক, পৌরাণিক ও ঐতিহাসিক সর্ব্বজাতীয় প্রসিদ্ধ ব্যক্তিগণের বিবরণ; বেদ, বেদাঙ্গ, পুরাণ, তন্ত্র, ব্যাকরণ, অলঙ্কার, ছন্দোবিদ্যা, ন্যায়, জ্যোতিষ, অঙ্ক, উদ্ভিদ্, রসায়ন, ভূতত্ত্ব, প্রাণিতত্ত্ব, বিজ্ঞান, আলোপ্যাথী হোমিওপ্যাথী, বৈদ্যক, ও হকিমী মতের চিকিৎসাপ্রণালী ও ব্যবস্থা, শিল্প, ইন্দ্রজাল, কৃষিতত্ত্ব, পাকবিদ্যা প্রভৃতি নানা শাস্ত্রের সারসংগ্রহ অকারাদি বর্ণানুক্রমিক বৃহদভিধান

ঊনবিংশ ভাগ

বিবাহনীয়—বৌদ্ধধর্ম্ম

২০ নং কাঁটাপুকুর লেন, বাগবাজার, বিশ্বকোষ কার্য্যালয় হইতে

শ্রীনগেন্দ্রনাথ বসু সঙ্কলিত ও

প্রকাশিত।



কলিকাতা

২১।৩ নং শান্তিরাম ঘোষের ষ্ট্রীট, বাগবাজার, বিশ্বকোষ প্রেসে

শ্রীরাখালচন্দ্র মিত্র দ্বারা মুদ্রিত।

১৩১৫

Ref
03
বিশ্বকোষ
(১ম খণ্ড)

STOCK TAKING - 2011

ST - VERF

15282
23 MAY 1966

বিশ্বকোষ

ঊনবিংশ ভাগ

বিবাহনীয় (ত্রি) ১ বিবাহযোগ্য। ২ বাহনার্হ।

বিবাহপটহ (পুং) বিবাহের বাদ্য।

বিবাহপদ্ধতি (পুং) গ্রন্থবিশেষ। যে গ্রন্থে বিবাহসংস্কারের ক্রমনিয়মাদি বিশেষরূপে লিখিত আছে।

বিবাহবিধি (স্ত্রী) বিবাহস্য বিধিঃ। বিবাহের বিধি, বিবাহের বিধান। শাস্ত্রে বিবাহের বিধি নির্দ্দিষ্ট আছে। তদনুসারে বিবাহ্যা ও অবিবাহ্যা কন্যা স্থির করিয়া জ্যোতিষোক্ত শুভাশুভ দিনাদি দেখিয়া বিবাহের দিন স্থির করা বিধেয়।

মনুর মতে,—

"অষ্টবর্ষা ভবেদ্‌গৌরী নববর্ষা তু রোহিণী।
দশমে কন্যকা প্রোক্তা অত ঊর্দ্ধং রজস্বলা॥"
তস্মাৎ সংবৎসরে পূর্ব্বে দশমে কন্যকা বুধৈঃ।
প্রদাতব্যা প্রযত্নেন ন দোষঃ কালদোষজঃ॥"

আট বৎসরের কন্যার নাম গৌরী এবং নববর্ষা কন্যা রোহিণী এবং দশ বৎসর হইলে তাহাকে কন্যকা কহে, ইহার পর স্ত্রীগণ রজস্বলা হয়। সুতরাং ইহার পূর্ব্বেই বিবাহ দিবে। দশবৎসরের পর কন্যার বিবাহ দিলে কালদোষাদি হইবে না। দশবৎসরের পর কন্যাদিগের ঋতুর আশঙ্কা করিয়া শাস্ত্রকারগণ কালদোষাদিতেও বিবাহের ব্যবস্থা দিয়াছেন।

বিবাহকালাতীতে দোষ—কন্যার দশবৎসরের মধ্যেই স্বয়ংবর অন্বেষণ করিয়া বিবাহ করিতে পারিবে। বলিয়াছেন যে, দ্বাদশ বৎসর বয়স হইলেও কন্যাকে বিবাহ দেওয়া না হয়, তাহা হইলে ঐ কন্যার পিতা র শোণিত পান করেন। রাজমার্ত্তণ্ড বলিয়াছেন, বিবাহের কন্যা রজোদর্শন করিলে তাহার পিতা, মাতা ও জ্যে নরকগামী হন ও ঐ কন্যার রজোরক্ত পান করেন। যে মদমত্ত হইয়া ঐ রূপ কন্যাকে বিবাহ করে, তাহার সম্ভাষণ বা একপঙ্‌ক্তিতে ভোজন করাও বিধেয় উহাকে বৃষলীপতি বলিয়া বিবেচনা করা উচিত। এই বচনদ্বারা জানা যায় যে, কন্যার রজঃপ্রবৃত্তির পর বিবাহ পিতা প্রভৃতি মহৎ পাপভাগী হন। সুতরাং রজঃ পূর্ব্বেই বিবাহ দেওয়া সর্ব্বতোভাবে বিধেয়।

যম—"কন্যা দ্বাদশবর্ষাণি যাপ্রদত্তা গৃহে বসেৎ।
ব্রহ্মহত্যা পিতুস্তস্যাঃ সা কন্যা বরয়েৎ স্বয়ম্॥

অঙ্গিরা—প্রাপ্তে তু দ্বাদশে বর্ষে যদা কন্যা ন দীয়তে।
তদা তস্যাস্তু কন্যায়াঃ পিতা পিবতি শোণিতম্॥

রাজমার্ত্তণ্ডে—সম্প্রাপ্তে দ্বাদশে বর্ষে কন্যাং যো ন প্রযচ্ছতি
মাসি মাসি রজস্তস্যাঃ পিতা পিবতি শোণিতম্॥
মাতা চৈব পিতা চৈব জ্যেষ্ঠভ্রাতা তথৈব চ।
ত্রয়স্তে নরকং যান্তি দৃষ্ট্বা কন্যাং রজস্বলাম্॥

যস্তু তাং বরয়েৎ কন্যাং ব্রাহ্মণো জ্ঞানদুর্ব্বলঃ।
অশ্রদ্ধেয়মপাঙ্‌ক্তেয়ং তং বিদ্যাৎ বৃষলীপতিম্ ॥"

এই সকল বচনদ্বারা জানা যায় যে, কন্যার ঋতুর পর তাহার বিবাহ পাপজনক, কিন্তু মনুবচনে দেখিতে পাওয়া যায় যে, কন্যা ঋতুমতী হইয়া মৃত্যুকাল পর্য্যন্ত অবিবাহিতাবস্থায় পিতৃগৃহে অবস্থান করে, সেও ভাল, তথাপি তাহাকে নির্গুণ পাত্রের হস্তে প্রদান করিবে না। রঘুনন্দন ইহার তাৎপর্য্য এইরূপ বলিয়াছেন যে, মনু স্বয়ং বরপাত্রের যে সকল গুণ হওয়া উচিত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন; ঐ সকল গুণযুক্ত পাত্র পাইলে অপরকে দিবে না, ইহাই উক্ত বাক্যের মর্ম্মার্থ। নতুবা গুণহীন পাত্রকে কন্যাসম্প্রদান করিবে না, ইহা বুঝা যায় না। মনু আরও বলিয়াছেন যে, গুণবান্ পাত্র উপস্থিত হইলে কন্যার বিবাহের অযোগ্য কালেও অর্থাৎ ৮ বৎসরের ন্যূনবয়স্কা হইলেও তাহাকে সম্প্রদান করিবে।

কামমামরণাত্তিষ্ঠেদ্ গৃহে কন্যর্ত্তুমত্যপি।
নচৈবেনাং প্রযচ্ছেত্তু গুণহীনায় কর্হিচিৎ ॥

ইতি তৎ স্বোক্তগুণহীনমাত্রসম্ভাববিষয়ং, অতএব গুণবতে হষ্টবর্ষন্যূনাপি দেয়েত্যাহ মনুঃ—

উৎকৃষ্টায়াভিরূপায় বরায় সদৃশায় চ।
অপ্রাপ্তামপি তাং কন্যাং তস্মৈদদ্যাদ্ যথাবিধি ॥
অপ্রাপ্তাং অপ্রাপ্তবিবাহ প্রশস্তকালাম্।" (উদ্বাহতত্ত্ব)

বিবাহের প্রশস্তকাল—স্মৃতিসারনামক গ্রন্থে লিখিত আছে যে, সকল বর্ণেরই ৭ বৎসরের পর কন্যার বিবাহের কাল প্রশস্ত। আরও লিখিত আছে যে, অযুগ্মবর্ষে বিবাহ দিলে কন্যা দুর্ভগা, এবং যুগ্মবর্ষে বিবাহ দিলে বিধবা, সুতরাং কন্যার গর্ভান্বিত যুগ্মবৎসরে বিবাহ দিলে পতিব্রতা হয়। জন্মমাস লইয়া তিন মাসের পর হইতে অযুগ্মবর্ষ এবং জন্মমাস লইয়া তিনমাসের মধ্যে গর্ভ হইতে যুগ্মবর্ষ হয়। বাৎস্য প্রভৃতি মুনিগণ জ্যোতিঃশাস্ত্রে জন্মমাস লইয়া তিন মাস পর্য্যন্ত যে গর্ভান্বিত যুগ্মবর্ষ হয়, তাহাই বিবাহের শুদ্ধকাল বলিয়া স্থির করিয়াছেন। এই যুগ্ম ও অযুগ্মবর্ষ গণনা ভূমিষ্ঠ ও গর্ভাধান হইতে করিতে হয়, অর্থাৎ ভূমিষ্ঠ হওয়ার পর হইতে গণনায় অযুগ্মবর্ষ শুদ্ধকাল এবং গর্ভাধানের পর হইতে গণনায় যুগ্মবর্ষ শুদ্ধকাল।

"সপ্তসংবৎসরাদূর্দ্ধং বিবাহঃ সার্ব্ববর্ণিকঃ।
কন্যায়াঃ শস্যতে রাজন্নন্যথা ধর্ম্মগর্হিতঃ ॥
অযুগ্মে দুর্ভগা নারী যুগ্মে চ বিধবা ভবেৎ।
তস্মাদ্ গর্ভান্বিতে যুগ্মে বিবাহে সা পতিব্রতা ॥
মাসত্রয়াদূর্দ্ধমযুগ্মবর্ষে যুগ্মেঽপি মাসত্রয়মেব যাবৎ।
বিবাহশুদ্ধিং প্রবদন্তি সর্ব্বে বাৎস্যাদয়ো জ্যোতিষি জন্মমাসাৎ ॥
অত্র যুগ্মাযুগ্মগণনা প্রসূত্যাধানাপেক্ষয়া
প্রসূত্যাধানতঃ শুদ্ধির্বিষমেঽহ্নি সমে ক্রমাৎ।
ইতি বচনাৎ।" (উদ্বাহতত্ত্ব)

বিবাহে অকালাদি দোষাভাব—কন্যার দশবৎসরের পর অকালাদি জন্য দোষ হয় না। শাস্ত্রে আছে, গুরুশুক্রের বাল্য, বৃদ্ধ ও অস্তজনিত যে অকালাদি হয়, তাহাতে বিবাহাদি দিবে না. কিন্তু কন্যার যদি কন্যাকাল অর্থাৎ দশবৎসর অতীত হয়, তাহা হইলে বিবাহে অকালাদিদোষ হইবে না। কারণ শাস্ত্র বলেন, কোন একটী তীর্থে দ্বিতীয়বার গমনকালে, কর্ম্ম আরব্ধ হইলে কিম্বা কন্যার বিবাহকাল অতীত হইলে আর কালদোষ হইবে না।

"আবৃত্তে তীর্থগমনে প্রতিজ্ঞাতে চ কর্ম্মণি।
কালাত্যয়ে চ কন্যায়াঃ কালদোষো ন বিদ্যতে ॥"

কন্যাদানাধিকারী—বিবাহকালে কন্যাকে যথাবিধি দান করিতে হয়। কোন্ কোন্ ব্যক্তির কন্যা দান করিবার অধিকার আছে, তাহার বিষয় এইরূপ লিখিত আছে যে,—পিতা, পিতামহ, ভ্রাতা, সকুল্য, মাতামহ, এবং মাতা ইহারা সকলেই কন্যাদানে অধিকারী। ইহাদের মধ্যে পূর্ব্ব পূর্ব্ব ব্যক্তির অভাব ঘটিলে পর পর উল্লিখিত ব্যক্তি যদি প্রকৃতিস্থ হন, তাহা হইলে তিনি কন্যাকে সম্প্রদান করিবেন। প্রকৃতিস্থ শব্দের অর্থ পাতিত্য বা উন্মাদ আদি রোগদোষশূন্য। অপ্রকৃতিস্থ পিতা বা অপর অধিকারী কর্ত্তৃক কন্যাদান করা হইলেও ঐ দান অসিদ্ধ হইবে। কিন্তু ইহাতে একটু বিশেষ এই যে, অপ্রকৃতিস্থ পিত্রাদি যদি বাগ্‌দান করেন, তাহা হইলে তাহাই অসিদ্ধ হইবে। যদি বিবাহ সম্পন্ন হইয়া যায়, তাহা হইলে অনধিকারী দান করিয়াছে বলিয়া ঐ দানরূপ অঙ্গ বা অপ্রধান কার্য্যমাত্রের বৈকল্যহেতু ঐ বিবাহ আর ফিরিবে না।

পিতার নিজেরই কন্যাদান করা কর্ত্তব্য। নিজে অসমর্থ হইলে তাহার অনুমতি লইয়া ভ্রাতা দান করিতে পারে। এই দুইজনের পর মাতামহ, মাতুল, সকুল্য এবং বান্ধব যথাক্রমে কন্যাদানে অধিকারী। আর ইহাদের সকলের অভাবে মাতা অধিকারিণী। কিন্তু ইহাদের সকলেরই প্রকৃতিস্থ হওয়া চাই। ইহাদের মধ্যে পূর্ব্ব পূর্ব্বের অভাব হইলে পর পর উল্লিখিত দিগের মধ্যে যে যে প্রকৃতিস্থ হইবে, সে সে যথাক্রমে অধিকারী হইবে। উক্ত অধিকারিগণ কন্যার উপযুক্ত সময়ে যদি দান না করেন, তাহা হইলে অবিবাহিতা কন্যার প্রতিঋতুতে তাহারা ভ্রূণহত্যার পাপী হইয়া থাকেন। কন্যা দানের যে সকল অধিকারীর উল্লেখ করা হইল, যদি এই সকলেরই অভাব হয়, তাহা হইলে কন্যা নিজেই গম্য বরকে পতিরূপে বরণ করিবে।

"পিতা পিতামহো ভ্রাতা সকুল্যো মাতামহো মাতা চেতি কন্যাপ্রদাঃ, পূর্ব্বাভাবে প্রকৃতিস্থঃ পর ইতি। প্রকৃতিস্থঃ পাতিত্যোন্মাদাদিরহিতঃ। অপ্রকৃতিস্থেন পিত্রাদিনা কৃতমপ্যকৃতমেব। তদাহ নারদঃ—স্বতন্ত্রোঽপি হি যৎ কার্য্যং কুর্য্যাদপ্রকৃতিং গতঃ। তদপ্যকৃতমেব স্যাদস্বাতন্ত্র্যস্য হেতুতঃ॥

"পিতৃত্বাদিনা স্বতন্ত্রোঽপি সন্ অপ্রকৃতিস্থত্বেন হেতুনা পরতন্ত্রো ভবতি তৎ তৎ কৃতং রাগ্‌দানাদিকমকৃতমেব। যদি তু বিবাহো নির্ব্বর্ত্তস্তদা প্রধানস্য নিষ্পন্নত্বেনাধিকারিবৈকল্যান্ন তস্য পুনরাবৃত্তিরিতি।

"পিতা দত্তাৎ স্বয়ং কন্যাং ভ্রাতা বানুমতঃ পিতুঃ।
মাতামহো মাতুলশ্চ সকুল্যো বান্ধবস্তথা॥
মাতা ত্বভাবে সর্ব্বেষাং প্রকৃতৌ যদি বর্ত্ততে।
তস্যাম প্রকৃতিস্থায়াং কন্যাং দদ্যুঃ স্বজাতয়ঃ॥
পিতা পিতামহো ভ্রাতা সকুল্যো জননী তথা।
কন্যাপ্রদঃ পূর্ব্বনাশে প্রকৃতিস্থঃ পরঃ পরঃ॥
অপ্রযচ্ছন্ সমাপ্নোতি ভ্রূণহত্যামৃতাবৃতৌ।
গম্যস্বভাবে দাতৄণাং কন্যা কুর্য্যাৎ স্বয়ং বরম্॥" (উদ্বাহতত্ত্ব)

বিবাহান্তে কন্যার উপর তাহার পতির সম্পূর্ণ স্বামিত্ব হয় এবং পিতার স্বামিত্ব নিবৃত্ত হয়, সুতরাং কন্যার বিবাহের পর পতির গোত্রানুসারে তাহার সকল কার্য্য হইবে। তাহার মৃত্যুর পরও পতিগোত্রানুসারে পিণ্ডোদকাদি ক্রিয়া সম্পন্ন হইবে।

"প্রদানেনৈব কন্যায়াঃ বরস্য স্বাম্যং জায়তে, কন্যাদাতুঃ স্বাম্যং নিবর্ত্ততে।"

"স্বগোত্রাদ্‌ভ্রশ্যতে নারী বিবাহাৎ সপ্তমে পদে।
পতিগোত্রেণ কর্ত্তব্যা তস্যাঃ পিণ্ডোদকক্রিয়াঃ॥"

(উদ্বাহতত্ত্ব)

বিবাহাদি সংস্কার কার্য্য নান্দীমুখ শ্রাদ্ধ করিয়া করিবে। বিবাহের দিন প্রাতঃকালে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিয়া রাত্রিকালে কন্যা দান করিতে হয়। বিবাহের আরম্ভের পর যদি অশৌচ হয়, তাহা হইলে উহাতে কোন প্রতিবন্ধক হইবে না। বিবাহের আরম্ভ শব্দে বৃদ্ধিশ্রাদ্ধ বুঝিতে হইবে। বৃদ্ধি শ্রাদ্ধ করিতে বসিয়া যদি শুনা যায় যে, জন্ম বা মরণাদি অশৌচ হইয়াছে, তাহা হইলে ঐ বিবাহে কোন দোষ হইবে না। কারণ শাস্ত্রে আছে যে ব্রত, যজ্ঞ, বিবাহ, শ্রাদ্ধ, হোম, অর্চ্চনা এবং জপ এই সকল কর্ম্মের আরম্ভ হইয়া যাইবার পর যদি অশৌচ হয়, তবে ঐ অশৌচ আর আরব্ধ কর্ম্মের প্রতিবন্ধক হইবে না। কিন্তু আরম্ভের পূর্ব্বে অশৌচ হইলে উহা ব্যাঘাতক হইবে। বৃদ্ধিশ্রাদ্ধই বিবাহের আরম্ভ জানিতে হইবে।

"আরব্ধকর্ম্মণি নাশৌচং—
ব্রতযজ্ঞবিবাহেষু শ্রাদ্ধে হোমার্চ্চনে জপে।
আরব্ধে সূতকং ন স্যাদনারব্ধে তু সূতকম্॥
আরব্ধো বরণং যজ্ঞে সঙ্কল্পো ব্রতজাপয়োঃ।
নান্দীশ্রাদ্ধং বিবাহাদৌ শ্রাদ্ধে পাকপরিক্রিয়॥" (উদ্বাহতত্ত্ব)

নান্দীমুখ শ্রাদ্ধের কর্ত্তৃত্ব নিরূপণ—বিবাহাদি কার্য্যে নান্দীমুখ শ্রাদ্ধ করিবে। ইহার বিষয়ে শাস্ত্রবিধি এইরূপ,—পুত্রের প্রথম বিবাহে পিতারই নান্দীমুখ শ্রাদ্ধ কর্ত্তব্য। পুত্র যদি দ্বিতীয় বার বিবাহ করে, তবে তাহার পিতা নান্দীমুখ শ্রাদ্ধের অধিকারী না হইয়া ঐ পুত্র নিজেই শ্রাদ্ধাধিকারী হইবে, অতএব ঐ নান্দীমুখ শ্রাদ্ধে পিতার মাতামহাদির উল্লেখ না হইয়া তাহার নিজেরই মাতামহাদির উল্লেখ হইবে।

পুত্রের বিবাহে পিতা না থাকিলে সে স্বয়ংই শ্রাদ্ধাধিকারী; সুতরাং তাহার মাতামহাদির শ্রাদ্ধ হইবে কন্যার বিবাহে পিতা শ্রাদ্ধাধিকারী।

"তত্রাদ্যবিবাহে পিত্রা তৎ কর্ত্তব্যং—
স্বপিতৃভ্যঃ পিতা দদ্যাৎ সুতসংস্কারকর্ম্মসু।
পিণ্ডেনোদ্বহনান্তেষাং তস্যাভাবেঽপি তৎ ক্রমাৎ॥

সুতসংস্কারগ্রহণাৎ পুত্রস্য বিবাহান্তরে পিত্রানাভ্যুদয়িকং কার্য্যং আত্মেন সংস্কারসিদ্ধৌ দ্বিতীয়াদেস্তদ্‌জনকত্বাৎ" (উদ্বাহতত্ত্ব)

বিবাহে শান্তিকর্ম্ম—বিবাহের ভাবি অনর্থ প্রতীকারের জন্য সুবর্ণদান ও গ্রহদিগের উদ্দেশে হোম করা বিধেয়। কারণ শাস্ত্রে আছে, কেহ ইচ্ছা করুক বা না করুক অবশ্যম্ভাবী ঘটনা সকল আপনা আপনিই ঘটিয়া থাকে। এই জন্য অবশ্যম্ভাবী শুভাশুভ বিষয়ে গ্রহাদি দোষের শান্তির নিমিত্ত বিবাহের পূর্ব্বে গ্রহহোম ও সুবর্ণাদি দান অবশ্যবিধেয়।

"ভাবিনোঽনর্থা ভবন্ত্যেব হঠেনানিচ্ছতোঽপি হি। ইতি মৎস্যপুরাণোক্তাবশ্যম্ভাবিশুভাশুভেষু গ্রহাদিদোষশান্ত্যর্থং হোমহিরণ্যাদিদানং বিবাহাৎ প্রাক্ কর্ত্তব্যং"। (উদ্বাহতত্ত্ব)

বিবাহে শুভাশুভ দিন—বিবাহে জ্যোতিষোক্ত শুভদিন দেখিয়া সেই শুভদিনে বিবাহ স্থির করা বিধেয়। অশুভদিনে বিবাহ দিতে নাই।

বিবাহোক্ত মাস—অগ্রহায়ণ, মাঘ, ফাল্গুন, বৈশাখ ও জ্যৈষ্ঠ এই কয় মাস বিবাহে প্রশস্ত। ইহা ভিন্ন অন্য আর সকল মাসেই দোষশ্রুতি আছে। যথা—আষাঢ় মাসে বিবাহ হইলে সেই কন্যা ধনধান্য ও ভাগ্যরহিতা, শ্রাবণ মাসে সন্তানহীনা, ভাদ্রমাসে বেশ্যা, কার্ত্তিকে রোগিণী, পৌষমাসে বিধবা ও বন্ধুবিযুক্তা এবং চৈত্রমাসে মদনোন্মাদিনী হয়। ইহা ভিন্ন অন্য মাসে বিবাহিতা কন্যাগণ পুত্রবতী এবং সমৃদ্ধিশালিনী হয়।

এই যে নিষিদ্ধ মাসের বিষয় বলা হইল, ইহার প্রতি-

প্রসব এইরূপ দেখা যায়, যথা—অপর দেশের রাজা কর্তৃক স্বদেশ আক্রান্ত হইলে অথবা দেশে যুদ্ধ উপস্থিত হইলে বা পিতা মাতার প্রাণ সংশয় হইলে অথবা কন্যার বিবাহযোগ্য বয়স উত্তীর্ণ হইলে বিবাহে বিহিত মাসাদির প্রতীক্ষা করিবে না। কন্যার বয়স যদি এইরূপ বৃদ্ধি পায় যে, তাহাতে কুল এবং ধর্ম্মের অনিষ্ট ঘটিবার আশঙ্কা আছে, এরূপ অবস্থায় কেবল চন্দ্র ও লগ্নের বল দেখিয়াই নিষিদ্ধ কালাদিতেও বিবাহ দেওয়া যাইতে পারে।

কন্যাদিগের দশবৎসরের পূর্ব্বেই গ্রহদিগের শুদ্ধি, তারা-শুদ্ধি, বৎসর শুদ্ধি অর্থাৎ যুগ্মাযুগ্মবর্ষ বিচার, মাসশুদ্ধি, আষাঢ় আদি নিষিদ্ধ মাসের পরিত্যাগ, অয়নশুদ্ধি, দক্ষিণায়ন পরিত্যাগ, ঋতুশুদ্ধি, শরৎ আদি স্ত্রী ঋতুর পরিহার, দিনশুদ্ধি, শনি ও মঙ্গল-বার বর্জ্জন, ইত্যাদির বিষয় দেখিতে হয়। দশবর্ষের পর আর এই সকল বিশেষরূপে দেখার আবশ্যক নাই। পৌষ এবং চৈত্র এই দুইটী মাস ভিন্ন আর অবশিষ্ট দশ মাসেই বিবাহ দেওয়া যাইতে পারে। এই দশ মাসের মধ্যে যদি কোন মাসে মলমাস হয়, তবে ঐ মলমাসে বিবাহ দেওয়া যাইতে পারে না। ইহাই শাস্ত্রের অভিপ্রায়। জ্যেষ্ঠ পুত্র ও কন্যার সম্বন্ধে একটু বিশেষ আছে যে, অগ্রহায়ণ মাসে জ্যেষ্ঠের বিবাহ কিছুতেই দেওয়া যাইতে পারে না, তবে জ্যৈষ্ঠ মাস সম্বন্ধে উক্ত আছে যে, মাসের প্রথম দশ দিন বাদ দিয়া বিবাহ দেওয়া যাইতে পারে।

"আষাঢ়ে ধনধান্যভোগরহিতা নষ্টপ্রজা শ্রাবণে
বেশ্যা ভাদ্রপদে ইষে চ মরণং রোগান্বিতা কার্ত্তিকে।
পৌষে প্রেতবতী বিয়োগবিধুরা চৈত্রে মদোন্মাদিনী,
অন্যেষ্বেব বিবাহিতা সুতবতী নারী সমৃদ্ধা ভবেৎ॥
রাজগ্রস্তে তথা যুদ্ধে পিতৃণাং প্রাণসংশয়ে।
অতি প্রৌঢ়া চ যা কন্যা নানুকূল্যং প্রতীক্ষতে॥
অতিবৃদ্ধা চ যা কন্যা কুলধর্ম্মবিরোধিনী।
অবিশুদ্ধ্যাপি সা দেয়া গ্রহলগ্নবলেন তু॥
গ্রহশুদ্ধিমৃক্ষশুদ্ধিং শুদ্ধিং মাসায়নর্ত্তু দিবসানাম্।
অর্ব্বাক্ দশবর্ষেভ্যো মুনয়ঃ কথয়ন্তি কন্যকানাম্॥

দশবর্ষাভ্যন্তরে শুদ্ধৌ গ্রহাব্দাদীনাং বিশেষোপাদানাত্তদূর্দ্ধং তাবন্মাত্রনিয়মঃ।

মাঙ্গল্যেষু বিবাহেষু কন্যাসংবরণেষু চ।
দশমাসাঃ প্রশস্যন্তে চৈত্রপৌষবিবর্জ্জিতাঃ॥
মার্গশীর্ষে তথা জ্যৈষ্ঠে ক্ষৌরং পরিণয়ং ব্রতম্।
জ্যেষ্ঠপুত্রদুহিত্রোশ্চ যত্নতঃ পরিবর্জ্জয়েৎ॥
কৃত্তিকাস্থং রবিং ত্যক্ত্বা জ্যৈষ্ঠে জ্যেষ্ঠস্য কারয়েৎ।
উৎসবানি চ সর্ব্বাণি দিগ্‌দিনানি বিবর্জ্জয়েৎ॥" (জ্যোতিস্তত্ত্ব)

কন্যার জন্মমাসে বিবাহ প্রশস্ত। কন্যার জন্মমাসে বিবাহ হইলে সেই কন্যা পুত্রবতী, জন্মমাস হইতে দ্বিতীয় মাসে বিবাহ হইলে ধনসমৃদ্ধিশালিনী এবং জন্ম নক্ষত্রে ও জন্মরাশিতে বিবাহ হইলে সন্ততিযুক্তা হয়।

পুরুষের জন্মমাসে বিবাহ নিষিদ্ধ। কিন্তু ইহার প্রতিপ্রসব এইরূপ,—গর্গের মতে জন্মমাসের প্রথম ৮ দিন বাদ দিয়া করা যাইতে পারে। যবনের মতে দশদিন এবং বশিষ্ঠের মতে কেবলমাত্র জন্ম দিন বাদ দিবে। ভাগুরির মতে জন্মমাস বাদ দেওয়া প্রশস্ত।

"জন্মমাসে চ পুত্রাঢ্যা ধনাঢ্যা চ ধনোদয়ে।
জন্মভে জন্মরাশৌ চ কন্যা হি ধ্রুবসন্ততিঃ॥
ন জন্মমাসে ন চ চৈত্রপৌষে ক্ষৌরং বিবাহো ন চ কর্ণবেধঃ।
নূনং সরোগো ধনপুত্রনাশং প্রাপ্নোতি মূঢ়ো বধবন্ধনানি॥
জাতং দিনং দূষয়তে বশিষ্ঠশ্চাষ্টৌ চ গর্গো যবনো দশাহম্।
জন্মাখ্যমাসং কিল ভাগুরিশ্চ চৌড়ে বিবাহে ক্ষুরকর্ণবেধে।"
(জ্যোতিস্তত্ত্ব)

বিবাহে বিহিত বার—বৃহস্পতি, শুক্র, বুধ ও সোমবার বিবাহে প্রশস্ত। এই সকল শুভবারে বিবাহ হইলে কন্যা সুভগা হয়। আর রবি, শনি ও মঙ্গলবারে বিবাহ হইলে কন্যা কুলটা হয়। কিন্তু ইহার প্রতিপ্রসব দেখিতে পাওয়া যায় যে, অরক্ষণীয়া কন্যার পক্ষে রবি, শনি ও মঙ্গলবারেও বিবাহ দোষাবহ নহে। কারণ, বিবাহ রাত্রিকালে হয়। এইজন্য বিবাহে বারদোষ হইবে না। কিন্তু যেস্থলে কন্যা অরক্ষণীয়া নহে, তথায় এই বারদোষ দেখিতে হইবে।

"গুরুশুক্রবুধেন্দূনাং দিনেষু সুভগা ভবেৎ।
সূর্য্যার্কিভূমিপুত্রাণাং দিনেষু কুলটা ভবেৎ॥
ন বারদোষাঃ প্রভবন্তি রাত্রৌ বিশেষতোঽর্কাবনিভূশনীনাং॥"
(জ্যোতিস্তত্ত্ব)

বিবাহে নিষিদ্ধ তিথি—অমাবস্যা ও চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী-তিথিতে এবং বিষ্টিকরণে বিবাহ বিশেষ নিষিদ্ধ। কিন্তু শনিবারে যদি চতুর্থী, নবমী এবং চতুর্দ্দশী তিথি হয়, তাহা হইলে ঐ তিথিতে বিবাহ বিশেষ প্রশস্ত। ইহা ভিন্ন অন্য তিথি প্রশস্ত। কিন্তু চন্দ্রদগ্ধা, মাসদগ্ধা প্রভৃতি সকল কার্য্যে নিষিদ্ধ; সুতরাং ইহাতে বিবাহও নিষিদ্ধ জানিবে।

"অমাবস্যাঞ্চ রিক্তায়াং করণে বিষ্টিসংজ্ঞকে।
যঃ করোতি বিবাহং স শীঘ্রং যাতি যমালয়ম্॥
শনৈশ্চরদিনে চৈব যদি রিক্তা তিথির্ভবেৎ।
তস্যাং বিবাহিতা কন্যা পতিসন্তানবর্দ্ধিনী॥ (জ্যোতিস্তত্ত্ব)

বিবাহে নিষিদ্ধ যোগ—ব্যতীপাতযোগে বিবাহ হইলে কুলো-

চ্ছেদ, পরিঘযোগে স্বামিনাশ, বৈধৃতিতে বিধবা, অতিগণ্ডে বিষদাহ, ব্যাঘাতযোগে ব্যাধি, হর্ষণযোগে শোক, শূলযোগে ব্রণশূল, গণ্ডে রোগভয়, বিষ্কুম্ভে সর্পদংশন এবং বজ্রযোগে মরণ হয়, সুতরাং এই দশটী যোগ বিবাহে বিশেষ নিষিদ্ধ।

"কুলচ্ছেদো ব্যতীপাতে পরিঘে স্বামিঘাতিনী।
বৈধৃতৌ বিধবা নারী বিষদাহোঽতিগণ্ডকে ॥
ব্যাঘাতে ব্যাধিসংঘাতঃ শোকার্ত্তা হর্ষণে তথা।
শূলে চ ব্রণশূলং স্যাৎ গণ্ডে রোগভয়ং তথা ॥
বিষ্কুম্ভোঽপ্যহিদংশঃ স্যাৎ বজ্রকে মরণং ভবেৎ।
এতে বৈ দারুণাঃ সর্ব্বে দশযোগাঃ প্রকীর্ত্তিতাঃ ॥"
(জ্যোতিস্তত্ত্ব)

বিবাহে বিহিত নক্ষত্র—রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, মৃগশিরা, মূলা, অনুরাধা, মঘা, হস্তা ও স্বাতি এই সকল নক্ষত্র বিবাহে প্রশস্ত। কিন্তু চিত্রা, শ্রবণা, ধনিষ্ঠা ও অশ্বিনী নক্ষত্র আপদ্ বিষয় বা যজুর্ব্বেদীয় বিবাহে জানিতে হইবে। মঘা, মূলা ও রেবতী নক্ষত্রে একটু বিশেষ আছে যে, মঘা ও মূলা নক্ষত্রের আদ্য পাদ ও রেবতী নক্ষত্রের চতুর্থ পাদ পরিত্যাগ করা বিধেয়। কারণ উহাতে বিবাহ হইলে প্রাণনাশ হয়।

"রেবত্যুত্তররোহিণীমূলানুরাধা মঘাহস্তাস্বাতিষু তৌলিষষ্ঠ-মিথুনেষূত্তমেষু পাণিগ্রহঃ। এবং কুমার্য্যাঃ পাণিং গৃহ্নীয়াৎ ত্রিষু ত্রিষূত্তরাদিষু স্বাতৌ মৃগশিরো রোহিণ্যাং বেতি পারস্করেণোক্তং ॥
আদ্যে মঘা চতুর্ভাগে নৈর্ঋতস্যাস্য এব চ।
রেবত্যন্তচতুর্ভাগে বিবাহঃ প্রাণনাশকঃ ॥" (জ্যোতিস্তত্ত্ব)

ইহা ভিন্ন যামিত্রযুতবেধ, যামিত্রবেধ, দশযোগ ভঙ্গ এবং সপ্তশলাকায় বিবাহ বিশেষ নিষিদ্ধ।

যামিত্রযুতবেধ—চন্দ্র পাপ গ্রহের সপ্তমস্থিত হইলে যামিত্র-বেধ এবং পাপযুক্ত হইলে যুতবেধ হয়, অর্থাৎ কর্ম্মকালীন রাশির সপ্তমে যদি রবি, শনি ও মঙ্গল থাকেন, তাহা হইলেই এই যামিত্রবেধ হয়।

যুতযামিত্র বেধেরও প্রতিপ্রসব দেখিতে পাওয়া যায়। চন্দ্র যদি বৃষরাশিতে থাকেন, নিজ গৃহে বা পূর্ণ হন, অথবা মিত্রগৃহ ও শুভগ্রহের গৃহে থাকেন বা শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে যামিত্রবেধের দোষ হয় না।

দশযোগভঙ্গ—কর্ম্মকালে সূর্য্যযুক্ত নক্ষত্র ও কর্ম্মযোগ্য নক্ষত্র একত্র করিয়া যদি ২৭ সের অধিক হয়, তাহা হইলে ২৭ ত্যাগ করিয়া যাহা অবশিষ্ট থাকে, তাহাতে যদি ১৫, ৬, ৪, ১, ১০, ১৯, ১৮, বা ২০ সংখ্যা হয়, তবে দশযোগভঙ্গ হয়। এই দশযোগভঙ্গেও বিবাহ বিশেষ নিষিদ্ধ।

সপ্তশলাকা—উত্তর দক্ষিণে ৭টী রেখা এবং পূর্ব্ব পশ্চিমে ৭টী রেখা অঙ্কিত করিতে হইবে। পরে উত্তর দিকের প্রথম রেখা অবধি কৃত্তিকাদি করিয়া অভিজিতের সহিত অষ্টাবিংশতি বসাইবে। যে নক্ষত্রে বিবাহ হইবে, তাহাতে কিম্বা তদ্রেখার সম্মুখবর্ত্তী নক্ষত্রে চন্দ্র ভিন্ন কোন গ্রহ যদি থাকে, তাহা হইলে সপ্তশলাকাবেধ হয়, উত্তরাষাঢ়ার শেষ পঞ্চদশ দণ্ড এবং শ্রবণার প্রথম চারিদণ্ড অভিজিৎ, অভিজিতের সহিত রোহিণীর, কৃত্তিকার সহিত শ্রবণার এবং মৃগশিরার সহিত উত্তরাষাঢ়ার বেধ, ইত্যাদিরূপে বেধ স্থির করিতে হইবে। এই সপ্তশলাকায় বিবাহ সর্ব্বাপেক্ষা নিষিদ্ধ। ইহাতে বিবাহ হইলে বিবাহিতা স্ত্রী বিবাহের রক্ত বস্ত্র পরিধান করিয়াই স্বামীর মুখানল করে।

"পাপাৎ সপ্তমগঃ শশী যদি ভবেৎ পাপেন যুক্তোঽথবা
যত্নেনাশু বিবর্জ্জয়েন্মুনিগণৈর্দোষোঽপ্যয়ং কথ্যতে।
যাত্রায়াং বিপদো গৃহে সুতবধঃ ক্ষৌরেষু রোগোদ্ভবঃ
বৈধব্যং বিবাহে ব্রতে চ মরণং শূলঞ্চ পুংসর্ম্মণি ॥
রবিমন্দকুজাক্রান্তং মৃগান্তাৎ সপ্তমং ত্যজেৎ।
বিবাহযাত্রাচূড়াসু গৃহকর্ম্ম-প্রবেশনে ॥
মূলত্রিকোণনিজমন্দিরগোঽথ পূর্ণো
মিত্রর্ক্ষসৌম্যগৃহগোঽথ তদীক্ষিতো বা।
যামিত্রবেধবিহিতানপহৃত্য দোষান্
দোষাকরঃ সুখমনেকবিধং বিধত্তে ॥
কৃত্তিকাদি চতুঃসপ্ত রেখারাশৌ পরিভ্রমন্।
গ্রহশ্চেদেকরেখাস্থো বেধঃ সপ্তশলাকজঃ ॥
বৈশ্বস্য চতুর্থেঽংশে শ্রবণাদৌ লিপ্তিকা চতুষ্কে চ।
অভিজিৎতৎস্থে খেচরে বিজ্ঞেয়া রোহিণী বিদ্ধা ॥
যস্যাঃ শশী সপ্তশলাকভিন্নঃ পাপৈরপাপৈরথবা বিবাহে।
রক্তাংশুকেনৈব তু রোদমানা শ্মশানভূমিং প্রমদা প্রযাতি ॥"

বিবাহে বিহিত লগ্ন—কন্যা, তুলা, মিথুন ও ধনুর পূর্ব্বার্দ্ধ-কাল বিবাহে প্রশস্ত, ধনুলগ্নের অপরার্দ্ধ নিন্দিত। নিন্দ্য লগ্নের দ্বিপদাংশ অর্থাৎ কন্যা, তুলা ও মিথুনের নবাংশ বিবাহে প্রশস্ত। বিবাহে যে লগ্ন হয়, সেই লগ্নের সপ্তম, অষ্টম ও দ্বাদশ স্থানে যদি শুভগ্রহ না থাকে, দ্বিতীয়, তৃতীয় ও একাদশ স্থানে চন্দ্র থাকে এবং তৃতীয়, একাদশ, ষষ্ঠ ও অষ্টম স্থানে পাপগ্রহ থাকে, শুক্র ষষ্ঠে ও মঙ্গল অষ্টমে না থাকে, তাহা হইলে সেই লগ্ন প্রশস্ত। চন্দ্র পাপমধ্যগত ও রবি, মঙ্গল, শনি শুক্রযুক্ত হইলে সেই লগ্ন পরিত্যাগ করা বিধেয়।

লগ্নের এই দোষ পরিহারের জন্য সুতহিবুক যোগের বিধান আছে। সুতহিবুক যোগ হইলে লগ্নের এই সকল দোষ বিনষ্ট হয়। যে লগ্নে বিবাহ হয়, সেই সময় যদি লগ্নে, চতুর্থস্থানে, পঞ্চম

ও নবমে বৃহস্পতি বা শুক্র থাকেন, তাহা হইলে সুতহিবুক যোগ হয়। এই যোগে বিবাহ হইলে লগ্নের সমস্ত দোষ নাশ ও সুখবৃদ্ধি হয়।

"কন্যাতুলাভূন্মিথুনেষু সাধ্বী শেষেষসাধ্বী ধনবর্জ্জিতা চ।
নিন্দ্যেঽপি লগ্নে দ্বিপদাংশ ইষ্টঃ কন্যাদিলগ্নেষ্বপি নাম্বভাগঃ॥
ধনুষি কুলটানারী তৎপূর্ব্বাঙ্গে সতীতি জগুঃ।
সপ্তাষ্টান্ত্যবহিঃ শুভৈরুড়ুপতাবেকাদশ দ্বিত্রিগে-
ক্রূরৈস্ত্র্যায়ষড়ষ্টগৈর্নতুভৃগৌ ষষ্ঠে কুজে চাষ্টমে।
দম্পত্যোর্দ্বিনবাষ্টরাশিরহিতে দারানুকূলো রবৌ
চন্দ্রে চার্ককুজার্কিশুক্রবিযুতে মধ্যেঽথবা পাপয়োঃ॥
লগ্নে তৎপঞ্চমে তূর্য্যে নবমে দশমে তথা।
গুরুর্ভৃগুর্বা দোষঘ্নো বিবাহে বর্দ্ধতে শুভম্॥"
(জ্যোতিস্তত্ত্বধৃত দীপিকা)

যদি উত্তম লগ্নাদি না পাওয়া যায়, তাহা হইলে শাস্ত্রে গোধূলির বিধান আছে। কিন্তু বিহিত লগ্ন থাকিলে কখনই গোধূলিতে বিবাহ দিবে না। যে সময় পশ্চিমদিক্ ঈষৎ রক্তবর্ণ হয়, আকাশে দুই একটী তারকা দৃষ্ট হয়, তাহারই নাম গোধূলি। বিবাহে গোধূলি তিন প্রকার বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। যথা—হেমন্ত ও শিশিরকালে সূর্য্য মন্দকিরণ হইয়া গোলাকৃতি ও চক্ষুগোচর হইলে, বসন্ত ও গ্রীষ্মকালে অর্দ্ধাস্তমিত হইলে এবং বর্ষা ও শরৎকালে সূর্য্য অস্ত গিয়া অদৃশ্য হইলে গোধূলি হয়। যে সময় বিশুদ্ধ লগ্ন না পাওয়া যায়, সেই সময় গোধূলি শুভদ হয়, অন্যথা অশুভ।

গোধূলি সম্বন্ধে আরও একটু বিশেষ এই যে, অগ্রহায়ণ ও মাঘমাসে গোধূলিতে বিবাহ হইলে বৈধব্য, কিন্তু ফাল্গুন, বৈশাখ, জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে বিবাহে শুভ হইয়া থাকে। শনি ও বৃহস্পতিবারের দিবাদণ্ডে গোধূলি নিষিদ্ধ।

"সন্ধ্যাতপারুণিতপশ্চিমদিগ্‌বিভাগে
ব্যোম্নি স্ফুরদ্বিরলতারকসন্নিবেশে।
রুদ্ধে গবাং খরপুটোদ্গলিতৈরজোভি-
র্গোধূলিরেষ কথিতো ভৃগুজেন যোগঃ॥
গোধূলিং ত্রিবিধাং বদন্তি মুনয়ো নারীবিবাহাদিকে
হেমন্তে শিশিরে প্রয়াতি মৃদুতাং পিণ্ডীকৃতে ভাস্করে।
গ্রীষ্মেঽর্দ্ধস্তমিতে বসন্তসময়ে ভানৌ গতে দৃশ্যতাং
সূর্য্যে চাস্তমুপাগতে চ নিয়তং প্রাবৃট্‌শরৎকালয়োঃ॥
লগ্নং যদা নাস্তি বিশুদ্ধমন্যৎ গোধূলিকাং তত্র শুভাং বদন্তি।
লগ্নে বিশুদ্ধে সতি বীর্য্যযুক্তে গোধূলিকা নৈব ফলং বিধত্তে॥
মার্গে গোধূলিযোগে প্রভবতি বিধবা মাঘমাসে তথৈব
পুত্রাঘূর্ণযৌবনেন সহিতা কুম্ভে স্থিতে ভাস্করে।
বৈশাখে সুখদা প্রজাধনবতী জ্যৈষ্ঠে পতের্মানদা
আষাঢ়ে ধনধান্যপুত্রবহুলা পাণিগ্রহে কন্যকা॥" (জ্যোতিস্তত্ত্ব)

এইরূপ প্রণালীতে দিন ও লগ্ন স্থির করিয়া বিবাহ দেওয়া কর্ত্তব্য। অদিনে বা নিন্দিত লগ্নে বিবাহ দেওয়া কদাপি বিধেয় নহে।

বিবাহকালে সৌরমাসেরই উল্লেখ করিয়া দান করিতে হয়। কারণ শাস্ত্রে আছে যে, বিবাহাদি সংস্কার কার্য্যের সঙ্কল্প বাক্যে সৌরমাসেরই উল্লেখকরিতে হইবে। রাশিও উল্লেখ করা আবশ্যক।

"আব্দিকে পিতৃকৃত্যে চ মাসশ্চান্দ্রমসঃ স্মৃতঃ।
বিবাহাদৌ স্মৃতঃ সৌরো যজ্ঞাদৌ সাবনো মতঃ॥" (উদ্বাহতত্ত্ব)

দিবাভাগে বিবাহ করিতে নাই, দিবাভাগে বিবাহ করিলে কন্যা পুত্রবর্জ্জিতা হয়। দিবাভাগেই দান সাধারণ বিধি; কিন্তু বিবাহে যে দান, তাহা রাত্রিকালে করিবারই বিশেষ বিধান আছে।

"বিবাহে তু দিবাভাগে কন্যা স্যাৎ পুত্রবর্জ্জিতা।
বিবাহানলদগ্ধা সা নিয়তং স্বামিঘাতিনী॥
বিবাহে রাত্রৌ দানান্তরমাহ দেবলঃ—
রাহুদর্শনসংক্রান্তিষ্বিবাহাত্যয়বৃদ্ধিষু।
স্নানদানাদিকং কুর্য্যুর্নিশি কাম্যব্রতেষু চ॥
গ্রহণোদ্বাহসংক্রান্তি যাত্রার্ত্তিপ্রসবেষু চ।
দানং নৈমিত্তিকংজ্ঞেয়ং রাত্রাবপি ন দুষ্যতি॥" (উদ্বাহতত্ত্ব)

বিবাহে এই দানসম্বন্ধে একটু বিশেষ আছে যে, সকল স্থলে দানমাত্রেই দাতা পূর্ব্বমুখ হইয়া দান এবং গৃহীতা উত্তরমুখ হইয়া গ্রহণ করিয়া থাকেন, কিন্তু বিবাহে ইহার ব্যতিক্রম দৃষ্ট হয়। ব্যতিক্রম শব্দের অর্থ—দাতা পশ্চিম মুখ হইয়া বসিয়া কন্যা দান করিবে। গৃহীতা পূর্ব্বমুখ হইয়া কন্যা গ্রহণ করিবে।

"সর্ব্বত্র প্রাঙ্‌মুখো দাতা গ্রহীতা চ উদঙ্মুখঃ।
এষ দানবিধির্দৃষ্টো বিবাহে তু ব্যতিক্রমঃ॥"

ব্যতিক্রম ইতি প্রত্যঙ্মুখঃ সম্প্রদাতা, প্রতিগৃহীতা প্রাঙ্‌মুখঃ। তথাচ—

"প্রাঙ্‌মুখায়াভিরূপায় বরায় শুচিসন্নিধৌ।
দদ্যাৎ প্রত্যঙ্মুখঃ কন্যাং ক্ষণে লক্ষণসংযুতে॥" (উদ্বাহতত্ত্ব)

দানকালে দাতা প্রথমে বরের প্রপিতামহ হইতে বর পর্য্যন্ত নাম, গোত্র ও প্রবরের উল্লেখ করিয়া পরে ঐ রূপ ক্রমে কন্যার প্রপিতামহ হইতে নাম ও গোত্রপ্রবরাদির তিনবার উল্লেখ করিয়া যথাবিধানে দান করিবে।

"বরগোত্রং সমুচ্চার্য্য প্রপিতামহপূর্ব্বকম্॥
নামসংকীর্ত্তয়েদ্বিদ্বান্ কন্যায়াশ্চৈবমেব হি॥
নান্দীমুখে বিবাহে চ প্রপিতামহপূর্ব্বকম্।
বাক্যমুচ্চারয়েদ্বিদ্বানন্যত্র পিতৃপূর্ব্বকম্॥" (উদ্বাহতত্ত্ব)

বিবাহে বর ও কন্যার পরস্পরের রাশি, লগ্ন, গ্রহ ও নক্ষত্রাদির পরস্পর মিল আছে কি না, তাহাও বিশেষরূপে লক্ষ্য করিয়া কন্যা নিরূপণ করা সর্ব্বতোভাবে বিধেয়। এইরূপ নিরূপণে সেই বিবাহ শুভপ্রদ হইয়া থাকে। অরিষড়ষ্টক, মিত্রষড়ষ্টক, অরিদ্বিদ্বাদশ, মিত্রদ্বিদ্বাদশ প্রভৃতি দেখিয়া রাজযোটক মেলক হইলে বিবাহ প্রশস্ত। [এই মেলকের বিষয় যোটক শব্দে দ্রষ্টব্য।]

বিবাহের ক্রম—বিবাহ বিষয়ে নিম্নোক্ত ক্রম পালন করিয়া বিবাহ দিতে হয়। সম্প্রদাতা পশ্চিমমুখে উপবেশন করিয়া পূর্ব্বাভিমুখে উপবিষ্ট বরকে অবশ্যকর্ত্তব্য কর্ম্ম সকল অর্থাৎ "ওঁ নমো নারায়ণায়" এই মন্ত্র উচ্চারণ করিয়া নারায়ণকে নমস্কার এবং "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততং" এইরূপে বিষ্ণু স্মরণ করিবে, পরে তিল, ও কুশ পত্র সহিত জল গ্রহণ করিয়া "বিষ্ণুঃ, বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা স্বর্গকামঃ বিষ্ণুপ্রীতিকামো বা অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায় অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রায় অমুকগোত্রায় অমুকপ্রবরায় অমুকদেবশর্ম্মণে বরায়; অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীমতীং অমুকীং দেবীং (ইত্যাদিরূপে তিন বার নাম গোত্রাদির উল্লেখ করিয়া) সালঙ্কারাং প্রজাপতিদেবতাকামেনাং কন্যাং তুভ্যমহং সম্প্রদদে। এইরূপ বাক্যে দান করিবে। পরার্থে দান হইলে 'দদানি' এইরূপ বাক্য হইবে।

এইরূপে দান করিয়া পরে দক্ষিণা দিতে হইবে। দক্ষিণা দানের পর অন্য দানাদিও দিতে হয়, অন্য দানশব্দে বরশয্যা প্রভৃতি বুঝিতে হইবে। ইহা বিবাহাঙ্গ বলিয়া রাত্রিকালে দূষণীয় নহে।

"বিবাহে দানান্তরং—

গ্রহণোদ্বাহসংক্রান্তিযাত্রার্ত্তিপ্রসবেষু চ।

দানং নৈমিত্তিকং জ্ঞেয়ং রাত্রাবপি ন দূষ্যতি॥" (উদ্বাহতত্ত্ব)

বিবাহকালে কন্যার ললাটে তিলক দিতে হয়, এই তিলক গোরোচনা, গোমূত্র, শুকনা গোবর, দধি ও চন্দন মিশ্রিত করিয়া দেওয়া উচিত। এই তিলক ধারণে সৌভাগ্য বৃদ্ধি ও আরোগ্য হয়। তিলকাদি দ্বারা কন্যাকে উত্তমরূপে সজ্জিত করিয়া বর ও বধূর মুখ দর্শন করাইবে।

"গোরোচনা সগোমূত্রং শুষ্কং গোশকৃতং তথা।

দধিচন্দনসম্মিশ্রং ললাটে তিলকং ন্যসেৎ।

সৌভাগ্যারোগ্যকৃদ্ যস্মাৎ সদা চ ললিতপ্রিয়ং॥

বরবধূমুখদর্শনং—অত্র কন্যাবরয়োঃ পুষ্পমাল্যাদ্যুৎসবেন সাম্মুখ্যকরণমাহ হরিবংশঃ—

"আশীর্ভির্বর্দ্ধয়িত্বা তু দেবর্ষিঃ কৃষ্ণমব্রবীৎ।

অনিরুদ্ধস্য বীর্য্যাখ্যো বিবাহঃ ক্রিয়তাং বিভো।

জম্বূলমালিকাং দ্রষ্টুং শ্রদ্ধা হি মম জায়তে॥" (উদ্বাহতত্ত্ব)

বিবাহকালে স্ত্রীদিগের উলু উলু ধ্বনি বিশেষ প্রশস্ত। ঐ সময় যদি হাচি হয়, তাহা হইলে ঐ বিবাহ বিশেষ শুভজনক।

"বলিকর্ম্মণি যাত্রায়াং প্রবেশে নববেশ্মনঃ।

মহোৎসবে চ মাঙ্গল্যে তত্র স্ত্রীণাং ধ্বনিঃ শুভঃ॥

স্ত্রীণাং ধ্বনিঃ হুলু হুলু ধ্বনিঃ।

আসনে শয়নে দানে ভোজনে বস্ত্রসংগ্রহে।

বিবাদে চ বিবাহে চ ক্ষুতং সপ্তসু শোভনম্॥" (উদ্বাহতত্ত্ব)

বিবাহের দিন প্রাতঃকালে সম্প্রদাতা ষষ্ঠী মার্কণ্ডেয় প্রভৃতির পূজা, অধিবাস, বসুধারা ও নান্দীমুখ শ্রাদ্ধ করিয়া রাত্রিকালে বিহিত লগ্নে বাদ্যাদি নানাবিধ উৎসবের সহিত অগ্নি, ব্রাহ্মণ ও আত্মীয়স্বজনের সমক্ষে কন্যা সম্প্রদান করিবেন। সম্প্রদানের পর কুশণ্ডিকা ও লাজহোম প্রভৃতি করিতে হয়। যদি বিবাহ রাত্রে উহা না ঘটিয়া উঠে, তাহা হইলে বিবাহের পর যে দিন উত্তম থাকে, সেই দিনে কুশণ্ডিকা প্রভৃতি করিবে।

সাম, ঋক্ ও যজুর্ব্বেদভেদে বিবাহপদ্ধতি ও হোমাদি ভিন্ন প্রকার। ভবদেব ভট্ট প্রভৃতির পদ্ধতিতে ভিন্ন ভিন্ন পদ্ধতি বিশেষরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, বাহুল্যভয়ে তাহা লিখিত হইল না।

বিবাহবেষ (পুং) বিবাহকালে পরিধেয় পরিচ্ছদাদি।

"কৃতবিবাহবেষা" (রঘু ৬।১০)

বিবাহহোম (পুং) বিবাহকালে করণীয় হোম, কুশণ্ডিকা।

"বিবাহহোমোপযুক্তা মন্ত্রাঃ"

বিবাহিত (ত্রি) কৃতবিবাহ, যে বিবাহ করিয়াছে অথবা যাহাকে বিবাহ করা হইয়াছে।

বিবাহিন্ (ত্রি) ১ বিবাহকারী। ২ বিশেষরূপে বহনকারী, ভারি।

বিবাহ্য (ত্রি) বিশেষপ্রকারে বহন করিবার উপযুক্ত, যাহাকে বিশেষরূপে বহন করা যাইতে পারে। ২ বিবাহ করিবার উপযুক্ত, যাহাকে বিবাহ করা যাইতে পারে। ৩ জামাতা।

বিবিংশ (পুং) ক্ষুপরাজার পৌত্র, বিদর্ভরাজকন্যা নন্দিনী ইহাঁর মাতা। (মার্কণ্ডেয়পু° ১২০।১৪)

বিবিংশতি (পুং) দিষ্টবংশসম্ভূত নৃপতিবিশেষ। (ভাগবত ৯।২।২৪)

বিবিক্ত (ত্রি) বি-বিচ-ক্ত। ১ পবিত্র। ২ বির্জন, নির্জ্জন।

"বিবিক্তদেশসেবিত্বমরাতির্জনসংসদি" (ভগবদ্গীতা ১৩।১০)

৩ অসম্পৃক্ত।

"পুনরুষসি বিবিক্তমাতরিশ্বাবচূর্ণ্য
জলয়তি মদনাগ্নিং মালতীনাং রজোভিঃ।" (মাঘ ১১।১৭)

৪ বিবেকী। (মেদিনী) ৫ বিবেচক। ৬ শুভ। ৭ একাগ্র। ৮ পৃথক্‌কৃত। (পুং) ৯ বিষ্ণু। (ভারত ১৩।১৪৯।৪১)

বিবিক্ততা (স্ত্রী) বিবিক্তের ভাব বা ধর্ম্ম। বিবেকিতা, বৈরাগ্য।

বিবিক্তত্ব (ক্লী) বিবিক্ততা।

বিবিক্তা (স্ত্রী) বি-বিচ্‌-ক্ত স্ত্রিয়াং টাপ্‌। দুর্ভগা।

বিবিক্তি (স্ত্রী) বি-বিচ্‌-ক্তিন্‌। ১ বিভাগ। ২ বিচ্ছেদ। ৩ উপযুক্ত সম্মান, পার্থক্যনির্ণয়।

বিবিক্ষস্‌ (ত্রি) বি-বিচ্‌-ক্সু। বিবেকবান্‌, বিবেকী, জ্ঞানবান্‌।

"প্রেমে বিবিক্ষা অবিদন্‌"। (ঋক্‌ ৩।৫৭।১) 'বিবিক্ষান্‌ বিবেকবান্‌। বিবিক্ষান্‌ বিচির্‌ পৃথগ্‌ভাবে ইত্যস্য ক্বসৌ রূপং।'

বিবিক্ষু (ত্রি) ১ শরণেচ্ছু, আশ্রয়েচ্ছু।

"তথানুষক্তং মুনিরীক্ষমাণো
গুহাং বিবিক্ষুঃ প্রসসার মেরোঃ॥" (ভাগপু° ৯।৪।৫০)

বিবিচি (ত্রি) পৃথক্‌কৃত, বিভক্ত।

বিবিত্তি (স্ত্রী) বিশেষ লাভ।

বিবিৎসা (স্ত্রী) ১ আত্মতত্ত্ব জানিবার ইচ্ছা, আত্মবিচার।

"প্রায়োধর্ম্মার্থকামেষু বিবিৎসায়াঞ্চ মানবাঃ।
হেতুনৈব সমীহন্তে আয়ুধো যশসঃ শ্রিয়ঃ॥" (ভাগ° ১১।৭।১৭)

'বিবিৎসায়ামাত্মবিচারে' (স্বামী)

২ জানিবার ইচ্ছা।

"ইতি ভীতঃ প্রজাদ্রোহাৎ সর্ব্বধর্ম্মবিবিৎসয়া।"(ভাগ° ১।৯।১)

বিবিৎসু (ত্রি) ১ জানিতে ইচ্ছুক।

"বিবৎসবস্তত্ত্বমতঃপরস্য
কুমারমুখ্যা মুনয়োঽন্বপৃচ্ছন্‌।" (ভাগ° ৩।৮।৩)

(পুং) ২ ধৃতরাষ্ট্রের একপুত্র। (ভারত ১।১১৭।৪)

বিবিদিষা (স্ত্রী) বিবিৎসা, জানিবার ইচ্ছা।

বিবিদিষু (ত্রি) বিবিৎসু, জানিতে ইচ্ছু।

বিবিদ্যুৎ (ত্রি) ১ বিদ্যুৎহীন। ২ বিদ্যুদ্‌বিশিষ্ট।

বিবিধ (ত্রি) নানাপ্রকার, বহুপ্রকার।

"সিসৃক্ষুর্বিবিধাঃ প্রজাঃ" (মনু ১।৮)

(পুং) ২ একাহভেদ। (শাঙ্খায়নশ্রৌতসূ° ১৪।২৮।১৩)

বিবিন্ধ্য (পুং) দানবভেদ। (ভারত)

বিবীত (পুং) প্রচুর তৃণকাষ্ঠপূর্ণ রাজরক্ষিত ভূ-প্রদেশ। এই স্থান উষ্ট্র মহিষাদি কর্ত্তৃক বিধ্বস্ত হইলে তাহারা অর্থাৎ তত্তৎপালকেরা, শস্যক্ষেত্র ধ্বংসজনিত দণ্ডে দণ্ডনীয় হইবে।

"সমমেষাং বিবীতেঽপি খরোষ্ট্রং মহিষীসমম্‌।" (যাজ্ঞবল্ক্য ২।১৬০)

'বিবীতং প্রচুরতৃণকাষ্ঠো রক্ষ্যমাণঃ পরিগৃহীতো ভূ প্রদেশঃ তদুপঘাতেঽপীতরক্ষেত্রসমং দণ্ডং এষাং মহিষ্যাদীনাং বিদ্যাৎ। ইতি মিতাক্ষরায়াং স্বামিপালবিবাদপ্রকরণম্‌।' (মিতাক্ষরা)

বিবীতভর্ত্তৃ (পুং) বিবীতভূমির স্বামী।

বিবিত্তা (স্ত্রী) বি-বৃজ-ক্ত, স্ত্রিয়াং টাপ্‌। দুর্ভগা।

বিবৃৎ (স্ত্রী) অন্ন।

"বিবৃদসি বিবৃতে ত্বা" (শুক্লযজুঃ ১৫।৯)

'বিবৃদন্নং ত্বং বিবৃদসি বিবৃতেঽর্থায়' (মহীধর)

বিবৃত (ত্রি) বি-বৃ-ক্ত। ১ বিস্তৃত।

"শ্রমবিবৃতমুখভ্রংশিভিঃ কীর্ণবর্ত্মা" (শাকুন্তল ১অঙ্ক)

(পুং) ব্যাকরণমতে বর্ণোচ্চারণে প্রযত্নবিশেষ।

"স্পৃষ্টেষৎস্পৃষ্টবিবৃতসংবৃতভেদাৎ" (সি° কৌ°)

স্পৃষ্ট, ঈষৎস্পৃষ্ট, বিবৃত ও সংবৃত এই চারিটী প্রযত্ন, তন্মধ্যে উষ্মবর্ণ ও স্বরের প্রয়োগকালে, প্রক্রিয়াদশায় বিবৃত হয়।

"বিবৃতমুষ্মণাং স্বরাণাঞ্চ। হ্রস্বস্যাবর্ণস্য প্রয়োগে সংবৃতম্‌। প্রক্রিয়াদশায়াস্তু বিবৃতমেব।" (সি° কৌ°)

বিবৃতা (স্ত্রী) পৈত্তিক ক্ষুদ্ররোগভেদ। ইহাতে মুখ মহাদাহযুক্ত ও পাকা ডুমুরের বর্ণবৎ এবং শোথ হইয়া থাকে। এই রোগে পৈত্তিক বিসর্পের মত চিকিৎসা করিতে হয়। (ভাবপ্র°)

বিবৃতাক্ষ (পুং) বিবৃতে অক্ষিণী যস্য। ১ কুক্কুট। (ত্রি) ২ বিস্তৃতঅক্ষিবিশিষ্ট।

বিবৃত্তি (স্ত্রী) বি-বৃ-ক্তি। ব্যাখ্যা।

"বাক্যস্য শেষাৎ বিবৃতের্বদন্তি
সান্নিধ্যতঃ সিদ্ধপদস্য বৃদ্ধাঃ॥" (মলমাসত°)

বিবৃত্ত (ত্রি) বি-বৃত্‌-ক্ত। চলিত।

"বিবৃত্তপার্শ্বং রুচিরাঙ্গহারং" (ভট্টি)

'বিবৃত্তং তির্য্যক্‌চলিতং পার্শ্বং যত্র' (টীকা)

বিবৃত্তি (স্ত্রী) বি-বৃত-ক্তি। ১ চক্রবদ্‌ভ্রমণ। ২ ঘূর্ণন ৩ বিবিধ বৃত্তিলাভ।

"বিরাজমতপৎ স্বেন তেজসৈষাং বিবৃত্তয়ে॥" (ভাগ° ৩।৫।১০)

'বিবৃত্তয়ে বিবিধবৃত্তিলাভায়' (শ্রীধর)

বিবৃদ্ধি (স্ত্রী) ১ বিশেষরূপ বৃদ্ধি।

বিবৃহ (পুং) আপনাপনি খুলিয়া যাওয়া।

বিবৃহৎ (পুং) কাশ্যপের পুত্রভেদ। ইনি ঋগ্বেদের ১০ম মণ্ডলের ১৬৩ সংখ্যক সূক্তদ্রষ্টা ঋষি।

বিবেক (পুং) বি-বিচ্‌-ঘঞ্‌। ১ পরস্পর ব্যাবৃত্তি অর্থাৎ বাদ বিচার দ্বারা বস্তুর স্বরূপনিশ্চয়। বস্তুতঃ কোনরূপ কুতর্ক না করিয়া কেবল পরস্পর যথার্থ তর্কদ্বারা প্রকৃত নির্ণয় করার নামই বিবেক। ২ প্রকৃতি ও পুরুষ এই উভয় সম্বন্ধে যে পৃথক্‌ পৃথক্‌ জ্ঞান।

"বিবেকো বস্তুনো ভেদঃ প্রকৃতেঃ পুরুষস্য বা।" (জটাধর) ইহার পর্য্যায় পৃথগাত্মতা, বিবেচন, পৃথগ্‌ভাব।

"কর্ম্মণাঞ্চ বিবেকার্থং ধর্ম্মাধর্ম্মৌ ব্যবেচয়ৎ" (মনু ১।২৬)

৩ জলদ্রোণী, জল রাখিবার ডোঙ্গা। ৪ বিচার, বিবেচনা।

"তস্য কর্ম্মবিবেকার্থং শেষাণামনুপূর্ব্বশঃ।" (মনু ১।১১২)

৫ বৈরাগ্য, সংসারের প্রতি বিরাগ বা বিরক্তভাব। ৬ তত্ত্বজ্ঞান। ৭ স্নানাগার,চৌবাচ্চা। ৮ ভেদ। ৯ বিচারক,প্রাড্‌বিবাক।

বিবেকজ্ঞ (ত্রি) বিবেকং জানাতি বিবেক-জ্ঞা-ক। যাঁহার বিবেকসম্বন্ধীয় জ্ঞান আছে।

বিবেকজ্ঞান (ক্লী) বিবেকজনিতং জ্ঞানং বিবেক এব জ্ঞানং বা। তত্ত্বজ্ঞান, বিবেকজ জ্ঞান।

বিবেকতা (স্ত্রী) বিবেকের ভাব।

বিবেকদৃশ্বন্ (ত্রি) বিবেকং দৃষ্টবান্ বিবেক-দৃশ কনিপ্। বিবেকদর্শী, তত্ত্বজ্ঞানী, বিবেকী।

বিবেকবৎ (ত্রি) বিবেকমস্ত্যস্তীতি বিবেক-মতুপ্ মস্য বত্বম্। বিবেকবিশিষ্ট, বৈরাগ্যযুক্ত।

"বিবেকবাংশ্চ ভোগানাং নিবৃত্তোঽস্মি চ সাম্প্রতম্(মার্কপু°৬৬।৪০)

বিবেকবিলাস (পুং) একখানি প্রসিদ্ধ জৈন গ্রন্থ।

বিবেকিতা (স্ত্রী) ১ বিবেকীর ভাব বা ধর্ম্ম। ২ বিবেচকের কর্ম্ম।

"যৌবনং ধনসম্পত্তিঃ প্রভুত্বমবিবেকিতা।
একৈকমপ্যনর্থায় কিমু তত্র চতুষ্টয়ম্॥" (হিতোপদেশ)

বিবেকিত্ব (ক্লী) বিবেকিতা।

বিবেকিন্ (পুং) বিবেকোঽস্ত্যস্যেতি বিবেক-ইনি। বিবেকযুক্ত, যাহার বিবেক জন্মিয়াছে। ন্যায়মতে বিবেকীর লক্ষণ এইরূপ ;—

"দবদহনদহ্যমানদারুদরঘনঘূর্ণায়মাণঘুণসংঘাতবদিহ জগতি যো ভ্রমতে জীবী স বিবেকীতি।"

এই জগতে দবদহনকালীন দহ্যমান কাষ্ঠোদরস্থ কীটের ন্যায়, ভ্রাম্যমাণ জীবই (মনুষ্যের জীবাত্মাই) বিবেকী বলিয়া অভিহিত হয়। অর্থাৎ দাবানল প্রজ্বলিত হইয়া বনস্থ বৃক্ষাদি দগ্ধ করিতে আরম্ভ করিলে সেই সেই বৃক্ষকোটরের কীটসমূহ যেমন কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া সাতিশয় যন্ত্রণার সহিত একবার বৃক্ষের পাদদেশ হইতে তাহার অগ্রভাগ এবং পুনরায় অগ্রভাগ হইতে পাদদেশে পুনঃপুনঃ বিচরণ ভিন্ন অন্য কোন উপায়ান্তর অবলম্বন করিতে পারে না, তদ্রূপ জীবাত্মা বারংবার সংসারে আসিয়া বিষমদুঃখার্ত্ত হয়; শেষে সংসারের অপরিসীম যন্ত্রণা সহ্য করিতে না পারিয়া যখন সে ঐ কীটের ন্যায় অবস্থাপন্ন হয়, তখন তাহাকে বিবেকী বলা যায়। *

২ বিচারকর্ত্তা, বিচারক। ৩ ভৈরববংশোৎপন্ন দেবসেন রাজপুত্র, ইহাঁর মাতার নাম কেশিনী। (কালিকাপু° ৯০ অঃ) ৪ বৈরাগ্যবিশিষ্ট, বিরাগী।

বিবেক্তব্য (ত্রি) বি-বিচ্-তব্য। বিবেচনার যোগ্য।

বিবেক্তৃ (ত্রি) বি-বিচ্-তৃচ্। ১ বিবেচক। ২ বিচারক।

বিবেক্তৃত্ব (ক্লী) বিচারক ও বিবেচকের ভাব বা ধর্ম্ম।

বিবেক্য (ত্রি) বি-বিচ্-যৎ। বিবেচ্য, বিবেচনার যোগ্য।

"পাত্রাপাত্রবিবেক্তৃত্বখ্যাতির্নৈয়া প্রকাশ্যতাং।"(রাজতর° ৩।৩১৯)

বিবেচক (ত্রি) বি-বিচ্-ণ্বুল্। ১ বিবেচনকারী। ২ বিচারক।

বিবেচন (ক্লী) বি-বিচ্-ল্যুট্। ১ বিবেক। (শব্দরত্নাবলী)

"বিদ্বদ্ভির্গীয়সে বিষ্ণো ত্বমেব জগতীপতে।
ইচ্ছয়া সর্ব্বমাপ্নোষি দৃষ্টাদৃষ্টবিবেচনম্॥" (হরিবংশ ৪৩।১৮)

২ নির্ণয়। (স্ত্রিয়াং টাপ্) ৩ বিবেচনা।

"যস্য শূদ্রস্তু কুরুতে রাজ্ঞো ধর্ম্মবিবেচনম্।
তস্য সীদতি তদ্রাষ্ট্রং পঙ্কে গৌরিব পশ্যতঃ॥" (মনু ৮।২১)

বিবেচনীয় (ত্রি) বিবেচনার যোগ্য।

বিবেচিত (ত্রি) ১ বিচারিত, তর্কিত, নিরূপিত। ২ সিদ্ধ।

বিবেচ্য (ত্রি) বিবেচনার যোগ্য।

বিবেদয়িষু (ত্রি) বি-বিদ-ণিচ্-সন্-উ। বিশেষ প্রকারে জানাইতে ইচ্ছুক। যে অভীষ্ট বিষয় বিশেষ করিয়া জানাইতে ইচ্ছা করিয়াছে।

বিবোঢ় (ত্রি) বি-বহ-তৃচ্। ১ বর, পতি। ২ বহনকর্ত্তা, বহন করে।

বিব্যাধিন্ (ত্রি) বিশেষেণ ব্যাধিতুং শীলং যস্য বি-ব্যাধ-ণিনি। উত্তেজনকারী, তাড়নাকারী। ২ ব্যধনশীল, যে বিদ্ধ করিতে সমর্থ।

বিব্রত (ত্রি) ১ বিবিধ কর্ম্মশীল, নানা কার্য্যে ব্যস্ত।

"হরীণাং রথ্যং বিব্রতানাং" (ঋক্ ১০।২৩।১)

'বিব্রতানাং রথবহনাদিবিবিধকর্ম্মণাং হরীণাং এতৎসংজ্ঞকানামশ্বানাং রথ্যমানেতারং' (সায়ণ)

বিব্রুবৎ (ত্রি) বি-ব্রূ-শতৃ। বিরুদ্ধ বক্তা।

"যো ন ভ্রাতা পিতা বাপি ন পুত্রো ন নিয়োজিতঃ।
পরার্থবাদী দণ্ড্যঃ স্যাৎ ব্যবহারেষু বিব্রুবন্॥"

'বিব্রুবন্ বিরুদ্ধং ব্রুবন্'। (ব্যবহারতত্ত্ব)

* ইহাদ্বারা প্রতীয়মান হইতেছে, যেন ঐরূপ অবস্থাকে বিবেক এবং ঐ অবস্থাপন্নকে বিবেকী বলা হইল। বস্তুতঃ ঐরূপ অবস্থা উপস্থিত হইলেই যে বিবেক বা তত্ত্বজ্ঞান হয় তাহা নহে, তবে জীব ঐরূপ অবস্থাপন্ন হইলে ঐ অবস্থারই মধ্যে তাহার মুক্তি বা আত্যন্তিক দুঃখনিবৃত্তির লিপ্সা হয়। পরে সেই সঙ্গে সঙ্গেই তত্ত্বজ্ঞান উপস্থিত হয়, এ কারণ ঐ অবস্থাই বিবেকপদবাচ্য হইতেছে।

বিব্বোক (পুং) স্ত্রীদিগের শৃঙ্গারভাবজ ক্রিয়াবিশেষ। তাহারা অহঙ্কারবশে প্রিয় বস্তুতে যে অনাদর প্রকাশ করে, তাহার নাম বিব্বোক। যেমন কোন বয়স্য উপহাসচ্ছলে আশীর্ব্বাদ করিতেছে যে, "হে সখি! তুমি নিয়ত সদ্‌গুণানুসরণশীল, তোমার সর্ব্বদা যে দোষানুবৃত্তি করে, তুমি তাহাকে জগতের শ্রেষ্ঠতম বস্তু প্রাণ পর্য্যন্ত অর্পণ করিলেও যে তোমার প্রতি সম্পূর্ণ দৃষ্টি করে না এবং যে কার্য্য গর্হিত নয় অথচ তোমার অত্যন্ত প্রিয়; এইরূপ কার্য্য করিতে যে তোমাকে নিয়ত বাধা প্রদান করে, সেই ত্রৈলোক্যবিস্ময়কর প্রকৃতিশালিনী বামা তোমার উপর প্রসন্ন হউক।" এস্থলে প্রস্তাবিত স্ত্রীলোকটীর গর্ব্বাতিশয় সম্বন্ধে পুনরালোচনা অনাবশ্যক। অতএব এখানে গর্ব্বাতিশয় হেতু প্রিয় বস্তুতে অযথা যথেষ্ট অনাদর প্রদর্শন হেতু স্ত্রীটীর বিব্বোকভাব প্রকাশ পাইতেছে।

"বিব্বোকস্তুতিগর্ব্বেণ বস্তুনীষ্টেঽপ্যনাদরঃ।" (সাহিত্য° ৩।১৩০)

বিশ্ তুদা° পর° অক° অনিট্। লট্ বিশতি। লিট্ বিবেশ। বিবিশতুঃ। বিবিশিথ। লুট্ বেষ্টা। লৃট্ বেক্ষ্যতি। লঙ্ অবিশৎ। লুঙ্ অবিক্ষৎ। আ-বিশ=প্রবেশ। "গৌরী-গুরোর্গহ্বরমাবিবেশ" (রঘু ২।৬)। উপ-বিশ=উপবেশন। "উপাবিক্ষদথান্তিকে"। (ভট্টি ১৫।৮)। নি-বিশ=প্রবেশ=অবস্থান। "রামশালাং ন্যবিক্ষত"। (ভট্টি ৪।২৮) নি-বিশ-ণিচ্=সন্নিবেশ=স্থাপন। "নিবেশয়ামাস সৈন্যং নর্ম্মদারোধসি" (রঘু ৫।৪২) অভি=নি=বিশ=অভিনিবেশ=মনোনিবেশ। নির্‌বিশ=নির্ব্বেশ, উপভোগ। "ক্রীড়ারসং নির্বিশতীব বাল্যে" (কুমার ১।২৯)। পরি-বিশ=ণিচ্=পরিবেশন=ভোজনে প্রবর্ত্তমান ব্যক্তিকে অন্নাদি প্রদান এবং বেষ্টন। প্র-বিশ=প্রবেশ। "স বৃহদ্ভুজান্তরং প্রবিশ্য"। (রঘু ৩।৪৬)।

সম্-বিশ=সম্বেশ=নিদ্রা।

"সংবিষ্টঃ কুশশয়নে নিশাং নিনায়।" (রঘু ২।২৯)

বিশ্ (স্ত্রী) বিশ্-ক্বিপ্। প্রজা, জাতক, যে জন্মিয়াছে।

"পায়ুর্বিশো অস্যা অদব্ধঃ।" (ঋক্ ৪।৪।৩)

'বিশোঽস্মদাদিকায়াঃ প্রজায়াঃ পায়ুঃপালকো ভব।' (সায়ণ)

(পুং) ২ কন্যা। ৩ বৈশ্য, কৃষি ও বাণিজ্যব্যবসায়ী জাতি-বিশেষ। ৪ মনুষ্য। (ত্রি) ৫ ব্যাপক।

বিশ (ক্লী) বিশ্-ক। মৃণাল। (রায়মুকুট)

"পদ্মনালং মৃণালং স্যাৎ তথা বিশমিতি স্মৃতম্।"(ভাবপ্রকাশ)

২ রৌপ্য। (পুং) ৩ মনুষ্য। (ত্রি) প্রবেশকর্ত্তা, প্রবেশ-কারী। ৪ ব্যাপক। (স্ত্রী) ৫ কন্যা।

বিশংবরা (স্ত্রী) বিশং মনুষ্যং বৃণোতীতি বিশ-বৃ-অচ্। স্ত্রিয়াং টাপ্ অভিধানাৎ দ্বিতীয়ায়া অলুক্। পল্লী। (রাজনি°)

বিশ-[ষ, স]কণ্ঠা (স্ত্রী) বিশং মৃণালমিব কণ্ঠো যস্যাঃ। বলাকা, বক। (রাজনি°)

বিশঙ্ক (ত্রি) বিগতা শঙ্কা যস্য। শঙ্কারহিত, নিঃশঙ্ক, নির্ভয়।

বিশঙ্কট (ত্রি) বি শঙ্কটচ্ (পা ৫।২।২৮)। ১ বিশাল, বিস্তৃত।

"বিশঙ্কটো বক্ষসি বাণপাণিঃ সম্পন্নতালদ্বয়সঃ পুরস্তাৎ।" (ভট্টি ২।৫০)

২ ভয়ানক।

"মাংসাস্থ্যুত্তবেতাল-তালবাদ্যবিশঙ্কটঃ।

অভূন্ত্যুৎকবন্ধোঽসৌ ভূতপ্রীত্যৈ রণোৎসবঃ॥"

(কথাসরিৎ ১০।৮।১০৭)

বিশঙ্কনীয় (ত্রি) ১ নির্ভয়ের যোগ্য। ২ অবিশ্বাস্য।

"সুখাদিভ্যো ব্রাহ্মণাদি নির্ম্মাণং ব্রহ্মণো ন বিশঙ্কনীয়ম্" (মনুটীকায় কুল্লূক ১।৩১)

বিশঙ্কমান (ত্রি) বি-শঙ্ক্-শানচ্। আশঙ্কাকারী।

"বিশঙ্কমানো ভবতঃ পরাভবং" (ভারবি। ১ স°)

বিশঙ্কা (স্ত্রী) ১ আশঙ্কা, ভয়। ২ শঙ্কার অভাব, নির্ভয়।

"বিশঙ্কয়াস্মদ্‌গুরুরর্চ্চতি স্ম যদ্ বিনোপপত্তিং মনবশ্চতুর্দ্দশ।" (ভাগবত ৪।২৪।৬৭)

৩ অবিশ্বাস।

বিশঙ্কিন্ (ত্রি) ১ আশঙ্কাকারী, ভীত। ২ বিচিন্তিত।

"জীমূতস্তনিতবিকাঙ্ক্ষিভির্ম্ময়ূরৈঃ" (মালবিকা°)

বিশঙ্ক্য (ত্রি) ১ আশঙ্কার যোগ্য। ২ অবিশ্বাস্য। ৩ নির্ভয়ের যোগ্য।

বিশদ (ত্রি) বি-শদ-অচ্। ১ বিমল, পরিষ্কৃত। ২ স্পষ্ট, স্ফুট। ৩ ব্যক্ত। ৪ শুভ্র, সাদা। ৫ বিবিক্তাবয়ব। ৬ প্রসন্ন। ৭ অনুকূল। ৮ সুন্দর, মনোহর। ৯ উজ্জ্বল।

(পুং) ১১ শ্বেতবর্ণ। ১২ জয়দ্রথের একপুত্র। (ভাগ° ৯।২ ১।২৩)

বিশন (ক্লী) প্রবেশন, আগমন।

বিশনগর, বোম্বাই প্রেসিডেন্সীর বরোদা রাজ্যের অন্তর্গত একটী মহকুমা এবং সেই মহকুমার প্রধান নগর। বিশনগর বিশল-নগরের অপভ্রংশ। স্থানীয় ইতিহাস অনুসারে বিশলদেও নামে এক চৌহান রাজপুত এখানে ১০৪৬ খৃষ্টাব্দে রাজত্ব করিতেন। মতান্তরে ঐ নামে বাঘেল বংশীয় এক নৃপতি ১২৪৩ হইতে ১২৬১ খৃষ্টাব্দ পর্য্যন্ত বিদ্যমান ছিলেন। পূর্ব্বে এখানে বিশ-নগর নামধেয় নাগর ব্রাহ্মণের একশ্রেণী বাস করিতেন, তাঁহাদের নামানুসারে এই মহকুমার নামকরণ হইয়া থাকিবে। এই শ্রেণীর ব্রাহ্মণেরা অধিকাংশই শ্রীনারায়ণ স্বামীর মতাবলম্বী। বিশনগর সহরে প্রায় ২০ হাজার লোকের বাস।

বিশফ (ত্রি) শফরহিত। যাহাদের পায়ে খুর নাই।

"কর্শফস্য বিশফস্য দ্যৌঃ পিতা পৃথিবী মাতা।" (অথর্ব্ব ৩।৮০।১)

'বিশফস্য বিগতশফস্য স্পর্দ্ধমানপুরুষকালসর্পাদেঃ বিস্পষ্ট-শফস্য বা ক্রূরগোমহিষাদেঃ তস্য উভয়বিধস্য বহুবিধবিঘ্ন-কারিণঃ' (সায়ণ)

বিশব্দ (ত্রি) ১ নিঃশব্দ, শব্দরহিত। ২ শব্দবিশিষ্ট।

বিশব্দন (ক্লী) শব্দের উচ্চারণ।

বিশম্প (ত্রি) ১ লোক হইতে রক্ষিত। (পুং) ২ লোকভেদ। পাণিনির অশ্বাদিগণে গৃহীত। [বৈশম্পায়ন দেখ।]

বিশয় (পুং) বি-শী-অচ্। সংশয়।

"বিষয়ো বিশয়শ্চৈব পূর্ব্বপক্ষস্তথোত্তরম্।
নির্ণয়শ্চেতি পঞ্চাঙ্গং শাস্ত্রেঽধিকরণং স্মৃতম্॥" (মীমাংসা°)

২ আশ্রয়।

বিশয়বৎ (ত্রি) ১ সংশয়যুক্ত। ২ আশ্রয়বিশিষ্ট।

বিশয়িন্ (ত্রি) বিশয়োঽস্ত্যস্যেতি ইনি। সংশয়ী, সংশয়যুক্ত।

বিশর (পুং) বি-শৃ হিংসায়াং অপ্। ১ বধ। ২ শরীর-বিশরণ।

"জঙ্গিড়ো জন্তাদ্ বিশরাদ্ বিষ্কন্ধাদ্ অভিশোচনাৎ।"

'বিশরাৎ শরীরবিশরণাৎ' (সায়ণ)

(ত্রি) ৩ শররহিত। ৪ শরযুক্ত। ৫ বিশীর্ণ।

বিশরণ (ক্লী) ১ মারণ। ২ পাতন।

বিশরদ (ত্রি) বিশারদ।

বিশরারু (ত্রি) বিস্মর।

বিশরীক (ত্রি) ১ পাতনশীল।

বিশর্দ্ধন (ক্লী) গুহ্যদেশে কুৎসিত শব্দ, বায়ুত্যাগ, পাদা।

বিশলগড়, বোম্বাই প্রদেশে কোহ্লাপুর পলিটিকাল এজেন্সীর অধীন এক ক্ষুদ্র সামন্তরাজ্য। এই রাজ্যের কেন্দ্র অক্ষা° ১৬°৫২´ উঃ ও দ্রাঘি° ৭২°৫০´ পূঃ। ভূপরিমাণ ২৩৫ বর্গমাইল। লোকসংখ্যা প্রায় ৩৫ হাজার। সহ্যাদ্রিশৈলমালার পূর্ব্ব ঢালু অংশে অবস্থিত; উৎপন্ন দ্রব্যের মধ্যে এখানে অল্প পরিমাণে কড়িকাঠ ও জ্বালানিকাঠ পাওয়া যায়। এখানকার সামন্তের উপাধি প্রতিনিধি। তিনি কোহ্লাপুরের রাজাকে বার্ষিক ৫৯৮০৲ কর দিয়া থাকেন। বর্ত্তমান সামন্তের পূর্ব্বপুরুষ—পরশুরাম ত্রিম্বক বিশলগড়ের দুর্গাধ্যক্ষ ছিলেন। ছত্রপতি শিবাজীর কনিষ্ঠ পুত্র ১ম রাজারাম ১৬৯৭ খৃষ্টাব্দে পরশুরামকে মহারাষ্ট্ররাজ্যের সর্ব্বোচ্চ প্রতিনিধি (Viceroy) পদ প্রদান করেন। সাতারা ও কোহ্লাপুরবাসী শিবাজীর বংশধরগণ মধ্যে রাজপদ লইয়া (১৭০০-১৭৩১ খৃঃ অঃ) যখন বিরোধ উপস্থিত হয়, তৎকালে পরশুরাম সাতারাপক্ষে এবং তাঁহার পুত্র কোহ্লাপুরের পক্ষে যোগদান করেন, পিতা ও পুত্রে বিভিন্ন পক্ষেই প্রতিনিধিত্ব করিতেন। প্রতিনিধির বংশধর ভগবন্তরাও আবাজীর সহিত বৃটীশ গবর্মেণ্টের সাক্ষাৎ সম্বন্ধ হয়। ১৮১৯ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু ঘটে তৎপরে ক্রমান্বয়ে তিন জন দত্তক রাজ্যাধিকার প্রাপ্ত হন। শেষ সামন্ত ১৮৭১ খৃষ্টাব্দে এক শিশু রাখিয়া ইহলোক ত্যাগ করেন। এই শিশুর নাম আবাজী কৃষ্ণপন্থ প্রতিনিধি। পলিটিকাল এজেণ্টের তত্ত্বাবধানে ইনি বেশ সুশিক্ষিত হইয়া যথাকালে রাজ্যলাভ করিয়াছেন। এই প্রতিনিধিবংশে জ্যেষ্ঠ পুত্রই রাজ্যাধিকার লাভ করিয়া থাকেন। রাজ্যমধ্যে এখন ৬টী বিদ্যালয়। মাল্‌কাপুরে রাজধানী।

২ উক্ত রাজ্যের অন্তর্গত একটী প্রাচীন নগর ও গিরিদুর্গ। অক্ষা° ১৬°৫৪´৩০´´ উঃ ও দ্রাঘি° ৭৩°৪৭´ পূঃ।

বিশল্য (ত্রি) বিগতং শল্যং যস্মাৎ। ১ শল্যরহিত। ২ শেল-হীন। ৩ শেলব্যথাশূন্য। ৪ যাতনাশূন্য। ৫ চিন্তাশূন্য।

বিশল্যকরণ (ত্রি) ১ যদ্দ্বারা শেল বা শল্য বাহির হয়। (ক্লী) ২ শল্য রহিত করণ।

বিশল্যকরণী (স্ত্রী) বিশল্যঃ ক্রিয়তে অনয়েতি। বিশল্য-কৃ-ল্যুট্-ঙীপ্। ঔষধিবিশেষ, নির্বিষী, আয়াপান। রামায়ণে কথিত আছে, গন্ধমাদন পর্ব্বতের দক্ষিণশিখরে ইহার জন্ম; এই মহৌষধি জীবের জীবনীশক্তির বৃদ্ধি, দ্বিধাকৃত অঙ্গপ্রত্যঙ্গের সন্ধান (জোড়া লাগান) এবং সবর্ণীকরণ অর্থাৎ ক্ষতাদি শুষ্ক হইলে সেইস্থানজাত শ্বেতাদি বিকৃত বর্ণের নাশ করিতে সাতিশয় সমর্থ। ইহার বিশল্যকরণী নামের তাৎপর্য্য এই যে, শল্য বা অঙ্গ-প্রত্যঙ্গে বিদ্ধ অস্ত্র, শস্ত্র, লৌহ, ও লোষ্ট্রপাষাণাদির উদ্ধার করণে ইহার ভূয়সী শক্তি। এই সকল কারণেই শক্তিশেলবিদ্ধ মুমূর্ষু লক্ষ্মণের শল্যোদ্ধরণ, জীবনী-শক্তি বৃদ্ধি এবং ক্ষত সন্ধানের জন্য শ্রীরামচন্দ্র মহাবীর হনূমানকে উক্ত পর্ব্বত হইতে এই ঔষধ আনয়নার্থ আদেশ করেন। হনূমানানীত এই মহৌষধিদ্বারাই লক্ষ্মণের মূর্চ্ছাপনোদন, শল্যোদ্ধরণ, জীবনীশক্তি বৃদ্ধি এবং ক্ষতস্থানসন্ধান হয়।

"দক্ষিণে শিখরে জাতাং মহৌষধিমিহানয়।
বিশল্যকরণীং নাম্না সাবর্ণ্যকরণীং তথা।
সঞ্জীবকরণীং বীর সন্ধানীঞ্চ মহৌষধীম্॥" (রামায়ণ ৬।১০৩ সর্গ)

[নির্বিষী ও আয়াপাণ দেখ।]

বিশল্যকৃৎ (ত্রি) বিশল্যকারী। (পুং) বিশালীবৃক্ষ, হাপরমালী। পর্য্যায়—অক্ষোড়ক, সুকল্ক, ভূপলাশ, আস্ফোতি, আচরৎপ্রিয়।

বিশল্যা (স্ত্রী) ১ গুড়ুচী। ২ অগ্নিশিখা বৃক্ষ। ৩ দন্তীবৃক্ষ। ৪ নাগদন্তী, চলিত হাতীশুঁড়া। ৫ রামদন্তী বৃক্ষ (ইহা এক প্রকার তুলসী)। ৬ ঈষলাঙ্গলা। ৭ বনযমানী। ৮ বিবঙ্কত, চলিত বইচিগাছ। ৯ জুয়াতাশাক। ১০ তেউড়ী। ১১ পারুল। ১২ ত্রিপুটা। ১৩ নদীবিশেষ। ১৪ লক্ষ্মণের পত্নী।

বিশস (পুং) ১ বধ, হত্যা, মারণ, বিনাশ। ২ খড়্গ।

বিশসন (ক্লী) শস-হিংসায়াং বিশাস-ল্যুট্। ১ মারণ।

"তস্মিন্ বিশসনে ঘোরে চক্রলাঙ্গলসংপ্লবে।"(হরিবংশ ৯৯।৪৩)

২ নরকবিশেষ। "প্রাণরোধো বিশসনং লালাভক্ষঃ সারমেয়াদনমরীচিরয়ঃপানমিতি।" (ভাগবত ৫।২৬।৭)

(ত্রি) ৩ বিনাশকারী।

"যমদণ্ডোপমাং গুর্ব্বীমিন্দ্রাশনিসমস্বনাম্।
অপশ্যাম মহারাজ! রৌদ্রীং বিশসনীং গদাং॥" (ভারত ৬।৫৯।৬০)

(পুং) ৪ খড়্গ। (ত্রিকাণ্ডশেষ)

"অসির্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ।
শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপালস্তথৈব চ॥" (মহাভারত)

বিশসিত (ত্রি) বি-শস-ক্ত। মারিত।

বিশসিতৃ (ত্রি) বি-শস-তৃচ্। মারক, বিনাশক, হন্তা, হত্যাকারক।

"যজ্ঞযূপে বদ্ধা বিশসিতা ভূত্বা হন্তুং প্রচক্রমে।"(মনু১০।১০৫ কুল্লুক)

বিশস্ত (ত্রি) অবিনীত, ধৃষ্ট। ২ মারিত, নাশিত। ৩ কর্ত্তিত, ছিন্ন। ৪ সুসভ্য। ৫ অভীত।

বিশস্তি (স্ত্রী) বিশস-ক্তিন্। বধ, হত্যা, বিনাশ।

বিশস্তৃ (ত্রি) বি-শস-তৃচ্ (অনিট্)। ১ হিংসাকারক।

"আহর্ত্তা চানুমন্তা চ বিশস্তা ক্রয়বিক্রয়ী।
সংস্কর্ত্তা চোপভোক্তা চ খাদকঃ সর্ব্বএব তে॥"
'তে সর্ব্ব এব পাপিন ইতি শেষঃ' (মহাভারত)

২ চণ্ডাল। (সংক্ষিপ্তসার)

বিশস্ত্র (ত্রি) শস্ত্ররহিত, অস্ত্রশূন্য।

বিশস্পতি (পুং) রাজা।

বিশাংপতি (পুং) বিশাং মনুষ্যাণাং পতিঃ, ষষ্ঠ্যা অলুক্। নরপতি, রাজা। "সংবেশায় বিশাম্পতিং।" (রঘু)

বিশাই (দেশজ) বিশ্বকর্ম্মা শব্দের অপভ্রংশ।

বিশাকরাজ (পুং) বিশাকঃ বিগতশাকঃ সন্ রাজতে বিশাক-রাজ্-ড। শাকশূন্যত্বাৎ তথাত্বম্। ১ ভদ্রচূড়, চলিত লঙ্কাসিজ বানেড়াসিজ। ইহাতে শাক অর্থাৎ পত্রাদি না থাকায় ঐরূপ নাম হইয়াছে। ২ হ্রস্বদন্তী। ৩ হাতীশুড়া। ৪ পারুল গাছ।

বিশাখ (পুং) ১ কার্ত্তিকেয়।

"প্রভুর্নেতা বিশাখশ্চ নৈগমেয়ঃ সুদুশ্চরঃ।" (মহাভারত)

২ ধনুর্দ্ধারীদিগের বিতস্ত্যন্তর (এক বিঘৎ অন্তর) পাদ-সংস্থান। (ভরত) ৩ যাচক। (মেদিনী) ৪ পুনর্নর্বা। (রাজনি°) ৫ স্কন্দাপস্মার অর্থাৎ স্কন্দনামক গ্রহকর্ত্তৃক যে অপস্মার রোগ জন্মায়। (সুশ্রুত উ° স্থা° ৩৭ অ°)

(ত্রি) ৬ শাখাবিহীন, যার শাখা নাই।

"স্কন্ধবন্ধোঽবস্থিতঃ সংখ্যে বিশাখ ইব পাদপঃ।" (হরিবংশ ৪৮।৫২)

৭ স্কন্দাংশজাত দেবভেদ। স্কন্দের বজ্রপ্রহার হেতু এক দিব্য কুণ্ডলধারী সুবর্ণবর্ণসন্নিভ শক্তিধর যুবা পুরুষ জন্মে; বজ্রপ্রহার হইতে উৎপন্ন হয় বলিয়া উহার নাম বিশাখ হইল।

"বজ্রপ্রহারাৎ স্কন্দস্য সংজাতঃ পুরুষোঽপরঃ।
যুবা কাঞ্চনসন্নাহঃ শক্তিধৃক্ দিব্যকুণ্ডলঃ।
যদ্বজ্রবেদনাজ্জাতো বিশাখস্তেন কীর্ত্তিতঃ॥"(ভারত বন°২২৬অ°)

৮ স্কন্দের অনুজ, কার্ত্তিকের কনিষ্ঠ ভ্রাতা।

(ভারত আদি° ৬৬ অ°).

৯ শিব। (ভারত আদি° ১৭ অ°)

বিশাখগ্রহ (পুং) বিল্ববৃক্ষ, বেলগাছ।

বিশাখজ (পুং) নাগরঙ্গবৃক্ষ, টাবালেবুর গাছ। বিশাখায়াং জাতঃ (ত্রি) বিশাখজাত, যে বিশাখানক্ষত্রে জন্মিয়াছে।

বিশাখদত্ত (পুং) প্রসিদ্ধ মুদ্রারাক্ষসরচয়িতা। ইহার পিতার নাম পৃথু ও পিতামহের নাম বটেশ্বর দত্ত। সদুক্তিকর্ণামৃতে ইহার কবিতা উদ্ধৃত হইয়াছে। খৃষ্টীয় ১০ম শতাব্দে বিদ্যমান ছিলেন।

বিশাখদেব (পুং) খৃষ্টীয় ১১শ শতাব্দীর পূর্ব্ববর্ত্তী একজন প্রাচীন সংস্কৃত কবি।

বিশাখপত্তন, মান্দ্রাজপ্রেসিডেন্সীর অন্তর্গত একটী জেলা। ইহা ১৭°, ১৪´, ৩০´´ ও ১৮°, ৫৮´ উত্তরঅক্ষরেখার মধ্যে এবং ৮২°, ১৯´ ও ৮৩°, ৫৯´ পূর্ব্বদ্রাঘিমার মধ্যে অবস্থিত। জয়পুর ও বিজয়নগরম্ সমেত ইহার ভূপরিমাণ ১৭,৩৮০ বর্গমাইল। ভূ-বিস্তৃতি ও জনসংখ্যার আধিক্যে এস্থানটী মান্দ্রাজপ্রেসিডেন্সীর মধ্যে প্রধানতম বলিয়া গণ্য। বিশাখপত্তন, উত্তরপ্রান্তে গঞ্জাম জেলা ও মধ্যপ্রদেশ দ্বারা, পূর্ব্বসীমায় গঞ্জাম ও বঙ্গোপ-সাগর দ্বারা, দক্ষিণাংশে বঙ্গোপসাগর ও গোদাবরী জেলায় এবং পশ্চিমে মধ্যপ্রদেশ দ্বারা সীমাবদ্ধ হইয়াছে। এই জেলা ১৪টী জমিদারী, ৩৭টী ভূসম্পত্তি ও তিনটী সরকারী তালুকের সমষ্টি-সমবায়ে গঠিত। বিশাখপত্তন সহরে শাসনকেন্দ্র অবস্থিত।

প্রাকৃতিক দৃশ্য—বিশাখপত্তন মান্দ্রাজের উত্তরসামুদ্রিক-প্রদেশের একাংশ। ইতিহাসে ইহা উত্তর সরকার নামে খ্যাত। এই স্থানটী অত্যন্ত পর্ব্বতসঙ্কুল ও রমণীয়; কিন্তু বড় অস্বাস্থ্যকর। পূর্ব্বঘাট নামক শৈলশ্রেণীর অংশবিশেষ এই সহরটীকে বিভাগ করিয়া বক্রভাবে ইহার উত্তর-পূর্ব্বাংশ হইতে দক্ষিণ-পশ্চিমাংশ পর্য্যন্ত পরিব্যাপ্ত রহিয়াছে। বিভক্ত ভূমির একাংশ পর্ব্বতময় ও অপরাংশ সু-সমতল। শৈলশ্রেণীর সর্ব্বোচ্চ শৃঙ্গটী প্রায় ৫০০০ ফিট্ উচ্চ। পর্ব্বতের ঢালুঅংশে নানাবিধ উদ্ভিদ্ ও বৃহৎ বন্যবৃক্ষ জন্মিয়া থাকে। উপত্যকাভূমিতে প্রচুর সুন্দর বাঁশ দৃষ্টিগোচর হয়। কতকগুলি জলপ্রবাহ নালারূপে

পরিভ্রমণ করিয়া বঙ্গোপসাগরে মিশিয়াছে এবং কতকগুলি শাখা নদী গোদাবরী ও মহানদীর কলেবর পুষ্ট করিতেছে।

পূর্ব্বঘাট শৈলশ্রেণীর পশ্চিমাংশে জয়পুর-জমিদারীর অধিকাংশ বিস্তৃত। ইহা সাধারণতঃ পর্ব্বতসঙ্কুল ও জঙ্গলময়। এই জেলার উত্তর ও উত্তরপশ্চিমাংশে কন্ধ ও শবর জাতির বাস। উত্তরপ্রান্তে নিমগিরি পর্ব্বতশ্রেণী অবস্থিত। নিমগিরি হইতে দক্ষিণ-পূর্ব্বাংশে যে স্রোতস্বতী প্রবাহিত, তাহাই শ্রীকাকোল ও কলিঙ্গপত্তন নামক স্থানে নদীর আকার ধারণ করিয়াছে।

বিমলিপত্তন ও কলিঙ্গপত্তন নগর ব্যবসায় ও বাণিজ্যে ক্রমশঃ উন্নত হইয়া উঠিতেছে। সমুদ্রের তীরস্থিত সমতল ভূমি অধিকাংশই পর্ব্বতময়। সমুদ্রের প্রান্তভূমি এবং বিশাখপত্তন বন্দরের প্রবেশপথ অত্যন্ত রমণীয়। এইস্থানে গবর্মেণ্টের অনেকগুলি বনবিভাগ আছে। এতদ্ভিন্ন অন্যান্য স্থান জমিদারী-সম্পত্তি। জয়পুর রাজ্যের অধিকাংশ স্থলই জঙ্গলময়। পালকোণ্ডার বনে এবং গোলকোণ্ডা তালুকের বনবিভাগে বহুতর বৃক্ষ ও বাঁশ জন্মিয়া থাকে। সর্ব্বসিদ্ধি তালুকে অনেক জমি পতিত অবস্থায় রহিয়াছে। পার্ব্বতীপুর তালুকে অনেক শালবৃক্ষ পাওয়া যায়।

ইতিহাস—বর্ত্তমান বিশাখপত্তন সহর পূর্ব্বকালে কলিঙ্গ-রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। পরিশেষে প্রাচ্য চালুক্যবংশীয় রাজগণ এই স্থানটী অধিকার করেন। সময়ান্তরে উড়িষ্যার গজপতিরাজারা ও তৈলঙ্গের রাজগণ অধিকারপূর্ব্বক ইহাতে শাসনদণ্ড পরিচালিত করিয়াছিলেন। অতঃপর বাহ্মণীবংশের রাজা ২য় মহম্মদ উড়িষ্যাবিজয়ে জনৈক নৃপতির সাহায্য করায় তাঁহার নিকট হইতে খণ্ডপল্লী ও রাজমহেন্দ্রী দুটী প্রদেশ পুরস্কারস্বরূপে প্রাপ্ত হয়েন। বাহ্মণীবংশের অধঃপতন সময়ে উড়িষ্যারাজ ঐ প্রদেশ দুটী পুনরধিকার করেন; কিন্তু কুতবসাহী রাজবংশের ইব্রাহিম পুনরায় ঐ দুইটী স্থান দখল করেন, এমন কি উত্তরাংশে শ্রীকাকোল পর্য্যন্ত সমস্ত প্রদেশ তাঁহার অধিকারভুক্ত হয়। ১৬৮৭ খৃষ্টাব্দে অরঙ্গজেব গোলকুণ্ডা বিজয় করিয়া উত্তরপ্রদেশসমূহ স্বীয় সাম্রাজ্যভুক্ত করেন। তখন বিশাখপত্তন শ্রীকাকোলস্থিত বাদশাহের জনৈক সুবাদারের শাসনাধীন ছিল। কালক্রমে মোগলসাম্রাজ্যের অধঃপতন ঘটিলে হায়দ্রাবাদের নিজামবাহাদুর উত্তরসকারের অধিকার প্রাপ্ত হন। তিনি এই সময়ে ঐ স্থানের রাজস্ব ও বিচারবিভাগের যথেষ্ট সংস্কার করেন এবং রাজমহেন্দ্রী ও শ্রীকাকোলে প্রধান মুসলমান কর্ম্মচারিগণের বাসস্থান প্রস্তুত করিয়া দেন। প্রথম নিজামবাহাদুরের মৃত্যুর পর উত্তরাধিকারসূত্রে হায়দ্রাবাদের সিংহাসন লইয়া অত্যন্ত গণ্ডগোল উপস্থিত হয়। ফরাসীগণের সাহায্যে সলাবৎজঙ্গ সিংহাসন প্রাপ্ত হইয়া তাহাদিগকে পুরস্কারস্বরূপ মুস্তফানগর, এল্লূর, রাজমহেন্দ্রী ও শ্রীকাকোল নামক চারিটী সরকার প্রদান করেন। ১৭৫৩ খৃষ্টাব্দে ফরাসীগণের পক্ষে রণকুশল সেনাপতি বুশী ঐ স্থানের ফরমাণ প্রাপ্ত হন এবং অল্পকাল পরেই নিজহস্তে উহার শাসনদণ্ড গ্রহণ করেন।

শ্রীকাকোলের শাসনপদ্ধতি নির্দ্ধারণ করিয়া সেনাপতি বুশী বিশাখপত্তনে প্রত্যাবর্ত্তন করেন। ১৭৮৯ খৃষ্টাব্দে ইষ্টইণ্ডিয়া কোম্পানীর সহিত তদানীন্তন মোগলসম্রাটের বিশেষ সংঘর্ষ উপস্থিত হয় এবং ইহার ফলে মোগলসম্রাট বিশাখপত্তন আক্রমণের আদেশ দেন। বাদশাহীসেনা কোম্পানীর গুদাম ঘর আক্রমণ করে এবং সমস্ত ইংরেজগণকে মারিয়া ফেলে। তৎপর বৎসর একটী নূতন ফরমাণ প্রস্তুত হয় এবং তদ্দ্বারা কোম্পানী বিশাখপত্তন ও সমুদ্রতীরস্থ অন্যান্য স্থলে বসবাসের অনুমতি প্রাপ্ত হন। ১৭৫৯ খৃষ্টাব্দে বিজয়নগরম্ রাজার আহ্বানে ফরাসীগণকে বিতাড়িত করিবার উদ্দেশ্যে মিঃ ক্লাইভ, কর্ণেল ফোর্ডকে বঙ্গদেশ হইতে উত্তরসরকারে পাঠাইয়া দেন। অল্প সময়ে রণনৈপুণ্যের ফলে ফোর্ড গোদাবরী জেলায় ফরাসীগণকে পরাজিত করিয়া মছলীপত্তনদুর্গ অধিকার করেন। অধিকন্তু নিজামবাহাদুরের নিকট হইতে কোম্পানীর পক্ষ মছলীপত্তনের পার্শ্ববর্ত্তী কতিপয় স্থানের দখল প্রাপ্ত হন এবং ভবিষ্যতে ফরাসীগণ উত্তরসরকারে বাসের অধিকার না পায়, এই মর্ম্মে একখানি স্বত্বপত্র লিখাইয়া লয়েন। ১৭৬৫ সালে লর্ড ক্লাইব রাজকীয় ফরমাণ প্রাপ্ত হন। তদনুযায়ী সমগ্র উত্তরসরকার ইংরাজ অধিকারভুক্ত হইয়া পড়ে। ১৭৬৮ খৃষ্টাব্দে নিজামবাহাদুরের সঙ্গে যে সন্ধি স্থাপিত হয়, তাহাতে ঐ স্থানের স্বত্বাধিকার পূর্ণরূপে ইংরেজের অধীন হয়। এইরূপে বিশাখপত্তন ও ঐ প্রদেশের অবশিষ্ট সমুদায় স্থান ইষ্টইণ্ডিয়া কোম্পানীর অধিকারভুক্ত হয়।

ইহার পর বিজয়নগরমবংশীয় রাজগণ অত্যন্ত দুর্দ্ধর্ষ হইয়া উঠেন। রাজভ্রাতা সীতারাম রায় ও দেওয়ান জগন্নাথ রায়ের ষড়যন্ত্রে ১৭৮১ খৃষ্টাব্দে মান্দ্রাজের তদানীন্তন শাসনকর্ত্তা সার্ টমাস্ রমবোল্ডের পদচ্যুতি ঘটে। উত্তরসরকারের প্রকৃত অবস্থার তত্ত্বানুসন্ধানের জন্য ১৭৮৪ খৃষ্টাব্দে সরকারবাহাদুর 'কমিটী অফ্ সার্কুট্' নামে একটী সভা গঠন করেন। এই সভা তাহাদের রিপোর্টে চিকাকোল সরকারের অধীন কাশিমকোটা প্রদেশ সম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছেন তাহা হইতে জানা যায় যে, ঐ প্রদেশের যে সকল স্থান বর্ত্তমান বিশাখপত্তন

জিলাভুক্ত করা হইয়াছে, পূর্ব্বে তাহা (১) হাবিলী জমি, (২) বিশাখপত্তন-খামার ও (৩) বিজয়নগরম্-জমিদারী নামে তিন অংশে বিভক্ত ছিল। হাবিলী জমি সম্পূর্ণভাবে সরকারী অধিকারে ছিল। ৩৩খানি ক্ষুদ্র ক্ষুদ্র গ্রাম বিশাখপত্তন-খামারে এবং অন্ধ্র, গোলকোণ্ডা, জয়পুর ও পালকোণ্ডা রাজ্য বিজয়-নগরম্ জমিদারীর মধ্যে ভুক্ত করা হইয়াছিল।

এ পর্য্যন্ত বিশাখপত্তনের রাজা ও রাজসভাই এই প্রদেশের শাসনদণ্ড পরিচালন করিতেছিলেন। কিন্তু ১৭৯৪ খৃঃ অব্দে এই প্রাদেশিক সভা উঠাইয়া দেওয়া হয় এবং সমস্ত উত্তরসরকার বিভাগ করিয়া কয়েকজন কালেক্টরের হস্তে তাহার শাসনভার অর্পণ করা হয়। বিশাখপত্তন জিলাকেও তখন তিনভাগে বিভক্ত করা হইয়াছিল।

এই সময়ে রাজা এবং রাজভ্রাতা সীতারাম রাজের মধ্যে বিদ্বেষবহ্নি ক্রমশঃ উজ্জ্বলতর হইয়া উঠিতেছিল। বন্দোবস্তের শৈথিল্যে জমিদারীর রাজস্বও দিন দিন বাকী পড়িতে লাগিল। গবর্মেণ্টের আদেশ অমান্য করিয়া রাজা রাজ্যমধ্যে অধিক সৈন্য নিযুক্ত করিতেছিলেন; অধিকন্তু জিলার অন্যতম জমিদারীর মধ্যেও রাজার প্রতাপ অক্ষুণ্ণ হইয়া উঠিল। এই সকল কারণে সরকারবাহাদুর অত্যন্ত শঙ্কিত হইয়া উঠিলেন এবং রাজস্ব বাকীর জন্য রাজসম্পত্তি ক্রোকের ছলে বিশাখপত্তনে একদল য়ুরোপীয় সৈন্য ও সিপাহী প্রেরণ করিলেন। ইহারা শীঘ্রই বিজয়নগরমস্থিত রাজার দুর্গ অধিকার করিয়া লইল। এইরূপ অন্যায় ব্যবহারে রাজা অত্যন্ত বিরক্ত হইয়া সরকারের বিরুদ্ধে ঘোর প্রতিবাদ করিতে লাগিলেন। তিনি পদ্মনাভম্ নামক স্থানে তাঁহার বাসস্থান উঠাইয়া লইলেন। কিন্তু এখানেও কর্ণেল প্রেণ্ডারগাষ্ট্ নামক ইংরেজ-সৈন্যাধ্যক্ষ তাঁহার গতি রোধ করিলেন। ১৭৯৪ খৃষ্টাব্দে ১০ই জুলাই রাজসৈন্য ও ইংরেজসৈন্যের মধ্যে এইস্থলে একটী ঘোরতর যুদ্ধ ঘটে। এই যুদ্ধে কয়েকজন বিশ্বস্ত অনুচরের সহিত রাজা নিহত হন। অনেক চেষ্টার পর কনিষ্ঠ রাজকুমার নারায়ণ বাবা পিতৃ-রাজ্যাধিকারের একখানি সনন্দ প্রাপ্ত হন। কিন্তু ইতঃ-পূর্ব্বেই গবর্মেণ্ট জমিদারীর কতকাংশ পার্ব্বতীয় জাতির শাসনা-ধীন করিয়া দেন এবং রাজ্যের কতকাংশ খাসমহালভুক্ত করা হয়। এই প্রকারে ঐ প্রদেশের প্রধান নৃপতি বৃটীশ গবর্মেণ্টের অধীন জয়পুরের জমিদারস্বরূপ ক্ষুদ্র একজন ভূস্বামীমাত্র হইয়া পড়েন। বর্ত্তমানকালেও ঐ সকল স্থানের অধিকাংশ সম্পত্তিই জয়পুর-রাজবংশধরগণ ভোগদখল করিয়া আসিতেছেন।

১৮০২ খৃষ্টাব্দে উত্তরসরকারে স্থায়ী বন্দোবস্তের কার্য্য করা হয়। এই সময়ে এই জিলায় ১৬টী পুরাতন জমিদারী ছিল। এই সকল জমিদারী হইতে ৮০,২৫৮৲ টাকা রাজস্ব আদায় হইত। মান্দ্রাজের অন্যান্য জিলার ন্যায় এস্থানের সরকারী জমিও জমিদারীর নিয়মানুসারে শাসিত হইতে থাকে। কাজেই ঐ জমি ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভাগ করিয়া নিলামে বিক্রয় করা হয়। এই প্রকারে এই স্থানকে ২৬ অংশে বিভক্ত করা হয়। পূর্ব্বোক্ত ১৬টী পুরাতন জমিদারী ও এই বিভক্ত ২৬ অংশ একত্র করিয়া নূতন বিশাখপত্তন জিলা গঠিত হয়। এই অভিনব ব্যবস্থায় জমিদারগণ অত্যন্ত অসন্তুষ্ট হইয়া উঠিলেন। এই অসন্তুষ্টি ক্রমে ক্রমে অবাধ্যতার আকার ধারণ করিল। চারিদিকে নানা-রূপ অত্যাচার উপদ্রব আরম্ভ হইল। অবশেষে ১৮৩২ খৃঃ অব্দে এই জিলায় ও গঞ্জাম সহরে এতদূর উপদ্রব হইতে লাগিল যে গবর্মেণ্ট অশান্তি নিবারণার্থ একদল ফৌজ প্রেরণ করিলেন। এই সঙ্গে ঐ সকল অশান্তির কারণ নির্ণয় ও উহা দমনের উপায় নির্দ্ধারণার্থ মিঃ জর্জ রাসেলকে কমিশনার নিযুক্ত করা হইল। মিঃ রাসেল বিশাখপত্তনের অশান্তির মূলীভূত কারণ-স্বরূপ দুইজন লোককে নির্দ্দেশ করেন। ইহার মধ্যে একজন তৎক্ষণাৎ ধৃত হয়। অপর ব্যক্তি সহর ত্যাগ করিয়া পলাইয়া যায়। পালকোণ্ডা সহরেও এ সময়ে বিদ্রোহ উপস্থিত হয়। কিন্তু ইংরাজ গবর্মেণ্টের কৌশলে শীঘ্রই তাহা দমিত হইল। মিঃ রাসেলের পরামর্শানুসারে এই সময়ে রাজ্যের প্রচলিত শাসন-পদ্ধতি সম্পূর্ণ পরিবর্ত্তিত হয়।

[বিজাগাপাটাম্ ও বিজ্ঞানগর শব্দে বিস্তৃত বিবরণ দ্রষ্টব্য।]

১৮৬৩ খৃঃ অব্দ পর্য্যন্ত এইরূপ ব্যবস্থায় কার্য্য চলিতেছিল। এই সময়ে দেশের অশান্তি অত্যাচারও অনেক পরিমাণে দূরীভূত হইয়াছিল। বৃটীশ গবর্মেণ্টের নিযুক্ত রাণীকে হত্যা করা অপরাধে পার্ব্বত্য গোলকোণ্ডা রাজ্যও অবশেষে গবর্মেণ্ট অধিকার করিয়া লইলেন। ১৮৪৯-৫০ ও ১৮৫৫-৫৬ খৃষ্টাব্দে জয়পুরে বিদ্রোহ উপস্থিত হয়। রাজা ও রাজকুমারের মধ্যে প্রায়ই বাদবিসংবাদ চলিতেছিল। এই বিরোধের ফলে রাজ্যনাশের আশঙ্কায় তত্রত্য এজেণ্ট জয়পুরের তালুক চারিটী স্বীয় শাসনাধীন করিয়া রাখেন। এবং ১৮৬০ খৃঃ অব্দে রাজার মৃত্যুর পর উহা পুনরায় রাজকুমারকে প্রত্যর্পণ করা হয়। এই সঙ্গে গবর্মেণ্টের পক্ষীয় একজন সহকারী এজেণ্ট ও সহকারী পুলিস-সুপারিণ্টেণ্ডেণ্টকে জয়পুরে রাখা হইল। এবং রাজ্যের শাসন ও বিচারের ভার এজেণ্ট ও পুলিসের হস্তে ন্যস্ত করা হয়। ১৮৭৯-৮০ সালে রম্পপ্রদেশে বিদ্রোহবহ্নি জ্বলিয়া উঠে, কালক্রমে তাহা গুডেম রাজ্য দিয়া জয়পুর পর্য্যন্ত বিস্তারলাভ করে। ১৮৮০ খৃষ্টাব্দের শেষভাগে এই বিদ্রোহ দমন করা হয়।

বিজয়নগরম্ রাজ্যের বর্ত্তমান ইতিবৃত্ত,—স্থানীয় রাজা অত্যন্ত

ঋণগ্রস্ত হইয়া পড়ায় ১৮১৭ খৃঃ অব্দে রাজ্যসংক্রান্ত বিষয়ের ভার গবর্মেণ্ট নিজহস্তে গ্রহণ করেন। পাঁচ বৎসর পরে সমস্ত দেনা পরিশোধ করিয়া গবর্মেণ্ট পুনরায় রাজাকে রাজ্যপ্রদান করেন। ইংরাজের হস্তে রাজ্যভার ন্যস্ত করিয়া ১৮২৭ খৃঃ অব্দে রাজা কাশীবাসী হন। রাজকুমারের নাবালক অবস্থায় এবং তৎপরেও কএক বৎসর (১৮৪৮-১৮৫২ খৃষ্টাব্দ) মিঃ ক্রোজিয়ার্ কুশলতার সহিত রাজ্যশাসন করেন এবং এই সময়ের মধ্যে তিনি রাজস্বের আয়ও বাড়াইয়া যান। সিংহাসন প্রাপ্ত হইয়া রাজকুমার অত্যন্ত চতুরতার সহিত রাজ্যশাসন করিতে থাকেন। রাজপ্রতিভার পরিচয় পাইয়া গবর্মেণ্ট তাঁহাকে "কে, সি, এস্, আই" ও মহারাজা উপাধি প্রদান এবং তাঁহার সম্মানসূচক ১৩টী তোপের বন্দোবস্ত করেন। এই রাজার মৃত্যুর পর ১৮৭৯ খৃঃ অব্দে পশুপতি আনন্দ গজপতি রাজসিংহাসন প্রাপ্ত হন। তিনিও অত্যন্ত কুশলতার সহিত রাজদণ্ড চালনা করিতেন। ১৮৮১ খৃঃ অব্দে তিনি পিতৃ-সম্মানের উত্তরাধিকারীস্বরূপ 'মহারাজা' উপাধি প্রাপ্ত হয়েন। ১৮৮৪ খৃঃ অব্দে তিনি মান্দ্রাজের আইন-সভার সদস্য নিযুক্ত হন।

১৮৩৭ খৃঃ অব্দে স্থানীয় পার্ব্বত্যপ্রদেশসমূহে যে বিদ্রোহ উপস্থিত হয়, তাহার পরিণামে তত্রত্য জমিদারী তালুকগুলির বিচার ও শাসন বিভাগ সম্পূর্ণরূপে কলেক্টর সাহেবের অধীন করা হয়। যে সকল স্থান এই কলেক্টরের শাসন-বহির্ভূত থাকে, তাহাও চিকাকোলের জজ সাহেবের অধিকারভুক্ত করা হয়। ঐ সকল স্থানের শাসন সংরক্ষণের জন্য বিশাখপত্তনে একটী কাছারী প্রতিষ্ঠা এবং রায়বরম্ জেলায় একজন মুন্সেফ্ নিযুক্ত করা হয়। ১৮৩৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত এই বন্দোবস্ত অনুসারে কার্য্য চলে। ইহার পরে বিশাখপত্তনে একটী নূতন আদালত স্থাপন করা হয়। বিজয়নগরম্ ও ববিলি জমিদারী এবং পালকোণ্ডা জেলা এই আদালতের এলাকাভুক্ত করা হয়। ১৮৬৪ খৃষ্টাব্দের ১লা জানুয়ারী তারিখে কলেক্টরের অধীন ভূভাগের পরিমাণ কিছু খর্ব্ব করা হয়। এখন জয়পুর, মাদুগল, পাঙ্কিপেন্ত, কুরুপাম্, পার্ব্বত্য মেরাঙ্গি জমিদারী এবং পালকোণ্ডা, গোলকোণ্ডা ও কাশীপুরের পার্ব্বত্য জমিদারী কলেক্টরের অধীন হইয়াছে। জেলা আদালতের অধীন ছয়টী মুন্সেফ কাছারী আছে। এখানে ফৌজদারী মোকদ্দমার সংখ্যাই অত্যন্ত বেশী। পার্ব্বত্য অসভ্যজাতির মধ্যে হত্যাসংক্রান্ত মোকদ্দমাই সচরাচর ঘটিয়া থাকে।

শান্তিরক্ষার সৌকর্য্যার্থে বিশাখপত্তনকে জয়পুর ও বিশাখপত্তন, নামক দুইটী জেলায় বিভক্ত করা হইয়াছে। ১৬২৭ জন কনেষ্টবল ৩৩ জন ইন্স্পেক্টর ও সর্ব্বোপরি ৫ জন ইংরেজ কর্ম্মচারী নিযুক্ত আছে। প্রথমতঃ ১৮৬২ খৃষ্টাব্দে জয়পুরে এই পুলিসবিভাগ স্থাপন করা হয়। প্রথম প্রথম ইহাতে অধিবাসিগণ কিছু প্রতিবাদ করিতেছিল। কিন্তু সরকারের কৌশলে এ আপত্তি শীঘ্রই মিটিয়া যায়। ১৮৬৪ খৃঃ অব্দের আগষ্ট মাসে ও ১৮৬৫ খৃঃ অব্দের ডিসেম্বরে সৌর প্রদেশে যে সামান্য বিদ্রোহ উপস্থিত হইয়াছিল, তাহাতে পুলিসের সঙ্গে জনসাধারণের যৎসামান্য মারামারি হইয়াছিল।

বিশাখপত্তন সহরের বাহিরে স্বাস্থ্যকর স্থানবিশেষে জেলখানা স্থাপিত। এই জেলে ১৭২ জন কয়েদীর স্থান হইতে পারে। যাহারা অধিকদিনের জন্য কারাদণ্ড প্রাপ্ত হয়, তাহাদিগকে রাজমহেন্দ্রীতে সদর জেলখানায় রাখা হয়। পার্ব্বত্যজাতির জন্য পার্ব্বতীপুরে একটী নূতন কারাগার প্রস্তুত হইয়াছে। ইহাতে ১০০ জন কয়েদীর স্থান হইতে পারে। বন্দী অবস্থায় থাকিলে এই জাতির মৃত্যু সংখ্যা অত্যন্ত অধিক হইয়া উঠে।

কয়েক বৎসর পূর্ব্বে বিশাখপত্তনে লেখাপড়ার একরূপ চর্চ্চাই ছিল না। বিজয়নগরম্ সহরে মহারাজের প্রতিষ্ঠিত একটী প্রথম শ্রেণীর কলেজ আছে। এস্থানে বি-এ পর্য্যন্ত পঠিত হয়। বিশাখপত্তনে একটী আধা-সরকারী দ্বিতীয় শ্রেণীর কলেজ আছে। এতদ্ব্যতীত এখানে আরও তিনটী উচ্চ ইংরেজী, ১১টী মধ্য ইংরেজী, ও ৮১২টী প্রাথমিক বিদ্যালয় আছে। বিশাখপত্তন, পালকোণ্ডা ও ইলামঞ্চিলী নামক স্থানত্রয়ে তিনটী নর্ম্মাল্ স্কুলও স্থাপিত হইয়াছে। অধিকন্তু বিভিন্ন স্থানে নয়টী বালিকা বিদ্যালয় ও বিশাখপত্তনে কয়েকটী যুবককর্ত্তৃক স্থাপিত ও পরিপোষিত কৃষক সন্তানের জন্য একটী অবৈতনিক নৈশ বিদ্যালয়ও স্থাপিত হইয়াছে। ক্রমে ক্রমে এ দেশের বালকবালিকাগণ লেখাপড়া শিক্ষায় যথেষ্ট উন্নতিলাভ করিতেছে, পরবর্ত্তী আদমসুমারী দেখিলে স্পষ্টই তাহার উপলব্ধি হইবে।

বিশাখপত্তন সহর, বিমলিপত্তন, বিজয়নগরম্ ও অনোকপল্লি জেলায় চারিটী মিউনিসিপাল কার্য্যালয় আছে। বিশাখপত্তন সহরের উপকণ্ঠে প্রসিদ্ধ ওয়ালেয়টার্ বেলতরু নামক স্থান। এই স্থান প্রধানতঃ শ্বেতাঙ্গ সম্প্রদায়েই অধিকার করিয়া রহিয়াছেন। এস্থানের বিস্তৃতি ৩ মাইল ও জলবায়ু একান্ত স্বাস্থ্যকর। বিশাখপত্তন সহরে একটী সুবৃহৎ মিউনিসিপাল অফিস নির্ম্মিত আছে। ইহার অধীন একএকটী পুস্তকাগার, পাঠাগার ও স্থানীয় সমিতির কার্য্যালয়ও প্রতিষ্ঠিত রহিয়াছে। এখানে একটী বৃহৎ হাঁসপাতাল ও ডাক্তারখানা আছে। ইহার উন্নতিকল্পে বিজয়নগরম্এর মহারাজ পর্য্যাপ্ত অর্থসাহায্য করিয়া থাকেন। হাঁসপাতালের সন্নিকটে একটী অনাথাশ্রম ও ইহার অনতিদূরে সরকারী পাগ্‌লা-গারদ আছে। ব্যবসায় বাণিজ্যে বিমলি-

15282
23 MAY 1966

পত্তন বিশেষ বিখ্যাত। এস্থানে ইংরেজ ও ফরাসীদের কএকটী কারখানা আছে এবং কলিকাতা হইতে ব্রহ্মদেশ পর্য্যন্ত ইংরেজের যে ষ্টীমার যাতায়াত করে, এই বন্দর উহার একটী প্রসিদ্ধ ষ্টেশন। বিমলিপত্তনে একটী হাঁসপাতাল, একটী খৃষ্টানের গির্জ্জা, একটী বিদ্যালয় ও একটী পাঠাগার এবং এ ছাড়া বিজয়নগরম্ জেলার দেশীয় পদাতিক সৈন্যের একটী নাতি-বৃহৎ দুর্গ আছে।

জলবায়ু—স্থানের বিভিন্নতা অনুসারে সর্ব্বত্র একপ্রকারের স্বাস্থ্য নহে। সমুদ্র তীরসন্নিহিত স্থানসমূহের স্বাস্থ্য সাধারণতঃ মৃদুমধুর ও গ্লানিহারক। কতকদূর গ্রামের ভিতর অগ্রসর হইলেই অত্যন্ত গরম বোধ হইবে। পূর্ব্বঘাট পর্ব্বতমালার সন্নিহিতস্থল অত্যন্ত ঠাণ্ডা ও ম্যালেরিয়াপ্রধান। সহরে রোগের মধ্যে ম্যালেরিয়া জ্বরের প্রাদুর্ভাবই বেশী। পার্ব্বত্যপ্রদেশে জঙ্গলীজ্বর বা অবিরাম পিত্তজ্বরের প্রকোপ অত্যধিক। এতদ্ব্যতীত কলেরা ও বসন্তের প্রাদুর্ভাবও সচরাচর ঘটিয়া থাকে। সমতল, বিশেষতঃ স্যাঁত্ স্যাতে স্থান সমূহে 'বেরি-বেরি' নামক একপ্রকার ব্যাধি হইয়া থাকে। তটসংলগ্ন প্রদেশে শ্বেতরোগ, গোদ ও গলগণ্ডের প্রভাবও কম নহে। যাহা হউক, সর্ব্বোপরি বিশাখপত্তনের স্বাস্থ্য উৎকৃষ্ট।

২ মান্দ্রাজপ্রেসিডেন্সীর অন্তর্গত বিশাখপত্তন মহাকুমার একটী তালুক। ভূপরিমাণ ১৪২ বর্গমাইল।

৩ মান্দ্রাজপ্রেসিডেন্সীর অধীন বিশাখপত্তন জেলার প্রধান সহর। ১৭° ৪১′ ৫০″ উত্তর অক্ষা° ও ৮৩° ২০′ ১০″ পূর্ব্ব দ্রাঘিমায় অবস্থিত। ইহা মিউনিসিপালিটীর অধীন একটী প্রসিদ্ধ বন্দর। এখানে একটী প্রধান সেনা-নিবাসের কার্য্যালয়, জজসাহেব, ম্যাজিষ্ট্রেট ও সবম্যাজিষ্ট্রেটের কাছারীত্রয়, জেলখানা, পুলিস-অফিস, পোষ্ট ও টেলীগ্রাফ্ অফিস, গির্জ্জা, স্কুল, হাঁসপাতাল, অনাথাশ্রম, পাগ্‌লাগারদ ইত্যাদি বহুবিধ গৃহ বর্ত্তমান আছে।

বিশাখপত্তন সহর বঙ্গোপসাগরের উপকূলে স্থাপিত। একটী নদী সহর হইতে সাগরাভিমুখে আসিয়াছে।

এ সহরটী দুর্গের ন্যায়। সাধারণতঃ ইহাকে বিশাখপত্তন দুর্গও বলা হয়। এখানে বহুসংখ্যক য়ুরোপীয় পদাতিক সৈন্য আছে।

মিউনিসিপালিটীর চেষ্টায় ও অর্থে এখানকার স্বাস্থ্য ও রাস্তা-ঘাটের যথেষ্ট উন্নতি দেখা যায় এবং তদ্ভিন্ন উহার সাহায্যে একটী পাঠাগার, পুস্তকাগার ও কয়েকটী স্কুল পাঠশালাও স্থাপিত হইয়াছে। সহরের উন্নতিকল্পে বিজয়নগরের মহারাজ অকাতরে অর্থব্যয় করিয়া থাকেন।

প্রবাদ—চতুর্দ্দশ শতাব্দীর মধ্যভাগে অন্ধ্ররাজ এই নগরের পত্তন করিয়াছিলেন। মুসলমানদের দিগ্বিজয়কালে কলিঙ্গ প্রদেশের অবশিষ্ট ভাগ সমেত এই নগরও মুসলমানদের অধিকারভুক্ত হইয়া পড়ে। সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে ইষ্টইণ্ডিয়া কোম্পানী এখানে কুঠী নির্ম্মাণ করেন। ১৬৮৯ খৃঃ অঃ এই কারখানা মোগলগণ আক্রমণ করিয়া তত্রত্য কর্ম্মচারিগণকে নিহত করিয়া ফেলে। পর বৎসরেই ইংরেজগণ পুনরধিকার করিয়া অনতিবিলম্বে এখানে একটী দুর্গ নির্ম্মাণ করেন। খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীতে জাফর আলি বা তাহার মরাঠা দল বল বিমলিপত্তন ও তাহার চতুষ্পার্শ্ববর্ত্তী স্থান লুণ্ঠন করিয়াও বিশাখপত্তনের বিশেষ অনিষ্ট করিতে পারে নাই। অতঃপর সেনাপতি বুশী কিছুদিনের জন্য নগর অধিকার করেন, তৎপরে বিজয়নগরম্‌এর রাজা ফরাসীগণকে বিতাড়িত করিয়া ১৭৫৮ খৃঃ অব্দে এদেশ পুনরায় ইংরাজের হস্তে প্রদান করেন। ১৭৮০ খৃষ্টাব্দের সিপাহী বিদ্রোহ ভিন্ন ইতিহাস প্রসিদ্ধ আর কোন ঘটনা এখানে ঘটে নাই।

পূর্ব্বেই বলিয়াছি বিশাখপত্তন একটী প্রসিদ্ধ বন্দর। সুতরাং বাণিজ্য ব্যবসায়ে এই স্থান দিন দিন উন্নত হইয়া উঠিতেছে। আমদানী দ্রব্যের মধ্যে বিদেশজাত ক্ষুদ্র ক্ষুদ্র জিনিস ও ইংলণ্ডের ধাতু; এবং রপ্তানীর মধ্যে শস্য ও গুড়ের বাণিজ্য উল্লেখযোগ্য। এস্থানে বহুবিধ দেশীকাপড়, কারুকার্য্যময় দ্রব্য সম্ভার, চন্দনকাষ্ঠ ও রৌপ্যের সামগ্রী প্রস্তুত হইয়া থাকে। এতদ্ব্যতীত বাক্স, ডেস্ক, পাশার কোট এবং অন্যবিধ আবশ্যকীয় ও বিলাসোপযোগী সামগ্রীও যথেষ্ট নির্ম্মিত হইয়া থাকে।

বিশাখপত্র (পুং) বালরোগভেদ।

বিশাখযূপ (পুং) ১ একজন প্রাচীন রাজা। ২ নৃসিংহপুরাণোক্ত প্রাচীন জনপদভেদ। কেহ কেহ ইহাকেই বিশাখপত্তন বলিয়া মনে করেন। [বিশাখপত্তন দেখ।]

বিশাখল (ক্লী) যুদ্ধকালে অত্যন্ত ব্যবধানে পাদদ্বয়ের বিন্যাস।

'বিশালান্তর-বিন্যস্তে পাদযুগ্মে বিশাখলম্।' (শব্দমালা)

বিশাখা (স্ত্রী) ১ কঠিল্লক। (মেদিনী) ২ অশ্বিনী আদি সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত ষোড়শ নক্ষত্র। ইহার পর্য্যায়, রাধা। এই নক্ষত্রের রূপ তোরণাকার ও তাহাতে চারিটী তারকা সংযুক্ত আছে। (মুহূর্ত্তচিন্তামণি) ইহার অধিদেবতা শক্র এবং অগ্নি, কেননা একই নক্ষত্র দুইটী*। এই নক্ষত্র মিত্রগণের অন্তর্গত। (জ্যোতিস্তত্ত্ব) এই নক্ষত্রে জন্মগ্রহণ করিলে

* "পত্র্যোর্মধ্যগতস্তত্র সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ।
বিশাখয়োর্মধ্যগতঃ সম্পূর্ণ ইব চন্দ্রমাঃ॥" (রামায়ণ)
রামায়ণের এই শ্লোকানুসারেও দুইটী বিশাখা নক্ষত্রের প্রমাণ পাওয়া যায়

জাতবালক সর্ব্বদা নানাকার্য্যে অনুরক্ত থাকে এবং স্বর্ণকারের সহিত তাহার সখ্যতা হয়, কিন্তু তাহার সহিত অপর কাহার সখ্যতা হয় না। (কোষ্ঠীপ্রদীপ)

৩ শ্বেতরক্ত পুনর্নবা। (বৈদ্যকনি°) ৪ কৃষ্ণা অপরাজিতা। ৫ কণ্ঠিল্লক বৃক্ষ।

বিশাখা, প্রাচীন জনপদভেদ। চীনপরিব্রাজক হিউএন্‌সিয়াং 'পি-সো-কিআ' নামে এই জনপদের উল্লেখ করিয়াছেন। চীন-পরিব্রাজকের বর্ণনা হইতে জানা যায় যে, তিনি কৌশাম্বী দর্শন করিয়া তথা হইতে ১৭০ বা ১৮০ লি (প্রায় ২৫।৩০ মাইল) উত্তরে আসিয়া বিশাখা রাজ্যে উপনীত হন। এই রাজ্যের পরিমাণ প্রায় ৪০০০ লি ও রাজধানী প্রায় ১৬ লি। এখানে নানাবিধ শস্য ও যথেষ্ট ফল ফুল জন্মে। অধিবাসী শিষ্টশান্ত, সকলেই অধ্যয়নে নিরত ও মোক্ষকামী। চীনপরিব্রাজকের সময়ে এখানে ২০টী সঙ্ঘারাম ছিল ও তাহাতে হীনযানসম্প্রদায়-ভুক্ত প্রায় ৩০০০ শ্রমণ বাস করিতেন। এ ছাড়া এখানে তিনি ৫০টী দেবমন্দির ও তাহাতে বহু দেবভক্ত দেখিয়া গিয়াছেন।

রাজধানীর উত্তরে রাজপথের বামপার্শ্বে একটী বৃহৎ সঙ্ঘারাম ছিল। এখানে থাকিয়া পূর্ব্বকালে অর্হৎ দেবশর্ম্মা 'বিজ্ঞানশাস্ত্র' লিখিয়া আত্মবাদ খণ্ডন করেন। এখানেই ধর্ম্মপাল বোধিসত্ত্ব ৭ দিন ধরিয়া শতাধিক হীনযানী আচার্য্যকে পরাস্ত করিয়া-ছিলেন। এই সঙ্ঘারামের পার্শ্বেই অশোকনির্ম্মিত একটী বৃহৎ স্তূপ ও তাহার নিকট বুদ্ধদেবের নির্ম্মাল্য-পরিত্যক্ত পুষ্পবীজোৎপন্ন একটী বৃক্ষ বিদ্যমান ছিল। বহু দূরদেশ হইতে বৌদ্ধ যাত্রীগণ এই বোধিতরু দেখিতে আসিত। কতবার ব্রাহ্মণেরা এই গাছ কাটিয়া দিয়াছেন, তথাপি চীনপরিব্রাজকের সময় পর্য্যন্ত এই বৃক্ষ নষ্ট হয় নাই। ইহার অনতিদূরে চীন-পরিব্রাজক গত ৪ জন বুদ্ধের স্মৃতি দেখিয়া গিয়াছেন। প্রত্ন-তত্ত্ববিৎ কানিংহাম্ সাকেত বা বর্ত্তমান অযোধ্যাকেই চীন-পরিব্রাজকের 'বিশাখা' রাজ্য বলিয়া স্থির করিয়াছেন।

বিশাখিকা (স্ত্রী) [বিশাখা দেখ।]

বিশাখিল (পুং) জনৈক কলাশাস্ত্ররচয়িতা।

বিশাতন (ত্রি) বি-শত-ণিচ্-ল্যুঃ°। মোচনকর্ত্তা।

"নমস্তে দেব দেবেশ সনাতন বিশাতন।
বিষ্ণো জিষ্ণো হরে কৃষ্ণ বৈকুণ্ঠ পুরুষোত্তম॥" (মহাভারত)

বি-শত-ণিচ্-ল্যুট্। (ক্লী) ২ পাতন।

"যতমানাঃ প্রযত্নেন দ্রোণানীকবিশাতনে।
ন শেকুঃ সৃঞ্জয়া যুদ্ধে তদ্ধি দ্রোণেন পালিতম্॥" (মহাভারত)

বিশাপ (ত্রি) শাপান্ত, শাপরহিত।

"বিশাপো দ্বাদশাব্দান্তে মৈথুনায় সমুদ্যতঃ।" (ভাগ° ৯।৯।৩৮)

(পুং) ২ মুনিভেদ।

বিশাম্পতি (পুং) বিশাং প্রজানাং পতিঃ। রাজা।

বিশায় (পুং) বি-শী-ঘঞ্। (ব্যুপয়োঃ শেতে পর্য্যায়ে। পা ৩।৩।৩৯) প্রহরীদিগের পর্য্যায়ক্রমে শয়ন। (অমর)

বিশায়ক (পুং) লতাভেদ। [বিশাকর দেখ।]

বিশায়িন্ (ত্রি) বি-শী-ণিনি। ১ শয়নকারী। ২ যে শয়ন করে না বা জাগিয়া চৌকী দেয়।

বিশারণ (ক্লী) বি-শৃ-ণিচ্-ল্যুট্। মারণ।

বিশারদ (ত্রি) বিশাল-দা-ক। রলয়োরভেদঃ ইতি লস্য রঃ। ১ বিদ্বান্। (মনু ৭।৬৩) ২ প্রগল্‌ভ। ৩ প্রসিদ্ধ। ৪ শ্রেষ্ঠ। ৫ দক্ষ, নিপুণ। ৬ নিজ ক্ষমতায় বিশ্বাসবান্। ৭ বিস্তৃত। ৮ গর্ব্বিত। (পুং) ৯ বকুল।

বিশারদা (স্ত্রী) ক্ষুদ্র দুরালভা।

বিশারদিমন্ (পুং) বৈশারদ্য, নৈপুণ্য।

বিশাল (ত্রি) বি-শালচ্। (বেঃ শালচ্ছঙ্কটচৌ। পা ৫।২।২৮।) যদ্বা বিশ-প্রবেশনে-কালন্ (তমিবিশিবিড়ীতি। উণ্ ১।১১৭।) ১ বৃহৎ। ২ (বিগতঃ শালঃ স্তম্ভো যস্য) স্তম্ভ-রহিত। ৩ বিস্তৃত, চৌড়া। ৪ বিখ্যাত, অদ্ভুতকর্ম্মা। ৫ বিস্তীর্ণ। (পুং) ৬ মৃগভেদ। ৭ পক্ষিভেদ। ৮ বৃক্ষভেদ ৯ একজন পুরাণপ্রসিদ্ধ নৃপতি। ইক্ষ্বাকুর পুত্র। ইনিই বিশালা নগরী স্থাপন করেন। (রামায়ণ)

১০ ষড়হভেদ। (কাত্যায়নশ্রৌত° ২৪।২।১৬) ১১ তৃণবিন্দুর পুত্রভেদ (বিষ্ণুপুরাণ) [বিশাল দেশ দেখ।] ১২ বৈদিশ বা বিদিশা নগরীর রাজভেদ। (মার্কণ্ডেয়পু° ৭০।৪) ১৩ পর্ব্বত-ভেদ। (মার্কণ্ডেয়পু° ৫৯।১২)

বিশালক (পুং) ১ কপিত্থ, কদ্‌বেল। ২ গরুড়। ৩ যক্ষভেদ।

বিশালগ্রাম (পুং) পুরাণোক্ত গ্রামভেদ। (মার্কপু°)

বিশালতা (স্ত্রী) বিশাল-তল্-টাপ্। ১ বিস্তার। ২ বৃহত্ত্ব, প্রকাণ্ডতা। ৩ পার্শ্ববিস্তার, ওসার, বহর।

বিশালতৈলগর্ভ (পুং) অঙ্কোঠবৃক্ষ।

বিশালত্বক্ (পুং) ১ সপ্তপর্ণবৃক্ষ, ছাতিনগাছ।

বিশালদা (স্ত্রী) লতাভেদ (Alhagi Maurarum)

বিশালদেশ, বিশালরাজপ্রতিষ্ঠিত প্রাচীন জনপদভেদ। ভবিষ্য-ব্রহ্মখণ্ডে ইহার বিবরণ এইরূপ দেখিতে পাওয়া যায়,—

"গঙ্গা ও গণ্ডকী নদীর মধ্যবর্ত্তী ভূভাগ বিশালরাজের শাসনাধিকার। তাই ইহার নাম বিশাল। বিশালদেশের বায়ুকোণে বেত্রিয় বা বেথিয়া, পূর্ব্বদিকে মধুপুর, দক্ষিণে ভাগীরথী এবং উত্তরে শেলম বা সেলিমপুর। এই প্রদেশের

সীমাবিস্তার বিংশযোজন। বিশালনগরের অধিবাসিগণ অধিকাংশই ধার্ম্মিক। এই দেশের মধ্যে আরও তিনটী ক্ষুদ্র ক্ষুদ্র দেশ আছে। তাহাদের একটীর নাম চম্পারণ, দ্বিতীয়টী শালীময়, তৃতীয়টী দীর্ঘদ্বার। এই শেষোক্ত দেশটী অপেক্ষাকৃত ক্ষুদ্র হইলেও বিশালদেশের যাবতীয় ঘটনা এই নামেই উল্লেখ্য। ইহার অন্তর্গত একটী প্রসিদ্ধ স্থান আছে, তাহার নাম কসমর।

দীর্ঘদ্বার দেশের সংক্ষিপ্ত বিবরণ এই—দীর্ঘদ্বারের অধিবাসিগণ সকলেই ধর্ম্মিষ্ঠ, পরদ্বারে বিমুখ, ও কৃষিকার্য্যে তৎপর ছিল। এখানকার ব্রাহ্মণগণ শাস্ত্রনিষ্ঠ এবং ধার্ম্মিক। অধিবাসীদিগের মধ্যে সকলেরই ধর্ম্মকর্ম্মে প্রবল অনুরাগ। উহাদের পরস্পর বিবাদ বিসম্বাদ নাই। লোকগুলি কৃষ্ণবর্ণ, তাহাদের মধ্যে আবার প্রায়শই গলগণ্ড ও গণ্ডমালারোগাক্রান্ত। উহারা গণ্ডকী নদীর জল ব্যবহার করিলেও কলির প্রভাবে উহাদের রোগশোক অনিবার্য্য। শস্যমধ্যে এখানে প্রচুর ধান্যের উৎপত্তি হয়। এখানে তিন জাতির বাস, ব্রাহ্মণ, কায়স্থ এবং কুড়মি। কলির প্রারম্ভে দীর্ঘদ্বারে পর পর চারিজন রাজার রাজত্বকাল।

দীর্ঘদ্বারের অর্দ্ধযোজন দূরে মহাদেবী অম্বিকার অধিষ্ঠান। রাজা বিশাল, ঐ দেবীর প্রতিষ্ঠাতা। দীর্ঘদ্বারের অধিবাসিগণ উঁহার পূজাকার্য্যে তৎপর।

বিশালদেশস্থ দ্বিজাতিবর্গ বেদচর্চ্চায় রত। জ্ঞানে, ধনে, শৌর্য্যে, সম্মানে সকল বিষয়েই ইহাঁরা বিশাল নামের যোগ্য। দীর্ঘদ্বারবাসিগণ কলির প্রারম্ভে বঞ্চক, ধনহীন, স্তৈণ এবং মাতা, পিতা, জ্ঞাতি, ভ্রাতা ও সুহৃৎ সজ্জন প্রভৃতিরও ধন হরণ করিয়া আত্মসুখ সাধনে রত হয়। এতদ্ভিন্ন খণ্ডমর্ত্তু স্থানে যাহাদিগের বাস, রাজকীয় করদান ব্যাপারে তাহারা একেবারেই বিমুখ। কলির একাংশ অতীত হইলেই ঐ দেশে কেতুর উদয় হয়, কিন্তু একটী কেতু নয়, শ্বেত, নীল ও রক্তবর্ণ ভেদে পর পর চারিটী ভীষণ কেতুর উদয় অনিবার্য্য। ইহারা লোকনাশের হেতুভূত; ফলিলও তাই—সেই সময় বিশালদেশবাসীদিগের সঙ্গে নেপালীসৈন্যের গণ্ডকী নদীতীরে ঘোর যুদ্ধ হয়। এই যুদ্ধের স্থিতিকাল তিন বর্ষ। হরিহর শিবদেব তখন বিশালের রাজা। নেপালীদিগের সহিত যুদ্ধে বিশালদেশ বিধ্বস্ত হয়। তৎপরে নেপালসৈন্য কর্ত্তৃক বিশালদেশে অবাধলুণ্ঠন, বালবৃদ্ধনির্ব্বিশেষে বহু লোকের শিরশ্ছেদন, পরে বিশালরাজ্য নেপাল অধিকারে সংস্থাপন। এই সকল ঘটনা কলির প্রারম্ভে সংঘটিত হয়। নেপালীদিগের লুণ্ঠনে দেশ দরিদ্র হইয়া পড়ে। দারিদ্র্য তাড়নায় বিশালবাসীরা দেশ ছাড়িয়া অন্যত্র গিয়া বাস করে।

কার্ত্তিক মাসে এখানকার গঙ্গা এবং গণ্ডকী নদীর সঙ্গম বড়ই পুণ্যপ্রদ। তাই স্নানতর্পণাদি করিয়া যাত্রিগণ এখানে প্রতি বর্ষে পাপ ক্ষালন করে।

এক্ষণে বিশালদেশস্থ প্রসিদ্ধ প্রসিদ্ধ গ্রামগুলির বিবরণ সংক্ষেপে বলা যাইতেছে। বিশালরাজ্যের এক দীর্ঘদ্বার প্রদেশেই সাত হাজার গ্রাম। এই সপ্ত সহস্র গ্রামের মধ্যে ত্রিশটী গ্রাম বিশেষ উল্লেখযোগ্য। প্রথম গ্রাম হরিহরছত্র। এই গ্রাম গণ্ডকীতীরে বিরাজিত। এখানকার অধিবাসীদিগের মধ্যে ব্রাহ্মণের সংখ্যাই বেশী। শূদ্রাদি অন্যান্য জাতির বাস তদপেক্ষা কম। এইখানে হরিহরদেবের এক অত্যুচ্চ মন্দির আছে। উহার দৃশ্য বড়ই চমৎকার। প্রতিবর্ষে হরিহরদেবের সম্মুখে একটী মেলা বসিয়া থাকে। এই মেলায় গ্রাম্য এবং অরণ্যজাত বহু পশু বিক্রীত হয়। তদ্ভিন্ন অনেক মূল্যবান্ রত্নাদিরও এখানে কেনাবেচা হইয়া থাকে। ১৫০৫ বিক্রম সম্বতে আমের বা আমীরনগরীর অধিপতি মানসিংহ যবনরাজের আদেশে যশোরাধিপতিকে বিনাশ করিতে যাত্রা করিয়া গণ্ডকীতীরে আসিয়া শিবির স্থাপন করেন। তিনি স্বব্যয়ে অত্রত্য প্রাচীন হরিহর মন্দিরের জীর্ণসংস্কার করাইয়া দেন এবং দেবসেবার্থ বিস্তর ভূসম্পত্তি দান করেন।

আমে-গ্রামের দক্ষিণে দীর্ঘদ্বার প্রদেশের অন্তর্গত শঙ্করপুর একটী প্রসিদ্ধ গ্রাম। এই গ্রামে কল্যাণকারী নামে এক শিবলিঙ্গ ছিলেন, যবনাধিকারে তাঁহার অন্তর্ধান হয়। সঙ্গে সঙ্গে পাপস্রোতে এই গ্রামের সর্ব্বসমৃদ্ধি বিলুপ্ত হয়। তৃতীয় দুগ্ধল গ্রাম। এই গ্রামের সোমদত্ত নামক এক ব্রাহ্মণের গৃহে একটী কপিলা গাভী ছিল। এই জন্য ইহার অপর নাম কপিলাগ্রাম। প্রবাদ—ঐ গাভীর কৃপায় এ গ্রামে ভক্ষ্য ভোজ্য পেয়াদির কোনই অভাব ছিল না। গাভীর আদেশ—যদি গ্রামে গোহত্যা হয়, তবেই এই গ্রামের ধ্বংস অবশ্যম্ভাবী। পরবর্ত্তী গ্রামের নাম গঙ্গাজল। এ গ্রামটী বিশেষ সমৃদ্ধ। পুরাণাখ্যানে প্রকাশ—এ গ্রামের সমস্ত ব্রাহ্মণই ত্রিসন্ধ্যা গঙ্গাস্নান করিতেন। কর্ম্মফলে হঠাৎ এক ব্রাহ্মণ পঙ্গু হইয়া পড়েন। গঙ্গাস্নান করিতে পারিবেন না বলিয়া ব্রাহ্মণ তখন চিন্তায় আকুল, স্নানাহার নাই, সমস্ত দিন উপবাসী; রাত্রিতে স্বপ্ন হইল, যাবৎ ব্যাধি আরোগ্য না হয়, গঙ্গাদেবী ব্রাহ্মণের গর্গরী মধ্যে ততদিন থাকিবেন। সেই হইতে গ্রামের নাম গঙ্গাজল। গঙ্গাজলগ্রামস্থ ব্রাহ্মণগণের পাপাচারে গ্রামের ধ্বংসসাধন, সপ্তবার এই গ্রামে অগ্নিদাহন, তারপর কল্কিদেবের আবির্ভাব পর্য্যন্ত গহন অরণ্যে ইহার পরিণতি, ইহাই ভবিষ্যদ্ বাণী।

গন্ধাহার একটী প্রধান গ্রাম। কলিতে ইহা যবনাধিকারে

পতিত হয়। এখানে অনেক গন্ধবণিকের বাস। শতদল, মল্লিকা, যূথিকা ও কেতকী প্রভৃতি পুষ্পদিগকে যন্ত্রদ্বারা নিষ্পীড়ন করিয়া একপ্রকার সৌগন্ধিক রসদ্রব্য প্রস্তুত করা, ঐ সকল গন্ধবণিক্‌দিগের ব্যবসায়। সেই জন্য সকলের কাছেই এই গ্রাম গন্ধাহার নামে পরিচিত। গ্রামটী সদাই সুগন্ধে পূর্ণ। গ্রাম মধ্যে প্রকাণ্ড প্রকাণ্ড প্রচুর অশ্বত্থ বৃক্ষ। সুগন্ধে আকৃষ্ট হইয়া অসংখ্য ব্রহ্মদৈত্য এই সকল বৃক্ষে আসিয়া বাস করে। ক্রমে গ্রামস্থ বণিক্‌বধূগণের উপর ব্রহ্মদৈত্যের সমাবেশ হয়। ভূতাবেশবশে গ্রামবাসীরা যখন গ্রাম ছাড়িয়া দূরদেশে পলায়ন করে; তখন গ্রামমধ্যে যে অসংখ্য পুষ্পোদ্যান ছিল, তাহা জন সমাগমহীন হওয়ায় শ্রীভ্রষ্ট হইয়া পড়ে।

আর একটী গ্রাম পানকপুর। গ্রামের অধিবাসীরা প্রায়ই বাদ্যকর। মলিনবস্ত্রে, মলিন আকারে থাকাই তাহাদের অভ্যাস। শালিবাহন শাকের প্রারম্ভে এই গ্রাম ধ্বংস হয়। বিশালদেশের অন্যতম প্রধান গ্রাম দেত বা দেবগ্রাম। পূর্ব্বে এই স্থানে নানাজাতীয় বৃক্ষ ছিল। এইস্থান গভীর অরণ্যময়, তাই সহজে কেহ প্রবেশ করিতে পারিত না; বিশালরাজের বংশধরেরা এখানকার বনবৃক্ষাদি কাটাইয়া এই স্থানে অম্বিকা-মন্দির প্রতিষ্ঠা করেন এবং অম্বিকাপূজার রীতিমত বন্দোবস্ত করিয়া দেন। রাজাদেশে দেবগ্রামে আসিয়া অনেক মালাকার বাস করে। অম্বিকার প্রকোপে অগ্নিদাহে এই গ্রাম নষ্ট হয়।

তারপর সুবর্ণগ্রাম, গোবিন্দচক্র, বামনগ্রাম, কশমরের উত্তরে গোবর্দ্ধন ও মকের গ্রাম। মকেরগ্রাম চন্দ্রসেন রাজা-কর্ত্তৃক ধ্বংস হয়। তৎপরে শক্তিসিংহপ্রতিষ্ঠিত বিল্বহার, বিশাল-রাজের কৈলিস্থান বনকেলি নামক বৃহৎ গ্রাম, ভোজরাজের সময়ে প্রতিষ্ঠিত পারশাগ্রাম, (এখানে অকস্মাৎ ক্রোশ-পরিমিত একটী জলময় মহাগর্ত্ত উৎপন্ন হয়)। আর একটী প্রসিদ্ধ স্থান তারানগর। এখানে তারাদেবীর মন্দির ও বলিদানরত বহু শাক্তব্রাহ্মণের বাস। অবগাহী নামে একটী গ্রাম আছে। উগ্রসেন রাজা তথায় সোমযজ্ঞ করেন এবং তদুপলক্ষেই সেখানে কান্যকুব্জাগত চতুর্ব্বেদী ব্রাহ্মণের বাস হয়। আর একটী প্রসিদ্ধ গ্রাম বসন্তপুর। এখানে বিশালরাজগণের পুরোহিতবংশের বাস। হোলিকা নামে এক রাক্ষসের উৎপাতে এই গ্রামের ধ্বংস হয়। এই বসন্তপুরের পূর্ব্বদিকে যোজন পরিমিত দূরে সুপ্রাচীন বিশালনগরীর ধ্বংসাবশেষ। (ভ° ব্রহ্মখণ্ড ৩৮-৪৯ অঃ)

বিশালের ইতিহাস।

ভবিষ্যব্রহ্মখণ্ডে বর্ণিত আছে—

সূর্য্যবংশে তৃণবিন্দু নামে এক রাজা ছিলেন, তাঁহার তিন পুত্র; বিশাল, হীনবধূ ও ধূম্রকেতু। এই তিনের মধ্যে বিশালই জ্যেষ্ঠ। বিশাল চীনাচার শিক্ষা করিবার জন্য উত্তরদেশে গমন করেন। গণ্ডকী নদীতীরে তিনি একমাস তপ করিয়া নিজনামে পুরী স্থাপন করিয়াছিলেন। তাঁহার বাসহেতু এই স্থান বৈশাল নামে খ্যাত হয়।* রাজা বিশালের পুত্র হেমশশী, তৎপুত্র ধূম্রাক্ষ এবং তৎপুত্র সংযম। যমাদি অষ্টাঙ্গযোগে সিদ্ধ হইয়াছিলেন বলিয়া সংযম নাম হয়। সংযমের পুত্র মহাবীর কৃশাশ্ব। কৃশাশ্বের ঔরসে চারুশীলার গর্ভে রাজা সোমদত্তের জন্ম। সোমদত্ত অশ্বমেধ যজ্ঞ করেন। তৎপুত্র সুমতি। তৎপুত্র জনমেজয়। বৈশালনগরের বায়ুকোণে ৫ ক্রোশ দূরে যজ্ঞযষ্টি গ্রাম। এখানে মহারাজ জনমেজয় সর্পযজ্ঞ করিয়াছিলেন। ১০৮ হাত পরিমাণ পাষাণনির্ম্মিত নানা চিত্রময় যজ্ঞকুণ্ড বিদ্যমান। বেদবিধি মতে মন্ত্রবিৎব্রাহ্মণগণ এখানে যজ্ঞযষ্টি স্থাপন করেন, তাহাতেই যজ্ঞযষ্টি নাম হইয়াছে। এই গ্রামে যজ্ঞবেদিকার নিকট রাজা জনমেজয় যাজ্ঞিক ব্রাহ্মণদিগকে শতপ্রাসাদসংযুক্ত স্থান দান করেন। সময়ে সময়ে এখানকার মাটীর ভিতর হইতে ধনরত্নপূর্ণ ঘড়া পাওয়া যাইত।

বিশালপত্তনে একযোজন পরিমিত দুর্গম বশারদুর্গ। ইহার মধ্যে ও নিকটে ৫২টী মনোরম জলাশয়। ঐ দুর্গে বিশালের রাজবংশ বাস করিতেন। তাঁহাদের প্রতিষ্ঠিত বিষ্ণুমূর্ত্তি বিদ্যমান।

(ভ° ব্রহ্মখ° ৪০ অঃ) [বৈশালী দেখ।]

বিশালনগর (ক্লী) বিশালরাজনির্ম্মিত নগর।

[বিশাল দেশ দেখ।]

বিশালনেত্র (ত্রি) ১ বৃহৎ চক্ষুঃবিশিষ্ট। (পুং) ২ বোধিসত্ত্বভেদ।

বিশালপত্র (পুং) বিশালানি পত্রাণি যস্য। কাসালু। ২ শ্রীতাল বৃক্ষ। (রাজনি°) ৩ মাশ, মাণকচু। (পর্য্যায়মুক্তা°)

বিশালপুরী (স্ত্রী) নগরভেদ।

বিশালফলিকা (স্ত্রী) বিশালং ফলং যস্যাঃ ততঃ স্বার্থে কন্ টাপি অত ইত্বং। নিষ্পাঠী। (রাজনি°)

বিশালা (স্ত্রী) বিশাল-টাপ্। ১ ইন্দ্রবারুণী। (অমর) ২ উজ্জয়নী (মেদিনী) ৩ উপোদকী। ৪ মহেন্দ্রবারুণী। (রাজনি°) ৫ তীর্থবিশেষ। শাস্ত্রানুসারে সকল তীর্থেই মুণ্ডন ও উপবাসের বিধান আছে; কিন্তু গয়া, গঙ্গা, বিশালা এবং বিরজাতীর্থে মুণ্ডন ও উপবাস নিষিদ্ধ।

"মুণ্ডনঞ্চোপবাসশ্চ সর্ব্বতীর্থেষ্বয়ং বিধিঃ।
বর্জ্জয়িত্বা গয়াং গঙ্গাং বিশালাং বিরজাং তথা॥" (প্রায়শ্চিত্ততত্ত্ব)

৬ দক্ষকন্যা।

* "বিশালনৃপবাসত্বাৎ দেশো বৈশালসংজ্ঞকঃ।" (ভ° ব্রহ্মখ° ৪০।৭)

"মনোরমাং ভানুমতীং বিশালাং বহুদামথ।" (গরুড়পু° ৬অ°)

বিশালাক্ষ (পুং) বিশালে অক্ষিণী যস্য সমাসে ষচ্। ১ হর, মহাদেব। (ভারত ১২।৫৯।৮০) ২ গরুড়। ৩ তদ্বংশীয়।

"অনিলশ্চানলশ্চৈব বিশালাক্ষোঽথ কুণ্ডলী।" (ভারত ৫।১০১।৯)

(ত্রি) ৪ সুনেত্র, বিশালচক্ষুঃ। ৫ বিষ্ণু। ৬ ধৃতরাষ্ট্র-পুত্র। (ভারত ১।১১৭।৯)

বিশালাক্ষী (স্ত্রী) বিশালাক্ষ-ঙীষ্। ১ উত্তমা নারী। (বিশ্ব) ২ নাগদন্তী। (রাজনি°) ৩ পার্ব্বতী, দুর্গাদেবী।

তন্ত্রসারে বিশালাক্ষীদেবীর পূজা ও মন্ত্রাদির বিষয় এইরূপ লিখিত আছে—

"ধ্রুবমাদ্যং সমুদ্ধৃত্য মায়াবীজং সমুদ্ধরেৎ।
বিশালাক্ষীপদং ঙেঽন্তং হৃদন্তং যন্ত্রমুদ্ধরেৎ॥
অষ্টাক্ষরী মহাবিদ্যা অষ্টসিদ্ধিপ্রদা শিবে।
প্রসঙ্গাৎ কথিতা বিদ্যা ত্রৈলোক্যদুর্ল্লভা প্রিয়ে॥" (তন্ত্রসার)

'ওঁ হ্রীং বিশালাক্ষ্যৈ নমঃ' ইহাই বিশালাক্ষীদেবীর অষ্টাক্ষর মন্ত্র; এই মন্ত্র অষ্টবিধ সিদ্ধি প্রদান করে। এই মন্ত্রের ঋষি সদাশিব, পংক্তি ছন্দঃ, দেবতা বিশালাক্ষী, বীজ ওঁ, শক্তি হ্রীং; ইহা চতুর্বর্গ (ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ) লাভের জন্য প্রযুক্ত হইয়া থাকে।*

এইরূপে দেবীর অঙ্গ ও করন্যাস করিতে হয়, যথা—'ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ, ওঁ হ্রীং শিরসে স্বাহা, ওঁ হ্রূং শিখায়ৈ বষট্, ওঁ হ্রৈং কবচায় হুং, ওঁ হ্রৌং নেত্রত্রায় বৌষট্, ওঁ হ্রঃ করতল-পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। তৎপরে ওঁ হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ হ্রূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ হ্রৈং অনামিকাভ্যাং হুং, ওঁ হ্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ হ্রঃ করতল-পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

এইরূপে অঙ্গ ও করন্যাস করার পর মূলমন্ত্রে ব্যাপকন্যাস এবং দেবীর ধ্যান করিতে হইবে। ধ্যান যথা—

"ধ্যায়েদ্দেবীং বিশালাক্ষীং তপ্তজাম্বূনদপ্রভাম্।
দ্বিভুজামম্বিকাং চণ্ডীং খড়্গখেটকধারিণীম্॥
নানালঙ্কারসুভগাং রক্তাম্বরধরাং শুভাম্।
সদা ষোড়শবর্ষীয়াং প্রসন্নাস্যাং ত্রিলোচনাম্॥
মুণ্ডমালাবলীরম্যাং পীনোন্নতপয়োধরাম্।
শবোপরি মহাদেবীং জটামুকুটমণ্ডিতাম্॥
শত্রুক্ষয়করাং দেবীং সাধকাভীষ্টদায়িকাম্।
সর্ব্বসৌভাগ্যজননীং মহাসম্পৎপ্রদাং স্মরেৎ॥"

এইরূপে দেবীর ধ্যান, অর্ঘ্যস্থাপন ও পীঠদেবতা প্রভৃতির পূজা করিয়া পুনরায় ধ্যানপূর্ব্বক যথাশক্তি উপচার দ্বারা পূজা করিবে। সামান্য পূজা পদ্ধতির নিয়মানুসারে পূজা করিতে হয়। এই দেবীর মন্ত্রসিদ্ধি করিতে হইলে পুরশ্চরণ করিতে হয়, উক্ত মন্ত্র ৮ লক্ষ জপ করিলে পুরশ্চরণ হয়।*

বিশালাক্ষীদেবীর যন্ত্র—প্রথমে ত্রিকোণ এবং তাহার বাহ্যে অষ্টদলপদ্ম, বৃত্ত, চতুরস্র ও চতুর্দ্বার অঙ্কন করিয়া যন্ত্র নির্ম্মাণ করিবে। এই যন্ত্রে সর্ব্বসৌভাগ্যদাত্রী বিশালমুখী বিশালাক্ষী-দেবীকে যথাবিধানে আবাহন করিয়া পূজা করিবে। ত্রিকোণ মধ্যে মহাদেবীর অর্চ্চনা করিয়া ব্রাহ্মী প্রভৃতি অষ্টমাতৃকার পূজা করিতে হইবে। পরে 'ওঁ পদ্মজাক্ষ্যৈ নমঃ, ওঁ বিরূপাক্ষ্যৈ নমঃ, ওঁ বক্রাক্ষ্যৈ নমঃ, ওঁ সুলোচনায়ৈ নমঃ, ওঁ একনেত্রায়ৈ নমঃ, ওঁ দ্বিনেত্রায়ৈ নমঃ, ওঁ কোটরাক্ষ্যৈ নমঃ, ওঁ ত্রিলোচনায়ৈ নমঃ, এই সকল দেবতার পূজা করিয়া পত্রাগ্রে পশ্চিমাদিক্রমে অষ্ট-সিদ্ধিরূপিনী অষ্টযোগিনীর পূজা করিবে। চতুরস্রে ইন্দ্রাদি-লোকপালের অর্চ্চনা করিয়া তাহার বাহিরে বজ্রাদি অস্ত্রের পূজা করিবে। তৎপরে যথাশক্তি মূলমন্ত্র জপ করিয়া বিসর্জ্জনান্ত কর্ম্ম করিবে।

৪ চতুঃষষ্টি যোগিনীর অন্তর্গত যোগিনীবিশেষ। দুর্গাপূজার সময় ইহার পূজা করিতে হয়। (দুর্গোৎসব পদ্ধতি)

---

* ঋষিরস্য মহেশানি সদাশিবো মহাপ্রভুঃ।
পঙ্‌ক্তিছন্দশ্চ কথিতং বিশালাক্ষী চ দেবতা।
শক্তিঃ প্রণবমিত্যুক্তং লজ্জাবীজঞ্চ বীজকম্।
ধর্ম্মার্থকামমোক্ষেষু বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ॥
অঙ্গন্যাসকরন্যাসৌ যথাবদভিধীয়তে।
ষড়্‌দীর্ঘভাজা বীজেন প্রণবাদ্যেন কল্পয়েৎ॥
বাক্যন্তু 'ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ' ইত্যাদি।
মূলেন ব্যাপকং ন্যস্য ধ্যায়েদ্দেবীং পরাং শিবাং॥
(তন্ত্রসার বিশালাক্ষী প্র°)

* যন্ত্রমধ্যে সমাবাহ্য প্রতিষ্ঠাং কারয়েত্ততঃ
ত্রিকোণঞ্চাষ্টপত্রঞ্চ ততো বৃত্তং সমালিখেৎ॥
চতুরস্রং চতুর্দ্বারমেবং মণ্ডলমালিখেৎ।
তত্রাবাহ্য যজেদ্দেবীং সর্ব্বসৌভাগ্যসুন্দরীম্॥
বিশালাক্ষীং বিশালাস্যাং যথাবিধি প্রপূজয়েৎ।
ত্রিকোণান্তর্মহাদেবীং সম্পূজ্য মাতরঃ ক্রমাৎ॥
পদ্মজাক্ষী বিরূপাক্ষী রক্তাক্ষী চণ্ডলোচনা।
একনেত্রা দ্বিনেত্রা চ কোটরাক্ষী ত্রিলোচনা॥
এতাঃ পূজ্যা মহেশানি। পত্রাগ্রেষ্বষ্টযোগিনীঃ।
পশ্চিমাদিক্রমেনৈব অষ্টসিদ্ধিস্বরূপিণীঃ॥
চতুরস্রে মহাদেবি লোকপালান্ সমর্চ্চয়েৎ।
তদ্বহিশ্চৈব বজ্রাদ্যান্ পূজয়েদ্‌ভাগহেতবে।
যথাশক্তি ততো জপ্ত্বা পূর্ব্ববচ্চ সমাচরেৎ॥ (তন্ত্রসার)

বিশালিক (পুং) অনুকম্পিতো বিশালদত্তঃ বিশালদত্ত-টচ্ (পা ৫।৩।৮৪) বিশালদত্ত নামক অনুকম্পাযুক্ত কোন ব্যক্তি। এই অর্থে বিশালিয় ও বিশালিন পদ হয়।

বিশালী (স্ত্রী) অজমোদা। (রাজনি°)

বিশালীয় (ত্রি) বিশালসম্বন্ধীয়।

বিশিক্ষু (ত্রি) বি-শিক্ষ্-কু। বিশেষ প্রকারে শিক্ষাদাতা বা সাধনকর্ত্তা।

"বিশিক্ষুর্বিশেষেণ শিক্ষয়িতা সাধয়িতাসি" (ঋক্ ২।১।১০ সায়ণ)

বিশিখ (পুং) বিশিষ্টা শিখা যস্য। ১ শরতৃণ। (রাজনি°) ২ বাণ।

"সন্দধে বিশিখং ভূমেঃ ক্রুদ্ধস্ত্রিপুরহা যথা।" (ভাগবত ৪।১৭।১৬) ৩ তোমর। (মেদিনী) বিগতা শিখা যস্য। (ত্রি) ৪ শিখারহিত, বিচ্ছিন্নকেশ, মুণ্ডিতমুণ্ড। ধর্ম্মশাস্ত্রমতে শিখাশূন্য হইয়া কোন ধর্ম্মকর্ম্ম করিতে নাই।

"বিশিখোঽনুপবীতী চ কৃতং কর্ম্ম ন তৎ কৃতম্।" (স্মৃতি) ৫ চরকার টেকো। ৬ আতুরাগার, যে গৃহে রোগী থাকে।

বিশিখপুচ্ছা (স্ত্রী) শরপুঙ্খা। (ভাবপ্র°)

বিশিখা (স্ত্রী) ১ খনিত্রী, খোন্তা। ২ রথ্যা।

"বিশিখান্তরমাপতিপাত সপদি জবনৈঃ স বাজিভিঃ।" (মাঘ ১১।১৭)

৩ নালিকা। ৪ অপত্যমার্গ। ৫ কর্ম্মমার্গ। ৬ নাপিতের স্ত্রী, নাপ্তিনী।

বিশিপ (ক্লী) বিশন্ত্যত্রেতি বিশ-(বিটপ পিষ্টপ বিশিপোল পা। উণ্ ৩।১৪৫) ইতি কপ্রত্যয়েন নিপাতনাৎ সাধুঃ। মন্দির।

বিশিপ্রিয় (ত্রি) শিপ্রয়োঃ হন্বোর্নাসিকয়োর্বা কর্ম্ম। বি-শিপ্র-ঘ্ঞিয়। যাহাতে হনু বা নাসিকার ক্রিয়া নাই, হনু বা নাসিকাচালন ক্রিয়াবিহীন কর্ম্ম। "বিশিপ্রিয়াণাং শিপ্রে হনূ নাসিকে বা, ইহ তু হনূ, শিপ্রয়োর্হন্বোঃ কর্ম্ম শিপ্রিয়ং হনূচলনং বিগতং শিপ্রিয়ং যেষু গ্রহেষু তে বিশিপ্রিয়া সম্যগভিযুতাঃ সুপূতাশ্চ তত্র হি হন্বোর্ব্যাপারোনাস্তি সুপেয়ত্বাৎ।"

(শুক্লযজু° ৯।৪ মহীধর)

বিশিরস্ (ত্রি) ১ মস্তকহীন। ২ চূড়াবিহীন। ৩ মূর্খ, বিদ্যা-বুদ্ধিশূন্য।

বিশিরস্ক (ত্রি) বিগতং শিরো যস্য সমাসে কপ্। শিরোহীন, মস্তকরহিত।

৪ মেরুর নিকটবর্ত্তী পর্ব্বতভেদ। (লিঙ্গপু° ৪৯।৪৬)

বিশিশাসিষু (ত্রি) হননোদ্যত, মারিতে ইচ্ছুক। 'শাসেন হস্ত-গত খড়্গেন স বিশিশাসিষুরস্থাৎ বিশসনং কর্ত্তুমিচ্ছুরবস্থিতবান্" (ঐতরেয় ব্রা° ৭।১৭ ভাষ্য)

বিশিশিপ্র (পুং) ১ বিগত হনু। ২ দৈত্যবিশেষ।

"বিশিশিপ্রং বিগতহনুং শত্রুং জিগায় জিতবান্। যদ্বা মনুঃ সর্ব্বস্য মন্ত্রেন্দ্রো বিশিশিপ্রো বৃত্রঃ।" (ঋক্ ৫।৪৫।৬ সায়ণ)

বিশিশ্ন্য (ত্রি) শিশ্নবিরহিত।

বিশিশ্রমিষু (ত্রি) ১ কোন পদার্থের উপর বিশেষরূপে লক্ষ্য রাখা। ২ বিশ্রাম করিতে ইচ্ছুক।

বিশিষ্ট (ত্রি) বি-শিষ-ক্ত, বা শাস্-ক্ত। ১ যুক্ত, মিলিত। ২ বিলক্ষণ। ৩ ভিন্ন। ৪ অতিশিষ্ট। ৫ খ্যাত। ৬ যশস্বী। ৭ সিদ্ধ। বিশেষণশিষ্ট। ৮ বিশেষরূপে শিষ্ট।

"সমৈশ্চ সমতাং যাতি বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাম্।" (হিতোপদেশ) (পুং) ৯ বিষ্ণু। (বিষ্ণুর সহস্রনামান্তর্গত)

বিশিষ্টচারিত্র (পুং) বোধিসত্ত্বভেদ।

বিশিষ্টচারিন্ (পুং) বোধিসত্ত্বভেদ।

বিশিষ্টতা (স্ত্রী) বিশিষ্টস্য ভাবঃ তল্-টাপ্। বিশিষ্টের ভাব বা ধর্ম্ম, বিশিষ্টত্ব, বিশেষভাব।

বিশিষ্টবয়স্ (ত্রি) পূর্ণবয়স্ক। (দিব্যা° ২৩৬।৪)

বিশিষ্টাদ্বৈতবাদ (পুং) বিশিষ্টরূপ অদ্বৈতবাদ। দ্বৈতবাদ, অদ্বৈতবাদ এবং বিশিষ্টাদ্বৈতবাদ এই তিনটী মত দেখিতে পাওয়া যায়। প্রকৃতি ও পুরুষ ভিন্ন হইলেও উভয় মিলনরূপ যে ব্রহ্মবাদ। "পুরুষস্তদতিরিক্তা প্রকৃতিঃ কিন্তূভয়মিলিতং ব্রহ্ম চণকদ্বিদলবৎ, ইত্থং ব্রহ্মণঃ একত্বং ব্যবস্থিতম্" (মাধবভাষ্য) পুরুষ এবং তদ্ভিন্না প্রকৃতি, কিন্তু উভয় মিলিত হইয়া ব্রহ্ম যেমন চণক অর্থাৎ ছোলা, চণকের মধ্যে দ্বিদল যেমন ভিন্ন, মিলিত হইয়া চণক, সেইরূপ প্রকৃতি ও পুরুষ পরস্পর ভিন্ন, কিন্তু মিলিত হইয়া ব্রহ্ম।

এইস্থলে বিশিষ্টাদ্বৈতবাদের বিষয় সংক্ষেপে আলোচনা করিয়া দেখা যাউক। বৈদান্তিক আচার্য্যগণ সাধারণতঃ অদ্বৈত-বাদী হইলেও তাহাদের মধ্যে প্রকারান্তরে দ্বৈতবাদের নিতান্ত অসদ্ভাব দেখা যায় না। বৈষ্ণব আচার্য্যগণ প্রায় সকলই বিশিষ্টাদ্বৈতবাদী। তাঁহাদের মত এই যে, ব্রহ্ম সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিযুক্ত এবং নিখিল কল্যাণগুণের আশ্রয়। জীবাত্মা-সকল ব্রহ্মের অংশ পরস্পর ভিন্ন এবং ব্রহ্মের দাস। জগৎ ব্রহ্মের শক্তির বিকাশ বা পরিণাম, সুতরাং সত্য। সর্ব্বজ্ঞত্বাদি-গুণবিশিষ্ট ব্রহ্ম, সত্যত্বাদিগুণবিশিষ্ট জগৎ এবং কিঞ্চিজ্ঞত্ব ও ধর্ম্মাধর্ম্মাদিগুণবিশিষ্ট জীবাত্মা অভিন্ন, অর্থাৎ জীবাত্মা ও জগৎ ব্রহ্ম হইতে ভিন্ন হইয়াও ভিন্ন নহে। জীব ও ব্রহ্মের স্বরূপ অভিন্ন নহে, পরন্তু আদিত্যের প্রভার ন্যায় জীব ব্রহ্ম হইতে ভিন্ন নহে, ব্রহ্ম কিন্তু জীব হইতে অধিক। যেমন প্রভা হইতে আদিত্য অধিক, সেইরূপ জীব হইতে ঈশ্বর অধিক। ঈশ্বর

সর্ব্বশক্তিমান্, সমস্ত কল্যাণগুণের আকর, ধর্ম্মাধর্ম্মাদিশূন্য ; জীব তাহার বিপরীত।

ভেদাভেদবাদ, দ্বৈতাদ্বৈতবাদ এবং অনেকান্তবাদ বিশিষ্টাদ্বৈতবাদের নামান্তর মাত্র। এই মতের স্থূল তাৎপর্য্য এই যে, ব্রহ্ম একও বটেন এবং অনেকও বটেন। বৃক্ষ যেরূপ অনেক শাখাযুক্ত, ব্রহ্মও সেইরূপ অনেক শক্তিজন্য নানাবিধ কার্য্য সৃষ্টিযুক্ত। সুতরাং ব্রহ্মের একত্ব ও নানাত্ব উভয়ই সত্য। বৃক্ষ যেরূপ বৃক্ষরূপে এক, শাখারূপে নানা, সমুদ্র যেরূপ সমুদ্ররূপে এক, ফেনতরঙ্গাদিরূপে নানা, মৃত্তিকা যেরূপ মৃত্তিকারূপে এক, ঘট শরাবাদিরূপে নানা, ব্রহ্মও সেইরূপ ব্রহ্মস্বরূপ এক, এবং জগদ্রূপে নানা। জীব ব্রহ্ম হইতে অত্যন্ত ভিন্ন হইলেও ব্রহ্মভাব হইতে পারে না। উপনিষৎসমূহে কিন্তু জীবের ব্রহ্মভাব কথিত হইয়াছে। পক্ষান্তরে জীবও ব্রহ্মের অত্যন্ত অভেদ হইলে লৌকিক ও শাস্ত্রীয় সমস্ত ব্যবহার বিলুপ্ত হয়। কেননা সমস্ত ব্যবহারই ভেদসাপেক্ষ। লৌকিক প্রত্যক্ষাদি ব্যবহার, জ্ঞাতা, জ্ঞেয় এবং জ্ঞানসাধন ভিন্ন হইতে পারে না। ধর্ম্মানুষ্ঠানরূপ শাস্ত্রীয় ব্যবহার ও স্বর্গাদিফল, কর্ম্ম, কর্ত্তা, কর্ম্মসাধন এবং কর্ম্মে অর্চ্চনীয় দেবতা এই সকল ভেদ অপেক্ষা করে। ভেদবুদ্ধিভিন্ন এ সকল ব্যবহার হইতে পারে না। অথচ এসকল ব্যবহারেরও অপলাপ করা যাইতে পারে না। অতএব জীব, জগৎ ও ব্রহ্ম অত্যন্ত ভিন্নও নহে, অত্যন্ত অভিন্নও নহে, কথঞ্চিৎ ভিন্ন এবং কথঞ্চিদ্ অভিন্ন। সুতরাং ব্রহ্ম এক এবং অনেক। তন্মধ্যে যখন একত্বাংশ জ্ঞান হয়, তখন মোক্ষ ব্যবহার এবং ভেদাংশ জ্ঞান হইলে লৌকিক ও বৈদিক ব্যবহার সিদ্ধ হইয়া থাকে।

শৈবাচার্য্য এবং অদ্বৈতবাদিগণ বলেন, এই যে বিশিষ্টাদ্বৈতমত অভিহিত হইল, ইহা নিতান্ত অসঙ্গত। কারণ বস্তুদ্বয় এককালে পরস্পর ভিন্ন ও অভিন্ন হইতে পারে না। কেননা ভেদ ও অভেদ পরস্পর বিরোধী। অভেদ কিনা ভেদের অভাব, ভেদ ও ভেদের অভাব এককালে এক বস্তুতে থাকা অসম্ভব। অথচ কার্য্য কারণ যদি অভিন্ন হয়, তাহা হইলে জগৎ ব্রহ্মের অভিন্ন হইতে পারে। কিন্তু কার্য্য ও কারণ অভিন্ন হইলে যেমন মৃত্তিকারূপে ঘট শরাবাদির এবং সুবর্ণরূপে কুণ্ডল-মুকুটাদির একত্ব বলা হয়, সেইরূপ ঘট শরাবাদি ও কুণ্ডল-মুকুটাদিরূপেও একত্ব বলা হয় না কেন ? অর্থাৎ ঘট শরাবাদি ও কুণ্ডল মুকুটাদিরূপে যেমন নানাত্ব বলা হয়, সেইরূপ ঐ রূপেই একত্বও বলা হয় না কেন ? কারণ মৃত্তিকা ও ঘট-শরাবাদি এবং সুবর্ণ ও কুণ্ডল মুকুটাদি অভিন্ন হইলে মৃত্তিকা সুবর্ণাদির ধর্ম্ম একত্ব ঘটশরাবাদি ও কুণ্ডল মুকুটাদিতে এবং ঘটশরাবাদি ও কুণ্ডল মুকুটাদির ধর্ম্ম—নানাত্ব মৃৎসুবর্ণাদিতে অবশ্যই আছে, ইহা অস্বীকার করিবার উপায় নাই। কেননা কার্য্য ও কারণ যখন এক বস্তু, তখন একত্ব ও নানাত্বধর্ম্মও অবশ্য কার্য্য ও কারণগত হইবে। এই স্বতঃসিদ্ধ বিষয়ে অধিক বলা অনাবশ্যক।

কোন কোন আচার্য্য এই দোষ পরিহারের জন্য অন্যরূপ সিদ্ধান্ত করিয়াছেন। তাঁহারা বলেন, ভেদ ও অভেদ অবস্থাভেদে অবস্থিত। অর্থাৎ অবস্থাভেদে একত্ব ও নানাত্ব উভয়ই সত্য। সংসারাবস্থায় নানাত্ব এবং মোক্ষাবস্থায় একত্ব। অর্থাৎ সংসারাবস্থায় জীব ও ব্রহ্ম ভিন্ন এবং লৌকিক ও শাস্ত্রীয় ব্যবহার সত্য। মোক্ষাবস্থায় জীব ও ব্রহ্ম অভিন্ন এবং তখন লৌকিক ও শাস্ত্রীয় সকল ব্যবহার নিবৃত্ত হয়। তাহাদের এই সিদ্ধান্তও সঙ্গত হয় না, কারণ ব্রহ্মাত্মভাববোধক শ্রুতিতে অবস্থাবিশেষের উল্লেখ নাই। জীবের অসংসারি ব্রহ্মাভেদ সদাতন অর্থাৎ সর্ব্বদা বিদ্যমান, ইহাই শ্রুতি দ্বারা অবগত হওয়া যায়। শ্রুতিতে উহা সিদ্ধের ন্যায় নির্দ্দিষ্ট হইয়াছে। শ্রুতিবাক্যের অবস্থাবিশেষ অভিপ্রায় কল্পনা করা নিষ্প্রমাণ। 'তত্ত্বমসি' এই শ্রুতিবোধিত জীবের ব্রহ্মভাব কোনরূপ প্রযত্ন বা চেষ্টাসাধ্যরূপে নির্দ্দিষ্ট হয় নাই। 'অসি' এই পদ দ্বারা স্বতঃসিদ্ধ অর্থের প্রজ্ঞাপন করা হইয়াছে মাত্র।

অতএব যাঁহারা বলেন, জীবের ব্রহ্মভাব জ্ঞান-কর্ম্মসমুচ্চয়সাধ্য, তাঁহাদের সিদ্ধান্তও সঙ্গত নহে। কারণ ছান্দোগ্য উপনিষদে উক্ত হইয়াছে যে, কোন ব্যক্তি তস্করসন্দেহে রাজপুরুষ কর্ত্তৃক ধৃত হইলে এবং ধৃতব্যক্তি তাস্কর্য্যদোষ স্বীকার না করিলে যথাশাস্ত্র তপ্তপরশু দ্বারা তাহার পরীক্ষা করা হয়। ধৃতব্যক্তি বস্তুগত্যা তস্কর হইলে তপ্তপরশু দ্বারা দগ্ধ ; সুতরাং রাজপুরুষ কর্ত্তৃক বদ্ধ হয়। কেননা সে অনৃতাভিসন্ধ মিথ্যা অর্থাৎ কথা বলিয়াছে। সে বাস্তবিক তস্কর হইয়াও বলিয়াছে যে, আমি তস্কর নহি। এই অনৃতাভিসন্ধিই তাহার বন্ধনের হেতু।

পক্ষান্তরে ধৃতব্যক্তি বস্তুতঃ তস্কর না হইলে সে তপ্ত পরশুদ্বারা দগ্ধ হয় না, সুতরাং রাজপুরুষ কর্ত্তৃক মুক্ত হয়। কেননা সে সত্যাভিসন্ধ, অর্থাৎ সে সত্য কথা বলিয়াছে, এই সত্যাভিসন্ধিই তাহার মুক্তির কারণ। সেইরূপ নানাত্মদর্শী অনৃতাভিসন্ধ বলিয়া বদ্ধ এবং একত্বদর্শী সত্যাভিসন্ধ বলিয়া মুক্ত হয়। এতদ্দ্বারা স্পষ্ট বুঝা যাইতেছে যে, একত্ব সত্য, নানাত্ব মিথ্যা। কেননা একত্ব এবং নানাত্ব উভয় সত্য হইলে নানাত্বদর্শী অনৃতাভিসন্ধ হইতে পারে না।

আরও বিবেচ্য এই যে, একত্ব ও নানাত্ব উভয় সত্য হইলে একত্ব জ্ঞান দ্বারা নানাত্ব নিবর্ত্তিত হইতে পারে না। কারণ

যথার্থ জ্ঞান অযথার্থ জ্ঞানের এবং তৎকার্য্যের নিবর্ত্তক হইতে পারে, যথার্থ বা সত্য বস্তুর নিবর্ত্তক হইতে পারে না। রজ্জু-জ্ঞান পরিকল্পিত সর্পের নিবর্ত্তক হয়, সুবর্ণ-জ্ঞান কুণ্ডলাদির নিবর্ত্তক হয় না। একত্ব জ্ঞান দ্বারা নানাত্ব নিবর্ত্তিত না হইলে মোক্ষাবস্থাতেও বন্ধনাবস্থার ন্যায় নানাত্ব থাকিবে। সুতরাং মুক্তিই হইতে পারে না।

বৈষ্ণবাচার্য্যগণ যেরূপ বিশিষ্টাদ্বৈতবাদী, তদ্রূপ শৈবাচার্য্যগণ আবার বিশিষ্ট শিবাদ্বৈতবাদী; তাঁহাদের মত এই যে,চিৎ ও অচিৎ অর্থাৎ জীব ও জড়রূপ প্রপঞ্চবিশিষ্ট আত্মা শিব অদ্বিতীয়। তিনিই কারণ, আর তিনিই কার্য্য, ইহারই নাম বিশিষ্ট শিবাদ্বৈত। চিদচিদ্ সমস্ত প্রপঞ্চই শিবনামক ব্রহ্মের শরীর। তিনি জীবের ন্যায় শরীরী হইলেও জীবের ন্যায় দুঃখভোক্তা নহেন। অনিষ্টভোগের প্রতি শরীরসম্বন্ধ কারণ নহে। অর্থাৎ শরীরী হইলেই যে অনিষ্ট ভোগ করিতে হইবে, ইহার কোন কারণ নাই, পরাধীনতা অনিষ্ট ভোগের কারণ। রাজপুরুষ রাজপরাধীন, তাহারা রাজার আজ্ঞার অনুবর্ত্তন না করিলে অনিষ্ট ফল ভোগ করে। রাজা পরাধীন নহে, স্বাধীন। তিনি শরীরী হইলেও নিজের আজ্ঞার অনুবর্ত্তন জন্য অনিষ্ট ভোগ করেন না। জীব ঈশ্বরপরবশ। ঈশ্বরের আজ্ঞার অনুবর্ত্তন না করিলে তাহাদিগকে অনিষ্ট ভোগ করিতে হয়। ঈশ্বর স্বাধীন, এই জন্য তাহার অনিষ্ট ভোগ নাই। শরীর ও শরীরীর ন্যায় গুণ ও গুণীর ন্যায় বিশিষ্টাদ্বৈতবাদ শৈবাচার্য্যদিগের অনুমত।

মৃত্তিকা ও ঘটের ন্যায়, কার্য্যকারণরূপে এবং গুণ ও গুণীর ন্যায় বিশেষণ বিশেষ্যরূপে বিনাভাবরাহিত্যই প্রপঞ্চ ও ব্রহ্মের অনন্তত্ব। যেমন উপাদান কারণ ব্যতিরেকে কার্য্যের ভাব অর্থাৎ সত্তা থাকে না,মৃত্তিকা ব্যতিরেকে ঘট থাকে না, সুবর্ণ ব্যতিরেকে কুণ্ডল থাকে না, গুণী ব্যতিরেকে গুণ থাকে না, সেইরূপ ব্রহ্ম ব্যতিরেকে প্রপঞ্চ শক্তি থাকে না। ঔষ্ণ্য ব্যতিরেকে যেমন বহ্নি জানিবার উপায় নাই, সেইরূপ শক্তি ব্যতিরেকে ব্রহ্মকে জানা যাইতে পারে না। যাহা ভিন্ন যাহাকে জানা যায় না,সে তদ্বিশিষ্ট। গুণ ভিন্ন গুণীকে জানা যায় না, সুতরাং গুণী গুণবিশিষ্ট। প্রপঞ্চ শক্তি ভিন্ন ব্রহ্মকে জানা যায় না, এই জন্য ব্রহ্ম প্রপঞ্চশক্তিবিশিষ্ট। ইহা তাঁহার স্বভাব। প্রপঞ্চ ও ব্রহ্মের ভেদ স্বাভাবিক। দেবতা এবং যোগিগণ যেমন কারণান্তরনিরপেক্ষ হইয়াও অচিন্ত্য শক্তিপ্রভাবে নানারূপ সৃষ্টি করিতে পারেন, ব্রহ্মও সেইরূপ অচিন্ত্য শক্তি প্রভাবে নানারূপে পরিণত হইতে পারেন। নানারূপে পরিণত হইলেও তাঁহার একত্ব বিলুপ্ত বা বিকারিত্ব হয় না। অচিন্ত্য অনন্ত বিচিত্র শক্তি ব্রহ্মে অবস্থিত। সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরের কিছুই অসাধ্য এবং অসম্ভব হয় না। অতএব ইহা সম্ভব; ইহা অসম্ভব এইরূপ বিচার পরমেশ্বর বিষয়ে হইতেই পারে না। লৌকিক প্রমাণদ্বারা যে সকল বস্তু অবগত হওয়া যায়, পরমেশ্বর তৎসমস্ত হইতে বিজাতীয়। তিনি কেবল মাত্র শাস্ত্রগম্য। শাস্ত্রে তিনি যেরূপ উপদিষ্ট হইয়াছেন, তিনি যে সেইরূপ, এ বিষয়ে সন্দেহ হইতে পারে না। লৌকিক দৃষ্টান্তানুসারে তদ্বিষয়ে বিরোধাশঙ্কা কর্ত্তব্য নহে। কেননা তিনি লোকাতীত বা অলৌকিক।

অলৌকিক পরমেশ্বরের বিষয়ে লৌকিক দৃষ্টান্তের কিছুমাত্র কার্য্যকারিতা থাকিতে পারে না। ইহা অনায়াসেই বুঝিতে পারা যায়। পরমেশ্বরের মায়াশক্তি অচিন্ত্য অনন্ত বিচিত্রশক্তিযুক্ত। তথাবিধ শক্তিযুক্ত মায়াশক্তিবিশিষ্ট পরমেশ্বর নিজ শক্তির অংশদ্বারা প্রপঞ্চাকারে পরিণত এবং স্বতঃ বা স্বয়ং প্রপঞ্চাতীত।

ব্রহ্ম প্রপঞ্চাকারে পরিণত হন, এ বিষয়ে জিজ্ঞাস্য হইতে পারে যে, কৃৎস্ন অর্থাৎ সমস্ত ব্রহ্ম প্রপঞ্চাকারে পরিণত হন, কি ব্রহ্মের একদেশ বা একাংশ প্রপঞ্চাকারে পরিণত হয়। ইহার উত্তরে যদি বলা হয় যে, কৃৎস্ন ব্রহ্ম জগদাকারে অর্থাৎ কার্য্যাকারে পরিণত হন, তাহা হইলে মূলোচ্ছেদ হইয়া পড়ে। এবং ব্রহ্মের দ্রষ্টব্যত্ব উপদেশ ও তাহার উপায়রূপে শ্রবণ মননাদি ও শমদমাদির উপদেশ অনর্থক হয়। কেননা কৃতঘ্ন পরিণাম পক্ষে কার্য্যাতিরিক্ত ব্রহ্ম নাই। কার্য্য অযত্নদৃষ্ট, তাহার দর্শনের উপদেশ অনাবশ্যক। তজ্জন্য শ্রবণমননাদি বা শমদমাদিও অনাবশ্যক। বরং সমস্ত কার্য্য দেখিবার জন্য পদার্থতত্ত্বের আলোচনা এবং দেশ ভ্রমণাদি কর্ত্তব্য হইতে পারে। সাধনসম্পত্তি প্রত্যুত ইহার বিরোধী হইয়া থাকে। ব্রহ্ম যদি মৃদাদির ন্যায় সাবয়ব হইতেন, তবে তাঁহার একদেশ কার্য্যাকারে পরিণত এবং একদেশ যথাবদবস্থিত,এরূপ কল্পনা করা যাইতে পারিত। তাহা হইলে দ্রব্যত্বাদিরও উপদেশ সার্থক হইত। কেননা কার্য্যাকারে পরিণত ব্রহ্মাংশ অযত্নদৃষ্ট হইলেও অপরিণত ব্রহ্মাংশ অযত্নদৃষ্ট নহে। ব্রহ্মের কিন্তু অবয়ব স্বীকার করা যায় না, কারণ ব্রহ্ম নিরবয়ব ইহা শ্রুতিসিদ্ধি। ব্রহ্মের অবয়ব স্বীকার করিলে ঐ শ্রুতির বিরোধ উপস্থিত হয়।

ইহার উত্তরে শৈবাচার্য্যগণ বলিয়াছেন, ব্রহ্ম শাস্ত্রৈকসমধিগম্য, প্রমাণান্তরগম্য নহে। শাস্ত্রে ব্রহ্মের কার্য্যাকারে পরিণাম, নিরবয়বত্ব এবং কার্য্যব্যতিরেকে ব্রহ্মের অবস্থান, এ সমস্তই শ্রুত হইয়াছে। সুতরাং উক্ত আপত্তি উঠিতেই পারে না।

এই বিশিষ্টাদ্বৈতবাদীদিগের মত সংক্ষেপে অভিহিত হইল, কিন্তু ভগবান্ শঙ্করাচার্য্য এই বিশিষ্টাদ্বৈতবাদ স্বীকার করেন না,

তিনি নির্ব্বিশেষাদ্বৈতবাদী। তিনি অশেষপ্রকারে নানাপ্রকার শ্রুতি প্রভৃতি প্রমাণ দিয়া এই মত খণ্ডবিখণ্ড করিয়া তাহার নিজমত সংস্থাপন করিয়াছেন।

অতিসংক্ষেপে তাঁহার মত অভিহিত হইতেছে। তিনি বলেন, পরিণামবাদ কোন মতেই সঙ্গত হইতে পারে না। কারণ কার্য্যাকারে পরিণাম এবং অপরিণত ব্রহ্মের অবস্থান এ উভয় পরস্পরবিরুদ্ধ। এক সময়ে এক বস্তুর পরিণাম ও অপরিণাম হইতে পারে না। তদ্রূপ সাবয়বত্ব ও নিরবয়বত্ব পরস্পরবিরুদ্ধ। একপক্ষ এক সময়ে সাবয়ব ও নিরবয়ব হইবে, ইহা একান্ত অসম্ভব। অসম্ভব ও বিরুদ্ধ অর্থ প্রতিপাদন করিতে শ্রুতিও পারে না। যোগ্যতা শাব্দবোধের অন্যতম কারণ। সুতরাং শব্দ অযোগ্য অর্থ প্রতিপাদন করিতে অক্ষম। "গ্রাবাণঃ প্লবন্তে বনস্পতয়ঃ সত্রমাসত" প্রস্তর জলে ভাসিতেছে, বৃক্ষেরা যজ্ঞ করিয়াছিল, ইত্যাদি অসম্ভাবিত অর্থের বোধক অর্থবাদবাক্যের যেমন যথাশ্রুত অর্থে তাৎপর্য্য নাই, অর্থান্তরে তাৎপর্য্য, সেইরূপ পরিণামবোধক বাক্যেরও অর্থ-বিশেষে তাৎপর্য্য বলিতে হইবে।

ব্রহ্ম একাংশে পরিণত এবং অংশান্তরে পরিণত, এ কল্পনাও সমীচীন নহে। এখন জিজ্ঞাস্য হইতে পারে যে, কার্য্যাকারে পরিণত ব্রহ্মাংশ ব্রহ্ম হইতে ভিন্ন কি অভিন্ন? যদি ভিন্ন হয়, তবে ব্রহ্মের কার্য্যাকারে পরিণতি হইল না। কেননা কার্য্যাকারে পরিণত ব্রহ্মাংশ ব্রহ্ম নহে, ব্রহ্ম হইতে ভিন্ন। অন্যের পরিণামে অন্যের পরিণাম বলা যাইতে পারে না। মৃত্তিকার পরিণামে সুবর্ণের পরিণাম হয় না। পক্ষান্তরে কার্য্যাকারে পরিণত ব্রহ্মাংশ যদি ব্রহ্ম হইতে ভিন্ন না হয় অর্থাৎ অভিন্ন হয়, তাহা হইলে মূলোচ্ছেদের আপত্তি উপস্থিত হয়। পরিণত অংশ ব্রহ্মের অভিন্ন হইলে পরিণত অংশ এবং ব্রহ্ম একবস্তু হইতেছে। সুতরাং সম্পূর্ণ ব্রহ্মের পরিণাম অস্বীকার করিতে পারা যায় না। যদি বলা হয় যে, পরিণত ব্রহ্মাংশ ব্রহ্মের ভিন্নাভিন্ন অর্থাৎ ব্রহ্ম হইতে ভিন্নও বটে অভিন্নও বটে। পরিণত ব্রহ্মাংশ কারণরূপে ব্রহ্মের অভিন্ন এবং কার্য্যরূপে ব্রহ্ম হইতে ভিন্ন। দৃষ্টান্তস্থলে বলিতে পারা যায় যে, কটকমুকুটাদি সুবর্ণরূপে অভিন্ন এবং কটকমুকুটাদিরূপে ভিন্ন। এ সম্বন্ধেও পূর্ব্বে বলা হইয়াছে।

ভেদ ও অভেদ পরস্পর বিরুদ্ধপদার্থ। উহা এক সময়ে একবস্তুতে থাকিতে পারে না। কার্য্যাকারে পরিণত অংশ হয়, ব্রহ্ম হইতে ভিন্ন হইবে, না হয় অভিন্ন হইবে। ভিন্নও হইবে, অভিন্নও হইবে, ইহা হইতে পারে না। আরও বিবেচ্য এই যে, ব্রহ্ম স্বভাবতঃ অমৃত, তিনি পরিণামক্রমে মর্ত্ত্যতা প্রাপ্ত হইবেন, ইহা হইতে পারে না। পক্ষান্তরে মর্ত্ত্যজীব অমৃত ব্রহ্ম হইবে, ইহাও হইতে পারে না। অমৃত মর্ত্ত্য হয় না, মর্ত্ত্যও অমৃত হয় না। কোন মতে স্বভাবের অন্যথা হইতে পারে না। যাঁহারা বলেন যে, শাস্ত্রানুসারে কর্ম্ম ও জ্ঞান এই উভয়ের অনুষ্ঠান দ্বারা মর্ত্ত্যজীবের অমৃতত্ব হইবে, তাঁহাদের মতও অসঙ্গত। কেননা স্বভাবতঃ অমৃত ব্রহ্মেরও যদি মর্ত্ত্যতা হয়, তবে মর্ত্ত্যজীবের কর্ম্মজ্ঞান সমুচ্চয়সাধ্য অমৃতভাব অর্থাৎ মোক্ষাবস্থা স্থায়ী হইবে ইহা দুরাশামাত্র।

ভগবান্ শঙ্করাচার্য্য ইত্যাদিরূপে দ্বৈতবাদ বিশিষ্টাদ্বৈতবাদ প্রভৃতি নিরাকরণ করিয়া ব্রহ্মবিবর্ত্তবাদ স্থাপন করিয়াছেন। তাঁহার মতে ব্রহ্ম শুদ্ধ বা নির্ব্বিশেষ, প্রপঞ্চ সত্য নহে, রজ্জু-সর্পাদির ন্যায় মিথ্যা। সুতরাং ব্রহ্মে কোন বিশেষ বা ধর্ম্ম নাই। নির্ব্বিশেষ ব্রহ্ম অদ্বিতীয়। প্রপঞ্চ যখন মিথ্যা ব্রহ্মের অতিরিক্ত বস্তু, সুতরাং সত্য নহে, তখন ব্রহ্ম অদ্বিতীয় ইহা অনায়াসবোধ্য। জীব ব্রহ্ম—ভিন্ন নহে। উক্ত হইয়াছে যে—

"শ্লোকার্দ্ধেন প্রবক্ষ্যামি যদুক্তং গ্রন্থকোটিভিঃ।
ব্রহ্মসত্যং জগন্মিথ্যা জীবো ব্রহ্মৈব কেবলম্॥"

কোটিগ্রন্থে যাহা উক্ত হইয়াছে, আমি শ্লোকার্দ্ধ দ্বারা তাহা বলিব। তাহা এই,—ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা, জীব ব্রহ্মই। এই শুদ্ধাদ্বৈতবাদ বা নির্ব্বিশেষাদ্বৈতবাদ ভগবান্ শঙ্করাচার্য্যের অভিমত।

শ্রুতিতে লিখিত আছে যে—"সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" (শ্রুতি) এই জগৎ সৃষ্টির পূর্ব্বে সন্মাত্র ছিল, নাম ও রূপ ছিল না, সমস্ত একমাত্র এবং অদ্বিতীয়। একং, এব, অদ্বিতীয়ং এই তিনটী পদদ্বারা সদ্বস্তুতে ভেদত্রয় নিবারিত হইয়াছে। অনাত্মা বা জগতে তিন প্রকার ভেদ দেখিতে পাওয়া যায়, স্বগতভেদ, সজাতীয়ভেদ ও বিজাতীয়ভেদ। অবয়বের সহিত অবয়বীর ভেদ, স্বগতভেদ; পত্র, পুষ্প ও ফলাদির সহিত বৃক্ষের যে ভেদ তাহাকেও স্বগতভেদ বলা যায়। এখানে ধরিয়া লওয়া হইল যে, পুষ্প ও ফলাদিও বৃক্ষের অবয়ববিশেষ। এক বৃক্ষের অপর বৃক্ষ হইতে ভেদ অবশ্য আছে। এই ভেদের নাম সজাতীয়ভেদ। কেননা ঐ ভেদের প্রতিযোগী ও অনুযোগী উভয়ই বৃক্ষজাতীয়। শিলাদি হইতে বৃক্ষের ভেদ বিজাতীয়ভেদ।

অনাত্ম বস্তুর ন্যায় আত্মবস্তুতেও এই ভেদত্রয়ের আশঙ্কা হইতে পারে, এই আশঙ্কা নিবারণের জন্য 'একমেবাদ্বিতীয়ং' বলা হইয়াছে। 'একং' এই পদদ্বারা স্বগতভেদ, 'এব' এই পদ দ্বারা সজাতীয়ভেদ এবং 'অদ্বিতীয়ং' এই পদদ্বারা বিজাতীয়ভেদ নিরাকৃত হইয়াছে।

যাহা এক অর্থাৎ নিরংশ বা নিরবয়ব, তাহার স্বগতভেদ হইতে পারে না। কেননা অংশ বা অবয়ব দ্বারাই স্বগতভেদ

হইয়া থাকে। সদ্বস্তুর অবয়ব নাই, কারণ যাহা সাবয়ব অবশ্য তাহার উৎপত্তি থাকিবে। অবয়ব সকলের পরস্পর সংযোগ বা সন্নিবেশের পূর্ব্বে সাবয়ব বস্তুর অস্তিত্ব থাকিতে পারে না। অবয়ব সংযোগের পূর্ব্বে সাবয়ব বস্তুর উৎপত্তি হয়, ইহা বলিতে হইবে। সুতরাং সাবয়ব বস্তুর উৎপত্তি আছে, যাহার উৎপত্তি আছে সে জগতের আদিকারণ হইতে পারে না। কেননা তাহার উৎপত্তি কারণান্তর সাপেক্ষ। সিদ্ধ হইল যে আদিকারণ বা সদ্বস্তুর অবয়ব নাই। যাহার অবয়ব নাই তাহার স্বগত-ভেদ অসম্ভব।

নাম ও রূপও সদ্বস্তুর অবয়বরূপে কল্পিত হইতে পারে না। নাম কিনা ঘটশরাবাদি সংজ্ঞা, রূপ কিনা ঘটশরাবাদির আকার, নাম ও রূপের উদ্ভবের নাম সৃষ্টি। সৃষ্টির পূর্ব্বে নাম ও রূপের উদ্ভব হয় নাই। অতএব নাম ও রূপকে অংশরূপে কল্পনা করিয়া তদ্দ্বারাও সদ্বস্তুর স্বগতভেদ সমর্থন করিতে পারা যায় না।

সদ্বস্তুর সজাতীয়ভেদও অসম্ভব, কেননা সদ্বস্তুর সজাতীয় বস্তু সৎস্বরূপ হইবে। সৎপদার্থ একমাত্র, কারণ সৎ, সৎ, এইরূপ এক আকারে প্রতীয়মান বস্তু একই হইবে, নানা হইতে পারে না। দুইটী সৎপদার্থ মানিতে হইলে তাহাদের পরস্পর বৈলক্ষণ্য মানিতে হয়। সৎপদার্থের স্বাভাবিক বৈলক্ষণ্য নাই। অতএব অন্য সৎপদার্থের কল্পনার কোন প্রমাণ নাই। সৎপদার্থ একমাত্র হইলে সুতরাং অপর সৎপদার্থ না থাকিলে সৎপদার্থের সজাতীয়ভেদ থাকা একান্ত অসম্ভব।

স্বগতভেদ এবং সজাতীয়ভেদের ন্যায় সৎপদার্থের বিজাতীয়-ভেদও বলা যাইতে পারে না। যেহেতু যাহা সতের বিজাতীয়, তাহা সৎ নহে অসৎ, যাহা অসৎ, তাহার অস্তিত্ব নাই, তাহা ভেদের প্রতিযোগী হইতে পারে না। যাহা বিদ্যমান, তাহা অপর বস্তু হইতে ভিন্ন, এবং অপর বস্তু তাহা হইতে ভিন্ন হইতে পারে। যাহার অস্তিত্ব নাই, তাহা কিছুই নহে। সে ভেদের প্রতিযোগী বা অনুযোগী কিছুই হইতে পারে না। অতএব সৎ-পদার্থের বিজাতীয়ভেদ ও অজাত পুত্রের নামকরণের ন্যায় অলীক।

ফলতঃ সৃষ্টির পূর্ব্বে অদ্বৈতত্ব কেহ অস্বীকার করিতে পারি-বেন না। যাহা বস্তুগত্যা অদ্বৈত তাহা কোনও কালে দ্বৈত হইতে পারে না। বস্তুর অন্যথাভাব অসম্ভব। আলোক কখন অন্ধকার হয় না, অন্ধকার কখন আলোক হয় না। বাস্তবিক ভেদ ও অভেদ উভয় পরস্পর বিরোধী বলিয়া উভয় সত্য হইতে পারে না। ইহার একটী সত্য ও একটী মিথ্যা কল্পিত হইবে। সূক্ষ্মদৃষ্টিতে পর্য্যালোচনা করিলে বুঝা যাইবে যে অভেদ সত্য ভেদ মিথ্যা, অভেদ কিনা একত্ব, ভেদ শব্দে নানাত্ব। একাধিক বস্তু লইয়া নানাত্ব ব্যবহার হয়। সেই বস্তুগুলি প্রত্যেকে এক, অতএব একত্ব ব্যবহার অন্য নিরপেক্ষ, নানাত্ব ব্যবহার একত্ব সাপেক্ষ। ভেদ অভেদ অপেক্ষা দুর্ব্বল। অতএব অভেদ সত্য, ভেদ মিথ্যা ইত্যাদি বহুবিধ যুক্তিদ্বারা দ্বৈত ও বিশিষ্টাদ্বৈতবাদ নিরাকৃত হইয়াছে। (বেদান্তদ°)

[বেদান্ত শব্দে বিশেষ বিবরণ দ্রষ্টব্য]

বিশিষ্টাদ্বৈতবাদিন্ (ত্রি) বিশিষ্টং যুক্তং মিলিতং অদ্বৈতং বদতীতি বদ-ণিনি। যাহারা বিশিষ্টাদ্বৈতবাদ স্বীকার করেন। রামানুজ প্রভৃতি বিশিষ্টাদ্বৈতবাদী।

বিশিষ্ঠী (স্ত্রী) শঙ্করাচার্য্যের মাতা।

বিশীর্ণ (ত্রি) বি-শৃ-ক্ত। শুষ্ক।

"বিশীর্ণা বিদলা হ্রস্বা বক্রাঃ স্থূলা দ্বিধাকৃতাঃ।" (তন্ত্রসার)

২ কৃশ। ৩ জীর্ণ। ৪ বিঘটিত, ত্রুটিত, বিশ্লিষ্ট, পতিত।

বিশীর্ণপর্ণ (পুং) বিশীর্ণানি পর্ণানি যস্য। নিম্ববৃক্ষ। (রাজনি°)

বিশীর্য্যমাণ (ত্রি) বি-শৃ-শানচ্। যাহা বিশীর্ণ হইতেছে।

বিশীর্ষন্ (ত্রি) মস্তকবিহীন। (শতপথব্রা° ৪।১।৫।১৫)

বিশীল (ত্রি) কুচরিত্র, দুঃশীল।

বিশুক (পুং) শ্বেতার্ক, শ্বেত আকন্দ।

বিশুণ্ডি (পুং) কশ্যপের পুত্রভেদ।

বিশুদ্ধ (ত্রি) বিশেষেণ শুদ্ধঃ, বি-শুধ-ক্ত। শুচি, পবিত্র, নির্ম্মল, নির্দ্দোষ। বিশেষরূপ শুদ্ধ, পর্য্যায়—উজ্জ্বল, বিমল, বিশদ, বীধ্র, অবদাত, অনাবিল, শুচি। (হেম) ২ নিভৃত। ৩ সত্য। (অজয়-পাল) ৪ ষট্‌চক্রের অন্তর্গত পঞ্চম চক্র, এই চক্র কণ্ঠদেশে অবস্থিত, অকারাদি ষোড়শ স্বরযুক্ত ও ধূম্রবর্ণ; ইহাতে ষোড়শদলপদ্ম আছে, সেই ১৬টী দলে আকরাদি ১৬টী স্বরবর্ণ আছে। এই চক্রে শিব ও আকাশ অবস্থিত।

"তদূর্দ্ধন্তু বিশুদ্ধাখ্যং দলষোড়শপঙ্কজম্।
স্বরৈশ্চ ষোড়শৈর্যুক্তং ধূম্রবর্ণৈর্মহৎপ্রভম্॥
বিশুদ্ধপদ্মমাখ্যাতমাকাশাখ্যং মহাদ্ভুতম্।
অগস্ত্যসংহিতায়াম্। অকারাদিষোড়শস্বরান্
সবিন্দূন্ ষোড়শদলকমলে কণ্ঠমূলে ন্যসেৎ।
বিশুদ্ধে ষোড়শদলে ধূম্রাভে স্বরভূষিতে॥" (তন্ত্রসার)

বিশুদ্ধগণিত, (Pure Mathamatics) যাহাতে পদার্থের সহিত কোন সম্বন্ধ না রাখিয়া কেবল রাশির নিরূপণ মাত্র করা হয়।

বিশুদ্ধচারিত্র (পুং) বৌধিসত্ত্বভেদ।

বিশুদ্ধচারিন্ (ত্রি) বিশুদ্ধং চরতি-চর-ণিনি। বিশুদ্ধভাবে বিচরণকারী, শুদ্ধাচারী, যাঁহারা পবিত্র ভাবে বিচরণ করেন।

বিশুদ্ধতা[ত্ব] (স্ত্রী) বিশুদ্ধস্য ভাবঃ তল্-টাপ্। বিশুদ্ধত্ব, বিশুদ্ধের ভাব বা ধর্ম্ম, পবিত্রতা, শুচিতা, উজ্জ্বলতা, বিশুদ্ধি।

বিশুদ্ধসিংহ, বৌদ্ধভেদ।

বিশুদ্ধি (স্ত্রী) বি-শুধ-ক্তিন্। পবিত্রতা, শোধন।

"সর্ব্বকর্ম্মাণ্যুপাদেয়া বিশুদ্ধিশ্চন্দ্রতারয়োঃ।" (জ্যোতিঃসারস°)

দ্রব্যসমূহ অপবিত্র হইলে যেরূপে তাহার বিশুদ্ধি হয়, মন্বাদি স্মৃতিশাস্ত্রে সে বিষয় বিশেষরূপে বিবৃত আছে। তৎসম্বন্ধে এখানে সংক্ষিপ্তভাবে কিছু আলোচনা করা যাইতেছে।

নানাবিধ দ্রব্যের শোধনপ্রণালী—রজত ও সুবর্ণাদি ধাতু সকল, মরকতাদি মণিসকল ও সমুদয় পাষাণময় দ্রব্য সকল ভস্ম ও জল অথবা মৃত্তিকা ও জলদ্বারা শুদ্ধ হয়। শঙ্খ মুক্তাদি জলজ, পাষাণময়পাত্র ও রৌপ্যপাত্র যদি রেখাদিযুক্ত না হয়, তাহা হইলে জলদ্বারা প্রক্ষালন করিলেই শুদ্ধ হয়। জল ও অগ্নিসংযোগে সুবর্ণ ও রজতের উৎপত্তি হইয়াছে, এই কারণ স্বীয় উৎপত্তি স্থান জল ও অগ্নিদ্বারা সুবর্ণ ও রজতের শুদ্ধি প্রশস্ততর হয়।

তাম্র, লৌহ, কাংস্য, পিত্তল, রঙ্গ এবং সীসক পাত্র সকল ভস্ম, অম্ল ও জলদ্বারা যথাযোগ্য শুদ্ধ হইয়া থাকে। অর্থাৎ লৌহ জলদ্বারা, কাংস্য ভস্মদ্বারা, তাম্র ও পিত্তল অম্লদ্বারা বিশুদ্ধ হয়। ঘৃত তৈলাদি দ্রব দ্রব্য সকল কাক কীটাদি কর্ত্তৃক দূষিত হইলে তাহা প্রাদেশপ্রমাণ কুশপত্র দ্বারা বিলোড়িত করিলে বিশুদ্ধ হয়। শয্যাদির ন্যায় সূত্রসংযুক্ত সংহত দ্রব্য জল প্রোক্ষণ করিলে এবং কাষ্ঠময় দ্রব্য অত্যন্ত উপহত হইলে তাহা চাঁচিয়া ফেলিলে তাহার শোধন হয়। যজ্ঞীয় চমস অর্থাৎ জলপাত্র-গ্রহ (সোমলতার পাত্র) এবং অপরাপর পাত্র ইহাদিগকে প্রথমে হস্তদ্বারা মার্জ্জন করিয়া পশ্চাৎ প্রক্ষালন করিলেই বিশুদ্ধ হয়। চরুস্থালী, স্রুক্, স্রুব, স্ফ্য (খড়্গাকার কাষ্ঠ), শূর্প, শকট, মুষল, উদূখল প্রভৃতি যজ্ঞীয় দ্রব্য সকল ঘৃততৈলাদিতে স্নেহাক্ত করিয়া উষ্ণ জলদ্বারা প্রক্ষালন করিলেই উহাদের শোধন হয়।

বহুধান্য ও বহুবস্ত্র কোনরূপে অশুদ্ধ হইলে জল প্রোক্ষণ দ্বারা তাহার বিশুদ্ধি হয়। কিন্তু অল্পধান্য ও অল্পবস্ত্র জলদ্বারা প্রক্ষালন করিয়া শুদ্ধি সম্পাদন করিতে হয়। পাদুকাদি স্পৃশ্য পশুচর্ম্ম এবং বেত্রবংশাদি তৃণনির্ম্মিত আসন প্রভৃতির শুদ্ধি বস্ত্রের ন্যায় হইবে এবং শাক মূল ও ফল ইহারা ধান্যের ন্যায় শুদ্ধ হইয়া থাকে। কৌষেয় অর্থাৎ রেশমি বস্ত্র, আবিক (মেষ লোমজাত কম্বলাদি) ক্ষার ও মৃত্তিকাদ্বারা বিশুদ্ধ হয়। কুতপ অর্থাৎ নেপাল দেশীয় কম্বল নিম্বফল চূর্ণদ্বারা, অংশুপট্ট (বল্কল বিশেষের বস্ত্র) বিল্বফলের নির্য্যাস দ্বারা এবং ক্ষৌম অর্থাৎ অতসী (তিসি)গাছের ছালে নির্ম্মিত বস্ত্র শ্বেতসর্ষপ চূর্ণদ্বারা বিশুদ্ধ হয়। তৃণ, পাকের কাষ্ঠ, পলাল এ সকল জল প্রোক্ষণ করিলে বিশুদ্ধ হয়। মার্জ্জন ও গোময়াদি লেপন দ্বারা গৃহশুদ্ধি এবং মৃন্ময়পাত্র পুনর্ব্বার পাক-দ্বারা বিশুদ্ধ হয়। সম্মার্জ্জন গোময়াদি দ্বারা বিলেপন, গো-মূত্রোদকাদিসিঞ্চন, উল্লেখন, (চাঁচিয়া ফেলা) এবং এক অহো-রাত্র গাভীর বাস এই পঞ্চ উপায় দ্বারা ভূমির বিশুদ্ধি হয়।

পক্ষীকর্ত্তৃক উচ্ছিষ্ট, গাভীকর্ত্তৃক আঘ্রাত, বস্ত্রাঞ্চল বা পদদ্বারা স্পৃষ্ট, অবক্ষুত অর্থাৎ যাহার উপর হাঁচি বা থুথু পড়িয়াছে, এবং যাহা কেশ কীটাদি দ্বারা দূষিত হইয়াছে, এইরূপ খাদ্যদ্রব্য সকল মৃত্তিকা প্রক্ষেপে বিশুদ্ধ হইয়া থাকে।

বিষ্ঠা মূত্রাদি অপবিত্র লিপ্ত দ্রব্যে যে পর্য্যন্ত গন্ধ ও লেপ থাকে, তাবৎ কালে তাহা মৃত্তিকা ও জল দ্বারা মার্জ্জনপূর্ব্বক শুদ্ধ করিয়া লইতে হয়। প্রথমতঃ অদৃষ্ট অর্থাৎ যে দ্রব্যের উপঘাত বা সংস্পর্শদোষ জানা যায় নাই, দ্বিতীয়তঃ যাহা জল দ্বারা প্রক্ষালিত করা হইয়াছে, এবং তৃতীয়তঃ শিষ্ট জনেরা যাহা পবিত্র বলিয়া বলেন, তাহা বিশুদ্ধ জানিতে হইবে।

জ্ঞান, তপস্যা, অগ্নি, আহার, মৃত্তিকা, মল, বারি, উপাঞ্জন অর্থাৎ গোময়াদি অনুলেপন, বায়ু, কর্ম্ম, সূর্য্য এবং কাল এই সকল দেহধারীদিগের বিশুদ্ধির কারণ। দেহমলাদি শুদ্ধিকর সমুদায় পদার্থ মধ্যে অর্থ শুদ্ধি অর্থাৎ অর্থার্জ্জন বিষয়ে অন্যায় বা স্বধর্ম্ম পরিত্যাগ না করাকে শাস্ত্রকারগণ পরম বিশুদ্ধি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যিনি অর্থার্জ্জন বিষয়ে বিশুদ্ধ, তিনিই প্রকৃত পক্ষে বিশুদ্ধ নামে অভিহিত। মৃত্তিকা বা জল দ্বারা দেহ শুদ্ধ করাকে প্রকৃত শুদ্ধি বলা যায় না।

বিদ্বান্ জনেরা ক্ষমা দ্বারা, অকার্য্যকারীরা দান দ্বারা প্রচ্ছন্ন পাপিগণ জপদ্বারা এবং বেদবিদ্ ব্রাহ্মণগণ তপস্যা দ্বারা বিশুদ্ধি লাভ করিয়া থাকেন। শোধনীয় বাহ্য দ্রব্য অর্থাৎ এই দেহ মৃত্তিকা ও জলাদি দ্বারা শুদ্ধ হয়, মলবহানদী স্রোতোবেগে শুদ্ধ হয়, মনোদুষ্টা অর্থাৎ পরপুরুষে মৈথুনসংকল্পের দোষে দূষিত-মনা স্ত্রীলোক রজস্বলা হইলে শুদ্ধ হয়, এবং ত্যাগ দ্বারা বা প্রব্রজ্যাদ্বারা দ্বিজোত্তমগণ বিশুদ্ধি লাভ করেন। জলের দ্বারা, দেহ শুদ্ধি, সত্যবলে মন শুদ্ধি; থাকে, বিদ্যা ও তপস্যার বলে জীবাত্মার শুদ্ধি হয় এবং জ্ঞান দ্বারা বুদ্ধির শোধন হইয়া থাকে।

জ্ঞাতি হউক বা অন্যই হউক স্নেহ করিয়া ইচ্ছাপূর্ব্বক শবের অনুগমন করিলে বস্ত্র সমেত স্নান করিয়া অগ্নিস্পর্শপূর্ব্বক ঘৃত ভোজন করিলে বিশুদ্ধি হয়। যে দ্রব্য বিক্রয় করিবার জন্য বাজারে প্রসারিত হইয়াছে, তাহা বহুলোক কর্ত্তৃক স্পৃষ্ট হইলেও তাহা বিশুদ্ধ। ব্রহ্মচারিগণ যে ভিক্ষালাভ করে তাহা অতি বিশুদ্ধ। (মনু ৫ অ°)

বিষ্ণুসংহিতায় দ্রব্যাদির বিশুদ্ধি সম্বন্ধে এইরূপ বিধান আছে,—অত্যন্তোপহত সকল ধাতুমাত্রই অগ্নিতে প্রক্ষিপ্ত হইলে বিশুদ্ধ হয়। মণিময়, প্রস্তরময় ও শঙ্খময় পাত্র ৭ দিন ভূমিতে

নিখাত হইলে বিশুদ্ধ হইয়া থাকে। শৃঙ্গময়, দন্তময় এবং অস্থিময় পাত্র তক্ষণ দ্বারা শোধন হয়। এবং দারুময় ও মৃন্ময় পাত্র পরিত্যজ্য অর্থাৎ ইহার বিশুদ্ধি হয় না। কোন রূপে এই পাত্র দূষিত হইলে তাহা পরিত্যাগ করাই বিধেয়। সুবর্ণময়, রজতময়, শঙ্খময়, মণিময় ও প্রস্তরময় পাত্র এবং চমস এই সকল পাত্রে নির্লেপ হইলে অর্থাৎ তাহাতে মল লাগিয়া না থাকিলে তাহা জলদ্বারা শুদ্ধ হইয়া থাকে। ধান্য, চর্ম্ম, রজ্জু, তন্তুনির্ম্মিত বস্ত্র, ব্যজনাদি, বৈদল, সূত্র, কার্পাস এবং বস্ত্র এই সকল দ্রব্য বহুতর হইলে প্রোক্ষণে তাহার শুদ্ধি হয়। শাক, মূল, ফল, ও পুষ্প, তৃণ ও কাষ্ঠ প্রভৃতিও এই নিয়মে বিশুদ্ধ হইয়া থাকে। আর এই সকল দ্রব্য অল্প হইলে ইহার প্রক্ষালন করিলে বিশুদ্ধ হয়। কাষ্ঠনির্ম্মিত পাত্র তক্ষণ দ্বারা, পিত্তল, তাম্র, রঙ্গ ও সীসক পাত্র অম্লদ্বারা, কাংস্য ও লৌহ পাত্র ভস্মদ্বারা বিশুদ্ধ হয়। দেবপ্রতিমা কোন কারণে যদি দূষিতা হয়, তবে তাহা যাহা দ্বারা নির্ম্মিত, সেই দ্রব্যের শুদ্ধির নিয়মানুসারে শোধন করিয়া পুনরায় প্রতিষ্ঠা করিলে তাহার শুদ্ধি হয়।

কৌষেয়বস্ত্র ও মেষলোমজ বস্ত্র ক্ষার মৃত্তিকাযোগে, পার্ব্বতীয় ছাগলোমনির্ম্মিত কম্বল অরিষ্টদ্বারা, বল্কলতন্তুনির্ম্মিত অংশুপট্ট বিল্বফল দ্বারা, ক্ষৌমবস্ত্র গৌরসর্ষপ দ্বারা, মৃগলোমজাত রাঙ্কবাদি বস্ত্র পদ্মবীজ দ্বারা বিশুদ্ধ হয়।

মৃতব্যক্তি মাত্রেরই বান্ধবগণের সহিত মিলিত হইয়া অশ্রুপাতকারী ব্যক্তি স্নান করিলে বিশুদ্ধিলাভ করেন। অস্থি সঞ্চয় করিবার পূর্ব্বে ঐরূপ করিলে সবস্ত্র স্নানে শুদ্ধ হয়। দ্বিজ শূদ্রশবের অনুগমন করিলে নদীতে গিয়া তাহাতে নিমগ্ন হইয়া তিনবার অঘমর্ষণ জপ করিবার পর উঠিয়া অষ্টোত্তর সহস্র গায়ত্রী জপ এবং দ্বিজশবের অনুগমন করিলে স্নান করিয়া অষ্টোত্তরশত গায়ত্রী জপ করিলে বিশুদ্ধিলাভ করেন। শূদ্র শবানুগমন করিলে কেবল স্নান দ্বারাই বিশুদ্ধ হয়। চিতাধূম সেবন করিলে সকল বর্ণই স্নান দ্বারা বিশুদ্ধ হন। মৈথুন করিলে, দুঃস্বপ্ন দেখিলে, কণ্ঠ হইতে রুধির নির্গত হইলে, বমন, রেচন, ক্ষৌরকর্ম্মাচরণ, শবস্পর্শি-স্পর্শ, রজস্বলাস্পর্শ, চণ্ডাল-স্পর্শ, বৃষোৎসর্গীয় যূপস্পর্শ, ভক্ষ্যভিন্ন পঞ্চনখ শবস্পর্শ, বসা ও মেধাদিযুক্ত অস্থিস্পর্শ, এই সকল স্পর্শ করিয়া স্নান করিলে বিশুদ্ধিলাভ হয়। পরিহিত বস্ত্রের সহিত স্নানে শুদ্ধি হয়। কিন্তু তাহা পরিত্যাগ করিয়া স্নান করিলে বিশুদ্ধি হয় না। বস্ত্রের সহিত স্নানই বিধেয়। রজস্বলানারী চতুর্থ দিনে স্নান করিলে বিশুদ্ধা হয়।

ক্ষবণ, অর্থাৎ হাঁচি, নিদ্রা, অধ্যয়নারম্ভ, ভোজনারম্ভ, পান, স্নান, নিষ্ঠীবন, বস্ত্রপরিধান, অধ্বসঞ্চরণ, মূত্রত্যাগ, পঞ্চনখের অস্নেহ অস্থিস্পর্শ, চণ্ডাল বা ম্লেচ্ছের সহিত সম্ভাষণ এই সকল কার্য্যের পর আচমন করিতে হয়, ইহাতে বিশুদ্ধিলাভ হইয়া থাকে। (বিষ্ণুসংহিতা ১২ অ°)[শৌচ শব্দ দেখ]

বিশুদ্ধিচক্র (ক্লী) ধারণীভেদ।

বিশুদ্ধেশ্বর (ক্লী) তন্ত্রভেদ।

বিশুষ্ক (ত্রি) বিশেষেণ শুষ্কঃ। ১ বিশেষরূপ শুষ্ক, অতিশয় শুষ্ক। ২ নীরস। ৩ ম্লান।

বিশূচিক[কা] (স্ত্রী) বিসূচিকা রোগ। [বিসূচিকা দেখ।]

বিশূন্য (ত্রি) বিশেষরূপে শূন্য।

বিশূল (ত্রি) ১ শূলনাশক। ২ অস্ত্রবিবর্জ্জিত।

বিশৃঙ্খল (ত্রি) বিগতা শৃঙ্খলা যস্য। শৃঙ্খলারহিত, শৃঙ্খলাহীন, নিয়মবহির্ভূত, উল্টাপাল্টা, অনিয়মিত।

"অচিন্তয়ং ততশ্চাহং রাজা তাবদ্বিশৃঙ্খলঃ।
তৎকার্য্যচিন্তয়াক্রান্তঃ স্বধর্ম্মো মেঽবসীদতি॥"
(কথাসরিৎসা° ৫।৩)

২ অবাধ্য। ৩ দুর্দ্দান্ত। ৪ অবদ্ধ, শৃঙ্খলশূন্য। স্ত্রিয়াং টাপ্।

বিশৃঙ্গ (ত্রি) শৃঙ্গহীন, শৃঙ্গশূন্য।

বিশেষ (পুং) বি-শিষ-ঘঞ্। ১ প্রভেদ, বৈলক্ষণ্য।

"প্রজনার্থং মহাভাগঃ পূজার্হা গৃহদীপ্তয়ঃ।
স্ত্রিয়ঃ স্ত্রিয়শ্চ গেহেষু ন বিশেষোঽস্তি কশ্চন॥" (মনু ৯।২৬)

২ প্রকার, রকম। (জটাধর) ৩ নিয়ম। ৪ বৈচিত্র্য। ৫ ব্যক্তি। ৬ সার। ৭ প্রকার। ৮ তারতম্য। ৯ আধিক্য। ১০। অবয়ব। ১১ দ্রষ্টব্য দ্রব্য। ১২ তিলক। (হেম) ১৩ কণাদোক্ত সপ্ত পদার্থের অন্তর্গত পদার্থবিশেষ।

"দ্রব্যং গুণাস্তথা কর্ম্মসামান্যং সবিশেষকম্।
সমবায়স্তথাভাবঃ পদার্থাঃ সপ্ত কীর্ত্তিতাঃ॥" (ভাষাপরিচ্ছেদ)

দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায় ও অভাব এই সাতটী পদার্থ। বিশেষ পদার্থের আলোচনা আছে বলিয়া কণাদকৃত দর্শনের নাম বৈশেষিক।

গুণকর্ম্মভিন্ন একমাত্র সমবেত পদার্থের নাম বিশেষ। জলীয় পরমাণুর রূপ প্রভৃতি গুণ এবং কর্ম্ম একমাত্র সমবেত হইলেও গুণ কর্ম্ম ভিন্ন নহে, সামান্য পদার্থ গুণকর্ম্মভিন্ন অথচ সমবেত হইলেও একমাত্র সমবেত নহে। কোন অভাব, গুণকর্ম্মভিন্ন এবং একমাত্র বৃত্তি হইলেও সমবেত নহে। এইজন্য উহাদিগকে বিশেষপদার্থ বলা যায় না। বিশেষপদার্থ স্বীকার করিবার যুক্তি এই যে, দ্ব্যণুক হইতে আরম্ভ করিয়া অন্ত্য অবয়বী অর্থাৎ ঘটাদি পর্য্যন্ত সমস্ত সাবয়ব দ্রব্যের তত্তৎ অবয়বভেদে ভেদ হইতে পারে। নিরবয়ব একজাতীয় পরমাণু দ্বয়ের পরস্পরভেদও অবশ্য কোন ধর্ম্ম দ্বারা সম্পন্ন হইবে। মুদ্গ ও মাষের

যথাক্রমে আরম্ভক মুদ্গপরমাণু ও মাষপরমাণু অবশ্যই ভিন্ন ভিন্ন। এ স্থলে পরস্পর ভেদক ধর্ম্ম কি? এই প্রশ্নের উত্তরে বলিতে হয় যে, মুদ্গের আরম্ভক পরমাণু ও মাষের আরম্ভক পরমাণু সমানরূপ হইলেও উভয় পরমাণুতে ভিন্ন ভিন্ন অসাধারণ ধর্ম্ম আছে, তদ্দ্বারা উভয় পরমাণু পরস্পর ভিন্ন হইতেছে। সেই ভিন্ন ভিন্ন অসাধারণ ধর্ম্মই বিশেষপদার্থ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। বিশেষপদার্থ সাবয়ব দ্রব্যবৃত্তি নহে, নিরবয়ব দ্রব্য মাত্র বৃত্তি। কতগুলি পরমাণু মুদ্গমাত্রের আরম্ভক বলিয়া মাষে থাকে না। কতগুলি পরমাণু মাষমাত্রের আরম্ভক বলিয়া মুদ্গে থাকে না, আর কতগুলি পরমাণু মুদ্গ ও মাষ উভয়েরই আরম্ভক, সুতরাং উহারা মুদ্গ ও মাষ উভয়তেই থাকে; এইজন্য মুদ্গ ও মাষ পরস্পর ভিন্ন হইলেও অনেকটা সমান আকার।

(বৈশেষিকদ°)

১৪ অর্থালঙ্কারবিশেষ। ইহার লক্ষণ—

"যদাধেয়মনাধারমেকঞ্চানেকগোচরম্।
কিঞ্চিৎ প্রকুর্ব্বতঃ কার্য্যমশক্যস্যেতরস্য বা।
কার্য্যস্য করণং দৈবাদ্বিশেষস্ত্রিবিধস্ততঃ॥"

(সাহিত্যদ° ১০।৩২৬)

যদি আধেয় আধারশূন্য হয়, বা এক বস্তু অনেকের গোচর হয়, অথবা সমর্থই হউক বা অসমর্থই হউক কোন একটী কার্য্য করিতে গিয়া দৈবাৎ যদি তাহার সেই কর্ম্ম করা হয়, তবেই বিশেষ অলঙ্কার জানিবে। তিনটী কারণে বিশেষ অলঙ্কারও ত্রিবিধ।

কাব্যপ্রকাশমতে ইহার লক্ষণ—

"বিনা প্রসিদ্ধমাধারমাধেয়স্য ব্যবস্থিতিঃ।
একাত্মা যুগপদ্বৃত্তিরেকস্যানেকগোচরাঃ॥
অন্যৎ প্রকুর্ব্বতঃ কার্য্যমশক্যান্যস্য বস্তুনঃ।
তথৈব করণং চেতি বিশেষস্ত্রিবিধ স্মৃতঃ॥"

(কাব্যপ্র° ১০ উ°)

১৫ পৃথিবী (ভাগবত ২।৫।২৯) (ত্রি) ১৬ অতিশয়িত।

"শশাম বৃষ্ট্যাপি বিনা দাবাগ্নি-
রাসীদ্বিশেষা ফলপুষ্পবৃদ্ধিঃ।" (রঘু ২।১৪)

বিশেষক (পুং ক্লী) বিশেষ এব স্বার্থে কন্। ১ ললাটকৃত তিলক, ললাটের ফোটা।

"বিশেষকো বা বিশিশেষ যস্যাঃ
শ্রিয়ং ত্রিলোকীতিলকঃ স এব॥" (মাঘ ৩।৬৩)

(পুং) ২ তিলকবৃক্ষ। ৩ তমালপত্র। ৪ চিত্রক। (ক্লী) ৫ পদ্মবিশেষ। যে স্থলে তিনটী শ্লোকের একত্র অন্বয় হয়, তাহাকে বিশেষক কহে, তিনটী শ্লোকের মধ্যে একটি ক্রিয়া থাকিবে, সেই ক্রিয়া দ্বারাই শ্লোকের অন্বয় হইবে।

"দ্বাভ্যান্তু যুগ্মকং প্রোক্তং ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকম্।
কলাপকং চতুর্ভিঃ স্যাৎ তদূর্দ্ধং কুলকং স্মৃতম্॥" (ছন্দোসা°)

(ত্রি) বিশেষয়িতা, প্রভেদকারক, বিশেষকারক।

বিশেষজ্ঞ (ত্রি) বিশেষং জানাতি জ্ঞা-ক। যিনি বিশেষ জানেন, জ্ঞানী।

বিশেষকচ্ছেদ্য (ক্লী) বিশেষকৈশ্ছেদ্যং। চতুঃষষ্টি কলার অন্তর্গত ষষ্ঠকলা (শৈবতন্ত্র) ২ তিলকে নানাপ্রকার বিচ্ছেদরচনা।

বিশেষগুণ (পুং) বিশেষো গুণঃ। বুদ্ধ্যাদি ছয়টী বিশেষ গুণ, বৈশেষিক দর্শনমতে গুণ ২৪ প্রকার যথা—রূপ, রস, গন্ধ, স্পর্শ, সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম্ম, অধর্ম্ম ও শব্দ। ইহার মধ্যে বুদ্ধি হইতে ৬টী অর্থাৎ বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ ও যত্ন বিশেষগুণ নামে অভিহিত। (ভাষাপরি°)

বিশেষণ (ক্লী) বিশিষ্যতেঽনেনেতি বি-শিষ-ল্যুট্। বিশেষ্য-ধর্ম্ম, প্রভেদকারক গুণ, যাহা দ্বারা বিশেষ্যের গুণ বা ধর্ম্ম প্রকাশ পায়, তাহাকে বিশেষণ কহে। এই বিশেষণ তিন প্রকার, যথা—বিশেষ্যের বিশেষণ, বিশেষণের বিশেষণ ও ক্রিয়াবিশেষণ, যেস্থলে বিশেষ্যের গুণ বা ধর্ম্ম প্রকাশ পায়, তথায় বিশেষ্যবিশেষণ এবং যেস্থলে বিশেষণের গুণ বা ধর্ম্ম প্রকাশ পায়, তথায় বিশেষণের বিশেষণ এবং যেস্থলে ক্রিয়ার গুণ বা ধর্ম্ম প্রকাশ পায়, তথায় ক্রিয়াবিশেষণ হয়।

এই বিশেষণ আবার তিন প্রকার, ব্যাবর্ত্তক, বিধেয় ও হেতুগর্ভ। যথা—নীল ঘট, এই স্থলে ঘট নীলবর্ণ ইহা ব্যাবর্ত্তক বিশেষণ। বহ্নিমান্ পর্ব্বত, এই স্থলে বহ্নিমান্ ইহা বিধেয় বিশেষণ। সুরাপায়ী পতিত হয়, এই স্থলে সুরাপায়ী হেতুগর্ভ বিশেষণ।

২ চিহ্ন। ৩ অতিশয় কারণ।

বিশেষতা[ত্ব] (স্ত্রী) বিশেষস্য ভাবঃ তল্-টাপ্। বিশেষের ভাব বা ধর্ম্ম, বিশেষত্ব, সামান্যত্ব।

বিশেষমতি (পুং) বৌধিসত্ত্বভেদ।

বিশেষমিত্র (পুং) বৌদ্ধ যতিভেদ।

বিশেষয়িতৃ (ত্রি) বিশেষকারী। যে পৃথক্ করে।

বিশেষবৎ (ত্রি) বিশেষ-অস্ত্যর্থে মতুপ্-মস্য ব। ১ বিশেষযুক্ত, বিশেষবিশিষ্ট। ২ বিশেষের ন্যায়।

বিশেষবিধি (পুং) বিশেষো বিধিঃ। অল্পবিষয়ক বিধি, যাহার বিষয় বহু, তাহার নাম সামান্য বিধি, আর যাহার বিষয় অল্প, তাহার নাম বিশেষ বিধি। সামান্যবিধি হইতে বিশেষবিধি বলবান্।

"তথা সামান্যকার্য্যেভ্যো বিশেষকবিধির্বলী।
বহবো বিষয়া যস্য স সামান্যবিধির্ভবেৎ।
অল্পঃ স্যাদ্বিষয়ো যস্য স বিশেষ বিধির্মতঃ॥" (দুর্গাদাস)

"সামান্য বিশেষয়োর্মধ্যে বিশেষবিধির্বলবান্" (স্মৃতি)

সামান্য বিধি ও বিশেষ বিধি এই দুইটীর মধ্যে বিশেষ বিধি বলবান্। সামান্য বিধিতে কোন একটী কার্য্য নিষিদ্ধ হইয়াছে, এবং বিশেষ বিধি দ্বারা যদি সেই নিষিদ্ধ কার্য্য আদিষ্ট হয়, তাহা হইলে ঐ আদেশই বলবান্ হইবে।

বিশেষব্যাপ্তি (স্ত্রী) বিশেষঃ অসামান্যা ব্যাপ্তিঃ। ব্যাপ্তিভেদ।

"প্রতিযোগী ব্যধিকরণস্বসমানাধিকরণাত্যন্তাভাবাপ্রতিযোগিত্বং" (চিন্তামণি) [ব্যাপ্তি শব্দ দেখ]

বিশেষাধিগম (পুং) বিশিষ্ট জ্ঞান।

বিশেষিত (ত্রি) বি-শিষ্-ণিচ্-ক্ত। ভিন্ন, ব্যবচ্ছিন্ন, পৃথক্কৃত, প্রভেদিত। ২ বিশেষণ দ্বারা নির্ণীত।

বিশেষিন্ (ত্রি) বিশেষ অস্ত্যর্থে ইনি। বিশেষযুক্ত, বিশেষগুণ বিশিষ্ট। ২ অব্যবস্থিত পরিণামাদি অনেক ভেদযুক্ত।

"উৎস্রোতসস্তমঃপ্রায়া অন্তঃস্পর্শা বিশেষিণঃ।"
(ভাগবত ৩।১০।২০)

'বিশেষিণঃ অব্যবস্থিতপরিণামাস্তনেকভেদবন্তঃ' (স্বামী)

বিশেষোক্তি (স্ত্রী) বিশেষেণোক্তিঃ। কাব্যের অর্থালঙ্কারভেদ। ইহার লক্ষণ—

"সতি হেতৌ ফলাভাবো বিশেষোক্তিস্তথা দ্বিধা।"
(সাহিত্যদ° ১০।৭১৭)

যে স্থলে কারণ আছে অথচ কার্য্য নাই, তথায় এই অলঙ্কার হয়।

উদাহরণ—

"ধনিনোঽপি নিরুন্মাদা যুবানোঽপি ন চঞ্চলাঃ।
প্রভবোঽপ্যপ্রমত্তাস্তে মহামহিমশালিনঃ॥"
(সাহিত্যদ° ১০ পরি°)

যাহারা ধনী হইয়াও নিরুন্মাদ অর্থাৎ অহঙ্কারশূন্য, যুবা হইয়াও অচঞ্চল, প্রভু হইয়াও বিমুখকারী তাহারাই মহামহিমশালী। এই স্থলে কারণ আছে অথচ কার্য্যের অভাব। কেননা ধন থাকিলেই প্রায় লোকে অহঙ্কারী হয়, এখানে অহঙ্কারের কারণ ধন থাকিলেও কার্য্য যে অহঙ্কার তাহা নাই, সুতরাং এই স্থলে কারণ থাকা সত্ত্বেও কার্য্যের অভাব হওয়ায় বিশেষোক্তি হইল। ২ বিশেষরূপে কথন, অসাধারণ অবস্থাদিবর্ণন।

"কার্য্যাজনির্বিশেষোক্তিঃ সতি পুষ্কলকারণে।
হৃদি স্নেহক্ষয়ো নাভূৎ স্মরদীপে জ্বলত্যপি॥" (চন্দ্রালোক)

বিশেষ্য (ত্রি) বিশিষ্যতে গুণাদিভিরিতি-বি-শিষ-ণ্যৎ। গুণাদি দ্বারা ভেদ্য, ব্যবচ্ছেদ্য, ধর্ম্মি পদার্থ, দ্রব্যাদি ঘট পটাদি, যাহা দ্বারা কোন বস্তু বা ব্যক্তির বোধ হয়, যথা বৃক্ষ, লতা, গো, মনুষ্য প্রভৃতি। ২ প্রধান। শ্রেষ্ঠ। ৩ আদিম, আদিকারণ।

বিশেষ্যাসিদ্ধ (পুং) বিশেষ্যেণ অসিদ্ধঃ। হেত্বাভাসভেদ, যে হেত্বাভাস দ্বারা স্বরূপের অসিদ্ধি হয়, তাহার নাম বিশেষ্যাসিদ্ধ। [হেত্বাভাস দেখ]

বিশোক (পুং) বিগতঃ শোকো যস্মাৎ। ১ অশোক বৃক্ষ। ২ শোকাভাব।

"উষিত্বা হাস্তিনপুরে মাসান্ কতিপয়ান্ হরিঃ।
সুহৃদাঞ্চ বিশোকায় স্বসুশ্চ প্রিয়কাম্যয়া॥" (ভাগবত ১।১০।৭)

৩ যুধিষ্ঠিরের অনুচরবিশেষ। (ভারত ৩।৩৩।৩০)

৪ ব্রহ্মার মানসপুত্রভেদ। (লিঙ্গপু° ১২অ°) (ত্রি) ৫ শোকরহিত, বিগত শোক, যাহার শোক দূর হইয়াছে। স্ত্রিয়াং টাপ্।

বিশোকা—পাতঞ্জল দর্শনমতে সম্প্রজ্ঞাত সমাধির পূর্ব্বকালীন চিত্তবৃত্তি। সাধকের সম্প্রজ্ঞাত হইবার পূর্ব্বে জ্যোতিষ্মতী বিশোকা চিত্তবৃত্তি হয়।

"বিশোকা বা জ্যোতিষ্মতী" (পাতঞ্জল দ° ১।৩৬)

বিশোকতা (স্ত্রী) বিশোকস্য ভাবঃ তল-টাপ্। বিশোকের ভাব বা ধর্ম্ম, শোক।

বিশোকদেব (পুং) রাজভেদ।

বিশোকদ্বাদশী (স্ত্রী) বিশোকা দ্বাদশী। দ্বাদশী তিথিভেদ, শোকরহিতা দ্বাদশী।

বিশোকপর্ব্বন্ (ক্লী) মহাভারতের অনুশাসন পর্ব্বের অন্তর্গত পর্ব্ববিশেষ।

বিশোকষষ্ঠী (স্ত্রী) বিশোকা ষষ্ঠী। ষষ্ঠীতিথিভেদ, অশোকষষ্ঠী, চৈত্রমাসের শুক্লাষষ্ঠীর নাম অশোকষষ্ঠী। এই তিথিতে ষষ্ঠীর ব্রত করিতে হয়। এই ব্রতপ্রভাবে শোক হয় না; সেই জন্য ঐ তিথির নাম অশোকষষ্ঠী। এই তিথিতে অশোক পুষ্পকলিকা পান করিবার ব্যবহার আছে। ষষ্ঠীব্রত স্ত্রীগণই করিয়া থাকে।

বিশোকসপ্তমী (স্ত্রী) বিশোকা সপ্তমী। সপ্তমী তিথিভেদ।

বিশোধন (ক্লী) বি-শুধ-ল্যুট্। ১ সংশোধন, বিশুদ্ধ করিয়া লওয়া ২ পবিত্রীকরণ। (পুং) ৩ বিষ্ণু। (ভারত ১৩।১৪৯।৮১)

বিশোধনী (স্ত্রী) বিশুধ্যতেঽনয়েতি বি-শুধ-ল্যুট্-ঙীষ্। ১ দন্তীবৃক্ষ, নাগদন্তীবৃক্ষ। ২ ব্রহ্মার পুরী।

বিশোধিন্ (ত্রি) বি-শুধ-ণিচ্-ণিনি। ১ শোধনকারক।

বিশোধিনী (স্ত্রী) ১ নাগদন্তী লতা। ২ নীলীবৃক্ষ (বৈদ্যকনি°) ৩ নাগদন্তী, চলিত হাঁতীশুড়ে। ৪ দন্তীবৃক্ষ, জয়পাল। (রাজনি°)

বিশোধিনীবীজ (ক্লী) জয়পাল। (বৈদ্যক)

বিশোধ্য (ত্রি) বি-শুধ-যৎ। বিশোধনীয়, বিশোধনযোগ্য, বিশোধনের উপযুক্ত।

বিশোবিশীয় (ক্লী) সামভেদ।

বিশোষ (পুং) বি-শুষ-ঘঞ্‌। শুষ্কতা, নীরসতা, শোষ।

বিশোষণ (ত্রি) বি-শুষ-ল্যুট্‌। বিশেষরূপে শোষণকারক।

"হাসং হরেরবনতাখিললোকতীব্র-
শোকাশ্রুসাগরবিশোষণমত্যুদারম্‌।"

(ভাগবত ৩।২৮।৩২)

'তীব্রশোকেন যানি অশ্রূণি তেষাং সাগরং বিশোষয়তীতি তং' (স্বামী) (ক্লী) ২ শুষ্কভাব, নীরসতা।

বিশোষিণ্‌ (ত্রি) বি-শুষ-ণিনি। বিশোষণকারক।

"হবিরাবর্জ্জিতং হোতস্ত্বয়া বিধিবদগ্নিষু।
বৃষ্টির্ভবতি শস্যানামবগ্রহবিশোষিণাম্‌॥" (রঘুবংশ ১।৬২)

'অবগ্রহবিশোষিণাং অবগ্রহঃ বর্ষপ্রতিবন্ধঃ তেন বিশুষ্যতাং' (মল্লিনাথ)

বিশৌজস্‌ (ত্রি) প্রজাবর্গের উপর শাসনবিস্তারক।

"বিক্ষু প্রজাসু ওজস্তেজোযস্য বিড়োজা ইতি প্রাপ্তে বিশৌজা ইতি ছান্দসমত এব পদকারো নাবগ্রহং চকার।"

(শুক্লযজুঃ ১০।২৮ মহীধর)

বিশ্চকদ্রাকর্ষ (পুং) কুক্কুরশাস্তা, কুকুররক্ষক, যাহারা কুকুরকে শিক্ষা দেয় ও রক্ষা করে।

বিশ্ন (পুং) বিছ-দীপ্তৌ (বজযাচযতবিচ্ছেতি। পা ৩।৩।৯০) ইতি নঙ্‌। ১ দীপ্তি। ২ গতি।

বিশ্‌পতি (পুং) বিশাং পতিঃ। প্রজাপালক, রাজা, পৃথিবীপতি।

"পৃথিবী জুজুর্বী ইব বিশ্‌পতিঃ" (ঋক্‌ ১।৩৭।৮) 'জুজুর্বী ইব বিশ্‌পতিঃ যথা বয়োহানিরোগাদিনা জীর্ণঃ প্রজাপালকো রাজা বৈরিভয়াৎ কম্পতে তদ্বৎ, বিশাংপতির্বিশ্‌পতিঃ।' (সায়ণ)

২ বৈশ্যদিগের পতি, বৈশ্যজাতির অধিপতি।

"যথাশিষো বিশ্‌পতয়ঃ কালে কালে দ্বিজেরিতাঃ॥"

(ভাগবত ১০।২০।২৪)

"বিশ্‌পতয়ঃ রাজানঃ বণিজাং পতয়ো বা" (স্বামী)

বিশ্‌পত্নী (স্ত্রী) বণিক্‌দিগের পালয়িত্রী।

"তস্মৈ বিশ্‌পত্ন্যৈ হবিঃ সিনীবাল্যৈ জুহোতনঃ" (ঋক্‌ ২।৩২।৭)

'বিশ্‌পত্ন্যৈ বিশাংপালয়িত্র্যৈ' (সায়ণ)

বিশ্‌পলা (স্ত্রী) অগস্ত্যপুরোহিত খেলরাজার স্ত্রী।

"সদ্যো জঙ্ঘামায়সীং বিশ্‌পলায়ৈ" (ঋক্‌ ১।১১৬।১৫)

'অগস্ত্যপুরোহিতঃ খেলো নাম রাজা তস্য সম্বন্ধিনী বিশ্‌পলা নাম স্ত্রী' (সায়ণ)

বিশ্‌পলাবসু (ত্রি) প্রজাদিগের পালয়িতা এবং ধন।

"বিষ্ণো বিশ্‌পলাবসু দিবো ন পাতা" (ঋক্‌১।১৮২।১)

বিশ্‌পলাবসু বিশাং প্রজানামস্মাকং পালয়িতৃধনৌ" (সায়ণ)

বিশ্য (ত্রি) প্রজাভব, যাহা প্রজা হইতে হয়। "সুবন্ধবো যে বিশ্যা ইব" (ঋক্‌ ১।১২৬।৫)

'বিশঃ প্রজাঃ তত্র ভবাঃ বিশ্যাঃ' (সায়ণ)

বিশ্যাপর্ণ (ত্রি) বিশ্বন্তর নামে কোন এক রাজা কর্ত্তৃক অনুষ্ঠিত যজ্ঞবিশেষ। শ্যাপর্ণ নামক ব্রাহ্মণদিগকে আর্ত্বিজকর্ম্মে ব্রতী না করিয়া অর্থাৎ তাহাদিগকে নিরাকরণ পূর্ব্বক এই যজ্ঞের অনুষ্ঠান করা হয়, একারণ ইহার নাম বিশ্যাপর্ণ (শ্যাপর্ণ বিরহিত) যজ্ঞ।

"স চ বিশ্বন্তরনামকঃ স কদাচিৎ যাগং চিকির্ষুঃ শ্যাপর্ণান্‌ তন্নামকান্‌ ব্রাহ্মণবিশেষান্‌ পরিচক্ষানঃ আর্ত্বিজ্যে নিরাকুর্ব্বন্‌ বিশ্যাপর্ণং যজ্ঞং আজহ্রে শ্যাপর্ণনামকব্রাহ্মণবিরহিতমেব যজ্ঞমনুষ্ঠিতবান্‌"। (ঐতরেয়ব্রা° ৭।২৭ ভাষ্য)

বিশ্রাণন (ক্লী) দান, বিতরণ, পাত্রসাৎকরা।

বিশ্রব্ধ (ত্রি) বি-শ্রন্‌ভ-ক্ত। ১ অনুদ্‌ভট, শান্ত। ২ বিশ্বস্ত। ৩ আসন্ন। (হেম) ৪ গাঢ়। (মেদিনী) ৫ নির্বিশঙ্ক, নিঃশঙ্ক।

"নিযুজ্যমানো বিশ্রব্ধঃ কিং ন কুর্য্যামহং প্রিয়ম্‌।"

(রামায়ণ ২।১৯।৫)

বিশ্রব্ধনবোঢ়া (স্ত্রী) বিশ্রব্ধা বিশ্বস্তা নবোঢ়া। নায়িকাভেদ, মুগ্ধা নবোঢ়ানায়িকা। মুগ্ধা নায়িকার রতি লজ্জা ও ভয় পরাধীনা; কিন্তু পরে এই মুগ্ধা প্রশ্রয় পাইয়া বিশ্রব্ধনবোঢ়া হয়। ইহার চেষ্টা ও ক্রিয়া মনোহারিণী। ইহার কোপ মৃদু ও নববিভূষণে প্রবল ইচ্ছা হইয়া থাকে। ইহার লক্ষণ—

"দরমুকুলিতনেত্রপাণিনীবী-
নিয়মিত বাহুকৃতোযুগ্মবন্ধম্‌।
করকলিতকুচস্থলং নবোঢ়া
স্বপিতি সমীপমুপেত্য কস্য পুনঃ॥" (রসমঞ্জরী)

ভারতচন্দ্রের রসমঞ্জরীতে ইহার লক্ষণ এইরূপ—

"স্তন দুটী করে ছ্যাঁদা, ঊরু দুটী ভুজে বাঁধা
লাজে ভয়ে মুদিল নয়ন।
প্রথমেতে নিরুত্তর, না না না তাহার পর
টাল টোল এখন তখন॥
যদি খায়্যা লাজ ভয়, কিঞ্চিৎ সঞ্চিত হয়
তারে আর না যায় ধরণ।
নবীন ভূষণ বাস, নবসুধা হাস ভাষ
নবরস কে করে গণন॥" (রসমঞ্জরী)

বিশ্রম (পুং) বি-শ্রম-ঘঞ্‌। ১ বৃদ্ধভাব, বিশ্রাম।

"অবিশ্রমং যাবদিদং শরীরং
পততাবশ্যং পরিণামদুর্ব্বহম্‌॥" (কাতন্ত্র কৃৎসূ° ১।৬)

বিশ্রম্ভ (পুং) বি-শ্রনভ্-ঘঞ্। ১ বিশ্বাস, প্রত্যয়। (অমর)

"নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা ভবানীব ভবং প্রভুম্।
বিশ্রম্ভেনাত্মশৌচেন গৌরবেণ দমেন চ॥" (ভাগবত ৩।২৩।২)

২ কেলিকলহ। ৩ প্রণয়। (মেদিনী) ৪ বধ। (বিশ্ব) ৫ স্বচ্ছন্দবিহার।

বিশ্রম্ভণ (ক্লী) বিশ্বাসজনক।

"কৃষ্ণস্ত্বন্যতমং রূপং গোপবিশ্রম্ভণং গতঃ। (ভাগ° ১০।২৪।৩৫)

'গোপবিশ্রম্ভণং গোপানাং বিশ্বাসজনকং রূপং গতঃ প্রাপ্ত সন্' (স্বামী)

বিশ্রম্ভণীয় (ত্রি) বিশ্বসনীয়, বিশ্বাসের পাত্র।

"স কথং ন্যর্পিতাত্মানং কৃতমৈত্রমচেতনম্।
বিশ্রম্ভণীয়ো ভূতানাং সঘৃণো দ্রোগ্ধুমর্হতি॥" (ভাগবত ৬।২।৬)

'বিশ্রম্ভণীয়ঃ বিশ্বসনীয়ঃ' (স্বামী)

বিশ্রম্ভতা (স্ত্রী) বিশ্বাসত্ব, প্রত্যয়ত্ব, প্রণয়ত্বাদি।

বিশ্রম্ভিন্ (ত্রি) বিশ্বাসশীল।

"বিকত্থা যাচতে প্রত্তমবিশ্রম্ভী মুহুর্জ্জলম্" (ভট্টি)

'অবিশ্রম্ভী অবিশ্বাসশীলঃ'। (ভরত)

বিশ্রয়িন্ (ত্রি) বিশ্রেতুং শীলং যস্য বি-শ্রি-ইনি (পা ৩।২।১৫৭) ১ সেবাশীল, বিশেষ প্রকারে সেবাপরায়ণ। ২ আশ্রয়বান্।

বিশ্রবণ (পুং) ঋষিভেদ।

বিশ্রবস্ (ত্রি) পুলস্ত্যমুনির পুত্র, জন্মান্তরে জাঠরাগ্নিরূপে প্রসিদ্ধ অগস্ত্য। ইনি পুলস্ত্যপত্নী হবির্ভূতে জন্মিয়া ছিলেন।

ভরদ্বাজ কন্যা ইড়বিড়া বা ইলবিড়ার গর্ভে বিশ্রবার ঔরসে ধনপতি কুবের জন্মগ্রহণ করেন। মহাভারতের মতে, বিশ্রবা প্রজাপতি পুলস্ত্যের সাক্ষাৎ অর্দ্ধাঙ্গস্বরূপ। কুবেরের প্রতি ব্রহ্মার চাটু উক্তিতে ক্রুদ্ধ হইয়া পুলস্ত্য নিজ অর্দ্ধাঙ্গ হইতে বিশ্রবাকে সৃষ্টি করেন। কুবের তাঁহার সন্তুষ্টির জন্য তাঁহাকে তিন জন রাক্ষসী দাসী প্রদান করিয়াছিলেন। এই তিন জনের মধ্যে পুষ্পোৎকটার গর্ভে রাবণ ও কুম্ভকর্ণ, মালিনীর গর্ভে বিভীষণ এবং রাকার গর্ভে খর ও সূর্পণখার জন্ম। কিন্তু রামায়ণের মতে বিশ্রবার ঔরসে সুমালিকন্যা নিকষা বা কৈকেসীর গর্ভে রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ ও সূর্পণখার উৎপত্তি। বিষ্ণু-পুরাণের মতে রাবণের মাতার নাম কেশিনী।

বিশ্রাণন (ক্লী) বি-শ্রণ-ণিচ্-ল্যুট্। ১ দান, বিতরণ।

"কথং নু শক্যোহনুনয়ো মহর্ষের্বিশ্রাণনাচ্চান্যপয়স্বিনীনাম্।"
(রঘু ২ সঃ)

বিশ্রাণিত (ত্রি) দত্ত, যাহা বিতরণ করা হইয়াছে।

বিশ্রান্ত (ত্রি) ১ শ্রান্তিযুক্ত। ২ বিগতশ্রম। ৩ অনিয়ত। ৪ বিরত, ক্ষান্ত, নিবৃত্ত।

বিশ্রান্তি (স্ত্রী) বিশ্রাম, বিরাম, নিবৃত্তি, ক্ষান্তি।

"জীর্ণস্যাস্য শরীরস্য বিশ্রান্তিমভিরোচয়ে।" (রামায়ণ ২।২।৮)

২ খেদাপনয়ন, শ্রমাপনয়ন, চলিত জিরন বা আরাম করা।

৩ তীর্থবিশেষ। এখানে নিখিল জগৎপতি স্বয়ং বাসুদেব আসিয়া বিশ্রাম করেন; একারণ এই তীর্থ বিশ্রান্তিনামে প্রসিদ্ধ।

"বাসুদেবো মহাবাহুর্জগৎস্বামী জনার্দ্দনঃ।
বিশ্রামং কুরুতে তত্র তেন বিশ্রান্তিসংজ্ঞিকা॥" (বরাহপু°)

বিশ্রান্তি বর্ম্মন্, একজন প্রাচীন কবি।

বিশ্রাম (পুং) বি-শ্রম-ঘঞ্। বিশ্রান্তি। [বিশ্রান্তি দেখ]

গুণ,—পরিশ্রমের পর বিশ্রামে শ্রমলাঘব ও স্বেদাপনয়ন হয়। নিয়মিত পরিশ্রমের পর যথা সময়ে বিশ্রাম দেওয়া, সকল লোকের পক্ষেই বলবৃদ্ধিকর, স্বাস্থ্যপ্রদ ও শুভজনক হয়।

"বিশ্রামো বলকৃৎ স্বেদশ্রমজিৎ স্বাস্থ্যদঃ শুভঃ।" (রাজবল্লভ)

বিশ্রামগড়, দাক্ষিণাত্যের আহ্মদনগর জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। পট্টন নামে পরিচিত ছিল। ১৬৭৯ খৃষ্টাব্দে মোগল-সৈন্য কর্ত্তৃক পশ্চাদ্ধাবিত হইয়া শিবাজী এখানে নিরাপদে বিশ্রাম করিয়াছিলেন বলিয়া এই স্থানকে বিশ্রামগড় নাম দেন।

বিশ্রামজ, অনুপানমঞ্জরী নামক বৈদ্যকগ্রন্থ-রচয়িতা।

বিশ্রামশুক্ল, জনিপদ্ধতিদর্পণপ্রণেতা। ইঁহার পিতা শিবরাম কৃত্যচিন্তামণি নামে একখানি স্মৃতিগ্রন্থ রচনা করিয়াছিলেন।

বিশ্রামাত্মজ, প্রশ্নবিনোদ নামক জ্যোতির্গ্রন্থ-রচয়িতা।

বিশ্রাম্যতোপনিষদ্, উপনিষদ্ভেদ। বেদান্তসার-বিশ্রামোপনিষদ্ নামেও পরিচিত।

বিশ্রাব (পুং) বি-শ্রু-ঘঞ্ (পা ৩।৩।২৫) ১ অতিপ্রসিদ্ধি। ২ ধ্বনি।

"বিক্ষাবৈস্তোয়বিশ্রাবং তর্জ্জয়ন্তো মহোদধেঃ।" (ভট্টি ৭।৩৬)

৩ ক্ষরণ। ৪ স্রোতঃ।

বিশ্রি (পুং) মৃত্যু। (সংক্ষিপ্তসার উণা°)

বিশ্রী (ত্রি) বিগতা শ্রীর্যস্য। ১ শ্রীহীন, শ্রীভ্রষ্ট। ২ কুৎসিত, কদাকার।

বিশ্রুত (ত্রি) বি-শ্রু-ক্ত। বিখ্যাত, প্রসিদ্ধ। (অমর)

"বিদ্বান্ সুভগো মানী বিশ্রুতকর্ম্মা কুলোন্নতঃ শূরঃ।
বিত্তেন ভবতি সর্ব্বো বিত্তহীনস্তু সদ্‌গুণোঽপ্যগুণঃ॥"
(কলাবিলাস ২।৫৬)

২ জ্ঞাত। ৩ সংহৃষ্ট, সম্যক্ আহ্লাদিত। (বিশ্ব) ৪ ধ্বনিত।

বিশ্রুতদেব (পুং) রাজপুত্রভেদ। (তারনাথ)

বিশ্রুতবৎ (ত্রি) বি-শ্রু-ক্তবতু। ১ বিশ্রুত, জ্ঞাতবান্। বিশ্রুত ইব বিশ্রুত-বতু ইবার্থে। ২ (অব্যয়) বিশ্রুতের ন্যায়, প্রসিদ্ধের ন্যায়, জানিতের ন্যায়। ৩ রাজপুত্রভেদ, বৃহদ্বলের ভ্রাতা। (হরিব°)

বিশ্রুতি (স্ত্রী) বি-শ্রু-ক্তিন্। ১ বিখ্যাতি, প্রসিদ্ধি।

"বিশ্রুতৌ শ্রুতদেবস্য ভুবি তৃপ্যন্তি মেঽসবঃ।" (ভাগবত ৩।২৫।২)

২ ক্ষরণ। ৩ স্রোতঃ। ৪ নানাপ্রকার স্তব।

"বিবিধং শ্রূয়তে স্তূয়তে ইতি বিশ্রুতিঃ" (মহীধর)

বিশ্রুতাত্মা (পুং) বিষ্ণু। (মহাভা° ১৩।১৪৯।৩৫)

বিশ্লথ (ত্রি) শিথিল, আলগা।

"ঐরাবতাস্ফালনবিশ্লথং যঃ সঞ্জঘট্টয়ন্নঙ্গদমঙ্গদেন।" (রঘু ৬।৭৩)

বিশ্লিষ্ট (ত্রি) বি-শ্লিষ-ক্ত। ১ বিচ্ছিন্ন, অসংযুক্ত। ২ বিকসিত, প্রস্ফুটিত, প্রকাশিত। ৩ বিযুক্ত, শিথিল। ৪ বিমুক্ত।

বিশ্লিষ্টসন্ধি (পুং) ১ অস্থিভঙ্গবিশেষ। ২ সন্ধিমুক্ত ভগ্নরোগ বিশেষ। লক্ষণ, কোনরূপ আঘাতাদিতে সন্ধি ভগ্ন হইলে, ভগ্ন স্থানে যদি অল্প শোথ, নিয়ত বেদনা এবং সন্ধির ক্রিয়াবিকৃতি হয়, তবে তাহাকে বিশ্লিষ্টসন্ধি বলে।

[চিকিৎসাদি ভগ্নশব্দে দ্রষ্টব্য]

"বিশ্লিষ্টেঽল্পশোফো বেদনাসাতত্যং সন্ধিবিক্রিয়া চ।"

(সুশ্রুত নি° ১৫ অ°)

বিশ্লেষ (পুং) বি-শ্লিষ-ঘঞ্। ১ বিধুর। ২ অযোগ। (মেদিনী)

"অদৃশ্যত ত্বচ্চরণারবিন্দবিশ্লেষদুঃখাদিব বদ্ধমৌনম্।"

৩ বিয়োগ। ৪ শৈথিল্য। ৫ বিরাগ। ৬ বিকাস, প্রকাশ।

বিশ্লেষণ (ক্লী) ১ বায়ু জন্য ব্রণবেদনাবিশেষ। ইহাতে ক্ষত স্থানে নানা প্রকার বেদনা দ্বারা আক্রান্তগাত্র ও বিশ্লিষ্টের (শ্লথভাবের) ন্যায় বোধ হয়। (সুশ্রুত) ২ পৃথক্করণ।

বিশ্লেষিন্ (ত্রি) বিশ্লেষোঽস্যাস্তীতি বিশ্লেষ ইনি। বিচ্ছেদবান্, বিয়োগী।

"ভবন্ত্যেব চ সংযোগাশ্চিরবিশ্লেষিণামপি" (কেরাসরিৎসা° ৬।২৩৭)

বিশ্লোক (ত্রি) ১ ছন্দোভেদ। ২ স্তুতির যোগ্য, স্তবনীয়।

বিশ্ব (ক্লী) বিশতি স্বকারণং ইতি বিশ প্রবেশনে বিশ-কন্ (অশূপ্রুষিলটিফণীতি কন্। উণ্ ১।১৫১) ১ জগৎ, সংসার, চরাচর। (মেদিনী)

আদ্যন্তশূন্য স্বতঃপ্রবৃত্ত কাল জগতের উপাদান (নিমিত্ত) বিশ্বরূপী আত্মার সৃষ্টি করেন। অর্থাৎ কাল সহকারে আত্মার প্রাদুর্ভাব হয়; কেননা আত্মা ব্যতিরেকে সৃষ্টি অসম্ভব। অতঃপর অব্যক্তমূর্ত্তি ঈশ্বর বিষ্ণুমায়াপরিচ্ছন্ন ব্রহ্মতন্মাত্রাবিশিষ্ট বিশ্বকে (ঐ বিশ্বরূপী আত্মাকে) কালে স্থূলরূপে পৃথগ্‌ভাবে প্রকাশ করেন।

"গুণব্যতিকরাকারো নির্ব্বিশেষোঽপ্রতিষ্ঠিতঃ।
পুরুষস্তদুপাদানমাত্মানং লীলয়াসৃজৎ॥
বিশ্বং বৈ ব্রহ্মতন্মাত্রং সংস্থিতং বিষ্ণুমায়য়া।
ঈশ্বরেণ পরিচ্ছিন্নং কালেনাব্যক্তমূর্ত্তিনা॥" (ভাগব° ৩।১০।১১-১২)

'পুরুষ ইতি। উপাদীয়তে নিমিত্ততয়া স্বীক্রিয়তে ইত্যুপাদানম্। স কালঃ উপাদানং নিমিত্তং যস্মিন্ তমাত্মানমেব বিশ্বরূপেণাসৃজৎ। স্বব্যতিরেকেণ সৃজ্যস্যাভাবাৎ। এতচ্চ বস্তুকথনমাত্রম্। কালেন নিমিত্তভূতেনাসৃজদিত্যেতাবদেব বিবক্ষিতম্। স্বব্যতিরিক্তসৃজ্যাভাবং দর্শয়ন্ কালস্য সৃষ্টিনিমিত্ততাং দর্শয়তি। বিশ্বমিতি। বিষ্ণুমায়য়া সংস্থিতং সংহৃতং ব্রহ্মতন্মাত্রং সৎ বিশ্বং ঈশ্বরেণ কর্ত্রা কালেন নিমিত্তেন পরিচ্ছিন্নং পৃথক্ প্রকাশিতম্। অব্যক্তা মূর্ত্তিঃ স্বরূপং যস্যেতি স্বতো নির্ব্বিশেষতা দর্শিতা।' (স্বামী)

স্থূলরূপে বিশ্বপ্রকাশের প্রক্রম এই,—"সর্গো নববিধস্তস্য প্রাকৃতো বৈকৃতস্তু যঃ" প্রাকৃত ও বৈকৃতভাবে সাধারণতঃ বিশ্ব নয় প্রকারে সৃষ্ট। তন্মধ্যে প্রাকৃত ছয় প্রকার ও বৈকৃত ত্রিবিধ। প্রাকৃত ছয় প্রকার এই,—

(১) মহৎ (মহত্তত্ত্ব); ইহা আত্মার গুণের বৈষম্য মাত্র।

(২) অহম্ (অহঙ্কার); ইহা হইতে দ্রব্য, জ্ঞান ও ক্রিয়ার উৎপত্তি হয়।

(৩) তন্মাত্র (পঞ্চতন্মাত্র); ইহা সূক্ষ্ম পঞ্চভূত; ইহা হইতে আবার স্থূল পঞ্চভূতের (ক্ষিতি, জল, তেজঃ, বায়ু ও আকাশের) সৃষ্টি হয়।

(৪) ইন্দ্রিয়, ইহা জ্ঞান ও কর্ম্মভেদে দুই প্রকার; তন্মধ্যে চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই কয়টী জ্ঞানেন্দ্রিয় এবং মুখ হস্ত, পাদ, পায়ু, উপস্থ এই গুলি কর্ম্মেন্দ্রিয়। এই ইন্দ্রিয়গণই জীবের জীবনোপায় ও গতি মুক্তি; কেননা ইহাদের পরিচালন দ্বারাই বিশ্বসংসারে জীবের ধর্ম্ম, অধর্ম্ম, পাপ, পুণ্য, সুখ, দুঃখ, বন্ধ, মুক্তি প্রভৃতির প্রবর্ত্তন হয়। অর্থাৎ শাস্ত্রোদিত সৎপ্রক্রিয়ায় ইন্দ্রিয়পরিচালন, ধর্ম্ম, পুণ্য, সুখ, মুক্তি প্রভৃতির এবং শাস্ত্রবিগর্হিত কার্য্যে ইন্দ্রিয়পরিচালন অধর্ম্ম, পাপ, দুঃখ ও বন্ধ প্রভৃতির কারণ হয়।

(৫) বৈকারিক (ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেবগণ ও মন প্রভৃতি) পদার্থের দৃষ্টি।

(৬) তমোগুণ (পঞ্চপর্ব্ব অবিদ্যা) ইহা বুদ্ধির আবরণ (প্রতিভানিবর্ত্তক) ও বিক্ষেপজনক (ব্যাকুলতাকারক)।

ত্রিবিধ বৈকৃত; যথা,—

(৭) বনস্পতি, ওষধি, লতা, ত্বক্‌সার, বীরুধ ও দ্রুম এই ছয় প্রকার স্থাবর। ইহাদের মধ্যে যাহাদের পুষ্প ব্যতিরেকে ফল হয়, তাহারা বনস্পতি; যাহারা ফল পাকিলে মরিয়া যায় তাহারা ওষধি; যাহারা মজ্জবিহীন অর্থাৎ যাহাদের ত্বকেই সার জন্মে, (যেমন বংশাদি) তাহারা ত্বক্‌সার। বীরুধ প্রায় লতারই মত, তবে লতা অপেক্ষা ইহার কাঠিন্য আছে। যাহাদের

পুষ্প হইতে ফল উৎপন্ন হয়, তাহাদের নাম দ্রুম। এই সকল স্থাবরগণ তমঃপ্রায় (অব্যক্ত চৈতন্য) অর্থাৎ ইহাদের চৈতন্য থাকিয়াও তাহা অব্যক্ত; আর ইহারা অন্তঃস্পর্শ (অন্তরে ইহাদের স্পর্শবোধ আছে, কিন্তু বাহিরে নহে)। ইহাদের আহার্য্য দ্রব্য (রস) মূল হইতে ঊর্দ্ধদেশে সঞ্চারিত হইয়া শরীর পোষণ করে বলিয়া ইহাদিগকে ঊর্দ্ধস্রোতাঃ বলে।

(৮) তির্য্যক্‌প্রাণী (পশু, পক্ষী, ব্যালাদি); ইহারা অবিদ (স্মৃতিহীন, অতীত ঘটনাদি-বিষয়ে জ্ঞানশূন্য), ভূরিতমাঃ (মাত্র আহারাদির বিষয়ে নিষ্ঠাবান্); ঘ্রাণজ্ঞ (গন্ধগ্রহণেই প্রয়োজনীয় বিষয়ে জ্ঞানশালী) এবং অবেদী (মনোভাব বিজ্ঞাপনে অসমর্থ বা দীর্ঘানুসন্ধানশূন্য)। এসম্বন্ধে শ্রুতিতেও উল্লেখ আছে; যথা,—"অথেতরেষাং পশূনামশনাপিপাসে এবাভিজ্ঞানং ন বিজ্ঞাতং বদন্তি ন বিজ্ঞাতং পশ্যন্তি ন বিদুঃ শ্বস্তনং ন লোকালোকাবিতি"।

উক্ত তির্য্যক্ জাতি, একশফ (জোড়াখুর) বিশিষ্ট গর্দ্দভ, অশ্ব, অশ্বতর (ক্ষুদ্রাশ্ব) এই তিন এবং গৌর, শরভ ও চমরী (মৃগজাতীয়) এই তিন, সমুদয়ে ছয় প্রকার। গো, ছাগ, মহিষ, শূকর, গবয় (গোজাতীয় বা বন্যগরু), কৃষ্ণ, রুরু (এই দুইটী মৃগজাতীয়), মেষ ও উষ্ট্র, এই দ্বিশফ (দ্বিখণ্ডিত খুর) বিশিষ্ট নয় প্রকার, আর কুকুর, শৃগাল, নেকড়িয়া বাঘ, ব্যাঘ্র, বিড়াল, শশ, শজারু, সিংহ, বানর, হস্তী, কূর্ম্ম ও গোধা, এই দ্বাদশ প্রকার পঞ্চনখী (পঞ্চ নখবিশিষ্ট) জন্তু এবং মকর কুম্ভীরাদি জলচর ও কঙ্কগৃধ্রাদি খেচর এই উভয়বিধ জন্তুকে এক প্রকার ধরিয়া সাকল্যে অষ্টাবিংশতি প্রকার নির্দ্দিষ্ট হইয়াছে।

(৯) নরদেহ, ইহা রজোগুণবহুল, কর্ম্মতৎপর, দুঃখেও সুখাভিমানী এবং অর্ব্বাক্‌স্রোতাঃ অর্থাৎ ইহাদের আহার্য্য দ্রব্য (অন্নাদি), ঊর্দ্ধ (মুখ) হইতে অধঃ (নিম্ন কোষ্ঠাদিতে) সঞ্চরণপূর্ব্বক শরীর পোষণ করে।

এতদ্‌ভিন্ন দেব, দানব, গন্ধর্ব্ব, অপ্সরঃ, যক্ষ, রক্ষঃ, ভূত, প্রেত, পিশাচ, সিদ্ধ, বিদ্যাধর, কিন্নর, প্রভৃতি দেবযোনিপ্রাপ্ত এবং সনৎকুমারাদি উভয়াত্মক (দেবত্ব ও মনুষ্যত্ব ব্যপদেশে উভয় লোকান্তর্গত) কতকগুলি লোকও এই বিশ্বব্রহ্মাণ্ডে সৃজ্যমান হন। সংক্ষেপতঃ ইহাঁদেরও সৃষ্টিপ্রক্রম নিম্নে বিবৃত হইতেছে।

প্রজাপতি ব্রহ্মা সহস্রার্কদ্যুতি ব্রহ্মাণ্ডভাণ্ডোদর নারায়ণের নাভিপদ্ম হইতে সমুদ্ভূত হইয়া তদাদেশে স্বীয় প্রভাপ্রতিযোগিনী ছায়া দ্বারা তামিস্র, অন্ধতামিস্র, তমঃ, মোহ ও মহাতমঃ এই পঞ্চপর্ব্বরূপ অবিদ্যার সৃষ্টি করেন। এই পঞ্চপর্ব্বের সৃষ্টি হওয়ায় জগৎ নিবিড় অন্ধকারময় ক্ষুত্তৃষ্ণাসমুৎপাদক রাত্রিরূপে পরিণত হইল এবং তিনিও (ব্রহ্মাও) তৎসঙ্গে মিশিয়া গেলেন অর্থাৎ "যাঽস্য তনুরাসীৎ তামুপাহরৎ সা তমিস্রাভবৎ" (শ্রুতি), তাঁহার শরীরও ঘোর তমসাচ্ছন্ন হইল। অতঃপর তাঁহা হইতে উৎপন্ন যক্ষ, রক্ষঃ প্রভৃতি উক্ত ক্ষুত্তৃষ্ণাসমুৎপাদক রাত্রিকে প্রাপ্ত হওয়ায় তাহারা যারপর নাই ক্ষুধাতৃষ্ণায় কাতর হইল এবং অন্য কোন আহার্য্য না পাইয়া কিংকর্ত্তব্যবিমূঢ়াবস্থায় আহারান্বেষণে ব্রহ্মাকেই লক্ষ্য করিয়া ভক্ষণমানসে তৎপ্রতিই প্রধাবিত হইতে লাগিল, আর বলিতে লাগিল যে, "মা রক্ষতৈনং জক্ষধ্বং" তোমরা ইহাকে রাখিও না, খাইয়া ফেল। প্রজাপতি স্বয়ং এই কথা শুনিয়া উদ্বিগ্নচিত্তে চীৎকার করিতে লাগিলেন যে, "মা মা জক্ষত রক্ষত অহো মে যক্ষরক্ষাংসি! প্রজা যূয়ং বভূবিথ" হে যক্ষরক্ষগণ! তোমরা আমার সন্তান, আমা হইতে উৎপন্ন হইয়াছ, অতএব আমাকে ভক্ষণ করিও না, রক্ষা কর। এই সময়ে যাহারা 'মা রক্ষত' রক্ষা করিও না বলিয়াছিল, তাহারা রাক্ষস এবং যাহারা 'জক্ষধ্বং' খাইয়া ফেল, এই কথা বলিয়াছিল, তাহারা যক্ষ বলিয়া জগতে প্রচারিত হইল। ইহারা দেবযোনি প্রাপ্ত হইলেও তমোবহুলাবস্থায় উৎপন্ন হওয়ায় ইহাদিগকে তির্য্যগাদি তামসসৃষ্টির অন্তর্ভূত বলিয়া ধরা যায়।

ইহার পর সত্ত্বগুণ বহুলাবস্থায় দ্যোতমান (সাত্ত্বিক ভাবাপন্ন) হইয়া যাঁহারা উৎপন্ন হন, তাঁহারা স্বীয় স্বীয় প্রভায়ও দ্যুতিমান্ হওয়ায় জগতে দেবতানামে প্রসিদ্ধ হইয়া সর্ব্বোচ্চ পদবীতে আরূঢ় হইলেন। এই সময়ে ব্রহ্মার যে প্রভা বিস্তার হইয়াছিল, তাহা হইতে দিবার উৎপত্তি হইলে ঐ দেবগণ তাহাতে ক্রীড়া করিতে লাগিলেন।

অতঃপর "স জঘনাদসুরানসৃজত" (শ্রুতিঃ) প্রজাপতি স্বীয় জঘন দেশ হইতে অতিলোলুপ স্ত্রী-লম্পট অসুরদিগের সৃষ্টি করিলে, তাহারা সাতিশয় মৈথুনলুব্ধ হইয়া আত্মবৃত্তি চরিতার্থের উপায়ান্তরাভাবে তদুদ্দেশ্যে তাঁহারই উপর প্রধাবিত হইতে লাগিল। ইহাতে তিনি প্রথমে মনে মনে হাসিতে লাগিলেন; কিন্তু নির্লজ্জ অসুরদিগের ভাবগতিক উত্তরোত্তর ভাল বোধ না হওয়ায় ক্রুদ্ধ ও ভীত হইয়া সত্বর তথা হইতে পলায়ন করিলেন এবং বিষ্ণুর নিকট গিয়া যথাযথভাবে আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্ত বলিলেন। বিষ্ণু পূর্ব্বাপর অবস্থা বুঝিয়া তাঁহাকে ভাবান্তরে অবস্থান করিতে আদেশ করিলেন। তদনুসারে ("সাহোরাত্রয়োঃ সন্ধিরভবৎ" (শ্রুতিঃ) "সা তেন বিসৃষ্টা তনুঃ সায়ন্তনী সন্ধ্যা বভূব") ব্রহ্মা শরীর পরিবর্ত্তন দ্বারা দিব্যরূপিণী সায়ন্তনী সন্ধ্যামূর্ত্তি ধারণ করিলে, তাহা দেখিয়া কামবিহ্বল অসুরগণ অশেষ লাবণ্যময়ী বিলাসৈকনিলয়া স্ত্রীমূর্ত্তিভ্রমে বিভ্রমোন্মত্ত হইয়া তৎপ্রতি আলিঙ্গনোদ্যত হইল এবং বস্তুগত্যা

কোন পদার্থের উপলব্ধি করিতে না পারিয়া হতবুদ্ধির ন্যায় ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিল।

অনন্তর স্বয়ম্ভু স্বীয় লাবণ্যময়ী কান্তিদ্বারা গন্ধর্ব্ব, অপ্সর ও সর্ব্বলোকপ্রিয় কান্তিমতী জ্যোৎস্নার সৃষ্টি করেন। এইরূপে সর্ব্বলোকপিতামহ ব্রহ্মা নিজের আলস্য দ্বারা তন্দ্রা, জৃম্ভা, নিদ্রা ও উন্মাদের হেতুভূত ভূতপ্রেতপিশাচাদির সৃষ্টি করিলেন। তৎপরে সাধ্য ও পিতৃগণের সৃষ্টি হইল; এই সাধ্য ও পিতৃগণকেই লোকে এখনও শ্রাদ্ধাদি দ্বারা স্ব স্ব পিতার ন্যায় হব্য কব্য প্রদান করে। অন্তর্ধান-শক্তিদ্বারা সিদ্ধ ও বিদ্যাধরগণের সৃষ্টি করেন; এই কারণেই ইহাদের আত্মায় এক অত্যদ্ভুত অন্তর্ধান-শক্তি জন্মে অর্থাৎ ইহারা ইচ্ছা করিলে যে কোন সময়ে অন্তর্হিত ও প্রাদুর্ভূত হইতে পারে। এতদন্তরে আত্মপ্রতিবিম্ব (স্বকীয় দেহকান্তি) অবলম্বনে কিন্নর কিন্নরীর সৃষ্টি করিলেন; পরে সৃষ্টির আর বিবৃদ্ধি না দেখিয়া ভগবান্ ক্রোধরাগাদিযুক্ত ভোগদেহ পরিত্যাগ করিলে, সেই দেহ হইতে যে সকল কেশরাশি প্রচ্যুত হইয়াছিল, তাহা হইতে সর্পদিগের উৎপত্তি হইল।

এই সকল সৃষ্টির পর স্বয়ম্ভু স্বয়ং যখন আত্মাকে মন্যমান বোধ করিতে লাগিলেন, তখন স্বীয় দেহ ও পুরুষকার অর্পণে মনের দ্বারা মনুগণের সৃষ্টি করিলেন। ইহাতে দেবগণ প্রজাপতির ভূয়সী প্রশংসা করিতে লাগিলেন; কেননা তাঁহারা ভাবিলেন, মনুদিগের দ্বারা অগ্নিহোত্রাদি অনুষ্ঠিত হইলে আমরা হবির্ভাগাদি ভক্ষণ করিতে পারিব। ইহার পর তপঃ, উপাসনা, যোগ ও বৈরাগ্যৈশ্বর্য্যযুক্ত সমাধিসম্পন্ন ঋষিগণের সৃষ্টি করেন; ইহাঁদিগের প্রত্যেককেও ভগবান্ কর্ত্তৃক স্বকীয় দেহের অংশ প্রদত্ত হয়।

[বিস্তৃত বিবরণ জগৎ ও পৃথিবী শব্দে দ্রষ্টব্য]

২ শুণ্ঠী। পর্য্যায়—মহৌষধ, শুণ্ঠী, নাগর, বিশ্বভেষজ। (রত্নমালা) শৃঙ্গবের, কটুভদ্র, উষণ। (ভাবপ্র°) ৩ বোল, গন্ধবোল, চলিত নিশাদল। (পুং) ৪ গণদেবতাবিশেষ। বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, কাম, ধৃতি, কুরু, পুরূরবা, মাদ্রবা, এই দশটী। ইহাদের মধ্যে ইষ্টিশ্রাদ্ধে ক্রতু ও দক্ষ; নান্দীমুখ (আভ্যুদয়িক) শ্রাদ্ধে সত্য ও বসু; নৈমিত্তিক ক্রিয়ায় কাল এবং কাম; কাম্যকর্ম্মে ধৃতি ও কুরু, আর পার্ব্বণশ্রাদ্ধে পুরূরবা ও মাদ্রবার উল্লেখ করিতে হয়। ইহাঁরা ধর্ম্ম হইতে দক্ষকন্যা বিশ্বার গর্ভে উৎপন্ন হন। (মৎস্যপু° ৫ অ°) ৫ নাগর, শুঁঠ। (বিশ্ব) (স্ত্রী) ৬ পরিমাণবিশেষ; ৯৬ রতি=তোলা; ৮ তোলা=পল; ২০ পল=বিশ্বা। (জ্যোতিষ্মতী) ৭ স্থূলশরীরব্যাপী চৈতন্য, প্রত্যেক শরীরাবচ্ছিন্ন জীবাত্মা। (বেদান্তসার)

(ত্রি) ৮ সকল, সমস্ত।

"যস্ত বিশ্বস্য জগতো বুদ্ধিমাক্রম্য তিষ্ঠতি।"

(মহাভারত ৩।২১৮।১৬)

৯ বহু, অনেক। (নিঘণ্টু) (স্ত্রিয়াং টাপ্) ১০ দক্ষকন্যাভেদ, বিশ্বদেবগণের মাতা। (মৎস্যপু°)

১১ অতিবিষা, আতইচ। ১২ শতাবরী, শতমূল। (রাজনি°) (ক্লী) ১৩ বিষ্ণু। (বিষ্ণুস°) ১৪ দেহ।

১৫ শিব। (ভারত ১৩।১৭।১৪৫)

বিশ্বক (ত্রি) বিশ্ব-কন্। নিখিল, সমস্ত।

বিশ্বকথা (স্ত্রী) ১ জগৎসম্বন্ধীয় কথা। ২ সমস্ত কথা, যাবতীয় কথা।

বিশ্বকদ্রু (পুং) ১ মৃগয়াকুশল কুক্কুর, শীকারী কুক্কুর। (অমর) ২ শব্দ, ধ্বনি। (ত্রি) ৩ খল, ক্রূর। (মেদিনী)

বিশ্বকর্ত্তৃ (ত্রি) ১ জগৎস্রষ্টা, জগৎপতি, জগদীশ্বর।

"রূঢ়ং প্রকৃত্যাত্মনি বিশ্বকর্ত্তুর্ভাবেন হিত্বা তমহং প্রপদ্যে।"

(ভাগবত ৯।১০।৪৮)

২ বৌধায়নসূত্রানুযায়ি-পদ্ধতিপ্রণেতা। সংস্কার-কৌমুদীতে ইঁহার উল্লেখ আছে।

বিশ্বকর্ম্ম (ত্রি) সর্ব্বকর্ম্মক্ষম, সকল কার্য্যে দক্ষ।

"অভিভূরহমাগমং বিশ্বকর্ম্মেণ ধাম্না" (ঋক্ ১০।১৬৬।৪)

'বিশ্বকর্ম্মেণ সর্ব্বকর্ম্মক্ষমেণ' (সায়ণ)

বিশ্বকর্ম্মজা (স্ত্রী) বিশ্বকর্ম্মণঃ জায়তে বিশ্বকর্ম্মন্-জন ড। সূর্য্যপত্নী, সংজ্ঞা।

বিশ্বকর্ম্মসুতা (স্ত্রী) বিশ্বকর্ম্মণঃ সুতা। সূর্য্যপত্নী, সংজ্ঞা। (শব্দরত্না°)

বিশ্বকর্ম্মন্ (পুং) বিশ্বেষু কর্ম্ম যস্য। ১ সূর্য্য। ২ দেবশিল্পী। (অমর) পর্য্যায়—ত্বষ্টা, বিশ্বকৃৎ, দেববর্দ্ধকি। (হেম)

মৎস্যপুরাণে লিখিত আছে যে, বিশ্বকর্ম্মা প্রভাসের পুত্র। ইনি প্রাসাদ, ভবন, উদ্যান প্রভৃতি বিষয়ে শিল্পপ্রজাপতি।

"বিশ্বকর্ম্মা প্রভাসস্য পুত্রঃ শিল্পপ্রজাপতিঃ।
প্রাসাদভবনোদ্যানপ্রতিমাভূষণাদিষু।
তড়াগারামকূপেষু স্মৃতং সোঽমরবর্দ্ধকিঃ॥" (মৎস্যপু° ৫ অ°)

বিষ্ণুপুরাণে লিখিত আছে যে, অষ্টমবসুর মধ্যে প্রভাসের ঔরসে বৃহস্পতির ব্রহ্মচারিণী ভগিনীর গর্ভে বিশ্বকর্ম্মার জন্ম হয়। ইনি শিল্পসমূহের কর্ত্তা এবং দেবতাদিগের বর্দ্ধকি। ইনিই দেবগণের বিমানাদি প্রস্তুত করিয়াছিলেন। মনুষ্যগণ ইহাঁরই শিল্প লইয়া জীবিকা নির্ব্বাহ করে।

"বৃহস্পতেস্তু ভগিনী বরস্ত্রী ব্রহ্মচারিণী।
যোগসিদ্ধা জগৎ কৃৎস্নমসক্তা বিচরত্যুত॥
প্রভাসস্য তু ভার্য্যা সা বসূনামষ্টমস্য তু।
বিশ্বকর্ম্মা মহাভাগস্তস্যাং জজ্ঞে প্রজাপতিঃ॥

কর্ত্তা শিল্পসহস্রাণাং ত্রিদশানাঞ্চ বর্দ্ধকিঃ।
ভূষণানাঞ্চ সর্ব্বেষাং কর্ত্তা শিল্পবতাং বরঃ॥
যঃ সর্ব্বেষাং বিমানানি দেবতানাং চকার হ।
মনুষ্যাশ্চোপজীবন্তি যস্য শিল্পং মহাত্মনঃ॥"
(বিষ্ণুপুরাণ ১।১৫অ°)

বেদাদিতে বিশ্বকর্ম্মা ইন্দ্র (ঋক্ ৮।৮৭।২), সূর্য্য (মার্ক°পু° ১০৭।১১), প্রজাপতি (শুক্ল যজুঃ ১২।৬১), বিষ্ণু (ভারত ভীষ্ম), শিব (লিঙ্গপু°) প্রভৃতি শক্তিমান্ দেবগণের নামরূপে ব্যবহৃত হইয়াছে। পরে উহা বিশ্বস্রষ্টা ত্বষ্টৃর নামবিশেষে (হরিবংশ) পরিগণিত হইয়াছে। এই পর্য্যায়ে বিশ্বকর্ম্মা বিশ্বব্রহ্মাণ্ডের অদ্বিতীয় শিল্পী বলিয়া গণ্য। ঋক্‌বেদের ১০।৮১-৮২ সূক্তে প্রকটিত আছে, "ইনি সর্ব্বদর্শী ভগবান্; ইঁহার চক্ষু, বদন, বাহু ও পদ দশদিক্ ব্যাপিয়া রহিয়াছে। বাহু ও পদদ্বয়ের সহায়তায় ইনি স্বর্গ ও মর্ত্ত্য নির্ম্মাণ করেন; ইনি পিতা, সর্ব্বপ্রসূ, সর্ব্বনিয়ন্তা; ইনি বিশ্বজ্ঞ, প্রত্যেক দেবতার যথাযোগ্য নামকরণ করেন এবং নশ্বর প্রাণীর ধ্যানাতীত পুরুষ।" ঐ শ্লোকে আরো উক্ত আছে যে, ইনি আত্মদান করিয়া থাকেন, কিংবা আপনি সর্ব্বভূতের বলিদান গ্রহণ করেন। এই বলি সম্বন্ধে নিরুক্তে উক্ত হইয়াছে,—"ভুবনের পুত্র বিশ্বকর্ম্মা সর্ব্বমেধ দ্বারা জগৎ সৃষ্টি আরম্ভ করেন এবং আত্মবলিদান করিয়া নির্ম্মাণ শেষ করেন।" [ঋগ্বেদ ১০।৮১-৮২ সূক্তে বিস্তৃত বিবরণ দ্রষ্টব্য।]

পুরাণকারগণ বলেন, ইনি বৈদিকত্বষ্টার কার্য্য করিয়া থাকেন এবং ঐ কার্য্যে বিশেষ ক্ষমতাপন্ন। এজন্য ইনি ত্বষ্টা নামেও অভিহিত হন। কেবল মাত্র শ্রেষ্ঠ শিল্পী বলিলেই ইঁহার পরিচয় শেষ হয় না, পরন্তু ইনি দেবগণের শিল্পকার এবং তাঁহাদের অস্ত্রাদি প্রস্তুত করিয়া দেন। আগ্নেয়াস্ত্র নামক ভীষণ যুদ্ধাস্ত্র ইঁহারই নির্ম্মিত শিল্পবিশেষ। ইনিই জগতে স্থাপত্য-বেদ বা শিল্পবিজ্ঞান গ্রন্থ অভিব্যক্ত করিয়াছিলেন।

মহাভারতে লিখিত আছে যে, "ইনি শিল্পসমূহের শ্রেষ্ঠতম কর্ত্তা, সহস্র শিল্পের আবিষ্কারক দেবকুলের মিস্ত্রী, সর্ব্ব প্রকার কারুকার্য্যের নির্ম্মাতা, শিল্পিকুলের শ্রেষ্ঠতম পুরুষ, ইনি দেবতাগণের স্বর্গীয়রথ প্রস্তুত করিয়া দিয়াছেন। ইহারই নৈপুণ্যে সর্ব্বলোক উজ্জীবিত; ইনি মহৎ ও অমর দেবতাবিশেষ। ইঁহাকে সর্ব্বজীব পূজা করিয়া থাকে।

রামায়ণে বর্ণিত আছে যে, রাক্ষসগণের বসতির জন্য ইনি লঙ্কাপুরী নির্ম্মাণ করিয়াছিলেন। সেতুবন্ধ প্রস্তুতের জন্য রামের সাহায্যার্থ ইনি নল বানরকে সৃষ্টি করিয়াছিলেন।

মহাভারত আদিপর্ব্বে ও কোন কোন পুরাণে দেখা যায় যে, অষ্ট বসুর একতম প্রভাসের ঔরসে ও তৎপত্নী লাবণ্যময়ী সতী যোগসিদ্ধার গর্ভে বিশ্বকর্ম্মার জন্ম হয়। বিশ্বকর্ম্মা স্বকন্যা সংজ্ঞাকে সূর্য্যের সহিত বিবাহ দেন; সংজ্ঞা সূর্য্যের প্রখর তাপ সহ্য করিতে না পারায়, বিশ্বকর্ম্মা সূর্য্যকে কুঁদযন্ত্রে (শানচক্রে) চড়াইয়া উহার ঔজ্জ্বল্যের অষ্টমাংশ কর্ত্তন করিয়া ফেলেন। কর্ত্তিত অংশ পৃথিবীর উপর পড়িয়া যায় এবং তাহা দ্বারা তিনি "বিষ্ণুর সুদর্শন চক্র, শিবের ত্রিশূল, কুবেরের অস্ত্র, কার্ত্তিকেয়ের বল্লম এবং অন্যান্য দেবগণের অস্ত্রশস্ত্রাদি নির্ম্মাণ করিয়াছিলেন।" প্রসিদ্ধ জগন্নাথ মূর্ত্তি বিশ্বকর্ম্মারই রচিত বলিয়া প্রসিদ্ধ।

সৃষ্টিকারক রূপে বিশ্বকর্ম্মা কখনও কখনও প্রজাপতি নামে অভিহিত হইয়া থাকেন। ইনি কারু, তক্ষক, দেব-বর্দ্ধকি, সুধন্বন্ প্রভৃতি নামেও পরিচিত।

বিশ্বকর্ম্মা শিল্পসমূহের কর্ত্তা বলিয়া দেবশিল্পী নামে অভিহিত। হিন্দু শিল্পিগণ শিল্পকর্ম্মের উন্নতির জন্য প্রতি বৎসর ভাদ্রমাসের সংক্রান্তি তিথিতে বিশ্বকর্ম্মার পূজা করিয়া থাকে। ঐ দিনে তাহারা আদৌ শিল্পযন্ত্রাদির কোনরূপ ব্যবহার করে না। ঐ সকল যন্ত্রাদি উত্তমরূপে পরিষ্কার করিয়া পূজা স্থানে রাখিয়া থাকে। নিম্নশ্রেণীর হিন্দুকৃষকগণও হাল, কোদাল প্রভৃতির পূজা করে।

বিশ্বকর্ম্মার পূজা যথা—প্রাতঃকালে নিত্যক্রিয়াদি সমাপন করিয়া শুদ্ধাসনে উপবেশন পূর্ব্বক প্রথমে স্বস্তিবাচনাদি ও তৎপরে সঙ্কল্প করিতে হয়। 'বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শিল্পনৈপুণ্যাদি বৃদ্ধিপূর্ব্বকশ্রীবিশ্বকর্ম্মপ্রীতিকামঃ গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বকং বিশ্বকর্ম্মপূজনমহং করিষ্যে'। (পরার্থে হইলে 'করিষ্যামি' বলিতে হইবে।)

পরে সংকল্প সূক্তাদি পাঠ করিয়া সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি ও ঘটস্থাপনাদি করিয়া সামান্য পূজাপদ্ধতিক্রমে গণেশাদি দেবতার পূজা করিতে হইবে। তৎপরে 'বাং হৃদয়ায় নমঃ, বীং শিরসে স্বাহা' বলিয়া অঙ্গ ও করন্যাস এবং নিম্নোক্তরূপে ধ্যান করিবে।

ধ্যান যথা—

"ওঁ দংশপাল মহাবীর সুমিত্র কর্ম্মকারক।
বিশ্বকৃৎ বিশ্বধৃক্ চ ত্বং বাসনামানদণ্ডধৃক্॥"

এই ধ্যান করিয়া মানসোপচারে পূজা ও বিশেষার্ঘ্য স্থাপন পূর্ব্বক পুনরায় ধ্যান পাঠানন্তর আবাহন করিবে।

ওঁ বিশ্বকর্ম্মন্নিহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।

ওঁ বিশ্বকর্ম্মন্নিহাগচ্ছ তুলাবদ্ধমলং কুরু।

ওঁ শিল্পাচার্য্যায় দেবায় নমস্তে বিশ্বকর্ম্মণে স্বাহা' ওঁ বিশ্বকর্ম্মণে নমঃ, এই মন্ত্রে যথোপচারে পূজা ও জপাদি করিয়া প্রণাম করিবে। যথা—

"ওঁ দেবশিল্পিন্ মহাভাগ! দেবানাং কার্য্যসাধক।
বিশ্বকর্ম্মন্নমস্তভ্যং সর্ব্বাভীষ্টফলপ্রদ॥"

এই মন্ত্রে প্রণাম ও পূজাঙ্গ সমস্ত কার্য্য শেষ করিয়া দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিতে হয়।

বঙ্গের অনেকস্থানে ভাদ্রসংক্রান্তিতে বিশ্বকর্ম্মার পূজোপলক্ষে একটী উৎসব হইতে দেখা যায়। এ উৎসব নিম্নশ্রেণীর লোকদিগের মধ্যেই সীমাবদ্ধ। অধিকাংশস্থলে নমঃশূদ্রগণই এই উৎসবের নেতা। পূজার দিন সকলেই সকালবেলা স্নান করে। নর নারী সকলেই স্ফূর্ত্তিযুক্ত। আত্মীয় বন্ধুবান্ধব সকলেই এই দিন সম্পন্ন গৃহস্থের বাড়ীতে নিমন্ত্রিত হয়। পূজার পর সকলেই এক সঙ্গে সসন্তোষে আহার করে। এই দিন তাহারা স্বল্প ব্যয়ে এক প্রকার পিণ্ডাকার পিষ্টক প্রস্তুত করিয়া লয়। এই পিষ্টকের নাম ভদুয়া। ভদুয়ার উপাদান শুদ্ধ চাউলের গুঁড়ি, সাধারণ মিষ্ট সংযোগে এই ভদুয়া পিষ্টক সে দিন তাহারা মহাস্ফূর্ত্তির সহিত আকণ্ঠ আহার করে। তারপর বাইচখেলার ধূম। গ্রামের মাতব্বর মাতব্বর লোক এই বাইচ্‌খেলার ব্যয় নির্ব্বাহ করে। তাহাদেরই উৎসাহে ও নেতৃত্বে অপর সাধারণ উৎসবে মাতিয়া উঠে। স্বল্পপ্রস্থ, দীর্ঘাকার বৃহৎ বৃহৎ নৌকা সুসজ্জিত হয়। নৌকার দুই কাতারে সারি বাঁধিয়া বৈঠা হাতে অসংখ্য লোক সোল্লাসে বসিয়া যায়। নৌকার অগ্র ও পশ্চাদ্ভাগ গাঢ় সিন্দূরে বিলিপ্ত ও নানা পুষ্পমাল্যে ভূষিত হয়। নৌকার যিনি মাতব্বর কর্ত্তা, তিনি নূতন কাপড় পরিয়া নৌকার মাঝখানে দাঁড়াইয়া চালকদিগকে দ্রুত চালাইবার পক্ষে উৎসাহ দিতে থাকেন।

এ উৎসবে কেবল নিম্নশ্রেণীর হিন্দু নয়, নিম্নস্তরের মুসলমানগণও ভদুয়া খাইয়া সোল্লাসে যোগ দিয়া থাকে। বাইচ খেলাইবার জন্য ইহারাও সুসজ্জিত নৌকা লইয়া মাতব্বর নেতার অধীনে খেলায় জয়ী হইবার চেষ্টা করে। খেলা প্রধানতঃ নদী বা সুবিস্তীর্ণ খাল বিলাদি জলাশয়ে হয়। উৎসব দিনের পূর্ব্ব হইতেই খেলার স্থান ঘোষণা দ্বারা নির্ণীত হইয়া থাকে। যে নৌকা জোরে চালাইয়া সকল নৌকার অগ্রে যাইতে পারে, তাহারই জয়জয়কার পড়িয়া যায়। যখন সারি বাঁধিয়া পরস্পর প্রতিদ্বন্দ্বী দীর্ঘ দীর্ঘ নৌকাশ্রেণী নদীবক্ষ আলোড়িত করিয়া বিদ্যুদ্বেগে ছুটিয়া চলে, তখনকার দৃশ্য বড়ই চমৎকার। এ খেলায় দর্শকও বিস্তর হয়। অনেক সময়ে প্রতিদ্বন্দ্বিতার ফলে হিন্দুতে হিন্দুতে, মুসলমানে মুসলমানে এবং হিন্দু মুসলমানে ভীষণ দাঙ্গার সৃষ্টি হয়। খেলায় জয়ী দলকে কোন কোন মাতব্বর পুরস্কার বিতরণ করে। পরে বাড়ী গিয়া পুনরায় সকলে ভদুয়া খায়। এই সকল নৌকা বাহিবার জন্য নৌকাবিশেষে একশত হইতে তিনশত পর্য্যন্ত লোক হইয়া থাকে।

বিজয়ার দিন প্রতিমাবিসর্জ্জনের সময়ও পূর্ব্ববঙ্গে এইরূপ খেলা হয়।

৩ শিবের সহস্রনামান্তর্গত নামভেদ। (লিঙ্গপু° ৬৫।১১৮)

৪ চেতনা ধাতু। চরকের বিমান স্থানে লিখিত আছে, জীবের চেতনাধাতুর নাম বিশ্বকর্ম্মা। চরকমুনি চেতনাধাতুকে কর্ত্তা, মন্তা, বেদিতা, ব্রহ্মা, বিশ্বকর্ম্মা প্রভৃতি নামে অভিহিত করিয়াছেন।

"চেতনা ধাতুঃ সত্ত্বকরণো গুণগ্রহণায় প্রবর্ত্ততে। স হি হেতুঃ কারণং নিমিত্তমক্ষরং কর্ত্তা, মন্তা বেদিতা বোদ্ধা দ্রষ্টা ধাতা ব্রহ্মা বিশ্বকর্ম্মা বিশ্বরূপঃ" (চরক বিমানস্থা° ৪ অ°)

৫ সর্ব্বব্যাপারহেতু। "যেনেমা বিশ্বা ভুবনান্যভূতা বিশ্বকর্ম্মণা" (ঋক্ ১০।১৭০।৪) 'বিশ্বকর্ম্মণা সর্ব্বব্যাপারহেতুনা' (সায়ণ)

৬ ইলোরার অন্তর্গত স্বনামপ্রসিদ্ধ গুহামন্দির। [ইলোরা দেখ]

বিশ্বকর্ম্মন্, বাস্তুপ্রকাশ, বাস্তুবিধি, বাস্তুশাস্ত্র, বাস্তুসমুচ্চয়, অপরাজিতা বাস্তুশাস্ত্র, আয়তত্ত্ব, বিশ্বকর্ম্মীয় প্রভৃতি গ্রন্থপ্রণেতা। ২ মীমাংসাসার-রচয়িতা। ৩ সহ্যাদ্রিবর্ণিত রাজভেদ। এই রাজবংশ পদ্মাবতীর ভক্ত ও সৌনলমুনিকুলে জাত। (সহ্যা° ৩১।৩০)

বিশ্বকর্ম্মপুরাণ, উপপুরাণভেদ।

বিশ্বকর্ম্মন্ শাস্ত্রিন্, সৎপ্রক্রিয়া ব্যাকৃতিনাম্নী প্রক্রিয়াকৌমুদী-টীকা-রচয়িতা।

বিশ্বকর্ম্মেশ (ক্লী) শিবলিঙ্গভেদ।

বিশ্বকর্ম্মেশ্বরলিঙ্গ (ক্লী) লিঙ্গভেদ, বিশ্বকর্ম্মাকর্ত্তৃক প্রতিষ্ঠিত লিঙ্গভেদ। (স্কন্দপুরাণ)

বিশ্বকা (স্ত্রী) গঙ্গাচিল্লী, চলিত গাং চিল্।

'গঙ্গাচিল্লীতু দেবট্টি বিশ্বকা জলকুক্কুটী।' (হারাবলী)

বিশ্বকায় (ত্রি) বিষ্ণু, বিশ্বই যাহার কায় (শরীর)।

"স বিশ্বকায়ঃ পুরুহূত ঈশঃ সত্যঃ স্বয়ং জ্যোতিরজঃ পুরাণঃ।" (ভাগবত ৮।১।১৩)

'বিশ্বকায়ঃ বিশ্বং কায়ো যস্য' (স্বামী) স্ত্রিয়াং টাপ্। বিশ্বকায়া—দাক্ষায়ণী, দুর্গা।

বিশ্বকারক (পুং) বিশ্বস্য কারকঃ। বিশ্বের কর্ত্তা, শিব। (শিবপু°)

বিশ্বকারু (পুং) বিশ্বকর্ম্মা।

বিশ্বকার্য্য (পুং) সূর্য্যের সপ্তপ্রধান জ্যোতিঃভেদ।

বিশ্বকূট, হিমালয়স্থ শৃঙ্গভেদ। (হিম° খ° ৮।১০২)

বিশ্বকৃৎ (পুং) বিশ্বং করোতীতি কৃ-ক্বিপ্ তুক্‌চ। বিশ্বকর্ম্মা।

"ত্রিষু লোকেষু যৎ কিঞ্চিৎ ভূতং স্থাবরজঙ্গমম্।
সমানয়দ্ধ্বনীয়ং তত্তদত্র স বিশ্বকৃৎ॥" (ভারত ১।১১২।১৩)

২ ব্রহ্মা। (ভাগবত ৯।১৪।৮)

বিশ্বকৃষ্টি (ত্রি) সকল মনুষ্য যাহার আত্মীয়স্বরূপ।

"বৈশ্বানরো মহিম্না বিশ্বকৃষ্টিঃ" (ঋক্ ১।৬০।৭)

'বৈশ্বানরো অগ্নিঃ মহিম্না মহত্ত্বেন বিশ্বকৃষ্টিঃ কৃষ্টিরিতি মনুষ্য নাম, বিশ্বে সর্ব্বে মনুষ্যাঃ যস্য স্বভূতাঃ স তথোক্তঃ' (সায়ণ)

বিশ্বকেতু (পুং) বিশ্বমেব কেতুঃ বিশ্বব্যাপী বা কেতুর্যস্য। ১ অনিরুদ্ধ। (অমর) ২ পর্ব্বতভেদ। (হিম°খ° ৮।১০৬)

বিশ্বকোশ[ষ] (পুং) বিশ্বং ব্রহ্মাণ্ডং যাবৎপদার্থঃ কোষে আধারে যস্য। বিশ্বভাণ্ডার, যাহাতে ব্যক্তভাবে যাবতীয় পদার্থনিচয় নিহিত আছে। ২ বিশ্বপ্রকাশ নামক অভিধান।

বিশ্বক্ষয় (পুং) বিশ্বনাশ। প্রলয়ে ব্রহ্মাণ্ডের ধ্বংস।(রাজতর°২।১৯)

বিশ্বক্ষিতি (ত্রি) বিশ্বকৃষ্টি, সকল জীব যাহার আত্মীয়।

(তৈত্তিরিয়ব্রা° ১।৭।১।৫)

বিশ্বকৃশন (পুং) বিষ্ণু। (অমরটীকা ভরত) ২ ত্রয়োদশ মনু।

"ঋতুশ্চ ঋতুধামা চ বিশ্বকৃশেনো মনুস্তথা।
অতীতানাগতাশ্চৈতে মনবঃ পরিকীর্ত্তিতাঃ॥"

(মৎস্যপু° ৯অ°)

৩ বিষ্ণুর নির্ম্মাল্যধারী দেবতা। এই দেবতা চতুর্ভুজ, চারি হস্তে যথাক্রমে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম। ইনি দীর্ঘশ্মশ্রু, জটাধারী, রক্তপিঙ্গলবর্ণ এবং শ্বেতপদ্মোপরি উপবিষ্ট।

"নির্ম্মাল্যধারী বিষ্ণোস্তু বিশ্বকৃশেনশ্চতুর্ভুজঃ।
শঙ্খচক্রগদাপাণির্দীর্ঘশ্মশ্রুর্জটাধরঃ॥
রক্তপিঙ্গলবর্ণস্তু সিতপদ্মোপরিস্থিতঃ।
প-তৃতীয়-স্বরান্তেন সংযুতো বিন্দুনেন্দুনা॥
কীর্ত্তিতস্তস্য মন্ত্রোঽয়ং তেন তং পরিপূজয়েৎ।
বিসর্জ্জনং তথা বিষ্ণোরৈশান্যাং পরিকল্পয়েৎ॥"

(কালিকাপু° ৮২ অ°)

কোন কোন স্থলে 'বিশ্বকৃশেন' এই তালব্যশকার স্থানে দন্ত্যসকার দেখিতে পাওয়া যায়।

বিশ্বকৃশেনা (স্ত্রী) প্রিয়ঙ্গুবৃক্ষ। এই শব্দও তালব্যশকার স্থানে দন্ত্যসকার লিখিত আছে।

"বিশ্বক্সেনা প্রিয়া কান্তা প্রিয়ঙ্গুঃ ফলিনী ফলী।"

(বৈদ্যকরত্নমালা)

বিশ্বগ (পুং) বিশ্বং গচ্ছতীতি গম-ড। ১ ব্রহ্মা। (হেম) ২ পূর্ণিমার পুত্র, মরীচির পুত্র।

"পত্নী মরীচেস্তু কলা সুষুবে কর্দ্দমাত্মজা।
কশ্যপং পূর্ণিমানঞ্চ যয়োরাপূরিতং জগৎ॥"
"পূর্ণিমাসূত বিরজং বিশ্বগঞ্চ পরন্তপ।"

(ভাগবত ৪।১।১৩-১৪)

বিশ্বগঙ্গা, মধ্যভারতের বেরার রাজ্যে প্রবাহিত একটী ক্ষুদ্র নদী। অক্ষা° ২০°২৪´ উঃ এবং দ্রাঘি° ৭৬°১৬´ পূঃ। বুলদানা জেলার বুলদানা নগরের সন্নিকটে উদ্ভূত ও নলগঙ্গার সমান্তরালে প্রবাহিত হইয়া পূর্ণানদীতে মিলিত হইয়াছে। এই পার্ব্বত্য-নদীতে সকল সময়ে জল থাকে না; কিন্তু বর্ষাকালে এই নদী দিয়া জয়পুর, বদ্‌নেরা ও চাঁদপুর নগর পর্য্যন্ত গমনাগমন করা যায়।

বিশ্বগত (ত্রি) বিশ্বং গতঃ। বিশ্বগামী, বিশ্বব্যাপ্ত।

বিশ্বগন্ধ (ক্লী) বিশ্বে সর্ব্বস্থানে গন্ধোযস্য। ১ বোল নামক গন্ধদ্রব্য, চলিত নিশাদল। (পুং) ২ পলাণ্ডু, পেঁয়াজ। (রাজনি°)

বিশ্বগন্ধা (স্ত্রী) বিশ্বেষু সমস্তপদার্থেষু মধ্যে গন্ধা গন্ধবিশিষ্টা, ক্ষিতাবেব গন্ধ ইতি ন্যায়াদস্যাস্তথাত্বং। পৃথিবী। (শব্দচ°)

বিশ্বগন্ধি (পুং) পুরঞ্জয়পুত্র, পৃথুর পুত্র।

"বিশ্বগন্ধিস্ততশ্চন্দ্রো যুবনাশ্চশ্চ তৎসুতঃ।" (ভাগবত ৯।৬।২০)

বিশ্বগর্ভ (ত্রি) বিশ্বং গর্ভে যস্য। ১ বিষ্ণু। ২ শিব। ৩ রৈবতের পুত্রভেদ। (হরিবংশ)

বিশ্বগুরু (পুং) বিশ্বস্য গুরুঃ। হরি, বিষ্ণু।

"তদ্বিশ্বগুর্ব্বধিকৃতং ভুবনৈকবন্দ্যং
দিব্যং বিচিত্রবিবুধাগ্র্যবিমানশোভিঃ।" (ভাগবত ৩।১৫।২৬)

'বিশ্বগুরুণা হরিণা অধিকৃতং' (স্বামী)

বিশ্বগূর্ত্ত (ত্রি) সকল কার্য্যে সমর্থ, বা উদ্যতসর্ব্বায়ুধ, যাহার আয়ুধ সকল উদ্যত আছে।

"বিশ্বগূর্ত্তঃ স্বরিরমত্রো ববক্ষে রণায়" (ঋক্ ১।৬১।৯)

'বিশ্বগূর্ত্তঃ বিশ্বস্মিন্ সর্ব্বস্মিন্ কার্য্যে উদ্গূর্ণঃ সমর্থঃ, যদ্বা বিশ্বং সর্ব্বমায়ুধং গূর্ত্তমুদ্যতং যস্য স তথোক্তঃ' (সায়ণ)

বিশ্বগূর্ত্তি (ত্রি) সকলের স্তুত্য, সকল লোকের স্তবের যোগ্য

"স্বসা যৎ বাং বিশ্বগূর্ত্তী" (ঋক্ ১।১৮০।২)

'বিশ্বগূর্ত্তী সর্ব্বস্তুত্যৌ' (সায়ণ)

বিশ্বগোত্র (ত্রি) বিশ্বগোত্রসম্বন্ধীয়। (শতপথব্রা° ৩।৫।৩।৫)

বিশ্বগোত্র্য (ত্রি) ১ বিশ্বগোত্রসংশ্লিষ্ট। ২ বাস্তুযুক্ত।

(অথর্ব্ব ৫।২১।৩)

বিশ্বগোপ্তৃ (পুং) বিশ্বস্য গোপ্তা রক্ষয়িতা। ১ বিষ্ণু। ২ ইন্দ্র। (ত্রি) ৩ বিশ্বপালক, যিনি বিশ্বকে পালন করেন।

বিশ্বগ্রন্থি (স্ত্রী) হংসপাদীলতা। ২ রক্তলজ্জালুকা। (রাজনি°)

বিশ্বঘাত, বিশ্বঘায়ু (পুং) বিশ্বগ্‌গতো বায়ুঃ। সর্ব্বতোগামী বায়ু, চলিত এলোমেলো বাতাস।

"বিশ্বঘায়ুরনায়ুষ্যং প্রাণিনাং নৈকদোষকৃৎ।
সর্ব্বর্ত্তু লিঙ্গকো হন্তা কৃত্যোৎপাতপুরঃসরঃ॥" (রাজবল্লভ)

এই বায়ু অনায়ুষ্য, অর্থাৎ আয়ুষ্কর নহে এবং বহু দোষ-

বর্দ্ধক, সকল ঋতুতেই এই বায়ু প্রবাহিত হইতে পারে, এবং ইহা নানাপ্রকার উৎপাতজনক।

বিশ্বচ্ (ত্রি) বিশ্বমঞ্চতি অঞ্চ্-ক্বিপ্। সর্ব্বত্রগামী।

বিশ্বঙ্কর (পুং) বিশ্বং সর্ব্বং করোতি প্রকাশয়তীতি কৃ-বাহুলকাৎ ট, দ্বিতীয়ায়া অলুক্। চক্ষু।

বিশ্বচক্র (ক্লী) বিশ্বতঃ সর্ব্বত্র চক্র যস্য। মহাদানবিশেষ। মৎস্যপুরাণে এই বিশ্বচক্রদানের বিবরণ বর্ণিত হইয়াছে।

ইহা দ্বাদশপ্রকার মহাদানের অন্তর্গত; এই দানের প্রক্রম যথা—প্রথমতঃ সহস্রপল (৮ তোলা = ১ পল; ৮ পল = ১ সের; ১০০০পল = (১০০০ ÷ ৮) ১২৫ সের) বা ৩/৫ সের অতি বিশুদ্ধ স্বর্ণের দ্বারা ষোড়শারক (১৬টী আরা বা পাখা বিশিষ্ট) একটী চক্র নির্ম্মাণ করিতে হইবে। এই চক্রের নাভিদেশ হইতে ঐককেন্দ্রিক বৃত্তসমূহের ন্যায় ক্রমশঃ ৮টী নেমি দ্বারা ঐ আরাগুলি পরস্পর সন্নদ্ধ থাকিবে। সুবর্ণের পরিমাণ যাহা উক্ত হইল উহা শ্রেষ্ঠকল্প; উহার অর্দ্ধেক ৫০০ পল মধ্যম, তদর্দ্ধ ২৫০ পল কনিষ্ঠ এবং নিতান্ত অশক্তের পক্ষেও বিংশৎ পলের ঊর্দ্ধ জানিতে হইবে।

ঋত্বিক্ বিশুদ্ধ (গোময়াদি লিপ্ত) ভূমিতে প্রথমে কৃষ্ণতিল, অষ্টাদশ প্রকার শালিধান্য ও মধুরলবণাদি রসাত্মক (লবণ চিনি প্রভৃতি) দ্রব্যবিন্যাস করিয়া তদুপরি কৃষ্ণাজিন পাতিত করিবেন, তৎপরে উহার (ঐ মৃগচর্ম্মের) উপর উক্ত সুবর্ণচক্র স্থাপিত করিয়া তাহার নাভিদেশে যোগারূঢ় চতুর্ভুজ বিষ্ণুমূর্ত্তি এবং তদীয় শঙ্খ ও চক্রের পার্শ্বে আটটী দেবীমূর্ত্তি স্থাপন করিবেন। দ্বিতীয় আবরণে অর্থাৎ উপরে যে ৮টী নেমির কথা বলা হইয়াছে, তাহার প্রথম ও দ্বিতীয় নেমির মধ্যবর্ত্তী ভূভাগের পূর্ব্বদিকে পূর্ব্ববৎ বিষ্ণুমূর্ত্তি স্থাপনপূর্ব্বক তাঁহার উভয় পার্শ্বে ক্রমে অত্রি, ভৃগু, বশিষ্ঠ, ব্রহ্মা, কাশ্যপ, এবং মৎস্য, কূর্ম্ম, বরাহ, নরসিংহ, বামন, শ্রীরাম, পরশুরাম, বলরাম, বুদ্ধ ও কল্কী এই দশাবতারমূর্ত্তি বিন্যস্ত করিতে হইবে। এইরূপ তৃতীয় আবরণে (২য় ও ৩য় নেমির মধ্যভাগে) বহুমাতৃকাসমন্বিতা গৌরীমূর্ত্তি, চতুর্থ আবরণে দ্বাদশাদিত্য ও চারিবেদ, পঞ্চমে ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চভূত এবং একাদশ রুদ্রমূর্ত্তি, ষষ্ঠে অষ্টলোকপাল ও অষ্টদিগ্‌গজ, সপ্তমে সমস্ত অস্ত্রশস্ত্র ও মাঙ্গল্যদ্রব্য এবং অষ্টমে অন্তর অন্তর ভাবে অর আর দেবগণের মূর্ত্তি সংস্থাপিত করিতে হইবে। পরে অন্যান্য দ্রব্যসম্ভার তুলাপুরুষদানের নিয়মানুসারে চতুর্দ্দিকে বিন্যস্ত করিয়া ভূষণাচ্ছাদনাদি দ্বারা মণ্ডপ সুসজ্জিত করিতে হইবে। যাহাদের মুখ্যপরিভাগে মাল্য, বিবিধ বস্ত্র, ইক্ষু ও ফলমূলাদি এবং বহুবিধ রত্ন সংরক্ষিত, এমন আটটী পূর্ণকুম্ভের বিতান করিয়া, ঋত্বিক্ অধিবাস, পূজা ও হোমাদি সমাপন করিবেন। পরে গৃহী মঙ্গলধ্বনি সহকারে স্নানানন্তর শুক্লবস্ত্র পরিধানপূর্ব্বক পুষ্পাঞ্জলি লইয়া নিম্নোক্ত মন্ত্রোচ্চারণপূর্ব্বক তিনবার করিয়া চক্র প্রদক্ষিণ করিবেন। মন্ত্র এই—

"নমো বিশ্বময়ায়েতি বিশ্বচক্রাত্মনে নমঃ।
পরমানন্দরূপী ত্বং পাহি নঃ পাপকর্দ্দমাৎ॥
তেজোময়মিদং যস্মাৎ সদা পশ্যন্তি যোগিনঃ।
হৃদি তৎ ত্রিগুণাতীতং বিশ্বচক্রং নমাম্যহং॥
বাসুদেবে স্থিতং চক্রং চক্রমধ্যে চ মাধবং।
অন্যোন্যাধাররূপেণ প্রণমামি স্থিতাবিহ॥
বিশ্বচক্রমিদং যস্মাৎ সর্ব্বপাপহরং পরং।
আয়ুধঞ্চাধিবাসঞ্চ ভবাদ্ধর মামিতঃ॥"

উক্ত প্রকারে আমন্ত্রণাদি করিয়া নির্ম্মৎসর ভাবে যিনি বিশ্বচক্রদান সম্পন্ন করিতে পারেন, তিনি সর্ব্বপাপ বিনির্ম্মুক্ত হইয়া বিষ্ণুলোকে পূজ্য হন এবং তথায় কল্পশতত্রয় কাল অপ্সরোগণের সহিত বাস করেন। (মৎস্যপু° ২৫৯)

বিশ্বচক্রাত্মন্ (পুং) বিশ্বচক্রং ব্রহ্মাণ্ডমেব আত্মা স্বরূপং যস্য। বিষ্ণু, নারায়ণ।

"নমো বিশ্বময়ায়েতি বিশ্বচক্রাত্মনে নমঃ।
পরমানন্দরূপী ত্বং পাহি নঃ পাপকর্দ্দমাৎ॥"

(মৎস্যপু° ২৩৯ অ°)

বিশ্বচক্ষণ (ত্রি) [বিশ্বচক্ষস্ দেখ।]

বিশ্বচক্ষস্ (ত্রি) সর্ব্ববিশ্বের প্রকাশক, যিনি সমস্ত জগৎ প্রকাশ করেন।

"সূরায় বিশ্বচক্ষসে" (ঋক্ ১।৫০।২)

'বিশ্বচক্ষসে সর্ব্বস্য বিশ্বস্য প্রকাশকায়, বিশ্বং চষ্টে প্রকাশয়তীতি বিশ্বচক্ষাঃ, 'চক্ষের্বহুলং শিচ্চ' উণ্ ৪।২৩২) ইত্যসুন্' (সায়ণ) ইহা সূর্য্যের বিশেষণ। বিশ্বপ্রকাশক সূর্য্য। ২ সর্ব্বদ্রষ্টা বিশ্বকর্ম্মা।

"মহিনা বিশ্বচক্ষাঃ" (ঋক্ ১০।৮১।২)

'বিশ্বচক্ষাঃ সর্ব্বদ্রষ্টা বিশ্বকর্ম্মা পরমেশ্বরঃ' (সায়ণ)

বিশ্বচক্ষুস্ (ত্রি) সর্ব্বদর্শী, ঈশ্বর।

বিশ্বচর্ষণি (ত্রি) সর্ব্বমনুষ্যযুক্ত, সকল যজমানকর্ত্তৃক পূজ্য।

"মন্দিভিঃ স্তোমেভির্বিশ্বচর্ষণে" (ঋক্ ১।৯।৩)

'হে বিশ্বচর্ষণে সর্ব্বমনুষ্যযুক্ত! সর্ব্বৈর্যজমানৈঃ পূজ্যেত্যর্থঃ।'

বিশ্বজন (পুং) সর্ব্বজন, সকল মনুষ্য।

'বিশ্বজনস্য ছায়া ভবেতি শেষঃ। সদোমধ্যবর্ত্তিনঃ সর্ব্বজনস্য যজমানস্যেত্যর্থঃ। প্রপস্য প্রাণিনঃ প্রাবরণায় ছায়া ভবেত্যর্থঃ।'

(শুক্লযজুঃ ৫।২৮ মহীধর)

বিশ্বজনীন (ত্রি) বিশ্বজনায় হিতং (আত্মন্ বিশ্বজনভোগোত্তর-

পদাৎ থঃ। পা ৫।১।৯) ইতি-থ। বিশ্বজনের হিতকর, সকল লোকের হিতজনক।

"লব্ধাং ততো বিশ্বজনীনবৃত্তিস্তামাত্মনীনামুদবোঢ়রামঃ।"

(ভট্টি ২।৭৮)

বিশ্বজনীয় (ত্রি) বিশ্বজনের হিতকর, সকল লোকের হিতজনক।

বিশ্বজন্মন্ (ত্রি) বিশ্বস্মিন্ জন্ম যস্য। ১ বিশ্বজাত। ২ বিভিন্ন প্রকার।

বিশ্বজন্য (ত্রি) বিশ্বজনায় হিতং হিতার্থে যৎ। বিশ্বজনের হিতজনক, সকলের হিতকারক।

"চিত্রামাণং বৃণে সুমতিং বিশ্বজন্যাং" (শুক্লযজু° ১৭।৭২)

'বিশ্বজন্যাং বিশ্বজনেভ্যো হিতাং' (বেদদীপ°)

বিশ্বজয়িন্ (ত্রিং) বিশ্বং জয়তি জি-ণিনি। বিশ্বজেতা, বিশ্বজয়কারী।

বিশ্বজিচ্ছিল্প (পুং) একাহভেদ। (পঞ্চবিংশব্রা° ১৬।১৫।১)

বিশ্বজিৎ (পুং) বিশ্বং জয়তি জি-ক্বিপ, তুক্চ। ১ যজ্ঞভেদ। সর্ব্বস্বদক্ষিণ যজ্ঞ, এই যজ্ঞে সকল ধন দক্ষিণা দিতে হয়।

"তমধ্বরে বিশ্বজিতি ক্ষিতীশং নিঃশেষবিশ্রাণিতকোষজাতং।
উপাত্তবিত্তো গুরুদক্ষিণার্থী কৌৎসঃ প্রপেদে বরতন্তুশিষ্যঃ॥"

(রঘু ৫।১)

২ ন্যায়বিশেষ। এই ন্যায় যথা—বিশ্বজিতের দ্বারা যজ্ঞ করিবে, অর্থাৎ বিশ্বজিৎ যজ্ঞ করিবে, যে স্থলে ফলের কোনরূপ শ্রুতি অভিহিত না হওয়ায় নিত্যত্ব কল্পিত হইয়াছে এবং ফলাভিধান না থাকায়ও পরে যজ্ঞফল স্বর্গাদি কল্পিত হয়, তথায় এই ন্যায় হয়। 'বিশ্বজিৎ যজ্ঞ করিবে', মাত্র এই উক্তিতে স্বর্গাদি সম্বন্ধে কোন কথা না থাকিলেও যজ্ঞানুষ্ঠানের পর যজ্ঞফল স্বর্গ আপনা হইতেই হয় বলিয়া এই ন্যায় হইল।

"যত্তু ফলাশ্রুতের্নিত্যত্বমভিহিতং তৎফলাশ্রুতৌ
বিশ্বজিত্যায়াং স্বর্গঃ কল্প্যতে, ইত্যনেন বিরুদ্ধমিতি।
স চ ন্যায়ো যথা—বিশ্বজিতা যজেত ইত্যাদি শ্রূয়তে।"

৩ বরুণপাশ। ৪ অগ্নিবিশেষ।

"যস্ত বিশ্বস্য জগতো বুদ্ধিমাক্রম্য তিষ্ঠতি।
তং প্রাহুরধ্যাত্মবিদো বিশ্বজিন্নাম পাবকম্॥"

(ভারত ৩।১১৮।১৬)

৫ দানববিশেষ। (ভারত ১২।২২৭।৫১)

৬ সত্যজিত্তনয়। (ভারত ৩।২০।১৯)

৭ বিশ্বজয়ী, বিশ্বজেতা।

৮ সহ্যাদ্রিবর্ণিত রাজভেদ। (সহ্যা° ৩৩।১৪৯)

বিশ্বজিন্ব (ত্রি) ১ সর্ব্বগামী, সর্ব্বজেতা।

"যৎ পয়ো বিশ্বজিন্বা ভরন্তে" (ঋক্ ৮।৬৭।৭)

'বিশ্বজিন্বা হে বিশ্বজিন্বানৌ যদ্‌যদা পয়ো জলং ভবদ্ভ্যাং প্রহিতং তদা যুবতয়ো নদ্যঃ দিশো বা ন মৃশ্যন্তে রজসা নাভিভূয়ন্তে' (সায়ণ)

বিশ্বজীব (ত্রি) সর্ব্বান্তর্যামী।

"প্রীয়েত সদ্যঃ সহবিশ্বজীবঃ প্রীতিঃ স্বয়ং প্রীতিমগাদ্‌গয়স্য।"

(ভাগবত ৫।১৫।১৩)

'বিশ্বজীবঃ সর্ব্বান্তর্যামী' (স্বামী)

২ বিশ্বস্থিত জীবমাত্র।

বিশ্বজূ (ত্রি) বিশ্বের প্রেরয়িতা।

"যে ধেনুং বিশ্বজুবং বিশ্বরূপাং" (ঋক্ ৪।৩৩।৮)

'বিশ্বজুবং বিশ্বস্য প্রেরয়িত্রীং' (সায়ণ)

বিশ্বজ্যোতিষ (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ।

বিশ্বজ্যোতিস্ (ত্রি) ১ জগজ্জ্যোতিঃ। ২ একাহভেদ। (কাত্যায়নশ্রৌ° ২২।২।৮)

৩ ঋষিভেদ। ৪ ইষ্টাভেদ। (শতপথব্রা° ৬।৩।৩।১৬)

৫ সামভেদ।

বিশ্বতনু (ত্রি) বিশ্বং তনুর্যস্য। ভগবান্ বিষ্ণু, এই বিশ্বই যাহার শরীর।

"নদ্যোঽস্য নাড্যোঽথ তনূরুহাণি মহীরুহা বিশ্বতনোর্নৃপেন্দ্র।
অনন্তবীর্য্যঃ শ্বসিতং মাতরিশ্বা গতির্বয়ঃ কর্ম্ম গুণপ্রবাহঃ॥"

(ভাগবত ২।১।৩৩)

বিশ্বতশ্চক্ষুস্ (ত্রি) সর্ব্বতোব্যাপ্তচক্ষুঃ। যাহার চক্ষু চারিদিকে পরিব্যাপ্ত আছে, অর্থাৎ যিনি সর্ব্বদ্রষ্টা।

"বিশ্বতশ্চক্ষুরুত বিশ্বতো মুখো বিশ্বতো বাহুরুত বিশ্বতস্পাৎ"

(ঋক্ ১০।৮১।৩)

'বিশ্বতশ্চক্ষুঃ সর্ব্বতোব্যাপ্তচক্ষুঃ' (সায়ণ)

বিশ্বতস্ (অব্য) বিশ্ব সপ্তম্যর্থে তসিল্। ১ সর্ব্বতঃ, চারিদিকে। ২ সকল রকম।

"বৃষময়াত্মজাদ্বিশ্বতো ভয়াৎ ঋষভ! তে বয়ং রক্ষিতা মুহুঃ॥"

(ভাগবত ১০।৩১।৩)

'বৃষোঽরিষ্টস্তস্মাৎ ময়াত্মজাদ্যোমাৎ বিশ্বতোঽন্যস্মাদপি সর্ব্বতো ভয়াচ্চ কালীয়দমনাদিনা রক্ষিতাঃ।' (স্বামী)

বিশ্বতস্পাণি (ত্রি) পরমেশ্বর, সর্ব্বত্র পাণিযুক্ত, চারিদিকেই যাঁহার হস্ত।

বিশ্বতস্পাদ্ (ত্রি) পরমেশ্বর, চারিদিকে পাদযুক্ত।

বিশ্বতস্পৃথ (ত্রি) বিশ্বতস্পাদ, পরমেশ্বর। (অথর্ব্ব ১৩।৬।২।২)

বিশ্বতুর্ (ত্রি) সর্ব্বশত্রুহিংসাকারী।

"সংদ্যুম্নেন বিশ্বতুরোধো মহি" (ঋক্ ১।৪৮।১৬)

'বিশ্বতুরঃ সর্ব্বেষাং শত্রূণাং হিংসকেন, তূর্ব্বতীতি তূঃ তুর্ব্বী হিংসার্থঃ ক্বিপ্, বিশ্বেষাং তূরঃ' (সায়ণ)

বিশ্বতুরাষাহ্ (ত্রি) বিশ্বতুর শব্দার্থ। (হরিবংশ)

[বিশ্বতুর দেখ।]

বিশ্বতুলসী (স্ত্রী) তুলসীবৃক্ষভেদ, মধুর তুলসী, বাবুই তুলসী। হিন্দী-সব্জা। তে°—রুদ্রজেড়। তা°—তিরুনিক্কু। পঞ্জা°—বরুরি। বম্°—বারাই তুলসী। গুণ,—বীজ শীতল; কাথ মেহ, রক্তাতিসার ও উদরাময়নাশক; পাতার রস কৃমিঘ্ন ও সর্পদংশে হিতকর। (Ocimum sanctum)।

বিশ্বতৃপ্ত (ত্রি) বিশ্বেন তৃপ্তঃ। বিষ্ণু, পরমেশ্বর।

বিশ্বতূর্ত্তি (ত্রি) সকল বিষয়গত বাক্য।

"দেবী ভারতী বিশ্বতূর্ত্তিঃ" (ঋক্ ২।৩।৮)

'বিশ্বানি তূর্ণানি যস্যাঃ সা তাদৃশী সর্ব্ববিষয়গতা বাক্' (সায়ণ)

বিশ্বতোধার (ত্রি) বিশ্বতশ্চতুর্দ্দিক্ষু ধারা যস্য। চারিদিকে ধারাযুক্ত, বা জগতের ধারয়িতা।

"যজ্ঞং তে বিশ্বতোধার সুবিদ্বাংসো বিতেনিরে" (শুক্লযজু° ১৭।৬৮)

'বিশ্বতো ধারং বিশ্বতো ধারা যস্য তং আহুতিদক্ষিণান্নানি যজ্ঞস্য ধারাঃ বৈশ্বানরমারুতপূর্ণাহুতিবসোর্ধারাবাজপ্রসবনীয়ানি বা যজ্ঞস্য ধারাঃ যদ্বা বিশ্বস্য জগতো ধারয়িতারম্' (মহীধর)

বিশ্বতোধী (ত্রি) সকল জগতের ধারক।

"আগহি বিশ্বতোধীনং উতয়ে" (ঋক্ ৮।৩৪।৬)

'বিশ্বতোধীঃ সর্ব্বজগতো ধারকঃ' (সায়ণ)

বিশ্বতোবাহু (ত্রি) বিশ্বতো বাহুর্যস্য। পরমেশ্বর, বিষ্ণু।

বিশ্বতোমুখ (ত্রি) বিশ্বতো মুখং যস্য। পরমেশ্বর।

বিশ্বতোয় (ত্রি) বিশ্বব্যাপ্ত জলরাশি।

বিশ্বতোয়া (স্ত্রী) বিশ্বপ্রিয়ঃ তোয়ো জলং যস্যাঃ। গঙ্গা, বিশ্বপ্রিয়তোয়া, ইহার জল বিশ্বের সকল লোকেরই প্রিয়, তাই ইহার নাম বিশ্বতোয়া।

বিশ্বতোবীর্য্য (ত্রি) ১ সর্ব্বকর্ম্মক্ষম, সর্ব্ববিষয়ে পারদর্শী। ২ সর্ব্বকার্য্যে শক্তিসম্পন্ন।

"বিশ্বতঃ সর্ব্বতো বীর্য্যং বীর্যভূতং সূর্য্যং সর্ব্বস্য প্রাণিজাতস্য প্রেরকং আদিত্যং" (অথর্ব্ব ৩।৩৯।৭ ভাষ্য)

বিশ্বত্র (ত্রি) বিশ্ব সপ্তম্যর্থে ত্র। সর্ব্বত্র, সমস্ত বিশ্বে।

"বিশ্বত্র যস্মিন্না গিরঃ সমীচীঃ" (ঋক্ ১০।৬১।২৫)

'বিশ্বত্র বিশ্বস্মিন্ জনপদে' (সায়ণ)

বিশ্বত্র্যর্চ্চস্ (পুং) সূর্য্যের সপ্তরশ্মিভেদ।

বিশ্বথা (অব্য°) বিশ্ব প্রকারার্থে থাল্ (প্রকারবচনে থাল্। পা ৫।৩।২৩) সর্ব্বথা সর্ব্বপ্রকারে, সকল রকমে।

বিশ্বদংষ্ট্র (পুং) অসুরভেদ। (ভারত শান্তিপর্ব্ব)

বিশ্বদত্ত (পুং) ব্রাহ্মণভেদ। (কথাসরিৎসা° ১০।১৫৮)

বিশ্বদর্শত (ত্রি) সকলের দর্শনীয়।

"দর্শেমু বিশ্বদর্শতং দর্শং" (ঋক্ ১।২৫।১৮)

'বিশ্বদর্শতং সর্ব্বে দর্শনীয়ং' (সায়ণ)

বিশ্বদানি (ত্রি) ১ সাধারণের ব্যবহারোপযোগী গৃহ বা স্থান।

"ততো যজ্ঞো জায়তে বিশ্বদানিঃ" (তৈত্তি°ব্রা° ৩।৩।৯।১০)

বিশ্বদানীম্ (অব্য°) বিশ্বকাল, সর্ব্বদা, সকলসময়, সর্ব্বকাল।

"বিশ্বদানীম্ পিব শুদ্ধমুদকমাচরন্তী" (ঋক্ ১।২২।১৬৪)

'বিশ্বদানীং বিশ্বকালং সর্ব্বদা' (সায়ণ)

বিশ্বদাব (ত্রি) সর্ব্বদহনকারী, বিশ্বাগ্নি। (তৈত্তি°সং° ৩।৩।৮।২)

বিশ্বদাবন্ (ত্রি) সর্ব্বফলদাতা। 'হে বিশ্বদাবন্ বিশ্বস্য সর্ব্বস্য ফলস্য দাতঃ'। (অথর্ব্ব ৪।৩২।৬ ভাষ্য)

বিশ্বদাব্য (ত্রি) বিশ্বদাবসম্বন্ধী, দাবাগ্নি।

"বিশ্বদাব্যঃ বিশ্বদাবসম্বন্ধী বিশ্বস্য দাহকো দাবাগ্নিঃ" (অথর্ব্ব ৩।২১।৩ ভাষ্য)

বিশ্বদাসা (স্ত্রী) অগ্নির সপ্তজিহ্বার নামান্তর।

বিশ্বদৃশ্ (ত্রি) বিশ্ব ইব দৃশ্যতেঽসৌ। বিশ্বদ্রষ্টা, যিনি সমস্ত বিশ্ব দেখেন।

"ইত্যাদিরাজেন নুতঃ স বিশ্বদৃক্-
তমাহ রাজন্ ময়ি ভক্তিরস্তু তে।" (ভাগবত ৪।২০।৩২)

বিশ্বদৃষ্ট (ত্রি) যিনি সমস্ত বিশ্ব দর্শন করিয়াছেন।

"অদৃষ্টা বিশ্বদৃষ্টাঃ প্রতিবুদ্ধা অভূতন্" (ঋক্ ১।১৯১।৫)

'বিশ্বদৃষ্টাঃ বিশ্ব দৃষ্টং যে তে তাদৃশাঃ' (সায়ণ)

বিশ্বদেব, ১ মধুসূদন সরস্বতীর পরমগুরু। ইহার রচিত বিশ্বদেবদীক্ষিতীয় নামে একখানি গ্রন্থ পাওয়া যায়। ২ বিজয় নগরের একজন রাজা। [বিদ্যানগর দেখ।]

বিশ্বদেব (পুং) বিশ্বে দীব্যতীতি দিব-অচ্। গণদেবতাবিশেষ, নান্দীমুখশ্রাদ্ধে ও পর্ব্বাণশ্রাদ্ধে ইহাদের পূজা করিতে হয়।

"বিশ্বদেবৌ ক্রতুদক্ষৌ সর্ব্বাধিষ্টিষু বিশ্রুতৌ।
নিত্যং নান্দীমুখশ্রাদ্ধে বসুসত্যৌ চ পৈতৃকে॥
নবান্নালম্ভনে দেবৌ কামপালৌ সদৈব হি।
অপি কন্যাগতে সূর্য্যে শ্রাদ্ধে চ ধ্বনিরোচকৌ।
পুরূরবাশ্চাদ্রবাশ্চ বিশ্বদেবৌ চ পর্ব্বণি॥"

(অগ্নিপু° গণভেদনামাধ্যায়)

(ত্রি) ২ বিশ্বের দেবতাস্বরূপ মহাপুরুষ।

বিশ্বদেবা (স্ত্রী) ১ হ্রস্বগবেধুকা, চলিত গোরক্ষচাকুলিয়া। (জটাধর) ২ নাগবলা। ৩ অরুণপুষ্পদণ্ডোৎপল। (রত্নমালা)

বিশ্বদেবতা (স্ত্রী) বিশ্বদেবা। [বিশ্বদেবা দেখ।]

বিশ্বদেবনেত্র (ত্রি) বিশ্বদেবা যাহাদিগের নেতা।

'বিশ্বদেবনেত্রেভ্যঃ বিশ্বে দেবা নেতারো যেষাং তেভ্যঃ।'
(শুক্লযজুঃ ৯।৩৫ বেদদীপ)

বিশ্বদেববৎ (ত্রি) বিশ্বদেব যজ্ঞ। (অথর্ব্ব ১৯।১৮।২০)

বিশ্বদেবস্তুৎ (পুং) একাহভেদ। (আশ্বঁ শ্রৌ° ৯।৮।৭)

বিশ্বদেব্য (ত্রি) সকল দেবতার উপযুক্ত ক্রিয়ায় সাধু।

"হোতারং বিশ্বাপ্সুং বিশ্বদেব্যং" (ঋক্ ১।১৪৮।১)

'বিশ্বদেব্যং সর্ব্বদেবযোগ্য ক্রিয়াসাধুং' (সায়ণ)

ইহা অগ্নির বিশেষণ। ২ সকল দেবতাসমূহ। (শুক্লযজুঁ°১১।১৬)

বিশ্বদেব্যাবৎ (ত্রি) সকলদেবতাযুক্ত, সকল দেববিশিষ্ট, সকল দেবতার সহিত।

"অদিতিষ্ট্বাদেবী বিশ্বদেব্যাবতী পৃথিব্যাঃ" (শুক্লযজুঁ ১১।৬১)

'বিশ্বদেব্যাবতী বিশ্বেষাং দেবানাং সমূহো বিশ্বদেব্যং তদ্বিদ্যতে যস্যাঃ সা সর্ব্বৈর্দেবৈঃ সহিতা' (মহীধর)

বিশ্বদৈব (অব্য°) বিশ্বদেবা সদৃশ।

বিশ্বদৈব (ক্লী) নক্ষত্রভেদ, উত্তরাষাঢ়া নক্ষত্র, বিশ্বদেব ইহার অধিষ্ঠাত্রী দেবতা, এইজন্য এই নক্ষত্রের নাম বিশ্বদেব।

"বিচরন্ শ্রবণধনিষ্ঠাপ্রজাপত্যেন্দুবিশ্বদৈবানি।" (বৃহৎস°৭।২)

বিশ্বদৈবত (ক্লী) বিশ্বদেবতা অধিষ্ঠাত্রী দেবতাঽস্য। উত্তরাষাঢ়া-নক্ষত্র।

"মিষ্টমন্নমথ বিশ্বদৈবতে বৈষ্ণবে ভবতি নেত্ররোগতা॥"
(বৃহৎসংহিতা ৭১।১১)

বিশ্বদোহস্ (ত্রি) ব্যাপ্ত সকল বিশ্বের দোহনকারী।

"বিশ্বদোহসমিষঞ্চ বিশ্বভোজসং"। (ঋক্ ৬।৪৮।১৩)

'বিশ্বদোহসং বিশ্বস্য ব্যাপ্তস্য বহুলস্য দোগ্ধ্রীং' (সায়ণ)

বিশ্বদ্রচ্ (ত্রি) বিশ্বক্ সমন্তাৎ অঞ্চতি গচ্ছতি ইতি ক্বিপ্। সর্ব্বত্র গমনকর্ত্তা, যিনি সর্ব্বস্থানে গমন করিতে সমর্থ।

বিশ্বধ (অব্য°) সর্ব্বতঃ, সর্ব্বত্র, চারিদিকে।

"মূর্জং ন বিশ্বধ ক্ষরধ্যৈ" (ঋক্ ১।৬৩।৮)

'বিশ্বতঃ, সর্ব্বতঃ, বিশ্বশব্দাৎ তসিলঃ সকারলোপো ধত্বঞ্চ পৃষোদরাদিত্বাৎ' (সায়ণ)

বিশ্বধর (পুং) বিশ্বধারণকারী।

বিশ্বধরণ (ক্লী) সমস্ত জগৎকে ধারণ। (রাজতর° ১।১৩৯)

বিশ্বধা (ত্রি) বিশ্বধারণকারী।

"মাতরিশ্বনো ধর্ম্মোঽসি বিশ্বধাঽসি"" (শুক্লযজুঁ ১।২)

'ত্রয়াণাং লোকানাং ধারণাৎ ত্বং বিশ্বধাঽসি বিশ্বং দধাতি বিশ্বধাঃ বিশ্বধারণসমর্থাসি' (মহীধর)

বিশ্বধাতৃ (ত্রি) বিশ্বস্য ধাতা। বিশ্বধারণকারী, বিশ্বের ধাতা।

বিশ্বধামন্ (ক্লী) ১ বিশ্বের আশ্রয়স্থান, ঈশ্বর। ২ সকল লোকের থাকিবার স্থান। ৩ স্বদেশ। (শ্বেতাশ্বতর উপ° ৬।৬)

বিশ্বধায়স্ (ত্রি) সকল জগতের ধারণকর্ত্তা, সমস্ত বিশ্ব যিনি ধারণ করেন।

"দেবো ন যঃ পৃথিবীং বিশ্বধায়াঃ উপক্ষেতি" (ঋক্ ১।৭৩।৩)

'বিশ্বধায়াঃ সর্ব্বস্য জগতো ধর্ত্তা, যজ্ঞাদিসাধনেন কৃৎস্নস্য জগতো ধারয়িতা' (সায়ণ)

বিশ্বধার (পুং) প্রৈয়ব্রত মেধাতিথির পুত্রভেদ। শাকদ্বীপের রাজা মেধাতিথির পুত্রভেদ। (ভাগবত ৫।২০।২৫)

বিশ্বধারা, হিমবৎপাদনিঃসৃত নদীভেদ। (হিম° খ° ৪৬।৭৬)

বিশ্বধারিণী (স্ত্রী) বিশ্বং সর্ব্বং ধরতীতি ধৃ-ণিনি-ঙীপ্। পৃথিবী।

বিশ্বধাবীর্য্য (ত্রি) ১ সর্ব্বশক্তিশালী। ২ জগদ্ধারণোপযোগী বীর্য্যশালী। (অথর্ব্ব° ৫।২২।৩)

বিশ্বধৃক্ (ত্রি) জগদ্ধারণকারী।

বিশ্বধৃৎ (ত্রি) বিশং ধরতি ধৃ-ক্বিপ্ তুক্চ। বিশ্বধর্ত্তা, বিশ্ব-ধারণকারী।

বিশ্বধেন (ত্রি) বিশ্বপ্রীণনকারী, বিশ্বের সন্তোষ উৎপাদক।

"প্র বর্ত্তনীররদো বিশ্বধেনাঃ" (ঋক্ ৪।১৯।২)

'বিশ্বধেনা বিশ্বস্য প্রীণয়িত্রীঃ' (সায়ণ)

বিশ্বধেনু (পুং) ঋষিভেদ।

বিশ্বনন্দতৈল, তৈলৌষধবিশেষ। (চিকিৎসাসার)

বিশ্বনর (ত্রি) বিশ্বে সর্ব্বে নরা যস্য। সমস্ত মনুষ্যই যাহার। সংজ্ঞা বুঝাইলে 'বিশ্বানর' এইরূপ পদ হয়। 'নরে সংজ্ঞায়াং' (পা ৬।৩।১২৯) এই সূত্রানুসারে দীর্ঘ হইয়া থাকে।

বিশ্বনাথ (পুং) বিশ্বস্য নাথঃ। শিব, মহাদেব। "ন গৃহীতং শ্রুতিহৃদয়ং ন চ ন গৃহীতং পরিপ্লবং হৃদয়ম্। ইচ্ছামি চ ধাম পরং গচ্ছামি তু বিশ্বনাথপুরীম্॥" (বৈরাগ্যশতক ১০১)

২ কাশীস্থিত শিবলিঙ্গ। ৩ সাহিত্যদর্পণপ্রণেতা জনৈক পণ্ডিত। ইঁহার পিতার নাম শ্রীচন্দ্রশেখর মহাকবিচন্দ্র।

"শ্রীচন্দ্রশেখরমহাকবিচন্দ্রসূনু-
শ্রীবিশ্বনাথ কবিরাজকৃতং প্রবন্ধম্।
সাহিত্যদর্পণমমুং সুধিয়ো বিলোক্য
সাহিত্যতত্ত্বমখিলং সুখমেব বিত্ত॥" (সাহিত্যদর্পণ)

২ ভাষাপরিচ্ছেদ ও তাহার টীকা সিদ্ধান্তমুক্তাবলীপ্রণেতা জনৈক পণ্ডিত। ইনি বিদ্যানিবাস ভট্টাচার্য্যের পুত্র, ইহার উপাধি পঞ্চানন। [বিশ্বনাথ কবিরাজ ও বিশ্বনাথ পঞ্চানন দেখ।]

বিশ্বনাথ, ১ শাস্ত্রদীপিকাপ্রণেতা প্রভাকরের গুরু। ২ উপদেশ-সাররচয়িতা। ৩ কৌমলাটীকা প্রণেতা। ৪ জাতিবিবেক-প্রণেতা। ৫ ঢুণ্ঢিপ্রতাপ-রচয়িতা; ইনি স্বীয় প্রতিপালক ঢুণ্ঢিমহারাজের আদেশে উক্ত গ্রন্থখানি রচনা করিয়াছিলেন। ৬ তত্ত্বচিন্তামণি-শব্দখণ্ডটীকা-রচয়িতা। ৭ তর্কসংগ্রহটীকা-

প্রণেতা। ৮ দুর্ব্বোধভঞ্জিকানাম্নী মেঘদূতটীকা ও রাঘবপাণ্ডবীয়-টীকাকর্ত্তা। ৯ প্রেমরসায়ন-প্রণেতা। ১০ মুক্তিবাদটীকা ও ব্যুৎপত্তিবাদটীকা-রচয়িতা। ১১ কাব্যাদর্শের রসিকরঞ্জিনীনাম্নী টীকা প্রণয়নকর্ত্তা। ১২ রুদ্রপদ্ধতি-রচয়িতা। ১৩ বাল্মীকি-তাৎপর্য্যতরণিনাম্নী রামায়ণ-টীকাকার। ১৪ বিদীপদনির্ণয়-প্রণেতা (?) ১৫ শ্রৌতপ্রয়োগ-প্রণেতা। ১৬ সঙ্গীত রঘুনন্দন-রচয়িতা। ১৭ সারসংগ্রহ নামক বৈদ্যক গ্রন্থপ্রণেতা। ১৮ ব্রত-প্রকাশ বা ব্রতরাজ নামক গ্রন্থপ্রণেতা। ইনি ১৭৩৬ খৃঃ কাশীধামে বসিয়া উক্ত গ্রন্থ সমাপন করেন। ইঁহার পিতার নাম গোপাল। সঙ্গমেশ্বর ভট্ট নামেও ইনি পরিচিত ছিলেন। ১৯ অন্ত্যেষ্টিপদ্ধতি, অন্ত্যেষ্টিপ্রয়োগ, অশৌচত্রিংশচ্ছ্লোকীটীকা, ঔর্দ্ধ-দেহিক কল্পবল্লী, ঔর্দ্ধদেহিকপদ্ধতি ও ক্রিয়াপদ্ধতিগ্রন্থরচয়িতা। ২০ বৃত্তকৌতুকপ্রণেতা, চতুর্ভুজের পুত্র। ২১ কোষকল্পতরু নামক অভিধান এবং জগৎ প্রকাশকাব্য ও শক্রশল্যচরিতকাব্য-প্রণেতা। শ্রীমন্মহারাজাধিরাজ শক্রশল্যের জীবনী অবলম্বনে ২২ সর্গে শেষোক্ত গ্রন্থখানি এবং মেদিনীকোষ অবলম্বনে ইনি কোষকল্পতরু রচনা করেন। ইনি নারায়ণের পুত্র। ২২ একজন প্রসিদ্ধ পণ্ডিত। পুরুষোত্তমের পুত্র। ইনি ১৫৪৪ খৃঃ বিশ্ব-প্রকাশপদ্ধতি প্রণয়ন করিয়াছিলেন। ২৩ ষট্‌চক্রবিবৃতিটীকা নামক একখানি তান্ত্রিক গ্রন্থপ্রণেতা। ২৪ অমৃতলহরীকাব্য-রচয়িতা। কুণ্ডরত্নাকর ও তাহার টীকাপ্রণেতা।

বিশ্বনাথ আচার্য্য, কাশীমোক্ষনির্ণয়প্রণেতা।

বিশ্বনাথ উপাধ্যায়, দত্তকনির্ণয়রচয়িতা।

বিশ্বনাথ কবি, প্রভানাম্নী বৃত্তরত্নাকরটীকাকর্ত্তা।

বিশ্বনাথ কবিরাজ, একজন অদ্বিতীয় আলঙ্কারিক। এদেশীয় পণ্ডিতগণের বিশ্বাস যে বিশ্বনাথ বাঙ্গালী ও বৈদ্য-বংশোদ্ভব ছিলেন; কিন্তু প্রকৃত প্রস্তাবে তিনি এদেশবাসী নহেন। তিনি উৎকলবাসী ও উৎকলশ্রেণীর ব্রাহ্মণ। খৃষ্টীয় ১২শ শতাব্দে উৎ-কলের সুপ্রসিদ্ধ গঙ্গবংশীয় নৃপতি ভানুদেবের সভায় তিনি ও তাঁহার পিতা চন্দ্রশেখর বিদ্যমান ছিলেন। উৎকল-রাজসভায় অসাধারণ কবিত্বশক্তি প্রভাবে তিনি 'কবিরাজ' উপাধি লাভ করেন। তিনি কুবলয়াশ্বচরিত, চন্দ্রকলা, প্রভাবতী-পরিণয়, প্রশস্তিরত্নাবলী, রাঘববিলাস ও সাহিত্যদর্পণ প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছিলেন। পদ্যাবলীতে ইঁহার উল্লেখ আছে।

বিশ্বনাথ চক্রবর্ত্তিন্, উজ্জ্বলনীলমণিকিরণ, গৌরাঙ্গস্মরণৈকা-দশক, ভক্তিরসামৃতবিন্দু, ভাগবতপুরাণটীকা, রাধামাধবরূপ-চিন্তামণি, সাধ্যসাধনকৌমুদী, স্মরণক্রমমালা, হংসদূতটীকা প্রভৃতি রচয়িতা। কোঙ্গলের শ্রীবর্দ্ধননামক স্থানে ইহার একটী মঠ বিদ্যমান আছে।

বিশ্বনাথ চিত্তপাবন, ব্রতরাজনামক গ্রন্থপ্রণেতা। ইনি ১৭৩৬ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন। গোপালের পুত্র।

বিশ্বনাথ চৌবে, ভাগবতপুরাণসারার্থদর্শিনীপ্রণেতা।

বিশ্বনাথ তীর্থ, সিদ্ধান্তলেশসংগ্রহব্যাখ্যাকর্ত্তা।

বিশ্বনাথ দীক্ষিত জড়ে প্রতিষ্ঠাদর্শ নামক দিধীতি প্রণেতা।

বিশ্বনাথ দেব, ১ মৃগাঙ্কলেখনাটক-প্রণেতা। ২ কুণ্ডমণ্ডপ-কৌমুদী, কুণ্ডবিধান, গোত্রপ্রবরনির্ণয় প্রভৃতি গ্রন্থ-রচয়িতা।

বিশ্বনাথ দৈবজ্ঞ, একজন বিখ্যাত জ্যোতির্ব্বিদ্। দিবাকর দৈবজ্ঞের পঞ্চম পুত্র। ইনি ১৬১২—১৬৩২ খৃঃ মধ্যে ইষ্টশোধন, কেশবজাতকপদ্ধত্যুদাহরণ, কেশবী-লঘ্বীটীকা, গ্রহকৌতূহলোদা-হরণ, গ্রহলাঘববিবরণ, গ্রহলাঘবোদাহরণ, চন্দ্রমানতন্ত্র-টীকা, তাজিকপদ্ধতিটীকা, তিথিচিন্তামণ্যুদাহরণ, নীলকণ্ঠীটীকা, পাতসারণীটীকা, বৃহজ্জাতকটীকা, বৃহৎসংহিতাটীকা, ব্রহ্ম-তুল্যসিদ্ধান্তটীকা, ব্রহ্মতুল্যোদাহরণ, করণকুতূহল, মিতাঙ্ক, মুহূর্ত্তমণি, রামবিনোদোদাহরণ, বর্ষতন্ত্রপ্রকাশিকা, বর্ষপদ্ধতি-টীকা, বসিষ্ঠসংহিতাটীকা, বিষ্ণুকরণোদাহরণ, শ্রীপত্যুদাহরণ, ষোড়শযোগাধ্যায়, সংজ্ঞাতন্ত্রপ্রকাশিকা, সিদ্ধান্তশিরোমণ্যুদাহরণ, গহনার্থপ্রকাশিকানাম্নী, সূর্য্যসিদ্ধান্তটীকা, সূর্য্যসিদ্ধান্তোদাহরণ, সোমসিদ্ধান্তটীকা, হোরামকরন্দোদাহরণ প্রভৃতি বহুবিধ গ্রন্থ প্রণয়ন করিয়া যান।

বিশ্বনাথ-নগরী (স্ত্রী) বিশ্বনাথস্য নগরী। বিশ্বনাথের পুরী, কাশী। বিশ্বনাথ মহাদেব এই পুরী নির্ম্মাণ করেন, এই জন্য ইহার নাম বিশ্বনাথনগরী। [কাশী বা বারাণসী দেখ।]

বিনশ্বাথ নারায়ণ, শিবস্তুতি-টীকাকর্ত্তা।

বিশ্বনাথ ন্যায়ালঙ্কার, ধাতুচিন্তামণি-প্রণেতা।

বিশ্বনাথ পঞ্চানন ভট্টাচার্য্য, বাঙ্গলার একজন অদ্বিতীয় নৈয়ায়িক। খৃষ্টীয় ১৭শ শতাব্দীর শেষভাগে বিদ্যমান ছিলেন। তিনি ছন্দোসূত্রের পিঙ্গলপ্রকাশিকা নাম্নী টীকায়—

"বিদ্যানিবাসসূনোঃ কৃতিরেষা বিশ্বনাথস্য"

অর্থাৎ বিদ্যানিবাসের পুত্র বলিয়া আপনার পরিচয় দিয়া গিয়াছেন। রাঢ়ীয়ব্রাহ্মণকুলগ্রন্থ হইতে জানা যায় যে সুপ্রসিদ্ধ আখণ্ডলবন্দ্যবংশে বিশ্বনাথের জন্ম। তাঁহার পিতার নাম কাশীনাথ বিদ্যানিবাস এবং পিতামহের নাম রত্নাকর বিদ্যা-বাচস্পতি। এই বিদ্যাবাচস্পতি সুবিখ্যাত বাসুদেব সার্ব্বভৌমের কনিষ্ঠ সহোদর। রুদ্রবাচস্পতি ও নারায়ণ নামে বিশ্বনাথের আরও দুই জ্যেষ্ঠ সহোদরের নাম পাওয়া যায়। ভাষাপরিচ্ছেদ বা কারিকাবলী এবং ন্যায়সিদ্ধান্তমুক্তাবলীনামে তাঁহার টীকা, ন্যায়তত্ত্ববোধিনী বা ন্যায়বোধিনী, ন্যায়সূত্রবৃত্তি, পদার্থতত্ত্বাব-লোক, পিঙ্গলমতপ্রকাশ, সুবর্থতত্ত্বালোক, তর্কভাষা প্রভৃতি

গ্রন্থের রচয়িতা। [ন্যায়শব্দে তাঁহার অন্যান্য গ্রন্থের পরিচয় দ্রষ্টব্য।]

বিশ্বনাথ পণ্ডিত, ১ বীরসিংহোদয়জাতক-রচয়িতা।

বিশ্বনাথ বাজপেয়িন্, তুরগসিদ্ধিপ্রণেতা।

বিশ্বনাথ ভট্ট, ১ গণেশকৃত তত্ত্বপ্রবোধিনীর ন্যায়বিলাসনামক টীকাকর্ত্তা। ২ শৃঙ্গারবাপিকা নাম্নী নাটিকারচয়িতা। ৩ ঔর্দ্ধদেহিকাক্রিয়া বা শ্রাদ্ধপদ্ধতিপ্রণেতা। ৪ শ্রৌতপ্রায়শ্চিত্তচন্দ্রিকারচয়িতা। ৫ তর্কতরঙ্গিণী নাম্নী তর্কামৃতটীকাপ্রণেতা।

বিশ্বনাথ মিশ্র, মেঘদূতার্থমুক্তাবলীপ্রণেতা।

বিশ্বনাথ রামানুজদাস, রহস্যত্রয়বিধি-রচয়িতা।

বিশ্বনাথ সিংহদেব, রামগীতাটীকা, রামচন্দ্রাহ্নিক ও উহার টীকা, রামমন্ত্রার্থনির্ণয়, বেদান্তসূত্রভাষ্য, সর্ব্বসিদ্ধান্ত প্রভৃতি গ্রন্থ প্রণেতা। ইনি প্রিয়দাসের শিষ্য এবং রাজা শ্রীসীতারামচন্দ্র বাহাদুরের সচিব ছিলেন। কেহ কেহ গ্রন্থকারকে রাজকুমার বলিয়া উল্লেখ করিয়া থাকেন।

বিশ্বনাথ সূরি, আর্য্যবিজ্ঞপ্তি বা রামার্য্যবিজ্ঞপ্তি কাব্যপ্রণেতা।

বিশ্বনাথ সেন, পথ্যাপথ্যবিনিশ্চয়নামক বৈদ্যকগ্রন্থপ্রণেতা। ইনি মহারাজ প্রতাপরুদ্র গজপতির রাজবৈদ্যরূপে নিযুক্ত থাকিয়া উক্ত গ্রন্থ রচনা করেন। ইঁহার পিতার নাম নরসিংহ সেন ও পিতামহের নাম তপন।

বিশ্বনাথাশ্রম, তর্কদীপিকা-প্রণেতা। মহাদেবাশ্রমের শিষ্য।

বিশ্বনাথান্ (ত্রি) বিশ্বনাথসম্বন্ধীয়। বিশ্বনাথ প্রোক্ত বা তল্লিখিত।

বিশ্বনাভ (পুং) বিশ্বং নাভৌ যস্য। বিষ্ণু, পরমেশ্বর।

বিশ্বনাভি (স্ত্রী) বিশ্বস্য নাভিঃ। বিশ্বের নাভিস্বরূপ, সূর্য্যাদির আশ্রয়ভূত। বিষ্ণুর চক্র, বিশ্বের নাভিস্বরূপ, এই চক্র আশ্রয় করিয়া সূর্য্যাদি গ্রহ অবস্থিত আছে—

"তদ্ বিশ্বনাভিস্ত্বিতিবর্ত্ত্য বিষ্ণো-
রণীয়সা বিরজেনাত্মনৈকঃ।" (ভাগবত ২।২।২৫)

"তৎ বিষ্ণোশ্চক্রং বিশ্বস্য নাভিং সূর্য্যাদ্যাশ্রয়ভূতম্' (স্বামী)

বিশ্বনামন্ (ত্রি) ১ ঈশ্বর। ২ জগৎ।

বিশ্বন্তর (পুং) ১ বুদ্ধ। ২ সৌযদ্মনের অপত্য রাজপুত্রভেদ। (ঐতরেয়ব্রা° ৭।২৭)

বিশ্বপক্ষ (পুং) তান্ত্রিক আচার্য্যভেদ। (শক্তিরত্নাকর)

বিশ্বপতি (পুং) বিশ্বস্য পতিঃ। বিশ্বের পতি, বিশ্বপালক, মহাপুরুষ, কৃষ্ণ।

বিশ্বপতি, ১ বেদাঙ্গতীর্থকৃত মাধববিজয়টীকার পদার্থদীপিকা নাম্নী টীকাকার। ২ প্রয়োগশিখামণিপ্রণেতা। ইঁহার পিতার নাম কেশব।

বিশ্বপদ্[পাদ্] (ত্রি) বিশ্বপাতা, জগদীশ্বর। (হরিবংশ ২৫৯অ°)

বিশ্বপর্ণী (স্ত্রী) ভূম্যামলকী, ভুঁই আমলা। (রাজনি°)

বিশ্বপা (পুং) বিশ্বং পাতীতি পা-বিচ্। বিশ্বপালক, বিশ্বপালনকারী। পরমেশ্বর।

বিশ্বপাচক (পুং) বিশ্বং পাচয়তি পচ-ণিচ্-ণ্বুল্। ভগবান্ বিষ্ণু, পরমেশ্বর।

"পাবকাস্য নমস্তেঽস্তু নমস্তে হব্যবাহন।
ত্বমেব ভুক্তপীতানাং পাচনাদ্বিশ্বপাচকঃ॥" (মার্ক°পু° ৯৯।৪৬)

বিশ্বপাণি (পুং) ধ্যানিবোধিসত্ত্বভেদ।

বিশ্বপাতৃ (ত্রি) বিশ্বস্য পাতা। বিশ্বের পালনকর্ত্তা, পরমেশ্বর। (পুং) ২ পিতৃগণভেদ। বর, বরেণ্য, বরদ, পুষ্টিদ, তুষ্টিদ, বিশ্বপাতা ও ধাতা পিতৃপুরুষের এই ৭টী গণ।

বরো বরেণ্যো বরদঃ পুষ্টিদস্তুষ্টিদস্তথা।
বিশ্বপাতা তথা ধাতা সপ্তৈবৈতে তথা গণাঃ॥" (মার্ক°পু° ৯৬।৪৫)

বিশ্বপাদশিরোগ্রীব (ত্রি) বিশ্বমেব পাদশিরোগ্রীবা যস্য। ভগবান্ বিষ্ণু, পরমেশ্বর।

"দৃষ্ট্বা চ পরমাত্মানং প্রত্যক্ষং বিশ্বরূপিণম্।
বিশ্বপাদশিরোগ্রীবং বিশ্বেশং বিশ্বভাবনম্॥" (মার্ক°পু°৪২।২)

বিশ্বপাল (পুং) বিশ্বং পালয়তি বিশ্ব-পা-ণিচ্-অচ্। বিশ্বপালক, বিশ্বপালনকারী।

বিশ্বপালক, সহ্যাদ্রিবর্ণিত একজন রাজা। (সহ্যা° ৩৩।৯)

বিশ্বপাবন, সহ্যাদ্রিবর্ণিত রাজভেদ। (সহ্যা° ৩৪।১৫)

বিশ্বপাবন (ত্রি) বিশ্বং পাবয়তীতি বিশ্ব্-পূ-ণিচ্-ল্যু। বিশ্বের পবিত্রতাসম্পাদক। (ভাগবত ৮।২০।১৮) ২ তুলসী।

বিশ্বপিশ্ (ত্রি) ব্যাপ্তদীপ্তি, ব্যাপ্তভাবে প্রকাশমান, যাহার দীপ্তি পরিব্যাপ্ত হইয়াছে।

"আ রোদসী বিশ্বপিশঃ পিশানাঃ" (ঋক্ ৭।৫৭।৩)
'বিশ্বপিশঃ ব্যাপ্তদীপ্তয়ঃ' (সায়ণ)

বিশ্বপুষ্ (ত্রি) বিশ্বং পুষ্ণাতীতি বিশ্ব-পুষ-ক্বিপ্। বিশ্বপোষক। সকলের পোষক। "যতিমশ্বিনা রায়া বিশ্বপুষা সহ"(ঋক্ ৮।২৬।৭)
'বিশ্বপুষা বিশ্বস্য সর্ব্বস্য পোষকেণ' (সায়ণ)

বিশ্বপূজিত (ত্রি) বিশ্বৈঃ সর্ব্বৈঃ পূজিতঃ। সর্ব্বপূজিত, জগৎপূজিত। স্ত্রিয়াং টাপ্। ২ তুলসী।

বিশ্বপেশস্ (ত্রি) বহুবিধ রূপযুক্ত।

"সং নো রায়া বৃহতা বিশ্বপেশসা" (ঋক্ ১।৪৮।১৬)
'বিশ্বপেশসা পেশ ইতি রূপনামবহুবিধধনযুক্তেন' (সায়ণ)

বিশ্বপ্রকাশক (পুং) ১ সূর্য্য। ২ আলোক।

বিশ্বপ্রকাশিন্ (ত্রি) বিশ্বং প্রকাশয়তীতি প্র-কাশ-ণিনি। বিশ্বপ্রকাশক, বিশ্বপ্রকাশকারী, যিনি সমস্ত বিশ্ব প্রকাশ করেন।

বিশ্বপ্রবোধ (ত্রি) ভগবান্ বিষ্ণু।

"নমো বিশ্বপ্রবোধায় প্রদ্যুম্নায়ান্তরাত্মনে।" (ভাগবত ৪।২৪।৩৫)

'বিশ্বপ্রবোধায় বিশ্বস্য প্রকর্ষেণ বোধো যস্মাৎ তস্মৈ' (স্বামী)

বিশ্বপ্রা (ত্রি) ছেদনোদ্যত। (তৈত্তিরীয়ব্রা° ৩।১১।৯।৯)

বিশ্বপ্সন্ (পুং) বিশ্বং প্সাতীতি-প্সা ভক্ষণে (স্বন্ উক্ষন্ পূষন্ প্লাহন্নিতি। উণ্ ১।১৫৮) ইতি কানন্ প্রত্যয়েন সাধু। ১ অগ্নি। ২ চন্দ্র। (হেম) ৩ দেবতা। ৪ বিশ্বকর্ম্মা। ৫ সূর্য্য। (শব্দরত্না°)

বিশ্বপ্সা (স্ত্রী) অগ্নি। সর্ব্বভুক্।

বিশ্বপ্সু (ত্রি) বহুবিধ রূপ।

"যজ্জরিত্রে বিশ্বপ্সু ব্রহ্মকৃণবঃ" (ঋক্ ৬।৩১।৩) বিশ্বপ্সু বহুবিধরূপম্ (সায়ণ)

বিশ্বপ্স্য (ত্রি) পুরুরূপ ধন।

"বশিষ্ঠো রাস্কামো বিশ্বপ্স্যস্য" (ঋক্ ৭।৪২।৬)

'বিশ্বপ্স্যস্য পুরুরূপস্য ধনস্য' (সায়ণ)

বিশ্ববন্ধু (পুং) বিশ্বস্য বন্ধুঃ। বিশ্বের বন্ধু, জগতের আত্মীয় মহাদেব, শিব।

"লোকস্য যদ্বর্ষতি চাশিষোঽর্থিন-
স্তস্মৈ ভবান্ দ্রুহ্যতি বিশ্ববন্ধবে॥" (ভাগবত ৪।৪।১৫)

বিশ্ববীজ (ক্লী) বিশ্বস্য বীজম্। বিশ্বের বীজ স্বরূপ, বিশ্বের আদিকারণ। মূলপ্রকৃতি, মায়া।

"বিশ্বস্য বীজং পরমাসি মায়া" (দেবীমা°)

বিশ্ববোধ (পুং) বিশ্বস্য বোধো যস্য। বুদ্ধ। (ত্রিকা°)

বিশ্বভদ্র (পুং) সর্ব্বতোভদ্র।

বিশ্বভরস্ (ত্রি) বিশ্বপোষক, বিশ্বের পোষণকারী।

"অগ্নিং হোতারং বিশ্বভরসং যজিষ্ঠং" (ঋক্ ৪।১।১৯)

'বিশ্বভরসং আহুতি দ্বারা বৃষ্টিপ্রদানেন বিশ্বস্য পোষকং' (সায়ণ)

বিশ্বভর্ত্তৃ (পুং) বিশ্বস্য ভর্ত্তা। বিশ্বের ভরণকারী, বিশ্বপালক।

"নৈতাবতা ত্র্যধিপতের্বত বিশ্বভর্ত্তু-
স্তেজঃ ক্ষতং তব নতস্য স তে বিনোদঃ॥" (ভাগবত ৩।১৬।২৪)

বিশ্বভব (ত্রি) বিশ্বস্য ভব উৎপত্তির্যস্মাৎ। যাহা হইতে বিশ্বের উৎপত্তি হইয়াছে, ব্রহ্ম।

"তদ্‌ব্রহ্ম বিশ্বভবমেকমনন্তমাদ্য-
মানন্দমাত্রমবিকারমহং প্রপদ্যে।" (ভাগবত ৪।৯।১৬)

বিশ্বভানু (ত্রি) সর্ব্বতোব্যাপ্ততেজস্ক, চারিদিকে যাহার তেজ পরিব্যাপ্ত হইয়াছে।

"স চা বিদো মরুৎসু বিশ্বভানুষু" (ঋক্ ৪।১।৩)

'বিশ্বভানুষু সর্ব্বতোব্যাপ্ততেজস্কেষু' (সায়ণ)

বিশ্বভাব (ত্রি) বিশ্বভাবন, পরমেশ্বর। (ভাগবত ১০।১১।১৩)

বিশ্বভাবন (পুং) পরমেশ্বর।

"ভবায় নুত্বং ভব বিশ্বভাবন
ত্বমেব মাতাথ সুহৃৎ পতিঃ পিতা।" (ভাগবত ১।১১।৭)

বিশ্বভুজ্ (ত্রি) বিশ্বং ভুনক্তি ভুজ-ক্বিপ্। ১ বিশ্বভোগকারী। (পুং) ২ মহাপুরুষ। ৩ ইন্দ্র।

বিশ্বভুজা (স্ত্রী) দেবীভেদ। (স্কন্দপু°)

বিশ্বভূ (পুং) বুদ্ধভেদ। (হেম)

বিশ্বভূত (ত্রি) পরমেশ্বর। (হরিবংশ ২৫৯ অ°)

বিশ্বভৃৎ (ত্রি) বিশ্বং বিভর্ত্তি বিশ্ব-ভৃ-ক্বিপ্। অন্নপ্রদানদ্বারা পালনকর্ত্তা। 'বিশ্বস্য সর্ব্বস্য বাযাত্মনা যদ্বা অন্নপ্রদানেন পোষয়িতা।' (অথর্ব্ব ৪।১১।৫ সায়ণ)

বিশ্বভেষজ (ক্লী) বিশ্বেষাং ভেষজম্। শুণ্ঠী, শুঁঠ। (অমর)

বিশ্বভেষজী (স্ত্রী) সকল ঔষধযুক্ত।

"আপশ্চ বিশ্বভেষজীঃ" (ঋক্ ১।২৩।২০)

'বিশ্বভেষজীঃ বিশ্বানি ভেষজানি যাসু তথাবিধাঃ অপঃ' (সায়ণ)

বিশ্বভোজস্ (পুং) বিশ্ব-ভুজ-অসি। সর্ব্বভুক্, অগ্নি। (ত্রি) ২ বিশ্বরক্ষক।

"পূষাভাগঃ প্রভৃথে বিশ্বভোজাঃ" (ঋক্ ৫।৪১।৪)

'বিশ্বভোজাঃ বিশ্বরক্ষকঃ' (সায়ণ)

বিশ্বমদা (স্ত্রী) অগ্নিজিহ্বা, অগ্নির সপ্ত জিহ্বার মধ্যে জিহ্বাভেদ।

"কালী করালী চ মনোজবা চ সুলোহিতা চৈব চ ধূম্রবর্ণা।
স্ফুলিঙ্গিনী বিশ্বমদার্চ্চিসোঽগ্নেঃ সপ্তৈব জিহ্বাঃ কথিতা মুনীন্দ্রৈঃ॥"
(শব্দমালা)

বিশ্বমনস্ (ত্রি) বিশ্বং ব্যাপ্তং মনো যস্য। ১ ব্যাপ্তমনাঃ, অত্যন্ত মনস্বী।

"অশস্তিহা বিশ্বমনাস্তরাষাট্" (ঋক্ ১০।৫৫।৮)

'বিশ্বমনাঃ ব্যাপ্তমনাঃ অত্যন্তমনস্বী' (সায়ণ)

২ যাবতীয় চরাচর পদার্থে একাগ্রমনাঃ।

"বিশ্বচর্ষণেঽগ্নিং বিশ্বমনো গিরা" (ঋক্ ৮।২৩।২)

'বিশ্বমনঃ বিশ্বেষু স্থাবরজঙ্গমাত্মকেষু একং মনো যস্য সঃ' (সায়ণ)

বিশ্বমনুস্ (ত্রি) সকল মনুষ্য।

"যজ্ঞোভির্গীর্ভির্বিশ্বমনুষাং মরুতাম্" (ঋক্ ৮।৪৬।১৭)

'বিশ্বমনুষাং বিশ্বেষাং মনুষ্যাণাং' (সায়ণ)

বিশ্বময় (ত্রি) বিশ্ব-স্বরূপার্থে ময়ট্। বিশ্বস্বরূপ, সর্ব্বস্বরূপ, সর্ব্বময়।

বিশ্বমল্ল, বাঘেলাবংশীয় একজন রাজপুত সর্দ্দার। বীর-ধবলের পুত্র।

বিশ্বমহস্ (ত্রি) বিশ্বং ব্যাপ্তং মহস্তেজো যস্য। ব্যাপ্ততেজস্ক, যাহার তেজ চারিদিকে পরিব্যাপ্ত আছে।

"বিশ্বেহি বিশ্বমহসো বিশ্বে যজ্ঞেষু যজ্ঞিয়া" (ঋক্ ১০।৯৩।২)

'বিশ্বমহসো ব্যাপ্ততেজস্কাঃ' (সায়ণ)

বিশ্বমহেশ্বর (পুং) শিব।

বিশ্বমাতৃ (স্ত্রী) বিশ্বস্য মাতা। বিশ্বের মাতা, বিশ্বজননী, জগতের মাতা।

বিশ্বমানুষ (পুং) বিশ্বং সর্ব্বঃ মানুষঃ। সকল মনুষ্য।

"যস্য তে বিশ্বমানুষঃ" (ঋক্ ৮।৪৬।৪২)

'বিশ্বমানুষঃ সর্ব্বোমনুষ্যঃ' (সায়ণ)

বিশ্বমিত্র (পুং) মাণবক। (পা ৬।৩।১৩০)

বিশ্বমিন্ব (ত্রি) বিশ্বব্যাপক।

"বিশ্বমিন্বং মেধিরায়" (ঋক্ ১।৬১।৪)

'বিশ্বমিন্বং বিশ্বব্যাপকং বিশ্বৈর্ব্যাপ্তং' (সায়ণ)

বিশ্বমুখী (স্ত্রী) দাক্ষায়ণী।

বিশ্বমূর্ত্তি (ত্রি) বিশ্বমেব মূর্ত্তির্যস্য। বিশ্বরূপ, ভগবান্ বিষ্ণু, এই বিশ্বই যাহার মূর্ত্তি।

"নমস্তে যন্ময়ং সর্ব্বমেতৎ সর্ব্বময়শ্চ যঃ।
বিশ্বমূর্ত্তিঃ পরং জ্যোতির্যত্তদ্ধ্যায়ন্তি যোগিনঃ॥"

(মার্কণ্ডেয়পু° ১০৩।৫)

বিশ্বমেজয় (পুং) বিশ্বের সকল শত্রু হইতে কম্পয়িতা।

"পরস্ব বিশ্বমেজয়" (ঋক্ ৯।৩৫।২) 'হে বিশ্বমেজয় বিশ্বস্য সর্ব্বস্যাস্মচ্ছত্রোঃ কম্পয়িতঃ' (সায়ণ)

বিশ্বমোহন (ত্রি) বিশ্বং মোহয়তীতি বিশ্ব-মুহ-ণিচ্-ল্যু। বিশ্বমোহনকারী, বিশ্বকে যিনি মোহিত করেন, বিষ্ণু।

বিশ্বম্ভর (পুং) বিশ্বং বিভর্ত্তীতি ভৃ (সংজ্ঞায়াং ভৃহৃবৃজীতি। পা ৩।২।৪৬) ইতি মুম্, (অরুর্দ্বিষদিতি। পা ৬।৩।৬৭) ইতি মুম্। বিষ্ণু, পরমেশ্বর।

"বিশ্বম্ভর ভরাস্মাকং বিশ্বস্মাদ্বা বহিঃকুরু।
অথ পক্ষদ্বয়াভাবে ত্যজ বিশ্বম্ভরত্বকম্॥" (উদ্ভট)

বিষ্ণু সমস্ত বিশ্বকে ভরণ করেন এই জন্য তিনি বিশ্বম্ভর নামে আখ্যাত।

বিশ্বম্ভর, রাজভেদ। (ঐতরেয়ব্রা° ৭।২৯)

বিশ্বম্ভর, আনন্দলহরীটীকাকর্ত্তা।

বিশ্বম্ভর, গরুড়পুরাণবর্ণিত বৈশ্যভেদ। তিনি দেবদ্বিজে বিশেষ ভক্তিমান্ ছিলেন। কালে যমদণ্ডের ভয়ে তিনি স্বীয় পত্নী সত্যমেধাকে লইয়া তীর্থযাত্রায় বহির্গত হন। পথে লোমশ মুনির সহিত তাঁহার সাক্ষাৎ হয়। লোমশ তাঁহাকে বলিলেন, তুমি যে সকল পুণ্যকার্য্য করিয়াছ, বৃষোৎসর্গ ব্যতিরেকে তৎসমুদায় পণ্ড হইয়াছে; অতএব তুমি পুষ্করতীর্থে যাইয়া বৃষোৎসর্গ সমাধানপূর্ব্বক স্বগৃহে প্রত্যাবর্ত্তন কর। তাহা হইলে তোমার সকল দুষ্কৃতের খণ্ডন হইয়া মহাপুণ্য সঞ্চয় হইবে। তদনুসারে বিশ্বম্ভর কার্ত্তিক মাসে পুষ্করে যাইয়া লোমশবর্ণিত বিধিবৎ যজ্ঞ সমাধান করেন। তদনন্তর তিনি লোমশ সঙ্গে নানাতীর্থ পরিভ্রমণ করিয়া ও অশেষ পুণ্যসঞ্চয়পূর্ব্বক নানা সুখভোগ করিয়াছিলেন। ঐ পুণ্যফলে, পর জন্মে তাঁহার বীরসেন রাজকুলে জন্ম হয় ও তিনি বীরপঞ্চানন নামে আখ্যাত হন।

(গরুড় উত্তর° ৭।৪৮—২২৫)

বিশ্বম্ভরক (পুং) বিশ্বম্ভর স্বার্থে কন্। বিশ্বম্ভর।

বিশ্বম্ভরপুর, ভোজরাজের একটী নগর। (ভবিষ্য ব্রৎখ° ৩০।৮৯)

বিশ্বম্ভর মৈথিলোপাধ্যায়, একজন কবি। কবীন্দ্র চন্দ্রোদয়ে ইঁহার রচিত শ্লোকাদির পরিচয় আছে।

বিশ্বম্ভরা (স্ত্রী) বিশ্বম্ভর-টাপ্। পৃথিবী। বিশ্বভরণ হেতু পৃথিবীর নাম বিশ্বম্ভরা।

"বিশ্বম্ভরা তদ্ভরণাচ্চানন্তানন্তরূপতঃ।
পৃথিবী পৃথুকন্যাত্বাদ্বিস্তৃতত্বান্মহামুনে॥"

(ব্রহ্মবৈবর্ত্তপু° প্রকৃতিখ° ৭ অঃ)

বিশ্বম্ভরাভুজ্ (পুং) বিশ্বম্ভরাং পৃথিবীং ভুনক্তি ভুজ-ক্বিপ্। পৃথিবীভোগকারী, পৃথিবীপতি, রাজা। (রাজতরঙ্গিণী ৮।২০।১৯২)

বিশ্বম্ভরেশ্বর, হিমালয়স্থ শিবলিঙ্গভেদ। (হিমবৎ ৮।১০৬)

বিশ্বম্ভরোপনিষদ্, উপনিষদ্ভেদ।

বিশ্বযশস্ (পুং) ঋষিভেদ। (পা ৬।২।১০৬)

বিশ্বযু (পুং) বায়ু। (শব্দার্থ°)

বিশ্বযোনি (পুং স্ত্রী) বিশ্বস্য যোনিঃ। ১ বিশ্বের যোনি অর্থাৎ কারণ। যাহা হইতে সমস্ত বিশ্ব উদ্ভূত হইয়াছে। ২ ব্রহ্মা।

"বিশ্বযোনিস্তিরোদধে" (কুমার ২ স°)

বিশ্বরথ (পুং) গান্ধিরাজের পুত্রভেদ। (হরিবংশ)

বিশ্বরথ, সহ্যাদ্রিবর্ণিত এক জন রাজা। (সহ্যা° ৩২।১৫)

বিশ্বরদ (পুং) মগ বা ভোজক ব্রাহ্মণদিগের একখানি বেদশাস্ত্র। এই বেদ অস্মদীয় বেদসংহিতা চতুষ্টয়ের বিপরীত। (Visperad)

"ব্রহ্মণোক্তাস্তথাবেদা মগনামপি সুব্রত।
তএব বিপরীতাস্তু তেষাং বেদা প্রকীর্ত্তিতাঃ॥
বিদো বিশ্বরদশ্চৈব বিদুদাঙ্গিরসস্তথা।
বেদাহ্যেতে মগানান্তু পুরোবাচ প্রজাপতিঃ॥" (ভবিষ্যপু°)

বিশ্বরাজ্ (পুং) সর্ব্বাধিপতি। [বিশ্বরাজ্ দেখ।]

বিশ্বরাধস্ (ত্রি) ১ সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন, প্রভূত ধনশালী।

'বিশ্বরাধসঃ সর্ব্বধনস্য অতিপ্রভূতধনস্য দেবস্য ধাতুঃ।'

(অথর্ব্ব ৭।১৭।২ সায়ণ)

বিশ্বরুচি (পুং) ১ দেবযোনিভেদ। (ভারত দ্রোণপর্ব্ব) ২ দানবভেদ। (কথাসরিৎ)

বিশ্বরুচী (স্ত্রী) অগ্নির সপ্তজিহ্বার একতম। (মুণ্ডকোপনি°১।২।৪)

বিশ্বরূপ (ক্লী) ১ বহুবিধরূপ, নানারূপ। (শুক্লযজুঃ ১৬।২৫)

'কার্য্যঃ সোঽবেক্ষ্য শক্তিঞ্চ দেশকালৌ চ তত্ত্বতঃ।
কুরুতে ধর্ম্মসিদ্ধ্যর্থং বিশ্বরূপং পুনঃ পুনঃ॥" (মনু ৭।২০)
'বিশ্বরূপং বহূনি রূপাণি করোতি' (কুল্লূক)

রাজা কার্য্যসিদ্ধির জন্য নানাপ্রকার রূপ স্বীকার করিয়া থাকেন। বিশ্বমেব রূপং যস্য। ২ বিষ্ণু। (হেম) ৩ মহাদেব। (ভারত ৭।২০০।১২৪) ৪ ত্বষ্টৃপুত্র। (বিষ্ণুপু০ ১।১৫।১২২) (ত্রি) ৫ সর্ব্বরূপ।

"স সর্ব্ব নানা স চ বিশ্বরূপঃ।
প্রসীদতামনিরুক্তাত্মশক্তিঃ॥"

ভগবান্ অর্জ্জুনকে যে বিশ্বরূপ দর্শন করাইয়াছিলেন শ্রীমদ্ভগবদ্গীতার একাদশাধ্যায়ে তাহা এইরূপে বর্ণিত আছে—

"অনেকবাহূদরবক্ত্রনেত্রং পশ্যামি ত্বাং সর্ব্বতোঽনন্তরূপং।
নান্তং ন মধ্যং ন পুনস্তবাদিং পশ্যামি বিশ্বেশ্বর বিশ্বরূপ॥
কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ তেজোরাশিং সর্ব্বতোদীপ্তিমন্তং।
পশ্যামি ত্বাং দুর্নিরীক্ষ্যং সমন্তাৎ দীপ্তানলার্কদ্যুতিমপ্রমেয়ম্॥"

ইত্যাদি। (গীতা ১১ অ০)

অর্জ্জুন ভগবানের এই অদৃষ্টপূর্ব্ব বিশ্বরূপ দর্শন করিয়া ভয়-ব্যাকুল-চিত্তে বলিয়াছিলেন, ভগবন্! আমি আপনার বিশ্বরূপ দর্শনে ভীত হইয়াছি। এইক্ষণ আপনি আপনার পূর্ব্ব দেবরূপ প্রদর্শন করুন এবং প্রসন্ন হউন।

"অদৃষ্টপূর্ব্বং হৃষিতোঽস্মি দৃষ্ট্বা ভয়েন চ প্রব্যথিতং মনো মে।
তদেব মে দর্শয় দেবরূপম্ প্রসীদ দেবেশ জগন্নিবাস॥"(গীতা১১।৪৫)

ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে দেখাইয়াছিলেন যে, এই বিশ্বের চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র প্রভৃতি জ্যোতিষ্কগণ এবং ব্রহ্মাদিদেবগণ যাহা কিছু দেখিতে পাও, তাহা সমস্তই আমার স্বরূপ।

৬ অসুরভেদ। (ভারত সভাপর্ব্ব) ৭ সর্ব্বাত্মক। (ঋক্ ১০।১০।৪)

বিশ্বরূপ ১ একজন সিদ্ধপুরুষ। ইনি জগন্নাথ মিশ্রের পুত্র ও মহাপ্রভু শ্রীচৈতন্যের অগ্রজ। [চৈতন্যচন্দ্রশব্দ দেখ।]

২ একজন আভিধানিক। মহেশ্বর ও মেদিনীকর ইহার উল্লেখ করিয়াছেন। ৩ জনৈক ব্যবস্থাতত্ত্বজ্ঞ। হেমাদ্রিকৃত পরিশেষখণ্ডে ইহার পরিচয় আছে। অনেকে অনুমান করেন ইনিই যাজ্ঞবল্ক্যস্মৃতির টীকা রচনা করিয়াছিলেন। বিজ্ঞানেশ্বর ঐ টীকার বচন উদ্ধৃত করিয়াছেন।

বিশ্বরূপ আচার্য্য, শঙ্করাচার্য্যের একজন শিষ্য; ইহার পূর্ব্ব নাম সর্ব্বেশ্বর।

বিশ্বরূপক (ক্লী) কৃষ্ণাগুরু। (রাজনি০)

বিশ্বরূপকেশব, আগমতত্ত্বসারসংগ্রহ নামক তন্ত্রগ্রন্থ-রচয়িতা। তুঙ্গভদ্রা নদীতীরে ইহার বাস ছিল। কেহ কেহ ইহাকে কেশববিশ্বরূপ নামেও অভিহিত করিয়া থাকেন।

বিশ্বরূপগণক, গণেশকৃত চাবুকযন্ত্রের টীকা, নিস্পষ্টার্থদূতী নাম্নী লীলাবতীটীকা, সিদ্ধান্তশিরোমণিমরীচি, সিদ্ধান্তসার্ব্বভৌম প্রভৃতি গ্রন্থপ্রণেতা। ইনি রঙ্গনাথের পুত্র ও বল্লাল দৈবজ্ঞের পৌত্র। মুনীশ্বর উপাধিতে ইনি সর্ব্বত্র পরিচিত ছিলেন।

বিশ্বরূপতীর্থ, হঠতত্ত্বকৌমুদীপ্রণেতা। সুন্দরদেবের গুরু।

বিশ্বরূপতীর্থ (ক্লী) তীর্থভেদ।

বিশ্বরূপদেব, বিবেকমার্ত্তণ্ড নামক জ্যোতিঃগ্রন্থপ্রণেতা। শতগুণাচার্য্যের পুত্র।

বিশ্বরূপভারতীস্বামী, একজন প্রসিদ্ধ যোগী।

বিশ্বরূপবৎ (ত্রি) বিশ্বরূপ অস্ত্যর্থে মতুপ্ মস্য ব। বিশ্বরূপযুক্ত, বিশ্বরূপবিশিষ্ট। বিষ্ণু। (রামায়ণ ৭।২৩।১)

বিশ্বরূপিন্ (ত্রি) বিশ্বরূপ অস্ত্যর্থে ইনি। বিশ্বরূপ বিশিষ্ট। ভগবান্ বিষ্ণু।

"দৃষ্ট্বা চ পরমাত্মানং প্রত্যক্ষং বিশ্বরূপিণম্।
বিশ্বপাদশিরোগ্রীবং বিশ্বেশং বিশ্বভাবনম্॥" (মার্কণ্ডেপু০ ৪২।২)

বিশ্বরেতস্ (পুং) বিগে রেতঃ শক্তির্যস্য। ১ ব্রহ্মা। (হেম) ২ বিষ্ণু।

বিশ্বরোচন (পুং) বিশ্বান্ রোচয়তীতি রুচ্-ল্যু। নাড়ীচ শাক, পেচুক, কচু।

'পেচুকং পেচুলী পেচুর্নাড়িচো বিশ্বরোচনঃ।' (ত্রিকা০)

বিশ্বলোচন (ক্লী) বিশ্বস্য লোচনং। বিশ্বচক্ষুঃ, বিশ্বপ্রকাশ।

বিশ্বলোপ (পুং) ঋষিভেদ। (তৈত্তিরীয় সং ৩।৩।৮।২)

বিশ্ববনি (ত্রি) সর্ব্বাভীষ্টপূরক (সোম)। (তৈত্তিরীয়সং ২।৪।৫।২)

বিশ্ববৎ (ত্রি) ১ বিষ্ণুতুল্য। ২ বিষ্ণু আছে যাহাতে। পরমেশ্বর।

বিশ্ববয়স্ (পুং) ঋষিভেদ। (তৈত্তিরীয়সং ৬।৬।৮।৪)

বিশ্ববর্ম্মন্, কুমারগুপ্তের অধীন মালবের একজন সামন্ত। ৪৮০ খৃষ্টাব্দে গান্ধাররাজ্যে ইহার উৎকীর্ণ একখানি শিলালিপি পাওয়া যায়।

বিশ্ববহ্ [বাহ্] (ত্রি) ১ বিশ্ববহনকারী। ২ পরমেশ্বর।

বিশ্ববর্ণা (স্ত্রী) ভূম্যামলকী, ভুঁই আমলা।

বিশ্ববলিন্ (ত্রি) সর্ব্বপ্রকার বিষয় বোধে সমর্থ।

বিশ্ববাচ্ (স্ত্রী) ঈশ্বর। (হরিবংশ ২৫৯ অঃ)

বিশ্ববাজিন্ (পুং) যজ্ঞাশ্ব। (হরিবংশ ১৯৪ অঃ)

বিশ্ববার (ত্রি) ১ বিশ্ববারক, সংসারনিবর্ত্তক। ২ সকল ব্যক্তির পূজনীয়। (ঋক্ ১।৪৮।১৩) স্ত্রিয়াং টাপ্। ৩ যজ্ঞীয় সোমের সংস্কার বিশেষ। যে সংস্কারে ঋত্বিক্ বা অন্যলোক আবৃত থাকে। 'বিশ্ববারা বিশ্বৈঃ সর্ব্বৈর্ঋত্বিগ্ভিরনৃত্বিগ্ভিশ্চ ক্রিয়তে যত্র সোমঃ সা বিশ্ববারা। যদ্বা বিশ্বং বৃণোতি ক্রিয়মাণঃ সোমো যত্রেতি বিশ্ববারা জগদুৎপত্তিবীজত্বাৎ।' (শুক্লযজুঃ ৭।১।৪ বেদদীপ)

৪ অত্রিগোত্রজা বিশ্ববারা নাম্নী রমণী; ইনি ঋগ্‌বেদের ৫ম মণ্ডলের ২৮ সূক্তের ১ম হইতে ৬ষ্ঠ ঋকের ঋষি; ঐ ঐ ঋকে ইহার সম্বন্ধে এইরূপ লিখিত আছে,—

"অগ্নি প্রজ্বলিত হইয়া আকাশে দীপ্তি বিস্তার করেন এবং উষার সম্মুখে বিস্তৃতভাবে প্রদীপ্ত হয়েন, বিশ্ববারা পূর্ব্বাভিমুখী হইয়া দেবগণের স্তবোচ্চারণ পূর্ব্বক হব্যপাত্র লইয়া (অগ্নির অভিমুখে) গমন করিতেছেন; হে অগ্নি! তুমি সম্যক্‌রূপে প্রজ্বলিত হইয়া অমৃতের উপর আধিপত্য কর, তুমি হব্যদাতার কল্যাণ বিধানার্থ তাঁহার নিকট উপস্থিত থাক; তুমি যে যজমানের নিকট বর্ত্তমান থাক, তিনি সমস্ত ধনলাভ করেন এবং তোমার সম্মুখে অতিথিযোগ্য হব্য প্রদান করেন। হে অগ্নি! আমাদিগের বিপুল ঐশ্বর্য্যের নিমিত্ত শত্রুগণকে দমন কর। তোমার দীপ্তি সকল উৎকর্ষ লাভ করুক, তুমি দাম্পত্য সম্বন্ধ সুশৃঙ্খলাবদ্ধ কর এবং শত্রুগণের পরাক্রম আক্রমণ কর। ইত্যাদি"

বিশ্ববার্য্য (ত্রি) বিশ্বকার। (ঋক্ ৮।১৯।১১)

বিশ্ববাস (পুং) ১ সর্ব্বলোকের আবাসভূমি। ২ জগৎ।

বিশ্ববাহু (পুং) ১ মহাদেব। (ভা° ১৩।১৭।৫৮)

২ বিষ্ণু। (ভা° ১৩।১৪৯।৪৭)

বিশ্ববিখ্যাত (ত্রি) জগদ্বিখ্যাত, সর্ব্বত্র প্রসিদ্ধ।

বিশ্ববিজয়িন্ (ত্রি) সর্ব্বত্র জয়শীল।

বিশ্ববিদ্ (ত্রি) ১ সর্ব্বজ্ঞতা লাভে সমর্থ।

'বিশ্ববিদং বিশ্ববেদন সমর্থাং বিশ্বৈর্বেদনীয়াং বা।'

(ঋক্ ১।১৬৪।১০ সায়ণ)

৩ সর্ব্বজ্ঞ। ৪ সর্ব্ববিষয়ের বিজ্ঞাপক।

"বিশ্ববিদা বিশ্বং জানন্ত্যৌ বিশ্বস্য বেদয়িত্র্যৌ বা।"

(ঋক্ ৬।৭০।৬ সায়ণ)

বিশ্ববিদ্যালয়, যে স্থানে বহু দূরদেশ হইতে ছাত্রবৃন্দ আসিয়া উচ্চ অঙ্গের সকল বিদ্যা শিক্ষা করে, তাহাকেই বিশ্ববিদ্যালয় বলা হয় এ শব্দটী বর্ত্তমান কালের রচনা। ইংরাজী University বলিলে যে অর্থ বুঝায়, বাঙ্গালায় বিশ্ববিদ্যালয় বলিলে আমরা এখন সেইরূপ অর্থ বুঝি। বাস্তবিক ৫০।৬০ বর্ষ পূর্ব্বে 'বিশ্ববিদ্যালয়' শব্দটী ভারতবর্ষে প্রচলিত ছিল না। অতি পূর্ব্বকাল হইতেই ভারতবর্ষে 'পরিষদ্' (Council of education) বলিয়া একটী স্বতন্ত্র জিনিষ ছিল, তাহা হইতেই বর্ত্তমান বিশ্ববিদ্যালয়ের কার্য্য পরিচালিত হইত। উপনিষদে আমরা ঐরূপ পরিষদের উল্লেখ পাই। ভারতবর্ষের মধ্যে কাশ্মীরেই সর্ব্বপ্রথম 'পরিষদ্' বা বেদাধ্যাপনার উচ্চ সভা প্রতিষ্ঠিত হইয়াছিল। শাঙ্খায়নব্রাহ্মণে তাহার এইরূপ আভাস পাওয়া যায়—

"পথ্যাস্বস্তিরুদীচীং দিশং প্রাজানাৎ। বাগ্ বৈ পথ্যাস্বস্তিঃ। তস্মাদুদীচ্যাং দিশি প্রজ্ঞাততরা বাগুদ্যতে। উদঞ্চে উ এব যান্তি বাচং শিক্ষিতুং। যো বা তত আগচ্ছতি তস্য বা শুশ্রূষন্তে ইতি স্মাহ। এষা হি বাচো দিক্‌প্রজ্ঞাতা।" (শাঙ্খ° ব্রা° ৭।৬)

ভাষ্যকার বিনায়ক ভট্ট লিখিয়াছেন,—'প্রজ্ঞাততরা বাগুদ্যতে কাশ্মীরে সরস্বতী কীর্ত্ত্যতে। বদরিকাশ্রমে বেদঘোষঃ শ্রূয়তে। বাচং শিক্ষিতুং সরস্বতী প্রসাদার্থমুদঞ্চে।'

সুতরাং ভাষ্যানুসারে উক্ত ব্রাহ্মণাংশের এইরূপ অনুবাদ করা যাইতে পারে—

"পথ্যাস্বস্তি উত্তরদিক্ অর্থাৎ কাশ্মীরদেশ জানেন। পথ্যাস্বস্তিই বাক্ অর্থাৎ সরস্বতী। কাশ্মীরই সারস্বত স্থান বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে। লোকেও সেইজন্য কাশ্মীরে বিদ্যা শিক্ষা করিতে যায়। এইরূপ প্রবাদ আছে যে, যে লোক ঐ দিক্ হইতে আসিয়া থাকেন, সকলে 'তিনি বলিতেছেন' এই বলিয়া তাঁহার (উপদেশ) শুনিতে ইচ্ছা করেন। কারণ ঐ স্থান বিদ্যার স্থান বলিয়া প্রসিদ্ধ।

এখন যেমন অক্‌সফোর্ড, লিপ্‌সিক প্রভৃতি য়ুরোপীয় বিশ্ববিদ্যালয়ের উত্তীর্ণ ছাত্র বা অধ্যাপকের কথা য়ুরোপীয় মাত্রেই আদরে ও যত্নের সহিত শুনিয়া থাকেন, এখনও যেমন কাশী বা নবদ্বীপ হইতে শিক্ষিত ও উচ্চ উপাধিপ্রাপ্ত পণ্ডিতমণ্ডলী ভারতের সর্ব্বত্র আদৃত হইয়া থাকেন, বৌদ্ধপ্রাধান্যকালে যেমন নালন্দের পরিষদ্ হইতে উত্তীর্ণ ও সম্মানপ্রাপ্ত আচার্য্যগণ বৌদ্ধজগতের সর্ব্বত্রই শ্রেষ্ঠ সম্মানলাভ করিতেন এবং তাঁহাদের উপদেশ বেদবাক্যবৎ বৌদ্ধসমাজ আগ্রহের সহিত শ্রবণ করিতেন, বৈদিক সময়ে অর্থাৎ ৪।৫ হাজার বর্ষ পূর্ব্বে ভারতবাসী সেইরূপ কাশ্মীরীয় আচার্য্যের কথা মান্য করিতেন। এই কারণ বোধ হয় কাশ্মীর বিদ্যার আদিস্থান বা সারদাপীঠ বলিয়া পরিচিত।

এখন যেমন উচ্চ-শিক্ষার জন্য বিভিন্ন সহরে বা রাজধানীতে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা দেখা যায়। পূর্ব্বকালে ভারতে এরূপ জনবহুল স্থানে বা রাজধানীতে এরূপ উচ্চ শিক্ষার ব্যবস্থা ছিল না। উপনয়নের পরই দ্বিজাতিকে নির্জ্জন অরণ্যবেষ্টিত গুরুর আশ্রমে গিয়া ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক অবস্থান করিতে হইত। যিনি সকল উচ্চবিদ্যার পাণ্ডিত্যলাভে অভিলাষী ছিলেন,তাঁহাকে ৩৬ বর্ষ কাল গুরুগৃহে থাকিতে হইত।* উচ্চ শিক্ষার্থীর আশ্রমস্থান প্রথম কাশ্মীরে সারদাপীঠ, তৎপরে বদরিকাশ্রম এবং পৌরাণিক যুগে নৈমিষারণ্য নির্দ্দিষ্ট ছিল। উক্ত স্থানত্রয় হইতেই ভারতবর্ষীয় সহস্র সহস্র আচার্য্যের অভ্যুদয় ঘটিয়াছিল।

* "ষট্‌ত্রিংশদাব্দিকং চর্য্যং গুরৌ ত্রৈবেদিকং ব্রতম্।" (মনু ৩।১)

এখন যেমন এক একটী বিশ্ববিদ্যালয়ের এক একজন অধ্যক্ষ বা প্রিন্‌সিপাল (Principal) দেখা যায়, পূর্ব্বকালে বৈদিক ও পৌরাণিক যুগেও এইরূপ অধ্যক্ষের সন্ধান পাওয়া যায়, তিনি কুলপতি নামে পরিচিত ছিলেন। য়ুরোপীয় ও এখানকার প্রিন্‌সিপালগণ বেতন লইয়া উচ্চশিক্ষা দান করিয়া থাকেন, কিন্তু ভারতের পূর্ব্বতন কুলপতিগণ বেতন লওয়া দূরের কথা, এক একজন কুলপতি ১০ হাজার শিষ্যকে কেবল বিদ্যাদান নহে, ছাত্রের শিক্ষা সমাপ্তি বা সমাবর্ত্তন পর্য্যন্ত অন্নদানাদি দ্বারা ভরণ পোষণ করিতেন*।†

"মুনীনাং দশসাহস্রং যোঽন্নদানাদিপোষণাৎ।
অধ্যাপয়তি বিপ্রর্ষিরসৌ কুলপতিঃ স্মৃতঃ॥"

ভারতপুরাণাদি হইতে অত্রি, শৌনক, উগ্রশ্রবা প্রভৃতি মুনিকে আমরা কুলপতি আখ্যায় অভিহিত দেখি।

বৈদিক ও পৌরাণিক যুগে যেরূপ উচ্চশিক্ষার জন্য নির্জ্জন স্থানে আশ্রম নির্দ্দিষ্ট ছিল, আদি বৌদ্ধযুগেও প্রথমে এইরূপ ব্যবহার দেখিতে পাই। পরে বৌদ্ধযুগে ভারতের পশ্চিমপ্রান্তে গান্ধার ও উদ্যানে এবং পূর্ব্বভারতে বেহারের অন্তর্গত নালন্দে বৌদ্ধবিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছিল। উক্ত দুই স্থানে যতগুলি বিহার বা বিদ্যাশিহার স্থান ছিল, সকলগুলির উপর কর্ত্তৃত্ব করিবার ভার একজন কুলপতির উপর নির্দ্দিষ্ট ছিল ‡।

চীনপরিব্রাজক হিউএন্‌সিয়ং খৃষ্টীয় ৭ম শতাব্দে নালন্দে আসিয়া এখানে কিছুকাল থাকিয়া বহু বৌদ্ধশাস্ত্র শিক্ষা করিয়া যান। এসময়েও নালন্দায় প্রায় ৫০ হাজার শিক্ষার্থী উপস্থিত ছিল। চীনপরিব্রাজকদিগের বিবরণ হইতে জানা যায় যে কেবল ভারত বা চীন নহে, সুদূর কোরিয়া ও ভারতমহাসাগরীয় দ্বীপপুঞ্জ হইতে বহু ছাত্র এখানে উচ্চ শিক্ষালাভ করিবার জন্য আগমন করিত। এই নালন্দের বিশ্ববিদ্যালয় দর্শনে আসিয়া কোরিয়ার সুপ্রসিদ্ধ শ্রমণ আর্য্যবর্ম্ম (A-di-ye-po-mono) ও হোই-য়ে (Hoei-ye) প্রায় ৬৪০ খৃষ্টাব্দে এখানে প্রাণ বিসর্জ্জন করিয়াছিলেন। § চীনপরিব্রাজক হিউএন্‌সিয়ঙ্গের নালন্দে অবস্থানকালে শীলভদ্র এখানকার 'কুলপতি' ছিলেন।

বৈদিক বা পৌরাণিক যুগের বিশ্ববিদ্যালয়গুলি নির্জ্জন বন প্রদেশে পর্ণকুটীরে ছিল, বৌদ্ধ প্রাধান্যকালের বিশ্ববিদ্যালয়গুলি সেরূপ নহে। বৌদ্ধরাজগণের যত্নে প্রস্তরময় সুবৃহৎ অট্টালিকার বা বিহারে বিশ্ববিদ্যালয়ের কার্য্য সম্পন্ন হইত। চীনপরিব্রাজকগণ খৃষ্টীয় ৭ম শকাব্দে গান্ধার ও উদ্যানে ঐরূপ বিশ্ববিদ্যালয়ের ধ্বংসাবশেষ দর্শন করিয়া গিয়াছেন। ঐ সময়ে কিন্তু নালন্দের সুবৃহৎ বিশ্ববিদ্যালয় ধ্বংসমুখে পতিত হয় নাই, তখনও এখানে এক স্থানে ১০ হাজার ছাত্র থাকিয়া অধ্যাপকের উপদেশ শুনিতে পারে, প্রস্তরময়ী অট্টালিকা মধ্যে এরূপ সুবৃৎ প্রস্তর-বেদিকা বিদ্যমান ছিল। খৃষ্টীয় ৮ম শতাব্দ হইতেই নালন্দের বিশ্ববিদ্যালয় পরিত্যক্ত হয় এবং খৃষ্টীয় ৯ম শতাব্দের শেষভাগে নালন্দের (বর্ত্তমান বরাগাঁওর) নিকটবর্ত্তী বিক্রমশিলায় (বর্ত্তমান শিলাও গ্রামে) গৌড়াধিপ ধর্ম্মপালের যত্নে অভিনব তান্ত্রিক বৌদ্ধগণের জন্য নূতন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা হয়। ১ম মহীপালের সময়ে ও তাঁহার যত্নে বিক্রমশিলার খ্যাতি দিগন্তবিশ্রুত হইয়াছিল। এই গৌড়াধিপ দীপঙ্কর শ্রীজ্ঞানকে বিক্রমশিলার প্রধান আচার্য্যপদে অভিষিক্ত করেন। এসময়ে এস্থানে ৫০ জন প্রধান আচার্য্য বা অধ্যাপক অবস্থান করিতেন। মুসলমান আক্রমণে এখানকার সেই প্রাচীন বৌদ্ধকীর্ত্তি বিধ্বস্ত হয়।

বৌদ্ধযুগে বৌদ্ধদিগের আদর্শে হিন্দু ও জৈনদিগের মধ্যেও বিভিন্ন সম্প্রদায়ের প্রধান প্রধান মঠগুলি সেই সেই সম্প্রদায়ের আলোচ্য শাস্ত্রগ্রন্থ পাঠের ক্ষুদ্র বিশ্ববিদ্যালয়রূপে গণ্য হইতে থাকে। অতি পূর্ব্বতনকালে আর্য্য হিন্দুসমাজে যেমন আশ্রমবাসী শিক্ষার্থীর মধ্যে ব্রহ্মচর্য্যাদি পালন ও পাঠনিয়ম প্রবর্ত্তিত ছিল, বৌদ্ধ বিহার বা বিদ্যালয়সমূহেও অনেকটা সেইরূপ নিয়মই প্রচলিত হয়। পরবর্ত্তী হিন্দু ও জৈনমঠগুলিতেও সেই সকল নিয়মই সামান্য পরিবর্ত্তন ও সময়োপযোগী করিয়া গৃহীত হয়। শঙ্কর ও রামানুজ সম্প্রদায়ের মঠগুলি এবং গিরণার, আহ্মদাবাদ প্রভৃতি স্থানের জৈনমঠগুলিকে ভারতীয় ক্ষুদ্র বিশ্ববিদ্যালয় বলিয়া গ্রহণ করিতে পারি। বহু দূরদেশ হইতে শিক্ষার্থী আসিয়া এখানে গ্রাসাচ্ছাদন ও উপযুক্ত বিদ্যাশিক্ষা পাইয়া থাকে।

বৌদ্ধপ্রভাবের অবসান এবং বৈদিক ধর্ম্মের অভ্যুদয়কালে কান্যকুব্জ ও কাশীতেই বৈদিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছিল। মুসলমান আক্রমণে কনোজের বৈদিক বিদ্যালয় বিলুপ্ত হইলেও কাশী আজও হিন্দুসমাজে প্রধান শাস্ত্রচর্চ্চা ও শাস্ত্রশিক্ষার স্থান বলিয়া গণ্য। সেনরাজদিগের সময় পূর্ব্বতন আদর্শে প্রথমে মিথিলায় ও তৎপরে নবদ্বীপে বিশ্ববিদ্যালয়ের কার্য্য সম্পন্ন হইত। খৃষ্টীয় ১৬শ শতাব্দী হইতে নবদ্বীপই ন্যায় চর্চ্চার সর্ব্বপ্রধান শিক্ষাপরিষদ্ বলিয়া গণ্য হইয়াছে। আজও নবদ্বীপের সেই প্রাধান্য অক্ষুণ্ণ আছে। আজ পর্য্যন্ত কাশী, কাঞ্চী, দ্রাবিড়,

---

+ নীলকণ্ঠ মহাভারতের টীকাতেও লিখিয়াছেন—

"একো দশসহস্রাণি যোঽন্নদানাদিনা ভরেৎ। সৈ বৈ কুলপতিরিতি" (১।১।১)

‡ "তৎ পৃথিব্যাং সর্ব্ব বিহারেষু কুলপতিরয়ং ক্রিয়তাং" মৃচ্ছকটিক-নাটকের এই উক্তি হইতে বেশ বোধ হইতেছে যে খৃষ্টীয় ১ম শতাব্দীতেও কুলপতির প্রথা বিলুপ্ত হয় নাই।

§ Chavannes, *Memoire*, 32ff,

এমন কি উত্তরে কাশ্মীর ও দক্ষিণে সুদূর সেতুবন্ধ রামেশ্বর হইতে ছাত্রগণ নবদ্বীপে ন্যায় শিক্ষার্থ আসিয়া থাকেন।

যুরোপীয় বিশ্ববিদ্যালয়।

প্রাচীন ভারতে আর্য্যঋষিগণ শাস্ত্রীয় বা ধর্ম্মতত্ত্বাদি উচ্চ-শিক্ষা প্রদানের জন্য পরিষৎ স্থাপন পূর্ব্বক সাধারণকে শিক্ষা প্রদান করিতেন। তৎপরবর্ত্তিকালে অর্থাৎ বৌদ্ধযুগের সভ্যতা প্রাখর্য্যের সঙ্গে সঙ্গে মঠাদিতেও সেই ভাবে উচ্চ-শিক্ষা প্রদানের ব্যবস্থা হইয়াছিল। এখন বিশ্ববিদ্যালয়সমূহে বিজ্ঞানাদি বিষয়ে যে ভাবে উচ্চশিক্ষা (Higher education) দেওয়া হয়, তৎকালে সে ভাবে শিক্ষাদান প্রথা প্রচলিত ছিল না; কিন্তু শিক্ষণীয় বিষয়সমূহ যে প্রায় একই রূপ ছিল, তাহাতে সন্দেহ নাই। বিশ্ববিদ্যালয় শব্দটী এখন যে ভাবে ব্যবহৃত হইয়া থাকে তাহাতে উহাকে পাশ্চাত্য জগতের 'কলেজ' বা 'ইউনিভার্সিটী' শব্দার্থের প্রতিরূপে সঙ্কলিত বলা যায়। ইংরাজী University শব্দ মধ্যযুগে লাটিনভাষায় প্রচলিত *Universitas* শব্দ হইতে গৃহীত। তখন উহা সাধারণ লোকসঙ্ঘের সমষ্টি অর্থে প্রযুক্ত হইত; পরে কেবলমাত্র জ্ঞানান্বেষী বা শিক্ষার্থী সম্প্রদায়ের পরিজ্ঞাপক শব্দরূপে ব্যবহৃত হইতে থাকে; কিন্তু তৎকালে সুস্পষ্ট-ভাবে এই শিক্ষিত সঙ্ঘকেই বুঝাইবার জন্য একমাত্র "Universitas" শব্দ ব্যবহার না করিয়া "Universitas magistrorum et scholarium" বা "discipulorum" শব্দ প্রযুক্ত হইত।

খৃষ্টীয় ১৪শ শতাব্দের শেষভাগ হইতে যুরোপে ধর্ম্মযাজকমণ্ডলী ও সভ্যজনগণ উক্ত 'ইউনিভার্সিটাস্' শব্দে যাহাতে শিক্ষক, আচার্য্য বা ছাত্রসম্প্রদায় প্রভৃতিকে বুঝায়, তাহা সর্ব্ববাদীসম্মত বলিয়া গ্রহণ করেন; কিন্তু তখনও "ইউনিভার্সিটী" শব্দ শিক্ষা-স্থানবাচক বলিয়া স্বীকৃত হয় নাই। প্রাচীন ও মধ্যযুগে শিক্ষা-স্থানকে "Studium" বা 'Studium generale' বলা হইত এবং উহাকে সকলে সাধারণ-শিক্ষার কেন্দ্রস্থল বলিয়া বিবেচনা করিতেন। তৎপরে Universitas Studii ও Universitatis Collegium শব্দে বিদ্যা-মন্দিরের প্রচলন হইল। তৎকালের রাজকীয় নথি পত্রে উহার উল্লেখ আছে।

এই সময় হইতে ইউনিভার্সিটী "Studium Generalie"র সমপর্য্যায়ক শব্দরূপে ব্যবহৃত হইতে থাকে; কিন্তু বর্ত্তমান প্রণালীতে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ন্যায় উহাতে ছাত্রবাস (Hostels), প্রশস্ত গৃহ (Halls) ও চতুষ্পাঠী (College) প্রভৃতির সুবন্দোবস্ত ছিল না। খৃষ্টীয় ১৪শ শতাব্দে যুরোপের প্রধান প্রধান নগরে স্ব স্ব বাণিজ্যের সুবিধার জন্য বৈদেশিক বণিক্‌দিগের দ্বারা উপরি উক্তরূপ এক একটী শিক্ষা-কেন্দ্র প্রতিষ্ঠিত হইয়াছিল তথায় স্বদেশী ব্যতীত প্রধানতঃ বৈদেশিক ছাত্রগণ শিক্ষালাভ করিতেন, তৎপরে সাধারণের যত্নে, বিশেষতঃ বণিক্, রাজা, পোপ ও নগরবাসী সম্ভ্রান্ত জনসাধারণের চেষ্টায় ছাত্রবৃন্দের শিক্ষাসৌকর্য্যার্থে ঐ বিদ্যা-স্থানের সংস্কার ও শৃঙ্খলা স্থাপিত হয় এবং ধর্ম্মমন্দিরের অধ্যক্ষ (Chancellor of the Cathedral) ও স্থানীয় প্রধান প্রধানদিগের দ্বারা ঐ সকল বিদ্যা-কেন্দ্রের উত্তীর্ণ ছাত্রগণ অন্য স্থানের টোলে অথবা নূতন টোল খুলিয়া (Facultus Ubique docendi) অধ্যাপনা করিতে পারিতেন। এই সকল অধ্যাপকেরা সাধারণের সম্মানের পাত্র হইতেন সন্দেহ নাই। ক্রমে এই বিশ্ববিদ্যালয় আরও উন্নতি সোপানে আরোহণ করে। পোপ, সম্রাট্ বা রাজার আদেশে ঐ সকল Studium Generale হইতে উপাধি দানের ব্যবস্থা হয়। ঐ উপাধি বর্ত্তমান B.A., বা M.A., উপাধির ন্যায় ছিল না। সেই উপাধি ছাত্রকে অধ্যাপক-পদে নিয়োগের অনুমতিজ্ঞাপক ছিল বলা যায়।

বিদ্যাশিক্ষার উন্নতির জন্যই যে, বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা তাহা পাশ্চাত্য পণ্ডিতগণ একবাক্যে স্বীকার করিয়া গিয়াছেন। ইতিহাস আলোচনা করিলে জানা যায় যে, খৃষ্টীয় ৬ষ্ঠ হইতে ১২শ শতাব্দ পর্য্যন্ত রোমক সাম্রাজ্যের অধীনস্থ বিদ্যালয়-সমূহে দেবপূজকদিগের শিক্ষাপ্রণালী বলবৎ ছিল। বর্ব্বরগণ রোমসাম্রাজ্য বিলোড়িত করিলে ঐ শিক্ষাপদ্ধতি কেবলমাত্র কিম্বদন্তীতে পর্য্যবসিত হয়। শেষোক্ত শতাব্দে ধর্ম্মমন্দির-সংশ্লিষ্ট বিদ্যালয় (Episcopal School attached to the Cathedrals) ও মঠ (Monastic Schools) প্রতিষ্ঠিত হইয়া জনসমাজে বিশেষ প্রতিষ্ঠা লাভ করে।

উপরি উক্ত কাথিড্রাল্ স্কুলে কেবলমাত্র ধর্ম্মযাজকের উপযোগী শিক্ষা দেওয়া হইত এবং মঠে সন্ন্যাসী ও শ্রমণ (Monks) সম্প্রদায়ের উদ্দেশ্যানুরূপ শিক্ষার ব্যবস্থা ছিল। উক্ত দ্বিবিধ বিদ্যালয়ের সহিত রাজবিদ্যালয়সমূহের (Schools of the Empire) শিক্ষাপ্রণালীর যথেষ্ট বৈলক্ষণ্য দেখা যাইত। কেননা এই শেষোক্ত বিদ্যামন্দির-সমূহে দেবপূজকদিগের মতানুসারী শিক্ষাই (Pagan system of Education) প্রদত্ত হইত; এতদ্ব্যতীত রাজবিদ্যাগার-সমূহে খৃষ্টান্-ধর্ম্মতত্ত্বের শিক্ষাও (Christian system) প্রচলিত ছিল, কারণ তৎকালে প্রাচীন ধর্ম্ম-পুস্তক (ancient text books) ব্যতীত অন্য পুস্তকের বেশী প্রচলন ছিল না এবং শিক্ষাবিস্তারের জন্য তদানীন্তন শিক্ষকবৃন্দ ঐ সকল পুস্তক পরিত্যাগ করিতে পারেন নাই। কখন কখন আরিষ্টট্‌ল, পরফাইরি, মার্টিয়ানাস্ কাপেলা ও বিটিয়াসের লেখনীপ্রসূত তত্ত্বনিচয়ের কতকাংশের শিক্ষা দেওয়া হইত।

মরোভিন্‌জিয়ান্ রাজবংশের শাসন কালে ফরাসীরাজ্যে (Frankish Dominion) বিদ্যাশিক্ষার আংশিক বিলয় সাধিত হয়। তৎপরে থিওডোরাস, বিডে ও আল্‌কুইনের যত্নে বিদ্যাশিক্ষার উন্নতিবিষয়ে পুনরায়োজন হয়। খৃষ্টীয় ৮ম ও ৯ম শতাব্দে সম্রাট্ চার্লস্ দি গ্রেটের অভিমতে ও আল্‌কুইনের যত্নে ফ্রাঙ্কলাণ্ডে শিক্ষা-বিভাগের মহান্ সংস্কার সাধিত হয় এবং একযোগে Monastic ও Cathedral schools ও শিক্ষা দিবার ব্যবস্থা বিধিবদ্ধ হয়। তৎকালে রাজদরবারের অধীনে যে Palace School পরিচালিত হইতেছিল, তাহা উচ্চ শিক্ষা প্রদানের একটী প্রসিদ্ধ কেন্দ্র বলিয়া পরিগণিত হয়। থিওডোরাস্ প্রভৃতির অনুষ্ঠিত পদ্ধতির অনুসরণ করিয়া প্রসিদ্ধ ধর্ম্মাচার্য্য গ্রিগরী দি গ্রেট ইংলণ্ডেও শিক্ষার প্রণালীর সুব্যবস্থা করিয়াছিলেন।

খৃষ্টীয় ১০ম শতাব্দে রোমাধীন খৃষ্টান্ জগতে (Latin Christendom) ঘোরতর রাজ্যবিপ্লব উপস্থিত হওয়ায় বিদ্যাশিক্ষা বিস্তারেরও ভয়ানক অন্তরায় ঘটে; তৎপরে ফ্রান্সের রাজধানী পারী নগরে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা হওয়া অবধি পাশ্চত্য জগতে শিক্ষা বিস্তারের প্রসার পুনরায় বাড়িয়া উঠে। কিন্তু এই সময়ের মধ্যে অর্থাৎ ১০ম হইতে ১২শ শতাব্দের প্রারম্ভ কাল পর্য্যন্ত স্থানে স্থানে লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপকগণ সাধারণের শিক্ষা প্রদানে যত্নশীল ছিলেন। পূর্ব্বকথিত আল্‌কুইন সাহেব স্বয়ং টুর্স (Tours) নগরের সেণ্ট মার্টিনমঠস্থ (The Great abbey of St. Martin) বিদ্যালয়ের প্রধান আচার্য্য পদে অধিষ্ঠিত থাকিয়া শিক্ষা বিস্তারে বদ্ধপরিকর হন। প্রকৃত প্রস্তাবে তাঁহারই যত্নে উক্ত মঠ-বিদ্যালয়ের আদর্শ হইতেই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা হয়। তিনি নূতন নূতন বিষয়ের শিক্ষাপ্রয়াসী হইয়া তদানীন্তন সাহিত্যকে নবভাবে সংস্কৃত করিয়া লইয়াছিলেন এবং নূতন প্রণালীতে শিক্ষা দানের বিধি প্রবর্ত্তন করেন।

পূর্ব্বেই উল্লেখ করিয়াছি, খৃষ্টীয় ১২শ শতাব্দে পারী ইউনিভার্সিটীর সংস্কারের সহিত প্রকৃত প্রস্তাবে বিশ্ববিদ্যালয়ের ভিত্তিস্থাপন, গঠন ও উন্নতিসাধন হয়। খৃষ্টীয় ১১শ শতাব্দের পূর্ব্বেও এখানে ন্যায়শাস্ত্রের (Logic) আলোচনা চলিত। ১২শ শতাব্দের প্রারম্ভে এখানে চাম্পোবাসী উইলিয়মনামক একজন অধ্যাপক ন্যায়শাস্ত্রের একটী বিদ্যালয় স্থাপন করেন। তাহাতে মুখে মুখে (Dialectic) ন্যায়শাস্ত্রীয় তর্কমীমাংসা হইত। অন্যান্য অধ্যাপকের অপেক্ষা উইলিয়মের শিক্ষা কৌশলে প্যারে বিদ্যালয়ের সুখ্যাতি চতুর্দ্দিকে বিস্তৃত হয়। উইলিয়মের শিষ্য সুবিখ্যাত আবিলার্ড ও তৎশিষ্য Sentences নামক গ্রন্থ-সঙ্কলয়িতা সুপ্রসিদ্ধ বিশপ পিটার লোম্বার্ড (১১৫৯ খৃঃ) ন্যায় শাস্ত্রের অধ্যাপনায় পারী বিশ্ববিদ্যালয়কে শীর্ষ স্থানীয় করিয়া তুলিয়া ছিলেন।

ইহার পূর্ব্বে ইতালী রাজ্যের সালার্ণো নগরে একটী আয়ুর্ব্বেদ-বিদ্যালয় প্রতিষ্ঠিত ছিল। কেহ কেহ অনুমান করেন খৃষ্টীয় ৯ম শতাব্দে সারাসেনদিগের যত্নে উহা স্থাপিত হইয়াছিল; কিন্তু De Renzi, Puccinotti প্রভৃতি ঐতিহাসিকগণ বিশেষ অনুসন্ধানে স্থির করিয়াছেন যে, ঐ বিদ্যালয়ের সহিত সারাসেনদিগের কোন সম্পর্ক নাই; কেন না Civitas Hippocraticaর প্রসিদ্ধির বিলয় না হওয়া পর্য্যন্ত আরবীয় ভেষজতত্ত্বাদি পাশ্চাত্য জগতে নীত হয় নাই।

রোমকগণ গ্রীকজাতির প্রাচীন শিক্ষাপদ্ধতির অনুসরণ করিয়া আয়ুর্ব্বেদ-বিদ্যার শিক্ষা প্রচার করেন। খৃষ্টীয় ১০ম শতাব্দে দক্ষিণ ইতালীতে গ্রীক্ ভাষার সমাদর ছিল বলিয়া অনুমিত হয়। আশ্চর্য্যের বিষয়, সালার্ণো ও এই আয়ুর্ব্বেদ-বিদ্যালয় হইতে উত্তীর্ণ অনেক ডাক্তারই স্ত্রীলোক ছিলেন।

ইহার পর, পাভিয়া নগরের লোম্বার্ড ল'স্কুল (Schools of Lombard Law) এবং রাভেন্নার রোমান্ ল'স্কুল (Schools of Roman Law) উল্লেখ যোগ্য। ১০০০ খৃষ্টাব্দে বোলোগ্‌নার সাধারণ বিদ্যালয় (School of Liberal arts) প্রসিদ্ধি লাভ করিতে থাকে। ১০১৩ খৃষ্টাব্দের নিকটবর্ত্তী কোন সময়ে সুপ্রসিদ্ধ ব্যবস্থাতত্ত্বজ্ঞ ইর্‌নেরিয়াস্ (১১০০-১১৩০ খৃঃ) এখানে দেওয়ানী কার্য্য বিধি (Civil Law) অধ্যাপনা করাইতেন, তাঁহারও পূর্ব্বে, অনুমান ১০৭৬ খৃষ্টাব্দের কোন সময়ে পিপো নামা জনৈক অধ্যাপক "Digest" শিক্ষা দিতেন। Schulteর মতে ১১৪৭ খৃষ্টাব্দের সমকালে গ্রেসিয়ানের ডিক্রিটাম্ (Decretium of Gratian) ও তৎপরে Corpus Juris Civilis নামক ব্যবস্থাগ্রন্থ সঙ্কলিত হয়।

এইরূপে রোমান্ বিধির প্রবল প্রচার হইলেও প্রকৃত প্রস্তাবে ১১৫৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা হয় নাই। খৃষ্টীয় ১৩শ শতাব্দের মধ্যভাগে ব্যবস্থাতত্ত্বালোচনার বিভিন্ন কেন্দ্রগুলি একত্র হইয়া Ultramontani ও Citramontani নামক দুইটী Universitates এর অন্তর্ভুক্ত হয়। ঐ সময়ে Johannes de Varanis প্রথমোক্ত এবং Pantaleon de Venetiis শেষোক্ত শাখার রেক্টার ছিলেন। ১২৫৩ খৃষ্টাব্দে পর্থ ইনোসেণ্ট ঐ বিশ্ববিদ্যালয়ের নবপ্রশস্তি প্রদান কালে উহাদের সংগঠন সম্বন্ধে বলিয়াছেন, "rectores et universitas scholarium Bononiensium." খৃষ্টীয় ১৬শ শতাব্দে ঐ দুইটী শাখা একজন রেক্টারের অধীনে পরিরক্ষিত হয়।

বালকদিগের আইন শিক্ষার জন্য উপরিউক্ত বিভিন্ন শিক্ষা-

সমিতি (gilds) ব্যতীত, বোলোগ্‌নায় আয়ুর্ব্বেদ (medicine) ও সাধারণ শিক্ষা (Arts) দানের জন্য জুরিষ্ট রেক্টারদিগের অধীনে একজন রেক্টার নিযুক্ত ছিলেন, ১৩০৬ খৃষ্টাব্দে তিনি সম্পূর্ণ স্বাধীনভাবে বিশ্ববিদ্যালয় পরিচালনের অধিকারী হন। ইউনিভার্সিটেটিস্ ভিন্ন, তৎকালে তথায় College of Doctors of Civil Law, College of Doctors of Canon Law, College of Doctors in Medicine and Arts এবং ১৩১২ খৃষ্টাব্দে College of Doctors in theology প্রতিষ্ঠিত ছিল।

উপরে উক্ত হইয়াছে যে, পারী নগরীতে বিশ্ববিদ্যালয়ের প্রকৃত উন্নতি সাধিত হয়। এখানে উচ্চশিক্ষা সম্বন্ধে ধর্ম্মতত্ত্ব, ব্যবস্থাতত্ত্ব ও আয়ুর্ব্বেদ (Faculties of Theology, Canon law and medicine) এবং নিম্নশিক্ষা সম্পর্কে ফ্রান্স, ইংলণ্ড (পরে জর্ম্মণি পিকার্ডি ও নর্ম্মাণ্ডির সাধারণ শিক্ষা Faculty of Arts) দান করা হইত। ১২৫৭ খৃষ্টাব্দের সমকালে রবার্ট ডি সোরবোন্ কর্ত্তৃক পারী নগরীর সুবিখ্যাত সোরবোন্ কলেজ প্রতিষ্ঠিত হয়। সেই সময়ে এই বিশ্ববিদ্যালয় ও নাভারের কলেজে ধর্ম্মতত্ত্বশিক্ষা বিশেষ খ্যাতিলাভ করে। ১২৯২ খৃষ্টাব্দে পারী ও বোলোগ্‌নার প্রাচীনতম বিশ্ববিদ্যালয়গুলিও ৪র্থ নিকোলাশের আদেশ-(Bulls) পত্র লইতে বিশেষ সমুৎসুক হইয়াছিলেন।

১১৬৭-৬৮ খৃষ্টাব্দে ইংলণ্ডের অক্সফোর্ড নগরের সাধারণ বিদ্যালয় 'Studiem generale'তে পরিণত হয়। ঐ সময়ে পারী হইতে ইংরাজ ছাত্রবৃন্দ বাধ্য হইয়া ইংলণ্ডে প্রত্যাগত হন এবং আপনাদের অধ্যবসায়ে ও শিক্ষা-সৌকর্য্যার্থে তাঁহারা অক্সফোর্ড নগরের বিদ্যালয়ের উন্নতি সাধন করেন। কারণ টমাস বেকেটের ইতিহাস পাঠে আমরা জানিতে পারি যে, রাজা ২য় হেন্‌রী অনুশাসন দ্বারা ইংলণ্ডের লোক সকলকে ফরাসীরাজ্য হইতে ইংলণ্ডে প্রত্যাগত হইতে আহ্বান করেন ও যাহাতে কেহ ইংলিস্-চানেল পার না হইয়া ফ্রান্সে যাইতে পারে তাহাও তিনি নিষেধ করিয়া দেন। সুসভ্য ফরাসীরাও বেকেটের সহিত রাজার কলহ উদ্দেশ করিয়া বৈদেশিক ছাত্রদিগকে রাজ্য হইতে তাড়াইয়া দেন। (Materials for the History of Thomas Bectet, ed Robertson Vol VI. P 235-38.)

১৬৩১ খৃষ্টাব্দে আর্কবিশপ লড শিক্ষাবিভাগের নেতা (Chancellor) হইয়া একখানি অনুশাসন (statutes) বলে, "Hebdomadal Board" অভিধেয় সমিতির হস্তে ইউনিভার্সিটীর কার্য্যভার ন্যস্ত করেন। ১৯শ শতাব্দের মধ্যভাগ পর্য্যন্ত তাঁহারাই পরিচালক ছিলেন। কাম্ব্রিজ্‌নগরে তৎকালে Caput Senatus নামে একটী ক্ষুদ্র সমিতি (Oligarchy) ছিল।

১৮৯৩ খৃষ্টাব্দের রাজসনদের অনুবলে ওয়েল্‌স্‌প্রদেশের এবারিস্‌টোয়াইথ্, কার্ডিফ্ ও বাঙ্গোর কলেজ একত্র করিয়া ওয়েল্‌স্-ইউনিভার্সিটী স্থাপিত হয়। ১৯০০ খৃষ্টাব্দে পার্লিয়ামেণ্টের কার্য্যবিধি অনুসারে ও রাজসনদ বলে পূর্ব্বতন মেসন-কলেজ বার্মিহাম-ইউনিভার্সিটীরূপে পরিবর্ত্তিত হয়। ১৮৯৮ খৃঃ অব্দের ইউনিভার্সিটী অব্ লণ্ডনএক্ট অনুসারে ও ১৯০০ খৃষ্টাব্দে কমিসনরদিগের অনুশাসনবলে লণ্ডন-ইউনিভার্সিটী সংগঠিত হয়।

সাধারণ ও উচ্চতম শিক্ষা ব্যতীত য়ুরোপ মহাদেশে বাণিজ্য ও শিল্প-বিষয়ক শিক্ষাদানের বিস্তর সমাদর দেখা যায়। ১৮৫২ খৃষ্টাব্দে এণ্টোয়ার্প নগরে Institut Superieur de Commerce ; ১৮৮১ খৃষ্টাব্দে পারী রাজধানীতে Ecole des Hautes Etudes Commerciales এবং বোর্দ্দো, হাভার, লিলে, লিওনস, মার্সায়েল, ডিজোঁ, মোণ্টপেলিয়ার, ন্যাণ্টিস, নান্সি ও রাউএন নগরে বাণিজ্য ও শিল্পবিদ্যার উচ্চশ্রেণীর বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। উপরিকথিত বাণিজ্যবিদ্যামন্দির ভিন্ন পারী নগরে Institut Commercial ও Ecoles Superieures de commerc নামে আরও দুইটী ঐ শ্রেণীর উচ্চবিদ্যালয় দেখা যায়। জর্ম্মণসাম্রাজ্যের লীপ্‌জীক্, কোল্‌ন্, আকেন, হনোভর ও ফ্রাঙ্কফোর্ট (মাইন্ নদীতীরবর্ত্তী) নগরে Handelhochschulen নামক বিদ্যাগার স্থাপিত আছে। রাজানুগ্রহে ঐ সকল বিশ্ববিদ্যালয় ছাত্রদিগকে পারদর্শিতানুরূপ উপাধি (doctoral degree) দানে সমর্থ, কিন্তু ফরাসী বা বেলজিয়ান্ বিদ্যালয়সমূহের ঐ রূপ অধিকার নাই।

নিম্নোক্ত তালিকায় প্রাচ্য ও প্রতীচ্য অনেকগুলি বিশ্ববিদ্যালয় ও তাহাদের প্রতিষ্ঠাকাল প্রদত্ত হইয়াছে। তদ্দৃষ্টে জানা যায় যে, য়ুরোপখণ্ডে সভ্যতাবিস্তারের সঙ্গে সঙ্গে খৃষ্টীয় ১৩শ, ১৪শ ও ১৫শ শতাব্দে বহুসংখ্যক বিশ্ববিদ্যালয় স্থাপিত হইয়াছিল। তৎপরে খৃষ্টীয় ১৬শ, ১৭শ, ১৮শ ও ১৯শ শতাব্দের মধ্যকাল পর্য্যন্ত সকল রাজ্যেই ইউনিভার্সিটী প্রতিষ্ঠার প্রভাব দৃষ্ট হয়। ঐ সকল পূর্ব্বতন বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিভাগীয় সংস্কারের সঙ্গে অধুনাতন প্রতিষ্ঠিত বিদ্যালয়গুলিও সংস্কৃতভাবে গঠিত হইয়াছিল। পরে যতই শিক্ষা বিভাগের উন্নতি সাধিত হইতে লাগিল, ততই বিশ্ববিদ্যালয়গুলি সংস্কারাপন্ন হইয়া নূতন আকার ধারণ করিল। যে অক্সফোর্ড ও কাম্ব্রিজ্ ইউনিভার্সিটীর সুখ্যাতি আজি সমস্ত জগতে পরিব্যাপ্ত, তাহা প্রথম প্রতিষ্ঠাসময়ে সেরূপ প্রসিদ্ধিলাভ করিতে পারে নাই, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সংস্কারক্রম লক্ষ্য করিয়া তাহারই অনুকরণে অথবা

তদনুরূপ সংস্কারের আদর্শে উক্ত বিদ্যালয় ধীরে ধীরে স্বীয় অঙ্গ-পুষ্টি করিয়াছিল। প্রকৃত প্রস্তাবে, গ্রেট্ বৃটেনরাজ্যে ১৮৭৭ খৃষ্টাব্দে যে সংস্কার বিধির প্রবর্ত্তন হয়, তাহা ১৮৮৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত বিশেষরূপ সংস্কার দ্বারা সম্যক্ উন্নত হইতে পারে নাই। এখন অক্সফোর্ডে বিভিন্ন শিক্ষা বিষয়ের চরম উপাধি দানের (Final Honour Schools) জন্য নিম্নোক্ত বিদ্যালয়সমূহ প্রতিষ্ঠিত আছে :—Litteræ Humaniores (classics, Ancient History, and Philosophy), Mathematics, Natural Science, Jurisprudence, Modern History, Theology, Oriental languages, ও English Literature এবং কাম্ব্রিজ্ বিশ্ববিদ্যালয়ে ঐরূপ Mathematics, Classics, Moral Sciences, Theology, Law, History, Oriental Languages, Mediæval and Sciences বা ইঞ্জিনিয়ারিং শিক্ষা এবং তত্তদ্‌বিষয়ের পরীক্ষোত্তীর্ণ ছাত্রদিগকে উপাধি দানের জন্য "Tripose" বিদ্যমান আছে। অক্সফোর্ড বিশ্ব-বিদ্যালয়ে B. A., পরীক্ষা না দিয়াও মৌলিক তত্ত্বানুসন্ধানের (Original research) জন্য B.Litt. ও B. Sc উপাধি গ্রহণ করা যায়। কেম্ব্রিজ্ বিদ্যালয়ে ঐরূপে অগ্রণী ছাত্রেরা B. A. উপাধিমাত্র পাইয়া থাকেন।

১৫৭৯ খৃষ্টাব্দে স্কটলণ্ডের সেণ্ট সালভেটর ও সেণ্ট লিওনার্ড কলেজে দর্শনশাস্ত্র এবং সেণ্ট মেরি কলেজে দেবতত্ত্ব (Theology) শিক্ষা দেওয়া হইত। ১৭৪৭ খৃষ্টাব্দের পার্লিয়ামেণ্ট বিধি অনুসারে উক্ত দুইটী কলেজ এক হইয়া সেণ্ট এণ্ড্রুজ্ ইউ-নিভার্সিটীতে পরিণত হয়। ১৫৭৭ খৃষ্টাব্দে গ্লাস্‌গো ইউনি-ভার্সিটীর প্রতিষ্ঠা হইলেও ১৮৬৪ খৃষ্টাব্দে গবর্মেণ্টের দানে ও সাধারণের চাঁদায় পুরাতন কলেজগৃহ ভাঙ্গিয়া নূতন ইউনিভার্সিটীর প্রতিষ্ঠা হয়। এখানে সাধারণশিক্ষা, ধর্ম্মতত্ত্ব, ভৈষজ্যতত্ত্ব ও ব্যবস্থাতত্ত্ব শিক্ষা দেওয়া হইয়া থাকে।

সেণ্ট এণ্ড্রুজের ন্যায় King's college ও Marischal college একত্র করিয়া ১৮৫৮ খৃষ্টাব্দের Universities Act অনুসারে আবার্ডিন্ ইউনিভার্সিটী গঠিত হয়। ঐ সময়ে এডিনবরা ইউনিভার্সিটীরও সংস্কার সাধিত হয়। আয়ার্লণ্ডের ডবলিন্ সহরে ১৮৫০ খৃষ্টাব্দের কুইন্স ইউনিভার্সিটী প্রতিষ্ঠিত হয়, পরে ১৮৭৯ খৃষ্টাব্দের পার্লামেণ্টের বিধি অনুসারে ১৮৮০ খৃষ্টাব্দে উহা "রয়েল ইউনিভার্সিটী নাম ধারণ করে"। বেলফাষ্ট, কর্ক, কার্লিউ, গাল্‌ওয়ে, লিমারিক ও লণ্ডনডেরি কলেজে পরীক্ষা দিবার ব্যবস্থা হয়। ঐ সকল বিশ্ববিদ্যালয় হইতে B. A., M. A., M. B. C. M., M. D., B. L., L. L. B., প্রভৃতি উপাধি দিবার ব্যবস্থা আছে।

নিম্নে বিশ্ববিদ্যালয়গুলির ও নগরের নাম এবং প্রতিষ্ঠাকাল (খৃষ্টাব্দ) লিপিবদ্ধ হইল।

স্থানের নাম	খৃষ্টাব্দ	স্থানের নাম	খৃষ্টাব্দ	স্থানের নাম	খৃষ্টাব্দ
আবার্ডিন	১৪৯৪	বোলোগ্‌না	১১৫৮	কারাকাস	
আবো	১৬৪০	বোম্বাই	১৮৫৭	কাটানিয়া	১৪৪৪
আডালেড্(১)	১৮৭২	বোন্ন	১৮১৮	কার্ডোবা (আর্জেন্টিনা)	
আডালেড্(২)	১৮৭৪	বোঁর্দো	১৪৪১	কাহোর	১৩৩২
আগ্রাম	১৮৬৯	বুর্জেস্	১৪৬৫	কলিকাতা	১৮৫৭
আল্‌ক্যালা	১৪৯৯	ব্রেস্‌লিউ	১৭০২	কাম্ব্রিজ	১২শ শতাব্দ
আল্টডর্ফ	১৫৭৮	ব্রুসেল্‌স্	১৮৩৪	খৃশ্চিয়ানা	১৮১১
আমষ্টার্ডাম	১৮৭৭	বুদাপেষ্ট	১৬৩৫	কোইম্বা	১৩০৯
আমষ্টার্ডাম ফ্রি°	১৮৮০	বেসান্‌সোন্ (ডোলনগর হইতে		কলম্বিয়া কলেজ (U. S.)	১৭৪৫
আজিয়ার	১৩০৫	স্থানান্তরিত)	১৪২২	কোলোন্	১৩৮৮
আলাহাবাদ	১৮৮৭	বিউনোস্ এরিস্	****	কোর্ণেল	১৮৬৫
আথেন্স	১৮৩৭	বুকারেষ্ট	১৮৬৪	কোপেন্ হাগেন	১৪৭৯
আরেজ্জো	১২১৫	কাএন	১৪৩৭	ক্রাকো	১৩৬৪
আভিগ্‌নোন	১৩০৩	কেডিজ্ (medical Faculty		ডিজোন	১৭২২
বামবর্গ	১৬৪৮	of Seville)	১৭৪৮	ডেব্রেক্‌জিন্ কলেজ	১৫৩১
বাসেল	১৪৫৯	ক্যাগ্‌লিয়ারী	১৫৯৬ পুনঃপ্রতিষ্ঠ	ডোরপাট্	১৬৩২
বার্লিন্	১৮০৯		১৭২০ ও ১৭৬৪	ডার্‌হাম্	১৮৩২
বার্ণ	১৮৩৪	কামেরিনো	১৭২৭ প্রতিষ্ঠা, ১৮৬০	এক্স-এন্ প্রেভেন্স	১৪০৯
বার্সিলোনা	১৪৫০	হইতে ইহা ফ্রি ইউনিভার্সিটী হয়।		এডিনবার্গ	১৫৮২

স্থানের নাম	খৃষ্টাব্দ
এর্‌ফার্ট	১৩৭৫
এর্লাঙ্গেন্‌	১৭৪৩
ফেরারা	১৩৯১
ফ্লোরেন্স	১৩২০
ফ্রান্স	১৭৯৪
ফ্রানেকার	১৫৮৫
ফ্রাঙ্কফোর্ট (ওডরতীরে)	১৫০৬
ফ্রি বার্গ	১৬৫৫
ফ্রি বার্গ (সুইজর্লণ্ড)	১৮৮৯
ফুন্‌ফ্‌কার্কেন্‌	১৩৬৭
জেনিভা	১৮৭৬
জার্গোবিট্‌জ্‌	১৮৭৫
ঘেণ্ট	১৮১৬
গিসেন	১৬০৭
গ্লাস্‌গো	১৪৫৩
গোথেন বার্গ ১৮৪১ এখানে কেবল দার্শনিক শাস্ত্রের আলোচনা ও উপাধি দেওয়া হয়।)	
গোটিঙ্গেন্‌	১৭৩৬
গ্রাজ্‌	১৫৮৬
গ্রিফ্‌স্‌বাল্ড	১৪৫৬
গ্রাণাডা	১৫৩১
গ্রেণোব্‌ল্‌	১৩৩৯
গ্রোণিন্‌জেন্‌	১৬১৪
হালে (Halle)	১৬৯৩
হার্ডারবিজ্‌ক্‌	১৬০০
হার্ভার্ড কলেজ	১৬৩৮
হাবানা	১৭২১
হিডেল্‌বর্গ	১৩৮৫
হেল্‌মষ্টাড্‌	১৫৭৫
হেল্‌সিংফোর্স	১৬৩০
হুয়েস্কা	১৩৫৪
ইঙ্গোলষ্টাড্‌	১৪৫৯
ইন্সব্রাক্‌	১৬৯২
জেনা	১৫৫৮
জন্‌হপ্‌কিন্স	১৮৬৭
কাজান	১৮০৪
খারকোফ্‌	১৮০৪
কায়েফ্‌	১৮০৩
কিওটো (জাপান)	১৮৯৭
কা-এল	১৬৬৫
ক্লৌসেন্‌বার্গ	১৮৭২
কোলোজ্‌ভার	১৮৭২

স্থানের নাম	খৃষ্টাব্দ
কোণিগস্‌বর্গ	১৫৪৪
লিপ্‌জিক	১৪০৯
নেমবার্ক	১৭৮৪
লেরিডা	১৩০০
লিডেন	১৫৭৫
লিমা	১৫৫১ ও ১৫৬১,
লিজ্‌	১৮১৬
লণ্ডন	১৮২৬
লৌভেন	১৪২৬
লৌসানী ১৫৩৭ প্রতিষ্ঠা, ১৮৯০ বিশ্ববিদ্যা	
লাণ্ড্‌	১৬৬৮
মা'গীল (কানাডা)	১৮২১
মেসিনা	১৮০৮
মান্দ্রাজ	১৮৫৭
মাড্রিড্‌	১৮৩৭
মাসারেটা	১৫৪০
মেনজ্‌	১৪৭৬
মারবার্গ্‌	১৫২৭
মেলবোর্ণ	১৮৫৩
মোদেনা ১২শ শতাব্দ; পরে ১৬৮৩	
মণ্টপেলিয়ার	১২৮৯
মণ্ট্রিল	১৮২১
মণ্টিভিডো	১৮৭৬
মস্কাউ	১৭৫৫
মান্সটার ১৬২৯ পোপের আদেশ প্রাপ্ত; ১৭৭১-৭৩ প্রতিষ্ঠা; ১৮১৮ খৃষ্টাব্দ হইতে এই বিশ্ববিদ্যালয়ে দেবতত্ত্ব ও দর্শন শাস্ত্রীয় উপাধি প্রদানের ব্যবস্থা হইয়াছে।	
মিউনিক	১৮২৬
ন্যাণ্টিস্‌	১৪৬৩
নেপোল্‌স্‌	১২২৫
নিউজিলেণ্ড *	১৮৭০
ওডেসা	১৮৬৫
ওভিয়েডো	১৫৭৪
ওফেন	১৩৮৯
ওলমুট্‌জ্‌	১৫৮১
অরেঞ্জ	১৩৬৫
ওর্লীন্স্‌	১৩শ শতাব্দ
ওটাগো	১৮৬৯

* ১৮৭৭ খৃঃ এখানকার অক্‌লাণ্ড, কাণ্টার বরি ডানেডিন ও ওয়েলিংটন সহরে কলেজ স্থাপিত হয়।

স্থানের নাম	খৃষ্টাব্দ
অক্‌সফোর্ড	১২শ শতাব্দ
পাইসা	১৩৪৩
পাডুয়া	১২২২
প্যালেন্সিয়া	১২১৪
পালার্ম্মো	১৭৭৯
পারী	১২শ শতাব্দ
পার্ম্মা	১৪২২, সংস্কার ১৮৫৫
পাভিয়া	১৩৬১
পেন্‌সিল ভ্যানিয়া	১৭৫১
পারপিগ্‌নান্‌	১৩৭৯
পেরুজিয়া	১৩০৮
পিয়াসেন্‌জা	১২৪৮
পোইটিয়ার্শ	১৪৩১
প্রেসবার্গ ১৪৬৫, পরে ব ন্ধ ১৮৭৫ হইতে ব্যবস্থাশাস্ত্র অধ্যয়নের জন্য রক্ষিত।	
প্রেগ্‌	১৩৪৭
প্রিন্সটোন	১৭৪৬
পাঞ্জাব (লাহোর)	১৮৮২
কুইন্স্‌ ইউনিভার্সিটী আয়ার্ল্যাণ্ড	১৮৫০
কুইন্স ইউনিভার্সিটী কিংস্‌টোন	১৮৪০
কুইবেক্‌	১৮৫২
রেজিও	১২শ শতাব্দ
রিণ্টেন্‌	১৬২১
রেক্‌জাবিক	১৯০২
রোম	১৩০৩
রষ্টক্‌	১৪১৯
রয়াল ইউনিভারর্সিটি আয়ার্ল্যাণ্ড	১৮৮০
সেণ্ট টমাস (মানিলা)	১৬০৫
সেণ্ট এণ্ড্রুজ্‌	১৪১১,
সেণ্ট ডেভিড্‌স কলেজ, লাম্পিটার	১৮২২
সেণ্টপিটার্সবার্গ	১৮১৯
সালামাঙ্কা	১২৪৩
সাসারি	১৫৫৬
সালের্ণো	৯ম শতাব্দ
সারাগোসা	১৪৭৪
সাল্‌জ্‌বার্গ	১৬২৩
সাণ্টিয়াগো (স্পেন)	১৫০৪
ঐ (দ° আমেরিকা)	১৭৪৩
সেভীল্‌	১২৫৪ ও ১৫০২
সিএনা	১৩৫৭
ষ্ট্রাস্‌বার্গ	১৬২১

স্থানের নাম	খৃষ্টাব্দ	স্থানের নাম	খৃষ্টাব্দ	স্থানের নাম	খৃষ্টাব্দ
সিড্‌নী	১৮৫১	আপ্‌সালা	১৪৭৭	ভিক্টোরিয়া (কানাডা)	১৮৩৬
টুরিন্‌	১৪১২	উট্রেক্ট	১৬৩৪	ভিয়েনা	১৩৬৪
টরণ্টো	১৮২৭	উর্ব্বিণো ১৬৭১, পরে ফ্রি ইউনিভার্সিটী		ভিল্‌না	১৮০৩
টোলূজ্‌	১২৩৩	উত্তমাশা অন্তরীপ	১৮৭৩	ওয়ার্স ১৮১৬, ১৮৩২ বন্ধ, পরে	১৮৬৯
ট্রিভীজ্‌	১৪৫০	ভালেন্স	১৪৫২	পুনঃপ্রতিষ্ঠা।	
ট্রেভিজো	১৩১৮	ভালেন্সিয়া	১৫০১	বুজবার্গ ১৪০২, পরে	১৫৮২
ট্রিনিটী কলেজ (ডবলিন্‌)	১৫৯১	ভালাডোলিড্‌	১৩৪৬	বিটেনবর্গ	১৫০২
ট্রিনিটী কলেজ (টরণ্টো)	১৮৫১	ভাসেলি	১২২৮	য়েল কলেজ	১৭০১
টোমস্ক	১৮৮৮	ভিসেঞ্জা	১৩০৪	জাগ্রাব	৯৮৩১
টুবিঙ্গেন্‌	১৪৭৬	ভিক্টোরিয়া (ম্যাঞ্চেষ্টার)	১৮৮০	জুরিক্‌	১৮৩২
টোকিও (জাপান)	১৮৬৮				

উপরে যে সকল বিশ্ববিদ্যালয়ের নামের তালিকা উদ্ধৃত হইল তাহার সকল গুলিই যে এখনও ইউনিভার্সিটী পদবাচ্য আছে, তাহা সঠিক বলা যায় না। কতকগুলি হয়'ত একবারেই বন্ধ হইয়া গিয়াছে ও কোনটী বা ইউনিভার্সিটীর মর্য্যাদা হারাইয়া সামান্য স্কুলে পরিণত হইয়া শিক্ষাদানের সহযোগিতা করিতেছে। খৃষ্টীয় ১৬ শ ও ১৭শ শতাব্দে স্পেনের ও অন্যান্য স্থানের জেসুইট্‌ কলেজগুলি ইউনিভার্সিটি বলিয়া পরিগণিত হইলেও অধিক দিন সে মর্য্যাদা রাখিতে সমর্থ হয় নাই। খৃষ্টীয় ১৮শ ও ১৯শ শতাব্দের মধ্যে উহার অনেকগুলিই স্বীয় মর্য্যাদা হারায় ও কতক গুলি সামান্য স্কুলে পরিণত হয়।

স্পেনরাজ্যে এখন Iustitutos (secondary schools) নামক স্কুলে B. A. উপাধি পাইবার ব্যবস্থা আছে; কিন্তু M. A. উপাধি কেবল মাত্র ইউনিভার্সিটী হইতে পাওয়া যায়। স্পেন রাজধানী মাদ্রিড্‌ নগরের Universidad Central নামক ইউনিভার্সিটী ভিন্ন স্পেনের অপর কোন কলেজে Doctor উপাধি দিবার বিধি নাই।

সভ্যতা ও জ্ঞানালোকের বলবতী আকাঙ্ক্ষা নিবন্ধন উত্তর আমেরিকার যুক্তরাজ্যে বিশ্ববিদ্যালয়ের প্রসার ক্রমশঃ বর্দ্ধিত হইতে থাকে এবং সেই অভাব মোচনের জন্য কর্ত্তৃপক্ষগণ তথাকার বিভিন্ন প্রদেশে "কলেজ" বা ইউনিভার্সিটীর প্রতিষ্ঠা করিয়া উচ্চশিক্ষা বিতরণে যত্নবান্‌ হন। ১৮৮৩-৮৪ খৃষ্টাব্দের শিক্ষা-বিভাগীয় কমিশন-বিবরণীতে প্রকাশ যে, যুক্তরাজ্যে সর্ব্বসমেত ৩৭০টী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত ছিল; তন্মধ্যে কতকগুলি সম্প্রদায়বিশেষের ধর্ম্মমতালোচনার এবং কতকগুলি একবিষয়ের (Single faculty) ও কতকগুলি নানাবিষয়ের শিক্ষার চরমোৎকর্ষ সাধনার্থ প্রতিষ্ঠিত আছে। ঐ সকল বিশ্ববিদ্যালয় হইতে আলোচিত বিষয়সমূহে উত্তীর্ণ ছাত্রবৃন্দকে উপাধি দেওয়া হয়। সাধারণের অবগতির জন্য নিম্নে যুক্তরাজ্যের রাজ্যভাগ বা জনপদের নাম ও তথাকার বিশ্ববিদ্যালয়সমূহের তালিকা প্রদত্ত হইল।

বিভাগের নাম	কলেজ সংখ্যা	বিভাগের নাম	কলেজ সংখ্যা
আলাবামা	৪	আর্কান্সাস্‌	৫
কালিফোর্ণিয়া	১১	কোলোরেডো	৩
কনেক্‌টিকাট্‌	৩	ডেলাওয়ার	১
ফ্লোরিডা	১	জর্জ্জিয়া	৬
ইলিনোইস্‌	২৯	ইণ্ডিয়ানা	১৫
আইওয়া	১৯	কান্‌সাস্‌	৮
কেন্টুকী	১৫	লুইসিয়ানা	১০
মেইন্‌	৩	মেরিল্যাণ্ড	১০
মাসাচুসেটস্‌	৭	মিচিগান	৯
মিনেসোটা	৫	মিসিসিপি	৩
মিসৌরী	২০	নেব্রাস্কা	৫
নিউহাম্পসায়ার	১	নিউ জার্সি	৪
নিউ ইয়ার্ক	২৯	নর্থ কারোলিনা	৯
ওহিও	৩৩	ওরেগণ	৬
পেন্‌সিল্‌ভানিয়া	২৬	রোড আইল্যাণ্ড	১
সাউথ কারোলিনা	৯	টেনেসি	২০
টেক্সাস	১১	ভার্মোণ্ট	২
ভার্জিনিয়া	৭	ওয়েষ্ট ভার্জিনিয়া	২
উইস্‌কোন্‌সিন্‌	৪	ডাকোটা	২
কলম্বিয়া ডিষ্ট্রীক্ট	৫	উটা	১
ওয়াসিংটন	২		

যুক্তরাজ্যের বিভিন্নকেন্দ্রে এতাদৃক্‌ অধিক সংখ্যক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত থাকায় বিদ্যাদান বিষয়ে অনেক সুবিধা ঘটিয়াছে। এমন কি, বার্ষিক ৩০ ডলার মাত্র ব্যয় করিলে ওহিও জেলার বিশ্ববিদ্যালয়ে একবৎসর কাল শিক্ষালাভ ঘটিতে পারে।

১৮৮৬ খৃষ্টাব্দে জন্স হপকিন্স ইউনির্ভার্সিটির প্রেসিডেন্ট হার্ভাডে বক্তৃতা দানকালে বিশ্ববিদ্যালয়কে চারিটী বিভিন্ন শ্রেণীতে বিভাগ করিতে প্রস্তাব করেন; তদনুসারে বিশ্ববিদ্যালয় সমূহ (১) আদি ঐতিহাসিক কলেজ, (২) রাজকীয় বিদ্যালয়, (৩) ধর্ম্মাধ্যক্ষদিগের দ্বারা পরিচালিত কলেজ এবং (৪) সাধারণের চাঁদায় বা ব্যক্তি বিশেষের দানে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়, এইরূপ ভাবে বিভক্ত হয়। তাহা হইতে একটী তালিকা সংগৃহীত হইলে পরে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার ইতিহাস সংগ্রহের বিশেষ সুবিধার সম্ভাবনা।

১৭৫১ খৃষ্টাব্দে বেঞ্জামিন্ ফ্রাঙ্কলিনের প্রণোদিত প্রথায় টমাস ও রিচার্ড পেন্ পেন্‌সিল্‌ভানিয়ায় যে বিশ্ববিদ্যালয় স্থাপন করেন, তাহাতে পরীক্ষোত্তীর্ণ ছাত্রবৃন্দ P.h. D. উপাধি পাইয়া থাকেন। উচ্চশিক্ষার পরিচায়ক উক্ত উপাধি লাভের আশায় বিভিন্নদেশ হইতে বহু শিক্ষার্থী এদেশে আসিয়া থাকে। হার্ভার ফোর্ড ও লাফায়েট কলেজ দ্বয়ে এবং লেহাই ইউনিভার্সিটীতে কলেজী শিক্ষার নির্দ্ধারিত গ্রন্থাতিরিক্ত উচ্চতম বিদ্যানুশীলনের জন্য উন্নত উপাধিসমূহ (advanced Degrees) দান করা হইয়া থাকে। ১৮৬৭ খৃষ্টাব্দে বাল্টিমোর সহরে জন্স হপ্‌কিন্স ইউনিভার্সিটী প্রতিষ্ঠিত হয়। তখন হইতেই এই বিশ্ববিদ্যালয় শিক্ষাবিষয়ে সুখ্যাতিলাভ করে। অন্যান্য বিষয়ে শিক্ষাদান ব্যতীত এখানে অধ্যাপকের কর্ত্তব্যোপযোগী বিষয়ে এবং বিশিষ্ট বিষয়ে (especial line of original research) শিক্ষাদান করা হয়। নিউইয়র্ক সহরের কলম্বিয়া কলেজ, কোর্ণেল ইউনিভার্সিটী, প্রভিডেন্সের ব্রাউন্স ইউনিভার্সিটি এবং প্রিন্সটোন্, মিচিগান, ভার্জিনিয়া ও কালিফোর্ণিয়ার ইউনিভার্সিটী এতদ্বিষয়ে অনেক অগ্রসর। আমেরিকার অধিকাংশ বিশ্ববিদ্যালয়েই Graduate ও Undergraduate কে পৃথক্ রাখিবার জন্য A. B., S. B., Ph. B. প্রভৃতি Baccalaurate উপাধির সৃষ্টি হইয়াছে।

ভারতবর্ষেও পাশ্চাত্য বিশ্ববিদ্যালয়ের অনুকরণে ১৮৫৭ খৃষ্টাব্দে ২৪শে জানুয়ারী কলিকাতায়; ১৮ই জুলাই বোম্বাই সহরে এবং ৫ই সেপ্টেম্বর মান্দ্রজ নগরে ইউনিভার্সিটী স্থাপিত হয়। কিন্তু ইংরাজী ভাষার বিস্তার ব্যতীত উহা দ্বারা ভারতে আর অপর ভাষার শিক্ষোন্নতি সাধিত হয় নাই। ভারতের ছোটলাট স্যর রিচার্ড টেম্পল লিখিয়াছেন, "ভারতীয় ইউনিভার্সিটী নিচয়ে পরীক্ষার্থীদিগের পরীক্ষা লইয়া তাহাদের উপাধি বিতরণ, পাঠ্যপুস্তক অবধারণ এবং শিক্ষা বিষয়ক বিধি নির্দ্দেশাদি কার্য্য ভিন্ন এখানে শিক্ষাদানের কোন বন্দোবস্ত নাই। কতকগুলি দেশীয় ও য়ুরোপীয় সুশিক্ষিত ব্যক্তিবর্গের (Fellows) তত্ত্বাবধানে ইহা পরিচালিত। এই সকল ইউনিভার্সিটী হইতে কেবল মাত্র সাধারণ শিক্ষা (Arts) দর্শন (Philosophy), ব্যবস্থা (Law), ডাক্তারী (Medicine), স্থাপত্যবিদ্যা (Civil Engineering) ও পদার্থবিদ্যা (Natural and Physical Science) বিষয়ে (faculties) উপাধি দেওয়া হইয়া থাকে।"

১৮৮২-৮৩ খৃষ্টাব্দে লাহোর নগরে পাঞ্জাব ইউনিভার্সিটী কলেজ স্থাপিত হয়। উক্ত বর্ষের পূর্ব্বে এখানে উত্তীর্ণ ছাত্রদিগকে কেবল টাইটেল দেওয়া হইত, ডিক্রী দিবার ব্যবস্থা ছিল না। এই ইউনিভার্সিটীতে প্রাচ্যভাষার (Oriental language & Literature) অধিক সমাদর আছে এবং ছাত্রেরা য়ুরোপীয়ের গবেষণা মূলক বৈজ্ঞানিক বিষয়সমূহ স্বদেশীয় ভাষা দ্বারা অবগত হইতে সমর্থ হয়। তজ্জন্য বহুদিন হইতে এখানে B. O. L. (Bachelar of oriental literature) উপাধির সৃষ্টি হইয়াছিল। অতঃপর ১৮৮৭ খৃষ্টাব্দে ভারতের উত্তরপশ্চিম (যুক্তপ্রদেশ) প্রদেশের এলাহাবাদে আর একটী ইউনিভার্সিটী স্থাপিত হয়। এই সকল বিশ্ববিদ্যালয়ের পুস্তক নির্ব্বাচন ও শিক্ষা প্রণালী কতকাংশে ইংলণ্ডের অক্সফোর্ড, কেম্বিজ ও স্কট্‌লণ্ডের এডিনবরা ইউনিভার্সিটীর অনুরূপ।

১৯০৬-০৭ খৃঃ ভারতের রাজপ্রতিনিধি লর্ড কর্জ্জন ভারতীয় শিক্ষাবিভাগের সংস্কারকল্পে নূতন বিধি (University Bill) প্রবর্ত্তন করিয়া বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে নূতন যুগের অবতারণা করিয়াছেন। শিক্ষাবিভাগের উন্নতি সাধনই এই বিধির মূল উদ্দেশ্য; কিন্তু ইহার ভিত্তি বড়ই আড়ম্বর পূর্ণ। পূর্ব্বে যেরূপ অল্পব্যয়ে বিশ্ববিদ্যালয়সমূহের কার্য্য নিষ্পাদিত হইত, এখন আর সেরূপ অল্পব্যয়ে কলেজ পরিচালনের উপায় নাই। প্রতি কলেজে একটী সুবৃহৎ Laboratory রক্ষা এবং বর্ত্তমান প্রণালী অপেক্ষা অধিক সংখ্যক অধ্যাপকাদি নিয়োগ বড়ই ব্যয়সাধ্য। এখনও ভারতীয় বিশ্ববিদ্যালয়সমূহে এই নূতন বিধির প্রচলন হয় নাই, তবে ভিত্তিপত্তনের সূত্রপাত হইতেছে মাত্র বলা যাইতে পারে।

বিশ্ববিদ্বস্ (ত্রি) সর্ব্বজ্ঞ।

বিশ্ববিধাতৃ (ত্রি) বিশ্বস্রষ্টা, সৃষ্টিকর্ত্তা।

বিশ্ববিধায়িন্ (পুং) বিশ্ববিধাতা।

বিশ্ববিভাবন (ক্লী) ১ বিশ্বপালন, সংসারের প্রতিপালন।

"যস্যাঙ্ঘ্রিপদ্মং পরিচর্য্য বিশ্ববিভাবনায়াত্তগুণাভিপত্তেঃ।"
(ভাগবত ৪।৮।২০)

'বিশ্বস্য বিভাবনায় পালনায় আত্তা স্বীকৃতা গুণাভিপত্তিঃ সত্ত্বগুণাধিষ্ঠানং যেন তস্য।' (স্বামী)

২ বিশ্বপালক, জগৎপিতা। ৩ রক্তকল্পজাত ব্রহ্মার মানস পুত্রভেদ। (লিঙ্গপু° ১২।৯)

বিশ্ববিশ্রুত (ত্রি) জগদ্বিখ্যাত।

বিশ্ববিজ (ত্রি) বিষ্ণুর নামান্তর।

বিশ্ববিসারিন্ (ত্রি) বিশ্বব্যাপ্ত, জগৎপ্রসারী।

বিশ্ববীশ্ব (ক্লী) বিশ্বের অঙ্কুর স্বরূপ, ঈশ্বর।

বিশ্ববৃক্ষ (পুং) বিষ্ণুর নামান্তর।

বিশ্ববৃত্তি (স্ত্রী) সাধারণ জ্ঞান, বৈষয়িক জ্ঞান।

বিশ্ববেদ (পুং) আচার্য্যভেদ।

বিশ্ববেদ, ব্রহ্মসূত্রভাষ্যব্যাখ্যা ও সিদ্ধান্তদীপ নামে সংক্ষেপ-শারীরকব্যাখ্যা প্রণেতা। ইনি আনন্দবেদের শিষ্য ছিলেন।

বিশ্ববেদস্ (ত্রি) বিশ্বং বেত্তি বিশ্ব-বিদ-অসুন্। ১ সর্ব্বজ্ঞ। ২ ইন্দ্রাদি দেবতা।

"সোঽহং বিশ্বসৃজঃ বিশ্বমবিশ্বং বিশ্ববেদসম্।
বিশ্বাত্মানমজং ব্রহ্ম প্রণতোঽস্মি পরংপদম্॥" (ভাগবত ৮।৩।২৬)

৩ সর্ব্বধন, সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন।

"যুবোর্বিশ্বা অধি শ্রিয়ঃ পৃক্ষশ্চ বিশ্ববেদসা" (ঋক্ ১।১৩৯।৩)

'হে বিশ্ববেদসা সর্ব্বধনৌ যুবোর্যুবয়োঃ' (সায়ণ)

বিশ্ববেদিন্ (ত্রি) ১ সর্ব্বজ্ঞ। ২ খনিত্র রাজার মন্ত্রী।

(মার্কণ্ডপুরাণ ১১৮।২৮)

বিশ্বব্যচস্ (ত্রি) ১ বিশ্বব্যাপ্ত, সর্ব্বব্যাপী।

"বিশ্বব্যচসমবতং মতীনাং" (ঋক্ ৩।৪৬।৪)

'বিশ্বব্যচসং বিশ্বব্যাপ্তং মতীনাং স্তুতীনাং স্তোতৃণাং বা অবতং রক্ষকং' (সায়ণ)

(পুং) ২ সূর্য্য।

"বিশ্বং বিচষ্টে উদিতঃ সন্ প্রকাশয়তি ইতি বিশ্বব্যচা আদিত্যোঽয়ং প্রসিদ্ধঃ" (শুক্লযজুঃ ১৩।৫৬ মহীধর)

৩ সর্ব্বত্রগ, সর্ব্বগামী। "বিশ্বস্মিন্ ব্যচোগমনং যস্য স বিশ্বব্যচাঃ সর্ব্বতোগমনঃ"। (শুক্লযজুঃ ১৮।৪১ মহীধর)

বিশ্বব্যাপিন্ (পুং) সর্ব্বব্যাপী, সর্ব্বত্রগামী, সকল স্থানে বিস্তৃত।

বিশ্বশম্ভুমুনি, একাক্ষরনামমালিকা নাম্নী ক্ষুদ্র অভিধান-প্রণেতা। অভিধানচিন্তামণিতে ইঁহার উল্লেখ আছে।

বিশ্বশম্ভু (ত্রি) বিশ্বের মঙ্গলবিধায়ক, জগতের মঙ্গলজনক।

"বিশ্বশম্ভুবঃ বিশ্বস্য জগতঃ শং সুখং ভাবয়ন্তি জনয়ন্তি বা"

(শুক্লযজুঃ ৪।৭ মহীধর)

বিশ্বশর্ধস্ (ত্রি) ১ ব্যাপ্তবল, বিক্ষিপ্ততেজা। ২ সর্ব্ববিষয়ে উৎসাহবান, বহু উৎসাহযুক্ত।

"সং সজ্জনৌ সুধনৌ বিশ্বশর্ধসৌ" (ঋক্ ৫।৩৪।৮)

'বিশ্বশর্ধসৌ ব্যাপ্তবলৌ বহূৎসাহৌ বা' (সায়ণ)

বিশ্বশর্ম্মন্, প্রবোধচন্দ্রিকা নামক ব্যাকরণ-প্রণেতা।

বিশ্বশারদ (ত্রি) প্রতি শরৎকাল বিহিত।

বিশ্বশুচ্ (ত্রি) বিশ্বদীপক, সংসারোদ্দীপক।

"প্রাগ্নয়ে বিশ্বশুচে ধিয়ন্ধেঽসুরঘ্নে মন্ম ধীতিং ভরধ্বং।"

(ঋক্ ৭।১৩।১)

'হে সখায়ো বিশ্বশুচে বিশ্বং যোদীপয়তি তস্মৈ' (সায়ণ)

বিশ্বশ্চন্দ্র (ত্রি) বিশ্বের আহ্লাদজনক, যাহা হইতে সকলের আহ্লাদ জন্মে।

"প্র সপ্রীচীরসৃজদ্বিশ্বশ্চন্দ্রাঃ" (ঋক্ ৩।৩১।১৬)

'বিশ্বশ্চন্দ্রা বিশ্বস্যাহ্লাদয়িত্রীঃ বিশ্বস্যাহ্লাদো যাভ্যস্তা ইতি বা।'(সায়ণ)

বিশ্বশ্রদ্ধাজ্ঞানবল (ক্লী) বুদ্ধের দশশক্তির অন্তর্গত শক্তিবিশেষ।

বিশ্বশ্রবস্ (পুং) মুনিবিশেষ; কুবের ও রাবণাদির পিতা।

বিশ্বসংবনন (ক্লী) ঐন্দ্রজালিক শক্তিবলে মোহাভিভূত করা।

বিশ্বসখ (পুং) বিশ্বেষাং সখা। জগদ্বন্ধু, জগতের সখা, বিশ্বের হিতকারী।

"পাতুং সহো বিশ্বসখঃ সমগ্রাং বিশ্বম্ভরামাত্মজমূর্ত্তিরাত্মা।"

(রঘু ১৮।২৪)

বিশ্বসত্তম (ত্রি) বিশ্বেষামময়মতিশয়েন [সন্] সাধুঃ ইতি বিশ্ব-সৎ-তম। ১ সংসারের বা সকলের মধ্যে অতিশয় সাধু।

২ শ্রীকৃষ্ণ। (মহাভারত)

বিশ্বসন (ক্লী) ১ বিশ্বাস, প্রত্যয়। ২ মুনিগণের বিশ্রামভূমি।

"মুনিবিশ্রামদেশো যস্তত্তু বিশ্বসনং স্মৃতম্" (প্রাঞ্চ)

বিশ্বসনীয় (ত্রি) বিশ্বসিতব্য। বিশ্বাস্য। বিশ্বাসযোগ্য।

বিশ্বসম্ভব (ত্রি) বিশ্বস্য সম্ভব উৎপত্তির্যস্মাৎ। ঈশ্বর, মহাপুরুষ।

(হরিবংশ)

বিশ্ব (নাথ) সরকার—বারেন্দ্র কায়স্থসমাজে প্রসিদ্ধ একজন সম্ভ্রান্ত ব্যক্তি। আলম্যান গোত্রীয় শিখিধ্বজ দেবের বংশধর। বগুড়া জেলার মাদলা গ্রামে ইঁহার বাস ছিল। তথায় ইঁহার বহু সৎকর্ম্ম ও দানশীলতার পরিচয় বিদ্যমান। উক্ত গ্রামে তাঁহার বংশধরেরা বাস করিতেছে।

বিশ্বসহ (পুং) ১ সূর্য্যবংশীয় রাজা ঐড়বিড়ের পুত্র।

(ভাগবত ৯।৯।৪২)

২ ব্যুষিতাশ্বের পুত্রভেদ। (রঘু ১৮।২৪)

বিশ্বসহা (স্ত্রী) অগ্নির সপ্তজিহ্বান্তর্গত জিহ্বাভেদ। (জটাধর)

বিশ্বসহায় (ত্রি) বিশ্বেদেবা। (হরিবংশ)

বিশ্বসাক্ষিন্ (ত্রি) সর্ব্বদর্শী। ঈশ্বর।

বিশ্বসামন্ (পুং) ১ আত্রেয় গোত্রসম্ভূত ঋষিভেদ। ইনি ঋক্ ৫।২২।১ মন্ত্রদ্রষ্টা।

"প্র বিশ্বসামন্নত্রিবদর্চা" (ঋক্ ৫।২২।১)

২ সমস্ত সামরূপ। "বিশ্বসামা বিশ্বানি সর্ব্বাণি সামানি প্রতিপাদকত্বেন যস্য স বিশ্বসামা সর্ব্বসামরূপো বা বিশ্বসামেত্যেষ হ্যেব সর্ব্বাণ্ড সামেতি (৯।৪।১।৮) শ্রুতেঃ।"

(শুক্লযজুঃ ১৮।৩৯ বেদদীপ)

বিশ্বসার বিশ্বেষাং সারম্। ১ তন্ত্রভেদ। ২ ক্ষত্রৌজসের পুত্রভেদ।

বিশ্বসারক (ক্লী) বিদর বৃক্ষ, ফণিমনসা। (শব্দচ°)

বিশ্বসারতন্ত্র, একখানি প্রাচীনতন্ত্র। তন্ত্রসারে ও শক্তিরত্নাকরে ইহার উল্লেখ আছে।

বিশ্বসাহ্ব (পুং) মহস্বতের পুত্রভেদ। (ভাগবত ৯।১২।৭)

বিশ্বসিংহ (পুং) রাজপুত্রভেদ।

বিশ্বসিংহ, কোচবিহাররাজ্যের একজন প্রসিদ্ধ রাজা। ইনি আসাম জনপদে কতকগুলি নিষ্ঠাবান্ ব্রাহ্মণ লইয়া গিয়া বসবাস করান এবং তাহাদের যথোপযুক্ত ভূমিদান করেন।

বিশ্বসিত (ত্রি) বি-শ্বস-ক্ত (বোপদেব)। বিশ্বস্ত।

"ন কেবলং প্রাণিবধো বধো মম ত্বদীক্ষণাদ্বিশ্বসিতান্তরাত্মনঃ"।

(নৈষধ ১।১৩১)

বিশ্বসিতব্য (ক্লী) বিশ্বসনীয়, বিশ্বাসের যোগ্য।

বিশ্বসুবিদ্ (ত্রি) সর্ব্বৈশ্বর্য্য বিশিষ্ট, সকল ধনযুক্ত।

"অশ্বাবতীর্গোমতীর্বিশ্বসুবিদো ভূরি চ্যবন্ত বস্তবে" (ঋক্ ১।৪৮।২)

"বিশ্বসুবিদঃ কৃৎস্নস্য ধনস্য সুষ্ঠু লম্ভয়িত্র্যঃ" (সায়ণ)

বিশ্বসূ (ত্রি) বিশ্বপ্রসূ। ঈশ্বর।

বিশ্বসূত্রধৃক্ (পুং) বিষ্ণু।

বিশ্বস্রজ্ (পুং) বিশ্বং সৃজতীতি বিশ্ব-সৃজ্-কিপ্। ১ ব্রহ্মা। (ত্রি) ২ বিশ্বস্রষ্টা, জগদীশ্বর।

"নমো বিশ্বস্রজে পূর্ব্বং বিশ্বং তদনু বিভ্রতে।
অথ বিশ্বস্য সংহর্ত্রে তুভ্যং ত্রেধা স্থিতাত্মনে॥" (রঘু ১০।১৬)

বিশ্বসৃষ্টি (স্ত্রী) জগদুৎপত্তি, সংসার সৃষ্টি, ব্রহ্মাণ্ডের উদ্ভব।

"জাতবেদস্তবৈবেয়ং বিশ্বসৃষ্টির্মহাদ্ভুতে।" (মার্ক° পু° ৯৯।৪৪)

বিশ্বসেন (পুং) অষ্টাদশ মুহূর্ত্তভেদ।

বিশ্বসেনরাজ (পুং) অবসর্পিণী শাখার ১৬ অর্হতের পিতা।(হেম)

বিশ্বসৌভগ (ত্রি) সর্ব্বৈশ্বর্য্যশালী। যাবতীয় সৌভাগ্যসম্পন্ন।

(ঋক্ ১।৪২।৬)

বিশ্বস্ত (ত্রি) বি-শ্বস-ক্ত। জাতবিশ্বাস, বিশ্বাসী। (মেদিনী)

"ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তে নাতিবিশ্বসেৎ।
বিশ্বাসাদ্ভয়মুৎপন্নং মূলাদপি নিকৃন্ততি॥" (গরুড় পু° ১১৪ অ°)

বিশ্বস্তা (স্ত্রী) বিধবা। (অমর)

"স্তনযুগমুক্তাভরণাঃ কণ্টককলিতাঙ্গযষ্টয়ো দেব।
ত্বয়ি কুপিতেঽপি বিশ্বস্তাঃ প্রাগেব রিপুস্ত্রিয়ো জাতাঃ॥"

(সাহিত্যদ° ১০ম পরি°)

বিশ্বস্থা (স্ত্রী) বিশ্বতঃ সর্ব্বতস্তিষ্ঠতীতি বিশ্ব-স্থা-ক স্ত্রিয়াং টাপ্। শতাবরী।

বিশ্বস্পৃশ্ (ত্রি) ঈশ্বর। মহাপুরুষ। (হরিবংশ)

বিশ্বস্ফটিক (পুং) মগধরাজের পুত্রভেদ। (বিষ্ণুপু°)

বিশ্বস্ফাটি, বিশ্বফাণি, বিশ্বস্ফাণি, বিশ্বস্ফটিকের নামান্তর।

(বিষ্ণুপুরাণ)

বিশ্বস্ফূর্জি (পুং) স্বনামখ্যাত মগধরাজ, ইনি পরে পুরঞ্জয় নামে প্রসিদ্ধ হইয়া ব্রাহ্মণাদি জাতিকে ম্লেচ্ছভাবাপন্ন করায়, তাহারা পুলিন্দ, মদ্রক প্রভৃতি হীনজাতির মধ্যে পরিগণিত হয়। (ভাগবত ১২।১।৩৪) সম্ভবতঃ ইনিই বিষ্ণুপুরাণ বর্ণিত বিশ্বস্ফটিক, বা বিশ্বস্ফূর্ত্তি প্রভৃতি নামধেয় রাজা।

বিশ্বস্বামিন্, আপস্তম্বাদিকথিতসূত্রের জনৈক ভাষ্যকার। পুরুষোত্তম স্বকৃত গোত্রপ্রবরমঞ্জরীগ্রন্থে ইঁহার মত উদ্ধৃত করিয়াছেন।

বিশ্বহ[হা] (অব্য) সকল দিনে, প্রত্যহ। (ঋক্ ১।১১।৩°

বিশ্বহর্ত্তৃ (ত্রি) ১ সর্ব্বস্বাপহারী। ২ শিব।

বিশ্বহেতু (পুং) ১ জগৎ কারণ, জগতের নিদান বা আদিকারণ। ২ সকল বিষয়ের নিমিত্ত বা হেতু। ৩ বিষ্ণু।

বিশ্বা (স্ত্রী) বিশ্-কন্ স্ত্রিয়াং টাপ্। ১ অতিবিষা, আতইচ ২ শতাবরী, শতমূলী। ৩ পিপুল। ৪ শুণ্ঠী, শুঁঠ। ৫ শঙ্খিনী, চোরপুষ্পী, চলিত ঢোল কলমী। (বৈদ্য° নিঘ°) ৬ দক্ষকন্যা বিশেষ। (মহাভারত ১।৬৫।১২)

বিশ্বাক্ষ (ত্রি) মহাপুরুষ, ঈশ্বর।

বিশ্বাঙ্গ (ত্রি) সর্ব্বাঙ্গ, সম্পূর্ণাঙ্গ। (অথর্ব্ব° ১২।৩।১০)

বিশ্বাঙ্গ্য (ত্রি) সর্ব্বাঙ্গসম্বন্ধীয়। (অথর্ব্ব° ৯।৮।৪)

বিশ্বাচার্য্য, ইনি নিম্বার্ক সম্প্রদায়ের দ্বিতীয় গুরু। শ্রীনিবাসাচার্য্যের শিষ্য এবং পুরুষোত্তমাচার্য্যের গুরু।

বিশ্বাচী (স্ত্রী) বিশ্বমঞ্চতি অনচ্-কিপ্ স্ত্রিয়াং ঙীষ। ১ অপ্সরো বিশেষ। (শুক্লযজুঃ ১৫।১৮ ; বহ্নিপুরাণ গণ-ভেদ-নামাধ্যায়) ২ বাহুরোগ বিশেষ; এই রোগে বায়ু [স্বকারণে] প্রকোপিত হইয়া বাহুর পৃষ্ঠদেশ হইতে হস্তাঙ্গুলি পর্য্যন্ত পরিব্যাপ্ত কণ্ডরা (স্থূল স্নায়ু) গুলিকে দূষিত করিয়া সেই বাহুর গ্রহণাকুঞ্চন-প্রসারণাদি ক্রিয়ার লোপ করে।

"তলং প্রত্যঙ্গুলীনাং যাঃ কণ্ডরা বাহুপৃষ্ঠতঃ।
বাহ্বোঃ কর্ম্মক্ষয়করী বিশ্বাচী চেতি সোচ্যতে॥" (মাধবনি°)

চিকিৎসা,—প্রথমে যথোক্ত বিধানে শিরাব্যধ করিয়া পরে বাতব্যাধি বিহিত ঔষধাদি প্রয়োগ করিতে হয়। বিল্বমূল, সোণাছাল, গাম্ভারী, পারুলী, গণিয়ারী, শালপান, চাকুলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, বেড়েলা ও মাষকলাই, এই সকল দ্রব্যের

কাথ দ্বারা [সায়ংকালে ভোজনোত্তর] নস্য করিলে বিশ্বাচী ও অববাহুক রোগের উপশম হয়।

৩ সর্ব্বব্যাপিনী।

"স বিশ্বাচীরভি চষ্টে" (ঋক্ ১০।১৩৯।২)

'স দেবো বিশ্বাচীর্বিশ্বমঞ্চন্তীঃ সর্ব্বব্যাপিনীঃ প্রাচ্যাদিমহাদিশো-হভি চষ্টে প্রকাশয়তি' (সায়ণ)

৪ সর্ব্বত্রগামী।

"আ বিশ্বাচী বিদথ্যামনক্তু গ্নে" (ঋক্ ৭।৪৩।৩)

'বিশ্বং সর্ব্বং হবিরঞ্চতি গচ্ছতীতি বিশ্বচী জুহূঃ আনক্তু আ সমন্তাৎ সিঞ্চতু।' (সায়ণ)

বিশ্বাজিন (পুং) ঋষিভেদ (পা° ৬।২।১০৬ বার্ত্তিক)

বিশ্বাতীত (ত্রি) বিশ্বের অতীত, ঈশ্বর।

বিশ্বাত্মক (ত্রি) বিশ্বস্বরূপ, বিশ্বময়।

বিশ্বাত্মন্ (পুং) বিশ্বমেব আত্মা যস্য বিশ্বস্য আত্মা বা। বিষ্ণু।

জন্ম কর্ম্ম চ বিশ্বাত্মন্নজস্যাকর্ত্তুরাত্মনঃ।
তির্য্যঙ্নৃষিষু যাদঃসু তদত্যন্তবিড়ম্বনম্॥" (ভাগবত ১।৮।৩০)

২ মহাদেব।

"অথ বিশ্বাত্মনে গৌরী সন্দিদেশ মিথঃ সখীম্।"(কুমারস°৬।১)

৩ ব্রহ্মা।

বিশ্বাদ্ (ত্রি) বিশ্বং সর্ব্বং অত্তীতি বিশ্ব-অদ্ কিপ্। সর্ব্বভুক্, সর্ব্বভক্ষক, অগ্নি।

"অগ্নিষ্টদ্বিশ্বাদগদং কৃণোতু" (ঋক্ ১০।১৬।৬)

'বিশ্বাৎ সর্ব্বস্মাত্তাগ্নিস্তত্তাদৃশমঙ্গমগদং কৃণোতু দোষরহিতং করোতু সংস্করোত্বিত্যর্থঃ, (সায়ণ)

বিশ্বাদি (পুং) কষায়বিশেষ। শুঁঠ, বালা, ক্ষেত্রপর্পটী, বীরণমূল, মুথা ও রক্তচন্দন, এই কয়েক দ্রব্যের সমষ্টিতে ২ তোলা পরিমাণে লইয়া শিলাতলে পেষণ করত /২ সের জলে সিদ্ধ করিয়া /১সের অবশিষ্ট থাকিতে নামাইয়া শীতল হইলে সূক্ষ্ম বস্ত্রে ছাকিয়া তৃষ্ণা, দাহ ও বমি সংযুক্ত জ্বরে পানীয় রূপে অল্প অল্প পরিমাণে ব্যবহার করিলে তৃষ্ণাদির নিবৃত্তি হইয়া জ্বরের লাঘব হয়। এই কাথের নাম বিশ্বাদি পাচন বা কষায়।

বিশ্বাধায়স্ (পুং) বিশ্বং দধাতি পালয়তি ধা-পিচ্-অসুন্ পূর্ব্বোদীর্ঘঃ। দেবতা (সিদ্ধান্ত কৌ°)

বিশ্বাধার (পুং) জগদাধার, ব্রহ্মাণ্ডভাণ্ড, স্রষ্টা, বিধাতা।

বিশ্বাধিপ (পুং) জগৎপতি, বিশ্বপতি, পরমেশ্বর।

(শ্বেতাশ্বতরোপ° ৩।৪)

বিশ্বাধিষ্ঠান, অন্নপূর্ণোপনিষদ্ভাষ্য-প্রণেতা।

বিশ্বানন্দনাথ, কৌলদর্শন ও কৌলাচার রচয়িতা।

বিশ্বানর, বল্লভাচার্য্যের নামান্তর।

বিশ্বানর (পুং) ১ অগ্নিজনক বিপ্রভেদ। [বৈশ্বানর শব্দ দেখ]

২ সকলের নেতা।

"বিশ্বানরঃ সবিতা দেবো অশ্রেৎ" (ঋক্ ৭।৭৬।১)

'বিশ্বানরঃ সর্ব্বেষাং নেতা সবিতা দেব উদশ্রেৎ' (সায়ণ)

বিশ্বান্তর (পুং) রাজভেদ। (কথাসরিৎসা° ১১৩।৯)

বিশ্বায়ুষ্ (ত্রি) বিশ্বপোষক ধন।

"পুংসঃ পুত্রা উত বিশ্বায়ুষং রয়িং" (ঋক্ ১।১৬২।২২)

'বিশ্বায়ুষং বিশ্বস্য পোষকং ধনং' (সায়ণ)

বিশ্বাপ্‌স্য (ত্রি) দেবতা দিগের আহ্বানকারী, নানারূপী অগ্নি। পার্থিব, বৈদ্যুত, জাঠরাদি ভেদে অগ্নির নানা রূপ।

"হোতারং বিশ্বাপ্‌স্যং বিশ্বদেব্যং" (ঋক্ ১।১৪৮।১)

বিশ্বাপ্‌স্যং দেবানামাহ্বাতারং, অপ্সিতি রূপনাম, নানারূপং পার্থিববৈদ্যুতজাঠরাদিভেদেন হবনীয়াদি ভেদেন বা, যদ্বা কালীকরাল্যাদিরূপেণ জ্বালানাং বৈরূপ্যাদ্বিশ্বরূপত্বং" (সায়ণ)

বিশ্বাভূ (ত্রি) সকলের ভাবয়িতা ইন্দ্র।

"বিশ্বনরায় বিশ্বাভুবে" (ঋক্ ১০।৫০।১)

বিশ্বাভুবে সর্ব্বস্য ভাবয়িত্রে মহামিন্দ্রায় (সায়ণ)

বিশ্বামিত্র, রাহুচার নামক জ্যোতির্গ্রন্থপ্রণেতা।

বিশ্বামিত্র, (পুং) বিশ্বমেব মিত্রমস্য। (মিত্রে চর্ষৌ। পা ৬।৩।১৩০) ইতি বিশ্বস্যাকারস্য দীর্ঘঃ। ব্রহ্মর্ষিবিশেষ। পর্য্যায়—গাধিজ, ত্রিশঙ্কুযাজী, গাধেয়, কৌশিক, গাধিভূ। (শব্দরত্না°)

বিশ্বামিত্র ক্ষত্রিয়বংশে জন্মগ্রহণ করিয়া নিজ যোগবলে ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছিলেন। পরে তিনি সাতটী প্রধান মহর্ষির একতম বলিয়াও গণ্য হন। ঋগ্বেদের তৃতীয় মণ্ডলের সমুদায় সূক্তের মন্ত্রগুলির অভিব্যক্তা মহর্ষি বিশ্বামিত্র বা তদ্বংশীয় ঋষিগণ। উক্ত মণ্ডল বিশেষভাবে পর্য্যবেক্ষণ করিলে জানা যায়, তিনি ইষীরথের অপত্য কুশিকবংশীয় (ঋক্ ৩।১)। রাজা কুশিক কুশের অপত্য এবং সেই রাজা কুশিকের তনয় গাথী (গাধি) ঋষি। (ঋক ৩।১৯-২২ সূক্ত)। মহারাজ গাধি পুরুবংশীয় এবং কান্যকুব্জের নরপতি বলিয়া কীর্ত্তিত হইয়াছেন। এই কারণে হরিবংশ প্রভৃতি বিভিন্ন পুরাণাখ্যানে বিশ্বামিত্র পৌরব, কৌশিক, গাধিজ ও গাধিনন্দন প্রভৃতি নামে অভিহিত হইয়াছেন।

ঋক্‌সংহিতার ৩।৫৩ সূক্তে সুদাস রাজার যজ্ঞের কথা আছে। তথায় "বিশ্বামিত্র মহান্ ও ঋষি, তিনি দেবজার ও দেবজূত এবং নেতৃগণের উপদেশক। তিনি জলবিশিষ্ট সিন্ধুর বেগ অর্থাৎ বিপাট্ ও শুতুদ্রু নদীর সংযোগস্থল নিরুদ্ধ করিয়াছিলেন। (ঋক্ ৩।৩৩।৯ ভাষ্য) তিনি যখন সুদাস রাজার যজ্ঞে পৌরহিত্য করিয়াছিলেন, তখন ইন্দ্র কুশিকবংশীয়দিগের সহিত

প্রিয় ব্যবহার করেন। (৩।৫৩।৯) এই ভোজগণ* বিরূপ অঙ্গিরাগণ অপেক্ষা অসুর আকাশের বীরপুত্রগণ, বিশ্বামিত্রকে সহস্র সুযজ্ঞে (অশ্বমেধে) ধনদান করিয়া তাঁহার জীবন বর্দ্ধিত করেন। (৩।৫৩।৭) কথিত আছে, সুদাসযজ্ঞে বশিষ্ঠের পুত্র শক্তি বিশ্বামিত্রের বল ও বাক্য হরণ করেন। জমদগ্নিগণ সূর্য্যদুহিতা বাগ্দেবতাকে আনিয়া বিশ্বামিত্রকে প্রদান করেন †। সুদাস-রাজার যজ্ঞ সমাপন করিয়া, বিশ্বামিত্র গৃহে প্রত্যাগমন কালে রথাঙ্গ সকলকে স্তব করিয়াছিলেন ‡। এতদ্ভিন্ন উক্ত সংহিতায় ১০।১৬৭।৪ মন্ত্রে বিশ্বামিত্র ও জমদগ্নি কর্ত্তৃক ইন্দ্রের স্তুতির উল্লেখ আছে। তথায় ইন্দ্র উক্ত উভয় ঋষিকে বলিতেছেন, "হে বিশ্বামিত্র ও জমদগ্নি! তোমরা সোম প্রস্তুত করিলে আমি যখন তোমাদের গৃহে গমন করি তখন তোমরা উত্তমরূপে আমার স্তব কর।" উক্ত দুইটী ঋক্ হইতে স্পষ্ট বুঝা যায় যে, বিশ্বামিত্র ও জমদগ্নি পরস্পরে বিশেষ নৈকট্য সম্বন্ধসূত্রে আবদ্ধ ছিলেন।

অথর্ব্ববেদ ৪।২৯।৫ ও ১৮।৩।১৫ মন্ত্রে ঋষিগণ বিশ্বামিত্রের রক্ষার জন্য স্তুতি করিয়াছেন। ইহা হইতে তাঁহাকে ঋষিদিগেরও স্তবনীয় বলিয়া গণনা করা যায়। ঐতরেয়ব্রা° ৬।১৮ ও ৬।২০ মন্ত্রে বিশ্বের মিত্র বিশ্বামিত্র-দৃষ্ট সূক্তগুলি বামদেব ঋষি কর্ত্তৃক পাঠ করিবার কথা আছে। শতপথব্রা° ১৪।৫।৬ তৈত্তিরীয়সংহিতা ৩।১।৭।৩ ও ৫।২।৩।৪, পঞ্চবিংশব্রা° ১৪।৩।১২, শাঙ্খায়ন শ্রৌতসূত্র ১৫।২১।১, আশ্বলায়ন গৃহ্যসূত্র ৩।৪।২ প্রভৃতি বৈদিক গ্রন্থে বিশ্বামিত্রের বিবরণ প্রকটিত আছে।

বিশ্বামিত্রের জন্মসম্বন্ধে বিষ্ণুপুরাণে বর্ণিত আছে যে—মহারাজ গাধির সত্যবতী নামে এক কন্যা ছিল; গাধি ভৃগুবংশীয় ঋচীক নামক জনৈক বৃদ্ধ ঋষির সহিত ঐ কন্যার বিবাহ দেন। ঐ ক্ষত্রিয়া পত্নীর গর্ভে ব্রহ্মণ্যগুণশালী পুত্রপ্রাপ্তির বাসনায় ঋচীক তৎফলসাধক চরু প্রস্তুত করিয়া সত্যবতীকে খাইতে দেন। ঐ চরুর সঙ্গে ক্ষত্রিয়গুণশালী পুত্র গর্ভে ধারণের জন্য তিনি স্বীয় পত্নীর মাতাকেও ঐরূপ আর এক পাত্র চরু প্রদান করেন। মাতার প্ররোচনায় বাধ্য হইয়া সত্যবতী পরস্পরের চরু পরিবর্ত্তন করিয়া ভক্ষণ করেন এবং তদনুসারে মাতা ব্রহ্মণ্যগুণপ্রধান বিশ্বামিত্রকে ও কন্যা জমদগ্নিকে গর্ভে ধারণ করেন। এই জমদগ্নির ঔরসে কালে ক্ষত্রগুণপ্রধান ক্ষত্রিয়কুলোচ্ছেদক পরশুরামের জন্ম হয়। [পরশুরাম দেখ।]

মহাভারত অনুশাসন পর্ব্বের ৪র্থ অধ্যায়ে বিশ্বামিত্রের যে উৎপত্তি বিবরণ আছে তাহার সহিত হরিবংশের বর্ণনার বিশেষ মিল দেখা যায়।

হরিবংশে লিখিত আছে যে, মহারাজ কুশের কুশিক ও কুশনাভ প্রভৃতি চারিপুত্র হয়। কুশিক ইন্দ্রসদৃশ পুত্রকামনায় সহস্র বৎসর পর্য্যন্ত কঠোর তপস্যা করেন। ইন্দ্র এই তপস্যায় প্রীত হইয়া অংশরূপে কুশিকপত্নী পৌরকুৎসীর গর্ভে জন্ম গ্রহণ করেন। এই পুত্রের নাম গাধি। গাধির সত্যবতী নামে পরমা রূপবতী এক কন্যা হয়, তিনি সেই কন্যা ভৃগুপুত্র ঋচীককে সম্প্রদান করেন।

ঋচীক ভার্য্যার প্রতি প্রীত হইয়া আপনার ও মহারাজ গাধির পুত্র কামনা করিয়া চরু প্রস্তুত করেন এবং পত্নী সত্যবতীকে সম্বোধন করিয়া বলেন, কল্যাণি! এই দুই ভাগ চরু প্রস্তুত করিয়াছি, ইহার মধ্যে তুমি এই চরু ভোজন কর, আর অপর ভাগ তোমার মাতাকে প্রদান করিবে। এই চরু ভোজনে তোমার মাতার ক্ষত্রিয়প্রধান অতি তেজস্বী এক পুত্র জন্মিবে। সেই পুত্র সমস্ত অরিমণ্ডলকে পরাভূত করিতে সমর্থ হইবে। তোমার গর্ভেও দ্বিজশ্রেষ্ঠ শমগুণাবলম্বী ধৈর্য্যশালী এক মহাতপাঃ পুত্র জন্ম গ্রহণ করিবে।

ভৃগুনন্দন ঋচীক ভার্য্যাকে এই কথা বলিয়া নিত্যতপস্যার্থ অরণ্যে প্রবেশ করিলেন। এই সময় গাধিও তীর্থদর্শন প্রসঙ্গে কন্যাকে দেখিবার জন্য ঋচীকাশ্রমে উপস্থিত হন। এদিকে সত্যবতী ঋষিপ্রদত্ত চরু গ্রহণ করিয়া যত্নপূর্ব্বক মাতার হস্তে অর্পণ করিলেন। দৈবনির্ব্বন্ধবশতঃ মাতা উহার ব্যতিক্রম করিয়া ফেলিলেন। সুতরাং তিনি স্বকীয় চরু দুহিতাকে দিয়া স্বয়ং দুহিতার চরু ভোজন করিলেন।

অনন্তর সত্যবতী ক্ষত্রিয়ান্ত-কর গর্ভ ধারণ করেন। ঋচীক যোগবলে এই বৃত্তান্ত জানিতে পারিয়া পত্নীকে কহিলেন, ভদ্রে! চরুর বিপর্য্যয় হইয়াছে। তুমি তোমার মাতা কর্ত্তৃক বঞ্চিতা হইয়াছ। তোমার গর্ভে অতি দুর্দ্দান্ত হিংস্রপ্রকৃতি এক পুত্র জন্মিবে। তোমার ভ্রাতা ব্রহ্মপরায়ণ তপস্যানুরক্ত হইয়া জন্ম গ্রহণ করিবে। কারণ আমি উহাতে সমস্ত বেদ নিহিত করিয়াছি।

সত্যবতী এই কথা শুনিয়া নিতান্ত ব্যথিত হৃদয়ে স্বামীকে নানা অনুনয় করিয়া কহিলেন, ভগবন্! আপনি ইচ্ছা করিলে ত্রিলোক সৃষ্টি করিতে পারেন, কিন্তু যাহাতে আমার এইরূপ দুর্ব্বৃত্ত সন্তান না হয়, তাহার উপায় বিধান করুন। ইহাতে

---

* মূলে 'ইমে ভোজাঃ আঙ্গিরসঃ বিরূপাঃ দিবঃ পুত্রাসঃ অসুরস্য বীরাঃ"। এই সকল পাঠ আছে, সায়ণ ভোজাঃ অর্থে সৌদাসাঃ ক্ষত্রিয়াঃ করিয়াছেন।

† ঋক্ ৩।৫৩।১৫ মন্ত্রে বিশ্বামিত্রের বাগ্দেবতা প্রাপ্তির কথা আছে। ইহার সহিত হরিশ্চন্দ্রোপাখ্যানোক্ত বিশ্বামিত্রের বিদ্যাসাধনার সম্বন্ধ আছে কি?

‡ ঋক্ ৩।৫৩।৭।

ঋচীক কহিলেন, তাহা হওয়া অসম্ভব। ইহা শুনিয়া সত্যবতী বলিলেন ভগবন্! যদি নিতান্তই আপনার অভিলষিত হইয়া থাকে যে, আপনি উহার অন্যথা করিবেন না, তাহা হইলে অগত্যা এরূপ করুন, যাহাতে আমার পুত্র না হইয়া বরং পৌত্র ঐরূপ গুণশালী হয়। দেবীবাক্যে প্রসন্ন হইয়া ঋষি কহিলেন, 'পুত্র ও পৌত্রে আমার কিছু বিশেষ নাই। অতএব তুমি যাহা বলিয়াছ, তাহাই হইবে।' পরে সেই গর্ভে জমদগ্নির জন্ম হয়। এই জমদগ্নির পুত্রই ক্ষত্রিয়কুলান্তকারী পরশুরাম। অতঃপর সত্যবতী মহানদী রূপে পরিণতা হইয়া পৃথিবীতে কৌশিকী নামে বিখ্যাতা হন।

এদিকে কুশিকনন্দন গাধির বিশ্বামিত্র নামে এক পুত্র জন্মে। বিশ্বামিত্র তপস্যা, বিদ্যা, ও শমগুণ দ্বারা ব্রহ্মর্ষির সমতা লাভ করিয়া অবশেষে সপ্তর্ষিমধ্যে গণনীয় হন। বিশ্বামিত্রের অপর নাম বিশ্বরথ। মহর্ষি বিশ্বামিত্রের দেবরাত, দেবশ্রবা, কতি, হিরণ্যাক্ষ, সাঙ্কৃতি, গালব, মুদ্গল, মধুচ্ছন্দা, জয়, দেবল, অষ্টক, কচ্ছপ, হারিত প্রভৃতি কয়েকটী পুত্র জন্মে। এই সকল পুত্র দ্বারাই মহাত্মা কুশিকের বংশ বিশেষ বিখ্যাত হয়।

এতদ্ভিন্ন বিশ্বামিত্রের নারায়ণি ও নর নামে আরও দুইটী পুত্র ছিল। এই বংশে বহু ঋষি জন্ম গ্রহণ করিয়াছিলেন। পুরুবংশীয় মহাত্মাদিগের সহিত কুশিকবংশীয় ব্রহ্মর্ষিদিগের বৈবাহিক সম্বন্ধ ছিল। এই জন্যই উভয় বংশ হইতে ব্রাহ্মণদিগের সহিত ক্ষত্রিয়দিগের সম্বন্ধ চিরপ্রসিদ্ধ হইয়া রহিয়াছে।

বিশ্বামিত্রের পুত্রদিগের মধ্যে শুনঃশেফ সকলের অগ্রজ। এই শুনঃশেফ ভার্গব হইলেও কৌশিকত্ব প্রাপ্ত হইয়াছিলেন। ইনি রাজা হরিশ্চন্দ্রের যজ্ঞে পশুরূপে নিযোজিত হইয়াছিলেন, কিন্তু দেবগণ ইহাকে পুনর্ব্বার বিশ্বামিত্রের হস্তে প্রত্যর্পণ করেন। সেই জন্য ইহার নাম দেবরাত হয়। (হরিবংশ ২৭ অ°)*

কালিকাপুরাণে মহর্ষি বিশ্বামিত্রের উৎপত্তি-বিবরণ প্রায় এই রূপই বর্ণিত হইয়াছে, একটু বিশেষ এই যে মহর্ষি ভৃগু পুত্রবধূকে বর গ্রহণ করিতে বলেন, তাহাতে স্নুষা সত্যবতী বেদবেদান্তপারগ পুত্র প্রার্থনা করিলে, মহর্ষি নিশ্বাস ত্যাগ করেন, ঐ নিশ্বাস বায়ুর সহিত দুই প্রকার চরু উৎপন্ন হয়, ঐ চরুর মধ্যে তাহাকে এক প্রকার এবং তাঁহার মাতাকে অন্য প্রকার গ্রহণ করিতে বলেন। পরে দৈবক্রমে চরুর বিপর্য্যয়ে উভয়ের পুত্রেরও বিপর্য্যয় হয়। (কালিকা পু° ৮৪ অ°)

মহর্ষি বিশ্বামিত্র ক্ষত্রিয় হইয়া যেরূপে ঋষিত্ব ও ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন, তাহার বিষয় রামায়ণে এইরূপ কথিত আছে,—কুশ নামে এক সার্ব্বভৌম নরপতি ছিলেন, তাহার পুত্র কুশনাভ। গাধি নামে কুশনাভের এক বিখ্যাত পুত্র জন্মে। বিশ্বামিত্র এই গাধির পুত্র। তিনি শৌর্য্যে ও বীর্য্যে সমস্ত নরপতিগণের অগ্রণী ছিলেন ও বহু সহস্র বৎসর পর্য্যন্ত পৃথিবী পালন করেন।

একদা বিশ্বামিত্র বহুসৈন্য-সামন্তে পরিবৃত হইয়া পৃথিবী পরিভ্রমণে প্রবৃত্ত হন এবং বিচরণ করিতে করিতে বহু নগর, রাষ্ট্র, সরিৎ, মহাগিরি প্রভৃতি ভ্রমণ করিয়া কালক্রমে বশিষ্ঠাশ্রমে উপনীত হন। এই আশ্রম দ্বিতীয় ব্রহ্মলোক সদৃশ এবং সকলই শমগুণান্বিত। তপস্যা যেন মূর্ত্তিমতী হইয়া এই আশ্রমের চারিদিকে বিরাজ করিতেছেন। বিশ্বামিত্র এই আশ্রম দর্শনে পরম পুলকিত হইয়া বশিষ্ঠের সমীপে গিয়া তাঁহাকে অভিবাদন করিলেন। বশিষ্ঠও তাঁহাকে যথাযোগ্য সম্বর্দ্ধনা করিয়া কহিলেন, রাজন্! আমি আপনার ও এই সকল সৈন্যসামন্তগণের যথাবিধি অতিথি সৎকার করিতে বাসনা করি। আপনি আমার কৃত এই সৎকার গ্রহণ করুন, কারণ আপনি অতিথিশ্রেষ্ঠ, সুতরাং যত্ন-সহকারে পূজনীয়।

বশিষ্ঠের এই কথা শুনিয়া বিশ্বামিত্র বলিলেন ভগবন্! আপনার সৎকারানুকূল বাক্যেই আমি বিশেষ সৎকৃত হইয়াছি। আপনি প্রসন্ন হউন, এক্ষণে আমি গমন করি। বিশ্বামিত্র এইরূপ বলিলে বশিষ্ঠ পুনরায় বারংবার তাঁহাকে নিমন্ত্রণ গ্রহণ করিবার নিমিত্ত অনুরোধ করিতে লাগিলেন। তাহাতে তিনি তাঁহার আগ্রহাতিশয্যে 'তথাস্তু' বলিয়া নিমন্ত্রণ স্বীকার করিলেন।

বশিষ্ঠ তখন রাজার প্রতি প্রীত হইয়া চিত্রবর্ণা হোমধেনু শবলাকে সম্বোধন করিয়া কহিলেন, শবলে! রাজা বিশ্বামিত্র সসৈন্যে আজ আমার অতিথি। তুমি আজ আমার নিমিত্ত তাঁহার সৈন্যগণের মধ্যে ছয় প্রকার রসের ভিতর, যাহার যে রসে অভিরুচি, তাহার জন্য সেই রস সৃষ্টি কর।

শবলা তখন বশিষ্ঠের আজ্ঞানুসারে সকলের ইচ্ছানুরূপ কমনীয় বস্তু সকল উৎপাদন করিলেন। তিনি তখন অনেক ইক্ষু, মধু, লাজ, মৌরেয় মদ্য এবং আরও উত্তম মদ্য ও নানাবিধ উত্তম উত্তম খাদ্যের সৃষ্টি করিলেন। এই সকল খাদ্য রজত নির্ম্মিত পাত্রে প্রদত্ত হইল। তাহাতে বিশ্বামিত্র ও তাঁহার সৈন্যগণ পরমপ্রীতি লাভ করিলেন।

বশিষ্ঠের এই রাজদুর্ল্লভ সৎকারে পরমপ্রীত হইয়া, বিশ্বামিত্র তাঁহাকে কহিলেন, ব্রহ্মন্! আমি আপনাকে একটী অনুরোধ করিতেছি, আপনি আমার এই অনুরোধ রক্ষা করুন। আমি আপনাকে এক লক্ষ গাভী দিতেছি, আপনি সেই গাভীর

* হরিবংশ ২৭ অধ্যায়ে বিশ্বামিত্রকে অমাবসুর ও ৩২ অধ্যায়ে আয়ুর বংশধর বলিয়া গ্রহণ করা হইয়াছে।

বিনিময়ে আমাকে শবলা প্রদান করুন। শবলা রত্নস্বরূপা, রাজাও রত্নের অধিকারী। রাজা বলপূর্ব্বকও রত্ন হরণ করিয়া লইতে পারেন। অতএব ঐ গাভী ন্যায়ানুসারে আমারই প্রাপ্য; সুতরাং আপনি আমাকে উহা প্রদান করুন।

বিশ্বামিত্রের এই কথা শুনিয়া বশিষ্ঠ কহিলেন, রাজন্! শতকোটি গো অথবা রজতরাজির বিনিময়েও শবলাকে দিব না, যে হেতু এই শবলা আত্মবান্ ব্যক্তির কীর্ত্তির ন্যায় আমার চির-সহচরী। সুতরাং ইহাকে পরিত্যাগ করা আমার উচিত নহে। বিশেষতঃ হব্য, কব্য, জীবন, অগ্নিহোত্র, বলি, হোম ও বিবিধ বিদ্যা, আমার এই সকল যাহা কিছু সে সমস্তই শবলার আয়ত্তাধীন। অধিক কি, আমি সত্য সত্যই শপথ করিয়া বলিতেছি যে, এই শবলাই আমার সর্ব্বস্ব বা সর্ব্বৈশ্বর্য্যের নিদান। অতএব রাজন্! আমি কোন ক্রমেই তোমাকে শবলা প্রদান করিব না।

বশিষ্ঠ কোন মতেই কামধেনু শবলাকে দিলেন না দেখিয়া বিশ্বামিত্র যখন ভৃত্য দ্বারা বলপূর্ব্বক তাহাকে গ্রহণ করিতে চলিলেন। তখন শবলা যারপর নাই শোকসন্তপ্ত হৃদয়ে বশিষ্ঠের নিকট গিয়া বলিলেন, ভগবন্! আমি আপনার নিকট এমন কি অপরাধ করিয়াছি যে, আপনি নিতান্ত ভক্তিপরায়ণা জানিয়াও আমাকে পরিত্যাগ করিতে উদ্যত হইলেন? বশিষ্ঠ শবলার এই কথা শুনিয়া দুঃখিতা কন্যার ন্যায় শোক-সন্তপ্ত-হৃদয়া শবলাকে কহিলেন, শবলে! তুমি কোন অপরাধ কর নাই এবং আমিও তোমাকে পরিত্যাগ করি নাই, রাজা বলবান্, তিনি বলপূর্ব্বক তোমাকে লইয়া যাইতেছেন।

শবলা বশিষ্ঠের এই কথা শুনিয়া কহিলেন, ব্রহ্মন্! মনীষিগণ বলিয়া থাকেন, ব্রাহ্মণের নিকট ক্ষত্রিয়েরা শক্তিতে সমকক্ষ নহেন, ব্রাহ্মণগণই বলবত্তর। ব্রাহ্মণদিগের দিব্যবল ক্ষত্রিয়বল হইতে অত্যন্ত অধিক, সুতরাং আপনি অপ্রমেয় বলসম্পন্ন, আপনার বীর্য্য কেহ সহ্য করিতে সমর্থ হইবে না। আপনি আমাকে নিয়োগ করুন, আমি এখনই এই দুরাত্মা বিশ্বামিত্রের দর্প চূর্ণ করিতেছি। বশিষ্ঠ শবলার এই জ্ঞানগর্ভ বাক্য শুনিয়া আশ্বস্ত হৃদয়ে তাহাকে কহিলেন, তুমি পরসৈন্যবিনাশক সৈন্যের সৃষ্টি কর। শবলা তাঁহার সেই কথা শুনিয়া হম্বা হম্বা রব করিতে লাগিল। তাহার এই রবে শত শত পহ্লব সৈন্যের সৃষ্টি হইল। সেই সকল সৈন্য বিশ্বামিত্রের সহিত যুদ্ধে পরাজিত হইলে শবলা তখন হুঙ্কাররবে কাম্বোজ, স্তনদেশ হইতে বর্ব্বর, যোনিদেশ হইতে শক এবং রোমকূপ হইতে হারীত ও কিরাত প্রভৃতি ম্লেচ্ছগণের সৃষ্টি করিলেন। ইহারা স্বল্পকালের মধ্যেই বিশ্বামিত্রের হস্তী, অশ্ব, রথ এবং পদাতি প্রভৃতি সৈন্য সকল সংহার করিয়া ফেলিল। বশিষ্ঠ কর্ত্তৃক বহু সংখ্যক সৈন্যবিনাশ হইতে দেখিয়া বিশ্বামিত্রের একশত পুত্র নানাবিধ অস্ত্র শস্ত্র ধারণ পূর্ব্বক বশিষ্ঠের প্রতি ধাবমান হইলে, তিনি হুঙ্কার দ্বারা তাঁহাদিগকে দগ্ধ করিয়া ফেলিলেন।

এইরূপে বিশ্বামিত্রের সমস্ত সৈন্যাদি বিনষ্ট হইলে তিনি হতবল ও হতোৎসাহ হইয়া সমগ্র ধনুর্ব্বেদ লাভের জন্য হিমালয়ের পার্শ্বদেশে গিয়া মহাদেবের উদ্দেশে কঠোর তপস্যা করিতে লাগিলেন। মহাদেব তাঁহার তপস্যায় প্রীত হইয়া তাঁহাকে সমগ্র মন্ত্র ও রহস্যের সহিত সাঙ্গোপাঙ্গ ধনুর্ব্বেদ প্রদান করেন।

বিশ্বামিত্র মহাদেবের নিকট সমগ্র ধনুর্ব্বেদ লাভে অতিশয় দর্পিত হইয়া বশিষ্ঠের আশ্রমে যাইয়া তাঁহার প্রতি বিবিধ অস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন। এই সকল অস্ত্রে তপোবন যেন দগ্ধ হইতে লাগিল এবং আশ্রমস্থ সকলই চারিদিকে পলায়নপর হইল। তখন বশিষ্ঠ কালদণ্ডের ন্যায় ব্রহ্মদণ্ড ধারণ করিয়া কহিলেন, ওরে ক্ষত্রিয়াধম বিশ্বামিত্র! তুমি ক্ষত্রিয় বলে ব্রহ্মবলকে পরাজয় করিতে অভিলাষী হইয়াছ, কিন্তু তুমি দেখ, এক ব্রহ্মবলে তোমার এই সমস্ত ক্ষত্রিয়বল পরাভূত হইবে। অনন্তর বশিষ্ঠের ব্রহ্মদণ্ডপ্রভাবে বিশ্বামিত্রের মহাঘোর অস্ত্র সকল, জল দ্বারা অগ্নিবেগ প্রশান্তির ন্যায় ক্ষণকালমধ্যে একেবারেই নিরাকৃত হইল।

বিশ্বামিত্র বশিষ্ঠ কর্ত্তৃক এইরূপে নিগৃহীত হইয়া বলিতে লাগিলেন, ক্ষত্রিয়ের বলে ধিক্! ব্রহ্মবলই যথার্থ বল। যে তপোদ্বারা এই ব্রহ্মবল লাভ করা যায়, আমি সেইরূপ তপস্যাই করিব। এইরূপ স্থির করিয়া বিশ্বামিত্র পত্নীর সহিত দক্ষিণ দিকে গিয়া কঠোর তপস্যা করিতে লাগিলেন। এই সময়ে তাঁহার হবিষ্যন্দ, মধুষ্যন্দ ও দৃঢ়নেত্র নামে তিনটী পুত্র জন্মে।

এইরূপে তপস্যায় নিরত থাকিয়া বিশ্বামিত্রের যখন সহস্র বৎসরকাল অতীত হইল, তখন সর্ব্বলোক পিতামহ ব্রহ্মা তাঁহার সমীপে আসিয়া কহিলেন, বিশ্বামিত্র! তুমি যেরূপ কঠোর তপস্যা করিয়াছ, তাহাতে আমার বরে তোমার রাজর্ষিপদ লাভ হইবে; এই বলিয়া ব্রহ্মা স্বস্থানে প্রস্থান করিলেন। বিশ্বামিত্র ব্রহ্মার এই বরবাক্য শুনিয়া বিশেষ মর্ম্মাহত হইলেন এবং ভাবিলেন, আমার এই তপোহনুষ্ঠান দ্বারা কিছুই ফল হইল না। যাহাতে ব্রাহ্মণত্ব লাভ করিতে পারি, তাদৃশ দুশ্চর তপস্যা করিব। ইহা মনে মনে স্থির করিয়া পুনরায় যত্নের সহিত তপস্যা আরম্ভ করিলেন।

এই সময়ে ইক্ষ্বাকুবংশীয় রাজা ত্রিশঙ্কু সশরীরে স্বর্গগমনকামনায় যজ্ঞ করিবার জন্য বশিষ্ঠের শরণাগত হন, বশিষ্ঠ তাঁহাকে প্রত্যাখ্যান করেন। পরে ত্রিশঙ্কু তদীয় পুত্রগণের শরণাগত হইলে তাঁহারাও তাঁহাকে প্রত্যাখ্যান করিলেন। অধিকন্তু তাঁহার

প্রতি চণ্ডালত্ব প্রাপ্তির অভিসম্পাত করেন। তাঁহাদের শাপে ত্রিশঙ্কু চণ্ডালত্ব প্রাপ্ত হইয়া বিশ্বামিত্রের নিকট যান।

বিশ্বামিত্র তাঁহাকে এই অবস্থাপন্ন দেখিয়া কহিলেন, রাজন্! আমি দিব্য চক্ষে দেখিতেছি আপনি অযোধ্যাপতি ত্রিশঙ্কু, অভিশাপবশে চণ্ডালত্ব প্রাপ্ত হইয়াছেন। আপনি আপনার অভিলাষ প্রকাশ করুন। আমি আপনার শ্রেয়ঃসাধন করিব। তখন চণ্ডালরূপী ত্রিশঙ্কু কৃতাঞ্জলিপুটে কহিলেন, আমি যজ্ঞ করিয়া যাহাতে সশরীরে স্বর্গে যাইতে পারি এই আমার অভিলাষ। গুরুদেব বশিষ্ঠ এবং তাঁহার পুত্রগণের নিকট গিয়া প্রত্যাখ্যাত ও বর্ত্তমানাবস্থাপন্ন হইয়া এখন আপনার শরণাগত হইয়াছি। আপনি আমার অভিলাষ পূর্ণ করুন।

বিশ্বামিত্র ত্রিশঙ্কুর জন্য যখন যজ্ঞানুষ্ঠান করেন, তখন বশিষ্ঠপুত্রগণ তাহা জানিতে পারিয়া তাঁহাকে দোষারোপ করেন। পরে বিশ্বামিত্র আবার তাহা শুনিয়া বশিষ্ঠ পুত্রগণকে এই অভিসম্পাত দেন যে, উহারা যখন আমাকে বিনাদোষে দূষিত করিয়াছে, তখন অচিরকাল মধ্যে নিশ্চয়ই তাহাদের মৃত্যু হইবে এবং সাত জন্ম পর্য্যন্ত কুক্কুরমাংসাহারী ও শববস্ত্রাদিহারক মুষ্টিক (ডোম) হইয়া জন্মগ্রহণ করিবে। বিশ্বামিত্রের এই শাপে বশিষ্ঠের পুত্রগণ উক্ত প্রকার দুর্গতি লাভ করেন।

এদিকে ত্রিশঙ্কু রাজা বিশ্বামিত্রের যজ্ঞফলে স্বর্গারোহণ করিলে, ইন্দ্র তাঁহাকে স্বর্গ হইতে পাতিত করায় ক্রোধে বিশ্বামিত্র দ্বিতীয় স্বর্গ সৃষ্টির অভিলাষ করিয়া অপর সপ্তর্ষিমণ্ডল, সপ্তবিংশতি নক্ষত্র প্রভৃতি সৃষ্টি করেন। ত্রিশঙ্কু সেই স্থানে অবস্থান করেন*।

[বিশেষ বিবরণ ত্রিশঙ্কু শব্দে দ্রষ্টব্য]

পরে বিশ্বামিত্র ইচ্ছানুরূপ তপোনুষ্ঠান হইতেছে না এবং নানারূপ তপোবিঘ্ন ঘটিতেছে বুঝিতে পারিয়া দক্ষিণদিক্ পরিত্যাগ করিলেন। তৎপরে পশ্চিমদিকে পুষ্করতীরবর্ত্তী বিশাল তপোবনে যাইয়া যাহাতে অচিরে ব্রাহ্মণত্ব লাভ করিতে পারেন, তাহার জন্য দুশ্চর তপস্যায় প্রবৃত্ত হইলেন।

এই সময় রাজা অম্বরীষ একটী যজ্ঞানুষ্ঠান করিলেন, ইন্দ্র তাহার যজ্ঞীয় পশু অপহরণ করেন। যজ্ঞীয় পশু অপহৃত হইলে রাজা যজ্ঞীয় পশুর পরিবর্ত্তে একটী নরবলি দিবার জন্য যখন ঋচীক পুত্র শুনঃশেফকে ক্রয় করিয়া লইয়া আসেন তখন সে বিশ্বামিত্রের শরণাগত হয়। বিশ্বামিত্র ইহার প্রাণরক্ষার জন্য মধুচ্ছন্দা প্রভৃতি পুত্রগণকে বলেন যে পুত্রগণ তোমরা সকলেই ধর্ম্মপরায়ণ, এই মুনিপুত্র আমার শরণাগত হইয়াছে, তোমরা ইহার প্রাণরক্ষা করিয়া আমার প্রিয়কার্য্য সম্পাদন কর। তোমরা স্বয়ং এই নরেন্দ্রের যজ্ঞীয় বলি হইলে তাঁহার যজ্ঞ সমাধা এবং ইহারও প্রাণরক্ষা হইবে।

পুত্রগণ বিশ্বামিত্রের এই কথা শুনিয়া কহিলেন আপনি নিজ পুত্র দিগকে পরিত্যাগ করিয়া অন্যকে রক্ষা করিতে প্রবৃত্ত হইয়াছেন, ইহা অতিশয় অন্যায় এবং ধর্ম্ম বিগর্হিত। বিশ্বামিত্র পুত্রদের এই কথা শুনিয়া ক্রোধে অধীর হইয়া তাহাদিগকে অভিসম্পাত করেন যে, যখন আমার বাক্য অবহেলা করিলে, তখন তোমরাও বশিষ্ঠ পুত্রদিগের ন্যায় মুষ্টিক (ডোম) জাতিতে বহুবার জন্মগ্রহণ করিবে।

ঐতরেয়ব্রাহ্মণ হইতে আমরা জানিতে পারি যে, বিশ্বামিত্রের একশত পুত্র ছিল। তিনি ভাগিনেয় শুনঃশেফকে জ্যেষ্ঠপুত্র স্থানীয় করিতে অভিলাষী হইয়া তৎসম্বন্ধে পুত্রগণের অভিমত জিজ্ঞাসা করিলেন। শতপুত্রের কনিষ্ঠ পঞ্চাশ জন পিতার অভিপ্রায়ে সম্মতি প্রদান করিলেন, তখন বিশ্বামিত্র তাঁহাদিগকে "গাভী ও সন্তানসন্ততি লাভ করিয়া ভাগ্যবান্ হও" বলিয়া আশীর্ব্বাদ করিলেন। জ্যেষ্ঠ পঞ্চাশ পুত্র এ বিষয়ে সম্মতি প্রদান না করায় বিশ্বামিত্র তাঁহাদিগকে অভিশাপ দিলেন যে "তোমাদের বংশ পৃথিবীর শেষ প্রান্তে গিয়া বাস করুক।" তদনুসারে তাহাদের সন্তানগণ অন্ত্যজ ও দস্যুরূপে গণ্য হইল। তাহারাই অন্ধ্র, পুণ্ড্র, শবর, পুলিন্দ ও মূতিব জাতি।

(ঐতরেয়ব্রা° ৭।১৮)

অতঃপর বিশ্বামিত্র শরণাগত শুনঃশেফকে কহিলেন, বৎস!! তোমার ভয় নাই, তুমি যখন অম্বরীষের যজ্ঞে রক্তমাল্যধারী ও রক্তানুলেপিত হইয়া বৈষ্ণবযূপে পাশদ্বারা আবদ্ধ হইবে। তখন আগ্নেয় মন্ত্রে অগ্নিকে স্তব এবং এই দিব্যগাথা গান করিও, তাহা হইলেই তুমি সিদ্ধিলাভ করিবে। শুনঃশেফ যথাসময়ে তদ্রূপ অনুষ্ঠান করিলেন। অগ্নির প্রসাদে তাঁহার দীর্ঘায়ু প্রাপ্তি এবং রাজারও যজ্ঞসমাপ্তি হইল।

এদিকে বিশ্বামিত্র কঠোর তপস্যায় পুনরায় সহস্র বৎসর অতিবাহিত করিলে, ব্রহ্মা দেবগণের সহিত তাঁহার নিকট উপস্থিত হইয়া তাঁহাকে কহিলেন "তুমি স্বীয় অর্জ্জিত তপোবলে

* মনু ১০।১০৮ বিশ্বামিত্র কর্ত্তৃক চণ্ডালের হস্ত হইতে কুকুরের জঙ্ঘা ভক্ষণের প্রস্তাব আছে। মহাভারতের শান্তিপর্ব্বেও ঐ ঘটনার উল্লেখ দেখা যায়; কিন্তু বিষ্ণুপুরাণ ৪।৩।১৩-১৪ হইতে আমরা জানিতে পারি যে, দ্বাদশবার্ষিকী অনাবৃষ্টিতে বিশ্বামিত্র স্বজঘন ভক্ষণ করিবেন আশঙ্কায় চণ্ডালরূপী ত্রিশঙ্কু তাহার ও তৎপরিবারবর্গের জন্য গঙ্গাতীরস্থ ন্যগ্রোধ তরুশাখে মৃগমাংস ঝুলাইয়া রাখেন। সেই মাংস সেবনে পরিতৃপ্ত হইয়া বিশ্বামিত্র রাজাকে স্বর্গে স্থাপিত করিয়াছিলেন। দেবীভাগবত ৭।১৩ অঃ মতে বিশ্বামিত্র দুর্ভিক্ষকালে যখন চণ্ডালগৃহে স্বমাংসতক্ষণার্থ গমন করেন, সেই সময়ে তাঁহার পত্নী ও পুত্রেরা রাজর্ষি সত্যব্রতরক্ষিত মৃগবরাহাদির মাংস ভক্ষণ করিয়া জীবন রক্ষা করিয়াছিলেন। সেই কৃতজ্ঞতায় বিশ্বামিত্র রাজার উদ্ধারের উপায় করিয়া দেন।

UNIVERSITY OF NORTH
LIBRARY

আজ ঋষিত্ব লাভ করিলে" বিশ্বামিত্রকে এই বর দিয়া পুনর্ব্বার যথাস্থানে গমন করিলেন। এখনও ব্রাহ্মণত্ব লাভ করিতে পারিলাম না বুঝিয়া বিশ্বামিত্র খিন্নমনে আবারও অতি কঠোর তপস্যায় প্রবৃত্ত হইলেন।

রামায়ণ ও মহাভারতে মেনকার সঙ্গে বিশ্বামিত্রের রতি-প্রসঙ্গের উল্লেখ আছে। বিশ্বামিত্রের উগ্র যোগসাধনা দেখিয়া দেবগণ অত্যন্ত ভীত হন এবং ইন্দ্র তাঁহার যোগভঙ্গ করিবার জন্য মেনকা অপ্সরাকে তাঁহার নিকট পাঠাইয়া দেন। অপ্সরা বিশ্বামিত্রের যোগভঙ্গ করিয়া হাবভাবে তাহাকে ভুলাইতে সমর্থ হয়। মেনকার সহিত বিশ্বামিত্র দশবৎসরকাল সুখে অতিবাহিত করেন এবং তাহারই পরিণামে মেনকার গর্ভে শকুন্তলার জন্ম হয়। স্বীয় এই চিত্তচাঞ্চল্যের জন্য বিশ্বামিত্র পরে অত্যন্ত ক্ষুব্ধ হন এবং ধীর বাক্যে অপ্সরাকে বিদায় দিয়া উত্তরে হিমগিরিমূলে প্রস্থান করেন। এস্থানে থাকিয়া তিনি সহস্র বৎসর কঠোর তপস্যা করিতে থাকেন।

পরে বিশ্বামিত্র ঐ স্থান তপোবিঘ্নকর মনে করিয়া হিমালয় পর্ব্বতে কৌশিকী নদী-তীরে যাইয়া কামজয়ের জন্য অতি কঠোর তপস্যায় প্রবৃত্ত হইলেন। এইরূপ ভাবে যখন সহস্র ২ বৎসর অতীত হইল। তখন দেবগণ ও ঋষিগণ সকলে ভয় পাইয়া ব্রহ্মার নিকট গিয়া বলিলেন, বিশ্বামিত্রের তপস্যায় আমরা অত্যন্ত ভীত হইয়াছি; আপনি অবিলম্বে তাহাকে বর দিয়া আমাদিগকে ত্রাণ করুন। দেবতাদিগের কথাক্রমে ব্রহ্মা তখনই বিশ্বামিত্রের নিকট গিয়া বলিলেন, বৎস! তোমার তপে আমি বিশেষ প্রীতিলাভ করিয়াছি, অতএব তোমাকে ঋষিমুখ্যত্ব প্রদান করিতেছি।

উক্ত রূপে বর প্রদানের পর বিশ্বামিত্র বুঝিলেন যে, আমি এবারও ব্রাহ্মণ হইতে পারিলাম না; অতএব পিতামহকে বলিলেন ভগবন্! আপনি যখন আমাকে আমার স্বীয় শুভকর্ম্মলভ্য ব্রহ্মর্ষি বলিয়া সম্বোধন করেন নাই, তখনই বুঝিয়াছি আমি এখনও জিতেন্দ্রিয় হইতে পারি নাই, সুতরাং ব্রাহ্মণ্য লাভেরও অধিকারী নহি। ব্রহ্মা কহিলেন তুমি এখনও জিতেন্দ্রিয় হও নাই, জিতেন্দ্রিয় হইতে চেষ্টা কর। এই বলিয়া তিনি স্বর্গে গমন করিলেন। পরে বিশ্বামিত্র ঊর্দ্ধবাহু, নিরালম্বন ও বায়ুভুক্ হইয়া তপস্যা করিতে লাগিলেন।

বিশ্বামিত্রের এইরূপ কঠোর তপস্যা দেখিয়া ইন্দ্রের অতিশয় ভয় হইল। তখন তিনি দেবগণের সহিত পরামর্শ করিয়া ইহার তপোভঙ্গের জন্য রম্ভা নামে অপ্সরাকে নিয়োগ করিলেন। রম্ভা আসিয়া তাঁহার তপোভঙ্গের প্রতি বহুতর চেষ্টা করিতে লাগিল; কিন্তু কিছুতেই বিশ্বামিত্রের মনোবিকার জন্মাইতে পারিল না।

বিশ্বামিত্র রম্ভার অভিপ্রায় বুঝিতে পারিয়া ক্রোধে অধীর হইয়া, 'তুমি সহস্র বৎসর পর্য্যন্ত পাষাণময়ী হইয়া থাকিবে' বলিয়া তাহাকে অভিসম্পাত করিলেন। এই কোপ বশতঃ তাঁহার তপস্যা বিনষ্ট হইল, তাহাতে তিনি মনে মনে স্থির করিলেন, আমি কদাচ আর ক্রুদ্ধ হইব না, এবং কোন মতেও কাহাকে অভিশাপ দিব না। আমি শত শত বৎসর পর্য্যন্ত শ্বাসরুদ্ধ করিয়া তপশ্চরণ করিব, যতদিন না ব্রাহ্মণ্য লাভ করিতে পারি, ততদিন তপস্যা দ্বারা শরীর পাত করিব।

বিশ্বামিত্র এই স্থানকেও তপোবিঘ্নকর জানিয়া সে দিক্ পরিত্যাগ পূর্ব্বক পূর্ব্বদিকে গমন করিলেন এবং তথায় সহস্র-বর্ষব্যাপী অত্যুত্তম মৌনব্রত গ্রহণ করিয়া দুশ্চর তপস্যায় নিরত হইলেন। এই সহস্র বৎসর মধ্যেও দেবগণ নানাপ্রকারে তপোবিঘ্ন করিতে চেষ্টা করেন, কিন্তু কিছুতেই তাঁহার ব্রতভঙ্গ হয় নাই। এইরূপে সহস্র বৎসর অতীত হইলে বিশ্বামিত্র যখন অন্নভোজন করিতে উদ্যত হইলেন, তখন ইন্দ্র ব্রাহ্মণ-রূপ ধারণ করিয়া সেই অন্ন প্রার্থনা করেন, বিশ্বামিত্র মৌনী ছিলেন তিনি কোনও বাক্য না বলিয়া সমস্ত অন্ন ব্রাহ্মণরূপী ইন্দ্রকে প্রদান করিলেন।

বিশ্বামিত্র এই মৌনাবস্থায়ই পুনরায় নিশ্বাস রোধ করিয়া তপস্যায় রত হন; ইহাতে তাঁহার মস্তক হইতে সধূম অগ্নি নিঃসৃত হইতে থাকে, এবং তদ্দ্বারা ত্রিভুবন অগ্নি সন্তপ্তের ন্যায় ক্লিষ্ট হইয়া পড়ে; সমস্ত জগৎ তাঁহার তপস্যায় অস্থির হইয়া উঠে; কি দেব, কি ঋষি, সকলেই অস্থির হইয়া ব্রহ্মার নিকট গমন করিয়া কহিলেন, ভগবন্! বিশ্বামিত্র তপস্যা হইতে নিবৃত্ত না হইলে অচিরে জগৎ বিনষ্ট হইবে। আপনি তাহাকে তাহার অভিলষিত ব্রাহ্মণ্য বর দিয়া জগতের মঙ্গল বিধান করুন।

ব্রহ্মা আবার বিশ্বামিত্রের নিকট গিয়া বলিলেন, বিশ্বামিত্র! তুমি আজ তপোবলে ব্রাহ্মণ্য লাভ করিলে, এখন তোমার মঙ্গল হউক। অতপর চিরাভিলষিত বর প্রাপ্তে বিশ্বামিত্র পরম প্রীত হইয়া ব্রহ্মাকে কহিলেন, ভগবন্! যদি আমি ব্রাহ্মণ্য ও দীর্ঘায়ু লাভ করিলাম, তাহা হইলে চতুর্ব্বেদ, ওঙ্কার ও বষট্কারে আমার ব্রাহ্মণের ন্যায় অধিকার হউক এবং ব্রহ্মপুত্র বশিষ্ঠ আমাকে ব্রহ্মর্ষি বলিয়া স্বীকার করুন।

বিশ্বামিত্রের শেষ প্রস্তাবের মীমাংসার জন্য দেবগণ বশিষ্ঠের নিকট গিয়া তাঁহাকে প্রসন্ন করিলেন; দেবগণের অনুরোধ বাক্যে প্রসন্ন হইয়া বশিষ্ঠ বিশ্বামিত্রের সহিত সখ্যতা স্থাপন করেন এবং তাঁহাকে ব্রহ্মর্ষি বলিয়া তাহার ব্রাহ্মণত্ব স্বীকার

করেন। পক্ষান্তরে বিশ্বামিত্রও ব্রহ্মণ্যবিভব লাভ করিয়া বশিষ্ঠকে যথোচিত সম্মান করিতে লাগিলেন।*

(রামায়ণ ১।৫০—৭০ স্বর্গ)

এতদ্ভিন্ন মহাভারতে অপর এক স্থলে লিখিত আছে যে, বিশ্বামিত্র সরস্বতী নদীকে আজ্ঞা করেন, তুমি আমার নিকট বশিষ্ঠ ঋষিকে আনিয়া দাও, আমি তাহাকে বধ করিব। সরস্বতী বিশ্বামিত্রের আজ্ঞা অবহেলা করিয়া অন্যপথে প্রবাহিত হইলে বিশ্বামিত্র ঐ নদীর জল রক্তরূপে পরিবর্ত্তিত করিয়া দেন। সরস্বতী বশিষ্ঠকে বিশ্বামিত্রের নিকট হইতে দূরে লইয়া যান।

মহর্ষি বিশ্বামিত্র ও ব্রহ্মর্ষি বশিষ্ঠের মধ্যে বহুদিন ব্যাপিয়া যে প্রতিযোগিতা চলিতেছিল তাহাই ক্ষত্রিয় জীবনে ব্রহ্মণ্যবিরোধের শ্রেষ্ঠতম পরিচয়। এই ঘটনাটীকে অনেকে স্ব স্ব সমাজের শ্রেষ্ঠত্বপ্রতিপাদনার্থ ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের বিরোধ বলিয়া অনুমান করেন। ঋগ্‌বেদেও ইহার পুনঃ পুনঃ উল্লেখ আছে। ঋগ্‌বেদে উভয় ঋষিরই শ্রেষ্ঠত্ব নিরূপিত হইয়াছে। বিশ্বামিত্র তৃতীয় মণ্ডলের 'গায়ত্রী'যুক্ত মন্ত্রগুলির দ্রষ্টা বলিয়া প্রখ্যাত এবং বশিষ্ঠ সপ্তম মণ্ডলের মন্ত্রদ্রষ্টা ঋষি বলিয়া পরিকীর্ত্তিত। ইঁহারা প্রত্যেকেই বিভিন্ন সময়ে মহারাজ সুদাসের কুলপুরোহিত ছিলেন। এই পৌরোহিত্যপদ তৎকালের রাজা ও ঋষিসমাজে বিশেষ গৌরবজনক ও শক্তিসাধক ছিল, সন্দেহ নাই।

কালে ইঁহারা পরস্পরে এবং আন্তরিক বিদ্বেষবশে পরস্পরকে অভিশাপ প্রদানপূর্ব্বক উভয়ে উভয়েরই শত্রুতা আচরণ করিতে আরম্ভ করেন। বশিষ্ঠ নিশ্বাস ছাড়িয়া বিশ্বামিত্রের শতপুত্র ভস্মীভূত করিয়া ফেলিলেন। পক্ষান্তরে বিশ্বামিত্রও অভিসম্পাত দ্বারা বসিষ্ঠের শতপুত্রকে ভস্মীকৃত করিলেন। পুরাণান্তরে এই ঘটনা সম্বন্ধে অন্য প্রকার উপাখ্যানও পাওয়া যায়। বিশ্বামিত্র যোগবলে একটী নরঘাতক রাক্ষসকে রাজা কল্মাষপাদের দেহে প্রবেশ করাইয়া তদ্দ্বারা বসিষ্ঠের শতপুত্র ভক্ষণ করান। বিশ্বামিত্রের শাপে ঐ শতপুত্র ক্রমান্বয়ে সাত শত জন্ম পতিত সমাজবাহ্য জাতিরূপে জন্মগ্রহণ করে।

ঐতরেয়ব্রাহ্মণে লিখিত আছে যে, ইক্ষ্বাকুবংশীয় রাজা হরিশ্চন্দ্র অপুত্রক থাকায় ও একটী পুত্র লাভের আশায় প্রতিজ্ঞা করেন যে, পুত্র জন্মিলে বরুণদেবের প্রীত্যর্থে বলি দিবেন। কালে তাঁহার একটী পুত্রসন্তান জন্মে। রাজা তাঁহার রোহিত নাম রাখিলেন। কুমার দিনদিন চন্দ্রকলার ন্যায় বাড়িতে লাগিল। নানা ছলে রাজা বহুদিন পর্য্যন্ত প্রতিজ্ঞা রক্ষায় নিশ্চেষ্ট রহিলেন। এদিকে রোহিত পিতৃপ্রতিজ্ঞা রক্ষায় আত্মবলিদ দিতে অস্বীকৃত হইয়া রাজ্য ছাড়িয়া ছয় বৎসর পর্য্যন্ত ব বনে বাস করিলেন। কালক্রমে অজীগর্ত্ত নামক জনৈক ঋ সহিত তাঁহার সাক্ষাৎ হয় এবং তিনি ১০০ গাভীর বিনিম ঋষির মধ্যমপুত্র শুনঃশেফকে ক্রয় করিয়া পিতৃসমক্ষে উপস্থাপি করেন। বরুণদেব শুনঃশেফকে রোহিতের বিনিময়ে গ্র করিতে স্বীকৃত হন। ঋষিতনয় বেদমন্ত্রে স্তুতি দ্বারা দেবগণ সন্তুষ্ট করিয়া আত্মরক্ষা করিতে কৃতকার্য্য হ'ন এবং বিশ্বা তাঁহাকে গ্রহণ করেন। হরিশ্চন্দ্রের এই যজ্ঞে বিশ্বামিত্র ঋ একজন পুরোহিত ছিলেন।

ঐতরেয়ব্রাহ্মণের ৭।১৬ মন্ত্রপাঠে জানা যায় যে, রা হরিশ্চন্দ্রের রাজসূয় যজ্ঞকালে বিশ্বামিত্র স্বয়ং হোতার ক করিয়াছিলেন,—"তস্য হ বিশ্বামিত্রো হোতাসীজ্জমদগ্নিরধ্বর্য্যুর্বশি ব্রহ্মাহযাস্য উদ্গাতা তস্মা উপাকৃতায় নিযোক্তারং ন বিবিচুঃ।"

(ঐতরেয় ব্রা° ৭।১৬

মার্কণ্ডেয় পুরাণে লিখিত আছে যে বিশ্বামিত্র বিদ্যাসিদ্ধি জন্য তপস্যা আরম্ভ করেন; বিঘ্নগণ ঋষির যোগবলে আ হইয়া ভয়ঙ্কর চীৎকার করিতে থাকে। মৃগয়ায় ব্যাপৃত মহার হরিশ্চন্দ্র ঘটনাক্রমে স্ত্রীকণ্ঠ নিঃসৃত ঐ আর্ত্তনাদ শ্রবণ করি উহাদিগকে উদ্ধার করিবার জন্য বিশ্বামিত্রের নিকটে উপস্থি হন। ইহাতে বিশ্বামিত্রের তপস্যাভঙ্গ হয় এবং তিনি রাজ উপর অত্যন্ত ক্রোধান্বিত হইয়া উঠেন। এই সময়ে বিঘ্নগণ পলাইয়া যায়।

বিশ্বামিত্র হরিশ্চন্দ্রকে বলিলেন "তুমি রাজসূয় যজ্ঞ করিয়া আমি ব্রাহ্মণ, আমাকে যজ্ঞদক্ষিণা প্রদান কর।" প্রত্যুত্ত রাজা বলেন, আমার স্ত্রী, পুত্র, দেহ, জীবন, রাজ্য, ধন ইহ যাহা চান আমি তাহাই দিতে প্রস্তুত আছি। তখন বিশ্বামি রাজার রাজত্ব ধনবিভব সবই চাহিয়া লইলেন। তাহার পরে তিনি দক্ষিণার দক্ষিণা পর্য্যন্ত চাহিয়া রাজাকে স্ত্রীপুত্র ও আ বিক্রয়ে বাধ্য করেন। বিশ্বামিত্রের চক্রে রাজা বহুদিন পর্য নানা কষ্টভোগ করিয়া পরিশেষে শ্মশানক্ষেত্রে স্ত্রী-পুত্রের সহি মিলিত হন। রাজা হরিশ্চন্দ্র এইরূপে ভীষণ জীবন পরীক্ষ উত্তীর্ণ হইয়া দেবগণ ও বিশ্বামিত্রের আশীর্ব্বাদে স্বর্গলাভ করেন

(মার্কণ্ডেয়পু° ১।৭-৯ অঃ ও দেবীভাগবত ৭।১২-২৭ অঃ

[হরিশ্চন্দ্র শব্দে বিস্তৃত বিবরণ দেখ।

ঐ যজ্ঞ ব্যাপারে বিশ্বামিত্র রাজা হরিশ্চন্দ্রকে যেরূপ নাস্তা

করিয়া ঘোরতর যুদ্ধ করিতে আরম্ভ করেন। ব্রহ্মা মধ্যস্থতা করিয়া তাঁহাদের বিবাদ মিটাইয়া দেন এবং তাঁহাদিগকে পূর্ব্বাকার প্রদানপূর্ব্বক উভয়ের মিলন করিয়া দেন।

রামের সঙ্গে বিশ্বামিত্রের সংস্রব বিষয়ে অনেক কথাই রামায়ণে লিখিত আছে। রাবণ ও তাঁহার অধীনস্থ রাক্ষসগণের উৎপাত হইতে ব্রাহ্মণদের যজ্ঞ রক্ষার জন্য বিশ্বামিত্রই দশরথকে বলিয়া রামকে লইয়া যান। তিনি রামের গুরুর কার্য্য করিয়াছিলেন। এবং রামকে নিয়া অযোধ্যায় প্রত্যাবর্ত্তন করেন। জনকালয়ে আসিয়া রাম সীতার পাণিগ্রহণ করেন।

মহাভারত উদ্যোগপর্ব্ব ১০৫-১১৮ অধ্যায়ে বিশ্বামিত্রের ব্রাহ্মণত্ব প্রাপ্তির বিষয় অন্যরূপ লিখিত আছে। উক্ত গ্রন্থ পাঠে জানা যায় যে, ধর্ম্মরাজ বিশ্বামিত্রের যোগবলে প্রীত হইয়া তাঁহার ব্রাহ্মণত্ব স্বীকার করিয়াছিলেন।

"প্রতিগৃহ্য ততো ধর্ম্মস্তথৈবোক্ষং তথা নবম্।
ভুক্ত্বা প্রীতোঽস্মি বিপ্রর্ষে তমুক্ত্বা স মুনির্গতঃ॥
ক্ষত্রভাবাদপগতো ব্রাহ্মণত্বমুপাগতঃ।
ধর্ম্মস্য বচনাৎ প্রীতো বিশ্বামিত্রস্তথাঽভবৎ॥"
(ভারত উদ্যোগপর্ব্ব)

আবার যুধিষ্ঠিরের প্রশ্নে পিতামহ ভীষ্মদেব অনুশাসন পর্ব্বে বলিতেছেন। মহর্ষি ঋচীকই বিশ্বামিত্রের অন্তরে ব্রহ্ম-বীজ নিষিক্ত করেন।

"তথৈব ক্ষত্রিয়ো রাজন্ বিশ্বামিত্রো মহাতপাঃ।
ঋচীকেনাহিতং ব্রহ্ম পরমেতদ্ যুধিষ্ঠির॥"
(ভারত অনুশাসন ৩ অঃ)

বিশ্বামিত্র কি সেই দেহেই বা দেহান্তর গ্রহণ করিয়া ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন—"দেহান্তরমনাসাদ্য কথং স ব্রাহ্মণোঽভবৎ॥" এই কথা যুধিষ্ঠির ভীষ্মদেবকে জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন—

"ঋষেঃ প্রসাদাৎ রাজেন্দ্র ব্রহ্মর্ষিং ব্রহ্মবাদিনম্।
ততোব্রাহ্মণতাং যাতো বিশ্বামিত্রো মহাতপাঃ।
ক্ষত্রিয়ঃ সোঽপ্যথ তথা ব্রহ্মবংশস্য কারকঃ॥"

এই কথার প্রতিধ্বনি নিম্নোক্ত মনুটীকায় কুল্লূক অভিব্যক্ত করিয়াছেন।

মনু সংহিতার ৭।৪২ শ্লোকে বিশ্বামিত্রের ব্রাহ্মণ্য প্রাপ্তির উল্লেখ আছে। উক্ত শ্লোকের ভাষ্যে কুল্লূক লিখিয়াছেন:—"গাধিপুত্রো বিশ্বামিত্রশ্চ ক্ষত্রিয়ঃ সন্ তেনৈব দেহেন ব্রাহ্মণ্যং প্রাপ্তবান্। রাজ্যলাভাবসরে ব্রাহ্মণ্যপ্রাপ্তিরপ্রস্তুতাঽপি বিনয়োৎকর্ষার্থমুক্তা। ঈদৃশোঽয়ং শাস্ত্রানুষ্ঠাননিষিদ্ধবর্জ্জনরূপবিনয়োদয়েন ক্ষত্রিয়োঽপি দুর্ল্লভং ব্রাহ্মণ্যং লেভে॥" (মনু ৭।৪২ টীকা)

ঋক্ সংহিতার ৭ মণ্ডলের মন্ত্রগুলি ব্রহ্মর্ষি বসিষ্ঠ কর্ত্তৃক দৃষ্ট। তিনি রাজা সুদাস ও তদ্বংশধর সৌদাস বা কল্মাষপাদের পুরোহিত ছিলেন। ৭।১৮।২২-২৫ মন্ত্রে তিনি সুদাস রাজার যজ্ঞের দান-স্তুতি করিয়াছেন। এই সুদাসের যজ্ঞে বশিষ্ঠ ও বিশ্বামিত্র ঋষির যেরূপ বিরোধ ঘটিয়াছিল তাহা তিন মণ্ডলের মন্ত্র নিচয় হইতেও কতক প্রকাশ পায়।

মহাভারত আদিপর্ব্ব ১৭৬ অধ্যায় হইতে আমরা জানিতে পারি যে বিশ্বামিত্র ইক্ষ্বাকুবংশীয় রাজা কল্মাষপাদের পৌরোহিত্যে ব্রতী হইতে মানস করেন, কিন্তু রাজা বশিষ্ঠকে মনোনীত করিয়াছিলেন। এই সূত্রে বিশ্বামিত্র ক্রোধ পরবশ হইয়া বশিষ্ঠের ঘোর শত্রু হইয়া উঠেন। একদা রাজা রাজাজ্ঞা অবহেলন জন্য বশিষ্ঠপুত্র শক্তি ঋষিকে আঘাত করেন। তাহাতে ঋষিপুত্র "রাক্ষসযোনি প্রাপ্ত হও" বলিয়া তাঁহাকে অভিসম্পাত করিলেন। বিশ্বামিত্র এই অবসরে রাজার শরীরে এক রাক্ষস প্রবেশ করাইয়া সিদ্ধ উদ্দেশ্য সিদ্ধ করিয়া সেস্থান হইতে চলিয়া গেলেন। বিশ্বামিত্রের সহযোগিতা ও ঋষিপুত্রের অভিশাপ ফলিয়া উঠিল। অগ্রেই শক্তি রাজা কর্ত্তৃক ভুক্ত হইলেন। এইরূপে বশিষ্ঠের সকল পুত্রগুলি বিশ্বামিত্রের আদেশে ভক্ষিত হইয়াছিল*। বশিষ্ঠ বিশ্বামিত্র কর্ত্তৃক পুত্রহনন ব্যাপার জানিতে পারিয়াও শোক বিহ্বল হন নাই, অথবা কৌশিকদিগের ধ্বংস সাধনে প্রবৃত্ত হন নাই। তিনি আত্মবিনাশার্থ পর্ব্বত হইতে পতিত এবং সমুদ্র, বিপাশা ও শতদ্রুর জলে পর্য্যন্ত নিমজ্জিত হন; কিন্তু কিছুতেই জীবননাশে সমর্থ না হইয়া অগত্যা আশ্রমে প্রত্যাবৃত্ত হইলেন। এখানে স্বীয় পুত্রবধূ শক্তিপত্নী অদৃশ্যন্তীকে পুত্রবতী জানিয়া তিনি দেহত্যাগ বাসনা বিসর্জ্জন করেন। ঐ পুত্র পরে পরাশর নামে খ্যাত হয়। রাজা কল্মাষপাদ তদুভয়কে বনমধ্যে দেখিয়া ভক্ষণ করিতে অগ্রসর হইলে বশিষ্ঠ ফুৎকার দ্বারা ও মন্ত্রপুতঃ বারি সিঞ্চনে রাজাকে শাপমুক্ত করেন।

পুরাণে বিশ্বামিত্রের যোগবলের যথেষ্ট পরিচয় পাওয়া যায়। এমন কি, তিনি ব্রহ্মার ন্যায় দ্বিতীয় স্বর্গ সৃষ্টি করিয়া স্বীয় মহত্ত্ব প্রচার করিয়াছেন। কিংবদন্তী আছে, নারিকেল, সজিনা খাড়া প্রভৃতি কতকগুলি বৃক্ষও তৎকর্ত্তৃক সৃষ্ট হয়। মহর্ষি বিশ্বামিত্র জগতে অধ্যবসায়ীর চরম নিদর্শন। [বশিষ্ঠ শব্দ দেখ।]

২ আয়ুর্ব্বেদ পারদর্শী সুশ্রুতের পিতা।

* কৌষীতকী ব্রাহ্মণের ৪ অধ্যায়ে বশিষ্ঠ "হতপুত্রের পুনঃপ্রাপ্তি কামনা" করিয়া স্বশিষ্টযজ্ঞ সম্পাদন করেন। পঞ্চবিংশব্রাহ্মণেও বশিষ্ঠ "পুত্রহতঃ" বলিয়া উক্ত হইয়াছেন।

"অথ জ্ঞানদৃশা বিশ্বামিত্র প্রভৃতয়োঽবিদন্।
অয়ং ধন্বন্তরিঃ কাশ্যাং কাশিরাজোঽয়মুচ্যতে ॥
বিশ্বামিত্রোমুনিস্তেষু পুত্রং সুশ্রুতমুক্তবান্।
বৎস! বারাণসীং গচ্ছ ত্বং বিশ্বেশ্বরবল্লভাম্ ॥" (ভাবপ্র°)

বিশ্বস্মিন্ নাস্তি মিত্রং যস্মাৎ। ৩ পরম মিত্র। সমস্ত বিশ্বে যাহা হইতে আর মিত্র নাই।

"জনকেনাভিরামায় দত্তো রাজ্যমকণ্টকম্।
বিশ্বামিত্রং পুরস্কৃত্য বনবাসং ততো যযৌ ॥" (উদ্ভট)

বিশ্বামিত্রনদী (স্ত্রী) বিশ্বামিত্রানাম্নী নদী। (ভারত ভীষ্ম°)

বিশ্বামিত্রকপাল (ক্লী) নারিকেল খর্পর, চলিত নারিকেলের খুলি। (রসেন্দ্রসা° সং°)

বিশ্বামিত্রপ্রিয় (পুং) বিশ্বামিত্রস্য প্রিয়ঃ। ১ নারিকেলবৃক্ষ। (শব্দরত্না) ২ কার্ত্তিক।

"বিশ্বামিত্রপ্রিয়শ্চৈব দেবসেনাপ্রিয়স্তথা।" (ভারত ৩।২৩১।৮)

বিশ্বায়ত (ত্রি) বিশ্বমায়তয়সি জীবয়সি। বিশ্বের জীবনকারী।

বিশ্বায়ন (ত্রি) ১ সর্ব্বজ্ঞ। ২ সর্ব্বত্রগামী। ৩ বিশ্বাত্মন, ব্রহ্ম।

বিশ্বায়ু (ত্রি) সর্ব্বাধিপতি, সকলের প্রভু, সকল মনুষ্যের উপর যাহার আধিপত্য আছে।

"মমদ্বিতা রাষ্ট্রং ক্ষত্রিয়স্য বিশ্বায়োঃ" (ঋক্ ৪।৪২।১)

'ক্ষত্রিয়স্য ক্ষত্রিয়জাত্যুৎপন্নস্য বিশ্বায়োঃ কৃৎস্নমনুষ্যাধীশস্য মম ইত্যাত্মনো নির্দ্দেশঃ' (সায়ণ)

বিশ্বায়ুপোষস্ (ত্রি) জীবনকাল পর্য্যন্ত দেহাদির পোষক, যাবজ্জীবনের উপভোগ্য।

"আ নো অগ্নে সুচেতুনা রয়িং বিশ্বায়ুপোষসং" (ঋক্ ১।৭৯।৯)

'বিশ্বায়ুপোষসং সর্ব্বস্মিন্নায়ুষি দেহাদেঃ পোষকং। যাবজ্জীবমস্মদুপভোগপর্য্যাপ্তমিত্যর্থঃ" (সায়ণ)

বিশ্বায়ুবেপস্ (ত্রি) সর্ব্বগতবল, সর্ব্বত্র বলীয়ান্।

'অগ্নিং বিশ্বায়ুবেপসং মর্য্যং ন বাজিনং হিতং' (ঋক্ ৮।৪৩।২৫)

'বিশ্বায়ুবেপসং সর্ব্বগতবলমগ্নিং' (সায়ণ)

বিশ্বায়ুস্ (ত্রি) ইণ্ গতৌ বিশ্ব-ই-উস্ ভাবে নিচ্চ (উণ ২।১১৯) ইতি উস্। ব্যাপ্তগমনশীল, সর্ব্বত্রগামী।

"পাহি সদমিদ্বিশ্বায়ুঃ" (ঋক্ ১।২৭।৩)

'হে অগ্নে বিশ্বায়ুর্ব্যাপ্তগমনঃ স ত্বং'। (সায়ণ)

২ সর্ব্বভক্ষক।

"বিশ্বায়ুরগ্নে গুহা গুহং গাঃ"। (ঋক্ ১।৬৭।৬)

'হে অগ্নে বিশ্বায়ুঃ বিশ্বং সর্ব্বমায়ুরন্নং যস্য স ত্বম্" (সায়ণ)

বিশ্বারাজ্ (ত্রি) বিশ্বেষু রাজতে যঃ বিশ্বেষাং রাট্ রাজা ইতি বা। (বোপদেব) "বিশ্ব-রাজ্-ক্বিপ্ (বিশ্বস্য সুরাটোঃ ইতি দীর্ঘ (পা° ৬।৩।১২৮) হলাদাবেবাত্বমন্যত্র বিশ্বরাজাবিত্যাদি। ১ সর্ব্বশাসয়িতা, সকলের উপর আধিপত্য বিস্তারক, সর্ব্বাধিপতি। (তৈত্তি° সং° ১।৩।২।১) [বিশ্বরাজ দেখ।]

২ পরমেশ্বর।

বিশ্বাবট (পুং) জনৈক বিশ্বস্ত রাজানুচর। (রাজতর° ৭।৬১৮)

বিশ্বাবর্ত্ত, মনোরথের পুত্র। শৃঙ্গার, ভৃঙ্গ, অলঙ্কার ও মঞ্জ নামে ইঁহার চারিটী সুপণ্ডিত পুত্র ছিল।

বিশ্বাবসু (পুং) বিশ্বং বসু যস্য, বিশ্বেষাং বসু যস্মাদ্বা। দীর্ঘঃ) (পা ৬।৩।১২৮)। ১ অমরাবতীবাসী গন্ধর্ব্বভেদ।

"বিশ্বাবসুঃ কৃশানুশ্চ গন্ধর্ব্বৈকাদশো গণঃ ॥" (বহ্নিপু°)

২ বিষ্ণু।

"বিশ্বাবসুর্বিশ্বমূর্ত্তির্বিশ্বেশো বিশ্বক্সেনো বিশ্বকর্ম্মা বশী চ।"
(মহাভারত ৬।৬২।৪৫)

৩ বৎসরবিশেষ। এই বৎসরে কার্পাস অতি দুর্ম্মূল্য হয়।

"বিশ্বাবসৌ বরারোহে কার্পাসস্য মহার্ঘতা।" (চিন্তামণিধৃত বচন

(স্ত্রী) ৪ রাত্রি। (মেদিনী)

বিশ্বাবসু কাপালিক, ভোজপ্রবন্ধোদ্ধৃত একজন কবি।

বিশ্বাবাস (পুং) ১ সকলের আবাসভূমি, সকল লোকের বাসস্থান। ২ বিশ্বাশ্রয়, সকলের আশ্রয় স্থান।

"ইন্দ্রোঽপি বসবো ব্রহ্মা চন্দ্রার্কৌ জ্যোতিরেব চ।
বিশ্বাবাসং বিশ্বরূপং বিশ্বেশং পরমেশ্বরম্।" (মার্ক°পু° ২৩।৪২)

বিশ্বাস (পুং) বি-শ্বস-ঘঞ্। ১ শ্রদ্ধা। ২ প্রত্যয়। পর্য্যায়—বিশ্রম্ভ, আশ্বাস, আশ্রম।

"নখিনাঞ্চ নদীনাঞ্চ শৃঙ্গিনাং শস্ত্রপাণিনাং।
বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ স্ত্রীষু রাজকুলেষু চ ॥" (চাণক্য)

বিশ্বাসঘাতক (ত্রি) বিশ্বাসং হন্তি যঃ বিশ্বাস-হন্-ণ্বুল্। বিশ্বাস-নাশক, অপ্রত্যয়কারী, বিশ্বাসহন্তা, অবিশ্বাসী, প্রতারক, বঞ্চক।

"ন ভারাঃ পর্ব্বতা ভারা ন ভারাঃ সপ্তসাগরাঃ।
নিন্দকা হি মহাভারা ভারা বিশ্বাসঘাতকাঃ ॥" (কর্ম্মলোচন)

বিশ্বাসদেবী (স্ত্রী) মিথিলারাজপত্নীভেদ। ইনি বিদ্যাপতির প্রতিপালিকা ছিলেন। [বিদ্যাপতি দেখ।]

বিশ্বাস রায়, মহাভারত টীকাকার অর্জ্জুন মিশ্রের প্রতিপালক। ইনি কোন গৌড়েশ্বরের মন্ত্রী ছিলেন।

বিশ্বাসন (ক্লী) বি-শ্বস্ ণিচ্-ল্যুট্। বিশ্বাস।

বিশ্বাসস্থান (ক্লী) প্রত্যয়ের পাত্র, যাহাকে বিশ্বাস করা যায়।

বিশ্বাস [সা] হ (ত্রি) সর্ব্বাভিভবকারী, বিপক্ষসমূহের পরাভব কারী। "বিশ্বাসাহমবসে" (ঋক্ ৩।৪৭।৫)

'বিশ্বাসাহং বিশ্বস্য প্রতিপক্ষস্য সর্ব্বস্যাভিভবিতারম্" (সায়ণ

বিশ্বাসিক (ত্রি) বিশ্বাসের পাত্র, যাহাকে প্রত্যয় করা যায়।

"ন হি মে কশ্চিদন্যোঽস্তি বিশ্বাসিকতরস্ত্বয়া" (মহাভারত)

বিশ্বাসিন্ (ত্রি) বিশ্বাসোঽস্যাস্তীতি বিশ্বাস-ইনি। প্রত্যয়শীল, যাহাকে প্রত্যয় করা যায়।

বিশ্বাস্য (ত্রি) বিশ্বাসের যোগ্য, যাহাকে বিশ্বাস করা যাইতে পারে।

"রাজা ভবতি ভূতানাং বিশ্বাস্যো হিমবানিব" (মহাভারত)

বিশ্বাহা, (অব্য) প্রতিদিনে, প্রত্যহ।

"স নো বিশ্বাহা সুক্রতুরাদিত্যঃ সুপথাকরৎ"(ঋক্ ১।২৫।১২)

'স আদিত্যো বরুণো বিশ্বাহা সর্ব্বাহঃসু নোঽস্মান্ সুপথা শোভনমার্গেণ সহিতান্ করৎ করোতু' (সায়ণ)

বিশ্বাহ্বা (স্ত্রী) ১ শুণ্ঠী, শুঁঠ। ২ বাহুশাল গুড়।

বিশ্বেদেব (পুং) ১ অগ্নি। ২ শ্রাদ্ধদেব। (সংক্ষিপ্তসার° উণা°) ৩ গণদেবতা বিশেষ।

"ক্রতুর্দক্ষো বসুঃ সত্যঃ কামঃ কালস্তথা ধ্বনিঃ।
রোচকশ্চাদ্রবাশ্চৈব তথা চান্যে পুরূরবা।
বিশ্বেদেবা ভবন্ত্যেতে দশ সর্ব্বত্র পূজিতাঃ॥" (বহ্নিপু°)

বেদসংহিতায় নয়জন দেবতাকে একযোগে 'বিশ্বেদেবাঃ' বলিয়া উল্লেখ করা হইয়াছে। এই দেবগণ ইন্দ্র, অগ্নি, প্রভৃতি অপেক্ষা নিম্নমর্য্যাদ। ইহাঁরা মানবের রক্ষক ও সৎকর্ম্মের পুরস্কারদাতা। ঋক্‌সংহিতার ৬।৫১।৭ মন্ত্রে বিশ্বেদেবগণকে বিশ্বের অধিপতি এবং যাহাতে শত্রুগণ স্বীয় স্বীয় দেহের উপর অনিষ্ট উৎপাদন করে, তাহার প্রবর্ত্তক বলা হইয়াছে। উক্ত গ্রন্থের ১০।১২৫।১ মন্ত্রে তাবৎ দেবতাকেই 'বিশ্বেদেবাঃ' বলা হইয়াছে। ঋক্ ১০।১২৬ ও ১০।১২৮ সূক্তে বিশ্বেদেবাকে স্তুতি করা হইয়াছে। শুক্লযজুঃ ২।২২ মন্ত্রে ইহারা গণদেবতারূপে উক্ত হইয়াছেন। পরবর্ত্তী পৌরাণিকযুগে এই দেববৃন্দকে ঔর্দ্ধদেহিক ক্রিয়ার উৎসর্গাদি দান করা হয়।

৪ অসুরভেদ। (হরিবংশ)

বিশ্বেদেব্য (পুং) ভগাঙ্কুর। (শব্দার্থচি°)

বিশ্বেভোজস্ (পুং) বিশ্বে-ভুজ-অসি সপ্তম্যা অলুক্। (উণা ২।২৩৭)। ইন্দ্র।

বিশ্ববেদস্ (পুং) বিশ্বে-বিদ্-অসি (বিদিভুজিভ্যাং বিশ্বে উণা° ৪।২৩৭)। অগ্নি।

বিশ্বেশ (পুং) বিশ্বস্য ঈশঃ। ১ শিব। ২ বিষ্ণু।

"অথ বিশ্বেশ বিশ্বাত্মন্ বিশ্বমূর্ত্তে স্বকেষু মে।
স্নেহপাশমিমং ছিন্ধি দৃঢ়ং পাণ্ডুষু বৃষ্ণিষু॥" (ভাগবত ১।৮।৪১)

বিশ্বং ঈশ্বরোঽধিপতির্যস্য। ৩ উত্তরাষাঢ়া নক্ষত্র। এই নক্ষত্রের অধিপতির নাম বিশ্ব।

"আপ্যে সলিলজ-পীড়া বিশ্বেশে ব্যাধয়ঃ প্রকুপ্যন্তি"
(বৃহৎ সং° ৯৩৩)

বিশ্বেশিতৃ (পুং) বিশ্বের ঈশ্বর, সর্ব্বৈশ্বর্য্যের কর্ত্তা।

বিশ্বেশ্বর (পুং) বিশ্বস্য ঈশ্বরঃ। কাশীস্থ মহাদেব। ইনি কাশীধামে অবিমুক্তেশ্বর নামে প্রসিদ্ধ; কেন না স্বীয় দুষ্কৃতি-বশতঃ যাহাদিগের কোন কালেও মুক্তিলাভের প্রত্যাশা নাই তাহারাও যদি কায়ক্লেশে কোন ক্রমে ইহাঁর উক্ত ধামে দেহত্যাগ করিতে পারে, তবে ইনি অনায়াসে তাহাদিগকে মুক্তিদান করিয়া থাকেন। একারণ ঐ ধামও অবিমুক্তক্ষেত্র বলিয়া জগতে প্রতিষ্ঠিত। কাশীখণ্ডে বিশ্বেশ্বরের এবং এই অবিমুক্ত ক্ষেত্রের বিষয় এইরূপ বর্ণিত আছে,—

বিশ্বপতি বিশ্বেশ্বর পঞ্চক্রোশ পরিমিত স্থান স্বকীয় ত্রিশূলের অগ্রভাগে স্থাপন করিয়া ব্রহ্মাণ্ডস্থ জীবের মুক্তিহেতু তথায় স্বয়ং অবস্থিতি করিতেছেন। এই স্থান ব্রহ্মাণ্ডগোলক মধ্যে অবস্থিত হইলেও ইহা ব্রহ্মাণ্ডের অন্তর্গত নহে। প্রলয়কালে যখন সমুদ্র ক্রমে ক্রমে বৃদ্ধি পাইয়া সমস্ত জগৎ প্লাবিত করে, তখন ভগবান্ বিশ্বনাথ স্বকীয় ত্রিশূলাগ্র দ্বারা অবিমুক্তক্ষেত্রকে ঊর্দ্ধে উঠাইয়া রাখেন। বিশ্বেশ্বরের এই ক্ষেত্রে নিয়তই সত্যযুগ বর্ত্তমান। এখানে কখনও গ্রহগণের অস্ত বা উদয় জন্য কোন প্রকার দোষ উপস্থিত হয় না।

পুরাকালে ধর্ম্মরাজ যম সুদুশ্চর তপস্যা করিয়া ত্রৈলোক্যের জীবগণের উপর আধিপত্য লাভ করিলেও বারাণসীধামে তাঁহার কোন আধিপত্য নাই। এখানে যদি কেহ কোন পাপ করে, তবে তাহার জীবনান্ত হইলে স্বয়ং কালভৈরবই তাহাকে শাস্তি প্রদান করিয়া থাকেন। ঐ সকল লোকের সহিত যম রাজের কোন সংস্রব নাই।

পুণ্যময় কাশীধামে যমের অধিকার নাই বলিয়া অবশ্যই কাহারও কোন পাপ করা উচিত নয়; কেন না এখানে থাকিয়া পাপ করিলে লোক রুদ্রপিশাচত্ব প্রাপ্ত হইয়া নরক যন্ত্রণা হইতেও অত্যধিক যাতনা ভোগ করে। আবার স্থানমাহাত্ম্যে মনুষ্য পাপকর্ম্ম করিয়াই হউক আর পুণ্যকর্ম্ম করিয়াই হউক, জীবনের শেষভাগে যদি কোন গতিকে কাশীধামে আসিয়া দেহপাত করিতে পারে, তবে মরণান্তে সে সর্ব্বপাপ বিনির্মুক্ত হইয়া মোক্ষপদ লাভ করিবে সন্দেহ নাই; কারণ অবিমুক্তক্ষেত্রে দেহত্যাগ কালে স্বয়ং বিশ্বনাথ আসিয়া কর্ণমূলে তারকব্রহ্মনামোপদেশ প্রদান করেন। তাহাতে যোগীজন দুর্ল্লভ অর্থাৎ চিরকাল পর্য্যন্ত ধ্যান, ধারণা, সমাধি প্রভৃতি অবলম্বন করিয়াও যোগীগণ যে তত্ত্বজ্ঞানের অধিকারী হইতে না পারেন কাশীক্ষেত্রে দেহ পরিত্যাগ করিলে জীব অনায়াসে সেই তত্ত্বজ্ঞান লাভ করিয়া মোক্ষপদ প্রাপ্ত হইতে সমর্থ হয়।

বিশ্বেশ্বরের প্রতিষ্ঠিত কাশীধামকেই নির্ব্বাণরূপ পরম সুখের

একমাত্র কারণ জানিয়া, কি সত্যনিষ্ঠ ধর্ম্মপরায়ণ পুণ্যাত্মা, কি সতত নিরয়ভাজন নিরতিশয় পাপাত্মা, এইরূপ সকল প্রকার লোকই যখন মুক্তিপদ লাভে সমুৎসুক হইতে লাগিল, তখন ইন্দ্র, যম ও অগ্নিপ্রমুখ দেবগণ বদ্ধপরিকর হইয়া যাহাতে ঐ সকল পাপীদিগের অনায়াসে অবিমুক্তক্ষেত্র প্রাপ্তির পক্ষে বাধা ঘটে সেই জন্য ক্ষেত্রের উত্তর ও দক্ষিণদিকে যথাক্রমে বরণা ও অসি নদীর সৃষ্টি করিলেন। তদবধি তদুভয়ের মধ্যবর্ত্তী কাশীধাম 'বারাণসী' নামে প্রসিদ্ধ হইল। এই ধামের পশ্চাৎ প্রদেশ রক্ষার জন্য স্বয়ং বিশ্বনাথ দেহলী বিনায়ককে তথায় নিযুক্ত করিয়াছেন। এক্ষণে দেখা যাইতেছে যে, একমাত্র নিখিল দয়ানিধি ভগবান্ বিশ্বেশ্বরের অপার কৃপা দৃষ্টি না পড়িলে, এই অবিমুক্তক্ষেত্রে প্রবেশ করা নিতান্ত সহজ নহে; ফলে যাহাই হউক না কেন, স্বয়ং অবিমুক্তেশ্বরের অনুমতি ব্যতীত যদি কোন দুষ্ট লোক কাশীতে প্রবেশ করিতে যায়, তাহা হইলে অগ্নি, বরণা ও দেহলী বিনায়ক তাহার যাওয়ার পক্ষে ব্যাঘাত জন্মায়। বস্তুতঃ কোন দুষ্টলোক সঙ্গতিক্রমে কাশীধামে যাইতে পারিলেও তথায় কিছুতেই বহুদিন অবস্থান করিতে সমর্থ হয় না।

কোন সময়ে একাদিক্রমে ষাটি বৎসর পর্য্যন্ত অনাবৃষ্টি ও অরাজকতা-প্রযুক্ত সৃষ্টিনাশের সম্ভাবনা হইয়া উঠিলে, প্রজাপতি ব্রহ্মা রাজর্ষি রিপুঞ্জয়কে প্রজাপালন জন্য ধরারাজ্যে অভিষিক্ত করেন তখন রাজাও প্রতিজ্ঞা করিলেন যে "যদি দেবগণ ও নাগগণ মর্ত্ত্যধাম পরিত্যাগপূর্ব্বক স্বর্গে ও পাতালে গমন করেন তাহা হইলে আমি প্রজাপালনে ব্রতী হইতে পারি, নচেৎ নহে"।

রিপুঞ্জয়ের এই প্রস্তাবে ব্রহ্মাও সম্মত হন এবং নিজে কাশীধামে গিয়া মহাদেবের নিকট আমূল বৃত্তান্ত যথাযথভাবে জ্ঞাপন করেন। পরে ব্রহ্মার মুখে সমস্ত বৃত্তান্ত শ্রবণানন্তর বিশ্বপতি বিশ্বনাথও তাহাতে সম্মত হইয়া কাশী পরিত্যাগ পূর্ব্বক স্বয়ং মন্দর-কন্দরে গিয়া অবস্থান করেন এবং বারাণসীতে সাধকগণের সর্ব্বপ্রকার সিদ্ধিপ্রদ ও মৃতজীবগণের মুক্তিপ্রদ নিজমূর্ত্তিস্বরূপ একটী শিবলিঙ্গ প্রতিষ্ঠা করিয়া যান। দেবাদিদেব মহাদেব স্বয়ং মন্দর পর্ব্বতে গমন করিয়াও কাশীক্ষেত্রে লিঙ্গরূপে অবস্থিত হইয়া ক্ষেত্রকে আপনার সংসর্গ হইতে বিমুক্ত করেন নাই, এই জন্যই ঐ ক্ষেত্রেরএবং তদীয় প্রতিষ্ঠিত লিঙ্গের নাম 'অবিমুক্ত' হয়। অবিমুক্ত ক্ষেত্রে অবিমুক্তেশ্বর লিঙ্গ দর্শন করিলে সমস্ত কর্ম্ম-বন্ধ হইতে বিমুক্ত হওয়া যায়।

জগতের যাবতীয় পুণ্যক্ষেত্রস্থ লিঙ্গসমূহ মাঘী কৃষ্ণা চতুর্দ্দশীতে অবিমুক্তেশ্বরকে দর্শন করিতে কাশীধামে আগমন করেন; ঐ দিনে বিশ্বেশ্বরের উদ্দেশে রাত্রিজাগরণ করিলে বিগতনিদ্র যোগীগণের ন্যায় উৎকৃষ্ট গতি লাভ হয়। (কাশীখণ্ড)

[বিস্তৃত বিবরণ কাশী ও বারাণসী শব্দে দ্রষ্টব্য]

বিশ্বেশ্বর, ১ তত্ত্বার্ণব গ্রন্থপ্রণেতা রাঘবানন্দ সরস্বতীর পরম গুরু এবং অদ্বয়ানন্দের গুরু। ২ ইনি প্রসিদ্ধ জ্যোতির্ব্বেত্তা কমলাকরের গুরু ছিলেন। ৩ মীমাংসা কৌতূহলবৃত্তি-রচয়িতা বাসুদেব অধ্বরীর গুরু। ৪ একজন কবি। ৫ অলঙ্কারকুলপ্রদীপ ও অলঙ্কারমুক্তাবলীপ্রণেতা। ৬ অধ্যাত্মপ্রদীপ নামে অষ্টাবক্রগীতা টীকা ও গোপাল তাপনীর টীকা রচয়িতা। গর্গমনোরমা টীকা নাম্নী জ্যোতিগ্রন্থ ও পঞ্চস্বরটীকা প্রণেতা। ৮ ইনি গৃহপতি-ধর্ম্ম নামে একখানি গ্রন্থ প্রণয়ন করেন। ৯ ইঁহার রচিত তর্ককুতূহল নামক একখানি পুস্তকের পরিচয় পাওয়া যায়। ১০ দৃগ্‌দৃশ্যবিবেক নামক বেদান্ত গ্রন্থপ্রণেতা। ১১ নির্ণয়কৌস্তুভ নামক গ্রন্থ-রচয়িতা। ১২ ইনি ন্যায়প্রকরণ নামক একখানি গ্রন্থ লিখিয়াছেন। ১৩ ভগবদ্‌গীতা-ভাষ্য-কার। ১৪ মনোরমাখণ্ড নামক ব্যাকরণরচয়িতা। ১৫ রসচন্দ্রিকা নাম্নী অলঙ্কারগ্রন্থ ইঁহার রচিত। ১৬ রোমাবলীশতক-প্রণেতা। ১৭ লীলাবত্যুদাহরণরচয়িতা। ১৮ ইঁহার রচিত বিশ্বেশ্বর পদ্ধতি নাম্নী একখানি গ্রন্থ পাওয়া যায়। ১৯ বেদ-পাদস্তব-প্রণেতা। ২০ ইনি শব্দার্ণবসুধা-নিধি নাম্নী একখানি ব্যাকরণ প্রণয়ন করিয়াছিলেন। ২১ শ্রুতিরঞ্জিনী নাম্নী গীতগোবিন্দ টীকাকর্ত্তা। ২২ সপ্তশতী-কাব্যের কবি। ২৩ সাহিত্য-সারকাব্য প্রণেতা। ২৪ ইনি সিদ্ধান্তশিখামণি নাম্নী তন্ত্রগ্রন্থ রচয়িতা। ২৫ সন্ন্যাস-পদ্ধতি বা বিশ্বেশ্বর-পদ্ধতি নামক গ্রন্থরচয়িতা। এই গ্রন্থের আনন্দতীর্থ ও আনন্দাশ্রম রচিত টীকাও পাওয়া যায়।

বিশ্বেশ্বর আচার্য্য, ১ কাশীমোক্ষ-প্রণেতা। ২ পদবাক্যার্থ-পঞ্জিকা নাম্নী নৈষধীয় টীকাকর্ত্তা; ইনি মল্লিনাথের পূর্ব্ববর্ত্তী।

বিশ্বেশ্বর কালী, চমৎকারচন্দ্রিকা কাব্য-রচয়িতা।

বিশ্বেশ্বর তন্ত্র, তন্ত্রভেদ।

বিশ্বেশ্বর তীর্থ, ১ সিদ্ধান্ত-কৌমুদীর টীকা কর্ত্তা। ২ ঐতরেয়োপনিষদ্‌ভাষ্যবিবরণ নামক আনন্দ তীর্থকৃত ভাষ্যের টীকা-প্রণেতা।

বিশ্বেশ্বর দত্ত, রামনাম মাহাত্ম্য-প্রণেতা।

বিশ্বেশ্বরদত্ত মিশ্র, ভাস্করস্তোত্র, যোগতরঙ্গ ও সাংখ্যতরঙ্গ প্রভৃতি গ্রন্থ রচয়িতা। ইনি বিদ্যারণ্য তীর্থের শিষ্য ছিলেন। সন্ন্যাসগ্রহণ করিয়া ইনি দেবতীর্থ স্বামিন্ নাম ধারণ করেন। ১৮৫২ খৃষ্টাব্দে কাশীধামে ইহার দেহান্তর ঘটে।

বিশ্বেশ্বর দৈবজ্ঞ, জ্যোতিঃসারসমুচ্চয়-রচয়িতা।

বিশ্বেশ্বর নাথ, দুর্জ্জনমুখচপেটিকা ও ভাগবতপুরাণপ্রামাণ্য-নামক দুইখানি গ্রন্থপ্রণেতা।

বিশ্বেশ্বর পণ্ডিত, ১ বাক্যবৃত্তিপ্রকাশিকা, বাক্যসুধাটীকা ও বাক্যশ্রুতি-অপরোক্ষানুভূতি (?) নামক গ্রন্থত্রয়-প্রণেতা। ইনি মাধব প্রাজ্ঞের শিষ্য ছিলেন।

২ অলঙ্কার কৌস্তুভ ও তট্টীকা এবং ব্যঙ্গ্যার্থকৌমুদী নাম্নী রসমঞ্জরী টীকাপ্রণেতা।

বিশ্বেশ্বর পূজ্যপদ, বেদান্তচিন্তামণি রচয়িতা শুদ্ধভিক্ষুর গুরু।

বিশ্বেশ্বর ভট্ট, ১ কুণ্ডসিদ্ধিপ্রণেতা। ২ ইনি সুখবোধিনী নামে একখানি ব্যাকরণ রচনা করিয়াছিলেন। ৩ মদনপারিজাত, মহাদানপদ্ধতি, মহার্ণব-কর্ম্মবিপাক, বিজ্ঞানেশ্বরকৃত মিতাক্ষরার ব্যবহারাধ্যায়ের সুবোধিনী নামে সারসঙ্কলন ও স্মৃতিকৌমুদী প্রভৃতি গ্রন্থরচয়িতা। মদনপারিজাতাদি শেষোক্ত গ্রন্থগুলি বিশ্বেশ্বর স্মৃতি নামে পরিচিত। ইনি পেট্টি (পেডি) ভট্টের পুত্র ও রাজা মদনপালের আশ্রিত ছিলেন। ৪ আশৌচদীপিকা, পিণ্ডপিতৃযজ্ঞ-প্রয়োগ, প্রয়োগসার, ভট্টচিন্তামণি নামক জৈমিনিসূত্রটীকা, মীমাংসাকুসুমাঞ্জলি, রাকাগম নামক চন্দ্রালোকটীকা, শিবার্কোদয় নামক শ্লোকবার্ত্তিকটীকা, নিরূঢ়পশুবন্ধ প্রয়োগ এবং সুজ্ঞান-দুর্গোদয় প্রভৃতি গ্রন্থ প্রণেতা। এতদ্ব্যতীত, বল্লাল বর্ম্মার আদেশে ইনি কায়স্থ-ধর্ম্ম-দীপ বা কায়স্থ-ধর্ম্ম-প্রকাশ বা কায়স্থপদ্ধতি নামক একখানি গ্রন্থ লিখিয়াছিলেন। ইহার প্রণীত জাতিবিবেক নামক অন্য একখানি গ্রন্থও পাওয়া যায়,—এ খানি কায়স্থ পদ্ধতির প্রথম ভাগ। ইহার পিতার নাম দিনকর এবং পিতামহের নাম রামকৃষ্ণ। পিতা দিনকর স্বনামে দিনকরদ্যোত গ্রন্থ লিখিতে আরম্ভ করেন; বিশ্বেশ্বর তাহার শেষাংশ সমাপ্ত করিয়াছিলেন। নিরূঢ়-পশুবন্ধ প্রয়োগে ইনি স্বকৃত আপস্তম্বপদ্ধতির উল্লেখ করিয়াছেন। ইনি গাগাভট্ট নামেও অভিহিত হইয়া থাকেন। ইনি কমলাকরের (১৬১২ খৃঃ) ভ্রাতুষ্পুত্র ছিলেন।

বিশ্বেশ্বর ভট্ট মৌনিন্, একজন কবি। কবীন্দ্রচন্দ্রোদয়ে ইহার রচনার উল্লেখ আছে।

বিশ্বেশ্বর মিশ্র, একজন সুপণ্ডিত। বিরুদাবলী প্রণেতা রঘুদেবের পিতা।

বিশ্বেশ্বর সরস্বতী, ১ প্রপঞ্চসারসার-সংগ্রহপ্রণেতা গীর্ব্বাণেন্দ্র সরস্বতীর গুরু এবং অমরেন্দ্র সরস্বতীর শিষ্য। ২ কলিধর্ম্মসার-সংগ্রহ, পরমহংসপরিব্রাজক-ধর্ম্ম-সংগ্রহ, যতিধর্ম্মপ্রকাশ, যতিধর্ম্ম-সমুচ্চয়, যত্যাচার-সংগ্রহীয়-যতিসংস্কার-প্রয়োগ প্রভৃতি গ্রন্থ প্রণেতা। সর্ব্বজ্ঞ বিশ্বেশের শিষ্য ও গোবিন্দ সরস্বতীর প্রশিষ্য এবং মধুসূদন সরস্বতী ও মাধব সরস্বতীর গুরু। ইনি বিশ্বেশরানন্দ সরস্বতী নামেও পরিচিত। ৩ মহিম্নস্তবটীকাকর্ত্তা।

বিশ্বেশ্বর সূনু রুদ্রকল্পতরু নিবন্ধ-রচয়িতা।

বিশ্বেশ্বর স্থান (ক্লী) বিশ্বেশ্বরস্য স্থানম্। বিশ্বেশ্বরের স্থান, ৺কাশীধাম। স্বয়ং বিশ্বেশ্বর এই স্থানে অবস্থিত বলিয়া ইহা বিশ্বেশ্বর স্থান নামে পরিচিত।

বিশ্বেশ্বরানন্দ সরস্বতী, [বিশ্বেশ্বর সরস্বতী দেখ।]

বিশ্বেশ্বরাস্থু মুনি, সুদীপিকা নাম্নী সারস্বত টীকা (ব্যাকরণ) প্রণেতা। ইনি ব্রহ্মসাগরের শিষ্য ছিলেন।

বিশ্বেশ্বরাশ্রম, তর্কচন্দ্রিকা-রচয়িতা। কেহ কেহ তর্কদীপিকা প্রণেতা বিশ্বনাথাশ্রম ও ইঁহাকে একই ব্যক্তি বলিয়া মনে করেন।

বিশ্বৈকসার (ক্লী) কাশ্মীরস্থ পবিত্র তীর্থক্ষেত্রভেদ। (রাজতর° ৫।৪৪)

বিশ্বৌজস্ (ত্রি) ব্যাপ্তবল। (ঋক্ ১০।৫৫।৮ সায়ণ)

বিশ্বৌষধ (ক্লী) বিশ্বেষামৌষধম্। শুণ্ঠী। (রাজনি°)

বিশ্ব্যা (ক্লী) সর্ব্বত্র। "বিশ্ব্যা বিশ্বতঃ সর্ব্বাসু দিক্ষু"। (ঋক্ ২।৪২।১)

বিষ, ব্যাপ্তি, হ্বাদি° উভয়পদী সক° অনিট্। লট্। বেবেষ্টি বেবিষ্টঃ, বেবিষতঃ, বেবিষ্টে। লোট্-হি-বেবিড়িচ্। লুঙ্ অবিষৎ অবিক্ষৎ। লঙ্ অবেবেট্ অবেবিষ্টাং অবেবিষুঃ, অবেবিষ্ট। লিঙ্ বেবিষ্যাৎ, বেবিষীত। লুট্ বেষ্টা।

বিষ, বিয়োগ, বিশ্লেষ, ক্র্যাদি°, পরস্মৈ°, অক-অনিট্। লট্ বিষ্ণাতি। "বিষ্ণাতি জ্ঞানী পুত্রাদিভ্যো বিযুক্তো ভবতীত্যর্থঃ।" (ব্যাকরণ-বৃত্তি) লিট্ বিবেষ বিবিষতুঃ। লুট্ বেষ্টা। লৃট্ বেক্ষ্যতি। লুঙ্ অবিক্ষৎ। সন্ বিবিক্ষতি। যঙ বেবিষ্যতে বেবিষ্টি। ণিচ্ বেষয়তি অবীবিষৎ।

বিষ, সেচন, বর্ষণ, ভ্বাদি° পরস্মৈ° সক° সেট্ এই ধাতু উদিৎ। লট্ বেষতি। ক্ত্বা বেষিত্বা বিষ্ট্বা।

বিষ, (ক্লী) বিষ-ক। ১ জল (অমর) ২ পদ্মকেশর (অমর টীকায় রায়মুকুট) ৩ মৃণাল। ৪ বোল। ৫ বৎসনাভ বিষ। (পুংক্লীং) ৬ সামান্য বিষ। (রাজনি°) ইহার পর্য্যায়—ক্ষেড়, গরল, আহেয়, অমৃত, গরদ, গরল কালকূট, কলাকূল, হারিদ্র, রক্তশৃঙ্গিক, নীল, গর, ঘোর, হালাহল, হলাহল, শৃঙ্গিন্ ভূগর, জাঙ্গল, তীক্ষ্ণ, রস, রসায়ন, গরজঙ্গুল, জাঙ্গুল, কাকোল, বৎসনাভ, প্রদীপন, শৌল্কিকেয়, ব্রহ্মপুত্র। (রত্নমালা)

অমরকোষের পাতাল বর্গে বিষবিষয়ে নয় প্রকার ভেদ নির্দ্দিষ্ট হইয়াছে। যথা—

"পুংসি ক্লীবে চ কাকোলকালকূটহলাহলাঃ।
সৌরাষ্ট্রীকঃ শৌল্কিকেয়ো ব্রহ্মপুত্রঃ প্রদীপনঃ॥
দারদো বৎসনাভশ্চ বিষভেদা অমী নব॥" (অমর)

এতদ্ভিন্ন হেমচন্দ্রেও বিষবিষয়ে বহুভেদ দেখিতে পাওয়া যায়।*

* বিষঃ ক্ষেড়ো রসস্তীক্ষ্ণং গরলোঽথ হলাহলম্
বৎসনাভঃ কালকূটো ব্রহ্মপুত্রঃ প্রদীপনঃ॥

নিম্নে বিষের নাম লক্ষণ, ও গুণাগুণের বিষয় সংক্ষেপে বলা যাইতেছে।

বিষের নাম ও লক্ষণ।

ভাবপ্রকাশের পূর্ব্বখণ্ডে লিখিত আছে, বিষের পর্য্যায় দুইটী, গরল ও ক্ষেড়। উহার ভেদ নববিধ যথা—বৎসনাভ, হারিদ্র, শক্তুক, প্রদীপন, সৌরাষ্ট্রীক, শৃঙ্গিক, কালকূট, হালাহল ও ব্রহ্মপুত্র। যে বিষবৃক্ষের পাতা নিশিন্দার পাতার ন্যায়, আকৃতি বৎসের নাভি সদৃশ এবং যাহার নিকটবর্ত্তী অন্যান্য বৃক্ষলতাদি নিস্তেজ হইয়া যথোচিত বৃদ্ধি প্রাপ্ত হইতে পারে না, তাহাকে বৎসনাভ বলা যায়। হারিদ্র—এই বিষবৃক্ষের মূল হরিদ্রার মূলসদৃশ। শক্তুক—এই বিষবৃক্ষের গ্রন্থিগুলির মধ্যভাগ শক্তুকের ন্যায় চূর্ণপদার্থে পরিপূর্ণ থাকে। প্রদীপন,—এই বিষ রক্তবর্ণ দীপ্তিশীল ও অগ্নির ন্যায় প্রভাশালী, এই বিষ সেবনে অত্যন্ত দাহ উপস্থিত হয়। সৌরাষ্ট্রিক—সুরাষ্ট্র-দেশজাত যাবতীয় বিষ। শৃঙ্গিক—এই বিষ গোশৃঙ্গে বাঁধিয়া দিলে গোদুগ্ধ লোহিতবর্ণ হইয়া উঠে। কালকূট—পূর্ব্বকালে দেবাসুর যুদ্ধে পৃথুমালী নামক দৈত্য দেবহস্তে নিহত হয়। তাহার রক্ত ভূতলে পড়িলে সেই রক্ত হইতে অশ্বত্থ বৃক্ষবৎ একটী বিষবৃক্ষ উৎপন্ন হয়। সেই বিষবৃক্ষের নির্য্যাস মুনিগণের নিকট কালকূট আখ্যায় আখ্যাত হয়। এই বৃক্ষ শৃঙ্গবের ও কোঙ্কণ প্রদেশের ক্ষেত্রে এবং মলয়পর্ব্বতে উৎপন্ন হয়। হালাহল—এই বিষতরুর ফল দ্রাক্ষার ন্যায় গুচ্ছাকারে অনেকগুলি উৎপন্ন হয়। ইহার পত্র তালপত্রতুল্য এবং ইহার তেজে নিকটস্থ বৃক্ষাদি দগ্ধ হইয়া যায়। কিষ্কিন্ধ্যা, হিমালয়, দক্ষিণসমুদ্রের তীরভূমি এবং কোঙ্কণ প্রদেশে এই হলাহল বিষ জন্মিয়া থাকে। ব্রহ্মপুত্র,—এই বিষ কপিলবর্ণ এবং সারাত্মক। ইহা মলয়পর্ব্বতে উৎপন্ন হইয়া থাকে।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রভেদে বিষ-জাতিও চারি-প্রকার; তন্মধ্যে পাণ্ডুবর্ণ বিষ ব্রাহ্মণ, রক্তবর্ণ বিষ ক্ষত্রিয়, পীতবর্ণ বিষ বৈশ্য এবং কৃষ্ণবর্ণ বিষ শূদ্রজাতীয়। ব্রাহ্মণ জাতীয় বিষ রসায়ন কার্য্যে, ক্ষত্রিয় শরীরের পুষ্টিবিষয়ে এবং বৈশ্য কুষ্ঠ-বিনাশের পক্ষে প্রশস্ত। শূদ্র জাতীয় বিষ বিনাশক।

"ব্রাহ্মণঃ পাণ্ডরস্তেষু ক্ষত্রিয়ো লোহিতপ্রভঃ।
বৈশ্যঃ পীতোঽসিতঃ শূদ্রো বিষ উক্তশ্চতুর্ব্বিধঃ।
রসায়নে বিষং বিপ্রং ক্ষত্রিয়ং দেহ পুষ্টয়ে।
বৈশ্যং কুষ্ঠবিনাশায় শূদ্রং দধ্যাদ্বধায় হি॥" (ভাবপ্র° পূ° খ°)

বিষের গুণাগুণ

সাধারণতঃ বিষের গুণ—প্রাণনাশক ও ব্যবায়ী অর্থাৎ প্রথমে বিষের গুণ সমস্ত শরীরে ব্যক্ত হইয়া পরে পরিপাক হয়। বিকাশী অর্থাৎ ইহাদ্বারা সহসা ওজোধাতুর শোষণ ও সন্ধিবন্ধন সকল শিথিল হয়। ইহা অগ্নিবর্দ্ধক, বাতঘ্ন ও কফনাশক। যোগবাহী অর্থাৎ যে দ্রব্যের সহিত মিলিত হয় তাহার গুণগ্রাহক এবং মত্ততাজনক অর্থাৎ তমোগুণাধিক্য হেতু বুদ্ধিবিনাশক। এই বিষ যদি বিবেচনার সহিত উপযুক্ত মাত্রায় প্রয়োগ করা যায় তাহা হইলে উহা প্রাণরক্ষক, রসায়ন, যোগবাহী, ত্রিদোষনাশক, শরীরের উপচায়ক এবং বীর্য্যবর্দ্ধক হইয়া থাকে। অবিশুদ্ধ বিষ অহিতকর—ঐ বিষের যে সকল অনিষ্টজনক তীব্রতর গুণ বর্ণিত হইয়াছে, শোধন করিলে তাহা হীনবীর্য্য হইয়া যায়; সুতরাং বিষপ্রয়োগ করিবার পূর্ব্বে তাহা সম্যক্ শোধন করিয়া লওয়া উচিত। (১)

বিষের শোধন প্রকার যথা—বিষ (খণ্ড খণ্ড করিয়া কাটিয়া) তিন দিন পর্য্যন্ত গোমূত্র মধ্যে রাখিয়া দিবে, পরে ছাল ফেলিয়া শুকাইয়া রক্তসর্ষপের তৈলে আর্দ্রীকৃত বস্ত্রখণ্ডে তিন দিন বান্ধিয়া রাখিলে বিষ বিশোধিত হয়।

"গোমূত্রে ত্রিদিনং স্থাপ্যং বিষং তেন বিশুধ্যতি।
রক্তসর্ষপতৈলাক্তে তথা ধার্য্যঞ্চ বাসসি॥" (ভাবপ্র°)

বিষ ব্যতীত কতকগুলি উপবিষেরও উল্লেখ আছে। আকন্দের আটা, মনসার আটা, ইষলাঙ্গলা, করবীর, কুঁচ অহিফেন, ধুতুরা ও জয়পালবীজ এই সাতটী উপবিষ। ইহাদিগের গুণাগুণ তত্তৎ শব্দে দ্রষ্টব্য।

সৌরাষ্ট্রীকঃ শৌল্কিকেয়ঃ কাকোলো দারদোঽপি চ।
অহিচ্ছত্রো মেষশৃঙ্গকুষ্ঠবালুকনন্দনাঃ॥
কৈরাটিকো হৈমবতো মর্কটঃ করবীরকঃ।
সর্ষপো মূলকো গৌরার্দ্রকঃ শক্তুককর্দ্দমৌ॥
অক্ষোল্লসারঃ কালিঙ্গঃ শৃঙ্গিকো মধুসিক্থকঃ।
ইন্দ্রো লাঙ্গলিকো বিষ্ণুলিঙ্গপিঙ্গলগৌতমাঃ
মুণ্ডকো দালবশ্চেতি স্থাবরা বিষজাতয়ঃ।" (হেমচন্দ্র)

(১) বিষং প্রাণহরং প্রোক্তং ব্যবায়ি চ বিকাসি চ।
আগ্নেয়ং বাতকফহৃদ্‌যোগবাহি সদাবহম্॥
তদেব যুক্তিযুক্তন্তু প্রাণাদায়ি রসায়নম্।
যোগবাহি পরং বাতশ্লেষ্মজিৎ সন্নিপাতহৃৎ॥
যোগবাহি ত্রিদোষঘ্নং বৃংহণং বীর্য্যবর্দ্ধনম্,
যে দুগুণা বিষেঽশুদ্ধে তে স্যুর্হীনা বিশোধনাৎ।
তস্মাদ্বিষং প্রয়োগেষু শোধয়িত্বা প্রযোজয়েৎ॥
অর্কক্ষীরং স্নুহীক্ষীরং লাঙ্গলী করবীরকঃ।
গুঞ্জাহিফেনো ধুস্তূরঃ পঞ্চ চোপবিষাঃ স্মৃতাঃ॥" (ভাবপ্র° পূ°)

বৈদ্যকগ্রন্থাদির বিষাধিকারে স্থাবর ও জঙ্গমভেদে বিষ দ্বিবিধ বলিয়া উক্ত হইয়াছে। তন্মধ্যে স্থাবর বিষের আশ্রয় দশটী এবং জঙ্গম বিষের আশ্রয় ষোলটী। স্থাবর বিষের দশ আশ্রয় স্থান যথা—মূল, পত্র, ফল, পুষ্প, ত্বক্, ক্ষীর, সার, নির্য্যাস, ধাতু এবং কন্দ। বৃক্ষের এই দশটী অংশকে আশ্রয় করিয়া স্থাবর বিষ বিদ্যমান থাকে; তন্মধ্যে মূল-বিষ করবীরাদি; পত্র-বিষ বিষপত্রিকাদি, ফলবিষ কর্কোটকাদি, পুষ্প-বিষ বেত্রাদি, ত্বক্, সার ও নির্য্যাস বিষ করঞ্জাদি, ক্ষীরবিষ মনসাসিজ প্রভৃতি, ধাতুবিষ হরিতালাদি এবং কন্দবিষ বৎসনাভাদি।

জঙ্গম বিষের ষোলটী আশ্রয় স্থান যথা—দৃষ্টি, নিশ্বাস, দংষ্ট্রা, নখ, মূত্র, পুরীষ, শুক্র, লালা, আর্ত্তব, স্পর্শ, সন্দংশ, অবশর্দ্ধিত (বাতকর্ম্ম), গুহ্য, অস্থি, পিত্ত এবং শূক। দিব্য সর্পের দৃষ্টি ও নিশ্বাসে বিষ; ব্যাঘ্রাদির দশনে ও নখে বিষ; গৃহগোধিকাদির (টীকটীকি প্রভৃতির) মূত্র ও পুরীষে বিষ; মূষিকাদির শুক্রে বিষ; উচ্চিটিকাদির লালায় বিষ; চিত্রশীর্ষাদির লালা, স্পর্শ, মূত্র, পুরীষ, আর্ত্তব, শুক্র, মুখসন্দংষ্ট্রা, বাতকর্ম্ম ও গুহ্যে বিষ, সর্পাদির অস্থিতে বিষ, শকুল মৎস্যাদির পিত্তে বিষ এবং ভ্রমরাদির শূকে বিষ।

স্থাবর বিষের কার্য্য

এক্ষণে স্থাবরবিষের সাধারণ কার্য্যগুলি বলা যাইতেছে। মূল-বিষের কার্য্য—এই বিষ শরীরে প্রবিষ্ট হইলে দণ্ডাদি দ্বারা মর্দ্দনবৎ বেদনা, মোহ এবং প্রলাপ হয়। পত্রবিষের কার্য্য—জৃম্ভা, কম্প এবং শ্বাস। ফলবিষের কার্য্য—অণ্ডকোষে শোথ দাহ এবং অন্নভক্ষণে অনিচ্ছা। পুষ্পবিষের কার্য্য—বমি, উদরাধ্মান এবং মূর্চ্ছা। ত্বক্, সার ও নির্য্যাস বিষের কার্য্য—মুখে দুর্গন্ধ, দেহের কর্কশতা, শিরঃপীড়া এবং কফস্রাব। ক্ষীর বিষের কার্য্য—মুখে ফেনোদ্গম, মলভেদ এবং জিহ্বার গুরুত্ব। ধাতুবিষের কার্য্য—হৃদয়ে বেদনা ও তালুদাহ। উল্লিখিত নয়টী স্থাবরবিষে প্রায়ই কালান্তরে প্রাণ বিনষ্ট হয়। স্থাবর বিষের মধ্যে দশম কন্দবিষ—ইহা উগ্রবীর্য্যসম্পন্ন। ত্রয়োদশ প্রকারে এই বিষের উল্লেখ আছে। ঐ সকল বিষকে পশ্চাদুক্ত দশগুণান্বিত বলিয়া জানিতে হইবে। বিষ স্থাবর, জঙ্গম কিম্বা কৃত্রিম, যে কোন প্রকার হউক না কেন, তাহা দশ গুণান্বিত হইলে সদ্যই প্রাণ নাশ করে। সেইদশটী গুণ যথা—রুক্ষ, উষ্ণ, তীক্ষ্ণ, সূক্ষ্ম, আশুকারী, ব্যবায়ী, বিকাশী, বিশদ, লঘু ও অপাকী।

উক্ত দশগুণযুত বিষ রুক্ষগুণে বায়ু এবং উষ্ণগুণে পিত্ত ও রক্তকে প্রকুপিত করে। তীক্ষ্ণগুণে বুদ্ধিভ্রংশ এবং মর্ম্মবন্ধন ছেদন করে। সূক্ষ্মগুণে শরীরাবয়বে প্রবিষ্ট হইয়া তাহা বিকৃত করিয়া দেয়। আশুকারী গুণ থাকায় ঐ সকল কার্য্য শীঘ্র সুসম্পন্ন হয়। ব্যবায়ীগুণে প্রকৃতি এবং বিকাশীগুণে দোষ, ধাতু ও মল বিনষ্ট করে। বিশদ গুণে অতিশয় বিরেচন জন্মায়। অপাকীগুণে অজীর্ণ জন্মে এবং লঘুত্ব গুণে ইহা দুশ্চিকিৎস্য হইয়া উঠে।

জঙ্গম বিষের লক্ষণ।

পূর্ব্বে স্থাবরবিষের সাধারণ কার্য্যগুলি বলা হইয়াছে। এক্ষণে জঙ্গমবিষের সাধারণ-কার্য্য বলা যাইতেছে। নিদ্রা, তন্দ্রা, ক্লান্তি, দাহ, পাক, রোমাঞ্চ, শোথ এবং অতিসার এই কয়টী জঙ্গম বিষের সাধারণ কার্য্য। এই সকল জঙ্গম বিষের মধ্যে সর্প বিষই তীক্ষ্ণতর; সুতরাং অগ্রে সর্পবিষের কথাই উক্ত হইতেছে। সর্পজাতি চারি শ্রেণীতে বিভক্ত। যথা—ভোগী, মণ্ডলী, রাজিকা ও দ্বন্দ্বরূপী। ভোগী অর্থে ফণাযুক্ত, মণ্ডলীসর্প মণ্ডলাকার চক্রশালী, রাজিকাশ্রেণীর গাত্র দীর্ঘ দীর্ঘ রেখাযুক্ত এবং দ্বন্দ্বরূপী-সর্প মিশ্রিত রূপধারী। এই সকল যথাক্রমে বাতাত্মক, পিত্তাত্মক, কফাত্মক এবং দ্বিদোষাত্মক। ফণাবিশিষ্ট ভোগীসর্প বিংশতি প্রকার। মণ্ডলী সর্পগুলি নানাবর্ণে চিত্রিত স্থূল ও ধীরগামী। ইহা ছয় প্রকার। অগ্নি ও রৌদ্রের উত্তাপে ইহার বিষ বেগবান্ হয়। রাজিকাসর্প স্নিগ্ধ, তির্য্যগ্‌গামী ও নানাবর্ণের রেখায় বিচিত্রবর্ণে বিরাজিত, ইহাও ছয় প্রকার।

[এতৎসম্বন্ধে "সর্পবিষ" শব্দে সবিস্তর দ্রষ্টব্য।]

সর্পদষ্ট স্থানের লক্ষণ।

ভোগী জাতীয় সর্পে দংশন করিলে দষ্ট স্থান কৃষ্ণবর্ণ হইয়া উঠে এবং রোগী সর্ব্বপ্রকারে বাতবিকার বিশিষ্ট হয়। মণ্ডলী সর্পের দংশনে দষ্টস্থান পীতবর্ণ শোথযুক্ত ও মৃদু হয় এবং রোগীকে পিত্তবিকারগ্রস্ত হইতে দেখা যায়। রাজিকা জাতীয় সর্পের দংশনে দষ্ট স্থান স্থির শোথযুক্ত, পিচ্ছিল, পাণ্ডুবর্ণ, স্নিগ্ধ ও অতিশয় গাঢ় রক্তযুক্ত হয় এবং রোগী সকল প্রকার শ্লেষ্মবিকার-গ্রস্ত হইয়া থাকে।

বিষলিপ্ত শস্ত্রাঘাতের লক্ষণ।

শত্রু কর্ত্তৃক বিষলিপ্ত শস্ত্র দ্বারা আহত হইলে সদ্যই সেই ক্ষত স্থান পাকিয়া উঠে, ক্ষত হইতে রক্তস্রাব হয়, ও পূতিমাংস খসিয়া পড়ে। ক্ষত স্থান পুনঃ পুনঃ পাকে এবং কৃষ্ণবর্ণ ও ক্লেদযুক্ত হইয়া উঠে। পরন্তু রোগীর পিপাসা, অন্তর্দ্দাহ, বহির্দ্দাহ ও মূর্চ্ছা হয়। অন্য প্রকারে উৎপন্ন ক্ষতস্থানে বিষ প্রদত্ত হইলেও ঐ সকল লক্ষণ হইয়া থাকে।

রাজা মহারাজদিগের শত্রু পদে পদে। শত্রুরা প্রায়ই তাঁহাদিগের অন্নাদিতে গুপ্তভাবে বিষ মিশাইয়া দেওয়ার চেষ্টা করে। বুদ্ধিমান্ ইঙ্গিতজ্ঞ চিকিৎসক বাক্য, চেষ্টা ও মুখের বিবর্ণতাদি লক্ষণ দেখিয়া উক্ত বিষদাতা শত্রুকে চিনিয়া বাহির করিবেন।

দেশ, কাল ও পাত্র ভেদে সর্পবিষের অসাধ্যত্ব।

অশ্বত্থ বৃক্ষের তলা, শ্মশান, বল্মীকের উপর এবং চতুষ্পথ, এই সকল স্থানে, প্রভাতে ও সায়ংকালে, ভরণী ও মঘানক্ষত্রে এবং শরীরের মর্ম্মস্থানে দংশন করিলে, সে বিষ অসাধ্য হয়। দর্ব্বাকর নামে একজাতীয় সর্প আছে, এই সকল সর্প চক্রলাঙ্গুল, ফণাধারী ও শীঘ্রগামী। ইহাদিগের বিষে শীঘ্রই রোগীর প্রাণবিনষ্ট হয়। উহা মেঘ, বায়ু ও উষ্ণতা সংযোগে দ্বিগুণ তেজোযুক্ত হয়।

উপরে যাহা কথা হইল, তাহা ছাড়া আরও অনেক প্রকার অসাধ্য বিষ আছে। সে সকল বিষে প্রাণসংহার অনিবার্য্য। অজীর্ণ-গ্রস্ত, পিত্তাত্মক, রৌদ্রপীড়িত বালক, বৃদ্ধ, ক্ষুধিত, ক্ষীণ, ক্ষতাভিযুক্ত, মেহ ও কুষ্ঠরোগাক্রান্ত, রুক্ষ ও দুর্ব্বলদেহ ব্যক্তি কিম্বা গর্ভিণী, ইহাদিগের শরীরে বিষ প্রবেশ করিলে, কিছুতেই উহার প্রশমন হয় না।

অচিকিৎস্য বিষপীড়িতের লক্ষণ।

শস্ত্র দ্বারা ক্ষত হইলেও যাহার দেহ হইতে রক্তক্ষরণ হয় না, লতা দ্বারা প্রহার করিলেও যে দেহে আঘাত চিহ্ন দেখা যায় না, কিম্বা শীতল জল সেচনেও যাহার রোমোদ্গম হয় না, তাদৃশ বিষপীড়িত ব্যক্তিকে চিকিৎসক ত্যাগ করিবেন। যে বিষপীড়িত ব্যক্তির মুখ স্তব্ধ, কেশ শাতন, নাসিকা বক্র, গ্রীবা ধারণশক্তিহীন, দষ্ট স্থানের শোথ রক্তমিশ্রিত ও কৃষ্ণবর্ণ এবং হনুদ্বয় সংলগ্ন হয়, সে রোগীও পরিত্যজ্য। যে বিষপীড়িত ব্যক্তির মুখ হইতে গাঢ় লালা নির্গত হয়, মুখ, নাসিকা, লিঙ্গ ও গুহ্য দ্বারাদি দিয়া রক্তস্রাব হয় এবং সর্প যাহাকে চারিটী দন্ত দ্বারাই দংশন করে, এরূপ ব্যক্তির চিকিৎসা নিষ্ফল। যে বিষপীড়িত ব্যক্তি উন্মাদের ন্যায়, জ্বর ও অতিসারাদি উপদ্রবে যাহার দেহ আক্রান্ত, যে কথা কহিতে পারে না, যাহার শরীর কৃষ্ণবর্ণ এবং যাহাতে নাসাভঙ্গাদি অরিষ্ট লক্ষণ সকল সম্যক্ পরিস্ফুট, তাদৃশ রোগীও চিকিৎসার অযোগ্য।

দূষীবিষ।

স্থাবর এবং জঙ্গম এই উভয়বিধ বিষ জীর্ণত্বাদি কারণে দূষীবিষ আখ্যায় অভিহিত হয়। যে বিষ অত্যন্ত পুরাতন, বিষঘ্ন ঔষধ দ্বারা যাহা বীর্য্যহীন, কিংবা দাবাগ্নি বায়ু ও রৌদ্রাদির শোষণে নির্বীর্য্য, অথবা যাহা স্বভাবতঃই দশটী গুণের একটী, দুইটী বা তিনটী গুণহীন তাহাকে দূষী-বিষ কহে। দূষী-বিষ অল্পবীর্য্য, তাই প্রাণ নষ্ট করে না; কিন্তু কফানুবদ্ধ হইয়া বহুকাল শরীরে অবস্থান করে, দূষী-বিষ-গ্রস্ত মানবের মলভেদ, শরীরের বিবর্ণতা, গন্ধযুক্ত মুখের বিরসতা, পিপাসা, মূর্চ্ছা, ভ্রম, গদ্গদবাক্য, বমি এবং বিরুদ্ধ চেষ্টা হেতু নানাবিধ ক্লেশ হয়। শরীরের স্থানবিশেষে এই দূষীবিষ থাকিলে, তাহাতে বিভিন্ন প্রকার ব্যাধি ও উপদ্রব ঘটিয়া থাকে। শীতে এবং বাতবর্ষাসঙ্কুল দিবসে দূষী-বিষ প্রকুপিত হয়। দূষীবিষ প্রকোপের পূর্ব্বে নিদ্রাধিক্য, দেহের গুরুতা ও শিথিলতা, জৃম্ভা, রোমহর্ষ এবং শরীরে বেদনা উপস্থিত হয়। দূষী-বিষ প্রকুপিত হইলে অন্ন ভোজনে মত্ততা, অপাক, অরুচি, গাত্রে মণ্ডলাকৃতি কোঠের উৎপত্তি, মাংসক্ষয়, হস্ত ও পদে শোথ, মূর্চ্ছা, বমি, অতিসার, শ্বাস, পিপাসা, জ্বর এবং উদরী (উদররোগ) বৃদ্ধি পায়।

দূষী-বিষ নানাবিধ, তাই বিষভেদে উন্মাদাদি নানা রোগ জন্মিয়া থাকে। দেহগত দূষী-বিষ অনূপদেশ, শীত ও বাতবর্ষাকুল সময় এবং দিবানিদ্রাদি কারণে কুপিত হইয়া ধাতুসমূহকে পুনঃপুনঃ দূষিত করে। হিতসেবী ব্যক্তির পক্ষে সদ্যঃপ্রদত্ত দূষীবিষ সাধ্য, একবৎসর থাকিলেই যাপ্য এবং ক্ষীণ ও অহিতসেবী ব্যক্তির পক্ষে দূষী-বিষ অসাধ্য হইয়া থাকে।

কৃত্রিম বিষ।

গর ও দূষীবিষভেদে কৃত্রিম বিষ দুই প্রকার। তন্মধ্যে দূষীবিষে বিষ সংযুক্ত থাকে। কিন্তু গরবিষে তাহা থাকে না। স্ত্রীগণ স্বীয় স্বার্থ সাধনার্থ পুরুষদিগকে স্বেদ, রজঃ বা অন্যান্য অঙ্গগত মল, অন্নাদির সহিত গরবিষ ভক্ষণ করায় ও শত্রুকর্ত্তৃকও ঐ প্রকারে উহা প্রযুক্ত হইয়া থাকে। গরবিষ দেহে প্রবেশ করিলে দেহ পাণ্ডুবর্ণ ও কৃশ হয় এবং মর্ম্মব্যথা ও আধ্মান হইয়া থাকে। পরন্তু মন্দাগ্নি, উদর, গ্রহণী, যক্ষ্মা, গুল্ম, ধাতুক্ষয়, জ্বর ও এইরূপ নানাবিধ রোগ ক্রমে উপস্থিত হইতে থাকে।

লূতা নামক বিষধর জন্তুর উৎপত্তি সংখ্যা।

বশিষ্ঠের প্রতি কোপাবিষ্ট বিশ্বামিত্র মুনির স্বেদ বিন্দু ও অধোমল হইতে লূতার উৎপত্তি হয়। এই ভীষণ মহাবিষসম্পন্ন লূতা ষোল প্রকারে বিভক্ত। তন্মধ্যে ত্রিমণ্ডল প্রভৃতি আট প্রকারের বিষ কষ্টসাধ্য এবং সৌবর্ণিকাদি আট প্রকার লূতাবিষ অসাধ্য।

লূতা দংশনের সামান্য লক্ষণ।

লূতা কর্ত্তৃক দষ্ট স্থান দুর্গন্ধযুক্ত এবং তাহা হইতে রক্তস্রাব হয়। ইহাতে রোগীর জ্বর, দাহ, অতীসার, ত্রিদোষজ নানা প্রকার রোগ, বিবিধ পীড়কা, বিস্তৃত মণ্ডল ও শ্যাব বা রক্তবর্ণ চঞ্চল অথচ কোমল মহাশোথ উৎপন্ন হয়। সামান্যতঃ সকল প্রকার লূতার দংশনেই এইরূপ লক্ষণ হইয়া থাকে।

দূষীবিষযুক্ত ত্রিমণ্ডলাদি লূতার দংশনে দষ্ট স্থান কৃষ্ণ বা শ্যাববর্ণ, শোথযুক্ত, জালকাবৃত ও দগ্ধের ন্যায় আকৃতিবিশিষ্ট হইয়া অত্যন্ত পাকিয়া উঠে এবং রোগীর জ্বর হয় ও ক্ষত স্থান হইতে ক্লেদ নির্গত হইতে থাকে।

সৌবর্ণিকাদি অষ্টবিধ প্রাণ-নাশিকা লূতা কর্ত্তৃক দষ্ট হইলে সে স্থানে শোথ ও শ্বেত, কৃষ্ণ, রক্ত বা পীতবর্ণ পীড়কা উৎপন্ন হয় এবং রোগীর জ্বর, দাহ, শ্বাস, হিক্কা ও শিরোরোগ জন্মে।

আখুবিষ লক্ষণ।

ইন্দুর কর্ত্তৃক দষ্ট হইলে সে স্থান হইতে রক্ত নির্গম হয় এবং রোগীর জ্বর, অরুচি, রোমাঞ্চ, দাহ ও গাত্রে পাণ্ডুবর্ণ মণ্ডল উৎপন্ন হইয়া থাকে।

প্রাণনাশক মূষিক-বিষের লক্ষণ।

প্রাণনাশক মূষিক দংশন করিলে মূর্চ্ছা, শোথ, শরীরের বিবর্ণতা, ক্লেদ, বাধির্য্য, জ্বর, মস্তকের গুরুত্ব এবং লালা ও রক্ত বমন হয় আর উক্ত শোথ মূষিকেরই আকৃতিবিশিষ্ট হইয়া থাকে।

কৃকলাস বিষ—কৃকলাসদংশনে কৃষ্ণবর্ণ বা নানাবর্ণ শোথ এবং মোহ ও মলভেদ হইয়া থাকে।

বৃশ্চিক বিষ।—বৃশ্চিকদংশনে প্রথমতঃ অগ্নির ন্যায় জ্বালা ও ভেদনবৎ বেদনা হয়। এই বিষ দ্রুতগমনে ঊর্দ্ধাভিমুখ হইয়া পশ্চাৎ দষ্ট স্থানে অবস্থান করে। কিন্তু হৃদয়, নাসিকা ও জিহ্বাতে বৃশ্চিকে দংশন করিলে অত্যন্ত বেদনাভিভূত ও বিগলিতমাংস হইয়া রোগী মৃত্যু মুখে পতিত হয়।

কণভ বিষ।—কণভ একপ্রকার কীট, ইহার দংশনে বিসর্প, শোথ, শূল, জ্বর, বমি এবং শরীরের অবসন্নতা উপস্থিত হয়।

উচ্চিটিঙ্গ বিষ।—উচ্চিটিঙ্গের অর্থাৎ চীটা নামে এক প্রকার কীটের দংশনে অত্যন্ত রোমাঞ্চ, শরীর স্তব্ধ ও বেদনাযুক্ত হয় এবং বোধ হয়, অঙ্গ সমূহ যেন শীতল জলে নিষিক্ত হইয়াছে।

মণ্ডুক-বিষ।—বিষধর মণ্ডুক স্বভাবতঃ একটী দন্ত দ্বারা দংশন করে। দষ্ট স্থানে পীতবর্ণ ও বেদনাযুক্ত শোথ উৎপন্ন হয় এবং রোগীর পিপাসা, নিদ্রাধিক্য ও বমি হইয়া থাকে।

মৎস্য বিষ।—বিষধর মৎস্যগণের দংশনে দাহ, শোথ ও বেদনা উপস্থিত হয়।

জলৌকা-বিষ।—বিষধর জলৌকার দংশনে কণ্ডূ, শোথ, জ্বর ও মূর্চ্ছা হয়।

গৃহগোধিকা বিষ।—গৃহগোধিকার (টিক্‌টীকির) বিষে দাহ, শোথ ও সূচী-বিদ্ধবৎ বেদনা হয় এবং স্বেদ-নির্গম হইতে থাকে।

শতপদী-বিষ।—শতপদীর দংশনে বেদনা, দাহ এবং ঘর্ম্ম হয়।

মশক বিষ।—মশক দংশনে কণ্ডূ, কিঞ্চিৎ শোথ ও অল্প বেদনা জন্মে। মশক পাঁচ শ্রেণীতে বিভক্ত। তন্মধ্যে পার্ব্বত্য মশকের দংশনে লূতাদি অসাধ্য কীটদংশনের ন্যায় বেদনাদি লক্ষণ প্রকাশ পায়।

মক্ষিকা-বিষ।—মক্ষিকার দংশনে স্রাবকারী অথচ শ্যামবর্ণ পীড়কা উৎপন্ন হয়। রোগীর দাহ, মূর্চ্ছা ও জ্বর হইয়া থাকে। সুশ্রুতোক্ত ছয় প্রকার মক্ষিকার মধ্যে স্থগিকা নামক মক্ষিকার দংশনে প্রাণ নষ্ট হয়।

ব্যাঘ্রাদির বিষ।—ব্যাঘ্রাদি চতুষ্পাদ এবং বনমনুষ্যাদি দ্বিপাদ জন্তুদিগের নখাঘাত বা দন্তাঘাত দ্বারা শোথ, মাংসপাক ও পূয়-স্রাব হয়। ইহাতে রোগীর জ্বরও হইয়া থাকে।

বিষ চিকিৎসা।

এক্ষণে সংক্ষেপতঃ বিষচিকিৎসার কথা বলা যাইতেছে; তন্মধ্যে অগ্রে স্থাবর বিষের চিকিৎসার বিষয় বলা যাউক। স্থাবর বিষে আক্রান্ত রোগীর পক্ষে বমনই প্রধান চিকিৎসা। অতএব এই বিষে পীড়িত রোগীকে সযত্নে বমন করাইবে। বিষ অত্যন্ত তীক্ষ্ণ ও উষ্ণ, তাই সকল রকম বিষরোগেই শীতল পরিষেক হিতকর। উষ্ণগুণ ও তীক্ষ্ণগুণে বিষ অত্যধিক পরিমাণে পিত্তবৃদ্ধি করে, সেইজন্য বমন দিবার পর শীতল জল সেচন করা প্রয়োজন। বিষপীড়িত রোগীকে অবিলম্বে ঘৃত ও মধু দ্বারা বিষঘ্ন ঔষধ পান করাইবে। ভোজনার্থ অম্ল রসাত্মক দ্রব্য ও ঘর্ষণার্থ মরিচ প্রয়োগ করিবে। যে যে দোষের লক্ষণ অধিক পরিমাণে দেখিবে সেই সেই দোষঘ্ন ঔষধ দ্বারা বিপরীত ক্রিয়া করিবে। বিষাক্ত রোগীর ভোজনের জন্য শালি, ষষ্টিক, কোদ্রব, ও কাঙ্গনি ধান্যের তণ্ডুলাদি ব্যবস্থা করিবে এবং বমন ও বিরেচন দ্বারা ঊর্দ্ধাধঃ শোধন করিবে। শিরীষের মূল, ছাল, পত্র, পুষ্প ও বীজ একত্র গোমূত্র দ্বারা পেষণ করিয়া প্রলেপ দিলে বিষ নষ্ট হয়। দূষীবিষ-পীড়িত ব্যক্তি স্নিগ্ধ, বমন ও বিরেচনকর দ্রব্য পান করিলে তাহার ঐ দূষী-বিষ বিনষ্ট হইয়া থাকে। পিপ্পলী, রোহিষ তৃণ, জটামাংসী লোধ, এলাচি, স্বর্জ্জিকাক্ষার, মরিচ, বালা, এলাচি ও সুবর্ণ গৈরিক, ইহাদের কাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে দূষী-বিষ বিনষ্ট হয়।

জঙ্গম বিষের চিকিৎসা।

ঘৃত /৪ চারি সের। কল্কার্থ হরীতকী, গোরোচনা, কুড়, আকন্দের পাতা, নীলোৎপল, নলমূল, বেতসমূল, গরল, তুলসী, ইন্দ্রযব, মঞ্জিষ্ঠা অনন্তমূল, শতমূলী, পাণিফল, লজ্জালু, ও পদ্মকেশর, এই সকল সমভাগে মিলিত /১ সের। দুগ্ধ ষোল সের। এই ঘৃত পাক করিয়া শীতল হইলে উহার সহিত /৪ সের মধু মিলিত করিয়া যথামাত্রায় উহার পান, অঞ্জন, অভ্যঙ্গ কিম্বা বস্তিপ্রয়োগে দুর্জ্জয় বিষ, গরদোষ, যোগজ বিষ, তমকশ্বাস, কণ্ডু,

মাংসসাদ ও অচেতনতা নষ্ট হয়। ইহার স্পর্শমাত্রে সমস্ত বিষ বিনষ্ট এবং গরকৃত বিকৃতচর্ম্ম প্রকৃতিস্থ হইয়া থাকে। ইহার নাম মৃত্যুপাশচ্ছেদি ঘৃত।

ধুতুরার মূল বা অঙ্কোঠ (আঁকড়) বৃক্ষের মূল কিম্বা বাঁশের মূল দুগ্ধ দ্বারা পেষণ করিয়া পান করিলে কুক্কুরের বিষ বিনষ্ট হয়। হরিদ্রা, দারুহরিদ্রা, রক্তচন্দন, মঞ্জিষ্ঠা ও নাগকেশর এই গুলি শীতল জলে পেষণ করিয়া তদ্দ্বারা প্রলেপ দিলে সদ্যই লূতাবিষ নষ্ট হয়। সুপিষ্ট জীরক ঘৃত ও সৈন্ধবের সহিত মিশাইয়া কিঞ্চিৎ উষ্ণ করিবে, পরে উহা মধু দিয়া মাড়িয়া দষ্টস্থানে প্রলেপ দিলে বৃশ্চিকের বিষ বিদূরিত হইয়া যায়। সূর্য্যাবর্ত্ত (শূলটা) বৃক্ষের পাতা মর্দ্দন করিয়া তাহার ঘ্রাণ লইলে ক্ষণকাল মধ্যেই বৃশ্চিক দংশন জন্য বিষ বিনষ্ট হয়। নরমূত্র পরিষিঞ্চনে তৎক্ষণাৎই যে, বৃশ্চিক দংশন জ্বালার নিবৃত্তি হয় ইহা শতধা দৃষ্ট ফলপ্রদ।

বিষ বিরহিতের লক্ষণ।

বিষপীড়িত ব্যক্তি আরোগ্য লাভ করিলে বাতাদি দোষ ও ধাতুর স্বাভাবিক অবস্থা, অন্ন ভক্ষণে অভিলাষ মলমূত্রেরও যথাযথভাবে নির্গম হয়। তদ্ভিন্ন রোগীর বর্ণপ্রসন্নতা, ইন্দ্রিয়পটুতা ও মনের প্রফুল্লতা হইয়া সে ক্রমে ক্রমে চেষ্টাক্ষম হইতে থাকে।

(ভাবপ্র° বিষাধিকার)

এতদ্ভিন্ন চরক সুশ্রুতাদি চিকিৎসা গ্রন্থ সমূহেও বিষ-চিকিৎসার বিবিধ প্রণালী লিপিবদ্ধ হইয়াছে। বাহুল্যভয়ে তাহা প্রদত্ত হইল না।

পারিভাষিক বিষ।

কূর্ম্মপুরাণে উল্লিখিত হইয়াছে, খাটি বিষই কেবল বিষ নয়, পরন্তু ব্রহ্মস্ব ও দেবস্বকেও বিষ বলা যায়; সুতরাং সে দুটীও সর্ব্বতোভাবে সযত্নে পরিত্যাগ করা কর্ত্তব্য।

"ন বিষং বিষমিত্যাহুর্ব্রহ্মস্বং বিষমুচ্যতে।
দেবস্বঞ্চাপি যত্নেন সদাপরিহরেত্ততঃ॥"

(কূর্ম্মপু° উপবি° ১৫ অ°)

নীতিশাস্ত্রকার চাণক্যও কতকগুলি বিষয়কে বিষ আখ্যায় অভিহিত করিয়াছেন। তাঁহার মতে দুরধীত বিদ্যা, অজীর্ণ অবস্থায় ভোজন, দরিদ্রের বহু পরিজন, বৃদ্ধের যুবতী স্ত্রী, রাত্রিকালে ভ্রমণ, রাজার অনুকূলতা, অন্যাসক্তা স্ত্রী এবং অদৃষ্ট ব্যাধি, এই সকলই বিষ অর্থাৎ বিষতুল্য।

"দুরধীতা বিষং বিদ্যা অজীর্ণে ভোজনং বিষং।
বিষং গোষ্ঠী দরিদ্রস্য বৃদ্ধস্য তরুণী বিষম্॥
বিষং চঙক্রমণং রাত্রৌ বিষং রাজ্ঞোঽনুকূলতা।
বিষং স্ত্রিয়োঽপ্যন্যসক্তা বিষং ব্যাধিরবীক্ষিতঃ॥" (চাণক্য)

পাশ্চাত্যমতে বিষ-লক্ষণ।

বিষ কাহাকে বলে এই প্রশ্নের মীমাংসা সম্বন্ধে বৈজ্ঞানিক পণ্ডিতগণের যথেষ্ট আলোচনা দেখিতে পাওয়া যায়। কেহ বলেন, পদার্থসমূহের অভ্যন্তরে মানুষের স্বাস্থ্য বা জীবন-নাশকারক যে ক্রিয়াশক্তি বর্ত্তমান থাকে উহাই বিষ। কেহ কেহ বলেন, যাহা দেহসংস্পৃষ্ট হইলে অথবা কোন প্রকারে দেহাভ্যন্তরে প্রবিষ্ট হইলে স্বাস্থ্যের হানি বা জীবন নষ্ট হইতে পারে তাহাই বিষ। সাধারণ লোকের কথা এই যে অতি অল্পমাত্রায় যে পদার্থ দেহে প্রবিষ্ট হইয়া জীবন নাশ করে তাহাই বিষ। ফলতঃ বিষের ঐরূপ সংজ্ঞা নির্দ্ধারণ যথাযথ নহে, কেন না তাহা হইলে উহা অতিব্যাপ্তি বা অব্যাপ্তিদোষদুষ্ট হয়। অতি অল্পমাত্র কাচচূর্ণ উদরস্থ হইলে তাহাতেও প্রাণনাশ হইতে পারে, কিন্তু তাহা বলিয়া উহা বিষসংজ্ঞায় অভিহিত হইতে পারে না। যে অন্ন আমাদের দেহের পক্ষে নিত্য প্রয়োজনীয়, দৈহিক অবস্থা বিশেষে বা পরিমাণাধিক্যে উহাও বিষের ন্যায় কার্য্য করিতে পারে। এমন কি, যে বায়ু ব্যতিরেকে এক মুহূর্ত্তও আমরা জীবন ধারণ করিতে পারি না, সময়বিশেষে ও দেহের অবস্থাবিশেষে সেই বায়ুই স্বাস্থ্যের হানি করে; সুতরাং বিষের যথাযথ সংজ্ঞা নির্দ্ধারণ সহজ ব্যাপার নহে।

কিন্তু আমাদের ভাষায়, ব্যবহারিক প্রয়োজনের নিমিত্ত অনেকগুলি পদার্থ বিষ-সংজ্ঞায় অভিহিত হইয়া আসিতেছে। সেই সকল পদার্থ সম্বন্ধেই এস্থলে আলোচনা করা হইবে। পাশ্চাত্য প্রদেশেও বিষ সম্বন্ধে যথেষ্ট বৈজ্ঞানিক আলোচনা দৃষ্ট হয়। পাশ্চাত্য চিকিৎসা-বিজ্ঞানে বিষ-বিজ্ঞান "টক্সোলজী" (Toxology) নামে অভিহিত হইয়া থাকে। মেডিক্যাল-জুরিস্-প্রুডেন্স নামক চিকিৎসাবিজ্ঞানের মধ্যে বিষবিজ্ঞান একটী প্রধান অঙ্গ। বিষক্রিয়ার লক্ষণ কি এবং সেই সকল দুর্লক্ষণের শান্তিই বা কিরূপে সংসাধিত হইতে পারে, তদ্বিষয়ের সবিশেষ পরিজ্ঞান চিকিৎসা-ব্যবসায়িমাত্রেরই একান্ত প্রয়োজনীয়।

বিষের ক্রিয়া

পাশ্চাত্য চিকিৎসাবিজ্ঞান পাঠে জানা যায়, বিষের ক্রিয়া বিবিধ। এই ক্রিয়া স্থানীয় ও দূরব্যাপিনী। বিষের স্থানীয় ক্রিয়ায় কোন স্থানের চর্ম্মাদি বিদীর্ণ হয়, কোথাও প্রদাহ উপস্থিত হয়, অথবা জ্ঞানজনক বা গতিজনক (Sensory or motor) স্নায়ুর উপরে উহার ক্রিয়া প্রকাশ পায়। দূরব্যাপিনী ক্রিয়া অন্যবিধ। স্পৃষ্ট স্থানে উহার ক্রিয়া প্রকাশ পাইতে পারে, অথবা নাও পারে; কিন্তু দূরবর্ত্তী দেহ যন্ত্রের উপরে উহার সবিশেষ ক্রিয়া প্রকাশ পাইয়া থাকে। এই অবস্থায় রোগের লক্ষণের ন্যায় বিষক্রিয়ার লক্ষণ প্রকাশ পায়। যখন দূরব্যাপিনী ক্রিয়া প্রকাশ পায়, তখন বুঝিতে হইবে যে

বিষপদার্থ শরীরে শোষিত হইয়াছে। সুতরাং দূরবর্ত্তিনী ক্রিয়া প্রকাশের প্রধানতম সাধন—দেহে বিষশোষণ।

বিষক্রিয়ার তারতম্য

সকল অবস্থাতে বিষের ক্রিয়া একরূপ পরিলক্ষিত হয় না। বিষের মাত্রাধিক্য, দেহে উহার ক্রমোপচয় ও দৈহিক পদার্থ সহ সংমিশ্রণ এবং বিষার্ত্ত ব্যক্তির শারীরিক অবস্থানুসারে বিষের ক্রিয়ার তারতম্য ঘটিয়া থাকে। দৃষ্টান্ত স্থলে অহিফেনের কথাই ধরিয়া লউন, মাত্রার তারতম্যানুসারে কোন স্থলে অহিফেন শ্রেষ্ঠতম ঔষধের ন্যায় কার্য্য করে, আবার কোনও স্থলে উহাদ্বারা বিষলক্ষণ প্রকাশ পায়। যে মাত্রায় একজন যুবকের পক্ষে উহা মহোপকারী ফলপ্রদ ঔষধ বলিয়া গণ্য হয়, ঠিক সেইমাত্রাই একটি শিশুর পক্ষে সংঘাতক বিষ। শিশুর কথাই বা বলি কেন, যে যুবকের পক্ষে ঐ মাত্রা সময় বিশেষে অমৃতবৎ কার্য্য করে, অবস্থাবিশেষে তাহাই বিষের ন্যায় কার্য্য করিতে পারে। বেরিয়াম নামক পদার্থের রাসায়নিক-প্রক্রিয়ায় প্রস্তুত সকল প্রকারের প্রস্তুতিই বিষ-ক্রিয়া-প্রকাশক; কেন না ঐ গুলি সমস্তই দ্রবণীয় পদার্থ। কেবল উহার অদ্রবণীয় সালফেটই বিষ-ক্রিয়া-প্রকাশক নহে।

বিশুদ্ধ সায়েনাইড্ (Cyanide) এবং উহার দ্বিগুণ মিশ্রণ মাত্রেই বিষক্রিয়াজনক। কিন্তু পোটাশিয়াম ও দ্বিগুণ সায়েনাইড অব আয়রণ দ্বারা যে প্রাসিয়েট অব পোটাশিয়াম প্রস্তুত হয়, উহা আদৌ বিষক্রিয়াজনক নহে।

আবার দেহের স্থানবিশেষের সহিত সংস্পর্শ ও সংযোগ দ্বারা বিষের ক্রিয়ার যথেষ্ট তারতম্য হইয়া থাকে। চর্ম্মের উপরে বিষ সংস্পৃষ্ট হইলে উহা সহজে শোষিত হইতে পারে না। শ্লেষ্মধর কলায় (mucous membrane) তদপেক্ষা সহজে শোষিত হয়, আবার ইহার নিম্নস্থ রক্তরসধর কলায় বিষ সংযুক্ত হইলে অবিলম্বে উহা শোষিত হইয়া থাকে। অসভ্যেরা বাণের অগ্রভাগে এক প্রকার বিষ মিশ্রিত করিয়া দেয়। ঐ বিষ কোন প্রকারে উদরস্থ হইলেও তাহা হইতে আদৌ কোন বিষ ক্রিয়া প্রকাশ পায় না, কিন্তু উহা রক্তের সহিত সংযুক্ত হওয়া মাত্রই সংঘাতক হইয়া উঠে।

আবার ব্যক্তিবিশেষের সাত্ম্যের (Idiosyncrasy) উপরে বিষক্রিয়ার যথেষ্ট তারতম্য পরিলক্ষিত হইয়া থাকে। মুগের দাইল খাইলে কাহারও আমাশয় হয়, দুধ ও ঘৃত অতি প্রয়োজনীয় নিত্য ব্যবহার্য্য খাদ্যদ্রব্যের মধ্যে পরিগণিত হইলেও কাহারও কাহারও পক্ষে উহা অসুখকর ও অসহ্য হইয়া উঠে। কোন কোন ব্যক্তি প্রচুর পরিমাণে অহিফেন সেবন করিয়া থাকে, তাহাতে বিষলক্ষণের চিহ্ন মাত্রও পরিলক্ষিত হয় না। আর্সেনিক বা শিমুলক্ষার অতি ভয়ানক বিষ। ইহার অত্যল্প মাত্রা সেবনেও ওলাউঠার ন্যায় বিষলক্ষণ দৃষ্ট হয়, কিন্তু কেহ কেহ অভ্যাসের গুণে অনায়াসে প্রচুর পরিমাণেও এই বিষ সেবন করিয়া থাকে।

আবার এমনও দেখা যায় যে, কোন কোন পীড়ায় কোন কোন বিষের ক্রিয়া দেহে প্রকাশ পাইতে পারে না। ধনুষ্টঙ্কারে প্রচুর পরিমাণে অহিফেন সেবন করিলেও উহাতে সহসা বিষের ক্রিয়া প্রকাশ পায় না। কোন কোন জ্বরে পারদের বিষক্রিয়া দেহে প্রতিফলিত হয় না। আবার অপরপক্ষে কোন কোন পীড়ায় অতি অল্পপরিমাণ বিষবৎ পদার্থও ভীষণ বিষলক্ষণ প্রকাশ করে। কেন না তদবস্থায় উহা সহসা দেহ হইতে নিষ্ক্রান্ত হইবার উপযুক্ত পথ পায় না।

বিষের শ্রেণীবিভাগ

আয়ুর্ব্বেদে বিষের যে প্রকার শ্রেণীবিভাগ করা হইয়াছে; পাশ্চাত্য-বিজ্ঞানে বিষের শ্রেণীবিভাগ-প্রণালী সেরূপ নহে। পাশ্চাত্য বিজ্ঞানবিৎ পণ্ডিতগণ বলেন, বিষের শ্রেণীবিভাগ করা বড় সহজ নহে। বৈজ্ঞানিক প্রণালী অনুসারে বিষের শ্রেণীবিভাগের নিমিত্ত অনেক প্রকার যত্ন করা হইয়াছে, কিন্তু এখনও উহা বিশুদ্ধ বৈজ্ঞানিক প্রণালীর অনুমোদিত বলিয়া স্বীকৃত হয় নাই। পাশ্চাত্যবিজ্ঞানে নিখিল বিষসমূহকে চারিশ্রেণীতে বিভক্ত করা হইয়াছে যথা :—

(১) করোসিভস (Corrosives) বা দেহতন্তুর অপচায়ক।
(২) ইরিটাণ্ট্স্ (Irritants) বা উগ্রতাকারক।
(৩) নিউরোটিকস্ (Neurotics) বা স্নায়বীয় বিকৃতিবর্দ্ধক।
(৪) গ্যাসিয়াস (Gaseous) বা বায়বীয় বিষ।

১। দেহতন্তুর অপচয়কর বিষসমূহ।

এই শ্রেণীর বিষ সকলের মধ্যে পারদ ঘটিত দ্রব্য গুলিই সর্ব্বপ্রথমে উল্লেখযোগ্য। এতদ্ব্যতীত সলফিউরিক্ এসিড্, নাইট্রিক এসিড্, হাইড্রোক্লোরিক এসিড্, অক্জালিক্ এসিড্, কার্ব্বনিক এসিড্, পোটাশ, সোডা, এমোনিয়া, বাইসলফেট অব্ পোটাস, ফটকারী, এণ্টিমণি, নাইট্রেট অব্ সিলভার এবং ক্ষার পদার্থের বিবিধ কার্ব্বনেট সমূহও এই শ্রেণীর অন্তর্ভুক্ত।

এই সকল বিষ দ্বারা দেহ বিষাক্ত হইলে নিম্নলিখিত লক্ষণ সকল প্রকাশ পায়। কোন প্রকার পদার্থ গলাধঃকরণ হওয়ার পরেই মুখে, মুখ গহ্বরের নিম্নে, তালুতে ও আমাশয়ে অত্যন্ত জ্বালা বোধ হয়। ক্রমে এই জ্বালা সমগ্র অন্ত্রে প্রকাশ পাইয়া থাকে। অতঃপর দুর্নিবার্য্য বমনের উপদ্রব দেখা দেয়। খনিজ এসিড্ অথবা অক্জালিক এসিড সেবনে যে বমি হয়, সেই বমির উদ্বান্ত পদার্থগুলি পাকাঘরের মেঝের উপরে পড়িলে উহাতে এসিডের ক্রিয়া তৎক্ষণাৎ প্রকাশ পায়, অর্থাৎ

ঐ স্থানে বুদ্‌বুদ্‌ উঠিতে থাকে। এই বমিতেও কোন প্রকার শান্তিবোধ হয় না। বমির সহিত রক্তের কণা দেখিতে পাওয়া যায়। এমন কি, অন্নবহানালীর গাত্র এই বিষে অপচিত হইয়া উহার ঝিল্লিগুলি পর্য্যন্ত বিশ্লিষ্ট ও বিচ্যুত হয় এবং বান্ত পদার্থের সহিত বিমিশ্রিত হইয়া পড়ে। বায়ুতে উদরাধ্মান হয়। উদরের উপর হাত দিলে রোগীর পক্ষে উহা অসহ্য হইয়া উঠে। ভয়ঙ্কর জ্বর হয়। মুখের মাংসাদিতে অনেক স্থলেই স্পষ্টতঃ ক্ষত দেখা দেয়। বিষের পরিমাণ অধিক হইলে অতি অল্পক্ষণেই রোগীর মৃত্যু ঘটে। তৎক্ষণাৎ মৃত্যু না ঘটিলেও মুখে ও অন্ত্রে ক্ষতাদি হইয়া নিদারুণ যাতনায় ক্লেশভোগ করিতে করিতে অনশনে রোগীর দুঃখময় জীবনের অবসান হয়।

চিকিৎসা

এই সকল বিষপীড়িত রোগীর চিকিৎসার মধ্যে সর্ব্বপ্রথমে অন্ত্রনালী ও আমাশয়ের ধৌতি প্রধান প্রয়োজনীয়। এই নিমিত্ত পাশ্চাত্য চিকিৎসকগণ সুকোমল সাইফন-নলিকা যন্ত্রের (Soft Siphon tube) দ্বারা আমাশয় ধৌত করার ব্যবস্থা করেন। বিষের ক্রিয়ায় আমাশয়ের প্রাচীর অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়ে; সুতরাং সেস্থলে "ষ্টমাক পাম্প" ব্যবহার করা যুক্তিযুক্ত নহে। স্নিগ্ধকারক পানীয়, বার্লীর জল এবং অহিফেন ঘটিত ঔষধাদি প্রয়োগ করা কর্ত্তব্য ভিন্ন ভিন্ন বিষে ভিন্ন ভিন্ন প্রকার দ্রব্য বিষচিকিৎসায় ব্যবহৃত হয়। যদিও এই শ্রেণীর অন্তর্ভুক্ত সকল প্রকার বিষেই প্রায় সদৃশ-লক্ষণ প্রকাশ পায়, কিন্তু বিষ দ্রব্যবিশেষে চিকিৎসার দ্রব্যাদি ও প্রয়োগ প্রকার স্বতন্ত্র বর্ণিত হইয়াছে। নিম্নে কতিপয় প্রধান ও বহুল প্রচারিত বিষদ্রব্যের চিকিৎসা-প্রণালীর উল্লেখ করা যাইতেছে :—

(১) করোসিব সবলিমেট।—করোসিব সবলিমেটকে সংস্কৃত ও বাঙ্গালায় রসকর্পূর বলা যাইতে পারে। কিন্তু রসকর্পূর বিশুদ্ধ করোসিব সবলিমেট নহে; উহাতে প্রচুর পরিমাণে কালোমেল বিমিশ্রিত থাকে। আয়ুর্ব্বেদীয় কোন কোন ঔষধে রসকর্পূরের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। বাজারের রসকর্পূরে কালোমেল ও করোসিব সবলিমিটের পরিমাণের স্থিরতা নাই। কিন্তু উহাতে যখন করোসিব সবলিমেটের পরিমাণ অধিক থাকে, তখন ঐ পদার্থের অতি অল্পমাত্রা ব্যবহার করিলেও ভয়ানক বিষলক্ষণ প্রকাশ পায়। পাশ্চাত্য চিকিৎসাশাস্ত্রেও করোসিব সবলিমেট বিবিধ রোগে হাইড্রার্জ্জ পারক্লোরাইড নামে ব্যবহৃত হয়। ইহার মাত্রা এক গ্রেণের ৩২ ভাগ হইতে ১৬ ভাগ পর্য্যন্ত। কিন্তু রসকর্পূর ৮ গ্রেণ মাত্রাতেও ব্যবহৃত হইয়া থাকে। রসকর্পূরে হাইড্রার্জ্জ পারক্লোরাইডের ভাগ অপেক্ষাকৃত অনেক কম থাকে বলিয়াই এইরূপ মাত্রায় ব্যবহৃত হইতে পারে। এক গ্রেইন করোসিব সবলিমেট সেবনে মানুষের মৃত্যু হইতে দেখা গিয়াছে। ইহার প্রতিষেধক ঔষধ ডিম্বের অণ্ডলাল পদার্থ। ডিম্বের অণ্ড লাল জলে গুলিয়া তৎক্ষণাৎ সেবন করাইলে বিষ শোধিত হইতে পারে না। প্রচুর পরিমাণে পুনঃপুন ডিম্বের অণ্ডলাল সেবন করাইয়া বমিকারক ঔষধের দ্বারা বমন করান বিধেয়।

(২) খনিজ এসিড—সালফিউরিক, নাইট্রিক, হাইড্রোক্লোরিক প্রভৃতি খনিজ এসিড সমূহ দ্বারা বিষাক্ত হইলে ক্ষার, ক্ষারকার্ব্বনেট ও চক্ প্রভৃতি দ্রব্য সেবন করান কর্ত্তব্য। এই সকল প্রক্রিয়া দ্বারা এসিডের ক্রিয়া বিনষ্ট হয়।

(৩) অক্‌জালিক এসিড—অক্‌জালিক এসিড ভয়ঙ্কর বিষ। ইহাতে ১৫ মিনিটে বা ৩০ মিনিটে লোকের মৃত্যু হইতে পারে। অক্‌জালিক এসিড খনিজ নহে, উদ্ভিজ্জ। সাধারণতঃ হৃৎপিণ্ডের উপরেই ইহার বিষক্রিয়া প্রকাশ পায়। এই বিষ সেবন মাত্রই রোগী অত্যন্ত দুর্ব্বল হয় এবং সহসা মূর্চ্ছিত হইয়া প্রাণত্যাগ করে। ইহার দ্বারা বিষার্ত্ত হইলে সর্ব্বপ্রথমে বমিকারক ঔষধ দেওয়া বিধেয়। তৎপরে চাখড়ি ব্যবহার করিলে অকজালিক এসিডের বিষক্রিয়া নষ্ট হয়।

(৪) ক্ষারদ্রব্য—পোটাস, সোডা, এবং ইহাদের কার্ব্বনেট ও সালফাইড সেবনেও খনিজ এসিডের ন্যায় বিষক্রিয়া প্রকাশ পায়। অধিকন্তু এই সকল দ্বারা দেহে বিষলক্ষণ প্রকাশ পাইলে তৎসঙ্গে অতিসারও উহার একটী আনুসঙ্গিক লক্ষণরূপে প্রকাশ পাইয়া থাকে। অম্লদ্রব্য সেবন দ্বারা এই অবস্থায় প্রতিকার করা কর্ত্তব্য।

(৫) কার্ব্বনিক এসিড্—ইহাও একটী ভয়ঙ্কর বিষ। এই বিষ দেহের যে স্থানে স্পৃষ্ট হয়, সেই স্থানই দেখিতে দেখিতে শ্বেতবর্ণ ধারণ করে, দেহতন্তু সঙ্কুচিত হইয়া যায়। স্নায়ুকেন্দ্রে বিষের ক্রিয়া সত্বরে প্রকাশ পায়, এই নিমিত্ত রোগী সহসা অচেতন হইয়া পড়ে। ইহার সবিশেষ লক্ষণ এই যে, এই বিষ সেবনের পরে প্রস্রাব ঘোর সবুজ বর্ণে পরিণত হয়। ইহার প্রতিকার চুণের জলে চিনি মিশাইয়া সরবত করিয়া রোগীকে যথেষ্ট পরিমাণে সেবন করিতে দেওয়া বিধেয়। সালফেট অব সোডা জলে দ্রব করিয়া সেবন করিতে দিলেও যথেষ্ট উপকার পাওয়া যায়।

উগ্রতাজনক বিষ।

উগ্রতাজনক বিষসমূহ উৎপত্তিস্থলভেদে ত্রিবিধ—ধাতব, জঙ্গম ও উদ্ভিজ্জ। এই শ্রেণীর বিষ সেবনে বা গাত্র স্পর্শে স্পৃষ্ট স্থানে প্রদাহ উৎপন্ন হয় অর্থাৎ স্পৃষ্ট স্থল রক্তরসাদির দ্বারা স্ফীত ও বেদনাযুক্ত হইয়া উঠে। ধাতব উগ্রতাজনক বিষের

মধ্যে সর্ব্ব প্রথমে আর্সেনিকের নাম উল্লেখের যোগ্য। সংস্কৃত ভাষায় আর্সেনিক শঙ্খ-বিষ নামে অভিহিত। চলিত বাঙ্গালায় ইহা শেখোঁ বিষ নামে প্রসিদ্ধ।

শেঁখোবিষ, রসাঞ্জন, সীসক, তাম্র, দস্তা ও ক্রোমিয়াম প্রভৃতিও ধাতব বিষের অন্তর্ভুক্ত। উগ্রতাজনক উদ্ভিজ্জ বিষ-সমূহের মধ্যে ইলেটেরিয়াম, গাম্বোজ, মুসব্বর, কলোসিন্থ ও জয়-পালের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। জঙ্গম বা জৈব উগ্র-বিষপদার্থসমূহের মধ্যে কান্থারিজই প্রধানতম।

উদ্ভিদ্ ও জান্তব উগ্রতাজনক বিষ খাদ্য দ্রব্য হইতেও উৎপন্ন হইতে পারে, আবার ব্যাক্টেরিয়া (জীবাণু বিশেষ) দ্বারাও দেহে বিষ সঞ্চারিত হয়। করোসিব বা দৈহিক উপাদান-বিধ্বংসি বিষ অপেক্ষা উগ্রতাজনক বিষসমূহ দেহে অতি ধীরে ধীরে ক্রিয়া প্রকাশ করে। এই জাতীয় বিষ গলধঃকরণ হইলে মুখে ও উদরে জ্বালা অনুভূত হয়। পেটে হস্ত স্পর্শ করিলে তাহাতেও রোগী বিশেষ ক্লেশানুভব করে। বমি, বিবমিষা ও পিপাসা উপস্থিত হয় এবং পেট ফাঁপে। বমির পরেই অতিসার দেখা দেয়। ইহাতেও বিষ বহিষ্কৃত না হইলে প্রাদাহিক জ্বর প্রকাশ পায়। এই জ্বরে অচৈতন্যাবস্থায় রোগীর মৃত্যু হয়। এই শ্রেণীর বিষের ক্রিয়ার সহিত কতিপয় রোগের যথেষ্ট সাদৃশ্য আছে; যেমন আমাশয় প্রদাহ (gastritis), আমাশয়িক ক্ষত, শূল (Colic), উদর ও অন্ত্রাবরক প্রদাহ (Peritonitis) ও ওলাউঠা হইয়া থাকে।

১। আমরা সর্ব্ব প্রথমে শেঁখো বিষের কথাই বলিতেছি। যে সকল বিষ দ্বারা মানুষের আমাশয়ে ও অন্ত্রাদিতে উগ্রতা জন্মে, তন্মধ্যে শেঁখো বিষই প্রধান। শেঁখো বিষের নানা প্রকার প্রস্তুতি আছে। যে নামে বা যে ভাবে তাহা প্রস্তুত হউক না কেন, তাহার অত্যল্প মাত্রাও মনুষ্যের পক্ষে নিদারুণ। ইহার এক গ্রেণ মাত্রাতেও মৃত্যু ঘটিতে পারে। আর্সেনিক দেহ মধ্যে প্রবিষ্ট হওয়ার প্রায় অর্দ্ধ ঘণ্টা পরেই বিষলক্ষণসমূহ প্রকাশ পায়। দেহ নিরতিশয় দুর্ব্বল হইয়া পড়ে, মূর্চ্ছার ন্যায় বোধ হয়, অতঃপর জ্বালা অনুভূত হইয়া থাকে। বমি হইতে থাকে, যাহা কিছু মুখে করা যায় তৎক্ষণাৎ তাহা বমির সহিত পড়িয়া যায়। এই বমিতেও আমাশয়ের যাতনা বা ভারিত্ববোধ তিরোহিত হয় না। দাস্ত ও তাহার সহিত রক্ত নির্গত হয়। ঘর্ম্ম ও পিপাসা হয়, নাড়ীর স্পন্দনের দুর্ব্বলতা ও অনিয়মিতভাব দেখা যায়। আঠার ঘণ্টা হইতে বাহাত্তর ঘণ্টার মধ্যে বিষাক্ত ব্যক্তির মৃত্যু হয়। শেঁখো বিষের বিষক্রিয়া ও ওলাউঠার লক্ষণ সাধারতঃ এক প্রকার। শেঁখো বিষের বিষক্রিয়ার লক্ষণের মধ্যে উল্লিখিত লক্ষণ গুলিই সবিশেষ প্রয়োজনীয়।

ইহার প্রতিকারের বিধান,—ষ্টমাক-পাম্প নামক নলবিশেষ দ্বারা আমাশয় ধৌত করা অত্যন্ত আবশ্যক। সর্ষপ চূর্ণ গরম জলে মিশাইয়া পান করাইলে তাহা দ্বারা বমি হয় এবং উদরস্থ বিষ বহিষ্কৃত হইয়া যায়। দুগ্ধ ও স্নিগ্ধ দ্রব্যাদি পান করিতে দেওয়া উচিত। তদ্দ্বারা প্রদাহ প্রশমনের সহায়তা হইতে পারে। ম্যাগনেসিয়া ইমাল্‌সস্ অথবা ডায়েলাইজ্‌ড্ আইরণ নামক ঔষধও পাশ্চাত্য চিকিৎসকগণ ব্যবহার করিয়া থাকেন।

শেঁখো বিষের ধূমাতে বা আঘ্রাণেও বিষক্রিয়া জন্মিতে পারে। তাহার ফলে চক্ষু ও অন্ত্রের প্রদাহ এবং তজ্জনিত উদরাময় প্রভৃতি পীড়া পরিলক্ষিত হয়। শেঁখো বিষ সেবনে অভ্যাসিত লোকও দেখিতে পাওয়া যায়। ইহারা অধিক পরি-মাণে শেখোঁ বিষ সেবন করিয়াও অবলীলাক্রমে উহা সহ্য করিতে পারে। উগ্রতাজনক বিষসমূহের মধ্যে শেঁখো বিষের ক্রিয়া অতি ভয়ানক।

২। সীসক—সীস ধাতুতে যে সকল বিষলক্ষণ প্রকাশ পায় সেই সকল লক্ষণ সবিশেষ সাংঘাতিক নহে এবং সহসা তাহাতে রোগীর মৃত্যুও ঘটে না। জীবদেহে সীসের বিষ অতি ধীরে ধীরে কার্য্য করে। তাহার ফলে পক্ষাঘাত ও শূলরোগ জন্মে। চিত্রকর ও প্লাম্বার প্রভৃতিকে সীসের বিষে নিপীড়িত হইতে দেখা যায়। সীস-শূল একটী অতি কষ্ট দায়ক ব্যাধি। ইহাতে নাভির পার্শ্বে প্রবল বেদনা হয়, দুর্নিবার্য্য কোষ্ঠবদ্ধ রোগে রোগী যাতনা পায়। মাড়ীর ধারে কৃষ্ণবর্ণ দাগসমূহ পরিলক্ষিত হয়। রেচক ঔষধ অহিফেন এবং আইডাইড্ অব পোটাসিয়াম প্রভৃতি দ্বারা সীসক বিষের প্রতিকার করা হয়।

সীসক বিষের আর একটী লক্ষণ এই যে, উহাতে হাত কাঁপে ও হাত অবশ হইয়া যায় এবং বাহু শুষ্ক হইয়া পড়ে। তড়িৎযন্ত্র-সংযোগে ইহার প্রতিকার করা হইয়া থাকে। পোটাসিয়াম আইডাইড সেবন করান বিধেয়। বলকারক ঔষধসমূহও ব্যবস্থেয়। এই সকল প্রক্রিয়ায় প্রতিকার না হইলে দৈহিক যন্ত্রাদি ধীরে ধীরে বিকৃত হইয়া রোগীর জীবননাশ হয়।

তামা—তাম্রও এক ভীষণ বিষ। তামা হইতেই তুঁতিয়ার উৎপত্তি। তুঁতিয়া উদরস্থ হইলে বমির উপদ্রব আরম্ভ হয়। একতোলা পরিমিত তুঁতিয়াতেও বিষ ক্রিয়া ঘটে। শিশুদের পক্ষে অল্প মাত্রাও অহিতকর। বমিই তুঁতিয়ার প্রধান লক্ষণ। উদ্গান্ত পদার্থ গুলি তুতিয়ার বর্ণ ধারণ করে। মাথাধরা, পেটে ব্যাথা ও উদারময় প্রভৃতি তুতিয়ার বিষলক্ষণ। তুতিয়ায় শূল ব্যাথার ন্যায় ব্যাথাও অনুভূত হয় এবং হাতে ও পায়ে খেচুনী আরম্ভ হইয়া থাকে। দুই ড্রাম মাত্রা তুতিয়া উদরস্থ হওয়াতে অনেকের এই দুর্লক্ষণ দেখা গিয়াছে। তুতিয়ার বিষে ধনুষ্টঙ্কারের লক্ষণও দেখিতে পাওয়া যায়। চিকিৎসকেরা বমি করাইবার

উদ্দেশ্যে ৩।৪ গ্রেইন তুতিয়া ব্যবহার করিয়া থাকেন। বমির সঙ্গে তুতিয়ার বিষও দেহ হইতে বহির্গত হইয়া যায়। যদি কিঞ্চিদবশিষ্ট থাকে তবে ষ্টমাক পাম্প দ্বারা আমাশয়াদি পরিষ্কৃত করিয়া স্নিগ্ধ দ্রব্যাদি পান করিতে দেওয়া কর্ত্তব্য।

৪। জিঙ্ক্ ও বেরিয়াম প্রভৃতিও উগ্র বিষের ন্যায় ক্রিয়া প্রকাশ করে। এতদ্দ্বারা বমি ও উদরাময় প্রভৃতি বিষ লক্ষণ প্রকাশ পায়।

৫। বাইক্রোমেট-অব-পটাশ—ভয়ানক বিষ। ইহা সাধারণতঃ ব্যবহৃত হয় না এবং সর্ব্বত্র পাওয়াও যায় না। এই বিষ দ্বারাও অন্ত্রপ্রদাহজনিত উদরাময় ও আমাশয় প্রদাহ-জনিত বমির উপদ্রব ঘটিয়া থাকে।

(৬) ফসফরাসও বিষ-শ্রেণীর অন্তর্ভুক্ত। ইহার যথেষ্ট দাহকতা শক্তি আছে। অস্থির উপরেই ইহার বিষ-ক্রিয়া প্রকাশ পাইয়া থাকে। ইহা উদরস্থ হইলে আমাশয়ে ও অন্ত্রে জ্বালা ও বেদনা অনুভূত হয়, বমি ও অতিসার লক্ষণ প্রকাশ পাইয়া থাকে। ফসফরাস দ্বারা এই সকল দুর্লক্ষণ ঘটিয়াছে কি না, অন্ধকার গৃহে বমি গুলি লইয়া গেলেই তাহা বুঝা যাইতে পারে। বমির সহিত যে ফসফরাস বহির্গত হয় অন্ধকারে তাহা উজ্জ্বল দেখায়।

ফসফরাসের বিষে যকৃৎ খারাপ হইয়া যায় এবং তজ্জন্য কামলারোগ জন্মে। তার্পিণতৈলই এই বিষের প্রতিষেধক বলিয়া গণ্য। ৩০ ফোটা পরিমাণ তার্পিণ তৈল ব্যবহার করা যাইতে পারে। অবস্থাভেদে ৬০ ফোঁটাও ব্যবহার করা যায়। শিশু সন্তানগুলি ম্যাচ বা বিলাতী দেশলাইর কাঠি মুখে দিয়া এই বিষ উদরস্থ করে।

(৭) জয়পালের তৈল ও ইলেটেরিয়াম প্রভৃতি দ্বারাও ওলা-উঠার ন্যায় লক্ষণ সকল প্রকাশ পাইয়া থাকে।

(৮) জান্তব বিষের মধ্যে ক্যান্থারিজ বিশেষ কষ্টদায়ক। ইহাতে বমি হয়, প্রস্রাব করিতে জ্বালা ও ক্লেশানুভব হয়। এমন কি, অনেক স্থলে আদৌ প্রস্রাব হয় না। ক্যান্থারিজ উদরস্থ হইলে স্বতঃই বমি হয়। স্নিগ্ধ পানীয় পান এই অবস্থায় উপা-দেয়। অহিফেন ইহার প্রতিকারের একটা প্রধান ঔষধ। অধোদেশে অহিফেনের সার (মর্ফিয়া) পিচকারী সহযোগে প্রবিষ্ট করিয়া দিলে মূত্রনালীর উপদ্রবের শান্তি হয়।

স্নায়ুবিকারী বিষ (Neurotics)

এক শ্রেণীর বিষ স্নায়ুবিকার জনক। যে সকল বিষকে এই শ্রেণী ভুক্ত করা হইয়াছে সেই সকল বিষের পরস্পরের ক্রিয়ার এত পার্থক্য আছে যে, তাহাদের বহুল উপবিভাগে বিভক্ত করিয়া ভিন্ন ভিন্ন নামে অভিহিত করা যাইতে পারে। এস্থলে এই সকল বিষের শ্রেণীবিভাগ না করিয়া তাহাদের মধ্যে কতিপয় প্রধান প্রধান দ্রব্যের নামোল্লেখ ও বিষ-লক্ষণাদি বিবৃত করা যাইতেছে।

১। প্রাসিক বা হাইড্রোসিয়ানিক এসিড—হাইড্রো-সিয়ানিক এসিড অতি ভয়ঙ্কর বিষ। বিদ্যুৎ যেমন আশুপ্রাণ সংঘাতক, ইহাও ঠিক তদ্রূপ। ঔষধের দোকানে যে হাইড্রো-সিয়ানিক এসিড ক্রয় করিতে পাওয়া যায়, উহা বিমিশ্রিত অবস্থায় থাকে এবং উহাতে সাধারণতঃ শত করা ২ ভাগ খাটি হাইড্রোসিয়ানিক এসিড আছে। এই পরিমাণের হাইড্রো-সিয়ানিক এসিডই ঔষধার্থে ব্যবহৃত হয়। ঔষধার্থ যে হাইড্রো-সিয়ানিক এসিড ব্যবহৃত হয়, উহার মাত্রা পাঁচ মিনিমের অধিক নহে। এক ড্রামের কম মাত্রা সেবনেও ইহাতে মৃত্যু হইতে পারে। এক সেকেণ্ড সময়ের মধ্যে সমগ্রদেহে ইহার বিষক্রিয়া প্রকাশ পায়; মুহূর্ত্তমাত্র শ্বাসকষ্ট অনুভূত হওয়ার পরেই হৃৎ-পিণ্ডের ক্রিয়ার হ্রাস হইয়া পড়ে। চক্ষের মণি প্রসারিত, দেহের অঙ্গপ্রত্যঙ্গ সকল ভয়ানকভাবে আক্ষিপ্ত এবং শ্বাসের গতি অনিয়মিতরূপে প্রবাহিত হয়, বদনমণ্ডল নীলাভ বর্ণ ধারণ করে। মাংসপেশী সকল অসাড় হওয়ায় বিষপীড়িত ব্যক্তি আর মুহূর্ত্তের তরেও আপন বশে বসিয়া থাকিতে পারে না। অতঃপর প্রবল শ্বাসকষ্ট, নাড়ীলোপ এবং দেহের সর্ব্ব-প্রকার ক্রিয়া রোধ হইয়া যায়। এ অবস্থায় অবিলম্বেই মৃত্যু ঘটিয়া থাকে। হাইড্রোসিয়ানিক এসিডের গন্ধ মৃত ব্যক্তির মুখ ও দেহ হইতে উদ্গীর্ণ হইয়া থাকে।

প্রতিকারের ব্যবস্থা—উগ্র এমোনিয়ার আঘ্রাণ লইতে এবং পর্য্যায় ক্রমে শীতল ও ঈষদুষ্ণ জল পান করিতে দেওয়া, অঙ্গপ্রত্যঙ্গাদিতে হস্তসঞ্চালন দ্বারা রক্তসঞ্চালনের এবং কৃত্রিম শ্বাসপ্রশ্বাস চালনের উপায় বিধান করাই ইহার প্রতিকার। চর্ম্মের নীচে এট্রোপিনের পিচকারী দ্বারাও হৃৎপিণ্ডের ক্রিয়া উত্তেজিত করা যাইতে পারে এবং তাহাতে উপকারও হইতে পারে।

(২) অহিফেন—অহিফেন এদেশের আত্মহত্যার এক প্রধান-তম বিষ। ঔষধার্থেও অহিফেনের বিবিধ প্রকার প্রস্তুতি ব্যবহৃত হইয়া থাকে; তন্মধ্যে মর্ফিয়াই সর্ব্বপ্রধান। মর্-ফিয়া অহিফেনের সার। অহিফেন হইতেই এপোমরফাইন, কোডিন, এপোকোডিন, নারসিন, নারকোটিন প্রভৃতি বিবিধ প্রকার বিষজনক সার প্রাপ্ত হওয়া যায়। ইহা হইতে এম্প্লাষ্ট্রাম অপিয়াই, একষ্ট্রক্ট অপিয়াই, একষ্ট্রক্ট অপিয়াই-লিকুইড্রাম, টিং অপিয়াই প্রভৃতি প্রস্তুত হইয়া থাকে। এতদ্ব্যতীত ডোভার্স

পাউডার প্রভৃতি আরও বহুবিধ ঔষধের সহিত সংমিশ্রিত অহিফেনজাত ঔষধ পাশ্চাত্য চিকিৎসায় ব্যবহৃত হয়।

মরফিয়া হইতেও অনেক প্রকার ঔষধ প্রস্তুত হইয়া থাকে। তন্মধ্যে ওলিয়াম মর্ফিয়া, মর্ফিণী এসিটাস্, লাইকর মর্ফিয়া এসিটেটিস, মর্ফিণী হাইড্রোক্লোমাইডম্, মর্ফিয়া হাইড্রোক্লোরাইড্, লাইকার মর্ফিয়া হাইড্রোক্লোরাইড্, লিংটাস মরফিণী, ট্রচিসাই মর্ফিণী, মরফিণী মিকোনাস, লাইকার মর্ফিণী বাইমেকোনেটিস্ মরফিণী সালফাস, লাইকার মরফিণী সালফেটিস্, মর্ফিয়া টারট্রাস, লাইকর মরফিয়া টারট্রাস্ প্রভৃতির নাম উল্লেখযোগ্য। এতদ্ব্যতীত অধুনা মরফিয়া হইতে ডাইওনিন্, হিরোইন্ ও পেরোইন্ প্রভৃতি আরও কতকগুলি ঔষধ প্রস্তুত হইয়া ব্যবহৃত হইতেছে।

অহিফেন পূর্ণ বয়স্কের পক্ষেও দুই গ্রেণের অধিক মাত্রায় ব্যবহার করা বিধেয় নহে। মরফিয়ার মাত্রাও সাধারণতঃ এক তৃতীয়াংশ গ্রেইণ। হিরোইন্ প্রভৃতি আরও কম মাত্রায় ব্যবহৃত হয়। এক গ্রেণের এক দ্বাদশাংশ মাত্রায় হিরোইন্ ব্যবহৃত হইয়া থাকে।

অভ্যাসের ফলে, অহিফেন ও মরফিয়া কেহ কেহ খুব অধিক মাত্রায় ব্যবহার করিয়া থাকে। বালকদের পক্ষে অহিফেন ভয়ানক বিষ। অতি অল্প মাত্রাতেও উহারা অচেতন হইয়া পড়ে। শিশুদের পক্ষে ইহা আদৌ ব্যবহার্য্য নহে। অহিফেনের বিষে প্রথমতঃ মস্তিষ্কে রক্তসঞ্চয় হয়, মুখমণ্ডল নীলাভ হইয়া উঠে, রক্তসঞ্চালনে বাধা উপস্থিত হওয়াই এইরূপ নীলিমভাবের কারণ। চক্ষুর মণি নিরতিশয় সঙ্কুচিত হইয়া যায়। চর্ম্ম বিশুষ্ক ও গরম হয়। শ্বাস মন্দ ও ভারাক্রান্ত হইয়া পড়ে। চৈতন্য বিলুপ্ত হইতে থাকে, এ অবস্থায় মাথা ধরিয়া নাড়িলে অথবা কাণের নিকট উচ্চ শব্দ করিলে চৈতন্য সম্পাদিত হয়। এই অবস্থাতেও যদি বিষের ক্রিয়া বিনষ্ট না হইয়া যায়, তবে ঘোরতর তন্দ্রা উপস্থিত হয়, তখন কোন প্রকারেই আর চৈতন্য সম্পাদন করা যায় না। ঘর্ম্ম হইতে থাকে। শ্বাসগতির বৈষম্য উপস্থিত হয়, নাড়ী দ্রুত গতিবিশিষ্ট ও দুর্ব্বল হইয়া পড়ে, অবশেষে একেবারেই বিলুপ্ত হইয়া যায়। এইরূপে ক্রমে মৃত্যু ঘটিয়া থাকে।

প্রতিকার ব্যবস্থা—ইহার প্রথম চিকিৎসা, বমি করান। ষ্টমাক পাম্পের সাহায্যে এই কার্য্য সুচারুরূপে সম্পাদিত হইতে পারে। বিষপীড়িত ব্যক্তি যাহাতে ঘুমাইয়া না পড়ে তজ্জন্য উহাকে ইতস্ততঃ হাটাইতে হয়। বক্ষের উপরে পর্য্যায়ক্রমে গরম ও শীতল জলের ডুস প্রয়োগ করা বিধেয়, কাণের নিকট সর্ব্বদা উচ্চ শব্দ করিয়া স্নায়ুমণ্ডলী উত্তেজিত রাখিতে হয়। ভিজা গামছা দ্বারা হাত ও পা আঘাত করা কর্ত্তব্য। তাড়িত প্রবাহ প্রয়োগেও উপকার হইয়া থাকে। দেহে হস্ত-সংঘর্ষণ করিয়া রক্তসঞ্চালন সংরক্ষণ করা কর্ত্তব্য। এমোনিয়া ও আলকোহল পানীয় রূপে ব্যবহার্য্য। কফির পানীয়ও উপকারজনক। শ্বাসগতিতে বৈষম্য উপস্থিত হইলে কৃত্রিম শ্বাস প্রশ্বাস সঞ্চালনের উপায় করিতে হয়। এট্রোপিয়া পূর্ণমাত্রায় ত্বকের নিম্নে প্রক্ষেপ (Hypodermic injection) করিলে সবিশেষ উপকার পাওয়া যায়। ষ্ট্রীকনিয়াও অহিফেন বিষের প্রতিষেধক।

৩। ষ্ট্রীক্‌নাইন—ইহা উদ্ভিজ্জ বিষ। বিবিধ উদ্ভিদ হইতে ষ্ট্রীকনিয়ার উৎপত্তি হয়। কুচিলার মধ্যে যথেষ্ট পরিমাণ ষ্ট্রীকনিয়া আছে। ধনুষ্টঙ্কারে যে সকল লক্ষণ প্রকাশ পায়, ষ্ট্রীকনিয়া বিষের লক্ষণও তাদৃশ। ইহাতে অঙ্গুলী, গুল্‌ফ, উদর, হৃদয়, বক্ষ, ও গলদেশ আকৃষ্ট হওয়ায় রোগীর দৃষ্টি স্তম্ভিত হয়, হনুরোধ হইয়া থাকে, গলার পশ্চাৎভাগ কঠিন হইয়া উঠে, রোগী ধনুকের ন্যায় বক্র হইয়া আক্ষিপ্ত হয়। কিয়ৎক্ষণ বিরামের পরে আবার এই লক্ষণ উপস্থিত হয়। একটুকু সঞ্চালনে বা অপরের স্পর্শে তৎক্ষণাৎ উক্ত লক্ষণ প্রকাশ পায়, অবশেষে স্নায়ুমণ্ডলী অবসন্ন হইয়া পড়ে, যন্ত্রাদির ক্রিয়া বিলুপ্ত হয়, রোগী অচিরে মৃত্যুমুখে পতিত হয়।

প্রতিকার—হাইড্রেট অব্ ক্লোরাল ও ক্লোরোফরম প্রয়োগে এই বিষের চিকিৎসা করা বিধেয়।

৪। একোনাইট—ইহাও উদ্ভিদ্‌বিষ। একোনাইট অতি ভয়ঙ্কর বিষ। ইহার এক গ্রেণের ষোল ভাগের এক ভাগেও লোকের মৃত্যু ঘটে। ইহাতে শরীরে জ্বালা ঝিম্‌ঝিমানি ভয়ানক বমি, স্নায়ুমণ্ডলীর গতি ও জ্ঞানক্রিয়া নিরুদ্ধ হয়, হৃৎপিণ্ড অবসন্ন হইয়া পড়ে, মূর্চ্ছায় রোগীর মৃত্যু ঘটে। কিন্তু কখনও জ্ঞানের বৈষম্য ঘটে না।

প্রতিকার—ডিজিট্যালিস একোনাইটের বিষক্রিয়ার বিনাশক। সুতরাং ডিজিট্যালিন নামক বীর্য্য, চর্ম্মের নীচে প্রক্ষেপ করিয়া ইহার চিকিৎসা করা বিধেয়।

৫। বেলোডনা—ধুতুরা জাতীয় এক প্রকার উদ্ভিদ্‌বিষ। ইহাতে চক্ষুর মণি প্রসারিত, নাড়ীর গতি দ্রুত ; চর্ম্ম উত্তেজিত ও উষ্ণ, গলায় ক্ষত, কোন দ্রব্য গলাধঃকরণ করিতে নিদারুণ ক্লেশবোধ, নিরতিশয় পিপাসা ও প্রলাপ উপস্থিত হইয়া থাকে। ইহার বীর্য্যের নাম—এট্রোপিন।

প্রতিকার—ষ্টমাক পাম্প দ্বারা বিষ বহিষ্কৃত করিতে হয়। মর্ফিয়া ইহার প্রতিষেধক। অধস্ত্বকে মর্ফিয়ার প্রক্ষেপ (Hypodermic injection) দ্বারা ইহাতে যথেষ্ট উপকার হয়।

বায়বীয় বিষ।

১। ক্লোরিণ ও ব্রোমিন্—এই দুই বায়বীয় বিষ ভয়ানক উগ্রতাজনক। নিঃশ্বাসের সহিত এই দুই বায়বীয় বিষ কণ্ঠে প্রবিষ্ট হইলে, কণ্ঠনালীতে ভয়ানক আক্ষেপ উপস্থিত হয়। শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীতে প্রদাহ উৎপাদন করে। ইহা দ্বারা অচিরে মৃত্যু ঘটে।

প্রতিকার—এমোনিয়ার বাষ্প আঘ্রাণ উপকারজনক।

২। হাইড্রোক্লোরিক এসিড-গ্যাস—হাইড্রোক্লোরিক ও হাইড্রোফ্লোরিক এসিড এই উভয় পদার্থের গ্যাসই উগ্রতাজনক এবং সংঘাতক। শিল্পাদির কারখানায় সময়ে সময়ে এই বিষে বিষাক্ত হইয়া অনেক লোকের মৃত্যু ঘটিয়া থাকে। ইহার প্রতিক্রিয়াও পূর্ব্ববৎ।

৩। সালফারাস এসিড-গ্যাস—গন্ধক জ্বালাইলে তাহা হইতে এই গ্যাস উৎপন্ন হয়। ইহা উগ্রতাজনক ও শ্বাসরোধক। এতদ্দ্বারাও কণ্ঠনালী আক্ষিপ্ত হইয়া থাকে। এমোনিয়ার বাষ্প আঘ্রাণ দ্বারা প্রতিক্রিয়া বিধেয়।

৪। নাইট্রাস্ ভেপার—গ্যালভানিক ব্যাটারী হইতে এই গ্যাস উৎপন্ন হইয়া থাকে। এই বাষ্প ফুস্‌ফুসে প্রবিষ্ট হইলে ফুসফুসপ্রদাহ জন্মে এবং অচিরেই মৃত্যু ঘটে।

৫। কার্ব্বনিক-এসিড গ্যাস—ইহা বায়ু অপেক্ষা অনেক ভারী এবং বায়ুর সহিত ফুসফুসে প্রবিষ্ট হইলে প্রাণসংঘাতক হইয়া থাকে। কাষ্ঠাদি জ্বালানের সময়েও এই বিষপদার্থ উৎপন্ন হয়। এই ভীষণ বিষবায়ু দেহে প্রবিষ্ট হইলে অচিরেই মৃত্যু ঘটিয়া থাকে। পুরাতন কূপাদি ও আবদ্ধ নর্দ্দমাদিতে এই বিষ সঞ্চিত থাকে। তাদৃশ স্থলে প্রবিষ্ট ব্যক্তি এই বিষে তৎক্ষণাৎ মৃত্যুমুখে পতিত হয়। গৃহে কেরোসিনাদি জ্বালাইয়া বায়ুপ্রবেশ পথ রুদ্ধ করিয়া গৃহে অবস্থান করিলে এই বিষ অধিক পরিমাণে দেহে প্রবিষ্ট হইয়া সদ্য সদ্যই প্রাণ বিনষ্ট করিয়া ফেলে।

প্রতিকার—বক্ষে পর্য্যায়ক্রমে শীতল ও উষ্ণ জলধারা প্রয়োগ, দৈহিক রক্তসঞ্চালনের নিমিত্ত হস্তদ্বারা দেহ সংঘর্ষণ এবং কৃত্রিম শ্বাসের উপায় সাধন করা একান্ত কর্ত্তব্য।

৬। কার্ব্বনিক অক্সাইড গ্যাস—ইহাতে বিশুদ্ধ কার্ব্বনিক এসিড থাকাতেই এতদ্দ্বারা বিষলক্ষণ উপস্থিত হইয়া থাকে। কার্ব্বনিক অক্সাইড রক্তের হিমগ্লোবিনের সহিত দৃঢ়রূপে বিমিশ্রিত হইয়া থাকে। উহাতেই মৃতদেহের রক্তের বর্ণ অধিকতর সমুজ্জ্বল দেখায়। ইহার প্রতিক্রিয়া পূর্ব্ববৎ। কার্ব্বনমনক্সাইড মিশ্রিত বায়ু আঘ্রাণে তৎক্ষণাৎ মৃত্যু।

৭। কোল গ্যাস—ইহাদ্বারা শ্বাসরোধ ও জ্ঞান বিলুপ্ত হয়। ইহার চিকিৎসাও কার্ব্বনিক এসিডের বিষ চিকিৎসার ন্যায়।

৮। সলফারেটেড্ হাইড্রোজেন গ্যাস—ইহা ভয়ঙ্কর বায়বীয় বিষ। এই বিষবায়ু ঘনীভূত মাত্রায় দেহে প্রবিষ্ট হইলে তৎক্ষণাৎ প্রাণনাশ হইয়া থাকে। শ্বাসরোধ ইহার প্রধান লক্ষণ। বায়ুর সহিত বিমিশ্রিত হইয়া দেহে প্রবিষ্ট হইলেও এতদ্দ্বারা শূল, বিবমিষা, বমি ও তন্দ্রা উপস্থিত হইয়া থাকে। শ্বাসমন্দতা ও ঘর্ম্ম প্রভৃতি দুর্ল্লক্ষণ ক্রমশঃ প্রকাশ পায়। রক্তের লালকণিকাগুলি বিশ্লিষ্ট হইয়া পড়ে। এই অবস্থায় হস্তদ্বারা দেহঘর্ষণ, উষ্ণতাপ্রয়োগ এবং উত্তেজক ঔষধাদি ব্যবহার্য্য। কেহ কেহ মনে করেন, ক্লোরিন্‌গ্যাস যখন রাসায়নিক হিসাবে সালফারেটেড্ হাইড্রোজেন গ্যাসের প্রতিদ্বন্দ্বী, তখন এই ক্লোরিণ গ্যাসের ঘ্রাণের দ্বারা উহার বিষক্রিয়া নষ্ট করা যাইতে পারে। কিন্তু ক্লোরিন্‌গ্যাস প্রয়োগের সময়ে ইহাও মনে রাখিতে হইবে যে ক্লোরিন্‌গ্যাস নিজেও ভয়ানক বিষ। সুতরাং কোনক্রমেই যেন অধিক মাত্রায় বা অসাবধানভাবে উহার ব্যবহার না হয়।

৯। নাইট্রস অক্সাইড ও ক্লোরোফরম প্রভৃতি বহুল দ্রব্য স্পর্শ ও চৈতন্যাপহারক এবং সেই উদ্দেশ্যেই উহারা ব্যবহৃত হইয়া থাকে। শ্বাসরোধ সংঘটন করাই এই সকল বিষের কার্য্য।

প্রতিকার—কৃত্রিম শ্বাসপ্রশ্বাস ও তাড়িত প্রবাহ দ্বারা এই অবস্থায় প্রতিকার করা বিধেয়।

১০। হাইড্রোকার্ব্বন সমূহের বাষ্প—বেন্‌জোলিন, পিট্রোলিয়াম প্রভৃতি হইতে যে বায়বীয় পদার্থ উদ্গীর্ণ হয়, তদ্দ্বারাও বিষক্রিয়া সংঘটিত হইয়া থাকে। এই সকল বায়বীয় বিষে শ্বাসরুদ্ধ হইয়া মৃত্যু ঘটে।

প্রতিকার—কৃত্রিম শ্বাসপ্রণালী অবলম্বন ও তাড়িত প্রবাহ এই অবস্থায় প্রতিকারের ব্যবস্থা।

দৈহিক বিষ।

জীবদেহের অভ্যন্তরেই বহুল বিষপদার্থ বিদ্যমান রহিয়াছে। সুনিপুণা দেহ-প্রকৃতি স্বীয় সুবিধানের দ্বারা প্রতিনিয়ত সেই সকল বিষ দেহ হইতে অপসারিত করিয়া জীবদিগকে মৃত্যুর করাল কবল হইতে রক্ষা করিতেছে। এই সকল বিষের মধ্যে আমরা কার্ব্বনিক এসিডের কথা ইতঃপূর্ব্বে বলিয়াছি। বলা বাহুল্য যে দেহস্থ কার্ব্বনিক এসিড অতি সংঘাতক পদার্থ। ফুস্‌ফুস্ ও চর্ম্মপথে কার্ব্বনিক এসিড অনেক পরিমাণে বহির্গত হয় বলিয়া আমাদের স্বাস্থ্য ও জীবন অব্যাহত থাকে। কোন কারণে কার্ব্বনিক এসিডের নির্গম অবরুদ্ধ হইলে তৎক্ষণাৎ দেহ রাজ্যে ভীষণ বিশৃঙ্খলা উপস্থিত হয় এবং সহসা মৃত্যুর লক্ষণ প্রকাশ পায়।

কার্ব্বনিক এসিড

অপর বিষ-পদার্থ ইউরিয়া (Urea)। বৃক্কক নামক মূত্র-কারক যন্ত্রদ্বয় অবিরত দেহ হইতে মূত্রপথে এই বিষ শরীর হইতে অপসারিত করিয়া দিতেছে। যদি কোন কারণ বশতঃ দৈহিক রক্তের সহিত এই পদার্থ অধিক পরিমাণে বিমিশ্রিত হইয়া যায়, তাহা হইলে রোগী অচেতন এবং ঘোরতর তন্দ্রায় অভিভূত হইয়া পড়ে ও তাহাতে প্রায়শঃই মৃত্যু ঘটিয়া থাকে।

ইউরিয়া

অপরবিষ—পিত্ত। দেহের রক্তের সহিত পিত্ত বিমিশ্রিত হইয়া কামলা প্রভৃতি রোগ জন্মায়। স্নায়বীয় যন্ত্র সমূহ বিকৃত হইয়া পড়ে। মানসিক শক্তি বিনষ্ট হয়। রোগী অজ্ঞান অবস্থায় মৃদু মৃদু প্রলাপ বকিতে বকিতে শেষে একেবারে অচৈতন্য হইয়া পড়ে।

পিত্ত

এইরূপ বিবিধ রোগোৎপাদক দৈহিক উপাদান দ্বারাও অনেক প্রকারে দেহ বিষার্ত্ত হইয়া পড়ে। প্রাচ্য ও প্রতীচ্য চিকিৎসকগণ সিদ্ধান্ত করেন যে, দৈহিক পদার্থের মধ্যেই বহুবিধ রোগের কারণ নিহিত আছে। এমন কি, দৈহিক শর্করা প্রভৃতি অতিরিক্ত মাত্রায় শোণিতে বিমিশ্রিত হইলেও দেহের স্বাস্থ্য বিনাশ করিয়া সাংঘাতিক রোগের সৃষ্টি করে।

বিষাণু (Toxins)

অধুনা ব্যাকটেরিওলজী নামে জীবাণু ও উদ্ভিদাণুতত্ত্বের যে অভিনব বৈজ্ঞানিক আন্দোলন হইতেছে, তাহাতে কতকগুলি জীবাণু ও উদ্ভিদাণু যে মানবদেহের পক্ষে ভয়ানক বিষ তাহা বিশিষ্টরূপে সপ্রমাণ হইয়াছে। উক্ত বৈজ্ঞানিকগণের গবেষণায় স্থিরীকৃত হইয়াছে যে, ওলাউঠা, প্লেগ, টাইফয়েড জ্বর, ধনুষ্টঙ্কার, বসন্ত প্রভৃতি সংঘাতক রোগসমূহ এই সকল জীবাণু ও উদ্ভিদাণু (Pathogenic germ) বিষেরই ক্রিয়ামাত্র।

ঐ সকল রোগবীজাণু আহার্য্য, পানীয় বা বায়ুর সহিত দেহাভ্যন্তরে প্রবেশ করিলে, অথবা দেহসংস্পৃষ্ট হইলে ঐ সকল রোগের লক্ষণসমূহ প্রকাশ পায় এবং উহা ক্রমেই ভীষণতর হইয়া রোগীর জীবননাশ করে। অধুনা অধিকাংশ ব্যাধিই রোগবীজাণুর দেহপ্রবেশের বিষময় ফল বলিয়া অবধারিত হইয়াছে।

এই সকল সংঘাতক বিষের কার্য্যধ্বংসের নিমিত্ত আধুনিক বৈজ্ঞানিক প্রক্রিয়ায় এণ্টি-টক্‌সিন সিরাম (Antitoxin Serum) নামে বহুপ্রকার বিষঘ্ন দ্রব্য প্রস্তুত হইতেছে। এই সকল "সিরাম্" পদার্থই এক্ষণে উক্ত সংঘাতক রোগসমূহের বৈজ্ঞানিক বিষঘ্ন ঔষধ বলিয়া স্থিরীকৃত হইয়াছে।

ভারতবর্ষ জাত উদ্ভিজ্জ বিষের তালিকা।

১। কাষ্ঠবিষ—ইহা পাশ্চাত্য উদ্ভিদ্‌বিজ্ঞানে একোনাইট নামে প্রসিদ্ধ। এদেশে অনেক প্রকার কাঠবিষ দেখিতে পাওয়া যায়। পাশ্চাত্য উদ্ভিদ্‌বিজ্ঞানবিৎ পণ্ডিতগণ এদেশে একোনাইটাম ফেরক্স, একোনাইটাম নেপীলাস, একোনাইটাম পামেটাম, একোনাইটাম হিটারোফাইলাম প্রভৃতি বহুপ্রকার বৃক্ষে কাঠবিষ বা একোনাইটের প্রভাব দেখিতে পাইয়াছেন। এই বিষের বিবরণ ইতঃপূর্ব্বে লিখিত হইয়াছে।

২। দাদমারি বা বন মরিচ (Ammannia vesicatoria) এই বৃক্ষের পত্র দাহক-বিষ। এই পত্রদ্বারা ফোস্কা পড়ে।

৩। কাকমারি—(Anamirta Cocculus)। কাকমারি অল্পমাত্রায় বিষলক্ষণ প্রকাশ না করিলেও অধিক মাত্রায় ব্যবহৃত হইলে এতদ্দ্বারা বিষক্রিয়া প্রকাশ পায়। ইহার বীজে বিষ থাকে। ইহার বীজে পাইক্রো-টক্‌সিন নামক বিষ থাকে।

৪। কুর্কনী—(Andrachne Cordifolia)। এই উদ্ভিদ পঞ্জাব অঞ্চলে জন্মে। ইহা গবাদির মারাত্মক বিষ। চামারেরা এই বিষ গবাদি পশু মারিবার নিমিত্ত ব্যবহার করিয়া থাকে।

৫। কিরাণু—(Arisæma Speciosum)। পঞ্জাবপ্রদেশে এই উদ্ভিদ দেখিতে পাওয়া যায়। ইহার মূল বিষময়।

৬। জেবরুজ্; হিন্দি নাম—লক্ষণা—(Atropa Belledonna)। ইহাতে ধুস্তূর বীর্য্য আছে, তজ্জন্যই ইহাতে বিষক্রিয়া প্রকাশ করে।

৭। কুলবুদ বা বন-থৈ—(Avena fatua)। এই উদ্ভিদ সিমলা পাহাড়ে, বাঙ্গালায় ও দাক্ষিণাত্যে জন্মে।

৮। দন্তী—(Baliospermum montanum)। দন্তীর বীজ উগ্রতাজনক। ইহা সেবন করিলে জয়পালের বীজের ন্যায় ভেদবমি হয়। ইহার অপর নাম তামালগোটী। ইহার তৈল বাতরোগে ব্যবহৃত হইয়া থাকে।

৯। চিকরী—(Buxus Sempervirens)। ইহা এক-প্রকার বিষক্রিয়াজনক উদ্ভিদ। হিমালয়প্রদেশে এই উদ্ভিদ জন্মে।

১০। অলর্ক—(Calatropis Procera)। ইহা ভয়ানক বিষ। ইহা হইতে দুগ্ধের ন্যায় যে পদার্থ নিঃসৃত হইয়া থাকে তদ্দ্বারা ভ্রূণহত্যা করা হয়। ইহার একড্রাম পরিমাণে সেবন করাইলে ১৫ মিনিটের মধ্যে একটা কুকুর নিহত হয়।

১১। গাঁজা—(Cannabis Sativa)। ইহাদ্বারা উন্মত্ততা জন্মে। গাঁজার বীর্য্যের নাম ক্যানাবিন (Cannabene)। ইহা-দ্বারা মূর্চ্ছা ও মৃত্যু ঘটে।

১২। ঢাকুর—(Cerbera odollam) ইহাদ্বারা বমি ও ভেদ হয় এবং বমি ও ভেদাধিক্যবশতঃ মৃত্যু ঘটিয়া থাকে।

১৩। মাকেলা (হিন্দি)—(Coriaria nepalensis)

এই উদ্ভিদ মণিপুর, ব্রহ্ম ও ভুটানে জন্মে। ইহা দেহে প্রবিষ্ট হইলে ধনুষ্টঙ্কারের ন্যায় বিষলক্ষণ প্রকাশ করে।

১৪। জয়পাল—(Croton Tiglium)। জয়পাল ভয়ঙ্কর ভেদবমিকারক। ইহার বিষয় পূর্ব্বে উল্লিখিত হইয়াছে।

১৫। ধুতূরা—ধুতূরাবিষের দ্বারা মোহ ও উন্মত্ততা জন্মে। পশ্চিম ও দক্ষিণ ভারতের অনেকস্থলে এই বিষের প্রয়োগবিধি দেখিতে পাওয়া যায়। ইহা দুই প্রকার—Datura Fastuosa এবং Datura Stramonium আয়ুর্ব্বেদেও ইহার দ্বিবিধ ভেদ দেখিতে পাওয়া যায়, যথা শ্বেতধুস্তূর ও কৃষ্ণধুস্তূর।

১৬। বনগাব (Diospyros montana)। বঙ্গদেশের জঙ্গলেও এই উদ্ভিদ প্রচুর পরিমাণে দেখিতে পাওয়া যায়। ইহার ফল বিষময়।

১৭। বাসিঙ্গ—ইহা কামায়ুন দেশে জন্মে। সংস্কৃত ভাষায় ইহার কি নাম তাহা জানা যায় না। পাশ্চাত্য উদ্ভিদ্ বিজ্ঞানে ইহার নাম Exatcaria Agallocha ইহা ভয়ানক বিষ—কামায়ুনে কুষ্ঠ ব্যাধির চিকিৎসার্থ এই বিষদ্রব্য ব্যবহৃত হয়।

২৮। জবাশী—(Flueggea Microcarpa)। এই উদ্ভিদ ভুটানে জন্মে। ইহার বল্কল অতীব বিষময়। ইহার সংস্কৃত নাম জানা যায় না।

১৯। কালিকারী—(Gloriosa Superla)। ইহার অপর সংস্কৃত নাম গর্ভঘাতিনী। ইহার মূল গর্ভপাতের নিমিত্ত ব্যবহৃত হইয়া থাকে।

২০। হুরা—(Hura crepitans)। ভারতবর্ষের জঙ্গলে এই উদ্ভিদ দেখিতে পাওয়া যায়। ইহার ভারতীয় কোন নাম শুনা যায় না। এতদ্দ্বারা জয়পালের ন্যায় দাস্ত বমি হইয়া থাকে।

২১। পারাসিক্য—Hyoscyamus Niger)। ইহার বিষক্রিয়া স্নায়বীয় যন্ত্রের উপর প্রতিফলিত হইয়া মোহাদি ঘটাইয়া থাকে।

২২। পারাবত। জায়দ্ধ বা রতন জোত—(Jatropha Curas) ইহার বীজে ওলাউঠার ন্যায় দাস্ত বমি হইয়া থাকে।

হিন্দুশাস্ত্রে (ঐতরেয়ব্রাহ্মণে) বিষের উৎপত্তিসম্বন্ধে লিখিত আছে যে, ভগবন্নারায়ণ কূর্ম্মাবতারে পৃষ্ঠে মন্দর পর্ব্বত ধারণ করিয়া ধরিত্রীর মঙ্গল সাধন করিয়াছিলেন। দেব ও অসুরগণ দুই দলে বিভক্ত হইয়া উক্ত পর্ব্বতে মন্থনদণ্ড এবং বাসুকীকে রজ্জু করিয়া ক্ষীরসমুদ্র মন্থন করেন। তাহার ফলে, সর্ব্বশেষে বিষ উৎপন্ন হয়। ত্রিতাপহর হর সেই গরল পান করিয়া নীলকণ্ঠ হইয়াছিলেন। [সমুদ্রমন্থন ও হলাহল দেখ]

ঋগ্বেদীয় যুগে আর্য্য ঋষিগণ সর্পবিষ ও অন্যান্য বিষের ব্যবহার অবগত ছিলেন। উক্ত সংহিতার ৭।৫০ সূক্ত পাঠে জানা যায় যে, বসিষ্ঠ ঋষি মিত্রাবরুণ, অগ্নি ও বৈশ্বানরের স্তুতিকালে বলিতেছেন,—"কুলায়কারী ও সর্ব্বদা বর্দ্ধমান বিষ আমাদের অভিমুখে না আসে, অজকা নামক রোগবিশিষ্ট দুর্দ্দর্শন বিষ বিনষ্ট হউক। ছদ্মগামী সর্প শব্দদ্বারা যেন আমাকে না জানিতে পারে। যে বন্দন নামক বিষ নানা জন্মে বৃক্ষাদির উপর উদ্ভূত হয়,যে বিষ জানু ও গুল্‌ফ স্ফীত করে, দীপ্তিমান্ অগ্নিদেব সেই বিষ দূরীভূত করুন। যে বিষ শাল্মলীতে উৎপন্ন হয়, বিশ্বদেবগণ সেই বিষ দূর করিয়া দিন। (ঋক্ ৭।৫০।১-৩)

ঐ সকল বিষ যে দাহকারক ও প্রাণনাশক তাহা ১।১১৭।১৬, ১০।৮৭।১৮ ও ২৩ মন্ত্র পাঠ করিলে বিশেষ অবগত হওয়া যায়।

অথর্ব্ববেদে ৪।৬।২ মন্ত্রে কন্দমূলাদি বিষের প্রখরতার উল্লেখ আছে। উহা যে মনুষ্যের বিশেষ অপকারক, তাহা উক্ত এবং ৫।১৯।১০ ও ৬।৯০।২ মন্ত্র পাঠ করিলে বুঝা যায়। শতপথব্রাঃ ২।৪।৩।২, ৯।১।১।১০; পঞ্চবিংশব্রাহ্মণ ৬।৯।৯ ও তৈত্তিরীয়ব্রাহ্মণ ২।১।১ প্রভৃতি স্থলে বিষের নাশকত্ব শক্তির উল্লেখ আছে। ভগবান মনু লিখিয়াছেন স্থাবরজঙ্গম নামক কৃত্রিম বা অকৃত্রিম গরাদি বিষ কখনও জলে নিক্ষেপ করিবে না। (মনু ৪।৫৬) বিষ বিক্রয় নিষিদ্ধ, যে বিষ বিক্রয় করে সে পতিত ও নিরয়গামী হইয়া থাকে। (মনু ১০।৮৮)

বিষকক্ষা[ক্ষো]লি[লী]কা (স্ত্রী) বৃক্ষবিশেষ, বিষকাঁকলা।

বিষকণ্ট (পুং) ইঙ্গুদীবৃক্ষ। (রাজনী°)

বিষকণ্টক (পুং) যাসক্ষুপ, দুরালভা। (রাজনি°)

বিষকণ্টকা[কিনী, কী] (স্ত্রী) বন্ধ্যাকর্কোটকী, চলিত ঝাঁঝকাঁকরোল। (রাজনি°) পর্য্যায়,—বন্ধ্যাকর্কোটকী, দেবী, কন্যা, যোগেশ্বরী, নাগারি, নক্রদমনী। গুণ,—লঘু, ব্রণশোধক, তীক্ষ্ণ এবং কফ, সর্পদর্প, বিসর্প ও বিষনাশক। (ভাবপ্রকাশ)

বিষকণ্টালি[লী]কা (স্ত্রী) বিষকাঁটালী।

বিষকণ্ঠ (পুং) নীলকণ্ঠ, শিব।

বিষকণ্ঠি[ষ্ঠী]কা (স্ত্রী) বলাকা, বকপক্ষী। (রাজনি°)

বিষকন্দ (পুং) ১ মহিষকন্দ। ২ নীলকণ্ঠ। (রাজনি°) ৩ ইঙ্গুদীবৃক্ষ। (বৈদ্য° নিঘ°)

বিষকন্যা (স্ত্রী) বিষাঙ্গনা। মুদ্রারাক্ষস (৪২।১৬) ও কথাসরিৎসাগর (১৯।৮১) বিষপানদ্বারা প্রস্তুতীকৃত সুন্দরী ললনার উল্লেখ পাওয়া যায়। ঐ কন্যা নিত্য স্বল্পমাত্রায় বিষভক্ষণে পালিতা। যে ব্যক্তি ঐ কন্যার সহবাস করে, তাহার মৃত্যু অবশ্যম্ভাবী। মন্ত্রী রাক্ষস যে বিষকন্যা প্রস্তুত করেন, চাণক্য তদ্দ্বারা পর্ব্বতকের হনন সাধন করিয়াছিলেন।

বিষকৃত (ত্রি) ১ বিষসংযোগে প্রস্তুত। ২ বিষমিশ্রিত। ৩ বিষ সংস্পৃষ্ট।

বিষকৃমি (পুং) বিষজাত কৃমি। কাঠবিষ প্রভৃতির মধ্যে যে কীট জন্মে।

বিষক্ত (ত্রি) বি-সন্‌জ্‌-ক্ত। আসক্ত, সংলগ্ন।

বিষগন্ধক (পুং) হ্রস্ব সুগন্ধ তৃণবিশেষ। (বৈ° নিঘ°)

বিষগন্ধা (স্ত্রী) কৃষ্ণগোকর্ণী, কাল-অপরাজিতা। (বৈ° নিঘ°)

বিষগিরি (পুং) বিষপর্ব্বত। যে পর্ব্বতে কন্দমূলাদি বিষের উৎপত্তি হয়। "বিষগিরিঃ কন্দমূলাদিবিষোৎপত্তিহেতুঃ পর্ব্বতঃ" (অথর্ব্ব ৪।৬।৭ সায়ণ)

বিষগ্রন্থি (পুং) মৃণালপর্ব্ব, পদ্মনালের গ্রন্থি বা গিরা। (চক্রদত্ত)

বিষঘ্ন (ত্রি) বিষনাশক।

বিষঘ্না (স্ত্রী) গুড়ূচী, গুলঞ্চ। (শব্দচ°)

বিষঘাত (পুং) বিষ-হন-ঘঞ্‌। বিষনাশক।

(গৌড়ীয় রামা° ২।৯০।২৪)

বিষঘাতক (ত্রি) বিষনাশক। বিষঘ্ন। (বৃহৎসং° ৮৬।৩২)

বিষঘাতিন্‌ (ত্রি) বিষ-হন্‌-ণিনি। ১ বিষনাশক। (পুং) ২ শিরীষবৃক্ষ। (শব্দমালা)

বিষঘ্ন (পুং) বিষং হন্তীতি বিষ-হন-টক্‌। ১ শিরীষবৃক্ষ। ২ দুরালভাবিশেষ। ৩ বিভীতক। (রাজনি°) ৪ চম্পকবৃক্ষ। ৫ ভূকদম্ব, কুকসিমা। ৬ গন্ধতুলসী। (বৈ° নিঘ°) ৭ তণ্ডুলীয় শাক, চলিত নটেশাক। (ত্রি) ৮ বিষনাশক।

মনুসংহিতায় কথিত হইয়াছে যে, বিষঘ্ন রত্নৌষধাদি নিয়ত ধারণ করা কর্ত্তব্য; কেন না উহা সর্ব্বদা অঙ্গে থাকিলে, দৈবতঃ বা শত্রু আদি কর্ত্তৃক কোনরূপ বিষ অজ্ঞাতাবস্থায় অভ্যবহৃত হইলেও তাহাতে সহসা কোন রকম অনিষ্ট করিতে পারে না।

"বিষঘ্নৈরগদৈশ্চাস্য সর্ব্বদ্রব্যাণি যোজয়েৎ।
বিষঘ্নানি চ রত্নানি নিয়তো ধারয়েৎ সদা॥" (মনু ৭।২১৮)

মৎস্যপুরাণে বিষঘ্নরত্নাদি ধারণের এবং ঔষধাদি ব্যবহারের বিষয় এইরূপ লিখিত আছে,—জতুকা, মরকত প্রভৃতি মণি অথবা জীবজাত কোনরূপ মণি এবং যাবতীয় রত্নাদি হস্তে ধারণ করিলে বিষ নষ্ট করে। রেণুকা, জটামাংসী, মঞ্জিষ্ঠা, হরিদ্রা, যষ্টিমধু, মধু, বয়ড়ার ছাল, তুলসী, লাক্ষারস এবং কুকুর ও কপিলা গাভীর পিত্ত এই সকল দ্রব্য একত্র পেষণানন্তর বাদ্যযন্ত্র ও ও পতাকাদিতে লেপন করিয়া রাখিতে হয় তাহা হইলে যথাযথ নিয়মে উহাদের দর্শন, শ্রবণ ও আঘ্রাণাদি দ্বারা বিষ নষ্ট হইতে পারে; অর্থাৎ বিষঘ্ন ঔষধাদি এরূপ স্থানে রাখিতে হইবে যে, সর্ব্বদা যেন তাহার উপর দৃষ্টি পড়ে বা তাহার আঘ্রাণ পাওয়া যায়, অথবা তৎসংস্পৃষ্ট শব্দ শুনা যায়, তাহা হইলে এই সকল প্রক্রিয়ায়ই বিষের প্রতিকার হইতে পারে।

(মৎস্যপুং ১৯২ অ°)

বিষঘ্না (স্ত্রী) অতিবিষা, আতইচ।

বিষঘ্নিকা (স্ত্রী) শ্বেতকিণিহীবৃক্ষ। ২ শ্বেতাপমার্গ। (বৈ° নিঘ°)

বিষঘ্নী (স্ত্রী) ১ হিলমোচিকা, চলিত হেলঞ্চশাক। (ত্রি) ২ ইন্দ্রবারুণী, রাখালশশা। ৩ বনবর্ব্বরিকা, বনবাবুইতুলসী। ৪ হবুষাভেদ। ৫ ভূম্যামলকী, ভুঁই আমলা। ৬ রক্তপুনর্নবা। ৭ হরিদ্রা। ৮ বৃশ্চিকালীলতা, বিছুটি। ৯ মহাকরঞ্জ। ১০ পীতবর্ণ দেবদালী বা পীতঘোষালতা। ১১ কাষ্ঠকদলী। ১২ শ্বেতাপামার্গ। ১৩ কটকী। ১৪ রাস্না। ১৫ দেবদালী, দেয়াতাড়া।

বিষঙ্গ (পুং) বি-সন্‌জ-ঘঞ্‌। সংলিপ্ত, যোজিত।

বিষঙ্গিন্‌ (ত্রি) প্রলিপ্ত।

বিষচক্র (পুং) চকোরপক্ষী।

বিষচক্রক (পুং) বিষচক্র।

বিষজল (ক্লী) বিষময় জল।

"বিষজলাপ্যয়াদ্ব্যালরাক্ষসাদ্বর্ষমারুতাদ্বৈদ্যুতানলাৎ।"

(ভাগবত ১০।৩১।৩)

'বিষময়াজ্জলাদ্‌যোঽপ্যয়োনাশস্তস্মাৎ' (স্বামী)

বিষজিহ্ব (পুং) দেবতাড়বৃক্ষ, চলিত দেয়াতাড়া। (রত্নমালা)

বিষজুষ্ট (ত্রি) বিষমিশ্রিত, বিষসংস্পৃষ্ট।

বিষজ্বর (পুং) ১ জ্বরবিশেষ। বিষসংসর্গে উৎপন্ন হয় বলিয়া ইহাকে আগন্তুক জ্বর বলে। এই জ্বরে দাহ, অতিসার, অন্নে অরুচি, পিপাসা, মূর্চ্ছা, সর্ব্বাঙ্গে সূচীভেদবৎ পীড়া ও মুখ ফেকাশে রং হয়।

বিষবৎ প্রাণনাশকোজ্বরো যস্য। ২ মহিষ।

বিষণি (পুং) সর্পভেদ। (শব্দার্থ চি°)

বিষণ্ড (ক্লী) মৃণাল, পদ্মের ডাঁটা। (শব্দরত্না°)

বিষণ্ণ (ত্রি) বি-সদ্‌-ক্ত। বিষাদপ্রাপ্ত, দুঃখিত, খিন্ন, ম্লান।

বিষণ্ণতা (স্ত্রী) বিষণ্ণের ভাব বা ধর্ম্ম। ২ জড়তা। পর্য্যায়,—জাড্য, মৌর্খ্য, বিষাদ, অবসাদ, সাদ। (হেম)

বিষণ্ণাঙ্গ (পুং) শিব। (ভা ১৩।১৭।১২৮)

বিষতন্ত্র (ক্লী) সর্পাদির বিষোপশমনকারী, বৈদ্যকগ্রন্থোক্ত প্রক্রিয়াভেদ।

"সর্পবৃশ্চিকলূতানাং বিষোপশমনী তু যা।
সা ক্রিয়া বিষতন্ত্রঞ্চ নাম প্রোক্তং মনীষিভিঃ॥"

(বৈদ্যক সংগ্রহ ২ অ°)

বিষতরু (পুং) কুচেলক বৃক্ষ, কুঁচিলা গাছ। (ভৈষজ্যরত্না°)

বিষতা (স্ত্রী) বিষের ধর্ম্ম।

বিষতিন্দু[ক] (পুং) ১ বিষদ্রুম, কুচিলাগাছ। হিন্দি—বিষতেন্দ। তেলেগু—মচিতন্‌কী, মাকড়টেণ্ডি। ২ কারস্কর বৃক্ষ। (রাজনি°) ৩ কুপীলু। (ভাবপ্রকাশ) স্বার্থে কন্। বিষতিন্দুক।

বিষতিন্দুকজ (ক্লী) ১ মধুর তিন্দুক ফল। ২ কারস্কর ফল, কুচিলা ফল।

বিষতিন্দুকতৈল, বাতরক্তাধিকারোক্ত তৈলৌষধবিশেষ। প্রস্তুত-প্রণালী—তিলতৈল ৪ সের। কাথার্থ কুট্টিত কুঁচিলাবীজ ৪ সের, জল ৩২ সের, শেষ ৮ সের; সজিনামূলের ছাল ২ সের, জল ১৬ সের, শেষ ৪ সের; মাদার মূল ২ সের, জল ১৬ সের, শেষ ৪ সের; কাল ধুতুরা ২ সের, জল ১৬ সের, শেষ ৪ সের; বরুণছাল ২ সের, জল ১৬ সের, শেষ ৪ সের; চিতামূল ২ সের, জল ১৬ সের, শেষ ৪ সের। নিসিন্দাপত্র-রস ৪ সের (স্বরসের অভাবে কাথ), সিজপত্র রস ৪ সের অভাবে কাথ, অশ্বগন্ধার কাথ ৪ সের, জয়ন্তীপত্র রস ৪ সের, (স্বরসের অভাবে কাথ)। কল্কার্থ রসুন, সরলকাষ্ঠ, যষ্টিমধু কুড়, সৈন্ধব, বিট, চিতামূল, হরিদ্রা, পিপুল প্রত্যেক ১ পল। এই তৈল মর্দ্দন করিলে প্রবল বাতব্যাধি, কুষ্ঠ, বাতরক্ত, বিবর্ণতা ও ত্বগ্‌দোষ, নিবারণ হয়।

বিষতৈল, কুষ্ঠরোগাধিকারোক্ত তৈলৌষধবিশেষ। প্রস্তুত-প্রণালী—কটুতৈল ৪ সের। গোমূত্র ৪৬ সের। কল্কদ্রব্য—ভূহরকরঞ্জবীজ, হরিদ্রা, দারুহরিদ্রা, আকন্দমূল, তগরপাদুকা, করবীমূল, বচ, কুড়, হাফরমালী, রক্তচন্দন, মালতীপত্র, নিসিন্দাপত্র, মঞ্জিষ্ঠা, ছাতিমমূলের ছাল প্রত্যেক ৪ তোলা, বিষ ১৬ তোলা। এই তৈল মর্দ্দনে নানাবিধ কুষ্ঠ ও ব্রণ নষ্ট হয়।

বিষদ (ক্লী) বি-সদ্-অচ্। ১ পুষ্পকাশীশ, হিরাকসভেদ। (রাজনি°) (পুং) ২ শুক্লবর্ণ। (ত্রি) ৩ শুক্লবর্ণ বিশিষ্ট। (অমরটীকা°) ৪ নির্ম্মল।

"যোগনিদ্রান্তবিষদৈঃ পাবনৈরবলোকনৈঃ॥" (রঘু ১০।১৪)

স্ত্রিয়াং টাপ্। বিষদা। ৫ অতিবিষা, আতইচ। বিষং দদাতীতি বিষ-দা-ক। (পুং) ৬ মেঘ (ত্রি) ৭ বিষদাতা, গরদ, যে বিষদান করে।

বিষদংশ (পুং) মার্জ্জার, বিড়াল। (বৈদ্যকনি°) স্বার্থে কন্ বিষদংশক।

বিষদংষ্ট্রা (স্ত্রী) বিষযুক্তা দংষ্ট্রা। ১ সর্পদংষ্ট্রা, সাপের দাঁত। ২ সর্পকঙ্কালিকা লতা। (পর্য্যায় মুক্তা°) ৩ নাগদমনী।

বিষদন্ত (পুং) বিড়াল। (বৈদ্য° নিঘ°)

বিষদন্তক (পুং) বিষং দন্তে যস্য কন্। সর্প। (শব্দচ°)

বিষদমূলা (স্ত্রী) বহুমূল মাকন্দী নামে খ্যাত পত্রশাক বৃক্ষ বিশেষ। (রাজনি°)

বিষদর্শনমৃত্যুক (পুং) বিষস্য দর্শনেন মৃত্যুরস্য কন্। চকোর পক্ষী। (হেম°)

বিষদা (স্ত্রী) অতিবিষা। চলিত বৃদ্ধকটৈলী।

বিষদাতৃ (ত্রি) বিষপ্রযোক্তা, যে অসদভিপ্রায়ে বিষ প্রয়োগ করে। নিম্নোক্ত লক্ষণানুসারে বিষদাতাকে জানিতে পারা যায়। যে বিষ দেয় তাহাকে জিজ্ঞাসা করিলে কোন কথা বলে না, কথা বলিতে গেলে মোহ প্রাপ্ত হয়, অর্থাৎ কথা জড়াইয়া যায়। সঙ্কীর্ণ ভাষায় মূঢ়ের ন্যায় দুই এক কথা যাহা বলে তাহার কোন সদর্থ হয় না। সে কেবল দাঁড়াইয়া হাতের আঙ্গুল মট্‌কাইতে থাকে ও পায়ের আঙ্গুল দিয়া আস্তে আস্তে ভূমি খনন করে, অথবা অকস্মাৎ বসিয়া পড়ে। তাহার কম্প হইতে থাকে এবং সে ত্রস্ত হইয়া উপস্থিত ব্যক্তিবর্গের প্রতি দৃষ্টিপাত করিতে থাকে। সে শীর্ণ ও তাহার মুখ বিবর্ণ হইয়া যায়। সে কোন একটী দ্রব্য নখে ছেদন করিতে থাকে অথবা দীনভাবে বারে বারে মস্তকের কেশ স্পর্শ করে। অপথ দিয়া নিষ্ক্রান্ত হইতে চেষ্টা করে এবং পুনঃ পুনঃ চারিদিকে তাকায়। বিষদাতা কখন কখন বিচেতন ও বিপরীত স্বভাব হইয়া উঠে। বিশেষ অভিজ্ঞতা না থাকিলে কেবল এই সকল লক্ষণ দেখিয়াই বিষদাতাকে চেনা যায় না, কেন না অনেক সময় নিতান্ত সৎ-লোকেও রাজার ভয়ে বা রাজাজ্ঞায় বিভ্রান্ত হইয়া ঐরূপ অসতের ন্যায় চেষ্টাসমূহ প্রদর্শন করিয়া থাকে। (সুশ্রুত কল্পস্থান ১ অ°)

বিষদায়ক (পুং) বিষদাতা।

বিষদূষণ (ত্রি) ১ বিষনিবারক। "বিষদূষণং বিশ্বস্য স্থাবর-জঙ্গমোদ্ভবস্য দূষকং নিবর্ত্তকম্। (অথর্ব্ব ৬।১০০।১ সায়ণ) ২ বিষদূষ্ট।

বিষদূষ্ট (ত্রি) বিষের দ্বারা দূষিত। ২ বিষমিশ্রিত।

বিষদ্রুম (পুং) কুচিলা গাছ, কারস্কর বৃক্ষ। (রাজনি°)

বিষধর (পুং) বিষং ধরতি ধৃ-অচ্। সর্প।

"কালিয়বিষধরগঞ্জনজনরঞ্জন" (গীতগোবিন্দ ১।১৯)

স্ত্রিয়াং ঙীষ্। ২ বিষধরী।

বিষধর্ম্মা (স্ত্রী) শূকশিম্বী, চলিত আলকুশী।

বিষধাত্রী (স্ত্রী) বিষাণাং বিষধরসর্পাণাং ধাত্রী মাতেব। জরৎ-কারুমুনির পত্নী, মনসাদেবী। (শব্দমালা)

বিষধান (পুং) বিষস্থান। "বিষধানঃ বিষং ধীয়তেঽস্মিন্নিতি বিষধানঃ বিষস্থানম্। (অথর্ব্ব ২।৩২।৬ সায়ণ)

বিষধ্বংসিন্ (পুং) নাগর মুথা। (বৈদ্য° নিঘ°)

বিষনাড়ী (স্ত্রী) বিষতুল্য ক্ষতিকর সময়। কু-পড়তা।

বিষনাশন (পুং) বিষং নাশয়তি নশ-ল্যুঃ। ১ শিরীষ বৃক্ষ। ২ মাণক, মাণকচু। (পর্য্যায় মুক্তা°) ৩ বিষনাশক।

বিষনাশিনী (স্ত্রী) বিষং নাশয়িতুং শীলং যস্যাঃ বিষ-নশ-ণিনি স্ত্রিয়াং ঙীষ্। ১ সর্পকঙ্কালী। ২ বন্ধ্যাকর্কোটিকা। (বৈদ্যকনি০) ৩ গন্ধনাকুলী।

বিষনুদ্ (ত্রি) বিষং নুদতি দূরীকরোতি নুদ্-কিপ্। শ্যোনাক-বৃক্ষ, চলিত সোনালু। (শব্দচ০)

বিষপত্রিকা (স্ত্রী) পত্রবিষভেদ, জৈপালাদির বীজমধ্যস্থ পত্র। (সুশ্রুত কল্পস্থান ২ অ০)

বিষপন্নগ (পুং) বিষযুক্তঃ পন্নগঃ। সবিষ-সর্প।

বিষপর্ব্বন্ (পুং) দৈত্যভেদ। (কথাসরিৎসা° ৪৫।৩৭৯)

বিষপাদপ (পুং) বিষবৃক্ষ। বিষদ্রুমঃ। (কাম° নীতি° ১৪।৩০)

বিষপুচ্ছ (ত্রি) ১ বিষ যাহার পুচ্ছদেশে। স্ত্রিয়াং ঙীষ্। বিষ-পুচ্ছী=বৃশ্চিক, চলিত বিচ্ছু।

বিষপুট (পুং) ঋষিভেদ। বহুবচনে উক্ত ঋষি-বংশধরদিগকে বুঝায়। (পা° ২।৪।৬৩)

বিষপুষ্প (ক্লী) ১ নীলপদ্ম। (শব্দমালা) ২ বিষযুক্ত পুষ্প। ৩ অতসীপুষ্প। (পুং) ৪ মদনবৃক্ষ, চলিত ময়নাফলের গাছ।

বিষপুষ্পক (পুং) বিষযুক্তং পুষ্পং যস্য কন্। ১ মদন বৃক্ষ। (ভাবপ্রকাশ) ২ বিষপুষ্পক ভক্ষণ জন্য রোগ। "বিষপুষ্পৈর্জনিতঃ বিষপুষ্পকো জ্বরঃ" (পা ৫।২।৮৯)

বিষপ্রশমনী (স্ত্রী) বন্ধ্যাকর্কোটকী। (বৈদ্যকনি০)

বিষপ্রস্থ (পুং) পর্ব্বতভেদ। (মহাভারত বনপর্ব্ব)

বিষবঞ্চিকা (স্ত্রী) বিচুটীলতা। এই লতা দীর্ঘাকার এবং খড় প্রভৃতি তৃণের উপর আরূঢ় থাকে। শরীরের যেখানে ইহা স্পৃষ্ট হয়,সেই স্থানেই কণ্ডু জন্মে। ইহার পত্রগুলি দেড় আঙ্গুল প্রমাণ, পুষ্প ও ফল সকল ক্ষুদ্র ক্ষুদ্র, ফলগুলি দেখিতে আমলকী ফলের ন্যায়।

"দীর্ঘবল্লী তৃণারূঢ়া পত্রমঙ্গুলিসার্দ্ধকম্।
পুষ্পং ক্ষুদ্রং ফলঞ্চৈব ধাত্রীবৎ পরিকীর্ত্তিতম্।
গাত্রস্পর্শাৎ কণ্ডুকরী বিজ্ঞেয়া বিষবঞ্চিকা॥"

বিষভদ্রা (স্ত্রী) বৃহদ্দন্তী। (রাজনি°)

বিষভদ্রিকা (স্ত্রী) লঘুদন্তী।

বিষভিষজ্ (পুং) বিষস্য বিষচিকিৎসকো বা ভিষক্। বিষবৈদ্য, সাপুড়ে। (হেম)

বিষভুজঙ্গ (পুং) বিষধরসর্প, সবিষ-সর্প।

বিষম (ত্রি) ১ অসমান।

"ভ্রাতৃণামবিভক্তানাং যদ্যুত্থানং ভবেৎ সহ।
ন তত্র ভাগং বিষমং পিতা দদ্যাৎ কথঞ্চন॥" (দায়ভাগ)

২ সঙ্কট।

"কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।" (গীতা ২।২)

৩ অনতিক্রমণীয়।

"কা বিষমা দৈবগতিঃ কিং দুর্গ্রাহং জনঃ খলো লোকে।"
(সাহিত্যদর্পণ ১০)

(ক্লী) ৪ পদ্যের ত্রিবিধ বৃত্তের অন্তর্গত বৃত্তবিশেষ। পদ্য চতুষ্পদী অর্থাৎ চারি চরণযুক্ত। ইহা বৃত্ত ও জাতিভেদে দুই প্রকার। যে পদ্যগুলি অক্ষর সংখ্যায় নির্ণেয় তাহাদের নাম বৃত্ত; এই বৃত্ত আবার সম, অর্দ্ধ ও বিষমভেদে তিন প্রকার; যাহার চারি চরণেই সমসংখ্যক অক্ষর থাকে তাহার নাম সমবৃত্ত, আর প্রথম ও তৃতীয় এবং দ্বিতীয় ও চতুর্থ চরণে সমান সমান অক্ষর থাকিলে অর্দ্ধ এবং পরস্পর চারি চরণে সমানসংখ্যক অক্ষর না থাকিলে তাহা বিষমবৃত্ত বলিয়া কথিত হয়। (ছন্দোম° ১ম স্তবক)

৫ বর্গমূলোক্ত ঊর্দ্ধরেখা। (লীলাবতী)

৬ অর্থালঙ্কারবিশেষ। প্রত্যেক কার্য্যই কোন না কোন একটী কারণ হইতে উৎপন্ন হয় এবং প্রায়শঃ স্থলেই ঐ কারণের ধর্ম্ম (গুণক্রিয়াদি) কার্য্যে পরিণত হইয়া থাকে। যেস্থলে কারণের গুণ বা ক্রিয়া বিরুদ্ধভাবে কার্য্যে পরিলক্ষিত হয় এবং যেখানে আরব্ধ কার্য্য নিষ্ফল হয়, অধিকন্তু তাহা হইতে যদি কোন অনিষ্ট সংঘটনের সম্ভাবনা থাকে, আর যেখানে বিরুদ্ধ পদার্থের সম্মিলন দেখা যায়, সেই সেই স্থানে বিষমালঙ্কার হয়। ক্রমশঃ উদাহরণ,—

তমাল সদৃশ নীলবর্ণ খড়্গযষ্টি প্রতিসংগ্রামে তদীয় করসংযোগে সদ্যঃ সদ্যঃই যে শরদিন্দুশুভ্র যশোরাশি প্রসব করে, ইহা অতীব আশ্চর্য্যের বিষয়। এখানে নীলবর্ণ খড়্গযষ্টিরূপ কারণ হইতে শুভ্রযশোরাশিরূপ কার্য্যের উদ্ভব কল্পিত হওয়ায় কার্য্যে কারণ গুণের বিরুদ্ধ বা বিপরীত গুণ পরিলক্ষিত হইতেছে, কেন না নীলবর্ণ খড়্গযষ্টি হইতে নীলবর্ণ পদার্থেরই উৎপত্তি হওয়া উচিত; কিন্তু এখানে তাহা না হইয়া তৎপরিবর্ত্তে তদ্বিপরীত শুভ্রবর্ণ পদার্থের উৎপত্তি হওয়ায় বিষমালঙ্কার হইল।

অয়ি! নীলোৎপলনয়নে! যে তোমা হতে উৎপন্ন আনন্দ আমাকে নিরতিশয় তর্পিত করিয়া থাকে, আজ সেই তোমা হতেই উৎপাদিত বিরহ, আমাকে যারপার নাই তাপিত করিতেছে। এস্থলে নিত্য আনন্দজনক স্ত্রীরূপ কারণ হইতে সহসা তদ্বিপরীত ক্রিয়ার (বিরহরূপ তাপজনক কার্য্যের) উৎপত্তি হওয়ায় অর্থাৎ সাতিশয় সুখজনক কারণ হইতে তদ্বিরুদ্ধ নিরতিশয় দুঃখজনক ক্রিয়ার উৎপত্তি হেতু বিষমালঙ্কার হইল।

অশেষ রত্ন-সমূহের আকর জানিয়াই ধনপ্রাপ্তি লালসায় সমুদ্রের সেবা করিয়াছিলাম, কিন্তু ধন পাওয়া দূরে থাকুক উহার তীব্র লবণাক্ত জলে সম্ভবতঃ অনিষ্টের সংঘটনই দেখিতেছি। এখানে সমুদ্রপরিষেবণরূপ আরব্ধ কার্য্যের (ধন-

প্রাপ্তিরূপ) ফলের নিষ্ফলতা এবং উহা (ঐ কার্য্য) হইতে অনিষ্ট সংঘটন হওয়ায় বিষমালঙ্কার হইল।

কল্পান্তসময়ে সমস্ত জগৎ, যে শ্রীকৃষ্ণে লীন হয় আজ কি না তিনি একমাত্র সামান্য পুরনারীর মদবিভ্রম-কুটিল-দৃষ্টিতে লীন হইলেন। ব্রহ্মাণ্ড যাহাতে লয় হয়, তাহার লয় হওয়া অসম্ভব। এখানে সেই পদার্থের লয় কল্পনা করায় একাধারে নশ্বরত্ব ও অবিনশ্বরত্ব এই বিরুদ্ধ পদার্থ দ্বয়ের সম্মিলন হেতু বিষমালঙ্কার হইতেছে।

(পুং) ৭ রাশির নামভেদ, অযুগ্মরাশি। মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনুঃ ও কুম্ভ এই কয়েকটী রাশিকে অযুগ্ম বা বিষম রাশি বলে। (জ্যোতিস্তত্ত্ব)

৮ কঙ্কণ নামক তালান্তর্গত তালবিশেষ। কঙ্কণ নামক তাল পূর্ণ, খণ্ড, সম ও বিষম ভেদে চারি প্রকার, তন্মধ্যে বিষম তাল তগণদ্বারা নির্দ্দিষ্ট হয়।

"চতুর্ব্বিধঃ পরিজ্ঞেয়স্তালঃ কঙ্কণনামকঃ।
পূর্ণঃ খণ্ডঃ সমশ্চৈব বিষমশ্চৈব কথ্যতে॥
লচতুষ্কং গণৌ পূর্ণে খণ্ডে বিন্দুদ্বয়ং গুরুঃ।
ষগণস্তু সমে জ্ঞেয়স্তগণো বিষমে ভবেৎ॥" (সঙ্গীত-দামোদর)

৯ জঠরাগ্নিবিশেষ। মন্দ, তীক্ষ্ণ, বিষম ও সম ভেদে জঠরাগ্নি চারি প্রকার তন্মধ্যে মন্দ, তীক্ষ্ণ ও বিষমাগ্নি যথাক্রমে কফ, পিত্ত ও বায়ুর আধিক্য বশতঃ জন্মে এবং এই তিনের (কফ, পিত্ত ও বায়ুর) সমতা অবস্থায় সমাগ্নির উৎপত্তি হয়। যাহার জঠরাগ্নি বিষমত্ব প্রাপ্ত হয় তাহার ভুক্ত অন্নাদি কখন সম্যক্ পরিপাক হয় কখন বা একেবারেই হয় না এবং ঐ ব্যক্তির বাতজ রোগসমূহ জন্মে।*

বিষমক (ত্রি) অসমান, বন্ধুরবৎ।

"কৃষ্ণশ্বেতকপীতকতাম্রাণামীষদপি চ বিষমাণাম্!
ত্র্যংশোনং বিষমকপীতয়োশ্চ ষড়্ভাগদলহীনম্॥"
(বৃহৎ স°৮১।১৯)

বিষমকর্ণ (ত্রি) সমকোণী চতুর্ভুজের প্রতীপ কোণদ্বয়ের সম্মুখীন রেখা (Diagonal)।

বিষমকর্ম্মন্ (ক্লী) ১ বীজগণিতোক্ত অঙ্কপ্রণালীভেদ। অসমান প্রক্রিয়া দ্বারা রাশি-নিরূপণের নাম। রাশিসমূহের বর্গের বিয়োগ ফল এবং মূলরাশি সকলের যোগ বা বিয়োগ ফল দেওয়া থাকিলে যে প্রক্রিয়ায় রাশিগুলি বাহির করা যায়, তাহার নাম বিষম কর্ম্ম। ২ অসদৃশ কার্য্য।

* বায়ুজন্য বহুসংখ্যক রোগের উৎপত্তি হইলেও এখানে বাতজ রোগ শব্দে অশীতি প্রকার বায়ুরোগের অন্যতম এবং সামান্যতঃ বাতজ জ্বরাতীসারাদিকেও বুঝিতে হইবে।

বিষম-কোণ (ক্লী) সমকোণের বিপরীত (Angles other than right-angles)

বিষমখাত (ক্লী) ১ গর্ত্ত, যাহার চারি পার্শ্ব অসমান। ২ বীজগণিতোক্ত অঙ্কবিশেষ। (Irregular solid)।

বিষমগ্রাহি (ত্রি) একদেশ গ্রাহি। (সুশ্রুত সূ° ৭অ°)

বিষমচক্রবাল (ক্লী) বৃত্তাভাস (Ellipse)।

বিষমচতুরস্র (পুং) অসমান বাহু বা কোণবিশিষ্ট চতুষ্কোণ ক্ষেত্র (Trapez)।

বিষম চতুষ্কোণ (ত্রি) যাহার চারিটী কোণ পরস্পর সমান নয়, বিষমকোণী চতুর্ভুজ ক্ষেত্র।

বিষমচ্ছদ (পুং) বিষমঃ অযুগ্মঃ ছদো যস্য। সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিম গাছ। (পর্য্যা° মু°)

বিষমজ্বর (পুং) বিষম উগ্রো জ্বরঃ। জ্বররোগভেদ। যে জ্বরে কালের (প্রাত্যাহিক জ্বরাগম সময়ের), শীতের (জ্বরাগম কালীন শৈত্য প্রযুক্ত কম্পাদির), উষ্ণের (গাত্রতাপাদির) এবং বেগের (ধমনী বা নাড়ীর গতির) বিষমত্ব ন্যূনাধিক্য দেখা যায় অর্থাৎ যে জ্বর পূর্ব্বদিনের জ্বরাগম কাল অপেক্ষা পরদিনে ঐ সময়ের কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে আসে এবং যাহাতে পূর্ব্বদিন অপেক্ষা পরদিন শীতের অংশ বা গাত্রতাপাদির ভাগ কিঞ্চিৎ কম বেশী হয় এবং নাড়ীর গতিরও ঐরূপ ন্যূনাধিক্য অনুভব করা যায় তাহাকে বিষমজ্বর বলে*।

"যঃ স্যাদনিয়তাৎ কালাৎ শীতোষ্ণাভ্যাং তথৈব চ।
বেগতশ্চাপি বিষমো জ্বরঃ স বিষমঃ স্মৃতঃ॥" (বিজয়রক্ষিত)

বাতিকাদি জ্বরের নির্দ্দিষ্ট বিচ্ছেদ কালে অর্থাৎ ৭।১০।১২ বা ১৪।২০।২৪ দিনে যথাক্রমে বাতিক, পৈত্তিক ও শ্লৈষ্মিক জ্বর বিচ্ছেদ হইলেও বাতাদি দোষের সম্পূর্ণ লাঘব হইতে না হইতেই যদি অহিত আহারাচারাদি করা যায়, তবে ঐ বাতাদি দোষই পুনরায় প্রবৃদ্ধ হইয়া রসরক্তাদি ধাতুর যে কোন একটী ধাতুকে অবলম্বন করিয়া বিষমজ্বরোৎপাদন করে। রসধাতুকে আশ্রয় করিয়া যে বিষমজ্বর উৎপন্ন করে, তাহার নাম সন্তত। রক্তকে আশ্রয় করিয়া যে জ্বর হয় তাহার নাম সতত এবং মাংসাশ্রিত বিষমজ্বর অন্যেদ্যুষ্ক নামে অভিহিত। তৃতীয়ক নামক

* কালের বিষমত্ব নিম্নোক্তরূপেও নির্দ্দিষ্ট হয়; যেমন বাতিকজ্বর সাত দিনে, পৈত্তিকজ্বর দশ দিনে এবং শ্লৈষ্মিকজ্বর বার দিনে স্বভাবতঃই বিচ্ছেদ হয়, আবার ঐ ঐ দোষের প্রবল অবস্থাতে ঐ সকল জ্বর যথাক্রমে চৌদ্দ, কুড়ি ও চব্বিশ দিনে বিচ্ছেদ হয়। ফল—বাতিক, পৈত্তিক ও শ্লৈষ্মিকজ্বরের অবস্থার প্রাবল্য ও অপ্রাবল্যে সময়ের ভেদ হইলেও উহাদের বিচ্ছেদকাল একরকম নির্দ্দিষ্টই থাকে, কিন্তু বিষমজ্বরের বিচ্ছেদ কালের ঐরূপ কোন নির্দ্দিষ্টতা নাই।

বিষমজ্বর মেদো ধাতুকে এবং চাতুর্থক জ্বর অস্থি ও মজ্জ ধাতুকে আশ্রয় করিয়া উৎপন্ন হয়। এই চাতুর্থক জ্বর মারাত্মক এবং প্লীহা যকৃতাদি বহুবিধ রোগের উৎপাদক।

যে জ্বর সপ্তাহ, দশাহ বা দ্বাদশাহকাল পর্য্যন্ত একাদিক্রমে একভাবে অবিচ্ছেদী অবস্থায় থাকিয়া শেষে বিচ্ছেদ প্রাপ্ত হয়, তাহার নাম সন্তত বিষমজ্বর। † যাহা অহোরাত্রে দুইবার অর্থাৎ দিনে একবার ও রাত্রিতে একবার হয়, তাহাকে সততক বা সতত বলে; চলিত ভাষায় ইহার নাম দ্বৌকালীন জ্বর অন্যেদ্যুষ্ক জ্বর অহোরাত্রের মধ্যে একবার মাত্র হয়। তৃতীয়ক জ্বর তৃতীয় এবং চাতুর্থক জ্বর চতুর্থ দিবসে হয়। §

† এস্থলে প্রশ্ন হইতে পারে যে সপ্তাহাদি কালপর্য্যন্ত একভাবে জ্বর থাকিয়া নিয়মমত তাহার বিচ্ছেদ হইলে, বিষমজ্বরে "যঃ স্যাদনিয়তাৎ কালাদিত্যাদি" পূর্ব্বোক্ত লক্ষণানুসারে এবং "মুক্তানুষঙ্গিত্বং বিষমত্বম্" (বিচ্ছেদ হইলেও যাহার কিঞ্চিৎ অনুষঙ্গ থাকে তাহাকে বিষমজ্বর বলে) এই লক্ষণান্তর দ্বারায়ও সন্ততজ্বরকে কি বলিয়া বিষমজ্বর বলা যাইতে পারে? ইহার উত্তরে চরক বলেন যে, দ্বাদশ দিবসে জ্বর বিচ্ছেদ হইয়াও যদি উপশয়ের (রোগোপশমক ক্রিয়ার) অভাব ঘটে, তবে দীর্ঘকাল পর্য্যন্ত ঐ জ্বরের অনুষঙ্গ থাকে এবং উহার লক্ষণসকল পুনরায় পরিস্ফুট হয়।

"বিসর্গং দ্বাদশে কৃত্বা দিবসে ব্যক্তলক্ষণঃ।
দুর্লভোপশয়ঃ কালং দীর্ঘমপ্যনুবর্ত্ততে॥" (চরক)

§ সততক, অন্যেদ্যুষ্ক, তৃতীয়ক ও চাতুর্থক জ্বরের উৎপত্তিপ্রক্রম বৃদ্ধসুশ্রুতে এইরূপ লিখিত আছে,—

"অহোরাত্রাদহোরাত্রাৎ স্থানাৎ স্থানং প্রপদ্যতে।
ততশ্চামাশয়ং প্রাপ্য করোতি বিষমজ্বরম্॥
কফস্থানবিভাগেন যথাসংখ্যং করোতি হি।
সততান্যেদ্যুষ্কত্র্যাখ্যচাতুর্থকান্ সপ্রলেপকান্॥"

আমাশয় (পাকস্থলী), হৃদয় (বক্ষস্থল), কণ্ঠ, শিরঃ (মস্তক) ও সন্ধিস্থল প্রভৃতি কফস্থানস্থিত বাতাদি দোষ যথাসংখ্যক সততকাদি অর্থাৎ আমাশয়স্থ দোষ সততক, হৃদয়স্থ অন্যেদ্যুষ্ক, কণ্ঠস্থ তৃতীয়ক, শিরঃস্থ চাতুর্থক এবং সন্ধিস্থ প্রলেপক নামক বিষমজ্বরোৎপাদন করে। দোষসকল অহোরাত্রের মধ্যে পূর্ব্ব পূর্ব্ব স্থান হইতে স্থানান্তরিত হইয়া আমাশয়ে আসিয়া স্বীয় স্বীয় নির্দ্দিষ্ট সময়ে জ্বর প্রকাশ করে। অর্থাৎ আমাশয়স্থ দোষ কালদ্বয়ে (দিবা ও রাত্রিতে) এক একবার করিয়া দুইবার প্রকুপ্ত হওয়ায় সততকজ্বর দিবারাত্রের মধ্যে দুইবার হয়। হৃদয়স্থ দোষ, স্থানের সন্নিকৃষ্টতা বশতঃ অহোরাত্রেই আমাশয়ে প্রত্যাগত হইয়া দিবারাত্রের মধ্যে একবারমাত্র অন্যেদ্যুষ্কজ্বর প্রকাশ করে। কণ্ঠস্থিত দোষ অহোরাত্রে হৃদয়ে আসে, তৎপরদিন অর্থাৎ তৃতীয়দিনে আমাশয় প্রাপ্ত হইয়া তৃতীয়কজ্বরের উৎপত্তি করে। এইরূপ শিরঃস্থিত দোষ প্রথম অহোরাত্রে কণ্ঠে, দ্বিতীয় অহোরাত্রে হৃদয়ে, পরে চতুর্থ দিনে আমাশয়ে আসিয়া স্বীয় প্রকোপকালে চাতুর্থক জ্বরোৎপাদন করে। এস্থলে দোষের আগমক্রমানুসারে সন্দেহ হইতে পারে যে কণ্ঠস্থ ও শিরঃস্থ দোষের আমাশয় আসিতে তৃতীয় ও চতুর্থ দিবস লাগিবে কেন? উহারা ত যথাক্রমে দ্বিতীয় তৃতীয় দিবসেই আমাশয়ে আসিতে পারে, কেন না কণ্ঠস্থদোষ প্রথমদিনে হৃদয়ে দ্বিতীয়দিনে আমাশয়ে এবং শিরস্থঃদোষও ঐরূপ প্রথমদিনে কণ্ঠে, দ্বিতীয়দিনে হৃদয়ে, তৃতীয়দিনে আমাশয়ে আসিতে পারে। ইহা সত্য; কিন্তু প্রকোপদিনে অর্থাৎ দোষসকল প্রকুপ্ত হইয়া যে দিনে জ্বর ব্যক্ত করে, বেগাতিশয্যপ্রযুক্ত উহারা (দোষসকল) ঐদিনে স্বস্থানেই (কণ্ঠে এবং মস্তকে) গমন করে।

"দোষঃ প্রকোপকালে হি বেগবত্ত্বেন লাঘবাৎ।
বেগবাসর এবায়ং স্বস্থানমধিগচ্ছতি॥"

এই প্রকারে গমনাগমনপ্রক্রম ধরিতে গেলে স্পষ্টই বুঝা যাইতেছে যে, দোষসকল কণ্ঠ ও মস্তক হইতে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ দিবসে আমাশয়ে প্রত্যাগত হইতে পারে, কেন না প্রকোপদিনে অত্যন্ত বেগের পর দোষের লাঘব হইতে আরম্ভ করিলে ঐদিনে কণ্ঠস্থদোষ কণ্ঠেই যায়, পরদিন হৃদয়ে, তৎপরদিন অর্থাৎ তৃতীয়দিনে আমাশয়ে, এইরূপ মস্তকস্থ দোষ প্রকোপ বা জ্বর প্রকাশের দিনে মস্তকে, দ্বিতীয়দিনে কণ্ঠে, তৃতীয়দিনে হৃদয়ে এবং চতুর্থদিনে আমাশয়ে আসিয়া স্বীয় প্রকোপকালে পুনর্ব্বার জ্বর প্রকাশ করে।

বিষমজ্বর নির্দ্দিষ্ট দিনেই যে পুনঃ পুনঃ হয়, স্বভাবই ইহার একমাত্র কারণ, যেমন ভূনিহিত বীজ কালে (বর্ষাদি সময়ে) অঙ্কুরিত হয়, তদ্রূপ ধাত্বাশ্রিত দোষসকলও পূর্ব্বে তত্তৎ ধাতুতে নিহিত থাকিয়া স্ব স্ব প্রকোপকালে প্রকুপ্ত হইয়া ব্যাধির বিকাশ করে।

"নিবৃত্তঃ পুনরায়াতি বিষমো নিয়তে দিনে।
স্বভাবঃ কারণং তত্র মন্যন্তে মুনিপুঙ্গবাঃ॥"
"অধিশেতে যথাভূমিং বীজং কালে প্ররোহতি।
অধিশেতে তথা ধাতূন্ দোষঃ কালে প্রকুপ্যতি॥"

* সততকাদি-বিপর্য্যয়-জ্বরসকলও সততকাদিজ্বরের ন্যায় আমাশয়, বক্ষঃ, কণ্ঠ ও শিরঃ প্রভৃতি শ্লেষ্মস্থানস্থিত দোষের পূর্ব্বোক্তরূপ গতিবিধির প্রক্রমানুসারে স্বীয় স্বীয় নির্দ্দিষ্টকালে ব্যক্ত হইয়া থাকে অর্থাৎ সততকবিপর্য্যয় জ্বরে আমাশয়স্থ দোষ স্বীয় প্রকোপকালে প্রকুপিত হইয়া ব্যাধির স্বভাববশতঃ অহোরাত্রে দুইবার করিয়া বিচ্ছেদ হয়। অন্যেদ্যুষ্কবিপর্য্যয়ে বক্ষঃস্থিত দোষ আমাশয়ে আসিয়া প্রকোপকালে জ্বরোৎপাদন করে, পরে বেগের হ্রাস হইতে থাকিলে ঐ দিবারাত্রের মধ্যেই লঘুতাপ্রাপ্ত দোষ যখন পুনরায় বক্ষে গমন করে তখন একবার বিচ্ছেদ হয়। আবার পরদিন তথা হইতে আমাশয়ে আসিয়া যথাকালে জ্বরোৎপাদন করে। তৃতীয়ক বিপর্য্যয় বিষমজ্বর আমাশয়, বক্ষঃ ও

এবং বাতবলাসক, প্রলেপক, দাহশীতাদি প্রভৃতি কতিপয় বিষমজ্বরের উল্লেখ আছে। নিম্নে ক্রমশঃ তাহাদের লক্ষণাদি বর্ণিত হইতেছে। সততকবিপর্য্যয়—অহোরাত্রে মাত্র দুইবার বিচ্ছেদ হইয়া সমস্ত দিবারাত্র জ্বর ভোগ করে। অন্যেদ্যুষ্ক-বিপর্য্যয়,—অহোরাত্রের মধ্যে একবার মাত্র বিচ্ছেদ হইয়া সমস্ত দিবারাত্র জ্বর ভোগ করে। তৃতীয়কবিপর্য্যয়—এই জ্বর আদ্যন্ত দুই দিনে বিচ্ছেদ অবস্থায় থাকে মধ্যে একদিন মাত্র প্রকাশ পায় †। চাতুর্থকবিপর্য্যয়—ইহা আদ্যন্ত দুইদিন বিচ্ছেদ অবস্থায় থাকিয়া মধ্যে উপর্য্যুপরি দুইদিন সম্পূর্ণভাবে ব্যক্ত হয়। বাতবলাসক—এই জ্বর শোথরোগাক্রান্ত § ব্যক্তির উপদ্রব স্বরূপ নিত্য মন্দ মন্দ হইয়া থাকে। ইহা শ্লেষ্ম-প্রধান; ইহাতে রোগী রুক্ষ ও স্তব্ধাঙ্গ হয় অর্থাৎ তাহার অঙ্গ-শৈথিল্য জন্মে। প্রলেপক—এই জ্বরও নিত্য মান্দ্য অবস্থায় হয়। ইহা ঘর্ম্ম ও গাত্রের গুরুতা বশতঃ অহরহঃ শরীরের মধ্যে যেন প্রলিপ্ত অর্থাৎ নিবদ্ধ হইয়া থাকে; ইহাতে রোগী শীত অনুভব করে। যক্ষ্মরোগীদিগেরই এই জ্বর হইয়া থাকে।

কণ্ঠ এই তিন স্থানস্থিত দোষের গতিবিধি অনুসারে উৎপন্ন হয়। প্রথম দিন হৃদয়স্থ দোষ আমাশয়ে আসিয়া তত্রস্থ দোষের সম্মিলনে জ্বরোৎপাদন করিয়া উহারা সেইদিনে তথায় (আমাশয়ে) এবং কণ্ঠস্থ দোষ বক্ষে আসিয়া অবস্থান করে। পরদিন কণ্ঠ হইতে আগত বক্ষঃস্থিত ঐ দোষ আমাশয়ে আসিয়া যথা-কালে আবার জ্বর প্রকাশ করে। ঐ জ্বরবেগ হ্রাসতাপ্রাপ্ত হইলে, তৎপর দিবস অর্থাৎ তৃতীয় দিবস ব্যাপিয়া দোষসকল আমাশয় হইতে বক্ষে ও কণ্ঠে গমন করে, এই তৃতীয়দিনে কোন দোষ আমাশয়ে আসিয়া জ্বরোৎপাদন করে না; ইহা বিরামের দিন। আমাশয়, বক্ষ, কণ্ঠ ও মস্তকে দোষের গমনাগমনপ্রক্রিয়া দ্বারা চাতুর্থকবিপর্য্যয় জ্বরের উৎপত্তি। ইহাও তৃতীয়ক বিপর্য্যয় জ্বরের ন্যায় প্রথমদিন বক্ষ হইতে আমাশয়ে আগত দোষ কর্ত্তৃক উৎপন্ন হয়। ঐদিনে আবার কণ্ঠগত দোষ হৃদয়ে (বক্ষে) ও শিরঃস্থ দোষ কণ্ঠে আসে। পরদিন আবার হৃদয়ের দোষ আমাশয়ে আসিয়া জ্বরোৎ-পাদন করে এবং কণ্ঠের দোষ হৃদয়ে আসিয়া থাকে। তৎপরদিন অর্থাৎ তৃতীয় দিনে হৃদয়ের এই দোষ আমাশয়ে আসিয়া পুনরায় জ্বর প্রকাশ করে এইরূপে উপর্য্যুপরি তিনদিন জ্বর হইয়া চতুর্থদিনে দোষসকল স্ব স্ব স্থানে গমন করে এবং ঐ দিনে জ্বরও বিরাম থাকে। তৃতীয়ক ও চাতুর্থক জ্বরের মূলের লিখিত লক্ষণের সহিত এই লক্ষণের অসামঞ্জস্য হইতেছে বলিয়া বিরুদ্ধ মনে করিতে হইবে না, কেন না ইহা এক তন্ত্রের বচন নহে; একই তন্ত্রে ভিন্ন ভিন্ন মত দৃষ্ট হইলে সেইটীই দোষাবহ হয়, কিন্তু বিভিন্ন তন্ত্রের মত ভিন্ন ভিন্ন হইলে সেটী কোন দোষের হয় না। এ সম্বন্ধে স্মৃতিশাস্ত্রেও উক্ত আছে; যথা—

'স্মৃতিদ্বৈধন্তু যত্র স্যাৎ তত্র ধর্ম্মাবুভৌ মতৌ' (স্মৃতি)

† অনুধাবন করিয়া দেখিলে তৃতীয়কবিপর্য্যয় জ্বরের পর্য্যায় (পালা) প্রায় তৃতীয়ক জ্বরের ন্যায় বোধ হইবে।

§ কুষ্ঠাময়-পাণ্ডুরোগাক্রান্ত ব্যক্তির নিত্য যে মান্দ্য মান্দ্য জ্বর হয় কেহ কেহ তাহাকেই বাতবলাসক বলিয়া ব্যাখ্যা করেন।

বিদগ্ধপক্ক অন্নরসে অর্থাৎ প্রদূষ্ট আহাররসে প্রদূষিত পিত্ত এবং কফ শরীরে ব্যবস্থিতভাবে* থাকিয়া একপ্রকার বিষমজ্বরের উৎপত্তি করে। এই জ্বরে ব্যবস্থিতভাবে পিত্ত ও কফের অব-স্থান হেতু অর্দ্ধনারীশ্বরাকার বা নরসিংহাকারে † রোগীর দেহের অর্দ্ধাংশ উষ্ণ ও অপরার্দ্ধাংশ শীতল থাকে; ইহার কারণ এই যে, যে অর্দ্ধাংশে পিত্তের প্রাদুর্ভাব তথায় উষ্ণতার এবং যে অর্দ্ধাংশে শ্লেষ্মার প্রাদুর্ভাব সেখানে শৈত্যের অনুভব হয়। অন্য আর একপ্রকার বিষমজ্বরে পিত্ত ও কফ পূর্ব্বোক্তরূপে শরীরের বিভিন্ন স্থানে অবস্থানপূর্ব্বক দাহ-শীতাদি জন্মায়, অর্থাৎ যখন পিত্ত কোষ্ঠাশ্রিত থাকে তখন শ্লেষ্মা হস্ত-পাদাদিতে থাকে, এইরূপ যখন পিত্ত হস্তপাদাদিতে থাকে তখন শ্লেষ্মা কোষ্ঠে অবস্থান করে। সুতরাং পূর্ব্বোক্ত নিয়মানু-সারে যখন যেখানে শ্লেষ্মা থাকে তখন সেখানে (কায়ে বা হস্ত-পাদাদিতে) শৈত্য আর যখন পিত্ত ঐ ঐ স্থানে অবস্থান করে তখন সেই সকল স্থানে উষ্ণতা বিদ্যমান থাকে।

এই জ্বরে যখন ত্বক্‌স্থিত বায়ু ও শ্লেষ্মা এই উভয়ে প্রথমে শীত জন্মাইয়া জ্বর প্রকাশ করে এবং ইহাদের বেগের কিঞ্চিৎ উপশম হইলে পর পিত্ত কর্ত্তৃক দাহ উপস্থিত হয় তখন 'শীতাদি' এবং যখন ঐরূপ ত্বকস্থ পিত্ত প্রথমে অত্যন্ত দাহ জন্মাইয়া জ্বরের অভি-ব্যক্তি করে, পরে এই পিত্ত কিঞ্চিৎ প্রশান্ত হইলে বায়ু ও শ্লেষ্মা উভয় কর্ত্তৃক শীতের উদ্ভব হয়, তখন ইহাকে 'দাহাদি বিষমজ্বর' বলে; এই দাহাদি ও শীতাদি জ্বরের মধ্যে দাহপূর্ব্ব জ্বরই বিষম ক্লেশদায়ক এবং কৃচ্ছ্রসাধ্যতম।

পূর্ব্বে বলা হইয়াছে যে, রসরক্তাদি ধাতুর অন্যতম ধাতুকে আশ্রয় করিয়া বিষম জ্বরের উৎপত্তি হয়; এক্ষণে যে ধাতুকে আশ্রয় করিলে রোগীর যে যে লক্ষণ প্রকাশ পায় তাহা বলা যাইতেছে। রসধাতুকে আশ্রয় করিয়া জ্বর হইলে রোগীর গাত্র গুরুতা, হৃদয়োৎক্লেশ (উপস্থিত-বমন বোধ), অবসন্নতা, বমি, অরুচি ও দৈন্য উপস্থিত হয়। জ্বর রক্তধাতুকে আশ্রয়

* ব্যবস্থিত=বিপরীতভাবে ন্যস্ত অর্থাৎ শরীরের যে অংশে পিত্ত থাকে তথায় শ্লেষ্মা থাকে না; এইরূপ যেখানে সম্প্রতি শ্লেষ্মা বর্ত্তমান আছে তথায় পিত্ত অবিদ্যমান।

† দক্ষিণ চক্ষু, কর্ণ, নাসিকা, হস্ত, পদ এবং জিহ্বা ও মস্তকের দক্ষিণার্দ্ধাংশ লইয়া দেহের দক্ষিণার্দ্ধাংশে শীত, বাম চক্ষু, কর্ণ, নাসিকা, হস্ত, পদ ও জিহ্বা এবং মস্তকের বামার্দ্ধাংশ লইয়া দেহের বামার্দ্ধাংশে দাহ উপস্থিত হইলে অথবা ইহার বিপরীত অর্থাৎ ঐরূপ বামার্দ্ধাংশে শীত ও দক্ষিণার্দ্ধাংশে দাহ জন্মিলে তাহা অর্দ্ধনারীশ্বরাকারে এবং কটি হইতে পাদদ্বয় পর্য্যন্ত শীতল, ও মস্তক পর্য্যন্ত উষ্ণ; আবার ইহার বিপরীত অর্থাৎ কটি হইতে পাদদ্বয় পর্য্যন্ত উষ্ণ ও মস্তক পর্য্যন্ত শীতল হইলে, উহা নরসিংহাকারে হইয়াছে বলিয়া বুঝিতে হইবে।

করিলে রোগী রক্ত নিষ্ঠীবন করে অর্থাৎ থু থু ফেলিতে ফেলিতে রক্ত তুলে এবং সেই সঙ্গে তাহার দাহ, মোহ (মূর্চ্ছাভেদ), বমি, ভ্রমি (ঘূর্ণী), প্রলাপ, পীড়কা (স্ফোটকাদি) ও তৃষ্ণা প্রভৃতি উপসর্গ আসিয়া উপস্থিত হয়। জ্বর মাংসধাতুগত হইলে রোগী জঙ্ঘা-মাংস-পিণ্ডে দণ্ডাদি দ্বারা পীড়নের ন্যায় বেদনা অনুভব করে এবং তাহার তৃষ্ণা, মলমূত্রনিঃসরণ, বহির্ত্তাপ, অন্তর্দ্দাহ, বিক্ষেপ (হস্তপাদাদি চালন) ও শরীরের গ্লানি প্রভৃতি লক্ষণ দেখা যায়। মেদস্থ জ্বরে রোগীর অত্যন্ত স্বেদ, তৃষ্ণা, মূর্চ্ছা, প্রলাপ, বমি, দৌগন্ধ্য, অরোচক, শারীরিক গ্লানি ও অসহিষ্ণুতা (খিট্ খিটে ভাব) উপস্থিত হয়। অস্থিগত জ্বরে অস্থিতে ভেদবৎ পীড়া, কূজন (গলার ভিতর কোঁ কোঁ শব্দ), শ্বাস (হাপানি), বিরেচন, বমি ও গাত্র বিক্ষেপ করা অথবা কোঁথ দেওয়া প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। অকস্মাৎ অন্ধকারে প্রবিষ্টের ন্যায় বোধ হিক্কা, কাস, শীতবোধ, অন্তর্দ্দাহ, মহাশ্বাস ও মর্ম্মভেদ (হৃদয়, বস্তি প্রভৃতি মর্ম্মস্থানে ভেদবৎ পীড়া), এই গুলি মজ্জগত জ্বরের লক্ষণ। জ্বর শুক্রধাতুগত হইলে লিঙ্গের স্তব্ধতা এবং শুক্রের অত্যন্ত প্রসেক হয়। * ইহাতে সহসা রোগীর মৃত্যু হইতে পারে।

পূর্ব্বোক্ত তৃতীয়ক চাতুর্থকাদি জ্বরকে কেহ কেহ ভূতাভিসঙ্গোত্থ বিষমজ্বর † বলিয়া ব্যাখ্যা করেন এবং রোগ প্রশমনার্থ তাহার দৈবরূপ (বলি হোমাদি) ও দোষোচিত যুক্তিরূপ (কষায় পাচনাদি) ক্রিয়াদ্বয়ের ব্যবস্থা করিয়া থাকেন।

যাহার দেহে বায়ু এবং কফের সমতা ও পিত্তের ক্ষীণতা থাকে। তাহার বিষমজ্বর রাত্রিতে এবং ঐরূপ যাহার কফের ক্ষীণতা ও বাতপিত্তের সমতা দৃষ্ট হয় তাহার উক্ত জ্বর দিবাতেই প্রায় হইতে দেখা যায়।

"সমৌ বাতকফৌ যস্য ক্ষীণপিত্তস্য দেহিনঃ।
রাত্রৌ প্রায়ো জ্বরস্তস্য দিবা হীনকফস্য তু॥"

জ্বর যদি উৎপত্তির সঙ্গে সঙ্গেই বিষমত্ব প্রাপ্ত হয় তবে সে অচিরে রোগীকে নষ্ট করে। ‡

"আরম্ভাদ্বিষমো যস্তু যশ্চ বা দৈর্ঘ্যরাত্রিকঃ।
ক্ষীণস্য চাতিরুক্ষস্য গম্ভীরো যস্তু হন্তি তং" (নিদান)

চিকিৎসা,—প্রায় সকল বিষমজ্বরেই ত্রিদোষের (বাত, পিত্ত ও কফের) অনুবন্ধ আছে, তবে প্রত্যেক বিষমজ্বরেই বায়ুর অবশ্যম্ভাবিত্ব (অর্থাৎ অনুবন্ধ) অধিক জানিতে হইবে। এ সম্বন্ধে সুশ্রুতও বলিয়াছেন যে, "নর্ত্তেঽনিলাচ্চ বিষমজ্বরঃ সমুপজায়তে। কফপিত্তে হি নিশ্চেষ্টে চেষ্টয়ত্যনিলঃ সদা" বায়ু ব্যতিরেকে বিষমজ্বর উৎপন্ন হয় না; বিষমজ্বর সম্বন্ধে কফ ও পিত্ত কখন কখন নিশ্চেষ্ট থাকে, কিন্তু বায়ু ঐ সম্বন্ধে সর্ব্বদাই চেষ্টিত। বিদেহোক্তগ্রন্থেও উক্ত আছে যে, "পবনো গতিবৈষম্যাদ্বিষমজ্বরকারণম্" স্বকীয় গতির বৈষম্যহেতু বায়ুই বিষমজ্বরের কারণ। অতএব বিষমজ্বর চিকিৎসাকালে বায়ুর সমতা রক্ষা করাই প্রথম কর্ত্তব্য। এ সম্বন্ধে ব্যবস্থাও আছে যে—"স্নিগ্ধোষ্ণৈরন্নপানৈশ্চ শময়েদ্বিষমজ্বরম্" অর্থাৎ স্নিগ্ধ (তৈল ঘৃতাদিযুক্ত) ও উষ্ণ অন্নপানাদিদ্বারা বিষমজ্বরের শমতা করিবে; ফলকথা ইহাতেও বায়ুর প্রতিই প্রধান লক্ষ্য রাখিতে হইবে, তবে উহাদের মধ্যে যখন যে দোষের প্রাদুর্ভাব বুঝা যাইবে তখন তাহারই প্রতিকারের চেষ্টা করা কর্ত্তব্য; কেন না "অথোল্বণস্য দোষস্য তেষু কার্য্যং চিকিৎসিতং" ঐ সকল দোষের মধ্যে উল্বণ (অতি প্রবল) দোষই প্রথমে চিকিৎসনীয়। বিষমজ্বরেও ঊর্দ্ধাধঃ শোধন (বমন বিরেচন) কর্ত্তব্য। সন্ততজ্বরে,—ইন্দ্রযব, পল্‌তা (পটোলপত্র) ও কটকী এই তিন দ্রব্যের; সততজ্বরে,—পল্‌তা, অনন্তমূল, মুথা, আকনাদি ও কটকী এই পাচটীর; অন্যেদ্যুষ্কে,—নিমেরছাল, পল্‌তা, আমলকী, হরীতকী, বয়ড়া, কিসমিস, মুথা ও ইন্দ্রযব কিম্বা কুড়চিছাল এই আটটীর; তৃতীয়কজ্বরে,— চিরতা, গুড়ূচী, রক্তচন্দন ও শুঁঠ এই চারিটীর এবং চাতুর্থকজ্বরে,—গুড়ূচী, আমলকী ও মুথার ক্বাথ সেবন করিলে আরোগ্যলাভ করা যায়। গোরক্ষ চাকুলিয়ার মূল ও শুঁঠের ক্বাথ পান করিলে দুই কি তিন দিনের

* বিষমজ্বরে শুক্র নির্গত হইতে দেখিলে সাধারণ লোকে জানে যে জ্বর মজ্জগত হইয়াছে কিন্তু সে মজ্জগত শব্দের অর্থ অত্রোক্ত মজ্জগতের ন্যায় না বুঝিয়া শুক্রগত বুঝাই উচিত এবং সাধারণ লোকের ধারণাও তাই।

† "আগন্তুরনুবন্ধো হি প্রায়শো বিষমজ্বরঃ" প্রায় বিষমজ্বরই আগন্তু (অভিষঙ্গাদ্যুৎপন্ন) ও অনুবন্ধ (রোগান্তরের আশ্রয় বা মুক্তানুষঙ্গী); এবং "কর্ম্ম সাধারণং জহ্যাৎ তৃতীয়কচাতুর্থকৌ" সাধারণ (দৈবরূপ ও যুক্তিরূপ) কর্ম্ম তৃতীয়ক ও চাতুর্থক জ্বরকে নষ্ট করে; চরকের এই দুই বচনানুসারেও ঐ সকল বিষমজ্বর ভূতাভিষঙ্গোত্থ বলিয়া ব্যাখ্যাত হইতে পারে।

‡ এ স্থলে বিষমজ্বরের পূর্ব্বোক্ত সম্প্রাপ্তি লক্ষণের সহিত বাক্যগত অনৈক্য বা বিরুদ্ধ ভাব পরিদৃষ্ট হইতেছে; কেন না পূর্ব্বে বলা হইয়াছে যে বাতিক-পৈত্তিকাদি জ্বর স্ব স্ব নির্দ্দিষ্ট সময়ে (সপ্তাহ, দশাহ প্রভৃতি দিনে) বিচ্ছেদ হইলে যদি তখন আহারাদির অপচার করা হয় তবে ঐ সপ্তাহাদি কাল হইতেই বিষমজ্বরের আরম্ভ হয়, কিন্তু এখানকার ভাবে বলা হইতেছে যে, প্রথম উৎপত্তির সঙ্গে সঙ্গেই জ্বর বিষমত্ব প্রাপ্ত হয়। যাহা হউক, এখানে বিষমত্ব শব্দে সম্প্রাপ্তি লক্ষণের ধাত্বন্তরাবগাহিত্ব মাত্র গ্রহণ করিলে আর কোন দোষ থাকে না অর্থাৎ এখানে বুঝিতে হইবে যে, যে জ্বর উৎপন্ন হইয়াই রসরক্তাদির অন্যতম ধাতুকে আশ্রয় করিয়া তাহার শোষণ করে, সেই জ্বরই আরম্ভ হইতে বিষম বলিয়া কথিত এবং রোগীর জীবন নাশক হয়।

মধ্যে শীত, কম্প ও দাহযুক্ত বিষমজ্বর নষ্ট হয়। বাতশ্লেষ্মপ্রধান এবং শ্বাস, কাস, অরুচি ও পার্শ্ববেদনাযুক্ত বিষমজ্বরে কণ্টিকারী, গুড়ূচী, শুঁঠ ও কুড় এই কয় দ্রব্যের কাথ প্রশস্ত; ইহাতে ত্রিদোষজ জ্বরেরও উপকার হয়। মুথা, আমলকী, গুড়ূচী, শুঁঠ ও কণ্টকারিকা, ইহাদের কাথের সহিত পিপুলচূর্ণ ও মধু মিশ্রিত করিয়া সেবন করিলে বিষমজ্বর নষ্ট হয়। প্রাতঃকালে বা আহারের পূর্ব্বে, যে সময় হউক, তিলতৈলের সহিত রসুন উত্তমরূপে নিষ্পিষ্ট করিয়া ভক্ষণ করিলে বিষমজ্বর নাশ হয়। ব্যাঘ্রীর চর্ব্বি (বসা) সমান পরিমাণ হিঙ্গু ও সৈন্ধবের সহিত অথবা সিংহের বসা পুরাণঘৃত ও সৈন্ধবের সহিত মিশ্রিত করিয়া নস্য গ্রহণ করিলে বিষমজ্বরে উপকার হয়।

সৈন্ধব, পিপুলচূর্ণ ও মনঃশিলা তিলতৈলে উত্তমরূপে পেষণ করিয়া অঞ্জনরূপে ব্যবহার করিলে বিষমজ্বর নিবৃত্ত হয়। গুগ্‌গুল, নিম্বপত্র বচ, কুড়, হরীতকী, সর্ষপ, যব ও ঘৃত এই কয়েক দ্রব্য একত্র করিয়া তাহার ধূপ (ভাপরা) গ্রহণ করিলে বিষমজ্বর বিনষ্ট হয়।

জ্বর রসধাতুস্থ হইলে বমন ও উপবাস প্রশস্ত। সেক (জ্বরঘ্ন পদার্থের কাথ দ্বারা অবসেচন), প্রদেহ (জ্বরনাশক দ্রব্য উত্তমরূপে নিষ্পিষ্ট করিয়া তাহার প্রলেপ) ও সংশমন (দোষপ্রশমক দ্রব্যের কাথ চূর্ণাদি) রক্তস্থজ্বরে হিতকর। রক্তমোক্ষণেও রক্তগত জ্বরের উপকার হয়। মাংস ও মেদস্থিত জ্বরে বিরেচন ও উপবাস প্রশস্ত। অস্থি ও মজ্জগত জ্বরে নিরূহণ (কষায় দ্রব্যের বস্তি বা পিচকারি) ও অনুবাসন (স্নেহ-বস্তি) প্রয়োগ কর্ত্তব্য। মেদস্থজ্বরে মোদোঘ্নক্রিয়াও কর্ত্তব্য। অস্থিগতজ্বরে বাতবিনাশক ক্রিয়াও বিধেয়। শুক্রস্থানগতজ্বরে "মরণং প্রাপ্নুয়াত্তত্র শুক্রস্থানগতে জ্বরে" জ্বর শুক্রস্থানগত হইলে বলরক্ষক শ্রেষ্ঠতম শুক্রধাতুর অতিশয় নির্গমহেতু রোগীর মৃত্যু হয়।

কৃষ্ণজীরা কিঞ্চিৎ ভাজিয়া উহার তুল্য পরিমাণ পুরাতন ইক্ষুগুড় সহ মিলিত করিয়া তাহার দুই তোলা পরিমাণে সেবন করিলে বিষমজ্বর নষ্ট হয়। তুলসীপাতার অথবা দ্রোণপুষ্পীর (গুম্মা বা দণ্ড-কলসীর) রস মরিচচূর্ণের সহিত পান করিলে বিষমজ্বরের উপশম হয়। বলাডুমুর, কটকী, অনন্তমূল ও শ্যামালতা এবং পলতা, মুথা, বৃহদ্দন্তী, কটকী ও অনন্তমূল এই দুইটী যোগের অন্যতরের কাথ দোষ প্রশমনের জন্য সততাদি জ্বরে নিয়ত প্রযোজ্য। পলতা, ইন্দ্রযব, অনন্তমূল, হরীতকী, নিম্বছাল, গুলঞ্চ ও বালা ইহাদের কাথে সততক এবং কিসমিস, পলতা, নিমেরছাল, মুথা, ইন্দ্রযব, আমলকী, হরীতকী ও বয়ড়া ইহাদের কাথে অন্যেদ্যুষ্কজ্বর নিবৃত্তি হয়। বেণারমূল, রক্তচন্দন, মুথা, গুলঞ্চ, ধনিয়া ও শুঁঠ ইহাদের কাথে চিনি ও মধু প্রক্ষেপ দিয়া তৃষ্ণাদাহসংযুক্ত তৃতীয়কজ্বরে প্রযোজ্য। রবিবার আপাঙ্গের মূল তুলিয়া সাতগাছি লালরঙ্গের সুতার দ্বারা কটিদেশে বন্ধন করিলে তৃতীয়কজ্বর দূর হয়। শালপান, ভূম্যামলকী, দেবদারু, হরীতকী, বাসকছাল ও শুঁঠ ইহাদের কাথ মধু ও চিনিসংযোগে পান করিলে চাতুর্থকজ্বর বিনষ্ট হইয়া থাকে। অগস্ত্য পত্রের (বকফুলের পাতার) স্বরস এবং শিরীষপুষ্পের স্বরসে হরিদ্রা ও দারুহরিদ্রার কল্ক ও ঘৃত মিশ্রিত করিয়া নস্য করিলে চাতুর্থকজ্বর বিনষ্ট হয়। যে জ্বররোগী জ্বরের বেগ এবং জ্বর হইবার সময় চিন্তা করিতে করিতে ক্ষীণ হয় তাহাকে বাঞ্ছিত দ্রব্য কিম্বা কোন আশ্চর্য্য অথবা বিষম অর্থাৎ দুঃসহ, দুর্গ্রাহ্য ও দুর্ব্বোধাদি দ্বারা স্মরণ বিষয়ের অপনোদন করিতে হয়। বিষমজ্বর দীর্ঘকালজাত হইলে রোগীকে উৎকৃষ্ট অথচ হিতকর এবং বাঞ্ছিত সামগ্রী দ্বারা চিকিৎসা করিতে হয়। সততাদিজ্বরের চিকিৎসা যেরূপ কথিত হইল সততাদিবিপর্য্যয় জ্বরের চিকিৎসাও তদ্রূপ জানিতে হইবে, অর্থাৎ সততষিপর্য্যয়ে সততজ্বরের, অন্যেদ্যুষ্ক-বিপর্য্যয়ে অন্যেদ্যুষ্কজ্বরের চিকিৎসার ন্যায় চিকিৎসা করিতে হইবে।

শীতদাহাদিজ্বরে শীতার্ত্তকে শীতনাশক ও দাহার্ত্তকে দাহনাশক ক্রিয়া দ্বারা চিকিৎসা করা কর্ত্তব্য। শীতাদিজ্বরাক্রান্ত ব্যক্তির অত্যন্ত শীত উপস্থিত হইলে তূলানির্ম্মিত শয্যা বা আস্তরণ এবং কম্বল প্রভৃতি দ্বারা শীত নিবারণ করিবে। এই সকল ক্রিয়াতেও যদি শীত প্রশমিত না হয়, তাহা হইলে একটী প্রশস্তনিতম্বিনী সুন্দরী যুবতীকে আনিয়া রোগীর পার্শ্বে শয়ান করাইবে, রমণীস্পর্শে স্বভাবতঃই রোগীর রক্ত গরম হইয়া শীতের উপশম হয়। কিন্তু এই প্রক্রিয়াতে শীত নিবারণের পর যদি কামোদ্রেক হয় তবে তৎকালে সেই স্ত্রীলোকটীকে স্থানান্তরিত করিতে হইবে। এই শীতাপগমে যখন দাহ উপস্থিত হইবে তখন এরণ্ডপত্র বা শীতল দ্রব্যাদি (শীতল কাংস্যাদি পাত্র) অঙ্গে ধারণ করিয়া দাহ নিবারণ করিতে হইবে। লিপ্ত (গোময় ও জল দ্বারা লেপা) ভূমিতে এরণ্ডপত্র বিন্যস্ত করিয়া তদুপরি দাহার্ত্তরোগীকে শায়িত করিলে জ্বরের সহিত দাহ প্রশমিত হয়। প্রথমে দাহ হইয়া যদি তৎপরে দেহে শীতলতা উপস্থিত হয়, তবে রোগীর উত্তাপরক্ষার জন্য পুনরায় তাহাকে সুগন্ধী চন্দন কর্পূর প্রভৃতি দ্বারা বিলেপিততনু যৌবনবতী বনিতা দ্বারা বেষ্টন করাইবে। দাহোপশমে কামোদ্রেকের সম্ভাবনা থাকিলে পূর্ব্ববৎ ঐ যুবতীকে অপসারিত করিবে।

শিবজটা, গোশৃঙ্গ, বিড়ালের বিষ্ঠা, সর্পনির্ম্মোক (সাপের খোলস) মদনফল, জটামাংসী, বাঁশের নীল, রুদ্রনির্ম্মাল্য, ঘৃত, যব,

ময়ূরপুচ্ছের চাঁদ, ছাগরোম, সর্ষপ, বচ, হিঙ্গু, গোহাড় ও মরিচ এই সকল সমভাগে ছাগমূত্রদ্বারা পেষণ করিয়া যথাবিধি ধূপ (ভাপরা) প্রদান করিলে সর্ব্বপ্রকার বিষমজ্বর, গ্রহ, ডাকিনী, পিশাচ ও প্রেতজন্য বিকারসমূহ নষ্ট হয়।

গুলঞ্চ, মুথা, চিরতা, আমলকী, কণ্টকারী, শুঁঠ, বিল্বমূলের ছাল, সোণাছাল, গাম্ভারীছাল, পারুলছাল, গণিয়ারী ছাল, কটকী, ইন্দ্রযব, দুরালভা, এই সকল দ্রব্যের সমষ্টিতে ২ তোলা পরিমাণ লইয়া ৩২ তোলা জলে জ্বাল দিয়া ৮ তোলা জল অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া ২ মাষা পিপুল চূর্ণ ও ২ মাষা মধু উহাতে প্রক্ষেপ দিয়া প্রত্যহ সেবন করিলে বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, দ্বন্দ্বজ ও চিরোৎপন্ন রাত্রি-জ্বর নিবারিত হয়। হিঙ্গুল, গন্ধক ও পারদ প্রত্যেক একতোলা লইয়া অশ্বত্থবল্কল, ধুতুরার মূল, কণ্টকারীর মূল এবং কাকমাচী, ইহাদের প্রত্যেকের রসে তিন তিনদিন পৃথক্ পৃথক্ রূপে ভাবনা দিয়া দুই বা তিন রতি প্রমাণ বটিকা প্রস্তুত করিয়া দুগ্ধের সহিত সেবন করিলে অচিরে রাত্রিজ্বর বিনষ্ট হয়।

পারা, গন্ধক, শঙ্খভস্ম প্রত্যেক একতোলা তুতেভস্ম অর্দ্ধতোলা এইগুলি একত্র মিশ্রিত করিয়া দার্ব্বীশাক (কুলেখাড়া) জয়ন্তী ও নটে-শাক, ইহাদের প্রত্যেকের রসে সাত সাতবার ভাবনা দিয়া ৪ রতি প্রমাণ বটী করিবে। পুরাতন ঘৃতের সহিত সেবন করিলে তৃতীয়কজ্বরের উপশম হয়। হরিতাল, মনঃশিলা, গন্ধক, তুতে ও শঙ্খভস্ম সমভাগে লইয়া ঘৃতকুমারীর রসে মর্দ্দন করিয়া দুইটী ছোট শরার মধ্যে পূরিয়া গজপুটে পাক করিয়া পুনর্ব্বার ঘৃতকুমারীর রসে মর্দ্দন করিতে হইবে, পরে ৩ রতি প্রমাণ বটী প্রস্তুত করিয়া ঘৃত ও মরিচচূর্ণের সহিত সেবনান্তে তক্রানুপান করিলে চাতুর্থকজ্বর আশু প্রশমিত হয়।

প্রলেপকজ্বরে সাধারণতঃ কফজ্বরের চিকিৎসা বিধেয়। নিমছাল, শুঁঠ, গুলঞ্চ, দেবদারু, শটী, চিরতা, কুড়, পিপুল, গজপিপুল ও বৃহতী ইহাদের সমষ্টিতে দুইতোলা, অথবা ২ তোলা নিসিন্দার পাতা, ৩২ তোলা জলে সিদ্ধ করিয়া ৮ তোলাজল অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া পান করিলে কফজ্বর নষ্ট হয়। প্রলেপকজ্বরে ইহা বিশেষ উপকারী। (নিসিন্দার পাতার ক্বাথে অর্দ্ধতোলা মরিচচূর্ণ মিশাইয়া লইতে হইবে)।

পবিত্র হইয়া নন্দী প্রভৃতি অনুচর এবং মাতৃকাগণের সহিত শিবদুর্গার অর্চ্চনা করিলে শীঘ্রই সর্ব্বপ্রকার বিষমজ্বর হইতে মুক্তিলাভ হইয়া থাকে। এবং সহস্রমূর্দ্ধা জগৎপতি বিষ্ণুর সহস্রনাম উচ্চারণ করিয়া স্তব করিলেও সর্ব্বপ্রকার জ্বর বিনষ্ট হয়। (মহাভারতাদিতে বিষ্ণুর সহস্রনাম উক্ত আছে)

ব্রহ্মা, অশ্বিনীকুমারদ্বয়, ইন্দ্র, হুতাশন, হিমাচল, গঙ্গা ও মরুদ্গণের যথাবিধি পূজা করিলে বিষমজ্বরের শান্তি হয়। ভক্তিসহকারে পিতা মাতা এবং গুরুজনের পূজা ও ব্রহ্মচর্য্য, তপঃ, সত্য, ব্রতনিয়মাদি, জপ, হোম, বেদপাঠ বা শ্রবণ, সাধু-সন্দর্শন প্রভৃতি কার্য্য কায়মনোবাক্যে প্রতিপালন করিলে অচিরে জ্বরাদি হইতে মুক্তিলাভ করা যায়।

"সোমং সানুচরং দেবং সমাতৃগণমীশ্বরম্।
পূজয়ন্ প্রযতঃ শীঘ্রং মুচ্যতে বিষমজ্বরাৎ॥
বিষ্ণুং সহস্রমূর্দ্ধানং চরাচরপতিং বিভুং।
স্তবন্ নাম সহস্রেণ জ্বরান্ সর্ব্বানপোহতি॥
ব্রহ্মাণমশ্বিনাবিন্দ্রং হুতভক্ষং হিমাচলম্।
গঙ্গাং মরুদ্গণাংশ্চেষ্টান্ পূজয়ন্ জয়তি জ্বরান্॥
ভক্ত্যা মাতুঃ পিতুশ্চৈব গুরূণাং পূজনেন চ।
ব্রহ্মচর্য্যেণ তপসা সত্যেন নিয়মেন চ।
জপহোমপ্রদানেন বেদানাং শ্রবণেন চ।
জ্বরাদ্বিমুচ্যতে শীঘ্রং সাধূনাং দর্শনেন চ॥ (চরকচিঃ ৩ অঃ)

বিষমজ্বরাক্রান্তরোগীর নিজের হাতের নয় মুষ্টি তণ্ডুলের অন্ন দ্বারা একটী পুত্তলিকা প্রস্তুত করিয়া তাহা হরিদ্রায় রঞ্জিত করিতে হইবে; পরে চারিটী হরিদ্রা রঙের পতাকা ও অশ্বত্থপত্ররচিত চারিটী ঠোঙ্গা (পুটিকা) হরিদ্রারসে পরিপূর্ণ করিয়া উহার চারিধারে স্থাপন করিবে। উক্ত পুত্তলিকা বীরণ চাচিকায় (বেনার পাতাদ্বারা নির্ম্মিত চাচ বা আসন বিশেষে) স্থাপন করিয়া 'বিষ্ণুর্মোহস্তু' ইত্যাদি মন্ত্রে সংকল্প করিয়া

"জ্বরস্ত্রিপাদ স্ত্রিরশিরাঃ ষড়্ভুজো নবলোচনঃ।
ভস্মপ্রহরণো রুদ্রঃ কালান্তকযমোপমঃ"॥

এই ধ্যান ও আবাহন মন্ত্র পাঠ করিতে হইবে। পরে নয় কড়া কড়ি দিয়া গন্ধ, পুষ্প, ধূপাদি ক্রয় করিয়া তদ্দ্বারা পূজা সমাপনান্তে সন্ধ্যাকালে নিম্নোক্ত মন্ত্র পাঠ পূর্ব্বক জ্বরিত ব্যক্তিকে নির্ম্মঞ্ছন করিতে হইবে। অর্থাৎ এই মন্ত্রে তাহাকে ঝাড়িয়া ফেলিতে হয়। (তিন দিন পর্য্যন্ত এইরূপ করিবার বিধান আছে)। মন্ত্র যথা,—

"ওঁ নমো ভগবতে গরুড়াসনায় ত্র্যম্বকায় স্বস্ত্যস্তু বস্তুতঃ স্বাহা ওঁ কঁ টঁ পঁ শঁ বৈনতেয়ায় নমঃ ওঁ হ্রূঁ ক্ষঃ ক্ষেত্রপালায় নমঃ ওঁ হ্রীং ঠ ঠ ভোভো জ্বর শৃণু শৃণু হন হন গর্জ্জ গর্জ্জ ঐকাহিকং দ্ব্যাহিকং ত্র্যাহিকং চাতুর্থকং সাপ্তাহিকং অর্দ্ধমাসিকং মাসিকং নৈমেষিকং মৌহূর্ত্তিকং ফট্ ফট্ হ্রূং ফট্ ফট্ হন হন হন মুঞ্চ মুঞ্চ ভূম্যাং গচ্ছ স্বাহা" এই মন্ত্র পাঠ সমাপন করিয়া কোন বৃক্ষে, শ্মশানে বা চতুষ্পথে উক্ত পুত্তলী বিসর্জ্জন দিতে হইবে আর এই সকল পূজাদি বাস্তর দক্ষিণ প্রদেশে কোন শুচি স্থানে করার বিধান আছে।

এতদ্ভিন্ন সূর্য্যার্ঘ্যদান, সূর্য্যের স্তব, বটুকভৈরব স্তব, মাহেশ্বর কবচ প্রভৃতি পাঠ ও প্রক্রিয়াদি দ্বারাও বিষমজ্বরের অপনোদন করা যায়; বাহুল্য ভয়ে তত্তদ্বিবরণ বিবৃত হইল না।

পাশ্চাত্যমতে বিষমজ্বর—পাশ্চাত্য চিকিৎসকগণ বিষমজ্বরকে ম্যালেরিয়া জ্বর বলিয়া ব্যাখ্যা করেন।

বিষমজ্বরাঙ্কুশলৌহ (ক্লী) বিষমজ্বরের ঔষধবিশেষ। প্রস্তুত প্রণালী:—রক্তচন্দন, বালা, আকনাদি, বীরণমূল, পিপুল, হরীতকী, শুঁঠ, শুন্দি, আমলকী, চিত্রক, মুথা ও বিড়ঙ্গ ইহাদের চূর্ণ প্রত্যেক ১ তোলা জারিত লৌহচূর্ণ ১২ তোলা একত্র মিশ্রিত করিয়া জল দ্বারা মর্দ্দন করিবে। ২ রতি প্রমাণ বটিকা প্রস্তুত করিয়া সেবন করিলে বিষমজ্বর নাশ হয়।

বিষমজ্বরান্তকরস (পুং) বিষমজ্বরের একটী ঔষধ। প্রস্তুত প্রণালী:—হিঙ্গুলোত্থ পারদ ও গন্ধক সমভাগে লইয়া উত্তমরূপে মাড়িয়া কজ্জলী প্রস্তুত করিয়া পর্পটীবৎ পাক করিতে হইবে। এই পর্পটী এবং পারদের চারি ভাগের এক ভাগ স্বর্ণ, মুক্তা এবং শঙ্খ ও ঝিনুকভস্ম আর লৌহ, তাম্র, অভ্র প্রত্যেকে পারদের দ্বিগুণ; বঙ্গ, প্রবাল, প্রত্যেক পারদের অর্দ্ধাংশ পরিমাণে লইয়া ঘৃতকুমারীর রসে মর্দ্দন পূর্ব্বক দুইটী ঝিনুকের মধ্যে পুরিয়া বস্ত্র করিষাগ্নিতে (বিল ঘুটের আগুনে) পুট পাক বিধি অনুসারে পাক করিয়া ২ রতি প্রমাণ বটী প্রস্তুত করিতে হইবে। ইহা সেবনে বিষমজ্বর, প্লীহা, যকৃৎ প্রভৃতি বহুবিধ রোগের প্রতিকার হয়। অনুপান পিপুলচূর্ণ, হিং ও সৈন্ধব।

অন্যবিধ—প্রস্তুত প্রণালী:—পারা, রসসিন্দূর, স্বর্ণ, রৌপ্য, লৌহ, অভ্র, তাম্র, হরিতালভস্ম, বঙ্গ, মুক্তা, প্রবাল, স্বর্ণমাক্ষিক, প্রত্যেকের চূর্ণ সমভাগে লইয়া, নিসিন্দা, পাণ, কাকমাচী, ক্ষেতপাপড়া, হরীতকী, আমলকী, বয়ড়া, করলা, দশমূলের (বিল্বমূল, সোনাছাল, গাম্ভারীছাল, পারুল, গণিয়ারী, শালপান, বৃহতী, কণ্টকারি ও গোক্ষুরের) ক্বাথ, পুনর্নবা, গুলঞ্চ, বাসক, ভৃঙ্গরাজ ও কেশরাজ, ইহাদের প্রত্যেকের রসে তিন তিন ভাবনা দিয়া এক রতি পরিমাণে বটী করিতে হইবে। ইহা পেপুল চূর্ণ ও পুরাতন গুড় অনুপানে লেহন করিলে সপ্তধাতুগত নানা দোষোদ্ভব বিষমজ্বরাদি বিনষ্ট হয়।

বিষমত্রিভুজ (পুং) যাহার তিনটী বাহু পরস্পর অসমান (Scalena triangle)।

বিষমত্ব (ক্লী) বিষমের ভাব বা ধর্ম্ম, বৈষম্য, বিষমতা।

বিষমদলক, যে সকল ঝিনুকের দুই দল তুল্য নহে, যেমন অইষ্টর (oyster) ঝিনুক।

বিষমনয়ন (পুং) বিষমাণি অযুগ্মানি (ত্রীণি) নয়নানি যস্য ১ শিব। (হারাবলী) ২ ত্রিনেত্রবিশিষ্ট।

বিষমনেত্র (পুং) শিব।

বিষমন্ত্র (পুং) বিষ নিবর্ত্তকো মন্ত্রো যত্র। সর্পধারক, বাদিয়া, সাপুড়ে প্রভৃতি। পর্য্যায়, জাঙ্গলী। (জটাধর)

বিষমপদ (ত্রি) ১ অসমান পদচিহ্ন বিশিষ্ট। স্ত্রিয়াং টাপ্। ২ অসমান চরণযুক্ত। (ঋক্‌প্রাতি° ১৬।৩৬)

বিষমপলাশ (পুং) সপ্তপলাশ, ছাতিযান বৃক্ষ।

বিষমপাদ (ত্রি) অসমান চরণযুক্ত। স্ত্রিয়াং টাপ্।

বিষমময় (ত্রি) বিষমাদাগতং বিষম ময়ট্। (সিদ্ধান্ত কৌমুদী) যেটী বিষম হইতে আসে।

বিষমবাণ (ত্রি) বিষমাণি বাণানি (পঞ্চ) যস্য। পঞ্চবাণ, কামদেব।

বিষমভোজন (ক্লী) বিষমাশন। [বিষমাশন দেখ]

বিষময় (ত্রি) বিষযুক্ত।

বিষমরাশি (পুং) অযুগ্মরাশি, মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনুঃ, কুম্ভ।

বিষমরূপ্য (ত্রি) বিষমাদাগতং বিষম-রূপ্য (সিদ্ধান্তকৌ°) যেটী বিষম হইতে আগত হয়।

বিষমর্দ্দনিকা (স্ত্রী) বিষং মৃদ্নাতেঽনয়া মৃদ-ল্যুট্ স্বার্থে কন্। গন্ধনাকুলী (রাজনি°)

বিষমর্দ্দনী (স্ত্রী) গন্ধনাকুলী, গন্ধরাস্না।

বিষমবল্কল (পুং) করুণ নিম্বুক, নারঙ্গা লেবু। (পর্য্যায় মুক্তা°)

বিষমভাগ (পুং) অসমানাংশ।

বিষমবিশিখ (পুং) বিষমা বিশিখা বাণানি (পঞ্চ) যস্য। পঞ্চবাণ, কামদেব।

বিষমবৃত্ত (ক্লী) ১ অসমান পাদবিশিষ্ট ছন্দঃ।

বিষমবেগ (পুং) ন্যূনাধিকবেগ, বেগের কমিবেশী। (মাধবনি°)

বিষমশিষ্ট (পুং) অনুচিতানুশাসন, প্রায়শ্চিত্তাদিতে অন্যায়রূপে ব্যবস্থা দিলে তাহাকে বিষমশিষ্ট বলে; ইহা ব্যবস্থার একপ্রকার দোষবিশেষ। জ্ঞাতসারে বা ইচ্ছানুসারে গুরুতর পাপ করিলে তপ্তকৃচ্ছ্র এবং অজানিত অবস্থায় অনিচ্ছাসত্ত্বে ঐরূপ গুরুতর পাপ করিলে, চান্দ্রায়ণব্রতের ব্যবস্থা শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে; এইস্থলে যদি বিপরীতভাবে অর্থাৎ কামাচারীর প্রতি চান্দ্রায়ণ এবং অজ্ঞানকৃত পাপীসম্বন্ধে তপ্তকৃচ্ছ্রব্রতের ব্যবস্থা দেওয়া হয় তাহা হইলে সেই ব্যবস্থা বিষমশিষ্টদোষে দূষিত হয়।

"অত্র কামত এব চান্দ্রায়ণতপ্তকৃচ্ছ্রয়োবিষমশিষ্টত্বেন ইচ্ছাবিকল্পাসম্ভবাৎ কামতশ্চান্দ্রায়ণং অকামতস্তপ্তকৃচ্ছ্রঃ"। ইতি প্রায়শ্চিত্ততত্ত্বম্।

বিষমশীল (ত্রি) অসরল প্রকৃতি। উদ্ধত।

বিষমসাহস, অত্যধিক সাহসযুক্ত।

বিষমসিদ্ধি, পূর্ব্ব চালুক্যবংশীয় রাজা কুব্জবিষ্ণুবর্দ্ধনের (প্রথম) নামান্তর। কীর্ত্তিবর্ম্মার পুত্র। [চালুক্যবংশ দেখ।]

বিষমস্থ (ত্রি) বিষমে উন্নতানতে সঙ্কটে বা তিষ্ঠতীতি বিষম-স্থা-ক। ১ উন্নতানত (বন্ধুর) প্রদেশস্থ। ২ সঙ্কটস্থ। ৩ উপপ্লব (উপদ্রবপ্রাপ্ত) দেশস্থ।

"অপ্রাপ্তব্যবহারশ্চ দূতো দানোন্মুখো ব্রতী।
বিষমস্থাশ্চ নাসেধ্যা ন চৈতান্নাহ্বয়েন্নৃপঃ॥" (নারদপু°)

'বিষমস্থাঃ উপপ্লবদেশস্থাঃ' ইতি ব্যবহারতত্ত্ব।

বিষমা (স্ত্রী) সৌবীরবদর, বরুইভেদ। (ভাবপ্র°)

বিষমাক্ষ (পুং) ১ বিষমনয়ন। ২ শিব। (ত্রিকাণ্ডশেষ)

বিষমাগ্নি (পুং) জঠরাগ্নিবিশেষ; এই অগ্নি ভুক্ত দ্রব্যকে কখন সম্যক্ পরিপাক করে কখন বা একেবারেই করে না।

"অশিতা খলু মাত্রাপি বিষমাগ্নেস্তু দেহিনঃ।
কদাচিৎ পচ্যতে সম্যক্ কদাচিচ্চ ন পচ্যতে॥" (ভাবপ্র°)

বিষমাদিত্য, একজন প্রাচীন কবি।

বিষমাধুর (ক্লী) ১ শৃঙ্গীবিষ। (ভৈষজ্যরত্না°)

বিষমাধূক (ক্লী) বণিক্‌দ্রব্যবিশেষ, চলিত বিগমা। (ভৈষজ্যরত্না°)

বিষমায়ুধ (পুং) বিষমাণি অযুগ্মানি (পঞ্চ) আয়ুধানি বাণা যস্ত। পঞ্চশর, কামদেব। (হলায়ুধ)

বিষমাশন (ক্লী) অকালে (সময় অতীত হইলে), বহু বা অল্প পরিমাণে ভোজনের নাম বিষমাশন। তন্মধ্যে অধিক ভোজন করিলে আলস্য, গাত্রগুরুতা, পেটের ভিতর গুড়গুড় শব্দ প্রভৃতি এবং অল্প ভোজন করিলে শরীরের কৃশতা ও বলক্ষয় হয়।

"বহুস্তোকমকালে বা তজ্‌জ্ঞেয়ং বিষমাশনম্।
আলস্যগৌরবাটোপশব্দাংশ্চ কুরুতেঽধিকং।
হীনমাত্রং তনোঃকার্শ্যং করোতি চ বলক্ষয়ং॥" (ভাবপ্র°)

বিষমাশুকর (পুং) গ্রন্থিপর্ণমূল, গেঁঠেলা। (বৈদ্যকনিঘ°)

বিষমিত (ত্রি) প্রতিকূলতা প্রাপ্ত।

"ক্বচিৎ কালবিষমিতরাজকুলরক্ষসাপহৃতপ্রিয়তমধনাসুমৃতক ইব বিগতজীবলক্ষণ আস্তে।" (ভাগবত ৫।১৪।১৬)

'কালেন বিষমিতং প্রতিকূলতাং গীতম্' (স্বামী)

২ কুটিলীকৃত।

বিষমীয় (ত্রি) বিষমাদাগতম্ বিষম-ছঃ (গহাদিভ্যশ্ছঃ পা ৪।২।১৩৮) বিষম হইতে প্রাপ্ত, সঙ্কটাপন্ন।

বিষমুচ্ (ত্রি) বিষং মুঞ্চতীতি বিষ-মুচ্-ক্বিপ্। বিষোদ্গারণশীল।

বিষমুষ্ক (পুং) মদনবৃক্ষ, ময়নাফলের গাছ। (বৈদ্যকনিঘ°)

বিষমুষ্টি (পুং) ১ ক্ষুপবিশেষ, চলিত বিষদোড়ি। পর্য্যায়—কেশমুষ্টি, সুমুষ্টি, রণমুষ্টিক, ক্ষুপডোড়মুষ্টি। গুণ—কটু, তিক্ত, দীপন, রোচক এবং কফ, বাত, কণ্ঠরোগ ও রক্তপিত্তাদির দাহনাশক। (রাজনি°) ২ মহানিম। ৩ মদনবৃক্ষ। ৪ কুঁচলে। ৫ লাঙ্গলী, ঈষলাঙ্গলা। (বৈদ্য° নিঘ°)

বিষমুষ্টিক[কা] (পুং স্ত্রী) ১ বিষমুষ্টি। ২ বৃহৎ অলম্বুষা। ৩ কর্কোটী।

বিষমূলা (স্ত্রী) শিরামলক। (পর্য্যায়মুক্তা°)

বিষমৃত্যু (পুং) বিষেণ বিষদর্শনমাত্রেণ মৃতুরস্য। জীবঞ্জীবপক্ষী, চলিত চকোর। (জটাধর)

বিষমেক্ষণ (পুং) ১ বিষমনয়ন। ২ শিব।

বিষমেষু (পুং) বিষমা অযুগ্মানি ইষবো বাণা (পঞ্চ) যস্ত। পঞ্চবাণ, কামদেব।

বিষমোন্নত (ত্রি) ১ ক্রমোচ্চ নিম্ন, বন্ধুর। ২ স্থপুট। (হেম)

বিষমোভয়কণ্টক (পুং) ঘণ্টাবদর, শেয়াকুল। (বৈদ্যকনিঘ°)

বিষয় (পুং) বিষিণ্বন্তি স্বাত্মকতয়া বিষয়িনং নিরূপয়ন্তি সংবধ্নন্তি বা বি-ষি-অচ্। চক্ষুরাদি ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুজাত; শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ প্রভৃতি। পর্য্যায়,—গোচর, ইন্দ্রিয়ার্থ। দ্ব্যণুক (মিলিত পরমাণুদ্বয়) হইতে আরম্ভ করিয়া নদ, নদী, সমুদ্র, পর্ব্বত এবং প্রাণ অবধি মহাবায়ু পর্য্যন্ত সমস্ত ব্রহ্মাণ্ড অর্থাৎ জীবের ভোগ-সাধন জাগতিক পদার্থমাত্রই বিষয়-শব্দ-বাচ্য। এই ভোগ কোন স্থলে সাক্ষাৎ সম্বন্ধে কোথায়ও বা পরম্পরা সম্বন্ধে ঘটিয়া থাকে। ফলে কোন না কোন প্রয়োজন ভিন্ন কোন একটী পদার্থের উৎপত্তি হয় না; সুতরাং দ্ব্যণুক হইতে ব্রহ্মাণ্ড পর্য্যন্ত সমস্তই বিষয় অর্থাৎ ইন্দ্রিয়গোচর (ইন্দ্রিয়গ্রাহ্য) বলিয়া অভিহিত হয়।

"বিষয়ো দ্ব্যণুকাদিস্তু ব্রহ্মাণ্ডান্ত উদাহৃতঃ।"
"প্রাণাদিস্তু মহাবায়ুপর্য্যন্তো বিষয়ো মতঃ।" (ভাষাপরি°)

'অত্র বিষয়ঃ ভোগসাধনং সর্ব্বমেব হি কার্য্যমদৃষ্টাধীনং যচ্চ কার্য্যং যদদৃষ্টাধীনং তৎ তদুপভোগং সাক্ষাৎ পরম্পরয়া জনয়ত্যেব ন হি বীজপ্রয়োজনাভ্যাং বিনা কস্যচিদুৎপত্তিরস্তি তেন দ্ব্যণুকাদিব্রহ্মাণ্ডান্তং সর্ব্বমেব বিষয়ো ভবতীত্যর্থঃ।' (সি° মুক্তা°)

দ্রব্যাশ্রিত শুক্লকৃষ্ণ প্রভৃতি রূপসমূহ চক্ষুর বিষয় অর্থাৎ চক্ষুর্গ্রাহ্য। এইরূপ মধুরাদি ষড়্‌বিধ রস (মধুর, অম্ল, লবণ, কটু, তিক্ত ও কষায়) রসনাগ্রাহ্য অর্থাৎ জিহ্বার বিষয়); দ্রব্যনিষ্ঠ সুগন্ধ ও দুর্গন্ধ ঘ্রাণেন্দ্রিয়ের বিষয়; ত্বগিন্দ্রিয় দ্বারা দ্রব্যের শীত, উষ্ণ ও শীতোষ্ণ বা নাতিশীতোষ্ণ এই তিন প্রকার গুণের অনুভূতি হয়, এজন্য এই তিন প্রকার স্পর্শগুণ ত্বগিন্দ্রিয়ের বিষয়; আর আকাশনিষ্ঠ শব্দগুণ শ্রোত্রেন্দ্রিয়ের এবং আত্মনিষ্ঠ সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন প্রভৃতি, মন অর্থাৎ অন্তরিন্দ্রিয়ের বিষয়।

"চক্ষুর্গ্রাহ্যং ভবেদ্রূপং দ্রব্যাদেরুপলম্ভকং।
চক্ষুষঃ সহকারি স্যাৎ শুক্লাদিকমনেকধা॥"
"রসস্তু রসনাগ্রাহ্যো মধুরাদিরনেকধা।"
"ঘ্রাণগ্রাহ্যো ভবেদ্‌গন্ধো ঘ্রাণস্যৈবোপকারকঃ।
সৌরভশ্চাসৌরভশ্চ স দ্বেধা পরিকীর্ত্তিতঃ॥
স্পর্শস্ত্বগিন্দ্রিয়গ্রাহ্যস্তচঃ স্যাদুপকারকঃ।
অনুষ্ণাশীতশীতোষ্ণভেদাৎ স ত্রিবিধো মতঃ॥"
"তথা রসো রসজ্ঞায়াস্তথা শব্দোঽপি চ শ্রুতেঃ।"
"মনোগ্রাহ্যং সুখং দুঃখমিচ্ছা দ্বেষো মতিঃ কৃতিঃ॥" ভাষাপরি°)

সাঙ্খ্যকার বিষয় শব্দের নিরুক্তি এইরূপ করিয়াছেন,—"বিষিঞ্বন্তি বিষয়িণং বধ্নন্তি স্বেন রূপেণ নিরূপণীয়ং কুর্ব্বন্তীতি বিষয়াঃ পৃথিব্যাদয়ঃ সুখাদয়শ্চ। অস্মদাদীনাং অবিষয়াশ্চ তন্মাত্র-লক্ষণাঃ যোগীনাং ঊর্দ্ধস্রোতসাঞ্চ বিষয়াঃ।" (সাঙ্খ্যতত্ত্বকৌ°)

যে সকল পদার্থ জীবকে সংসারে আবদ্ধ করে, যাহারা ইন্দ্রিয় (চক্ষুঃ শ্রোত্রাদি) কর্ত্তৃক গৃহীত হইয়া স্বীয় প্রকৃতির অভিব্যক্তি দ্বারা বিষয়ীর (ভোগী ব্যক্তিদিগের) নির্ণয় সম্পাদন করে তাহাদের নাম বিষয়। যেমন ক্ষিত্যাদি ও সুখাদি, কেন না এই ক্ষিত্যাদি দ্রব্যের রূপরসাদি গুণে বিমুগ্ধ হইয়াই জীব সংসারে আবদ্ধ হয় এবং ঐ দ্রব্যাশ্রিত রূপরসাদির প্রতি তাহার ভোগ-লালসা উত্তরোত্তর বৃদ্ধি পায়। অতএব ঐ সকল দ্রব্য (ক্ষিত্যাদি) তদাশ্রিত রূপরসাদি এবং উহাদের (রূপরসাদির) মাধুর্য্য অনুভব হেতু তাহা হইতে উৎপন্ন সুখাদি দ্বারাই বিষয়ীকে (বিষয়াবদ্ধ বা সংসারাবদ্ধ জীবকে) অনায়াসে নির্ণয় করা যাইতে পারে। সুতরাং উহারা (ক্ষিত্যাদি) বিষয়।

আপাততঃ বোধ হইতে পারে ঊর্দ্ধস্রোতাঃ যোগিগণ বিষয়ী নহেন, কেন না সহসা দেখা যায় যে, সাধারণ রূপরসাদির প্রতি তাঁহাদের কোন ভোগলিপ্সা নাই; ইহা সত্য; কিন্তু আমাদের ইন্দ্রিয়াতীত (ইন্দ্রিয় দ্বারা গ্রহণাসমর্থ) তন্মাত্রাদির (রূপতন্মাত্র রসতন্মাত্র প্রভৃতি বিষয়ের) উপলব্ধি দ্বারা তাঁহারা সুখানুভব করেন বলিয়া সূক্ষ্মানুসন্ধানে তাঁহাদিগকেও বিষয়ী বলা যায়।

২ নিত্যসেবিত। ৩ অব্যক্ত। ৪ শুক্র, বীর্য্য, রেতঃ। ৫ জনপদ। (মেদিনী) ৬ কান্তাদি। ৭ নিয়ামক।

"বিশব্দো হি বিশেষার্থঃ সিনোতের্বন্ধ উচ্যতে।
বিশেষেণ সিনোতীতি বিষয়োঽতো নিয়ামকং॥" (ভট্টকারিকা)

৮ সারোপ্য, আরোপাশ্রয়। "গৌর্বাহীকঃ" গৌঃ=গো' (গরু); বাহীকঃ=শকট; অতএব এই প্রয়োগ দ্বারা 'গো 'শকট' এইমাত্র উক্ত হইতেছে, ইহা দ্বারা "গোবাহ্য (গোকর্ত্তৃক বহনীয়) শকট" এই অর্থ প্রকাশ পাইতে পারে না, কেন না শুদ্ধ 'গো'শব্দ 'গো কর্ত্তৃক বহনীয়' এই অর্থে কোথাও ব্যবহৃত হয় না। অতএব "গৌর্বাহীকঃ" অর্থাৎ গো-শকট এই প্রয়োগের 'গোবাহ্য শকট' এই অর্থ প্রকাশ করিতে হইলে, তথায় "সারোপা লক্ষণা" করিতে হয়। সারোপা লক্ষণা এই,—যেখানে আরোপ্যমাণ গবাদি ও আরোপের বিষয় বাহীকাদির গোত্ববাহীকত্বাদি প্রকাশমান বৈধর্ম্ম বর্ত্তমানেও উভয়ের সামানাধিকরণ্য (সমান-বিভক্তিকত্ব) দেখা যায়, তথায় সারোপা-লক্ষণা হয়। উক্ত স্থলে আরোপ্যমাণ (শকটে নিয়োজ্যমান) গো এবং আরোপের বিষয় (আশ্রয়) বাহীক (শকট), এই উভয় যথাক্রমে গোত্ব ও বাহীকত্বরূপ বিভিন্নধর্ম্মাক্রান্ত হইলেও উভয়ের উত্তর একই প্রথমা বিভক্তি নির্দ্দেশ করায় 'সারোপা-লক্ষণা' করা হইল এবং তাহা (এই সারোপা লক্ষণা) দ্বারাই উহার ('গৌর্বাহীকঃ' এই প্রয়োগের) পূর্ব্বোক্তরূপ (গোবাহ্য শকট) অর্থ প্রকাশিত হইতেছে।

"সারোপাঽন্যা তু যত্রোক্তৌ বিষয়ী বিষয়স্তথা"
'আরোপ্যমাণঃ আরোপবিষয়শ্চ যত্রানপহ্নুতভেদৌ সামানাধিকরণ্যেন নির্দ্দিশ্যেতে সা লক্ষণা সারোপা।'
(কাব্যপ্রকাশ দ্বিতীয় উল্লাস)

৯ বিচারযোগ্য বাক্য, অধিকরণাবয়ব ভেদ। বিষয় (বিচার্য্যবিষয়), বিশয় (সংশয়, সন্দেহ), পূর্ব্বপক্ষ (প্রশ্ন), উত্তর ও নির্ণয় (সিদ্ধান্ত) শাস্ত্রের এই পাঁচটী অঙ্গকে অধিকরণ বলে।

"বিষয়ো বিশয়শ্চৈব পূর্ব্বপক্ষস্তথোত্তরম্।
নির্ণয়শ্চেতি পঞ্চাঙ্গং শাস্ত্রেঽধিকরণং স্মৃতং॥" (মীমাংসা)

১০ দেশ।

"যচ্চকার বিবরং শিলাঘনে তাড়কোরসি স রামসায়কঃ।
অপ্রবিষ্টবিষয়স্য রক্ষসাং দ্বারতামগমদন্তকস্য তৎ॥"
(রঘু ১১।১৮)

১১ আশয়। ১২ ব্যাকরণ মতে—সামীপ্য, একদেশ, বিষয় ও ব্যাপ্তি এই চারি প্রকার আধারান্তর্গত আধার ভেদ।

"সামীপ্যাশ্লেষবিষয়ৈর্ব্যাপ্ত্যাধারশ্চতুর্ব্বিধঃ"। (বোপদেব)

১৩ জ্ঞেয় বস্তু। ১৪ ভোগ্যবস্তু, ভোগসাধন দ্রব্য। ১৫ সম্পত্তি, ধন। ১৬ বর্ণনীয় পদার্থ। ১৭ ভূত। ১৮ গৃহ, আবাস। ১৯ বিশেষ প্রদেশজাত বস্তু। ২০ ধর্ম্মনীতি। ২১ স্বামী, প্রিয়। ২২ মুঞ্জতৃণ, মুঁজ। (বৈদ্যক নিঘ°)

বিষয়ক (ত্রি) বিষয়-কন্ স্বার্থে। বিষয় শব্দার্থ।
বিষয়কর্ম্ম, সাংসারিক কাজ, সম্পত্তির তত্ত্বাবধান।
বিষয়গ্রাম (পুং) বিষয়সমূহ (রূপরসগন্ধাদি)।
বিষয়তা (স্ত্রী) বিষয়ের ভাব বা ধর্ম্ম।
বিষয়পতি (পুং) জনপদাধিপ।

বিষয়পুর (ক্লী) নগরভেদ। (দিগ্বি° প্র° ৫৫৬।৪)
বিষয়ত্ব (ক্লী) বিষয়ের ভাব বা ধর্ম্ম।
বিষয়বৎ (ত্রি) বিষয়ো বিদ্যতেঽস্য বিষয়-মতুপ্ মস্য বত্বম্। বিষয়বিশিষ্ট, বিষয়ী।
বিষয়বর্ত্তিন্ (ত্রি) বিষয়ান্তর্ভূত, বিষয়ের মধ্যে।
বিষয়বাসিন্ (ত্রি) জনপদবাসী।
বিষয়সপ্তমী (স্ত্রী) বিষয়াধিকরণে যে সপ্তমী বিভক্তি হয়। যেমন ধর্ম্মে মতি হউক।
বিষয়াজ্ঞান (ত্রি) বিষয়াণাং ন জ্ঞানং যত্র। অন্ধ। (রাজ°)
বিষয়াত্মক (ত্রি) বিষয়ঃ আত্মা যস্য কপ্। ১ বিষয়স্বরূপ। ২ বিষয়াধিগত প্রাণ, অত্যন্ত বিষয়াসক্ত।

"কন্যোপগূঢ়ো নষ্টশ্রীঃ কৃপণো বিষয়াত্মকঃ।
নষ্টপ্রজ্ঞো হৃতৈশ্বর্য্যো গন্ধর্ব্বৈর্যবনৈর্ব্বলাৎ॥"
(ভাগবত ৪।২৮।৬)

বিষয়াধিকৃত (পুং) জনপদের শাসনকর্ত্তা।
বিষয়াধিপ (পুং) ভূম্যধিকারী, রাজা, শাসনকর্ত্তা।
বিষয়ানন্তর (ত্রি) বিষয়ের পর, এক প্রস্তাবের অব্যবহিত পর।
বিষয়ান্ত (পুং) রাজ্যের প্রান্ত বা সীমা।
বিষয়াভিমুখীকৃতি (স্ত্রী) ১ চক্ষুঃ শ্রোত্রাদি ইন্দ্রিয়গণের স্ব স্ব বিষয়ের প্রতি অভিগমন। ২ বিষয়প্রসক্তি।
বিষয়ায়িন্ (পুং) বিষয়ান্ অয়তে প্রাপ্নোতীতি অয়-ণিনি। ১ রাজা। ২ বৈষয়িক জন। ৩ ইন্দ্রিয়। ৪ কামদেব। ৫ বিষয়াসক্ত পুরুষ। (মেদিনী)
বিষয়িক (স্ত্রী) বিষয়ীভূত।
বিষয়িত্ব (ক্লী) বিষয়ীর ভাব বা ধর্ম্ম।
বিষয়িন্ (ক্লী) বিষয়োঽস্ত্যস্যেতি বিষয় ইনি। ১ জ্ঞানবিশেষ।

"বিষয়ী যস্য তস্যৈব ব্যাপারো জ্ঞানলক্ষণা।" (ভাষাপরি°)
'জ্ঞানলক্ষণাপ্রত্যাসত্তিস্তু যদ্বিষয়কং জ্ঞানং তস্যৈব প্রত্যাসত্তিঃ।' (মুক্তাবলী)

২ ইন্দ্রিয়। (ত্রি) ৩ বিষয়াসক্ত। ৪ নৃপতি। ৫ কামদেব। ৬ বৈষয়িক। ৭ ধ্বনি। (অজয়পাল) ৮ ধনী। ৯ আরোপ্যমাণ।

"বিষয়িণা আরোপ্যমাণেনান্তঃকৃতে নিগীর্ণে"
(কাব্যপ্র° ২য় উল্লাস)

বিষয়ীকরণ (ক্লী) গোচরীকরণ।
বিষয়ীভাব (পুং) গোচরীভাব।
বিষয়ীয় (পুং) বিষয়। (কুসুমাঞ্জলি ১৪।২)
বিষয়েন্দ্রিয় (ক্লী) শব্দাদিগ্রাহক ইন্দ্রিয়।
বিষরস (পুং) বিষস্য রসং আস্বাদঃ। বিষাস্বাদন।
বিষরূপা (স্ত্রী) বিষং মূষিকাবিষং রূপয়তি অতিক্রামতি রূপ-ক স্ত্রিয়াং টাপ্। ১ অতিবিষা, আতইচ। (রাজনি°) ২ মহানিষুক, ঘোড়ানিম। ৩ অলম্বুষা। ৪ কর্কোটী।
বিষরোগ (পুং) বিষজন্য রোগসমূহ।
বিষল (ক্লী) বিষ, গরল।
বিষলতা (স্ত্রী) ইন্দ্রবারুণীলতা, রাখালশশা। (রাজনি°) ২ বিষপ্রধান লতাসমূহ।

"বিষলতাবদাপাততো রমণীয়াম্" (গীতা ২।৪২ স্বামী)

বিষলাঙ্গল (ক্লী) ক্ষুপভেদ, চলিত বিষলাঙ্গলীয়া।
বিষলাটা[ণ্টা] (স্ত্রী) নগরভেদ। (রাজতর° ৮।১৭৮)
বিষলিপ্তক (ক্লী) বিষসঞ্চরণ, বিষচরা।
বিষবৎ (ত্রি) বিষমস্ত্যস্যেতি বিষ-মতুপ্ মস্য বত্বম্। ১ বিষবিশিষ্ট, বিষযুক্ত। বিষমিব বিষ ইবার্থে-বৎ। ২ বিষতুল্য, বিষসদৃশ।
বিষবজ্রপাত (পুং) রস।
বিষবল্লরী (স্ত্রী) বিষলতা।
বিষবল্লি[ল্লী] (স্ত্রী) বিষলতা।
বিষবিটপিন্ (পুং) বিষবৃক্ষ।
বিষবিদ্যা (স্ত্রী) বিষায় তন্নিবৃত্তয়ে বিদ্যা। বিষঘ্নমন্ত্র। (ভরত) ২ বিষচিকিৎসাশাস্ত্র।
বিষবিধি (পুং) দিব্যভেদ। [দিব্যশব্দ দেখ।]
বিষবৃক্ষ (পুং) উদুম্বরবৃক্ষ, যজ্ঞডুম্বুর। (পর্য্যায়মু°)

"বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্"। (কুমার ২অ°)

বিষবৈদ্য (পুং) বিষমন্ত্রাভিজ্ঞ চিকিৎসক, ওঝা। পর্য্যায়—জাঙ্গুলিক, জাঙ্গলিক, নরেন্দ্র, কৌশিক, কথাপ্রসঙ্গ, চক্রাট, ব্যালগ্রাহী, জাঙ্গুলি, জাঙ্গলি, অহিতুণ্ডিক, ব্যালগ্রাহ, গারুড়িক। শব্দরত্না°)
বিষবৈরিণী (স্ত্রী) নির্ব্বিষী ঘাস, নির্ব্বিষা।
বিষশালুক (পুং) পদ্মকন্দ, পদ্মের গেঁড়ো। গুণ—গুরু, বিষ্টম্ভী (আধ্মানাদিকারক) ও শীতল। (রাজবল্লভ)
বিষশূক (পুং) বিষং শূকে যস্য। ভৃঙ্গরোল, ভীমরুল। (ভূরিপ্র°)
বিষশৃঙ্গিন্ (পুং) বিষং শৃঙ্গমিবাস্ত্যস্যেতি বিষ-শৃঙ্গ ইনি। ভৃঙ্গরোল, ভীমরুল। (হারাবলী)
বিষশোকাপহ (পুং) তণ্ডুলীয়-ক্ষুপ, কাঁটানটিয়া। (বৈদ্য°নিঘ°)
বিষসংযোগ (পুং) সিন্দূর। (বৈদ্য° নিঘ°)
বিষসূচক (পুং) বিষং সূচয়তি বিষযুক্তান্নাদিদর্শনে মৃতঃ সন্ জ্ঞাপয়তীতি সূচ-ণিচ-ণ্বুল্। চকোরপক্ষী।
বিষসৃক্কন্ (পুং) বিষং সৃক্কনি যস্য। ভৃঙ্গরোল, ভীমরুল।
বিষস্ফোট (পুং) স্ফোটকভেদ, বিষফোঁড়া।
বিষহ (ত্রি) বিষ-হন-ড। ১ বিষঘ্ন, বিষনাশক। স্ত্রিয়াং টাপ্। বিষহা। ২ দেবদালী। ৩ নির্ব্বিষা।

বিষহন্তৃ (পুং) ১ শিরীষবৃক্ষ। ২ বিষনাশক।

বিষহন্ত্রী (স্ত্রী) ১ অপরাজিতা। ২ নির্ব্বিষা। (রাজনি°) ৩ শ্বেতাপরাজিতা।

বিষহর (ত্রি) হরতীতি হৃ-অচ্ বিষস্য হরঃ। ১ বিষঘ্ন-ঔষধ-মন্ত্রাদি। গরুড়পুরাণে লিখিত আছে, "ওঁ হুঁ জঃ" এই মন্ত্রপাঠে সর্ব্বপ্রকার বৃশ্চিকের বিষ বিনষ্ট হয়। পিপুল, মাখম, শুঁঠ বা আদা, সৈন্ধব, মরিচ, দধি, কুড় এই সকল দ্রব্য যথাসম্ভব চূর্ণ ও মিশ্রিত করিয়া নস্য ও পান করিলে বিষ নষ্ট হয়। আমলকী, হরীতকী, বয়ড়া, সোঁহাগার খৈ, কুড় ও রক্তচন্দন ইহাদের চূর্ণ ঘৃতের সহিত মিশ্রিত করিয়া পান এবং বিষাক্ত স্থানে লেপন করিলে আশু বিষ বিনাশ হয়। পারাবতের চক্ষু, হরিতাল ও মনঃশিলা এই কয়েকটী একত্র ব্যবহার করিলে, গরুড়ের সর্পবিনাশের ন্যায় বিষ নষ্ট করে। শুঁঠ, পিপুল, মরিচ, সৈন্ধব, দধি, মধু ও ঘৃত একত্র মিশ্রিত করিয়া বৃশ্চিকদষ্টস্থানে প্রলেপ দিলে তৎক্ষণাৎ বিষ প্রশমিত হয়।

(গরুড়পুরাণ ১৮৬ অ°)

(পুং) ২ গ্রন্থিপর্ণভেদ। ৩ ধৃষ্টের পুত্রভেদ। (হরিবংশ) ৪ হিমালয় পর্ব্বতশ্রেণীর পশ্চিমভাগের একাংশ। পর্ব্বত-ভাগ প্রধানতঃ দানাদার পাথরে গঠিত। যমুনোত্তরীর উচ্চ শিখরদেশ হইতে সাতুলের দক্ষিণ শতদ্রু নদীতীর পর্য্যন্ত প্রায় ৬০ মাইল বিস্তৃত। বিষহর পর্ব্বতের শিখরগুলি ১৬৯৮২ হইতে ২০৯১৬ ফিট। উহার সর্ব্বোচ্চ শিখরই যমুনোত্তরী। এই পর্ব্বত পৃষ্ঠে ১৪৮৯১ হইতে ১৬০৩২ ফিটের মধ্যে অনেকগুলি গিরি-পথ আছে। স্থানীয় অধিবাসীরা হিন্দিভাষায় কথা কয়।

[লাদক দেখ।]

বিষহরা (স্ত্রী) ১ দেবদালীলতা, দেয়াতাড়া। ২ নির্ব্বিষা, নির্ব্বিষীঘাস। ৩ মনসাদেবী। (শব্দরত্না°)

"জরৎকারুপ্রিয়াস্তীকমাতা বিষহরেতি চ।" (দেবীভাগ° ৯।৪৭।৫২)

বিষহরিবর্ত্তি, সান্নিপাতাদিবিকারে ব্যবহার্য্য অঞ্জনবর্ত্তিবিশেষ। প্রস্তুতপ্রণালীঃ—জয়পালবীজের মজ্জা নেবুর রসে একুশবার উত্তমরূপে মাড়িয়া বর্ত্তির (বাতির) ন্যায় প্রস্তুত করিবে, পরে উহা মনুষ্যের লালাদ্বারা ঘসিয়া অঞ্জনের ন্যায় নেত্রে ব্যবহার করিলে সান্নিপাতবিকারাদিতে উপকার হয়। (রসেন্দ্রচিন্তা°)

বিষহরী (স্ত্রী) ১ মনসাদেবী। বিষসংহারে শ্রেষ্ঠতমা বলিয়া ইহাঁর নাম বিষহরী।

"বিষং সংহর্ত্তুমীশা যা তস্মাদ্বিষহরী স্মৃতা।"

(দেবীভাগ° ৯।৪৭।৪৭) [মনসা দেখ।]

বিষহা (স্ত্রী) বিষং হন্তি হন-ড স্ত্রিয়াং টাপ্। ১ দেবদালীলতা। ২ নির্ব্বিষা, নির্ব্বিষীঘাস।

বিষহারক (পুং) ভূকদম্ব। (বৈদ্যক নিঘ°)

বিষহারিণী (স্ত্রী) নির্ব্বিষা, নির্ব্বিষী ঘাস।

বিষহৃদয় (ত্রি) বিষং হৃদয়ে যস্য। যাহার অন্তঃকরণ বিষময়।

বিষহ্য (ত্রি) বি-সহ-যৎ। বিশেষপ্রকারে সহনীয়।

"স চ শম্বরমভ্যেত্য সংযুগায় সমাহ্বয়ৎ।
অবিষহ্যৈস্তমাক্ষেপৈঃ ক্ষিপন্ সঞ্জনয়ন্ কলিম্॥"

(ভাগবত ১০।৫৫।১৭)

বিষা (স্ত্রী) ১ অতিবিষা, আতইচ। পর্য্যায়—কাশ্মীরা, অতি-বিষা, শ্বেতা, শ্যামা, গুঞ্জা, অরুণা। (রত্নমালা) বিশ্বা, শৃঙ্গী, প্রতিবিষা, শুক্লকন্দা, উপবিষা, ভঙ্গুরা, ঘুণবল্লভা। গুণ—উষ্ণবীর্য্য, কটু, তিক্ত, পাচনী, দীপনী এবং কফ, পিত্ত, অতিসার, আম, বিষ, কাস, বমি ও ক্রিমিনাশক। (ভাবপ্রকাশ)

২ লাঙ্গলিকা, বিষলাঙ্গুলিয়া। (বৈদ্য° নিঘ°) ৩ কটুতুণ্ডী, কটুতরাই। (রাজনি°) ৪ কাকোলী। (বাভট)

বিষা (স্ত্রী) ষোঽন্তকর্ম্মণি বি-ষো-আ (উণা° ৪।৩৬)। বুদ্ধি।

বিষাক্ত (ত্রি) বিষমিশ্রিত, বিষযুক্ত।

বিষাখ্যা (স্ত্রী) শুক্লকন্দাতিবিষা, শ্বেত আতইচ্। (বাভট)

বিষাগ্রজ (পুং) তরবারি।

বিষাঙ্কুর (পুং) শল্যাস্ত্র, শল্যরূপ অস্ত্র, শেল। (ত্রিকাণ্ডশেষ)

বিষাঙ্গনা (স্ত্রী) বিষনারী। [বিষকন্যা দেখ।]

বিষাণ (ত্রি) ১ বিশেষপ্রকারে মদদাতা।

"বিষাণং পরিপানমন্তি তে" (ঋক্ ৫।৪৪।১১)

'বিষাণং বিশেষণ মদস্য দাতারম্' (সায়ণ)

২ কুড়। ৩ পশুশৃঙ্গ।

"বিতরসি তুরগং মহিষবিষাণে বিদধচ্চেতো ভোগবিতানে।"

(সাহিত্যদর্পণ ১০)

৪ হস্তিদন্ত, হাতীর দাঁত। (মেদিনী)

"ন জাতু বৈনায়কমেকমুদ্ধৃতং
বিষাণমন্যাপি পুনঃপ্ররোহতি।"

(শিশুপালবধ ১।৬০)

৫ বরাহদন্ত, শূকরের দাঁত। (হেম) ৬ মেষশৃঙ্গী (ইহার ফল শৃঙ্গাকার) ৭ ঔষধের গাছড়া। ৮ বৃশ্চিকালী। ৯ ক্ষীরকা-কোলী। ১০ তিন্তিড়ী, তেঁতুল।

বিষাণক (পুং) বিষাণ স্বার্থে কন্। বিষাণশব্দার্থ।

বিষাণকা (স্ত্রী) বিশেষপ্রকারে রোগ নিবর্ত্তনের সন্তজনকারিণী।

"বিষাণকা বিশেষেণ রোগনিবর্ত্তনস্য সংভক্ত্রী এতৎসংজ্ঞা খলু অসি ভবসি" (অথর্ব্ব° ৬।৪৪।৩)

বিষাণবৎ (ত্রি) শৃঙ্গী। শৃঙ্গযুক্ত।

বিষাণান্ত (পুং) গণেশের দাঁত।

বিষাণিকা (স্ত্রী) ১ মেষশৃঙ্গী। (রত্নমালা) ২ কর্কটশৃঙ্গী, কাকড়াশৃঙ্গী। পর্য্যায়—শৃঙ্গী, কর্কটশৃঙ্গী, কুলীর, অজশৃঙ্গী, রক্তা, কর্কটাখ্যা। (ভাবপ্রকাশ) ৩ সাতলা। ৪ আবর্ত্তকী-লতা। ৫ ঋষভক। ৬ শৃঙ্গাটক, শিঙাড়া। ৭ কাকোলী।

বিষাণিন্ (ত্রি) বিষাণমস্ত্যস্যেতি বিষাণ-ইনি। ১ শৃঙ্গী, শৃঙ্গবিশিষ্ট।

"খড়্গা বিষাণিনশ্চৈব বৃষভাশ্চ মৃগাস্তথা" (হরিবংশ ২০৪।২২)

(পুং) ২ হস্তী। ৩ শৃঙ্গাটক, শিঙাড়া। ৪ ঋষভক নামক ঔষধদ্রব্য। (রাজনি°) ৫ শূকর। ৬ বৃষ, ষাঁড়।

বিষাণী (স্ত্রী) ১ ক্ষীরকাকোলী। (মেদিনী) ২ বৃশ্চিকালী। (রাজনি°) ৩ তিন্তিড়ী, তেঁতুল। (শব্দচ°) ৪ অজশৃঙ্গী। ৫ চর্ম্মকষা। ৬ আবর্ত্তকীলতা। ৭ কদলীবৃক্ষ।

বিষাতকী (স্ত্রী) বিষের সংযোজনাকারিণী।

"বিষা বিষাতক্যসি" (অথর্ব্ব ৭।১১৮।২) 'বিষা বিষস্বরূপা ত্বং বিষাতকী। তকি কৃচ্ছ্রজীবনে। বিষং আতঙ্কয়তি সংযোজয়-তীতি বিষাতকী বিষস্য সংযোজয়ত্রী অসি।' (সায়ণ)

বিষাদ্ (ত্রি) বিষং অত্তীতি বিষ-অদ্-কিপ্। ১ বিষভক্ষক। ২ শিব।

বিষাদ (পুং) বি-সদ্-ঘঞ্। ১ খেদ, দুঃখ, বিষণ্ণতা। ২ জড়তা, নিশ্চেষ্টতা। ৩ কার্য্যে অনুৎসাহ বা অনিচ্ছা, অবসাদ। ৪ মূর্খতা। (হেমচন্দ্র)

বিষাদন (ক্লী) ১ বিষাদ, খেদ, দুঃখ।

"যদা মায়ানৃতং তন্দ্রা নিদ্রা হিংসা বিষাদনম্।"(ভাগব° ১২।৩।৩০)

বিষাদনী (স্ত্রী) বিষায় তন্নিবৃত্তয়ে অত্তেঽসৌ অদ্-ল্যুট্ স্ত্রিয়াং ঙীষ্। ১ পলাশী-লতা, চলিত হাপরমালী। ২ ইন্দ্রবারুণী, রাখালশশা। (বৈদ্য° নিঘ°)

বিষাদবৎ (ত্রি) বিষাদযুক্ত, বিষাদিত, বিষণ্ণ।

বিষাদিতা (স্ত্রী) ১ বিষাদযুক্তা। ২ বিষাদযুক্তের ভাব বা ধর্ম্ম।

"নচ হংসাবলীহেতোঃ কার্য্যা তেঽত্র বিষাদিতা" (কথাসরিৎসা°)

বিষাদিত্ব (ক্লী) বিষণ্ণতা, বিষাদযুক্তের ভাব বা ধর্ম্ম।

বিষাদিন্ (ত্রি) বিষাদো বিদ্যতেঽস্য ইতি বিষাদ-ইনি। বিষাদ-যুক্ত, বিষণ্ণ।

বিষানন (পুং) বিষমাননে যস্য। সর্প। (শব্দমালা)

বিষান্তক (পুং) বিষস্যান্তক ইব। ১ শিব। (হেম) (ত্রি) ২ বিষ-হর, বিষনাশক।

বিষান্ন (ক্লী) বিষযুক্তমন্নম্। ১ বিষযুক্তখাদ্য। ২ সর্ষপাদি।

বিষাপবাদিন্ (ত্রি) বিষতুল্য নিন্দাবাক্য প্রয়োগকারী। (শাঙ্খা°ব্রা° ২৯।১)

বিষাপহ (পুং) বিষং অপহন্তীতি অপ-হন-ড। ১ কৃষ্ণমুষ্ককবৃক্ষ, ঘণ্টাপারুল। (রাজনি°) (ত্রি) ২ বিষনাশক। স্ত্রিয়াং টাপ্। ৩ ইন্দ্রবারুণী, রাখালশশা। ৪ নির্ব্বিষা, নির্ব্বিষী-ঘাস। (রাজনি°) ৫ নাগদমনী, নাগদনা। (ভাবপ্র°) ৬ অর্কপত্রী। চলিত ঈষার বা ঈষার মূল। (শব্দচন্দ্রিকা) পর্য্যায়—অর্কপত্রা, সুনন্দা, অর্কমূলা।

৭ সর্পকঙ্কালিকালতা। (রত্নমালা) ৮ ত্রিপর্ণী নামক মহাকন্দ। (রাজনি°)

বিষাপহরণ (ক্লী) ১ বিষনাশন। ২ বিষাপনোদন। নির্ব্বিষীকরণ।

বিষাভাবা (স্ত্রী) বিষস্যাভাবো যস্যাং। নির্ব্বিষা, নির্ব্বিষী ঘাস।

বিষামৃত (ক্লী) গরল ও অমৃত।

বিষামৃতময় (ত্রি) গরল ও অমৃতযুক্ত। কথাসরিৎসাগরে বিষা-মৃতময়ী কন্যার উল্লেখ আছে। (কথাসরিৎসা° ৩৯।৮০)

বিষায়িন্ (ত্রি) বি-সো-ণিন্ (পা ৩।১।১৩৪)। তীক্ষ্ণ, চলিত ধারাল।

বিষায়ুধ (পুং) বিষমেবায়ুধং যস্য। ১ সর্প। (ক্লী) ২ বিষযুক্ত অস্ত্র, বিষাক্তাস্ত্র। (ত্রি) ৩ গরদ, বিষদাতা।

বিষায়ুধীয় (ত্রি) ১ সর্পসম্বন্ধীয়। ২ বিষাক্তাস্ত্র সম্বন্ধীয়। ৩ বিষদাতা সম্বন্ধীয়।

"অলিন্তথোদুম্বরমদ্রচোলান্ দ্রুমান্ সযৌধেয়-বিষায়ুধীয়ান্।" (বৃহৎসং ৫।৪০)

বিষার (পুং) বিষং ঋচ্ছতি বিষ-ঋ-অণ্। সর্প। (শব্দচ°)

বিষারাতি (পুং) বিষস্যারাতিঃ নাশকঃ। কৃষ্ণধুস্তূর, কাল-ধুতূরা বা কনকধুতূরা। (রাজনি°) ২ বিষনাশক।

বিষারি (পুং) বিষস্যারিঃ। ১ মহাচুঞ্চুশাক। ২ ঘৃতকরঞ্জ। (ত্রি) ৩ বিষনাশক।

বিষালা (স্ত্রী) মৎস্যবিশেষ। গুণ—বায়ু ও কফবর্দ্ধক।

"শকুলী চ বিষালা চ জ্ঞেয়ৌ বাতকফাত্মকৌ।" (অত্রি)

বিষালু (ত্রি) বিষযুক্ত।

বিষাসহি (ত্রি) বিশেষরূপে অভিভবকারী।

'বিষাসহির্বিশেষেণাভিভবিত্রী। * * যদ্বা বিষাসহিঃ সপত্নী-নামভিবিত্রী' (ঋক্ ১০।২৫৯।১৭৯ সায়ণ)

বিষাস্য (পুং) বিষমাস্যে যস্য। ১ সর্প। (ত্রি) ২ বিষযুক্ত মুখ।

বিষাস্যা (স্ত্রী) ভল্লাতক। (শব্দচ°) [ভল্লাতক দেখ।]

বিষাস্ত্র (পুং) বিষমেবাস্ত্রং যস্য। ১ সর্প। (ক্লী) ২ বিষযুক্ত অস্ত্র, বিষাক্তাস্ত্র। ৩ গরদ, বিষদাতা।

বিষিত (পুং) ১ প্রকৃষ্ট, বিশিষ্ট। ২ বিবদ্ধ, সম্বদ্ধ। ৩ প্রক্ষিপ্ত, বিক্ষিপ্ত।

বিষিতস্তক (ত্রি) ১ বিশিষ্ট কেশসমূহ। ২ প্রকীর্ণ কেশসমূহ, বিক্ষিপ্ত কেশকলাপ।

"বিষিতস্তকা বিশিষ্টকেশসজ্ঘা। বিপ্রকীর্ণকেশসজ্ঘা বা" (ঋক্ ১।১৬৭।৫ সায়ণ)

বিষিতস্তুপ (ত্রি) সম্বদ্ধভাবে উচ্ছ্রায়যুক্ত।

"বিষিতস্তুপঃ বিশেষেণ সিতো বদ্ধঃ স্তুপো রশ্মীনাং সমুচ্ছ্রায়ো যস্য স তথোক্তঃ" (অথর্ব্ব ৬।৬০।১ সায়ণ)

বিষিন্ (ত্রি) বিষমস্ত্যস্যেতি ইনি। বিষবিশিষ্ট।

বিষীভূত (ত্রি) অবিষং বিষং ভূতং। বিষীকৃত।

বিষু (অব্য) ১ সাম্য। (ভরত) ২ নানারূপ। (রামাশ্রম)

বিষুণ (পুং) বিষু সাম্যমস্মিন্নস্তীতি (লোমাদীতি। পা ৫।২।১০০) বিষু-ন ণত্বঞ্চ। যদ্বা বিষু নানারূপং গমনং বিষ্বক্ তদস্যাস্তীতি বিগ্রহে অর্শীত্যুত্তরপদলোপশ্চাকৃতসন্ধেরিতি পামাদিসূত্রেণ নঃ ণত্বম্। (ইত্যমরটীকায়াং রামাশ্রমঃ) ১ বিষুব। ২ নানারূপ।

"চরৎপতত্রি বিষুণং বিজাতম্" (ঋক্ ৩।৫৪।৮)

'বিষুণং বিশ্বক্ নানারূপং' (সায়ণ)

৩ সর্ব্বগ, সর্ব্বত্রগামী। "বভ্রুরেকো বিষুণঃ" (ঋক্ ৮।২৯।১) 'বিষুণঃ বিষ্বগঞ্চনঃ' (সায়ণ)

৪ বিপ্রকীর্ণ, প্রকৃষ্টরূপে বিস্তৃত, সর্ব্বব্যাপ্ত।

"সখায়স্তে বিষুণা অগ্ন এতে" (ঋক্ ৫।১২।৫)

'বিষুণা বিপ্রকীর্ণাঃ সর্ব্বব্যাপ্তাঃ' (সায়ণ) ৫ পরাঙ্মুখ, বিমুখ।

"বিত্বক্ষণঃ সমৃতৌ চক্রমাসজোঽসুন্বতো বিষুণঃ সুন্বতো বৃধঃ" (ঋক্ ৫।৩৪।৬।) 'বিষুণঃ পরাঙ্মুখঃ' (সায়ণ)

বিষুণক্ (অব্য) ১ বিবিধ, নানাপ্রকার। ২ সকল, সমস্ত, সর্ব্ব, বিষ্বক্। "ধনোরধি বিষুণক্তে ব্যায়ন্" (ঋক্ ১।৩৩।৪)

'বিষুণক্ বিবিধং নাশমুদ্দিশ্য যদ্বা বিষ্বক্ সর্ব্বতস্তে বৃত্রানুচরাঃ ব্যায়ন্ বিবিধং আগচ্ছন্।' (সায়ণ)

বিষুদ্রুহ্ (ত্রি) বিষু বিশ্বান্ সকলান্ শত্রূন্ দ্রুহ্যতি হিনস্তি ইতি বিষু-দ্রুহ্-ক। শর, বাণ। "বিষুদ্রুহেব যজ্ঞমূহথুর্গিরা" (ঋক্ ৮।২৬।১৫) 'বিষুদ্রুহেব। দ্রুহ জিঘাংসায়াং। বিশ্বান্ হিনস্তি শত্রূন্ ইতি বিষুদ্রুহঃ শরঃ' (সায়ণ)

বিষুপ (ক্লী) বিষুব। (ভরত)

বিষুরূপ (ত্রি) ১ নানারূপ, অনেক প্রকার।

"বিষুরূপে অহনী সং চরেতে" (ঋক্ ১।১২৩।৭)

'বিষুরূপে বক্ষ্যমাণপ্রকারেণ নানারূপে' (সায়ণ)

২ বিষমরূপে। "বিষুরূপে অহনী দ্যৌরিবাসি" (ঋক্ ৬।৫৮।১)

'বিষুরূপে বিষমরূপে অহনী অহশ্চ রাত্রিশ্চ ভবতঃ' (সায়ণ)

৩ নানাবর্ণ, অনেক রঙ্। "যুবোঃ সিক্তা বিষুরূপাণি সব্রতা" (ঋক্ ৬।৭০।৩)

'বিষুরূপাণি নানাবর্ণানি সব্রতা সমানকর্ম্মাণি ভূতানি জায়ন্তে' (সায়ণ)

বিষুব (ক্লী) ১ সমরাত্রিন্দিব কাল। যে সময়ে দিনমান ও রাত্রিমাণ সমান হয়। সূর্য্যের মেষ ও তুলাসংক্রান্তি। চৈত্রমাসের শেষদিনে যখন সূর্য্য মীনরাশি অতিক্রম করিয়া মেষরাশিতে এবং ঐরূপ আশ্বিনমাসের শেষদিনে যে সময়ে তিনি কন্যারাশি অতিক্রম করিয়া তুলারাশিতে গমন করেন, সেই সময়ের নাম 'বিষুব'; কেন না ঐ দিনে দিবা ও রাত্রির মান সমান হয়। এই উক্তিতে আপাততঃ ধারণা হইতে পারে যে,—বর্ত্তমান সময়ে পঞ্জিকাদিতে দিবারাত্রির সমান মান ৯ই চৈত্র ও ৯ই আশ্বিন তারিখে লেখা থাকে; তবে কি ঐ তারিখেই বিষুবসংক্রান্তি হইবে? অর্থাৎ সূর্য্য ঐ ঐ তারিখেই মীন হইতে মেষে এবং কন্যা হইতে তুলায় যাইবেন। কিন্তু বাস্তবিক তাহা নহে, কেন না, মীনরাশিতে সংক্রমণ অবধি সূর্য্যকে রাশিভোগকালের নিয়মানুসারে তথায় (ঐ মীনরাশিতে) একমাস যাবৎ অবস্থিতি করিতে হয়; সুতরাং সহজগতিতে ৯ দিন বাদে তাঁহার রাশ্যন্তরে গমন অসম্ভব; অতএব ইহার প্রকৃত মীমাংসা সুবিস্তৃতরূপে নিম্নে প্রকটিত হইতেছে।

বিষুবারম্ভণের নিয়ম,—সূর্য্যের মেষরাশি সংক্রমণের পূর্ব্ব ও পশ্চাৎ, প্রতিলোম ও অনুলোম গতি দ্বারা ২৭ দিনের মধ্যে বিষুব আরম্ভণ হইয়া থাকে। যে যে দিবসে বিষুব আরম্ভ হয় অর্থাৎ সূর্য্য বিষুবরেখার পূর্ব্ব পশ্চিম স্পর্শবিন্দুর মধ্যগত হন, সেই দুই দিবস পৃথিবীর যে সকল স্থানে নিত্য সূর্য্য দর্শন হয়, তথায় দিন ও রাত্রির পরিমাণ সমান হইয়া থাকে। বিষুব,—দুইটী; অশ্বিনী নক্ষত্রের প্রারম্ভে মেষরাশিতে যে বিষুব আরম্ভ হয়, তাহার নাম 'মহাবিষুব'; আর চিত্রা নক্ষত্রের শেষার্দ্ধে তুলারাশির প্রারম্ভে সূর্য্যের যে বিষুব রেখা স্পর্শ হয়, তাহাকে 'জলবিষুব' কহে।

প্রতিলোম ও অনুলোমের নিয়ম—যে কোন শকাব্দে সূর্য্যের মেষরাশি সঞ্চারের দিবস বিষুব আরম্ভ হইলে, সেই শকের ৩০ শে চৈত্র এবং ৩০ শে আশ্বিন দিন ও রাত্রির মান সমান হইয়া থাকে এবং ৬৬ বৎসর ৮ মাস কাল পর্য্যন্ত ঐ নিয়মেই চলে। প্রতিলোম গতি স্থলে সূর্য্যের মেষ ও তুলা সংক্রমণের এক এক দিন পূর্ব্বে বিষুব আরম্ভ হয়; সুতরাং এই (প্রতিলোম) গতিতে প্রত্যেক ৬৬ বৎসর ৮ মাস পরে মেষ ও তুলা সংক্রমণের এক এক দিন পূর্ব্বে পূর্ব্বে বিষুব আরম্ভ হওয়ায় ক্রমে ঐ দুই (চৈত্র ও আশ্বিন) মাসের এক এক দিন পূর্ব্বে পূর্ব্বে অর্থাৎ ১ম ৬৬ বৎসর ৮ মাস পর্য্যন্ত ৩০শে ২য় ৬৬ বৎসর ৮ মাস ২৯ শে, ৩য় ৬৬ বৎসর ৮ মাস ২৮শে, ৪র্থ ৬৬ বৎসর ৮ মাস ২৭ শে ইত্যাদিরূপে দিন ও রাত্রির মান সমান হইয়া আসিয়া, বিংশ ৬৬ বৎসর ৮ মাস পরে বা একবিংশ

৬৬ বৎসর ৮ মাসের মধ্যে বিষুব আরম্ভ হইয়া বর্ত্তমানে (১৮২৯ শকাব্দে) ৯ই চৈত্র ও ৯ই আশ্বিন তারিখে দিন ও রাত্রির মান সমান ভাবে চলিতেছে। আর অনুলোম গতিস্থলেও মেষ ও তুলা সংক্রমণ দিবসে বিষুব আরম্ভের পর উক্তরূপ ৬৬ বৎসর ৮ মাস অন্তর এক একদিন পরে পরে বিষুব আরম্ভ হয়। অর্থাৎ ১ম ৬৬ বৎসর ৮ মাস ৩০ শে চৈত্র ও ৩০ আশ্বিনে, ২য় ৬৬ বৎসর ৮ মাস ১লা বৈশাখে ও ১লা কার্ত্তিকে, ৩য় ৬৬ বৎসর ৮ মাস ২রা বৈশাখে ও ২রা কার্ত্তিকে, ইত্যাদি নিয়মে দিন ও রাত্রিমাণের সমতা হইয়া থাকে।

"মেষসংক্রমতঃ পূর্ব্বং পশ্চাৎ তারা-দিনান্তরে।
প্রতিলোম্যানুলোম্যেন বিষুবারম্ভণং ভবেৎ ॥
বিষুবারম্ভণং যত্র সমং মানং দিবানিশোঃ ॥" (জ্যোতির্ব্বচন)

এই বচনানুসারে উল্লেখ করা হইয়াছে—"সূর্য্যের মেষ-রাশি সংক্রমণের পূর্ব্ব ও পশ্চাৎ, প্রতিলোম ও অনুলোম গতি দ্বারা ২৭ দিনের মধ্যে বিষুব আরম্ভণ হইয়া থাকে।" ইহার স্ফুটার্থ এই যে, সূর্য্যের মেষরাশি সংক্রমণ (৩০ শে চৈত্র) দিন ধরিয়া পূর্ব্ববর্ত্তী ২৭ দিন (৪ঠা চৈত্র) পর্য্যন্ত প্রতিলোম গতিতে এবং ঐ দিন (৩০ শে চৈত্র) হইতে পরবর্ত্তী (সম্মুখবর্ত্তী) ২৭ দিন (১লা হইতে ২৭শে বৈশাখ) পর্য্যন্ত অনুলোম গতিতে বিষুব আরম্ভ হয়। অর্থাৎ এই (২৭+২৭) ৫৪ দিনের মধ্যে যে কোন দিনে একাদিক্রমে ৬৬ বৎসর ৮ মাস কাল পর্য্যন্ত সূর্য্য একবার করিয়া বিষুব রেখায় উপস্থিত হন এবং সেই দিন দিবা ও রাত্রির মান সমান হয়। ইহাতে ইহাও বুঝিতে হইবে যে, ৪ঠা আশ্বিন হইতে ২৭ শে কার্ত্তিক পর্য্যন্ত ৫৪ দিনের মধ্যে যে কোন দিনে সূর্য্য একাদিক্রমে ৬৬ বৎসর ৮ মাস পর্য্যন্ত একবার করিয়া বিষুব রেখায় উপস্থিত হন এবং সেই দিন দিবা ও রাত্রির মান সমান হয়। এই জন্যই বৎসরের মধ্যে ২ দিন করিয়া দিবা ও রাত্রির মান সমান দেখা যায়। আরও জানিতে হইবে, ৩০ শে চৈত্রের পূর্ব্বে বা পরে যে তারিখে সূর্য্য বিষুবরেখায় উপস্থিত হইবেন, ৩০শে আশ্বিনের পূর্ব্বে এবং পরেও ঠিক সেই তারিখেই সেই বৎসর আর একবার ঐ বিষুবরেখায় অবস্থিতি করিবেন।

উক্ত প্রতিলোম ও অনুলোম গতির হেতু এই,—সৃষ্টির আরম্ভকালে যে স্থানে অশ্বিনী নক্ষত্রের প্রারম্ভে রাশিচক্র সন্নিবেশিত হইয়াছিল, তথা হইতে ঐ রাশিচক্র সম্মুখ ও পশ্চাদ্‌ভাগে অর্থাৎ উত্তরে একে একে ২৭ অয়নাংশ (Degree) এবং দক্ষিণেও ঐরূপে ২৭ অংশ সরিয়া যায়। এই অয়নগতি সমুদয়ে ৭২০০ বর্ষে সম্পূর্ণ হয়; কেন না প্রথমতঃ ৩০ শে চৈত্র হইতে ৪ঠা চৈত্র পর্য্যন্ত প্রতিলোম গতিতে ২৭ অংশ যাইতে (৬৬।৮×২৭) ১৮০০ বৎসর লাগে; পরে ঐ ৩০শে চৈত্র পর্য্যন্ত ফিরিয়া আসিতে আর ১৮০০ বৎসর, এইরূপ অনুলোম গতিতেও ১লা বৈশাখ হইতে ২৭শে বৈশাখ পর্য্যন্ত ২৭ অংশ গিয়া ফিরিয়া আসিতে ঐ কাল অর্থাৎ (১৮০০×২) ৩৬০০ বৎসর লাগে; অতএব মোটের উপর প্রতিলোম ও অনুলোম গতিতে যাইতে (২৭+২) ৫৪ অংশ; অথবা যাওয়া ও আসাতে, অর্থাৎ (৫৪×২) ১০৮ অংশ পর্য্যন্ত যাইতে ও আসিতে, (৬৬।৮×১০৮) ৭২০০ বৎসর লাগে।

রাশিচক্রের এই অয়নগতিবশতঃ সূর্য্যের গতি অনুসারে দিন ও রাত্রিমাণের হ্রাস বৃদ্ধির কারণ সমুদ্ভূত হয় এবং ৬৬ বৎসর ৮ মাস অন্তর অয়নাংশ পরিবর্ত্তিত হইলে মেষাদি-দ্বাদশ-লগ্ন-মাণেরও হ্রাস বৃদ্ধি হইয়া পরিবর্ত্তন হয়। এক বৎসরের অয়নাংশ মাত্র ৫৪ বিকলা, এক মাসে ৪।৩০ সাড়ে চারি বিকলা এবং একদিনে মাত্র ৯ অনুকলা হইয়া থাকে। নিম্নে অয়নাংশ নিরূপণের নিয়ম লিখিত হইতেছে।

৪২২ শকাব্দ হইতে আরম্ভ করিয়া যে কোন শকাব্দার অয়নাংশ আনয়ন করিতে হইলে, ইষ্ট শকাব্দার অঙ্ক হইতে ৪২১ বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দুই স্থানে রাখিয়া একটীকে ১০ দ্বারা হরণ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা অপরটী হইতে বিয়োগ করিবে। পরে অবশিষ্ট অঙ্ককে ৬০ দ্বারা বিভাগ করিলে লব্ধফল ও ভাগশেষাঙ্ক, অয়নাংশ ও কলা বিকলাদি-রূপে নিরূপিত হইবে। উহা সেই শকাব্দার আরম্ভ সময়ের অর্থাৎ ১লা বৈশাখের পূর্ব্বক্ষণের অয়নাংশ জানিতে হইবে।

উদাহরণ, ১৮২৯ শকাব্দার প্রারম্ভে অয়নাংশ যাহা ছিল তাহা এই,—১৮২৯−৪২১=১৪০৮। ১৪০৮÷১০=১৪০।৪৮। ১৪০৮−১৪০।৪৮=১২৬৭।১২; (১২৬৭।১২)÷৬০=২১।৭।১২. অর্থাৎ ১৮২৯ শক হইতে ৪২১ বাদ দিয়া ১৪০৮ হইল উহাকে ১০ দ্বারা ভাগ করিয়া ১৪০।৪৮ লব্ধ হইল। এই লব্ধ-ফল পুনর্ব্বার ১৪০৮ হইতে বিয়োগ করিলে অবশিষ্ট ১২৬৭ কলা ও ১২ বিকলা থাকিল, উহাকে ৬০ দ্বারা ভাগ করিয়া অংশ আনয়ন করিলে ২১ অংশ ভাগফল হইল এবং ৭ কলা ও ১২ বিকলা অবশিষ্ট থাকিল। অতএব জানা গেল ১৮২৯ শকের (সন ১৩১৪ সালের) আরম্ভে অয়নাংশাদি ২১।৭।১২ বিকলা নিরূপিত হইল।

৪২১ শকের প্রারম্ভে মেষসংক্রান্তিদিবসেই বিষুবারম্ভণ হইয়াছিল, ঐ শকে অয়নাংশ শূন্য হয়। তৎপরে ৪২১ শক পূর্ণ হইয়া ৪২২ শকের আরম্ভে অর্থাৎ মহাবিষুবসংক্রান্তিদিবসে অয়নাংশ ৫৪ বিকলা হইয়াছিল। উক্ত ৪২২ শক হইতে প্রতি-বর্ষে অয়নাংশ ৫৪ বিকলা করিয়া বৃদ্ধি হইয়া বর্ত্তমান ১৮২৯

শকের (সন ১৩১৪ সালের) প্রারম্ভে ২১।৭।১২ (একুশ অংশ ৭ কলা ও ১২ বিকলা) অয়নাংশাদি পূর্ণ হইয়াছে ; অর্থাৎ একবিংশতি অয়নাংশ উত্তীর্ণ হইয়া দ্বাবিংশতি অয়নাংশের ৭ কলা ও ১২ বিকলা হইয়াছে। আগামী ১৮৮৮ শকের (সন ১৩৭৩ সালের) অগ্রহায়ণ মাসে * দ্বাবিংশতি অয়নাংশ পূর্ণ হইয়া ত্রয়োবিংশতি অয়নাংশ আরম্ভ হইবে এবং ঐ শকের চৈত্রমাসের ৮ই তারিখে বিষুব আরম্ভ হইয়া সেই দিনে দিন ও রাত্রির মান সমান দেখা যাইবে। অর্থাৎ তখন সেই কালই 'বিষুব' বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

বিষুবরেখা, (স্ত্রী) বিষুবং সমরাত্রিন্দিবকালো যস্যাং রেখায়াং সা। পৃথিবীর ঠিক মধ্যস্থলে পূর্ব্বপশ্চিম দিগ্‌বেষ্টিত একটী কল্পিত রেখা ; ইহা উভয় মেরু হইতে সমদূরবর্ত্তী এবং সমমণ্ডল, উন্মণ্ডল ও বিষুবন্মণ্ডল নামে অভিহিত। এই রেখার উত্তরদিকে মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ ও কন্যা এই ছয়টী রাশি এবং দক্ষিণ দিকে তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ ও মীন এই ছয়টী রাশি তির্য্যক্‌ভাবে বৃত্তাকারে রাশিচক্রের উপর অবস্থিত আছে।

[রাশিচক্র দেখ।]

"প্রাক্‌পশ্চিমাশ্রিতা রেখা প্রোচ্যতে সমমণ্ডলম্।
উন্মণ্ডলঞ্চ বিষ্ণুবন্মণ্ডলং পরিকীর্ত্তিতম্॥" (সিদ্ধান্ত-শিরো°)

পাশ্চাত্যমতে, পৃথিবীর ঠিক মধ্যস্থলে পূর্ব্বপশ্চিম বিস্তৃত যে কল্পিত রেখা তাহাই বিষুব রেখা। ইহার অপর নাম নিরক্ষ-বৃত্ত অর্থাৎ ইহার ডিগ্রী চিহ্ন ০°। নভোদেশে ঐরূপ কল্পিত বৃত্তের উপর দিয়া তির্য্যকভাবে পূর্ব্ব হইতে পশ্চিমদিকে সূর্য্যের প্রত্যক্ষগতি পথ বা রবিমার্গ (line of the aliptic) অবধারিত। [সূর্য্য দেখ।]

এই জ্যোতিষ্ক-পথে পৃথিবীর একবার পরিভ্রমণ ৩৬৫ দিনে সম্পন্ন হয় †। ইহাই বার্ষিকগতি, এইজন্য ইহাকে এক বৎসর বলে। বৎসরের মধ্যে উত্তরায়ণ ও দক্ষিণায়ণ সময়ক্রমে এই বিষুব রেখার উত্তর হইতে দক্ষিণে এবং দক্ষিণ হইতে উত্তরদিকে পৃথিবীর গতি পরিবর্ত্তনহেতু জগতে ষড়ঋতুর আবির্ভাব হইয়া থাকে। এই কারণেই এই কল্পিত রেখার ২৩°৪৬৫ ডিগ্রী উত্তরে এবং ২৩°৪৬৫ ডিগ্রী দক্ষিণে আরও দুইটী ক্ষুদ্রতর বৃত্ত কল্পিত হইয়াছে। উহাদের মধ্যে, উত্তরদিকস্থ বৃত্তের নাম কর্কটক্রান্তি (Tropic of Cancer) এবং দক্ষিণদিকস্থ বৃত্তের নাম মকরক্রান্তি (Tropic of Capricoum)। সূর্য্যদেব কখনও উত্তরে কর্কটক্রান্তি ও দক্ষিণে মকরক্রান্তির সীমা অতিক্রম করেন না। যখন সূর্য্য বিষুব রেখার উত্তরে কর্কটক্রান্তির দিকে থাকে, তখন বিষুব রেখার উত্তর দিকস্থ অধিবাসীরা দিন বড় ও রাত্রি ছোট অনুভব করে এবং যখন সূর্য্য বিষুব রেখার দক্ষিণ দিকে গমন করেন তখন উত্তর-দিকের দেশসমূহে দিবা ছোট ও রাত্রি বড় উপলব্ধি হয়। এই দক্ষিণভাগে ঠিক তদ্বিপরীত ভাবই পরিলক্ষিত হইয়া থাকে। যখন সূর্য্যকিরণ বিষুব রেখার উপরে লম্বভাবে পড়ে তখন দিন ও রাত্রি সমান হয় এবং সূর্য্যকিরণ অতিশয় প্রখর থাকে ; কাজেই তখন উত্তর ও দক্ষিণক্রান্তির মধ্যবর্ত্তী দেশবাসী শীত ও গ্রীষ্মের সমতা অনুভব করে। সূর্য্যদেব বিষুবরেখা অতিক্রম করিয়া কর্কটক্রান্তি অভিমুখে যতই অগ্রসর হন, ততই উত্তর দিকে গ্রীষ্মের প্রাদুর্ভাব এবং তদ্বিরীতে বিষুবের দক্ষিণস্থ মকর-ক্রান্তি সন্নিহিত দেশে শীতের প্রকোপ বৃদ্ধি পায়।

সূর্য্যদেব যখন বিষুবরেখা হইতে উত্তরে বা দক্ষিণে ৯০° আইসেন, তখন যথাক্রমে অস্মদ্দেশে গ্রীষ্ম ও শীতের এবং দিবা ও রাত্রির বৃদ্ধি বা হ্রাসতা ঘটে। ঐ স্থানদ্বয়কে Summer Solstice ও Winter-Solstice বলে। যখন সূর্য্য উত্তর ৯০° হইতে ধীরে ধীরে ১৮০°তে পুনরায় বিষুব রেখার সমসূত্রপাতে অর্থাৎ বিষুবরেখার উপর অবস্থান করেন ; তখন শারদীয় সমদিবারাত্রি (antumnal equinox) এবং তথা হইতে দক্ষিণে ২৭০° অতিক্রম করিয়া বিষুবরেখায় পুনরায় উপনীত হইলে বাসন্তিক সমদিনরাত্রি (Vernal equinon সংঘটিত হইয়া থাকে।

সূর্য্য প্রায় ২২এ ডিসেম্বর দক্ষিণে মকরাক্রান্তি হইতে ২৩°৪৬৫ অয়নাংশ ক্রমশঃ উত্তরদিকে সরিতে আরম্ভ করে এবং প্রায় ২১এ মার্চ্চ তারিখে বিষুবরেখায় আসিয়া উপনীত হন। এই দিন পৃথিবীর উষ্ণমণ্ডলের সর্ব্বত্র দিনরাত্রির পরিমাণ সমান। ঐ দিনকে বাসন্তিক বা মহাবিষুবক্রান্তি বলে। তৎপর দিন হইতে সূর্য্য ক্রমশঃ বিষুবরেখা হইতে উত্তর দিকে যাইতে আরম্ভ করেন এবং ২২এ জুন তারিখে ২৩·৪৬৫ অংশ বক্রীভাবে কর্কটক্রান্তিতে আসিয়া সূর্য্য পুনর্ব্বার দক্ষিণে বিষুবরেখার দিকে অগ্রসর হন এবং সূর্য্য ২৪এ সেপ্টেম্বর তারিখ বিষুব

* প্রতিবৎসর ৫৪ বিকলা করিয়া অতিক্রম করিলে ৭।১২ বিকলা যাইতে ৮ বৎসর কাল লাগে ; সুতরাং (১৮২৯—৮) ১৮২১ শকে বাঙ্গলা ১৩০৬ সালের আরম্ভে অর্থাৎ ১৩০৫ সালের ৩০শে চৈত্র মহাবিষুবসংক্রান্তি-দিবসে দ্বাবিংশতি অয়নাংশ আরম্ভ হইয়াছে। অতএব এক্ষণে দেখা যাইতেছে যে, উক্ত ১৮২১ শকের ১লা বৈশাখ হইতে যাবৎ ৬৬ বৎসর ৮মাস পূর্ণ না হয় তাবৎ দ্বাবিংশতি অয়নাংশ থাকিবে। এই হেতু (১৮২১+৬৬।৮মাস) ১৮৮৭ শক উত্তীর্ণ হইয়া ১৮৮৮ শকের ৮ মাস অর্থাৎ অগ্রহায়ণ পর্য্যন্ত দ্বাবিংশতি অয়নের অবস্থিতি হইবে। (ইহা ৩৬০ দিনে বৎসর ধরিয়া গণনা করা হইল, তবে ৩৬৫ দিনে বৎসর ধরিলে আরও ২।১ মাস পর্য্যন্ত ঐ অয়নাংশের অবস্থান হইতে পারে)।

† ৩৬৫ দিন ৬ ঘণ্টা।

রেখার উপস্থিত হইয়া থাকে। এই দিনকে শারদ বা জল বিষুবক্রান্তি বলে। তৎপর সূর্য্য দক্ষিণ দিকে ২২ এ ডিসেম্বর মকরক্রান্তি সীমায় উপনীত হয়। এইরূপে সূর্য্য বিষুব রেখার উপর দিয়া উত্তর হইতে দক্ষিণ এবং দক্ষিণ হইতে উত্তর অয়নে ভ্রমণ করে। বাঙ্গালায় সাধারণতঃ ৯ই চৈত্র, ৯ই আষাঢ়, আশ্বিন ও ৯ পৌষ যথাক্রমে উহা সংঘটিত হইয়া থাকে। পৃথিবীর কল্পিত মেরুদণ্ডের (Axis) মধ্যবিন্দু ও বিষুব রেখার মধ্যবিন্দু একটী সরল রেখা সংযুক্ত হইলে এই দুই রেখা পরস্পরে লম্বভাবে অবস্থান করে।

বিষুব রেখা ও মেরুদণ্ড রেখার সংযোজক বিন্দু হইতে উত্তর ও দক্ষিণে কর্কটক্রান্তি ও মকরক্রান্তি পর্য্যন্ত যে বৃহত্তর তির্য্যক্-বৃত্ত কল্পিত হয়, তাহাকে রবিমার্গ বলে। এই রেখার কোন না কোন স্থলে, সূর্য্যগ্রহণ বা চন্দ্র গ্রহণের কালে সূর্য্য, চন্দ্র ও পৃথিবী সমসূত্র ভাবে থাকে। পৃথিবী স্বীয় মেরুদণ্ডের (Axis) চতুর্দ্দিকে পশ্চিম হইতে পূর্ব্ব দিকে ঘুরে; তদ্দ্বারা নভোমণ্ডল পূর্ব্ব হইতে পশ্চিমে আবর্ত্তিত হইতেছে বলিয়া প্রত্যক্ষ হয়।

সূর্য্য বিষুবরেখার উপর আগত হইলে পৃথিবীর সর্ব্বত্র দিন রাত্রির পরিমাণ সমান (Equal) হয় বলিয়া এই রেখাকে বিষুর রেখা বা নিরক্ষ রেখা (Equator) বলে। ভৌগোলিক হিসাবে স্থানের দূরত্ব নির্ণয় করিতে হইলে বিষুব রেখার পর উত্তরে ও দক্ষিণে সমান্তরালভাবে অক্ষরেখা ও দ্রাঘিমার আবশ্যক হয়। প্রত্যেক দ্রাঘিমা রেখা উত্তর দক্ষিণে লম্বভাবে বিষুব রেখার উপর পাতিত হইয়াছে; ইহাকে মাধ্যন্দিন রেখাও (meridian lines) বলে। প্রত্যেক অক্ষরেখা ও এই মাধ্যন্দিন রেখার উপর লম্বভাবে পাতিত। মাধ্যন্দিন রেখা ও বিষুব রেখার পরস্পর লম্বভাবে মিলন স্থানে ৩৬০° ডিগ্রার অথবা চারিটি সমকোণের উৎপত্তি হইয়াছে।

[বিস্তৃত বিবরণ পৃথিবী ও বিষুব শব্দে দ্রষ্টব্য]

বিষু[ষূ]ববৎ (ক্লী) বিষুব।

"ভবতি সহস্রগুণং দিনস্য রাহো-
র্বিষুবতি চাক্ষয়মশ্নুতে ফলম্।" (ভারত ৩।১৯৯।১২১)

২ ব্যাপক।

"বিষূবতো মধ্বঃ পিবন্তি গৌর্য্যঃ" (ঋক্ ১।৮৪।১০)

'বিষুবতঃ ইথমনেন প্রকারেণ সর্ব্বেষু যজ্ঞেষু ব্যাপ্তিযুক্তস্য, বিষ ঔণাদিক কুঃ, ততো মতুপ্, 'অন্যেষামপি দৃশ্যতে' ইতি দীর্ঘঃ, ব্যত্যয়েন মতো বত্বং' (সায়ণ)।

বিষূকুহ্ (ত্রি) ১ দ্বিখণ্ডবিশিষ্ট, দ্বিখণ্ডিত।

"বিষূকুহমিব ধন্বনা ব্যস্যাঃ পরিপন্থিনম্" (আশ্ব°শ্রৌ° ৫।৩।২২)

বিষূচক (পুং) বিষূচিকা। [বিসূচিকা দেখ]

বিষূচি (ক্লী) বিষূচীন মনঃ।

"অন্তঃপুরঞ্চ হৃদয়ং বিষূচির্মন উচ্যতে।
তত্র মোহং প্রসাদং বা হর্ষং প্রাপ্নোতি তদ্‌গুণৈঃ॥"
(ভাগবত ৪।২৯।১৬)

বিষূচিকা (স্ত্রী) বিসূচিকারোগ। [বিসূচিকা দেখ।]

বিষূচীন (ত্রি) ইহলোকে সর্ব্বত্র গমনশীল।

"তা শশ্বতা বিষূচীনা" (ঋক্ ১।৬৪।৩৮)

'বিষূচীনা ইহলোকে সর্ব্বত্রগমনৌ' (সায়ণ)

২ সর্ব্বতঃ প্রসৃত, সর্ব্বত্র ব্যাপ্ত।

"বিত্তন্তেহভুক্তপূর্ব্বাণি ফলানি সুরভীণি চ।
এষ বৈ সুরভির্গন্ধো বিষূচীনোঽবগৃহ্যতে॥"(ভাগ° ১০।১৫।২৫)

'বিষূচীনঃ সর্ব্বত্র প্রসৃতঃ' (স্বামী)

বিষূবৃৎ (ত্রি) সর্ব্বস্থলে পরিবর্ত্তমান।

"বিষূবৃতং মনসাযুজ্যমানং" (ঋক্ ২।৪০।৩)

'বিষূবৃতং বিষ্বক্ সর্ব্বত্র পরিবর্ত্তমানং' (সায়ণ)

বিষোঢ় (ত্রি) বি-সহ-ক্ত। অসহিষ্ণু, অসহনকারী।

বিষৌষধী (স্ত্রী) বিষস্য ঔষধী। নাগদন্তী। (রত্নমালা)

বিষ্ক্, দর্শন। চুরা° পরস্মৈ° সক° সেট্। লট্ বিষ্কয়তি। লুট্ বিষ্কয়িতা।

বিষ্ক (পুং) বিষ্ক, বিংশতিবর্ষীয় হস্তী। (শিশুপালবধ ১৮।২৭)

বিষ্কন্ধ (ক্লী) গতিনিবর্ত্তক, গতির প্রতিবন্ধকারী।

'বিষ্কন্ধং গতি প্রতিবন্ধকম্। রক্ষঃ পিশাচাদিকৃতং বিঘ্নজাতা-মিত্যর্থঃ। * * স্কন্দির্গতিশোষণয়োঃ। ভাবে ঘঞ্। প্রাদি সমাসে 'বেঃ স্কন্দেরনিষ্ঠায়াম্' ইতি ষত্বম্ ব্যত্যয়েন ধকারঃ অব্যয়-পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বম্'। (অথর্ব্ব° ১।১৬।৩ সায়ণ)

বিষ্কন্ধদূষণ (ত্রি) বিঘ্ন-নিবারক। "বিষ্কন্ধ দূষণম্। বিষ্কন্ধঃ রক্ষঃ পিশাচাদিকৃত গতিপ্রতিবন্ধাত্মকঃ শরীরশোষণরূপো বা বিঘ্নঃ তস্য নিবারকম্। বিপ্রর্চ্চাৎ স্কন্দের্ঘঞি ধত্বম্ ছান্দসম্। দুষ বৈকৃত্যে অস্মাদ্ ণ্যন্তাৎ করণে লুট্। 'দেষোণৌ' ইতি উত্বম্।"
(অথর্ব্ব° ২।৪।১)

বিষ্ক[ষ্কু]ম্ভ (পুং) সপ্তবিংশতিযোগের অন্তর্গত প্রথম যোগ। শুভকার্য্যাদি স্থলে বিষ্কম্ভযোগের প্রথম পাঁচদণ্ড ত্যাগ করিয়া করিতে হয়।

"ত্যজাদৌ পঞ্চ বিষ্কম্ভে সপ্ত শূলে চ নাড়িকাঃ।
গণ্ডব্যাঘাতয়োঃ ষট্ চ নব হর্ষণবজ্রয়োঃ।
বৈধৃতিব্যতীপাতৌ চ সমস্তৌ পরিবর্জ্জয়েৎ॥" (সংকৃত্যমুক্তা°)

এই যোগে জন্মগ্রহণ করিলে জাতক সর্ব্ব কার্য্যে স্বাধীন এবং বন্ধু, স্ত্রী ও পুত্র দ্বারা সুখী হয় ও গৃহাদি নির্ম্মাণ কার্য্যে পটুতালাভ করিয়া থাকে।

"বিষ্কম্ভযোগো যদি জন্মকালে কার্য্যো স্বতন্ত্রো মনুজস্তদানীং।
সুহৃদ্‌কলত্রাত্মজসৌখ্যমুগ্রং গৃহস্য নির্ম্মাণবিধৌ সমর্থঃ॥"
(কোষ্ঠীপ্রদীপ)

২ বিস্তার। "সাষ্টাংশো বিষ্কম্ভো দ্বারস্য দ্বিগুণ উচ্ছ্রায়ঃ।"
(বৃহৎসংহিতা ৫৩।২৬)

৩ প্রতিবন্ধ। ৪ রূপকাঙ্গভেদ, নাটকের অঙ্কবিশেষ। এই অঙ্ক গর্ভাঙ্ক সদৃশ, ইহার লক্ষণাদি এইরূপ,—

"বৃত্তবর্ত্তিষ্যমাণানাং কথাংশানাং নিদর্শকঃ।
সংক্ষিপ্তার্থস্তু বিষ্কম্ভ আদাবঙ্কস্য দর্শিতঃ॥
মধ্যেন মধ্যমাভ্যাং বা পাত্রাভ্যাং সম্প্রযোজিতঃ।
শুদ্ধঃ স্যাৎ স তু সঙ্কীর্ণো নীচমধ্যমকল্পিতঃ॥
অপেক্ষিতং পরিত্যজ্য নীরসং বস্তু-বিস্তরম্।
যদা সন্দর্শয়েচ্ছেষমামুখানন্তরং তদা॥
কার্য্যো বিষ্কম্ভকো নাট্য আমুখাক্ষিপ্তপাত্রকঃ॥"
(সাহিত্যদ° ৬ অ°)

নাটকাঙ্কের প্রথমে (প্রস্তাবনা কালে) যে যে বিষয় বিবৃত হয়, তাহা সংক্ষিপ্তভাবে পৃথক্ রূপে প্রদর্শনের নাম বিষ্কম্ভ; ইহা শুদ্ধ ও সঙ্কীর্ণ ভেদে দুই প্রকার; যেখানে একটী বা দুইটী মধ্যবিধ পাত্রের দ্বারা কার্য্য সম্পন্ন হয় তথায় শুদ্ধ; যেমন মালতী মাধবে—শ্মশানে কপালকুণ্ডলা। আর যেখানে নীচ ও মধ্যবিধ লোকের দ্বারা ক্রিয়া কল্পিত হয় তথায় সঙ্কীর্ণ অর্থাৎ বিমিশ্র; যেমন রামাভিনন্দে—ক্ষপণক ও কাপালিক। ফল কথা, প্রস্তাবিত বাহুল্য বিষয়ের মধ্য হইতে অসার গর্ভ ও নীরস অর্থাৎ রসাত্মক নহে এমন অতিরিক্ত বস্তু পরিত্যাগ পূর্ব্বক মাত্র মূল প্রস্তাবের অপেক্ষিত পদার্থ অর্থাৎ যাহাকে মূল প্রস্তাবে নিতান্ত অপেক্ষা করে, কেবল সেইটীকে দেখানই নাটকে বিষ্কম্ভকের কার্য্য।

৫ যোগিদিগের বন্ধভেদ (মেদিনী) ৬ বৃক্ষ।

৭ অর্গলা, চলিত হুড়কা বা খিল। (ভরত)

৮ পর্ব্বতভেদ। বরাহপুরাণ ৮০ অধ্যায়ে এবং লিঙ্গপুরাণ ৬১।২৮ শ্লোকে ইহার পরিমাণাদি বিবৃত আছে।

বিষ্কম্ভক (পুং) বিষ্কম্ভ-স্বার্থে কন্। বিষ্কম্ভশব্দার্থ।

বিষ্কম্ভিন্ (পুং) বিষ্কম্ভাতি রুণদ্ধীতি বি-স্কম্ভ-ণিনি। অর্গলা, হুড়কো। ২ শিব। (ভারত)

বিষ্কর (পুং) বি-কৃ-অপ্-ল্যুট্ চ। ১ অর্গল, চলিত খীল। ২ দানবভেদ। (ভারত ভীষ্ম)

বিষ্কল (পুং) বিষং বিষ্ঠাং কলয়তি ভক্ষয়তীতি কল-অচ্। গ্রাম্যশূকর। (রাজনি°)

বিষ্কির (পুং) বিকিরন্তীতি বি-কৃ-বিক্ষেপে ইগুপধেতি-ক, (বিষ্কিরঃ শকুনির্বিকিরো বা। পা ৬।১।১৫০) ইতি শুট্, পরিনিবিভ্য ইতি ষত্বং। ১ পক্ষিভেদ। যে সকল পক্ষী পদাদি দ্বারা খাদ্য দ্রব্যগুলিকে অগ্রে ছড়াইয়া পরে খাইতে আরম্ভ করে। ভাবপ্রকাশে বর্ত্তল, লাব, বর্ত্তীর, কপিঞ্জল, তিত্তির, কুলিঙ্গ ও কুক্কুট প্রভৃতি পক্ষী বিষ্কির নামে অভিহিত। ইহাদের মাংস মধুর-কষায় রসাত্মক, শীতবীর্য্য, কটুবিপাক, বলকারক, শুক্রবর্দ্ধক, ত্রিদোষনাশক, সুপথ্য ও লঘু। (ভাবপ্র° পূর্ব্বখ°)

সুশ্রুতে বিষ্কিরপক্ষীর বিষয় এইরূপ লিখিত আছে—লাব, তিত্তির, কপিঞ্জল, বর্ত্তির, বর্ত্তিকা, বর্ত্তক, নপ্তৃকা, বাতীক, চকোর, কলবিঙ্ক, ময়ূর, ক্রকর, উপচক্র, কুক্কুট, সারঙ্গ, শতপত্রক, কুতিত্তিরি, কুরবাহুক, ও যবলক প্রভৃতি পক্ষী বিষ্কির জাতীয়। ইহাদের মাংস লঘু, শীতল, মধুর, কষায় ও দোষশান্তিকর। (সুশ্রুত সূত্রস্থা°)

২ দর্ব্বীকর জাতীয় সর্প বিশেষ। (সুশ্রুত সূত্রস্থা° ৪ অ°)

বিষ্ট (ত্রি) বিশ-ক্ত। ১ প্রবিষ্ট। ২ আবিষ্ট। ৩ আশ্রিত।

বিষ্টকর্ণ (ত্রি) বিষ্টঃ কর্ণে যস্য। প্রবিষ্টকর্ণ, যাহার কর্ণে প্রবেশ করিয়াছে।

বিষ্টপ্ (স্ত্রী) স্বর্গলোক। "জূর্ণায়ামধিবিষ্টপি" (ঋক্ ১।৪৮।৩) 'বিষ্টপি স্বর্গলোকে' (সায়ণ)

বিষ্টপ (ক্লী) 'বিটপবিষ্টপবিশিপোলপাঃ' ইত্যাদি সূত্রে পিষ্টপস্থানে বিষ্টপপাঠেন পিশ ধাতোঃ কপন্ প্রত্যয়েন সাধুঃ ইতি কেচিৎ। জগৎ, ভুবন, লোক।

"বাণভিন্নহৃদয়া নিপেতুষী সা স্বকাননভুবং ন কেবলং।
বিষ্টপত্রয়পরাজয়স্থিরাং রাবণশ্রিয়মপি ব্যকম্পয়ৎ॥" (রঘু ২১।১৯)

বিষ্টপুর (পুং) ঋষিভেদ। (পা ৪।১।১২৩)

বিষ্টব্ধ (ত্রি) বি-স্তম্ভ-ক্ত। ১ প্রতিবন্ধ, বাধাযুক্ত। ২ রুদ্ধ।

বিষ্টব্ধি (স্ত্রী) বি-স্তম্ভ-ক্তিন্। বিষ্টম্ভ।

বিষ্টম্ভ (পুং) বি-স্তম্ভ-ঘঞ্। ১ প্রতিবন্ধ। ২ আক্রমণ।

"প্রবিকর্ষনিনাদভিন্নরজ্জুঃ পদবিষ্টম্ভনিপীড়িতস্তদানীম্।"
(কিরাতার্জ্জুনীয় ১৩।১৬)

৩ রোগ বিশেষ, বিষ্টম্ভরোগ, চলিত পেটফোলা। আনাহ-রোগ। [আনাহ ও বিবন্ধ শব্দে বিশেষ বিবরণ দ্রষ্টব্য]

(ত্রি) ৩ বিশেষরূপে স্তম্ভয়িতা, বিশেষরূপে স্তব্ধকারক।
(ঋক্ ৯।৮৬।৩৫)

বিষ্টম্ভকর (ত্রি) বিষ্টম্ভং করোতি-কৃ-অপ্, যদ্বা করোতীতি কর, বিষ্টম্ভস্য করঃ। বিষ্টম্ভজনক, আধ্মানকারক, যাহাতে আধ্মান জন্মায়।

বিষ্টম্ভন (ত্রি) ১ রোধক, সঙ্কোচক। ২ বিষ্টম্ভকারক।
(শুক্লযজুঃ ৯৪।৫)

বিষ্টম্ভয়িষু (ত্রি) সংস্তম্ভয়িষু। স্তম্ভন করিতে সমুৎসুক। (ভারত ৭ পর্ব্ব)

বিষ্টম্ভিন্ (ত্রি) বিষ্টম্ভাতীতি বি-স্তম্ভ-ণিনি। বিষ্টম্ভরোগজনক, যাহাতে বিষ্টম্ভ জন্মায়।

"বৈদলা গুরবা ভক্ষ্যা বিষ্টম্ভিস্তৃষ্টমারুতাঃ।" (রাজব°)

বিষ্টম্ভোঽস্যাস্তীতি বিষ্টম্ভ-ইনি। বিষ্টম্ভরোগবিশিষ্ট।

বিষ্টর (পুং) বিস্তীর্য্যতে ইতি বি-স্তৃ-অপ্। (বৃক্ষাসনয়োর্বিষ্টরঃ। পা ৮।৩।৯৩) ইতি নিপাতনাৎ ষত্বং। ১ বিটপী, বৃক্ষ। ২ দর্ভমুষ্টি। ৩ পীঠাদি আসন। (অমর) এখানে আদিশব্দ দ্বারা কুশাসনও বুঝিতে হইবে।

বিবাহকালে সম্প্রদাতা জামাতাকে বিষ্টরাসন দিয়া থাকেন। ইহার লক্ষণ—সার্দ্ধদ্বিতয় বামাবর্ত্তাবস্থিত অধোমুখ অসংখ্যাত দর্ভ মুষ্টি, অর্থাৎ একমুষ্টি সাগ্রকুশা তাহার অগ্রভাগে বামাবর্ত্তে আড়াই পেঁচ দিয়া ঐ অগ্র নিম্নমুখে রাখিয়া দিলে বিষ্টর হয়। হোমকালে কুশ দ্বারা যে ব্রহ্মা প্রস্তুত করিয়া বহ্নি স্থাপন করিতে হয়, ঐ ব্রহ্মাও এইরূপে প্রস্তুত করা হইয়া থাকে, কিন্তু তাহার অগ্রভাগ ঊর্দ্ধদিকে এবং ঐ আড়াইপেঁচ দক্ষিণাবর্ত্ত করিয়া দিতে হয়, বিষ্টর ও ব্রহ্মার এইমাত্র প্রভেদ। ভবদেবভট্ট বিধান করিয়াছেন যে "পঞ্চাশৎ সাগ্রকুশ দ্বারা ব্রহ্মা এবং পঞ্চবিংশতি সাগ্রকুশ দ্বারা বিষ্টর প্রস্তুত করিতে হয়। কিন্তু রঘুনন্দন সংস্কারতত্ত্বে এই সংখ্যার বিষয় এবং বিষ্টর দানকালে দুই হাত দিয়া ধরিয়া দেওয়ার বিষয় স্বীকার করেন না।

"বিষ্টরস্তু সার্দ্ধদ্বিতয়বামাবর্ত্তবলিতাধোমুখাগ্রা অসংখ্যাতদর্ভাঃ।

তথাচ গৃহ্যাসংগ্রহঃ।

"ঊর্দ্ধকেশো ভবেদ্‌ব্রহ্মা লম্বকেশস্তু বিষ্টরঃ।

দক্ষিণাবর্ত্তকো ব্রহ্মা বামাবর্ত্তস্তু বিষ্টরঃ॥

ইতি ছন্দোগপরিশিষ্টং—

দর্ভসংখ্যানবিহিতা বিষ্টরাস্তরণেষ্বপি। এবঞ্চ, পঞ্চাশদ্ভির্ভবেদ্‌ব্রহ্মা তদর্দ্ধেন তু বিষ্টরঃ। এবঞ্চ ইতি যদি সমূলং তদা শাখান্তরীয়ং এতেন বিষ্টরে পঞ্চবিংশতিসংখ্যা ভবদেবভট্টোক্তা নিরস্তা। এবং বিষ্টরগ্রহণং হস্তাভ্যামপি যদুক্তং তদপি নিরস্তং।

"যত্রোপবিশ্যতে কর্ম্ম কর্ত্তুরঙ্গং ন চোচ্যতে।

দক্ষিণস্তত্র বিজ্ঞেয়ঃ কর্ম্মণাং পারগঃ করঃ॥" (সংস্কারতত্ত্ব)

অধুনা ৫, বা ৭টী সাগ্রকুশা দ্বারা বিষ্টর প্রস্তুত করিতে দেখা যায়, যখন ইহার কোন নির্দ্দিষ্ট সংখ্যার নিয়ম নাই, তখন উহাই শাস্ত্রসঙ্গত বুঝিতে হইবে।

বিষ্টরভাজ্ (ত্রি) প্রাপ্তাসন।

বিষ্টরশ্রবস্ (পুং) বিষ্টরাবিব শ্রবসী যস্য, বা বিষ্টরে অশ্বত্থবৃক্ষে শ্রূয়তে নিত্যং তত্র বসতীতি। (উণ্ ৪।২২৬) ভগবান্ বিষ্ণু, কৃষ্ণ।

বিষ্টরস্থ (ত্রি) আসনে উপবিষ্ট বা শয়ান।

বিষ্টরা (স্ত্রী) গুণ্ডাসিনী বৃক্ষ। (রাজনি°)

বিষ্টরাজ্ (পুং) রৌপ্য।

বিষ্টরাশ্ব (পুং) পৃথুর পুত্রভেদ। (হরিবংশ)

বিষ্টরুহা (স্ত্রী) স্বর্ণকেতকী। (রাজনি°) কোন কোন স্থলে বিষ্টারুহা এইরূপ পাঠ দেখিতে পাওয়া যায়।

বিষ্টরোত্তর (ত্রি) কুশাচ্ছাদিত, কুশমণ্ডিত। "আসনে বিষ্টরোত্তরে" (ভারত বনপর্ব্ব)

বিষ্টান্ত (ত্রি) ব্যাপ্তাবসান, যাহার অবসান হইয়াছে।

"নেমধিতা ন পৌংস্যা বৃথেব বিষ্টান্তা" (ঋক্ ১০।৯৩।১৩)

'বিষ্টান্তা ব্যাপ্তাবসানা' (সায়ণ)

বিষ্টার (পুং) ১ ছন্দোবিশেষ, পঙ্‌ক্তি ছন্দ। "ছন্দো নাম্নি চ পা ৩।৩।৩৪) বিস্তীর্য্যন্তেঽস্মিন্নক্ষরাণীতি, বিষ্টারঃ পঙ্‌ক্তিছন্দঃ"। ছন্দ বুঝাইলে বি-স্তৃ ধাতুর ষত্ব হইয়া বিষ্টার এইরূপ পদ হয়। ২ বিস্তৃত, বিষ্টার শব্দের বিস্তৃত অর্থ বেদে প্রযুক্ত হইয়াছে। লৌকিক প্রয়োগে ছন্দঃ এই অর্থই হইবে। "নামভির্যজ্ঞং বিষ্টার ওহতে" (ঋক্ ৫।৫২।১০) 'বিষ্টারঃ বিস্তারঃ বিস্তৃতাঃ সন্তঃ ওহতে' (সায়ণ)

বিষ্টারপংক্তি (স্ত্রী) পংক্তি ছন্দোভেদ। ইহার প্রথম ও শেষ চরণে ৮টী এবং দ্বিতীয় ও তৃতীয় চরণে ১২টী পদ থাকে। (শুক্লযজুঃ ১৫।৪)

বিষ্টারবৃহতী (স্ত্রী) বৈদিক ছন্দোভেদ। ইহার প্রথম ও শেষ চরণে ৮টী এবং দ্বিতীয় ও তৃতীয় চরণে ১০টী করিয়া পদ থাকে। (ঋক্ প্রাতি° ১৩।৬)

বিষ্টারিন্ (ত্রি) বি-স্তৃ-ণিনি। বিস্তীর্য্যমাণ অবয়ব। বৃহদাকৃতিবিশিষ্ট। "বিষ্টারী বিস্তীর্য্যমাণাবয়বঃ। বিপূর্ব্বাৎ স্তৃণাতেঃ কর্ম্মণি ণিনি প্রত্যয়ঃ অথবা 'প্রথনে বাবশব্দে' ইতি ঘঞ্। ততো মত্বর্থীয় ইনি।" (অথর্ব্ব° ৪।১৪।১)

বিষ্টারুহা (স্ত্রী) বিষ্টরুহা, স্বর্ণকেতকী। (রাজনি°)

বিষ্টাব (পুং) ১ স্তোমপাঠের কালের বিভাগভেদ। ২ বিষ্টুতির একাংশ। (লাট্যা° ২।৬।৬)

বিষ্টি (স্ত্রী) বিষ-ক্তিন্। বেতন বিনা ভারোদ্‌বহনাদি জন্য ক্লেশ, বিনা বেতনে কাজকরা, চলিত বেগার। পর্য্যায় আজূ। (অমর)

"বিষ্টিকর্ম্মান্বিতাঃ সর্ব্বে মার্গশোধকরক্ষকাঃ।" (রামায়ণ ২।৮২।২০)

২ বেতন। ৩ কর্ম্ম (মেদিনী)। ৪ বর্ষণ। (বিশ্ব) ৫ প্রেষণ। ৬ বিষ্টিভদ্রা। ৭ ববাদি একাদশ করণের অন্তর্গত সপ্তম করণ। পঞ্জিকায় এই করণ শূন্যাঙ্ক দ্বারা অভিহিত হয়।

বিষ্টিভদ্রা নিরূপণ—বিষ্টিকরণকেই বিষ্টিভদ্রা কহে। ইহা

ভিন্ন তিথিবিশেষে বিষ্টিভদ্রা হইয়া থাকে। কোন্ কোন্ তিথির কোন্ কোন্ অংশে বিষ্টিভদ্রা হয়, তাহার বিষয় লিখিত হইতেছে। শুক্লপক্ষের একাদশী ও চতুর্থীর শেষার্দ্ধে, অষ্টমী ও পূর্ণিমার পূর্ব্বার্দ্ধে, কৃষ্ণপক্ষের তৃতীয়া ও দশমীর শেষার্দ্ধে এবং সপ্তমী ও চতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধে বিষ্টিভদ্রা হয়। এই বিষ্টিভদ্রা সর্ব্বপ্রকার শুভকার্য্যেই বর্জ্জনীয় অর্থাৎ ইহাতে যাত্রা, সংস্কারাদি কার্য্য বা কোন দৈবকর্ম্ম, এ সকল কিছুই করিতে নাই। কিন্তু ইহার পুচ্ছে সকল কার্য্যেরই মঙ্গল হইয়া থাকে। (বিষ্টিভদ্রার শেষ তিন দণ্ডের নাম 'পুচ্ছ')।

"একাদশ্যাশ্চতুর্থ্যাশ্চ শেষার্দ্ধে শুক্লপক্ষকে।
অষ্টমীপৌর্ণমাস্যোশ্চ পূর্ব্বার্দ্ধে বিষ্টিসম্ভবঃ॥
কৃষ্ণপক্ষে তৃতীয়ায়া দশম্যাশ্চ পরার্দ্ধতঃ।
সপ্তম্যাশ্চ চতুর্দ্দশ্যাঃ পূর্ব্বার্দ্ধে বিষ্টিরীরিতা॥
বিহায় বিষরৌদ্রাণি বিষ্টিং সর্ব্বত্র বর্জ্জয়েৎ।
বিষ্টিশেষে ত্রিদণ্ডে তু পুচ্ছে কার্য্যং শুভাবহং॥" (জ্যোতিস্তত্ত্ব)

বিষ্টিভদ্রায় দোষ ও প্রতিপ্রসব—বিষপ্রয়োগাদি এবং মারণ, উচ্চাটন, ছেদন প্রভৃতি উগ্রকার্য্য ও অশ্বাদির দমন কার্য্য ভিন্ন সমস্ত কার্য্যেই বিষ্টিভদ্রা নিতান্ত অশুভজনক, তাহার মধ্যে বিশেষ এই যে, উহার পুচ্ছভাগে অর্থাৎ শেষ তিন দণ্ডের মধ্যে কোন কার্য্য করিলে তাহা শুভজনক হইয়া থাকে। শাস্ত্রে আরও লিখিত আছে যে, তিথির পূর্ব্বার্দ্ধে যে বিষ্টিকরণ হয়, অর্থাৎ শুক্লপক্ষের অষ্টমী ও পূর্ণিমা এবং কৃষ্ণপক্ষের সপ্তমী ও চতুর্দ্দশী দিনে যে বিষ্টিভদ্রা হয়, উহার নাম বাসবীরিষ্টি বা দিনভদ্রা। আর শুক্লাচতুর্থী ও একাদশী এবং কৃষ্ণাতৃতীয়া ও দশমীতিথির শেষার্দ্ধে যে বিষ্টিভদ্রা হয়, উহার নাম নৈশিকীরিষ্টি বা রাত্রিভদ্রা। যদি দিবাভাগে রাত্রিভদ্রা এবং নিশাভাগে বাসবীরিষ্টি হয়, তাহা হইলে সেই বিষ্টিভদ্রা অশুভ না হইয়া বরং শুভ হইয়া থাকে। কিন্তু এই সকল প্রতিপ্রসব প্রমিতাক্ষরা প্রভৃতি প্রামাণিক গ্রন্থে বর্ণিত হইলেও ইহা কেহ মানেন না। সকলেই বিষ্টিভদ্রা বাদ দিয়াই দিন নির্ণয় করিয়া থাকেন।

"রাত্রিভদ্রা যদাহ্নি স্যাদ্দিনভদ্রা যদা নিশি।
ন তত্র ভদ্রাদোষঃ স্যাৎ সা ভদ্রা ভদ্রদায়িকা।
পূর্ব্বার্দ্ধে বাসবীরিষ্টিরপরার্দ্ধে তু নৈশিকী॥" (প্রমিতাক্ষরা)

বিষ্টিভদ্রার আকার সর্পের ন্যায়। তিথিবিশেষের পূর্ব্বার্দ্ধ ও পরার্দ্ধদণ্ডে যে বিষ্টিভদ্রা হইয়া থাকে, তাহাতে তিথিমান ৬০দণ্ড হিসাবে ধরিয়া লইয়া তদর্দ্ধ ৩০দণ্ড বিষ্টিভদ্রার স্থিতিকাল নিরূপিত হইয়া নিম্নোক্তরূপে তাহার ফলাফল কল্পিত হইয়াছে। উক্ত হিসাবে একটী সর্পের মুখ হইতে পুচ্ছ পর্য্যন্ত ৩০ দণ্ড ধরিয়া নিম্ন প্রকারে তাহার বিভাগ করিতে হইবে অর্থাৎ ঐ সর্পাকৃতি বিষ্টিভদ্রার মুখে ৫ দণ্ড, গলদেশে ১ দণ্ড, বক্ষঃস্থলে ১১ দণ্ড, নাভিতে ৪ দণ্ড, কটিদেশে ৬ দণ্ড এবং পুচ্ছে ৩ দণ্ড,* এই সমুদায়ে ৩০ দণ্ডই বিষ্টিভদ্রার স্থিতিকাল। ইহার মুখে কার্য্যহানি, গলদেশে মৃত্যু, বক্ষঃস্থলে নিধনতা, কটিদেশে মধ্যমফল অর্থাৎ শুভ ও অশুভ, নাভিদেশে পতন এবং পুচ্ছে জয়লাভ হইয়া থাকে।

"বিষ্টিস্তু সর্পাকৃতিরেব—
মুখে পঞ্চ গলে ত্বেকো বক্ষস্যেকাদশ স্মৃতাঃ।
নাভৌ চতস্রঃ ষট্‌কট্যাং তিস্রঃ পুচ্ছে তু নাড়িকাঃ॥
কার্য্যহানির্মুখে মৃত্যুর্গলে বক্ষসি নিঃস্বতা।
কট্যামুৎপন্নতা নাভৌ চ্যুতিঃ পুচ্ছে ধ্রুবং জয়ঃ॥
আননে পঞ্চ দণ্ডাঃ স্যু র্বক্ষঃস্থানে চতুর্দ্দশ।
মধ্যে চাষ্টৌ বিজানীয়াদ্ বিষ্টিপুচ্ছে ত্রয়ঃ স্মৃতাঃ॥
আননে দেহনাশঃ স্যাৎ বক্ষঃস্থানে মহদ্‌ভয়ম্।
মধ্যে চ মধ্যমং বিদ্যাদ্ বিষ্টিপুচ্ছে ধ্রুবং জয়ঃ॥"
(কাশ্যপসংহিতা ও জ্যোতিঃসাগর)

যদিও এই দুই মতে বিষ্টিভদ্রার দণ্ডবিভাগে পরস্পর কিঞ্চিৎ ব্যতিক্রম দেখিতে পাওয়া যাইতেছে, তাহা হইলেও উভয় মতেই পুচ্ছভাগকে শুভ বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে।

বিষ্টিভদ্রাস্থিতি—মেষ, বৃষ, মিথুন ও বৃশ্চিক লগ্নে বিষ্টিভদ্রা হইলে সেই বিষ্টিভদ্রা স্বর্গলোকে বাস করে, কুম্ভ, সিংহ, মীন ও কর্কটরাশিতে পৃথিবীতে এবং ধনুঃ, মকর, তুলা ও কন্যারাশিতে পাতালে বাস করে। বিষ্টিভদ্রা যখন যে স্থলে অবস্থিতি করে, তখন সেই স্থলেই স্বভাবসিদ্ধ অশুভ ফল প্রদান করিয়া থাকে। শাস্ত্রে আরও উক্ত হইয়াছে যে, যে কএকটী রাশিতে বিষ্টিভদ্রা পৃথিবীতে বাস করে, সেই বিষ্টিভদ্রায়ই কোন শুভকার্য্যাদি করিবে না। তদ্ভিন্ন যে সকল রাশিতে স্বর্গে ও পাতালে বাস করে, সেই বিষ্টিভদ্রায় সকল কার্য্যই করা যাইতে পারিবে।

* তিথিমানের ন্যূনাতিরেকে এই নিয়ম খাটিবে না, তথায় তিথির অর্দ্ধেক ধরিয়া লইয়া বিষ্টিভদ্রা স্থির করিতে হইবে। 'বিষ্টিপুচ্ছে ত্রয়ঃ স্মৃতাঃ' বিষ্টিভদ্রার শেষ তিনদণ্ড যে পুচ্ছ, ইহা কেবল ৬০ দণ্ড তিথিমান বা ৩০ দণ্ড বিষ্টিভদ্রার কাল হইলেই হইয়া থাকে। যে স্থলে তিথিমান ৫৪ দণ্ড সেখানে বিষ্টিভদ্রার পুচ্ছভাগে ৩ দণ্ড হইতে পারে না, তথায় ৩০ : ২৮ :: ৩ : ২।৪৮ পল হইবে এবং তিথিমান ৬৪ দণ্ড হইলে কেবল তিন দণ্ড না হইয়া ৩০ : ৩২ :: ৩ : ৩।১২ পল হইবে। যদি এইরূপ সূক্ষ্মভাবে গণনা না করিয়া মাত্র ৩ দণ্ডকেই পুচ্ছ ধরিয়া লওয়া হয়, তাহা হইলে তিথিমান ৫৪ দণ্ড স্থলেও (৫৪÷২=২৮−৩) ২৫ দণ্ড পরেই শুভকার্য্য করা যাইতে পারে; কিন্তু তাহা করিলে ১২ পল কালের জন্য অশুভ সময়ে কার্য্য করা হয়; কেননা এস্থলে উক্ত হিসাবে ২৫।১২ পল পর্য্যন্ত অশুভ ও ২।৪৮ পল পর্য্যন্ত মাত্র শুভ বলিয়া নির্দ্দিষ্ট হইতেছে।

"মেষোক্ষকৌর্পমিথুনে ঘটসিংহমীন-
কর্কেষু চাপমৃগতৌলিসুতাসু চন্দ্রে।
স্বর্মর্ত্ত্যনাগনগরীঃ ক্রমশঃ প্রযাতি
বিষ্টিঃ ফলান্যপি দদাতি হি তত্র দেশে॥
স্বর্গে ভদ্রা শুভং কার্য্যং পাতালে চ ধনাগমঃ।
মর্ত্ত্যলোকে যদা ভদ্রা সর্ব্বকার্য্যবিনাশিনী॥"(কাশ্যপসংহিতা)

(ত্রি) ৮ কর্ম্মকর। (মেদিনী)

বিষ্টিকর (পুং) ১ পীড়নকারী, অত্যাচারী। ২ ভূমি ভোগসর্ত্তে যাহারা রাজার সেনাদিকর্ম্মে নিযুক্ত থাকে, জায়গীরদার।

"নির্ব্বিশেষা জনপদাস্তদা বিষ্টিকরার্দ্দিতাঃ।" (ভারত বনপর্ব্ব)

বিষ্টিকৃৎ (পুং) অনিষ্টকারক, বিষ্টিকর।

বিষ্টির্ (স্ত্রী) বিস্তীর্ণ। "বিষ্টিরঃ পঞ্চসন্দৃশঃ" (ঋক্ ২।১৩।১০) 'বিষ্টিরঃ বিস্তীর্ণাঃ' (সায়ণ)

বিষ্টিব্রত (ক্লী) ব্রতবিশেষ। (ভবিষ্যপু°)

বিষ্টীমিন্ (ত্রি) ক্লেদযুক্ত, ক্লেদবিশিষ্ট।

"যদ্দেবাসো ললামগুং প্রবিষ্টীমিনমাবিয়ুঃ" (শুক্লযজু° ২৩।২৯)

'বিষ্টীমিনং ষ্টীম ক্লেদে বিশেষেণ ষ্টীমনং ক্লেদনং বিষ্টীমঃ ঘঞ্-প্রত্যয়ঃ, বিষ্টীমঃ ক্লেদঃ অস্যাস্তীতি বিষ্টীমী তং (অত ইনি ঠনৌ। পা ৫।২।১১৫ ইতি ইনি' (মহীধর)

বিষ্টুতি (স্ত্রী) বিবিধ প্রকার স্তুতি, নানাপ্রকার স্তব।

"গ্রহাগ্রহৈঃ স্তোমাশ্চ বিষ্টুতীঃ" (শুক্লযজু° ১৯।২৮)

'বিষ্টুতিভিঃ বিবিধস্তুতিভিঃ' (মহীধর)

বিষ্ঠল (ক্লী) বিদূরং স্থলং (বিকুশমিপরিভ্যঃ স্থলস্য। পা ৮।৩।৯৬) ইতি ষত্বং। বিদূরস্থল, দূরবর্ত্তী স্থান।

বিষ্ঠা (স্ত্রী) বিবিধপ্রকারেণ তিষ্ঠতি উদরে ইতি বি-স্থা-ক, উপসর্গাদিতি ষত্বং। পুরীষ, বিবিধপ্রকারে ইহা উদরে থাকে এই জন্য ইহার নাম বিষ্ঠা। পর্য্যায়—উচ্চার, অবস্কর, শমল, শকৃৎ, গূথ, পুরীষ, বর্চ্চস্ক, বিট্, বর্চ্চঃ, অমেধ্য, দূর্য্য, কল্ল, মল, কিট্ট, পূতিক। (রাজনি°)

"ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায় মূত্রপুরীষোৎসর্গং কুর্য্যাৎ, দক্ষিণামুখো রাত্রৌ দিবা চোদঙ্মুখঃ সন্ধ্যয়োশ্চ।" (বিষ্ণুসংহিতা ৬০ অ°)

বিষ্ণুসংহিতায় লিখিত আছে যে ব্রাহ্মমুহূর্ত্তে (রাত্রির শেষ চারিদণ্ডের নাম অরুণোদয়, তাহার প্রথম দুইদণ্ড ব্রাহ্মমুহূর্ত্ত) উঠিয়া রাত্রিকালে দক্ষিণমুখ, দিবা এবং প্রাতঃ ও সায়ং দিন-রাত্রির এই উভয় সন্ধিকালে উত্তরমুখ হইয়া বিষ্ঠা ত্যাগ করিতে হয়। তৃণাদিদ্বারা অনাবৃত ভূভাগে, ফালকৃষ্ট ভূমিতে, যজ্ঞীয় বৃক্ষ-ছায়াতে, ক্ষারযুক্ত ভূমিতে, শাদ্বলস্থানে, প্রাণিযুক্ত স্থানে, গর্ত্তে, বল্মীকে, পথে, রথ্যাতে, পরকীয় বিষ্ঠাদি অশুচিবস্তুর উপরে, উদ্যানে, উদ্যান বা জলসমীপে বিষ্ঠা ত্যাগ নিষিদ্ধ। অঙ্গার, ভস্ম, গোময়, গোষ্ঠ (গরু চরিবার স্থান), আকাশ ও জল প্রভৃতি স্থানে এবং বায়ু, অগ্নি, চন্দ্র, সূর্য্য, স্ত্রীলোক, গুরুজন এবং ব্রাহ্মণের সম্মুখে অনবগুণ্ঠিত মস্তকে বিষ্ঠাত্যাগ করিবে না। বিষ্ঠাত্যাগের পর লোষ্ট্র বা ইষ্টকাদি দ্বারা মল মার্জ্জন করিয়া শিশ্নগ্রহণ পূর্ব্বক উঠিবে, তৎপরে উদ্ধৃত জল ও মৃত্তিকা দ্বারা গন্ধলেপক্ষয়কর শৌচ করিবে। পরে মৃত্তিকা প্রস্রাব দ্বারে একবার, মলদ্বারে তিনবার এবং বামহস্তে দশবার, দুই হাতে সাতবার, দুই পায়ে তিন তিন বার দিবে। গৃহস্থের পক্ষে এই নিয়ম। যতি বা ব্রহ্মচারীর পক্ষে ইহার দ্বিগুণ। গন্ধ না থাকে ইহাই শৌচের উদ্দেশ্য, কিন্তু জলাদি দ্বারা গন্ধ অপনীত হইলেও উক্ত প্রকার মৃত্তিকাশৌচ করিতে হইবে। (বিষ্ণুসংহিতা ৬০ অ°)

মনুতে লিখিত আছে যে, কাষ্ঠ, লোষ্ট্র, পত্র বা তৃণাদি দ্বারা ভূমি আচ্ছাদন করিয়া অবগুণ্ঠিতমস্তকে বাক্‌সংযত ও অনুচ্ছিষ্ট হইয়া বিষ্ঠা ত্যাগ করিবে। দিঙ্‌নিয়ম পূর্ব্বের ন্যায় বুঝিতে হইবে। কিন্তু একটু বিশেষ এই যে, যদি রাত্রি বা দিবা-ভাগে মেঘাদি দ্বারা চন্দ্রসূর্য্যাদির জ্যোতিঃ নির্ণয় অথবা অন্ধকারে দিক্‌বিদিক্ জ্ঞান না হয় অথবা ভয়ের কোন কারণ উপস্থিত হয় তাহা হইলে এবং শরীর অত্যন্ত পীড়িত হইলে, ইচ্ছামত যে কোন স্থানে বিষ্ঠামূত্র ত্যাগ করিতে পারা যাইবে। অগ্নি, চন্দ্র, জল, ব্রাহ্মণ, গো ও বায়ু, ইহাদিগকে সম্মুখ করিয়া বিষ্ঠামূত্র ত্যাগ করিলে বুদ্ধি বিনষ্ট হয়, সুতরাং ঐ রূপে বিষ্ঠাত্যাগ বিধেয় নহে। (মনু ৪ অ°)

আহ্নিকতত্ত্বে লিখিত আছে যে, উত্থান স্থান হইতে শর নিক্ষেপ করিলে সেই শর যতদূর পর্য্যন্ত যায়, ততদূর স্থান বাদ দিয়া বিষ্ঠাত্যাগ করিবে।* অবস্থিতির স্থানের নিকটে বিষ্ঠামূত্র ত্যাগ করা বিধেয় নহে। বিষ্ঠা ও মূত্রের বেগরোধ করা কর্ত্তব্য নহে, কিন্তু প্রাতঃ ও সায়ং সন্ধ্যাকালে বিষ্ঠা ও মূত্রত্যাগ করিবে না, বেগ হইলেও ঐ সময়ে না করিয়া সময়ান্তরে করা বিধেয়। কিন্তু পীড়িত ব্যক্তির পক্ষে এই নিয়ম নহে। মল ও মূত্রের বেগরোধে নানাপ্রকার ব্যাধি হয়, এই জন্যই উহা নিন্দিত

* "ইষুবিক্ষেপযোগ্যদেশাদ্বহিঃ—
মধ্যমেন তু চাপেন প্রক্ষিপেত্তু শরত্রয়ম্।
হস্তানাঞ্চ শতে সার্দ্ধে লক্ষ্যং কৃত্বা বিচক্ষণঃ॥
সদৈবোদঙ্মুখঃ প্রাতঃসায়াহ্নে দক্ষিণামুখঃ।
বিণ্মূত্রে আচরেন্নিত্যং সন্ধ্যায়াং পরিবর্জ্জয়েৎ॥
সন্ধ্যায়ামিতি তু পীড়িতেতরপরম্।
কৃত্বা যজ্ঞোপবীতন্তু পৃষ্ঠতঃ কণ্ঠলম্বিতম্॥
বিণ্মূত্রে চ গৃহী কুর্য্যাৎ যদ্বা কর্ণে সমাহিতঃ।
ন চ সোপানৎকো মূত্রপুরীষে কুর্য্যাৎ॥" (আহ্নিকতত্ত্ব)

হইয়াছে। বিষ্ঠা ও মূত্রত্যাগ কালে যজ্ঞোপবীত দক্ষিণকর্ণে রাখিয়া দিতে হয়। অথবা মালার ন্যায় স্কন্ধদেশে পৃষ্ঠলম্বিত করিয়া রাখিবার বিধানও আছে। জুতা বা খড়ম পায় দিয়া বিষ্ঠা ও মূত্রত্যাগ করিতে নাই।

বিষ্ঠা ও মূত্রত্যাগ কালে যে জলদ্বারা শৌচ করা হয়, ঐ জল স্পর্শ করিয়া থাকিতে নাই, বিষ্ঠামূত্রত্যাগের সময় যদি ঐ জল স্পৃষ্ট হয়, তাহা হইলে ঐ জল মূত্রতুল্য হয়, ঐ জল পান করিলে চান্দ্রায়ণ করিবার ব্যবস্থা আছে।

"করগৃহীতপাত্রেণ কৃত্বা মূত্রপুরীষকে।
মূত্রতুল্যন্তু পানীয়ং পীত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ।" (আহ্নিকতত্ত্ব)

মলমূত্রত্যাগের পর জল ও মৃত্তিকা শৌচ করিয়া তৎপরে জলপাত্রটীকে, গোময় বা মৃত্তিকাদি দ্বারা মার্জ্জন ও প্রক্ষালন করিবে। তৎপরে জলস্পর্শ করিয়া চন্দ্র, সূর্য্য বা অগ্নিদর্শন করিতে হয়। যে স্থানে জলাদি শৌচ হয়, সেই স্থান পবিত্র জলাদি দ্বারা পরিষ্কার করিয়া দিতে হয়; না দিলে তাহার শৌচ সিদ্ধি হয় না।

"যস্মিন্ স্থানে কৃতং শৌচং বারিণা তদ্বিশোধয়েৎ।
ন শুদ্ধিস্তু ভবেত্তস্য মৃত্তিকাং যো ন শোধয়েৎ।

শৌচানন্তরং হারীতঃ গোময়েন মৃদা বা কমণ্ডলুং প্রমৃজ্য পূর্ব্ববদুপস্পৃশ্য আদিত্যং সোমমগ্নিং বা বীক্ষেত।" (আহ্নিকতত্ত্ব)

ভাবপ্রকাশে লিখিত আছে যে, মানবগণ স্বাস্থ্যরক্ষার জন্য ব্রাহ্ম মুহূর্ত্তে জাগরিত হইয়া ভগবন্নাম স্মরণপূর্ব্বক উষাকালেই বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিবেন। এই নিয়ম প্রতিপালন করিলে অন্ত্রকূজন অর্থাৎ পেট ডাকা, আধ্মান ও উদরের গুরুতা উপস্থিত হইতে পারে না। মলমূত্রের বেগ হইলে কদাচ তাহা ধারণ করিবে না, বেগ ধারণ করিলে মানবের উদরে গুড়গুড় শব্দ এবং নানাপ্রকার বেদনা, গুহ্যদেশে কর্ত্তনবৎ পীড়া, মলনিরোধ, ঊর্দ্ধবাত এবং মুখদ্বার দিয়া মল নির্গত হয়। মলাদির বেগ যেমন ধারণ করা কর্ত্তব্য নহে, সেইরূপ বেগ উপস্থিত না হইলে বলপূর্ব্বক অকালকুন্থনাদিদ্বারা নিঃসারণ করিতে চেষ্টা করাও অনুচিত।

মলমূত্রাদি বিসর্জ্জনের পর গুহ্য প্রভৃতি মলপথসমূহ জল দ্বারা প্রক্ষালন করিবে। এতদ্দ্বারা শরীরের কান্তি ও বল উৎপন্ন, দেহ পবিত্র এবং দুর্ভাগ্য ও কলিকালজাত পাপসমূহ বিনষ্ট হইয়া থাকে, মলপথ প্রক্ষালনের পর হস্তপদাদি ধৌত করিবে। ইহাতে উহাদের মলা দূর, শ্রমনাশ, শরীরপুষ্টি ও চক্ষুর হিত হয়।

(ভাবপ্র° পূর্ব্বখ°)

ভূমির উর্ব্বরতা বৃদ্ধি করে বলিয়া অনেকে কৃষিক্ষেত্রে বা উদ্যানে বিষ্ঠা ও গো-শকৃৎ প্রভৃতি পচাইয়া সার দিয়া থাকে।

[কৃষিবিদ্যা দেখ।]

বিষ্ঠাভূ (পুং) বিষ্ঠায়াং ভবতীতি ভূ-ক্বিপ্। বিষ্ঠাজাত কৃমি।
"নৈকত্রাস্তে স্মৃতি র্যাতৈ র্বিষ্ঠাভূরিব সোদরঃ।" (ভাগবত ৩।৩১।১০)

বিষ্ঠাব্রাজিন্ (ত্রি) বিষ্ঠায়াং ব্রজতি বিষ্ঠা-ব্রজ-ণিনি। বিষ্ঠাতে ভ্রমণকারী। (শতপথব্রা° ৫।৫।১।১২)

বিষ্ণাপু (পুং) বিশ্বক ঋষির পুত্র।
"দর্শনায় বিষ্ণাপ্নং দদথুর্বিশ্বকায়" (ঋক্ ১।১১৬।২৩)
'বিষ্ণাপ্নং নাম বিনষ্টং পুত্রং দর্শনায় দর্শনার্থং' (সায়ণ)

বিষ্ণু (পুং) ১ অগ্নি (শব্দমালা) ২ শুদ্ধ। ৩ বসুদেবতা (ধরণি) ৪ দ্বাদশ আদিত্যের অন্যতম। (মহাভারত ১।৬৫।১৬) ৫ ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ।
"মন্বত্রিবিষ্ণুহারীতযাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ॥" (যাজ্ঞবল্ক্যস°)

বেবেষ্টি ব্যাপ্নোতি বিশ্বং যঃ, বেষতি সিঞ্চতি আপ্যায়তে বিশ্বমিতি বা বিষ্ণাতি বিযুনক্তি ভক্তান্ মায়াপসারেণ সংসারাদিতি বা। বিশতি সর্ব্বভূতানি, বিশন্তি সর্ব্বভূতানি অত্রেতি বা।

৬ ব্রহ্মার রূপ বিশেষ। "বৃহত্ত্বাদ্বিষ্ণুঃ" (মহাভারত ৫।৭০।৩)

বিষ্ণুপুরাণে বিষ্ণু শব্দের ব্যুৎপত্তি আরও একটু বিস্তৃত দেখিতে পাই।

"যস্মাদ্বিশ্বমিদং সর্ব্বং তস্য শক্ত্যা মহাত্মনঃ।
তস্মা দেবোচ্যতে বিষ্ণুর্বিশধাতোঃ প্রবেশনাৎ॥" (বিষ্ণুপু°)

ইহার পর্য্যায়,—নারায়ণ, কৃষ্ণ, বৈকুণ্ঠ, বিষ্টরশ্রবস, দামোদর, হৃষীকেশ, কেশব, মাধব, স্বভূ, দৈত্যারি, পুণ্ডরীকাক্ষ, গোবিন্দ, গরুড়ধ্বজ, পীতাম্বর, অচ্যুত, শার্ঙ্গিন্, বিষ্বক্সেন, জনার্দ্দন, উপেন্দ্র, ইন্দ্রাবরজ, চক্রপাণি, চতুর্ভুজ, পদ্মনাভ, মধুরিপু, বাসুদেব, ত্রিবিক্রম, দৈবকীনন্দন, শৌরি, শ্রীপতি, পুরুষোত্তম, বনমালিন্, বলিধ্বংসিন্, কংসারাতি, অধোক্ষজ, বিশ্বম্ভর, কৈটভজিৎ, বিধু, শ্রীবৎসলাঞ্ছন, (অমর) পুরাণপুরুষ, বৃষ্ণি, শতধাম, গদাগ্রজ, একশৃঙ্গ, জগন্নাথ, বিশ্বরূপ, সনাতন, মুকুন্দ, রাহুভেদিন্, বাম, শিবকীর্ত্তন, শ্রীনিবাস, অজ, বাসু, (জটাধর) শ্রীহরি, কংসারি, নৃহরি, বিভু, মধুজিৎ, মধুসূদন, কান্ত, পুরুষ, শ্রীগর্ভ, শ্রীকর, শ্রীমৎ, শ্রীধর, শ্রীনিকেতন, শ্রীকান্ত, শ্রীশ, প্রভু, মুরলীধর, জগদীশ, গদাধর, নন্দাত্মজ, নরসিংহ, ইরেশ, গোপাল, নন্দনন্দন, নরকজিৎ, সামগর্ভ, অজিত, জিতামিত্র, ঋতধামন, শশবিন্দু, পুনর্ব্বসু, আদিদেব, শ্রীবারাহ, সহস্রবদন, ত্রিপাৎ, ঊর্দ্ধদেব, হরি, গুহ্য, যাদব, অরিষ্টসূদন, পূতনারি, সদাযোগিন্, ধ্রুব, চাণূরসূদন, হেমশঙ্খ, শতাবর্ত্তিন্, কালনেমিরিপু, ধেনুকারি, সোমসিন্ধু, বিরিঞ্চি, ধরণীধর, বহুমূর্দ্ধন্, বর্দ্ধমান, শতানন্দ, বৃষান্তক, মথুরেশ, দ্বারকেশ, রন্তিদেব, বৃষাকপি (শব্দরত্নাবলী), জিষ্ণু, দাশার্হ, অব্ধিশয়ন, ইন্দ্রানুজ, নারায়ণ, জলশয়, যজ্ঞপুরুষ, তার্ক্ষ্যধ্বজ, ষড়্বিন্দু, পদ্মেশ, মার্জ্জ, জিন,

কুমোদক, জহ্নু, বসু, শতাবর্ত্ত, মুঞ্জকেশিন্, বভ্রু, বেধস, প্রসিশৃঙ্গি, আত্মভূ, পাণ্ডবায়ন, সুবর্ণবিন্দু, শ্রীবৎস, দেবকীসুনু, গোপেন্দ্র, গোবর্দ্ধনধর, যদুনাথ, গদাভৃৎ, শার্ঙ্গভৃৎ, চক্রভৃৎ, শ্রীবৎসভৃৎ, শঙ্খভৃৎ।

সংস্কৃত সাহিত্যে "বিষ্ণু" শব্দটীর বিশালপ্রসার পরিলক্ষিত হয়। বেদে ও উপনিষদে, ইতিহাসে ও পুরাণে, সংহিতায় ও কাব্যে সর্ব্বত্রই বিষ্ণু শব্দের বিপুল ব্যবহার দেখিতে পাওয়া যায়। আরও বিচিত্রতা এই যে বর্ত্তমান সময়ে বিষ্ণু শব্দটী যে অর্থে সাধারণতঃ প্রযুজ্য হয় এবং সাধারণতঃ বিষ্ণু বলিলে আমরা এক্ষণে যে দেবতাকে বুঝিয়া থাকি, বেদে এবং ভারতবর্ষীয় প্রাচীনতম সাহিত্যে বিষ্ণু শব্দটী ঠিক সেই দেবতার্থে ব্যবহৃত হইত না। এ সম্বন্ধে আলোচনা করিতে হইলে বেদ উপনিষদ্ সংহিতা ইতিহাস পুরাণ ও কাব্যাদি হইতে বিষ্ণু শব্দের ব্যবহার বিষয়ে বিস্তৃত অনুসন্ধান করা একান্ত প্রয়োজনীয়। আমরা প্রথমতঃ বেদে ব্যবহৃত "বিষ্ণু" শব্দের আলোচনায় প্রবৃত্ত হইতেছি—

১। অতো দেব অবন্তু নো যতো বিষ্ণু র্বিচক্রমে পৃথিব্যাঃ সপ্তধামভিঃ। ১ম ২২সূ ১৬ ঋক্।

সামবেদ-সংহিতায় ২।১০।২৪ সংখ্যক মন্ত্রে এই ঋক্‌টী দৃষ্ট হয়। কিন্তু সামবেদে পাঠের একটুকু পার্থক্য আছে। তথায় "পৃথিব্যাঃ সপ্তধামভিঃ" স্থলে "পৃথিব্যা অধিসানভিঃ" পাঠ দেখা যায়।

২। ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নি দধে পদম্
সমূঢ়মস্য পাংশুরে। সামবেদ ১৮।

অথর্ব্ববেদে ৭।২৬।৫ সংখ্যক মন্ত্রেও এই সামটি দেখিতে পাওয়া যায়।

৩। ত্রীণি পদা বিচক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্যঃ।
অতো ধর্ম্মাণি ধারয়ন্। (বাজসনেয় ৩৪।৪৩)

অথর্ব্ববেদের ৭।২৬।৫ সংখ্যক মন্ত্রেও এই সামবেদোক্ত মন্ত্রটী উদ্ধৃত হইয়াছে।

৪। বিষ্ণোঃ কর্ম্মাণি পশ্যত যতো ব্রতানি পস্পর্শে।
ইন্দ্রস্য যুজ্যঃ সখা। (অথর্ব্ববেদ ৭।২৬।৬)

৫। তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ
দিবীব চক্ষুরাততম্।

এই মন্ত্রটী সামবেদের ২।১০।২৩ সংখ্যায়, বাজসনেয়-সংহিতার ৬।৫ সংখ্যায় এবং অথর্ব্ববেদ সংহিতার ৭।২৬।৭ সংখ্যায় দেখিতে পাওয়া যায়।

৬। তদ্‌বিপ্রাসো বিপণ্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে।
বিষ্ণোর্যৎ পরমং পদম্।

এই মন্ত্রটী সামবেদের ২।১০।২৩ এবং বাজসনেয়-সংহিতার ৩৪।৪৪ সংখ্যায় দ্রষ্টব্য।

এস্থলে এই কয়েকটী ঋকের বঙ্গানুবাদ প্রদত্ত হইতেছে।

১। যে স্থান হইতে বিষ্ণু পৃথিবীর সপ্তধামে বিচক্রমণ করিয়াছিলেন, সেই স্থান হইতে দেবতাগণ আমাদিগকে রক্ষা করুন। *

কিন্তু সামবেদের "পৃথিব্যা অভিসানভিঃ" পাঠ ধরিয়া অর্থ করিলে "পৃথিবীর সপ্তদেশে" এইরূপ অনুবাদের পূর্ব্বে "পৃথিবীর উপর" এইরূপ অনুবাদ হইবে।

২। বিষ্ণু এই বিশ্ব বিচক্রমণ করিয়াছিলেন, তিনি তিনস্থানে পদধারণ করিয়াছিলেন। বিশ্ব তাহার বিচক্রমণব্যাপারে ধূলিরাশিতে সমাচ্ছন্ন হইয়াছিল।

৩। অজেয় বিষ্ণু ত্রিপাদ গমন করিয়াছিলেন এবং তাহাতে ধর্ম্মসকলকে ধারণ করিয়াছিলেন।

৪। ইন্দ্রের উপযুক্ত সখা বিষ্ণুর কার্য্যকলাপ দেখ। এই সকল কার্য্যে তিনি ব্রতসমূহ আবদ্ধ করিয়াছেন।

৫। আকাশস্থিত সূর্য্যের ন্যায় সুরগণ নিরন্তর সেই বিষ্ণুর পরমপদ সন্দর্শন করুন।

৬। অপ্রমত্ত নিষ্কাম বিপ্রগণ সেই বিষ্ণুর পরমপদের উপাসনা করেন।

পূর্ব্বোদ্ধৃত "ইদং বিষ্ণুর্বিচক্রমে" ইত্যাদি মন্ত্রটী নিরুক্তগ্রন্থে উদ্ধৃত হইয়াছে। গ্রন্থকার উহার নিম্নলিখিতরূপ ব্যাখ্যা করিয়াছেন :—

"যদিদম্ কিঞ্চ তদ্বিক্রমতে বিষ্ণুঃ। ত্রিধা নিদধে পদম্। ত্রেধা ভাবয় "পৃথিব্যাম্ অন্তরীক্ষে দিবি" ইতি শাকপূনিঃ "সমারোহণে বিষ্ণুপদে গয়াশিরসি" ইতি ঔর্ণবাভঃ। সমূঢ়মস্য পাংশুরে। প্যায়নেঽন্তরীক্ষে পদং ন দৃশ্যতে। অপাব উপমার্থঃ স্যাৎ। সমূঢ়মস্য পাংশুল ইব পদং ন দৃশ্যতে ইত্যাদি।

অর্থাৎ এই বিশ্বে যাহা কিছু আছে সেই সমস্তেতেই বিষ্ণু বিচক্রমণ করেন। পৃথিবীতে, অন্তরীক্ষে ও স্বর্গে এই তিন স্থানে তিনি পদধারণ করেন। ইহাই ব্যাখ্যাকার শাকপূনির অভিপ্রায়। অপর ব্যাখ্যাকার এই ত্রিপদ সম্বন্ধে লিখিয়াছেন, সমারোহণ, বিষ্ণুপদ ও গয়াশির ইহাই ত্রিপদের অর্থ। অন্তরীক্ষে তাঁহার পদ দৃষ্ট হয় না।

দুর্গাচার্য্য এই নিরুক্তের নিম্নলিখিত ব্যাখ্যা করিয়াছেন, যথা—

'বিষ্ণুরাদিত্যঃ। কথমিতি যত আহ "ত্রেধা নিদধে পদম্"

* বিষ্ণুর এই বিচক্রমণব্যাপার সম্বন্ধে মহাভারতেও উল্লেখ আছে যথা—
ক্রমণাচ্চাপ্যহম্ পার্থ বিষ্ণুরিত্যভিসংজ্ঞিতঃ। (শান্তিপর্ব্ব ১৩।১৭১)
এই চংক্রমণব্যাপার লইয়াই বেদে বিষ্ণুদেবের উল্লেখ দেখিতে পাওয়া যায়।

নিদধে পদম্ নিধানম্ পদৈঃ ক তত্তাবৎ পৃথিব্যামন্তরীক্ষে দিবীতি শাকপুনিঃ। পার্থিবোগ্নিরভূত্বা যৎ পৃথিব্যাং যৎ কিঞ্চিদস্তি তদ্‌বিক্রমতে তদধিতিষ্ঠতি। অন্তরীক্ষে বৈদ্যুত্মনা দিবি সূর্য্যাত্মনা যদুক্তম্। তমূ অকৃণ্বন্ ত্রেধা ভুবে কম্। (ঋক্‌১০।৮৮।১০) ইতি। "সমারোহণে" উদয়গিরবে উদয়ন্ পদমেকং নিধত্তে। "বিষ্ণুপদে" মধ্যন্দিনেঽন্তরীক্ষে, "গয়াশিরসি" অস্তগিরাবিতি ঔর্ণবাভ আচার্য্যো মন্যতে।'

অর্থাৎ বিষ্ণু আদিত্য। বিষ্ণুকে আদিত্য বলি কেন? যেহেতু এই মন্ত্রদ্বারা জানা যাইতেছে যে ইনি তিনস্থানে পাদ-চারণা করেন। কোথায় কোথায়? পৃথিবীতে, অন্তরীক্ষে এবং দ্যুলোকে, ইহাই ব্যাখ্যাকার শাকপুনির অভিপ্রায়। ইনি পৃথিবীতে সমস্ত পদার্থে অগ্নিরূপে, অন্তরীক্ষে বিদ্যুৎরূপে এবং দ্যুলোকে সূর্য্যরূপে অবস্থান করেন। ঋগ্‌বেদেও ইহাঁর ত্রিবিধ-ভাবের কথা লিখিত আছে। ঔর্ণবাভ আচার্য্য বলেন, ইহাঁর একপদ সমারোহণে (উদয়গিরিতে), দ্বিতীয় পদ বিষ্ণুপদে (মধ্যগগনে) এবং অন্যপদ গয়াশিরে (অস্তাচলে) সঞ্চারিত হয়।

যাস্কের কথানুসারে জানা যায় যে তিনি যে দুইজন প্রাচীন প্রামাণিক ব্যাখ্যাকারের অভিপ্রায় উদ্ধৃত করিয়াছেন, সেই দুইজন প্রামাণিক গ্রন্থকার "বিষ্ণুপদ" সম্বন্ধে সম্পূর্ণ স্বতন্ত্র দুই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন।

প্রথম শাকপুনির ব্যাখ্যার মর্ম্ম এই যে, বিষ্ণুদেব ত্রিবিধভাবে প্রকাশ পান—তিনি পার্থিব পদার্থ সকলের মধ্যে অগ্নিরূপে, আকাশে বিদ্যুৎরূপে এবং দ্যুলোকে সূর্য্যরূপে প্রকাশ পাইয়া থাকেন। নিরুক্তে ইহার প্রমাণ আছে যথা :—

"ত্রিস্র এব দেবতা ইতি নিরুক্তঃ অগ্নিঃ পৃথিবীস্থানো বায়ুর্ব্বা-ইন্দ্রো বান্তরীক্ষস্থানঃ সূর্য্যো দ্যুস্থানঃ। তাসাং মহাভাগ্যাৎ একৈকস্যাপি বহূনি নামধেয়ানি ভবন্ত্যপি বা কর্ম্মপৃথক্ত্বাদ্ যথা হোতাধ্বর্য্যুর্ব্রহ্মা উদ্‌গাতা ইত্যপ্যেকস্য সতঃ অপি বা পৃথগেব স্যুঃ। পৃথগ্‌হি স্তুতয়ো ভবন্তি তথাবিধানামিত্যাদি।"

অর্থাৎ নিরুক্ত মতে দেবতা তিন প্রকার। অগ্নি, বায়ু ও সূর্য্য। অগ্নি পার্থিব পদার্থে, বায়ু বা ইন্দ্র অন্তরীক্ষে এবং সূর্য্য দ্যুলোকে অবস্থান করেন। গুণ কর্ম্মাদি অনুসারে বা মহাভাগ্যা-নুসারে ইহাঁরা বহুবিধ নামে অভিহিত হন। যেমন একই ব্যক্তির নানাপ্রকার কার্য্যানুসারে তিনি কখন হোতা, কখন অধ্বর্য্যু, কখন ব্রাহ্মণ এবং কখন বা উদ্‌গাতা নামে অভিহিত হইয়া থাকেন, সেইরূপ এই বিষ্ণু এক হইলেও কার্য্যভেদে বহু নামে অভিহিত হয়েন।

সুতরাং শাকপুনির সিদ্ধান্ত এই যে একই বিষ্ণু পৃথিবীতে অন্তরীক্ষে এবং দ্যুলোকে ভিন্ন ভিন্নরূপে ও ভিন্ন ভিন্ন নামে প্রকাশ পাইয়া থাকেন।

দ্বিতীয় সিদ্ধান্ত, ঔর্ণবাভের। ঔর্ণবাভ বলেন বিষ্ণুর যে ত্রিপাদ সংক্রমণের কথা বলা হইয়াছে, ঐ ত্রিপাদ সংক্রমণের একস্থান উদয়গিরি, অপর স্থান মধ্যন্দিন অন্তরীক্ষ, তৃতীয় স্থান অস্তগিরি।

সায়ণ ঋগ্‌বেদভাষ্যে বিষ্ণুর ত্রিপাদচক্রমণ সম্বন্ধে বামন অবতারের ত্রিপাদচক্রমণ সম্বন্ধীয় পৌরাণিকী আখ্যায়িকা অবলম্বন করিয়া ঋকের ব্যাখ্যা করিয়াছেন।

আমাদের উদ্ধৃত দ্বিতীয় সংখ্যক বেদ মন্ত্রটী বাজসনেয় সংহিতার ৫।১৫ সংখ্যক স্থানেও দেখিতে পাওয়া যায়। এই স্থলে ভাষ্যকার মহীধর লিখিয়াছেন—

'বিষ্ণুস্ত্রিবিক্রমাবতারং কৃত্বা ইদং বিশ্বং বিচক্রমে বিভজ্য ক্রমতে স্ম। তদেবাহ ত্রেধা পদং নিদধে ভূমাবেকং পদমন্তরীক্ষে দ্বিতীয়ং দিবি তৃতীয়মিতি ক্রমাদগ্নি-বায়ু-সূর্য্যরূপেণেত্যর্থঃ।'

অর্থাৎ বিষ্ণু ত্রিবিক্রমাবতার গ্রহণ করিয়া ত্রিপাদে সমগ্র বিশ্ব বিচক্রমণ করিয়াছিলেন। তাঁহার এক পদ পৃথিবীতে, দ্বিতীয়পদ অন্তরীক্ষে এবং তৃতীয় পদ দ্যুলোকে যথাক্রমে অগ্নি, বায়ু ও সূর্য্যরূপে প্রকাশ পাইয়াছিল। (খ)

ঋগ্‌বেদের বহু স্থানে "বিষ্ণু" শব্দের উল্লেখ আছে। এস্থলে কতিপয় ঋক্ উদ্ধৃত করা যাইতেছে, যথা—

(১) তে অবর্দ্ধন্ত স্বতবসো মহিত্বনা আনাকম্ তস্থুর উরু চক্রিরে সদঃ। বিষ্ণুর্যদ্ হ আবদ্ বৃষণম্ মদচ্যুতম্ বায়ো না সীদন্মধি বরহিষি প্রিয়ে।'

আত্মবলে বলীয়ান্ মরুৎ সকল মহত্ত্বে বর্দ্ধমান হইয়াছিল। উহারা স্বর্গারোহণ করিয়া উহাদের সুপ্রসর বাসস্থান নির্ম্মাণ করিয়াছিল। যখন বিষ্ণু দর্পহারী ইন্দ্রের সাহায্য করিয়াছিলেন, মরুৎগণ তখন তাহাদের প্রিয় যজ্ঞীয় তৃণের উপর পাখীর ন্যায় উপবেশন করিয়াছিলেন।

(২) আর একটী ঋক্ এই যে" উত নো ধীয়ো গোঅগ্রাঃ পূষন্ বিষ্ণবেবয়াবঃ কর্ত্তা নঃ স্বস্তিমতঃ।৫

(৩) শং নো মিত্রঃ শং বরুণঃ শং নো ভবত্বর্য্যমা। শং ন ইন্দ্রো বৃহস্পতিঃ শং নো বিষ্ণুরুরুক্রমঃ।৯। (১ম মণ্ডল ৯০ সূক্ত)

(খ) সূর্য্যমণ্ডলের মধ্যে ঋষিরা বিষ্ণুর প্রকাশ দেখিয়া যে ধ্যান লিখিয়া গিয়াছেন তাহা এই—

'ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী
নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরিটী
হারী হিরণ্ময়বপু র্ধৃতশঙ্খচক্রঃ।'

এখনও এই ধ্যানেই গৃহে গৃহে নারায়ণের পূজা হইয়া থাকে। ঋষিরা আরও বলেন—"জ্যোতিরভ্যন্তরে রূপং দ্বিভুজং শ্যামসুন্দরম্।"

হে বিষ্ণো, হে পূষন্, হে দ্রুতগামিন্ আমাদের এই প্রার্থনা গুলির ফলস্বরূপ আমরা যেন পশ্বাদি লাভ করিতে পারি। আমাদিগকে সমৃদ্ধশালী কর। ৫। মিত্র বরুণ অর্য্যমন্, ইন্দ্র, বৃহস্পতি এবং উরুক্রম বিষ্ণু আমাদের সমৃদ্ধি বৃদ্ধি করুন্।৯।

(৩) "বিষ্ণোর্নু কং বীর্য্যাণি প্র বোচম্ যঃ পার্থিবানি বিমমে রজাংসি। যো অস্কভায়দুত্তরং সধস্থং বিচক্রমাণস্ত্রেধোরুগায়ঃ।"

(ঋগ্বেদ ১ম মণ্ডল ১৫৪ সূক্ত)

(বাজসনেয়-সংহিতার ৫ম ও ১৮শ সংখ্যায় এবং অথর্ব্ববেদের ৭।২৬।১ সংখ্যায় এই মন্ত্র দৃষ্ট হয়।)

আমি বিষ্ণুর বীর্য্য সকলের কথা বলিতেছি। এই বিষ্ণু পৃথিবী, অন্তরীক্ষ ও দ্যুলোক প্রভৃতি স্থান নির্ম্মাণ করিয়াছেন। ইনি দ্যুলোককে পতন হইতে রক্ষা করিয়া স্তম্ভিত ভাবে রাখিয়াছেন। ইনি তিন বার বিচক্রমণ করিয়াছেন।

৫। "প্র তদ্ বিষ্ণুঃ স্তবতে বীর্য্যাণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ"।"যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষু অধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বা।"

(অথর্ব্ববেদ ৭।২৭।২-৩ ; নিরুক্ত ১।২০)

বিষ্ণু তাঁহার স্বীয় ক্ষমতার জন্য প্রসিদ্ধ ; ইনি আরণ্য পশুর ন্যায় ভয়ঙ্কর, সংহারক এবং গিরিস্থ অর্থাৎ মেঘস্থ, এই বিষ্ণুতে সমস্ত বিশ্বচরাচর প্রতিষ্ঠিত।

৬। "প্রবিষ্ণুবে শূষমেতু মন্ম গিরিক্ষিত উরুগায়ায় বৃষ্ণে। যঃ ইদম্ দীর্ঘং প্রযতং সধস্থমেকো বিমমে ত্রিভিরিৎ পদেভিঃ॥"

বিষ্ণুর বীর্য্যসূচক এই স্তব প্রবর্ত্তিত হউক, ইনি মেঘস্থ অর্থাৎ মেঘরূপ পর্ব্বতমালাবাসী ও বিস্তৃত বিচক্রমণশীল। বিষ্ণু প্রবল বলশালী, কেবল ইনিই একাকী এই বিশাল গগনে তিন বার বিচক্রমণ করেন।

'যস্য শ্রীপূর্ণা মধুনা পদানি অক্ষীয়মাণা সন্ধায় মদন্তি।
যঃ উ ত্রিধা তু পৃথিবীমুতঃ দ্যামেকো আধার ভুবনানি বিশ্বা॥"

ইহা ত্রিধাম অক্ষয় এবং মধুপূর্ণ ও আমাদিগের সহসা সন্তোষদায়ক, এক বিষ্ণুই তিন বিশ্বকে ধারণ করিয়াছেন, পৃথিবী, আকাশ এবং নিখিল ব্রহ্মাণ্ড বিষ্ণুর দ্বারা বিধৃত হইয়াছে।

৮। "তদস্য প্রিয়মভি পাথো অশ্যাং নরো যত্র দেবযবো মদন্তি। উরুক্রমস্য স হি বন্ধুরিত্থা বিষ্ণোঃ পদে পরমে মধ্বঃ উৎসঃ।"

আমি যেন তাঁহার সেই প্রিয়তম স্থান লাভ করিতে পারি, সেখানে দেবানুরক্ত ব্যক্তিগণ সদা আনন্দানুভব করেন। উরুক্রম বিষ্ণুর উচ্চ আবাসে মাধুর্য্যের উৎস বিদ্যমান রহিয়াছে।

৯। "অবাম্ বাস্তূনি উশ্মসি গমধ্যয়ি যত্র গাবো ভূরি শৃঙ্গা অয়াসঃ। অত্রাহ তদ্ উরু গায়স্য বৃষ্ণঃ পরমং পদ মবভাতি ভূরি।"

আমরা তোমাদের উভয়ের সেই সকল ধাম লাভ করিতে চাই, যেখানে ভূরিশৃঙ্গ এবং সতত সঞ্চরণশীল গাভীগণ বিচরণ করে। এই ভূরি বিচক্রমশীল বিষ্ণুর সেই পরমাবাসে বিষ্ণু অতি উজ্জ্বলরূপে প্রকাশিত হন।

অনেকের বিশ্বাস যে ঋগ্বেদে ইন্দ্রই বিষ্ণু বলিয়া অভিহিত হইয়াছেন, ঔর্ণবাভ প্রভৃতি ভাষ্যকারিগণের মধ্যে কেহ কেহ বিষ্ণুকে সূর্য্য বলিয়া অভিহিত করিয়াছেন। কিন্তু ঋগ্বেদ পাঠে জানা যায় যে বিষ্ণু, ইন্দ্র ও আদিত্য ইঁহারা পৃথক্ পৃথক্ দেবতা ; আমরা ঋগ্বেদের প্রথম মণ্ডলের ১৫৫ সূক্ত হইতে এস্থলে কয়েকটী ঋক্ উদ্ধৃত করিয়া সপ্রমাণ করিব যে, বিষ্ণু ইন্দ্র প্রভৃতি দেবতা হইতে পৃথক্। তদ্‌যথা—

১। "প্র বঃ পান্ত মন্ধসে ধিয়ায়তে মহে শূরায় বিষ্ণবে চার্চ্চত।
যা সানুনি পর্ব্বতানামদাভ্যা মহস্তস্থতুরর্ব তেব সাধুনা॥"

(হে অধ্বর্য্যুগণ)! তোমরা, স্তুতিপ্রিয় মহাবীর (ইন্দ্রের) নিমিত্ত এবং বিষ্ণুর জন্য পানীয় সোমরস যত্নপূর্ব্বক প্রস্তুত কর। তাঁহারা উভয়ে দুর্দ্ধর্ষ ও মহীয়ান্। তাঁহারা মেঘের উপর ভ্রমণ করেন, যেন সুশিক্ষিত অশ্বের উপর আরোহণ করিয়া ভ্রমণ করিতেছেন।

২। "ত্বেষামিত্থা সমরণং শিমীবতোরিন্দ্রবিষ্ণূ সুতপা বামুরুষ্যতি।
যা মর্ত্ত্যায় প্রতিধীয়মানমিত্ কৃশানোরস্তুরসনামুরুষ্যথঃ॥"

হে ইন্দ্র ও বিষ্ণু! তোমরা ইষ্টপ্রদ ; অতএব হুতাবশিষ্ট সোমপায়ী যজমান তোমাদিগের দীপ্তিপূর্ণ আগমন প্রশংসা করিতেছে। তোমরা মর্ত্ত্যদিগের জন্য শত্রুবিমর্দ্দক অগ্নির নিকট হইতে প্রদেয় অন্ন নিরন্তর প্রেরণ কর। (১) অর্থাৎ তোমরা অগ্নিতে প্রদত্ত হবিঃ গ্রহণ করিয়া অগ্নিমুখেই তাঁহার ফল প্রদান কর।

৩। "তা ঈং বর্দ্ধন্তি মহস্য পৌংস্যং নি মাতরা নয়তি রেতসে ভুজে।
দধাতি পুত্রোঽবরং পরং পিতুর্নাম তৃতীয়মধি রোচনে দিবঃ।"

প্রসিদ্ধ (আহুতি সকল) ইন্দ্রের মহৎ পৌরুষবৃদ্ধি করিতেছে। ইন্দ্র, সকলের মাতৃস্থানীয় (দ্যাবাপৃথিবীকে) রেতঃ এবং উপভোগের জন্য সেই সামর্থ্য প্রদান করেন। পুত্রের নাম নিকৃষ্ট, এবং পিতার নাম উৎকৃষ্ট। তৃতীয় (নাম) দ্যুলোকের দীপ্তিমান্ প্রদেশে আছে।

৪। "তত্তদিদস্য পৌংস্যং গৃণীমসীনস্য ত্রাতুরবৃকস্য বিড্‌হবঃ।
যঃ পার্থিবানি ত্রিভিরিদ্বিগামভিরুরু ক্রমিষ্টোরুগায়ায় জীবসে।"

আমরা সকলের স্বামী, পালনকর্ত্তা, শত্রুরহিত ও সেচনসমর্থ (অর্থাৎ তরুণ) বিষ্ণুর পৌরুষের স্তুতি করি। তিনি প্রশংসনীয়, লোকরক্ষার নিমিত্ত ত্রিসংখ্যক পদবিক্ষেপ দ্বারা পার্থিব লোকসকল বিস্তীর্ণরূপে পরিক্রম করিয়াছিলেন।

৫। "দ্বে ইদস্য ক্রমণে স্বর্দৃশোঽভিখ্যায় মর্ত্ত্যো ভুরণ্যতি।
তৃতীয়মস্য নকিরা দধর্ষতি বয়শ্চন পত পত্রিণঃ।"

মনুষ্যগণ স্বর্গদর্শী বিষ্ণুর দুই পাদক্ষেপ কীর্ত্তন করিয়া উহা প্রাপ্ত হয়। তাঁহার তৃতীয় পাদক্ষেপ মনুষ্যের ধারণার অতীত। উড্ডীয়মান পক্ষীরাও উহা প্রাপ্ত হইতে পারে না।

৬। চতুর্ভিঃ সাকং নবতিঞ্চ নামভিশ্চক্রং ন বৃত্তং ব্যতীরবীবিপৎ।
বৃহচ্ছরীরো বিমিমান ঋক্বভির্যুবাকুমারঃ প্রত্যেত্যাহবম্।

বিষ্ণু গতিবিশেষদ্বারা বিবিধস্বভাব-বিশিষ্ট চতুর্নবতি কলাবয়বকে চক্রের ন্যায় বৃত্তাকারে চালিত করিয়াছেন। বিষ্ণু বৃহৎ শরীরবিশিষ্ট ও স্তুতিদ্বারা পরিমেয়। তিনি নিত্য, তরুণ ও অকুমার। তিনি আহবে গমন করেন।

প্রথম মণ্ডলের ১৫৬ সূক্তেও বেদোক্ত বিষ্ণুর গুণক্রিয়াদি সম্বন্ধে অনেক কথা বিবৃত হইয়াছে তদ্ যথা :—

১। ভবা মিত্রো ন শেব্যো ঘৃতাসুতির্বিভূতদ্যুম্ন এবয়া উ সপ্রথাঃ। অধাতে বিষ্ণো বিদুষা চিদর্ধ্যঃ স্তোমো যজ্ঞশ্চ রাধ্যো হবিষ্মতা॥

হে বিষ্ণু তুমি মিত্রের ন্যায় আমাদের সুখপ্রদ, ঘৃতাহুতি-ভাজন, প্রভূত অন্নবান্, রক্ষণশীল ও পৃথুব্যাপী হও। তোমার স্তোম বিদ্বান্ যজমান দ্বারা পুনঃ পুনঃ উচ্চার্য্য এবং তোমার যজ্ঞ হবিষ্মান্ যজ্ঞের আরাধনীয়।

২। যঃ পূর্ব্যায় বেধসে নবীয়সে সুমজ্জানয়ে বিষ্ণবে দদাশতি। যো জাতমস্য মহতো মহি ব্রবৎসেদু শ্রবোভির্যুজ্যং চিদভ্যসৎ।

যে মনুষ্য প্রাচীন, মেধাবী, নিত্যনূতন ও স্বয়ং উৎপন্ন বিষ্ণুকে হব্য প্রদান করেন। যিনি মহানুভব বিষ্ণুর পূজনীয় জন্মকথা কীর্ত্তন করেন তিনিই যুজ্যস্থান প্রাপ্ত হন।

৩। তমু স্তোতারঃ পূর্ব্যং যথাবিদ ঋতস্য গর্ভং জনুষা পিপর্ত্তন। আস্য জানন্তো নাম চিদ্বিবক্তন মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে।

হে স্তোতৃগণ! প্রাচীন যজ্ঞের গর্ভভূত বিষ্ণুকে যেরূপ জান সেই রূপেই স্তোত্রাদিদ্বারা তাঁহার প্রীতিসাধন কর। বিষ্ণুর নাম জানিয়া কীর্ত্তন কর। হে বিষ্ণো তুমি মহানুভব, তোমার সুমতি আমরা ভজনা করি।

৪। তমস্য রাজা বরুণস্তমশ্বিনা ক্রতুং সচন্ত মারুতস্য বেধসঃ। দাধার দক্ষমুত্তমমহর্বিদং ব্রজঞ্চ বিষ্ণুঃ সখিবাঁ অপোর্ণুতে।

রাজা বরুণ ও অশ্বিদ্বয় মরুদ্গান্ বিধাতার সেই যজ্ঞে মিলিত হউন। অশ্বিদ্বয় এবং বিষ্ণু সখাদিবিশিষ্ট হইয়া উত্তম অহর্বিদ রসধারণ এবং মেঘের আবরণ উন্মোচন করুন।

৫। আ যো বিবায় সচথায় দৈব্য ইন্দ্রায় বিষ্ণুঃ সুকৃতে সুকৃত্তরঃ। বেধা অজিন্বত্রিষধস্থ আর্য্যমৃতস্য ভাগে যজমানমাভজৎ।

যে স্বর্গীয় অতিশয় শোভনকর্ম্মা বিষ্ণু শোভনকর্ম্মা ইন্দ্রের সহিত মিলিত হইয়া আইসেন সেই মেধাবী ত্রিজগৎবিক্রমী আর্য্যকে প্রীত করিয়াছেন এবং যজমানকে যজ্ঞের ভাগ প্রদান করিয়াছেন।

বিষ্ণুপুরাণ ও ভাগবতাদি পুরাণে এই ঋক্ মন্ত্রগুলির প্রতিধ্বনি যথেষ্ট পরিমাণে শুনিতে পাওয়া যায়। বিষ্ণু যে দেবগণের মধ্যে শুদ্ধসত্ত্বগুণের বিলাসভূমি বেদে তাহারও সূত্র দেখিতে পাওয়া যায়। যথা ঋগ্বেদ প্রথম মণ্ডলের ১৮৬ সূক্তের ১০ম ঋকে :—

প্রো অশ্বিনাববসে কৃণুধ্বম্ প্র পূষণং স্বতবাসো হি সান্তি। অদ্বেষো বিষ্ণুর্বাত বিভুক্ষা অচ্ছা সুম্নায় বৃত্তীয় দেবান্।

হে ঋত্বিক্‌গণ আমাদিগের রক্ষার জন্য অশ্বিদ্বয়কে ও পূষাকে স্তুতি কর। দ্বেষরহিত বিষ্ণু, বায়ু ও ঋভুক্ষা নামক স্বাধীন বল-বিশিষ্ট দেবগণকে স্তব কর। আমি সুখের নিমিত্ত সমস্ত দেব-গণকে আনয়ন করিব।

আমরা পুরাণে দেখিতে পাই পুরাণকর্ত্তা যখন যে দেবতার স্তোত্র রচনা করিয়াছেন, তখনই সেই স্তবনীয় দেবতায় অন্যান্য দেবতার আরোপ করিয়াছেন। বেদেও এইরূপ স্তোত্র যথেষ্ট দেখিতে পাওয়া যায়। প্রথম মণ্ডলে বিষ্ণুর প্রাধান্য ও সাক্ষাৎ সম্বন্ধে বিষ্ণুর স্তব পরিকীর্ত্তনের নিমিত্ত অনেকগুলি ঋক্ দৃষ্ট হয়। তন্মধ্যে আমরা বহুল ঋক্ ইতঃপূর্ব্বে উদ্ধৃত করিয়াছি।

ঋগ্বেদের দ্বিতীয় মণ্ডলের প্রারম্ভেই অগ্নির স্তব কীর্ত্তিত হইয়াছে। তাহাতে অগ্নিকেও ইন্দ্র ও বিষ্ণু বলিয়া অভিহিত করা হইয়াছে। যথা—

ত্বমগ্ন ইন্দ্রো বৃষভঃ সতামসি ত্বং বিষ্ণুরুরুগায়ো নমস্যঃ। ত্বং ব্রহ্মা রয়িবিদ্ব্রহ্মণস্পতে ত্বং বিধর্ত্তঃ সচসে পুরন্ধ্যা।
২য় ম° ১সূ° ৩ ঋক্।

অর্থাৎ হে অগ্নে! তুমি সৎলোকদিগের অভীষ্টবর্ষী এই নিমিত্ত তুমি ইন্দ্র। তুমি বিষ্ণু কেননা তুমি উরুগায় অর্থাৎ সমগ্র লোকের স্তুত্য। (উরুগায় শব্দের অর্থে সায়ণ লিখিয়াছেন "বহুভি র্গীয়মানো নমস্যঃ নমস্কার্য্যশ্চ ভবসি")। তুমি ব্রহ্মণস্পতি তুমি ব্রহ্মা, তুমি বহুবিধ পদার্থ সৃষ্টি কর ও বহুপ্রকার পদার্থে অবস্থিতি কর।

পুরাণে বিষ্ণু উপেন্দ্র বলিয়া কীর্ত্তিত হইয়াছেন। ঋগ্বেদে দেখিতে পাওয়া যায় বিষ্ণু ইন্দ্রের অতি আত্মীয়, উভয়ে একত্র সোমপান করেন। যথা—

ত্রিকদ্রুকেষু মহিষো যবাশিরং তুবিশুষ্মস্তৃপৎসোমমপিবৎ তদ্বিষ্ণুনা সুতং বশৎ। সহ মমাদ মহি কর্ম্ম কর্ত্তবে মহামুরুং সৈনং শশ্বদ্দেবো দেবং সত্যমিন্দ্রং সত্য ইন্দুঃ।

পূজনীয় বহুবলশালী তৃপ্তিযুক্ত ইন্দ্র যেরূপ অভিলাষ করিয়াছিলেন। ত্রিকদ্রুকে (যজ্ঞবিশেষ) বিষ্ণুর সহিত সেই রূপ যবমিশ্রিত অভিষুত সোম বিষ্ণুর সহিত পান করিয়াছিলেন। ইত্যাদি।

বেদের প্রত্যেক মণ্ডলেই বিষ্ণুর মাহাত্ম্য ও গুণকার্য্যাদি উদ্‌ঘোষিত হইয়াছে। ভাষ্যকারগণ ও টীকাকারগণ নানাপ্রকার অর্থ করিয়া সেই সকল স্থলের অর্থবোধ সম্বন্ধে ভিন্ন ভিন্ন সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। আমরা এস্থলে তৃতীয় মণ্ডল হইতেও দুই একটী ঋক্ উদ্ধৃত করিতেছি। যথা :—

"বিষ্ণুং স্তোমাসঃ পুরুদস্মমর্কা ভগস্যেব কারিণী যামনি গ্মন্।
উরুক্রমঃ ককুহো যস্য পূর্ব্বীর্ন মর্দ্ধন্তি যুবতয়ো জনিত্রীঃ।"

৩ম° ৫৪সূ° ১৪ঋক্।

ধনের কারণস্বরূপ এই স্তোত্র ও অর্চ্চনীয় মন্ত্রসকল এই যজ্ঞে বিষ্ণুর নিকট গমন করুন। বিষ্ণু উরুক্রমী। পূর্ব্বকালীনা, যুবতী মাতাস্বরূপ দিক্‌সমূহ তাঁহাকে লঙ্ঘন করে না।

সায়ণ এস্থলে উরুক্রম শব্দের অর্থ করিয়াছেন—'উরুর্মহান্ ক্রমঃ পাদবিক্ষেপো যস্য সঃ। ত্রিবিক্রমাবতার একেনৈব পাদেন সর্ব্বং জগদাক্রম্য তিষ্ঠতি।'

বেদব্যাস প্রভৃতিও উরুক্রম শব্দের এইরূপ অর্থই মহাভারতে ও পুরাণে বিবৃত করিয়াছেন।

বিষ্ণু যে অতি পরাক্রমশীল তাহা বেদের অনেক স্থলেই এই প্রকারে দেখিতে পাওয়া যায়। মহাভারতে ও পুরাণাদিতে বহু প্রকারে বিষ্ণুর এই পরাক্রমশীলতার উদাহরণ প্রদত্ত হইয়াছে। মহর্ষি বেদব্যাস বেদের বিভাগকর্ত্তা তিনি মহাভারতে ও পুরাণাদিতে বেদের অর্থ বিস্তার করিয়াছেন। সায়ণ তদীয় ভাষ্যে ব্যাসাদির সম্মত অভিপ্রায়ই গ্রহণ করিয়াছেন।

ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা, বিষ্ণু পালনকর্ত্তা এবং রুদ্র সংহারকর্ত্তা এই পৌরাণিক সিদ্ধান্ত এ দেশের আবাল বৃদ্ধবনিতা মাত্রেই সুবিদিত। বিষ্ণু যে রক্ষাকর্ত্তা ঋগ্‌বেদের অনেক স্থলেই তাহার উল্লেখ দেখিতে পাওয়া যায় যথা—

"বিষ্ণুর্গোপা পরমং পাতি পাথঃ প্রিয়া ধামান্যমৃতাদ ধানঃ।
অগ্নিষ্টা বিশ্বা ভুবনানি বেদ মহদ্দেবানামসুরত্বমেকম্।

(৩ম° ৫৫সূ° ১০ঋক্)

অর্থাৎ বিষ্ণু সমগ্র জগতের রক্ষক। ইনি প্রিয়তম অক্ষয়-ধাম ধারণ করেন এবং পরম স্থান রক্ষা করেন। ইত্যাদি ঋগ্‌বেদে বিষ্ণুর "গোপা" এই বিশেষণটী অনেক স্থলে দেখিতে পাওয়া যায়। তাঁহার ধামে যে শৃঙ্গবিশিষ্ট গাভীগণ অবস্থান করেন ইহাও পূর্ব্বে লিখিত হইয়াছে। তাঁহার ধাম যে মাধুর্য্যের উৎস তাহাও পূর্ব্বে একটী ঋক্ হইতে সপ্রমাণ করা হইয়াছে। এই সকল ঋক্ হইতে আমরা শ্রীবৃন্দাবনবনবিহারী শ্রীকৃষ্ণেরও আভাস পাইতে পারি। নিত্য, সত্য ও পূর্ণ পদার্থ বৈদিক ঋষিদের এবং পরবর্ত্তী মহর্ষিদের যোগনেত্রে ক্রমোৎকর্ষের নিয়মানুসারে বিস্ফূরিত হইয়াছিলেন কি না তাহাও বিবেচ্য ও চিন্তয়িতব্য।

বিষ্ণুকে মর্ত্ত্যলোকের মধ্যে আনয়ন করার নিমিত্ত ঋষিগণ অগ্নির নিকট প্রার্থনা করিতেন। তাঁহারা বলিতেন—

"অর্য্যমণং বরুণং মিত্রমেষামিন্দ্রাবিষ্ণু মরুতো অশ্বিনোত।
স্বশ্বো অগ্নে সুরথঃ সুধারা এদু বহ সুহবিষে জনায়।"

(৪ম° ২সূ° ৪ঋক্)

অর্থাৎ হে অগ্নে তোমার অশ্ব উত্তম, রথ উত্তম এবং ধন উত্তম। তুমি এই যজমানগণের মধ্যে যাহার জন্য উত্তম তাহার উদ্দেশ্যে অর্য্যমা বরুণ মিত্র ইন্দ্র বিষ্ণু ও মরুৎগণকে আনয়ন কর।

বিষ্ণু যে বৈদিক দেবতার মধ্যে বহুস্তুত, বহুকীর্ত্তিত, বৈদিক ঋষিগণের উদ্‌ঘোষিত ঋক্‌মন্ত্রে আমরা সেই সকল স্তোত্র-শাখা শুনিতে পাই। ঋগ্‌বেদের চতুর্থমণ্ডলের তৃতীয় সূক্তের ৭ম ঋকেও "বিষ্ণব উরুগায়ায়" বলা হইয়াছে। সায়ণ উহার অর্থ করিয়াছেন "প্রভূতকীর্ত্তয়ে বিষ্ণবে"।

বিষ্ণুর পরাক্রম যে দেবগণের বহু স্তুত তাহা সর্ব্বসম্মত। ইন্দ্র বৃত্রাসুরকে বধ করার নিমিত্ত বিষ্ণুর সাহায্য গ্রহণ করিয়াছিলেন যথা—

"উত মাতা মহিষমন্ববেনদমী ত্বা জহতি পুত্রদেবাঃ।
অথা ব্রবীত্বৃত্রমিন্দ্রো হনিষ্যন্ৎ সখে বিষ্ণো বিতরং বি ক্রমস্ব।"

(৪ম° ১৮সূ° ১১ ঋক্)

ইন্দ্রের মাতা মহাস্ ইন্দ্রকে জিজ্ঞাসা করিলেন, হে পুত্র দেবগণ কি তোমায় ত্যাগ করিয়াছে? ইন্দ্র তখন বিষ্ণুর দিকে দৃক্‌পাত করিয়া বলিলেন সখে বিষ্ণু যদি বৃত্রকে নিহত করিতে চাও তবে বিক্রম লাভ কর।

বিষ্ণুর পরাক্রমেই ইন্দ্রের শত্রু বৃত্র নিহত হইয়াছিলেন। পুরাণে ইহার বিস্তৃত বিবরণ বিবৃত আছে।

পূর্ব্বোদ্ধৃত ঋকের ভাব নিম্নলিখিত ঋকেও পুনরুক্ত হইয়াছে যথা—

"সখে বিষ্ণো বিতরং বিক্রমস্ব দ্যৌর্দেহিলোকং বজ্রায় বিষ্কভে
হনাববৃত্রং রিণচাব সিন্ধূন্ ইন্দ্রস্য যন্ত প্রসবে বিগৃভ্নঃ।"

৮ মণ্ডল ৮৯ সূ° ১২

এখানেও ইন্দ্র বিষ্ণুকে সখা বলিয়া অভিহিত করিয়াছেন এবং বৃত্রাসুর বধার্থ বিষ্ণুর সাহায্য প্রার্থনা করিয়াছেন। বিষ্ণু যে ইন্দ্রাদিরও সংপূজ্য বন্ধু এই সকল ঋকে আমরা তাহার প্রমাণ পাইতেছি। ইহাতে আমরা আরও জানিতে পারিতেছি,

বিষ্ণু ইন্দ্রের সখা। ঋগ্‌বেদে ইন্দ্র ও বিষ্ণুর স্তব অনেকস্থলেই একত্র নিবদ্ধ হইয়াছে যথা :—

"ব্যর্য্যমা বরুণশ্চেতি পন্থামিষস্পতিঃ সুবিতং গাতুমগ্নিঃ।
ইন্দ্রাবিষ্ণু নৃবদু যু স্তবানা শর্ম্ম নো যন্তমমবদ্ধরূথং।"(ঋক্ ৪।৫৫।৪)

অর্য্যমা ও বরুণ পথ দেখাইয়া দিন। অন্নের পতি অগ্নি সুখময় পথ দেখাইয়া দিন। ইন্দ্র ও বিষ্ণু স্তুত আমাদিগকে পুত্রপৌত্রাদি-যুক্ত ও বলযুক্ত বরণীয় সুখদান করুন।

ঋগ্‌বেদের ষষ্ঠ মণ্ডলের ৬০ সূক্তের প্রথম হইতে অষ্টম ঋক্ পর্য্যন্ত আটটি ঋকে বিষ্ণু ও ইন্দ্রের স্তোত্রগুলি একত্র উক্ত হইয়াছে। উভয়ের অজেয় ক্ষমতা সকল স্তোত্রেই লিখিত হইয়াছে। ঋগ্‌বেদের পঞ্চম মণ্ডলের ৩য়, ৪৬ শ, ৫১ শ এবং ৮৭ সূক্তে অন্যান্য দেবতার সহিত বিষ্ণুর নিকট প্রার্থনাসূচক-বাক্য দেখিতে পাওয়া যায়। ইন্দ্রের সহিত বিষ্ণুর সখ্যতা সম্বন্ধে ঋগ্‌বেদের ৬ষ্ঠ মণ্ডলের ১৭ শ ও ২০ সূক্তেও স্তবমন্ত্র দেখিতে পাওয়া যায়।

বিষ্ণু যে জীব সকলের সুখসমৃদ্ধিদানে সর্ব্বদেবাপেক্ষা অধিক-তর শক্তিশালী ৬ষ্ঠ মণ্ডলের ৪৮ সূক্তের ১৪ ঋকে আমরা তাহার প্রমাণ দেখিতে পাই, যথা—

"তং ব ইন্দ্রং ন সুক্রতুং বরুণমিব মারিণং।
অর্য্যমণং ন মন্দ্রং সুপ্রভোজসং বিষ্ণুং ন স্তুষ আদিশে॥"

হে পূষন্ আমি তোমার স্তব করি, তুমি ইন্দ্রের ন্যায় দয়ালু, তুমি বরুণের ন্যায় অদ্ভুত শক্তিশালী, অর্য্যমার ন্যায় জ্ঞানী এবং বিষ্ণুর ন্যায় সর্ব্বপ্রকার ভোগসম্পত্তিদাতা। ইত্যাদি

ঋগ্‌বেদের ষষ্ঠমণ্ডলের ৫০ সূক্তের ১২ ঋকে রুদ্র সরস্বতী প্রভৃতি দেবগণের সহিত বিষ্ণুর নিকট প্রার্থনাসূচক স্তব আছে যথা—

"তে নো রুদ্রঃ সরস্বতী সজোষা মিড়্হুষ্তো বিষ্ণুর্মৃড়ন্তু বায়ুঃ। রিভুক্ষা বাজো দৈব্যো বিধাতা পর্জ্জন্যা বাতা পিপ্যতামিষাং নঃ।"

অর্থাৎ রুদ্র সরস্বতী বিষ্ণু ও বায়ু ইহাঁরা সুখদাতা। ইহারা আমাদের প্রতি কৃপাবান্ হউন। রিভুক্ষা বাজ, পর্জ্জন্য ও বাত আমাদের শক্তিবৃদ্ধি করুন।

সপ্তম মণ্ডলের ৩৫ সূক্তের ৯ ঋকে, ৩৬ সূক্তের ৯ ঋকে, ৩৯ সূক্তের ৫ ঋকে, ৪০ সূক্তের ৫ ঋকে, ৪৪ সূক্তের ১ ঋকে, এবং ৯৩ সূক্তের ৮ ঋকে অন্যান্য দেবতার সহিত বিষ্ণুর উল্লেখ আছে।

সপ্তম মণ্ডলের ৯৯ সূক্তের প্রথম হইতে সাতটী ঋকে বিষ্ণুর যথেষ্ট মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে এস্থলে সেই ঋক্‌গুলি উদ্ধৃত করা যাইতেছে যথা—

১। পরো মাত্রয়া তন্বা বৃধান ন তে মহিত্বমন্বশ্নুবন্তি।
উভে তে বিদ্ম রজসী পৃথিব্যা বিষ্ণো দেব ত্বং পরমস্য বিৎসে॥

হে বিষ্ণু! তুমি মাত্রার অতীত শরীরে বর্দ্ধমান হইলে তোমার মহিমা কেহ অনুব্যাপ্ত করিতে পারে না, আমরা পৃথিবী হইতে আরম্ভ করিয়া উভয় লোক জানি, কিন্তু হে দেব! কেবল তুমিই পরমলোক অবগত আছ।

২। ন তে বিষ্ণো জায়মানো ন জাতো দেব মহিম্নঃ পরস্তমাপ।
উদস্তভ্না নাকমৃষ্বং বৃহন্তং দাধর্থ প্রাচীং ককুভং পৃথিব্যাঃ॥

হে দেব বিষ্ণু! যাহারা জন্মিয়াছে ও যাহারা জন্মিবে, কেহই তোমার মহিমার অপর পার দেখিতে পায় না। দর্শনীয় বৃহৎ স্বর্গকে তুমি ঊর্দ্ধে ধারণ করিয়াছ। তুমি পৃথিবীর পূর্ব্বদিক্ ধারণ করিয়াছ।

৩। ইরাবতী ধেনুমতী হি ভূতং সূয়বসিনী মনুষে দশস্যা।
ব্যস্তভ্না রোদসী বিষ্ণবেতে দাধর্থ পৃথিবীমভিতো ময়ূখৈঃ॥

হে দ্যাবাপৃথিবী! তোমরা স্তুতিকারী মনুষ্যকে দান করিবার ইচ্ছাযুক্ত হইয়া অন্নবতী, ধেনুমতী ও সুন্দর যববিশিষ্টা হইয়াছ। হে বিষ্ণু! এই দ্যাবাপৃথিবীকে তুমি বিবিধ প্রকারে ধারণ করিয়াছ। সর্ব্বত্রস্থ ময়ূখ দ্বারা এই পৃথিবীকে ধারণ করিয়াছ।

৪। উরুং যজ্ঞায় চক্রথুরু লোকং জনয়ন্তা সূর্য্যমুষাসমগ্নিং।
দাসস্য চিদ্বৃষশিপ্রস্য মায়া জঘ্নথুর্নরা পৃতনাজ্যেষু॥

হে ইন্দ্র ও বিষ্ণু! সূর্য্য, অগ্নি ও ঊষাকে উৎপাদন করিয়া তোমরা যজমানের জন্য বিস্তীর্ণ লোক নির্ম্মাণ করিয়াছ, হে নেতৃদ্বয়! তোমরা সংগ্রামে বৃষশিপ্র নামক দাসের মায়া বিনষ্ট করিয়াছ।

৫। ইন্দ্রাবিষ্ণু দৃংহিতাঃ শংবরস্য নব পুরো নবতিং চ শ্নথিষ্টং।
শতং বর্চিনঃ সহস্রং চ সাকং হথো অপ্রত্যসুরস্য বীরান্॥

হে ইন্দ্র ও বিষ্ণু! তোমরা শম্বরের নবনবতি দৃঢ়পুরী বিনাশ করিয়াছ। তোমরা বর্চিনামক অসুরের শত ও সহস্র বীরকে, যাহাতে তাহারা আর প্রতিদ্বন্দ্বী হইতে না পারে, এরূপ করিয়া নাশ করিয়াছ।

৬। ইয়ং মনীষা বৃহতী বৃহদ্ভোরুক্রমা তবসা বর্ধয়ন্তী।
বরে বাং স্তোমং বিদথেষু বিষ্ণো পিম্বতমিষো বৃজনেষিন্দ্র॥

এই মহতী স্তুতি বৃহৎ বিস্তীর্ণ বিক্রমযুক্ত বলবান্ ইন্দ্র ও বিষ্ণুকে বর্দ্ধিত করিবে। হে বিষ্ণু! হে ইন্দ্র! তোমাদিগকে যজ্ঞস্থলে স্তোমপ্রদান করিয়াছি, তোমরা যুদ্ধে আমাদিগের অন্ন বর্দ্ধিত কর।

৭। বষট্ তে বিষ্ণবাস আ কৃণোমি তন্মে জুষস্ব শিপিবিষ্ট হব্যং।
বর্দ্ধন্তু ত্বা সুষ্টুতয়ো গিরো মে যূয়ং পাত স্বস্তিভিঃ সদা নঃ॥

হে বিষ্ণু! তোমার উদ্দেশে মুখ হইতে বষট্‌কার করিয়াছি, অতএব হে শিপিবিষ্ট! আমার সেই হব্য সেবা কর, আমাদের সুস্তুতি ও বাক্য তোমায় বর্দ্ধিত করুক, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

এই সূক্তের প্রথম ঋকের ব্যাখ্যায় সায়ণ তদীয় ভাষ্যে বিষ্ণুর ত্রিবিক্রম অবতারের মাহাত্ম্যবিষয়ক কথার উল্লেখ করিয়াছেন। বিষ্ণুর পরম মাহাত্ম্যও এই ঋকে খ্যাপিত হইয়াছে।

দ্বিতীয় ঋকে উক্ত হইয়াছে যে বিষ্ণুর মহিমার অন্ত নাই। ইহাঁর মহিমা অনন্ত। বিষ্ণুর মাহাত্ম্য সকলের সুবিদিত হওয়া অসম্ভব। বিষ্ণুই দ্যুলোককে ঊর্দ্ধে ধারণ করিয়া রাখিয়াছেন। বিষ্ণুর শক্তিতেই দ্যুলোক ঊর্দ্ধ হইতে নিপতিত হইতে পারে না। পৃথিব্যাদিও বিষ্ণুকর্ত্তৃক বিধৃত। এতদ্দ্বারা বিষ্ণুশক্তির বহুল কার্য্যকারিত্ব সম্বন্ধে একটী আভাস পাওয়া যাইতে পারে।

কেহ কেহ মনে করেন, বিষ্ণু সূর্য্যেরই নামান্তররূপে ঋগ্‌বেদে পরিচিত। একথা অযৌক্তিক ও অপ্রামাণিক। বিষ্ণুর অনেকগুলি কার্য্য সূর্য্যের সদৃশ। কিন্তু তিনি স্বয়ং সূর্য্য নহেন, তবে সূর্য্যে অণুপ্রবিষ্ট রহিয়াছেন। বিষ্ণুর ধ্যানেও তাঁহাকে "সাবিত্রীমণ্ডলমধ্যবর্ত্তী" বলিয়া অভিহিত করা হইয়াছে। সূর্য্য তাঁহার শক্তিদ্বারাই যে শক্তিমান্ ইহারও যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। উদ্ধৃত ৭ মণ্ডলের ৯৯ সূক্তের চতুর্থ ঋকটী পাঠে জানা যায় যে "ইন্দ্র ও বিষ্ণু, ইঁহারা সূর্য্য, অগ্নি ও ঊষাকে উৎপাদন করিয়া যজমানের নিমিত্ত বিস্তীর্ণ লোক নির্ম্মাণ করিয়া রাখিয়াছেন।"

উদ্ধৃত পঞ্চম ঋকে ইন্দ্র ও বিষ্ণুর সমবেতভাবে অসুর বিনাশনের উদাহরণ উল্লিখিত হইয়াছে, বিষ্ণু দ্বারা শম্বর প্রভৃতির পুরী বিনাশের বিবরণ ঋগ্‌বেদে সূত্রাকারে বর্ণিত হইয়াছে। পুরাণে ইহার সবিশেষ বিবৃতি দেখিতে পাওয়া যায়। বর্চ্চি নামক অসুরকে সদলে সংহার করার বিবরণও এই সূক্তে দৃষ্ট হইল।

ঋগ্‌বেদের সময়ে যুদ্ধার্থীরা যে ইন্দ্র ও বিষ্ণুর নিকট সমর-বলের প্রার্থনা করিতেন, তাহার অনেক প্রমাণ ঋগ্‌বেদে দেখিতে পাওয়া যায়।

অতঃপর এই সপ্তম মণ্ডলের ১০০ সূক্তটী কেবল বিষ্ণু দেবতার স্তোত্রেই পর্য্যবসিত হইয়াছে তদ্ যথা—

১। নূ মর্ত্তো দয়তে সনিষ্যন্নো বিষ্ণব উরগায়ায় দাশৎ।
যো যঃ সত্রাচা মনসা যজাত এতাবন্তং নর্য্যমা বিবাসাৎ॥

যিনি বহুলোকের কীর্ত্তনীয় বিষ্ণুকে হব্যদান করেন, যিনি যুগপৎ উচ্চারিত স্তোত্রদ্বারা তাঁহার পূজা করেন এবং মনুষ্যগণের হিতকর বিষ্ণুর পরিচর্য্যা করেন, তিনি ধনাভিলাষী হইলে শীঘ্র তাহা প্রাপ্ত হন।

অধিকাংশ স্থলেই "উরগায়" শব্দটী বিষ্ণুর বিশেষণরূপে ব্যবহৃত হইয়াছে। শ্রীমদ্ভাগবত পুরাণেও এই শব্দটীর ব্যবহার-প্রাচুর্য্য পরিলক্ষিত হয়। উরগায় শব্দের অর্থ বহুজনদ্বারা গীয়মান। বিষ্ণু যে বৈদিক দেবতাদের মধ্যে প্রধানতম দেবতা এবং সূর্য্য প্রভৃতির উৎপাদক ইহাও ঋগ্‌বেদে লিখিত আছে। শ্রীভাগবতে যে শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, সৌখ্য, দাস্য ও আত্মনিবেদন এই নবধা ভক্তির উল্লেখ আছে, আমরা এই ১০০ সূক্তে তাহারও সন্ধান পাইতেছি। এই সূক্তের দ্বিতীয় ঋকটী এই—

২। ত্বং বিষ্ণো সুমতিং বিশ্বজন্যাম প্রযুতামেবয়াবো মতিং দাঃ।
পর্চ্ছো যথা নঃ সুবিতস্য ভূরেরশ্বাবতঃ পুরুশ্চন্দ্রস্য রায়ঃ॥

হে অভিলাষপ্রদ সর্ব্বজনহিতকর দোষরহিত বিষ্ণো, আমাদিগকে অনুগ্রহ প্রদান কর। যাহাতে আমরা বহু অন্ন ও প্রচুর প্রীতিকর ধনলাভ করিতে পারি, তাহার উপায় কর।

পরবর্ত্তী শ্রীভাগবতাদি গ্রন্থে বিষ্ণুর নিকট যে কেবল নিষ্কাম ভক্তির প্রার্থনা দৃষ্ট হয়, বেদে সেরূপ ভাব অতি বিরল। বিষ্ণু ধনদ, বীর্য্যদ ও বলদাতা। ইনি জীবের অভীষ্ট সিদ্ধ করিয়া থাকেন। বেদের সময়ে ঘোটকাদির নিমিত্তও বিষ্ণুর নিকট প্রার্থনা করা হইত। কিন্তু পুরাণে এইরূপ বিবিধ বরপ্রার্থনা সম্বন্ধে দেবতার পার্থক্য পরিলক্ষিত হয়। জ্ঞানার্থীরা শঙ্করের নিকট প্রার্থনা করিবেন, ধনার্থীরা গৌরীর ভজন করিবেন, আরোগ্যার্থীরা সূর্য্যের নিকট বর যাচ্ঞা করিবেন এবং মোক্ষাকাঙ্ক্ষীরা বিষ্ণুর নিকট মোক্ষকামী হইবেন, পৌরাণিক বচনে এইরূপে অভীষ্ট দেবের বিশেষত্ব সূচিত হইয়াছে।

এই সূক্তের তৃতীয় ঋকটী এই—

৩। ত্রির্দেবঃ পৃথিবীমেষ এতাং বিচক্রমে শতর্চ্চসং মহিত্বা।
প্রবিষ্ণুরস্ত তবসস্তবীয়ান্ত্বেষং হ্যস্য স্থবিরস্য নাম॥

এই দেবতা শত সংখ্যক কিরণবিশিষ্ট। স্বীয় মহিমায় পৃথিবীতে তিন বার পাদক্ষেপ করেন। বৃদ্ধ হইতে বৃদ্ধতম বিষ্ণু আমাদের স্বামী হউন। প্রবৃদ্ধ বিষ্ণুর রূপ দীপ্তিযুক্ত।

বিষ্ণু যে কত প্রাচীন দেবতা ইহা হইতেই তাহার প্রমাণ পাওয়া যাইতেছে। বৈদিক সময় হইতেই তাঁহার যে বহুতর মাহাত্ম্য প্রকটিত হইয়া আসিতেছে, এই ঋকে তাহারও সম্যক্ প্রমাণ পাওয়া যাইতেছে। বিষ্ণুর রূপ কিরণবিশিষ্ট। যিনি "সাবিত্রীমণ্ডলমধ্যবর্ত্তী" তিনি কিরণময় বই আর কি?

৪। বিচক্রমে পৃথিবীমেষ এতাং ক্ষেত্রায় বিষ্ণুর্মনুষে দশস্যন্।
ধ্রুবাসো অস্য কীরয়ো জনাস উরুক্ষিতিং সুজনিমা চকার॥

এই বিষ্ণু মানুষের নিবাসার্থ তাহাদিগকে পৃথিবী প্রদান করিতে ইচ্ছা করিয়া তথায় পাদক্ষেপ করিয়াছিলেন। এই বিষ্ণুর স্তোতারা নিশ্চল হন। সুজন্মা বিষ্ণু বিস্তীর্ণ নিবাসস্থান নির্ম্মাণ করিয়াছেন।

বিষ্ণু যে কেবল বিশ্বব্রহ্মাণ্ডের ধারণকর্ত্তা ও পালনকর্ত্তা তাহা নহে। তিনিই এই পৃথিবীকে মানুষের বাসযোগ্য করিয়া বিনির্ম্মিত করেন। সুতরাং বিশ্বনির্ম্মাণও বিষ্ণুর কার্য্য।

৫। প্রতত্তে অদ্য শিপিবিষ্ট নামর্য্যঃ শংসামি বয়ুনানি বিদ্বান্।
ত্বং ত্বা গৃণামি তবসমতব্যাং ক্ষয়ন্ত মস্য রজসঃ পরাকে॥

হে শিপিবিষ্ট, অদ্য আমরা স্তুতির স্বামী ও জ্ঞাতব্য অবগত হইয়া তোমার সেই প্রসিদ্ধ বিখ্যাত নাম কীর্ত্তন করিব। তুমি প্রবৃদ্ধ; আমি অবৃদ্ধ হইলেও তোমার স্তুতি করিব। যেহেতু তুমি রজোলোকের পরপারে বাস কর।

৬। কিমিত্তে বিষ্ণো পরিচক্ষ্যং ভূৎপ্র যদ্ববক্ষে শিপিবিষ্টো অস্মি।
মা বর্পো অস্মদপ গূহ এতদ্যদন্যরূপঃ সমিথে বভূথ॥

হে বিষ্ণো, আমি "শিপিবিষ্ট" নামে তোমার স্তব করিতেছি; ইহা প্রখ্যাপন করা কি তোমার উচিত। তুমি সংগ্রামে অন্য রূপ ধারণ করিয়াছ। আমাদের নিকট হইতে তোমার শরীর লুক্কায়িত করিও না।

সায়ণ বলেন "শিপিবিষ্ট" শব্দের অর্থ কিরণবিশিষ্ট। সায়ণের ভাষ্যে লিখিত হইয়াছে, পুরাকালে বিষ্ণু আপনার রূপ পরিত্যাগ করিয়া অন্যরূপ ধারণপূর্ব্বক সংগ্রামে বসিষ্ঠের সাহায্য করিয়াছিলেন। বসিষ্ঠ তাঁহাকে চিনিতে পারিয়া এই ঋকে তাঁহার স্তব করিতেছেন। নিরুক্তকার বলেন, বিষ্ণুর অপর একটি নাম "শিপিবিশিষ্ট।" উপমন্যু বলেন "শিপিবিষ্ট" নামটী বিষ্ণুর কুৎসিত নাম। উপমন্যুর এই অর্থ সুসঙ্গত নহে। কুৎসিত নাম হইলে বসিষ্ঠ এই নামে তাঁহার স্তব করিতেন না। তবে তিনি সংগ্রামে যে অপর রূপ ধারণ করিয়াছিলেন তাহাতে তাঁহার স্বীয় রূপ লুক্কায়িত রাখিয়া কেবল কিরণদ্বারা চতুর্দ্দিক্ সমাচ্ছন্ন করিয়াছিলেন এই নিমিত্তই তাঁহাকে "শিপিবিশিষ্ট" নামে অভিহিত করা হইয়াছে।

অষ্টম মণ্ডলের নিম্নলিখিত স্থলগুলিতে বিষ্ণুর নামোল্লেখ আছে—৯ সূ—১২, ১০ সূ—২, ১২ সূ—১৬, ১৫ সূ—৮, ২৫ সূ—১১, এবং ২৭ সূ—৮, ২৯ সূ—৭, ৩১ সূ—১০, ৩৫ সূ—১ ও ১৪, ৬৬ সূ—১০ এবং ৭২ সূ—৭ ঋকে।

এই সকল ঋকের মধ্যে ৬৬ সূক্তের ১০ম ঋক্‌টীর ভাব কিঞ্চিৎ অদ্ভুত। এই ঋক্‌টী পাঠে জানা যায় যে বিষ্ণু ইন্দ্রকর্ত্তৃক প্রার্থিত হইয়া তাঁহার নিমিত্ত একশত মহিষ ও একটী ভয়ঙ্কর শূকর সংগ্রহ করিয়া লইয়া যান। আমরা ইহার কোন অর্থ বুঝিতে পারিলাম না। ফলতঃ বেদমন্ত্রসংগ্রহ ও বেদার্থসংগ্রহ যে অতি কঠোর ব্যাপার তাহা বেদগ্রন্থ পাঠ করিলে সহজেই অনুমিত হইতে পারে।

নবম মণ্ডলেরও বহুস্থানে বিষ্ণুর উল্লেখ দেখিতে পাওয়া যায় যথা,—৩৩ সূ—৩, ৩৪ সূ—২, ৫৬ সূ—৪, ৬৩ সূ—৩, ৬৫ সূ—২০, ৯০ সূ—৫, ৯৬ সূ—৫ এবং ১০০ সূ—৬।

দশম মণ্ডলের যে সকল স্থানে বিষ্ণুর উল্লেখ আছে নিম্নে তাহার তালিকা প্রদত্ত হইতেছে—

১ সূ—৩, ৬৫ সূ—১, ৬৬ সূ—৪ এবং ৫, ৯৯ সূ—১১, ১১৩ সূ—১, ১২৮ সূ—২, ১৪১ সূ—৩, ১৮১ সূ—১, ২ ও ৩ এবং ১৮৪ সূক্তের প্রথম ঋকে বিষ্ণুর উল্লেখ দেখিতে পাওয়া যায়।

এই সকল ঋকের প্রায় সর্ব্বত্রই অন্যান্য দেবতার সহিত বিষ্ণুর নামোল্লেখ করা হইয়াছে। উহাতে বিষ্ণুর গুণক্রিয়াদির কোনও পরিচয় পাওয়া যায় না। সুতরাং ঐ সকল ঋকের উল্লেখ করা নিষ্প্রয়োজন।

আর একটা কথা এই—বেদের স্থানে স্থানে এমন এক একটা ঋক্ দেখিতে পাওয়া যায় যে তাহার কোনও সুসঙ্গত অর্থ করা যায় না। এমন কি স্থান বিশেষে নিতান্তই প্রক্ষিপ্ততা দোষদুষ্ট বলিয়া মনে হয়। যাহাই হউক, বেদে যে বিষ্ণুর মাহাত্ম্য যথেষ্টরূপে কীর্ত্তিত হইয়াছে, বিষ্ণুর বিক্রমবীর্য্য যে পুনঃ পুনঃ ঋগ্‌বেদে উদ্ঘোষিত হইয়াছে, এই সুবিশাল বিশ্বব্রহ্মাণ্ড যে, একমাত্র বিষ্ণুরই সৃষ্ট, পরিপালিত ও সংরক্ষিত, বেদ হইতে তাহার প্রচুর প্রমাণ পাওয়া যায়। আমাদের উদ্ধৃত স্থলগুলি পাঠেও পাঠকগণ সে বিষয়ের উপলব্ধি করিতে পারিবেন।

আধুনিক প্রতীচ্য পণ্ডিতেরা আমাদের বেদাদিগ্রন্থে দেবতাদিগের ব্যক্তিগত স্তোত্র পাঠ শুনিয়া স্থানবিশেষে বড়ই বিভ্রান্ত হইয়াছেন। এই সকল পণ্ডিতদের মধ্যে মুইর সাহেব একজন। মুইর স্থানে স্থানে ইন্দ্রের মাহাত্ম্যাধিক্য স্তোত্র পাঠ করিয়া মনে করিয়াছেন ঋগ্‌বেদে বিষ্ণু অপেক্ষা ইন্দ্রেরই মান্য অধিকরূপে সূচিত হইয়াছে। এইরূপ মাহাত্ম্যকীর্ত্তনসূচক স্তোত্র, সকল দেবতারই আছে। একটী সামান্য পদার্থের স্তোত্রেও স্তূয়মান পদার্থকে সর্ব্বাপেক্ষা প্রধান বলিয়া বর্ণনা করা হইয়াছে। স্তোত্রাদিতে এইরূপ পৃথক্ পৃথক্ বর্ণনা দ্বারা পরস্পরের শ্রেষ্ঠতার কিছুমাত্র তারতম্য হয় না। ফল বেদব্যাস প্রভৃতি বেদতত্ত্বজ্ঞ মহর্ষিগণ বিষ্ণুর প্রাধান্যই সর্ব্বত্র কীর্ত্তন করিয়াছেন। বেদার্থ-বিচারে তাঁহাদের উক্তিই বলবতী। মুইয়ার প্রভৃতি সাহেবদের কথা আদৌ প্রামাণিক বলিয়া গৃহীত হইতে পারে না। তিনি যেরূপ ভাবে বিচার করিয়াছেন,

তাঁহার সেই সকল বিচার-প্রণালী দেখিলে তাহা বিবিধ দোষদুষ্ট এবং তিনি যে অনেক স্থলের অর্থ আদৌ বুঝিতে না পারিয়াই অত্যন্ত গোলযোগে পড়িয়াছেন, ইহা বিশেষরূপে উপলব্ধি করা যায়।

এতদ্ভিন্ন শতপথব্রাহ্মণে (১।২।৫।১।১৪।১।১।১); তৈত্তিরীয় আরণ্যকে (৫।১।১-৭); পঞ্চবিংশব্রাহ্মণে (৭।৫।৬) এবং রামায়ণ, মহাভারত ও বিভিন্ন পুরাণাদিতে বিষ্ণুর মাহাত্ম্য ও দশাবতারবিষয়ক বিবিধ আখ্যান বর্ণিত আছে।

[দশাবতার দেখ।]

পুরাণে লিখিত আছে,—ভগবান্ বিষ্ণু যুগে যুগে নানা-রূপে জন্ম লইয়া থাকেন। পৃথিবীর ভার লাঘবের জন্য, জগতের শান্তি স্থাপনার্থ, সাধুগণের সংরক্ষণ মানসে ইনি স্বহস্তে ধর্ম্মদ্বেষী পাপপ্রবৃত্ত মানবদিগকে নিহত করিয়া থাকেন। যুগত্রয়ে ইঁহার বধ্যসংখ্যা বিস্তর, তন্মধ্যে মধু, ধেনুক, চাণূর, পূতনা, যমলার্জ্জুন, কালনেমি, হয়গ্রীব, শকট, অরিষ্ট, কৈটভ, কংস, কেশী, মুর, শাল্ব, মৈন্দ, দ্বিবিদ, রাহু, হিরণ্যকশিপু, বাণ, কালীয়, নরক, বলি ও শিশুপাল প্রভৃতির নাম উল্লেখ্য। ইঁহার বাহনের নাম—বৈনতেয়। শঙ্খ—পাঞ্চজন্য। চিহ্ন—শ্রীবৎস। অসির নাম—নন্দক। ইনি হস্তে কৌমোদকী নামে গদা, শার্ঙ্গ ধনু, সুদর্শন চক্র ও স্যমন্তকমণি ধারণ করেন। ইঁহার ভুজমধ্যে কৌস্তভ। (হেমচন্দ্র)

পাদ্মোত্তরখণ্ডে ১৪১ অধ্যায়ে বিষ্ণুর শতনাম ও মহাভারতীয় শান্তিপর্ব্বের ১৪৯ অধ্যায়ে সহস্র নামের উল্লেখ আছে। বাহুল্য-ভয়ে সে সকল নাম এখানে উদ্ধৃত হইল না।

বিষ্ণুর স্বরূপ।

মৎস্যপুরাণের মতে মহাপ্রলয়ের পর, সমস্ত জগৎই গাঢ় অন্ধকারে আচ্ছন্ন, কাহারও কোন সাড়া নাই, যেন সকলই নিদ্রিত এবং চর কিম্বা অচর সকল জগৎই অবিজ্ঞেয় ও অবিজ্ঞাত ছিল। তখন কিছুই কাহারও দেখিবার বুঝিবার বা বিবেচনা করিবার শক্তি ছিল না। তারপর স্বয়ম্ভূ আবার সকল জগৎ ব্যক্ত করিতে উদ্যত হইলেন। হঠাৎ তমোনুদের আবির্ভাব হইল। যিনি অতীন্দ্রিয়, যিনি পরমপুরুষ সনাতন, সেই নারায়ণ তখন স্বয়ংই সম্ভূত হইলেন। এইবার তিনি ধ্যানযোগে নিজদেহ হইতে নানা জগতের সৃষ্টি করিবার বাসনায় প্রথমে জল ও তৎপরে তাহাতে বীজ সৃষ্টি করিলেন। এই বীজ তখন হেমরূপ্যময় এক বৃহদ্দণ্ডে পরিণত হইল। সহস্র সহস্র সম্বৎসর কাটিয়া গেল। অযুত সূর্য্যের ন্যায় দীপ্তি বাড়িল। স্বয়ম্ভু স্বয়ংই তন্মধ্যে প্রবেশ করিলেন। প্রভাব ও ব্যাপ্তিহেতু তিনি বিষ্ণুত্ব প্রাপ্ত হইলেন। (মৎস্যপু° ২অ°)

কূর্ম্মপুরাণে উক্ত হইয়াছে, বিষ্ণুর একটী রজোগুণময় রূপ আছে, তাঁহার নাম ভগবান্ চতুর্ম্মুখ। জগতের সৃষ্টি ব্যাপারেই তিনি প্রবৃত্ত। বিষ্ণু স্বয়ং বিশ্বাত্মরূপে সত্ত্বগুণের আশ্রয়ে সৃষ্ট বস্তু রক্ষা করেন। পরে তমোগুণের আশ্রয় লইয়া রুদ্ররূপে আবার সেই সকল সৃষ্ট বস্তু সংহার করিয়া থাকেন। তিনি নির্গুণ, নিরঞ্জন ও একমাত্র হইয়াও সৃষ্টি, স্থিতি ও লয় করিতে ত্রিধারূপে অবস্থিত। তিনি এক বটেন, কিন্তু স্বেচ্ছায় দ্বিধা, ত্রিধা ও বহুধারূপে তাঁহার অবস্থান। এই ত্রিলোক মধ্যে তিনি সৃষ্টি, রক্ষা ও নাশ এই তিন ব্যাপারে ত্রিধারূপে বিরাজমান। তিনি এক, অজ, মহাদেব, প্রজাপতি, পরমেশ্বর, সর্ব্বগত, স্বয়ম্ভূ, হরি, হর, নারায়ণ অধিক কি এ জগৎ সকলই বিষ্ণুময়।

(কূর্ম্ম ৪ অঃ)

অগ্নিপুরাণেও উক্ত মত ব্যক্ত আছে। বরাহপুরাণে উক্ত হইয়াছে যে, পরাৎপর নারায়ণের এক সময়ে সৃষ্টি বিষয়ে চিন্তা হইল। তিনি চিন্তা করিলেন, যেমন এই মহাসৃষ্টি হইয়াছে, ইহার পালনও আমাকেই করিতে হইবে। কিন্তু অমূর্ত্ত অবস্থায় কর্ম্ম করা অসম্ভব, সুতরাং আমি এখন এরূপ এক মূর্ত্তি সৃষ্টি করি, যাহাতে এই মহাসৃষ্টির পালন হইতে পারে। সংকল্প কার্য্যে পরিণত হইল। চিন্তা করিতে করিতে সত্ত্বধ্যানে সহসা এক মূর্ত্তির আবির্ভাব হইল। ক্রমে সেই মূর্ত্তি নিকট-বর্ত্তী হইলে নারায়ণদেব দেখিলেন, ত্রিভুবনই তাঁহার দেহে প্রবিষ্ট। তখন ভগবান্ নারায়ণ পূর্ব্বতন বরদান ব্যাপার স্মরণ করিলেন এবং নানা বাক্যে তাহাকে পুনরায় তুষ্ট করিয়া বর দিলেন, বলিলেন, তুমি সর্ব্বজ্ঞ, সর্ব্বকর্ত্তা ও সর্ব্বনমস্কৃত। ত্রৈলোক্যের পরিপালনহেতু তুমি সনাতন বিষ্ণু আখ্যায় অভিহিত হইবে। সর্ব্বদা দেবগণের ও ব্রহ্মার যাবতীয় কার্য্য সম্পাদন করা তোমারই কর্ত্তব্য। দেব! তোমার সর্ব্বজ্ঞত্ব লাভ হউক। নারায়ণ এই কথা কহিয়া প্রকৃতিস্থ হইলেন। বিষ্ণুও এক্ষণে পূর্ব্ব বুদ্ধি স্মরণ করিলেন। পরে তিনি যোগনিদ্রার চিন্তা, তাহাতে প্রজাসমষ্টির সংস্থাপন ও পরে পরমরূপের ধ্যান করিয়া নিদ্রিত হইলেন। সুপ্ত অবস্থায় তাঁহার উদর হইতে এক প্রকাণ্ড পদ্ম বাহির হইল। উক্ত পদ্মের মূলদেশের বিস্তার পাতাল পর্য্যন্ত। উহার কর্ণিকায় সুমেরুশৈল এবং মধ্যভাগে ব্রহ্মা ও ভব। নারায়ণ বিষ্ণুর এইরূপ শরীরসংস্থান দেখিয়া তদীয় দেহস্থ বায়ু ত্যাগ করিলেন। বায়ু শঙ্খাকারে পরিণত হইল। তখন বিষ্ণুকে তাহা ধারণ করিতে বলিলেন, তিনি বিষ্ণুকে সম্বোধন করিয়া আরও বলিতে লাগিলেন, হে অচ্যুত! অজ্ঞানচ্ছেদনের জন্য তোমার করে খড়্গ ধারণ কর। এই কালচক্রময় চক্রও তোমার করে বিরাজ করুক। কেশব!

অধর্ম্মসেবী রাজগণের উচ্ছেদের জন্য তুমি গদা ধারণ কর। এই ভূতজননী মালা তোমার কণ্ঠে বিরাজ করুক। চন্দ্রসূর্য্য ব্যপদেশে এই শ্রীবৎস ও কৌস্তুভ তোমার অঙ্গসঙ্গী হউক। মারুত তোমার গতি, গরুত্মান্ তোমার বাহন, ত্রৈলোক্যগামিনী দেবী লক্ষ্মী তোমার প্রিয়া এবং দ্বাদশী তোমার তিথি হউক। তোমার প্রতি ভক্তি রাখিয়া যে ব্যক্তি দ্বাদশী তিথিতে মাত্র ঘৃতভোজী হইয়া থাকে, সে স্ত্রীই হউক বা পুরুষই হউক, তাহার স্বর্গবাস সুনিশ্চিত।

উপরে যাঁহার কথা বলা হইল, তিনিই বিষ্ণু। দেব দানব প্রভৃতি তাঁহারই মূর্ত্তি। তিনিই যুগে যুগে আবির্ভূত হইয়া সৃষ্টি, স্থিতি ও নাশ করিয়া থাকেন। তিনি সর্ব্বগামী এবং তিনিই বেদান্তপ্রতিপাদ্য পরমপুরুষ। ক্ষুদ্রবুদ্ধিতে তাঁহাকে মনুষ্য মনে করা একান্ত অবৈধ। (বরাহপুং)

বিষ্ণুর মন্ত্র ও পূজাদি।

প্রথমে মন্ত্রের কথা বলা যাইতেছে মন্ত্র যথা—

"তারং নমঃ পদং ব্রূয়াৎ নরো দীর্ঘসমন্বিতৌ।
পবনো ণায় মন্ত্রোঽয়ং প্রোক্তো বসুক্ষরঃ পরঃ॥"

মন্ত্রোদ্ধার করিয়া উক্ত মন্ত্রে পূজাদি করিতে হয়। বিষ্ণু-পূজার বিধান যথা—প্রথমে প্রাতঃকৃত্য ও স্নানাদি কর্ম্ম সমাপনান্তে পূজামণ্ডপে গমন করিয়া বৈষ্ণব মতে আচমন করিবে। গৌতমীয় তন্ত্রে উক্ত আচমনের বিষয় এইরূপ লিখিত আছে, প্রথমতঃ হস্তে জল লইয়া কেশব, নারায়ণ ও মাধব এই নাম উচ্চারণে উক্ত জল পান করিবে। পরে গোবিন্দ ও বিষ্ণু এই দুই নাম উচ্চারণান্তে করদ্বয় প্রক্ষালন করিবে। অনন্তর মধুসূদন ও ত্রিবিক্রম এই দুই নামে ওষ্ঠদ্বয় সম্মার্জ্জন; বামন ও শ্রীধর বলিয়া মুখমার্জ্জন, হৃষীকেশ নামে হস্ত প্রক্ষালন; পদ্মনাভ উচ্চারণে পাদদ্বয় প্রক্ষালন; দামোদর নামে মস্তকপ্রোক্ষণ, এবং তৎপরে সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, পুরুষোত্তম, অধোক্ষজ, নৃসিংহ, অচ্যুত, জনার্দ্দন, উপেন্দ্র, হরি ও বিষ্ণু এই সকল নাম উচ্চারণ করিয়া যথাক্রমে মুখ, নাসিকা, অক্ষি, কর্ণ, নাভি, বৃক্ষ ও ভুজদ্বয় স্পর্শ করিবে। ইহাই বৈষ্ণব সম্প্রদায়ের আচমন। এইরূপ আচমন করিলে সাক্ষাৎ নারায়ণ হওয়া যায়। উক্ত বিষ্ণুনাম সকল চতুর্থী বিভক্তি ও নমঃশব্দান্ত করিয়া লইবে। অনন্তর সামান্যার্ঘ্য ও মাতৃকান্যাসাদি সমস্ত কর্ম্ম সমাধা করিয়া কেশবকীর্ত্ত্যাদি ন্যাস করিবে। তৎপরে ঋষ্যাদিন্যাস। মন্ত্র যথা—গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি অর্দ্ধলক্ষ্মী হরয়ে দেবতায়ৈ নমঃ। অতঃপর করাঙ্গন্যাস—শ্রীঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি। শ্রীঁ হৃদয়ায় নমঃ ইত্যাদি। অনন্তর নিম্নোক্ত ধ্যান করিবে, যথা—

"উদ্যৎপ্রদ্যোতনশতরুচিং তপ্তহেমাবদাতং,
পার্শ্বদ্বন্দ্বে জলধিসুতয়া বিশ্বধাত্র্যা চ জুষ্টম্।
নানারত্নোল্লসিত বিবিধা কল্পমাপীতবস্ত্রং
বিষ্ণুং বন্দে দরকমলকৌমোদকীচক্রপাণিম্॥"

এইরূপ ধ্যান করিবার পর আবার ন্যাস করিতে হইবে। যথা—ললাটে অং কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ, মুখে আং নারায়ণায় কান্ত্যৈ নমঃ দক্ষনেত্রে ইং মাধবায় তুষ্ট্যৈঃ নমঃ, বামনেত্রে ঈং গোবিন্দায় পুষ্ট্যৈ নমঃ, এইরূপে পর পর ক্রমিক সানুস্বার বর্ণ উচ্চারণ করিয়া নিম্নোক্ত প্রকারে যথাযথ স্থানে ন্যাস করিতে হইবে। সর্ব্বত্র অন্তে নমঃশব্দ প্রযোজ্য। যথা—দক্ষকর্ণে 'বিষ্ণবে ধৃত্যৈ' বামকর্ণে 'মধুসূদনায় শান্ত্যৈ' দক্ষিণ নাসাপুটে 'ত্রিবিক্রমায় ক্রিয়ায়ৈ' বামনাসাপুটে 'বামনায় দয়ায়ৈ' দক্ষিণ গণ্ডে 'শ্রীধরায় মেধায়ৈ' বামগণ্ডে 'হৃষীকেশায় হর্ষায়ৈ' ওষ্ঠে 'পদ্মনাভায় শ্রদ্ধায়ৈ' অধরে 'দামোদরায় লজ্জায়ৈ' ঊর্দ্ধদন্তপংক্তিতে 'বাসুদেবায় লক্ষ্ম্যৈ' নিম্নদন্তপংক্তিতে 'সঙ্কর্ষণায় সরস্বত্যৈ' মস্তকে 'প্রদ্যুম্নায় প্রীত্যৈ' মুখে 'অঃ অনিরুদ্ধায় রত্যৈ' দক্ষিণকরমূল, সন্ধিস্থান ও অগ্রভাগাদিতে 'কং চক্রিণে জয়ায়ৈ' 'খং গদিনে দুর্গায়ৈঃ' ক্রমে 'শার্ঙ্গিণে প্রভায়ৈ' 'খড়্গিনে সত্যায়ৈ' 'শঙ্খিনে চণ্ডায়ৈ' এইরূপ বামকরমূলসন্ধি ও অগ্রভাগাদিতে 'হলিনে বাণ্যৈ', 'মুষলিনে বিলাসিন্যৈ' 'শূলিনে বিজয়ায়ৈ' 'পাশিনে বিরজায়ৈ' 'অঙ্কুশিনে বিশ্বায়ৈ।' দক্ষিণপাদমূলসন্ধি ও অগ্রভাগাদিতে 'মুকুন্দায় বিনদায়ৈ, নন্দজায় সুনন্দায়ৈ, নন্দিনে সুনৃত্যৈ, নরায় ঋদ্ধ্যৈ নরকজিতে সমৃদ্ধ্যৈ।' বামপাদমূলসন্ধি ও অগ্রভাগ প্রভৃতিতে 'হরয়ে শুদ্ধ্যৈ, কৃষ্ণায় বুদ্ধ্যৈ, সত্যায় ভূত্যৈ, সাত্বতায় মত্যৈ, সৌরায় ক্ষমায়ৈ'। দক্ষিণপার্শ্বে 'শূরায় রমায়ৈ', বামপার্শ্বে 'জনার্দ্দনায় উমায়ৈ' পৃষ্ঠে 'ভূধরায় ক্লেদিন্যৈ', নাভিতে 'বিশ্বমূর্ত্তয়ে ক্লিন্নায়ৈ' উদরে 'বৈকুণ্ঠায় সুদায়ৈ' হৃদয়ে 'ত্বগাত্মনে পুরুষোত্তমায় বসুধরায়ৈ' দক্ষিণাংসে 'অসৃগাত্মনে বলিনে পরায়ৈ', ককুদে 'মাংসাত্মনে বলানুজায় পরায়ণায়ৈ' বাম অংসে 'মেদ আত্মনে বলায় সূক্ষ্মায়ৈ,' হৃদাদি দক্ষিণকরে 'অস্থ্যাত্মনে বৃষঘ্নায় সন্ধ্যায়ৈ' হৃদাদি বামকরে 'মজ্জাত্মনে বৃষায় প্রজ্ঞায়ৈ' হৃদাদি দক্ষিণপাদে 'শুক্রাত্মনে 'হিংসায় প্রভায়ৈ' হৃদাদি বামপাদে 'প্রাণাত্মনে বরাহায় নিশায়ৈ' হৃদাদি উদরে 'জীবাত্মনে বিমলায় অমোঘায়ৈ' হৃদাদি মুখে 'ক্রোধাত্মনে নৃসিংহায় বিদ্যুতায়ৈ'। এইরূপ ন্যাস করিবে।

অগস্ত্যসংহিতায় লিখিত আছে, যদি ভুক্তি-মুক্তি কামনা করিয়া পূজা করা হয়, তবে উক্ত ন্যাস করিবার সময় আদিতে শ্রীঁ-বীজ যোজন করিয়া লইবে। যথা—'শ্রীঁ অং কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ' ইত্যাদি।

অনন্তর তত্ত্বন্যাস, পীঠন্যাস, ঋষ্যাদিন্যাস ও বিষ্ণুপঞ্জরাদি-ন্যাস করিতে হইবে। বাহুল্যভয়ে এই সকল ন্যাসের বিবরণ প্রদত্ত হইল না। উপরি উক্ত পূজা পদ্ধতির সাহায্যে ঐ সকল ন্যাস করিয়া পরে পুনর্ব্বার ধ্যান করিবে। ধ্যান যথা—

"উদ্যৎকোটিদিবাকরাভমনিশং শঙ্খং গদাং পঙ্কজং
চক্রং বিভ্রতমিন্দিরা-বসুমতী-সংশোভি-পার্শ্ব-দ্বয়ম্।
কোটিরাঙ্গদহারকুণ্ডলধরং পীতাম্বরং কৌস্তভো-
দ্দীপ্তং বিশ্বধরং স্ববক্ষসি লসচ্ছ্রীবৎসচিহ্নং ভজে॥"

এইরূপ ধ্যানের পর মানসোপচারে পূজা করিয়া শঙ্খ-স্থাপন করিবে।

গৌতমীয় তন্ত্রের মতে, তাম্রপাত্র, শঙ্খ, মৃৎপাত্র, স্বর্ণ বা রজতপাত্র, এই পঞ্চ পাত্রই বিষ্ণুর অতি প্রিয়। উক্ত বিশুদ্ধ পঞ্চপাত্র ব্যতীত আর কোন পাত্র বিষ্ণুপূজায় প্রযোজ্য নহে।*

শঙ্খস্থাপনের পর সামান্য পীঠপূজা, পরে বিমলাদি শক্তির সহিত পীঠমন্ত্র পর্য্যন্ত পূজা করিয়া পুনর্ধ্যান ও মূলমন্ত্রে কল্পিত বিষ্ণুমূর্ত্তির প্রতি আবাহনাদি পঞ্চপুষ্পাঞ্জলি প্রদান করিবে। অনন্তর আবরণপূজা করিতে হইবে। যথা—"ওঁ ক্রুদ্ধোত্থায় হৃদয়ায় নমঃ" ইত্যাদি মন্ত্রে অগ্ন্যাদি চতুষ্কোণে ও চতুর্দ্দিকে পূজা করিবে। অনন্তর কেশরসমূহে পূর্ব্বাদিক্রমে "ওঁ নমঃ, নং নমঃ, মোং নমঃ, নাং নমঃ, রাং নমং, যং নমঃ, ণাং নমঃ, যং নমঃ।" দলসমূহে পূর্ব্বাদি দিকে 'ওঁ বাসুদেবায় নমঃ' এইরূপে পূজা করিবার পর চতুর্থী বিভক্তি যোগ করিয়া প্রণবাদি নমোহন্তে সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ অগ্ন্যাদি কোণে; দলসমূহে শান্তি শ্রী, সরস্বতী ও রতি; পত্রাগ্রসমূহে পূর্ব্বাদিক্রমে চক্র, শঙ্খ, গদা, পদ্ম, কৌস্তভ, মুসল, খড়্গ, বনমালা; উহার বাহিরে অগ্রভাগে গরুড়, দক্ষিণে শঙ্খনিধি, বামে পদ্মনিধি, পশ্চিমে ধ্বজ, অগ্নি-কোণে বিঘ্ন, নৈর্ঋতে আর্য্যা, বায়ুকোণে দুর্গা এবং ঈশানে সেনানী এই সকলের পূজা করিয়া তাহার বাহিরে ইন্দ্রাদি ও বজ্রাদিকে পূজা করিবে। অনন্তর ধূপ ও দীপ-দানান্তে যথাশক্তি নৈবেদ্য বস্তু নিবেদন করিবে।

বিষ্ণুপূজায় নৈবেদ্যদানে বিশেষত্ব আছে। গৌতমীয় তন্ত্র মতে স্বর্ণ, তাম্র বা রৌপ্যপাত্রে অথবা পদ্মপত্রে বিষ্ণুকে নৈবেদ্য দান করিবে। আগমকল্পদ্রুমে লিখিত আছে, রাজত, কাংস্য, তাম্র, বা মৃত্তিকা-নির্ম্মিত পাত্র অথবা পলাশপত্র বিষ্ণুকে নৈবেদ্য দানের পক্ষে প্রশস্ত।

যাহা হউক, উক্ত যে কোন পাত্রে বিষ্ণুর নৈবেদ্য প্রস্তুত করিয়া আনিয়া মূলমন্ত্রে দেবোদ্দেশে পাদ্য, অর্ঘ্য ও আচমনীয় দানান্তে 'ফট্' এই মন্ত্রে উহা প্রোক্ষণ চক্রমুদ্রায় অভিরক্ষণ, 'যং' মন্ত্রে দোষসমূহ সংশোধন, 'রং' মন্ত্রে দোষদহন এবং 'বং' মন্ত্রে অমৃতীকরণ করিয়া অষ্টধা মূল মন্ত্র জপ করিবে। পরে 'বং' এই ধেনু মুদ্রায় অমৃতীকরণ করিয়া গন্ধপুষ্প দ্বারা পূজা করিবার পর কৃতাঞ্জলি হইয়া হরির নিকট প্রার্থনা করিবে। অনন্তর "অস্য মুখতো মহঃ প্রসবেৎ" এইরূপ ভাবনা করিয়া স্বাহা ও মূলমন্ত্র উচ্চারণার্থে নৈবেদ্যে জলদান করিবে। অতঃপর মূল-মন্ত্র উচ্চারণপূর্ব্বক, "এতন্নৈবেদ্যং অমুকদেবতায়ৈ নমঃ" এই বলিয়া হস্তদ্বয় দ্বারা নৈবেদ্য ধারণ করিয়া "ওঁ নিবেদয়ামি ভবতে জুষাণেদং হবির্হর"। এই মন্ত্রে নৈবেদ্য অর্পণ করিবে। অনন্তর 'অমৃতোপস্তরণমসি' এই মন্ত্রে জলদানান্তে বামহস্তে গ্রাসমুদ্রা প্রদর্শন করিয়া দক্ষিণ হস্তদ্বারা প্রণবাদি মুদ্রা সকল প্রদর্শন করিবে। যথা—'ওঁ প্রাণায় স্বাহা' এই বলিয়া অঙ্গুষ্ঠদ্বারা কনিষ্ঠা ও অনামিকা; 'ওঁ ব্যানায় স্বাহা' এই বলিয়া অঙ্গুষ্ঠদ্বারা মধ্যমা ও অনামা; 'ওঁ উদানায় স্বাহা' এই বলিয়া অঙ্গুষ্ঠদ্বারা তর্জ্জনী, মধ্যমা ও অনামা এবং ওঁ সমানায় স্বাহা এই বলিয়া অঙ্গুষ্ঠদ্বারা সর্ব্বাঙ্গুলি স্পর্শ করিবে। অনন্তর অঙ্গুষ্ঠদ্বয় দ্বারা অনামিকার অগ্রভাগ স্পর্শ করিয়া 'ব্রেঁা নমঃ পরায় অন্তরাত্মনে অনিরুদ্ধায় নৈবেদ্যং কল্পয়ামি' এই বলিয়া নৈবেদ্য মুদ্রা প্রদর্শন করিবে এবং মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক 'অমুকদেবতাং তর্পয়ামি' এই বলিয়া ৪ বার সন্তর্পণান্তে 'অমুকদেবতায়ৈ এতজ্জলমমৃতাপিধান-মসি' এই মন্ত্রে জলদানপূর্ব্বক আচমনীয় প্রভৃতি দান করিবে।

বিষ্ণুকে নৈবেদ্য নিবেদন করিবার পর সাধারণ পূজাপদ্ধতি বিহিত বিসর্জ্জনান্ত যাবতীয় কর্ম্ম সমাপন করিবে। ষোড়শ লক্ষ জপ করিলে বিষ্ণুমন্ত্রের পুরশ্চরণ হইয়া থাকে।

"বিকারলক্ষং প্রজপেন্মনুমেনং সমাহিতঃ।
তদ্দশাংশং সরসিজৈর্জুহুয়ান্মধুরাপ্লুতৈঃ॥" (তন্ত্রসার)

স্মৃতিগ্রন্থাদিতে যেরূপ বিষ্ণুপূজা বিহিত হইয়াছে, তাহা আহ্নিকতত্ত্ব প্রভৃতি গ্রন্থে দ্রষ্টব্য। বাহুল্যভয়ে এখানে তাহা উদ্ধৃত হইল না। প্রাণতোষিণীতন্ত্রে বিষ্ণুগাত্রপ্রক্ষালনের বিধি নিবদ্ধ হইয়াছে।

শিবপূজায় শিবের অষ্টমূর্ত্তির পূজা করিয়া পরে বিষ্ণুর অষ্টমূর্ত্তি পূজা করিতে হয়। বিষ্ণুর অষ্টমূর্ত্তির নাম যথা—উগ্র, মহাবিষ্ণু, জ্বলন্ত, সম্প্রতাপন, নৃসিংহ, ভীষণ, ভীম ও মৃত্যুঞ্জয়। এই সকল নামে চতুর্থী বিভক্তি যোগ করিয়া আদিতে প্রণব এবং অন্তে

* "তাম্রপাত্রং তু রাজবে বিষ্ণোরতিপ্রিয়ং মতম্।
তথৈব সর্ব্বপাত্রাণাং মুখ্যং শঙ্খং প্রকীর্ত্তিতম্॥
মৃৎপাত্রঞ্চ তথা প্রোক্তং স্বর্ণং বা রাজতং তথা।
পঞ্চপাত্রং হরেঃ শুদ্ধং নান্যত্তত্র নিয়োজয়েৎ॥" (গৌতমীয় তন্ত্র)

'বিষ্ণুবে নমঃ' বলিয়া পূজা করিবে। বিষ্ণুর এই অষ্টমূর্ত্তি পূজা শিবলিঙ্গের সম্মুখাদিক্রমে করিতে হইবে। (লিঙ্গার্চ্চনতন্ত্র ৭ পঃ)

বিষ্ণুকে নমস্কার ও ফলশ্রুতি।

যাঁহার জন্ম নাই, ক্ষয় নাই বা ব্যয় নাই, সেই অনাদিনিধন মুক্তিহেতু বিষ্ণুকে যে মানব নমস্কার করে, সে সকলেরই নমস্য হয়; সুতরাং সেই আনন্দময় বিজ্ঞান পুরুষকে সতত ভক্তিভরে প্রণাম করিবে। যিনি সকল লোকের অধিপতি, যাঁহার দেহ-কান্তি নবনীরদনিভ সেই অপ্রমেয় কৃষ্ণরুচি কৃষ্ণের উদ্দেশে ভক্তিভরে প্রণত হইলে অতি অধম চণ্ডালও সদ্য বিশুদ্ধ হইয়া যায়। ভূতলে দণ্ডবৎ প্রণত হইয়া যে ব্যক্তি বিষ্ণুর অর্চ্চনা করে, তাহার যে গতিলাভ হয়, শত শত ক্রতুদ্বারাও সে গতি সুলভ নহে। যে কোন স্থানে বসিয়া শুইয়া বা দাঁড়াইয়া থাকুক, সর্ব্বত্র সর্ব্ব অবস্থাতেই 'নমো নারায়ণায়' এই মন্ত্রের আশ্রয় লইবে, ইহাই মানবের পরমমঙ্গল। ব্যাস প্রভৃতি মুনিগণ মধু-সূদনের স্তব করিয়া যখন তাঁহাদের জ্ঞানের সীমাশেষ হইয়াছে, তখনই তাঁহারা নিবৃত্ত হইয়াছেন; পরন্তু গোবিন্দের গুণের সীমা পাইয়াছেন বলিয়া নিবৃত্ত হন নাই। বলা বাহুল্য বিষ্ণুভক্তি, বিষ্ণুপ্রণাম ও বিষ্ণুস্মরণ, সকল মঙ্গলের নিদান। আধিব্যাধি ও পাপতাপ সকলই বিষ্ণু নামে বিদূরিত হয়। অধিক কি, বিষ্ণু-ভক্তিবশে মুক্তি পর্য্যন্ত মানবের করায়ত্ত হইয়া থাকে।

উল্লিখিত ফলশ্রুতি প্রভৃতি গরুড়পুরাণের কথা। ঐ পুরাণের ২৩২-২৩৪ অধ্যায়ে এইরূপ বিষ্ণুভক্তি, বিষ্ণুর নমস্কার, পূজা, স্তুতি ও ধ্যান সম্বন্ধে বহু বিস্তৃত আলোচনা রহিয়াছে, বাহুল্যভয়ে এখানে সে সকল উল্লিখিত হইল না।

বিষ্ণুনামের ব্যুৎপত্তি।

মৎস্যপুরাণে পৃথিবীর মুখে বিষ্ণুর কতিপয় নামের ব্যুৎপত্তি এইরূপ দেখিতে পাওয়া যায়। দেহীদিগের মধ্যে বিষ্ণুই মাত্র অব-শেষ, তাই তাঁহার নাম শেষ। ব্রহ্মাদি দেবগণের ধ্বংস আছে, কিন্তু বিষ্ণুর ধ্বংস নাই, তিনি স্বস্থান হইতে অবিচ্যুত, তাই তাঁহার নাম অচ্যুত। ব্রহ্মা ও ইন্দ্রাদি দেবগণকে তিনিই নিগৃহীত করিয়া হরণ করেন বলিয়া তাঁহার নাম হরি। দেহ, যশঃ ও শ্রীদ্বারা তিনি ভূতবৃন্দকে সদাতনকালে সম্মানিত করেন, তাই তিনি সনাতন। ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া কেহই তাঁহার অন্ত পায় না, সেইজন্য তিনি অনন্ত। শত শত কোটি কোটি কল্পেও তাঁহার ক্ষয় নাই, তিনি অক্ষয় ও অব্যয় তাই তাঁহাকে বিষ্ণু বলা যায়। নারা অর্থে জল তাহাতে তিনি অয়ন করিয়াছিলেন, তাই তাঁহার নাম নারায়ণ। প্রতিযুগে পৃথিবী প্রণষ্ট হইলে তিনিই আবার তাহাকে লাভ করিয়া থাকেন, সেজন্য তিনি গোবিন্দ নামে অভিহিত। হৃষীক অর্থে ইন্দ্রিয়, তিনি তাহার অধিপ, তাই তাঁহাকে হৃষীকেশ বলা যায়। যুগান্তকালে ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া যাবতীয় ভূতবৃন্দ তাঁহাতে কিম্বা তিনিই ভূতবৃন্দে বাস করেন বলিয়া তাঁহার নাম বাসুদেব। প্রতিকল্পে ভূতগণকে বারবার সঙ্কর্ষণ বা সংহরণ করেন বলিয়া তাঁহার নাম সঙ্কর্ষণ। দেব, অসুর কিম্বা রক্ষঃ কেহই প্রতিপক্ষ হইয়া তিষ্ঠিতে পারে না, সকল ধর্ম্মেরই তিনি প্রতিষ্ঠা বা পাতা, তাই তাঁহার নাম প্রদ্যুম্ন। ভূতবৃন্দ মধ্যে তাঁহার কোনই নিরোধ নাই, তাই তাঁহার অপর নাম অনিরুদ্ধ। (মৎস্যপু° ২২২ অঃ)

বিষ্ণুলোক-লাভ।

সকাম ব্যক্তি কর্ম্মভোগ করে। কিন্তু নিষ্কাম ব্যক্তি দেহ-ত্যাগের পর নিরুপদ্রবে নিরাময় বিষ্ণুপদ প্রাপ্ত হয়। নিষ্কামী-দিগকে পুনরায় আর সংসারে আসিতে হয় না। যাহারা দ্বিভুজ কৃষ্ণের আরাধনা করে, তাহাদিগের গতি বৈকুণ্ঠে এবং চতুর্ভুজ নারায়ণের ভক্ত সেবকগণের স্থান গোলোকে হইয়া থাকে। সকাম বৈষ্ণবগণের বৈকুণ্ঠপ্রাপ্তি হয় বটে; কিন্তু তাঁহাদিগকে পুনরায় ভারতে আসিয়া দ্বিজাতি কুলে জন্ম লইতে হয়। পরে কালক্রমে তাঁহারাও নিষ্কাম সাধক হন।

(ব্রহ্মবৈ° প্রকৃতিখ° ২৪ অঃ)

বিষ্ণু শব্দের চতুর্থীতে 'বিষ্ণবে' পাঠ না বলিয়া যদি কোন মূর্খ ভ্রমবশতঃ বিষ্ণায় শব্দ প্রয়োগ করে তাহা হইলেও তাহার মনের অভিপ্রায়ানুসারে ফললাভ হইয়া থাকে। ভ্রমজন্য বিশেষ ব্যত্যয় হয় না।

মূর্খে বদতি বিষ্ণায় বুধো বদতি বিষ্ণবে।
নম ইত্যেবমর্থং চ দ্বয়োরেব সমং ফলম্॥ (পঞ্চরত্ন ১।১২।৩৯)

বিষ্ণু, কএকজন প্রসিদ্ধ গ্রন্থকার। ১ সুপ্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্ গোপীরাজের শিষ্য। ইনিও একজন জ্যোতির্ব্বিদ বলিয়া মার্ত্তণ্ড-বল্লভে বর্ণিত হইয়াছেন। ২ আশ্বলায়নগৃহ্যকারিকা বর্ণিত এক-জন গ্রন্থকর্ত্তা। ৩ আশ্বলায়নপ্রয়োগবৃত্তি রচয়িতা। ইনি দেব-স্বামী, নারায়ণ প্রভৃতির পদানুসরণ করিয়াছেন। ৪ কাল্যষ্টক-রচয়িতা। ৫ কুণ্ডমরীচিমালা-প্রণেতা। ৬ বিদ্যাপরাধপ্রায়শ্চিত্ত রচয়িতা। ৭ শিবমহিম্নস্তোত্র-প্রণেতা। ৮ একজন প্রাচীন ধর্ম্মশাস্ত্রকার।

বিষ্ণুউপাধ্যায়, বিষ্ণুগূঢ় বা বিষ্ণুগূঢ়ার্থ নামক বেদান্তগ্রন্থ-রচয়িতা।

বিষ্ণুঋক্ষ (ক্লী) বিষ্ণুরধিদেবতাকং ঋক্ষম্। শ্রবণা নক্ষত্র।

"উপোষ্য দ্বাদশীং পুণ্যাং বিষ্ণুঋক্ষেণ সংযুতাম্।
একাদশ্যুদ্ভবং পুণ্যং নরঃ প্রাপ্নোত্যসংশয়ঃ॥" (তিথিতত্ত্ব)

বিষ্ণুকন্দ (পুং) বিষ্ণুপ্রিয়ঃ কন্দঃ। মূলবিশেষ। ইহাই কোঙ্কণে প্রসিদ্ধ স্বনামখ্যাত মহাকন্দ। পর্য্যায়—বিষ্ণুগুপ্ত,

সুপুট, বহুসম্পুট, জলবাস, বৃহৎকন্দ, দীর্ঘপত্র, হরিপ্রিয়। ইহার গুণ—মধুর, শীতল, রুচ্য, সন্তর্পণকারী এবং পিত্ত, দাহ ও শোথ নাশক। (রাজনি০)

বিষ্ণুকবচ (ক্লী) ধারণীভেদ। অগ্নিপুরাণে বিষ্ণুর মাহাত্ম্যসূচক এই কবচ লিখিত আছে।

বিষ্ণুকবি (পুং) ১ ভোজপ্রবন্ধধৃত একজন কবি। ২ ক্রতুরত্নমালা নামে একখানি শাঙ্খায়নসূত্রপদ্ধতি রচয়িতা। শ্রীপতির পুত্র এবং জগন্নাথ দ্বিবেদীর পৌত্র।

বিষ্ণুকাঞ্চী (স্ত্রী) দাক্ষিণাত্যের একটী প্রাচীননগর এবং পবিত্র তীর্থক্ষেত্র। শঙ্করাচার্য্য এই নগর প্রতিষ্ঠা করেন।

বিষ্ণুকান্তী (স্ত্রী) তীর্থভেদ।

বিষ্ণুকুণ্ড, প্রাচীন প্রাগ্‌জ্যোতিষের অন্তর্গত লৌহিত্য নদীর দক্ষিণস্থ একটী প্রাচীন তীর্থ। (যোগিনীতন্ত্র ৪৭।২) হিমবৎখণ্ডেও এই তীর্থের মাহাত্ম্য বর্ণিত আছে।

বিষ্ণুক্রম (পুং) বিষ্ণোঃ ক্রমঃ। বিষ্ণুর পাদন্যাস।

(তৈত্তিরীয়সং° ৫।২।১।১)

বিষ্ণুক্রান্ত (পুং) সঙ্গীতের তালভেদ। [রথক্রান্ত দেখ।]

বিষ্ণুক্রান্তা[ন্তি] (স্ত্রী) বিষ্ণুস্তদ্বর্ণঃ ক্রান্তো বা যয়া বিষ্ণুতুল্যবর্ণত্বাৎ বিষ্ণুপরিত্যক্তত্বাচ্চ অস্যাঃ তথাত্বম্। ১ নীল অপরাজিতা। মহারাষ্ট্র—বিষ্ণুক্রাঞ্চা। কর্ণাট—বিষ্ণুকাকে। পর্য্যায়—হরিক্রান্তা, নীলপুষ্পা, অপরাজিতা, নীলক্রান্তা, সুনীলা, বিক্রান্তা, ছর্দ্দিকা। ইহার গুণ—কটু, তিক্ত, বাতশ্লেষ্মরোগ ও বিষদোষ নাশক, মেধাবর্দ্ধক, পবিত্রতা-কারক ও শুভ ফলপ্রদ এবং ক্রিমি, ব্রণ ও কফরোগে হিতকর।

২ বারাহীকন্দ। (বৈদ্যকনিঘ০) ৩ জ্যোতিষোক্ত সংক্রান্তি বিশেষ। স্ত্রিয়াং ঙীষ্। বিষ্ণুক্রান্তি—শঙ্খপুষ্পী।

বিষ্ণুক্ষেত্র (ক্লী) তীর্থভেদ।

বিষ্ণুগঙ্গা (স্ত্রী) নদীভেদ।

বিষ্ণুগঞ্জ, গয়াজেলার অন্তর্গত একটী প্রাচীন গ্রাম।

(ভরত ব্রহ্মখণ্ড ৩৬।৩৫)

বিষ্ণুগণক, একজন প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ। জ্যোতির্ব্বিদপ্রধান দিবাকরের পুত্র এবং কেশব ও বিশ্বনাথের ভ্রাতা।

বিষ্ণুগাথা (স্ত্রী) বিষ্ণু কথা, বিষ্ণু সম্বন্ধীয় আলাপ বা আলোচনা।

"দশত্বলং গায়ত বিষ্ণুগাথাঃ।" (ভাগবত ১।১৯।১৫)

বিষ্ণুগুপ্ত (পুং) বিষ্ণুনা গুপ্তঃ রক্ষিতঃ। ১ কৌণ্ডিন্য নামে পরিচিত একজন ঋষি ও বিখ্যাত বৈয়াকরণ। ইনি হরকোপানলে পতিত হইয়া আত্মরক্ষার জন্য বিষ্ণুর শরণাপন্ন হন। বিষ্ণু তাঁহাকে দেবদেবের রোষবহ্নি হইতে রক্ষা করেন। তাই তিনি পরে বিষ্ণুগুপ্ত নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন।

২ পৃষ্ঠপোষণকারী সুপণ্ডিত ও রাজনীতিজ্ঞ জনৈক ব্রাহ্মণ। চাণক্যনামে সাধারণে বিদিত। যিনি মৌর্য্যরাজ চন্দ্রগুপ্তের অমাত্য ও পৃষ্ঠপোষক ছিলেন। মুদ্রারাক্ষস নাটকে বিষ্ণুগুপ্ত চরিত্রে তাঁহার চরিত্র চিত্রিত হওয়ার পর, তিনিও বিষ্ণুগুপ্ত নামে আখ্যাত হন। ৩ বাৎস্যায়ন মুনি। পর্য্যায়—কৌণ্ডিন্য, চাণক্য, দ্রমিণ, অঙ্গুল, বাৎস্যায়ন, মন্দনাগ, পক্ষিল, স্বামী। (ত্রিকাণ্ডশেষ)

৪ মহামূলক। ৫ বিষ্ণুকন্দ। (ক্লী) ৬ চাণক্যমূল। (রাজনি০) (পুং) ৭ দেবাদি।

বিষ্ণুগুপ্ত, একজন সুপ্রাচীন জ্যোতির্ব্বিদ। বিষ্ণুগুপ্তসিদ্ধান্তখানি কি ইঁহার রচিত? বরাহমিহির, উৎপল, হেমাদ্রি প্রভৃতি ইঁহার উল্লেখ করিয়াছেন।

২ শঙ্করাচার্য্যের একজন শিষ্য।

বিষ্ণুগুপ্তক (ক্লী) চাণক্য-মূলক। (রাজনি০)

বিষ্ণুগুপ্তদেব, ১ মগধের গুপ্তবংশীয় একজন সম্রাট্। দেবগুপ্তদেবের পুত্র। পরমভট্টারিকা রাজমহিষী ইজ্জাদেবীর গর্ভে ইঁহার জীবিত গুপ্তদেব (২য়) নামে এক পুত্র জন্মে।

২ রাজা জিষ্ণুগুপ্তের পুত্র। রাজা একটী জলনালী সংস্কারের জন্য সামন্ত চন্দ্রবর্ম্মাকে যে আদেশপত্র দান করেন, যুবরাজ বিষ্ণুগুপ্ত তাহারই দূতক। ইনি অনুমান ৬৫৩ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন।

বিষ্ণুগূঢ়স্বামী, আশ্বলায়ন শ্রৌতসূত্রভাষ্য ও আশ্বলায়ন পরিশিষ্টভাষ্য প্রণেতা। এতদ্ভিন্ন উক্থপ্রয়োগ ও দশরাত্রপ্রয়োগ নামে ইহার রচিত দুইখানি খণ্ডগ্রন্থও পাওয়া যায়।

বিষ্ণুগৃহ (ক্লী) বিষ্ণবে প্রতিষ্ঠিতং গৃহম্। ১ বিষ্ণুমন্দির। কাষ্ঠই হউক অথবা পক্ক (ইষ্টকাদি) বা অপক্ক মৃদাদি দ্বারাই হউক হরিমন্দির প্রস্তুত করিয়া দিলে লোক ইহলোকে সুখভোগ করিয়া পরলোকে স্বর্গাদি প্রাপ্তির অধিকারী হয়। বহ্নিপুরাণে বিষ্ণুগৃহ প্রতিষ্ঠার ফল এইরূপ কথিত হইয়াছে।

বিষ্ণুমন্দির নির্ম্মাণ করিয়া তাহার প্রতিষ্ঠা করা পর্য্যন্ত দূরে থাকুক, যাঁহারা কায়মনোবাক্যে মন্দিরনির্ম্মাণের আত্যন্তিক ইচ্ছা বা তৎসম্বন্ধে একান্তমনে চিন্তা, অথবা কেহ ঐ বিষয়ক অভিপ্রায় জানাইলে, তাহার প্রস্তাবে সম্যক্ অনুমোদন করেন, তাঁহারাও সর্ব্বপাপ-বিনির্ম্মুক্ত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হন। আর যাঁহারা প্রতিষ্ঠা পর্য্যন্ত পৌঁছিতে পারেন, তাঁহারা ঐ মন্দিরের অস্তিত্ব ফলের সমসংখ্যক সহস্রবর্ষ পর্য্যন্ত স্বর্গভোগ করিবেন। এতদ্ভিন্ন যাঁহারা হরিমন্দিরের পুনর্ব্বার সংস্কার করিয়া দেন তাঁহারাও পূর্ব্ববৎ ফলের অধিকারী হন।" (বহ্নিপু°)

২ তাম্রলিপ্তনগর। [তমলুক দেখ।]

৩ স্তম্বপুর নামক নগর।

বিষ্ণুগোপ, ১ দাক্ষিণাত্যের কাঞ্চিপুরের একজন রাজা। গুপ্ত-সম্রাট সমুদ্রগুপ্ত ইঁহাকে পরাজয় করেন। ইনি দেবরাজ বলিয়া প্রসিদ্ধ।

বিষ্ণুগ্রন্থি (পুং) যোগপ্রকরণোক্ত ঘটাবস্থাভেদ। (হঠপ্রদীপিকা)

বিষ্ণুচক্র (ক্লী) বিষ্ণোশ্চক্রমিব। ১ হস্তস্থ রেখাময় চক্রবিশেষ, এই চক্র যাহার হস্তে থাকে সে ব্যক্তি রাজচক্রবর্ত্তী অর্থাৎ সর্ব্বভূমীশ্বর হয় এবং তাহার প্রভাব অব্যাহত ও স্বর্গপর্য্যন্ত বিস্তৃত হইয়া থাকে। (বিষ্ণুপুরাণ ১।১৩)

২ সুদর্শন চক্র।

বিষ্ণুচন্দ্র, ১ ভূপসমুচ্চয়তন্ত্র ও সর্ব্বসারতন্ত্র নামক দুইখানি তন্ত্র-রচয়িতা। এই তন্ত্রদ্বয়ে পুরাণ ও তন্ত্রসমূহ হইতে শাক্ত ও শৈব সম্প্রদায়ের উপাস্য বিভিন্ন দেবদেবীর উপাসনা পদ্ধতি ও মন্ত্রাদি লিপিবদ্ধ আছে। গ্রন্থের শ্লোকসংখ্যা প্রায় ৫৩ হাজার।

২ বশিষ্ঠসিদ্ধান্ত-প্রণেতা। ব্রহ্মগুপ্ত ও ভট্টোৎপল ইহার বচন উদ্ধৃত করিয়াছেন।

বিষ্ণুচিত্ত, কল্পসূত্রব্যাখ্যা, প্রমেয়সংগ্রহ, বিষ্ণুপুরাণটীকা ও সন্ন্যাসবিধি নামক গ্রন্থপ্রণেতা। বিষ্ণুচিত্তের কল্পসূত্রব্যাখ্যা এবং রামাণ্ডার বা রামাগ্নিচিৎ কৃত আপস্তম্বশ্রৌত সূত্রভাষ্য পর্য্যালোচনা করিলে উভয়কেই পরস্পর সংশ্লিষ্ট বলিয়া বিবেচিত হয়। কিন্তু উভয়ে এক ব্যক্তি কি না তাহা সুস্পষ্টরূপে জানা যায় নাই।

বিষ্ণুজ (ত্রি) বিষ্ণুজাত, বিষ্ণু হইতে উৎপন্ন। (বরাহ সং ৪৬।১১)

বিষ্ণুতত্ত্ব (ক্লী) বিষ্ণোস্তত্ত্বম্। বিষ্ণুর মাহাত্ম্য। যে গ্রন্থে বিষ্ণুর মৌলিকত্ব আলোচিত হইয়াছে।

বিষ্ণুতর্পণ (ক্লী) বিষ্ণুর উদ্দেশে তর্পণ।

বিষ্ণুতিথি (পুং স্ত্রী) হরিবাসর, শুক্লা একাদশী ও দ্বাদশী তিথিভেদ।

বিষ্ণুতীর্থ (ক্লী) ১ সন্ন্যাসবিধিপ্রণেতা। স্মৃত্যর্থসাগরে ইঁহার রচিত কয়েকখানি গ্রন্থের বচন উদ্ধৃত আছে।

২ স্কন্দপুরাণোক্ত তীর্থভেদ।

বিষ্ণুতৈল (ক্লী) বাতব্যাধিরোগোক্ত তৈলৌষধ বিশেষ; প্রস্তুত প্রণালী—তিলতৈল ৪ সের, এবং গব্য বা ছাগদুগ্ধ ১৬ সের লইয়া তাহার সহিত শিলাতলে নিষ্পিষ্ট শালপান, চাকুলে, বেড়েলা, গোরক্ষ চাকুলে, এরণ্ডমূল, বৃহতী, কণ্টিকারী, নাটার মূল, শতমূলী, নীলঝিণ্টীর মূল, এই সকল দ্রব্যের প্রত্যেকের ৮ তোলা পরিমাণে যোগ করিয়া লৌহ বা মৃৎপাত্রে (কটাহাদিতে) ৬৪ সের জল দ্বারা পাক করিতে হয়। পাকশেষে অর্থাৎ মাত্র তৈলাবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া বাতব্যাধি কি যে কোনরূপের বায়ুর বিকৃতি অবস্থায় ব্যবহার করিলে, যথেষ্ট উপকার পাওয়া যায়।

বৃহদ্বিষ্ণুতৈল—প্রস্তুত প্রণালী—তিলতৈল ১৬ সের, শতমূলী রস ১৬ সের, দুগ্ধ ১৬ সের, এই সকলের সহিত মুথা অশ্বগন্ধা, জীবক, ঋষভক (অভাবে গুলঞ্চ ও বংশলোচন), শটী, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, দেবদারু, মৌরি, পদ্মকাষ্ঠ, সৈন্ধব, জটামাংসী, দারুচিনি, এলাচী, কুড়, বচ, শৈলজ, রক্তচন্দন, মঞ্জিষ্ঠা, মৃগনাভি, শ্বেতচন্দন, কুঙ্কুম, শালপান, চাকুলে, মুগানী, মাষাণী, কুন্দরখোটী, গাঁটেলা ও নখী শিলাতলে সুপিষ্ট করিয়া মিশাইবে এবং ৩২ সের জলে উহাদিগকে জাল দিয়া পাকাবসানে নামাইয়া ছাকিয়া লইতে হইবে। এই তৈলে সর্ব্বপ্রকার বাতবিকার বিনষ্ট হয়।

বিষ্ণুত্ব (ক্লী) বিষ্ণুর ভাব বা ধর্ম্ম। (মার্কণ্ডেয়পু ৪৬।১৪)

বিষ্ণুত্রাত, আচার্য্যভেদ। ইনি যোগশাস্ত্রে সুপণ্ডিত ছিলেন।

বিষ্ণুদত্ত (ত্রি) বিষ্ণুনা দত্তং। ১ বিষ্ণুপ্রদত্ত, বিষ্ণু যাহা দিয়াছেন। (ভাগবত ৫।১৭।৪)

বিষ্ণুদত্ত অগ্নিহোত্রিন্, শ্রাদ্ধাধিকার-রচয়িতা।

বিষ্ণুদাস, ১ একজন সামন্ত মহারাজ। ইনি পরমভট্টারক মহারাজাধিরাজ ২য় চন্দ্রগুপ্তের অধীন ছিলেন। ২ একজন বৈষ্ণব সাধু। (ভবিষ্যভক্তি)

বিষ্ণুদাস (শ্রীপতি), একজন নরপতি (১৬২০খৃঃ)। ইনি তাজিকসার প্রণেতা সামন্তের প্রতিপালক ছিলেন।

বিষ্ণুদেব, ১ মন্ত্রদেবতাপ্রকাশিকা-প্রণেতা। ইনি লক্ষ্মীশের পুত্র ও পরমারাধ্যের পৌত্র। ২ একজন বেদপারগ ব্রাহ্মণ। গুপ্তরাজ হস্তিন্ ইহাঁকে ভূমিদান করিয়াছিলেন।

বিষ্ণুদৈবজ্ঞ, একজন জ্যোতির্ব্বিদ্। ইনি বৃহচ্চিন্তামণিটীকা, বিষ্ণুকরণোদাহরণ ও সূর্য্যপক্ষশরণ নামে তিনখানি গ্রন্থ প্রণয়ন করেন।

বিষ্ণুদৈবত[ত্য] (ত্রি) বিষ্ণুঃ দৈবতং দৈবত্যং বা যস্য। বিষ্ণুদেবতাক দ্রব্যাদি, যে দ্রব্যের অধিষ্ঠাত্রী দেবতা বিষ্ণু, বিষ্ণুস্বামিক দ্রব্য।

"গৃহন্তু সর্ব্বদৈবত্যং যদনুক্তং দ্বিজোত্তমাঃ।
তজ্জ্ঞেয়ং বিষ্ণুদৈবত্যং সর্ব্বং বা বিষ্ণুদৈবতম্॥" (শুদ্ধিতত্ত্ব)

(ক্লী) ২ শ্রবণানক্ষত্র। এই নক্ষত্রের অধিষ্ঠাত্রী দেবতা বিষ্ণু। (জ্যোতিস্তত্ত্ব)

বিষ্ণুদৈবত্যা (স্ত্রী) বিষ্ণু দৈবত্যমস্যাঃ। একাদশী ও দ্বাদশী তিথি। এই দুই তিথির অধিষ্ঠাত্রীদেবতা বিষ্ণু।

"একাদশী দ্বাদশী চ প্রোক্তা শ্রীচক্রপাণিনঃ।
ত্রয়োদশী ত্বনঙ্গস্য শিবস্যোক্তা চতুর্দ্দশী॥" (স্মৃতি)

বিষ্ণুদ্বিষ্ (পুং) বিষ্ণুং দ্বেষ্টি ইতি বিষ্ণু-দ্বিষ্-ক্বিপ্। ১ অসুর, দৈত্য, দানব ইত্যাদি। ২ একজন জৈন।

বিষ্ণুদ্বীপ (ক্লী) দ্বীপভেদ।

বিষ্ণুধর্ম্ম (পুং) বিষ্ণুপ্রধানো ধর্ম্মোঽস্মিন্। ভক্তিগ্রন্থবিশেষ। এইগ্রন্থে বিষ্ণুবিষয়ক ধর্ম্ম উপদিষ্ট হইয়াছে।

"অষ্টাদশপুরাণানি রামস্য চরিতং তথা।
বিষ্ণুধর্ম্মানি শাস্ত্রাণি শিবধর্ম্মাশ্চ ভারত॥" (তিথিতত্ত্ব)

২ বিষ্ণুর উপাসনাযোগ্য ধর্ম্ম, যে ধর্ম্মাবলম্বনে বিষ্ণুর উপাসনা করিতে হয়। ৩ বৈষ্ণবধর্ম্ম। ৪ বিদ্যাবিশেষ। যথাবিধানে এই বিদ্যা উপাসনা করিলে ইন্দ্রত্ব লাভ হয়।

"অবাপ জপ্ত্বা চেন্দ্রত্বং বিষ্ণুধর্ম্মাখ্যবিদ্যয়া।
সর্ব্বান্ শত্রূন্ বিনির্জ্জিত্য তাঞ্চ বক্ষ্যে মহেশ্বরঃ॥"
(গরুড়পুরাণ ২০১ অ°)

বিষ্ণুধর্ম্মোত্তর (ক্লী) পুরাণসংহিতাবিশেষ। এই সংহিতার প্রশ্নকর্ত্তা জনমেজয়পুত্র এবং বক্তা শৌনকাদি ঋষি। ইহাতে প্রায় একশত বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। ইহা বিষ্ণুপুরাণের একাংশ। কেহ কেহ ইহাকে একখানি উপপুরাণ মধ্যে গণনা করিয়া থাকেন। বল্লালসেন স্বকৃত দানসাগরে ও হলায়ুধের ব্রাহ্মণসর্ব্বস্বে এই গ্রন্থের উল্লেখ করিয়াছেন।

বিষ্ণুধারা (স্ত্রী) ১ তীর্থভেদ। ২ হিমবৎপাদনিঃসৃতা নদীভেদ। (হিম° খ° ৩২।২৯)

বিষ্ণুনদী (স্ত্রী) ১ নদীভেদ। ২ বিষ্ণুপাদোদ্ভবানদী।

বিষ্ণুনন্দিন্, একজন ব্রাহ্মণ। গুপ্তসম্রাট্ মহারাজ সর্ব্বনাথ ইহাঁকে ভূমিদান করেন।

বিষ্ণুপতি, তত্ত্বচিন্তামণিশব্দখণ্ডদীপন-রচয়িতা। পিতার নাম রামপতি।

বিষ্ণুপত্নী (স্ত্রী) ১ বিষ্ণুর পত্নী, লক্ষ্মী। ২ অদিতি।

"বিষ্ণুপত্ন্যৈ চরুরগ্নয়ে" (শুক্লযজু° ২৩।৬০)
'বিষ্ণুপত্ন্যৈ অদিত্যৈ' (মহীধর)

বিষ্ণুপঞ্জর (ক্লী) বিষ্ণুরেব পঞ্জরমিব যস্মিন্, তদ্ধারয়িতুর্নিভয়রক্ষণকারিত্বাদস্য তথাত্বং। বিষ্ণুকবচবিশেষ। বামনপুরাণে এই কবচের বিষয় কথিত হইয়াছে, এই কবচ ধারণ করিলে সকল প্রকার ভয় দূর হয়। (বামনপু° ১৭ অ°)

বিষ্ণুপদ (ক্লী) বিষ্ণোঃ পদং। ১ আকাশ। (অমর) ২ ক্ষীরসমুদ্র। (মেদিনী) ৩ পদ্ম। (হেম) ৪ তীর্থবিশেষ। এই তীর্থে স্নান করিয়া বামনদেবের পূজা করিলে সকল পাপ দূর এবং বিষ্ণুলোকে গতি হয়।

"তত্র বিষ্ণুপদে স্নাত্বা অর্চ্চয়িত্বা চ বামনম্।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা বিষ্ণুলোকং স গচ্ছতি॥" (ভারত ৭।৮৩।৯৬)

৫ কৈলাসপর্ব্বতের স্থানবিশেষ। (ভারত ৫।১১১।১২)

৬ পর্ব্বতবিশেষ। (হরিবংশ ৩১।৪৩)

৭ বিষ্ণুর স্থান। (বিষ্ণুপুরাণ ২।৮ অ°)

৮ ভ্রূমধ্য। আসন্নমৃত্যু ব্যক্তি এই স্থান দেখিতে পায় না।

"অরুন্ধতীং ধ্রুবঞ্চৈব বিষ্ণোস্ত্রীণি পদানিচ।
আসন্নমৃত্যুর্নৈ পশ্যেচ্চতুর্থং মাতৃমণ্ডলম্॥
অরুন্ধতী ভবেজ্জিহ্বা ধ্রুবো নাসাগ্রমুচ্যতে।
বিষ্ণোঃ পদানি ভ্রূমধ্যে নেত্রয়োর্মাতৃমণ্ডলম্॥"
(কাশীখ° ৪২।১৩-১৪)

৯ বিষ্ণুর পদ। ভারতের যে যে স্থানে বিষ্ণুর পদচিহ্ন বিদ্যমান আছে, সেই সেই স্থান এক একটী তীর্থক্ষেত্র বলিয়া পরিগণিত। গয়াক্ষেত্রে বিষ্ণুপদ বিরাজিত দেখা যায়। বৃহন্নীলতন্ত্রেও একটী বিষ্ণুপদের উল্লেখ আছে। ইহার সন্নিকটে গুপ্তার্চ্চিতীর্থ। (বৃ°নীল ২১-২২ অঃ)

বিষ্ণুপণ্ডিত, ১ গণিতসার-রচয়িতা। দিবাকরের পৌত্র ও গোবর্দ্ধনের পুত্র। ইহার অগ্রজ গঙ্গাধর ১৪২০ খৃষ্টাব্দে লীলাবতীটীকা প্রণয়ন করেন। ২ তাৎপর্য্যদীপিকা নামে অনর্ঘরাঘবটীকা-প্রণেতা। ইনি শিশুপালবধটীকা-প্রণেতা চন্দ্রশেখরের পিতা এবং রঙ্গভট্টের পুত্র। ৩ গোত্রপ্রবরদীপপ্রণেতা।

বিষ্ণুপদী (স্ত্রী) বিষ্ণোঃ পদং স্থানং যস্যাঃ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ গঙ্গা, গঙ্গা বিষ্ণুপদ হইতে উদ্ভূতা হন, এই জন্য উহাকে বিষ্ণুপদী কহে। ২ সংক্রান্তিবিশেষ। বৃষ, বৃশ্চিক, কুম্ভ ও সিংহ রাশিতে সূর্য্যসংক্রমণ হইলে তাহাকে বিষ্ণুপদী সংক্রান্তি কহে। অর্থাৎ যে যে সংক্রান্তিতে সূর্য্য মেষরাশি হইতে বৃষে, কর্কট হইতে সিংহে, তুলা হইতে বৃশ্চিকে, এবং মকর হইতে কুম্ভ রাশিতে গমন করেন, তাহাদিগকে বিষ্ণুপদী সংক্রান্তি বলে, অতএব বৈশাখ গত হইয়া জ্যৈষ্ঠ মাস আরম্ভে এবং এইরূপ শ্রাবণ গত হইয়া ভাদ্র, কার্ত্তিকের পর অগ্রহায়ণ ও মাঘ অন্তে ফাল্গুন মাসের প্রারম্ভে যে সংক্রান্তি হয়, এ কয়টী বিষ্ণুপদী সংক্রান্তি নামে অভিহিত হয়। এই বিষ্ণুপদী সংক্রান্তি অতিশয় পুণ্যতমা, ইহাতে পুণ্যতীর্থে স্নানদানাদি করিলে লক্ষগুণ ফল হয়।

"ধনুর্মিথুনকন্যাসু মীনে চ ষড়শীতয়ঃ।
বৃষবৃশ্চিককুম্ভেষু সিংহে বিষ্ণুপদী স্মৃতা॥
অয়নে কোটিগুণিতং লক্ষং বিষ্ণুপদীষু চ।
ষড়শীতিসহস্রন্তু ষড়শীত্যামুদাহৃতম্॥" (তিথিতত্ত্ব)

বিষ্ণুপদীচক্র (ক্লী) বিষ্ণুপদ্যাঃ সংক্রান্ত্যাঃ চক্রং। জ্যৈষ্ঠ, অগ্রহায়ণ, ভাদ্র ও ফাল্গুন মাসের সংক্রান্তিতে শুভাশুভজ্ঞাপক

চক্র। কালপুরুষের অঙ্গে নক্ষত্র সকল বিন্যাস করিয়া এই চক্র নিরূপণ করিতে হয়। এই বিষ্ণুপদীসংক্রান্তিতে যে নক্ষত্রে সূর্য্যসংক্রমণ হয়, সেই নক্ষত্র মুখে এবং তাহা হইতে দক্ষিণ-বাহুতে চারিটী, পদদ্বয়ে তিন তিনটী, বামবাহুতে চারিটী, হৃদয়ে ৫টী, চক্ষুর্দ্বয়ে দুই দুইটী, মস্তকে দুইটী এবং গুহ্যে একটী এইরূপে নক্ষত্র সকল বিন্যাস করিয়া ফল নিরূপণ করিতে হয়। ফল যথাক্রমে রোগ, ভোগ, যান, বন্ধন, লাভ, ঐশ্বর্য্য, রাজপূজা ও অপমৃত্যু এই সকল জানিতে হইবে।

"ঋক্ষে সংক্রমণং যত্র বিষ্ণুপদ্যাং মুখে তু তৎ।
চত্বারি দক্ষিণে বাহৌ ত্রীণি ত্রীণি পদদ্বয়ে॥
চত্বারি বামবাহৌ চ হৃদয়ে পঞ্চ নির্দ্দিশেৎ।
অক্ষ্নো দ্বে দ্বে গুহ্যং যোজ্যং মূর্দ্ধ্নি দ্বৌ চৈককং গুদে॥

ফলং যথা—

রোগো ভোগস্তথা যানং বন্ধনং লাভ এব চ।
ঐশ্বর্য্যং রাজপূজা চ অপমৃত্যুরিতি ক্রমাৎ॥" (জ্যোতিস্তত্ত্ব)

বিষ্ণুপরায়ণ (ত্রি) বিষ্ণুভক্ত। বৈষ্ণব।

বিষ্ণুপর্ণিকা (স্ত্রী) পৃশ্নিপর্ণী, চাকুলিয়া।

বিষ্ণুপর্ণী (স্ত্রী) ভূম্যামলকী। (বৈদ্যকনিঘ°)

বিষ্ণুপাদ (ক্লী) ১ বিষ্ণুর পদচিহ্ন। ২ একটী গণ্ডশৈল। বৈষ্ণবচূড়ামণি রাজা চন্দ্র বিষ্ণুর উদ্দেশে ইহার উপরে একটী ধ্বজ (স্তম্ভ) নির্ম্মাণ করিয়া দেন। শিলালিপিসম্বলিত ঐ ধ্বজ এখন দিল্লীর সমীপদেশে সংরক্ষিত। প্রকৃত বিষ্ণুপাদশৈলের অবস্থান পুষ্কর শৈলের নিকট।

বিষ্ণুপাদুকা, ভাগলপুর জেলার অন্তর্গত চম্পানগরের নিকটস্থ কবীরপুরে অবস্থিত একটী সুপ্রসিদ্ধ জৈনমন্দির। ঐ মন্দিরে বিষ্ণুপদ বিরাজিত আছে বলিয়া নিকটবর্ত্তী গ্রামবাসীরা উহার প্রতি বিশেষ ভক্তি প্রদর্শন করে। জৈনেরা উহাকে জৈন-সম্প্রদায়ের উপাস্য চতুর্ব্বিংশতি দেবতার পদচিহ্ন বলিয়া পূজা করিয়া থাকে।

বিষ্ণুপীঠ, যোগিনীতন্ত্রোক্ত পীঠভেদ। (যোগিনীতন্ত্র ১৭)

বিষ্ণুপুত্র (পুং) বিষ্ণোঃ পুত্রঃ। বিষ্ণুর তনয়।

বিষ্ণুপুর, ১ বঙ্গপ্রদেশের অন্তর্গত বাঁকুড়া জেলার একটী উপবিভাগ। ইহা ১৮৭৯ খৃঃ অব্দে বিষ্ণুপুর, কোটালপুর, ইন্দাস ও সোনামুখী লইয়া গঠিত।

২ উক্ত উপবিভাগের অন্তর্গত বাঁকুড়া জেলার প্রাচীন নগর। ইহা উক্ত জেলার দক্ষিণ পূর্ব্ব অংশে দ্বারিকেশ্বর নদের কয়েক মাইল দক্ষিণে ২৭°২৩´৩০´´ উত্তর অক্ষাংশ ও ৭৭°৫৬´৩০´´ পূর্ব্ব দ্রাঘিমাংশে অবস্থিত। এখানে প্রায় ২০০০০ লোকের বাস। এই নগরটি প্রাচীন ও সমৃদ্ধিশালী বলিয়া খ্যাত। ইহা বাঁকুড়া জেলার বাণিজ্যের প্রধান স্থান। বিষ্ণুপুর হইতে চাউল, তৈল-শস্য, লাক্ষা, তুলা, রেশম প্রভৃতি রপ্তানী এবং নানাবিধ বিলাতীদ্রব্য, লবণ, তামাক, মসলা, মটর কলাই প্রভৃতি দ্রব্য আমদানী হয়। এই নগরে বহু সংখ্যক তন্তুবায়ের বাস এবং ইহার নানা স্থানে বহু সংখ্যক হাট বাজার আছে। এই স্থান উত্তম রেশম বস্ত্রের জন্য প্রসিদ্ধ। এখানে সাধারণ বিচারালয়াদি ব্যতীত বিদ্যালয়, হিন্দুমন্দির ও মুসলমানের মসজিদাদিও বিদ্যমান। এক প্রসিদ্ধ প্রাচীন উচ্চ রাজপথ কলিকাতা হইতে এই নগরের মধ্য দিয়া উত্তরপশ্চিম প্রদেশাভিমুখে গিয়াছে। বিষ্ণুপুর হইতে অপর একটী প্রসিদ্ধ শাখা রাজপথ দক্ষিণে মেদিনীপুরের দিকে গিয়াছে। প্রবাদানুসারে প্রাচীন বিষ্ণুপুর স্বর্গের "ইন্দ্রভবন" তুল্য মনোরম। এই প্রাচীন নগরের স্থানে স্থানে বহু সংখ্যক সৌধাবলী, পরিখা ও ভিত্তিনির্ম্মাণপ্রভৃতি সম্বন্ধে অনেক অলৌকিক কিম্বদন্তী প্রচলিত আছে। এই নগর প্রাচীন কালে বহু সংখ্যক প্রাকার ও পরিখা সংযোগে সুদৃঢ় ছিল। সাত মাইল পরিমিত পরিখা ও প্রাকার সকলের সহিত বৃত্তাকার অবস্থায় সেতু সকল দ্বারা সংযোজিত ছিল। দুর্গপ্রাকারের মধ্যেই রাজপ্রাসাদ বর্ত্তমান ছিল। ভগ্নাবশেষ সকল বড় কৌতূহলোদ্দীপক ও মনোহর। নগরের মধ্যস্থ মন্দির সকলের ভগ্নাবশেষ হইতে প্রাচীন হিন্দু স্থাপত্যের বেশ প্রমাণ পাওয়া যায়, নগরের দক্ষিণ তোরণের নিকট বিশাল শস্যাগারের ভগ্নাবশেষ, দুর্গের অভ্যন্তরে ইদানীং জঙ্গলাবৃত স্থানে ১০½ ফুট পরিমিত বৃহৎ লৌহের কামান বিরাজিত। প্রবাদানুসারে, বিষ্ণুপুরের রাজগণের মধ্যে একজন দেব প্রসাদরূপে এই কামান প্রাপ্ত হইয়াছেন। বিগত শতাব্দীতে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর দলিলে এই বিষ্ণুপুর রাজবংশ বাঙ্গালা দেশের মধ্যে বংশগৌরবে অতি প্রসিদ্ধ ছিল। আবি রেনেলের "History of the East and West Indias" নামক গ্রন্থের মানচিত্রে (London edition 1776) বিশেনপুর (বিষ্ণুপুর) ও কলিকাতা এই দুইটী নগরের নাম, বঙ্গপ্রদেশীয় লেপ্টেনাণ্ট গবর্ণরের অধিকৃত স্থানের মধ্যে বৃহদক্ষরে মুদ্রিত হইয়াছে। বিষ্ণুপুর-রাজ্য স্থাপন দিন হইতেই এখানে ঐ রাজবংশের মল্লাব্দ প্রচলিত দেখা যায়।

বিষ্ণুপুর রাজবংশ বঙ্গের হিন্দুরাজবংশাবলীর মধ্যে অতি প্রাচীন। জনৈক পণ্ডিতকর্ত্তৃক লিখিত এক খানি ইতিহাস হইতে নিম্নে এই রাজবংশের আখ্যায়িকা প্রদত্ত হইল। বৃন্দাবনের নিকটবর্ত্তী জয়পুরের এক রাজবংশের শাখা হইতে বিষ্ণুপুরের প্রাচীন রাজবংশ আসিয়াছেন বলিয়া প্রবাদ। জয়পুরের রাজা, দূরদেশভ্রমণের ইচ্ছায় সপত্নীক বহির্গত হইয়া পুরুষোত্তমের দিকে ক্রমে অগ্রসর হইতে হইতে পথে বিষ্ণুপুর মধ্য দিয়া

যাইতেছিলেন। এই প্রদেশের নিবিড় অরণ্যের কোন পান্থ-নিবাসে অবস্থানকালে তাঁহার পত্নী এক পুত্রসন্তান প্রসব করেন। রাজা সদ্যঃপ্রসবা রাণীকে সঙ্গে লইয়া যাওয়া বিপজ্জনক মনে করিয়া পুত্রসহ তাঁহাকে তথায় রাখিয়া প্রস্থান করেন। তীর্থ-যাত্রাকালে মাতাও ঐরূপে পুত্রস্নেহবিহীনা হন বলিয়া শুনা যায়। এই ঘটনার পর শ্রীকাশমিতিয়া নামক বাগ্‌দী জাতীয় জনৈক আরণ্য অধিবাসী কাষ্ঠ আনিতে গিয়া তথায় ঐ সদ্যঃপ্রসূত শিশুটীকে একাকী অসহায় অবস্থায় দেখে। কিন্তু শিশুর জননী বন্য জন্তুকর্ত্তৃক ভক্ষিত হইল বা অসভ্যগণের আশ্রয় লাভ করিল, এ রহস্য আর উদ্ঘাটিত হইল না। পরে সেই কাঠুরিয়া শিশুটীকে আপন আবাসে লইয়া গিয়া সপ্তম বর্ষ পর্য্যন্ত পালন করিলে তত্রত্য জনৈক ব্রাহ্মণ উক্ত শিশুর সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া এবং তাহাকে রাজোচিত লক্ষণাক্রান্ত দেখিয়া নিজ আবাসে লইয়া যান। ব্রাহ্মণ দারিদ্র্যবশতঃ শিশুটীকে গোচারণ ও ভরণপোষণার্থ গৃহকার্য্যে নিযুক্ত করিতে বাধ্য হইয়াছিলেন। তখন বাগ্‌দীগণের স্নেহে শিশু ক্রমে বাড়িতে লাগিল। তাহারা তাহাকে রঘুনাথ বা প্রভু রঘু বলিত এবং প্রত্যহ আহার্য্য প্রদান করিত। কোন এক সময়ে বালক, দেহলাবণ্যে ক্রীড়ানিরত সঙ্গীগণের এবং বয়োজ্যেষ্ঠ গোপালকদিগের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। একদিন বৃদ্ধেরা দিবাবসানে স্ব স্ব গোপালশ্রেণী গৃহাভিমুখে পরিচালন করিতে লাগিল। রঘুনাথের একটী গাভী দলচ্যুত হইলে, বালক রঘু অরণ্যের সর্ব্ব দিকে গাভীর অন্বেষণ করিয়া পরে ক্ষুৎপিপাসায় কাতর হইয়া বিজন বনে এক বৃক্ষতলে শুইয়া পড়িল। অনতিবিলম্বে সে নিদ্রিত হইলে এক ভয়ঙ্কর গোখুরা সাপ সন্নিকটস্থ দীর্ঘ তৃণগুচ্ছের অন্তরায় হইতে বাহির হইয়া বিনা দংশনে নিদ্রিত বালকের মস্তকোপরি স্বীয় রঞ্জিত ফণা বিস্তারপূর্ব্বক একদৃষ্টে সূর্য্যাতপ নিবারণ করিতে লাগিল। বালকের পালকপিতা বালকের অদর্শনে কাতর হইয়া তাহার অন্বেষণে বহির্গত হইয়া বালক ও সর্পকে তদবস্থায় দেখিতে পাইল। "হায় বৎস কেন আমি তোমার বধের নিমিত্ত এখানে পাঠাইলাম" বলিয়া ব্রাহ্মণ রোদন করিতে লাগিল। এদিকে ব্রাহ্মণের আগমনে সর্প ফণা গুটাইয়া চলিয়া গেলে, রৌদ্রতাপে বালক জাগিয়া উঠিল। তখন বৃদ্ধ অশ্রু-প্লাবিতবক্ষে কৃতজ্ঞ হৃদয়ে প্রতিজ্ঞা করিল, "কখনই বাছাকে বনে প্রবেশ করিতে দিব না। হায় যদি তোমায় হারাইতাম তাহা হইলে আমার কি দশা হইত? আমি তোমায় মুহূর্ত্তেক কালের জন্য নয়নের অন্তরাল করিতে পারিব না। তোমাকে ছিন্নবস্ত্র খণ্ডে আবৃত করিয়া আনয়নের দিবস অবধি তুমি বাগ্দীগণ দ্বারা প্রতিপালিত হইতে লাগিলে আমার হৃদয়ে কি এক গভীর অর্ব্বাচনীয় স্নেহের উদয় হইল। তোমার সুন্দর বদন, ক্ষুদ্র ও সুকোমল গণ্ডস্থলবাহী অশ্রুবিন্দুর বিষয় জীবনে ভুলিতে পারিব না।"

একদা স্রোত-জলে বালক একটি সুবর্ণ গোলা প্রাপ্ত হইয়া প্রভুকে প্রদান করিলে, সে ইহা বালকের ভবিষ্যৎ উন্নতিচিহ্ন-স্বরূপ ভাবিয়া আনন্দের সহিত রক্ষা করিল। ইহার অল্পকাল পরে তত্রত্য বন্য রাজার মৃত্যু হইলে তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়া অতিশয় আড়ম্বরের সহিত সমাহিত হইল। সর্ব্বদেশীয় জনগণ তাঁহার অন্ত্যেষ্টিভোজনে গমন করিল। দরিদ্র ব্রাহ্মণও পুত্র রঘুকে লইয়া অপরাপর ব্রাহ্মণগণের সহিত রাজপুরীতে গমন করিল। ব্রাহ্মণের জলযোগের অর্দ্ধ সমাপন কালেই স্বর্গত রাজার পাটহাতী শুণ্ডদ্বারা রঘুকে গ্রহণান্তর শূন্যরাজ-সিংহাসনাভিমুখে অগ্রসর হইল। মত্তমাতঙ্গনিক্ষেপে বালক খণ্ড বিখণ্ড হইবে ভাবিয়া জনমণ্ডলী সন্ত্রস্ত ও ভীতিবিহ্বল হইল। কিন্তু রাজ-মাতঙ্গ কর্ত্তৃক বালক রাজসিংহাসনে সুনিপুণভাবে স্থাপিত হইতে দেখিয়া বিপুল জনমণ্ডলী, বিধাতার ইচ্ছায় এই-রূপ হইল ভাবিয়া কিয়ৎক্ষণ বজ্রাহতের ন্যায় থাকিয়া আনন্দ-কোলাহলে দিঙ্মণ্ডল প্লাবিত করিল। এবম্বিধ অবস্থায় রাজ-মন্ত্রী বালকের মস্তকে রাজমুকুট পরাইয়া তাঁহাকে রাজপদে অভিষিক্ত করিলেন। এইরূপে বালক রাজপদে প্রতিষ্ঠিত হইলে গায়ক, বাদক, বন্দী ও ধর্ম্মযাজকগণ সানন্দে স্ব স্ব কর্ত্তব্য পালন করিয়া ইহা একটি দৈবঘটনা বলিয়া ঘোষণা করিতে লাগিল।

প্রাচীনকালে এইরূপে স্বর্গগত রাজার শ্বেতহস্তী দ্বারাই ভবিষ্যৎ রাজকীয় উত্তরাধিকারী স্থিরীকৃত হইত বলিয়া প্রবাদ প্রচলিত আছে। তৎকালে ইহা বিধাতার বিধান বলিয়াই গণ্য হইত।

উক্ত ঐতিহাসিক পণ্ডিতের মতে রঘুনাথই বিষ্ণুপুরের প্রথম মল্ল রাজা। এই রাজবংশ প্রায় ১১০০ বৎসর রাজত্ব করেন। রাজা রঘুনাথ বা আদিমল্ল বহুযত্নে সমৃদ্ধিশালী বিষ্ণুপুর নগর প্রতিষ্ঠা করেন। বহুকাল পর্য্যন্ত বিষ্ণুপুর রাজ্য মল্লভূমি ও জঙ্গল মহাল বলিয়া প্রসিদ্ধ ছিল, এখন সেই সেই স্থান বর্দ্ধমান, বাঁকুড়া ও বীরভূম জেলার অন্তর্গত।

বিষ্ণুপুরের রাজা অধীনস্থ বাগ্দীবীরগণের সাহায্যে মহা-রাষ্ট্রীয় বিপ্লবকালে মুর্শিদাবাদের নবাবের যথেষ্ট সাহায্য করিয়া-ছিলেন। বিষ্ণুপুরের রাজার সাহায্যেই মহারাষ্ট্রীয়গণ দমিত হয়। বিষ্ণুপুরের রাজা মুর্শিদাবাদ-নবাবের করদ রাজগণের মধ্যে অতিশয় প্রসিদ্ধ ছিলেন।

"মল্লরাজবংশ" নামে এক প্রাচীন হস্তলিপি হইতে বিষ্ণুপুর-

রাজগণের এইরূপ সংক্ষিপ্ত তালিকা পাওয়া গিয়াছে। বিশেষ প্রয়োজন বোধে উদ্ধৃত করা হইল—

রাজার নাম	রাজত্বকাল	রাজপুত্রগণের নাম
১ আদিমল্ল	৩৪ বর্ষ	জয়মল্ল, বিজয়মল্ল, করণমল্ল, শঙ্করমল্ল
২ জয়মল্ল	৩০	বেণুমল্ল, ঈশ্বরমল্ল
৩ বেণুমল্ল	১৩	কিনুমল্ল, হীরামল্ল, জুঝারমল্ল, বাহুমল্ল,
৪ কিনুমল্ল	৯	ইন্দ্রমল্ল,
৫ ইন্দ্রমল্ল	১৫	কাউমল্ল, হীরামল্ল,
৬ কাউমল্ল	৭	ঝাউমল্ল, ঝরমল্ল, কঙ্কণমল্ল, বীরমল্ল, অক্ষয়মল্ল, মহেশমল্ল, কেদারমল্ল, দেবীমল্ল, লক্ষ্মণমল্ল,
৭ ঝাউমল্ল	১	সুরমল্ল, বিনন্দমল্ল, কিশোরমল্ল,
৮ সুরমল্ল	১২	কন্দর্পমল্ল, বসুদেবমল্ল, স্বরূপমল্ল, লহরিমল্ল, রিপুমল্ল, প্রসাদমল্ল, ভীমমল্ল,
৯ কনকমল্ল	২১	সনাতনমল্ল, জগমল্ল,
১০ কন্দর্পমল্ল	২১	সনাতনমল্ল, জগরূপমল্ল,
১১ সনাতনমল্ল	২৩	খড়্গমল্ল, গন্ধর্ব্বমল্ল, পরাণমর্ল্ল, ভরতমল্ল,
১২ খড়্গমল্ল	২৭	দুর্জ্জয়মল্ল,
১৩ দুর্জ্জয়মল্ল	৩১	যাদবমল্ল, মেঘমল্ল, মল্লারমল্ল, পরাণমল্ল, কেবলমল্ল, দেবকীমল্ল, অক্রূরমল্ল, সহদেবমল্ল,
১৪ যাদবমল্ল	১৩	জগন্নাথমল্ল, বলাইমল্ল, নিদানমল্ল,
১৫ জগন্নাথ মল্ল	১২	বিরাটমল্ল,
১৬ বিরাটমল্ল	১৫	মধোমল্ল, কৃষ্ণমল্ল,
১৭ মাধোমল্ল	৩১	দুর্গাদাসমল্ল, গঙ্গাদাসমল্ল,
১৮ দুর্গাদাসমল্ল	১৭	জগন্নাথমল্ল
১৯ জগন্নাথ মল্ল	১৩	অনন্তমল্ল, বিজয়মল্ল, পাহাড়মল্ল,
২০ অনন্তমল্ল	৮	রূপমল্ল, জগৎমল্ল, সুরমল্ল, জেঝিমল্ল,
২১ রূপমল্ল	১৪	সুন্দরমল্ল
২২ সুন্দরমল্ল	২৪	কুমুদমল্ল, গম্ভীরমল্ল,
২৩ কুমুদমল্ল	২১	কৃষ্ণমল্ল, সুদাসমল্ল, গোবিন্দমল্ল, নীলুমল্ল, দয়ালমল্ল,
২৪ কৃষ্ণমল্ল	১০	ঝাপমল্ল,
২৫ ঝাপমল্ল	১৩	প্রকাশমল্ল, শ্যামমল্ল, গোবর্দ্ধন, সুমেরুমল্ল
২৬ প্রকাশমল্ল	৫	প্রতাপমল্ল, চল্লিমল্ল, পার্ব্বতীমল্ল, কানাইমল্ল, সুরাজমল্ল
২৭ প্রতাপমল্ল	১১	সিন্দূরমল্ল,
২৮ সিন্দূরমল্ল	১৬	শুকমল্ল, পতিতমল্ল, কেশবমল্ল, নৃসিংহমল্ল
২৯ শুকমল্ল	১৩	বনমালীমল্ল, জানকীমল্ল,
৩০ বনমালীমল্ল	১৪	যাদুমল্ল,
৩১ যাদুমল্ল	১১	জীবনমল্ল, অধরমল্ল, পর্ব্বতমল্ল, বৃন্দাবনমল্ল, কুঞ্জমল্ল, শিখরমল্ল,
৩২ জীবনমল্ল	২৮	রানমল, ভরতমল্ল,
৩৩ রায়মল্ল	৩০	গোবিন্দমল্ল, গোকুলমল্ল, ব্রজমল্ল, হরিমল্ল,
৩৪ গোবিন্দমল্ল	৩১	ভীমমল্ল, অর্জ্জুনমল্ল,
৩৫ ভীমমল্ল	২৩	খট্টারমল্ল,
৩৬ খট্টারমল্ল	৩২	পৃথ্বীমল্ল, অজুতমল্ল, সোমমল্ল,
৩৭ পৃথ্বীমল্ল	২৪	তপমল্ল, জিকামল্ল,
৩৮ তপমল্ল	১৫	দীনুমল্ল, দুর্জ্জলমল্ল, গোপালমল্ল, মুকুটমল্ল, বিশোতমমল্ল, ভীমারিমল্ল, শুভমল্ল,
৩৯ দীনুমল্ল	১১	কিনুমল্ল,
৪০ কিনুমল্ল	১৩	সুরমল্ল, ধনঞ্জয়মল্ল, নন্দমল্ল,
৪১ সুরমল্ল	১২	বীরসিংহমল্ল, মোহনমল্ল,
৪২ বীরসিংহ	৩১	মদনমল্ল, কৃপামল্ল, বিহারীমল্ল, ভরতমল্ল,
৪৩ মদনমল্ল	১৩	দুর্জ্জয়মল্ল, ভৈরবমল্ল, তারাচাদমল্ল, মুকটমল্ল, মনোহরমল্ল, ভাগবতমল্ল, গিরিধরমল্ল, সত্যজিৎমল্ল,
৪৪ দুর্জ্জয়মল্ল	১৭	উদয়মল্ল,
৪৫ উদয়মল্ল	২৩	চন্দ্রমল্ল, সোমমল্ল, মথুরমল্ল, বংশীমল্ল,
৪৬ চন্দ্রমল্ল	৪১	বীরমল্ল, বিজয়মল্ল, কৃষ্ণমল্ল, অনুপমল্ল, কিশোরীমল্ল, ধরণীমল্ল, কুশলমল্ল, মায়ারামমল্ল, সত্যজিৎমল্ল,
৪৭ বীরমল্ল	৩৮	বাউমল্ল, জিতমল্ল, হাডামল্ল,
৪৮ বাউমল্ল	৪৮	বীরহাম্বীরমল, যাদুমল্ল, জগৎমল্ল, বাহাদুরমল্ল, রসিকমল্ল,

রাজার নাম	রাজত্বকাল	রাজপুত্রগণের নাম
৪৯ বীরহাম্বীর	৩৩	ধাড়ি হাম্বীরমল্ল, ধর্ম্মদাস সিংহ, রঘুনাথ সিংহ, বীরবকেতা সিংহ, মাধবসিংহ, রূপনারায়ণ সিংহ, প্রতাপনারায়ণ সিংহ, সহদেবকুমার সিংহ, গোপীনাথ দাসসিংহ, গগনচন্দ্র সিংহ, পরাণসিংহ,
৫০ ধাড়ি হাম্বীর*	৬	কালারাম
৫১ রঘুনাথসিংহ(২য়)	৩০	বীরসিংহ, ফতেসিংহ, মর্য্যাদাসিংহ
৫২ বীরসিংহ	২৬	সুরসিংহ, দুর্জ্জনসিংহ, কৃষ্ণসিংহ
৫৩ দুর্জ্জনসিংহ	২০	রঘুনাথ সিংহ, গোপালসিংহ চামরসিংহ, গাজীসিংহ, যশোমন্তসিংহ, অমরসিংহ, গজরাজ সিংহ, নররায় সিংহ, দ্রোণসিংহ
৫৪ রঘুনাথসিংহ(৩য়)	১০	অপুত্রক
৫৫ গোপালসিংহ	৩৮	কৃষ্ণসিংহ, গোবিন্দসিংহ
৫৬ কৃষ্ণসিংহ	০।১৫ মাস	চৈতন্য সিংহ, অদ্বৈত সিংহ, নিত্যানন্দ সিংহ
৫৭ চৈতন্যসিংহ	২৭ বর্ষ	মদনমোহন সিংহ, নিমাইসিংহ, গোপীনাথসিংহ, গৌরমোহন সিংহ, ফতেবাহাবা সিংহ, ক্ষেত্রমোহন সিংহ, নতুলাল সিংহ, ছোট ক্ষেত্রমোহন সিংহ, লাট ক্ষেত্রমোহন সিংহ
৫৮ মদনমোহন সিংহ	০	মাধবসিংহ
৫৯ মাধবসিংহ†	১১	শ্রীশ্রীগোপাল সিংহ, গঙ্গাগোবিন্দ সিংহ

বিষ্ণুপুর-রাজগণ মহাঋষি বংশীয় ক্ষত্রিয়। অকলঙ্কদেব ও পুরাদেবীর সেবক। রাজগণ সামবেদীয় কুথুমীশাখা। ইহাদের ঋষি বিশ্বামিত্র। বর্ত্তমান কালেও ইঁহারা যজ্ঞোপবীত ধারণ সময়ে পবিত্র 'গাথা' মন্ত্র প্রাপ্ত হন। বিষ্ণুপুরের উক্ত ৫৯ জন রাজার মধ্যে কএকজনের বিশেষ পরিচয় দেওয়া আবশ্যক মনে করি।

বাগ্দীগণ রাজ্যাভিষেককালে ১ম রঘুনাথ সিংহকে আদিমল্ল আখ্যা প্রদান করে। আদিমল্ল ৭১৫ খৃঃ অব্দে জন্মগ্রহণ করেন। তিনি ১ মল্লাব্দে তথাকার রাজা হন এবং ৩৪ বৎসর পর্য্যন্ত রাজত্ব করেন। তাঁহার রাণী চন্দ্রকুমারী, পশ্চিম প্রদেশস্থ সূর্য্যবংশীয় রাজা ইন্দ্রসিংহের দুহিতা। তিনি পান্থেশ্বরীর নামে একটি মন্দির নির্ম্মাণ করান। তাঁহার রাজধানী লেওগ্রাম।

২য় রাজা জয়মল্ল তৎপরে বিষ্ণুপুরের রাজা হন। তিনি ৭৪৯ খৃঃ অব্দে জন্মগ্রহণ করেন এবং ৩৪ মল্লাব্দে রাজা হন। ৩০ বৎসর রাজত্ব করিয়া ৬৪ মল্লাব্দে মৃত্যুমুখে পতিত হন। তাঁহার রাণী দীনুসিংহ নামক পশ্চিম প্রদেশীয় সূর্য্যবংশীয় রাজার কন্যা। রাজা জয়মল্ল সাত চরবিহারিদেবের নামে একটি মন্দির প্রতিষ্ঠা করেন। তিনি ক্ষমতাশালী নরপতি ছিলেন, তাঁহার সময়ে বিষ্ণুপুরের সৈন্যবল বর্দ্ধিত হয়।

৩য় রাজা অম্বুমল্ল (বেনুমল্ল) ৭৭৯ খৃঃ অঃ জন্মগ্রহণ করেন। তিনি ৬৪ মল্লাব্দে রাজা হইয়া দ্বাদশ বৎসর রাজত্ব করেন। মতিয়ার সিংহ নামক পাশ্চাত্য সূর্য্যবংশীয় রাজকুমারী কাঞ্চনমণি তাঁহার পত্নী ছিলেন। ইঁহার পাঁচটী পুত্র, তন্মধ্যে জ্যেষ্ঠই রাজত্ব পান, কিন্তু তদীয় সন্ততিগণের এখন বংশ নাই।

১৯শ রাজা জগৎমল্ল—২৭৫ মল্লাব্দে (৯৯০ খৃঃ অঃ) জন্মগ্রহণ করেন, ৩১৮ মল্লশকে (১০৩৩ খৃঃ অঃ) রাজা হন এবং ৩৩৬ মল্লশকে (১০৫১ খৃঃ অঃ) প্রাণত্যাগ করেন। তিনি গোলক সিংহের কন্যা চন্দ্রাবতীর পাণিগ্রহণ করেন। এই সময়ে বিষ্ণুপুর একটী জগদ্বিখ্যাত নগর, এমন কি স্বর্গের ইন্দ্রভবন অপেক্ষাও সুন্দরতর বলিয়া ঘোষিত হইত। তখন বিষ্ণুপুরের সৌধরাজি শ্বেত মর্ম্মর প্রস্তরে প্রস্তুত হইয়াছিল। পুরী মধ্যে নাট্যমঞ্চ, তোষাখানা, বাসগৃহ, ও পরিচ্ছদাগার বিরাজমান ছিল। হস্তিশালা, সৈন্যশালা, অশ্বশালা, শস্যাগার, অস্ত্রাগার, কোষাগার ও দেবমন্দির সকল বিষ্ণুপুরের শোভা বর্দ্ধন করিত। রাজা জগৎমল্লের সময়ে বহুদূর দেশাগত বণিকেরা বিষ্ণুপুরে বিপণি স্থাপন করিয়াছিল।

৩৩শ রাজা রায়মল্ল ৫৬৪ মল্লাব্দে (১২৭৭ খৃঃ অঃ) সিংহাসনে আরোহণ ও ৫৮৭ মঃ অঃ (১৩০০ খৃঃ অঃ) স্বর্গারোহণ করেন। তিনি ২৩ বৎসর রাজত্ব করেন। তাঁহার পত্নী নন্দলাল সিংহের কন্যা সুকুমারী বাই। তাঁহার সময়ে দুর্গেরও যথেষ্ট উন্নতি হইয়াছিল। ঐ সময়ে নানাবিধ আগ্নেয়াস্ত্র সকল দুর্গমধ্যে আনীত ও সংরক্ষিত হয়। সৈন্যগণকে সুদৃশ্য পরিচ্ছদে সজ্জিত করিবারও ব্যবস্থা হইয়াছিল। তাঁহার সৈন্যগণের পরাক্রমে তৎকালে কেহই বিষ্ণুপুর আক্রমণে সাহসী হয় নাই।

৪৮শ রাজা বীর হাম্বীর—৮৬৮ মল্লাব্দে জন্মগ্রহণ করেন ও ৮৮১ মঃ অঃ (১৫৯৬ খৃঃ অঃ) রাজা হন। তিনি ২৬ বৎসর

* ধাড়িহাম্বীর পাগল এবং তৎপুত্র কালা ও বোবা ছিলেন বলিয়া ধাড়িহাম্বীরের রাণী রঘুনাথসিংহকে রাজটীকা দিয়া অভিষিক্ত করেন।

† এই মাধবসিংহ হইতেই রাজ্যলোপ ও বংশধরগণের অবস্থা হীন হইয়া পড়ে।

রাজত্ব করেন। তাঁহার চারিজন স্ত্রী ও ২২টী পুত্র ছিল। তাঁহারই কৌশলে বৃন্দাবন হইতে আনীত শ্রীনিবাসাচার্য্যের সমভিব্যবহারী লক্ষাধিক বৈষ্ণবগ্রন্থ লুণ্ঠিত হয়। অবশেষে তিনি শ্রীনিবাসাচার্য্যের নিকট বৈষ্ণবধর্ম্মে দীক্ষিত হন। তদবধি মল্লরাজবংশ শ্রীনিবাসাচার্য্যের বংশধরগণের মন্ত্রশিষ্য। বীর হাম্বীরের সময়ে তিনটী দেব মন্দির নির্ম্মিত, দুর্গ পরিখাশোভিত এবং তাহার প্রাচীরগাত্রে কামান সকল স্থাপিত হয়। তিনি মুর্শিদাবাদের নবাবের বিরুদ্ধে সৈন্য প্রেরণ করিয়াছিলেন, অবশেষে তাঁহাকে রাজরূপে স্বীকার করিয়া ১৬৭০০০ মুদ্রা রাজ কর প্রদানানন্তর স্বীয় রাজ্যে প্রত্যাবর্ত্তন করেন। [বীর হাম্বীর দেখ]

৫৫শ রাজা গোপালসিংহ ৯৭২ মঃ অঃ জন্মগ্রহণ এবং ১০৫৫ মল্ল অব্দে (১৭০৮ খৃঃ অঃ) মানবলীলা সংবরণ করেন। তিনি ৩৮ বৎসর রাজত্ব করিয়াছিলেন। তিনি তুঙ্গভূমির রাজা রঘুনাথ তুঙ্গের কন্যাকে পত্নীত্বে বরণ করেন। তাঁহার রাজত্বকালে পাঁচটী দেব মন্দির নির্ম্মিত হয়। তাঁহার রাজ্যকালে ভাস্কর পণ্ডিতের অধিনায়কতায় পরিচালিত মহারাষ্ট্রীয় সেনাদল বিষ্ণুপুর দুর্গের দক্ষিণ তোরণ আক্রমণ করে। রাজা সৈন্যগণ সহ স্বয়ং যুদ্ধক্ষেত্রে উপস্থিত ছিলেন, কিন্তু তাঁহার অদৃষ্ট দেবী বিপক্ষ পক্ষ অবলম্বন করায় তিনি পরাজিত হন, অবশেষে মদনমোহন দেবের কৃপায় পুনরায় তাহাদিগকে পরাভূত করেন। কথিত আছে,মদনমোহনের কৃপাবলে গোপাল সিংহের আগ্নেয়াস্ত্র সকল স্বতঃই বিপক্ষ সৈন্যদলে অগ্নি উদ্গারণ করিয়াছিল।

মতান্তরে প্রকাশ, রাজা এই যুদ্ধে বিষম বীরত্ব প্রদর্শন করিয়া স্বীয় অসাধারণ শিক্ষা ও শক্তিবলে অনেক বিপক্ষ সেনানীকে নিহত করেন, কিন্তু তিনি প্রধান সেনাপতিকে রণক্ষেত্রে নিধন করিতে অশক্ত হওয়ায় এবং পুনরুদ্যমে মরাঠাদিগের বিরুদ্ধে অস্ত্রধারণ করিতে আপনাকে অসমর্থ বোধ করায় দুর্গমধ্যে আশ্রয় গ্রহণ করেন। এই অবসরে মরাঠাদল ভীষণ বিক্রমে রাজদুর্গ আক্রমণ করে, কিন্তু রাজার সুশিক্ষিত কামানবাহী সেনাদলের উপর্য্যুপরি অগ্নিবৃষ্টিতে বিপর্য্যস্ত হইয়া তাহারা প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হয়। যুদ্ধে মহারাষ্ট্র সেনাপতি পঞ্চত্ব প্রাপ্ত হন। বিষ্ণুপুরের সৈন্যসমূহ বিপক্ষের দ্রব্যাদি লুণ্ঠন করিয়া দুর্গে প্রত্যাবর্ত্তন করে। তাঁহারই রাজত্বকালে বর্দ্ধমানের রাজা কীর্ত্তিচন্দ্র বাহাদুর বিষ্ণুপুর আক্রমণ করিয়া রাজাকে পরাজিত করেন। ইহার অব্যবহিত পরেই পুনরায় উভয়ে সম্মিলিত হইয়া মহারাষ্ট্রীয়দিগের বিরুদ্ধে অস্ত্রধারণ করিয়াছিলেন।

রাজার জ্যেষ্ঠপুত্র বিষ্ণুপুরসিংহাসনের অধিকারী হন এবং কনিষ্ঠ তনয় জায়গীরস্বরূপ জামকুণ্ডা প্রাপ্ত হইয়াছিলেন। এখনও কনিষ্ঠের বংশধরগণ সেই সম্পত্তি ভোগ করিতেছে।

বিষ্ণুপুরের রাজবংশেতিহাসে রাজগণকর্ত্তৃক দেবমূর্ত্তি স্থাপন বা পুষ্করিণ্যাদি খননকীর্ত্তির পরিচয়ই বিশদরূপে প্রদত্ত হইয়াছে। কোন কোন রাজা বাণিজ্যের প্রসার বৃদ্ধিদ্বারা, কেহ বা যুদ্ধবিগ্রহাদি ও দুর্গনির্ম্মাণ দ্বারা এবং কেহ কেহ রাজধানীতে ভিন্নস্থানাগত লোকদিগকে স্থানদান দ্বারা রাজ্যের যথেষ্ট উন্নতিবিধান করিয়া গিয়াছেন। রাজাসনে কেবল জ্যেষ্ঠপুত্রই উপবেশন করিতেন, রাজার অন্যান্য পুত্রেরা রাজসম্পত্তি হইতে ভরণপোষণোপযোগী বার্ষিক বৃত্তি বা জমিজমা পাইতেন। বাঙ্গালার মুসলমান রাজা বা শাসনকর্ত্তৃদিগের অধিকারকালের ইতিবৃত্ত পাঠ করিলে জানা যায় যে, এই রাজবংশ কখনও মিত্ররূপে কখনও শত্রুরূপে, কখন বা করদ রাজারূপে মুসলমান-নবাবের সহিত সমকক্ষতায় রাজ্যশাসন করিয়া গিয়াছেন। বাস্তবিক, মুর্শিদাবাদের নবাবদরবারে তাঁহাদিগকে কখন স্বয়ং উপস্থিত হইতে হয় নাই। তাঁহারা ইংরাজকোম্পানির ন্যায় নবাবদরবারে প্রতিনিধিদ্বারা সকল কার্য্যই নির্ব্বাহ করিতেন।

ঐ রাজবংশের পঞ্চাশত্তম রাজা ১৬৩৭ খৃষ্টাব্দে (৯২২ মল্লাব্দে) বংশগত "মল্ল" উপাধি পরিত্যাগ করিয়া, ক্ষত্রিয়রাজগণের চিরপরিচিত সিংহ উপাধি গ্রহণ করেন এবং পরবর্ত্তী রাজগণ সেই সিংহ উপাধিতেই মর্য্যাদান্বিত হইতেন। খৃষ্টীয় ১৮শ শতাব্দে এই রাজবংশধরদিগের উত্তরোত্তর অবনতি হইতে থাকে। মহারাষ্ট্রসর্দ্দারগণ উপর্য্যুপরি বিষ্ণুপুররাজ্য লুণ্ঠন করিয়া রাজাদিগকে নিঃস্বহায় করিয়া ফেলে, তারপর ১৭৭০ খৃষ্টাব্দে এখানে দুর্ভিক্ষ উপস্থিত হওয়ায়, অধিবাসিবর্গ বিষ্ণুপুররাজ্য ছাড়িয়া স্থানান্তরে চলিয়া যায়। এইরূপ উত্তরোত্তর বিপৎপাতে প্রাচীন ও সমৃদ্ধ বিষ্ণুপুররাজ্য শ্রীহীন হইয়া পড়ে। অবশেষে ইংরাজশাসনের কঠোরতায়, ঋণভারক্লিষ্ট ও নানা বিপজ্জালে বিজড়িত অধস্তন রাজবংশধর ভূম্যধিকারীদিগের সম্যক্ অধঃপতন ঘটে। বস্তুতঃ এখন ইংরাজাশ্রয়ে সেই করদ রাজবংশীয়গণ সামান্য ভূম্যধিকারীরূপেই বিদ্যমান।

রাজা আদিমল্লের বংশধর রাজা বীরসিংহ (১৬৫০ খৃষ্টাব্দে) বহুল সৎকার্য্য ও দানের জন্য খ্যাতিলাভ করিয়াছিলেন, বহুসংখ্যক জলাশয় ও বিষ্ণুপুরের অনেক বাঁধ ও অনেকানেক মন্দির তাঁহারই কীর্ত্তি ঘোষণা করে।

এই রাজবংশের চৈতন্যসিংহ নামক জনৈক রাজা ১৮শ শতাব্দীর শেষভাগে জীবিত ছিলেন। তিনি রাজকার্য্যে বিশেষ খ্যাতি লাভ করেন। তিনি ইষ্টইণ্ডিয়া কোম্পানীর নিকট বাঁকুড়া জেলার জরিপ মহল্লার দশসালা বন্দোবস্ত লইয়াছিলেন। সম্প্রতি তাঁহার সন্তানগণের অমিতব্যয়িতায় সে সম্পত্তি নষ্ট হইয়াছে, এমন কি অধিকাংশই গভর্মেণ্টের রাজস্বদায়ে বিক্রীত হয়।

প্রবাদ আছে, রাজা দামোদর সিংহ অর্থাভাবপ্রযুক্ত মদনমোহন বিগ্রহ কলিকাতানিবাসী গোকুলচন্দ্র মিত্রের নিকট এক লক্ষ টাকায় বন্ধক রাখিয়াছিলেন। সুপ্রসিদ্ধ মদনমোহন ঠাকুর বিষ্ণুপুর হইতে এইরূপে স্থানান্তরিত হইলে নগর ক্রমশঃ হীনপ্রভ হইতে থাকে এবং রাজারও আর্থিক অবস্থা শোচনীয় হইয়া উঠে। ইহার কিয়দ্দিন পরে হতভাগ্য রাজা অতি কষ্টে অর্থ সংগ্রহ করিয়া বিগ্রহমুক্তির আশায় নিজ মন্ত্রীকে কলিকাতায় প্রেরণ করেন। মিত্র মহাশয় অর্থ গ্রহণ করিলেন বটে, কিন্তু রাজাকে বিগ্রহ প্রদান করিলেন না। এই সূত্রে সুপ্রামকোর্টে বিচার হয়। রাজা বিচারে ঐ বিগ্রহ পুনঃপ্রাপ্তির অধিকার পাইলে, গোকুলচন্দ্র মিত্র তদনুরূপ অপর একটী মূর্ত্তি প্রস্তুত করাইয়া রাজাকে দেন এবং মূল মূর্ত্তি নিজেই রক্ষা করেন। সাধারণের বিশ্বাস, কলিকাতা বাগবাজারের ঐ মদনমোহন মূর্ত্তিই বিষ্ণুপুরের প্রসিদ্ধ মদনমোহন।

প্রাচীন কীর্ত্তি।

বিষ্ণুপুর প্রাচীন নগর। বহু সংখ্যক মন্দির ও প্রাচীন ভগ্নাবশেষসমূহই তাহার প্রমাণ। এই মন্দিরগুলি সাধারণতঃ নিম্নবঙ্গে প্রচলিত গম্বুজাকৃতি বক্রছাদে গ্রথিত। উহাদের উপরিভাগে বিশেষ কারুকার্য্যাদি নাই, কেবল গাত্রের ইষ্টক ও টালির উপরেই খোদিতশিল্পের নিদর্শন পাওয়া যায়। অনেক কারুকার্য্যই অতি সুন্দর এবং এখন পর্য্যন্ত তাহা কালের আক্রমণ হইতে রক্ষা পাইয়া আসিতেছে। দেওয়ালের কারুকার্য্যাদি রামায়ণ ও ভারতীয় যুদ্ধবিবরণের আখ্যায়িকা অবলম্বনে চিত্রিত; অধিকন্তু অধিকাংশ মন্দিরই কৃষ্ণ বা কৃষ্ণপ্রিয়ার নামে উৎসর্গীকৃত করা হইয়াছে। ভাস্করকার্য্যগুলি দেখিলে অতি সুরুচিসঙ্গত বলিয়া বোধ হয় না। এই নগরে মুসলমানরাজত্বের পূর্ব্বকালে রচিত একটী অতি প্রাচীন বৃহৎ তোরণদ্বার আছে, তদ্ভিন্ন অপর একটা বহির্দ্বারেরও ভগ্নাবশেষ দৃষ্ট হয়। তাহাতে সলমানকালের নির্ম্মাণপ্রণালীর ও স্থাপত্যশিল্পের নিদর্শন পাওয়া যায়।

প্রত্নতত্ত্ববিদ্‌গণ এই স্থানের ভগ্নাবশেষসমূহ ও মন্দিরাদির উৎকীর্ণ লিপিসমূহ পর্য্যবেক্ষণ করিয়া উক্ত কীর্ত্তিসমূহকে খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর মধ্যকালে বিনির্ম্মিত হইয়াছে বলিয়া অনুমান করেন। এই সকল জীর্ণ ও অস্পষ্ট ফলকলিপিগুলি বেশ হৃদয়গ্রাহী। প্রধান প্রধান মন্দির ও খোদিত লিপিগুলি এইস্থলে উল্লেখ করা হইল :—

প্রাচীন শৈবকীর্ত্তি সমূহের মধ্যে মল্লেশ্বর শিবমন্দিরটী উল্লেখ যোগ্য। এই মন্দিরে উৎকীর্ণ শিলালিপি হইতে জানা যায় যে ৯২৮ মল্ল-শকে (১৬৪৩ খৃষ্টাব্দে) শ্রীবীর সিংহ কর্ত্তৃক এই মন্দির নির্ম্মিত হয়—

"বসুকরনবগণিতে মল্লশকে শ্রীবীরসিংহেন।
অতিললিতং দেবকুলং নিহিতং শিবপাদপদ্মেষু ॥"

বীর হাম্বীরের বৈষ্ণব দীক্ষা গ্রহণের পর হইতে বহুতর বিষ্ণুমন্দির নির্ম্মিত হইতে থাকে। তন্মধ্যে কএকটী প্রসিদ্ধ মন্দির ও তাহাতে উৎকীর্ণ শিলালিপির উল্লেখ করা যাইতেছে :—

১। রাজা রঘুনাথ সিংহ কর্ত্তৃক ৯৪৯ মল্লশকে প্রতিষ্ঠিত রাধাশ্যামের নবরত্ন মন্দির—

"শ্রীরাধিকাকৃষ্ণমুদে শকাব্ধিবেদাঙ্কযুক্তে নবরত্নরত্নম্।
শ্রীবীরহম্বীরনরেশসূনুর্দদৌ নৃপঃ শ্রীরঘুনাথসিংহ ঃ॥"

২। উক্ত রঘুনাথ সিংহ কর্ত্তৃক ৯৬১ মল্লশকে প্রতিষ্ঠিত কৃষ্ণরায়ের মন্দির—

"শ্রীরাধিকাকৃষ্ণমুদে সুধাংশুরসাঙ্কমে সৌধগৃহং শকেঽব্দে।
শ্রীবীরহম্বীরনরেশসূনুর্দদৌ নৃপঃ শ্রীরঘুনাথসিংহঃ ॥"

৩। উক্ত রঘুনাথ সিংহের প্রতিষ্ঠিত কালাচাঁদের মন্দির—
"শ্রীরাধিকাকৃষ্ণমুদে শকে দ্বিরসাঙ্কযুক্তে (৯৬২) নবরত্নমেতৎ।
শ্রীবীরহম্বীরনরেশসূনুর্দদৌ নৃপঃ শ্রীরঘুনাথসিংহঃ ॥"

৪। উক্ত নৃপতি প্রতিষ্ঠিত গিরিধর লালের নবরত্ন—
'শ্রীরাধিকাকৃষ্ণমুদে শকেঽঙ্করসাঙ্কযুক্তে (৯৬৯) নবরত্নরত্নম্।
শ্রীবীরহম্বীরনরেশসূনুর্দদৌ নৃপঃ শ্রীরঘুনাথসিংহঃ ॥"

৫। ৯৭১ মল্লশকে রাজা দুর্জ্জন সিংহের মাতা ও বীরসিংহের প্রধানা মহিষী প্রতিষ্ঠিত মুরলীমোহনের মন্দির—

"শ্রীশ্রীদুর্জ্জনসিংহভূপজননী মল্লাবনীবল্লভ-
শ্রীলশ্রীযুতবীরসিংহমহিষী শ্রীশ্রীলচূড়ামণিঃ।
মল্লাব্দে শশিসপ্তরন্ধ্রবিমিতে শ্রীরাধিকাকৃষ্ণয়োঃ
প্রীত্যৈ সৌধগৃহং ন্যবেদয়দিদং পূর্ণেন্দুতোঽপ্যুজ্জ্বলম্ ॥"

৬। ৯৭৬ মল্লশকে রাজা বীরসিংহপ্রতিষ্ঠিত লাল জিউর মন্দির—

"শ্রীরাধিকাকৃষ্ণমুদে শকেঽব্ধিরসাঙ্কযুক্তে নবরত্নমেতৎ।
মল্লাধিপঃ শ্রীরঘুনাথসূনুর্দদৌ নৃপঃ শ্রীযুত বীরসিংহঃ ॥"

৭। ৯৭৬ মল্লশকে রাজা বীরসিংহ-প্রতিষ্ঠিত মদন গোপালের মন্দির—

"রাধাকৃষ্ণপদপ্রাপ্তৌ ষষ্ঠসপ্তাঙ্কগে শকে।
রঘুনাথ-মহীনাথতনয়স্তোন্নতাশ্রয়াঃ ॥
বীরসিংহনরেশস্য কীরবো মানসংশয়া-
দনিন্দ্যঞ্চ প্রভোরগ্রে নবরত্নং সমর্পিতম্।"

৮। ৯৮৬ মল্লাব্দে বীরসিংহপ্রতিষ্ঠিত রাধাকৃষ্ণের শৈলমন্দির—

"কালবস্বঙ্কমল্লাব্দে শ্রীরাধাকৃষ্ণয়োর্ম্মুদা।
দদৌ সৌধগৃহং শৈলং বীরসিংহো মহীপতিঃ॥"

৯। ১০০০ মল্লাব্দে রাজা দুর্জ্জনসিংহ প্রতিষ্ঠিত মদনমোহনের মন্দির—

"শ্রীশ্রীরাধাব্রজরাজনন্দনপদাম্ভোজেষু তৎপ্রীতয়ে
মল্লাব্দে ফণিরাজশীর্ষগণিতে মাসে শুচৌ নির্ম্মলে।
সৌধং সুন্দররত্নমন্দিরমিদং সার্দ্ধং স্বচেতোহলিনা
শ্রীমদ্দুর্জ্জনসিংহভূমিপতিনা দত্তং বিশুদ্ধাত্মনা॥"

১০। ১০৩২ মল্লাব্দে রাজা গোপালসিংহের সময়ে স্থাপিত রাধাগোবিন্দের সৌধরত্ন—

"মল্লাব্দে পক্ষরামাম্বরশশিগণিতে ফাল্গুনে শুক্লপক্ষে
রাধাগোবিন্দপাদামলতলে বেদয়দ্ যত্নতো ভক্তিমালাং।
শ্রীশ্রীগোপালসিংহক্ষিতিপতিকৃতিনা যৌবরাজ্যেঽভিষিক্ত-
শ্রীলশ্রীকৃষ্ণসিংহঃ সুরুচিরমমলং সৌধরত্নং দদৌ তৎ॥"

১১। ১০৪০ মল্লশকে রাজা গোপালসিংহের স্থাপিত মহাপ্রভু চৈতন্যদেবের মন্দির—

"মল্লাব্দে ব্যোমবেদাম্বরবিধুগণিতে মাসি পক্ষে চ শুক্লে
সৌধেঽলঙ্কারযুক্তে নৃপশুভরচিতে শ্রীলশ্চৈতন্যচন্দ্রঃ।
রাজত্যানন্দসঙ্গী সুরুচিসুমুদিতঃ শ্রীশ্রীগোপালসিংহ-
ক্ষৌণীভর্ত্তুর্নিকামং পরমকরুণয়া পূরয়েদ্ভাগধেয়ং॥"

১২। ১০৪৩ মল্লশকে রাজা শ্রীকৃষ্ণসিংহের মহিষী প্রতিষ্ঠিত রাধামাধবের মন্দির—

"মল্লাব্দে গুণবেদখেন্দুবিমিতে শ্রীরাধিকাপ্রীতয়ে
জ্ঞেয়ং সৌধমিদং সুধাংশুবিমলং মাঘে দদৌ সাদরং।
শ্রীশ্রীমল্লমহীমহীন্দ্রগুণবিদ্ গোপালসিংহাত্মজ-
শ্রীলশ্রীযুক্ত কৃষ্ণসিংহমহিষী শ্রীলশ্রীচূড়ামণিঃ।"

১৩। ১০৬৪ মল্লশাকে রাজা চৈতন্যসিংহের প্রতিষ্ঠিত রাধাশ্যামের মন্দির—

"শ্রীরাধাশ্যামচন্দ্রাঙ্ঘ্রিসরসিজতলে দিব্যমেতৎ সুশোভং
মল্লাব্দে বেদকালাম্বরবিধুগণিতে বাহুলে পৌর্ণমাস্যাং।
গেহং নানাবিচিত্রং বিমিতমতিদৃঢ়ং পূজিতঞ্চাপি ভক্ত্যা
শ্রীচৈতন্যো নৃপেন্দ্রঃ শুভকৃতিনিপুণঃ সম্ভ্রমাচ্ছৎসভায়াম্॥"

বিষ্ণুপুরের প্রাচীন ভগ্নাবশেষের মধ্যে সুচ্যগ্র রাসমঞ্চ অতি প্রসিদ্ধ ও ইহার গঠনপ্রণালী অতি আশ্চার্য্য।

বিষ্ণুপুরাণ (ক্লী) ব্যাসপ্রণীত মহাপুরাণভেদ। এই পুরাণ অষ্টাদশ পুরাণের অন্তর্গত মহাপুরাণ।

[পুরাণ শব্দে ইহার বিস্তৃত বিবরণ দেখ।]

বিষ্ণুপুরী (স্ত্রী) ১ বৈকুণ্ঠধাম। (পুং) ২ গ্রন্থকর্ত্তাভেদ। ইনি বৈকুণ্ঠপুরী নামেও প্রসিদ্ধ। তীরভুক্তিতে ইহাঁর বাস ছিল এবং ইনি মদনগোপালের শিষ্য। ভগবদ্ভক্তি রত্নাবলী, ভাগবতামৃত, বাক্যবিবরণ ও হরিভক্তি-কল্পলতা নামক গ্রন্থচতুষ্টয় ইহার রচিত।

বিষ্ণুপুরী গোস্বামী, বিষ্ণুভক্তিরত্নাবলী নামক বৈষ্ণবগ্রন্থপ্রণেতা—একজন পরম ভক্ত বৈষ্ণব। ভক্তমাল গ্রন্থে লিখিত আছে—ইনি প্রায় সর্ব্বদাই কাশীতে অবস্থান করিতেন, একারণ পুরুষোত্তম হইতে স্বয়ং জগন্নাথ দেব রঙ্গচ্ছলে তাঁহার নিকট নিজ সেবক পাঠাইয়া তাহা দ্বারা তাঁহাকে শ্লেষ করিয়া বলিয়া পাঠান যে "পুরী বুঝি ভুক্তিমুক্তি আশায় কাশীতেই নিয়ত কালের জন্য অবস্থান করিলেন। আমি অর্থ বিত্তহীন বনচারী, একবার তাঁহাকে দেখিতে নিতান্ত বাসনা করি।" ভক্তবৎসল ভগবানের এই বাৎসল্যপূর্ণ আদেশ শুনিয়া পুরী সানন্দে তাহার প্রত্যুত্তর দেন যে "আমি ভুক্তি, মুক্তি, গয়া, কাশী, মথুরা বৃন্দাবন কিছুই বুঝি না, তিনি যে কে এবং তাঁহার কি তত্ত্ব, তাহাও জানি না, তবে যে দিন হইতে 'জগন্নাথ কৃষ্ণ' এই নাম আমার কর্ণে প্রবিষ্ট হইয়াছে, তদবধি সেই নামের মালামাত্র হৃদয়ে ধারণ করিয়া আছি। ফল এক্ষণে প্রভু স্বয়ং যখন আমাকে তথায় যাইতে আদেশ করিয়াছেন, তখন একবার শ্রীচরণ দর্শনে নিশ্চয়ই যাইব।" এই ঘটনার পর বিষ্ণুপুরী স্বপ্রণীত 'বিষ্ণুভক্তি রত্নাবলী' গ্রন্থখানি সঙ্গে লইয়া পুরুষোত্তমে যান এবং জগন্নাথদেবের সহিত সাক্ষাৎ করিয়া তদীয় পাদপদ্মে এই গ্রন্থ সমর্পণ করেন। (ভক্তমাল)

বিষ্ণুপ্রিয়া (স্ত্রী) বিষ্ণোঃ প্রিয়া। ১ বিষ্ণুর পত্নী, লক্ষ্মী। ২ তুলসীবৃক্ষ। ৩ চৈতন্যদেবের স্ত্রী।

বিষ্ণুপ্রতিষ্ঠা (স্ত্রী) বিষ্ণুমূর্ত্তিস্থাপন। গোভিলাচার্য্যকৃত বিষ্ণুপূজন ও বৌধায়ন রচিত বিষ্ণুপ্রতিষ্ঠা' এতদ্বিষয়ক একখানি উৎকৃষ্ট গ্রন্থ।

বিষ্ণুভক্ত (ত্রি) বিষ্ণোর্ভক্তঃ। বিষ্ণুর ভক্ত, বৈষ্ণব।

বিষ্ণুভক্তি (স্ত্রী) বিষ্ণৌ ভক্তিঃ। ভগবদ্ভক্তি, ভগবৎসেবা।

বিষ্ণুভট, রাজা বিষ্ণুবর্দ্ধনের পালিত একজন ব্রাহ্মণ।

বিষ্ণুভট্ট, কএকজন প্রাচীন গ্রন্থকার। ১ নিবন্ধচন্দ্রোদয়প্রণেতা ইনি রামকৃষ্ণ সুরি অটকেড়ের পুত্র। ২ স্মৃতিরত্নাকর রচয়িতা। বিদুরনগর ইঁহার জন্মস্থান। পিতার নাম শিবভট্ট। ৩ পুরুষার্থচিন্তামণি রচয়িতা।

বিষ্ণুমৎ (ত্রি) বিষ্ণুযুক্ত (গায়ত্রী)। (পঞ্চবিংশব্রা° ১৩।৩।১)

বিষ্ণুমতী (স্ত্রী) রাজকন্যাভেদ। (কথাসরিৎসা°)

বিষ্ণুমতী, ভৈরভুক্তের অন্তর্গত নদীভেদ। (ভবিষ্যব্র°খ° ৪৮।২৬)

বিষ্ণুমন্ত্র (পুং) ১ বিষ্ণুপূজা বিষয়ক মন্ত্র। (দেশজ) ২ অন্যের অনিষ্টার্থ কুমন্ত্রণা।

বিষ্ণুমন্দির (ক্লী) বিষ্ণুগৃহ। যে সকল মন্দিরে বিষ্ণুমূর্ত্তি স্থাপিত থাকে।

বিষ্ণুর্ময় (ত্রি) বিষ্ণুস্বরূপ, বিষ্ণু হইতে অভেদ।

বিষ্ণুমায়া (স্ত্রী) বিষ্ণোর্মায়া। পরমেশ্বরের অঘটনঘটন-পটীয়সী অবিদ্যাশক্তি বিশেষ অথবা তদধিষ্ঠাত্রী দেবতা দুর্গা।

"দুর্গা নারায়ণীশানী বিষ্ণুমায়া শিবা সতী।
সৃষ্ট্বা মায়াং পুরা সৃষ্টৌ বিষ্ণুনা পরমাত্মনা।
মোহিতং মায়য়া বিশ্বং বিষ্ণুমায়া তদুচ্যতে॥"

(ব্রহ্মবৈবর্ত্তপু° প্র°খ° ৫৪ অ°)

বিষ্ণুমিত্র কুমার, ঋক্‌প্রাতিশাখ্যভাষ্য-প্রণেতা। উবট ইহাকে উক্ত গ্রন্থের আদি রচয়িতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। দেবমিত্রের পুত্র।

বিষ্ণুমিশ্র, সুপদ্মমকরন্দ নামে পদ্মনাভ দত্তকৃত সুপদ্মব্যাকরণের টীকা ও রূপনারায়ণরচিত সুপদ্মসমাসসংগ্রহের টীকাপ্রণেতা।

বিষ্ণুযতীন্দ্র, গুরুপরম্পরা ও পুরুষোত্তমচরিত্রপ্রণেতা।

বিষ্ণুযশস্ (পুং) বিষ্ণু ব্যাপকং যশো যস্য নারায়ণস্য পিতৃত্বাদেবাস্য তথাত্বম্ যদ্বা বিষ্ণুনা গৃহীতব্যজন্মনা যশো যস্য। ১ ব্রহ্মযশার পুত্র, ভাবী অবতার কল্কিদেবের পিতা। (কল্কিপু° ৩০ অ°)

২ একজন পণ্ডিত। ইনি পুষ্পসূত্রভাষ্য-প্রণেতা অজাতশত্রুর শিষ্য ছিলেন।

বিষ্ণুযামল, রুদ্রযামলোক্ত একখানি তন্ত্রগ্রন্থ।

বিষ্ণুরথ (পুং) বিষ্ণো রথঃ। ১ বিষ্ণুর স্যন্দন। ২ বিষ্ণুর বাহন, গরুড়।

বিষ্ণুরহস্য (ক্লী) ১ একখানি প্রাচীন পৌরাণিকগ্রন্থ। হেমাদ্রিরচিত ব্রতখণ্ডে ইহার উল্লেখ আছে। ২ তন্ত্রভেদ।

বিষ্ণুরাজ (পুং) রাজপুত্রভেদ। (তারনাথ)

বিষ্ণুরাত (পুং) বিষ্ণুনা রাতঃ রক্ষিতঃ। পরীক্ষিৎ রাজা; ইনি দ্রোণপুত্র অশ্বত্থামার অস্ত্রে গর্ভমধ্যে নিহত হইয়া প্রসূত হইলে ভগবান্ বিষ্ণু ইহাকে পুনর্জ্জীবিত করেন, এইজন্য ইহার নাম বিষ্ণুরাত। (ভা°আশ্ব° ৭০অ°)

বিষ্ণুরাম, পরিভাষাপ্রকাশ-প্রণেতা।

বিষ্ণুরাম সিদ্ধান্তবাগীশ, প্রায়শ্চিত্ততত্ত্বাদর্শ ও শ্রাদ্ধতত্ত্বাদর্শ-রচয়িতা। জয়দেব বিদ্যাবাগীশের পুত্র ও কবিচন্দ্র ভট্টাচার্য্যের পৌত্র।

বিষ্ণুলিঙ্গী (স্ত্রী) বর্ত্তিকাপক্ষী, বটের পাখী। (ত্রিকাণ্ডশেষ)

বিষ্ণুলোক (পুং) বিষ্ণুপুর, বৈকণ্ঠপুরী, গোলকধাম।

"তৎপুরে চতুরাত্মা চ শেষশায়ী চ কেশবঃ।
বিষ্ণুলোকস্থিতিং ত্যক্ত্বা ধ্রুবং বধ্নাতি সন্নিধিং॥"

(রাজতর° ৪।৫০৭)

বিষ্ণুবৎ (ত্রি) বিষ্ণুনা সহ বিদ্যমানঃ। বিষ্ণুর সহিত বিদ্যমান।

"অঙ্গিরস্বন্তা উত বিষ্ণুবন্তা" (ঋক্ ৮।৩৫।১৪)

'বিষ্ণুবন্তা বিষ্ণুনা চ সহিতৌ' (সায়ণ)

বিষ্ণুবল্লভা (স্ত্রী) বিষ্ণোর্বল্লভা। ১ তুলসী। ২ অগ্নিশিখা-বৃক্ষ, বিষলাঙ্গলিয়া। (শব্দচ°)

বিষ্ণুবাজপেয়িন্ (পুং) তন্নামক যজ্ঞবিষয়ক গ্রন্থ।

বিষ্ণুবাহন (ক্লী) বিষ্ণুং বাহয়তি স্থানান্তরং নয়তি বিষ্ণু বহ-ণিচ্-ল্যু। গরুড়।

বিষ্ণুবাহ্য (পুং) বিষ্ণুর্বাহ্যোঽস্য। গরুড়।

বিষ্ণুবৃদ্ধ (পুং) গোত্রপ্রবর্ত্তক প্রাচীন ঋষিভেদ। বহুবচনে তদ্বংশধরদিগকে বুঝায়। (আশ্ব° শ্রৌ° ১২।১২।২)

বিষ্ণুশক্তি (স্ত্রী) বিষ্ণোঃ শক্তিঃ। ১ লক্ষ্মী।

"তস্যাব্যপোহমাহাত্ম্যা দেবী দেব্যাকৃতেঃ প্রিয়া।
বিষ্ণুশক্তিঃ ক্ষিতিং প্রাপ্তা রণারম্ভাভিধাভবৎ॥"

(রাজতর° ৩।৩৯৩)

২ রাজপুত্রভেদ। (কথাসরিৎ)

বিষ্ণুশর্ম্মন্ (পুং) ১ তান্ত্রিক আচার্য্যভেদ। শক্তিরত্নাকরে ইহার উল্লেখ আছে। ২ পঞ্চতন্ত্র নামক প্রসিদ্ধ সংস্কৃত উপাখ্যান গ্রন্থ-রচয়িতা। ইনি খৃষ্টীয় ৫ম শতাব্দে বিদ্যমান ছিলেন এবং স্বীয় প্রতিপালক কোন হিন্দুরাজার পুত্রকে নীতিকথা উপদেশ দিবার বাসনায় পণ্ডিতবর এই গ্রন্থখানি সঙ্কলন করিয়াছিলেন। খৃষ্টীয় ৬ষ্ঠ শতাব্দে ইহা পহ্লবীভাষায় অনূদিত হয়। তারপর সেই গ্রন্থ অবলম্বনে ৮ম শতাব্দে আবদল্লা বিম্-মোকাবগকর্ত্তৃক উহা আরবীয় এবং ৯ম শতাব্দে রুদিকী কর্ত্তৃক উহা পারস্যভাষায় ভাষান্তরিত হয়। রুদিকী গ্রন্থানুবাদের পারিশ্রমিকস্বরূপ ৮০ হাজার দিরহাম্ মুদ্রা পাইয়াছিলেন। অতঃপর এই গ্রন্থ গ্রীক্, হিব্রু প্রভৃতি পাশ্চাত্যভাষায় অনুবাদিত হইয়াছিল।

[পঞ্চতন্ত্র দেখ।]

৩ বনোৎসর্গ-প্রণেতা। ৪ একজন হিন্দুদার্শনিক। পদ্মপুরাণে ইহার প্রসঙ্গ আছে। ইনি উড়িষ্যাদেশের একাম্রকাননে জন্মপরিগ্রহ করিয়াছিলেন। পরে কামগিরিতে যাইয়া বাস করেন। ইহার ধর্ম্মমত ব্যাসদেবের মতের অনুরূপ। ইহার রচিত একখানি স্মৃতি ও পুষ্করাবিষয়ক গ্রন্থ পাওয়া যায়। এই স্মৃতিগ্রন্থ এবং প্রসিদ্ধ বিষ্ণুস্মৃতিগ্রন্থ এক কি না তাহা বলা যায় না।

বিষ্ণুশর্ম্মন্ দীক্ষিত, সংস্কারপ্রদীপিকা-রচয়িতা।

বিষ্ণুশর্ম্মন্ মিশ্র, কর্ম্মকৌমুদী ও মহারুদ্রপদ্ধতি-রচয়িতা।

বিষ্ণুশাস্ত্রিন্, ১ কণ্বসংহিতাহোম নামক গ্রন্থপ্রণেতা। ২ একজন প্রসিদ্ধ সন্ন্যাসী। সন্ন্যাসাশ্রম অবলম্বনের পর ইনি 'মাধবতীর্থ' নামে পরিচিত হন। ইনি আনন্দতীর্থের অনুশিষ্য অর্থাৎ শিষ্যানুক্রমে অধস্তন তৃতীয়। ১২৩১ খৃঃ জীবিত ছিলেন।

বিষ্ণুশিলা (স্ত্রী) বিষ্ণুনা অধিষ্ঠাতা শিলা। শালগ্রাম শিলা। ইনি কল্যব্দের দশ সহস্র বৎসর পর্য্যন্ত পৃথিবীতে থাকিয়া পরে অন্তর্হিত হইবেন।

"অযুতাব্দে কলের্যাতে ত্যজেদ্বিষ্ণুশিলা মহীম্"

(মেরুতন্ত্র ৫ম প্রকাশ)

বিষ্ণুশৃঙ্খল (পুং) যোগবিশেষ, চলিত শ্রবণাদ্বাদশী। শ্রবণা নক্ষত্রসংযুক্ত দ্বাদশী যদি একাদশীর সহিত সংস্পৃষ্ট হয়, তবে বৈষ্ণবমতে তাহাকে বিষ্ণুশৃঙ্খল যোগ বলে; এই যোগে যথাবিধানে উপবাসাদি করিলে বিষ্ণুসাযুজ্য প্রাপ্তি হয় অর্থাৎ সেই জীবের আর পুনরাবৃত্তি হয় না।

"দ্বাদশী শ্রবণস্পৃষ্টা স্পৃশেদেকাদশীং যদা।
স এষ বৈষ্ণবো যোগো বিষ্ণুশৃঙ্খলসংজ্ঞিতঃ॥
তস্মিন্নুপোষ্য বিধিবৎ নরঃ সংক্ষীণকল্মষঃ।
প্রাপ্নোত্যুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্ল্লভাং॥" (মৎস্যপু°)

বিষ্ণুশ্রুত (ত্রি) বিষ্ণুরেনং শ্রয়াৎ। ১ আশীর্ব্বাদ বিশেষ; "বিষ্ণু ইহা শুনুন" অর্থাৎ বিষ্ণু ইহা শুনিয়া তোমার মঙ্গলবিধান করুন এই বলিয়া আশীর্ব্বাদ করা। ২ ঋষিভেদ। (পা ৬।২।১৪৮)

বিষ্ণুসংহিতা, একখানি প্রসিদ্ধ স্মৃতিসংহিতা।

বিষ্ণুসরস্ (ক্লী) তীর্থভেদ। (বরাহপু°)

বিষ্ণুসর্ব্বজ্ঞ (পুং) আচার্য্যভেদ। (সর্ব্বদর্শনস°) ইনি সর্ব্বজ্ঞবিষ্ণু নামেও পরিচিত। সায়ণের গুরু।

বিষ্ণুসহস্রনামন্ (ক্লী) ১ বিষ্ণুর সহস্র নাম। (পদ্মপুরাণ) ২ তন্নামক গ্রন্থভেদ।

বিষ্ণুসিংহ (পুং) রাজভেদ।

বিষ্ণুসূক্ত (ক্লী) ঋগ্বেদীয় সূক্তগ্রন্থভেদ।

বিষ্ণুসূত্র (ক্লী) বিষ্ণুকথিত একখানি সূত্রগ্রন্থ।

বিষ্ণুস্মৃতি, একখানি প্রাচীন স্মৃতিগ্রন্থ। যাজ্ঞবল্ক্য, পৈঠীনসি প্রভৃতি এই গ্রন্থের উল্লেখ করিয়াছেন। ১৩২২ খৃষ্টাব্দে নন্দপণ্ডিত কেশববৈজয়ন্তী নামে ইহার একখানি টীকাপ্রণয়ন করেন। বর্ত্তমানকালে গদ্যবিষ্ণুস্মৃতি, বৃহদ্বিষ্ণুস্মৃতি, লঘুবিষ্ণুস্মৃতি ও বৃদ্ধবিষ্ণুস্মৃতি নামে চারিখানি গ্রন্থ দেখা যায়।

বিষ্ণুস্বামিন্ (পুং) ১ বৈষ্ণবধর্ম্মপ্রবর্ত্তক আচার্য্যভেদ। ২ সর্ব্বদর্শনসংগ্রহের রসেশ্বরদর্শনোক্ত একজন আচার্য্য। ৩ ভাগবতপুরাণটীকা-রচয়িতা।

৪ কাশ্মীরস্থ বিষ্ণুমূর্ত্তিভেদ। (রাজতর° ৫।৯৯)

বিষ্ণুহিতা (স্ত্রী) ১ তুলসীবৃক্ষ। ২ মরুবক।

বিষ্ণুহরি, একজন প্রাচীন কবি।

বিষ্ণূৎসব (পুং) বিষ্ণুর উৎসব।

বিষ্ণ্বঙ্গিরস্, সমরকামদীপিকা-প্রণেতা।

বিষ্পর্ধস্ (ত্রি) স্পর্ধ সঙ্ঘর্ষে বি-স্পর্ধ-অসুন্। ১ স্বর্গ।

"বিষ্পর্ধাঃ বিবিধং স্পর্ধন্তে ঐশ্বর্য্যাধিক্যদর্শনেন জনা যত্রেতি বিষ্পর্ধাঃ স্বর্গঃ।" (শুক্লযজুঃ ১৫।৫ মহীধর)

২ নির্ম্মৎসর, মাৎসর্য্যহীন।

"উত স্তুষে বিষ্পর্ধসো রথানাম্" (ঋক্ ৮।২৩।২)

'হে ঋষে বিষ্পর্ধসো বিগতমাৎসর্য্যস্য যজমানস্য' (সায়ণ)

৩ বিবিধ স্পর্দ্ধা, নানারকমে স্পর্দ্ধা করা।

"তদানীং বিষ্পর্ধসো বিবিধস্পর্ধাঃ।
অহং পুরতো গচ্ছাম্যহং পুরতো গচ্ছামীতি
তেষাং স্পর্দ্ধা, অথবা বিগতা স্পর্ধাঃ" (ঋক্ ৫।৮৭।৪ সায়ণ)

৪ স্পর্দ্ধাবিহীন, প্রগল্‌ভবিরহিত।

"বিষ্পর্ধসো নরাং" (ঋক্ ১।১৭৩।৯)

'নরাং নেতৃণাং মধ্যে সস্পর্ধান্ নরান্ যথা বিষ্পর্ধসঃ কুর্ব্বন্তি সখিভূতাঃ তদ্বদ্বয়মপীন্দ্রং শংসৈঃ স্তুতিভিঃ সখায়ো বয়ং তং তথা কুর্ম্মঃ।' (সায়ণ)

বিষ্পাশ্ (পুং) বি-স্পাশ্-ক্বিপ্। বিশেষ প্রকারে বাধাজনক, সম্যগ্‌রূপে প্রতিবন্ধকতাচরণশীল।

"অভিহ্রুতামসি হি দেব বিষ্পট্" (ঋক্ ১।১৮৯।৬)

'হে দেব অভিহ্রুতামাভিমুখ্যেন কুটিলং কুর্ব্বতাং দ্বিষাং বিষ্পট্ বিশেষেণ বাধকোঽসি হি।' (সায়ণ)

বিষ্পিত (ক্লী) ব্যাপ্তিত, ব্যাপ্তবিশিষ্ট, অতিবিস্তৃত।

"পারং নো অস্য বিষ্পিতস্য পর্ষন্" (ঋক্ ৭।৬০।৭)

'নোঽস্মাকমস্য বিষ্পিতস্য ব্যাপ্তিতস্য
কর্ম্মণঃ পারং পর্ষন্, পারয়ন্ত নয়ন্ত।' (সায়ণ)

বিষ্পুলিঙ্গক (ত্রি) ১ বিষ্ফুলিঙ্গ। ২ সূক্ষ্ম চটকিকা; ইহা বিষপ্রতিষেধক।

"ত্রিঃ সপ্ত বিষ্পুলিঙ্গকা বিষস্য পুষ্যমক্ষন্" (ঋক্ ১।১৯১।১২)

'বিষ্পুলিঙ্গকা বিবিধাঃ বিষ্পুলিঙ্গকা সপ্তসু জিহ্বাসু লোহিতশুক্লকৃষ্ণভেদেনৈকবিংশতির্যাসাং তাঃ। যদ্বা বিষ্পুলিঙ্গকাঃ সূক্ষ্মচটকিকাঃ বিষপ্রতিপক্ষভূতাঃ' (সায়ণ)

বিষ্ফার (পুং) বি-স্ফুর-ণিচ্-অচ। অচ্ আৎ ষত্বম্। ধনুর্গুণাকর্ষণ শব্দ, ধনুকের টঙ্কার।

বিষ্ফুলিঙ্গ (পুং) স্ফুলিঙ্গ, অগ্নিকণা। (ভাগবত ৩।২৮।৪০)

বিষ্য (ত্রি) বিষেণ বধ্যঃ বিষ-যৎ (নৌবয়োধর্ম্মেতি। পা ৪।৪।৯১) ১ বিষ দ্বারা বধোপযুক্ত, যাহাকে বিষ দিয়া বধ করা উচিত। (অমর) বিষেণ ক্রীতঃ বিষায় হিত ইতি বা (উগবাদিভ্যো যৎ পা ৫।১।২) ২ বিষের দ্বারা ক্রীত। ৩ বিষের জন্য হিত, বিষের পক্ষে মঙ্গলদায়ক।

বিষ্যন্দ (পুং) ক্ষরণ।

বিষ্যন্দক (পুং) ১ বিষ্যন্দনকারী, ক্ষরণকারক, যে ক্ষরণ করে। ২ জনপদভেদ।

বিষ্যন্দন (ক্লী) ক্ষরণ, চ্যুতি।

বিষ্যন্দিন্ (ত্রি) ক্ষরণশীল।

বিষ্ব (ত্রি) হিংস্র। (উণাদিকোষ)

বিষ্বক্ (ত্রি) বিষুং অঞ্চতীতি বিষু-অনচ্-ক্বিপ্। ১ ইতস্ততঃ বিচরণশীল, সর্ব্বত্র গমনশীল।

"যুধি তুরগরজোবিধূম্রবিষ্বক্-কচলুলিতশ্রমবার্য্যলঙ্কৃতাস্তে" (ভাগবত ১।৯।৩৪)

'যুধি যুদ্ধে তুরগানাং খুররজস্তরগরজঃ তেন বিধূম্রাঃ ধূসরাস্তে চ তে বিষ্বঞ্চ ইতস্ততশ্চলন্তঃ কচা কুন্তলাস্তৈর্লুলিতং' (স্বামী)

(ক্লী) ২ বিষুব।

বিষ্বক্সেন (পুং) ১ বিষ্ণু। (অমর) ২ বিষ্ণুর নির্ম্মাল্যধারী; ইনি চতুর্ভুজ, হাতে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম আছে; ইহাঁর বর্ণ রক্তপিঙ্গল এবং মুখে দীর্ঘশ্মশ্রু ও মস্তকে জটা বিরাজিত। শ্বেতপদ্মোপরিস্থিত, ইহাঁকে চন্দ্রবিন্দুযুক্ত স্বরান্ত পবর্গতৃতীয় অর্থাৎ 'ব' এই বীজ মন্ত্রে পূজা করিতে হয়। (কালিকাপু০ ৮২ অ০)

৩ ত্রয়োদশ মনু। (মৎস্যপু০ ৯ অ০) বিষ্ণুপুরাণ মতে ইনি ১৪শ মনু। ৪ মহাদেব। (ভা ১৩।১৭।৫৪) ৫ ঋষিভেদ। ৬ রাজভেদ। ৭ ব্রহ্মদত্তের পুত্রভেদ। (ভাগবত ৮।২১।২৫), ৮ শম্বরের পুত্রভেদ। (হরিবংশ)

বিষ্বক্পর্ণী (স্ত্রী) ভূম্যামলকী (বৈদ্য০ নিঘ০)

বিষ্বক্সেনকান্তা [প্রিয়া] (স্ত্রী) বিষ্বক্সেনস্য কান্তা বা প্রিয়া। ১ লক্ষ্মী। (মেদিনী) ২ বারাহীকন্দ, চামার আলু। ৩ ত্রায়মাণা, চলিত বলা লতা।

বিষ্বক্সেনা (স্ত্রী) প্রিয়ঙ্গু। ফণিনী। (অমর)

বিষ্বগঞ্চন (ক্লী) বিষূচা অঞ্চনং। ইতস্ততঃ ভ্রমণশীলের গতি।

বিষ্বগশ্ব (পুং) পৃথুর পুত্রভেদ। (ভারত আদিপর্ব্ব)

বিষ্বগৈড় (ক্লী) সামভেদ (পঞ্চবিংশব্রা° ১০।১১।১)

বিষ্বগ্জ্যোতিস্ (পুং) শতজিতের পুত্রভেদ।

বিষ্বগ্যুজ্ (ত্রি) বিষচ্-যুজ্-ক্বিপ্। ইতস্ততঃ গমনশীলের সহিত যুক্ত।

বিষ্বগ্লোপ (পুং) ১ সর্ব্বস্বান্ত। "বিষ্বক্ সর্ব্বতঃ লোপোঽর্থানাং লুপনম্।' (ভারত ১২।৬৮।১৫ নীলকণ্ঠ)

(ত্রি) ২ সর্ব্বথা বাধাপ্রাপ্ত।

বিষ্বগ্বাত (পুং) সর্ব্বগামী বায়ু। (তৈত্তিরীয়স° ৪।৩।৩।২)

বিষ্বগ্বায়ু (পুং) [বিষ্বগ্বায় দেখ]

বিষ্বঞ্চ্ (ত্রি) ১ সর্ব্বব্যাপী, সর্ব্বত্র বিচরণশীল।

"ব্যমীবাশ্চাতয়স্বা বিষূচীঃ" (ঋক্ ২।৩৩।২)

'বিষূচীর্বিষু নানাঞ্চন্তীঃ কৃৎস্নশরীরব্যাপকান্ রোগান্ বিচাতয়স্ব অস্মত্তঃ পৃথক্কৃত্য বিনাশয়।' (সায়ণ)

২ সর্ব্বপ্রকাশক, সকলের বিকাশকারী।

"স বিষূচীর্বসানঃ" (ঋক্ ১।৬৪।৩১) 'বিষূচীর্বিষ্বগঞ্চন্তী রাত্রাবপি চন্দ্রভৌমাদিত্যানাং প্রকাশয়িত্রীঃ' (সায়ণ)

বিষ্বণ (ক্লী) ১ ভোজন। (জটাধর) ২ শব্দ করা। (বোপদেব)

বিষ্বণন (ক্লী) বিষ্বণার্থ।

বিষ্বদ্রীচীন্ (ত্রি) সর্ব্বদা গমনশীল।

বিষ্বদ্ব্যঞ্চ (ত্রি) বিষ্বগঞ্চতীতি বিষ্বচ্-অনচ্-ক্বিন্। (বিষ্বগ্দেবয়োশ্চেতি। পা ৬।৩।৯২ ইতি টেঃ স্থানে অদ্রীত্যাদেশঃ) সর্ব্বত্রগামী।

"মা তে মনো বিষ্বদ্ব্যধি চারীৎ" (ঋক্ ৭।২৫।১)

'তব বিষ্বদ্ব্যগ্বিষগ্গন্তু মনশ্চ মা বিচারীৎ। অস্মাস্বেব স্থিরং ভবতু।' (সায়ণ)

বিষ্বাচ্ (ত্রি) ১ বিবিধগতিযুক্ত। ২ অসুরভেদ।

"জাতং বিষ্বাচো অহতং বিষেণ" (ঋক্ ১।১১৭।১৬)

"বিষ্বাচো বিবিধগতিযুক্তস্য মেঘস্য সম্বন্ধিনা বিষেণোদকেন যদ্বা বিষ্বাচো বিবিধগতিযুক্তস্যৈতৎসংজ্ঞস্যাসুরস্য জাতমুৎপন্নমপত্যং বিষেণ ক্ষ্বেড়েনাহতম্' (সায়ণ)

বিষ্বাণ (পুং) ভক্ষণ। (হেম)

বিস, দিবা০ পরস্মৈ০ সক০ সেট্। ১ প্রেরণ। ২ উৎসর্গ, ত্যাগ করা। লট্ বিস্তি। লিট্ বিবেস। লুঙ্ অবিসৎ, অবেষীৎ। (বোপদেব) লুট্ বেসিতা।

বিস (ক্লী) মৃণাল। (অমর)

"নববিসকিসলয়কবলনকষায়কলহংসকলরবো যত্র" (কলাবিলাস)

বিসংবাদ (পুং) বি-সং-বদ-ঘঞ্। ১ বিপ্রলম্ভ। (অমর) ২ বিরোধ।

"অদ্রোহমবিসংবাদং প্রবর্ত্তন্তে তদাশ্রয়াঃ" (মহাভারত ১২।২৫৮।১১

৩ বৈলক্ষণ্য, বে-মিল। ৪ প্রতারণা।

বিসংবাদক (ত্রি) ১ প্রতিবন্ধক, বিরোধক। ২ প্রতারক।

বিসংবাদন (ক্লী) বিসংবাদ।

বিসংবাদিতা (স্ত্রী) বিংসবাদকারীর ভাব বা ধর্ম্ম।

বিংসবাদিন্ (ত্রি) বিসংবাদোঽস্ত্যস্যেতি বিসংবাদ-ইনি।

"বয়োবেশবিসংবাদি রামস্য চ তয়োস্তদা।

জনতা প্রেক্ষ্য সাদৃশ্যং নাক্ষিকম্পং ব্যতিষ্ঠত॥" (রঘু ১৫।৬৭)

বিসংশয় (ত্রি) সংশয়রহিত, নিঃসংশয়।

বিসংষ্ঠুল (ত্রি) ১ বিশৃঙ্খল, অব্যবস্থিত।

বিসংসর্পিন্ (ত্রি) সম্যক্ বিস্তৃত, চারি দিকে গমনশীল।

"তির্য্যগ্বিসংসর্পিনখপ্রভেণ পাদেন হৈমং বিলিলেখ পীঠং"

(রঘু ৬।১৫)

বিসংস্থিত (ত্রি) অসমাপ্ত। (কাত্যায়নশ্রৌ° ১১।১।২৭)

বিসংস্থুল (ত্রি) বিসংষ্ঠুল।

বিসংজ্ঞ (ত্রি) সংজ্ঞারহিত, জ্ঞানহারা (হরিবংশ)

বিসংজ্ঞাগতি (স্ত্রী) অত্যুচ্চগতি, অপরিমেয়গতি, যে গতির সংখ্যা করা যায় না। বিসংজ্ঞাবতী পাঠান্তর। (ললিতবিস্তর)

বিসংজ্ঞিত (ত্রি) সংজ্ঞারহিত, জ্ঞানহারা। (হরিবংশ)

বিসকণ্ঠিকা (স্ত্রী) বিসসদৃশঃ শুভ্রঃ কণ্ঠো যস্যা ইতি বহুব্রীহৌ কন্ টাপি অত ইত্বম্। বলাকা, ক্ষুদ্রজাতীয় বকপক্ষী। (অমর)

বিসকুসুম (ক্লী) বিসস্য কুসুমম্। কমল, পদ্ম। (রাজনি°)

বিসগ্রন্থি (পুং) পদ্মের মূল।

বিস[শ]ঙ্কট (পুং) বিশিষ্টঃ সঙ্কটো যস্যাৎ। ১ সিংহ। ২ ইঙ্গুদীবৃক্ষ। (ত্রি) ৩ বিশাল, বৃহৎ।

"বিসঙ্কটো বক্ষসি বাণপাণিঃ" (ভট্টি ২।৫০)

বিসঙ্কুল (ত্রি) জটিল, গোলমেলে।

বিসজ (ক্লী) বিসং মৃণালং তস্মাজ্জায়তে ইতি জন-ড। পদ্ম।

বিসঞ্চারিন্ (ত্রি) বিষয় সঞ্চরণশীল, বিষয়ভোগী।

বিসদৃশ্ (ত্রি) বিপাক, কর্ম্মের বিপরীত ফল।

বিসদৃশ (ত্রি) ১ বিপরীত, বিরুদ্ধ। ২ বিলক্ষণ, নানারূপ, বিভিন্নরূপ, পৃথক্ পৃথক্ রকম।

"বিসদৃশা জীবিতাভি প্রচক্ষ" (ঋক্ ১।১১৩।৬)

'বিসদৃশা বিলক্ষণানি নানারূপাণি জীবিতা জীবিতানি জীবনোপায়ভূতানি কৃষিবাণিজ্যাদীনি' (সায়ণ)

বিসনাভি (স্ত্রী) বিসং নাভিরুৎপত্তিস্থানং যস্যাঃ। ১ পদ্মিনী। ২ পদ্মের ঝাড়। ৩ পদ্মসমূহ। (ত্রিকা°)

বিসন্ধি (পুং) ১ সন্ধিরহিত, দুই বা বহু পদের মিলনাভাব। ২ বিশ্লিষ্ট সন্ধি, শরীরের সন্ধিস্থানের বিশ্লেষ।

বিসন্ধিক (ত্রি) যাহার সন্ধি করা হয় নাই, যে দুইএর মিলন করা হয় না।

"অপার্থং ব্যর্থমেকার্থং সসংশয়মপক্রমম্।
শব্দহীনং যতিভ্রষ্টং ভিন্নবৃত্তং বিসন্ধিকম্॥
দেশ-কাল-কলা-লোক-ন্যায়াগমবিরোধি চ।
ইতি দোষা দশৈবৈতে বর্জ্যাঃ কাব্যেষু সূরিভিঃ॥"

(কাব্যাদর্শ° ৩।১২৫-১২৬)

বিসন্নাহ (ত্রি) সন্নহনশূন্য, বর্ম্ম প্রভৃতি যুদ্ধবেশরহিত।

"ন সুপ্তং ন বিসন্নাহং ন নগ্নং ন নিরায়ুধম্।" (মনু ৭।৯২)

বিসপীগ্রাম, পশ্চিম বাঙ্গালার একটী ক্ষুদ্র পল্লী। এখানে কবি বিদ্যাপতির জন্ম হয়। [বিদ্যাপতি দেখ।]

বিসপ্রসূন (ক্লী) পদ্ম।

"জক্ষুর্বিসং ধৃতবিকাসিবিসপ্রসূনাঃ।" (শিশুপালবধ ৫।২৮)

বিসম (ত্রি) অসমান। [বিষম দেখ।]

বিসমতা (স্ত্রী) অসমত্ব। (দিব্যা° ৩৮৪।১৯)

বিসমাপ্তি (স্ত্রী) বি-সম্-আপ্-ক্তি। অসমাপ্তি, অসম্পূর্ণ।

বিসর (পুং) বিসরতীতি বি-স্থ-অচ্ পচাদিত্বাৎ। ১ সমূহ। (অমর) ২ প্রসর, বিস্তার। (মেদিনী)

বিসরণ (ক্লী) বিসার, প্রসার।

বিসর্গ (পুং) বি-সৃজ-ঘঞ্। ১ দান।

"আদানং হি বিসর্গায় সতাং জলমুচামিব" (রঘু ৪।৮৬)

২ ত্যাগ।

"নানাশস্ত্রবিসর্গৈস্তৈর্বধ্যমানঃ সমন্ততঃ" (মহাভা° ১।৩২। ৩)

৩ মলনির্গম, মলত্যাগ। ৪ বিসর্জ্জনীয়, (ঃ) এইরূপ বিন্দুদ্বয়াত্মক বর্ণবিশেষ।

"বিসর্গশ্চ দ্বিবিন্দুকঃ" (বীজাভিধান)

৫ সূর্য্যের অয়নভেদ। (মেদিনী) ৬ মোক্ষ। (হলায়ুধ) ৭ বিসৃষ্ট। (শব্দরত্না°) ৮ বিশেষ সৃষ্টি।

"পুরুষানুগৃহীতানামেতেষাং বাসনাময়ঃ।
বিসর্গোঽয়ং সমাহারো বীজাদ্বীজং চরাচরম্॥" (শ্রীভাগবত)

৯ প্রয়োগ।

"তদ্বাগ্বিসর্গো জনতাঘবিপ্লবঃ" (ভাগবত ১।৫।১১)

'বাগ্বিসর্গঃ বাচঃ প্রয়োগঃ' (স্বামী)

১০ প্রলয়। ১১ বিয়োগ। ১২ দীপ্তি। ১৩ পরিত্যক্ত বস্তু। ১৪ বর্ণভেদ। ১৫ কালভেদ; বর্ষা, শরৎ ও হেমন্ত এই তিন কালের নাম বিসর্গকাল। (মাধবনি°)

বিসর্গচুম্বন (ক্লী) নিশাশেষে প্রিয়ার নিকট হইতে চলিয়া আসিবার কালে নায়ককর্ত্তৃক যে চুম্বন। (রঘু ১৯।২৯)

বিসর্গিক (ত্রি) আকর্ষণকারী।

বিসর্গিন্ (ত্রি) ১ উৎসর্গকারী, দানকারী। ২ আকর্ষণকারী। (ভারত শান্তিপর্ব্ব)

বিসর্জ্জন (ক্লী) বি-সৃজ-ল্যুট্। ১ দান। ২ পরিত্যাগ। (অমর)

"শ্রুতদেহবিসর্জ্জনঃ পিতুশ্চিরমশ্রূণি বিমৃজ্য রাঘবঃ" (রঘু ৮।২৫)

৩ সংপ্রেষণ, সম্যক্ প্রকারে প্রেরণ অর্থাৎ 'তুমি ইহা কর' এই বলিয়া কাহাকে কোন কার্য্যে নিয়োগ করা। (পুং) ৪ যদুবংশীয়দিগের মধ্যে অন্যতম। (ত্রি) বিশেষেণ সৃজ্যতে ইতি কর্ম্মণি ল্যুট্। ৫ উৎপাদিত।

"ত্বয়া সৃষ্টমিদং বিশ্বং ধাতুর্গুণবিসর্জ্জনম্॥" (ভাগবত ১০।১০।৪৭)

৬ প্রতিমাদি জলসাৎ করণ, চলিত প্রতিমা জলে ডুবান বা ভাসান।

বিসর্জ্জনীয় (ত্রি) বি-সৃজ-অনীয়র্। ১ দানীয়। ২ পরিত্যাজ্য, পরিত্যাগের যোগ্য। ৩ বিসর্গ অর্থাৎ (ঃ) এইরূপ বিন্দুদ্বয়।

বিসর্জ্জয়িতব্য (ত্রি) বিসর্জ্জন করার যোগ্য, ত্যাগের উপযুক্ত।

বিসর্জ্জ্য (ত্রি) বি-সৃজ-যৎ। বিসর্জ্জনীয়।

বিসর্প (পুং) বি-সৃপ-ঘঞ্। রোগবিশেষ, পর্য্যায়—বিসর্পি, সচিবাময়। (রাজনি°) চরকে এই রোগের বিষয় এইরূপ বর্ণিত হইয়াছে। অগ্নিবেশ আত্রেয়কে জিজ্ঞাসা করিয়াছিলেন যে ভগবন্! দেখিতে পাই আশীবিষোপম একপ্রকার ভয়ঙ্কর রোগ মনুষ্যশরীরে অতি শীঘ্র বিসর্পিত হয়, সেই শীঘ্রকারি-রোগে মানব আক্রান্ত হইবামাত্র যদি চিকিৎসিত না হয়, তাহা হইলে আশু বিনাশপ্রাপ্ত হয়। এই রোগের নাম কি? এবং কি হেতু ইহার ঐ নাম হইয়াছে, কয়টী ধাতুকে আশ্রয় করিয়া এই রোগ উৎপন্ন হয়, এবং ইহা কয় প্রকার? কি কি কারণে উৎপন্ন হয়, কি কি কারণে ইহা সুখসাধ্য, কৃচ্ছ্রসাধ্য ও অসাধ্য হইয়া থাকে, এবং ইহার ঔষধই বা কি? অগ্নিবেশের প্রশ্নে আত্রেয় বলিয়াছিলেন যে এই রোগ মানবশরীরে বিবিধ প্রকারে সর্পণ করে বলিয়া উহার নাম বিসর্প। অথবা পরি অর্থাৎ সর্ব্বত্র সর্পণ করে বলিয়া উহাকে পরিসর্পও কহে।

কুপিত বাতাদিদোষ কর্ত্তৃক এই রোগ সাত প্রকারে উৎপন্ন হয়। রক্ত, লসীকা, ত্বক্ ও মাংস এই চারিটী দূষ্য এবং বায়ু, পিত্ত ও কফ এই তিনটী সমুদায়ে এই ৭টী ধাতু বিসর্প রোগের উপাদান সামগ্রী। রক্তলসীকাদি ধাতুচতুষ্টয় ও বাতাদি দোষত্রয় দ্বারা এই রোগ উৎপন্ন হয়, এজন্য ইহাকে সপ্ত-ধাতুকও কহে।

নিদান—লবণ, অম্ল, কটু ও উষ্ণবীর্য্য রস অতিমাত্রায় সেবন, অম্ল, দধি ও দধির মাত দ্বারা প্রস্তুত শুক্ত, সুরা, সৌবীর, বিকৃত ও বহু পরিমিত মদ্য, শাক, আদ্রকাদি দ্রব্য, বিদাহিদ্রব্য, দধিকূর্চ্চিকা, তক্রকূর্চ্চিকা ও দধিমস্তু সেবন, দধিকৃত শিখরিণী সেবনের পর পিণ্ডালুকাদি সেবন, তিল, মাষ, কুলত্থ, তৈল, পিষ্টক এবং গ্রাম্য ও আনূপমাংস সেবন, অতিমাত্রায় ভোজন, দিবানিদ্রা, অপক্কদ্রব্যভোজন, অধ্যশন, ক্ষতবন্ধ প্রপতন, রৌদ্রাগ্নি প্রভৃতির অতিসেবন, এই সকল কারণে বাতাদিদোষ-ত্রয় দূষিত হইয়া এই রোগ উৎপন্ন করে।

অহিতাশী ব্যক্তির উক্ত রূপে দূষিত বাতপিত্তাদি রসরক্তাদি পদার্থকে দূষিত করিয়া শরীরে বিসর্পিত হয়। বিসর্প শরীরের বহিঃপ্রদেশ, অন্তঃপ্রদেশ ও বহিরন্তঃ উভয় প্রদেশকে আশ্রয় করিয়া উৎপন্ন হয়। ইহারা যথাক্রমে বলবান্ অর্থাৎ বহিঃশ্রিত বিসর্প অপেক্ষা অন্তঃশ্রিত এবং তাহা হইতে বহিরন্তঃ উভয় প্রদেশাশ্রিত বিসর্প ভয়ঙ্কর। বহির্মার্গাশ্রিত বিসর্প সাধ্য, অন্তর্মার্গাশ্রিত কৃচ্ছ্রসাধ্য এবং উভয়াশ্রিত বিসর্পরোগ অসাধ্য।

বাতাদিদোষত্রয় অভ্যন্তরে প্রকুপিত হইয়া অন্তর্বিসর্প, বহির্ভাগে প্রকুপিত হইয়া বহির্বিসর্প এবং বহিরন্তঃ উভয় স্থানে প্রকুপিত হইয়া বহিরন্তর্বিসর্প রোগ উৎপাদন করে।

বক্ষোমর্ম্মের উপঘাত, মল, মূত্র ও শ্বাস-প্রশ্বাসাদির মার্গ-সংরোধ, অথবা তাহাদের বিঘট্টন, তৃষ্ণার অতিযোগ, মলমূত্রাদির বেগ-বৈষম্য এবং অগ্নিবলের আশুক্ষয়, এই সকল লক্ষণ দ্বারা অন্তর্বিসর্প স্থির করিতে হয়।

ইহার বিপরীত লক্ষণ দ্বারা অর্থাৎ বক্ষোমর্ম্মের অনুপঘাত, মলমূত্রাদিমার্গের অসংরোধ ও অবিঘট্টন, তৃষ্ণার অনতিযোগ, মলমূত্রাদিবেগের অযথাবৎপ্রবৃত্তি এবং অগ্নিবলের অসংক্ষয় এই গুলি বহির্বিসর্পের লক্ষণ। উক্ত সকল প্রকার লক্ষণ এবং নিম্নোক্ত অসাধ্য লক্ষণ সকল প্রকাশ পাইলে তাহাকে অন্ত-র্বহির্বিসর্প কহে। যাহার নিদান বলবান্, এবং উপদ্রব সকল অতি কষ্টপ্রদ, ও যে বিসর্প মর্ম্মাগত, তাহা রোগীর প্রাণনাশক।

বাতবিসর্পের লক্ষণ—রুক্ষ ও উষ্ণ কারণে বা রুক্ষ ও উষ্ণ বস্তু অতিভোজনে বায়ু সঞ্চিত ও প্রদুষ্ট হইয়া রসরক্তাদি দূষ্য পদার্থ সকলকে দূষিত করিয়া এই রোগ উৎপাদন করে। তখন ভ্রম, উপতাপ, পিপাসা, সূচীবেধবৎ ও শূলনিখাতবৎ বেদনা, অঙ্গকুট্টন, উদ্বেষ্টন, কম্প, জ্বর, তমক, কাস, অস্থিভঙ্গবৎ ও সন্ধিভঙ্গবৎ-যন্ত্রণা, বিবর্ণতা, বমন, অরুচি, অপরিপাক, নেত্রদ্বয়ের আকুলত ও সজলত্ব এবং গাত্রে পিপীলিকা-সঞ্চরণবৎ প্রতীতি, শরীরের যে যে স্থানে বিসর্প বিসর্পণ করে, সেই সেই স্থান শ্যাববর্ণ বা অরুণবর্ণ ও সেই সেই স্থানে শোথ এবং অত্যন্ত বেদনা, সেই সেই স্থানের শ্রান্তি, সঙ্কোচ, হর্ষ অর্থাৎ সিড়্সিড়্ করণ, স্ফুরণ (দপ্দপানি) এই সকল লক্ষণ প্রকাশ পায়। ইহা দ্বারা রোগী অতিশয় পীড়িত হইয়া পড়ে। যদি চিকিৎসা না করা যায়, তাহা হইলে সেই সেই স্থানে পাতলা চর্ম্মবিশিষ্ট অরুণ বা শ্যাববর্ণ স্ফোটক দ্বারা পরিব্যাপ্ত হয় এবং সেই সকল স্ফোটক শীঘ্র ফাটিয়া যায় ও তাহা হইতে পাতলা বিষম দারুণ ও অল্পস্রাব নির্গত হইতে থাকে। রোগীর মলমূত্র ও অধোবায়ু বদ্ধ হয়।

পিত্তজ বিসর্প লক্ষণ—উষ্ণ দ্রব্য সেবন এবং বিদাহী ও অম্লদ্রব্যাদি ভোজনদ্বারা পিত্তসঞ্চিত ও প্রকুপিত হইয়া রক্তাদি দূষ্যচতুষ্টয়ে দূষিত ও ধমনী সকলকে পূর্ণ করিয়া পিত্তজনিত বিসর্প রোগ উৎপাদন করে, তখন জ্বর, তৃষ্ণা, মূর্চ্ছা, বমি, অরুচি, অঙ্গভেদ, স্বেদ, অন্তর্দাহ, প্রলাপ, শিরোবেদনা, নেত্র-দ্বয়ের আকুলতা, অনিদ্রা, অরতি, ভ্রম, শীতল বায়ু ও শীতল জলে অত্যভিলাষ, মলমূত্র হরিদ্রাবর্ণ ও শীতদর্শন এই সকল লক্ষণ উপস্থিত হয়। শরীরের যেস্থানে বিসর্প বিসর্পণ করে, সেইস্থান হরিদ্রা, নীল, কৃষ্ণ বা রক্তবর্ণ হয়। অত্যন্ত ফুলিয়া উঠে এবং স্ফোটক সমূহদ্বারা ব্যাপ্ত হয়, স্ফোটক সকল শীঘ্র

পাকিয়া উঠে, তাহা হইতে পিত্তানুরূপ বর্ণের স্রাব হইতে থাকে এবং ঐ স্ফোটক দাহযুক্ত ও বেদনাবিশিষ্ট হয়।

কফজ বিসর্প লক্ষণ—স্বাদু, অম্ল, লবণ, স্নিগ্ধ ও গুরুপাক অন্নভোজন এবং দিবানিদ্রা দ্বারা কফ সঞ্চিত ও প্রকুপিত হইয়া রক্তাদি দূষ্যচতুষ্টয়কে দূষিত এবং সমস্ত অঙ্গে বিসর্পণ করিয়া এই রোগ উৎপাদন করে। তখন শীতজ্বর, গাত্রগুরুতা, নিদ্রা, তন্দ্রা, অরুচি, অপরিপাক, মুখে মধুর রসের অনুভব, মুখস্রাব, বমি, আলস্য, স্তৈমিত্য, অগ্নিমান্দ্য ও দৌর্ব্বল্য উপস্থিত হয়। শরীরের যে স্থানে বিসর্প বিসর্পণ করে, সেইস্থান স্ফীত, পাণ্ডু বা অনতিরিক্ত বর্ণ, চিক্কণ, স্পর্শশক্তিহীন, স্তব্ধ, গুরু ও অল্পবেদনাযুক্ত হয়। ঐ স্ফোটক কৃচ্ছ্রপাক, চিরকারী, ঘনত্বক্ ও উপলেপবিশিষ্ট হয়, ফাটিয়া গেলে তাহা হইতে শ্বেতবর্ণ পিচ্ছিল তন্তুবিশিষ্ট দুর্গন্ধ ঘনস্রাব নিরন্তর প্রস্রুত হইয়া থাকে। ঐ স্ফোটকের উপরিভাগে কঠিন ব্রণসকল জন্মে, ঐ ব্রণসকল ঘনত্বগ্‌বিশিষ্ট, উপলিপ্ত এবং নিরন্তর স্থায়ী। এই বিসর্পরোগে রোগীর ত্বক্, নখ, নয়ন, বদন, মূত্র ও মল শ্বেতবর্ণ হয়।

বাতপৈত্তিক আগ্নেয়বিসর্প—স্ব স্ব কারণে বায়ু ও পিত্ত অতিমাত্র কুপিত ও পরস্পর লব্ধবল হইয়া শরীরে শীঘ্রই আগ্নেয় বিসর্প রোগ উৎপাদন করে। এই রোগে রোগী আপনার সর্ব্ব শরীরকে যেন দেদীপ্যমান অঙ্গারাগ্নি দ্বারা আকীর্ণ বলিয়া জ্ঞান করে এবং বমি, অতিসার, মূর্চ্ছা, দাহ, মোহ, জ্বর, তমক, অরুচি, অস্থিভেদ, সন্ধিভেদ, তৃষ্ণা, অপরিপাক ও অঙ্গভেদাদি উপদ্রবে অভিভূত হয়। এই বিসর্প যে যে স্থানে বিসর্পণ করে, সেই স্থান শান্ত (নির্ব্বাপিতাগ্নি) অঙ্গারবৎ কৃষ্ণবর্ণ বা অতিশয় রক্তবর্ণ হয়, এবং অগ্নিদাহযুক্ত স্ফোটকসমূহ পরিব্যাপ্ত হয়, শীঘ্রগামিত্ব হেতু এই বিসর্প আশু মর্ম্মস্থানে (হৃদয়ে) অনুসরণ করে। ইহা দ্বারা মর্ম্ম উপতপ্ত হইলে বায়ু অতি বলবান্ হইয়া অঙ্গ সকলকে ভঙ্গবৎ পীড়ায় অতিশয় পীড়িত করে। তখন সংজ্ঞানাশ, হিক্কা, শ্বাস ও নিদ্রানাশ হয়, রোগী যন্ত্রণায় অস্থির হইয়া থাকে। পরে অতি ক্লিষ্ট হইয়া নিদ্রিত হইয়া পড়ে, কেহ কেহ অতি কষ্টে প্রবুদ্ধ হয়, কেহ বা প্রাণত্যাগ করে। এই বিসর্প অসাধ্য।

কর্দ্দমাখ্যবিসর্প—স্ব স্ব প্রকোপন হেতু কফ ও পিত্ত প্রকুপিত ও বলবান্ হইয়া শরীরের কোন এক স্থানে কর্দ্দমাখ্য বিসর্পরোগ উৎপাদন করে। এই বিসর্পে শীতজ্বর, শিরঃপীড়া, স্তৈমিত্য, অঙ্গাবসাদ, নিদ্রা, তন্দ্রা, অন্নদ্বেষ, প্রলাপ, অগ্নিমান্দ্য, দৌর্ব্বল্য, অস্থিভেদ, মূর্চ্ছা, পিপাসা, স্রোতঃসমূহের লিপ্ততা, ইন্দ্রিয়গণের জড়তা, অপক্ক মলভেদ, অঙ্গবিক্ষেপ, অঙ্গমর্দ্দ, অরতি ও ঔৎসুক্য এই সকল লক্ষণ প্রকাশ পায়। এই বিসর্প প্রায় আমাশয়েই উৎপন্ন হয়, কিন্তু অলসীভূত হইয়া আমাশয়ের কোন এক স্থলে অবস্থিতি করে। যে স্থানে অবস্থান করে, সেই স্থান রক্ত, পীত বা পাণ্ডুবর্ণ, পীড়কাকীর্ণ, মেচকাভ (কৃষ্ণবর্ণ) মলিন, স্নিগ্ধ, বহু উষ্ণান্বিত, গুরু, স্তিমিতবেদন, শোথবিশিষ্ট, গম্ভীর পাক, স্রাবরহিত ও শীঘ্র ক্লেদযুক্ত হয়। ঐ স্থানের মাংস ক্রমে স্বিন্ন, ক্লিন্ন ও পূতিযুক্ত হয়। এই বিসর্পে বেদনা অল্প, কিন্তু ইহা দ্বারা সংজ্ঞা ও স্মৃতি নষ্ট হইয়া থাকে। বিসর্পাক্রান্ত স্থান ঘর্ষণ করিলে অবকীর্ণ হয়, টিপিলে কর্দ্দমের ন্যায় বসিয়া যায়, সেই স্থান হইতে মাংস পচিয়া নির্গত হইতে থাকে, শিরা ও স্নায়ু সকল বাহির হইয়া পড়ে এবং ক্ষত স্থান শবদুর্গন্ধি হয়। এই বিসর্পরোগও অসাধ্য।

গ্রন্থিবিসর্প—স্থির, গুরু, কঠিন, মধুর, শীতল, স্নিগ্ধ ও অভিষ্যন্দী অন্নপান সেবন ও শ্রমরাহিত্য প্রভৃতি কারণে শ্লেষ্মা ও বায়ু কুপিত হয়। ঐ প্রকুপিত ও প্রবৃদ্ধ বলবান্ শ্লেষ্মা ও বায়ু রক্তাদি দূষ্য চতুষ্টয়কে দূষিত করিয়া গ্রন্থিবিসর্প উৎপাদন করে। প্রদুষ্ট কফকর্ত্তৃক বায়ু রুদ্ধমার্গ হইয়া সেই অবরোধক কফকেই বহু ভাগে বিভক্ত করিয়া কফাশয়ে ক্রমে ক্রমে গ্রন্থিমালা উৎপাদন করিতে থাকে। ঐ গ্রন্থিমালা কৃচ্ছ্রপাক অর্থাৎ প্রায়ই পাকে না এবং উহা কৃচ্ছ্রসাধ্য হইয়া থাকে।

ঐরূপে দূষিত বায়ু রক্তবহুল ব্যক্তির রক্তকে দূষিত করিয়া যদি শিরা, স্নায়ু, মাংস ও ত্বকে গ্রন্থিমালা উৎপাদন করে এবং ঐ গ্রন্থিমালা তীব্র বেদনান্বিত, স্থূল, সূক্ষ্ম, দীর্ঘ, বা বৃত্তাকার ও রক্তবর্ণ হয়, তাহা হইলে উহাদের উপতাপে জ্বর, অতিসার, হিক্কা, শ্বাস, কাস, শোষ, মোহ, বৈবর্ণ, অরুচি, অপরিপাক, প্রসেক, বমি, মূর্চ্ছা, অঙ্গভঙ্গ, নিদ্রা, অরতি ও অবসাদ এই সকল উপদ্রব উপস্থিত হয়। এই বিসর্পরোগও অসাধ্য।

সান্নিপাতিকবিসর্প—যাহা সকল নিদানসম্ভূত, সর্ব্বলক্ষণ সংযুক্ত এবং সকল শরীর ব্যাপ্ত, সর্ব্ব ধাতুগত, আশুকারী ও মহাবিপজ্জনক, তাহাই সান্নিপাতিক বিসর্প। ইহাও অসাধ্য।

বাতজ, পিত্তজ ও কফজ বিসর্প সাধ্য, যথাবিধানে ইহাদের চিকিৎসা করিলে উপকার হয়। অগ্নিবিসর্প ও কর্দ্দমাখ্য বিসর্প পূর্ব্বে অসাধ্য বলিয়া উল্লিখিত হইয়াছে, কিন্তু এই বিসর্পদ্বয়ে যদি জ্বরাদি উপদ্রবরহিত বক্ষোমর্ম্ম অনুপহত, শিরা, স্নায়ু ও মাংস ক্লিন্নমাত্র হয় অর্থাৎ মাংস পচিয়া খসিয়া না পড়ে এবং তজ্জন্য শিরা ও স্নায়ু না দেখা যায়, তাহা হইলে ইহাতে যথাবিধানে স্বস্ত্যয়নাদি দৈব চিকিৎসা ও উপযুক্ত ঔষধাদি দ্বারা সাধারণ চিকিৎসা করিলে সারিলেও সারিতে পারে। গ্রন্থিবিসর্পও যদি জ্বরাতিসারাদি উপদ্রবরহিত হয়, তাহা হইলে তাহারও চিকিৎসা করা যাইতে পারে।

চিকিৎসা—আমদোষান্বিত বিসর্প কফস্থানগত হইলে লঙ্ঘন, বমন, তিক্তদ্রব্য সেবন এবং রুক্ষ ও শীতল প্রলেপন প্রশস্ত। আমদোষান্বিত বিসর্প পিত্তস্থানগত হইলেও ঐরূপ চিকিৎসা করিতে হইবে। উহাতে বিরেচন ও রক্তমোক্ষণ বিশেষ হিতকর। আমদোষান্বিত বিসর্প পক্বাশয়সম্ভূত এবং উহাতে রক্ত ও পিত্তের দোষ থাকিলে প্রথমে বিরুক্ষণ ক্রিয়া কর্ত্তব্য। কারণ আমদোষ থাকায় উহাতে স্নেহন ক্রিয়া হিতজনক নহে। বাতোল্বণ ও পিত্তোল্বণ বিসর্প যদি লঘুদোষ হয়, তাহা হইলে তিক্তঘৃত হিতকর, কিন্তু যদি পৈত্তিক বিসর্প মহাদোষান্বিত হয়, তাহা হইলে তাহাতে বিরেচন প্রশস্ত। বিসর্প রোগের দোষসঞ্চয় অধিক পরিমাণে থাকিলে ঘৃতপ্রয়োগ কর্ত্তব্য নহে, সে স্থানে বিরেচন করান আবশ্যক। কারণ ঘৃতপানে সেই সঞ্চিত দোষ সকল উপস্তব্ধ হইয়া ত্বক্, মাংস ও রক্তকে পচাইয়া থাকে। অতএব বহু দোষাক্রান্ত বিসর্পরোগে বিরেচন ও রক্তমোক্ষণ বিশেষ প্রশস্ত। কারণ রক্তই বিসর্পের আশ্রয়স্থান। কফজ, পিত্তজ এবং কফপিত্তজ বিসর্পরোগে যষ্টিমধু, নিম ও ইন্দ্রযবের কষায়ে ময়না-ফলের কল্ক মিশ্রিত করিয়া পান করাইয়া বমন করাইবে। পল্‌তা ও নিমের ক্বাথ বা পিপুলের ক্বাথ অথবা ইন্দ্রযবের ক্বাথে ময়নাকল্ক মিশ্রিত করিয়া তাহার পানদ্বারা বমন করাইলেও উপকার হয়। মদনকল্কাদিযোগও এই রোগে বিশেষ উপকারী।

মুতা, নিমছাল ও পলতা, অনন্তমূল, আমলকী, বেণামূল ও মুতা, চিরতা, লোধ, ত্বরালভা, রক্তচন্দন, শুঁঠ, পদ্মকেশর, নীলোৎপল, বহেড়া, যষ্টিমধু ও নাগেশ্বর, এবং রক্তচন্দন ও নীলোৎপল এই চারিটী যোগের কষায় বিসর্পরোগে প্রয়োগ করিলে উপকার হয়। পুণ্ডরিয়া কাষ্ঠ, যষ্টিমধু, পদ্মকেশর, নীলোৎপল, নাগেশ্বর ও লোধ ইহাদের ক্বাথও যথাবিধানে সেবন করাইলে উপকার হয়।

পূর্ব্বোক্ত পল্‌তা প্রভৃতি দ্রব্যের শীত কষায়ে তেউড়ীচূর্ণ ও ঘৃত মিশ্রিত করিয়া পান করিতে দিবে। পল্‌তা ও মুগের ক্বাথ, বা আমলকীর রস ঘৃতমিশ্রিত করিয়া পান করিলে উপকার হয়। কুষ্ঠরোগোক্ত মহাতিক্তকঘৃত এবং গুল্মরোগোক্ত ত্রায়মাণাঘৃতও বিশেষ উপকারী। বিসর্পরোগে বিরেচনের জন্য তেউড়ীচূর্ণ, ঘৃত, দুগ্ধ, উষ্ণজল বা দ্রাক্ষারসে আলোড়ন করিয়া পান করিতে দিবে। অথবা বলাডুমুরের সহিত দুগ্ধ পাক করিয়া সেই দুগ্ধ বিরেচনের জন্য প্রয়োগ করিবে। তেউড়ী-চূর্ণের সহিত ত্রিফলা ক্বাথ সংযুক্ত ঘৃত পানও প্রশস্ত। ইহা পান করিলে বিসর্পজ্বর প্রশমিত হয়। আমলকীর রস ঘৃতমিশ্রিত করিয়া পান করাইলেও উপকার হয়। কোষ্ঠের গুরুত্ব থাকিলে ঐ আমলকীর রসেই তেউড়ীচূর্ণ মিশ্রিত করিয়া পান করিবে।

হাত ও পায়ের রক্ত দুষ্ট হইলে প্রথমে রক্ত নির্হরণ করিবে। রক্ত যদি বাতান্বিত হয়, তাহা হইলে শৃঙ্গ দ্বারা, পিত্তান্বিত হইলে জলৌকা দ্বারা এবং কফান্বিত হইলে অলাবু দ্বারা রক্ত মোক্ষণ করিবে। শরীরের যে স্থানে বিসর্প উৎপন্ন হয়, সেই স্থানের সমীপস্থিত সিরা আশু বেধ করিবে। কারণ যদি রক্ত নির্হরণ করা না যায়, তাহা হইলে রক্তক্লেদে ত্বক্, মাংস ও স্নায়ুরও ক্লেদ জন্মিবে। কোষ্ঠাদিদোষ উক্ত প্রকারে নির্হৃত হইলেও যদি ত্বক্ ও মাংসকে আশ্রয় করিয়া কিঞ্চিৎ দোষ অবশিষ্ট থাকে, তাহা হইলে সেই অল্পদোষাক্রান্ত বিসর্প নিম্নোক্ত বাহ্য ক্রিয়া দ্বারা প্রশমিত হইবে।

যজ্ঞডুমুরের ছাল, যষ্টিমধু, পদ্মকেশর, নীলোৎপল, নাগেশ্বর ও প্রিয়ঙ্গু এই সকল দ্রব্য একত্র বাটিয়া ঘৃত যুক্ত করিয়া প্রলেপ দিবে। বটের নূতন শিকড়, কলার থোড় ও মৃণালের গেঁড়ো এই সকল একত্র বাটিয়া শতধৌত ঘৃতাপ্লুত করিয়া প্রলেপ দিবে; পীতচন্দন, যষ্টিমধু, নাগেশ্বর পুষ্প, কৈবর্ত্তমুস্তক, চন্দন, পদ্মকাষ্ঠ, তেজপত্র, বেণারমূল ও প্রিয়ঙ্গু ইহাদের প্রলেপও ঘৃতযুক্ত করিয়া দিলে বিশেষ উপকার হয়। শালুক, মৃণাল, শঙ্খচূর্ণ, রক্তচন্দন, নীলোৎপল ও বেতসমূল ইহাদের প্রলেপও ঘৃতযুক্ত করিয়া দিলে ভাল হয়। অনন্তমূল, পদ্মকেশর, বেণারমূল, নীলোৎপল, মঞ্জিষ্ঠা, চন্দন, লোধ ও হরীতকী ইহা-দেরও প্রলেপ হিতকর। বেণারমূল, রেণুক, লোধ, যষ্টিমধু, নীলোৎপল, দূর্ব্বা ও ধুনা ঘৃতাক্ত করিয়া তাহাদ্বারা প্রলেপ দিলেও বিশেষ উপকার পাওয়া যায়।

সোঁদালপত্র, চালতা ছাল, নিসিন্দা পাতা, কাকমাচী ও শিরীষপুষ্প, শৈবাল, নলমূল, প্রিয়ঙ্গু, শালপানি ও গন্ধপ্রিয়ঙ্গু, ত্রিফলা, যষ্টিমধু, শালপানি ও শিরীষপুষ্প, পুণ্ডরিয়া কাষ্ঠ, বালা, দারুহরিদ্রার ত্বক্, হরীতকী ও বেড়েলা, এই সকল একত্র উত্তম-রূপে পেষণ করিয়া প্রলেপ দিলে কফজ বিসর্প আশু প্রশমিত হয়।

বাতরক্ত পিত্তোল্বণ বিসর্পে ঘৃতমণ্ড বা শীতল জল অথবা যষ্টিমধুর ক্বাথ অথবা পঞ্চ বল্কলের শীতকষায় বারংবার সিঞ্চন করিবে। পূর্ব্বোক্ত যোগ সমূহের ক্বাথ দ্বারা বিসর্প সিঞ্চন এবং তাহাদের সহিত ঘৃত পাক করিয়া সেই ঘৃত মর্দ্দন এবং উহাদের চূর্ণ দ্বারা উহার ক্ষত অবচূর্ণিত করিবে।

দূর্ব্বার স্বরসের সহিত ঘৃত পাক করিয়া উহা বিসর্পের উপর মাখাইলে বিসর্পক্ষত শুষ্ক হয়। দারুহরিদ্রার ত্বক্, যষ্টিমধু, লোধ ও নাগেশ্বর ইহাদের চূর্ণ প্রয়োগ করিলে বিসর্প ক্ষত শুষ্ক হয়।

সেকে অথবা ইহাদের ক্বাথ বা কল্কের সহিত ঘৃত পাক করিয়া সেই ঘৃত ক্ষতস্থানে লাগাইলে উহা শীঘ্রই শুষ্ক হয়। বিসর্পের ক্ষত স্থানে যখন কোন ক্বাথাদি সিঞ্চন করিতে হয়, তখন প্রলেপ তুলিয়া ফেলা আবশ্যক। যদি ধৌত করাতেও প্রলেপ সম্যক্ না উঠে, তাহা হইলে বারংবার অতি পাতলা প্রলেপ দিবে। কিন্তু কফজ বিসর্পে ঘন প্রলেপ দিতে হইবে। প্রলেপ যেন অঙ্গুষ্ঠের তিন ভাগের একভাগ পরিমাণে পুরু হয়, এবং তাহা যেন অতি স্নিগ্ধ বা অতি রুক্ষ, অতি গাঢ় বা অতিদ্রব না হয় অর্থাৎ উহা যেন সমভাবাপন্ন হয়। বাসি প্রলেপ দেওয়া নিষিদ্ধ। যে প্রলেপ একবার দেওয়া হইয়াছে, তাহা পুনর্ব্বার প্রয়োগ করিলে বিসর্পের ক্লেদ ও শূলুনি উপস্থিত হয়। বস্ত্রখণ্ডে প্রলেপ দ্রব্যের কল্ক স্থাপন করিয়া পুলটিস্ দেওয়ার মত প্রলেপ দিলে বিসর্পক্ষত স্বিন্ন হয়, এবং তাহাতে স্বেদজন্য পীড়কা ও কণ্ডু জন্মাইয়া থাকে। বস্ত্রখণ্ডের উপর প্রলেপ দিলে যে দোষ হয়, প্রলেপের উপর প্রলেপ দিলেও সেই দোষ হয়। যদি অতিস্নিগ্ধ বা অতিদ্রব প্রলেপ প্রযুক্ত হয়, তাহা হইলে ঐ প্রলেপ ত্বকে ভালরূপ সংশ্লিষ্ট না হওয়ায় তদ্দ্বারা দোষের সম্যক্ শান্তি হয় না। যদি অত্যন্ত পাতলা করিয়া প্রলেপ দেওয়া যায়, তাহা হইলে উহা শুকাইয়া ফাটা ফাটা হয়, এবং ওষধির রস ব্যাধিকে প্রাপ্ত হইতে না হইতেই শুকাইয়া উঠে, অত্যন্ত পাতলা প্রলেপে যে সকল দোষ ঘটে, নিঃস্নেহ প্রলেপেও সেই সকল দোষই প্রবল ভাবে ঘটিয়া থাকে। কারণ নিঃস্নেহ প্রলেপ শুষ্ক হইয়া ব্যাধিকে পীড়িত করে।

লঙ্ঘিত বিসর্পরোগীকে চিনি ও মধুসংযুক্ত রুক্ষ, মন্থ, অথবা মধুর দ্রব্য কৃত মন্থ, দাড়িম ও আমলকী প্রভৃতির রসে অল্প অল্প করিয়া সেই মন্থ পান করিতে দিবে। সিদ্ধ জলে শক্তু আলোড়ন করিয়া সেই মন্থ ফল্‌সা, কিসমিস ও খর্জ্জুরের সহিত সেবনও প্রশস্ত। লঙ্ঘিত বিসর্পরোগীকে যবের ও শালিতণ্ডুলের তর্পণ প্রস্তুত করিয়া তাহা ঘৃতাদি স্নেহের সহিত পান করিতে দিবে এবং উহা পরিপাক হইলে মুদ্গাদি যূষের সহিত পুরাতন শালিতণ্ডুলের অন্ন সেবন করিতে দিবে।

এই রোগে পরিপক্ক পুরাতন রক্তশালি, শ্বেতশালি, মহাশালি ও ষষ্টিক তণ্ডুলের অন্ন ভোজন প্রশস্ত। যব, গোধূম ও শালিতণ্ডুল ইহার মধ্যে যাহার পক্ষে যেটী অভ্যস্ত তাহার পক্ষে তাহাই উপকারী। বিদাহজনক অন্নপান, ক্ষীরমৎস্যাদি

গোত্তক বিসর্পে, রক্তষ্ঠীবন চিকিৎসা শ্লৈষ্মিক বিসর্পে, চিকিৎসা বাতিক বিসর্পে, বাতপিত্তপ্রশমন চিকিৎসা বিসর্পে এবং কফপিত্তপ্রশমন চিকিৎসা কর্দ্দমক বিসর্পে ও

রক্তপিত্তোল্বণ গ্রন্থিবিসর্পে প্রথমতঃ রুক্ষণ, লঙ্ঘন, বল্কলের পরিষেক ও প্রলেপ, জলৌকা দ্বারা রক্তমোক্ষণ, ও তিক্ত দ্রব্যের ক্বাথ প্রয়োগে বমন ও বিরেচন ক করিবে। বমন ও বিরেচন দ্বারা ঊর্দ্ধ ও অর্দ্ধ সংশু জলৌকা দ্বারা রক্ত অবসেচিত হইলে যখন রক্ত ও প্রশান্তি হয়, তখন বাতশ্লেষ্মহর যোগ সকল প্রয়োগ করা বি

গ্রন্থি বিসর্পে শূলুনি থাকিলে উষ্ণ উৎকারিকা (য মাদি জলে পাক করিয়া লেহবৎ যে পদার্থ করা যায়, নাম উৎকারিকা) ঘৃতাদি স্নেহযোগে স্নিগ্ধ করিয়া তদ্দ্ব বেশকরাদির দ্বারা প্রলেপ দিবে। দশমূলের ক্বাথ ও তৈল পাক করিয়া উষ্ণাবস্থায় সেই তৈল দিতে হইবে। গন্ধার কল্ক, শুষ্ক মূলকের কল্ক, ডহর-করঞ্জ-ছালের ব বহেড়ার কল্ক ঈষদুষ্ণ করিয়া গ্রন্থিবিসর্পে প্রলেপ দিবে। মূলের ছাল, চিতামূলের ছাল, মনসার আটা, আকন্দের গুড়, ভেলার মুটী ও হীরাকস, ইহাদের ক্বাথ ঈষদুষ্ণ প্রলেপ দিবে।

পূর্ব্বোক্ত ঔষধ দ্বারা যদি গ্রন্থিবিসর্প প্রশমিত না হয়, হইলে ক্ষার দ্বারা তপ্তশর বা তপ্তলৌহ দ্বারা দাহ ক অথবা ব্রণশোথোক্ত ব্রণ পক্ক করিবার ঔষধ দ্বারা উহা পা উৎপাটিত করিতে হইবে। তৎপরে বহির্গমনোন্মুখ রক্ত পুনঃ মোক্ষণ করিবে। রক্ত অপহৃত হইলে বাতশ্লেষ্ম শিরোবিরেচন ধূমপ্রয়োগ ও পরিমর্দ্দন করিবে। ইহাতে দোষের প্রশম না হয়, তাহা হইলে ব্রণশোথোক্ত পাচন ব্যবস্থা করিবে। দাহ ও পাক দ্বারা গ্রন্থি প্রক্লিন্ন হইবে ও অভ্যন্তর শোধন ও রোপণ ঔষধ প্রয়োগ দ্বারা ব্রণশে চিকিৎসা করিতে হইবে। কমলাগুঁড়ি, বিড়ঙ্গ ও দারুহ ত্বক্, ইহাদের কল্ক দ্বারা চতুর্গুণ জলে তৈল পাক গ্রন্থিক্ষতে প্রয়োগ করিবে। অভিহিত যোগগুলির রক্তমোক্ষণের প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া কার্য্য করিতে হ বিশেষ বিশেষ দোষ ও উপদ্রব উপস্থিত হইলে যাহাতে সকল দোষ ও উপদ্রবের শান্তি হয়, নিয়ত তাহারই করিতে হইবে। (চরকসংহিতা চিকিৎসিত স্থা০)

ভাবপ্রকাশে লিখিত আছে যে কুষ্ঠ ও অন্যান্য বণ

উক্ত ভাব প্রকাশ এবং সুশ্রুত প্রভৃতি বৈদ্যক গ্রন্থেও এই রোগের নিদান ও চিকিৎসাদির বিষয় বিশদ রূপে অভিহিত হইয়াছে, বাহুল্য ভয়ে তাহা লিখিত হইল না।

বিসর্পজ্বর (পুং) বিসর্পরোগজন্য জ্বর, বিসর্পরোগের শঙ্কায় যে জ্বর হয়। [বিসর্প শব্দ দেখ]

বিসর্পণ (ক্লী) বি-সৃপ-ল্যুট্। প্রসরণ, ব্যাপন, বিস্তৃত হওয়া। ২ স্ফোটকাদির উৎসেক। ৩ নিক্ষেপ।

"শোষণং সাগরস্যেব মেরোরিব বিসর্পণম্।
পতনং ভাস্করস্যেব ন মৃষ্যে দ্রোণপাতনম্॥" (ভারত ৭।৮।১৩)

বিসর্পি (পুং) বিসর্প, বিসর্পরোগ। (রাজনি°)

বিসর্পিকা (স্ত্রী) রোগভেদ, বিসর্প।

"দদ্রু-বিচর্চ্চিকা-জ্বরবিসর্পিকাঃ পাণ্ডুরোগাশ্চ॥"
(বৃহৎসংহিতা ৩২।১৪)

বিসর্পিন্ (ত্রি) বি-সৃপ-ণিনি। ১ বিসরণশীল। ২ বিসর্প রোগযুক্ত।

বিসর্পিণী (স্ত্রী) শ্বেতবৃহ্লালতা, যবতিক্তালতা। (রাজনি°)

বিসর্ম্মন্ (ত্রি) বিসরণশীল। "বিসর্ম্মাণং কৃণুহি" (ঋক্ ৫।৪২।৯)
'বিসর্ম্মাণং বিসরণশীলং' (সায়ণ)

বিসল (ক্লী) বিসং লাতীতি-লা-ক। পল্লব। (ত্রিকা°)

বিসল্ল[ক] (পুং) বিসর্পক রোগ।

"বিসল্লকস্য বিসর্পকস্য নাম" (অথ° ১৬।১২৭।১ সায়ণ)

বিসবর্ত্মন্ (ক্লী) বর্ত্মগত নেত্ররোগভেদ। লক্ষণ—যে নেত্ররোগে ত্রিদোষের প্রকোপ হেতু বর্ত্মের বহির্ভাগে শোথ উৎপন্ন হইয়া ঐ শোথের অভ্যন্তরে বহুসংখ্যক ছিদ্র হয় এবং সেই ছিদ্র দ্বারা জলের ন্যায় অত্যন্ত স্রাব নির্গত হয়, তাহাকে বিসবর্ত্ম কহে।

শূনং যদ্বর্ত্ম বহুভিঃ সূক্ষ্মৈশ্ছিদ্রৈঃ সমন্বিতম্।
বিসমম্বুর্জলমিব বিসবর্ত্মেতি তন্মতম্॥" (সুশ্রুত° উত্তরতন্ত্র° ৩অ°)

বিসামগ্রা (স্ত্রী) কারণাভাব।

বিসার (পুং) বিশেষেণ সরতীতি সৃ-গতৌ (ব্যাধিমৎস্যবলে-ষ্বিতি বক্তব্যং। পা ৩।৩।১৭) ইত্যস্য বার্ত্তিকোক্ত্যা ঘঞ্। ১ মৎস্য। ২ নির্গম।

"হিরণ্যকেশো রজসো বিসারে" (ঋক্ ১।৭৯।১)
'বিসারে বিসরণে মেঘান্নির্গমনে' (সায়ণ)

৩ বিস্তার। ৪ প্রবাহ। ৫ উৎপত্তি।

বিসারথি (ত্রি) বিগতঃ সারথির্যস্মাৎ। সারথিশূন্য, সারথিরহিত।

বিসারিন্ (ত্রি) বি-সৃ-ণিনি। প্রসারণশীল, পর্য্যায়—বিসৃত্বর, বিস্রময়, প্রসারী। (অমর)

বিসারিত বি-সৃ-ণিচ্-ক্ত। প্রসারিত, বিস্তৃত।

বিসারিণী (স্ত্রী) বিসারিন্-ঙীষ্। ১ মাষপর্ণী। ২ প্রসরণশীলা।

নিধূর্ম্মস্য বিসারিণ্যো জ্বালাহব্যভুজো দধুঃ।" (রাজতর° ৮।৯৮২)

বিসিনী (স্ত্রী) বিসমস্ত্যস্যাঃ ইতি বিস্ পুষ্করাদিভ্যশ্চ ইতি ইনি, ঙীষ্। ১ পদ্মিনী। ২ মৃণাল। (রাজনি°)

বিসির (ত্রি) বিশির, শিরারহিত।

বিসিস্মাপয়িষু (ত্রি) বিস্মাপয়িতুমিচ্ছুঃ বি-স্মি-ণিচ্-সন্-উ। বিস্ময় জন্মাইতে ইচ্ছুক।

বিসুকল্প (পুং) রাজপুত্রভেদ। (তারনাথ)

বিসুকৃৎ (ত্রি) মন্দকারী।

বিসুকৃত (ত্রি) অধর্ম্ম, পাপ।

বিসুখ (ত্রি) বিগতং সুখং যস্য। সুখরহিত।

বিসুত (ত্রি) বিগতপুত্র, সুতরহিত।

বিসুহৃদ্ (ত্রি) সুহৃদ্বিহীন, বন্ধুরহিত।

বিসূচিকা (স্ত্রী) বিশেষেণ সূচয়তি মৃত্যুমিতি বি-সূচ-অচ্ স্ত্রিয়াং ঙীষ্, বিসূচী-স্বার্থে কন্ টাপ্। রোগভেদ, অজীর্ণরোগ, চলিত ওলাউঠা রোগ। এই রোগের নামনিরুক্তি ও লক্ষণ—

"সূচীভিরিব গাত্রাণি তুদন্ সন্তিষ্ঠতেঽনিলঃ।
যত্রাজীর্ণেন সা বৈদ্যৈ র্বিসূচীতি নিগদ্যতে॥
ন তাং পরিমিতাহারা লভন্তে বিদিতাগমাঃ।
মূঢ়াস্তামজিতাত্মানো লভন্তেঽশনলোলুপাঃ॥"
(ভাবপ্রকাশ অজীর্ণরোগাধি°)

অজীর্ণহেতু বায়ু যদি রোগীর শরীরে সূচীবিদ্ধবৎ বেদনা জন্মায়, তাহা হইলে তাহাকে বিসূচিকা রোগ কহে। যে ব্যক্তি আয়ুর্ব্বেদশাস্ত্রে ব্যুৎপন্ন এবং পরিমিত আহার করেন, তিনি কখনও বিসূচীরোগে আক্রান্ত হন না, ভক্ষ্যাভক্ষ্য সম্বন্ধে অনভিজ্ঞ, ইন্দ্রিয়পরবশ এবং পশুর ন্যায় অপরিমিতভোজী, এই সকল ব্যক্তিই উক্ত রোগে আক্রান্ত হইয়া থাকে।

আমাজীর্ণ প্রভৃতি রোগ অতিশয় বর্দ্ধিত হইলে তাহা হইতেই বিসূচিকাদি জন্মিয়া থাকে। অর্থাৎ আমাজীর্ণ হইতে বিসূচিকা, বিদগ্ধাজীর্ণ হইতে অলসক এবং বিষ্টব্ধাজীর্ণ হইতে বিলম্বিকা রোগ হয়।

অত্যন্ত জলপান, বিষমাশন, ক্ষুধা ও মলমূত্রাদির বেগধারণ, দিবানিদ্রা এবং রাত্রি জাগরণ দ্বারা মানবগণের নিয়মিত, লঘু অথচ যথাকালভুক্ত আহারও পরিপাক হয় না, পিপাসা, ভয়, ও ক্রোধপীড়িত, লুব্ধরোগী, দৈন্যগ্রস্ত এবং অসূয়াকারী, ইহাদিগেরও ভুক্ত অন্ন সম্যক্‌রূপে পরিপাক হয় না, কিন্তু উপরি উক্ত কারণ সমূহের মধ্যে অতি মাত্রায় ভোজনই অজীর্ণ রোগের মূল কারণ। পশুর ন্যায় অপরিমিত ভোজনকারী অনভিজ্ঞ ব্যক্তিগণই বিসূচিকা প্রভৃতি রোগসমূহের মূলীভূত অজীর্ণরোগ-

কর্ত্তৃক আক্রান্ত হইয়া থাকে। আমাজীর্ণ হইতেই বিসূচিকা রোগ হয়। আমাজীর্ণে রোগীর শরীর ও উদর গুরু, বিবমিষা, কপোল ও চক্ষুর্গোলকে শোথ এবং উদ্গার বাহুল্য হয়। কিন্তু মধুরাদি যে কোন দ্রব্য আহার করা যায় তাহাতে কিছুমাত্র অম্ল জন্মায় না।

লক্ষণ—বিসূচিকা রোগে মূর্চ্ছা, অতিশয় মলভেদ, বমি, পিপাসা, শূল, ভ্রম, হাত ও পায়ে খিলধরা, এবং জৃম্ভা, দাহ, শরীরের বিবর্ণতা, কম্প, হৃদয়ে বেদনা ও শিরঃশূল হইয়া থাকে।

উপদ্রব—অনিদ্রা, গ্লানি, কম্প, মূত্ররোধ এবং অজ্ঞানতা, এই পাঁচটী বিসূচিকার প্রধান উপদ্রব। এই সকল উপদ্রব হইলে রোগীর জীবনের আশা কম।

অরিষ্ট লক্ষণ—এই রোগে যদি দন্ত, ওষ্ঠ ও নখ শ্যাববর্ণ হয়, চক্ষুর্দ্বয় অন্তঃপ্রবিষ্ট এবং মোহ, বমি, ক্ষীণজ্বর ও সন্ধিসমূহ শিথিল হয়, তাহা হইলে রোগীর জীবনের আশা কম।

(ভাবপ্র° অজীর্ণরোগাধি°)

আয়ুর্ব্বেদশাস্ত্রে এই রোগ অজীর্ণরোগের অন্তর্ভূত বলিয়া অভিহিত হইয়াছে। ইহা অতি ভয়ঙ্কর এবং আশু প্রাণ-নাশক ও সংক্রামক। অতিবৃষ্টি, বায়ুর আর্দ্রতা কিংবা স্থিরতা, অতিশয় উষ্ণবায়ু, অপরিষ্কৃত জলবায়ু, অতিরিক্ত পরিশ্রম, আহারের অনিয়ম, ভয়, শোক বা দুঃখ প্রভৃতি মানসিক যন্ত্রণা, অধিক জনপূর্ণ স্থানে বাস, রাত্রি জাগরণ এবং শারীরিক দুর্ব্বলতা প্রভৃতিকে এই রোগের নিদান বলা যাইতে পারে। উদরাময় না হইয়াও যে সকল ব্যক্তির বিসূচিকা রোগ উৎপন্ন হয়, তাহাদের প্রথমতঃ শারীরিক দুর্ব্বলতা, অঙ্গে কম্পন, মুখশ্রীর বিবর্ণতা, উদরের ঊর্দ্ধভাগে বেদনা, কর্ণমধ্যে বিবিধ শব্দ শ্রবণ, শিরঃপীড়া ও শিরোঘূর্ণন প্রভৃতি পূর্ব্বরূপ প্রকাশ পাইতে দেখা যায়।

ইহার সাধারণ লক্ষণ যুগপদ্ ভেদ ও বমন, এইজন্য ইহাকে ভেদবমিও বলে। প্রথমে দুই একবার উদরাময়ের ন্যায় মলভেদ ও ভুক্তদ্রব্য বমন হইয়া পরে যব বা চাউলের ক্বাথের ন্যায় অথবা পচা কুমড়ার জলের ন্যায় জলবদ্ ভেদ এবং জল বমন হইতে থাকে। কখন কখন রক্তবর্ণ ভেদ হইতেও দেখা যায়। উদরে বেদনা থাকে, মলের গন্ধ পচা মৎস্যের ন্যায় হয় এবং মূত্ররোধ হইয়া যায়। ক্রমশঃ চক্ষুর্দ্বয় কোটরগত, ওষ্ঠদ্বয় নীলবর্ণ, নাসিকা উচ্চ, হাতপায়ে খিলধরা এবং উহা শীতল ও সঙ্কুচিত, অঙ্গুলির অগ্রভাগ চুপসিয়া যাওয়া, শরীর রক্তশূন্য ও ঘর্ম্ম-যুক্ত, নাড়ীক্ষীণ, শীতল অথচ বেগযুক্ত এবং ক্রমে ক্রমে লুপ্ত, হিক্কা, দারুণ পিপাসা, মোহ, ভ্রম, প্রলাপ, জ্বর, অন্তর্দাহ, স্বরভঙ্গ, অস্থিরতা, অনিদ্রা, শিরোঘূর্ণন, শিরোবেদনা, কর্ণমধ্যে বিবিধ শব্দ শ্রবণ, চক্ষুর্দ্বারা নানাপ্রকার মিথ্যা রূপদর্শন, জিহ্বার ও নিশ্বাসের শীতলতা এবং দন্ত বাহির হইয়া পড়া প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়।

দোষপ্রকোপ লক্ষণ—এই রোগে বায়ুর প্রকোপ অধিক হইলে ভেদ বমনের অল্পতা, উদরের বেদনা, অঙ্গমর্দ্দ, মুখশোষ, মূর্চ্ছা, ভ্রম, শিরাসঙ্কোচ প্রভৃতি লক্ষণ অধিক প্রকাশিত হয়। পিত্তের আধিক্যে অধিক পরিমাণে ভেদ, জ্বর, অন্তর্দ্দাহ, তৃষ্ণা, মোহ ও প্রলাপ প্রভৃতি লক্ষণ এবং কফের আধিক্যে অধিক পরিমাণে বমন, আলস্য, শরীর ভার বোধ শীতজ্বর ও অরুচি প্রভৃতি লক্ষণগুলি বিশেষরূপে লক্ষিত হইয়া থাকে।

এই অবস্থায় শারীরিক সন্তাপ একেবারে কমিয়া যায়। কাহারও কাহারও মৃত্যুর দুই এক ঘণ্টা পূর্ব্বে কপাল, গণ্ডস্থল ও বক্ষোদেশে সন্তাপাধিক্য হয়। উক্ত লক্ষণ সমূহের মধ্যে গাত্রদাহ, নিদ্রা নাশ, শারীরিক বিবর্ণতা, উদর, মস্তক ও হৃদয়ে অতিশয় বেদনা, ভ্রান্তি, প্রলাপ, স্বরভঙ্গ, কম্প ও অস্থিরতা প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইলে রোগীর জীবনের আশা করা যায় না; আর যদি ক্রমশঃ ভেদ ও বমির অল্পতা, পিত্তমিশ্রিত মল-ভেদ, শারীরিক সন্তাপের বৃদ্ধি, উদরের বেদনা নাশ, নিয়মিত নিঃশ্বাস প্রশ্বাস, তৃষ্ণার অল্পতা, নিদ্রা, স্বাভাবিক বর্ণের প্রকাশ, ও মূত্রস্রাব প্রভৃতি লক্ষণ দেখিতে পাওয়া যায়, তাহা হইলে রোগীর জীবনের আশা করা যাইতে পারে।

এই রোগ প্রায়ই রাত্রিকালে বা প্রাতঃকালে আক্রমণ করে। তবে কোন কোন স্থলে অন্য সময়েও ইহার আক্রমণ দেখিতে পাওয়া যায়। ইহার ভোগকালের কোন নিশ্চয়তা নাই। কাহারও ২, ৪ ঘণ্টা মধ্যেই মৃত্যু হয়, আবার কেহ বা ২, ৪ দিন পরেও মরে।

চিকিৎসা—এই রোগ হইবামাত্রই ইহার চিকিৎসা করা আবশ্যক। কিন্তু এই রোগের প্রথমে বলবান্ ধারক ঔষধ সেবন করা বিধেয় নহে। তাহাতে আপাততঃ ভেদ নিবারিত হইলেও বমন বৃদ্ধি ও উদরাধ্মান প্রভৃতি উপসর্গ উৎপন্ন হইতে পারে। আরও, কিয়ৎক্ষণের জন্য ভেদ নিবারিত হইয়া পরে আবার অধিক পরিমাণে ভেদ হইবার আশঙ্কা থাকে। এইজন্য প্রথম অবস্থায় ধারক ঔষধ অতি অল্প মাত্রায় বারংবার প্রয়োগ করা উচিত। অজীর্ণ জন্য এই রোগ উৎপন্ন হইলে প্রথমে পাচক ও অল্পধারক ঔষধ প্রয়োগ করাই সদ্ব্যবস্থা। নৃপবল্লভ প্রভৃতি ঔষধ অজীর্ণ জনিত বিসূচীকায় বিশেষ উপকারক।

অপর, বিসূচিকা রোগে প্রথমে দারুচিনি ৮০ কুঙ্কুম ৮০ লবঙ্গ

।৵০ ও ছোট এলাচের দানা ।০ আনা পৃথক্ পৃথক্‌ভাবে উত্তমরূপে চূর্ণ করিয়া ২৫ তোলা ইক্ষুচিনির সহিত ভালমত মিশ্রিত করিবে। সমুদয় মিশ্রিত করিয়া যত ওজন হইবে, তাহার তিন ভাগের এক ভাগ চাখড়ী চূর্ণ তাহার সহিত মিশ্রিত করিয়া রোগ ও রোগীর বলানুসারে ১০ হইতে ৩০ রতি পর্য্যন্ত মাত্রায় বারংবার সেবন করাইবে। ২০ বৎসরের যুবক হইতে ৫০ বৎসরের বৃদ্ধ রোগীকে ঐ ২০ রতি চূর্ণের সহিত অর্দ্ধরতি পরিমাণ অহিফেন মিশ্রিত করিয়া সেবন করান যাইতে পারে। তাহার কম বয়স্ক রোগীকে অহিফেন না দিয়া কেবল ঐ চূর্ণই দিতে হইবে। রোগীর বয়স এবং রোগের প্রাবল্য অনুসারে ঔষধের অর্দ্ধ, সিকি প্রভৃতি মাত্রায় দেওয়া যাইতে পারে। অহিফেন অর্দ্ধরতি, মরিচচূর্ণ সিকি রতি, হিং সিকি রতি ও কর্পূর ১ রতি, একত্র মিশ্রিত করিয়া এক এক মাত্রা এক একবার ভেদের পর সেবন করাইবে। ভেদ বন্ধ হইয়া গেলে ২।৩ দিন পর্য্যন্ত সমস্ত দিনমান ভো'র ৩ মাত্রা সেবন করাইতে হইবে। অহিফেনাসবও এই রোগের প্রশস্ত ঔষধ। ৫ হইতে ১০ বিন্দু পর্য্যন্ত মাত্রায় বিবেচনা করিয়া শীতল জলসহ প্রয়োগ করিবে। মুস্তাদ্য বটী, কর্পূর রস, গ্রহণীকবাটরস প্রভৃতি এবং অতীসার ও গ্রহণীরোগোক্ত প্রবল অতীসারনাশক ঔষধ সকলও এই রোগে প্রয়োগ করা যায়। এই সকল ঔষধ ব্যবহারকালে অল্প পরিমাণে মৃতসঞ্জীবনীসুরা জলমিশ্রিত করিয়া সেবন করাইলে বিশেষ উপকার হয়। কিন্তু বমনবেগ বা হিক্কা থাকিলে সুরা না দিয়া সীধু পান করাইবে। তাহাদ্বারা হিক্কা, বমি, পিপাসা ও উদরাধ্মান নিবারিত হয়। একছটাক্ ইন্দ্রযব একসের জলের সহিত সিদ্ধ করিয়া একপোয়া থাকিতে নামাইয়া একতোলা পরিমাণে প্রতি অর্দ্ধঘণ্টা অন্তর পান করাইবে, ইহাতেও বিশেষ উপকার হয়।

অপাঙ্গের মূল জলের সহিত বাটিয়া সেবন করিলে বিসূচিকা রোগের শান্তি হয়। উচ্চে বা করলার পাতার ক্বাথে পিপুল চূর্ণ প্রক্ষেপ দিয়া সেবন করিলে বিসূচিকা নিবারিত এবং জঠরাগ্নি উদ্দীপিত হয়। বেলশুঁঠ ও শুঁঠ এই দুই দ্রব্যের ক্বাথ বা ইহার সহিত কট ফলের ক্বাথ একত্র করিয়া সেবনেও বিশেষ উপকার হয়।

বমনরোধ ও মূত্রনিঃসারণ উপায়—অতিশয় বমন হইতে থাকিলে এক অঞ্জলি খই ও এক তোলা চিনি একত্র দেড়পোয়া জলে ভিজাইয়া কিছুক্ষণ পরে ছাকিয়া লইবে, পরে তাহার সহিত বেণার মূল ১ তোলা, ছোট এলাচ অর্দ্ধ তোলা ও মৌরি অর্দ্ধতোলা বাটিয়া এবং শ্বেত চন্দন ১ তোলা ঘষিয়া মিশ্রিত করিবে, এই জল অর্দ্ধতোলা মাত্রায় অর্দ্ধ ঘণ্টা অন্তর পান করাইলে বমন নিবারিত হয়। সর্ষপ বাটিয়া উদরে প্রলেপ দিলেও বমন নিবৃত্তি হয় এবং বমন রোগে যে সকল ঔষধ অভিহিত হইয়াছে, বিবেচনা করিয়া তাহাও প্রয়োগ করা যাইতে পারে। মূত্রনিঃসারণ জন্য পাথরকুচি, হিমসাগর বা লোহাচুর নামক পাতার রস এক তোলা মাত্রায় সেবন করাইবে। অথবা গোক্ষুরবীজ, শশারবীজ, কাকুড়বীজ ও দুরালভা, ইহাদের ক্বাথের সহিত ৵০ আনা সোরাচূর্ণ মিশ্রিত করিয়া পান করাইবে। কুশ, কাশ, শর, দর্ভ (উলুয়াখড়) ও কৃষ্ণ ইক্ষু এই তৃণ পঞ্চ মূলের ক্বাথ সেবনেও মূত্র নিঃসরণ হইয়া থাকে। অর্দ্ধ ছটাক মাত্রায় ঢেঁড়স সিদ্ধ জল ৩।৪ বার সেবন করাইলে অথবা স্থলপদ্মের পাতার রস ১ তোলা কিঞ্চিৎ চিনির সহিত সেবন করাইলে মূত্র নিঃসারিত হয়। পাথর কুচির পাতা ও সোরা একত্র বাটিয়া বস্তিপ্রদেশে প্রলেপ দিলেও প্রস্রাব হয়। হস্তপদে খিলধরা নিবারণ জন্য টার্পিন তৈল ও সুরা একত্র মিশ্রিত করিয়া অথবা সর্ষপ তৈলের সহিত কর্পূর মিশ্রিত করিয়া মর্দ্দন করিবে। কেবল শুঁঠচূর্ণ মর্দ্দন করিলেও উপকার হয়। কুড়, সৈন্ধব, কাঁজি ও তিলতৈল একত্র বাটিয়া ঈষদুষ্ণ করিয়া মর্দ্দন করিলে খিলধরা নিবারিত হয়। চারুচিনি, তেজপত্র, রাস্না, অগুরু, সজিনাছাল, কুড়, বচ ও শুল্‌ফা এই সকল দ্রব্য কাঁজির সহিত বাটিয়া ঈষদুষ্ণ করিয়া মর্দ্দন করিলেও খিলধরার শান্তি হয়।

হিক্কা নিবারণ জন্য সান্নিপাত জ্বরোক্ত হিক্কানাশক যোগ সমূহ ব্যবহার করিবে অথবা কদলী মূলের রসের নস্য লইবে, কিংবা সরিষা বাটিয়া ঘাড়ে বা মেরুদণ্ডে প্রলেপ দিবে। উদরের বেদনা শান্তির জন্য যবচূর্ণ ও যবক্ষার একত্র ঘোলের সহিত বাটিয়া অল্প গরম থাকিতে থাকিতে উদরে প্রলেপ দিবে, অথবা টার্পিন তৈল উদরে মাখাইয়া স্বেদ দিবে। গরম জলের স্বেদ দিলে বা গরম জলে কোন পশমী বস্ত্র ভিজাইয়া নিঙ্‌ড়াইয়া তাহা দ্বারা স্বেদ দিলেও উপকার পাওয়া যায়।

রোগী পিপাসায় কাতর হইলে কর্পূর মিশ্রিত জল, অথবা বরফ জল পান করিতে দিবে। কাবাব চিনিচূর্ণ ১ তোলা, যষ্টিমধু চূর্ণ অর্দ্ধ তোলা ও কজ্জলী ।০ আনা মধুর সহিত মিশ্রিত করিয়া অল্প অল্প লেহন করিতে দিবে, ইহাতেও পিপাসার শান্তি হয়। লবঙ্গ, জায়ফল বা মুথার ক্বাথ সেবনেও পিপাসা এবং বমন বেগের শান্তি হয়। অধিক ঘর্ম্ম হইলে গাত্রে আবির মাখাইবে। অথবা প্রবাল ভস্ম মধুর সহিত লেহন করিতে দিবে। শিরঃশূল নিবারণ জন্য মস্তকে শীতল জলের পটি বসাইবে। সংজ্ঞানাশ হইলে হাতে পায়ে তাপ দিবে।

রোগীর জীবনের আশা হ্রাস হইয়া গেলে অথবা সান্নিপাতিক বিকারের ন্যায় চক্ষুদ্বয় রক্তবর্ণ, প্রলাপ, মূর্চ্ছা ও ভ্রম প্রভৃতি

অবস্থা বিশেষে ডাবেরজলের সহিত ইহার ২।৩টী করিয়া বটী ২।৩ বার পর্য্যন্তও প্রয়োগ করা যায়। তাহাতেও কোন উপকার না হইলে পুনর্ব্বার সেবন করান বৃথা। অন্তিমকালের হিমাঙ্গ অবস্থায় সূচিকাভরণ দেওয়ার পূর্ব্বে মৃগনাভি ও মকরধ্বজ প্রয়োগ করিলেও বিশেষ উপকার হয়।

এই রোগের চিকিৎসা বিষয়ে সর্ব্বদাই সতর্ক থাকা আবশ্যক। যেহেতু ইহা হইতে কোন্ মুহূর্ত্তে কি অনিষ্ট ঘটিবে, তাহা অনুমান দ্বারা জানিবার উপায় নাই। রোগীর গৃহ, শয্যা ও পরিধেয় বস্ত্রাদি সর্ব্বদা পরিষ্কার রাখিবে। গৃহে কর্পূর, ধুনা, ও গন্ধকের ধূম প্রদান করিবে। মলাদি অতি দূরে নিক্ষেপ করা উচিত। (সুশ্রুত)

ভাব প্রকাশে ইহার চিকিৎসা এইরূপ কথিত হইয়াছে—শঙ্খবটী, বৃহৎ শঙ্খবটী প্রভৃতি অজীর্ণ রোগাধিকারোক্ত ঔষধ প্রয়োগে বিসূচিকা রোগ প্রশমিত হয়। অপাঙ্গের ক্বাথ পান করিলে শূল ও বিসূচিকা নষ্ট হয়, করলার ক্বাথে তৈল এবং তুলার ক্বাথে পিপুল চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে বিসূচিকা নষ্ট ও অগ্নিবৃদ্ধি হয়। বেলশুঠের ক্বাথ বা শুঁঠ ও কট্‌ফলের ক্বাথও বিশেষ উপকারক।

ত্রিকটু, ডহর করঞ্জের ফল, হরিদ্রা, দারুহরিদ্রা, এবং ছোলঙ্গ লবুর মূল এই সকল দ্রব্যের চূর্ণের দ্বারা বটিকা প্রস্তুত করিবে। হা চক্ষুতে অঞ্জন রূপে প্রয়োগ করিলে বিসূচিকা নষ্ট হয়। পাঙ্গের পাতা ও মরিচ সমভাগে ঘোটকের লালা দ্বারা পেষণ রিয়া চক্ষুতে অঞ্জন দিলে বিসূচিকা নষ্ট হয়।

বিসূচিকা অতিশয় বর্দ্ধিত হইলে প্রাণরক্ষার নিমিত্ত তক্র ক্ষা সমজল দধি অথবা নারিকেল জল প্রয়োগ করিবে। রুচিনি, তেজপত্র, রাস্না, অগুরু, শজিনা, কুড়, বচ এবং লফা এই সকল একত্রে কাঁজীর সহিত পেষণ করিয়া মর্দ্দনে, অথবা ঐ সকল ঔষধের কল্ক দিয়া তৈল পাক করিয়া সেই তৈল খিলে বিসূচিকা নষ্ট হয়।

তিলতৈল ৪ সের, কুড় ও সৈন্ধব মিলিত ১ সের, চুক্র ৬ সের। এই তৈল যথাবিধানে পাক করিয়া মর্দ্দন করিলে সূচিকা রোগ জন্য হাতে পায়ে খিল ধরা নিবৃত্তি হয়। এই রোগে পিপাসা ও উৎক্লেশ উপস্থিত হইলে লবঙ্গের ক্বাথ বা জাতীফলের ক্বাথ অথবা নাগর মুথার ক্বাথ পান করাইবে। ইরোগে উদর আনদ্ধ এবং বেদনান্বিত থাকিলে দেবদারু,

বাষ্প বহির্গত হইতে না পারে, এরূপভাবে তাহার মুখ করিয়া তদ্দ্বারা স্বেদ দিবে অথবা অন্য কোন প্রকার উত্তপ্ত দ্বারা তাপ দিলেও বিসূচিকা নষ্ট হয়।

(ভাবপ্রকাশ অজীর্ণরোগাধি০ বিসূচিকা চি

পথ্যাপথ্য—রোগের প্রবলাবস্থায় উপবাস ব্যতীত কিছুই পথ্য নহে। পীড়ার হ্রাস হইয়া রোগীর ক্ষুধা হইলে পানিফলের পালো, এরারুট বা সাগু জলের সহিত করিয়া দেওয়া যাইতে পারে। অতিসার রোগোক্ত যব এই অবস্থায় বিশেষ উপকারী। এই সকল খাদ্যের স পাতি বা কাগ্‌চী নেবুর রস দেওয়া যাইতে পারে। সম্পূর্ণরূপে নিবারিত হইয়া অধিক ক্ষুধা হইলে পুরাতন চাউ অন্ন, সুমৎস্যের ঝোল এবং লঘুপাক দ্রব্য সেবন করিবে।

নিষিদ্ধ কর্ম্ম—সম্পূর্ণ স্বাস্থ্যলাভ না হওয়া পর্য্যন্ত কোন গুরুপাক দ্রব্য, ঘৃত বা ঘৃতপক্ব দ্রব্য ভোজন, মৈথুন, অ রৌদ্র সন্তাপ, ব্যায়াম বা অন্যান্য শ্রম জনক কার্য্য নিষি পূর্ব্বেই অভিহিত হইয়াছে যে অজীর্ণই এই রোগের কারণ। অতএব যে সকল কারণে অজীর্ণ হইতে পা তাহা পরিত্যাগ করা বিধেয়।

এলোপাথিক মতে ইহা, কলেরা মর্ব্বাস্, কলেরা স্প্যা মোডিকা, এসিয়াটিক্ কলেরা, ম্যালিগ্‌নেণ্ট কলেরা বা এ ডেমিক্ কলেরা বলিয়া খ্যাত।

ইহা অত্যন্ত সংক্রামক ও সাঙ্ঘাতিক পীড়া। সময় একস্থানে আরম্ভ হইয়া বহুস্থান ব্যাপিয়া পড়ে এবং কখন ব সাময়িকরূপে প্রাদুর্ভূত হইতে দেখা যায়। বমন ও জলবৎ ত্যাগ সহ শরীর হিমাঙ্গ হওয়াই ইহার প্রধান লক্ষণ।

প্রথমে এই রোগ মধ্য-এসিয়াখণ্ডে প্রাদুর্ভূত হয় ভারতে ইহা বিশেষভাবে প্রকটিত হইতে থাকে। ভা মহাসাগরস্থ দ্বীপপুঞ্জেও ইহা মহামারকরূপে কএক শ ধরিয়া প্রবল আকারে দেখা দিতেছে। খৃষ্টীয় ১৭ শ শতা শেষভাগে ইহা প্রথমে ভারতে দেখা দেয়, তৎপরে ক্রমে নানা দেশে ছড়াইয়া পড়ে, কিন্তু অন্যান্য স্থান অপেক্ষা মাত্র নিম্নবঙ্গই এই রোগের লীলাস্থল বলিলে অত্যুক্তি না। প্রতিবৎসর অগ্রহায়ণ হইতে চৈত্রমাস পর্য্যন্ত এখান লক্ষ লক্ষ অধিবাসী বিসূচিকারোগে আক্রান্ত হইয়া জী হারাইতেছে।

ভারতবর্ষীয় সৈন্যাধ্যক্ষ সার্ আয়ারকুটের (Sir Eyre Coote) সৈন্যগণকে এই রোগাক্রান্ত হইতে দেখা যায়; তৎপরে ১৮১৭ খৃষ্টাব্দে চট্টগ্রাম, ময়মনসিংহ ও যশোহর জেলায় এই রোগ প্রাদুর্ভূত হয়। তদবধি এই পীড়া সম্বন্ধে বিশেষ আলোচনা হইতেছে।

১৮২৩ খৃষ্টাব্দে ইহা এসিয়া-মাইনর ও এসিয়াস্থ রুষরাজ্যে বিস্তৃত হয়। তারপর ১৮৩০ খৃষ্টাব্দ পর্য্যন্ত এসিয়ার অপর কোন স্থানে প্রবলভাবে আর দেখা দেয় নাই। শেষোক্ত বর্ষে পারস্যরাজ্যে ও কাস্পায় সাগরের উপকূলদেশে এবং তথা হইতে য়ুরোপের রুষসাম্রাজ্যে বিসূচিকা বিস্তৃত হইয়া মধ্য ও উত্তর য়ুরোপ জনশূন্য করে। পরে ১৮৩১ খৃষ্টাব্দে উহা ইংলণ্ডের সাদরলণ্ড বিভাগে এবং ১৮৩২ খৃষ্টাব্দে লণ্ডন নগরে কলেরার প্রাদুর্ভাব লক্ষিত হয়। অতঃপর ফ্রান্স, স্পেন, ইতালী, উত্তর ও দক্ষিণ আমেরিকার প্রধান প্রধান জনপদে বিস্তৃত হইয়া পড়ে। ১৮৩৫ খৃষ্টাব্দে উত্তর আফ্রিকার নীলনদপ্রবাহিত জেলাসমূহে বিসূচিকা দেখা দেয়, কিন্তু তাহার পূর্ব্বে আরব, তুরুস্ক ও মিসর রাজ্যের অন্যান্য স্থানে এই রোগ প্রভাব বিস্তার করিয়াছিল। ১৮৩৭ খৃষ্টাব্দে ইহা পুনরায় য়ুরোপ মহাদেশভাগে দেখা দিয়া মহামারী উপস্থিত করে।

১৮৪১ খৃষ্টাব্দে ভারতে ও চীনরাজ্যে প্রবল প্রকোপে বিসূচিকা প্রাদুর্ভূত হয় এবং ক্রমে উহা নানা স্থানে ছড়াইয়া পড়ে। ১৮৪৭ খৃষ্টাব্দে উহা পুনরায় রুষিয়া ও জর্ম্মণি হইয়া ইংলণ্ডে বিস্তৃত হয়, পরে তথা হইতে ক্রমে ফরাসীরাজ্য হইয়া আমেরিকা ও ওয়েষ্ট ইণ্ডিজ্ দ্বীপে দেখা দেয়। ১৮৫০ খৃষ্টাব্দে এসিয়ায় কলেরা রোগের প্রাদুর্ভাব হয় এবং উহা ধীরে ধীরে ১৮৫৩ খৃষ্টাব্দে য়ুরোপে প্রবেশ করে। উহা প্রায় পরবর্ত্তী দুই বৎসর কাল য়ুরোপে ব্যাপ্ত থাকিয়া ক্রিমিয়া যুদ্ধে ব্যাপৃত সেনাদলকে নিগৃহীত করিয়াছিল। অতঃপর ১৮৬৫-৬৬ খৃষ্টাব্দে পুনরায় য়ুগোপে প্রবলভাবে বিসূচিকা দেখা দিয়াছিল।

এই পীড়ার বিষ মলে ও বমনাদিতে অবস্থান করে এবং তাহা মক্ষিকাদি দ্বারা কোনপ্রকারে জল, দুগ্ধ বা অন্য কোন খাদ্যদ্রব্যে সংযুক্ত হইয়া অথবা মলের আঘ্রাণ দ্বারা দেহে প্রবিষ্ট হয়। অণুমাত্র এই বিষ কোন খাদ্য বা পানীয়ের সহিত উদরস্থ হইলে রোগোৎপন্ন হইতে পারে। ডাঃ পেটেন্‌কফার (Dr. Pettenkofer) বলেন যে, যদি বিসূচিকার মল ভূতলে পতিত হয়, তাহা হইলে ভূমির উত্তাপ দ্বারা এই বিষাক্ত পদার্থ বাষ্পাকারে বায়ুর সহিত ভূতল হইতে ঊর্দ্ধে গমন করে এবং স্থানান্তরিত হয়। মতান্তরে এই বিষ একপ্রকার সূক্ষ্ম উদ্ভিজ্জ মাত্র; কিন্তু ডাঃ লুইস্ ও কানিংহাম (Dr Lowis and Cunningham) অণুবীক্ষণ দ্বারা পরীক্ষা করিয়া উক্তরূপ কোন পদার্থের অস্তিত্ব উপলব্ধি করিতে পারেন নাই। সম্প্রতি ডাঃ কোচ (Dr. Koch) ১৮৮৪ খৃষ্টাব্দে ঐ মল মধ্যে কমা-ব্যাসিলস্ (Comma Bacillus) নামক এক প্রকার সূক্ষ্ম উদ্ভিজ্জ আবিষ্কার করিয়াছেন। তিনি বলেন যে, পীড়ার কঠিন অবস্থায় মল মধ্যে বহুসংখ্যক বাসিলাস্ দেখা যায়। অন্ত্র দিয়া উহারা লিবারকুন্ (Lieberkuhn) গ্ল্যাণ্ড ও এপিথিলিয়ম্ (শ্লৈষ্মিক ঝিল্লী) পর্য্যন্ত প্রবেশ করে, কিন্তু অন্ত্রের নিম্নস্থ বিধানে দেখিতে পাওয়া যায় না। ডাঃ হালিয়ারের (Dr. Hallier) মতে, উল্লিখিত ব্যাধিতে ইউরোসিষ্ট (Urocyst) নামক একপ্রকার সূক্ষ্ম উদ্ভিজ্জ অন্ত্রের মধ্যে প্রবেশ করিয়া তথায় বহুসংখ্যায় বিভক্ত হইয়া তাহা অন্ত্রস্থ ইপিথিলিয়েল্ কোষসমূহকে ধ্বংস করে এবং তদ্দ্বারা অন্ত্রের বৃদ্ধি পায়। বারংবার মলত্যাগ হইলে রক্তের জলীয়াংশ নির্গত হয় এবং তজ্জন্য শোণিত গাঢ় হইয়া অন্যান্য কঠিন লক্ষণ সকল উৎপাদন করে; এই মতানুসারে বিষাক্ত পদার্থ প্রথমতঃ অন্ত্রের মধ্যে প্রবেশ করিয়া থাকে। তিনি আরও বলেন যে,নিম্নলিখিত ঔষধ সকলের দ্বারা উক্ত উদ্ভিজ্জ নষ্ট হইতে পারে। যথা—ফেরি-সল্ফ্, কার্ব্বলিক্ এসিড্, পারম্যাঙ্গনেট্ অব্ পটাশ এবং এল্‌কোহল। ডাঃ জন্‌সন্ (Dr. Johnson) বলেন যে, এই পীড়ার বিষ অগ্রে রক্তে প্রবেশ করে এবং দূষিত রক্তের সঞ্চালন হেতু স্নায়ুমণ্ডল ও স্নৈহিক স্নায়ু (সিম্পেথেটিক্ নার্ভের) ক্রিয়ার পরিবর্ত্তন ঘটায় এবং তদ্দ্বারাই অন্ত্রের ভাসো মোটর নার্ভের অবশতা উৎপাদন করে। উক্ত প্রকার অবশতা হেতু সূক্ষ্ম সূক্ষ্ম ধমনী ও কৈশিকা হইতে রক্তের জলীয়াংশ অন্ত্র দিয়া অধিক পরিমাণে বহির্গত হয়; তৎপরে বমন ও হিমাঙ্গ প্রভৃতি কঠিন কঠিন লক্ষণ সমূহ উপস্থিত হইয়া রোগকে বিভীষিকাময় করিয়া তুলে। ইহাতে ফুসফুসের কৈশিকা সকল সঙ্কুচিত থাকে এবং রক্তসঞ্চালনক্রিয়া সুচারুরূপে নির্ব্বাহিত হয় না। সময় সময় এই পীড়া মারীর আকারে (এপিডেমিকরূপে) উপস্থিত হয় এবং ২০।২৫ দিন বা এক মাস পর্য্যন্ত প্রবল ভাবে উপস্থিত থাকিয়া পরে বায়ুর কোন পরিবর্ত্তন হেতু অকস্মাৎ অদৃশ্য হইতে দেখা যায়।

বিশেষভাবে পর্য্যবেক্ষণ করিয়া দেখিলে এই রোগের কারণ অবধারিত করা যায়;—(১) অতি বৃষ্টি। (২) বায়ুর আর্দ্রতা কিংবা স্থিরতা। (৩) অত্যুষ্ণ বায়ু; অথবা বায়ুর মধ্যে ওজন (Ozone) নামক বাষ্পের অবস্থিতি। (৪) অপরিষ্কৃত জল ও বায়ু। (৫) অতিরিক্ত পরিশ্রম বিশেষতঃ অধিক দূরগমনের পর ক্লান্তি, আহারের অনিয়ম, মনকষ্ট, শোক, দরিদ্রতা, জনতা এবং রাত্রিজাগরণ ইত্যাদি। (৬) অধিক বয়স কিংবা শারীরিক

দৌর্ব্বল্য। (৭) পীড়িত ব্যক্তির নিকট অবস্থান বা তথা হইতে মনুষ্যের যাতায়াত নিবন্ধন। (৮) নবাগত ব্যক্তিগণের শীঘ্র আক্রান্ত হওন। ফুস্‌ফুস্‌ ও অন্ত্রের মধ্য দিয়া ঐ বিষাক্ত পদার্থের দেহে প্রবেশ ও পূর্ণ বিকাশ ইহার উদ্দীপক কারণ।

রোগের অবস্থানুসারে রোগীর অনেক শারীরিক পরিবর্ত্তন ঘটে। হিমাঙ্গ অবস্থায় মৃত্যু হইলে চর্ম্ম নীলাভ এবং নিম্নাংশ সকল ঈষৎ লালবর্ণ ও হস্তপদের চর্ম্ম সঙ্কুচিত হইতে দেখা যায়। মৃতদেহ শীঘ্র দৃঢ় ও বিকৃত হয়। মৃত্যুর অনতিবিলম্বে উত্তাপ কিছু বৃদ্ধি পায় এবং মৃতদেহ কিয়ৎকালের জন্য উত্তপ্ত থাকে।

রোগাক্রমণের পর রক্তসঞ্চালন-যন্ত্রের বিকৃতি ঘটিতে থাকে। হৃৎপিণ্ডের বামকোটর, ধমনী এবং চর্ম্মের কৈশিকা এবং দক্ষিণ কোটর, পল্‌মোনারি শিরা ও পল্‌মোনারি কৈশিকা সকল রক্তশূন্য হয়। ডাঃ মাক্‌নেমারা (Dr. Macnamara) বলেন যে, মৃত্যুর অব্যবহিত পরেই দেহপরীক্ষা করিলে হৃৎপিণ্ডের উভয় কোটরকে রক্তে পরিপূর্ণ দেখা যায়; কিন্তু রাইগর মর্টিস্‌ জন্য বামকোটর রক্তশূন্য হয় এবং দক্ষিণকোটর ও সর্ব্বাঙ্গের শিরা সকল রক্তে পরিপূর্ণ থাকে। রক্তমধ্যেও অনেক পরিবর্ত্তন ঘটে; রক্তের আপেক্ষিক গুরুত্ব স্বাভাবিক হইতে অধিক এবং উহাতে ইউরিয়া ইউরিক এসিড প্রভৃতি অনিষ্টকর পদার্থ পাওয়া যায়। উহাতে লবণের ভাগ ন্যূন হয়, কিন্তু এলবুমেন ও রক্তকণিকা প্রভৃতি জান্তব পদার্থ সকল বৃদ্ধি পাইয়া থাকে।

ঐ সঙ্গে শ্বাসযন্ত্রেরও বৈলক্ষণ্য দৃষ্ট হয়। দুইটি ফুস্‌ফুসের স্বাভাবিক গুরুত্ব ৪২ হইতে ৪৪ আউন্স্‌ দাঁড়ায়; কিন্তু এই পীড়ায় উহাদের ভার ৩০ হইতে ২৮ আউন্স্‌ হইয়া থাকে এবং উহারা সঙ্কুচিত ও রক্তশূন্য বলিয়া বোধ হয়।

পাকযন্ত্র ইত্যাদি ক্রমে বিকৃতির পথে অগ্রসর হয়। পাকাশয় ও ক্ষুদ্রান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী সামান্য আরক্তিম ও স্ফীত। ক্ষুদ্রান্ত্রে অধিক বা অল্প পরিমাণে জলবৎ ও ঈষৎ শুভ্রবর্ণ মল থাকে এবং তন্মধ্যে কতিপয় জেলেটিনের মত ঝিল্লীখণ্ড দেখা যায়। কখন কখন ঐ অন্ত্র গাঢ় রক্তে পরিপূর্ণ থাকে। পেয়ার্স প্যাসেজ্‌ ও সলিটারি গ্লাণ্ড সমূহ বিবর্দ্ধিত; কিন্তু বৃহৎ অন্ত্রে কোন পরিবর্ত্তন দেখা যায় না। অন্ত্র ও মূত্রযন্ত্র ব্যতীত অন্যান্য সকল যন্ত্রই সঙ্কুচিত, রক্তশূন্য ও পাংশুবর্ণ দেখা যায়। যকৃৎ ও পিত্তাধার দূষিত পিত্তে পরিপূর্ণ হয়; কিন্তু যকৃৎ বিবর্দ্ধিত হইতে দেখা যায় না। প্লীহা স্বাভাবিক অপেক্ষা কিঞ্চিৎ খর্ব্ব ও মূত্রাধার সঙ্কুচিত হইয়া থাকে। মস্তিষ্ক ও উহার ঝিল্লী-সমূহের কোনরূপ বিশেষ পরিবর্ত্তন হয় না। মূত্রযন্ত্রে রক্তাধিক্য দেখা যায়।

প্রতিক্রিয়াবস্থায় বা রিয়্যাকশন্‌ ষ্টেজে ইউরিমিয়া বা জ্বরে মৃত্যু হইলে পাকাশয় ও ক্ষুদ্রান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী অত্যন্ত আরক্তিম ও কোমল দেখা যায়। মূত্রযন্ত্রদ্বয় বৃহৎ ও বেগুণী বর্ণ এবং ছেদন করিলে রক্ত বহির্গত হয়। রক্তমধ্যে ইউরিকা পাওয়া যায়। মস্তিষ্ক ও উহার ঝিল্লী সকল রক্তে পরিপূর্ণ; অন্যান্য চিহ্ন মধ্যে কখন কখন প্লুরা বা পেরিটোনিয়মে সামান্য প্রদাহ, ফুসফুসে অতিশয় রক্তাধিক্য, প্রদাহ বা বিগলন এবং কর্ণিয়া ও শরীরের নানাস্থানে ক্ষত বিদ্যমান থাকে। অধিক দিবস ইউরিমিয়া থাকিলে মূত্রযন্ত্রের বিশেষ পরিবর্ত্তন দেখা যায়।

২ হইতে ৫ দিন; এবং কখন কখন ১৮ দিন পর্য্যন্ত রোগ গুপ্তাবস্থায় থাকে। এই অবস্থায় কোন বিশেষ লক্ষণ দেখা যায় না। উক্ত অবস্থা ব্যতীত এই রোগে নিম্নোক্ত আরও চারিটি অবস্থা প্রকাশ পায়।

(১) আক্রমণাবস্থা বা ইন্‌ভেজন্‌ ষ্টেজ্‌ (Invasion stage)—কোন স্থানে কলেরা উপস্থিত হইলে তথায় বহু ব্যক্তির উদরাময় আরম্ভ হইতে থাকে। তন্মধ্যে কতকগুলি লোকের উদরাময় কলেরা পীড়াতে পরিণত হয়। উদরাময় না থাকিলে রোগের পূর্ব্বকথিত অন্যান্য লক্ষণের মধ্যে দুর্ব্বলতা, অঙ্গকম্পন, মুখশ্রী বিবর্ণ, উদরোর্দ্ধদেশে বেদনা, কর্ণের ভিতর নানা শব্দ শ্রবণ, শিরঃপীড়া শিরোঘূর্ণন ইত্যাদি কিছুদিনের জন্য বর্ত্তমান থাকিতে পারে।

(২) প্রকাশ বা ভেদবমনাবস্থা—ইংরাজিতে ইহাদের যথাক্রমে ডিভেলপ্‌মেণ্ট্‌ (Development) অথবা ইভাকিউয়েসন্‌ ষ্টেজ (Evacuation stage) বলা যায়। এই পীড়া প্রায় প্রাতঃকালে প্রকাশ পায়; প্রথমে অধিক পরিমাণে দাস্ত হয় এবং তাহাতে মল ও পিত্ত দেখা যায়। ইহার অর্দ্ধ কিংবা এক ঘণ্টা পরে পুনরায় ততোধিক জলবৎ মলত্যাগ হইয়া থাকে। ২।৩ বার দাস্ত হইবার পর উহার বর্ণ পরিবর্ত্তিত হয়; দেখিতে জলবৎ ও ঈষৎ শুভ্র (অর্থাৎ চেলুনি জলের ন্যায়), ইংরাজিতে যাহাকে রাইস্‌ ওয়াটার ষ্টুল (Rice water stool) কহে। কখন রক্তবর্ণ মল হয়। মলের আপেক্ষিক গুরুত্ব ১০০৫ হইতে ১০১০, এবং উহার অধঃক্ষেপে নিম্নলিখিত দ্রব্য পাওয়া যায়। যথা—পোটাস ও সোডার লবণ সকল, এবং স্বল্প এল্‌বুমেন্‌। এক পাইণ্ট মলে ৪ গ্রেণ গাঢ় অংশ থাকে। অণুবীক্ষণ দ্বারা শস্যবৎ পদার্থ, এপিথিলিয়েল কোষ ও সময় সময় একপ্রকার সূক্ষ্ম উদ্ভিজ্জ দেখা যায়। এই প্রকার বাহ্য শীঘ্র শীঘ্র ও বারংবার হয়; কিন্তু মলত্যাগে সামান্য বেদনা থাকে। কখন কখন রোগী উদরোর্দ্ধদেশে ঈষজ্জ্বালা অনুভব করে। ৭।৮ বার দাস্তের পর বমন আরম্ভ হইতে দেখা যায়। প্রথমে পাকাশয়স্থ

ভক্ষিত দ্রব্য বহির্গত হয় ও তাহাতে পিত্ত মিশ্রিত থাকে। ক্রমশঃ জলবৎ অথবা পীতাভ তরল পদার্থ ও মিউকাস নির্গত হয়। কোন দ্রব্য ভক্ষণ কিংবা ঔষধ সেবনের পর বমন বৃদ্ধি পায়; রোগী অত্যন্ত দুর্ব্বলতা বোধ করে এবং শীর্ণ হইয়া পড়ে। জলবৎ মলত্যাগকালে রোগী ক্রমশঃ হাতপায়ের আঙ্গুলে, উরুদেশে ও পায়ের পশ্চাদ্ভাগে অঙ্গগ্রহ (Cramps) অনুভব করে। কখন কখন উদরের পেশী পর্য্যন্ত ঐ ক্র্যাম্পস্ বিস্তৃত হয়। রোগীর মুখমণ্ডল সীসা বা বেগুণী বর্ণ; উত্তাপ স্বাভাবিক হইতে ন্যূন; নাড়ী অত্যন্ত ক্ষীণ; অন্যান্য লক্ষণের মধ্যে পিপাসাধিক্য ও অস্থিরতা বর্ত্তমান থাকে। ভেদ ও প্রখরতানুসারে শীঘ্র কিংবা কিঞ্চিৎ বিলম্বে তৃতীয় অবস্থা উপস্থিত হয়।

(৩) হিমাঙ্গাবস্থা বা কোলাপ্স্ ষ্টেজ্ (Collapse stage) এই সময়ে দাস্ত ও বমন স্বল্প পরিমাণে হইতে থাকে; মুখমণ্ডল অত্যন্ত সঙ্কুচিত ও বিশ্রী দেখায়, ওষ্ঠদ্বয় নীলবর্ণ, অক্ষিগোলক কোটরনিমগ্ন, গণ্ডদেশ নত, চক্ষুর্দ্বয় অর্দ্ধনিমীলিত, নাসিকা উচ্চ এবং সর্ব্বাঙ্গে স্বেদোদ্ভুত হয়। হস্তপদ সঙ্কুচিত ও রক্তশূন্য অর্থাৎ দেখিতে রজকের হস্তের ন্যায়; উত্তাপ অতি খর্ব্ব, পরিমাণ ৯৭ হইতে ৯০ ডিক্রী পর্য্যন্ত হইয়া থাকে। নাড়ী অত্যন্ত ক্ষীণ এবং কোন কোন স্থানে ভালরূপে অনুভব করা যায় না। রক্তসঞ্চালন প্রায় রুদ্ধ হওয়ায় শ্বাসকৃচ্ছ্র ঘটিয়া থাকে। কোন শিরা ছেদন করিলে তাহা হইতে যে সামান্য রক্ত দেখা যায়, তাহা প্রথমে গাঢ় ও আলকাতরার ন্যায় কৃষ্ণবর্ণ দেখায়, পরে বায়ু স্পর্শে উজ্জ্বলবর্ণ ধারণ করে। প্রশ্বাস বায়ু শীতল এবং তাহাতে কার্ব্বনিক্ গ্যাসের ভাগ অতি অল্প থাকে। সময় সময় শ্বাসকৃচ্ছ্র বৃদ্ধি পায় এবং রোগী শীতল বায়ু গ্রহণে আগ্রহ প্রকাশ করে। স্বরভঙ্গ, অস্থিরতা, অনিদ্রা, শিরোঘূর্ণন, শিরোবেদনা, কর্ণমধ্যে নানা শব্দ শ্রবণ, দৃষ্টিপথে নানারূপ বস্তু দর্শন, এবং মধ্যে মধ্যে ক্র্যাম্প প্রভৃতি উপস্থিত হয়। এই অবস্থায় লালা ও পাক রসাদির হ্রাস দেখা যায়। জিহ্বা শীতল; রোগী আগ্রহপূর্ব্বক শীতল জল পান এবং গাত্রবস্ত্রাদি দূরীভূত করিতে ইচ্ছা করে। অঙ্গ স্পর্শ করিলে মৃতদেহের ন্যায় শীতল বোধ হয়। মলের পরিমাণ অল্প এবং উহার গন্ধ গলিত মৎস্যের গন্ধের ন্যায়। মূত্র বাহির হয় না। জ্ঞান প্রায় বর্ত্তমান থাকে; কিন্তু মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে অচৈতন্য দেখা যায়। স্বাভাবিক শরীরে স্পর্শ দ্বারা যে প্রত্যাবর্ত্তনিক ক্রিয়া উৎপন্ন হয়, তাহার হ্রাস জন্মে। এই সকল লক্ষণ প্রখর হইলে রোগ প্রায় আরোগ্য হয় না; শ্বাসরোধ, রক্তসঞ্চালন ক্রিয়ালোপ অথবা অচেতন অবস্থায় মৃত্যু হইতে পারে।

(৪) প্রতিক্রিয়াবস্থায় বা রিয়াক্শন্ ষ্টেজে (Reaction stage) রোগীর মুখশ্রী ও বর্ণ ক্রমশঃ স্বাভাবিকাবস্থায় পরিবর্ত্তিত হইতে দেখা যায়। নাড়ী ও হৃৎপিণ্ডের ক্রিয়া সবল এবং শরীর উত্তপ্ত হইতে থাকে, প্রতিক্রিয়ার প্রথমাবস্থায় স্পর্শ করিলে চর্ম্ম উত্তপ্ত বোধ হয়, কিন্তু তৎকালে আভ্যন্তরিক অংশ সকল শীতল থাকায় থার্ম্মমিটারে উত্তাপের আধিক্য দেখা যায় না। নিশ্বাস প্রশ্বাস নিয়মিত ও সরল এবং প্রস্রাব নিঃসারিত ও পুনরুৎপাদিত হয়। অস্থিরতা, বমন ও তৃষ্ণার হ্রাস হয়। সামান্য পরিমাণে দাস্ত হইতে থাকে এবং মলে পিত্ত দেখা যায়। রোগী সময় সময় নিদ্রা যায় এবং প্রস্রাবের সরলতা হয়; কিন্তু সর্ব্বদা এই প্রকার সুবিধা ঘটে না। অত্যন্ত হিক্কা, ইউরিমিয়া, মূত্রজ্বর, কখন কখন পুনরায় ভেদ, বমন, উদরাময়, আমাশয়, কর্ণমূল, এবং কর্ণিয়াতে ক্ষত ইত্যাদি নানা প্রকার উপসর্গ উপস্থিত হইতে দেখা যায়। ইহাদের মধ্যে প্রধান উপসর্গ ইউরিমিয়া; তদ্বিষয় এই স্থানে সামান্য ভাবে বর্ণনা করা উচিত। ইউরিমিয়া হইলে বমন পুনরায় বৃদ্ধি পায় এবং মল সবুজবর্ণে পরিণত হয়। চক্ষু আরক্তিম, প্রলাপ, কটিদেশে বেদনা, অচৈতন্য এবং আক্ষেপ প্রভৃতি বর্ত্তমান থাকে। ২।৩ দিন পর্য্যন্ত প্রস্রাব না হইলে রোগী কালকবলে বা টাইফয়েড্ অবস্থায় পতিত হয়। ইউরিমিয়ার উত্তাপ স্বাভাবিক হইতে ন্যূন হয়। কিন্তু নিউমোনিয়া, প্লুরিসি জ্বর প্রভৃতি উপসর্গ উপস্থিত হইলে উত্তাপের বৃদ্ধি হয়।

প্রকারভেদ—(১) গুপ্তপ্রকার—কখন কখন সামান্য ভেদ বমনের পর সহসা হিমাঙ্গাবস্থা উপস্থিত হইয়া রোগীর মৃত্যু হইতে দেখা যায়। (২) কলেরাজনিত ডায়েরিয়া বা কলেরিণ্—ইহাতে রোগী ২।৪ দিন পর্য্যন্ত বারংবার অধিক পরিমাণে তরল ও পাংশুবর্ণ মল ত্যাগ করে। সামান্য বমন ও ক্র্যাম্প বর্ত্তমান থাকে। রোগী এই অবস্থা হইতে আরোগ্য লাভ করে কিংবা একপ্রকার বিকারযুক্ত জ্বরে আক্রান্ত হইয়া মৃত্যুগ্রাসে পতিত হইতে পারে। সময় সময় ইহা প্রকৃত ওলাউঠায় পরিণত হয়। (৩) সমার ডায়েরিয়া বা ইংলিস কলেরা—ইহাতে কলেরার লক্ষণ সকল উপস্থিত হয়, কিন্তু উহার মত গুরুতর হয় না। মল ও উদ্বান্ত পদার্থে পিত্ত দেখা যায় ও উদরে অত্যন্ত বেদনা থাকে। সামান্য পরিমাণে মূত্রত্যাগ হয়। আহারের অনিয়ম জন্য এই পীড়া জন্মে। মৃত্যু সংখ্যা অল্প।

নির্ণয়তত্ত্ব—ইহা প্রায় অন্য পীড়ার সহিত ভ্রম হয় না, কখন কখন বিষপানজনিত রোগের সহিত ভ্রম হইতে পারে; কিন্তু উক্ত প্রকার অবস্থায় মলে পিত্ত থাকে এবং সামান্য পরিমাণে মূত্র ত্যাগ হয়। সময় সময় উদ্বান্ত পদার্থে আর্সেনিক চূর্ণ পাওয়া যায়।

ভোগকাল—২।৩ ঘণ্টা হইতে ২।৩ দিন, কখন কখন এক সপ্তাহ পর্য্যন্ত।

ভাবিফল—সর্ব্বদা গুরুতর, ভেদবমনেচ্ছায় নাড়ী বিলুপ্ত না হইলে ও মুখমণ্ডলের কোন বিশেষ পরিবর্ত্তন না ঘটিলে আরোগ্য হইবার সম্ভাবনা। কোলাপ্স ষ্টেজে রেডিয়েল্ বা ব্রেকিয়েল্ ধমনী সামান্যভাবে স্পন্দিত হইলে এবং নিশ্বাস প্রশ্বাসে অধিক কষ্ট না থাকিলে আরোগ্যের আশা করা যায়; কিন্তু নাড়ীর সম্পূর্ণ লোপ, অত্যন্ত ঘর্ম্ম, সাইয়েনোসিস, অচৈতন্য ও নিশ্বাস প্রশ্বাস দ্রুত প্রভৃতি লক্ষণ গুরুতর বলিয়া পরিগণিত। বৃদ্ধ বয়স, অমিতাচার, দুর্ব্বলতা, কিম্বা মূত্রের কোন পীড়া থাকিলে ব্যাধি গুরুতর হইয়া উঠে। রিয়্যাক্‌সন্ ষ্টেজে ২৪ বা ৩৬ ঘণ্টা মধ্যে মূত্রত্যাগ, মধ্যে মধ্যে নিদ্রা, এবং আহার্য্য বা পানীয় দ্রব্যের পাকাশয়ে অবস্থান শুভ লক্ষণ বলিয়া গণ্য হয়। মূত্রাবরোধ, চক্ষু আরক্তিম ও অচৈতন্য প্রভৃতি টাইফয়েড্ লক্ষণগুলিকে অশুভ বলা যায়। গোলাপী বা লোহিত বর্ণ তরল মল ও পাকাশয় হইতে রক্তস্রাব প্রভৃতি লক্ষণ সাঙ্ঘাতিক বলিয়া গণনীয়। অন্ত্রের অবশতার জন্য কখন কখন সহসা কোষ্ঠবদ্ধ হয়, ইহা একটী অশুভ লক্ষণ।

মৃত্যুসংখ্যা—এই রোগে শতকরা ২০,৩০,৪০, কিংবা ৬০ জন পর্য্যন্ত মরিতে পারে। কলেরা এপিডেমিকের প্রথম কয়েক দিবস মৃত্যুর সংখ্যা অধিক হয়, কিন্তু ক্রমশঃ উহার হ্রাস হইয়া থাকে।

চিকিৎসা—(১) ইভ্যাকিউয়েসন্ ষ্টেজ—ডাং জন্‌সন্ (Dr. Johnson) কহেন যে, এই পীড়ার বিষাক্ত পদার্থ নির্গমন জন্য প্রথমে কাষ্টর অয়েল্ দিবে, কিন্তু তাহা উচিত নহে। এই সময়ে টিং ওপিয়াই, লাইকর ওপিয়াই সিডেটিভস্, ওপিয়ম্ পিল ও অন্যান্য সঙ্কোচক ঔষধ সকল যথা—প্লম্বাই এসিট্যাস্, চকমিক্‌শ্চার ও ক্লোরোডাইন্ ইত্যাদি ব্যবহার্য্য। বমন নিবারণার্থ ইপিগ্যাষ্ট্রিয়মে মষ্টার্ড প্ল্যাষ্টার কিংবা কোল্‌ড কম্প্রেস্ সংলগ্ন এবং আভ্যন্তরিক ক্লোরোফরম্, বিষমথ ও বরফ প্রভৃতি ব্যবস্থেয়। ক্র্যাম্প জন্য হস্ত পদে শুণ্ঠীচূর্ণ, ক্লোরোফরম্ লিনিমেণ্ট অথবা উষ্ণ টার্পিণ তৈল মর্দ্দন করিবে। উষ্ণ জল পরিপূর্ণ বোতলে গরম জল পূরিয়া হাতে পায়ে ধরিলে উপকার দর্শে। নাড়ী দুর্ব্বল থাকিলে স্বল্প পরিমাণে ব্র্যাণ্ডি ও বলকর ঔষধ দেওয়া উচিত।

(২) হিমাঙ্গাবস্থা—এই অবস্থায় অহিফেনঘটিত ঔষধ সকল নিষিদ্ধ। ডাঃ নিমেয়ার (Dr. Niemeyer) উষ্ণ কফি দিতে কহেন। অনেকে ডিফিউজিবেল্ ষ্টিমিউলেণ্ট যথা—স্প্রিট্ এমন্ এরোম্যাট বা কার্ব্বনেট অব্ এমোনিয়া এবং ক্লোরিক বা সলফিউরিক ইথার ব্যবহার করিতে উপদেশ দেন। এই সকল ঔষধ সিনেমন, কাজুপুটি বা পেপারমেণ্ট ওয়াটারের সহিত ব্যবহার করিলে অধিক ফলদায়ক হয়। বরফের সহিত সামান্য মাত্রায় ব্রাণ্ডি দেওয়া কর্ত্তব্য; যদি ইহা দ্বারা নাড়ী উত্তেজিত না হয়, তবে পুনঃ পুনঃ দেওয়া বিধেয় নহে। অধিক পরিমাণ ব্রাণ্ডি উদরস্থ হইলে কখন কখন রিয়্যাকসন্ লক্ষণগুলি গুরুতর হইয়া উঠে। অন্যান্য সুরার মধ্যে সাম্পেন উপকারী। অত্যন্ত ঘর্ম্ম হইলে তাহা বস্ত্র দ্বারা মুছাইবে; কিংবা সামান্য ভাবে শুণ্ঠীচূর্ণ মাখাইবে। পিপাসা নিবারণার্থ বরফ, সোডাওয়াটার, লেমনেড্, বা ক্লোরেট অব্ পটাশ জল মিশ্রিত করিয়া পানার্থ দিবে। সলফিউরিক্ ইথার ইঞ্জেক্ট করিলে উপকার দর্শে।

(৩) রিয়্যাক্‌সন্ ষ্টেজ্—রিয়্যাক্‌সন্ আরম্ভ হইলে আহারার্থ তরল ও লঘুপাক দ্রব্য দেওয়া উচিত। এই অবস্থায় প্রচুর পরিমাণে জল বা ক্লোরেট অব্ পটাশ কিংবা কার্ব্বনেট্ অব্ সোডা সোলিউসন্ পানার্থ দিবে। এতদ্দ্বারা শোণিতে পুনরায় লবণ সঞ্চার হয়। রিয়্যাক্‌সন্ সুচারুরূপে না হইলে ইউরিমিয়া উপস্থিত হইতে দেখা যায়। এই সময় রক্তমধ্যে যথেষ্ট পরিমাণে ইউরিয়া পাওয়া যায়। যদিও ইউরিয়া মূত্রকারক বলিয়া পরিগণিত, তথাপি ইহা দ্বারা মূত্রযন্ত্রের ক্রিয়া সুচারুরূপে সম্পন্ন হয় না। মূত্র উৎপাদনের জন্য পোটাশি নাইট্রাস্, ইথার্, স্কুইল্, টিং কেন্থারাইডিস্ এবং জিন সুরা প্রভৃতি মূত্রকারক ঔষধ ব্যবহার্য্য। মূত্রকারক ঔষধ ব্যবহার কালে মধ্যে মধ্যে ডিফিউজিবেল্ ষ্টিমিউলেণ্ট দেওয়া আবশ্যক। সম্পূর্ণরূপে কোষ্ঠবদ্ধ করা উচিত নহে। কারণ মল দ্বারা কিয়ৎপরিমাণে ইউরিয়া পরিত্যক্ত হয়।

স্থানিক—কটিদেশে ফোমেণ্টেষণ, মাষ্টার্ড, প্ল্যাষ্টার সংলগ্ন ও শুষ্ক বা আর্দ্র কপিং করা উচিত।

কখন কখন মূত্র ত্যাগ হইলেও অত্যন্ত বমন ও হিক্কা হইয়া থাকে; তন্নিবারণার্থ ন্যাফ্‌থা, বিসমথ, এবং পাইরক্‌শ্লিক স্প্রিট্ প্রভৃতি দেওয়া যায়। স্থানিক ঔষধের মধ্যে ইপিগ্যাষ্ট্রিয়মে ব্লিষ্টার ও তদুপরি ½ গ্রেণ মর্ফিয়া লেপন এবং সার্ভাইকেল ভার্টিব্রার উপর ব্লিষ্টার দিলে সময় সময় উপকার দর্শে। ইউরিমিয়ার জন্য নিদ্রাবেশ থাকিলে গ্রীবাতে ব্লিষ্টার দেওয়া উচিত। টাইফয়েড্ লক্ষণ থাকিলে সেংডি সল্‌ফো কার্ব্বনাস্ ব্যবস্থেয়।

বিশেষ চিকিৎসা ও ঔষধ—কোলাপ্স অবস্থায় শিরার মধ্যে লবণ-জল ইঞ্জেক্‌সন্ করিলে রোগীর মুখমণ্ডল উজ্জ্বল দেখায় ও অন্যান্য লক্ষণের লাঘব হয়; কিন্তু এই উপকার ক্ষণস্থায়ী। অত্যন্ত ক্র্যাম্প থাকিলে $\frac{1}{100}$ মিনিম্ মাত্রায় নাইট্রো-গ্লিসারিন্

দেওয়া যায়। অথবা ৫ গ্রেণ মাত্রায় ক্লোরাল হাইড্রাস্ ত্বকের মধ্যে ইঞ্জেক্ট্ করিবে।

প্রতিষেধক চিকিৎসা—কোন স্থানে কলেরার প্রাদুর্ভাব হইলে সেখানকার লোকদিগকে প্রত্যহ দুইবার ১০।১৫ মিনিম মাত্রায় সলফিউরিক্ এসিড্ ডিল্ জল মিশ্রিত করিয়া সেবনার্থ দিবে। সুস্বাদু খাদ্য দ্রব্য নিয়মিতরূপে আহার করান কর্ত্তব্য। ঐ স্থানের জল কিংবা দুগ্ধ পান করা উচিত নহে। মল ও মৃতদেহে কার্ব্বলিক্ এসিড্ মিশ্রিত করিবে। মল ৩।৪ হাত মৃত্তিকার নিম্নে পুতিয়া রাখা উচিত। গৃহে চুণ লেপন করিয়া তন্মধ্যে ডিস্ইন্ফেক্টেণ্টসমূহ ছড়াইবেন।

পথ্য—প্রথমে সাগু, এরারুট, বার্লি, বিফ্টি, চিকেন্ব্রথ্ প্রভৃতি তরল খাদ্য দেওয়া উচিত। বমন নিবারণ হইলে দুগ্ধ দেওয়া যাইতে পারে। দাস্ত বন্ধ হইলে বিফ্টি ও ব্রাণ্ডির এনিমা দিবে। টাইফয়েড লক্ষণ সকল উপস্থিত হইলে বিফ্টি, জগসুপ এবং পোর্ট ইত্যাদি বলকারক আহার বিধেয়।

প্রকাশাবস্থায়

℞	ক্যালমেল্	২ গ্রেণ
	অহিফেন	১ ,,
	পল্ভ্ ক্যাপ্সিকম্	।। ,,
	এসাফেটিডা	॥ ,,
	ক্যাম্ফর	॥ ,,

এক পিল প্রত্যেক দাস্তের পর

বমন নিবারণার্থ।

℞	ক্লোরোফরম্	৫ মিনিম্
	মিউসিলেজ্	১ ড্রাম
	জল	মোট ১ ঔন্স

একমাত্রা ২ ঘণ্টা অন্তর।

হিমাঙ্গাবস্থা।

℞	ক্যালমেল	৩ গ্রেণ
	সোডা বাইকার্ব্ব	৫ ,,

এক পুরিয়া ৩ ঘণ্টা অন্তর

℞	স্প্রিট্ এমন এরোমেটিকস্	২০ মিনিম্
	,, ক্লোরোফরম্	২০ ,,
	টিং ল্যাভেণ্ডিউলি কোং	২০ ,,
	ভাইনম্ গ্যালিসাই	১ ড্রাম
	একোয়া	মোট ১ ঔন্স

একমাত্রা ২ ঘণ্টা অন্তর।

অথবা

℞	এমন কার্ব্ব	৫ গ্রেণ
	স্প্রিট্ ইথার সল্ফ	২০ মিনিম্
	ওলিয়ম্ কাজুপুটি	২ ,,
	রম	২ ড্রাম
	জল	মোট ১ ঔন্স

একমাত্রা ২ ঘণ্টা অন্তর।

ইউরিমিয়ার জন্য বমন কিংবা অত্যন্ত হিক্কা হইলে

℞	বিষমথ্ সবনাইট্রাস	৫ গ্রেণ
	ইন্ফিউজন্ কলম্বা	১ ড্রাম

একমাত্রা ৩ ঘণ্টা অন্তর।

মূত্রকরণার্থ

℞	পোট্যাশি নাইট্রাস্	১০ গ্রেণ
	নাইট্রিক ইথার	২০ মিনিম্
	টিং কাম্থারাইডিস্	১ ,,
	একোয়া	১ ঔন্স

৩।৪ ঘণ্টা অন্তর ব্যবহার্য্য।

℞	স্প্রিট্ এমন এরোমেটিকস্	১৫ মিনিম্
	পোট্যাসি ক্লোরাস	৫ গ্রেণ
	স্প্রিট্ ক্লোরোফরম্	১০ মিনিম্
	টিং কার্ডেমম্ কোং	১০ ,,
	জল	১ ঔন্স

এক মাত্রা ৩।৪ ঘণ্টা উপরোক্ত ঔষধের মধ্যে মধ্যে দিবে।

বিসূচী [চি] (স্ত্রী) বিশেষেণ সূচয়তি মৃত্যুমিতি বি-সূচ-অচ্, স্ত্রিয়াং ঙীষ্। যদ্বা বিশিষ্টা সূচীব। অজীর্ণরোগ বিশেষ, চলিত ওলাউঠা। [বিস্তৃত বিবরণ বিসূচিকা শব্দে দ্রষ্টব্য]

বিসূত (ত্রি) সসারথি, সারথিযুক্ত।

বিসূত্র (ত্রি) বিশৃঙ্খল। (রাজতর° ৮।৭৭৪)

বিসূত্রণ (ক্লী) ছত্রভঙ্গ। "পৃতনানাং বিসূত্রণম্"। (রাজতর° ৭।১৪৭৯)

বিসূত্রতা (স্ত্রী) বিশৃঙ্খলতা। (রাজতর° ১।৩৬১)

বিসূত্রিত (ত্রি) বিশৃঙ্খলযুক্ত, শৃঙ্খলারহিত।

বিসূরণ (ক্লী) ১ শোক, দুঃখ। ২ চিন্তা। ৩ বিরক্তি।

বিসূরিত (ক্লী) অনুতাপ। (জটাধর) স্ত্রিয়াং টাপ্। বিসূরিতা-জ্বর।

বিসূর্য্য (ত্রি) সূর্য্যরহিত। (হরিবংশ)

বিসৃজ্য (ত্রি) কার্য্য, জন্যপদার্থ।

"কালো বশীকৃতবিসৃজ্যবিসর্গশক্তিঃ" (ভাগবত ৭।৯।২২)

'বশীকৃতা বিসৃজ্যানাং কার্য্যাণাং বিসর্গাণাং
সাধনানাঞ্চ শক্তয়ো যেন' (স্বামী)

বিসৃৎ (ত্রি) বি-সৃ-ক্বিপ্। প্রসরণশীল।

বিস্মৃত (ক্লী) ১ বিস্মৃত। ২ নির্গত। ৩ কথিত।

বিস্মৃত্বর (ত্রি) বি-স্মৃ-ক্বরপ্, (ইণনশজি সর্ত্তিভ্যঃ ক্বরপ্। পা ৩।২।১৬৩) হ্রস্বস্তেতি তুক্। প্রসরণশীল, ব্যাপনশীল। (অমর)

বিস্মৃপ্ (ত্রি) বি-স্মৃপ্-ক্বিপ্। বিসর্পণশীল।

বিস্মৃপ্তি (স্ত্রী) বি-স্মৃপ্-ক্তি। বিসরণ, প্রসরণ, গতিবিশেষ।

বিস্মৃমর (ত্রি) বিশেষেণ সরতি তচ্ছীলঃ বি-স্মৃ-ক্মরচ্, (স্মৃধৃস্বদঃ ক্মরচ্। পা ৩।২।১৬০) প্রসরণশীল, ব্যাপনশীল। (অমর)

বিস্মৃষ্ট (ত্রি) বি-স্মৃজ-ক্ত। ১ নিক্ষিপ্ত। (জটাধর)

"উদ্বিগ্নচক্রলকটাক্ষবিস্মৃষ্টদৃষ্টির্ব্যাধানুসারচকিতা হরিণীব যাসি"

(মৃচ্ছকটিক ১ অঙ্ক)

২ বিশেষ প্রকারে সৃষ্ট। ৩ পরিত্যক্ত।

"অন্তর্হিতস্য স্মরতী বিসৃষ্টা কর্ম্মাণি নির্ব্বাণবিলম্বিতানি"

(ভাগবত ১।১৬।২৪)

৪ প্রেষিত, প্রেরিত।

"আপ্তঃ কুমারানয়নোৎসুকেন ভোজেন দূতো রঘবে বিসৃষ্টঃ"

(রঘু ৫।৩৯)

(পুং) ৫ বিসর্গ, (ঃ) এইরূপ দুইটী বিন্দু।

"র-সকারয়োর্বিসৃষ্টঃ" (কাতন্ত্র)

বিস্মৃষ্টধেন (ত্রি) বিস্মৃষ্টজিহ্ব অর্থাৎ মধ্যমস্বরে উচ্চার্য্যমাণ। বাক্যাদি।

"বিস্মৃষ্টধেনা ভরতে সুবৃক্তিঃ" (ঋক্ ৭।২৪।২)

'বিস্মৃষ্টধেনা বিস্মৃষ্টজিহ্বা মধ্যমস্বরেণোচ্চার্য্যমাণা সুবৃক্তিঃ সুসমাপ্তিরিয়ং' (সায়ণ)

বিস্মৃষ্টরাতি (স্ত্রী) রা-ক্তি (কর্ম্মণি) বিস্মৃষ্টা প্রদত্তা রাতি ধনং যেন। যে প্রার্থীদিগকে ধন দেয়, যাহা কর্ত্তৃক যাচ্ঞাকারীদিগকে ধন দেওয়া হইয়াছে।

"বিস্মৃষ্টরাতির্যাতি" (ঋক্ ১।১২২।১০)

'বিস্মৃষ্টরাতিরর্থিভ্যঃ প্রদত্তধনঃ' (সায়ণ)

বিস্মৃষ্টবাচ্ (ত্রি) বিস্মৃষ্টা বাক্ যেন। মৌনাবলম্বী।

বিস্মৃষ্টি (স্ত্রী) বিবিধ প্রকার সৃষ্টি। "ইয়ং বিস্মৃষ্টি"

(ঋক্ ১।১২৯।৬)

'ইয়ং দৃশ্যমানা বিস্মৃষ্টিবিবিধা ভূতভৌতিকভোক্তৃভোগ্যাদিরূপেণ বহুপ্রকারা সৃষ্টিঃ'। (সায়ণ)

বিসোম (ত্রি) ১ সোমরহিত। (শতপথব্রা° ১১।৭।২।৮) ২ চন্দ্রশূন্য।

বিসৌখ্য (ক্লী) সুখরহিতের ভাব, দুঃখ, কষ্ট।

বিসৌরভ (ত্রি) ১ নির্গন্ধ, গন্ধরহিত। ২ দুর্গন্ধ।

বিস্কম্ভ, বিস্কুম্ভ (পুং) বিষ্কম্ভার্থ।

বিস্ত (পুং ক্লী) বিস উৎসর্গে বিস-ক্ত। ১ কর্ষ অর্থাৎ দুইতোলা পরিমিত স্বর্ণ। ২ অশীতিরক্তিকা পরিমিত স্বর্ণ, ৮০ রতি সোণা।

বিস্তর (পুং) বি-স্তৃ অপ্ (প্রথনে বাবশব্দে। পা ৩।৩।৩৩ ইতি ঘঞঃ প্রতিষেধে 'ঋদোরপ্' ইতি অপ্) ১ শব্দের বিস্তার বা বিস্তৃতি, বাক্‌প্রপঞ্চ, বিশেষ বর্ণন।

"সুবিস্তরতরা বাচো ভাষ্যভূতা ভবন্ত মে॥" (শিশুপালবধ ২।২৪)

২ বেদাঙ্গ।

"সান্দীপনেঃ সকৃৎ প্রোক্তং ব্রহ্মাধীত্য সবিস্তরম্॥"

(ভাগবত ৩।৩।১)

৩ বিস্তার।

"প্রাধান্যতঃ কুরুশ্রেষ্ঠ নাস্ত্যন্তো বিস্তরস্য মে" (গীতা ১০।১৯)

৪ প্রণয়। (মেদিনী) ৫ পীঠ। ৬ সমূহ। (শব্দরত্না°) (ত্রি) ৭ বহু, প্রচুর।

"অপেক্ষিতং পরিত্যজ্য নীরসং বস্তুবিস্তরম্।" (সাহিত্যদ° ৬।৩১৪)

৮ আসন, শয্যা। ৯ সংখ্যা। ১০ আধার। ১১ শিব।

(ভা° ১৩।১৭।১৩৯)

বিস্তরক (পুং) বিস্তরশব্দার্থ।

বিস্তরণী (স্ত্রী) ব্রাহ্মণপত্নীভেদ। (মার্কণ্ডে° ৬১।৬৫)

বিস্তরতা (স্ত্রী) বিস্তরত্ব, বহুত্ব, অনেকত্ব।

"স্বেদোদ্‌গমো বিস্তরতামুপৈতি" (ঋতুসংহার)

বিস্তরশস্ (অব্যয়) বিস্তর-চশস্ বীপ্সার্থে। অনেকানেক, বহু বহু।

বিস্তার (পুং) বি-স্তৃ-ঘঞ্ (প্রথনে বাবশব্দে। পা ৩।৩।৩৩) ১ বিটপ, শাখা। ২ বিস্তীর্ণতা, চলিত ওসার, চৌড়া। পর্য্যায়, বিগ্রহ, ব্যাস। (অমর)

"বংশাবলম্বনং যদ্‌যো বিস্তারো গুণস্য যাবনতিঃ"

(আর্য্যাসপ্তশতী ৫৫৮)

৩ স্তম্ব, গুচ্ছ, গোছা। (মেদিনী) ৪ সমাস বাক্য, ব্যাস বাক্য। ৫ বিশালতা। ৬ পদসমূহ। ৭ শিব। (ভা° ১৩।১৭।১২৫) ৮ বিষ্ণু (ভা° ১৩।১৪৯।৫৯)

বিস্তারতা (স্ত্রী) যে গুণ দ্বারা জড় পদার্থ পূর্ব্বাপেক্ষা অধিক স্থানে বিস্তৃত হয়। (Extension)

বিস্তারিত (ত্রি) প্রসারিত, ছড়ান।

বিস্তারিন্ (ত্রি) বিস্তারোঽস্ত্যস্যেতি বিস্তার-ইনি। ১ বিস্তৃতি, বিশিষ্ট, বিস্তৃত, প্রসারিত। ২ বটবৃক্ষ। (বৈদ্য° নিঘ°)

বিস্তীর্ণ (ত্রি) বি-স্তৃ-ক্ত। (রদাভ্যামিতি নঃ। পা ৮।২।৪২) ১ বিপুল। ২ বিস্তৃত, ব্যাপ্ত। ৩ বিশাল।

বিস্তীর্ণকর্ণ (ত্রি) হস্তী।

বিস্তীর্ণতা (স্ত্রী) বিস্তীর্ণের ভাব।

বিস্তীর্ণপর্ণ (ক্লী) বিস্তীর্ণং পর্ণং পত্রমস্য। মাণক, মাণকচু।

বিস্তীর্ণভেদ (পুং) বুদ্ধভেদ। (ললিতবিস্তর)

বিস্তীর্ণবতী (স্ত্রী) ১ জগদ্ভেদ। ২ বিস্তীর্ণ বিশিষ্ট।

বিস্তৃত (ত্রি) বি-স্তৃ ক্ত। ১ বিস্তারযুক্ত, লব্ধবিস্তার। ২ ব্যাপ্ত, ছড়াইয়া পড়া। ৩ বিশাল। ৪ লম্বা। ৫ চৌড়া।

বিস্তৃতি (স্ত্রী) বি-স্তৃ-ক্তিন্। ১ বিস্তার। ২ ব্যাপ্তি, ব্যাপিয়া থাকা। ৩ দৈর্ঘ্য,প্রস্থ ও বেধের সাধারণ সংজ্ঞা। ৪ বৃত্তের ব্যাস।

বিস্থান (ত্রি) স্থানচ্যুত।

বিস্পন্দ (পুং) [বিষ্পন্দ দেখ]

বিস্পন্দন (ক্লী) প্রস্পন্দন, বিকম্পন।

বিস্পর্ধা (স্ত্রী) বিশেষ প্রকারে স্পর্দ্ধা বা প্রগল্‌ভতা।

"যেষাং ব্রতেঽথ বিস্পর্দ্ধা বলে বলবতামিব" (ভারত উদ্যোগপ°)

বিস্পর্ধিন্ (ত্রি) ১ স্পর্দ্ধাযুক্ত, অন্যের পরাভবেচ্ছু। ২ সাদৃশ্য-যুক্ত, সদৃশ, তুল্য।

"চন্দ্রবিস্পর্ধিনা মুখেন" (মহাভারত)

বিস্পষ্ট (ত্রি) ব্যক্ত, স্ফুট, প্রকাশিত, সুস্পষ্ট।

বিস্পৃক্ক (ত্রি) আস্বাদ।

বিস্ফার, বিষ্ফার (পুং) বি-স্ফুর-ঘঞ্। (স্ফুরতিস্ফুলত্যোর্ঘঞি ইত্যাত্বম্। পা ৮।৩।৭৬)। ১ টঙ্কারধ্বনি, ধনুকের ছিলার শব্দ। ২ স্ফূর্ত্তি। ৩ জ্যা, ধনুগুর্ণ। ৪ কম্প। ৫ বিস্তার। ৬ বিকাশ।

"বিবিধেষু পদার্থেষু লোলসীমাতিবর্ত্তিষু।
বিস্ফারশ্চেতসো যস্তু স বিস্ময় উদাহৃতঃ॥" (সাহিত্যদ°)

বিস্ফারক (পুং) বাতপ্রধান সন্নিপাত জ্বরের প্রকারভেদ। এই জ্বর অতি ভয়ঙ্কর, ইহাতে রোগীর শ্বাস, কাস, ভ্রমী (ঘূর্ণী), মূর্চ্ছা, প্রলাপ, মোহ, কম্প, পার্শ্ববেদনা ও জৃম্ভা, এই সকল লক্ষণ প্রকাশ পায় এবং রোগী মুখে কষায় রস অনুভব করে।(ভাবপ্র°)

বিস্ফারিত (ত্রি) ১ কম্পিত, চলিত। ২ স্ফূর্ত্তিযুক্ত। ৩ বিস্তারিত। ৪ প্রকাশিত। ৫ ধ্বনিত, নির্ঘোষিত।

"উদ্দৃঢ়বক্ষঃস্থগিতৈকদিঙ্মুখোবিকৃষ্টবিস্ফারিতচাপমণ্ডলঃ।"
(শিশুপালবধ)

বিস্ফাল, বিষ্ফাল (পুং) বি-স্ফুল-ঘঞ্ (পা ৬।১।৪৭ ও ৮।৩।৭৬)। বিস্ফার শব্দার্থ। [বিস্ফার দেখ]

বিস্ফুট (ত্রি) বিশেষ প্রকারে ব্যক্ত বা প্রকাশিত, প্রস্ফুট।

বিস্ফুর (ত্রি) [বিস্ফার দেখ]

বিস্ফুরক (পুং) [বিস্ফারক দেখ]

বিস্ফুরণী (স্ত্রী) তিন্দুকবৃক্ষ, তেঁদগাছ।

বিস্ফুরিত (ত্রি) বি-স্ফুর-ক্ত। ১ স্ফূর্ত্তিবিশিষ্ট। ২ চঞ্চল।

"রক্তারক্তিকৃতাঙ্গঞ্চ রক্তবিস্ফুরিতেক্ষণম্।
বেষ্টিতং নাগপাশেন ভ্রুকুটীভীষণাননম্॥" (দশভূজা ধ্যান)

(ক্লী) ৩ ভগ্নরোগবিশেষ।

বিস্ফুলিঙ্গ (পুং) বিস্ফুরতি বি-স্ফুর-ডু-বিস্ফু, তাদৃশং লিঙ্গমস্য। ১ অগ্নিকণা। ২ বিষ বিশেষ।

বিস্ফূর্জ (পুং) [বিস্ফূর্জ্জথু দেখ]

বিস্ফূর্জ্জথু (পুং) ১ বজ্রনির্ঘোষ, বজ্রের শব্দ।

"বিপাকবিস্ফূর্জ্জথুরপ্রসহ্যঃ" (রঘু ১৪।৬২)
'বিস্ফূর্জ্জথুঃ অশনিনির্ঘোষঃ'

২ উদ্রেক।

"মহোর্ম্মিবিস্ফূর্জ্জথুনির্ব্বিশেষাঃ"। (রঘু ১৩।১২)
'বিস্ফূর্জ্জথুঃ উদ্রেকঃ' (মল্লিনাথ)

বিস্ফূর্জন (ক্লী) বিকাশ। "তত্র হাসিতং নাম কণ্ঠৌষ্ঠপুট-বিস্ফূর্জ্জনপুরঃসরমহহহেত্যট্টহাসঃ"। (সর্ব্বদর্শনস° ৭৮।১)

বিস্ফূর্জ্জনী (স্ত্রী) তিন্দুকবৃক্ষ, তেঁদগাছ।

বিস্ফূর্জ্জিত (ত্রি) ১ বজ্রনিনাদিত। ২ নাগভেদ।

বিস্ফোট (পুং) বিস্ফোটতীতি বি-স্ফুট-অচ্। বিরুদ্ধ স্ফোটক, চলিত বিষফোড়া, দুষ্টস্ফোটক, পর্য্যায় পিটক, পিটকা, বিটক, বিটকা, স্ফোটক, স্ফোট। (রাজনি°)

নিদান ও লক্ষণ—

"কটূষ্ণতীক্ষ্ণক্ষারবিদাহিরুক্ষক্ষারৈরজীর্ণাধ্যশনাতপৈশ্চ।
তথর্ত্তুদোষেণ বিপর্য্যয়েণ কুপ্যন্তি দোষাঃ পবনাদয়স্তু॥
ত্বচমাশ্রিত্য তে রক্তং মাংসাস্থীনি প্রদূষ্য চ।
ঘোরান্ কুর্ব্বন্তি বিস্ফোটান্ সর্ব্বজ্বরপুরঃসরান্॥" (ভাবপ্রকাশ)

কটু, অম্ল, তীক্ষ্ণ, উষ্ণ, বিদাহী, রুক্ষ, ক্ষার ও অজীর্ণকারক দ্রব্য ভক্ষণ, অধ্যশন, রৌদ্রসেবন এবং ঋতুবিপর্য্যয় হেতু বাতাদি-দোষত্রয় কুপিত হইয়া চর্ম্মকে আশ্রয়পূর্ব্বক ত্বক্, রক্ত, মাংস ও অস্থিকে দূষিত এবং চর্ম্মোপরি ঘোরতর বিস্ফোটক রোগ উৎপাদন করে। এই রোগ হইবার পূর্ব্বে জ্বর হয়। যে রোগে রক্তপিত্তের প্রকোপ জন্য পীড়কা জ্বরের সহিত শরীরের কোন এক স্থানে বা সমস্ত দেহে অগ্নিদগ্ধ স্ফোটকের ন্যায় উৎপন্ন হয়, তাহাকে বিস্ফোট কহে। সকল প্রকার বিস্ফোটেই রক্তপিত্তের প্রাধান্য থাকে। এ সম্বন্ধে ভোজ বলেন, বায়ুর সহিত কুপিত রক্তপিত্ত যৎকালে ত্বক্‌গত হয়, তখনই উহারা সমস্ত দেহে অগ্নিদগ্ধের ন্যায় স্ফোটক উৎপাদন করে।

বাতিক বিস্ফোট—বাতজন্য বিস্ফোটে শিরঃশূল, অত্যন্ত সূচীবেধনবৎ বেদনা, জ্বর, পিপাসা, পর্ব্বভেদ এবং স্ফোটকগুলি কৃষ্ণবর্ণ হয়।

পৈত্তিক বিস্ফোট—পিত্তজন্য বিস্ফোটে রোগীর জ্বর, দাহ ও পিপাসা হয় এবং স্ফোটক পীতরক্ত বর্ণ ও বেদনাযুক্ত হইয়া অবিলম্বে পাকিয়া তাহা হইতে পূয়াদি স্রাব হয়।

শ্লৈষ্মিক বিস্ফোট—কফজ বিস্ফোটে রোগীর বমি, অরুচি

ও দেহের জড়তা হয়। স্ফোটক পাণ্ডুবর্ণ, কঠিন, কণ্ডূ ও অল্পবেদনাযুক্ত হইয়া বিলম্বে পাকে।

বাতশ্লৈষ্মিক—বাতশ্লৈষ্মিক বিস্ফোটে কণ্ডূ, শরীর গুরু ও আর্দ্রবস্ত্রাবগুণ্ঠিতের ন্যায় বোধ হয়।

পিত্তশ্লৈষ্মিক—কফপিত্তজন্য বিস্ফোটে কণ্ডু, দাহ, জ্বর ও বমি হয়।

বাতপৈত্তিক—বাতপিত্তজন্য বিস্ফোটে যারপর নাই তীব্র বেদনা হয়।

সান্নিপাতিক—ত্রৈদোষিক বিস্ফোটে স্ফোটকগুলির মধ্যভাগে নিম্ন, অন্তে উন্নত, রক্তবর্ণ, কঠিন ও অল্পপাকযুক্ত হয় এবং রোগীর দাহ, পিপাসা, মনোমোহ, বমি, ইন্দ্রিয়মোহ, জ্বর, প্রলাপ, কম্প ও তন্দ্রা উপস্থিত হইয়া থাকে। ইহা অসাধ্য।

রক্তজ বিস্ফোট—রক্তজন্য বিস্ফোট পিত্তজ বিস্ফোটের নিদান হইতে উৎপন্ন হইয়া গুঞ্জাফলের ন্যায় রক্তবর্ণ হয়। এই রোগ শত শত সিদ্ধযোগ দ্বারাও প্রশমিত হয় না।

এই ৮ প্রকার বাহ্য বিস্ফোট; ইহা ভিন্ন অভ্যন্তরেও বিস্ফোট উৎপন্ন হয়, আভ্যন্তরিক বিস্ফোট শরীরের বহির্ভাগে নির্গত হইয়া প্রকাশ পাইলে রোগী সুস্থতা লাভ করে, কিন্তু উহা বায়ুর প্রকোপে উৎপন্ন হইলে বহির্গত হয় না। ঐরূপ স্থলে বাতিক বিস্ফোটের ন্যায় চিকিৎসা বিধেয়।

উপদ্রব—পিপাসা, শ্বাস, মাংসসঙ্কোচ, দাহ, হিক্কা, মত্ততা, জ্বর, বিসর্প ও মর্ম্মব্যথা এইগুলি বিস্ফোট রোগের উপদ্রব।

সাধ্যাসাধ্য—বিস্ফোট এক দোষোদ্ভব হইলে সাধ্য, দ্বিদোষজ হইলে কষ্টসাধ্য এবং ত্রৈদোষিক ও সমস্ত উপদ্রব যুক্ত হইলে তাহা অসাধ্য হইবে।

চিকিৎসা—বিস্ফোটরোগে দোষের বলাবল বিবেচনা করিয়া যথোপযুক্ত লঙ্ঘন, বমন, পথ্যভোজন, বা বিরেচন প্রয়োগ বিধেয়। বিস্ফোটে পুরাতন শালি, যব, মুগ, মসুর ও অড়হর এই কয়টি বিশেষ হিতকর।

দশমূলী, রাস্না, দারুহরিদ্রা, বেনারমূল, দুরালভা, গুলঞ্চ, ধনে এবং মুথা এই সকলের ক্বাথ পান করিলে বাতজন্য বিস্ফোট প্রশমিত হয়। দ্রাক্ষা,গাম্ভারী, খর্জ্জুর, পল্‌তা, নিম্ব,বাসক,কট্‌কী, খৈ ও দুরালভা ইহাদের ক্বাথে চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে পিত্তজন্য বিস্ফোট নষ্ট হয়। চিরতা, বচ, বাসক, ত্রিফলা, ইন্দ্রযব, কুড়চি, নিম্ব এবং পল্‌তা, ইহাদের ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে সকল প্রকার বিস্ফোট নষ্ট হয়। চিরতা, নিম্ব, যষ্টিমধু, মুথা, বাসক, পল্‌তা, ক্ষেতপাপড়া, বেণারমূল, ত্রিফলা ও ইন্দ্রযব এই সকল দ্রব্যের ক্বাথ পান করিলে সকল প্রকার বিস্ফোটক আশু প্রশমিত হয়।

চাউল ধোওয়া জলের সহিত ইন্দ্রযব পেষণ করিয়া প্রলেপ দিলে বিস্ফোটক নষ্ট হয়। গুলঞ্চ, পলতা, বাসক, নিম্ব, ক্ষেতপাপ্‌ড়া,খদিরকাষ্ঠ ও মুথা ইহার ক্বাথ পান করিলে বিস্ফোট ও তজ্জন্য জ্বর নষ্ট হয়। চন্দন, নাগকেশর, অনন্তমূল, নটেশাক, শিরীষবল্কল ও জাতীপুষ্প এই সকল সমভাগে পেষণ করিয়া প্রলেপ দিলে বিস্ফোটের দাহ প্রশমিত হয়। নীলোৎপল, চন্দন, লোধ, বেণার মূল, অনন্তমূল ও শ্যামালতা এই সকল সমভাগে জলদ্বারা পেষণ করিয়া প্রলেপ দিলে বিস্ফোট ও তজ্জন্য দাহ নিবৃত্তি হয়। পুত্রজীবের মজ্জা জলে বাটিয়া প্রলেপ দিলে সকল প্রকার বিস্ফোট আশু প্রশমিত হয়।

(ভাবপ্র° বিস্ফোট রোগাধিকার)

বিস্ফোটক (পুং) বিস্ফোট, বিষফোড়া।

বিস্ফোটজ্বর (পুং) বিষফোড়া হইলে তজ্জন্য যে আগন্তুজ্বর হয়।

বিস্ফোটন (ক্লী) ১ নাদ, উচ্চ শব্দ, গভীর ধ্বনি।

"তেন দেবগণাঃ সর্ব্বে বৃত্রবিস্ফোটনেন বৈ।
নিপেতুর্মূর্চ্ছিতা ভূমৌ যথৈবাশনিনা হতাঃ॥" (ভাগবত ৬।১১।৭)

বিস্ময় (পুং) বি-স্মি-অচ্। ১ আশ্চর্য্য, অদ্ভুত। পর্য্যায়—অহো, হী। (অমর) ২ অদ্ভুতরসের স্থায়িভাব বিশেষ।

"অদ্ভুতো বিস্ময়স্থায়িভাবো গন্ধর্ব্বদৈবতঃ।
পীতবর্ণো বস্তু লোকাতিগমালম্বনং মতম্॥"

'ইতি ভাবরসয়োঃ পর্য্যায়ত্বং অদ্ভুতস্য বিস্ময়স্থায়িভাবাত্মকত্বাৎ'

নানাবিধ অলৌকিক পদার্থের বর্ণনায় চিত্তে যে এক অত্যদ্ভুত স্থায়িভাবের স্ফুরণ হয়, তাহার নাম বিস্ময়।

"বিবিধেষু পদার্থেষু লোকসীমাতিবর্ত্তিষু।
বিস্ফারশ্চেতসো যস্তু স বিস্ময় উদাহৃতঃ॥" (সাহিত্যদ° ৩।২০৭)

৩ দর্প, গর্ব্ব, অহঙ্কার। ৪ সন্দেহ, সংশয়। (শব্দরত্না°)

বিগতঃ স্ময়ো গর্ব্বো যস্যেতি। (ত্রি) ৫ নষ্টগর্ব্ব, যাহার অহঙ্কার খর্ব্ব হইয়াছে।

"তং বীরমারাদভিপদ্য বিস্ময়ঃ শয়িষ্যসে বীরশয়ে শ্বভির্বৃতঃ"
(ভাগবত ৩।১৭।৩০)

'বিস্ময়ঃ নষ্টগর্ব্বঃ' (স্বামী)

বিস্ময়ঙ্কর (ত্রি) বিস্ময়ং করোতি বিস্ময়-কৃ-খশ্। বিস্ময়কারী, আশ্চর্য্যান্বিত।

বিস্ময়ঙ্গম (ত্রি) বিস্ময়ং গচ্ছতি বিস্ময়-গম্-খশ্। বিস্ময়গামী, বিস্ময়প্রাপ্ত।

বিস্ময়ন (ক্লী) বি-স্মি-ল্যুট্। বিস্ময় শব্দার্থ।

বিস্ময়নীয় (ত্রি) বি-স্মি-অনীয়র্। বিস্ময়ের যোগ্য, আশ্চর্য্যের বিষয়।

বিস্ময়বিষাদবৎ (ত্রি) বিস্ময় এবং বিষাদযুক্ত।

বিস্ময়ান্বিত (ত্রি) বিস্ময়েন অন্বিতঃ যুক্তঃ। বিস্ময়যুক্ত, আশ্চর্য্যান্বিত। পর্য্যায়—বিলক্ষ। (অমর)

বিস্মরণ (ক্লী) বি-স্মৃ-ল্যুট্। বিস্মৃতি, চলিত ভুলিয়া যাওয়া বা মনে না থাকা।

বিস্মর্ত্তব্য (ত্রি) বি-স্মৃ-তব্যৎ। বিস্মরণের যোগ্য, ভুলিবার উপযুক্ত।

"স শাপিতোঽস্মদ্দেহেন যো লেখং বাচয়েৎ পথি।
সন্দিদেষা প্রযত্নেন বিস্মর্ত্তব্যা ন জাতুচিৎ॥" (রাজতর° ৩।২১১)

বিস্মাপক (ত্রি) বিস্ময়কারক, যে বিস্ময় জন্মায়।

বিস্মাপন (ত্রি) বি-স্মি-ণিচ্-ল্যুট্ ইকারস্যাত্বম্। ১ বিস্ময়-জনক, আশ্চর্য্যজনক।

"যেন মেঽপহৃতং তেজো দেববিস্মাপনং মহৎ॥"(ভাগব° ১।১৫।৫)

২ কুহক, মায়া, ভেলকী। ৩ গর্ব্বস্কন্ধনগর। ৪ কামদেব। ৫ বিস্ময়-প্রদর্শন।

"বিস্মাপনার্থং দেবেশ পত্নীনামুরুতেজসঃ" (হরিবংশ ১২৬।২৬)

বিস্মাপনীয় (ত্রি) বিস্ময় জন্মাইবার যোগ্য, যাহা হইতে বিস্ময় জন্মিতে পারে।

বিস্মাপয়নীয় (ত্রি) বিস্মাপনীয়, বিস্মাপনের যোগ্য।

বিস্মায়ন (ক্লী) বিস্মাপনার্থক।

বিস্মারক (ত্রি) বিস্মৃতিজনক, যে বিস্মৃতি জন্মায়।

বিস্মারণ (ত্রি) বিলায়ন, লয় পাওয়ান।

"ইতররাগবিস্মারণং নৃণাং বিতর বীর নস্তেঽধরামৃতম্।"
(ভাগবত ১০।৩১।১৪)

'ইতরেষু সার্ব্বভৌমাদিসুখেষু রাগমিচ্ছাং বিস্মারয়তি বিলায়য়তীতি তথা তৎ' (স্বামী)

বিস্মিত (ত্রি) বি-স্মি-ক্ত। ১ বিস্ময়াপন্ন, আশ্চর্য্যান্বিত। ২ প্রাকৃত ইহা ছন্দোভেদ। মেঘবিস্ফূর্জ্জিত নামেও খ্যাত।

বিস্মিতি (স্ত্রী) বি-স্মি-ক্তিন্। বিস্মরণ।

বিস্মৃত (ত্রি) বি-স্মৃ-ক্ত। স্মরণাবিষয়, স্মরণাতীত, বিস্মৃতি-বিশিষ্ট, বিস্মরণযুক্ত।

"পঠিত্বা সর্ব্বশাস্ত্রাণি বিস্মৃতান্যক্ষরাণি চ।
আস্তে কিঞ্চিৎ মম স্বান্তে টবর্গস্য চ পঞ্চমঃ॥" (উদ্ভট)

বিস্মৃতি (স্ত্রী) বি-স্মৃ-ক্তিন্। বিস্মরণ, ভুল।

বিস্মের (ত্রি) বিস্ময়কর, আশ্চর্য্যজনক।

বিস্যন্দ, বিস্যন্দক, বিস্যন্দন, বিস্যন্দিন্ (পুং) [বিষ্যন্দ, বিষ্যন্দক, বিষ্যন্দন, বিষ্যন্দিন শব্দ দেখ]

বিস্র (ক্লী) বিস-রক্। ১ আমগন্ধ, চিতাধূমাদিতে যে গন্ধ উত্থিত হয়, তাহাকে বিস্র কহে। কেহ কেহ বলেন অপক্ক-মাংসগন্ধের নাম বিস্র। (ভরত)

"সমাশ্লিষচ্চ ধাবিত্বা সিঞ্চন্ ধারাশ্রুভিঃ স তম্।
মীনোদরদরীবাসবিস্রং প্রক্ষালয়ন্নিব॥" (কথাসরিৎসা° ৭৪।১৯৬)

(ত্রি) ২ আমগন্ধবিশিষ্ট, কাঁচাগন্ধযুক্ত। (ক্লী) ৩ চাণক্য-মূলক। (ভাবপ্র°)

বিস্রংস (পুং) বি-স্রন্স্-ঘঞ্। ১ পতন, ক্ষরণ।

বিস্রংসন (ক্লী) বি-স্রন্স-ল্যুট্। বিস্রংস, পতন।

বিস্রংসিন্ (ত্রি) বি-স্রন্স-শীলার্থে ণিনি। পতনশীল, ক্ষরণশীল।

বিস্রংসিকা (স্ত্রী) যজ্ঞীয় আহুতির উপকরণভেদ।

"বিস্রংসিকায়াঃ কান্তাভ্যাং জুহোতি।" (কঠোপ° ১৫।১)

বিস্রক (ত্রি) বিস্র-স্বার্থে-কন্। বিস্র, আমগন্ধবিশিষ্ট।

বিস্রগন্ধ (ত্রি) বিস্রস্য গন্ধ ইব গন্ধো যস্য। বিস্রের ন্যায় গন্ধ-বিশিষ্ট, আমগন্ধ বিশিষ্ট।

"মার্জ্জারা ভৃগমবনিং নখৈর্লিখন্তো লৌহানাং মলনিচয়ঃ সবিস্রগন্ধঃ।"
(বৃহৎসংহিতা ২৮।৫)

২ পলাণ্ডু। (রাজনি°)

বিস্রগন্ধা (স্ত্রী) বিস্রং গন্ধো যস্যাঃ। হবুষা, হবুষফল। (রাজনি°)

বিস্রগন্ধি (পুং) বিস্রমিব গন্ধো যস্য। হরিতাল ও গোদন্ত হরিতাল। (হেম)

বিস্রতা (স্ত্রী) বিস্রস্য ভাব তল্ টাপ্। বিস্রত্ব, বিস্রের ভাব বা ধর্ম্ম, আমগন্ধবিশিষ্টের ভাব, আমগন্ধ, কাঁচাগন্ধ।

বিস্রব্ধ (ত্রি) বি-স্রন্ভ-ক্ত। বিশ্রব্ধ, বিশ্বস্ত, নিঃশঙ্ক।

"বিস্রব্ধং পরিচুম্ব্য জাতপুলকামালোক্য গণ্ডস্থলীম্।"
(সাহিত্যদর্পণ ১।৭)

বিস্রম্ভ (পুং) বি-স্রন্ভ-ঘঞ্। ১ বিশ্বাস।

'বিস্রম্ভাদুরসি নিপত্য লব্ধনিদ্রাং' (উত্তরচরিত ১ অ°)

২ প্রণয়, পরিণয় বা শৃঙ্গারপ্রার্থনা। (রত্নমালা) ক্রীড়াপরতা, ক্রীড়ায় একান্ত নিযুক্ততা, অথবা স্বচ্ছন্দবিহার। (রমানাথ) ৩ কেলিকলহ। ৪ বধ। (হেম)

বিস্রম্ভিন্ (ত্রি) বিস্রম্ভতে বিশ্বসিতীতি বি-স্রন্ভ-ঘিণুন্ (বৌ কষলসকথস্রম্ভঃ। পা ৩।২।১৪৩)। ১ বিশ্বাসী। ২ প্রণয়ী। বিস্রম্ভযুক্ত।

বিস্রব (পুং) বি-স্রু-অপ্। ক্ষরণ, পতন।

বিস্রবণ (ক্লী) বি-স্রু-ল্যুট্। বিস্রব, ক্ষরণ।

বিস্রস্ (স্ত্রী) বি-স্রন্স্-ক্বিপ্। নষ্টকারী, ধ্বংসকারী।

বিস্রসা (স্ত্রী) জরা। (অমর)

বিস্রস্ত (ত্রি) বি-স্রন্স-ক্ত। পতিত, চ্যুত, ভ্রষ্ট, ক্ষরিত।

বিস্রস্য (ত্রি) গ্রন্থিসম্বন্ধীয়। (তৈত্তিরীয়সং° ৬।২।৯।৪)

বিস্রা (স্ত্রী) বিস্রং গন্ধোঽস্ত্যস্যা ইতি অচ্, ততষ্টাপ্। হবুষা। (রাজনি°)

বিস্রাব (পুং) অন্নমণ্ড, ভাতের মাঁড়। (বৈদ্যকনি°)

বিস্রাবণ (ক্লী) বি-স্রু-ণিচ্-ল্যুট্। ক্ষারণ,পাতন। উত্থিতব্রণের বেদনানিবৃত্তির জন্য এবং পাকপ্রশমনার্থ প্রক্রমবিশেষ। (সুশ্রুত)

বিস্রাব্য (ত্রি) বি-স্রু-ণিচ্-যৎ। বিস্রাবণযোগ্য, ক্ষারণের উপযুক্ত, পাতনযোগ্য।

"জলং বিস্রাবয়েৎ সর্ব্বমবিস্রাব্যঞ্চ দূষয়েৎ।" (ভারত ১২।২৬৩৪)

বিস্রি (পুং) ঋষিভেদ।

বিস্রুত (ত্রি) বি-স্রু-ক্ত। ১ বিস্মৃত। ২ প্রধাবিত। ৩ ক্ষরিত, চ্যুত।

বিস্রুতি (স্ত্রী) বি-স্রু-ক্তিন্। ক্ষরণ, পতন।

বিস্রুহ্ (স্ত্রী) নদী।

"রুরুহুঃ সপ্তবিস্রুহঃ" (ঋক্ ৬।৭।৬)

'বিস্রুহঃ নদ্যশ্চ গঙ্গাদ্যাঃ' (সায়ণ)

২ ওষধি।

'যুবাজরো বিস্রুহা হিতঃ" (ঋক্ ৫।৪৪।৩)

'বিস্রুহা হিতঃ বিস্রুহাণামোষধীনাং মধ্যে হিতঃ নিহিতঃ স্থাপিতঃ' (সায়ণ)

বিস্রোতস্ (ক্লী) উচ্চসংখ্যাভেদ।

বিস্বন (পুং) বি-স্বন-অপ্। শব্দ, ধ্বনি।

বিস্বর (পুং) ১ বিকৃতস্বর। (ত্রি) ২ বিকৃতস্বরযুক্ত।

বিহগ (পুং) বিহায়সা গচ্ছতীতি বিহায়স্-গম-ড (প্রিয়বশেতি। পা ৩।২।৩৮) ইত্যত্র 'ডে চ বিহায়সো বিহাদেশো বক্তব্যঃ' ইতি কাশিকোক্তেঃ ডপ্রত্যয়ে বিহায়স্ শব্দস্য বিহাদেশঃ। ১ পক্ষী। (অমর) ২ বাণ।

"অয়োমুখৈশ্চ বিহগৈর্গ্রাবয়িষ্যে মহারথান্।"

(ভারত ৭।১৯৩।৪০)

৩ সূর্য্য। ৪ চন্দ্র। (শব্দরত্না°) ৫ গ্রহ। (ধরণি)

বিহগালয় (পুং) বিহগস্য আলয়ঃ। বিহগদিগের আলয়, পক্ষীর বাসা।

বিহঙ্গ (পুং) বিহায়সা গচ্ছতীতি বিহায়স্-গম-খচ্ (পা ৩।২।৩৮) ইত্যত্র 'গমেঃ সুপীতি' খচ্, বিহায়সো বিহাদেশঃ, 'খচ্চ ডিদা বক্তব্যঃ' ইতি ডিচ্চ। ১ পক্ষী, বিহগ। ২ বাণ। ৩ মেঘ। ৪ চন্দ্র। ৫ সূর্য্য। ৬ নাগবিশেষ। (ভারত ১।৫৭।১১)

বিহঙ্গক (পুং) বিহঙ্গঃ স্বার্থে কন্। পক্ষী।

বিহঙ্গম (পুং) বিহায়সা গচ্ছতীতি বিহায়স্-গম-খচ্ (পা ৩।২।৩৮) ইত্যত্র 'খচ্প্রকরণে সুপ্যুপসংখ্যানম্' ইতি কাশিকোক্ত্যা খচ্, বিহায়সো বিহাদেশঃ। ১ বিহগ, পক্ষী। ২ সূর্য্য। বিহগ, বিহঙ্গ ও বিহঙ্গম এই তিনটী পদই বিহায়স্ শব্দ পূর্ব্বক গমধাতুর উত্তর খচ্প্রত্যয় করিয়া সিদ্ধ হয়।

বিহঙ্গমা (স্ত্রী) ১ পক্ষিণী। ২ সূর্য্যরশ্মিভেদ। ৩ একাদশ মন্বন্তরের দেবগণভেদ। ৪ ভারযষ্টি, চলিত বাঁক্, ইহাতে লোকে ভার বহন করে।

বিহঙ্গমিকা (স্ত্রী) ভারযষ্টি। (হেম)

বিহঙ্গরাজ (পুং) বিহঙ্গানাং রাজা. রাজাহ ইতি টচ্ সমাসান্তঃ। গরুড়। (হলায়ুধ)

বিহঙ্গহন্ (পুং) বিহঙ্গ-হন্-ক্বিপ্। ব্যাধ।

বিহঙ্গারাতি (পুং) ১ ব্যাধ। বিহঙ্গ এব অরাতিঃ। ২ পক্ষীরূপ শত্রু, গরুড়াদি।

বিহঙ্গিকা (স্ত্রী) ভারযষ্টি, বাঁক্। (অমর)

বিহৎ (স্ত্রী) গর্ভোপঘাতিনী গাভী। (সংক্ষিপ্তসার উণাদিবৃত্তি)।

বিহত (ত্রি) বি-হন-ক্ত। বিনষ্ট, ব্যাহত, বিঘ্নিত, বিফল, ভগ্ন।

বিহতি (স্ত্রী) বি-হন-ক্তিন্। বিহনন, বিনাশ।

বিহনন (ক্লী) বি-হন-ল্যুট্। ১ বিঘ্ন, ব্যাঘাত। ২ ভঙ্গ। ৩ হত্যা। ৪ হিংসা। ৫ তূলপিঞ্জল, তূলার পাঁজ। (মেদিনী)

বিহন্তৃ (ত্রি) বি-হন্-তৃচ্। বিহননকারী, নাশকারী, ক্ষয়কারী।

বিহন্তব্য (ত্রি) বি-হন-তব্য। বিহননযোগ্য, বধযোগ্য, নাশের উপযুক্ত, বিহননীয়।

বিহর (পুং) বি-হৃ-অপ্। ১ বিয়োগ, বিচ্ছেদ। ২ বিহার।

বিহরণ (ক্লী) বি-হৃ-ল্যুট্। ১ বিহার,ক্রীড়া। ২ ভ্রমণ। ৩ বিয়োগ। ৪ প্রসারণ।

"আঙো দোহনাস্তবিহরণে" (পা ১।৩।২০)

৫ আহরণ। (মার্কণ্ডেয়পুরাণ ১৬।৩৭)

বিহর্ত্তৃ (ত্রি) বি-হৃ-তৃচ্। বিহরণকারী, বিনাশক।

"আঢ্যাদীনাং বিহর্ত্তারং ধনিনে দাপয়েদ্ধনম্।
দণ্ডঞ্চ তৎসমং রাজ্ঞে শক্ত্যপেক্ষমথাপি বা॥"

(যাজ্ঞবল্ক্যসংহিতা ২।২৬)

বিহর্ষ (ত্রি) বিগতো হর্ষো যস্য। হর্ষবিহীন, আনন্দহীন।

(ভাগবত ৪।২৬।২৫)

বিহল্হ[হ্ল] (পুং) সর্ষপশাকের পিতা, বিহংল। "বিহল্হো নাম তে পিতা।" (অথর্ব্ব° ৬।১৬।২) 'হে সর্ষপশাক! তে তব বিহংলাখ্যঃ কশ্চিৎ পিতা জনকঃ।' (সায়ণ)

বিহব (পুং) যজ্ঞ। "বিবিধং হূয়ন্তে হবীংষ্যত্রেতি বিহবো যজ্ঞঃ।" (ঋক্ ৩৮।১০ সায়ণ) ২ সংগ্রাম, যুদ্ধ। (ঋক্ ১০।১২৮।১ সায়ণ)

বিহবীয় (ত্রি) যজ্ঞীয় (কাত্যায়নশ্রৌ° ২৫।১৪।১৮)

বিহব্য (ত্রি) ১ বিবিধ কার্য্যে আহূত। "বিহব্যো বিবিধেষু কার্য্যেষু আহূয়তে" (শুক্লযজুঃ ৮।৪৬ মহীধর) ২ যজ্ঞীয়, যজ্ঞ

সম্বন্ধীয়। "বিহব্যঃ বিহবেষু ভবঃ। বিবিধং হূয়ন্তে দেবা এষ্বিতি বিহবা যজ্ঞাঃ। 'হ্বঃ সংপ্রসারণঞ্চ ন্যভ্যুপবিষু' ইতি অপ্ সম্প্রসারণঞ্চ। ততো ভবে ছন্দসি ইতি যৎ।" (অথর্ব্ব° ২।৬।৪) (পুং) আঙ্গিরস গোত্রীয় ঋষ্যন্ত্রদ্রষ্টা ঋষিভেদ। (ঋক্ ১০।১২৮ সূক্ত) ২ বর্চ্চসের পুত্রভেদ। (ভারত ১৩ পর্ব্ব) ৫ স্ত্রিয়াং টাপ্ বিহব। ইষ্টকাভেদ। (তৈত্তিরীয়স° ৫।৪।১১।৩) ৬ যজ্ঞীয় মন্ত্রভেদ। "স এতজ্জমদগ্নির্বিহব্যমপশ্যৎ।" (তৈত্তিরীয়স° ৩।১।৭।৩)

বিহ্বসিত (ক্লী) বি-হস-ক্ত। মধ্যমহাস্য। (অমর)

বিহ্বস্ত (ত্রি) ১ ব্যাকুল, উদ্‌ভ্রান্তমতি, চলিত ভেবাচেকা।

"রামাপরিত্রাণবিহ্বস্তযোধং সেনা-নিবেশং তুমুলং চকার।"

(রঘু ৫।৪৯)

২ অতিব্যাপৃত। (পুং) ৩ পণ্ডিত। (মেদিনী) ৪ পণ্ড। (শব্দরত্না°) ৫ বিকর, হস্তহীন।

"বিগতরথবিহস্ত-ন্যস্তশস্ত্রপ্রমত্তঃ" (বিখ্যাতবি° ২ অ°)

বিহ্বস্ততা (স্ত্রী) বিহ্বস্তস্য ভাবো ধর্ম্মো বা তল্ টাপ্। বিহ্বস্তের ভাব বা ধর্ম্ম, হস্তশূন্যতা।

বিহ্বস্তিত (ত্রি) ব্যাকুলিত।

বিহা (অব্য°) ও হাক্ ত্যাগে (বিষা বিহা। উণ্ ৪।৩।৬) ইতি নিপাতনাৎ আ। স্বর্গ। (উজ্জ্বল)

বিহাপিত (ক্লী) বি-হা-ণিচ্-ক্ত, পু-আগমশ্চ। দান। (অমর)

বিহায়স্ (পুং ক্লী) ১ আকাশ। (অমর) (ত্রি) ২ মহান্।

"বিহায়সস্তেভিরিন্দ্রং" (নিরুক্ত ৪।১৫)

'বিহায়সো মহান্তঃ' (যাস্ক)

'যথা চ নিঘণ্টুটীকায়াং বিহায়াঃ (বহিহাধাঞ্ভ্যশ্ছন্দসি। উণ্ ৪।২।১৫) ইতি জহাতের্জিহীতের্ব্বা বাহুলকাৎ বুগভাবেঽপি যুগাগমো নিপাত্যতে' (পুং) ৩ পক্ষী। (অমর)

বিহায়স (ক্লী) ১ আকাশ।

"আতিষ্ঠস্ব রথং রাজন্ বিক্রমস্ব বিহায়সম্।" (ভারত ১।৯৩।১৪)

(পুং) ২ পক্ষী। (অমরটীকা ভরত)

বিহায়সা (অব্য°) আকাশ। (অমরটীকা মথুরেশ)

বিহার (পুং) বি-হৃ-ঘঞ্। ক্রীড়ার জন্য পদদ্বারা গমন, ক্রীড়া। পর্য্যায়—পরিক্রম।

"যথাবহাসার্থমসৎকৃতোঽসি বিহারশয্যাসনভোজনেষু।"

(গীতা ১১।৪২)

২ ভ্রমণ। ৩ স্কন্ধ। ৪ লীলা। ৫ সুগতালয়, বৌদ্ধমঠভেদ। [সঙ্ঘারাম দেখ] ৬ বিক্ষেপ। ৭ ক্রীড়াস্থান। ৮ বিন্দুরেখকপক্ষী। (শব্দচ°) ৯ বৈজয়ন্ত। (শব্দমালা)

বিহার, বিহার বঙ্গদেশের অন্তর্গত একটী প্রদেশ। বঙ্গেশ্বর ছোট লাট বাহাদুরের শাসনাধীনে পরিচালিত। অক্ষা° ২৩°৪৬´ হইতে ২৭°২৯´ উঃ এবং দ্রাঘি° ৮৩°২১´ হইতে ৮৮°১৫´ পূঃ মধ্য। ভূ-পরিমাণ ৪৪১৩৯ বর্গমাইল। এই স্থান বৌদ্ধধর্ম্মের প্রসিদ্ধ কেন্দ্র এবং বৌদ্ধধর্ম্মাবলম্বিগণের পবিত্র বিহারভূমি। এই প্রদেশে অসংখ্য বৌদ্ধবিহার দেখিয়া মনে হয়, উক্ত বিহার হইতেই এই স্থান বিহার নামে খ্যাত হইয়াছে। এই প্রদেশে দুইটী বিভাগ আছে, ভাগলপুর ও পাটনা। পাটনা, গয়া, শাহাবাদ, মুজাফরপুর, দারভাঙ্গা, সারণ ও চম্পারণ পাটনা বিভাগের অন্তর্ভুক্ত। ভাগলপুর বিভাগে, ভাগলপুর, মুঙ্গের, পূর্ণিয়া, মালদহ এবং সাঁওতাল পরগণা নামক কয়েকটী জেলা আছে। এই প্রদেশের সমগ্র নগর ও গ্রামসংখ্যা—৭৭৪০৭।

প্রাকৃতিক অবস্থা—বিহারের ভূমি সাধারণতঃ সমতল, তবে মুঙ্গেরে রাজমহল অঞ্চলে এবং সাঁওতাল পরগণায় পাহাড় আছে। গয়ার মোহর পাহাড় ১৬২০ ফিট উচ্চ। সাঁওতাল পরগণার পর্ব্বতগুলির মধ্যে উচ্চতম পর্ব্বতের উচ্চতার পরিমাণ ১৬০০ ফিট। যে সকল নদ নদী বিহার প্রদেশের মধ্য দিয়া প্রবাহিত হইতেছে, তন্মধ্যে গঙ্গা নদীই সর্ব্বাপেক্ষা প্রধান। গঙ্গা নদী এই প্রদেশবাসীকে দুই ভাগে বিভক্ত করিয়াছে। ইহার উত্তর ভাগে সারণ, চম্পারণ, মুজাফরপুর, দ্বারভাঙ্গা, পূর্ণিয়া প্রভৃতি জেলা; দক্ষিণে সাহাবাদ, পাটনা, গয়া ও সাঁওতাল পরগণা প্রভৃতি বিদ্যমান আছে। এতদ্ব্যতীত ঘর্ঘরা, গণ্ডকী, কুশী, মহানদ ও শোণ প্রভৃতি নদ নদী এই প্রদেশের মধ্য দিয়া প্রবাহিত হইতেছে। এই প্রদেশের বিশিষ্ট উৎপন্ন দ্রব্যাদির মধ্যে অহিফেন ও নীলের আবাদই প্রধান।

অধিবাসী—এখানে হিন্দুদের মধ্যে ব্রাহ্মণ, রাজপুত, বাভন (নিম্নশ্রেণীর ব্রাহ্মণ) বাণিয়া, কায়স্থ, মোদক, কুম্ভকার, তাঁতি, তেলী, স্বর্ণকার, লোহার, নাপিত, কান্দু, গোয়ালা, কুর্ম্মী, কুয়াড়ী, সুনড়ী, কাহার, মাল্লা, কিরাত, পার্সী, ধানুক, চামার ও দোসাদ প্রভৃতি জাতীয় লোকের বাস। এতদ্ব্যতীত ভুঁইহার, কোচ, খরবার, গোন্দ, সাঁওতাল, কোল, ভূমিজ এবং অন্যান্য আদিম অসভ্য জাতীয় লোকের বাসও এখানে আছে। মুসলমানদের মধ্যে সিয়া, সুন্নি ও ওহাবী প্রভৃতি শ্রেণি-বিহারের অধিবাসী। খৃষ্টান, শিখ, বৌদ্ধ, জৈন, ব্রাহ্ম, ইহুদী ও পারসী প্রভৃতি জাতীয় লোকও এখানে আছে। বিহারে হিন্দুর সংখ্যাই অধিক। এখানকার অধিবাসীদের মধ্যে শতকরা ৮২ জন হিন্দু, এবং ৬৪ জন মুসলমান।

ইতিহাস।—পুরাকালে মগধের রাজাদের অধিকৃত বিশাল ভূখণ্ড বিহার নামে অভিহিত হইত এবং সেই সকল নরপতি সমগ্র ভারতবর্ষের অধিপতি ছিলেন। কোনও সময়ে বিহার ভারতের সমৃদ্ধিশালী রাজধানী বলিয়া খ্যাত ছিল। খৃষ্ট জন্মের

সাতশত বৎসর পূর্ব্ব হইতেও বিহারের সমৃদ্ধির বিষয় ইতিহাসে শ্রুত হওয়া যায়। সম্ভবতঃ ইহারও বহু পূর্ব্ব হইতে বিহার সমৃদ্ধিশালী জনপদ বলিয়া কীর্ত্তিত ছিল। খৃষ্টজন্মের পাঁচ শতাব্দীর পরেও বিহারের রাজ্যশ্রী বর্ত্তমান দেখা যায়। মগধের সম্রাট্‌গণ শিল্প ও শিল্পীর শ্রীবৃদ্ধি সাধন করিয়াছিলেন। তাঁহাদের সময়ে বিহারেও নানাপ্রকার শিল্পের উন্নতি হয়। এখানে তখন শিক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ও প্রতিষ্ঠিত ছিল। উক্ত রাজগণ ভারতবর্ষের সর্ব্বত্র সুপ্রসর রাজপথ নির্ম্মাণ করেন। তাঁহাদের সময়েই বঙ্গীয় বাণিজ্যপোতসকল সাগরের তরঙ্গমালা ভেদ করিয়া যব ও বালি দ্বীপ প্রভৃতি স্থানে গমনাগমন করিয়া ভারতবর্ষের বৈদেশিক বাণিজ্যের বিস্তার করিত। তাঁহাদের সময়েই হিন্দুগণ তত্তৎ স্থানে উপনিবেশ স্থাপন করিয়াছিলেন। সেলিউকস্ নিকেতারের সময়েই বিহারের সমৃদ্ধি সর্ব্বাপেক্ষা অধিক বৃদ্ধি পাইয়াছিল। অশোক আলেকসান্দরের আক্রমণের অব্যবহিত পরেই বিহারের সম্রাটের পদে অভিষিক্ত হন। সেলিউকস্ মেগস্থনীজ নামক জনৈক গ্রীক রাজদূতকে পাটলীপুত্র নগরে স্বীয় পদে প্রতিষ্ঠিত করিয়া পাঠান। খৃষ্ট জন্মের ছয়শত বৎসর পূর্ব্বেও বিহার বৌদ্ধধর্ম্মাবলম্বীদের নিকেতন বলিয়া ভারতবর্ষে সুপ্রসিদ্ধ ছিল। এই বিহার হইতেই বৌদ্ধাচার্য্যগণ কর্ত্তৃক সিংহলে, চীনে, তাতারে ও তিব্বতে বৌদ্ধধর্ম্মপ্রচারক প্রেরিত হইত। এখনও বিহার বৌদ্ধগণের পবিত্র বিহার ভূমি বলিয়া খ্যাত। বিহারে প্রাচীন বৌদ্ধমূর্ত্তি, বৌদ্ধমন্দির প্রভৃতি বহুল বৌদ্ধকীর্ত্তি এখনও বিরাজিত দেখা যায়। [গয়া ও বুদ্ধগয়া শব্দে এ বিষয়ের সবিস্তার আলোচনা দ্রষ্টব্য।] খৃষ্টীয় ত্রয়োদশ শতাব্দের প্রারম্ভ হইতে বিহার মুসলমান-শাসনকর্ত্তাদের শাসনাধীন হয়, সেই সময় হইতেই উহা বঙ্গদেশের নবাবের অধীন একটা সুবায় পরিণত হইয়াছিল। ১৭৬৫ খৃষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী দেওয়ানী সূত্রে বিহারের শাসনাধিকারিত্ব প্রাপ্ত হন। এই সময় হইতেই বিহার বঙ্গ প্রদেশে যুক্ত হইয়া বঙ্গদেশের অন্তর্ভুক্ত হয়।

উক্ত প্রদেশের অন্তর্গত রাজগৃহ, গিরিএক, পাটনা ও গয়া জেলার নানা স্থানে হিন্দু ও বৌদ্ধধর্ম্মের অসংখ্য প্রাচীন কীর্ত্তিনিদর্শন নিপতিত আছে। ঐসকল স্থান ঐতিহাসিকতত্ত্বোদ্ঘাটনের একটী অমূল্য ভাণ্ডার। প্রত্নতত্ত্ববিদ্‌গণ বিশেষ উৎসাহ ও অধ্যবসায়ের সহিত সেই সমস্ত ধ্বস্তকীর্ত্তি খনন করিয়া প্রাচীন মগধ, নালন্দ (বড়গাঁও) ও রাজগৃহের প্রাচীনত্বের সাক্ষ্য প্রদান করিয়াছেন। [রাজগৃহ, গিরিএক, গয়া প্রভৃতি শব্দ দ্রষ্টব্য।]

২ উক্ত প্রদেশের একটী উপবিভাগ। পাটনা জেলার অন্তর্ভুক্ত। অক্ষা° ১৪°৫৭´৩০´´ হইতে ১৫°১৫´৪৫´ উঃ এবং দ্রাঘি° ৮৫°১১°৪৫´´ হইতে ৮৫°৪৬´৩০´´ পূঃ মধ্য। ভূ-পরিমাণ ৭৯৩ বর্গ মাইল। বিহার, হিসুয়া, আতা সরাই ও শিলাও থানা লইয়া এই উপবিভাগ গঠিত।

৩ বিহার মহকুমা বা বিহার প্রদেশের বিহার উপবিভাগের বিচার সদর। এই মহকুমাটী পাটনা জেলায় অবস্থিত। এই নগরটী পঞ্চানা নদীর উপরে স্থাপিত; এই স্থানটী বিহার প্রদেশের মধ্যে বাণিজ্য সমৃদ্ধির জন্য বিখ্যাত। কোনও সময়ে পাটনা, গয়া, হাজারীবাগ ও মুঙ্গেরের বাণিজ্য দ্রব্যাদি এই স্থানের মধ্য দিয়া যাতায়াত করিত। এখনও এই স্থানের বাণিজ্যসমৃদ্ধি যথেষ্ট দৃষ্ট হয়। বিলাতী বস্ত্র, চাউল, অন্যান্য শস্য, কার্পাস ও তামাক প্রভৃতিই এখানকার বাণিজ্য দ্রব্য। রেশমী ও কার্পাস বস্ত্রও এখানে প্রস্তুত হইয়া থাকে। ঢাকার মস্‌লিনের ন্যায় মসলিন বিহারে নির্ম্মিত হয়। হিন্দু ও মুসলমান যাত্রীদের নিমিত্ত এখানে যে একটী সরাই আছে, সেরূপ বৃহৎ ভবন আর কোথায়ও দেখিতে পাওয়া যায় না। নদীর দক্ষিণতটে প্রতিষ্ঠিত শাহ মকদুমের সমাধিমন্দিরও একটী দর্শনযোগ্য। এখানে একটী মেলা হয়। এই মেলায় ২৫০০০।৩০০০০ লোকসমাগম হইয়া থাকে। এই স্থানে মুসলমানদের অনেক মসজিদাদি দেখিতে পাওয়া যায়। উহা প্রায় এক হাজার বিঘা পরিমিত স্থান ব্যাপিয়া রহিয়াছে। সম্ভবতঃ এই স্থানেই খৃষ্টীয় শতাব্দীর প্রারম্ভ সময়ে বিহার-সম্রাট্‌গণের রাজধানী ছিল।

বিহারক (ত্রি) বিহারকারী।

বিহারক্রীড়ামৃগ (পুং) বিহার নিমিত্ত ক্রীড়ামৃগ।

"বিমোচিতুং কামদৃশাং বিহারক্রীড়ামৃগো যন্নিগড়ো বিসর্গঃ।"
(ভাগবত ৭।৬।১৭)

'বিহারক্রীড়ামৃগঃ বিহারে ক্রীড়ায়াং নিমিত্তে ক্রীড়ামৃগঃ' (স্বামী)

বিহারণ (ক্লী) বিহার, ক্রীড়া।

বিহারদাসী (স্ত্রী) ক্রীড়াদাসী। (মালতীমা° ৮।৪)

বিহারদেশ (পুং) [বিহার দেখ]

বিহারভদ্র (পুং) ব্যক্তিভেদ। (দশকুমারচ° ১৮৯।৭)

বিহারভূমি (স্ত্রী) বিহারস্থ ভূমিঃ। বিহারস্থান, ক্রীড়াস্থান।

বিহারযাত্রা (স্ত্রী) ভ্রমণোদ্দেশে দলবদ্ধ হইয়া বহির্গমন।

বিহারবৎ (ত্রি) বিহার অস্ত্যর্থে মতুপ্-মস্য ব। ১ বিহারবিশিষ্ট। ক্রীড়াযুক্ত।

বিহার ইব। ২ বিহারের ন্যায়।

বিহারবারি (ক্লী) ক্রীড়া সরঃ। (রঘু ১৩।৩৮)

বিহারশয়ন (ক্লী) বিহারার্থ শয়ন, বিহারশয্যা।

বিহারশৈল (পুং) ক্রীড়াপর্ব্বত। (রঘু ১১।২৬)

বিহারস্থান (ক্লী) বিহারস্য স্থানং। ক্রীড়াভূমি। (ভাগব° ৩।২৩।২১)

বিহারস্বামিন্ (পুং) মঠ বা বিহারের ধর্ম্মকার্য্য-পরিচালনার ভার যাহার উপর ন্যস্ত থাকে। ইহার উপরিতন মঠপরিদর্শক "মহাবিহারস্বামী" নামে সম্মানিত।

বিহারাজির (ক্লী) বিহারস্য অজিরং। বিহারস্থান।

"যক্ষরক্ষঃপিশাচপ্রেতভূতগণানাং বিহারাজিরমন্তরীক্ষং যাবদ্বায়ুঃ প্রবাতি" (ভাগবত ৫।২৪।৫)

বিহারাবসথ (পুং) ক্রীড়াগৃহ। (ভারত আদিপর্ব্ব)

বিহারিকৃষ্ণদাসমিশ্র, পারসীপ্রকাশ নামক গ্রন্থ-রচয়িতা।

বিহারিন্ (ত্রি) বিহর্ত্তুং শীলমস্যেতি বি-হৃ-ণিনি। পরিক্রমী, ভ্রমণকারী। বিহারকর্ত্তা, বিহারকারী। স্ত্রিয়াং ঙীষ্। বিহারিণী।

বিহারিসিংহ (পুং) রাজপুত্রভেদ।

বিহারীভাষা, বিহারদেশভাগে প্রচলিত ভাষা। ইহা নাগরী, মৈথিল ও কায়থী ভাষা হইতে স্বতন্ত্র; কিন্তু বিশেষভাবে আলোচনা করিলে উহাদের পরস্পরের নৈকট্য সহজেই অবধারিত হইতে পারে। নেপালের তরাই প্রদেশস্থ কুশী ও গণ্ডকনদীতীর হইতে সমগ্র ত্রিহুত, ভাগলপুর, মুঙ্গের, মুজঃফরপুর, দরভঙ্গা, পাটনা, গয়া, শাহাবাদ, ছাপরা, চম্পারণ্য প্রভৃতি জেলায় এই ভাষার প্রচলন আছে। বর্ত্তমানে উহা কথিত ভাষারূপেই প্রায় ব্যবহৃত। পাশ্চাত্য পণ্ডিত গ্রিয়ারসন সাহেব বেহারীভাষার একটী সুবিস্তৃত শব্দ-তালিকা সংগ্রহ করিয়া গবেষণার যথেষ্ট পরিচয় দিয়াছেন। বিহারদেশবাসী প্রাচীন কবিদের গ্রন্থেও অনেক বিহারী শব্দের প্রয়োগ দেখা যায়, এমন কি, বেহারী ভাষায় পদরচনারও অভাব নাই।

[বিশেষ বিবরণ নাগরী, মৈথিল, কায়থী ও শব্দতত্ত্বে দ্রষ্টব্য।]

বিহারীমল্ল (রাজা), অম্বর বা জয়পুরের কচ্ছবাহবংশীয় একজন রাজা। মুসলমান ইতিহাসে ইনি "ভরমল" ও পূরণমল নামেও বিদিত। ১৫২৭ খৃষ্টাব্দে এই রাজপুততনয় মোগলসম্রাট্ বাবরশাহের বশ্যতা স্বীকার করেন। সম্রাট্ অকবরশাহের সহিতও ইনি বিশেষ সখ্যতাসূত্রে আবদ্ধ ছিলেন। এই বন্ধন দৃঢ় রাখিবার জন্য রাজা সম্রাট্ করে নিজ কন্যা দান করেন। ঐ রাজপুতরমণীর গর্ভে যুবরাজ সেলিমের (জাহাঙ্গীর) জন্ম হয়। রাজা বিহারীমল্ল ও তাঁহার পুত্র ভগবান্ দাস বাদশাহের সেনাবিভাগে উচ্চতম সেনাপতি পদে নিযুক্ত ছিলেন। [ভগবান্ দাস দেখ।]

বিহারীলাল, সুপ্রসিদ্ধ হিন্দী কবি। ইনি সুললিত বিবিধ পদ রচনা করিয়া হিন্দুস্থানে যশস্বী হইয়া গিয়াছেন। ইহাঁর রচনা দেখিয়া পাশ্চাত্য পণ্ডিত গিল্‌খ্রাইষ্ট ইহাঁকে "The Thomson of the Hindus" আখ্যায় সম্মানিত করিয়াছেন। ইনি খৃষ্টীয় ১৬শ শতাব্দে জয়পুররাজ জয়শার অধীনে প্রতিপালিত হন। তাঁহার কবিত্বে প্রীত হইয়া তদীয় প্রতিপালক রাজা তাঁহাকে আজীবন মাসিক বৃত্তি ও "শতসই" নামক গ্রন্থের জন্য লক্ষ টাকা পারিতোষিক দিয়াছিলেন।

বিহাস (পুং) বিগতঃ হাসো যস্য। হাস্যরহিত।

বিহিংসক (ত্রি) বি-হিন্‌স-ণ্বুল্। বিশেষরূপে হিংসাকারী, নাশকারী, নাশক।

"কামাত্মা কৃপণো লুব্ধঃ স্ত্রৈণো ভূতবিহিংসকঃ।" (ভাগবত ১১।১০।২৭)

বিহিংসতা (স্ত্রী) বিহিংসস্য ভাবো ধর্ম্মো বা তল্-টাপ্। বিহিংসের ভাব বা ধর্ম্ম, অনিষ্টচিন্তা।

"এতদ্ধর্ম্মমধর্ম্মস্য ভূতেষু হি বিহিংসতা।" (ভারত ৩।২২৯৬

বিহিংসন (ক্লী) বি-হিন্‌স-ল্যুট্। বিহিংসা, হিংসা, অনিষ্ট চেষ্টা

বিহিংসা (স্ত্রী) বি হিন্‌স-টাপ্। হিংসা।

বিহিংসিন্ (ত্রি) হিংসাকারী।

বিহিংস্র (ত্রি) বি-হিন্‌স-র। হিংসাযুক্ত, হিংসাবিশিষ্ট।

"অতো ধর্ম্মান্ পারমহংস্যমুখ্যান্
শুকপ্রোক্তান্ বহু মন্যেঽবিহিংস্রান্।" (ভাগবত ৩।২২।১৯)

'অবিহিংস্রান্ হিংসারহিতান্' (স্বামী)

বিহিত (ত্রি) বি-ধা-ক্ত, 'ধাঞ্যো হি' ইতি 'হি' আদেশঃ বিধেয়, শাস্ত্রে যাহা বিধান করা হইয়াছে, কর্ত্তব্য, বিধিবোধিত।

"বিহিতস্যানুষ্ঠানান্নিন্দিতস্য চ সেবনাৎ।
অনিগ্রহাচ্চেন্দ্রিয়াণাং নরঃ পতনমৃচ্ছতি॥" (প্রায়শ্চিত্ততত্ত্ব)

২ অনুষ্ঠিত। ৩ কৃত। ৪ দত্ত।

বিহিতসেন (পুং) রাজপুত্রভেদ। (কথাসরিৎসা° ১৭।৩৪)

বিহিতি (স্ত্রী) বি-ধা-ক্তিন্। বিধান।

"ক্ষিতি-বিজিতি-স্থিতি-বিহিতি-ব্রততরতয়ঃ পরগতয়ঃ।" (দণ্ডী)

বিহিত্রিম (ত্রি) বি-ধা-ত্রিমক্ ধাঞ্যো হি। বিধান দ্বারা নির্বৃত্ত কর্ম্ম, বিধিপূর্ব্বক সমাপ্ত কার্য্য।

"নিষ্ঠাং গতে দত্রিমসভ্যতোষে বিহিত্রিমে কর্ম্মণি রাজপত্ন্যাঃ।" (ভট্টি ১।১৩)

বিহীন (ত্রি) বি-হা-ক্ত। ১ বিশেষরূপে হীন।

"যোঢ়ান্যাসবিহীনো যঃ প্রণমেদ্দেবীপার্ব্বতীম্।
সোঽচিরান্মৃত্যুমাপ্নোতি নরকঞ্চ প্রপদ্যতে॥" (তন্ত্রসার)

২ ত্যক্ত, বর্জ্জিত, বিরহিত, অভাববিশিষ্ট।

বিহীনশ্চ ধনৈর্দারৈঃ পুত্রৈরাদায় মে ধনম্।" (চণ্ডী ১অ°)

বিহীনতা (স্ত্রী) বিহীনস্য ভাবো ধর্ম্মো বা তল্ টাপ্। বিহীনের ভাব বা ধর্ম্ম।

বিহীনর (পুং) ঋষিভেদ। (পা ৭।৩।১)

বিহীনিত (ত্রি) বিযুক্ত।

বিহুগুন (পুং) শিবানুচরভেদ।

বিহুত্মৎ (ত্রি) বিশেষরূপে হোমবিশিষ্ট বা আহ্বানযুক্ত।

"উতো বিহুত্মতীনাং বিশাং" (ঋক্ ১।১৩৪।৬)

'বিহুত্মতীনাং বিশেষেণ হোমবতীনাং আহ্বানবতীনাং বা জুহোতেঃ সম্পদাদি লক্ষণো ভাবে-ক্বিপ্, ততো মতুপ্'। (সায়ণ)

বিহৃত (ক্লী) বি-হৃ-ক্ত। ১ স্ত্রীদিগের স্বাভাবিক দশবিধ অলঙ্কারের অন্তর্গত অলঙ্কার বিশেষ। ২ স্ত্রীদিগের বিহারবিশেষ।

"লীলা বিলাসো বিচ্ছিত্তির্বিব্বোকঃ কিল কিঞ্চিতম্।
মোট্টায়িতং কুট্টমিতং ললিতং বিহৃতং তথা।
বিভ্রমশ্চেত্যলঙ্কারাঃ স্ত্রীণাং স্বাভাবিকা দশ" (হেম)

বিহৃতি (স্ত্রী) বি-হৃ-ক্তিন্। ১ বিশেষরূপে হরণ বা বলাৎকার। ২ বিহার, ক্রীড়া। ৩ উদ্ঘাটন, খোলা। ৪ বিস্তৃতি।

বিহৃদয় (ক্লী) ১ হৃদয়হীন, সাহসশূন্য। (অথর্ব্ব° ৫।২১।১)

বিহেঠ (পুং) বি-হেঠ-অপ্। বিহেটন।

বিহেঠক (ত্রি) বি-হেঠ-ণ্বুল্। ১ হিংসক। ২ মর্দ্দক।

বিহেঠন (ক্লী) বি-হেঠ-ল্যুট্। ১ হিংসা। ২ মর্দ্দন। ৩ বিড়ম্বন। (মেদিনী) ৪ বিবাধা, যাতনা, দুঃখ, কষ্ট। (ত্রিকা°)

বিহেঠা (স্ত্রী) ১ ক্ষতি। ২ দোষ। ৩ মানহানি।

বিহ্রদিন্ (ত্রি) অপ্রতিহত স্রোতঃ।

বিহ্রদ (স্ত্রী) ক্রিমিভেদ। (শুক্লযজুঃ ২৮।৭)

বিহ্বল (ত্রি) বি-হ্বল-অচ্। ভয়াদিদ্বারা অভিভূত, স্বকীয় অঙ্গধারণে অসক্ত। পর্য্যায়—বিক্লব, বিবশ, অচেতন, দ্রবীভূত।

"ক্ষণমাত্রসখীং সুজাতয়োস্তনয়োস্তামবলোক্য বিহ্বলা।"
(রঘু ৮।৩৭)

বিহ্বলতা (স্ত্রী) বিহ্বলস্য ভাবঃ তল্-টাপ্। বিহ্বলত্ব, বিহ্বলের ভাব বা ধর্ম্ম, অবশ, জড়।

বিহ্বলিন্ (ত্রি) বিহ্বলবিশিষ্ট।

বী, ১ কান্তি। ২ গতি। ৩ ব্যাপ্তি। ৪ ক্ষেপ। ৫ প্রজননা। ৬ খাদন। অদাদি° পরস্মৈ° সক° কান্তি অর্থে অক° অনিট্। লট্ বেতি, বীতঃ, বিয়ন্তি। লিঙ্ বীয়াৎ। লঙ্ অবেৎ, অবীতাং, অবিয়ন্। লিট্ বিবায় বিব্যতুঃ। লুট্ বেতা। লৃট্ বেষ্যতি। লুঙ্ অবৈষীৎ, অবৈষ্টাং, অবৈষুঃ। সন্ বিবীষতি। যঙ্ বেবীয়তি। যঙ্লুক্ বেবয়ীতি, বেবেতি। ণিচ্ বায়য়তি। লুঙ্ অবীবয়ৎ।

বী (পুং) বয়নমিতি বী-গতৌ ন্যঙ্ক্বাদিত্বাৎ ভাবে ক্বিপ্, অভিধানাৎ পুংস্ত্বং। গমন। (একাক্ষরকোষ)

বীক (পুং) অজতীতি অজ-কন (অজি যুধ্নীভ্যো দীর্ঘশ্চ। উণ্ ৩।৪৭) অজেবীভাবঃ। ১ বায়ু। ২ পক্ষী। (উজ্জ্বল) ৩ মনঃ। (সংক্ষিপ্তসার উণাদি)

বীকাশ (পুং) বিকাশনমিতি বি-কশ-ঘঙ্, (ইকঃ কাশে। পা ৬।৩।১২৩) ইতি বেরুপসর্গস্য দীর্ঘঃ। ১ রহঃ, গোপন, নিভৃত। ২ প্রকাশ। (অমর)

বীক্ষ (পুং স্ত্রী) বি-ঈক্ষ-অচ্। দৃষ্টি।

বীক্ষণ (ক্লী) বি-ঈক্ষ-ল্যুট্। বিশেষরূপে ঈক্ষণ, দর্শন, নিরীক্ষণ।

বীক্ষণীয় (ত্রি) বি-ঈক্ষ-অনীয়র্। বীক্ষণযোগ্য, দর্শনীয়, দর্শনের যোগ্য।

বীক্ষা (স্ত্রী) বি-ঈক্ষ-অঙ্ টাপ্। দর্শন, বীক্ষণ। (রামা° ৭।৯৬।৮)

বীক্ষাপন্ন (ত্রি) বীক্ষামাপন্নঃ। বিস্ময়াপন্ন। (হেম)

বীক্ষিত (ত্রি) বি-ঈক্ষ-ক্ত। বিশেষরূপে ঈক্ষিত, দৃষ্ট।

"পাপর্ক্ষে প্রশ্নলগ্নেতু পাপসংযুতবীক্ষিতে।" (দীপিকা)

বীক্ষিতব্য (ত্রি) বি-ঈক্ষ-তব্য। দর্শনীয়, দেখিবার যোগ্য।

বীক্ষিতৃ (ত্রি) বি-ঈক্ষ-তৃচ্। বীক্ষণকারী, দ্রষ্টা।

বীক্ষ্য (ক্লী) বীক্ষ্যতে ইতি বি-ঈক্ষ-ণ্যৎ। ১ বিস্ময়। ২ দৃশ্য। (মেদিনী) ৩ লাসক, নৃত্যকারক। ৪ ঘোটক। (ত্রি) ৫ দর্শনীয়।

বীখা (স্ত্রী) বীঙ্খা শব্দার্থ।

বীঙ্ক (ক্লী) সামভেদ। (লাট্যা° ৩।৪।১৩)

বীঙ্খা (স্ত্রী) বীঙ্খনমিতি বি-ইঙ্খ। 'গুরোশ্চ হলঃ ইতি অ-টাপ্।' ১ শূকশিম্বী। ২ গতিভেদ। ৩ নর্ত্তন। (হেম) ৪ অশ্বগতিভেদ। ৫ সন্ধি। (শব্দরত্না°)

বীচ, (দেশজ) আঁঠি, বীজশব্দের অপভ্রংশ।

বীচালি (দেশজ) ধান্যাদির শুষ্ক তৃণসমূহ। খড়, নাড়া, বিচালি

বীচি (পুং স্ত্রী) বয়তি জলং তটে বর্দ্ধয়তীতি বে-ঈচি (বেঞো ডিচ্চ। উণ ৪।৭২)। ১ তরঙ্গ, ঢেউ। (রঘু ১।৪৩) ২ স্বল্পতরঙ্গ। ৩ অবকাশ। ৪ সুখ। (মেদিনী) ৫ অন্ন। ৬ কিরণ, দীপ্তি।

বীচিমালিন্ (পুং) সমুদ্র।

বীচী (স্ত্রী) বীচি কৃদিকারাদিতি ঙীষ্। বীচি। (অমরটীকা)

বীচীকাক (পুং) জলকাক। মার্কণ্ডেয় পুরাণে লিখিত আছে, যে লবণ হরণ করিলে বীচীকাক অর্থাৎ জলকাক হয়।

"বীচীকাকস্বপহৃতে লবণে দধনি ক্রিমিঃ।
চোরয়িত্বা পয়শ্চাপি বলাকা সম্প্রজায়তে॥ মার্কণ্ডেয়পুং ১৫।২২)

বীচীতরঙ্গ (পুং) ন্যায়ভেদ, বীচীতরঙ্গন্যায়। [ন্যায়শব্দ দেখ]

এই ন্যায় শ্রোত্রদ্বয়ে শব্দের উৎপত্তিকারণরূপ।

"বীচীতরঙ্গন্যায়েন তদুৎপত্তিস্তু কীর্ত্তিতা।
কদম্বগোলকন্যায়াদুৎপত্তিঃ কস্যচিন্মতে॥" (ভাষাপরিচ্ছেদ)

বীজ্, ১ গতি। ২ কুৎসন। ভ্বাদি° আত্মনে° সক° সেট্।

লট্ বীজতে। লুঙ্ অবেজিষ্ট।

বীজ (ক্লী) বিশেষেণ কার্য্যরূপেণ জায়তে অপত্যতয়া চ জায়তে ইতি, বি জন-'উপসর্গে চ সংজ্ঞায়াং' ইতি ড, অন্যেষামপীতি, উপসর্গস্য দীর্ঘঃ, যদ্বা বিশেষেণ ঈজতে কুক্ষিং গচ্ছতি শরীরং বা ঈজ-গতিকুৎসনয়োঃ পচাদ্যচ্, বা বীজতে গচ্ছতি গর্ভাশয়মিতি বীজ-অচ্। ১ কারণ। (গীতা ৭।১০) ২ শুক্র।

"অপ এব সর্জ্জাদৌ তাসু বীজমবাসৃজৎ।" (মনু ১।৮)

'বীজং শুক্রং' (মেধাতিথি) 'বীজং শক্তিরূপং' (কুল্লুক)

মনুষ্যশরীরের শক্তিরূপ এই শুক্র বা তৎপ্রবর্ত্তিত ওজো-ধাতুই বীর্য্য নামে কথিত। এই বীর্য্য হইতেই জীবোৎপত্তিক্রিয়া পরিচালিত হইয়া থাকে। বীজনিষেক ব্যতীত সন্তানোৎপত্তি হয় না। [শুক্রশব্দে বিস্তৃত দেখ।]

৩ তেজঃ। ৪ শস্যের বীজ। ৫ অঙ্কুর। ৬ শস্যাদির ফল। ৭ আধার। ৮ নিধি। ৯ তত্ত্ব। ১০ মূল। ১১ তত্ত্বাধান। (মেদিনী) ১২ মজ্জা। (রাজনি°) ১৩ মন্ত্র। (তন্ত্রসার)

দেবতা পূজার নিমিত্ত বিহিত মন্ত্রাদির মূলতত্ত্বরূপ যে সংক্ষিপ্ত মন্ত্রবচন তাহাই তত্তদ্দেবতার বীজ বলিয়া উক্ত। প্রত্যেক দেবতারই এক একটী বীজমন্ত্র আছে, ঐ বীজমন্ত্র দ্বারা তাঁহার পূজাদি হইয়া থাকে। তন্ত্রোক্ত দীক্ষাগ্রহণকালে যে কুলের যে দেবতা আছেন, সেই দেবতার বীজ দীক্ষাগ্রহণকারীর নাম রাশি অ-ক-থ-হ প্রভৃতি চক্রানুসারে স্থির করিয়া দিতে হয়। দীক্ষিত ব্যক্তি সেই বীজমন্ত্রের সহিত দেবতার আরাধনা করিয়া সিদ্ধিলাভ করিতে পারেন। পুরশ্চরণাদিতেও ঐ বীজমন্ত্র জপ করিতে হয়। তন্ত্রসারে ভিন্ন ভিন্ন দেবতার বীজ এইরূপ লিখিত আছে।

ভুবনেশ্বরীবীজ—হ্রীঁ। অন্নপূর্ণার বীজ—হ্রীঁ নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা। ত্রিপুটাদেবীর বীজ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ। ত্বরিতা-বীজ—ওঁ হ্রীঁ হুঁ খে চ ছে ক্ষ ক্ষ্রী হূং ক্ষে হ্রীঁ ফট্। নিত্যাবীজ—ঐঁ ক্লীঁ নিত্যক্লিন্নে মদদ্রবে স্বাহা। বজ্রপ্রস্তারিণী—ঐঁ হ্রীঁ নিত্যক্লিন্নে মদদ্রবে স্বাহা। দুর্গাবীজ—ওঁ হ্রীঁ দুঁ দুর্গায়ৈ নমঃ। মহিষমর্দ্দিনী বীজ—ওঁ মহিষমর্দ্দিনী স্বাহা। জয়দুর্গাবীজ—ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা। শূলিনীবীজ—জ্বল জ্বল শূলিনি দুষ্টগ্রহ হুঁ ফট্ স্বাহা। বাগীশ্বরীবীজ—বদ বদ বাগ্‌বাদিনী স্বাহা। পারিজাতসরস্বতী-বীজ—ওঁ হ্রীঁ হ্‌সৌ ওঁ হ্রীঁ সরস্বত্যৈ নমঃ। গণেশবীজ—গঁ। হেরম্ববীজ—ওঁ গূঁ নমঃ। হরিদ্রাগণেশবীজ—গ্লঁ। লক্ষ্মীবীজ শ্রীঁ। মহালক্ষ্মীবীজ—ওঁ ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ হ্‌সৌ জগৎপ্রসূত্যৈ নমঃ। সূর্য্যবীজ—ওঁ ঘৃণিসূর্য্য আদিত্য শ্রীরামবীজ—রাং রামায় নমঃ। জানকীবল্লভায় হুঁ স্বাহা। বিষ্ণুবীজ—ওঁ নমো নারায়ণায়। শ্রীকৃষ্ণবীজ—গোপীজনবল্লভায় স্বাহা। বাসুদেববীজ—ওঁ নমো ভগবতে বাসুদেবায়। বালগোপালবীজ—ওঁ ক্লীঁ কৃষ্ণায়। লক্ষ্মীবাসুদেববীজ—ওঁ হ্রীঁ হ্রীঁ শ্রীঁ শ্রীঁ লক্ষ্মীবাসুদেবায় নমঃ। দধিবামনবীজ—ওঁ নমো বিষ্ণবে সুরপতয়ে মহাবলায় স্বাহা। হয়গ্রীববীজ—ওঁ উদ্‌গিরৎপ্রণবোদ্‌গীথ সর্ব্ববাগীশ্বরেশ্বর।

সর্ব্বদেবময়াচিন্ত্য সর্ব্বং বোধয় বোধয় ॥

নৃসিংহবীজ—উগ্রং বীরং মহাবিষ্ণুং জ্বলন্তং সর্ব্বতোমুখম্।

নৃসিংহং ভীষণং ভদ্রং মৃত্যুমৃত্যুং নমাম্যহম্ ॥

নরহরিবীজ—আঁ হ্রীঁ ক্ষৌঁ হং ফট্। হরিহরবীজ—ওঁ হ্রীঁ হৌঁ শঙ্করনারায়ণায় নমঃ হৌঁ হ্রীঁ ওঁ। বরাহবীজ—ওঁ নমো ভগবতে বরাহরূপায় ভূর্ভুবস্বঃ পতয়ে ভূপতিত্বং মে দেহি দাপয় স্বাহা। শিববীজ—হৌঁ। মৃত্যুঞ্জয়—ওঁ জূং সঃ। দক্ষিণামূর্ত্তি—ওঁ নমো ভগবতে দক্ষিণামূর্ত্তয়ে মহ্যং মেধাং প্রযচ্ছ স্বাহা। চিন্তামণি—র ক্ষ ম র য় ওঁ ভ্রঁ। নীলকণ্ঠ—প্রোঁ ন্রীঁ ঠঃ নমঃ শিবায়। চণ্ড—রুদ্ধ ফট্। ক্ষেত্রপাল—ওঁ ক্ষৌঁ ক্ষেত্রপালায় নমঃ। বটুকভৈরব—ওঁ হ্রীঁ বটুকায় আপদুদ্ধরণায় কুরু কুরু বটুকায় হ্রীঁ। ত্রিপুরা—হসরৈং। হসকলরীং। হসরৌঃ। সম্পদপ্রদভৈরবী—হসরৈঁ। হসকলরীঁ হসরৌঁ। কৈলেশভৈরবী—সহরৈঁ। সহকলরীঁ। সহরৌঁ। সকলসিদ্ধিদাভৈরবী—সহৈঁ। সহকলরীঁ। সহৌঁ। চৈতন্যভৈরবী—সহৈঁ। সকলহ্রীঁ। সহরৌ। কামেশ্বরীভৈরবী—সহৈঁ। সকলহ্রীঁ। নিত্যক্লিন্নে মদদ্রবে সহরৌঃ। ষট্‌কূটাভৈরবী—ডরলকসহৌঁ। নিত্যভৈরবী—হসকলরডৌঁ। রুদ্রভৈরবী—হসখপরৈঁ। হসকলরীঁ। হসৌঃ। ভুবনেশ্বরীভৈরবী—হসৈঁ। হসকলহ্রীঁ। হসৌঃ। সকলেশ্বরী—সহৈঁ। সহকলহ্রীঁ। সহৌঃ। ত্রিপুরাবালা—ঐঁ ক্লীঁ সৌঃ। নবকূটাবালা—ঐঁ ক্লীঁ সৌঃ। হসৈঁ। হসকলরীঁ। হসৌঃ। হসরৈঁ হসকলরীঁ হসরৌঃ। অন্নপূর্ণাভৈরবী—ওঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা। শ্রীবিদ্যা—কএঈলহ্রীঁ। হসকহলহ্রীঁ। সকলহ্রীঁ। ছিন্নমস্তা—শ্রীঁ ক্লীঁ হুঁ ঐঁ বজ্রবৈরোচনীয়ে হুঁ হুঁ ফট্ স্বাহা।

শ্যামা—ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ দক্ষিণে কালিকে ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ স্বাহা। গুহ্যকালিকা—ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ গুহ্যকালিকে ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ স্বাহা। ভদ্রকালী ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ ভদ্রকাল্যৈ ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ স্বাহা। মহাকালী—ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ মহাকালি ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ স্বাহা। শ্মশানকালী—ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রী হ্রীঁ শ্মশানকালি ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ স্বাহা। তারা হ্রীঁ স্ত্রীঁ হুঁ ফট্। চণ্ডোগ্রশূলপাণি—ওঁ হ্রীঁ হুঁ শিবায় ফট্। মাতঙ্গিনী—ওঁ হ্রীঁ ক্লীঁ হুঁ মাতঙ্গিনৌ ফট্ স্বাহা। উচ্ছিষ্টচাণ্ডালিনীসুমুখী দেবী মহাপিচাশিনী হ্রীঁ ঠঃ ঠঃ ঠঃ। ধূমাবতী ধূং ধূং স্বাহা। ভদ্রকালী—হোং কালি মহাকালি

কিলি কিলি ফট্ স্বাহা। উচ্ছিষ্টগণেশ—ওঁ হস্তিপিশাচি লিখে স্বাহা। ধনদা—ধং হ্রীঁ শ্রীঁ দেবি রতিপ্রিয়ে স্বাহা। শ্মশানকালিকা—ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ কালিকে—ঐঁ হ্রীঁ স্ত্রীঁ ক্লীঁ। বগলা—ওঁ হ্লী বগলামুখি সর্ব্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীঁ ওঁ. স্বাহা। কর্ণপিশাচী—ওঁ কর্ণপিশাচি বদাতীতানাগত শব্দং হ্রীঁ স্বাহা। মঞ্জুঘোষ—ক্রীঁ হ্রীঁ শ্রীঁ। তারিণী—ক্রীঁ ক্লীঁ কৃষ্ণদেবি হ্রীঁ ক্লীং ঐং। সরস্বতী—ঐং। কাত্যায়নী—ঐ হ্রীং শ্রীং চৌং চণ্ডিকায়ৈ নমঃ। দুর্গা—দূং। বিশালাক্ষী—ওঁ হ্রীং বিশালাক্ষৌ নমঃ। গৌরী—হ্রীং গৌরী রুদ্রদয়িতে যোগেশ্বরি হূঁ ফট্ স্বাহা। ব্রহ্মশ্রী—হ্রী নমো ব্রহ্মশ্রী রাজিতে রাজপূজিতে জয়ে বিজয়ে গৌরি গান্ধারি ত্রিভুবনশঙ্করি সর্ব্বলোকবশঙ্করি সর্ব্বস্ত্রীপুরুষবশঙ্করি সুযুদ্ধদুর্ঘোররাবে হ্রীঁ স্বাহা। ইন্দ্র—ইং ইন্দ্রায় নমঃ। গরুড়—ক্ষিপ ওঁ স্বাহা। বিষহরাগ্নি—খঃ খং। হনূমান্—হং হনূমতে রুদ্রাত্মকায় হূং ফট্। বীরসাধন—হং পবননন্দনায় স্বাহা। শ্মশানভৈরবী—শ্মশানভৈরবি নররুধিরাস্থিবসাভক্ষণি সিদ্ধিং মে দেহি মম মনোরথান্ পূরয় হুঁ ফট্ স্বাহা। জ্বালামালিকা—ওঁ নমো ভগবতি জ্বালামালিনি গৃধ্রগণপরিবৃতে হূং ফট্ স্বাহা। মহাকালী—ওঁ ক্রৈঁ ক্রৈঁ ক্রোঁ ক্রোঁ পশূন্ গৃহাণ হূং ফট্ স্বাহা। (তন্ত্রসার)

এই সকল বীজমন্ত্রে উক্ত দেবতা সকলের পূজা করিতে হয়। পূজাপ্রণালী তন্ত্রসারে বিশেষরূপে বর্ণিত হইয়াছে।

[তত্তৎ দেবনাম শব্দে বিশেষ বিবরণ দ্রষ্টব্য।]

বীজাভিধানতন্ত্রে বীজের এই সকল নাম নির্দ্দিষ্ট হইয়াছে, যথা—মায়া, লজ্জা, পরা, সংবিৎ, ত্রিগুণা, ভুবনেশ্বরী, হৃল্লেখা, শম্ভুবনিতা, শক্তিদেবী, ঈশ্বরী, শিবা, মহামায়া, পার্ব্বতী, সংস্থানকৃতরূপিণী, পরমেশ্বরী, ভুবনা, ধাত্রী, জীবনমধ্যগা ইত্যাদি।

"বীজসঙ্কেতবোধার্থমাহৃত্য তন্ত্রশাস্ত্রতঃ।
বীজনামানি কতিচিৎ বক্ষ্যামি বিদুষাং মুদে॥
মায়া লজ্জা পরা সংবিৎ ত্রিগুণা ভুবনেশ্বরী।
হৃল্লেখা শম্ভুবনিতা শক্তিদেবীশ্বরী শিবা॥
মহামায়া পার্ব্বতী চ সংস্থানকৃতরূপিণী।
পরমেশ্বরী চ ভুবনা ধাত্রী জীবনমধ্যগা॥" (বীজাভিধানতন্ত্র)

তন্ত্রসারে উল্লিখিত বীজমন্ত্রাদিরও সাঙ্কেতিক সংজ্ঞা বর্ণিত আছে; যথা—শ্রীঁ=কূর্চ্চবীজ, পূং=মায়াবীজ, হ্রীঁ=কামবীজ, ক্লীঁ বধূবীজ, স্ত্রীঁ=বাগ্বীজ, ঠিঁ=বিষ্ণুবীজ। এইরূপ বিভিন্ন বায়ুবীজ, ইন্দ্রবীজ, শিববীজ, শক্তিবীজ, রমাবীজ, রতিবীজ, প্রভৃতিরও উল্লেখ দেখা যায়। এই সকল বীজ মূলতত্ত্বের সংক্ষেপাকার হইলেও প্রত্যেক বীজ হইতে এক একটী স্বতন্ত্র অর্থসংগ্রহও হইয়া থাকে। বীজ সকলের অর্থ অতি গুহ্য, এই কারণে তান্ত্রিক আচার্য্যগণ সাধারণের নিকট তৎসমুদায় বিশদভাবে ব্যক্ত করেন নাই।

দীক্ষাপদ্ধতির নিয়মক্রমে সাধক সামান্যার্ঘ্য স্থাপনাদি আসনোপবেশন পর্য্যন্ত যাবতীয় পূজা কর্ম্ম সমাপন করিয়া মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক দেবতাকে নমস্কার করিবেন। তৎপরে ফট্ এই মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা করশোধন ও ঊর্দ্ধে তালত্রয় ধ্বনিত করিয়া ছোটিকামুদ্রায় দশদিক্ বন্ধন পূর্ব্বক 'রং' মন্ত্রে জলধারা দ্বারা বেষ্টন করিয়া নিজ দেহকে বহ্নি প্রকার চিন্তা করিয়া ভূতশুদ্ধি করিবে। ভূতশুদ্ধিকালে ষট্চক্রভেদই প্রধান অঙ্গ। প্রথমে স্বীয় অঙ্কে করদ্বয় উত্তানভাবে স্থাপন করিয়া "সোঽহং" এই মন্ত্রে হৃদয়মধ্যস্থিত প্রদীপ কলিকাকৃতি জীবাত্মাকে মূলাধার স্থিত কুলকুণ্ডলিনীর সহিত সংযুক্ত করিয়া সুষুম্নাপথে মূলাধার, অধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞাখ্য ষট্চক্রভেদ করিয়া শিরঃস্থিত অধোমুখ সহস্রদলকমলের কর্ণিকান্তর্গত পরম শিবে সংযোজিত করিয়া তাহাতে পৃথিব্যাদি চতুর্ব্বিংশতি তত্ত্ব বিলীন হইয়াছে, মনে মনে এই প্রকার চিন্তাকরিয়া "যং" এই বায়ুবীজ বামনাসাপুটে চিন্তা এবং ঐ বীজ দ্বারা ষোড়শবার জপ করিয়া দেহ পূর্ণ করণান্তর উভয় নাসাপুট ধারণ করিবে। ঐ বীজ চতুঃষষ্টিবার জপদ্বারা কুম্ভক করিয়া বামকুক্ষিস্থিত কৃষ্ণবর্ণ পাপপুরুষের সহিত দেহ শোষণ করিয়া লইবে এবং দ্বাত্রিংশদ্বার ঐ বীজ জপদ্বারা বায়ু পূরিবে। অনন্তর দক্ষিণনাসিকাতে রক্তবর্ণ "রং" এই বহ্নি বীজ চিন্তা করিয়া ঐ বীজ ষোড়শবার জপপূর্ব্বক বায়ুদ্বারা দেহ পূরণ করিবে ও নাসিকাদ্বয় ধারণপূর্ব্বক ঐ বীজের চতুঃষষ্টিবার জপদ্বারা কুম্ভক করিয়া কৃষ্ণবর্ণ পাপপুরুষের সহিত দেহকে মূলাধারস্থিত অগ্নিদ্বারা দহনপূর্ব্বক পুনরায় ঐ বীজের দ্বাত্রিংশদ্বার জপদ্বারা বামনাসিকা দিয়া বায়ু রেচন করিবে। তৎপরে শুক্লবর্ণ ঠং এই চন্দ্রবীজ বামনাসিকাতে ধ্যান করিয়া ঐ বীজের ষোড়শবার জপদ্বারা ললাটদেশে চন্দ্রকে আনয়নপূর্ব্বক উভয় নাসিকা ধারণ করিয়া "বং" এই বরুণবীজের চতুঃষষ্টিবার জপদ্বারা মাতৃকাবর্ণময় ললাটস্থ যন্ত্র হইতে গলিত অমৃত দ্বারা সমস্ত দেহ রচনা করিয়া "লং" এই পৃথিবী বীজের দ্বাত্রিংশদ্বার জপদ্বারা দেহকে সুদৃঢ় চিন্তাপূর্ব্বক দক্ষিণ নাসিকা দ্বারা বায়ু রেচন করিবে।

এইরূপে মাতৃকান্যাস, করাঙ্গন্যাস, পীঠন্যাস, ঋষ্যাদিন্যাস প্রভৃতিতেও শরীরের যথাস্থানে বীজের আধার কল্পনা করিয়া সেই সেইস্থান স্পর্শকালে সেই সেই বীজসংজ্ঞা চিন্তা করিবে। দেবতাবিশেষে করাঙ্গাদিন্যাসের ও বীজমন্ত্রের বিভিন্নত্ব লিপিবদ্ধ হইয়াছে। বাহুল্যবোধে তৎসমুদায় এখানে উদ্ধৃত হইল না।

প্রত্যেক দেবতার নাম শব্দে ঐ সকল সংক্ষেপে প্রদত্ত হইয়াছে। [বিশেষ বিবরণ স্থায় ও ষট্‌চক্র শব্দে দ্রষ্টব্য।]

১৪ অব্যক্তগণিত, বীজগণিত।

বীজক (পুং) মাতুলুঙ্গবৃক্ষ, চলিত পিয়াশাল। হিন্দী বিজয়াসার, পর্য্যায়—পীতসার, পীতশালক, বন্ধূকপুষ্প, প্রিয়ক, সর্জ্জক, আসন। গুণ—কুষ্ঠ, বীসর্প, মেহ, কৃমি, শ্লেষ্মা ও পিত্তনাশক, কেশবৃদ্ধিকর এবং রসায়ন। (ভাবপ্র°) (ক্লী) বীজস্বার্থে কন্। ২ বীজ শব্দার্থ।

বীজকর (পুং) মাষব্রীহি, মাষকলায়। (বৈদ্যকনি°)

বীজকর্কটিকা (স্ত্রী) দীর্ঘকর্কটিকা, লম্বা কাঁকুড়। (বৈদ্যকনি°)

বীজকসার (পুং) ১ পিয়ালবীজ। (সুশ্রুত) ২ মাতুলুঙ্গসার। (রাজনি°)

বীজকা (স্ত্রী) কপিলদ্রাক্ষা। (বৈদ্যকনি°)

বীজকায় (ত্রি) বীজশরীর, আদিদেহ।

বীজকাহ্ব (পুং) মাতুলুঙ্গবৃক্ষ। (বৈদ্যকনি°)

বীজকৃৎ (ক্লী) বীজং বীর্য্যং করোতি বর্দ্ধয়তীতি কৃ-ক্বিপ্ তুক্‌চ। বাজীকরণ ঔষধ, ইহা সেবনে বীর্য্য বর্দ্ধিত হয়। (রাজনি°) ২ বীর্য্যকারক।

বীজকোশ (ষ) (পুং) বীজানাং কোশঃ আধার ইব। পদ্মবীজাধারচক্রিকা, পদ্মের চাঁকা, পদ্মবীজাধারপত্র, যাহাতে পদ্মবীজ থাকে, চলিত ফোঁফল। পর্য্যায়—বরাটক, কর্ণিকা, বারিকুজ, শৃঙ্গাটক। (শব্দরত্না°)

বীজকোশক (ক্লী) বৃষণ। (বৈদ্যকনি°)

বীজগণিত (ক্লী) অঙ্কবিদ্যাবিশেষ। (Algebra) যে শাস্ত্রে বর্ণমালার অক্ষরগুলিকে সংখ্যা স্বরূপ ধরিয়া এবং কতকগুলি সাঙ্কেতিক চিহ্ন ব্যবহার করিয়া রাশিবিষয়ক সিদ্ধান্তসকল যুক্তি সহকারে সংস্থাপিত হয়, তাহার নাম বীজগণিত।

বীজগণিত অঙ্কশাস্ত্রের একটী শাখাবিশেষ। ইহাদ্বারা পাটীগণিতে প্রচলিত নিয়মাবলী হইতে বিভিন্ন ও অচিন্ত্যপূর্ব্ব অঙ্কসাধনপ্রণালী শিক্ষা করা যায়। ক্রমোৎকর্ষের স্তর-বিচারে এই শাস্ত্রের সহিত পাটীগণিতের যেরূপ পার্থক্যই দৃষ্ট হউক না কেন, পাটীগণিতশাস্ত্র হইতেই ইহার উৎপত্তি হইয়াছে—এই সিদ্ধান্তে উপনীত হইয়া স্যার্ আইজাক্ নিউটন্ বীজগণিতকে "সার্ব্বজনীন গণিতবিদ্যা" (Universal arithmetic) নামে অভিহিত করিয়াছেন। যদিও এই নামটী দ্বারা ইহার অর্থ পরিস্ফুট হয় নাই, তথাপি ইহাতে এই শাস্ত্রের অভিব্যক্তি বিশদ করা হইয়াছে। নিউটনের পরবর্ত্তী সময়ের সর্ব্বপ্রধান অঙ্কবিদ্ পণ্ডিত স্যার্ উইলিয়ম্ রোয়ান হ্যামিল্টন্ বীজগণিতকে "বিশুদ্ধ কাল বিজ্ঞান" (Science of Pure Time) বলিয়া অভিহিত করিয়াছেন। ডি মর্গান্ এই সংজ্ঞাটীকে পরিস্ফুট করিতে যাইয়া বীজগণিতকে "ক্রম-গণনা" (Calculus of Succession) নাম দিয়াছেন। শেষোক্ত এই সংজ্ঞা দুইটী হইতে নিউটনের প্রদত্ত সংজ্ঞা সাধারণ পাঠকের মনে সহজ বোধ হইবে, সন্দেহ নাই।

পাটীগণিত হইতে কি প্রকারে বীজগণিতের সূত্রপাত ও উহার ক্রমবিকাশ ঘটিল, তাহা সংক্ষেপে প্রকাশ করা সহজ নহে। পাটীগণিত ও বীজগণিতের প্রক্রিয়ার মধ্যে স্থূলতঃ যে পার্থক্য দৃষ্ট হয় সেই পার্থক্য এই যে, পাটীগণিতের প্রক্রিয়াগুলি সাক্ষাৎ ভাবে ব্যাখ্যাত হইয়া থাকে, কিন্তু বীজগণিতের প্রক্রিয়াগুলি অনেক সময়ে কেবল তুলনাদ্বারা ব্যাখ্যাত হয়। উদাহরণস্বরূপ ভগ্নাংশের গুণনের বিষয় ধরা যা'ক্। ইতালীর লুকাস্ ডি বার্গো এবং ইংলণ্ডের রবার্ট্ রেকোর্ড্ প্রভৃতি পণ্ডিতগণ ভগ্নাংশের গুণনকে সাধারণ গুণনের অভিনব প্রয়োগ বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। সাধারণ গুণন যেমন যোগের সহজ উপায়, দৃষ্টিমাত্রই ইহাকে তদ্রূপ বলিয়া মনে করা যাইতে পারে না। গুণনের ধারণা করিয়া তৎসঙ্গে ভগ্নাংশের সংজ্ঞার সংযোগ করিলেই ভগ্নাংশগুণনের ব্যাখ্যা হইয়া যাইবে। পক্ষান্তরে, খৃষ্টীয় চতুর্থ শতাব্দের প্রসিদ্ধ পাশ্চাত্যপণ্ডিত দিওফান্তাস্ বিয়োগচিহ্ন ব্যবহারের মূলে বীজগণিতের ভিত্তি দেখিতে পাইয়াছিলেন। ইনি স্বকৃত একখানি গ্রন্থের প্রারম্ভেই বিয়োগচিহ্নের এই বিশেষসংজ্ঞা লিপিবদ্ধ করিয়াছেন:—বিয়োগচিহ্নসম্বলিত রাশিকে বিয়োগচিহ্নসম্বলিত রাশিদ্বারা গুণ করিলে গুণফল যোগচিহ্নবিশিষ্ট হইবে ("That *minus* multiplied by *minus* produces *plus*")। মূল চিহ্নের ন্যায় এই চিহ্নের অবাধ ব্যবহারের কোনরূপ মৌলিক ক্রিয়াপ্রণালী নাই। ইহা পাটীগণিতের নিয়মপ্রণালী অনুসারে গঠিত হইলে, উহার ব্যবহার নিশ্চয়ই ভ্রমসঙ্কুল হইয়া পড়িবে। গণিতশাস্ত্রের মৌলিক নিয়মাবলীর সহিত উক্ত নিয়মের অবাধ প্রয়োগ দ্বারা বীজগণিতের সীমা সংক্ষেপ করা হয়। বিখ্যাত গণিতবিদ্ ইউক্লিডও স্বয়ং এই সীমা হইতে দূরে অগ্রসর হওয়া সম্ভবপর বিবেচনা করেন নাই।

ব্যবহারপ্রণালীর কোন বিধিবদ্ধ নিয়মের অভাবে, গণিতশাস্ত্রের নিয়মের পার্শ্বে বিয়োগচিহ্ন সংস্থাপন করিলে উহার ফল নিয়মবিরুদ্ধ হইয়া দাঁড়াইত। এ কথা আমাদের স্বকপোলকল্পিত নহে। পঞ্চাশ বৎসর পূর্ব্বের বীজগণিতে যেরূপ ছিল, অধুনা স্যার্ উইলিয়ম্ রোয়ানি হামিল্টন্ তৎসঙ্গে কতকাংশ যোগ করিয়া বীজগণিতের উৎকর্ষ সাধন করিয়াছেন। এই অংশকে হামিল্টন্ "চতুষ্ক" (quaternions) নামে অভিহিত করিয়াছেন। এই

আবিক্রিয়াটীর প্রতিষ্ঠা হওয়ায় "যে কোন নিয়মে অঙ্কের ব্যবহার নিষ্পন্ন করা যাইতে পারে" ("That operation may performed in any order") গণিতশাস্ত্রের বহুপুরাতন এই স্বতঃসিদ্ধান্তটীর বিলোপ হইয়াছে।

ইতিহাস

খৃষ্টীয় সপ্তদশ শতাব্দে পাশ্চাত্যজগদ্বাসী লোকগণের বিশ্বাস ছিল যে, পূর্ব্বকালে গ্রীকঅঙ্কবিদ্‌গণ বর্ত্তমানপ্রচলিত বীজগণিতের মোটামুটী জ্ঞান লাভ করিয়াছিলেন এবং ইহা হইতেই ক্রমে তাঁহারা প্রশংসনীয় উপপাদ্য ও সম্পাদ্য বিষয়ের সমীকরণপ্রণালী আবিষ্কার করেন। কিন্তু তাঁহারা এই তথ্য কাহাকেও শিক্ষা দিতে প্রস্তুত ছিলেন না। তজ্জন্যই অঙ্ককরণপ্রণালী গোপন রাখিয়া তাঁহারা শুধু অঙ্কের ফলটী প্রকাশ করিতেন।

অধুনা ঐ মত পরিত্যক্ত হইয়াছে। পূর্ব্বকালের জ্যামিতি পাঠ করিলে প্রতীতি জন্মে যে, উহা প্রাচীন অঙ্কবিদ্ পণ্ডিতগণের পরিজ্ঞাত অঙ্কশাস্ত্রের সারাংশ ও বিশুদ্ধ জ্যামিতিরই অনুরূপ। প্রত্যুত, বর্ত্তমান সময়ে প্রচলিত বীজগণিতের সহিত উহার বহুল পার্থক্য দৃষ্ট হইয়া থাকে।

পূর্ব্বকালের জ্যামিতিশাস্ত্রকারেরা বীজগণিতের সারাংশ হইতে তত্ত্বাদি গ্রহণপূর্ব্বক স্বীয় আবিক্রিয়ার পুষ্টিসাধন করিয়াছেন, তদ্বিষয় চিন্তা করিবার কোন কারণই নাই, কিন্তু কিঞ্চিৎ পরবর্ত্তী সময়ের গ্রাসবাসিগণ এই বিদ্যায় যে যৎকিঞ্চিৎ ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন, তাহা ইতিহাস পর্য্যালোচনা করিলে সহজেই হৃদয়ঙ্গম হয়।

খৃষ্টীয় চতুর্থ শতাব্দের মধ্যভাগে অঙ্কবিদ্যার যথেষ্ট অবনতি ঘটে। এই সময়ের অঙ্কবিদ্‌গণ কোনরূপ মূলগ্রন্থ লিখিতে প্রয়াস না পাইয়া পূর্ব্ববর্ত্তী লেখকগণের প্রণীত গ্রন্থাদির ভাষ্যপ্রণয়নে মনোনিবেশ করেন। এতদ্দ্বারা পূর্ব্বসময়ের অঙ্কশাস্ত্রের যথেষ্ট উৎকর্ষ সাধিত হয়।

প্রসিদ্ধ পণ্ডিত দিওফন্তাস্ গণিতশাস্ত্র সম্বন্ধে কয়েকখানি গ্রন্থ রচনা করেন। তাঁহার মূল গ্রন্থখানি ত্রয়োদশভাগে বিভক্ত দিওফন্তাস্ ছিল। এতন্মধ্যে প্রথম ছয়খানি ও বহু অস্রবিশিষ্ট অঙ্ক (Polygonal numbers) সম্বন্ধে অসম্পূর্ণ শেষ গ্রন্থখানি অধুনা পাওয়া যায়। শেষোক্ত গ্রন্থখানিই ত্রয়োদশস্থানীয় বলিয়া গৃহীত হইয়াছে।

উল্লিখিত গ্রন্থগুলিকে বীজগণিতবিষয়ক সম্পূর্ণ গ্রন্থ বলিয়া বোধ হয় না। কিন্তু ইহা হইতেই এই শাস্ত্রের মূলবিষয় সম্বন্ধে প্রকৃষ্ট জ্ঞানলাভ করা যাইতে পারে। গ্রন্থকার প্রথমতঃ আপন প্রণালী অনুসারে সাধারণ ও বিষমকর্ম্মের বা বর্গায় সমীকরণের (Simple and Quadratic equations) (যথা—এমন দুইটী রাশি বাহির কর যাহাদের যোগফল কিম্বা যাহাদের বর্গের যোগ বা বিয়োগফল প্রদত্ত আছে) নিয়ম দেখাইয়া, নূতনপ্রথায় বিশেষশ্রেণীর কতকগুলি অঙ্ক নিষ্পাদন করিয়াছেন। বর্ত্তমান সময়ে উহাকেই অনির্দ্ধারিত বিভাগ (indeterminate analysis) বলে।

সম্ভবতঃ এই দিওফন্তাসই গ্রীসদেশীয় বীজগণিতের মূলগ্রন্থকার। কিন্তু তাঁহার পূর্ব্বে তদ্দেশবাসী এই শাস্ত্রে অনভিজ্ঞ ছিলেন, এমন বোধ হয় না। মূল বিষয়গুলি শিক্ষা করিয়া নিজ বুদ্ধিবলে তিনি ইহার উৎকর্ষসাধন করিয়াছেন, ইহাই সম্ভব। দিওফন্তাসের কৃত সমীকরণগুলির সহজপদ্ধতি দেখিলেই বুঝা যায় যে, এ বিষয়েঃতিনি পূর্ব্ব হইতেই পারদর্শী ছিলেন এবং দ্বিতীয় পর্য্যায়ের নির্দ্দিষ্ট সমীকরণগুলি সম্পাদন করিতে পারিতেন। সম্ভবতঃ তৎকালে গ্রীসদেশে এই শাস্ত্রের উৎকর্ষ এই পর্য্যন্তই হইয়াছিল। ইতালীদেশে শিক্ষাসংস্কারযুগে (revival of learning) ইহা সম্যক্ উৎকর্ষ লাভ করে, কিন্তু তৎপূর্ব্বে পাশ্চাত্য শিক্ষিতজগতের সর্ব্বস্থানেই গ্রীসদেশের অপেক্ষা প্রকৃষ্টরূপে বীজগণিতের প্রসারবৃদ্ধি হয় নাই।

থিওনের কন্যা প্রসিদ্ধা হাইপেসিয়া দিওফন্তাসের গ্রন্থের একখানি ভাষ্য প্রণয়ন করেন। এতদ্ব্যতীত ইনি এপোলোনিয়াসের সূচীচ্ছেদবিষয়কগণিত (conics) শাস্ত্রেরও একখানি টীকা রচনা করিয়াছিলেন। দুঃখের বিষয় এখন আর এই দুখানি পুস্তক পাওয়া যায় না।

খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর মধ্যভাগে গ্রীক্‌ভাষায় লিখিত উল্লিখিত দিওফন্তাসের গ্রন্থাবলী রোমের ভাটিকান্ পুস্তকাগারে পাওয়া যায়। সম্ভবতঃ তুরস্কগণ যখন কন্‌স্তান্তিনোপল্ অধিকার করে, সেই সময়েই এই গ্রন্থাবলী গ্রীসদেশ হইতে এস্থানে আনীত হয়। ১৫৭৫ খৃষ্টাব্দে জাইলণ্ডার (Xylander) লাটিনভাষায় অনূদিত ইহার একখানি সংস্করণ প্রকাশ করিয়া জগদ্বাসীর সমক্ষে উপস্থিত করেন। ১৬৬১ খৃষ্টাব্দে বেকেট্ ডি মেজেরিয়াক্ ফ্রেঞ্চ্ একাডমীর জনৈক মেম্বর এই গ্রন্থের সটীক সম্পূর্ণ অনুবাদ বাহির করেন। বেকেট্ নিজে "অনির্দ্দিষ্ট বিভাগ" (indeterminate analysis) বিষয়ক অঙ্কে বিশেষ পণ্ডিত ছিলেন। সুতরাং উপযুক্ত পাত্রের দ্বারাই উপযুক্ত কার্য্য নির্ব্বাহিত হইয়াছিল। দিওফন্তাস্‌কৃত মূলগ্রন্থের প্রায় অংশই এরূপভাবে নষ্ট হইয়া গিয়াছিল যে, অনেকস্থলেই বেকেট্‌কে গ্রন্থকারের ভাব টানিয়া বা পাদপূরণ করিয়া গ্রন্থ সম্পূর্ণ করিতে হইয়াছিল। ইহার কএক বৎসর পরে ফরাসীদেশীয় প্রসিদ্ধ গণিতবিদ্ ফার্ম্মাট্ বেকেটের সংস্করণের সঙ্গে

গ্রীস্‌দেশীয় বীজগণিতকারগণের গ্রন্থসম্বন্ধে স্বকৃত টীকা সন্নিবেশ করিয়া বেকেটের নূতন সংস্করণ প্রকাশ করেন। ফমেনাট্ নিজে পণ্ডিত লোক ছিলেন। সুতরাং এই সংস্করণখানিকে সকলেই বিশেষ শ্রদ্ধার চক্ষে দেখিয়া ছিলেন। এই সংস্করণখানিই প্রচলিত সংস্করণের মধ্যে অত্যুৎকৃষ্ট। ইহা ১৬৭০ খৃষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়।

দিওফন্তাস্‌কৃত গ্রন্থাবলী উদ্ধার হওয়ায় অঙ্কশাস্ত্রের ইতিহাসে যুগান্তর উপস্থিত হইয়াছে সত্য; কিন্তু ইহা হইতেই যে য়ুরোপ-সমাজে বীজগণিতবিদ্যার প্রচলন হইয়াছে, এ কথা কেহই স্বীকার করিবে না। আরবীয়গণের নিকট হইতেই য়ুরোপবাসীরা এই বিদ্যা এবং সংখ্যাগণনা ও দশমিক-অঙ্কপ্রণালী বিষয়ে শিক্ষালাভ করেন। বিচক্ষণ ও বুদ্ধিমান্ আরববাসী এই বীজবিজ্ঞানশাস্ত্রের মর্ম্ম অবগত হইয়া পুনঃ পুনঃ আলোচনাদ্বারা জগতে ইহার জ্যোতিঃ বিকীরণ করিতে থাকে, তখনও সমগ্র য়ুরোপখণ্ড অজ্ঞানতিমিরে নিমজ্জিত ছিল। আরবীয়গণ বিশেষ অধ্যবসায়ে গ্রীক্ অঙ্কবিদ্‌গণের গ্রন্থাবলী সংগ্রহ করিয়া মাতৃভাষায় তৎসমুদায় অনুবাদপূর্ব্বক নানারূপ ভাষ্যাদিসহ প্রকাশ করিয়াছিলেন। আরব্য ভাষায় লিখিত গ্রন্থাবলী হইতে য়ুরোপবাসী সর্ব্বপ্রথমে জ্যামিতির উপকরণ প্রাপ্ত হন। আপোলোনিয়াশের মূলগ্রন্থ এখন আর পাওয়া যায় না। ঐ গ্রন্থের কতকাংশও আরব্যভাষা হইতে অনূদিত হইয়া অদ্যাপি রক্ষিত হইতেছে।

আরবীয়গণ বলিয়া থাকেন যে তাঁহাদের দেশের মহম্মদ-বিন্-মুসা সর্ব্বপ্রথম বীজগণিতের আবিষ্কার করেন। ইনি বুজিয়ানা-বাসী-মহম্মদ বলিয়াও পরিচিত। পাশ্চাত্যজগতে ইনি Moses নামে প্রতিষ্ঠা পাইয়াছেন। ইনি খলিফা অল্‌মামুনের রাজত্ব-সময়ে, খৃষ্টীয় নবম শতাব্দে বিদ্যমান ছিলেন।

এই মুসা যে বীজগণিত সম্বন্ধে একখানি গ্রন্থ লিখিয়াছিলেন, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। ইতালিভাষায় অনূদিত ইহাঁর রচিত গ্রন্থের একখণ্ড একসময়ে য়ুরোপে প্রচলিত ছিল। দুর্ভাগ্যক্রমে ঐ গ্রন্থ বিলুপ্ত হইয়াছে, এখন আর তাহা পাওয়া যায় না। সৌভাগ্যের বিষয়, আরব্যভাষায় লিখিত ইহাঁর একখানি মূলগ্রন্থ অক্সফোর্ডের বড্‌লিয়ান্ লাইব্রেরীতে রক্ষিত আছে। এ গ্রন্থখানির রচনাকাল ইংরেজী ১৩৪২ খৃষ্টাব্দের সমসাময়িক। গ্রন্থের উপরের পৃষ্ঠাখানি দেখিলেই বুঝা যায় যে গ্রন্থকার প্রাচীন সময়ের লোক। পুস্তকের পার্শ্বদেশে লিখিত টীকাটিপ্পনী দেখিলে গ্রন্থখানি অপেক্ষাকৃত প্রাচীন বলিয়া প্রমাণিত হইবে। অধিকন্তু বীজগণিতশাস্ত্রের ইহাই যে প্রথম প্রাচীন গ্রন্থ, এই গ্রন্থ দেখিলে তাহা স্পষ্টই মনে হয়। গ্রন্থের ভূমিকায় গ্রন্থকারের পরিচয় লিপিবদ্ধ আছে; অধিকন্তু উহা হইতে আরো জানা যায় যে অল্‌মামুন্‌কর্ত্তৃক বীজগণিতানুসারে অঙ্কগণনা সম্বন্ধে একখানি সংক্ষিপ্ত গ্রন্থ লিখিতে আদিষ্ট ও উৎসাহিত হইয়া ইনি ঐ গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন। পাশ্চাত্য-পণ্ডিতগণের বিশ্বাস, মুসাপ্রণীত এই গ্রন্থখানি বীজগণিত সম্বন্ধে আরববাসীদের প্রথম সঙ্কলন; সুতরাং ইহার উপাদানও যে অন্য ভাষায় লিখিত পুস্তকাদি হইতে সংগৃহীত, তাহা সহজেই উপলব্ধি করা যায়। গ্রন্থকার যে আর্য্য হিন্দুজাতির জ্যোতিষ-শাস্ত্র ও অঙ্কবিদ্যায় পারদর্শিতা লাভ করিয়াছিলেন, ঐ গ্রন্থে তাহার যথেষ্ট প্রমাণ আছে। অতএব, হিন্দুদের নিকট হইতেই তিনি বীজগণিতের উপাদান গ্রহণ করিয়াছেন বলিয়া অনুমান অসঙ্গত হয় না। বীজগণিতশাস্ত্রে ও অনির্দ্দিষ্ট সম্পাদ্য সমাধানে হিন্দুগণের অশেষ পাণ্ডিত্য ছিল, তদ্বিষয় ভারতীয় বীজগণিত সম্বন্ধে নিম্নে বিবৃত হইয়াছে। ইহা হইতে আমরা নিঃসঙ্কোচে বলিতে পারি যে, আরবীয়গণ ভারতবাসীর নিকট হইতে বীজগণিতবিদ্যা লাভ করিয়াছিলেন।

আরবদেশীয় গ্রন্থকার

বীজগণিতের মূল তত্ত্বের পরিচয় পাইয়া আরবগণ অবশেষে অনেক গ্রন্থাদি লিখিয়া এই শাস্ত্রের অঙ্গপুষ্টি করিয়াছেন। মহম্মদ আবুল্‌ওয়াফা নামক অপর একজন আরবীয় পণ্ডিত বীজগণিতশাস্ত্রের একখানি বিস্তৃত ভাষ্য প্রণয়ন করেন। তাহাতে তিনি তাঁহার পূর্ব্ববর্ত্তী বীজগণিত-লেখকগণের মতামত বিচারপূর্ব্বক বিশদ ব্যাখ্যা প্রদান করিয়াছেন। এতদ্ব্যতীত ইনি দিওফন্তাস্‌কৃত গ্রন্থেরও অনুবাদ করিয়াছিলেন। এই আবুলওয়াফা খৃষ্টীয় দশম শতাব্দের শেষ চল্লিশ বৎসরের মধ্যে বিদ্যমান ছিলেন।

আরববাসী অত্যন্ত আগ্রহের সহিত ও কঠোর শ্রমসহকারে বহুদিন এই বিদ্যার অনুশীলন করিলেও তাঁহাদের হস্তে ইহার বিশেষ উন্নতি সাধিত হয় নাই। দিওফন্তাসের গ্রন্থাদি পড়িয়া তাঁহারা স্বীয়গ্রন্থে বীজগণিত সম্বন্ধীয় অনেক অভিনব বিষয় সন্নিবেশিত করিতেন, এরূপ আশা করা যায়; কিন্তু কার্য্যে সেরূপ কিছুই ফল হয় নাই। আরবদেশীয় পূর্ব্বতন বীজগণিত-বিদ্‌গণ হইতে আরম্ভ করিয়া শেষ গ্রন্থকার বেহৌদিন পর্য্যন্ত পূর্ব্বপদ্ধতি অনুসারে একই প্রণালীতে গ্রন্থ লিখিয়া গিয়াছেন। পূর্ব্ববর্ত্তী লেখকের অনুসরণ ছাড়া ইহারা মৌলিক কোন বিষয়ই স্বীয় গ্রন্থে সন্নিবেশ করেন নাই। বেহৌদিন ১৫৩-১০৩১ খৃষ্টাব্দের মধ্যে জীবিত ছিলেন।

কোন্ সময়ে ও কি ভাবে য়ুরোপে বীজগণিতশাস্ত্রের প্রচলন হইয়াছিল, অঙ্কতত্ত্ববিদ্‌গণের অনেকেরই সে বিষয়ে ভুল ধারণা

দেখা যায়। সম্প্রতি বিশেষ অনুসন্ধানদ্বারা স্থিরীকৃত হইয়াছে যে পিসাবাসী লিওনার্ডো নামক জনৈক বণিক্ সর্ব্বপ্রথমে ইতালীদেশে বীজগণিতবিজ্ঞান প্রচার করেন। বুদ্ধিমান্ লিওনার্ডো বাল্যকালে বার্‌বারীরাজ্যে বাস করিতেন। সেইস্থানে থাকিয়া তিনি ভারতীয় প্রণালী অনুসারে নয়টী সংখ্যা দ্বারা গণনাপ্রণালী শিক্ষালাভ করেন। বাণিজ্যব্যপদেশে তাঁহাকে প্রায়শঃই মিশর, সিরিয়া, গ্রাস ও সিসিলীপ্রদেশে যাতায়াত করিতে হইত। বোধ হয় এই সকল স্থানেই তিনি সংখ্যাসম্বন্ধীয় শিক্ষণীয় বিষয়গুলি আয়ত্ত করিয়াছিলেন, ভারতীয় গণনাপ্রণালীই তাঁহার নিকট সর্ব্বোৎকৃষ্ট বিবেচিত হওয়ায় তিনি যত্নসহকারে তাহা শিক্ষা করেন। এই সময়ে তিনি ভারতীয় গণনাপ্রণালীর সহিত য়ুক্লিডের জ্যামিতির মূল সূত্রের কিছু কিছু অঙ্কতত্ত্ব সংযোজন করিয়া এবং তৎসঙ্গে স্বীয় প্রতিভাবলে বীজগণিত সম্বন্ধীয় আরও কতকগুলি অভিনবতত্ত্ব আবিষ্কার করিয়া উক্ত মতত্রয়ের সামঞ্জস্যদ্বারা বীজগণিতবিষয়ক একখানি গ্রন্থ রচনা করেন। এই সময়ে লোকে বীজগণিতকে গণিতের শাখাবিশেষ মনে করিত। প্রকৃতপক্ষে, ইহা গণিতের সারাংশ। এই শেষ ধারণার বশবর্ত্তী হইয়া লিওনার্ডো স্বীয়গ্রন্থে উভয়শাস্ত্র সম্বন্ধে বিভিন্নভাবে বিশদ আলোচনা করিয়াছেন। ১২০২ খৃষ্টাব্দে লিওনার্ডো এই গ্রন্থ প্রণয়ন করেন। পরে পুনরায় ১২২৮ খৃষ্টাব্দে তিনি ইহা সংশোধনপূর্ব্বক প্রকাশ করিয়াছিলেন। মুদ্রাযন্ত্র আবিষ্কারের দুইশত বৎসর পূর্ব্বে এই গ্রন্থ লিখিত হইয়াছিল। মানবজাতি তৎকালে এই বিদ্যানুশীলনে বিশেষ আগ্রহান্বিত না হওয়ায় ইহা যে জনসমাজে অবিদিত থাকিবে, তাহাতে আর বৈচিত্র্য কি? যাহা হউক, গ্রন্থকারের অন্যান্য পুস্তকাদির ন্যায় এ গ্রন্থখানিও হস্তলিখিত পুথির আকারে রক্ষিত হইয়া আসিতেছিল। পূর্ব্বে কেহই এই মূল্যবান্ গ্রন্থের উদ্দেশ করে নাই। সৌভাগ্যক্রমে, খৃষ্টীয় ১৮শ শতাব্দের মধ্যভাগে ফ্লোরেন্সের ম্যাগ্লিয়াবেফিয়ান্ লাইব্রেরী হইতে এই গ্রন্থখানি আবিষ্কৃত হয়।

লিওনার্ডোকর্ত্তৃক য়ুরোপে বীজগণিতের প্রচলন

আরবদেশীয় গ্রন্থকারগণের ন্যায় লিওনার্ডোও অঙ্কশাস্ত্রে বিশেষ ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন। ইনি প্রথম ও দ্বিতীয় পর্য্যায়ের সমীকরণ (equations of the first and second degrees) করিতে পারিতেন; দিওফন্তাসাবিষ্কৃত বিভাগপ্রণালীতেও ইহার প্রগাঢ় পাণ্ডিত্য ছিল। জ্যামিতিতে ইহার অশেষ ব্যুৎপত্তি ছিল। ইনি সেই জ্যামিতির নিয়মানুসারেই বীজগণিতের নিয়মপদ্ধতি সামঞ্জস্য করিয়া লইয়াছিলেন। আরবদেশীয় গ্রন্থকারগণের ন্যায় ইনিও বিশদভাবে স্বীয় সিদ্ধান্ত প্রকাশ করিয়া গিয়াছেন। কিন্তু এই পথে অঙ্কশাস্ত্রের বিশেষ উন্নতি হয় নাই। সাঙ্কেতিক চিহ্নাদির ব্যবহার এবং অল্পকথায় মর্ম্মার্থ বুঝাইবার পদ্ধতি ইহার বহুপরে আবিষ্কৃত হইয়াছে।

লিওনার্ডোর পরে এবং মুদ্রাযন্ত্র আবিষ্কারের পূর্ব্বে বীজগণিত অনুশীলনে বিশেষ আগ্রহ দেখা যায়। এই বীজগণিতবিদ্যা অধ্যাপককর্ত্তৃক প্রকাশ্যরূপে শিক্ষা দেওয়া হইত। এই সময়ে এই শাস্ত্র সম্বন্ধে অনেক গ্রন্থাদি রচিত হয়। অধিকন্তু আরব্যভাষায় লিখিত দুখানি প্রাচীন মূলগ্রন্থ ইতালীভাষায় অনূদিত হয়। ইহার মধ্যের একখানির নাম "বীজগণিতের নিয়ম" (the Rule of Algebra) এবং অপরখানি খোরাসানের মহম্মদ-বিন্ মুসাপ্রণীত অতি প্রাচীন গ্রন্থের অনুবাদ। শেষোক্ত গ্রন্থখানিই আরব্যভাষায় লিখিত সর্ব্বপ্রথম গণিতগ্রন্থ।

বীজগণিতবিষয়ক সর্ব্বপ্রথম মুদ্রিত গ্রন্থখানির নাম—*Summa de Arithmetica, Geometria, Proportioni, et Proportionalita.* লুকাস্ পেলিওলাস ওরফে ডি বার্গো নামক জনৈক সন্ন্যাসী (minorite friar) ইহার রচনাকর্ত্তা। ১৪৯৪ খৃষ্টাব্দে এই গ্রন্থখানি প্রথম মুদ্রিত হয়। তৎপরে ১৫২৩ খৃষ্টাব্দে ইহা পুনর্মুদ্রিত হইয়াছিল।

লুকাস্ ডি বার্গো

যে সময়ে এই গ্রন্থ খানি প্রকাশিত হয়, সেই সময়ের পক্ষে পাটীগণিত, বীজগণিত ও জ্যামিতি সম্বন্ধে যত গ্রন্থ প্রচলিত ছিল, তৎসমুদায়ের মধ্যে এখানিকে সর্ব্বাঙ্গ সুন্দর ও সম্পূর্ণ গ্রন্থ বলা যায়।

গ্রন্থকার লিওনার্ডোর প্রদর্শিত পন্থানুসরণ করিয়া তাঁহারই আদর্শে এই গ্রন্থ খানি রচনা করিয়াছিলেন। ইহাঁর গ্রন্থ হইতেই পরবর্ত্তিকালে লিওনার্ডোর লুপ্ত গ্রন্থের কতকাংশ উদ্ধার করিয়া জন সমাজে প্রচারিত করা হয়।

১৫০০ খৃষ্টাব্দে য়ুরোপে বীজগণিতের যতদূর উন্নতি হইয়াছিল, লুকাস্ ডি বার্গো সেই সকল বিষয় স্বীয় গ্রন্থ মধ্যে সন্নিবেশ করিয়া গ্রন্থ খানির সৌষ্ঠবতা সম্পাদন করিয়া গিয়াছেন। সম্ভবতঃ ঐ সময়ে আরব ও আফ্রিকা প্রদেশেও বীজগণিতের অবস্থা তদনুরূপই ছিল। আবশ্যকীয় ফল লাভের উপায় স্বরূপ বীজগণিতে যে শক্তি নিহিত আছে, তাহা অঙ্কপাত দ্বারা সহজেই উপলব্ধি হয়। এই অঙ্কপাতপ্রণালীর বলেই আলোচ্য সংখ্যাগুলি সর্ব্বদা দৃষ্টি পথে রাখিতে পারা যায়, কিন্তু লুকাস ডি বার্গোর সময়ে বীজগণিতে আলোচ্য বিষয়ের সংক্ষেপে অঙ্ক প্রতিপাদনকল্পে সহজসাধ্য ও সম্পূর্ণাঙ্গ কোন নিয়ম প্রচলিত ছিল না। গণনার জন্য তৎকালে কতকগুলি বাক্যের বা নামের পরিবর্ত্তে সংক্ষিপ্ত বাক্যাবলীর প্রয়োগ করা

হইত, তাহাই ঐ সময়ের সাঙ্কেতিক চিহ্ন-রূপে ব্যবহৃত ছিল। উহা এক রকম সংক্ষেপ-লিপির (Short-hand) অনুকরণ মাত্র। বর্ত্তমান সময়ে যে সকল অঙ্কপাত দ্বারা অনেকগুলি কথা বুঝান যাইতে পারে, সে সময়ের অঙ্কপাতে এই কথাগুলি প্রকাশ করা সম্ভবপর হইত না। তৎকালে বীজগণিতের প্রথানুসারে অঙ্ক সম্পাদন বিশেষরূপে সীমাবদ্ধ ছিল। কতকগুলি অনাবশ্যক সংখ্যাবিষয়ক প্রশ্নের সমাধান ব্যতীত তৎকালে বীজগণিতের সাহায্যে বিশেষ কোন তত্ত্ব নিষ্পাদিত হইত না। প্রত্যুত ঐ প্রশ্নগুলি হইতে বিজ্ঞানের উৎকর্ষসাধক উচ্চ গণিতাঙ্কের লক্ষণও দেখা যাইত না। বর্ত্তমান সময়ে এই শাস্ত্রের সাহায্যে প্রতিপাদ্য বিষয়গুলির ক্ষেত্রে যতদূর প্রসারিত হইয়াছে, তৎকালের লোকে ধারণা করিতেও সক্ষম ছিলেন না।

প্রাচীন গণিতজ্ঞগণের জ্ঞানও ততদূর বিস্তৃতি লাভ করে নাই। প্রথম ও দ্বিতীয় পর্য্যায়ের সমীকরণ জানিলেই লোকে তখন বিশিষ্ট বিদ্বান্ বলিয়া পরিচিত হইতেন। তৎকালে দ্বিতীয় পর্য্যায়ের সমীকরণ নিষ্পন্ন করিতে হইলে অঙ্কটীকে ভাঙ্গিয়া চুরিয়া ভিন্ন ভিন্ন ভাবে সামান্য সমীকরণে গঠিত করিয়া বিশেষ বিশেষ স্বতঃসিদ্ধ নিয়মের (formula) অনুবলে তাহা নিষ্পন্ন করিয়া লইতে হইত। কেবল মাত্র চিহ্ন-পরিবর্ত্তন করিয়া সাধারণ নিয়ম বলে একটী সমীকরণের উদাহরণ হইতেই সম্পাদ্য সমীকরণগুলি অনায়াসে নিষ্পন্ন করা যাইতে পারে—এ বিষয়টী তখনকার লোকের সম্পূর্ণ অবিদিত ছিল। কুব্জ বা ন্যুব্জ মুকুরখণ্ডে প্রতিফলিত বা বক্রীভূত রশ্মি সম্বন্ধে আলোচনা করিলে বুঝা যায় যে, দৃষ্টি-বিজ্ঞান সম্পর্কীয় কেন্দ্রীভূত ও বিসরণশীল আলোক রশ্মির অধিশ্রয়ণ চিহ্ন পরিবর্ত্তন দ্বারা সহজেই প্রকাশ করা যায়—ডাঃ হেলি পরীক্ষা কালে এই তত্ত্বে উপনীত হইয়া বিশেষ আশ্চর্য্যান্বিত হইয়াছিলেন। মলিয়ে বলেন যে, হেলির আবিষ্কৃত নিয়মের (Halley's formula) সার্ব্বত্রিকতা প্রকৃতপক্ষেই বিস্ময়জনক।

জ্যামিতির সাহায্য ব্যতিরেকে, বীজগণিতের নিজ নিয়মানুসারে অঙ্ক সমাধান করা যাইতে পারে। কার্য্যক্ষেত্রে অনেক সময়ে উক্ত শাস্ত্র দুইটীর পারস্পরিক সম্পর্ক প্রকাশ পাইলেও, বিষয়ের সমাধানে জ্যামিতির সাহায্যের কোনও প্রয়োজন হয় না। অবশ্য কঠিন কঠিন বিষয়গুলিতে একে অন্যের সাহায্যের অপেক্ষা রাখিতে পারে। লিওনার্ডের আদর্শে লুকাস্ ডি বার্গো বর্গীয় সমীকরণ বা বিষম কর্ম্ম সম্পাদন করিতে জ্যামিতির সাহায্য গ্রহণ করিয়াছেন। এই পর্য্যায়ের সমীকরণগুলি তিনি বিশেষ ভাবে ধারণা করিতে পারেন নাই। এই জন্যই তিনি ইহার নিয়ম পদ্ধতি ল্যাটীন ভাষায় কবিতা করিয়া লিখিয়া গিয়াছেন।

পূর্ব্বেই উক্ত হইয়াছে যে, য়ুরোপের মধ্যে ইতালী প্রদেশেই সর্ব্ব প্রথম বীজগণিতের প্রচলন হইয়াছিল। আদিমাবস্থায় এই স্থানেই ইহা উৎকর্ষ লাভ করে। লিওনার্ডের সময় হইতে পেসিলাসের কাল পর্য্যন্ত প্রায় তিন শতাব্দীর মধ্যে এই শাস্ত্রের কোনরূপ বিশেষ উন্নতি হয় নাই। কিন্তু মুদ্রাযন্ত্র আবিষ্কার হওয়া অবধি অঙ্কবিদ্যার সকল শাখায় উৎকর্ষ-সাধন জন্য সুসভ্য মানবসমাজে সবিশেষ চেষ্টা পরিলক্ষিত হইতেছে। এ কাল পর্য্যন্ত বীজগণিতের আলোচনা বর্গীয় সমীকরণ পর্য্যন্ত অগ্রসর হইয়াছিল। ১৫০৫ খৃষ্টাব্দে নামক বোনোলিয়ার জনৈক অঙ্কশাস্ত্রাধ্যাপক সিপিও ফেরিয়াস্ তৃতীয় পর্য্যায়ের সমীকরণ (equations of the third degree) সম্পাদন করিতে সক্ষম হয়েন। এই আবিষ্কারটী হওয়ার পরই লোকের মন বীজগণিতের প্রতি বিশেষভাবে আকৃষ্ট হয়। এ পর্য্যন্ত অনেকেই মনে করিতেন যে তৃতীয় পর্য্যায়ের সমীকরণ অত্যন্ত কষ্টসাধ্য বিষয়। কিন্তু যখন এই কষ্ট সাধ্য বিষয়টীরও সমাধান হইল, তখন এই বিভাগের পণ্ডিতগণ আরও নূতন কিছু আবিষ্কার করিতে যত্নশীল হইলেন। তৎকালে বীজগণিতজ্ঞ ও তদনুশীলনপরায়ণ পণ্ডিতগণের মধ্যে একটী অভিনব প্রথা প্রচলন ছিল।

সিপিও ফেরিয়াস্

তখন যদি কেহ কোন একটী নূতন তথ্য আবিষ্কার করিতেন তিনি সেই তত্ত্ব গোপন রাখিয়া সমসাময়িক অন্য গণিতজ্ঞকে আহ্বানপূর্ব্বক স্বীয় নিয়মে নিষ্পাদ্য একটী অঙ্ক প্রস্তুত করিয়া তাঁহাকে নিষ্পন্ন করিতে দিতেন। এই প্রথার অনুবর্ত্তী হইয়া ফেরাসও স্বীয় আবিষ্কারের বিষয়টী ভেনিস দেশবাসী গণিতশাস্ত্রে সুপরিচিত তাঁহার বন্ধু ফ্লরিডোকে গোপনে এই বিষয় জ্ঞাত করিলেন। ১৫৩৫ খৃষ্টাব্দে ভেনিসন নগরে বাস স্থাপন করিয়া ফ্লরিডো এইস্থান হইতে ব্রেসিয়াবাসী টার্টালিয়া নামক জনৈক পণ্ডিতকে বীজগণিতের নিয়মানুসারে কতকগুলি সম্পাদ্যের সমীকরণ স্থির করিতে আহ্বান করেন। এই বিদ্যাযুদ্ধে ফ্লরিডো এমনভাবে কতকগুলি প্রশ্ন প্রস্তুত করিয়াছিলেন, যে ফেরিয়াসের আবিষ্কৃত প্রণালী ব্যতীত অন্য কোন উপায়ে ঐ সকলে মীমাংসা করা যায় না। টার্টালিয়া এই ঘটনার পাঁচবৎসর পূর্ব্বে বীজগণিতের আবিষ্কার-পথে ফেরিয়াস হইতে অনেক দূরে অগ্রসর হইয়াছিলেন। সুতরাং তাঁহার বুদ্ধিবৃত্তি যে ফ্লরিডোর অপেক্ষা অনেকাংশে উৎকর্ষ প্রাপ্ত হইয়াছিল, তাহা সহজেই অনুমেয়। এই প্রতিযোগিতাক্ষেত্রে টার্টালিয়া ফ্লরিডোর নিমন্ত্রণ গ্রহণ করিলেন এবং পরস্পর

টার্টালিয়া

পরস্পরকে ত্রিশটী করিয়া প্রশ্ন জিজ্ঞাসা করিবার জন্য একটী দিন নির্দ্দিষ্ট করিয়া লইলেন। ঐ নির্দ্দিষ্ট সময় সমাগত হইবার পূর্ব্বেই টার্‌টালিয়া চতুর্পর্য্যায়ের সমীকরণ (Cubic equation) চর্চ্চা করিতে আরম্ভ করেন এবং পূর্ব্ববিদিত দুইটী নিয়ম ব্যতীত অন্য দুইটী প্রতিজ্ঞা (Problem) সম্পাদনকালে তিনি আর একটী নূতন প্রণালীও আবিষ্কার করিতে সক্ষম হন। যাহা হউক, নির্দ্দিষ্ট দিনে প্রতিযোগিতাক্ষেত্রে উপস্থিত হইয়া উভয় পণ্ডিত উভয়কে প্রশ্ন জিজ্ঞাসার প্রবৃত্ত হইলেন। ফ্লরিডো এমন প্রশ্ন জিজ্ঞাসা করিলেন যে ফিরিয়াসের একটী প্রণালী জানিলেই তাহার উত্তর দেওয়া যাইতে পারে। পক্ষান্তরে টার্‌টালিয়ার প্রদত্ত প্রশ্নের উত্তর শুধু তাঁহার নিজের উদ্ভাবিত তিনটী নিয়মের যে কোন একটীর দ্বারা দেওয়া যাইতে পারে, তদ্ভিন্ন অন্য নিয়মে উহা সম্পন্ন করা সম্ভবপর নহে। ফ্লরিডো যে নিয়মটী জ্ঞাত ছিলেন, তদ্দ্বারা এ প্রশ্নের যথাযথ সমাধান করিতে পারিলেন না। সুতরাং এই বিদ্যাযুদ্ধে তাঁহারই পরাজয় ঘটিল। টার্‌টালিয়া দুই ঘণ্টার মধ্যে প্রতিপক্ষের সমস্ত প্রশ্নের উত্তর দিলেন। ফ্লরিডো একটী প্রশ্নেরও উত্তর দিতে সমর্থ হইলেন না।

বিখ্যাত পণ্ডিত কার্ডান্ টার্‌টালিয়ার সমসাময়িক ছিলেন। ইনি মিলাননগরের গণিত শাস্ত্রাধ্যাপক ছিলেন এবং তথায় ও চিকিৎসা ব্যবসায়ও করিতেন। কার্ডান্ বিশেষ মনোযোগের সহিত বীজগণিতের চর্চ্চা আরম্ভ করেন। ইনি পাটিগণিত, বীজগণিত ও জ্যামিতি সম্বন্ধে একখানি বৃহৎ গ্রন্থ মুদ্রিত করিতে প্রস্তুত হইয়াছিলেন। কিন্তু তৎকালের প্রধান পণ্ডিত টার্‌টালিয়ার খ্যাতি শুনিতে পাইয়া তাঁহার নিকট হইতে তৎপ্রণীত নিয়মগুলি অভ্যাস করিতে ইচ্ছা করেন। তদনুসারে গ্রন্থ মুদ্রণকার্য্য স্থগিত রাখিয়া টার্‌টালিয়ার নিকটে গমনপূর্ব্বক তাঁহার স্বকপোলকল্পিত স্বাধীন নিয়মগুলি শিক্ষা করিতে আরম্ভ করেন। টার্‌টালিয়া বহুবার কর্ডান্‌কে প্রত্যাখ্যান করিয়াছেন। অবশেষে কার্ডানের ঐকান্তিক প্রার্থনা জানিয়া এবং বিদ্যা গোপন রাখিতে ভগবানের শপথ স্বীকার করায় তিনি কার্ডানকে এই বিদ্যা শিক্ষা দিতে সম্মত হয়েন। ইহা ছাড়া কার্ডান আরও অঙ্গীকার করেন যে তিনি কখনও এই বিদ্যা কাহাকেও শিক্ষা দিতে পারিবে না; অধিকন্তু তাঁহার নিজের মৃত্যুর পরেও যাহাতে ইহা লোকসমাজে প্রচারিত না হয়, তজ্জন্য সঙ্কেতপ্রণালীতে ইহা লিখিয়া রাখিবেন। টার্‌টালিয়ার বাক্যে সম্মত হইয়া কার্ডান পুনরায় শপথ করিলে টার্‌টালিয়া তাঁহাকে স্বীয় আবিষ্কৃত বিদ্যা শিক্ষা দেন। এই সমস্ত বিষয় এখনও ইতালীভাষায় অর্থহীন কবিতারূপে বিদ্যমান আছে।

কার্ডান্

এই কবিতার ভাব এমন দুর্জ্ঞেয় যে ইহার অর্থ করা কোনরূপেই সম্ভবপর নহে। টার্‌টালিয়ার আবিষ্কৃত বিষয়গুলি অভ্যাস করিয়া কার্ডান্ স্বীয় উদ্ভাবনী শক্তিবলে ইহার মধ্য হইতে অনেক নূতন তথ্য আবিষ্কার করিলেন এবং এই সকল বিষয়ের সংযোগ করিয়া নিজের অভিপ্রেত উপায়ে একটী নূতন তথ্য আবিষ্কার করিলেন। চতুঃপর্য্যায়ের সমীকরণ করিবার জন্য টার্‌টালিয়া যে সব নিয়ম আবিষ্কার করিয়াছিলেন, প্রকৃতপক্ষে তাহা ততটা নিঁখুৎ ছিল না। কার্ডান্ এই প্রণালীগুলি আলোচনা করিতে করিতে ইহার মধ্য হইতে এমন একটী নূতন নিয়ম আবিষ্কার করিলেন যদ্দ্বারা চতুঃপর্য্যায়ের যে কোন সমীকরণ সহজেই নিষ্পাদিত হইতে পারে। অতঃপর তিনি স্বীয় প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া ১৫৪৫ খৃষ্টাব্দে স্বীয় আবিষ্কৃত প্রণালীগুলি সহ টার্‌টালিয়ার আবিষ্কৃত প্রণালীগুলি প্রকাশ করেন। ইহার ছয়বৎসর পূর্ব্বে পাটিগণিত ও বীজগণিত সম্বন্ধে তিনি যে অন্য একখানি গ্রন্থ প্রকাশ করিয়াছিলেন, এখানি সেখানিরই পরিশিষ্ট। বীজগণিতবিষয়ক মুদ্রিত প্রাচীন গ্রন্থাবলীর মধ্যে এখানি দ্বিতীয়স্থানীয় বলিয়া প্রসিদ্ধ।

ইহার পরবৎসর টার্‌টালিয়া ইংলণ্ডের রাজা অষ্টম হেন্‌রীর নামে উৎসর্গ করিয়া একখানি বীজগণিত প্রকাশ করেন। দুঃখের বিষয় এই যে যাঁহারা প্রথম আবিষ্কারক এ জগতে তাঁহাদের খ্যাতি প্রায়শঃই শুনা যায় না। কিন্তু যে ব্যক্তি তাঁহাদের নিকট হইতে ঐ বিদ্যা শিক্ষালাভ করিয়া তাহাই পরিমার্জ্জিতাকারে প্রচার করেন, তাঁহারই প্রশংসাধ্বনি দশদিক্ মুখরিত করিয়া তুলে। চতুঃপর্য্যায়ের সমীকরণের আদি আবিষ্কারক হইয়াও টার্‌টালিয়ার ভাগ্যে কোনরূপ প্রশংসা জুটিল না। অধুনা ঐ সকল নিয়ম কার্ডানের নামে পরিচিত হইয়া "কার্ডানের নিয়ম" (Cardan's Rules) বলিয়া জগতে পরিচিত। টার্‌টালিয়া স্বীয় বিদ্যা গোপন করিয়া যে ভ্রম করিয়াছেন, তাহার জন্যই তাঁহাকে এই ক্ষতি স্বীকার করিতে হইয়াছে। প্রতিজ্ঞাভঙ্গের পাপের কথা ছাড়িয়া দিলে অবশ্যই ইহা স্বীকার করিতে হইবে যে কার্ডান্ টার্‌টালিয়ার প্রণালীগুলির বিশেষ উৎকর্ষ সাধন করিয়াছেন, বিশেষতঃ বীজগণিতের উন্নতি করিয়া গ্রন্থ প্রকাশ করিতে তিনিই এ জগতে অগ্রণী।

কালক্রমে চতুঃপর্য্যায়ের সমীকরণ (equations of the Fourth order) আবিষ্কার হওয়ায় বীজগণিত উন্নতির আরও ঊর্দ্ধ সোপানে আরোহণ করিল। এই সময়ে ইতালীবাসী জনৈক বীজগণিতবিদ্ বিদ্বৎসমাজে এরূপ একটী প্রশ্ন উত্থাপন করেন, যাহা সমাধানকালে দ্বিঘাত সমীকরণের পর্য্যায়ে (biquadratic equations) পরিণত হইয়া যায়। এইজন্য উহা

প্রচলিত নিয়মানুসারে নিষ্পন্ন করা সম্ভবপর নহে। উক্ত প্রশ্ন দেখিয়া অনেকে ভাবিলেন যে ইহার সমাধান একবারেই অসম্ভব। কিন্তু কার্ডান্ এ সম্বন্ধে কোনরূপ নিরাশ না হইয়া লিউস্ ফেরারী নামক তাঁহার একজন অল্পবয়স্ক বীজগণিতজ্ঞ ছাত্রের নিকট সেই প্রশ্ন সম্পাদনের ভার দেন। অল্পবয়স্ক হইলেও ফেরারী অত্যন্ত বুদ্ধিমান্ ছিলেন। বিশেষতঃ বীজগণিতশাস্ত্রে তাঁহার প্রগাঢ় ব্যুৎপত্তি ছিল। ফেরারী স্বীয় চেষ্টাবলে এ অঙ্কটী সহজে নিষ্পন্ন করিয়া ফেলিলেন এবং উহা সম্পাদনকালে তিনি তৃতীয়পর্য্যায়ের সমীকরণের নিয়মাধীন রাখিয়া চতুঃপর্য্যায়ের সমীকরণ সমাধান-পক্ষে একটী অভিনব নিয়ম আবিষ্কার করিলেন।

ফেরারী

এই নূতন নিয়ম আবিষ্কারে বীজগণিত উন্নতির আরও একস্তর ঊর্দ্ধে উন্নীত হইল বটে, কিন্তু ইহার পর অর্দ্ধ শতাব্দী অতিবাহিত না হওয়ার পূর্ব্বে অনেকেই সমীকরণ-সমাধানের প্রণালীসম্বন্ধে সম্যক্ ধারণা করিতে পারেন নাই। তাহার পর সমীকরণের সাধারণ সমাধান বিষয়ে যে উন্নতি সাধিত হয়, বর্ত্তমান সংস্কৃতপদ্ধতি বিশেষ চেষ্টা সত্ত্বেও তদপেক্ষা বিশেষ ফলদানে সমর্থ হয় নাই।

এই সময়ে ইতালীদেশবাসী বম্বেলী নামক অন্য একজন গণিতবিদ্ও বীজগণিতের উন্নতির চেষ্টা করিতেছিলেন। বম্বেলী ১৫৭২ খৃষ্টাব্দে ইনি একখানি বীজগণিত প্রকাশ করেন। যে সকল চতুঃপর্য্যায়ের সমীকরণ করিতে কার্ডান্ অক্ষম হইয়াছিলেন, তিনি এই গ্রন্থে তাহার ব্যাখ্যা করিয়া গিয়াছেন। ইতঃপূর্ব্বে যে সকল সমীকরণ লোকে অসাধ্য বলিয়া বিবেচনা করিত, তিনি স্বীয় প্রণালী অনুসারে তাহার সমাধানসাধ্যতার প্রমাণ করিয়াছেন। বম্বেল্লী বলেন যে প্রাচীনকালের সম্পাদ্য কোণের ত্রিবিভাগের প্রক্রিয়ার (trisection of an angle) ন্যায় এই পর্য্যায়ের সমীকরণগুলির সমাধান-প্রণালী।

কার্ডান্ ও টার্টালিয়ার সময়ে ষ্টিফেলিয়াস্ ও সিউবেলিয়াস্ নামে জর্ম্মাণদেশে দুইজন গণিতজ্ঞ ব্যক্তি বিদ্যমান ছিলেন। খৃষ্টীয় ১৬শ শতাব্দের মধ্যভাগে ইহাঁদের প্রণীত গ্রন্থাবলী প্রকাশিত হয়। ইতালীদেশে বীজগণিতের কতদূর উন্নতি হইয়াছে, এ পর্য্যন্ত তদ্বিষয়ে তাঁহারা সম্পূর্ণ অনভিজ্ঞ ছিলেন। বীজগণিতের সম্বন্ধে সংখ্যাপাত বিষয়েই ইহারা অধিকতর মনোযোগী হন। যোগ ও বিয়োগের জন্য যে সকল বর্ণ ও বর্গমূলের জন্য যে সকল সাঙ্কেতিক প্রণালীর আবশ্যক ষ্টিফেলিয়াস্ তাহার আদি সৃষ্টিকর্ত্তা।

ষ্টিফেলিয়াস ও সিউবেলিয়াস্

কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের গণিতাধ্যাপক ও পদার্থবিজ্ঞানবিৎ রবার্ট রেকর্ডে ইংরেজীভাষায় সর্ব্বপ্রথমে বীজগণিত লিপিবদ্ধ করেন। তৎকালে চিকিৎসকগণের পক্ষে গণিত, ফলিত জ্যোতিষ, রসায়নাদিবিদ্যা জানা আবশ্যক হইত। মুরজাতি সর্ব্বপ্রথম এই প্রথার প্রচলন করে। তাহারা একাধারে চিকিৎসা ও গণিতশাস্ত্রে পারদর্শী ছিলেন। স্পেনদেশে বহু পূর্ব্বকাল হইতে বীজগণিতের প্রচলন ছিল এবং তাঁহারা চিকিৎসক ও ও বীজগণিতবিদ্কে একই পর্য্যায়ের অন্তর্ভুক্ত মনে করিতেন। ডন্ কুইজো নামক উপন্যাসগ্রন্থ হইতেও আমরা জানিতে পারি যে সমরক্ষেত্রে সেম্সন্ ক্যারাসো আহত হইলে পর, তাঁহার চিকিৎসার জন্য একজন বীজগণিতবিদ্কে (algebrist) আনা হয়।

রেকর্ডে ইংরেজীভাষায় প্রথম বীজগণিতের প্রচলন

এতদ্ভিন্ন রেকর্ডে একখানি পাটীগণিত ও অন্য একখানি বীজগণিত লিখিয়া গিয়াছেন। গণিতখানি ইংলণ্ডের ৬ষ্ঠ এডওয়ার্ডের নামে উৎসর্গ করা হইয়াছিল। বীজগণিতখানি "হোয়েট্ ষ্টোন্ অব্ উইট্ (The Whetstone of wit) নামে পরিচিত। এই গ্রন্থখানিতেই তিনি সর্ব্বপ্রথমে সমতাবোধক চিহ্নের (Sign for equality) ব্যবহার করিয়াছিলেন।

লিওনার্ডো কর্ত্তৃক ভিত্তি স্থাপিত হইবার পর বিভিন্ন গণিতজ্ঞের হাতে পড়িয়া বীজগণিত ধীর পাদবিক্ষেপে উন্নতির উচ্চস্তরে আরোহণ করিতেছিল। পরবর্ত্তী প্রত্যেক গ্রন্থকারই তাঁহার পূর্ব্ববর্ত্তী লেখকের উদ্ভাবিত নিয়মাবলীর সহিত স্বকপোলকল্পিত কিছু না কিছু নূতন নিয়ম সংযোজন করিয়া গিয়াছেন। কিন্তু টার্টালিয়া, কার্ডান্ ও ফেরারী ব্যতীত ইহাদের কাহাকেই গণিতের আবিষ্কারক আখ্যা প্রদান করা যাইতে পারে না। এই সমস্ত লেখকগণের পর ভিয়েটা নামক জনৈক গণিতজ্ঞের অভ্যুদয় হয়। ইনি গণিতবিদ্যা ও অন্যান্য ভিয়েটা শাস্ত্রের যথেষ্ট উন্নতিসাধন করিয়া গিয়াছেন। বীজগণিত সম্বন্ধে তাঁহার জ্ঞান এত প্রখর ছিল যে, তিনি যে সব বিষয় তখন অপরিস্ফুটভাবে আবিষ্কার করিয়া গিয়াছেন, তাহার মধ্যেই বর্ত্তমান সময়ের গণিতশাস্ত্রের উৎকর্ষের মূল নিহিত রহিয়াছে। বর্ণমালা দ্বারা জ্ঞাত ও অজ্ঞাত রাশি লিখনের পদ্ধতি তিনিই প্রথম আবিষ্কার করেন। এই পদ্ধতির গুরুত্ব সকলে বুঝিতে পারিবে না বটে, কিন্তু ইহা হইতেই যে বীজগণিতের চরমোৎকর্ষের সূত্রপাত হইয়াছে, তাহা বলাই বাহুল্য। বীজগণিতের সাহায্যে জ্যামিতির উৎকর্ষসাধনপথে তিনিই আদি পথপ্রদর্শক। প্রাচীনগণিতজ্ঞগণ জ্যামিতির সম্পাদ্যগুলি নিষ্পন্ন করিতে পারিতেন, সন্দেহ নাই; কিন্তু তাঁহারা প্রত্যেক সম্পাদ্যের জন্য ভিন্ন ভিন্ন নিয়ম প্রস্তুত করিয়াছিলেন। পক্ষান্তরে, ভিয়েটা এই বিষয়ের মধ্যে সাধারণ

সাঙ্কেতিকপ্রথা প্রচলন করিয়া এমন কতকগুলি সাধারণ সংজ্ঞা প্রস্তুত করিয়া লইয়াছিলেন, যে তাহাদের সাহায্যবলে একই শ্রেণীর সম্পাদ্যগুলি একই নিয়মে সমাধান করা সম্ভবপর হইয়াছিল। প্রত্যুত, তাঁহার সময় হইতে প্রাচীনকালের ন্যায় প্রত্যেক সম্পাদ্যের জন্য নূতন নিয়ম অবলম্বন করিতে হইত না।

জ্যামিতির মধ্যে বীজগণিতের নিয়ম প্রচলন হওয়ায় অঙ্কশাস্ত্রের যথেষ্ট উন্নতি ঘটে। ইহারই সাহায্যবলে ভিয়েটা কোণচ্ছেদ বিষয়ক নিয়মাবলী আবিষ্কার করিতে সক্ষম হয়েন। এই নিয়মগুলি হইতেই অধুনা শিনবিষয়ক গণিতাঙ্ক (arethmetic of Sines) বা ত্রিকোণমিতির উদ্ভব হইয়াছে। ভিয়েটা বীজগণিতের সমীকরণাংশেরও যথেষ্ট উন্নতি করিয়া গিয়াছেন। তদ্ভিন্ন আজেমৌজে হিসাবে অঙ্কসমাধান (resolving by approximation) সম্বন্ধে ইনিই প্রথম সাধারণ নিয়ম আবিষ্কার করেন। ১৫৪০-১৬০৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইনি জীবিত ছিলেন। ইনি স্বীয় অর্থদ্বারা গ্রন্থপ্রকাশ করিয়াছিলেন।

ভিয়েটার পর গণিতজ্ঞ আলবার্ট্ জিরার্ডের অভ্যুদয় হয়। ইনিও বীজগণিতের যথেষ্ট উন্নতি করিয়া গিয়াছেন। ইনিও ভিয়েটাপ্রবর্ত্তিত প্রথা হইতেও সমীকরণাংশের অনেক নূতন পদ্ধতি আবিষ্কার করিয়াছিলেন, কিন্তু দুঃখের বিষয়, ইনি এই পদ্ধতিগুলি লোকসমক্ষে প্রকাশ করিতেন না। জ্যামিতির সম্পাদ্যগুলির সমাধানপক্ষে অভাবসূচক চিহ্ন (negative signs) ও কল্পিতসংখ্যার (imaginary Quantities) ইনিই সৃষ্টিকর্ত্তা। অনুমানদ্বারা ইনিই প্রথমে এই সিদ্ধান্তে উপনীত হয়েন যে যতগুলি অঙ্কদ্বারা আলোচ্য সংখ্যাটীর প্রসার বুঝা যাইবে, প্রত্যেক সমীকরণেরই ততগুলি মূল স্বীকার করিতে হইবে। ১৬২৯ খৃষ্টাব্দে ইহার প্রণীত বীজগণিত প্রকাশিত হয়।

জিরার্ডের পর টমাস্ হ্যারিয়ট্ নামক জনৈক ইংরাজ-বীজগণিতের উন্নতিপ্রয়াসী হয়েন। ইংরাজগণ তাঁহাকে হ্যারিয়ট্ বীজগণিতের অন্যতম প্রধান আবিষ্কারক বলিয়া গর্ব্ব করিয়া থাকেন। কিন্তু ফরাসীদেশীয় অঙ্কবিদ্‌গণ বলেন যে ভিয়েটা যাহা আবিষ্কার করিয়া গিয়াছেন, হ্যারিয়টের নামে ইংরাজ তাহাই চালাইতে চাহেন। হয়ত উভয় গণিতপণ্ডিতই পরস্পরের বিদ্যার পরিচয় না পাইয়া ভিন্ন ভিন্ন ভাবে একই আবিষ্কার করিয়া গিয়াছেন। হ্যারিয়টের প্রধান আবিষ্কারটী বীজগণিতের মধ্যে শ্রেষ্ঠ আসন পাইবার যোগ্য। যতগুলি অঙ্কদ্বারা আলোচ্য সংখ্যার প্রসার বুঝা যায়, ততগুলি সাধারণ সমীকরণের গুণফল একটী সমীকরণের সমান—হ্যারিয়ট এই উৎকৃষ্ট নিয়মটী আবিষ্কার করিয়াছিলেন। ভিয়েটা এই আবিষ্কারটীর একাংশমাত্র বাহির করিতে পারিয়াছিলেন। হ্যারিয়ট্ সম্পূর্ণ নিয়মটীই আবিষ্কার করিয়া সাধারণের ধন্যবাদার্হ হইয়াছেন।

কিরূপ অকৃত্রিমতার সহিত বীজগণিত সর্ব্বপ্রথমে য়ুরোপে প্রচারিত হয়, তাহা আমরা পূর্ব্বেই আলোচনা করিয়াছি। সেই সময় হইতে হ্যারিয়টের কাল পর্য্যন্ত প্রায় ৪০০ বৎসরের মধ্যেও বীজগণিতের অঙ্কপাতবিষয়ক সংক্ষেপতা সম্বন্ধে ততটা উন্নতি হয় নাই। হ্যারিয়ট্ অঙ্কপাতের অনেকটা পরিবর্ত্তন করিয়া কতকগুলি নূতন চিহ্নের প্রচলন করেন। এই প্রকারে তিনি বীজগণিতকে সর্ব্বাঙ্গসুন্দর করিতে চেষ্টা পাইয়াছিলেন। বস্তুতঃ এ বিষয়ে তাঁহার দ্বারা যতটুকু উন্নতি সাধিত হইয়াছে, বীজগণিত তাহা হইতে আর অধিক দূর অগ্রসর হইতে পারেন নাই।

অট্‌রীড্ নামক আর একজন ইংরাজপুরুষও বীজগণিতের চর্চ্চা করেন। ইনি হ্যারিয়টের সমসাময়িক হইলেও, তাঁহার অট্‌রীড্ মৃত্যুর পরেও অনেক বৎসর জীবিত ছিলেন। ইহাঁর রচিত বীজগণিতবিষয়ক গ্রন্থখানি বহুদিন পর্য্যন্ত বিশ্ববিদ্যালয়সমূহের পাঠ্যরূপে গণ্য ছিল।

বীজগণিতের ক্রমোন্নতির স্তরে আমরা দেখিতে পাই যে আরবগণের নিকট হইতে যখন এদেশে প্রথম বীজগণিত আনীত হয়, তখন ইহার নিয়মপ্রণালী ততদূর পরিস্ফুট ছিল না। প্রত্যুতঃ অঙ্কপাতের প্রচলন না থাকায় ইহাকে একরূপ সিদ্ধান্তের উপায়স্বরূপ ধরা হইত। বীজগণিতের ঐ রূপ মূলস্তর হইতে ক্রমোন্নতির পথে ইহা যে উন্নতির কোন্ সীমায় আসিয়া পঁহুছিয়াছে, তাহাও আমরা আলোচনা করিয়াছি। জ্যামিতির সহিত বীজগণিতের সম্পর্ক নির্ণয় করিয়া ভিয়েটা বীজগণিতের প্রয়োগ-প্রসারতা সম্বন্ধে প্রবন্ধাদি প্রকাশ করেন। গবেষণায় ও গাঢ় অনুসন্ধানফলে তিনি বিজ্ঞানের খনি হইতে কোণব্যবচ্ছেদরূপ যে অমূল্য মণি আবিষ্কার করেন, তাহাতে বিশেষভাবে সাধারণের চিত্ত আকৃষ্ট হয়। কিন্তু ভিয়েটা উক্ত তত্ত্বের আদ্যন্ত আবিষ্কার করিতে সমর্থ হন নাই। এই সময়ে প্রসিদ্ধ গণিততত্ত্ববিদ্ ডেকার্টে তাহার উত্তরাধিকারিরূপে বিজ্ঞানক্ষেত্রে ডেকার্টে সমুদিত হন। তিনি স্বীয় তীক্ষ্ণবুদ্ধি ও সূক্ষ্মজ্ঞানদ্বারা বীজগণিতকে একটী মৌলিক বিজ্ঞানরূপে প্রকটিত করিয়াছিলেন। বস্তুতঃ বীজগণিতের সেই নিয়মাবলী জ্যামিতিতে প্রয়োগ করিয়া তিনি একটী মহান্ আবিষ্কার করিয়া গিয়াছেন। তদবধি গণিতাধ্যাপকগণ এতদ্বিষয়ের আলোচনায় প্রবৃত্ত রহিয়াছেন। বিগত দুইশতাব্দ হইতে গণিত বিজ্ঞান সম্বন্ধে ক্রমোন্নতির ইতিহাস সাধারণে অভিব্যক্ত হইয়া আসিতেছে।

বক্রেরেখাগণিতে বীজগণিতের নিয়মাদির প্রয়োগ ও

সমাধান-যোগ্যতা প্রদর্শন করিয়া দেকার্টে আরও একটী প্রধানতম আবিষ্কার করিয়াছেন। ভূগোল আলোচনাকালে নিরক্ষবৃত্ত ও মধ্যরেখার সঙ্গে তুলনা করিয়া আমরা যেমন পৃথিবীর স্থানসমূহের নির্দ্দেশ করিয়া থাকি, তেমনি তিনিও নির্দ্দিষ্ট সরলরেখাবিশেষের সঙ্গে তুলনা করিয়া কোন বক্র রেখার প্রত্যেক স্থানের বিন্দু নির্দ্দেশ করিয়া গিয়াছেন। যেমন, একটী ব্যাসরেখাতে তন্মণ্ডলের প্রত্যেক বিন্দু স্থির করা যাইতে পারে।

বক্রমণ্ডলের যে কোন বিন্দু হইতে লম্বরেখা অঙ্কিত করিয়া ব্যাসের উপরে সমকোণে বিন্যস্ত করিলে কেন্দ্রবিন্দু বা ব্যাসরেখার প্রাপ্তবিন্দু হইতে ঐ লম্বের দূরত্ব বিভিন্ন অবস্থায় বিভিন্নদিকে অবস্থিত ও স্থান পরিবর্ত্তিত হইলেও, উহাদের মধ্যে একটী পারস্পরিক সম্বন্ধ (determinate relation to each other) বিদ্যমান আছে। বক্রমণ্ডলের প্রত্যেক বিন্দুসম্পর্কেই এই সম্বন্ধ অব্যাহত থাকে। সুতরাং এই বক্রমণ্ডলী ও অন্যান্য বক্রমণ্ডলীর মধ্যে যে তারতম্য আছে, ইহা হইতেই তাহা নির্ণয় করা যাইতে পারে।

বীজগণিত সম্বন্ধীয় সাঙ্কেতিকবর্ণ দ্বারাও উক্ত প্রকারে অঙ্কিত রেখাগুলির সম্বন্ধবিচার সহজেই সাধন করা যাইতে পারে। এই সম্বন্ধের সাধারণ সংজ্ঞা—"বক্রতার সমতা" (equation of the curve)। উল্লিখিত বাক্যটী দ্বারাই উহার প্রকৃতি সম্পূর্ণরূপ প্রকাশ করা যাইতে পারে। বীজ-গণিতের নিয়মানুসারে সমীকরণ করিয়া বক্রতার সমস্ত প্রকৃতি নির্দ্দেশ করা যায়।

১৬৩৭ খৃষ্টাব্দে দেকার্টের "জ্যামিতি" প্রকাশিত হয়। উক্ত জ্যামিতিগ্রন্থে বীজগণিত সর্ব্বতোভাবে প্রযুক্ত হইয়াছিল। ইহার ছয়বৎসর পূর্ব্বে হারিয়ট্ স্বীয় গ্রন্থ প্রচার করিয়া গিয়াছিলেন। দেকার্টে হারিয়টের গ্রন্থ হইতে অনেক কথা স্বীয় নামে লিপিবদ্ধ করিয়াছেন। এই জন্যই ডাঃ ওয়ালিস্ স্বীয় বীজগণিতগ্রন্থে ফরাসীদেশীয় বীজগণিতজ্ঞগণকে লাঞ্ছিত করিয়া গিয়াছেন। পক্ষান্তরে ফরাসীগণও ইহার প্রতিবাদ করিতে ক্ষান্ত হয়েন নাই। গণিতেতিহাসপ্রণেতা মণ্ট্‌কলা দেকার্টের মত সমর্থন করিয়া দেকার্ট্‌কে অত্যুচ্চ প্রশংসা করিয়া গিয়াছেন। এবং হারিয়টের উচ্চে তাঁহার স্থান নির্দ্দেশ করিয়াছেন।

ভিয়ো, হারিয়ট্ ও দেকার্কে বিশেষ গবেষণাবলে বীজ-গণিত ও জ্যামিতির মধ্যে সম্বন্ধ নির্ণয় করিয়া যে নূতন তত্ত্ব আবিষ্কার করিয়াছিলেন, গণিতবিদ্ অনেকেই বিশেষ আগ্রহের সহিত সেই শাস্ত্রচর্চ্চায় অধিকতর মনোনিবেশ করিয়াছিলেন। সেই জন্যই খৃষ্টীয় সপ্তদশ শতাব্দে অনেক বীজগণিতজ্ঞের আবির্ভাব হয় এবং আমরা তাহাদের লিখিত গ্রন্থের পরিচয় পাই।

জ্যামিতির সঙ্গে বীজগণিতের সম্বন্ধ প্রকাশিত হওয়ার পর, গণিতবিষয়ক অনেক নূতন তত্ত্ব আবিষ্কার হইতে লাগিল। ইহারই পর কেপ্‌লার বক্রক্ষেত্রের আবর্ত্তিত সম্পাতে ঘনক্ষেত্রের উৎপাদন-তত্ত্ব (Solids formed by the revolutions of Curvilinear figures), কেভেলেরিয়াস্ অবিভাজ্যবিষয়ক জ্যামিতি (geometry of indivisibles), ওয়ালিশ অনন্তত্ব-জ্ঞাপক গণিত (Arithmetic of Infinits), নিউটন্ সূক্ষ্মরাশির গণনাপ্রণালী (Method of fluxions) এবং লিব্‌নিট্‌জ্ অতিসূক্ষ্মাংশ ও অখণ্ডাংশঘটিত গণিত-তত্ত্ব (Differential and Integral Calculus) আবিষ্কার করেন। এই সময়ে বারো, জেম্‌স্, গ্রেগরী, রেন্, কোট্‌স্, টেলর, হেলী, ডি ময়ডার্, ম্যাক্লৌরীন, ষ্টার্‌লী, রোবার্‌ভাল্, ফার্মর্নাট্, হায়ঘেন্স্, বার্নোলিদ্বয়, এবং পাস্‌কাল প্রভৃতি বহু গণিতজ্ঞ ব্যক্তি ইহার আলোচনা আরম্ভ করিয়া পরস্পরকে পুনঃ পুনঃ তত্ত্ব-তরঙ্গে আলোড়িত করিয়াছিলেন।

খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীর প্রথমভাগে বীজগণিত সম্বন্ধে উল্লেখযোগ্য কোন আবিষ্কারই হয় নাই নূতন আবিষ্কারে মনোযোগী না হইয়া সকলে এ সময়ে নিউটন্, লিব্‌নীজ ও দেকার্টের আবিষ্কৃত বিষয়গুলির আলোচনায় প্রবৃত্ত হইয়াছিলেন। এই শতাব্দীর শেষাংশে লাগ্রেঞ্জ্ নামক জনৈক গণিতবিদ্ লাগ্রেঞ্জ্ বিশেষভাবে গণিতচর্চ্চায় প্রবৃত্ত হন। ইনি স্বরচিত Traite de le Resolution des Equations Numeriques গ্রন্থে যে তত্ত্বের আলোচনা করিয়াছেন, তাহাই অনুসরণ করিয়া বুদান, ফুরিয়ার্, ষ্টার্ম্‌ ও অন্যান্য অঙ্কবিদ্‌গণ নিউটনকৃত ইউনিভার্শাল এরিথ্‌মেটিকের আদর্শে স্ব স্ব গ্রন্থাদি রচনা করিয়া গিয়াছেন। লাগ্রেঞ্জ Theorie des fonctions analytiques ও Calcul des fonctions নামক গ্রন্থদ্বয়ে নিউটনের সূক্ষ্মাংশঘটিত গণিতবিদ্যাকে বীজগণিতের অংশীভূত করিতে চেষ্টা পান এবং এই সম্বন্ধে কৃতকার্য্য হন। এই সময়ে গণিতশাস্ত্রে লব্ধপ্রতিষ্ঠ ইউলার নামক এক ব্যক্তি লাগ্রেঞ্জের সহকারী ছিলেন। গণিত সম্বন্ধে ইনি অনেক বৃহৎ গ্রন্থ লিখিয়া-ছেন। ইঁহার কৃত Novi Commentarii গ্রন্থে ১৯শ ভাগে বীজগণিতের দ্বিপদ-উপপাদ্য (Binomial theorem) সম্বন্ধে অনেক নূতন তত্ত্বের পরিচয় পাওয়া যায়।

বিগত ঊনবিংশ শতাব্দের প্রারম্ভ পর্য্যন্ত বীজগণিতের উন্নতির সীমা এই স্থানেই শেষ হয়। এ পর্য্যন্ত বীজগণিত যতদূর উৎকর্ষ প্রাপ্ত হইয়াছে, তাহা হইতেই সকলে বীজগণিতের

একটা মোটামুটি ধারণা করিতে পারেন। বস্তুতঃ মূল অবস্থার সঙ্গে তুলনা করিয়া দেখিলে বীজগণিত অল্প সময়ের মধ্যে অনেক দূর উন্নীত হইয়াছে বলিয়া স্বীকার করা যাইতে পারে।

বীজগণিত সম্বন্ধে এ পর্য্যন্ত এতদূর উন্নতি সাধিত হইলেও বীজগণিত প্রকৃতপক্ষে বিজ্ঞানপর্য্যায়ে আখ্যাত হইতে পারে নাই। কিন্তু জ্যামিতি, ত্রিকোণমিতি এবং অন্যান্য উচ্চতর গণিতাংশের (higher analysis) সহিত সংযুক্ত হইয়া বীজগণিত সাধারণের নিকট বিজ্ঞান নামে পরিগৃহীত হয়। বর্ত্তমান শতাব্দে বীজগণিত উন্নতির সোপানে যতদূর অগ্রসর হইয়াছে তাহার আমূল ইতিহাস নিষ্প্রয়োজন। সুতরাং সমীকরণের নিয়ম (Theory of equations) ও তাহার সংজ্ঞা-নির্দ্দেশক গণিতাংশের (Determinants) আলোচনা হইতে আরম্ভ করিয়া আমরা বীজগণিতের প্রকৃত ইতিহাস শেষ করিব।

সমীকরণের নিয়ম

প্রাচীনকালের বীজগণিতকারগণ হইতে লাগ্রেঞ্জ্ পর্য্যন্ত সকলেই একবাক্যে স্বীকার করিয়াছেন যে, প্রত্যেক সংখ্যা-ঘটিত সমীকরণেরই একটী মূল আছে অর্থাৎ প্রকৃতই হউক বা কল্পিতই হউক, যে কোন সংখ্যাঘটিত রাশিদ্বারা সমীকরণের অজ্ঞাতরাশি নির্দ্দেশ করা যাইবে এবং ঐ সমীকরণটী সংখ্যাসূচক হইয়া পড়িবে। লাগ্রেঞ্জ্, গৌস ও আইভরী গণিত সম্বন্ধে যে সকল উপপত্তি আবিষ্কার করিয়াছেন, তাহাই অবলম্বন করিয়া গণিতবিদ্ কৌচি Journal de l' Ecole Polytechnique ও পরে Cours d' Analyse Algebrique নামক পুস্তিকাদ্বয়ে বিশেষভাবে আলোচনা করিয়া গিয়াছেন।

কৌচি

কৌচি যে সকল উপপত্তির আলোচনা করেন, তাঁহার পূর্ব্বে আর্গাণ্ড্ নামক জনৈক গণিতবিদ্ স্বকৃত Gergonne's Annales des Mathematiques নামক গ্রন্থের ৫ম ভাগে তাহার আভাস দিয়া গিয়াছেন। কৌচি বলেন, যে রাশিকে শূন্যের সমতুল্য পরিমাণে পরিবর্ত্তিত করিতে পারা যায়, তাহা দুইটী উৎপাদকে গুণসমষ্টি হইতে উৎপন্ন এরূপ দেখান যাইতে পারে। উক্ত উৎপাদকের (factors) মধ্যে একটী রাশি নিম্নসংখ্যায় পরিণত হইতে পারে না (incapable of assuming a minimum value) অর্থাৎ অন্যকথায় বলিলে বলা যায় যে, উক্ত রাশিতে যে নির্দ্দিষ্ট সংখ্যা প্রদত্ত আছে তাহা হইতেও কম সংখ্যা (less value) হইতে পারে। সুতরাং অঙ্কের প্রণালী অনুসারে উহাকে শূন্যের তুল্য সংখ্যা দেওয়া যাইতে পারে। কৌচির এই উপপত্তিটী একেবারে বিশুদ্ধ না হইলেও, অন্যান্য উপপত্তি হইতে ইহা অনেকাংশে উৎকৃষ্ট।

প্রত্যেক সমীকরণেরই একটী মূল আছে, এ কথা স্বীকার করিয়াও প্রশ্ন উঠিতে পারে যে, এই মূল নির্দ্ধারণ করিতে সমীকরণের যেরূপ অন্বয় (Analysis) করিয়া লওয়া আবশ্যক, তৎসম্বন্ধে আমাদের কতদূর জানা আছে? এই প্রশ্নের উত্তরে কেবল এইমাত্র বলা যাইতে পারে যে বিগত তিন শতাব্দী ধরিয়া বীজগণিত সম্বন্ধে পাশ্চাত্য পণ্ডিতগণের জ্ঞান যতদূর প্রসারিত হইয়াছিল, আলোচ্য সময়ে তাহা হইতে কিঞ্চিন্মাত্রও বৃদ্ধিপ্রাপ্ত হয় নাই। তৎকালে সকলপ্রকারের ঘন ও দ্বিবর্গীয় সমীকরণ (Cubic and biquadratic equations) সমাধানকার্য্য বীজগণিতজ্ঞগণের ক্ষমতাধীন ছিল। কিন্তু উচ্চতর পর্য্যায়ের সমীকরণের সমাধানপ্রণালী তখনও আবিষ্কৃত হয় নাই। পঞ্চম পর্য্যায়ের সমীকরণপ্রণালী আবিষ্কার সম্বন্ধে এ পর্য্যন্ত অনেক চিন্তাশীল মস্তিষ্ক আলোড়িত হইয়াও কোন ফলোদয় হয় নাই।

পঞ্চম ও তদূর্দ্ধ পর্য্যায়ের সমীকরণের সমাধান-প্রণালী আবিষ্কার বাঞ্ছনীয়

১৮১১ খৃষ্টাব্দে হোয়েনি ডি রণস্কি নামক এক গণিতবিদ্ বিভিন্ন পর্য্যায়ের সমীকরণ উপপত্তি ব্যতীত সংজ্ঞা (formula) দ্বারা সমাধান জন্য একটী সাধারণ নিয়ম আবিষ্কার করিয়া উহা প্রকাশ করেন। তিনি ১৮১৭ খৃষ্টাব্দে লিস্‌বনের একাডেমী অব্ সায়ান্সেস্ এই মর্ম্মে এক ঘোষণাপত্র বাহির করিলেন যে, যিনি রণস্কির নিরূপিত সংজ্ঞাগুলির উপপত্তি স্থির করিতে পারিবেন, তাঁহাকে একটী পুরস্কার দেওয়া যাইবে। টোরিয়ানী নামক জনৈক গণিতবিদ্ উহার দোষ খণ্ডন করিয়া পরবৎসর এই পুরস্কার লাভ করেন।

বৃটীশ এসোসিয়েসনের রিপোর্টের ৫ম ভাগে স্যার ডব্লিউ আর হ্যামিল্টন্ বিসমাসিতকরণ-প্রণালী (Method of Decomposition) সম্বন্ধে একটী গবেষণাপূর্ণ মন্তব্য লিখিয়াছেন। উচ্চপর্য্যায়ের সমীকরণ সম্বন্ধে এই নিয়মটী বিশুদ্ধ হইলেও পঞ্চমপর্য্যায়ের সমীকরণকে চতুর্থপর্য্যায়ে পরিণত করিবার পক্ষে ইহা সম্পূর্ণ অক্ষম। যাহা হউক, এহেন ত্রুটী সত্ত্বেও নানাবিধ রকমে এ প্রণালীটী অধিকতর মূল্যবান্।

প্রথমতঃ বিশেষ বিশেষ আকারে পরিণত করিয়া উচ্চ-পর্য্যায়ের সমীকরণগুলির সমাধান হইতে পারে। ডি ময়ভার্ ১৭৩৭ খৃষ্টাব্দের ফিলোসফিক্যাল ট্রান্জ্যাকসন নামক পত্রিকায় এই প্রকার একটী সমীকরণের সমাধানপ্রণালী লিপিবদ্ধ করিয়াছেন। গণিতজ্ঞ গস্ দ্বিপদসমীকরণের (binomial equations) উন্নতি করিয়া গিয়াছেন। ভাণ্ডারমোণ্ডে এ বিষয়ে যতটুকু উন্নতি করিয়াছিলেন, তিনি তদপেক্ষা অনেক বেশী আবিষ্কার করিয়াছেন। ইহার কৃত

গস্

Disquisitiones Arithmeticae নামক গ্রন্থে এ বিষয়ের প্রমাণ পাওয়া যায়। এই গ্রন্থ ১৮০১ খৃষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়। ইহাঁর পর আবেল্ নামক জনৈক নরওয়েবাসী

আবেল্ গণিতবিদ্ গণিতচর্চ্চা আরম্ভ করেন এবং গস্ যাহা আবিষ্কার করিয়া গিয়াছেন, তাহারই উৎকর্ষসাধন করিয়া যান। ১৮৩৯ খৃষ্টাব্দে খৃষ্টিয়ানা সহরে আবেলের সমস্ত গ্রন্থ একত্র প্রকাশিত হয়। এই গ্রন্থে দ্বিপদসমীকরণ ও অন্যান্য গণিতাংশ সম্বন্ধে বিশেষ গবেষণাপূর্ণ প্রবন্ধাদি দেখিতে পাওয়া যায়।

শুধু সমীকরণ-সমাধানের জন্যই যে বর্ত্তমান শতাব্দে বীজগণিতের অঙ্গপুষ্টি হইয়াছে এরূপ বলা যায় না। সমীকরণগুলি সমাধান করিবার পূর্ব্বে উহার মূলগুলি (roots) কিরূপে বিভক্ত করা যাইতে পারে, এই সময় হইতে লোকে তদ্বিষয়ে যত্নবান্ হইতে লাগিলেন। এ বিষয়ে যিনি প্রথম গ্রন্থ লিখিয়া তত্ত্ব প্রকাশ করেন, তাঁহার নাম বুদান্। ১৮০৭ খৃষ্টাব্দে তিনি

বুদান্ Nouvelle methode pour la resolution des equations numeriques নামক একখানি পুস্তিকা প্রকাশদ্বারা উক্ত বিষয় জনসমাজে উপস্থিত করেন। তাঁহার পূর্ব্বেও ফুরিয়ার্ নামক জনৈক গণিতবিদ্ এ সম্বন্ধে বক্তৃতা করেন। তৎসময়ে তিনি কোন গ্রন্থ লিখেন নাই বলিয়াই বুদান্‌কে এই প্রণালীর আদি গ্রন্থকার বলা হইয়া থাকে। কিন্তু প্রকৃতপক্ষে, এ জন্য ফুরিয়ার্‌ই সর্ব্বোচ্চ আসন পাইবার যোগ্য।

ফুরিয়ার্ কেন না ১৮৩১ খৃষ্টাব্দে নেভিয়ার্ Analyse des equations determinnees নাম দিয়া ফুরিয়ারের বৃহৎগ্রন্থখানি প্রচার করেন। সমীকরণের মূল নির্দ্ধারণসম্বন্ধে অতিসংক্ষেপে ফুরিয়ার্ যে উপপাদ্য দুইটী লিপিবদ্ধ করিয়াছেন, তাহার একটীকে ফুরিয়ারের উপপাদ্য (Fourier's Theorem) বলা হয়। এতদ্ব্যতীত তিনি অখণ্ডীকরণ (Theorem of integration) নামধেয় আর একটী উপপাদ্য আবিষ্কার করিয়াছেন। এই উপপাদ্যটী গ্রন্থকারের Theorie de la Chaleur নামক উৎকৃষ্ট গ্রন্থে যথাযথভাবে আলোচিত হইয়াছে। বুদানের ও ফুরিয়ারের গ্রন্থাবলী প্রকাশিত হওয়ার মধ্যকালে ১৮১৯ খৃষ্টাব্দে ফিলোসফিক্যাল্ ট্রান্জ্যাক্সন্ অব্ দি রয়েল্ সোসাইটী নামক পত্রিকায় এতদ্বিষয়ক এক প্রবন্ধ প্রকাশিত হয়। ডব্লুই, জি, হর্ণার ইহার রচয়িতা। তিনি

হর্ণার এই প্রবন্ধে গণিতবিষয়ক সমীকরণের একটী অভিনব প্রণালী আলোচনা করিয়াছেন। ক্রমে ক্রমে লোকে হর্ণারের এই প্রণালীটীর উপর শ্রদ্ধাবান্ হইয়া উঠিতেছে। এবং কোন কোন বিষয়ে ইহা ফুরিয়ারের প্রণালীর প্রায় সমতুল্য ও উৎকৃষ্ট বলিয়া গণ্য হইয়াছে। ১৮৩৫ খৃষ্টাব্দে Memoires des savans etrangers নামক পত্রিকায় একটী নূতন প্রণালী প্রকাশিত হয়। সরলতা, সম্পূর্ণতা ও সর্ব্ববিষয়ে প্রয়োগযোগ্যতা সম্বন্ধে আলোচনা করিয়া দেখিলে এই শেষোক্ত প্রণালীটীই সমীকরণের মূল (real roots of the equation) অবধারণে সর্ব্বোৎকৃষ্ট বলিয়া বিবেচিত হয়। এম্ ষ্টার্ম্ (M. Sturm)

ষ্টার্ম্ নামক একজন ফরাসীপণ্ডিত উক্ত প্রবন্ধের লেখক। জেনিভানগরে ইহার জন্ম হয়। ইহার আবিষ্কৃত উপপাদ্যটী বীজগণিতের মধ্যে উচ্চস্থান অধিকার করিয়াছে। ১৮২৯ খৃষ্টাব্দে ষ্টার্ম্ উক্ত প্রবন্ধটী "একাডেমী"তে উপস্থাপিত করিয়াছিলেন।

প্রথমপর্য্যায়ের সমসাময়িক সমীকরণের (Simultaneous equations) সমাধানপ্রণালী এমন কতকগুলি ভগ্নাংশের আকারে রাখা যাইতে পারে, যাহার লব ও হর সমীকরণের অজ্ঞাত রাশিগুলির প্রকৃতির (Coefficients) গুণফল হইতে

নির্দ্ধারণ-প্রণালী উৎপন্ন হইয়া থাকে। এই গুণফল সাধারণতঃ রেজাল্ট্যাণ্ট্‌স্ (Resultants) নামে পরিচিত। লাপ্লেস্ প্রথমে ঐ নামটী স্থির করেন। এবং ১৮৪১ খৃষ্টাব্দেও কৌচি স্বকৃত Exercices d' analyse et de physique mathematique নামক গ্রন্থের ২য় খণ্ডের ১৬১ পৃষ্ঠায়ও এই নাম ব্যবহার করিয়া গিয়াছেন। অধুনা উহাকে ডেটার্মিন্যাণ্ট্‌স্ (determinants) বা নির্দ্ধারণপ্রণালী নামে পরিবর্ত্তিত করা হইয়াছে। অধ্যাপক গৌস্ প্রথমতঃ এই পরিবর্ত্তিত নামের ব্যবহার করেন। Cours d'analyse algebrique নামক গ্রন্থে কৌচি ইহাকে alternate functions বা পরম্পরা ক্রিয়া নামে ব্যবহার করিয়াছেন।

নির্দ্ধারণপ্রণালী সম্বন্ধে লিবনিট্‌জ্ স্বীয়গ্রন্থে কিছু কিছু আভাস দিয়া গিয়াছেন। তাঁহার পর প্রায় এক শতাব্দকাল

লিবনিট্‌জ্ কেহ এ বিষয়ে আর কোনই আলোচনা করেন নাই। পরে এতামার নামক জনৈক পণ্ডিত ইহার পরিচয় পাইয়া স্বকৃত Analyse des lignes courbes algebriques নামক গ্রন্থে ইহার উল্লেখ করিয়াছেন। এই গ্রন্থ ১৭৫০ খৃষ্টাব্দে জেনিভাসহরে প্রকাশিত হইয়াছিল। গুণের নিয়মানুসারে গুণফল যোগচিহ্নবিশিষ্ট কিম্বা বিয়োগচিহ্নবিশিষ্ট হইবে, এই গ্রন্থে এতামার তাহার নিয়ম লিপিবদ্ধ করিয়াছেন। বিগত শতাব্দে বিহৌট্, লাপ্লেস্, লাগ্রেঞ্জ্, এবং ভাণ্ডারমণ্ডে প্রভৃতি অনেকে এতামারের পন্থা অনুসরণ করিয়া গ্রন্থ লিখিয়াছেন।

গৌস্ ১৮০১ খৃষ্টাব্দে গৌসপ্রণীত Disquisitiones Arithmeticæ প্রকাশিত হয়। এম্, পুলে-ডেলিসলে নামক

জনৈক ব্যক্তি ১৮০৭ খৃষ্টাব্দে ঐ গ্রন্থ ফরাসীভাষায় অনুবাদ করিয়া প্রকাশ করেন।

দ্বিতীয় ও তৃতীয় পর্য্যায়ের দুইটী ডেটারমিনাণ্ট্ বা নির্দ্ধারণের গুণফল ও ডেটারমিনাণ্ট্ বা নির্দ্ধারণশ্রেণীভুক্ত—গৌস এই উৎকৃষ্ট উপপত্তিটী আবিষ্কার করেন। ইহার পর বিনেট্, কৌচি ও অন্যান্য বীজগণিতজ্ঞগণের যত্নে উক্ত তত্ত্ব বিশেষভাবে আলোচিত হয় এবং তাঁহারা ঐ গুণফলকে জ্যামিতির সম্পাদ্যে পরিণত করিতে প্রয়াস পান। ১৮২৬ খৃষ্টাব্দে

জাকোবি

জাকোবি ক্রেল্স জারন্যালে এ সম্বন্ধে কতকগুলি প্রবন্ধ প্রায় বিশবৎসর ধরিয়া বিশেষ আলোচনার সহিত প্রকাশ করেন। এই প্রসঙ্গে জাকোবি আরও অনেক নূতন তত্ত্বে উপনীত হইয়াছিলেন। তিনি আলোচ্য বিষয়টী বিশদভাবে ব্যাখ্যা করিতে কৃতকার্য্য হইয়া গণিতবিদের সমাজে প্রতিষ্ঠা লাভ করিয়া গিয়াছেন। জাকোবির দৃষ্টান্ত অবলম্বন করিয়া অন্যান্য বহুসংখ্যক গণিতবিদ্ও কার্য্যক্ষেত্রে অগ্রসর হয়েন।

সিল্ভেষ্টার ও কেলি

ইহাদের মধ্যে সিল্ভেষ্টার ও কেলি নামক দুইজন বৃটনবাসীর নাম বিশেষ উল্লেখযোগ্য। এই দুই গণিতবিদ্ গবেষণাপূর্ণ প্রবন্ধাবলী দ্বারা ট্রান্জ্যাক্সন্ অব্ দি রয়েল্ সোসাইটী, ক্রেলস জারন্যাল্, দি ক্যামব্রিজ্ এণ্ড ডব্লিন্ ম্যাথেম্যাটিকাল্ জারনাল্, কোয়ারটার্লী জারনাল্ অব্ ম্যাথেম্যাটিক্স্ প্রভৃতি গণিতবিষয়ক পত্রিকার অঙ্গপুষ্টি করিয়াছেন এবং তৎসঙ্গে স্ব স্ব নামও গণিতবিদ্সমাজে চিরস্মরণীয় রাখিয়া গিয়াছেন। বেল্টজার্ প্রণীত Theorie und Anwendung der Determinenten এবং সল্মনকৃত Higher Algebra নামক বীজগণিত গ্রন্থে এ বিষয়টী সুন্দর ও সরলভাবে এবং সংক্ষিপ্ত আকারে আলোচিত হইয়াছে। এতদ্ব্যতীত এ সম্বন্ধে স্পটিশ্উড্ ১৮৫১ খৃঃ অঃ, ব্রিওস্কি ১৮৫৪ খৃঃ অঃ, টণ্টোর ১৮৬১ খৃঃ অঃ এবং ডজ্সন্ ১৮৬৭ খৃঃ অঃ কয়েকখানি মূলগ্রন্থ রচনা করেন।

ভারতীয় বীজগণিত।

বর্ত্তমান সময়ে পাশ্চাত্যশিক্ষিত ব্যক্তির অনেকে বীজগণিতের ইতিহাসের একদেশই বিশেষ আগ্রহের সহিত আলোচনা করিয়া আসিতেছেন। পাশ্চাত্যজগতে এই বিদ্যার বিশেষভাবে পুষ্টিসাধন হইলেও, প্রকৃতপক্ষে এই শাস্ত্র যে বহু প্রাচীনকালে ভারতে প্রচলিত ছিল এবং ভারতবাসী আর্য্য ঋষি ও পণ্ডিতগণ যে ইহার আলোচনা করিয়াছিলেন, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। বীজগণিতের উৎপত্তির ইতিহাস আলোচনা করিতে প্রবৃত্ত হইয়া মিঃ রুবেন্ বারো কতকগুলি প্রাচীন গ্রন্থের নিদর্শন য়ুরোপবাসীর নিকট উপস্থিত করেন, তজ্জন্য য়ুরোপবাসিমাত্রই কৃতজ্ঞতাসহকারে তাঁহার নাম স্মরণ করিবেন। তিনি প্রাচ্যদেশ হইতে কতকগুলি হস্তলিখিত পুঁথি সংগ্রহ করেন। ইহার অনেকগুলিই পারস্যভাষায় লিখিত। ইনি ইহার কিছু কিছু অনুবাদ করিয়া মূলসহ হস্তলেখ্যগুলি তাঁহার বন্ধু রয়েল্ মিলিটারী কলেজের অধ্যাপক মিঃ ডাল্বীর হস্তে সমর্পণ করিয়া যান। ডাল্বী অনুমান ১৮০০ খৃঃ অঃ এইগুলি গণিতোৎসাহী ব্যক্তিগণের নিকট প্রকাশ করিয়াছিলেন।

১৮১৩ খৃষ্টাব্দে সংস্কৃত বীজগণিতগ্রন্থের পারস্য অনুবাদ হইতে মিঃ এড্ওয়ার্ড্ ষ্ট্রাচী "বীজগণিত" নামে য়ুরোপে তাহার ইংরাজী অনুবাদ প্রকাশ করেন। ১৮১৬ খৃষ্টাব্দে ডাঃ জন্ টেলর্ মূল সংস্কৃতভাষা হইতে "লীলাবতী"র অনুবাদ করিয়া বোম্বাই-নগরে প্রকাশ করিয়াছিলেন।

উক্ত "লীলাবতী" গ্রন্থখানি গণিত ও জ্যামিতিবিষয়ক। উপরোক্ত লীলাবতী ও বীজগণিত নামক উভয় গ্রন্থেরই মূল গ্রন্থকার ভারতের সুপরিচিত গণিতবিদ্ ভাস্করাচার্য্য। ১৮১৭ খৃঃ অঃ মহামতি হেন্রী টমাস্ কোল্ব্রুক্ "Algebra, Arithmetic, and Mensuration, from the Sanskrit of Brahmagupte and Bhascare" নামে একখানি গ্রন্থ প্রকাশ করেন। এই গ্রন্থখানিতে সংস্কৃত কবিতায় লিখিত ভাস্করাচার্য্যের বীজগণিত ও লীলাবতী এবং ব্রহ্মগুপ্তের গণিতাধ্যায় ও কুট্টকাধ্যায় অনূদিত হইয়া বিশেষভাবে আলোচিত হইয়াছে। উক্ত প্রথম দুইখানি গ্রন্থ ভাস্করবিরচিত সিদ্ধান্তশিরোমণি নামক জ্যোতিশাস্ত্রের প্রথমাংশ ও অবশিষ্টার্দ্ধ ব্রহ্মসিদ্ধান্ত নামক জ্যোতিষবিষয়ক অন্য একখানি গ্রন্থের দ্বাদশ ও অষ্টাদশ অধ্যায় হইতে সংগৃহীত।

ভাস্করের নিজের লেখা হইতে ও অন্যান্য প্রমাণে জানা যায় যে প্রায় ১০৭২ শকে বা ১১৫০ খৃষ্টাব্দে ভাস্করাচার্য্য সিদ্ধান্তশিরোমণি গ্রন্থ সমাপ্ত করিয়াছিলেন। ভাস্কর তাঁহার বীজগণিতের শেষে লিখিয়াছেন যে, তিনি তাঁহার পূর্ব্ববর্ত্তী ব্রহ্ম, শ্রীধর ও পদ্মনাভ বিরচিত বিস্তৃত বীজগণিত হইতে স্বীয়গ্রন্থ অতি সংক্ষিপ্তভাবে সঙ্কলন করিয়াছেন। সূর্য্যদাস ও রঙ্গনাথ প্রভৃতি সিদ্ধান্তশিরোমণির ভাষ্যকারগণ আর্য্যভট ও চতুর্ব্বেদ পৃথূদক স্বামী প্রভৃতি প্রাচীন টীকাকারগণকেও তাঁহার পূর্ব্ববর্ত্তী বলিয়া উল্লেখ করিয়াছেন।

ব্রহ্মগুপ্ত ৫৫০ শকে ব্রাহ্মস্ফুটসিদ্ধান্ত রচনা করেন।

নানারূপ প্রমাণাদি উল্লেখ করিয়া মিঃ কোল্ ব্রুক্ দেখাইয়াছেন যে আরবগণের মধ্যে গণিতবিদ্যা প্রচলনের বহুপূর্ব্বে ব্রহ্মগুপ্ত জন্মগ্রহণ করিয়াছিলেন। সুতরাং আরব-

গণের বহুপূর্ব্বে হিন্দুগণ বীজগণিতের তত্ত্ব অবগত ছিলেন, এ কথা নিঃসংশয়রূপে বলা যাইতে পারে।

ব্রহ্মগুপ্তের রচিত গ্রন্থই যে বীজগণিত সম্বন্ধে হিন্দুদের আদিগ্রন্থ, এ কথা বলা যায় না। বিখ্যাত জ্যোতিষী ও গণিতবিদ্ এবং ভাস্করের প্রধান ভাষ্যকার গণেশ আর্য্যভট্টের গ্রন্থ হইতে একাংশ উদ্ধৃত করিয়া দেখাইয়াছেন যে, বীজগণিত পূর্ব্বে 'বীজ' নামে অভিব্যক্ত হইত। তাঁহার গ্রন্থে প্রথম-পর্য্যায়ের অনির্দ্দিষ্ট সম্পাদ্য-সমাধানোপযোগী কট্টুক (a problem subservient to the general method of resolution of indeterminate problems of the first degree) নামক অতি প্রাচীন প্রণালীরও উল্লেখ আছে। এই কট্টুক প্রণালীটী আর্য্য হিন্দুদিগের আবিষ্কৃত অতি প্রাচীন প্রণালী।

সূর্য্যদাস নামক ভাস্করের অন্য এক ভাষ্যকারও আর্য্যভট্টকে পুরাকালীয় বীজগণিত-লেখকগণের শীর্ষস্থানীয় বলিয়া উল্লেখ করিয়াছেন। হিন্দুগণ বর্গপূরণের নিয়মানুসারে বর্গীয় সমীকরণ (Quadratic equations) সমাধান করিতে পারিতেন। মিঃ কোলব্রুক বলেন, আর্য্যভট্টের গ্রন্থে নির্দ্দিষ্ট পর্য্যায়ের বর্গীয়সমীকরণও অনির্দ্দিষ্টবিভাগের প্রথম, এমন কি সম্ভবতঃ দ্বিতীয় পর্য্যায়ের সমীকরণের নিয়ম থাকা সম্ভবপর বলিয়া বিবেচিত হয়।

আর্য্যভট্ট কোন্ সময়ে বর্ত্তমান ছিলেন, তাহা নির্ণয় করা সহজ নহে। মিঃ কোলব্রুক্ অনুমান করেন যে, যতদূর জানা যায় তাহাতে খৃষ্টীয় পঞ্চম শতাব্দে বা তৎপূর্ব্ববর্ত্তী সময়ে হিন্দুগণের এই আদি বীজগণিতবিদ্ বর্ত্তমান ছিলেন বলিয়া মনে করা যাইতে পারে। কোলব্রুকের মতে আর্য্যভট্ট গ্রীক্‌গণিতবিদ্ দেওফান্তাসের সমসাময়িক ব্যক্তি। দেওফান্তাস সম্রাট্ জুলিয়ানের রাজত্বকালে প্রায় ৩৬০ খৃষ্টাব্দে জন্মগ্রহণ করিয়াছিলেন। [আর্য্যভট্ট দেখ।]

ভারতীয় বীজগণিতবিদ্ আর্য্যভট্ট ও গ্রীসের দেওফান্তাসের সঙ্গে তুলনা করিয়া মিঃ কোলব্রুক্ প্রমাণ করিয়াছেন যে, সমগ্র বীজগণিতশাস্ত্রের উৎকর্ষবিষয়ে আর্য্যভট্ট গ্রীকপণ্ডিত দেওফান্তাস অপেক্ষা অনেক উচ্চে আসন পাইবার যোগ্য। তিনি আরও বলেন, হিন্দুগণ algorithmএর শ্রেষ্ঠ ও সহজ উপায় আবিষ্কার করিয়া গ্রীকগণের উপরেও প্রতিষ্ঠালাভ করিয়াছেন। এতদ্ভিন্ন নিম্নোক্ত নিয়মগুলি বিশেষভাবে আলোচনা করিলে বীজগণিতবিষয়ে হিন্দুগণেরই শ্রেষ্ঠত্ব প্রমাণিত হইয়া থাকে :—

(১ম) একাধিক অজ্ঞাতরাশিবিশিষ্ট সমীকরণের সমাধান।

(২য়) উচ্চ পর্য্যায়ের সমীকরণের সমাধান। এ বিষয়ে হিন্দুবীজগণিতজ্ঞগণ সম্পূর্ণ নিয়ম প্রতিপাদনে কৃতকার্য্য না হইলেও, তাঁহারা যে এ বিষয়ে যথেষ্ট চেষ্টা ও বুদ্ধিমত্তার পরিচয় দিয়াছেন, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। বর্ত্তমানকালে প্রচলিত দ্বিবর্গীয় সমীকরণের (biquadratics) সমাধান সম্বন্ধে আর্য্য-হিন্দুগণ পাশ্চাত্যজগদ্বাসী প্রাচীন বীজগণিতবিদ্‌গণের বহুপূর্ব্বে জগতে সেই তত্ত্বের আভাস জ্ঞাপন করিয়া গিয়াছেন।

(৩য়) প্রথম ও দ্বিতীয় পর্য্যায়ের অনির্দ্দিষ্ট সম্পাদ্য (Indeterminate problems of the first and second degrees) সমাধান। এ বিষয়ে হিন্দুগণ দেওফান্তাস অপেক্ষা অনেক বেশী আবিষ্কার করিয়াছিলেন এবং বর্ত্তমান সময়ে বীজগণিতে প্রচলিত তত্ত্ব-সম্বন্ধে তাঁহাদের ধারণা তাঁহারা পরিস্ফুটভাবে প্রকাশিত করিতে চেষ্টা পান।

(৪র্থ) জ্যোতিষশাস্ত্র ও জ্যামিতিসম্বন্ধীয় বিষয়াদিতে বীজগণিতের নিয়ম প্রয়োগ।

বর্ত্তমান সময়ে এতদ্বিষয়ে বীজগণিতের যে সকল তত্ত্ব আবিষ্কৃত হইয়াছে, হিন্দুবীজগণিতজ্ঞগণ অতি প্রাচীনকালেও ঐ সকল তত্ত্বের মূল উদ্ঘাটন করিয়া যান।

আরবগণ সবিশেষ বিচক্ষণতার সহিত বিজ্ঞানালোচনায় খ্যাতিলাভ করিলেও বাস্তবিকপক্ষে তাঁহাদের দ্বারা বীজগণিত সম্বন্ধে বিশেষ কিছু উন্নতি হয় নাই। যে অবস্থায় ও যে সময়ে এই শাস্ত্র য়ুরোপে আনীত হয়, সেই সময় হইতে বীজগণিতের পূর্ণ পরিপুষ্টি হইতে কএক শতাব্দ অতিবাহিত হইয়াছিল, সন্দেহ নাই; কিন্তু পাশ্চাত্যজগতে বীজগণিতের প্রবেশ-প্রতিষ্ঠা ও পূর্ণপুষ্টির কথা ছাড়িয়া দিয়া, বীজগণিতের প্রাচীন ইতিহাস সম্বন্ধে আমরা সহজেই অনুধাবন করিতে পারি যে, আর্য্যভট্টের অনেক পূর্ব্ব হইতেই ভারতে এই বিদ্যা কোন না কোন প্রকারে প্রচলিত ছিল। বাস্তবিক জ্যোতিষতত্ত্বের সঙ্গে এই শাস্ত্রের নৈকট্য সম্বন্ধ বিষয়ে আলোচনা করিলে আমরা নিঃসন্দেহে বলিতে পারি যে, বহুশতাব্দ পূর্ব্ব হইতে জ্যোতিষের সঙ্গে সঙ্গেই এই বিদ্যারও উদ্ভব হইয়াছিল। Astronomie Indienne প্রণেতা বেলীর মতানুসরণ করিয়া অধ্যাপক প্লেফেয়ার স্বকৃত Memoir on the Astronomy of the Brahmins গ্রন্থে লিখিয়াছেন, হিন্দুজ্যোতিষশাস্ত্র অতি প্রাচীনকাল হইতে বিদ্যমান আছে। খৃষ্টজন্মের ৩০০০ সহস্র বৎসরের বহুপূর্ব্বে এই শাস্ত্রের আবিষ্কার-কাল গণনা করা যায়। উক্ত তত্ত্ব সম্বন্ধে সংশয় প্রকাশ করিয়া লাপ্লেস, ডিলাম্বে, প্রভৃতি য়ুরোপীয় পণ্ডিতগণ অনেক কথা বলিয়াছেন। অধ্যাপক লেস্‌লী স্বকৃত Philosophy of Arithmetic গ্রন্থে লীলাবতী সম্বন্ধে লিখিয়াছেন যে, উক্ত গ্রন্থখানি কতকগুলি অপরিস্ফুট কবিতালিখিত নিয়মের সমাবেশ মাত্র।

এডিনবরা ইউনিভার্সিটীর গণিতাধ্যাপক মিঃ ফিলিপ্ কেলাণ্ড এবং য়ুরোপীয় কোন কোন পণ্ডিত লেসলীর মতানুসারে লীলাবতীকে অস্পষ্ট ও অকিঞ্চিৎকর বলিয়া মনে করিলেও আমরা তাহা স্বীকার করিতে প্রস্তুত নহি। লীলাবতী সাধারণের দুর্জ্ঞেয় ও দুর্ব্বোধ্য। উহা বীজগণিতবিষয়ক প্রকৃষ্ট গ্রন্থ না হইলেও উহাতে যে বর্ত্তমান বীজগণিতের মৌলিক গুরুত্ব এবং বীজগণিত-প্রক্রিয়ায় নিষ্পাদ্য যে বিভিন্ন প্রকার বহুতর বিষয় লিপিবদ্ধ আছে, তাহা অস্বীকার করিবার কোন কারণ নাই। বর্ত্তমান আলোচনায় সে সকল গুপ্ততত্ত্ব উদ্ঘাটিত হইয়াছে।

গণিতজ্ঞ কেলাণ্ড, অধ্যাপক প্লেফেয়ারের মতানুবর্ত্তী হইয়া হিন্দুবীজগণিতের প্রাচীনত্ব অস্বীকার করিতে পারেন নাই। অধ্যাপক প্লেফেয়ার বহুশতাব্দ পর্য্যন্ত হিন্দু-গণিতের অনুৎকর্ষাবস্থার কথা উল্লেখ করিয়া নিম্নোক্ত ভাষায় উহার পূর্ণাঙ্গতার পরিচয় দিয়াছেন :—

"In India, everything (as well as algebra) seems equally insurmountable and truth and error are equally assured of permanence in the stations they have once occupied."

ভারতীয় জ্যোতিষ ও বীজগণিতের প্রাচীনত্ব যে অবিসম্বাদিত তাহা বর্ত্তমান প্রত্নতত্ত্ববিদ্‌গণ একবাক্যে স্বীকার করিয়াছেন। সুপ্রাচীন বৈদিকযুগের জ্যোতিস্তত্ত্ব আলোচনা হইতেও তাহা সপ্রমাণ হয়।

প্রাচীন-ভারতে একসময়ে যে রাজনীতি, ব্যবস্থাশাস্ত্র, ধর্ম্মবিজ্ঞান ও আচারপদ্ধতি যথেষ্ট প্রচলিত ছিল, তাহারও যথেষ্ট প্রমাণ আছে। প্রাচীনকাল হইতে সেই সকল বিষয় আলোচনা ও রাজশক্তির সাহায্যাভাবে আজ পর্য্যন্ত একই ভাবে চলিয়া আসিতেছে। যে শক্তিবলে ভারত একসময়ে এই সকল বিষয়ে সাফল্য লাভ করিয়াছিল, তাহার গতিতে কোন দুর্নিবার্য্য বাধা উপস্থিত হওয়াতেই ভারতের উন্নতির অন্তরায় ঘটিয়াছে, সন্দেহ নাই? অথবা স্বীকার করিতে হইবে যে সকল বিচক্ষণ অমানুষিক ধীশক্তিসম্পন্ন আর্য্যঋষিগণ ভারতে অপূর্ব্ব বিদ্যার আবিষ্কার করিয়া গিয়াছেন, অতঃপর সেরূপ লোক আর এদেশে জন্মগ্রহণ করেন নাই, তাই ভারতের আজ এই দুর্দ্দশা।

অঙ্কপাত ও প্রথম উপপত্তি

(১) পাটীগণিতে দশটী সংখ্যা আছে। বিশেষ নিয়মানুসারে এই সংখ্যাগুলির নানারূপ সংযোগে যে কোন অঙ্কের রাশি বুঝান যাইতে পারে। কিন্তু গণিতবিষয়ক দুরূহ তত্ত্বনির্ণয়ে অনেক সময়েই এই অঙ্কগুলিদ্বারা কার্য্য হয় না। কাজেই অঙ্করাশির সম্বন্ধনির্ণয়ের জন্য অঙ্কপাতের একটী সাধারণ নিয়ম আবিষ্কার করার আবশ্যক হয়। তাহা হইতেই বীজগণিতের উৎপত্তি।

বীজগণিতে যে কোন রাশিকেই সাঙ্কেতিক সংজ্ঞাদ্বারা সহজে বুঝান যাইতে পারে। সাধারণতঃ বর্ণমালাদ্বারাই উক্ত রাশিকে বুঝান হইয়া থাকে। পাটীগণিতবিষয়ক সম্পাদ্যের সমাধানজন্য কতকগুলি রাশি (magnitudes) নির্দ্দিষ্ট আছে এবং তাহাই নির্দ্ধারণের জন্য অন্য কতকগুলি অজ্ঞাতসংখ্যা বিনির্দ্দিষ্ট হইয়াছে। বর্ণমালার আদিঅক্ষর ক, খ, গ ইত্যাদি জ্ঞাতসংখ্যাগুলির পরিবর্ত্তে ব্যবহার করা হয় এবং শেষ অক্ষরমালা ল, শ, হ ইত্যাদি দ্বারা অজ্ঞাত অনুসন্ধানীয় রাশি লিখিত হইয়া থাকে।

(২) গণিতে + (যোগ) চিহ্ন ব্যবহৃত হইলে বুঝিতে হইবে যে, যে রাশির পূর্ব্বে এই চিহ্নটী বসিয়া থাকে, তাহার চিহ্নের সংজ্ঞা সহিত অন্য কোন রাশি যোগ করিতে হইবে। যথা, ক+খ, ইহা দ্বারা ক ও খ এর একত্র সমষ্টি বুঝা যাইতেছে। ৩+৫, ইহা দ্বারা ৩ ও ৫ এর সমষ্টি অর্থাৎ ৮ বুঝান হইতেছে।

− (বিয়োগ) চিহ্ন ব্যবহৃত হইলে বুঝিতে হইবে যে, যে রাশির পূর্ব্বে এই চিহ্নটী বসিয়াছে, তাহা অন্য কোন রাশি হইতে বিয়োগ করিতে হইবে। যথা, ক−খ লিখিলে বুঝিতে হইবে ক হইতে খ'কে বাদ দিতে হইবে। ৬−২ লিখিলে বুঝিতে হইবে ৬ হইতে ২ বিয়োগ করিতে হইবে, অর্থাৎ অবশিষ্ট ৪ রাখিতে হইবে।

যে সকল রাশির পূর্ব্বে + চিহ্ন দেওয়া থাকে, তাহাদিগকে ভাবাত্মক (positive) ও যে সকল রাশির পূর্ব্বে − চিহ্ন দেওয়া হয় তাহাদিগকে অভাবাত্মক (negative) রাশি বলা হইয়া থাকে।

কোন রাশির পূর্ব্বে কোন চিহ্ন দৃষ্ট না হইলে তাহাকে + চিহ্ন সমন্বিত কিংবা ভাবাত্মক বলিয়া ধরিতে হইবে।

যে সকল রাশির পূর্ব্বে হয় + কিংবা − চিহ্ন পরিদৃষ্ট হয়, তাহাদিগকে সমচিহ্নবিশিষ্ট রাশি বলা হইয়া থাকে। যেমন +ক ও +খ এই দুইটী সংখ্যা সমচিহ্নবিশিষ্ট। পক্ষান্তরে +ক ও −গ এই দুইটী সংখ্যা অসমচিহ্নসম্বলিত।

(৩) যে রাশিতে শুধু একটীমাত্র সংখ্যা থাকে তাহাকে অবিমিশ্র রাশি বলে। পক্ষান্তরে কোন রাশি যোগ বা বিয়োগচিহ্নবিশিষ্ট অনেক সংখ্যার সমষ্টিভূত হইলে তাহাকে মিশ্ররাশি (compound) বলা যায়। +ক ও −গ ইহারা অবিমিশ্ররাশি; কিন্তু খ+গ, কিংবা ক+খ−গ, মিশ্ররাশি।

(৪) সংখ্যার পূরণ করিয়া গুণফল বাহির করিতে হইলে

সাধারণতঃ এই সংখ্যাগুলিকে পাশাপাশিভাবে একত্র করিয়া রাখা হয়। কিংবা × চিহ্ন ব্যবধান রাখিয়া উহাদিগকে সংযুক্ত করা হয়, কিংবা ইহাদের প্রত্যেক দুই সংখ্যার মধ্যে · চিহ্ন দেওয়া হইয়া থাকে যথা, কখ, বা ক×খ, বা ক·খ ইহাদের প্রত্যেকটীই ক ও খএর গুণসমষ্টি বুঝায়। আবার কখগ, বা ক×খ×গ, বা ক·খ·গ ইহা দ্বারাও ক, খ ও গএর গুণসমষ্টি বুঝান হইল। যদি গুণনীয় রাশিগুলি মিশ্রপর্য্যায়ের হয়, তবে সেই সকল রাশির উপর একটী রেখা (—) ও মধ্যে × চিহ্ন দেওয়া হইয়া থাকে। ঐ রাশির উপরস্থ রেখাটীকে Vinculum বলা হয়। যেমন ক×$\overline{গ+ঘ}$×$\overline{ঙ-চ}$, এই অঙ্কটী দ্বারা বুঝা যাইতেছে যে, ক একাকী একটী রাশি। গ+ঘএর সমষ্টি দ্বিতীয় রাশি এবং ঙ−চএর বিয়োগ ফলে যে রাশি বাহির হয়, তাহা তৃতীয় রাশি। এই তিনটী রাশি পরস্পর গুণ করিতে হইবে। ঊর্দ্ধরেখাদ্বারা চিহ্নিত না করিয়া ঐ সকল রাশিকে বন্ধনীর মধ্যেও রাখা যাইতে পারে; যেমন, ক(গ+ঘ)(ঙ−) কিংবা ক×(গ+ঘ)×(ঙ−চ)।

বীজগণিতে প্রযুজ্য এরূপ বর্ণমালার পূর্ব্বে কোন সংখ্যা ব্যবহৃত হইলে, ঐ সংখ্যাকে অঙ্কঘটিত প্রকৃতি বলা হয়। অঙ্কটী কত বার নেওয়া হইবে, এতদ্দ্বারা তাহাই বুঝান হইয়া থাকে। যথা. ৩ক এই রাশিদ্বারা বুঝান যাইতেছে যে 'ক'কে ৩ বার লইতে হইবে। যেস্থানে বর্ণমালার পূর্ব্বে এরূপ কোন সংখ্যার ব্যবহার হয় না, সেখানে প্রকৃতি একক বলিয়া বুঝিতে হইবে।

(৫) একটী রাশিকে অন্য একটী রাশিদ্বারা বিভাগ করিলে যে ভাগফল বাহির হয়, একটী রেখার উপরে বিভাজ্যরাশিটী রাখিয়া তন্নিম্নে ভাজকটী স্থাপন করিয়া তাহা সাধারণতঃ বুঝান হইয়া থাকে। যেমন, $\frac{১২}{৩}$ এই রাশিটী দ্বারা ইহাই বুঝান যায় বিভাজ্য ১২ কে ভাজক ৩ দ্বারা বিভাগ করিলেই বিভাগফল (৪) বাহির হইবে; অথবা $\frac{খ}{ক}$ এতদ্দ্বারা বুঝা যায় যে, বিভাজ্য 'খ'কে ভাজক 'ক' দ্বারা বিভাগ করিলেই ভাগফল প্রকাশ পাইয়া থাকে।

(৬) কোন দুই সংখ্যার তুল্যতা বুঝাইতে হইলে তাহাদের মধ্যে = (সমান চিহ্ন) দেওয়া হইয়া থাকে। যেমন, ক+খ=গ−ঘ ইহা দ্বারা এই বুঝা যায় যে ক ও খএর সমষ্টি গ ও ঘ এর বিয়োগফলের সমান।

(৭) অবিমিশ্ররাশি ও মিশ্ররাশির সংখ্যাগুলি একই বর্ণমালা বা বর্ণমালার সমষ্টিবদ্ধ হইলে তাহাদিগকে সমশ্রেণীভুক্ত রাশি বলা হইয়া থাকে। যে মন, +কখ ও −৫ কখ এই দুইটী রাশি সমপর্য্যায়ের। কিন্তু +কখ ও +কখখ, ইহারা সমপর্য্যায়ের নহে।

গণিতে অন্যান্য কতকগুলি বিষয়ের পরিবর্ত্তে অন্যবিধ চিহ্নাদিও ব্যবহৃত হইয়া থাকে। যথা, > এই চিহ্ন অধিক সংখ্যাজ্ঞাপক, < ইহা দ্বারা ন্যূন সংখ্যা বুঝা যায় এবং ∴ এই চিহ্নদ্বারা "সুতরাং" সূচক অর্থজ্ঞাপ্তি হইতেছে।

(৮) বীজবিজ্ঞানে রাশিগুলি গণিতের সীমা অতিক্রম করিলেও তাহাতে নিবদ্ধ বর্ণমালাসংখ্যায় মূলরাশির শক্তি সীমাবদ্ধ থাকে না। রাশিসংজ্ঞা যেভাবে প্রথমে অভিব্যক্ত হয়, ক্রমে তাহা বিশিষ্টসংজ্ঞা প্রাপ্ত হইয়া থাকে। যেমন +ক যদি কখন −ক লাভাংশ বুঝায় তাহা হইলে −ক সেই পরিমাণ সমষ্টির ক্ষতির অংশ বুঝাইবে। এইরূপে যদি +ক কখন 'ক' সংজ্ঞক ফিটমাণের অগ্রগতি বুঝায়, তাহা হইলে −ক উক্ত সংখ্যামানের পশ্চাদ্গতি বুঝাইবে। ইহাতে স্পষ্টই বুঝা যাইতেছে যে + ও − চিহ্নদ্বয় পরস্পরের বিপরীতক্রিয়ার সমষ্টিচিহ্ন। এইরূপ অনুশীলনের পক্ষপাতী হইয়া আমরা × ও ÷ চিহ্নদ্বয়কে রাশিকরণসংজ্ঞার পরস্পরের বিপর্য্যায়বোধক বলিয়া গণনা করিতে পারি। বীজগণিতে রাশির ক্রিয়াসমাধান জন্য উক্ত চারিটী চিহ্নের যে কার্য্য তাহা নিম্নোক্ত দৃষ্টান্তে সুস্পষ্টভাবে দেখান যাইতেছে। যেমন +ক−ক=+০ বা −০; যেখানে +০ থাকে তথায় উহা ০ দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত এবং −০ স্থলে স্থলে ০ দ্বারা লঘ্বীকৃত বুঝা যাইবে। এইরূপে ×ক÷ক=×১ বা ÷১; ×১ বলিলে ১ দ্বারা গুণিত এবং ÷১ বলিলে ১ দ্বারা বিভক্ত বলিতে হইবে।

(৯) সংখ্যা গণিতে যে প্রণালী অনুসারে চিহ্নগুলি রাশিকে সংযোগ করে, বীজগণিতে তাহার ব্যতিক্রম দৃষ্ট হয় না। তবে সাধারণের সুবিধার জন্য নিম্নলিখিত ৩টী নিয়ম বিবৃত করা যাইতেছে :—

১ম। + বা − চিহ্ন দ্বারা রাশিগুলি পরস্পরের সম্বন্ধ ও ভাবান্তর প্রাপ্ত হইলেও কখনই সংযুক্ত রাশিসমূহ কর্ত্তৃক পরিচালিত হয় না।

২য়। যে কোন সংখ্যা হইতে যে কোন সংখ্যাকে যোগ বা বিয়োগ করা যাইতে পারে। ইহাকে Distributive law বলে।

৩য়। গুণন বা ভাগহারও ঐরূপে রাশিদ্বয়ের মধ্যে সমাহিত হয়। ইহাকে "Commutative law" বলা যায়।

সর্ব্ববিষয়ে বীজগণিতের প্রয়োগ সহজ সাধ্য হইবে ভাবিয়া উপরি উক্ত সাধারণ নিয়মগুলি বীজগণিতে সন্নিবেশিত করা হইয়া থাকে। কিন্তু ৩য় নিয়মের নিবদ্ধ না থাকায় উহা চতুষ্কের বিজ্ঞানে (Science of quaternions) পরিণত হইয়াছে। এইরূপ সীমাধীন বীজবিজ্ঞানের নিয়মানুসারে "কখ" কখনই "খক" বা এক বস্তু হইতে পারে না।

বীজগর্ভ (পুং) বীজানি গর্ভে অভ্যন্তরে যস্য। পটোল।

বীজগুপ্তি (স্ত্রী) বীজানাং গুপ্তির্যত্র। শিম্বী। (রাজনি°)

বীজদ্রুম (পুং) অসুরবৃক্ষ, চলিত পিয়াশাল। (রাজনি°)

বীজধান্য (ক্লী) বীজপ্রধানং ধান্যং। ১ ধান্যক, চলিত ধনে। (রাজনি°) ২ বীজের জন্য যে ধান রক্ষিত হয় তাহাকে বীজধান কহে। সুপক্ক ধান্য বীজের জন্য রাখিতে হয়।

বীজন (ক্লী) বীজ্যতেঽনেনেতি বি-ঈজ-করণে ল্যুট্। ব্যজন, বাতাস করা।

"মলয়জমপসার্য্য ঘনং বীজনবিয়ং বিধায় বাহুভ্যাং।"

(আর্য্যাসপ্ত° ৪৫০)

২ সঞ্চালন। ৩ ব্যজনসাধন, চলিত পাখা, চামরাদি। ৪ সঞ্চালনবস্তু। (পুং) ৫ চক্রবাক, চকোরপাখী। ৬ জীবঞ্জীব-পক্ষী। (সারস্বত) ৭ পীতলোধ্র। (বৈদ্যকনি°)

বীজপাদপ (পুং) অসনবৃক্ষ, পিয়াশাল। (বৈদ্যকনি°) ২ ভল্লাতক বৃক্ষ। (রাজনি°)

বীজপুরুষ (পুং) আদিপুরুষ, বংশের প্রধানপুরুষ, যাহা হইতে বংশের প্রথম গণনা করা হয়, তাহাকে বীজপুরুষ কহে।

বীজপুষ্প (পুং ক্লী) বীজপ্রধানং পুষ্পং যস্য। মরুবকবৃক্ষ। ২ মদনবৃক্ষ। (মেদিনী) ৩ নালবৃক্ষ, জনারগাছ। (রাজনি°) স্বার্থে কন্। বীজপুষ্পক।

বীজপূর (পুং) বীজানাং পূরঃ সমূহো যত্র। ফলপূর, চলিত টাবালেবু। (citrus medica) হিন্দী—বিজৌরা। পর্য্যায়—রীজপূর্ণ, পূর্ণবীজ, সুকেশর, বীজক, কেশরাঢ্য, মাতুলুঙ্গ, সুপূরক, রুচক, বীজফলক, জম্ভল, দন্তরচ্ছদ, পূরক, রোচনফল। ইহার ফলগুণ—অম্ল, কটু, উষ্ণ, শ্বাসকাস ও বায়ুনাশক, কণ্ঠশোধনকর, লঘু, হৃদ্য, দীপন, রুচিকারক, পাবন, আধ্মান, গুল্ম, হৃদ্রোগ, প্লীহা ও উদাবর্ত্তনাশক। বিবন্ধ, হিক্কা, শূল ও ছর্দ্দিরোগে ইহা প্রশস্ত। (রাজনি°) ২ মধুকর্কটী।

"বীজপূরোঽপরঃ প্রোক্তো মধুরো মধুকর্কটী।
মধুকর্কটিকা স্বাদ্বী রোচনী শীতলা গুরুঃ।
রক্তপিত্তক্ষয়শ্বাসকাসহিক্কাভ্রমাপহা॥" (ভাবপ্র°)

অপরপ্রকার বীজপূরের নাম মধুকর্কটী, ইহা স্বাদু, রুচিকর, শীতল, গুরু, রক্তপিত্ত, ক্ষয়, শ্বাসকাস, হিক্কা ও ভ্রমনাশক।

বীজপূরবন, মেরুর নিকটবর্ত্তী স্থানভেদ। (লিঙ্গপু° ৪।৬৩)

বীজপূরাদ্যঘৃত (ক্লী) শূলরোগোক্ত ঘৃতৌষধবিশেষ। প্রস্তুত-প্রণালী :—ঘৃত ৪ সের, কাথার্থ বীজপূর অর্থাৎ টাবালেবুর মূল, এরণ্ডমূল, রাস্না, গোক্ষুর, বেড়েলা, ইহাদের প্রত্যেকের ৫ পল, নিস্তুষ যব ২ সের, জল ৬৪ সের, শেষ ১৬ সের। কল্কার্থ যব ২ সের, জল ৬৪ সের, শেষ ১৬ সের। কল্কার্থ ধনে, হরীতকী, ত্রিকটু, হিঙ্গু, সচল, বিট, সৈন্ধব, যবক্ষার, শ্বেতধুনা, অম্লবেতস, কুড়, দাড়িম, বৃক্ষাম্ল, জীরা, কৃষ্ণজীরা, প্রত্যেকে ২ তোলা। দধির মাত ৮ সের। মৃদু অগ্নিতে যথাবিধানে পাক করিতে হইবে। এই ঘৃত অগ্নির বল অনুসারে উপযুক্ত মাত্রায় সেবন করিলে ত্রিদোষজশূল, বাতশূল, যকৃচ্ছূল প্রভৃতি আশু প্রশমিত হয়। (ভৈষজ্যরত্না° শূলাধি°)

বীজপূর্ণ (পুং) বীজপূর। ছোলঙ্গ। (রত্নমালা) মধুবীজপূর, শরবতীলেবু। (বৈদ্যকনি°) (ত্রি) ২ বীজদ্বারা পূর্ণ।

বীজপেশিকা (স্ত্রী) বীজস্য শুক্রস্য পেশিকেব। অণ্ডকোষ।

বীজফলক (পুং) বীজপ্রধানং ফলং যস্য কন্। বীজপূর।

বীজমার্গী, বৈষ্ণবসম্প্রদায় বিশেষ। পশ্চিমভারতের স্থানে স্থানে ইহাদের বাস আছে। ইহারা আপনাদিগকে নির্গুণ উপাসক বলিয়া পরিচিত করে। কখন কোন দেবমূর্ত্তির অর্চ্চনা করে না এবং আপনাদের ভজনালয়ে দেবপ্রতিমাদি প্রতিষ্ঠিত রাখে না। ইহারা শ্রীপ্রভৃতি চারি প্রধান বৈষ্ণবসম্প্রদায়ের অন্তর্ভুক্ত নহে; নানক, দাদু, কবীর প্রভৃতি যে সকল পন্থী আছে, ইহারা সেইরূপ পন্থিবিশেষ বলিয়া পরিগণিত। রামাৎ নিমাৎ প্রভৃতি বৈষ্ণবসম্প্রদায় ইহাদিগকে পাষণ্ড বলিয়া ঘৃণা করে। একত্র উপবেশন করা দূরে থাকুক, কখনও ইহাদের অঙ্গ স্পর্শ করে না। যদি দৈবাৎ স্পর্শ করিয়া ফেলে তাহা হইলে, তাহারা মনে মনে আপনাদিগকে অশুচি ও পাপগ্রস্ত বিবেচনা করে। তাহাদের মতে যে স্থানে ইহারা আসিয়া উপস্থিত হয় সে স্থানও অপবিত্র।

ইহারা শুক্রকেই পরব্রহ্ম বলিয়া বিশ্বাস করে; কেন না শুক্র হইতেই সমস্ত জীবের উৎপত্তি হয়। শুক্রের নাম বীজ এই নিমিত্ত ইহাদের নাম বীজমার্গী। ইহাদের ভজন-সভার নাম সমাজ ও ভজনালয়ের নাম সমাজ-গৃহ। প্রতিদিন সন্ধ্যার সময়ে ঐস্থলে ইহারা ভজনা করিয়া থাকে। গোরক্ষনাথ প্রভৃতির বিরচিত ভজন সমুদায় গান করাই ইহাদের ভজনার প্রধান অঙ্গ।

শৈব শাক্তাদির ন্যায় ইহাদেরও একরূপ চক্র হয় ও তাহাতে অতীব গুহ্য ব্যাপার সম্পন্ন হইয়া থাকে। শুক্লপক্ষীয় চতুর্দ্দশীতে ঐ চক্রের অনুষ্ঠান হইয়া থাকে। কোন বীজমার্গীর নিজ বাটীর স্ত্রীলোক-বিশেষকে কোন সাধুর অর্থাৎ উদাসীন-বিশেষের সহিত সহবাস করাইয়া তাহা হইতে শুক্র নির্গত করিয়া লয়*। সেই বীজ একটি সিসিতে পূরিয়া রাখে ও চক্রের দিবস ঐ শুক্র

* ইহাদের গৃহে কোন সাধুর সমাগম হইলে, আপনার স্ত্রী অথবা কন্যাকে তদীয় সেবায় নিযুক্ত করে, তাহারই সহিত সঙ্গম করাইয়া তদীয় বীজ অর্থাৎ শুক্র গ্রহণ করে ও সেই শুক্র একটি সিসিতে তুলিয়া রাখে।

সমাজ-গৃহে আনয়নপূর্ব্বক একটি বেদির উপর পুষ্প-শয্যার মধ্যস্থলে একটি পাত্রে স্থাপন করে।* তদনন্তর তাহাতে দুগ্ধ, মধু, ঘৃত ও দধি মিশ্রিত করিয়া পঞ্চামৃত প্রস্তুতপূর্ব্বক পুষ্প ও মিষ্টান্ন দিয়া ভোগ দেয়। ভোগ দিবার পর সমাজস্থ সকলকে তাহা পরিবেশন করা হয়। ইহারা চক্র-স্থলে জাতি-বিচার পালন করে না; সকলের অন্ন সকলেই ভক্ষণ করে।

গির্শার অঞ্চলে কাঠিবাড় দেশে ইহাদের বসতি আছে। ইহারা আপনাদিগের মত-প্রণালীকে বিসামারগ বলিয়া পরিচয় দেয়। ইহাদের মহন্ত গৃহস্থ। শুনিতে পাই, পরমার্থ-সাধনার উদ্দেশে এক বীজমার্গী অন্য বীজমার্গীর ভার্য্যার সহিত সহবাস করে। কাহার বিবাহ হইলে, তাহার ভার্য্যাকে মহন্তের সহিত তিন দিবস একত্র অবস্থিতি করিতে হয়। মহন্ত সেই স্ত্রীলোককে মন্ত্রোপদেশ প্রদান করিয়া তাহার সহিত সম্ভোগ করেন।

ইহারা এইরূপ ব্যভিচারী বলিয়া সর্ব্বাংশে যথেচ্ছাচারী নয়। শুদ্ধাচারাভিমানী অন্যান্য বৈষ্ণবের ন্যায় গল-দেশে তুলসী-মালা ধারণ করে এবং মদ্য মাংসাদি ব্যবহারেও বিরত থাকে। ইহারা আপনাদিগকে নির্গুণ-উপাসক বলিয়া পরিচয় দেয়, অথচ রাম ও কৃষ্ণবিষয়ক সঙ্গীত গানও করিয়া থাকে। কিন্তু রাম কৃষ্ণকে বিষ্ণুর অবতার বলিয়া স্বীকার করে না; পরব্রহ্মের নামই রাম ও কৃষ্ণ এই কথা বলিয়া থাকে। ইহারা দেহকে কৌশল্যা, দশ ইন্দ্রিয়কে দশরথ, কুমতি বা দ্বেষকে কৈকেয়ী, উদরকে ভরত ও সত্ত্বগুণকে শত্রুঘ্ন বলে। দেহের অভ্যন্তর-স্থিত রামরস নামক পদার্থ-বিশেষ রাম এবং লাহা নামক স্থান-বিশেষকে লক্ষ্মণ বলিয়া বিশ্বাস করে।

এই সম্প্রদায়ের অনুষ্ঠিত অন্যান্য প্রক্রিয়াদি পল্টুদাসী সৎনামী প্রভৃতির ন্যায়। [পল্টুদাসী দেখ।]

বীজমাতৃকা (স্ত্রী) বীজানাং বীজমন্ত্রাণাং মাতেব কন্-টাপ্, জপমালাত্বাদস্যাস্তথাত্বং। পদ্মবীজ। (হারাবলী)

বীজরত্ন (পুং) বীজং রত্নমিব যস্য। মাষকলায়। (হেম)

বীজরুহ্ (পুং) বীজাৎ রোহতীতি রুহ ইগুপধাৎ-ক। শালিধান্যাদি। (হেম)

বীজরেচন (ক্লী) বীজং রেচনং রেচকং যস্য। জয়পাল, বীজরেচক। (রাজনি°)

বীজবপন (ক্লী) বীজানাং বপনং। ক্ষেত্রে বীজক্ষেপণ, জমীতে বীজ ফেলা।

শাস্ত্রে বীজবপনের নিয়ম এইরূপ লিখিত আছে,—

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, কৃত্তিকা, ভরণী, চিত্রা, আর্দ্রা ও অশ্লেষা ভিন্ন নক্ষত্রে; চতুর্থী, নবমী, চতুর্দ্দশী, অষ্টমী ও অমাবস্যা ভিন্ন তিথিতে, মিথুন, কন্যা, ধনুঃ, মীন, বৃশ্চিক ও বৃষলগ্নে, শনি ও মঙ্গল ভিন্ন বারে শুভযোগ ও শুভকরণে গৃহী নিজের চন্দ্রশুদ্ধি অবস্থায় পবিত্র দেহে হৃষ্টচিত্তে উৎসাহের সহিত নৃত্য করিতে করিতে পূর্ব্বাভিমুখী হইয়া বারিপূর্ণ কলস ও সুবর্ণ জল নিষিক্ত বীজের মুষ্টিত্রয় গ্রহণানন্তর চিত্তে ইন্দ্রদেবকে চিন্তা করিয়া ঐ বীজ প্রাজাপত্যতীর্থ দিয়া† ক্রমে ক্রমে ভূমিতে নিক্ষেপ ও নিম্নলিখিত মন্ত্রপাঠ করিবে এবং বীজ বপনানন্তর সেই দিন বন্ধুবান্ধবের সহিত তথায় আহারাদি করিতে হইবে। মন্ত্র যথা,—

"ত্বং বৈ বসুন্ধরে সীতে বহুপুষ্পফলপ্রদে।
নমস্তে মে শুভং নিত্যং কৃষিং মেধাং শুভে কুরু॥
রোহন্তু সর্ব্বশস্যানি কালে দেবঃ প্রবর্ষতু।
কর্ষকাস্তু ভবন্ত্বগ্র্যা ধান্যেন চ ধনেন চ স্বাহা॥" (দীপিকা)

জ্যোতিস্তত্ত্বে লিখিত আছে—ক্ষেত্রে বৈশাখ মাসে বীজ বপন করাই সর্ব্বাপেক্ষা উত্তম, জ্যৈষ্ঠমাসে যে সময় সূর্য্য রোহিণী নক্ষত্রে অবস্থান করেন তখন মধ্যম, তদ্ভিন্ন অন্য মাসে অধম, পরন্তু শ্রাবণ মাসে বীজবপন করিলে অশুভই হইয়া থাকে। নক্ষত্রের মধ্যে পূর্ব্বভাদ্রপদ, মূলা, রোহিণী, উত্তরফল্গুনী, বিশাখা ও শতভিষা এই কয়েকটী নক্ষত্রই ধান্যরোপণে প্রশস্ত।

স্থানভেদে বীজবপনাদির নিষেধ—হরিদ্রা ও নীলের বীজ বাটীতে রোপণ করিলে গৃহীর ধন-পুত্র বিচ্যুত হইতে হয়। কিন্তু উহারা যদি স্বয়ং উৎপন্ন হয়, তবে তাহাদের পরিপালনে কোনরূপ দোষ ঘটে না। যদি মোহ বশতঃ সর্ষপের বীজ গৃহ বা উপবনে রোপণ করা যায়, তাহা হইলে লোকের শত্রু হইতে পরাভব এবং যাবতীয় সাধন ও ধনক্ষয় হইয়া থাকে। হরিদ্রা, নীল, পলাশ, তেঁতুল, শ্বেতাপরাজিতা ও রক্তকাঞ্চন, ইহাদের বীজ কোন স্থানেই রোপণ করিতে নাই, করিলে নিতান্ত অমঙ্গল ঘটে।

ধান্যাদির বীজবপনের ন্যায় বৃক্ষাদির বীজরোপণকালেও পূর্ব্বাভিমুখী হইয়া বারিপূর্ণ কলস ও সুবর্ণ জলসংযুক্ত বীজ গ্রহণ করিয়া স্নাত ও শুচি হইয়া "বসুধেতি সুশীতেতি পুণ্যদেতি ধরেতি চ। নমস্তে শুভগে নিত্যং দ্রুমোহয়ং বর্দ্ধতামিতি।" এই মন্ত্র পাঠপূর্ব্বক উহা রোপণ করিতে হয়।

* আরও শুনিয়াছি, ইহারা মহন্তের নিকট আপন স্ত্রীকে প্রেরণপূর্ব্বক উভয়ের পরস্পর সহবাস দ্বারা বীজ বাহির করাইয়া লয় এবং সেই বীজ ও পূর্ব্বোক্ত পাত্রস্থ বীজ একত্র মিলিত করিয়া তাহার পূজা করে।

† কনিষ্ঠাঙ্গুলির নিম্নভাগের নাম প্রাজাপত্যতীর্থ।

"সদোপ্তা রজনীং নীলীং পুত্রবিত্তৈর্বিযুজ্যতে।
স্বয়ং জাতে পুনস্তে দ্বে পালয়ন্ নৈব দূষ্যতি ॥
আরামে গৃহমধ্যে বা মোহাৎ সর্ষপমাবপন্।
পরাভবং রিপোর্যাতি সসাধনধনক্ষয়ম্ ॥
নিশা নীলী পলাশঞ্চ চিঞ্চা শ্বেতাপরাজিতা।
কোবিদারশ্চ সর্ব্বত্র সর্ব্বং নিঘ্নন্তি মঙ্গলং ॥"

"হেমান্তসা বৃক্ষবীজং স্নাতো মন্ত্রেণ রোপয়েৎ। বসুধেতি সুশীতেতীত্যাদি" (জ্যোতিস্তত্ত্ব)

বীজবাহন (পুং) মহাদেব। (ভা° ১৩।১৭।৩০)

বীজবৃক্ষ (পুং) বীজাদেব বৃক্ষো যস্য বীজপ্রধানো বৃক্ষো বা। ১ অশন, পিয়াশাল। (রাজনি°) ২ ভল্লাতক, চলিত ভেলা।

বীজসঞ্চয় (পুং) বীজানাং বপনযোগ্যধান্যাদীনাং সঞ্চয়ঃ সংগ্রহঃ সম্-চি অচ্। বপনযোগ্য ধান্যাদি-বীজের সংগ্রহ, চলিত বীজ-ধানাদি রাখা।

বীজবপনের ন্যায় ধান্যাদিরও বীজসংগ্রহ শুভদিন ও ক্ষণ দেখিয়া করিতে হয়। হস্তা, চিত্রা, পুনর্ব্বসু, স্বাতী, রেবতী, শ্রবণা ও ধনিষ্ঠা এই কয় নক্ষত্রে, মেষ, কর্কট, তুলা ও মকর লগ্নে; বুধ, বৃহস্পতি ও শুক্রবারে, মাঘ কিম্বা ফাল্গুন মাসে সর্ব্ব প্রকার বীজসংগ্রহ করিয়া রাখা কর্ত্তব্য।

বীজসংগ্রহের নিয়ম—ধান্যাদি সুপক্ক হইলে শুভদিনক্ষণ দেখিয়া তাহাদিগকে ছেদন করিয়া সদ্যঃ সদ্যঃ মাড়াই করিতে হয় এবং রৌদ্রে উত্তমরূপে শুকাইয়া উপযুক্ত কালে অতি যত্নের সহিত এরূপ উচ্চ স্থানে উহাদিগকে গোলা বাঁধিয়া রাখিতে হয় যে, কোন প্রকারে যেন তাহাদের সহিত ভূমির আর্দ্রতার (Damp) সংস্রব না ঘটে। কেন না ঐ সকল বীজ যদি কোন কারণে আর্দ্রতা প্রাপ্ত হয়, তাহা হইলে তাহাতে এমন একটী গরম বাঁধিয়া যায় যে, সেই উত্তাপে তাহাদের অভ্যন্তরস্থ অঙ্কুরগুলি একেবারেই বিনষ্ট হয়। এসম্বন্ধে শাস্ত্রেও আভাস পাওয়া যায়,—

"দীপাগ্নিনা চ সংস্পৃষ্টং বৃষ্ট্যা চোপহতঞ্চ যৎ।
বর্জ্জনীয়ং তথা বীজং যৎ স্যাৎ কীটসমন্বিতং ॥"

প্রদীপ্তাগ্নি সংস্পৃষ্ট অর্থাৎ গৃহদাহাদি সময়ে বা অন্য কোন কারণে প্রজ্বলিতাগ্নির সমীপস্থ হওয়ায় দগ্ধতুল্য, বৃষ্টিতে উপহত (নষ্টীকৃত) অর্থাৎ প্রায় পচিয়া যাওয়ার মত এবং কীট-সমন্বিত (পোকা ধরা) বীজগুলি বর্জ্জনীয়।

গর্গ বলেন যে মৃগশিরা, পুনর্ব্বসু, মঘা, জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ এই ক্ষয় নক্ষত্রে, মীনলগ্নে এবং নিধন* ও পাপগ্রহ বর্জ্জিত চন্দ্রে অর্থাৎ যে দিন চন্দ্র কোনরূপ পাপগ্রহ যুক্ত বা নিধন সংজ্ঞক না হন, সেই দিনে ধান্যাদির বীজ একটী প্রকোষ্ঠে রাখিয়া তথায় নিম্নোক্ত মন্ত্রটী কোন পত্রাদিতে লিখিয়া বিন্যস্ত করিতে হইবে। মন্ত্র এই—

"ধনদায় সর্ব্বলোকহিতায় দেহি মে ধান্যং স্বাহা।
নম ঈহায়ৈ ঈহাদেবি সর্ব্বলোকবিবর্দ্ধিনি-
কামরূপিণি ধান্যং দেহি স্বাহা।" (জ্যোতিস্তত্ত্ব)

জ্যোতিস্তত্ত্বে এ সম্বন্ধে আরও উদ্ধৃত হইয়াছে যথা—

"মন্ত্রং লিখিত্বা পত্রে চ মধ্যে ধান্যস্য ধারয়েৎ।
পত্রঞ্চ ধান্যরাশেস্তু মূষিকাদি-নিবৃত্তয়ে ॥
ত্রিষূত্তরেষু রেবত্যাং ধনিষ্ঠাবারুণেষু চ।
এতেষু ষট্সু বিজ্ঞেয়ং ধান্যনিক্রয়ণং বুধৈঃ ॥
দক্ষিণদিঙ্মুখগমনং স্যাদভিনবাসু নারীষু।
ব্যয়মপি শস্য-ফলানাং ন বুধো বুধবাসরে কুর্য্যাৎ" (জ্যোতিস্তত্ত্ব)

মূষিকাদির নিবৃত্তির জন্য পত্রে অর্থাৎ ভূর্জ্জপত্র প্রভৃতিতে মন্ত্র লিখিয়া, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রেবতী, ধনিষ্ঠা ও শতভিষা নক্ষত্রে উহাকে ধান্যরাশির মধ্যে বিন্যাস করিতে হইবে। বিজ্ঞলোক বুধবারে কোনরূপ শস্যফলের ব্যয় এবং অভিনবা স্ত্রীতে ও দক্ষিণদিকে গমন করিবেন না।

বীজসূ (স্ত্রী) বীজানি সূতে ইতি সূ-ক্বিপ্। পৃথ্বী, পৃথিবী। (হেম)

বীজস্থাপন (ক্লী) বীজস্য স্থাপনং। বীজ-সংগ্রহ।

[বীজসঞ্চয় দেখ।]

বীজস্নেহ (পুং) পলাশবৃক্ষ। (রাজনি°)

বীজা, পঞ্জাব গবর্মেণ্টের রাজকীয় তত্ত্বাবধানে পরিরক্ষিত সিমলা-শৈলোপরিস্থ একটী সামন্তরাজ্য। ভূপরিমাণ ৪ বর্গ মাইল। অক্ষা° ৩০°৫৬´ উঃ এবং দ্রাঘি° ৭৭° ২´ পূঃ। এখানকার ঠাকুর উপাধিধারী সর্দ্দারেরা রাজপুতবংশীয়। ঐ বংশের ঠাকুর উদয়চাঁদ ১৮৮৫ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন। তিনি কসৌলীতে ইংরাজ সেনানিবাসের জন্য স্থানদান করায় ক্ষতি-পূরণস্বরূপ ইংরাজ গবর্মেণ্টের নিকট হইতে বার্ষিক ১০০৲ টাকা পাইয়া থাকেন। তাঁহার রাজস্ব ১ হাজার টাকা, তন্মধ্যে ১৮০ টাকা ইংরাজরাজকে কর দিতে হয়।

এখানকার ঠাকুরেরা যে সনন্দ বলে ভূমি অধিকার করিতে-ছেন, তদ্দ্বারা তাঁহারা ইংরাজরাজের স্বার্থরক্ষা ও পার্ব্বতীয় পথঘাট সুরক্ষা করিতে এবং প্রজার হিতকর কার্য্যের উন্নতি ও ভূম্যাদি কর্ষণাবিষয়ে মনোযোগী থাকিতে বাধ্য আছেন।

বীজাকৃত (ত্রি) বীজেন সহ কৃতং কৃষ্টমিতি বীজ-ডাচ্। (কৃঞো দ্বিতীয়তৃতীয়শম্ববীজাৎ কৃষৌ। পা ৫।৪।৫৮) উপ্তকৃষ্টম্। (অমর)

* ক্রূর অর্থাৎ শনি, মঙ্গল প্রভৃতি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট, যুক্ত অথবা আক্রান্ত এবং বিরশ্মিকাবস্থাপ্রাপ্ত কিংবা ক্রূরগ্রহ-যুদ্ধে পরাজিত গ্রহকে নিধন সংজ্ঞক বা বিনষ্টগ্রহ কহে

"বীজেন সহ কৃতং কৃষ্টং বীজাকৃতম্ তীয়শস্ববীজেতি ডাচ্ আদাবুপ্তং পশ্চাৎ কৃষ্টং উপ্তকৃষ্টং" ইতি ভরতঃ। যাহা দুইটী বীজের সহিত ক্ষেত্রে রোপিত হইয়া পরে তথায় প্রবিষ্ট হয়।

বীজাখ্য (পুং) ১ জয়পালবৃক্ষ। (ক্লী) ২ উহার বীজ।

বীজাঙ্কুরন্যায় (পুং) ন্যায়ভেদ। অগ্রেবীজ, কি অগ্রে অঙ্কুর, কিংবা বীজ হইতে অঙ্কুর হইয়াছে, কি অঙ্কুর হইতে বীজ হইয়াছে, এইরূপ সন্দেহ স্থলে এই ন্যায় হয়। [ন্যায় শব্দ দেখ।]

বীজানয়ন, ফলিত জ্যোতিষোক্ত গ্রহভুক্তিকালনির্ণয়ের প্রক্রিয়া বিশেষ। ইহাতে প্রথমে কল্যব্দপিণ্ডকে তিন হাজার দিয়া ভাগ করিতে হয়। উহাতে যে ভাগফল লব্ধ হয় তাহা ভাগাদি বীজ নামে কথিত। উহার অপর নাম বীজাংশ। ঐ বীজাংশাদি চন্দ্রকেন্দ্রে যোগ করিতে হইবে। শনির মধ্যভুক্তিতে তিন দিয়া গুণ করিয়া এবং বুধের শীঘ্রভুক্তিতে চতুর্গুণ করিয়া উক্ত বীজাংশ যোগ করিবে। উক্ত বীজাংশ দ্বিগুণিত করিয়া বৃহস্পতির মধ্যভুক্তিতে এবং ত্রিগুণিত বীজাংশ শুক্রের শীঘ্রভুক্তিতে হীন করিলে উহাদের মধ্য ও শীঘ্র বীজশুদ্ধ বলিয়া জানা যাইবে।

বীজাপুর, দাক্ষিণাত্যের মুসলমান শাসিত একটী জনপদ। প্রাচীন নাম বিজয়পুর। [প বর্গে বিজাপুর দেখ।]

বীজাম্ল (ক্লী) বীজে অম্লোঽম্লরসো যস্য। বৃক্ষাম্ল। (রাজনি°)

বীজিন্ (পুং) বীজমস্ত্যস্যেতি বীজ- নি। পিতা। (হেম)

"অতএব দ্বৈতনির্ণয়েঽপি সাপিণ্ড্যগণনে বীজিনমারভ্যোক্তং" (উদ্বাহতত্ত্ব) (ত্রি) ২ বীজবিশিষ্ট।

বীজোদক (ক্লী) বীজমিব কঠিনমুদকং, তস্য কঠিনত্বাত্তথাত্বং। করকা, চলিত শিলা বা শিল। (ত্রিকা°)

বীজোপ্তিচক্র (ক্লী) বীজানামুপ্তয়ে শুভাশুভসূচকচক্রং। বীজবপন জন্য শুভাশুভজ্ঞানার্থ সর্পাকার চক্র। বীজবপন করিলে শুভ হইবে, কি অশুভ হইবে, এই চক্রদ্বারা তাহা জানা যায়। এই চক্রের বিষয় জ্যোতিস্তত্ত্বে এইরূপ লিখিত আছে—একটী সর্প অঙ্কিত করিয়া তাহাতে নিম্নোক্তরূপে নক্ষত্রবিন্যাস করিতে হইবে,—সূর্য্য যে নক্ষত্রে থাকেন সেই নক্ষত্র হইতে আরম্ভ করিয়া সর্পের মুখে তিন, গলদেশে তিন, উদরে ১২টী, পুচ্ছে ৪টী এবং বাহিরে ৫টী নক্ষত্র রাখিতে হয়, অর্থাৎ সূর্য্য যদি অশ্বিনী নক্ষত্রে থাকেন, তাহা হইলে সর্পের মুখে—অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, গলদেশে—রোহিণী হইতে আর্দ্রা, উদরে—পুনর্ব্বসু হইতে জ্যেষ্ঠা, পুচ্ছে—মূলা হইতে শ্রবণা এবং বাহিরে—ধনিষ্ঠা হইতে রেবতী নক্ষত্র লিখিতে হয়। দিনের শুভাশুভ দেখিতে হইলে, সেই দিনের নক্ষত্র দ্বারাই উহা স্থির করিতে হয়। সর্পের বদনে যে নক্ষত্র থাকে, সেই নক্ষত্রে বীজবপন করিলে চোলক (শস্যনাশ) গলদেশে অঙ্গার, উদরে ধান্য বৃদ্ধি, পুচ্ছে ধান্যক্ষয় এবং বাহিরে ঈতি ও রোগভয় হইয়া থাকে। অতএব উক্ত চক্রানুসারে নিষিদ্ধ নক্ষত্রে বীজবপন করিবে না *।

বীজ্য (ত্রি) বিশেষেণ ইজ্যঃ পূজ্যঃ বা বীজায় হিতঃ, (উগবাদিভ্যো বা। পা ৫।১।২) ইতি যৎ। কুলোৎপন্ন, কুলোদ্ভব, কোন বংশ হইতে জাত। পর্য্যায়—কুলসংভব, বংশ্য, কৌলকেয়, কুলজ, কুলীন, কুল্য, কুলভব। (জটাধর)

২ বীজনীয়।

বীট্ (দেশজ) ইংরাজী Beat বা Bit শব্দের অর্থজ্ঞাপক।

বীট (ক্লী) ১ খণ্ডা। (সিদ্ধান্তকৌ°) স্ত্রিয়াং টাপ্। বীটা= এক বিতস্তি লম্বা যবাকৃতি কাষ্ঠখণ্ড বিশেষ। বর্ত্তমান সময়ে "গুলিদাণ্ডা" খেলায় যেরূপ গুলির ব্যবহার আছে, ইহা তাহারই অনুরূপ। বালকেরা একটী বৃহৎ দণ্ড দ্বারা যবাকৃতি ঐ ক্ষুদ্র কাষ্ঠখণ্ডকে আঘাত করিয়া এক স্থান হইতে অন্য স্থানে লইয়া খেলা করে। গুলিদাণ্ডা খেলায় বালকেরা গুলিটীকে দণ্ডাঘাতে দূরে সন্তাড়িত করিয়া দণ্ডের মাপ নির্দ্দেশে খেলার বাজী উত্তীর্ণ হয়; কিন্তু বীটা খেলা কতকাংশে ইংরাজী hockey খেলার অনুরূপ। মহাভারতের টীকাকার নীলকণ্ঠ বীটাকে ক্ষুদ্রাকার ধাতব গোলক বলেন। (ভারত আদিপর্ব্ব)

বীটি (স্ত্রী) বিশেষেণ এটতি ছায়ানিষাত ষষ্ঠ্যাদিং বেষ্টয়িত্বা প্রবর্দ্ধতে বি-ইট (ইগুপধাৎ কিৎ। উণ ৪।১১৯) ইতি ইন্, সচ কিৎ। ১ তাম্বূলবল্লী, সুসজ্জীকৃত তাম্বূল, উত্তমরূপে সাজা পাণ।

বীটিকা (স্ত্রী) বীটিরেব স্বার্থে কন্ স্ত্রিয়াং টাপ্। তাম্বূলবল্লী, বীটি, সাজাপাণ।

"ভ্রূসংজ্ঞয়াসি কস্য ত্বং পৃষ্টায়া ইতি সুভ্রুবঃ।
দদন্ত্যা বীটিকাস্তস্যা বৃক্ষান্তমুপলব্ধবান্॥" (রাজতরঙ্গিণী ৪।৪৩০)

---

* "সূর্য্যভাদ্ভুরগঃ স্থাপ্যস্ত্রিনাড্যোকান্তরক্রমাৎ॥
মুখে ত্রীণি গলে ত্রীণি ভানি দ্বাদশ তূদরে॥
পুচ্ছে চতুর্বহিঃ পঞ্চ দিনভাচ্চ ফলং বদেৎ।
বদনে চোলকং বিদ্যাৎ গলকেঽঙ্গারকস্তথা॥
উদরে ধান্যবৃদ্ধিঃ স্যাৎ পুচ্ছে ধান্যক্ষয়ো ভবেৎ।
ঈতিরোগভয়ং রাজ্যে চক্রে বীজোপ্তিসম্ভবে॥

সূর্য্যভাৎ সূর্য্যভুজ্যমাননক্ষত্রাৎ, ত্রিনাড্যোকান্তরক্রমাদিতি, যদ্যস্মিন্নহ্নি রবিস্তদা তামারভ্য গণয়েৎ। ত্রিনাড়ীষু অশ্বিনীভরণীকৃত্তিকাসু দত্ত্বা রোহিণীবহিঃ কার্য্যা, মৃগশিরস আর্দ্রা পুনর্ব্বসু নাড়ীষু দত্ত্বা পুষ্যো বহিঃ কার্য্যঃ। এবং ক্রমেণান্য লেখ্যাঃ। চোলকং শস্যশূন্যতাং

ঈতয়ঃ—

অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ শলভা মূষিকাঃ খগাঃ।
প্রত্যাসন্নাশ্চ রাজানঃ ষড়েতে ঈতয়ঃ স্মৃতাঃ॥" (জ্যোতিস্তত্ত্ব)

বীটী (স্ত্রী) বীটি বা ঙীষ্। ১ বীটি, তাম্বুলবল্লী, সাজা পাণ। (দেশজ) ২ কন্যা।

বীড়ু (ত্রি) দৃঢ়।

"পরাণুদে বীড়ু উত প্রতিষ্কভে" (ঋক্ ১।৩৯।৩)

'বীড়ু সত্ত্ব দৃঢ়ানি সন্ত' (সায়ণ)

বীড়ুজন্তু (ত্রি) হবির্ভক্ষণার্থ।

"তরণিং বীড়ুজন্তং" (ঋক্ ৩।২৯।১৩)

'বীড়ুজন্তং হবির্ভক্ষণার্থং' (সায়ণ)

বীড়ুদ্বেষস্ (ত্রি) প্রবলরাক্ষসাদির দ্বেষকারী।

"বীড়ুদ্বেষা অনুবশ" (ঋক্ ২।২৪।১৩)

'বীড়ুদ্বেষা বীড়ূন্ দৃঢ়ান্ প্রবলান্ রাক্ষসাদীন্ দ্বেষ্টীতি তাদৃশঃ' (সায়ণ)

বীড়ুপত্মন্ (ত্রি) বলবদুৎপতন।

"বীড়ুপত্মভি রাশুহেমভির্বা" (ঋক্ ১।১১৬।২)

'বীড়ুপত্মভি বীড়ি্তি বলনাম, বলবদুৎপতনৈঃ' (সায়ণ)

বীড়ুপবি (ত্রি) দৃঢ়রথনেমি।

"বীড়ুপবিভির্মরুতো রথেভিঃ" (ঋক্ ৫।৫৮।৬)

'বীড়ুপবিভিঃ দৃঢ়রথ নেমিভিঃ' (সায়ণ)

বীড়ুপাণি (ত্রি) দৃঢ়পাণি। (ঋক্ ১।৩৮।১১)

বীড়ুহরস্ (ত্রি) প্রভূততেজস্ক। (ঋক্ ১০।১০৯।১)

বীড়ঙ্গ (ত্রি) দৃঢ়াঙ্গ। (ঋক্ ১।১১৮)

বীণ, চট্টলের অন্তর্গত গ্রামভেদ। (ভবিষ্যব্রং খং ১৫।৪৫)

বীণ্‌কার (হিন্দী) বীণাযন্ত্রবাদনে অভিজ্ঞ।

বীণা (স্ত্রী) বেতি বৃদ্ধিমাত্রমপগচ্ছতীতি বী গতৌ (রামা-সামাস্থূণাবীণাঃ। উণ্ ৩।১৫) ইতি ন নিপাতনাদ্‌গুণাভাবো ণত্বঞ্চ। ১ বিদ্যুৎ। (মেদিনী)

বেতি শ্রোতুশ্চিত্তং ব্যাপ্নোতীতি বী ব্যাপ্তৌ ন।

২ স্বনামখ্যাত বাদ্যযন্ত্র। পর্য্যায়—বল্লকী, বিপঞ্চী, ইহা সপ্ততন্ত্রীযুক্তা হইলে তাহাকে পরিবাদিনী কহে। ধ্বনিমালা, বঙ্গমল্লী, বিপঞ্চিকা, ঘোষবতী, কণ্ঠকূণিকা।

এই বীণা ভিন্ন ভিন্ন দেবতার হস্তে ভিন্ন ভিন্ন নামে অভিহিত হয়। যথা—মহাদেবের হস্তস্থিতা বীণা লম্বী, সরস্বতীর কচ্ছপী, নারদের মহতী, গণসমূহের প্রভাবতী বিশ্বাবসুর বৃহতী, তুম্বুরুর কলাবতী, চাণ্ডালাদির ষণ্ডোলবীণা ও চাণ্ডালিকা।

[বাদ্যযন্ত্র শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

বীণাকর্ণ (পুং) হিতোপদেশবর্ণিত ব্যক্তিভেদ।

বীণাগণগিন্ (পুং) বীণাবাদক। বীণাকার।

(শতশৃঙ্গব্রাং ১৩।৪।৩।৩)

বীণাগাথিন্ (পুং) বীণাবাদক। (তৈত্তিরীয়ব্রাং ৩।৯।১৪।১)

বীণাতন্ত্র (ক্লী) তন্ত্রগ্রন্থভেদ।

বীণাদণ্ড (পুং) বীণায়াঃ দণ্ডঃ। বীণাস্থিত অলাবুপরি কাষ্ঠ-খণ্ড। পর্য্যায় প্রবাল। (অমর)

বীণাদত্ত (পুং) গন্ধর্ব্বভেদ। (কথাসরিৎসাং ১০৬।১)

বীণানুবন্ধ (পুং) বীণায়াঃ অনুবন্ধঃ। উপনাহ। (হারাবলী)

বীণাপাণি (স্ত্রী) বীণা পাণৌ যস্ত। সরস্বতী। বীণা সরস্বতী-দেবীর অতিশয় প্রিয়, এই জন্য তিনি সর্ব্বদা হস্তে বীণা ধারণ করেন। [সরস্বতী দেখ।]

বীণাপ্রসেব (পুং) ১ বীণাচ্ছাদনপূর্ব্বক রক্ষাকারী। ২ বীণা-বাদ্য-বন্ধকারী।

বীণাভিদ্ (ত্রি) বীণাযন্ত্রভেদ।

বীণারব (পুং) ১ বীণাবাদ্য। বীণাশব্দ। (ত্রি) ২ বীণা-সংহতি। স্ত্রিয়াং টাপ্। বীণারবা=মক্ষিকাভেদ। (পঞ্চতন্ত্র)

বীণাল (ত্রি) ক্ষুদ্র বীণাবিশিষ্ট। (পা ৫।২।৯৭)

বীণাবৎসরাজ (পুং) রাজপুত্রভেদ। (পঞ্চতন্ত্র)

বীণাবৎ (ত্রি) বীণা অস্ত্যর্থে মতুপ্ মস্য ব। বীণাযুক্ত, বীণাবিশিষ্ট। স্ত্রিয়াং ঙীষ্। বীণাবতী—১ সরস্বতী। ২ অপ্সরোবিশেষ।

বীণাবাদ (ত্রি) বীণাং বাদয়তীতি বদ্-ণিচ্-অণ্। বীণাবাদক। পর্য্যায়—বৈণিক। (অমর)

বীণাবাদক (পুং) বীণায়া বাদকঃ। বীণাবাদ্যকর্ত্তা, বীণা-বাদনকারী, যিনি বীণা বাজান। (শব্দরত্না°)

বীণাবাদন (ক্লী) বীণায়া বাদনং। বীণার বাদ্য, বীণা বাজন।

বীণাবাদ্য (ক্লী) বীণায়া বাদ্যং। বীণার বাদ্য।

বীণাশিল্প (ক্লী) বীণাবাদনবিষয়ক কলাবিজ্ঞান।

বীণাস্য (পুং) বীণা আস্যমিব আস্যমস্য, তথৈব স্ফুটগানকরণাৎ। নারদ। (জটাধর)

বীণাহস্ত (ত্রি) বীণা হস্তে যস্য। ১ যাহার হস্তে বীণা আছে। ২ শিব।

বীণিন্ (ত্রি) বীণাযুক্ত।

বীত (ক্লী) বেতি স্ম বা অজতি স্ম, অজ গত্যর্থেতি ক্ত। ১ অসারহস্তী ও অশ্ব, অকর্ম্মণ্য হস্তী, অশ্ব ও সৈন্য। যে সকল হস্তী, অশ্ব ও সৈন্য যুদ্ধ করিতে অক্ষম, তাহাকে বীত কহে। (অমর)

২ অঙ্কুশকর্ম্ম, অঙ্কুশদ্বারা আঘাত।

"নির্ধূতবীতমপি বালকমুল্ললন্তং।" (মাঘ ৫।৪৭)

(ত্রি) ৩ পরিত্যক্ত, অপগত, অতীত। ৪ মুক্ত, বন্ধন-মুক্ত। ৫ বিগত। ৬ নিবৃত্ত। ৭ কমনীয়।

"বন আ বীতমশ্রিতং" (ঋক্ ৪।৭।৬)

'বীতং কান্তং' (সায়ণ)

৮ সাংখ্যোক্ত অনুমানবিশেষ।

"প্রথমং তাবদ্দ্বিবিধং বীতমবীতঞ্চ। অন্বয়মুখেন প্রবর্ত্তমানং বিধায়কং বীতং, ব্যতিরেকমুখেন প্রবর্ত্তমানং নিষেধকমবীতম্, বীতঞ্চ দ্বেধা পূর্ব্ববৎ সামান্যতোদৃষ্টঞ্চ" (সাংখ্যতত্ত্বকৌ° ৫)

সাংখ্যদর্শনমতে পূর্ব্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট এই ত্রিবিধ অনুমান। ইহাও দুইপ্রকার বীত ও অবীত, তন্মধ্যে বীত দুই প্রকার—পূর্ব্ববৎ ও সামান্যতোদৃষ্ট এবং অবীত শেষবৎ বলিয়া কথিত। অনুমান বুদ্ধিবৃত্তিবিশেষ, কিরূপ বুদ্ধিবৃত্তিকে অনুমান বলা যায়, তাহার বিষয় এইরূপ লিখিত আছে—ব্যাপ্যব্যাপকভাব ও পক্ষধর্ম্মতাজ্ঞান হইতে যে বুদ্ধিবৃত্তি হয়, তাহাই অনুমান। ব্যাপ্যব্যাপকভাব অর্থে স্বভাবসম্বন্ধ, যাহার সহিত যে বস্তুর স্বাভাবিক সম্বন্ধ আছে, তাহার ব্যাপ্য সেই বস্তু হইয়া থাকে। যথা ধূম বহ্নির ব্যাপ্য, কেন না বহ্নির সহিত ধূমের স্বাভাবিক সম্বন্ধ আছে, ধূম যেখানেই কেন থাকুক না, সেই খানেই বহ্নি আছে, অতএব ধূমের স্বভাবই এই যে, সে বহ্নিসম্বন্ধ ত্যাগ করিতে পারে না। এই স্বভাবসম্বন্ধজ্ঞানই ব্যাপ্যব্যাপকভাবজ্ঞান।

পক্ষধর্ম্মজ্ঞান—পক্ষ অর্থে অনুমিতিস্থান, যথা—'পর্ব্বতো বহ্নিমান্' এস্থলে পর্ব্বত পক্ষ, কোন্ স্থলে বহ্নির অনুমিতি হইতেছে? পর্ব্বতে, অতএব পর্ব্বত পক্ষ। যে বস্তুকে ব্যাপ্য বলিয়া জানিয়াছ, সেই বস্তু পক্ষে বর্ত্তমান আছে, এই যে জ্ঞান ইহাকেই পক্ষধর্ম্মত্বজ্ঞান কহে।

এইক্ষণ এই অনুমানের বিষয় আলোচনা করিয়া দেখা যাউক। পূর্ব্ব শব্দের অর্থ কারণ, যে স্থলে কারণ দ্বারা কার্য্যের অনুমান হয়, তাহাই পূর্ব্ববৎ। যাহা সাধ্য, ঠিক সেইরূপ বস্তু যদি অন্যত্র দৃষ্টিগোচর হয়, তাহা হইলে সেই সাধ্যানুমানকে পূর্ব্ববৎ বলা যায়, 'পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ' এই যে অনুমান ইহার নাম পূর্ব্ববৎ। উক্ত স্থলে বহ্নিসাধ্য, পর্ব্বত পক্ষ। পর্ব্বতে বহ্নি দৃষ্টিগোচর না হইলেও পাকশালা প্রভৃতিতে বহ্নি দৃষ্টিগোচর হয়। অথচ সাধ্যবহ্নি ও পাকশালার বহ্নি দুইই একরূপ। বহ্নিত্ব নামক এমন একটী অসাধারণ ধর্ম্ম উভয়েই বর্ত্তমান আছে, যাহা কোথাও অনুমানের সঙ্গে এবং কোথাও বা প্রত্যক্ষের সঙ্গে বিজড়িত। কিন্তু যাহা অতীন্দ্রিয়, প্রত্যক্ষের অগোচর, তাদৃশ সাধ্যের অনুমান পূর্ব্ববৎ হইতে পারে না। তাহা হয় শেষবৎ, না হয়, সামান্যতোদৃষ্ট অনুমান হইবে।

শেষবৎ অনুমানের হেতু সাধ্যের ব্যাপ্যব্যাপকভাবজ্ঞান নাই। সাধ্যাভাব ও হেত্বভাবের ব্যাপ্যব্যাপক-ভাবজ্ঞান আবশ্যক। তাহার ফলে সাধ্যাভাবের নিষেধ হয়, সুতরাং সাধ্যজ্ঞান হইয়া পড়ে।

যথা—'পৃথিবী পৃথিবীতরেভ্যো ভিদ্যতে গন্ধত্বাৎ' পৃথিবীতে পৃথিবী ভেদ নাই, হেতু গন্ধ। পৃথিবীভেদ গন্ধাভাবের ব্যাপ্য এবং গন্ধাভাব পৃথিবীতে নাই। এই জ্ঞান হইলে পৃথিবীতে পৃথিবীভেদ নাই, এইরূপ জ্ঞান হয়, পরিণামে পৃথিবীত্ব তাহাতে আছে, এই প্রকার বোধ হইয়া থাকে।

সাংখ্যমতে এই যে শেষোক্ত বোধ ইহা অনুমিতি। পৃথিবীত্ব কিন্তু এ অনুমিতির বিধেয় নহে বিষয় মাত্র। পূর্ব্ববৎ অনুমানে পর্ব্বতে যে বহ্নির অনুমিতি হয়, তাহাতে বহ্নি বিধেয় হইয়া থাকে। বিধেয়তা মনোবৃত্তি বিশেষ। যে অনুমিতিতে বিধেয়তা-রূপ মনোবৃত্তির সম্পর্ক নাই, সেই অনুমিতি সাধন প্রমাণই শেষবৎ অনুমান।

সামান্যতোদৃষ্ট অনুমান পূর্ব্ববতের বিপরীত। যে সাধ্যের অনুমানে প্রবৃত্ত হইতেছ, তাহার বা ঠিক সেই আকারের আর একটী বস্তুর প্রত্যক্ষ কদাচ হইবে না, কিন্তু তাহার তুলনা প্রাপ্ত বিবিধ প্রকার জ্ঞান পথাগত যাবতীয় বস্তুর ব্যাপ্যব্যাপকভাব-জ্ঞান ও প্রকৃত হেতুতে পক্ষ-ধর্ম্মতা জ্ঞান হইলে যে বুদ্ধিবৃত্তি হয়, তাহাই সামান্যতোদৃষ্ট। যথা—ইন্দ্রিয়ানুমান ইন্দ্রিয় প্রত্যক্ষ-যোগ্য নহে। ইন্দ্রিয় কখনও কাহারও প্রত্যক্ষ হয় না। সেই ইন্দ্রিয়ের যে অনুমান তাহা সামান্যতোদৃষ্ট।

এই অনুমানের প্রণালী এইরূপ 'রূপাদিজ্ঞানং সকরণকং ক্রিয়াত্বাৎ ছিদাদিবৎ' রূপাদি প্রত্যক্ষেরও করণ আছে; যেহেতু রূপাদি প্রত্যক্ষ ক্রিয়া, যথা—ছেদন ইত্যাদি। ছেদনের করণ কুঠার। রূপপ্রত্যক্ষের করণ কাহাকে বলিবে, দেহ করণ নহে, কারণ অন্ধের দেহ আছে, কিন্তু রূপ তাহার প্রত্যক্ষ বহির্ভূত। দেহকে করণ বলিলে অন্ধের রূপ প্রত্যক্ষ হইত। যাহাকে করণ বলিতে চাহ, তাহাই ইন্দ্রিয়। কোন করণ বা করণত্ব প্রত্যক্ষ দৃষ্ট হইলেও ইন্দ্রিয়ের আকারের করণ একেবারেই অতীন্দ্রিয়।

যাহা যাহা ক্রিয়া সেই সকলেরই করণ আছে। এইরূপ জ্ঞানের পর জ্ঞানপথাগত ক্রিয়াগুলিতেই করণ সম্বন্ধ জ্ঞান হইলে এবং রূপাদি প্রত্যক্ষ যে ক্রিয়া এইরূপ উপলব্ধি হইলে যে চিত্ত-বৃত্তি হয়, তাহাই সামান্যতোদৃষ্ট অনুমান, এই অনুমান হইতে ইন্দ্রিয়ের অস্তিত্ব নির্ণয় হয়, ইহাতে কেবল ইন্দ্রিয়ের অস্তিত্ব নহে, অপ্রত্যক্ষ অনেক বস্তুরই অস্তিত্ব সিদ্ধি এই অনুমান দ্বারা হইয়া থাকে। ইহাই বীত অনুমান। (সাংখ্যকা°)

বী[বি]তংস (পুং) বিশেষেণ বহিরেব তন্যতে ভূষ্যতে ইতি বি-তন্‌স্-ঘঞ্ উপসর্গস্য ঘঞ্ মনুষ্যে বহুলম্ ইতি দীর্ঘঃ (পা ৬।৩।১২২)। ১ মৃগ পক্ষীদিগকে বাঁধিবার বা ধরিবার উপকরণ, চলিত জাল বা ফাঁদ। (অমর) ২ উহাদিগের বিশ্বাসের জন্য আবরণ। (মেদিনী)

বীতক (পুং) বীতশব্দার্থ।

বীতদম্ভ (ত্রি) বীতস্ত্যক্তো দম্ভো যেন সঃ। ত্যক্তদম্ভ, অপ্রগল্‌ভ, নির্মৎসর, নিরহঙ্কার। পর্য্যায়—অবল্কন। (জটাধর)

বীতন (পুং) গলদেশের পার্শ্বদ্বয়। হেমচন্দ্র স্কন্ধের মধ্যভাগকে কৃক এবং সেই কৃকের পার্শ্বদ্বয়কে বীতন বলিয়া অভিহিত করিয়াছেন ; সুতরাং এই অনুসারেও উভয় স্কন্ধের ঠিক মধ্যভাগ অর্থাৎ গলদেশ কৃক এবং তাহার পার্শ্বদ্বয় বীতন শব্দের বাচ্য।

'কৃকস্তু কন্ধরামধ্যং কৃকপার্শ্বৌ তু বীতনৌ।' (হেমচন্দ্র)

বীতপৃষ্ঠ (ত্রি) বীতং কান্তং পৃষ্ঠং পশ্চাদ্ভাগো যস্য। ১ যাহার পৃষ্ঠ বা পশ্চাদ্ভাগ দেখিতে অতি সুন্দর ও কমনীয়।

"দেবানামাশা উপ বীতপৃষ্ঠঃ" (ঋক্ ১।১৬২।৭)

'বীতপৃষ্ঠঃ সাধুপোষণেন প্রাপ্তপশ্চাদ্ভাগঃ কান্তপৃষ্ঠো বা। অত্যন্তদৃপ্ত ইত্যর্থঃ।' (সায়ণ)

২ বিস্তীর্ণোপরিভাগ।

'বীতপৃষ্ঠাং বিস্তীর্ণোপরিভাগা আশাঃ দিশঃ'

(অথর্ব্ব° ৬।৬২।২ সায়ণ)

বীতভয় (পুং) বীতং ভয়ং যস্য যস্মাদ্বা। ১ বিষ্ণু।

(ভারত ১৩।১৪৯।১১১)

(ত্রি) ভয়রহিত, নির্ভয়। যাহার কোন ভয় নাই।

বীতভীতি (স্ত্রী) ১ ভয়মুক্ত। ২ অসুরভেদ।

বীতমল (ত্রি) ১ নিষ্পাপ, পাপরহিত। ২ নিষ্কলঙ্ক, কলঙ্কশূন্য।

বীতরাগ (ত্রি) বীতো রাগো বিষয়বাসনা যস্য। ১ বিগতরাগ, আসক্তিশূন্য, নিস্পৃহ, যাহার কোন বিষয়ে আসক্তি নাই।

"বীতরাগশ্চ পুত্রস্তে পরমাত্মা ভবিষ্যতি।
মহেশ্বরপ্রসাদেন নৈতদ্বচনমন্যথা॥" (মহাভা° ১২।৩৪৯।৪৭ (

(পুং) ২ বুদ্ধ। ৩ জিন।

বীতরাগস্তুতি (পুং) জিনস্তুতিভেদ।

বীতবৎ (ত্রি) মূলযুক্ত। (আশ্ব°শ্রৌ° ১।৮।৪)

বীতবারাস্ (ত্রি) ১ ক্রান্তবল, প্রাপ্তবল। যে ক্রমশঃ বলপ্রাপ্ত হইয়াছে।

"বীতবারাসঃ আশবঃ" (ঋক্ ৮।৪৬।২৩)

'বীতবারাসঃ ক্রান্তবলাঃ প্রাপ্তবলা বাশবঃ' (সায়ণ)

বীতশোক (ত্রি) ১ বিগতশোক, যাহার কোন দুঃখ নাই।

"সর্ব্বকামগুণোপেতং বীতশোকমনাময়ম্" (মহাভা° ৩১৭৩।১০)

বীতঃ শোকো যস্মাৎ। অশোকাষ্টম্যাং তৎপানেন শোকনাশত্বাত্তস্য তথাত্বম্। (পুং) ২ অশোকবৃক্ষ। বাসন্তী অর্থাৎ চৈত্রমাসের শুক্লাষ্টমীতে ইহার পুষ্প জলে রাখিয়া সেই জল নিম্নোক্ত মন্ত্রপাঠপূর্ব্বক পান করিলে সমস্ত শোকতাপ দূরীভূত হয় ; এই কারণেই ইহাকে অশোকবৃক্ষ বলে। মন্ত্র এই,—

"ত্বামশোক হরাভীষ্ট মধুমাসসমুদ্ভব।
পিবামি শোকসন্তপ্তো মামশোকং সদা কুরু॥" (তিথিতত্ত্ব)

বীতসূত্র (ক্লী) উপবীত।

বীতহব্য (পুং) ১ স্বনামপ্রসিদ্ধ অঙ্গিরসবংশোদ্ভব ঋষিভেদ।

"তাং বীতহব্য আভরৎ" (অথর্ব্ব ৬।১৩৭।১)

'তাং ওষধিং বীতহব্যাখ্যো মহর্ষিঃ কেশবৃদ্ধ্যর্থং আ অভরৎ আহরৎ। 'হৃগ্রহোর্ভঃ' ইতি ভত্বম্।' (সায়ণ)

২ দত্তহবিষ্ক, যিনি হবিঃ দান করেন অর্থাৎ আহুতি দেন।

"স ত্বং সুপ্রীতো বীতহব্যে" (ঋক্ ৬।১৫।২)

'বীতহব্যে দত্তহবিষ্কে ভরদ্বাজে ইতি যোজনীয়ম্।' (সায়ণ)

৩ রাজভেদ। (বাশিষ্ঠ রামায়ণ)

৪ শুনকের পুত্রভেদ।

বীতহোত্র (পুং) [বীতিহোত্র দেখ।]

বীতাশোক (পুং) অশোকবৃক্ষভেদ। বিগতাশোক।

বীতি (স্ত্রী) বী-ক্তিন্। ১ গতি। ২ দীপ্তি।

"সুবর্ণবীতিপ্রতিমাঃ পদ্মকিঞ্জল্কসপ্রভাঃ।
দিব্যা বিংশতিসাহস্রাঃ কুবেরপ্রহিতাঃ স্ত্রিয়ঃ॥"

(গো° রামায়ণ ২।১০০।৪৭)

৩ প্রজন, গর্ভগ্রহণ। ৪ অশন, ভক্ষণ। ৫ ধাবন (দৌড়ান কিংবা ধৌত করণ)। ৬ পান।

"গন্তং হবিষো বীতয়ে মে" (ঋক্ ৭।৬৮।২)

'মে মম হবিষো বীতয়ে পানায়' (সায়ণ)

৭ প্রাপ্তি।

"স নঃ শর্ম্মাণি বীতয়ে" (ঋক্ ৩।১৩।৪)

'বীতয়ে সন্তজনায় অগ্নিহোত্রাদিকর্ম্মপ্রাপ্ত্যর্থং' (সায়ণ)

৮ যজ্ঞ।

"অভ্যর্ষ মহানাং দেবানাং বীতিমন্ধসা" (ঋক্ ৯।১।৪)

'বীতিং যজ্ঞং অন্ধসা ধানাত্বন্নেষ্ট সহাভ্যর্ষ অভিগচ্ছ' (সায়ণ)

(পুং) ৯ ঘোটক। (হেমচন্দ্র)

"অস্মিংস্তু বীতিমারূঢ়ে বীতিহোত্রসমে নৃপে।" (রাজতর° ৭।৩৭৭)

বীতিকা (স্ত্রী) ১ যষ্টিমধু। ২ নীলিকা। (বৈদ্য°নিঘ°)

বীতিন্ (পুং) ঋষিভেদ। বহুবচনে তদ্বংশধরগণ বুঝায়।

(সংস্কারকৌমুদী)

বীতিরাধস্ (ত্রি) দত্তধন। (ঋক্ ৯।৬২।২৯ সায়ণ)

বীতিহোত্র (পুং) বী গতিকান্ত্যসনখাদনেষু বী-ক্তিন্ বীতিঃ পুরোডাশাদিঃ হূয়তেঽস্মিন্নিতি। হুয়ামাশ্রুভসিভ্যস্ত্রন্ ইতি-ত্রন (উণা° ৪।১২৭) অথবা বীতয়ে পানায় হোত্রং হব্যং যস্য ১ অগ্নি। (অমর) ২ সূর্য্য। (মেদিনী)

"বীতিহোত্রসমে নৃপে" (রাজতর° ৭।৩৭৭)

৩ প্রিয়ব্রত রাজার পুত্রভেদ। (ভাগবত ৫।১।২৫)

৪ রাজবিশেষ। (মহাভারত ৭।৬৮।১০)

৫ হৈহয়বংশীয় রাজভেদ। (হরিবংশ ৩৯।৫০)

(ত্রি) ৬ প্রাপ্তযজ্ঞ।

"মংসতে বীতিহোত্রঃ সুদেবঃ" (ঋক্ ১।৮৪।১৮)

'বীতিহোত্রঃ প্রাপ্তযজ্ঞঃ। * *। বীতিহোত্রঃ বীগত্যাদিষু অস্মাৎ কর্ম্মণি মন্ত্রে বৃষেত্যাদিনা ক্তিন্ স চোদাত্তঃ। হোত্রং হোমঃ হুযামাশ্রুভাসভ্যস্ত্রন্ ইতি ত্রন্ প্রত্যয়ঃ। বীতিঃপ্রাপ্তো হোমো যেন বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বম্।' (সায়ণ)

৭ কান্তযজ্ঞ।

"অথাভজদ্বীতিহোত্রং স্বস্তৌ" (ঋক্ ২।৩৮।১)

'বীতিহোত্রং কান্তযজ্ঞং যজমানং স্বস্তৌ' (সায়ণ)

বীতোচ্ছয়বন্ধ (ত্রি) উন্মুক্তগ্রন্থি। (কিরাত ৮।৫১)

বীতোত্তর (ত্রি) উত্তর দিতে অনিচ্ছুক।

বীত্ত (ত্রি) বি+দা—ক্ত। বিত্ত।

বীথি (স্ত্রী) বিথ্যতেঽনয়া বিথ-ইন্ ইগুপধাৎ কিদিতীন বাহুলকাৎ। ১ পংক্তি, শ্রেণী। ২ গৃহাঙ্গ।

"সুভগাঃ সিন্ধুসম্ভেদাঃ ক্রীড়াবসথবীথিষু" (রাজতর° ৩।৩৬২)

৩ বর্ত্মার্থ, পথশব্দার্থ।

"চিরং খলু খিলীভূতাঃ কৃতজ্ঞত্বস্য বীথয়ঃ।"(রাজতর°৩।৩০৭)

বীথিকা (স্ত্রী) বীথিরেব স্বার্থে কন্ ততষ্টাপ্। বীথিশব্দার্থ।

"পিহিতার্কা ঘনশ্যামা তমালবনবীথিকা।"

(কথাসরিৎসাগর ৭৩।৩০)

বীথী (স্ত্রী) বিথি-ঙীষ্ বা। ১ বিথিশব্দার্থ। 'পংক্তিবর্ত্মগৃহাঙ্গেষু বিথির্বীথি চ বিথিকা।' (রত্নকোষ)

"তাবপ্যুভৌ সুবচনৌ জগ্মতুর্মাল্যকারণাৎ।
বীথীং মাল্যাপণানাং বৈ গন্ধাঘ্রাতৌ দ্বিপাবিব॥"

(হরিবংশ ৮৩।১৮)

২ নাটকাঙ্গভেদ, রূপকভেদ। ইহাতে একই অঙ্কে উত্তম, মধ্যম বা অধম ইহার যে কোন রকমের হউক একটীমাত্র নায়ক কল্পিত হয়। উক্ত অঙ্ক আকাশবাণীর বিচিত্র প্রত্যুক্তিসম্বলিত এবং শৃঙ্গাররসবহুল; ইহাতে অন্যান্য রস অতি অল্পই সূচিত হয়, কিন্তু মুখাদিপঞ্চাঙ্গ সন্ধি* সার্থকতার সহিত সম্পূর্ণভাবে বিদ্যমান থাকে।

"বীথ্যামেকো ভবেদঙ্কঃ কশ্চিদেকোঽত্র কল্প্যতে।
আকাশভাষিতৈরুক্তৈশ্চিত্রাং প্রত্যুক্তিমাশ্রিতঃ॥
সূচয়েদ্ভূরিশৃঙ্গারং কিঞ্চিদন্যান্ রসানপি।
মুখনির্বহণে সন্ধৌ অর্থপ্রকৃতয়োঽখিলাঃ॥"

(সাহিত্যদর্পণ ৬।৫২০)

মনীষিগণ বীথীর এই ত্রয়োদশটী অঙ্গ নির্দ্দেশ করিয়াছেন, যথা—উদ্‌ঘাত্যক, অবলগিত, প্রপঞ্চ, ত্রিগত, ছল, বাক্কেলি, অধিবল, গণ্ড, অবস্যন্দিত, নালিকা, অসৎপ্রলাপ, ব্যাহার ও মৃদব। নিম্নে উহাদের লক্ষণাদি বিবৃত হইতেছে—

উদ্‌ঘাত্যক—অন্যে বাক্যের প্রকৃত ভাব সহজে বুঝিতে পারিবে না বলিয়া দ্ব্যর্থ ঘটিত শব্দ দ্বারা কোন বাক্য প্রযুক্ত হইলে যদি কেহ উহার প্রকৃতার্থ বুঝিয়া পদান্তর দ্বারা তখনই তাহার যথার্থ ভাব ব্যক্ত করিয়া দেয়, তাহা হইলে তাহাকে উদ্‌ঘাত্যক বলে। যেমন, "ইদানীং সকেতু ক্রূরগ্রহ সম্পূর্ণমণ্ডল চন্দ্রকে বলপূর্ব্বক অভিভব করিতে ইচ্ছা করিতেছে"* মুদ্রা-রাক্ষসের সূত্রধারের এই গূঢ়ার্থব্যঞ্জক উক্তির পরেই নেপথ্যে বলা

---

* মুখ, প্রতিমুখ, গর্ভ, বিমর্ষ ও নির্বহণ, এই পাঁচটী নাটকোক্ত সন্ধির অঙ্গ; তন্মধ্যে নাটকের যে অংশ বীজ অর্থাৎ সন্দর্ভের মূল কারণ প্রদর্শিত হয়, তাহাকে মুখ বলে। যেমন রত্নাবলী নাটিকার প্রথমাঙ্কে রত্নাবলী ও বৎসরাজের অনুরাগ সূচিত হইয়াছে।

প্রতিমুখ—যে ভাগে উক্ত অনুরাগবীজ ঈষৎ প্রকাশ পায় তাহাকে প্রতিমুখ সন্ধিবলে। যেমন বৎসরাজ ও সাগরিকার সমাগম হেতু বাসবদত্তা কর্ত্তৃক চিত্রফলকবৃত্তান্তে কিঞ্চিৎ উন্নীয়মান হওয়ায় উক্ত বীজের ঈষদ্বিকাশ। (রত্না° ২য় অঙ্ক)

গর্ভসন্ধি—নাটকের যে অংশে নায়ক বা নায়িকার অনুরাগাদিবীজ পূর্ব্বাপেক্ষা কিঞ্চিদধিক প্রকাশ পাইয়া কারণান্তরে কখন সেই অনুরাগাদির হ্রাসতা এবং সময়ান্তরে আবার তাহার পুনরন্বেষণাদির বর্ণনা করা হয়, তাহাকে গর্ভসন্ধি বলে। যেমন রত্নাবলীর দ্বিতীয়াঙ্কে বর্ণিত হইয়াছে—

"সখি! ভর্ত্তৃকর্ত্তৃক হস্তে গৃহীত হইয়াও রোষ পরিত্যাগ করিলে না?" সুসঙ্গতার এই উক্তিতে এস্থলে নায়কের সাতিশয় অনুরাগ পরিলক্ষিত হইলেও বাসবদত্তার প্রবেশকালে পুনর্ব্বার তাঁহার সেই অনুরাগের হ্রাসতা হয় এবং তৃতীয় অঙ্কে—"বসন্তক যে তাহার বার্ত্তান্বেষণে গিয়াছে, কেন বিলম্ব করিতেছে?" এই কথায় উহার পুনরনুসন্ধান দেখা যাইতেছে, সুতরাং ঐ অংশসমষ্টিকে গর্ভসন্ধি বলা যায়।

বিমর্ষ—যেখানে অনুরাগাদির বিকাশ গর্ভসন্ধি অপেক্ষা অত্যধিক পরিমাণে দৃষ্ট হয় ও কোন কারণ বশতঃ আবার তাহার বিষম অন্তরায় ঘটে, তাহা হইলে সেখানে বিমর্ষসন্ধি হয়। যেমন শকুন্তলার প্রতি প্রথমে দুষ্মন্তের যেরূপ অত্যধিক অনুরাগ এবং পরে আবার তদ্রূপ বিস্মৃতি।

নির্বহণ—নাটকের যে অংশে বর্ণনীয় বিষয়ের সম্যক্ অভিব্যক্তি হয়, তাহাকে নির্বহণসন্ধি বা উপসংহার বলে। যেমন, অভিজ্ঞান শকুন্তলার যে অংশে দুষ্মন্তের নিকট শকুন্তলার অভিজ্ঞান অর্থাৎ 'এই সেই শকুন্তলা' এইরূপ প্রতীতির বিষয় বর্ণিত আছে, সেই অংশই উহার নির্বহণসন্ধি।

* সকেতু=কেতুর সহিত বর্ত্তমান; ক্রূরগ্রহ=রাহু। অন্যপক্ষে মলয়কেতুর সহিত বর্ত্তমান [রাক্ষস] ক্রূরগ্রহ=ক্রূরাশয়; সম্পূর্ণমণ্ডল=বশীকৃত রাজ্যমণ্ডল; চন্দ্র=চন্দ্রগুপ্ত। (কেতু রাহুর ছায়া বলিয়া সর্ব্বদা তাহার সহিত বর্ত্তমান থাকে)।

হইল যে, "আমি জীবিত থাকিতে কে চন্দ্রগুপ্তকে অভিভব করিতে ইচ্ছা করে?"। যে উদ্দেশ্যে বাক্য প্রয়োগ করা হইয়াছিল, বাক্যান্তরে ঠিক সেই ভাবই ব্যক্ত হওয়ায় এখানে উদ্‌ঘাত্যকাঙ্গক বীথী হইল।

অবলগিত—যেখানে একত্র সমাবেশ হেতু এক কার্য্যের পর কার্য্যান্তরের সূচনা হয়, তথায় অবলগিতাঙ্গক বীথি। যেমন শকুন্তলায় নটীর প্রতি সূত্রধারের উক্তির পরেই রাজার প্রবেশ বর্ণিত হইয়াছে।

প্রপঞ্চ—পরস্পর মিথ্যাভূত হাস্যজনক বাক্য ব্যবহার করিলে তাহাকে প্রপঞ্চ বলে। যেমন বিক্রমোর্ব্বশীতে বড়ভীষ্ণ বিদূষক ও চেটীর পরস্পর কথোপকথন।

ত্রিগত—যেখানে ধ্বনির সমতা প্রযুক্ত বহু অর্থ কল্পনা করা যায়, তথায় ত্রিগতাঙ্গকবীথী বলিয়া কথিত হয়। যেমন, "হে পর্ব্বতশ্রেষ্ঠ! তোমা কর্ত্তৃক সর্ব্বাঙ্গসুন্দরী উর্ব্বশী দৃষ্ট হইয়াছে?" উর্ব্বশীবিরহিত পুরুরবা কর্ত্তৃক পর্ব্বতের নিকট এইরূপ প্রশ্ন হইলে প্রতিধ্বনিতেও ঐ সকল শব্দ শ্রুতিগোচর হওয়ায়, দৃষ্ট হইয়াছে' এই শেষ শব্দটী যেন ঐ প্রশ্নের উত্তরে পরিণত হইল, সুতরাং এস্থলে 'দৃষ্ট হইয়াছে' এই শব্দটী প্রয়োগকালে ও তাহার প্রতি ধ্বনিতে একই রূপে ধ্বনিত হইয়া একবারে প্রশ্ন এবং অপর বারে তাহারই উত্তর কল্পিত হওয়ায় অনেকার্থ যোজনা হেতু ত্রিগতাঙ্গকবীথা হইল।

ছল,—প্রিয় সদৃশ অপ্রিয় বাক্য দ্বারা লোভ দেখাইয়া প্রতারণা করার নাম ছল। যেমন বেণীসংহারে ভীম ও অর্জ্জুন ভৃত্যদিগের নিকট বলিতেছেন যে, "দ্যূতক্রীড়া ও জতুগৃহদাহের প্রবর্ত্তক, অঙ্গরাজ কর্ণের বন্ধু, দুঃশাসনাদির জ্যেষ্ঠ, দ্রৌপদীর কেশাকর্ষণের প্রযোজক ও পাণ্ডবদিগের প্রভু, সেই অত্যভিমানী রাজা দুর্য্যোধন এখন কোথায়? তোমরা তাহা বল, আমরা অভ্যাগত নহি, কেবল তাহার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছি।" এখানে প্রিয়ভাবে পরুষ বাক্য বলায় ছল বুঝাইল।

বাক্কেলি—দুই বা ততোহধিক প্রত্যুক্তির দ্বারা হাস্যরসের উৎপত্তি হইলে তাহাকে বাক্কেলি বলে। যেমন "ওহে ভিক্ষুক! তুমি কি মাংস খাইয়া থাক? মদ্য ব্যতিরেকে সে মাংস বৃথা, তুমি কি মদ্য ভালবাস? মদ্যপান বারাঙ্গণাদিগের সহিতই সুসঙ্গত, কিন্তু তাহারা যে নিতান্ত অর্থপ্রিয়। তোমার ধন কোথায়? চুরি বা ঠকামি করিলে ধন হইতে পারে। তোমার কি চুরি বা ঠকামি করা অভ্যাস আছে? অভাব হইলে সবই করা যায়।" এখানে প্রত্যেক প্রশ্নের প্রত্যুক্তি (পালটা উত্তর) গুলিই হাস্যরসোদ্দীপক হওয়ায় বাক্কেলি হইল।

অধিবল—পরস্পর স্পর্দ্ধাজনক বাক্য প্রয়োগের আধিক্য দেখাইলে অধিবলাঙ্গক বীথী হয়। যেমন প্রভাবতী নাটকের বজ্রনাভের "আজ তোমাদের কোন ব্যক্তিকেই না মানিয়া এই গদা দ্বারা অল্প সময়ের মধ্যেই প্রদ্যুম্নের বক্ষঃ, এমন কি স্বর্গ ও মর্ত্ত্য পর্য্যন্ত উৎপাটিত করিব" এই স্পর্দ্ধাজনক উক্তির পর প্রদ্যুম্নও তদ্রূপ বলিল—"রে অসুরাধম! আর বাক্ প্রপঞ্চে কাজ নাই। আমার এই ভুজদণ্ডনিহিত কোদণ্ডনির্গলিত শরচয়ে নিহত দৈত্যকুলশোণিতে আপ্লুতা পৃথিবী যাহাতে রক্তমাংসলোলুপ রাক্ষসগণের হর্ষবর্দ্ধিনী হন, আজ নিশ্চয়ই তাহা করিব।" এখানে উভয়েই তুল্যরূপে স্পর্দ্ধাজনক বাক্য বলায় অধিবলবীথী হইল।

গণ্ড—বক্তা যে উদ্দেশ্যে একটী বিষয় বলিতেছেন, সেই সময় যদি কেহ তাহা ভিন্ন অন্য কোন উদ্দেশ্যে সহসা কোন প্রয়োগ করে এবং সেই বাক্য পূর্ব্বোক্ত বাক্যের সহিত অর্থ সঙ্গত হয় তাহা হইলে সেখানে গণ্ডবীথী হইবে। যেমন বেণীসংহারে দুর্য্যোধনের "অয়ি! ভানুমতি! চিরকালের জন্যই তব জঘনোপরি মমোরু" এই পর্য্যন্ত বলা হইতে না হইতেই কঞ্চুকী আসিয়া ব্যস্ততার সহিত সহসা বলিল "ভগ্ন ভগ্ন"। এস্থলে দুর্য্যোধনের "মমোরু বিন্যস্ত থাকিবে" এই পর্য্যন্ত বলিবার উদ্দেশ্য ছিল, এবং কঞ্চুকীর উদ্দেশ্য যে, সে বলিবে "দেব! রথকেতন ভগ্ন হইয়াছে" কিন্তু সময়ের গুণে 'মমোরু' শব্দের অব্যবহিত পরেই 'ভগ্ন ভগ্ন' শব্দ একযোগে ধ্বনিত হওয়ায় এবং ঈশ্বরেচ্ছার ফলেও তাহা ঘটায় ঐ উভয় শব্দ বিভিন্ন উদ্দেশ্যে প্রযুক্ত হইলেও উহাদের অর্থ সুসঙ্গত হইয়াছে, সুতরাং এখানে গণ্ডবীথী হইল।

অবস্যন্দিত—যেখানে বাক্যান্তর দ্বারা স্বভাবোক্ত বাক্যের স্বীয় অর্থপ্রকাশ না করাইয়া যদি অন্যথাভাবে অর্থাৎ অর্থান্তরে তাহার ব্যাখ্যা করা হয়, তাহা হইলে তথায় অবস্যন্দিত বীথী বলিয়া কথিত হয়। যেমন "মাতঃ! রঘুপতি কি আমাদের পিতা?" লবের এই প্রশ্নে, সীতা উত্তর করিলেন যে "এ বিষয়ে কোন শঙ্কা করিও না, কেবল তোমাদের নহে, সমস্ত পৃথিবীর"। এস্থলে সীতা, পিতৃশব্দে পালনার্থের আভাস দেওয়ায় উহা অন্যথাভাবে ব্যাখ্যাত হইল বলিয়া অবস্যন্দিতবীথী।

নালিকা—হাস্যরসযুক্ত প্রহেলিকার নাম নালিকা। সংবরণকারী উত্তরকে প্রহেলিকা বলে, অতএব যেখানে আপাততঃ কোন রূপ অসঙ্গতভাব প্রকাশ পায় এবং পরে প্রত্যুত্তর দ্বারা কোন কৌশলে যদি তাহা আবার সংবরণ করা যায়,তবে সেখানে নালিকা বীথী হয়। যেমন রত্নাবলীতে সাগরিকার প্রতি সুসঙ্গতার উক্তি—"সখি! তুমি যাঁহার নিমিত্ত আসিয়াছ, তিনি এখানেই আছেন" এই কথায় সাগরিকা বলিল, আমি কাহার

নিমিত্ত আসিয়াছি? এই কথায় সাগরিকার ভাবের বৈপরীত্য বুঝিয়া সুসঙ্গতা সরল ভাবে পুনরায় বলিবেন, "কেন চিত্তফলকের নিমিত্ত না?" এই ভাবসংবরণে এখানে নালিকাবীথী হইল।

অসৎপ্রলাপ—প্রশ্ন বা উত্তর স্থলে যদি অসম্বদ্ধ অর্থাৎ পূর্ব্বাপর সম্বন্ধরহিত বাক্য ব্যবহৃত হয়, তাহা হইলে, অথবা কোন স্থানে অবাধ্য মূর্খকে অকারণ হিতবাক্য বলিয়া উপদেশ দিলে তথায় অসৎ প্রলাপ হয়। যেমন প্রভাবতী নাটিকায় প্রদ্যুম্ন সহকার লতাকে লক্ষ্য করিয়া বলিতেছে,"অহো অলিকুল-গর্জিত নিবিড়কেশা গন্ধবতী রসালা কিশলয়কোমলপাণি কোকিলভাষিণী, আমার সেই তন্বঙ্গী প্রিয়তমা এখানে কেন?" এখানে পূর্ব্বাপর বিশেষণগুলির মধ্যে গন্ধবতী ও রসালা শব্দ দুইটী মনুষ্যের বিশেষণ এবং প্রধানতঃ লতাকে মনুষ্যজ্ঞানে বর্ণনা করায় ইহা অসৎপ্রলাপ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। বেণী-সংহারনাটকে তৃতীয় অঙ্কে গুরুবাক্য অবহেলনকারী দুর্য্যো-ধনের প্রতি গান্ধারীর উক্তি গুলিও অসৎপ্রলাপ।

ব্যাহার—পরের জন্য হাস্য বা লোভজনক যে বাক্য তাহার নাম ব্যাহার। যেমন মালবিকাগ্নিমিত্রে মালবিকার উক্তিতে নায়কের হাস ও লোভের উদয় হওয়ায় তথায় ব্যাহার বীথী হইয়াছে।

মৃদব—যেখানে দোষগুলিকে গুণ এবং গুণগুলিকে দোষ বলিয়া প্রতীতি হয় তথায় মৃদববীথী হয়। যেমন "হে প্রিয়! নিষ্ঠুরতা, নিঃস্নেহতা ও কৃতঘ্নতা প্রভৃতি আমার দেহে তোমার বিরহে দোষে পরিণত হয় এবং তোমার দর্শনে গুণে পরিণত হয়।" অর্থাৎ তোমার বিরহে আমি ঐ গুলিকে দোষের এবং তোমার দর্শন লাভে উহাদিগকে গুণের বলিয়া মনে করি। এখানে দোষকে গুণ মনে করায় এবং "হে বন্ধো! আমি তাহার রূপসৌন্দর্য্য ও যৌবনশ্রীতে সাতিশয় সুখী ছিলাম, কিন্তু এক্ষণে তাহার বিরহে ঐ গুলিকে ভয়ানক দোষের বলিয়া মনে হই-তেছে।" এখানে রূপ ও যৌবনকে পূর্ব্বে গুণের ও পরে দোষের মনে করায়, উভয় স্থলেই মৃদববীথী হইল।

৪ রবিমার্গ, সূর্য্যের গমনপথ। ৫ গ্রহগণের অবস্থিতি-স্থানভেদ। ঐরাবত, জরদ্গব ও বৈশ্বানর নামে যথাক্রমে উত্তর, মধ্য ও দক্ষিণ অংশে গ্রহগণের তিনটী অবস্থিতিস্থান আছে, ইহার প্রত্যেকটী আবার তিন তিনটী বীথীতে বিভিন্ন। ইহাদের প্রত্যেকের যথাযথ বিবরণ নিম্নে প্রদত্ত হইতেছে।

অশ্বিনী, ভরণী ও কৃত্তিকা এই তিন নক্ষত্রে নাগবীথী; রোহিণী, মৃগশিরা ও আর্দ্রা নক্ষত্রে গজবীথী; পুনর্ব্বসু, পুষ্যা ও অশ্লেষা নক্ষত্রে ঐরাবতীবীথী; এই তিনটী বীথী উত্তরাংশের অন্তর্গত। মঘা, পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনীতে আর্ষভী; হস্তা, চিত্রা ও স্বাতি নক্ষত্রে গোবীথী; বিশাখা, অনুরাধা ও জ্যেষ্ঠাতে জারদ্গবী; এই তিনটী বীথী মধ্যমার্গে। মূলা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া নক্ষত্রে ওজবীথী; শ্রবণা, ধনিষ্ঠা ও শতভিষায় মৃগবীথী; পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ ও রেবতী নক্ষত্রে বৈশ্বানরী; এই তিনটী বীথী দক্ষিণপথের অন্তর্ভুক্ত।

"সর্ব্বগ্রহাণাং ত্রীণ্যেব স্থানানি দ্বিজসত্তমাঃ।
স্থানং জারদ্গবং মধ্যং তথৈরা বতমুত্তরম্॥
বৈশ্বানরং দক্ষিণতো নির্দ্দিষ্টমিহ তত্ত্বতঃ।" (জ্যোতিশ্চক্র)

'তদেব মধ্যমোত্তরদক্ষিণমার্গত্রয়ং প্রত্যেকং বীথীত্রয়েণ ত্রিধা ভিদ্যতে তথাহি ত্রিভিস্ত্রিভিরশ্বিন্যাদি নক্ষত্রৈর্নাগবীথী ঐরাবতী চেত্যুত্তরমার্গে বীথীত্রয়ং। আর্ষভী গোবীথী জারদ্গবী চেতি বৈষুবতে মধ্যমার্গে বীথীত্রয়ং অজবীথী মৃগবীথী বৈশ্বানরী চেতি দক্ষিণমার্গে বীথীত্রয়ম্।' (ইতি তট্টীকায়াং শ্রীধরস্বামী)

বীথ্যঙ্গ (ত্রি) বীথ্যা অঙ্গমিবাঙ্গং যস্য। নাটকভেদ।

[বীথীশব্দ দেখ।]

বীধ্র (ক্লী) বিশেষেণ ইন্ধতে দীপ্যতে ইতি বি-ইন্ধ (বাবিন্ধেঃ। উণ্ ২।১৬) ইতি ক্রন্। ১ নভঃ, আকাশ।

"বীধ্রে সূর্য্যমিব সর্পন্তং" (অথর্ব্ব ৪।২০।৭)

'বীধ্রে নভসি' (ভাষ্য)

২ বায়ু। ৩ অগ্নি। (সংক্ষিপ্তসার উণা°)

(ত্রি) ৪ বিমল, নির্ম্মল। (অমর)

বীধ্র্য (ত্রি) বীধ্র-যৎ। শরৎকালের নির্ম্মল মেঘভব, শরৎ-কালের নির্ম্মল মেঘ হইতে যাহা হয়।

"নমঃ কূপ্যায়ঃ চাবট্যায় চ নমো বীধ্র্যায়" (শুক্লযজু° ১৬।৩৮)

'বীধ্র্যায় ইন্ধীদীপ্তৌ বিশেষেণ ইধ্রং বীধ্রং নির্ম্মলং শরদভ্রং তত্র ভবোবীধ্র্যঃ, যদ্বা বিগতা ইধ্রো দীপ্তির্যস্মাৎ স বীধ্র্যো ঘনাগমঃ তত্র ভবায়' (বেদদীপ°)

বীনাহ (পুং) বিশেষেণ নহ্যতে ইতি বি-নহ-ঘঞ্, উপসর্গস্য দীর্ঘঃ। কূপের মুখবন্ধন, কূপের আচ্ছাদন, মুখপাট।

বীনাহিন্ (পুং) কূপ। (হারাবলী)

বীন্দ্বর্ক (ত্রি) সূর্য্য ও চন্দ্রযুক্ত। (লঘুজাতক)

বীপা (স্ত্রী) বিদ্যুৎ। (শব্দরত্না°)

বীপ্সা (স্ত্রী) বি-অপি সন্-অচ্-টাপ্। ক্রিয়াগুণ দ্রব্যদ্বারা যুগপৎ ব্যাপিতে ইচ্ছা, যুগপৎ ব্যাপনেচ্ছা, ব্যাপিয়া থাকিবার ইচ্ছা। ব্যাকরণমতে বীপ্সা অর্থে প্রযুক্ত পদের দ্বিত্ব হয়।

বীব, শৌর্য্য। অদন্ত চুরাদিঁ আত্মনেঁ সকঁ সেট্। লট্ বীবয়তে। লুঙ্ অবিবীবত।

বীভ, ১ শৌর্য্যহেতুক ভয়। ২ বিকত্থন। ভ্বাদিঁ আত্মনেঁ অকঁ সেট্। লট্ বীভতে। লুঙ্ অবীভিষ্ট।

বীর, শৌর্য্য। অদন্তচুরাদি° আত্মনে° অক° সেট্। লট্ বীরয়তে। ৫ লুঙ্ অবিবীরত্।

বীর (ক্লী) অজ (স্থায়িতঞ্চিবঞ্চীতি। ৮উণ্ ১।১৩) ইতি রক্ অজের্বীভাবঃ। ২ শূন্য। ৩ নড়। (মেদিনী) ৩ মরিচ। ৪ পুষ্করমূল। ৫ কাঞ্জিক। ৬ উশীর। ৭ আরুক। (রাজনি°) ৮ সিন্দুর। (পর্য্যায়মু°) ৯ লৌহ। (বৈদ্যকনি°) ১০ শালপর্ণী। (চরক)

(পুং) বীরয়তীতি বীর বিক্রান্তৌ। পচাদ্যচ্; যদ্বা বিশেষেণ ঈরয়তি দূরীকরোতি শত্রূন্ বি-ঈর ইগুপধাৎ ক। অথবা অজতি ক্ষিপতি শত্রূন্ অজ-রক্, অজের্বীভাবঃ। ১১ শৌর্য্যবিশিষ্ট। পর্য্যায়—শূর, বিক্রান্ত, গম্ভীর, তরস্বী। (জটাধর) ১২ পুত্র।

"বীরৈঃ স্যাম সধমাদঃ" (ঋক্ ৫।২০।৪)

'বীরৈঃ পুত্রৈঃ' (সায়ণ)

১৩ পতি ও পুত্র। অবীরা।

"ন চালয়েজ্জনদ্বিষ্টাং বীরহীনাং তথা স্ত্রিয়ম্।"

(মার্কণ্ডেয়পুরাণ ৩৫।৩১)

পতিপুত্রহীনা নারীকে অবীরা কহে।

১৪ দনায়ু-দৈত্যপুত্র। (ভারত ১।৬৫।৩৩) ১৫ জিন। ১৬ নট। (হেম) ১৭ বিষ্ণু। (বিষ্ণুর সহস্রনাম) ১৮ শৃঙ্গারাদি অষ্টবিধ রসের অন্তর্গত রসবিশেষ।

ইহার লক্ষণ—

"উত্তমপ্রকৃতির্বীর উৎসাহ স্থায়িভাবকঃ।
মহেন্দ্রদৈবতো হেমবর্ণোঽয়ং সমুদাহৃতঃ।
আলম্বনবিভাবাস্তু বিজেতব্যাদয়ো মতাঃ॥
বিজেতব্যাদি চেষ্টাদ্যাস্তস্যোদ্দীপনরূপিণঃ।
অনুভাবাস্তু তত্র স্যুঃ সহায়ান্বেষণাদয়ঃ॥
সঞ্চারিণস্তু ধৃতি মতিগর্ব্ব স্মৃতিতর্করোমাঞ্চাঃ।
স চ দানধর্ম্মযুদ্ধৈ র্দয়য়া চ সমন্বিতশ্চতুর্দ্ধা স্যাৎ॥"

(সাহিত্যদর্পণ ৩।২৩৪)

এই রসে নায়ক উত্তমপ্রকৃতি, উৎসাহ স্থায়িভাব, ইহার অধিষ্ঠাতৃ-দেবতা মহেন্দ্র, সুবর্ণবর্ণ, বিজেতব্যাদি আলম্বনবিভাব, বিজয়াদি চেষ্টা উদ্দীপন বিভাব, সহায়ান্বেষণাদি অনুভাব, ধৃতি, মতি, গর্ব্ব, স্মৃতি, তর্ক ও রোমাঞ্চ এই সকল সঞ্চারিভাব। দান, ধর্ম্ম, যুদ্ধ এবং দয়া ইহাদ্বারা চারিপ্রকার, অর্থাৎ দানবীর, ধর্ম্মবীর, যুদ্ধবীর ও দয়াবীর।

বীররস বর্ণন করিতে হইলে নায়ক অতি উত্তমস্বভাব হইবে। তাহার দান, যুদ্ধ, দয়া বা ধর্ম্মে উৎসাহ এই স্থায়িভাব সর্ব্বদা থাকিবে, বিজেতব্যাদি আলম্বনবিভাব ও তাহার চেষ্টা উদ্দীপন বিভাব এবং তন্নিমিত্ত সহায়াদির অন্বেষণ অর্থাৎ যুদ্ধে সৈন্যসংগ্রহ, দান ও ধর্ম্মে তত্তদ্দ্রব্য সংগ্রহ এবং দয়াতে ত্যাগশীলতা প্রভৃতি বিদ্যমান থাকিবে।

দানবীর পরশুরাম—

"ত্যাগঃ সপ্তসমুদ্রমুদ্রিতমহীনির্ব্যাজদানাবধিঃ"

(সাহিত্যদর্পণ ৩।২৩৪)

সপ্তসমুদ্রবেষ্টিত পৃথিবী অকপটে দান পর্য্যন্ত অর্থাৎ পরশুরাম সমস্ত পৃথিবী অকপটে দান করিয়াছিলেন, এই স্থলে তাহার ত্যাগে উৎসাহ স্থায়িভাব, এবং ব্রাহ্মণকে সম্প্রদান আলম্বনবিভাব, সন্ধ্যাদি উদ্দীপনবিভাব এবং সর্ব্বস্বত্যাগাদি দ্বারা অনুভাবিত ও হর্ষধৃতি প্রভৃতি সঞ্চারিভাব দ্বারা পুষ্টিপ্রাপ্ত হইয়া দানবীরত্ব প্রাপ্ত হইয়াছিলেন।

ধর্ম্মবীর যুধিষ্ঠির—

"রাজ্যঞ্চ বসুদেহশ্চ ভার্য্যা ভ্রাতৃসুতাশ্চ যে।
যচ্চ লোকে মমায়ত্তং তদ্ধর্ম্মায় সদোদ্যতম্॥"

(সাহিত্যদর্পণ ৩।২৩৪)

রাজ্য, ধন, দেহ, ভার্য্যা, ভ্রাতা এবং পুত্র ও ইহলোকে যাহা কিছু আমার আয়ত্ত তাহা সর্ব্বদা ধর্ম্মের নিমিত্ত নিরূপিত আছে। এইস্থলে যুধিষ্ঠিরের ধর্ম্মে উৎসাহ, এবং তন্নিমিত্ত তাঁহার ত্যাগাদি আলম্বন বিভাবাদি দ্বারা ধর্ম্মবীরত্ব সূচিত হইয়াছে।

যুদ্ধবীর শ্রীরামচন্দ্র—

"ভোঃ লঙ্কেশ্বর! দীয়তাং জনকজা রামঃ স্বয়ং যাচতে
কোঽয়ং তে মতিবিভ্রমঃ স্মরনয়ং নাদ্যাপি কিঞ্চিৎ কৃতং।
নৈবঙ্কেৎ খরদূষণত্রিশিরসাং কণ্ঠাসৃগ্ বা পঙ্কিলঃ
পত্নী নৈষ সহিষ্যতে মমধনুর্জ্যাবন্ধবন্ধ্যঃ কৃতঃ॥"

(সাহিত্যদর্পণ ৩।২৩৪)

ভো লঙ্কেশ্বর, জনকজা সীতাকে তুমি প্রত্যর্পণ কর, আমি স্বয়ং প্রার্থনা করিতেছি, কেন তোমার এই মতিভ্রম হইল, তুমি নীতিকে স্মরণ কর, এখন আমি কিছুই করি নাই, তুমি যদি সীতাকে ফিরাইয়া না দাও, তাহা হইলে খরদূষণাদির কণ্ঠরক্তদ্বারা পঙ্কিল এই আমার শর তোমাকে সহ্য করিবে না অর্থাৎ যুদ্ধে তোমার বিনাশসাধন করিবে।

এই স্থলেও রামের যুদ্ধে উৎসাহ এবং ভীতিপ্রদর্শনাদি বাক্য আলম্বনবিভাবাদি দ্বারা যুদ্ধবীরত্ব সূচিত হইয়াছে।

দয়াবীর জীমূতবাহন—

"শিরামুখৈঃ স্পন্দতএব রক্ত মদ্যাপি দেহে মম মাংসমস্তি।
তৃপ্তিং ন পশ্যামি তথাপি তাবৎ কিং ভক্ষণাৎ ত্বং বিরতো গরুত্মন্॥"

(সাহিত্যদর্পণ ৩।২৩৪)

হে গরুড়! এখনও শিরাসমূহের মুখ হইতে রক্ত ক্ষরিত

হইতেছে, আমার দেহে এখনও মাংস আছে, তথাপিও তোমার ভক্ষণজন্য পরিতোষ দেখিতেছি না, কেন তুমি ভক্ষণ হইতে বিরত হইতেছ ?”

এই স্থলে নিজের এইরূপ দুর্দ্দশা হইলেও পরদুঃখহরণের জন্য উৎসাহ পূর্ণমাত্রায় বিদ্যমান আছে, ঐ উৎসাহই স্থায়িভাব, পূর্ব্বোক্তরূপে আলম্বনাদিভাব স্থির করিতে হইবে।

ভয়ানক ও শান্তরসের সহিত বীররসের বিরোধ, ভয়ানক ও শান্তরস বর্ণনপ্রসঙ্গে বীররসবর্ণন করিতে নাই, তাহা হইলে রসের বিরোধ হয় এবং শৃঙ্গাররসের সহিতও ইহার বিরোধ আছে।

“আদ্যঃ করুণবীভৎসরৌদ্রবীরভয়ানকৈঃ।
ভয়ানকেন শান্তেন তথা বীররসঃ স্মৃতঃ।
শৃঙ্গারবীররৌদ্রাখ্য হাস্যশান্তৈর্ভয়ানকঃ॥” (সাহিত্যদর্পণ ৩।২৪২)

বীররসে হাস্য ও ক্রোধ ব্যভিচারিভাব।

“শৃঙ্গারবীরয়ো র্হাসো বীরে ক্রোধস্তথা মতঃ।
শান্তে জুগুপ্সা কথিতা ব্যভিচারিতয়া পুনঃ॥”(সাহিত্যদর্পণ ৩।২০৪)

১৯ তান্ত্রিকভাব বিশেষ। তন্ত্রমতে দিব্য, বীর ও পশু এই তিনটী ভাব, সাধক ইহার কোনও একটী ভাবে সাধনা করিবে।

“ভাবস্তু ত্রিবিধঃ প্রোক্তো দিব্যবীর পশুক্রমাৎ।
গুরবস্তু ত্রিধা চাত্র তত্রৈব মন্ত্রদেবতা॥” (রুদ্রযামল ১১পটল)

তন্ত্রে লিখিত আছে যে প্রথম পশুভাব, তৎপরে বীর এবং তদনন্তর দিব্য এইরূপে ভাবত্রয় স্থির করিতে হইবে। দিন প্রভৃতিতে প্রথম দশদণ্ড পশুভাব, মধ্য দশদণ্ড বীরভাব এবং শেষ দশদণ্ড দিব্যভাব। যিনি যে ভাবের সাধক, তিনি সেই ভাবের সময় অনুসারে কার্য্য করিবেন।

“পশুভাবং হি প্রথমে দ্বিতীয়ে বীরভাবকম্।
তৃতীয়ে দিব্যভাবঞ্চ ইতি ভাবত্রয়ং ক্রমাৎ॥
আদৌ দশমদণ্ডেন পশুভাবমথাপি বা।
মধ্যাহ্নে দশদণ্ডেন বীরভাবমুদাহৃতম্।
সায়াহ্নে দশদণ্ডেতু দিব্যভাবং শুভপ্রদম্॥”(রুদ্রযামল ১১প°)

বামকেশ্বরতন্ত্রে লিখিত আছে যে, জন্মাবধি ১৬ বৎসর পর্য্যন্ত পশু, ১৬ হইতে ৫০ পর্য্যন্ত বীর এবং তৎপরে দিব্যভাব এইরূপ প্রকারে তিনটী ভাবই স্থির করিতে হইবে।

“জন্মমাত্রং পশুভাবং বর্ষষোড়শকাবধি।
ততশ্চ বীরভাবস্তু যাবৎ পঞ্চাশতো ভবেৎ॥
দ্বিতীয়াংশে বীরভাবস্তৃতীয়ে দিব্যভাবকঃ।
এবং ভাবত্রয়েনৈব ভাবনৈক্যং ভবেৎ প্রিয়ে॥”
(বামকেশ্বরতন্ত্র ৫১ প°)

২০ বীরাচারবিশিষ্ট, যে সাধক বীরাচার মতে সাধনা করেন, তাহাকে বীর কহে। বীরাচারী সর্ব্বদা কুলাচাররত এবং কুলসঙ্গী হইবেন। সকল সময় সংবিদ্ পান করিবেন। তিনি সর্ব্বদা উদ্ধতমনা এবং তাঁহার চেষ্টা সদা উন্মত্তের ন্যায় হইবে, তাহার অঙ্গ ভস্ম দ্বারা ধূসরবর্ণ এবং সর্ব্বদা তিনি মদ্যপানরত ও বলিপূজাপরায়ণ থাকিবেন এবং নিজের ইষ্ট দেবতাকে নর, ছাগ, মেষ, মহিষ প্রভৃতি বলি দ্বারা পূজা করিবেন। এইরূপে পূজাদি করিলে অচিরাৎ তাহার মন্ত্র সিদ্ধ হয়। কেবল মদ্যপান করিলেই যে বীর হয়, তাহা নহে, বরং বীরাচারীরও মদ্যপানে নিষেধ আছে। কলিকালে এই ভারতবর্ষে গৃহে গৃহে মদ্যপান করিলে বর্ণভ্রষ্ট হয়, সুতরাং মদ্যপান নিন্দিত।

মহানির্ব্বাণতন্ত্রে বিশেষ করিয়া লিখিত আছে যে, কলিকালে দিব্য ও বীরভাব নিষিদ্ধ, অর্থাৎ সাধক এই দুই ভাব সাধনা করিবে না। কেবল পশুভাব দ্বারাই সাধনা করিবে, তাহাতেই তাহার মন্ত্র সিদ্ধি হইবে, সুতরাং এই বচনানুসারে কলিকালে দিব্য ও বীরভাব একেবারে নিষিদ্ধ।

“দিব্যবীরময়োভাবঃ কলৌ নাস্তি কদাচন।
কেবলং পশুভাবেন মন্ত্রসিদ্ধির্ভবেন্নৃণাম্॥”
(মহানির্ব্বাণতন্ত্র) [বীরাচার শব্দ দেখ]

২১ তণ্ডুলীয়। ২২ বরাহকন্দ। ২৩ লতাকরঞ্জ। ২৪ করবীর। ২৫ অর্জ্জুন বৃক্ষ। (রাজনি°) ২৬ যজ্ঞাগ্নি। (ভরত) ২৭ উত্তর। ২৮ সুভট। (মেদিনী)

(ত্রি) ২৯ শ্রেষ্ঠ। (হেম) ৩০ কর্ম্মঠ। কর্ম্মকুশল
“কর্ত্তাবীরায় সুষ্বয় উলোকং” (ঋক্ ৬।২৩ ৩)
‘বীরায় যজ্ঞাদি কর্ম্মসু দক্ষায়’ (সায়ণ)

---

* “কুলাচাররতো বীরঃ কুলসঙ্গী সদা ভবেৎ।
সংবিদা সেবনং কুর্য্যাৎ সোমপানং মহেশ্বরি॥
সর্ব্বথা কুরুতে দেবি বীরশ্চোদ্ধতমানসঃ।
দিব্যস্তু দেবতাপ্রায়শ্চন্দনাগুরুলেপনৈঃ।
রক্তচন্দনগন্ধৈশ্চ সুলিপ্তো নাত্র সংশয়ঃ॥
ভস্মাঙ্গধূসরো বীর উন্মত্ত ষদ্ বিচেষ্টিতঃ।
সুরাপানরতো নিত্যং বলিপূজাপরায়ণঃ॥
নরছাগশ্চ মহিষো মেষঃ শূকর এব চ।
শশকঃ শল্লকী গোধা খড়্গী কূর্ম্মী দশ স্মৃতাঃ॥
বানরশ্চ খরশ্চৈব গজাদ্যাদি বিহঙ্গমাঃ।
ইত্যাদিভির্ব্বলৈর্দ্দানৈঃ পূজয়েৎ স্বেষ্টদেবতাম্॥
সিদ্ধমন্ত্রো ভবেৎ বীরো ন বীরো মদ্যপানতঃ।
কলৌতু ভারতে বর্ষে লোকা ভারতবাসিনঃ।
গৃহে গৃহে সুরাং পীত্বা বর্ণভ্রষ্টা ভবন্তি হি॥” (উৎপত্তিতন্ত্র)

৩১ প্রেরয়িতা, প্রেরণকারী। "বীরায় দাশুষ উষা সঃ" (ঋক্ ৬।৬৫।৪) 'বীরায় প্রেরয়িত্রে' (সায়ণ) ৩২ ভল্লাতক-বৃক্ষ। ৩৩ শুক্লদর্ভ। ৩৪ পীতবিষ্টী। ৩৫ ঋষভক। (রত্ন)

বীর আচার্য্য, গণিতশাস্ত্র ও গণিতসারসংগ্রহ নামক দুইখানি গ্রন্থ প্রণেতা। ইনি একজন জৈন আচার্য্য ছিলেন।

বীরক (পুং) বীর এব স্বার্থে কন্। ১ করবীর। শ্বেতকর-বীর। (রাজনি°) ২ বিক্রান্ত, সমর্থ।

"বীরকো গৃহং গৃহং বিচাকশৎ" (ঋক্ ৮।৮০।২)

'বীরকো বীরঃ সমর্থস্ত্বং' (সায়ণ) ৩ অপকৃষ্ট দেশবিশেষ-বাসী, যাহারা নিন্দিত দেশে বাস করে, ইহাদিগকে বর্জ্জন করিতে হয় অর্থাৎ ইহাদের সহিত কোন রূপ সম্পর্ক রাখিতে নাই।

"কারস্করান্ মাহিষকান্ কালিঙ্গান্ কেরলাংস্তথা।
কর্কোটকান্ বীরকাংশ্চ দুর্দ্ধর্ম্মাংশ্চ বিবর্জ্জয়েৎ॥"
(ভাগবত ৮।৪৪।৪২)

৪ চাক্ষুষ মন্বন্তরীয় মুনিবিশেষ। (ভাগবত ৮।৫।৮)

৫ বীরশব্দার্থ।

বীরকর্ম্মন্ (ত্রি) ১ রেতঃ। (ঋক্ ১০।৬১।৫)। ২ বীরের কার্য্য। ৩ বীরের ন্যায় কর্ম্ম হইয়াছে যাহার।

বীরকাটী (স্ত্রী) নদীয়া জেলার অন্তর্গত একটী গ্রাম।

বীরকাম (ত্রি) পুত্রপ্রাপ্তির ইচ্ছা। পুত্রকামনা।
(শাঙ্খ°ব্রা° ৮।৫)

বীরকুক্ষি (ত্রি) বীরপ্রসবকারিণী স্ত্রী। (ঋক্ ১০।৮০।১)

বীরকেতু (পুং) পাঞ্চাল রাজপুত্রভেদ। (মহাভা° দ্রোণপর্ব্ব)

বীরকেশরিন্ (পুং) বীরঃ কেশরীব। ১ বীরশ্রেষ্ঠ, বীরসিংহ। কেশরী শব্দ এই স্থলে শ্রেষ্ঠার্থ বাচক।

২ রাজপুত্রভেদ।

বীরক্ষুরিকা (স্ত্রী) ছুরিকাবিশেষ। (কথাসরিৎসা° ২০।১৩৭)

বীরগতি (স্ত্রী) বীরস্য গতিঃ। স্বর্গ। যাহারা বীর, তাহাদের স্বর্গগতি হয়।

"বীরগতিঃ স্বর্গঃ" (ভাগবত ১।৭।১৩ টীকায় স্বামী)

২ বীরদিগের গমন।

বীরগোত্র (ক্লী) বীরস্য গোত্রং। বীরের গোত্র, বীরের বংশ। (মার্কণ্ডেয়পু° ১২৫।৭)

বীরঘ্নী (স্ত্রী) বীরহা, বীরনাশিনী। (অথর্ব্ব ৭।১৩৩।২)

বীরঙ্করা (স্ত্রী) নদীভেদ। বীরকরা। (বিষ্ণুপুরাণ)

বীরচক্রেশ্বর (পুং) বিষ্ণু। (পঞ্চরত্ন)

বীরচক্ষুষ্মৎ (ত্রি) বিষ্ণু। (রামায়ণ ৭।২৩।১)

বীরচরিত্র (ত্রি) বীরের জীবনী। বীরের ন্যায় যাহার চরিত্র।

বীরচর্য্য (পুং) রাজপুত্রভেদ। (তারনাথ)

বীরচর্য্যা (স্ত্রী) বীরের কার্য্য। (কথাসরিৎসা° ৮৩।৩০)

বীরজয়ন্তিকা (স্ত্রী) বীরাণাং জয়ন্তিকেব। যুদ্ধস্থলে বীর-দিগের নৃত্য। (হেম)

বীরজাত (ত্রি) ১ বীরসমূহ। ২ অপত্যজাত। (ঋক্ ১০।৩৬।১১)

বীরজিত (পুং) ব্যক্তিভেদ। (কথাসরিৎসা° ৫৪।১৮৩)

বীরণ (ক্লী) উশীর তৃণ, পর্য্যায়—কটায়ন, বীরতর, বীরভদ্র। (রুদ্র) চলিত বেণার মূল, হিন্দী—খস, তৈলঙ্গ—অদুরুগড্ডি, উৎকল—বিণা, গন্ধবিনা। বম্বে—খস খস। তামিল—বেত্তে-বের। গুণ—পাচন, শীতল, স্তম্ভন, লঘু, তিক্ত, মধুর, জ্বর, বমন ও ভেদনাশক, কফ ও পিত্তপ্রশমক, তৃষ্ণা, অস্র, বিষ, বিসর্প ও কৃচ্ছ্র দাহযুক্ত ব্রণ এই সকল নাশক। (ভাবপ্র°)

২ কুশাদি তৃণগণ যথা—কুশ, কাস, দর্ভ, কত্তৃণ, ভূতৃণ, শ্বেতদূর্ব্বা, নীলদূর্ব্বা ও গণ্ডদূর্ব্বা এই সকল তৃণের নাম বীরণ।

"কুশঃ কাসশ্চ দর্ভশ্চ কত্তৃণং ভূতৃণং তথা।
শ্বেতদূর্ব্বা নীলদূর্ব্বা গণ্ডদূর্ব্বেতি বীরণম্॥" (অর্কচি°)

(পুং) ৩ প্রজাপতি বিশেষ, বীরণ প্রজাপতি। (ভারত ১২।৩৪৮।৪১) বীরণ প্রজাপতির কন্যা অসিক্নী। দক্ষ প্রজাপতি স্বয়ম্ভু কর্ত্তৃক আদিষ্ট হইয়া প্রজাসৃষ্টির মানসে এই কন্যাকে বিবাহ করেন। পরে দক্ষ ঐ কন্যার গর্ভে পঞ্চসহস্র বীর্য্যবান্ পুত্র উৎপাদন করেন, ক্রমে ঐ সকল পুত্র হইতে সৃষ্টি বিস্তৃতি লাভ করে। (হরিবংশ ৩ অ°)

৪ একজন ঋষি, বীরণীর পিতা। ৫ যজুর্ব্বেদাভিজ্ঞ একজন আচার্য্য।

বীরণক (পুং) নাগভেদ। (ভারত আদিপর্ব্ব)

বীরণারাধ্য, চোলরেণুকাসম্বাদপ্রণেতা।

বীরণিন (পুং) একজন মুনি, ইনি বৈদিক আচার্য্যরূপে প্রথিত।

বীরতন্ত্র (ক্লী) তন্ত্র-বিশেষ।

বীরতম (ত্রি) অয়মেষামতিশয়েন বীরঃ বীর প্রশস্তার্থে-তমপ্। অতিশয় বীর। সকলের মধ্যে প্রধান বীর।

বীরতর (ক্লী) ১ বীরণ। (অমর) (পুং) ২ শর। (ভূরিপ্র°) (ত্রি) ৩ সামর্থ্যবিশিষ্ট, "পুরাতন জজ্ঞে বীরতরস্ত্বৎ" (ঋক্ ৮।২৪।১৫) 'বীরতরঃ সামর্থ্যবান্। অয়মনয়োরতিশয়েন বীরঃ প্রশস্তার্থেতরঃ। ৩ দুইজনের যিনি শ্রেষ্ঠ বীর, তিনি বীরতর।

বীরতরাসন (ক্লী) বীরতরাণাং সাধকশ্রেষ্ঠানাং আসনম্। আসনবিশেষ, বীরশ্রেষ্ঠদিগের আসন, ইহারা যে আসনে বসিয়া সাধনা করেন।

"মৃদুকোমলমাস্তীর্ণং সংগ্রামপতিতং হি যৎ।
জন্তু ব্যপোদিতং বাপি মৃতং বা নরমাসনম্॥

গর্ভচ্যুতং ত্বচং বাপি নারীণাং যোনিজাং ত্বচম্।
সর্ব্বসিদ্ধিপ্রদং দেবি সর্ব্বতোঽতিসমৃদ্ধিদম্॥
ত্বচং বা যৌবনাস্থানং কুর্য্যাদ্ বীরতরাসনম্॥" (মুণ্ডমালাতন্ত্র ৩প০)

মৃদু, কোমল, সংগ্রামে বা কোন জীব জন্তু দ্বারা মৃত নররূপ যে আসন তাহাকে বীরতরাসন কহে। গর্ভচ্যুত শব, বা নারীদিগের যোনিজ ত্বক্ অথবা যুবতীদিগের যে ত্বক্‌রূপ আসন ইহাও বীরতরাসন, এই আসন সকল সিদ্ধিপ্রদ এবং সকল স্থলে অতি সমৃদ্ধিদায়ক, বীরসাধক এই আসন আস্তরণ করিয়া সাধনা করিলে অচিরে সিদ্ধি লাভ করে।

বীরতরু (পুং) বীরস্তন্নাম্নাখ্যাতস্তরুঃ। ১ অর্জ্জুন বৃক্ষ। ২ কোকিলাক্ষ বৃক্ষ। ৩ বিল্বান্তর বৃক্ষ। ৪ ভল্লাতক। (রাজনি০) ৫ শরতৃণ, শর গাছ। ৬ প্রিয়াল বৃক্ষ। (বৈদ্যকনি০)

বীরতা (স্ত্রী) বীরস্য ভাবঃ তল্-টাপ্। বীরত্ব, বীরের ভাব বা ধর্ম্ম, বীর্য্য, তেজঃ।

বীরতাপিন্যুপনিষদ্, উপনিষদ্‌ভেদ।

বীরদত্ত (পুং) একজন প্রাচীন কবি।

বীরদামন্ (পুং) শঙ্খক্ষত্রপ রাজপুত্রভেদ।

বীরদেব (পুং) একজন কবি। ক্ষেমেন্দ্র সুবৃত্ততিলকে ইহার উল্লেখ করিয়াছেন।

বীরদ্রু (পুং) অর্জ্জুন বৃক্ষ। (রাজনি০) ২ বিল্বান্তর বৃক্ষ।

বীরদ্যুম্ন (পুং) রাজপুত্রভেদ। (ভারত শান্তিপর্ব্ব)

বীরধন্বন্ (পুং) কামদেব। (শব্দার্থচি০)

বীরনগর, বাঙ্গালার নদীয়া জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। উলা নামে প্রসিদ্ধ। এক সময়ে এই স্থান ধনজন পূর্ণ ছিল। কালের কবলে দারুণ মহামারীতে এই নগর জনশূন্য ও শ্রীহীন হইয়া পড়ে। প্রাচীন সমৃদ্ধির নিদর্শন নানাস্থানে এখনও পতিত দেখা যায়। [উলা দেখ।]

বীরনাথ (ত্রি) ১ বীরশ্রেষ্ঠ। ২ কাশ্মীরস্থ ব্যক্তিভেদ। (রাজতরঙ্গিণী ৬।১১০)

বীরনায়ক (পুং) ১ বীরসাধক। ২ উশীর। (বৈদ্যকনি০)

বীরনারায়ণ (পুং) ১ রাজপুত্রভেদ। ২ একজন কবি। ইহার রচিত কএকখানি কাব্যের উল্লেখ পাওয়া যায়। ৩ সাহিত্যচিন্তামণি নামক অলঙ্কারগ্রন্থপ্রণেতা।

বীরন্ধর (পুং) ১ ময়ূর। ২ বন্যপশুর সহিত যুদ্ধ। ৩ চর্ম্ম-বর্ম্ম। ৪ নদীভেদ। (শব্দার্থচি০)

বীরপট্ট (পুং) যুদ্ধকালের পরিচ্ছদ বিশেষ। (রাজতর০ ৫।৩৩২)

বীরপত্রা (স্ত্রী) বীরপ্রিয়াণি পত্রাণি যস্যাঃ। বিজয়া, চলিত সিদ্ধি, ইহা বীরদিগের অতিশয় প্রিয় এইজন্য ইহার এই নাম হইয়াছে। (রাজনি০) ২ ধারণী নামক মহাকন্দ।

বীরপত্নী (স্ত্রী) বীরাণাং পত্নী, যদ্বা বীরঃ পতির্যস্যাঃ, (নিত্যং সপত্ন্যাদিষু। পা ৪।১।৩৫) ইতি পত্যুর্নকারাদেশঃ। (ঋন্নেভ্যোঙীপ্ পা ৪।১।৫) ইতি ঙীপ্। ১ বীরভার্য্যা, বীরের স্ত্রী। ২ বেদোক্ত নদী বিশেষ। "অঞ্জসী কুলিশী বীরপত্নী পয়ো হিন্বানা" (ঋক্ ১।১০৪।৪) 'বীরপত্নী বীরস্য পালয়িত্রী এতৎসংজ্ঞিতাস্তিস্রো নদ্যঃ' (সায়ণ)

বীরপর্ণ (ক্লী) সুরপর্ণাভিধ সুগন্ধ পত্র। (রাজনি০)

বীরপস্ত্য (ত্রি) পুত্রাদিযুক্ত গৃহপ্রদ।

'বীরপস্ত্যঃ বীরা ঋত্বিগ্‌যজমানাঃ পুত্রভৃত্যাদয়ো বা তদ্বৎপস্ত্যং গৃহং যস্য স তাদৃশঃ। প্রেরিতগৃহো বা পুত্রাদ্যুপেতগৃহপ্রদ ইত্যর্থঃ।' (ঋক্ ৬।৫৪।৪ সায়ণ)

বীরপাণ[ন] (পুং) বীরাণাং পানং। বীরদিগের শ্রমনাশের জন্য পান, যুদ্ধে পরিশ্রম অপনোদনের জন্য বীরগণ যে পান করে, তাহাকে বীরপান কহে।

'বীরপাণন্তু যৎপানং বৃত্তে ভাবিনি বা রণে।' (অমর)

(বাভাবকরণয়োঃ। পা ৮।৪।১০) পাণিনির এই সূত্রানুসারে পান শব্দের ন বিকল্পে ণত্ব হয়, তাহা হইলে 'বীরপাণ' 'বীরপান' এইরূপ দুটী পদ হইবে।

বীরপাণ্ড্য, পাণ্ড্যবংশীয় রাজভেদ।

বীরপাল (পুং) কাশ্মীরের সামন্তভেদ। (রাজতর০ ৮।২১৮৩)

বীরপুর (ক্লী) ১ কান্যকুব্জরাজধানী। ২ হিমালয়শিখরস্থ নগরভেদ। (কথাসরিৎসা ৫২।১৬৯)

বীরপুরুষ (পুং) বীরঃ পুরুষঃ। বীর্য্যবিশিষ্ট পুরুষ, শূর, যাহারা যুদ্ধাদি স্থলে বীরত্ব প্রকাশ করে।

বীরপুষ্পী (স্ত্রী) বাট্যালকভেদ, চলিত মহাবলা। (বৈদ্যকনি০) ২ সিন্দূরপুষ্পীবৃক্ষ। (রাজনি০)

বীরপেশস্ (ত্রি) ১ বলিষ্ঠ দেহযুক্ত। 'বীরপেশাঃ পেশ ইতি রূপনাম। ইদং বিক্রান্তং রূপং। অত্র লিঙ্গব্যত্যয়েন বীরপেশা ইতি রূপম্।' (ঋক্ ৪।১১।৩ সায়ণ) ২ দীপ্তিবিশিষ্ট রূপ। 'বীরপেশাঃ প্রেরকজ্বালারূপঃ' (ঋক্ ১০।৮০।৪ সায়ণ)

বীরপ্রজায়িনী (স্ত্রী) বীরপ্রসবিনী, বীরমাতা।

বীরপ্রজাবতী (স্ত্রী) বীরপ্রজা বিদ্যতেঽস্যাঃ মতুপ্ মস্য ব, স্ত্রিয়াং ঙীষ্। বীরসন্ততিযুক্তা, যাহাদের পুত্র বীর। (মার্ক০পু০ ১২৫।৭)

বীরপ্রভ (পুং) ব্যক্তিভেদ। (কথাসরিৎসা০ ৫৯।২৫)

বীরপ্রমোক্ষ (ক্লী) তীর্থভেদ। (ভারত বনপ০)

বীরপ্রসবা (স্ত্রী) বীরপুত্রপ্রসবকারিণী।

বীরপ্রসূ (স্ত্রী) বীরান্ প্রসূতে প্র-সূ-কিপ্। বীরপ্রসবিনী স্ত্রী, যিনি বীরসন্তান প্রসব করিয়াছেন, বীরমাতা, বীরজননী।

বীরবাহু (পুং) বীরাঃ সমর্থাঃ বাহবো যস্য। ১ বিষ্ণু।

২ ধৃতরাষ্ট্রের পুত্রভেদ। (ভারত ১।৬৭।১০৩) ৩ রাবণের পুত্রভেদ। ৪ বানরভেদ। (গোঃ রামায়ণ ৬।১৭।১৫)

বীরবুক্ক (পুং) বিজয়নগরের মহীপতি বুক্করায়। [বিজয়নগর দেখ]

বীরভট (পুং) তাম্রলিপ্তির একজন প্রাচীন রাজা।

(কথাসরিৎসা° ৪৪।৪২)

বীরভদ্র (পুং) বীরাণাং ভদ্রং যেন। ১ অশ্বমেধ যজ্ঞের অশ্ব। ২ বীরশ্রেষ্ঠ। ৩ বীরণ। (মেদিনী) ৪ শিবগণবিশেষ। ইনি শিবের পুত্র বা অবতার বলিয়া কথিত। মহাভারতে ইঁহার উৎপত্তিবিবরণ এইরূপ লিখিত আছে যে, যখন দক্ষপ্রজাপতি মহাদেবকে অপমান করিবার জন্য শিববিহীন যজ্ঞ করেন, তখন দেবী ভগবতী এই সংবাদে নিতান্ত ব্যথিতা হইয়া অতিশয় খেদ-সহকারে মহাদেবকে বলেন যে, ভগবন্! আমি কিরূপ দান বা তপোনুষ্ঠান করিলে আমার পতি যজ্ঞের অর্দ্ধ বা তৃতীয় ভাগ প্রাপ্ত হন, তাহার উপায় আমাকে বলিয়া দিন। মহাদেব পার্ব্বতীর এই খেদোক্তি শুনিয়া কহিলেন, আমি সকল যজ্ঞের ঈশ্বর, আমি ভিন্ন যজ্ঞ পূর্ণ হইতেই পারে না। যাহা হউক তুমি আমার প্রতি কিরূপ বাক্য প্রয়োগ করা কর্ত্তব্য, তাহা জানিতে পার নাই, আজ তোমার মোহবশতঃই ইন্দ্রাদিদেবতা ও ত্রিলোকবাসী প্রাণিগণ মুগ্ধ হইয়াছে। যাহা হউক এক্ষণে তোমার প্রীতিসাধনের জন্য এক মহাবীরের সৃষ্টি করিতেছি। মহাদেব তখন মুখ হইতে এক ভয়ঙ্কর পুরুষের সৃষ্টি করিলেন। ঐ মহাপুরুষ সৃষ্ট হইবামাত্রই মহাদেব তাহাকে বীরভদ্র নাম দিয়া কহিলেন, বীরভদ্র! তুমি অচিরে সতী পার্ব্বতীর ক্রোধোপশমনের জন্য দক্ষের যজ্ঞ নষ্ট কর। তখন বীরভদ্র ঐ কার্য্য করিবার জন্য ইচ্ছা করিলে দেবীর ক্রোধসম্ভূতা মহাকালী সেই বীরপুরুষের অনুগামিনী হইলেন।

তখন বীরভদ্র রোষভরে ত্রিভুবন কম্পিত করিয়া নিজের রোমকূপ হইতে অসংখ্য রুদ্রগণের সৃষ্টি করিলেন। এই সকল রুদ্রগণ ভয়ানক শব্দে দক্ষের যজ্ঞস্থলে উপস্থিত হইয়া মহা ঘোরশব্দে যজ্ঞ বিনষ্ট করিয়া ফেলিল। ঋত্বিক্‌গণ ইহাদের ভয়ঙ্কর কার্য্য দেখিয়া যজ্ঞবেদী হইতে পলায়ন করিতে লাগিলেন। সর্ব্বদেবসুরক্ষিত যজ্ঞদেব ইহাদের ভয়ে মৃগরূপ ধারণ করিয়া পলায়ন করিতেছিলেন, তখন বীরভদ্র ক্রোধভরে ভূতগণের সাহায্যে পলায়মান যজ্ঞের শিরশ্ছেদন করিয়া প্রফুল্ল মনে ভয়ানক সিংহনাদ করিতে লাগিল। এই ভয়ানক শব্দে সকলই ভীত হইল। পৃথিবী কম্পিত হইতে লাগিল।

অনন্তর ব্রহ্মাদি দেবগণ ও প্রজাপতি দক্ষ বীরভদ্রের নিকটে গমন করিয়া কহিলেন, ভগবন্! আপনি কে? তখন বীরভদ্র সগর্ব্বে কহিলেন, আমি রুদ্র বা দেবী পার্ব্বতী নহি। আমি এই যজ্ঞে ভোজন বা কৌতূহলপরতন্ত্র হইয়া ব্রাহ্মণদিগকে দর্শন করিতে আসি নাই। দেবী পার্ব্বতী দুঃখিত হওয়াতে ভগবান্ রুদ্র ক্রুদ্ধ হইয়াছেন, আমি তাহারই আদেশে তোমার এই যজ্ঞ নষ্ট করিবার নিমিত্ত আসিয়াছি, আমার নাম বীরভদ্র। আমি রুদ্রদেবের ক্রোধানল হইতে উৎপন্ন হইয়াছি, আর দেবী পার্ব্বতীর ক্রোধ হইতে এই বীরনারী উৎপন্ন হইয়াছেন। ইহার নাম ভদ্রকালী। এখন যদি তুমি মঙ্গলকামনা কর, তাহা হইলে মহাদেবের শরণাগত হও, তোমার রক্ষা হইলেও হইতে পারে। তখন দক্ষ ভীত হইয়া মহাদেবের অষ্টোত্তর সহস্র নাম কীর্ত্তন করিয়া স্তব করেন। তাঁহার স্তবে তখন আশুতোষের রোষ আশু প্রশমিত হইল।

(মহাভারত শান্তিপ° মোক্ষধ° ৮৫ অ°)

কাশীখণ্ডে লিখিত আছে যে, দক্ষকন্যা পার্ব্বতী পিতার যজ্ঞের বিষয় নারদের মুখে অবগত হইয়া বিনা আহ্বানে তথায় গমন এবং পতিনিন্দা শুনিয়া সেই যজ্ঞস্থলেই দেহত্যাগ করেন। নারদ এই সংবাদ মহাদেবের নিকট দিলে মহাদেব ক্রোধে অধীর হইয়া রুদ্রমূর্ত্তি ধারণ করেন। তখন তাহার ক্রোধানল হইতে বীরভদ্র উৎপন্ন হয়। পরে বীরভদ্র দক্ষযজ্ঞ ধ্বংস করেন।

(কাশীখ° ৮৮, ৯০ অ°)

বায়ুপুরাণ মতে দক্ষযজ্ঞ বিনাশের জন্য শিবের মুখদেশ হইতে বীরভদ্র আবির্ভূত হন। তিনি সহস্রমস্তকবিশিষ্ট, সহস্র চক্ষুদ্বয় যুক্ত, দ্বিসহস্র পদসমন্বিত ও সহস্রগদাধৃক্। তাঁহার পরিধৃত ব্যাঘ্রাম্বর রক্তবিমণ্ডিত, হস্তে কুঠার ও প্রদীপ্ত ধনুক। পুরাণান্তরে তিনি শিবের ঘর্ম্মবিন্দু হইতে উদ্গত হইয়াছেন বলিয়া প্রকাশ। মহারাষ্ট্র দেশে শিবের এই মূর্ত্তির উপাসনা প্রচলিত আছে। তন্ত্রাদিতে বীরভদ্রের পূজামন্ত্রাদি উক্ত হইয়াছে। [দক্ষশব্দ দেখ।]

বীরভদ্র, ১ একজন হিন্দু নরপতি। পিতার নাম ভদ্রেন্দ্র। ইহাঁর সভায় তর্কপ্রদীপপ্রণেতা কোণ্ডভট্ট বিদ্যমান ছিলেন। ২ তন্ত্রসারধৃত একজন গ্রন্থকার। ৩ একজন প্রাচীন কবি। ৪ একজন জ্যোতির্ব্বিদ্, উৎপলকৃত বৃহৎসংহিতাটীকায় ইহার উল্লেখ আছে। ৫ একজন বৈদ্যকগ্রন্থপ্রণেতা। ৬ নীলকণ্ঠস্তোত্র রচয়িতা।

বীরভদ্রক (ক্লী) বীরভদ্রমেব স্বার্থে-কন্। ১ বীরণ। (জটাধর) ২ বীরভদ্রশব্দার্থ।

বীরভদ্রকালিকাকবচ, মহৌষধযুক্ত ধারণীভেদ। ইহা ধারণ করিলে রোগ, ভয় ও বিপন্মুক্তি হইয়া থাকে। বীরভদ্রতন্ত্রে এই মন্ত্রাত্মক কবচের উল্লেখ আছে।

বীরভদ্রদেব, বাঘেলবংশীয় জনৈক হিন্দুরাজা। ইনি ১৫৭৭ খৃষ্টাব্দে কন্দর্পচূড়ামণি নামে কামসূত্রের টীকা প্রণয়ন করেন। গ্রন্থকার গ্রন্থমধ্যে এইরূপ বংশ পরিচয় দিয়াছেন,—শালিবাহনের পুত্র বীরসিংহ, বীরসিংহের পুত্র বীরভানু, বীরভানুর পুত্র রামচন্দ্র, এই রামচন্দ্রের তনয় কুমার বীরভদ্রদেব। চন্দ্রালোকটীকাপ্রণেতা প্রদ্যোতন ভট্ট ইঁহার আশ্রিত ও সভাপণ্ডিত ছিলেন।

বীরভদ্ররস (পুং) সন্নিপাতজ্বরোক্ত রসৌষধবিশেষ। (রসচিং)

বীরভবৎ (পুং) বীর শব্দার্থ। এই প্রয়োগ দ্বিতীয় পুরুষে হইয়াছে। (কথাসরিৎসা° ১০।৪৪)

বীরভানু (পুং) রাজপুত্রভেদ।

বীরভার্য্যা (স্ত্রী) বীরস্য ভার্য্যা। বীরের পত্নী। (অমর)

বীরভুক্তি, জনপদভেদ। বীরভূমি।

বীরভুজ (পুং) রাজভেদ। (কথাসরিৎসা ৩৯।৩)

বীরভূপতি (পুং) বিজয়নগরের একজন রাজা(১৪১৮-৩৪খৃঃঅঃ)। ইনি যুববুক্কের পুত্র। প্রয়োগরত্নমালাপ্রণেতা চৌণ্ডপগাচার্য্য ইহাঁর আশ্রিত ছিলেন।

বীরভূম, বঙ্গদেশের অন্তর্গত বর্দ্ধমান বিভাগের এলাকাভুক্ত একটী জেলা। এই স্থানটী ২৩°৩৪´ ও ২৪°৩৫´ উত্তর অক্ষরেখার এবং ৮৭°৭´৩০´´ ও ৮৮°৪´১৫´´ পূর্ব্ব দ্রাঘিমার মধ্যে অবস্থিত। ভূমিপরিমাণ ১৭৫৬ বর্গ মাইল। ইহার উত্তরপশ্চিম সীমায় সাঁওতাল পরগণা, পূর্ব্বভাগে মুর্শিদাবাদ জেলা ও বর্দ্ধমান এবং দক্ষিণে বর্দ্ধমান জেলা। এই জেলার দক্ষিণ সীমায় অজয় নদ প্রবাহিত। এই অজয় নদই বীরভূমকে বর্দ্ধমান জেলার ভূভাগ হইতে বিচ্ছিন্ন করিতেছে। এই জেলার প্রধান শাসনকেন্দ্র—শিউড়ী সহর।

নামকরণ—বীরভূম নামটীর ব্যুৎপত্তিগত অর্থ এই যে, এই স্থানটী বীরের অধ্যুষিত ভূমি। এই স্থানে বীরগণ বাস করিতেন, অথবা এই স্থান বীরকীর্ত্তির রঙ্গভূমি বলিয়া প্রসিদ্ধ ছিল। কিন্তু ইদানীং য়ুরোপীয়গণ ইহার আরও একটী ব্যুৎপত্তির আবিষ্কার করিয়াছেন। তাঁহারা বলেন সাঁওতালীরা জঙ্গল অর্থে বীর শব্দের ব্যবহার করে। এই হেতু তাঁহাদের মতে জঙ্গলা বা অরণ্যময় ভূমিই বীরভূমি। এই ব্যুৎপত্তি অপ্রামাণিক। মল্লভূম, ধলভূম প্রভৃতি স্থানের ন্যায় ইহাও যে কোন সময়ে বীরউপাধিধারীগণের বাসস্থলী ছিল, তাহার প্রমাণ পাওয়া যায় এবং

হইলেই দেখা যায় ভূমির নিম্নে প্রস্তর স্তর রহিয়াছে। জীবে শিরাসমূহের ন্যায় এই সকল প্রস্তরস্তর পরিব্যাপ্ত হইয়াছে,ত কোথাও বা ভূমির উপরেই এই সকল প্রস্তরশ্রেণী প্রকটিত উঠিয়াছে। শিউড়ী হইতে ১৫ মাইল দক্ষিণ পশ্চিমে ৩০ ফিট উচ্চ একটী পাহাড় দৃষ্ট হয়। বীরভূম জেলার মধ্যে নৌ চলনযোগ্য বিশেষ কোন নদনদী নাই। অজয় নদই বীর নদনদীর মধ্যে প্রধানতম। এদ্ব্যতীত ময়ূরাক্ষী, বক্রেশ্বর, এবং দ্বারকা এই কয়েকটী নদ নদীর নামও উল্লেখযোগ্য। সময়ে কোন কোন নদ নদীতে ছোট ছোট নৌকা চ করিতে পারে। বীরভূমে হ্রদাদি নাই। বক্রেশ্বর নদের তাঁতিপাড়া নামে একখানি গ্রাম আছে। এই গ্রামের মাইল দূরে অনেক গুলি গন্ধকোৎস দেখিতে পাওয়া স্থানীয় লোকেরা এই সকল উৎসকে ভূম বক্রেশ্বর বক্রেশ্বরের বালুকাময় গর্ভে ক্ষুদ্র ক্ষুদ্র উষ্ণ প্রস্রবণ আছে। সকল স্থানে প্রতিবর্ষে অনেক তীর্থযাত্রীর সমাগম হয়। সা কুণ্ড গ্রামের নিকটে আরও একটী উষ্ণ প্রস্রবণ দেখিতে প যায়। এই জেলার খনিজ দ্রব্যের মধ্যে লৌহ ও পাথুরিয় উল্লেখযোগ্য। পূর্ব্বে বীরভূমে বড় বড় হিংস্র জন্তু দে পাওয়া যাইত, কিন্তু এখন তাহা দেখা যায় না। এখন সাঁ পরগণার বন্যভূমি হইতে ব্যাঘ্র বা ভল্লুক আসিয়া কখন বীরভূমের কোন কোন স্থানের অনাবৃত শস্যক্ষেত্রে উপস্থিত

পূর্ব্বে বীরভূমের এলাকাযুক্ত ভূভাগ পরিমাণে অ বেশী ছিল। বীরভূমের শাসনভার যখন প্রথমে ইংরাজের ন্যস্ত হয়, তখন ইহার পরিমাণ ৩৮৫৮ বর্গ মাইল ছিল। বি জমিদারীও তখন ইহার অন্তর্ভুক্ত থাকে। উনবিংশ শত প্রারম্ভে বিষ্ণুপুর বাঁকুড়া জেলার এলাকাভুক্ত হইয়াছে। পর বীরভূমের পশ্চিমভাগের কিয়দংশ সাঁওতাল পর সামিল করিয়া দিয়া ইহার পরিমাণ আরও হ্রাস করা এইরূপে এই জেলার পরিমাণ ক্রমশঃ হ্রাস করিতে ক অবশেষে ১৮৮৩ খৃষ্টাব্দে ১৭৫৬ বর্গ মাইলে দাঁড়াইয়াছে।

খৃষ্টীয় ১৬শ শতাব্দে বীরভূম শ্রোত্রিয় ব্রাহ্মণবংশের ছিল; তৎপরে ১৭শ শতাব্দের শেষে মুসলমান অধিকারে অ খৃঃ অষ্টাদশ শতাব্দের প্রারম্ভে জাফর খাঁ আসদুল্লা পাঠ হস্তে বীরভূমের জমিদারীশাসনভার প্রদান করেন। আসদু পূর্ব্বপুরুষগণ শতাধিক বৎসর পূর্ব্ব হইতে এদেশে বসবাস

পশ্চিম প্রান্তের পাহাড় প্রদেশ হইতে পতঙ্গপালের ন্যায় দস্যুরা আসিয়া বীরভূমবাসীদের দ্রব্যাদি লুটপাট করিয়া লইয়া যাইত। এই সকল দস্যুদল ক্রমে ক্রমে এমন প্রবল হইয়া উঠিল যে, উহারা রীতিমত দুর্গাদি নির্ম্মাণ করিয়া বীরভূমে আপনাদের প্রভুত্ব বিস্তার করিয়া তুলিল। ইহাদের উপদ্রবে সদর খাজনা রাজকোষে পৌছিত না। ব্যবসা বাণিজ্যে বাধা পড়িল, ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অনেক কারখানা পর্য্যন্ত বন্ধ হইয়া গেল। ঐ সকল দস্যুগণ অসীম সাহসে চারিদিকে দস্যুতা করিয়া বেড়াইত। রাজা বা জমীদারদের সহিত ইহাদের রীতিমত যুদ্ধ চলিত। এই লুণ্ঠনব্যবসায়ী পার্ব্বত্য লোকগুলি মুসলমান শাসনকর্ত্তৃগণের সময় হইতেই জন সাধারণকে ভয় দেখাইয়া অর্থাদি আদায় করিত। সামান্য ভয় দেখাইলেও অর্থাদি না দিলে উহারা তীর, ধনুক, লগুড় প্রভৃতি সংগ্রামসম্ভারসহ দলবলে সাজিয়া নিম্ন ভূভাগে আসিত, যাহারা বাধা দিত, তাহাদিগকেই নিহত করিত। গ্রাম নগরাদি লুণ্ঠন করিয়া আবার পার্ব্বত্য প্রদেশে চলিয়া যাইত। এই দস্যুদের ভয়ে বীরভূমের উত্তর প্রদেশে গঙ্গাতটেরও প্রায় শতাধিক মাইল পর্য্যন্ত স্থানে রাত্রিকালে কেহ আসিয়া নৌকা সহ অবস্থান করিত না। দস্যুদিগের আক্রমণ হইতে অধিবাসীদিগকে রক্ষা করার নিমিত্ত জমীদার ও রাজারা বহু প্রকার যত্ন চেষ্টা করিতেন, প্রাচীর পরিখা প্রভৃতি নির্ম্মাণ করিয়া দিতেন, এখনও স্থানে স্থানে এই সকল প্রাচীর পরিখার কিছু কিছু চিহ্ন বিদ্যমান আছে। ভাগলপুরের দক্ষিণপশ্চিম প্রান্তে এইরূপ প্রাচীরের ভগ্নাবশিষ্টাংশ এখনও বিদ্যমান রহিয়াছে।

১৭৬৯ খৃষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী যদিও বীরভূমে আপনাদের প্রভুত্ব প্রচার করার চেষ্টা করেন, কিন্তু তখনও এখানে ইংরাজদিগকে কেহ মান্য করিত না। ১৭৭২ সালে বীরভূম ইংরাজদের শাসনাধীন বলিয়া স্বীকৃত হইলেও স্থানীয় রাজাই বীরভূমের প্রকৃত শাসনকর্ত্তা ছিলেন। রাজাই এই প্রদেশ শাসন করিতেন। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে অতি সামান্য কর প্রদান করিতেন। পশ্চিম সীমান্ত রক্ষা করার ভার রাজার উপরেই ন্যস্ত থাকিত। কিন্তু এই সময় বীরভূমের ও মল্লভূমের (বিষ্ণুপুর) রাজাদের প্রভাব প্রতিপত্তি দিন দিন বিলুপ্তপ্রায় হইয়া পড়িতেছিল। রাজাদের সামরিক বলের অবস্থা অতীব শোচনীয় হইয়াছিল। ইহাদের আত্মরক্ষার ক্ষমতা পর্য্যন্ত তিরোহিত হয়। এদিকে দস্যুদিগের উৎপীড়নে প্রজারা ধনে প্রাণে প্রতিনিয়ত কষ্ট পাইত। দুর্বৃত্ত দস্যুগণের হস্ত হইতে তাহাদিগকে রক্ষা করার নিমিত্ত বীরভূম বা মল্লভূমের রাজাদের কোনও সামর্থ্য ছিল না।

১৭৮৪ খৃষ্টাব্দে দস্যুদের উপদ্রব এত অধিক বাড়িয়া উঠিল যে ইংরাজ কর্ত্তৃপক্ষ তখন আর নিশ্চিন্ত থাকিতে না পারিয়া দস্যুদমনের নিমিত্ত বদ্ধপরিকর হইলেন। ১৭৮৫ খৃষ্টাব্দের মে মাসে মুরশিদাবাদের কলেক্টার এডোয়ার্ড অর্টো আইডস্ তাঁহার এলাকার দক্ষিণ ভাগের দস্যুদের উৎপাতপ্রশমনের নিমিত্ত সকৌন্সীল গবর্ণরজেনারলের নিকট চারিশত সৈন্য চাহিয়া পাঠাইলেন। কিন্তু ইহাতে কোনও ফল হইল না। দস্যুগণ এই সংবাদ পাইয়া আপনাদের দলবল বৃদ্ধি করিয়া লইল। পর বৎসরে তাহারা সমগ্র বীরভূমে আপনাদের প্রভাব প্রতিপত্তি বিস্তার করিয়া তুলিল। এই সময়ে গবর্ণর জেনারল লর্ড কর্ণওয়ালিস দেখিলেন যে বীরভূম ও বিষ্ণুপুরের শাসন ভার কোন ক্ষমতাশালী দায়িত্ব-জ্ঞানশীল লোকের উপরে অর্পিত হওয়া কর্ত্তব্য। এই সময়ে তিনি ডব্লিউ পাইকে বিষ্ণুপুর ও বীরভূমের কলেক্টার রূপে নিযুক্ত করেন। ১৭৮৭ খৃঃ অব্দে বিষ্ণুপুর ও বীরভূম বৃটিশ কলেক্টারের শাসনাধীন হয়। কিন্তু এই পাই সাহেব দ্বারা আদৌ কোন কার্য্য হয় নাই। তিনি ৩ সপ্তাহ কাল এই কার্য্যে নিযুক্ত ছিলেন; সম্ভবতঃ দস্যুদের ভয়ে ভীত হইয়াই তিনি বিষ্ণুপুর হইতে পলায়ন করেন। সরকারী কাগজে লিখিত আছে যে "পাই" সাহেব পদোন্নতির সংবাদ পাইয়া অচিরে ও সহসা বিষ্ণুপুর হইতে চলিয়া যান।

যাহা হউক, মিঃ সারবারণ তাঁহার স্থান অধিকার করেন। ইঁহার শাসনের প্রারম্ভেই বিষ্ণুপুর হইতে শিউড়ীতে জিলা স্থাপিত হয়। মিঃ সারবারণকে বীরভূমের লোকেরা বীর বলিয়াই বুঝিতে পারিয়াছিল। ফলতঃ মিঃ সারবারণের শাসনপ্রভাবে দস্যুগণের অত্যাচার প্রশমিত হইয়াছিল। কিন্তু অপরদিকে মিঃ সারবারণের কৃপাতেই বিষ্ণুপুর ও বীরভূমের দেশীয় শাসনকর্ত্তৃগণের প্রভাব একবারেই চিরদিনের তরে বিলুপ্ত হইয়া পড়ে। তাঁহারা নামমাত্র রাজা ছিলেন বটে, কিন্তু কার্য্যতঃ অতি সামান্য বৈভববান্ ভদ্রলোকের অবস্থায় উপনীত হইলেন।

যাহা হউক যে উদ্দেশ্যে মিঃ সারবারণকে বীরভূমে প্রেরণ করা হয়, তাঁহাদ্বারা সে উদ্দেশ্য সুন্দররূপে সাধিত হইতে পারে নাই। ১৭৮৮ খৃঃ অব্দে কলিকাতার সংবাদপত্রে প্রকাশ পাইল, অজয় নদের দক্ষিণে দস্যুরা ভীষণ উৎপাত করিতেছে, তাহারা সরকারীকোষ লুঠিয়া লইয়াছে, সামরিক প্রহরীরা উহাদের কর্ত্তৃক পরাস্ত হইয়াছে, পাঁচজন মনুষ্য নিহত হইয়াছে, কোষাগার হইতে ৩০০০০ সিক্কা টাকা অপহৃত হইয়াছে।

১৭৮৮ খৃষ্টাব্দে গবর্ণমেণ্ট এবিষয়ের অনুসন্ধানে প্রবৃত্ত হইলেন। মিঃ সারবারণের ব্যবহার সন্দেহজনক বোধ হওয়ায় তাঁহাকে এই কার্য্য হইতে অপসৃত করিয়া মিঃ ক্রিষ্টোফার

কিটিং নামক একজন কর্ম্মচারীকে তথায় নিযুক্ত করা হইল। দুই মাস কাল যাইতে না যাইতেই মিঃ কিটিং দস্যুদের দুঃসাহস দেখিয়া একেবারে স্তম্ভিত হইয়া পড়িলেন। মিঃ কিটিং মনে করিয়াছিলেন মিঃ সারবারণের শাসনে দুরন্ত দস্যুদল সম্ভবতঃ নিপীড়িত হইয়া পড়িয়াছে, ইহাই মনে করিয়া তিনি একপ্রকার নিশ্চিন্ত ছিলেন, কিন্তু একদিন সহসা তাঁহার নিকট এক হৃদয়-বিদারক সংবাদ আসিল যে,তাঁহার বাসস্থান হইতে অতি অল্পদূরে পাঁচশত দস্যু আসিয়া চল্লিশ খানি গ্রামের অধিবাসীদিগকে একেবারে ধনেপ্রাণে মারিয়াছে। ইহার কয়েক সপ্তাহ পরেই ১৭৮৯ খৃষ্টাব্দে ফেব্রুয়ারী মাসে পার্ব্বত্য দস্যুগণ বীরভূম ও বিষ্ণুপুরের থানা পর্য্যন্ত আক্রমণ করে, পল্লীগ্রাম সম্বন্ধেত কথাই নাই। গ্রামে গ্রামে মারামারি রক্তারক্তি হইতে লাগিল। মিঃ কিটিং সীমান্ত প্রদেশে সৈন্যসংরক্ষণের নিমিত্ত বিবিধ ব্যবস্থা করিলেন বটে, কিন্তু দুর্দ্দান্ত দস্যুগণের উৎপাত তাহাতেও কমিল না।

অতঃপর সকৌন্সীল গবর্ণর জেনারল বীরভূম ও বিষ্ণুপুরের দস্যুর উপদ্রব নিবারণ করার নিমিত্ত এক প্রকার ক্ষুদ্র সমরের বন্দোবস্ত করিলেন। তিনি পার্শ্ববর্ত্তী অন্যান্য কালেক্টারদিগকে লিখিয়া জানাইলেন যে এ বিষয়ে তাঁহারা সকলেই একযোগে কার্য্য করিবেন, কেবল নিজ এলাকা লইয়া নিশ্চিন্ত থাকিবেন না। যে কোন স্থানে দস্যুদের উপদ্রবের কথা শুনিতে পাওয়া যাইবে কালেক্টারগণের অধীন সামরিক সিপাহীরা সেই স্থানে যাইয়া উপস্থিত হইবে। এইরূপে সৈন্য সংগৃহীত হইয়া একদা বীরভূম অঞ্চলের দুরন্ত দস্যুদের সহিত বৃটিশ সৈন্যদের এক খণ্ডযুদ্ধ হইয়াছিল। এই যুদ্ধে দস্যুগণ যথেষ্ট ভীত হইয়াছিল বটে, কিন্তু ইহাতেও তাহাদের প্রভাব একবারে বিলুপ্ত হইল না।

এদিকে তৎকালের বৃটিশ কর্ত্তৃপক্ষীয়দের হৃদয়ে আর একটা ঝোঁক থাকিয়া গেল। ইহাঁরা এদেশীয় ভূম্যধিকারীদের হস্ত হইতে শাসনভার তুলিয়া লইবার নিমিত্ত উন্মত্তবৎ ব্যতিব্যস্ত হইয়া উঠিলেন। বিষ্ণুপুরের রাজার নিকট কিঞ্চিৎ কর বাকী পড়িয়াছিল এই অপরাধে বুদ্ধিমান্ বৃটিশ-কর্ত্তৃপক্ষ তাঁহাকে ধরিয়া লইয়া কারারুদ্ধ করিলেন। অন্য কোন সময়ে তাঁহারা এইরূপ অত্যাচার ও অবৈধ কার্য্য করিলে হয়ত ইংরাজদের সহিত প্রজাদের যুদ্ধ অনিবার্য্য হইয়া উঠিত। কিন্তু নানা কারণে দেশের লোক তখন মনুষ্যত্ব হারাইয়াছিল, সুতরাং এই ভয়ঙ্কর ঘটনায় আর কোনও গোলযোগ ঘটিল না। কিন্তু তথাপি প্রজারা দস্যুদের সহিত মিলিয়া মিশিয়া ইংরাজ গবর্ণমেণ্টের বিরুদ্ধে চলিতে লাগিল।

তারপর আবার দস্যুদের উৎপাত প্রবল হইয়া উঠিল। এই সময়ে বৃটিশ গবর্ণমেণ্টের তোষাখানা লুটিয়া লইবার নিমিত্তই দস্যুদের অধিকতর চেষ্টা পরিলক্ষিত হইতে লাগিল। মিঃ কিটিং গবর্ণর জেনারলের নিকট সুশিক্ষিত সৈন্যের প্রার্থনা করিলেন, তাঁহার প্রার্থনামতে একদল সৈন্য প্রেরিত হইল। ইহারা বিভক্ত হইয়া অন্যান্য সৈন্যদের সঙ্গে নানা স্থানে জমায়েত ভাবে রহিল। কিন্তু ইহাতেও দস্যুদের উপদ্রব প্রশমিত হইল না। এমন কি দিবা দ্বিপ্রহরে দস্যুগণ দলে দলে আসিয়া প্রধান প্রধান সহরগুলি লুণ্ঠন করিতে প্রবৃত্ত হইল। এই অবস্থায় রাজধানী রাজনগর সহরটীকে দস্যুগণ একেবারেই দখল করিয়া বসিল। পাঁচ শত বৎসরের মধ্যে যেরূপ ঘটনা ঘটে নাই, মিঃ কিটিংএর শাসন সময়ে সেই দুর্দ্দশা ঘটিয়া গেল। মিঃ কিটিং বিষ্ণুপুরে বসিয়া রহিলেন, এদিকে দস্যুগণ বীরভূমের রাজনগরে আপনাদের প্রভুত্ব বিস্তার করিতে আরম্ভ করিল। মিঃ কিটিং অপ্রস্তুত হইয়া ক্রুদ্ধ হইলেন, বীরভূম হইতে দস্যুদিগকে বিতাড়িত করিয়া দিবার নিমিত্ত বিষ্ণুপুর হইতে বীরভূমে দলে দলে সৈন্য প্রেরণ করিলেন। এদিকে অপর একদল দস্যু সহসা বিষ্ণুপুর ঘেরাও করিল, পার্শ্ববর্ত্তী গ্রাম আক্রমণ করিতে লাগিল। দেখিতে দেখিতে বর্ষাকাল আসিয়া উপস্থিত হইল। অথচ ইঁহারা দস্যুগণকে কোন ক্রমেই দেশ হইতে বিতাড়িত করিয়া দিতে পারিলেন না। দস্যুদের উৎপীড়নে শাসনকর্ত্তৃগণের নিশ্চেষ্টতায় বা অসমর্থতায় প্রজাকুল একবার ব্যাকুল হইয়া উঠিল। তাহারা প্রকাশ্যে বলিতে লাগিল যে আমাদের রাজাকে দুর্ব্বল বলিয়া ফিরিঙ্গীরা দেশশাসনের ভার নিজ হস্তে গ্রহণ করিল, কিন্তু ইহারা আমাদের রাজা অপেক্ষাও সহস্র গুণে অক্ষম। ইহাদের উপরে নির্ভর করিয়া থাকিলে আর চলিবে না। প্রজারা তখন দুঃসাহসী হইয়া উঠিল। তাহারা বাঁশ কাটিয়া বড় বড় লাঠি প্রস্তুত করিল, অবশেষে সাহসে ভর করিয়া কৃষকেরা দস্যুদিগকে দেশ হইতে বিতাড়িত করিয়া দিতে লাগিল। ইংরাজের কামানে যাহা করিতে না পারিয়াছিল, বাঙ্গলার কৃষকদের লাঠির চোটে অতি সহজেই তাহা সম্পন্ন হইয়া গেল। ইংরাজশাসনকর্ত্তারা বীরভূমের শাসনভার স্বীয় হস্তে গ্রহণ করিয়া দুই বৎসর কাল মহা ব্যতিব্যস্ত হইয়া পড়িয়াছিলেন।

বীরভূমের প্রাচীন ইতিহাস সম্বন্ধে কিছু লিখিবার পূর্ব্বে এই-স্থান কি নিমিত্ত বীরভূম নামে অভিহিত হইল, তাহার একটী প্রবাদ প্রকাশ করা যাইতেছে। কথিত আছে, কোন সময়ে

বীরভূমের প্রাচীন ইতিহাস

বিষ্ণুপুরের রাজা তাহার পালিত শিকারী পক্ষীসহ তদীয় রাজ্যের পার্ব্বত্যদেশে গমন করিয়াছিলেন। তিনি পার্ব্বত্যপ্রদেশে এই সকল শ্যেনপক্ষী দ্বারা অপরাপর পক্ষী শিকার করিতেন। পার্ব্বত্য প্রদেশে যাইয়াও তাঁহার সেই ইচ্ছা বলবতী হইল, তিনি সামান্য একটি

নিরীহ ক্ষুদ্র পক্ষী ধরিবার জন্য তাঁহার বলশালী শিকারী পক্ষীর প্রতি ইঙ্গিত করিলে, পাখীটী তৎক্ষণাৎ উড়িয়া সেই ক্ষুদ্র পাখীর নিকটে গেল। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে সেই ক্ষুদ্র পার্ব্বতীয় পক্ষীটি শিকারী পক্ষীকে দেখিয়া কিছুমাত্র ভীত হইল না। পরন্তু স্থির গম্ভীরভাবে বসিয়া রহিল; শিকারী পাখীটী যেই উহাকে আক্রমণ করিতে উদ্যত হইল পার্ব্বতীয় পক্ষীটী তৎক্ষণাৎ বীরদর্পে উহার উপর আপতিত হইয়া উহাকে এমন গুরুতররূপে আক্রমণ করিয়াছিল যে, সে ক্ষণমাত্র আর স্থির থাকিতে না পারিয়া প্রাণভয়ে রাজার নিকট পলাইয়া আসিল। এই অদ্ভুত ব্যাপার দেখিয়া রাজা বিস্মিত ও স্তম্ভিত হইলেন এবং অবশেষে স্থির করিলেন যে এই ভূমিরই এমন কোন বীরমাহাত্ম্য আছে যে, সেই মাহাত্ম্যবলে আমার অতি পরাক্রমশীল শিকারী পাখীটীও একটী ক্ষুদ্র পাখীর নিকট পরাস্ত হইল। সুতরাং এই ভূমি নিশ্চয়ই বীরভূমি।

পূর্ব্বকালে বীরভূমের উত্তরসীমায় মুঙ্গের ও রাজমহল, দক্ষিণসীমায় বর্দ্ধমান ও পঞ্চকোট (বাঁকুড়া), পূর্ব্বসীমায় রাজশাহী এবং পশ্চিমসীমায় মুঙ্গের ও পাঁচেট অবস্থিত ছিল। মুসলমান শাসন-কর্ত্তাদের সময়ে এই ভূভাগ মদারন বা মন্দারন বলিয়া অভিহিত হইত। আবুল ফজলের গ্রন্থে এই স্থানটির নাম মদারন বলিয়া উল্লেখ আছে।

প্রাচীন সময়ে বীরভূম জঙ্গলে পরিপূর্ণ ছিল। বৃষ্টি ভিন্ন জলের অপর কোন সুব্যবস্থা ছিল না। সুতরাং এই দেশ প্রাচীনকালে কৃষিকার্য্যে অনুপযুক্ত ছিল। বীরভূম যখন দিল্লীর বাদ্‌শাদের শাসনাধীন হইল তখন তাঁহারা দেখিতে পাইতেন, প্রায়শঃই ঝাড়খণ্ডি নামক একশ্রেণীর পার্ব্বত্য দস্যু নিম্ন ভূখণ্ডে নামিয়া অধিবাসীদের দ্রব্যাদি লুণ্ঠন করিয়া লইয়া যায়। উহাদের উপদ্রব নিবারণ করিবার নিমিত্ত সের শা সেখ-বদরুল্লার পুত্র অব্‌দুল্লার হস্তে বীরভূমের প্রধান নগর শিউড়ীর ভার সমর্পণ করেন।

শিউড়ীর পূর্ব্বভাগে একচক্রা নামে এক গ্রাম আছে। কথিত আছে যে জতুগৃহদাহের পর পাণ্ডবেরা এই একচক্রা গ্রামে আশ্রয় লইয়াছিলেন। এই স্থানে ভীম হিড়িম্বক রাক্ষসকে বধ করিয়া তাহার ভগিনী হিড়িম্বাকে বিবাহ করেন। তখন এই একচক্রা নামক গণ্ডগ্রামের মধ্যে আরও অনেকগুলি পল্লী অন্তর্ভুক্ত ছিল। যথা—ঘোড়াদহ, গন্ধুটিয়া ও কটেশ্বর প্রভৃতি। একচক্রা নগরে ভীম কিয়ৎদিবস অবস্থান করেন। সাড়ে চারিশত বর্ষ পূর্ব্বে এই একচক্রা গ্রামে শ্রীমন্ নিত্যানন্দপ্রভু জন্মগ্রহণ করেন। শ্রীচৈতন্য ভাগবতেও এই সম্বন্ধের উল্লেখ দেখিতে পাওয়া যায়। যথা—

"রাঢ় মাঝে আছে একচক্রা গ্রাম।
তথায় জন্মিলা প্রভু নিত্যানন্দ ধাম॥"

বীরভূমের আর একটী প্রাচীন নগরের নাম দেওঘর। শ্রীরাম যখন বনবাসে গমন করেন, তখন এই স্থানে এক শিবলিঙ্গ স্থাপন করিয়া যান বলিয়া প্রবাদ আছে। বীরভূমের বক্রেশ্বর তীর্থ অতি প্রসিদ্ধ স্থান। তৎসম্বন্ধে বক্রেশ্বর শব্দে সবিস্তার দ্রষ্টব্য।

বীরভূমের প্রাচীন হিন্দু রাজাদের মধ্যে লাউসেন এবং ইছাই ঘোষের নাম অতি প্রসিদ্ধ। এতদ্ব্যতীত সাঙ্গাই, গিধোর, প্রভৃতি রাজাদের নামও শুনা যায়। কিন্তু ইহারা আদিম অসভ্য জাতীয় লোক বলিয়াই প্রসিদ্ধ। তদ্ভিন্ন মোনারসিংহ ও বীরসিংহ প্রভৃতি রাজগণের নামও শুনিতে পাওয়া যায়।

বীরভূমের পার্ব্বত্য প্রদেশ ইতঃপূর্ব্বে এক শ্রেণীর পাহাড়িয়া লোকদের অধ্যুষিত ছিল। পাহাড়ের নিম্নে রাজারা আপনাদের বাসস্থান নির্ম্মাণ করিতেন।

বীরভূমের প্রাচীন হিন্দুরাজগণের কোনও ঐতিহাসিক বিবরণ জানা যায় না। যাহা কিছু জানা যায় তাহার ঐতিহাসিক ভিত্তি বড় সুদৃঢ় নহে।

কথিত আছে, উত্তরপশ্চিম প্রদেশ হইতে বীরসিংহ ও চৈতন্যসিংহ নামক দুই ভ্রাতা বীরভূমে আগমন করেন। ইহাঁদের শাসনে পাহাড়ীয়ারা পরাস্ত হয়। ইহাঁরা বীরভূমে আপন প্রভুত্ব সংস্থাপন করেন। বীরসিংহের নামানুসারে বীরসিংহনগর, এবং চৈতন্যসিংহের নামানুসারে চৈতন্যপুর নগর বীরভূমে সংস্থাপিত হয়। এখনও এই দুই নগর বীরভূমে বর্ত্তমান রহিয়াছে। বীরসিংহের ভ্রাতা ফতেসিংহ মুরশিদাবাদের অনেক স্থান স্বীয় করায়ত্ত করিয়াছিলেন। তাঁহার নামানুসারেই ফতেপুর নামক পরগণার সৃষ্টি হয়।

বীরসিংহই বীরভূমের প্রথম হিন্দুরাজা। বীরসিংহের যথেষ্ট দৈহিক বল ছিল। প্রবল পরাক্রমশীল রাজা বীরসিংহ স্বীয় বাহুবলপ্রভাবে বীরভূমের বহু স্থান স্বীয় শাসনাধীন করিয়াছিলেন। ইনি নিজের ভ্রাতাকে তদীয় রাজ্য হইতে বিতাড়িত করিয়া তথায় আপন প্রভুত্ব বিস্তার করেন। অনেক রাজা ও জমীদার বীরসিংহের অধীন হইয়া তাঁহাকে কর দিতেন। শিউড়ীর পূর্ব্বভাগে প্রাচীন বীরসিংহপুরের ধ্বংসাবশিষ্ট স্থানে এখনও বহুল দুর্গ, প্রাসাদ ও পুষ্করিণী প্রভৃতির চিহ্ন দেখিতে পাওয়া যায়। রাজা বীরসিংহ মুসলমানদের সহিত সম্মুখ সমরে প্রাণ পরিত্যাগ করেন। পাছে বা বিজয়ী মুসলমানদের দ্বারা নিগৃহীতা হয়েন, এই ভয়ে রাণী একটী পুষ্করিণীতে প্রাণ বিসর্জ্জন করেন। যে পুষ্করিণীতে রাণী স্বীয় প্রাণ পরিত্যাগ করিয়াছিলেন

এখনও সেই পুষ্করিণী বর্ত্তমান, উহা রাণীদহ নামে খ্যাত। বীরসিংহ এক কালীমন্দির নির্ম্মাণ করিয়া তাহাতে কালীমূর্ত্তি সংস্থাপন করেন।

এই রাজা বীরসিংহপুরের নিকটে একটী গোপালমূর্ত্তিও সংস্থাপন করিয়াছিলেন। এই স্থানটী এক্ষণে জঙ্গলাবৃত। জনসাধারণ ইহাকে গুপ্তবৃন্দাবন নামে অভিহিত করিয়া থাকে।

বীরভূমের রাজনগরের ইতিবৃত্ত পাঠে জানা যায় যে, রাজনগরে কোনও সময়ে পালবংশের রাজধানী ছিল। পালবংশীয়দের কীর্ত্তিকলাপের বহুবিধ চিহ্ন রাজনগরে দেখিতে পাওয়া গিয়াছে। পালবংশের পরে কোনও সময়ে রাজনগরে সেনরাজগণেরও রাজধানী ছিল, তাহারও যথেষ্ট নিদর্শন আছে। ঐ সময় ঐ স্থান লক্ষ্মণনগর এবং মুসলমান আমলে তাহারই অপভ্রংশে লখ্‌নোর নাম হয়।

যাহা হউক, ইহার পর বীরভূমে বীররাজা নামে এক ব্রাহ্মণ রাজা রাজত্ব করেন। এই বীররাজা রাজনগরে অবস্থান করিতেন। তাঁহার যথেষ্ট শৌর্য্যবীর্য্য ছিল। পার্শ্ববর্ত্তী রাজা ও জমীদারগণ তাঁহাকে রাজচক্রবর্ত্তী বলিয়া সম্মান করিতেন। যে সময়ে পাঠানেরা স্বীয় প্রভাবে এদেশে আপনাদের শাসন বিস্তারপূর্ব্বক সমগ্র দেশটীকে বিধ্বস্ত করিয়া ফেলিতেছিল সেই সময়ে বীররাজা স্বীয় পরাক্রম-প্রভাবে পাঠানদিগের হস্ত হইতে এ দেশকে উদ্ধার করেন। রাঢ়ীয়ব্রাহ্মণকুলগ্রন্থে ইনি বসন্তচৌধুরী নামে সুপরিচিত।

এই সময়ে আসাদুল্লা খাঁ ও জুনিদ খাঁ নামক দুইজন পাঠান তাঁহার নিকট উপস্থিত হয়। এই দুইটি পাঠানের আকৃতি ও সৌন্দর্য্য দেখিয়া উহাদের প্রতি বীররাজার চিত্ত আকৃষ্ট হইল, তিনি উহাদিগকে আপন রাজ্যের প্রধান কর্ম্মচারিরূপে নিযুক্ত করিলেন। উহাদের একজনকে মন্ত্রী ও অপরকে সৈন্যাধ্যক্ষ পদে প্রতিষ্ঠিত করা হইল। ইহাঁদের সুশাসনে বীরভূমের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। কিন্তু পাঠানদিগকে বিশ্বাস করা বুদ্ধিমানের কার্য্য নহে। বীররাজার শৌর্য্যবীর্য্য থাকিলেও তাঁহার দূরদর্শিতা বা নীতিজ্ঞান ছিল না। সুতরাং তজ্জন্য যে বিষময় ফলভোগ করিতে হয়, বীররাজার পক্ষে অচিরেই সেই ফল সুপক্ক ও সুলভ্য হইয়া উঠিল।

পাঠানেরা দেখিতে পাইল তাহারাই দেশের প্রকৃত শাসনকর্ত্তা, বীররাজা কেবল নামে মাত্র এ দেশের রাজা। বীররাজাকে বিনষ্ট করিয়া তাহারাই অতি সহজে দেশের রাজা হইতে পারে। পাঠানদের হৃদয়ে এই উচ্চতর আশাবহ্নি ক্রমশঃ অধিকতর বেগে জ্বলিয়া উঠিতে লাগিল, উহারা দিবানিশি রাজার ধ্বংসসাধনের উপায় চিন্তা করিতে প্রবৃত্ত হইল। আসাদুল্লা বীররাজার মহিষীর সৌন্দর্য্য দেখিয়া বিমুগ্ধ হইয়াছিল। মহিষীর সৌন্দর্য্যও অজ্ঞাতসারে রাজার কাল হইয়া উঠিল।

এক দিবস রাজা তাঁহার কুস্তীখানায় কুস্তী করিতেছিলেন, আসাদুল্লাও তথায় উপস্থিত হন। রাজা উহাকে সেখানে প্রবেশ করিতে নিষেধ করেন। আসাদুল্লা তাহাতে ক্রুদ্ধ হইয়া নিজ ভ্রাতা জুনিদকে লইয়া দরজা ভাঙ্গিয়া কুস্তীঘরে প্রবেশপূর্ব্বক সহসা রাজাকে গুরুতর রূপে আক্রমণ করে। যখন আসাদুল্লা ও রাজা উভয়ে মল্লযুদ্ধে প্রবৃত্ত হইয়া ক্লান্ত ভাবে হাতা হাতি করিতেছিলেন, তখন দুষ্টমতি দুরভিসন্ধিশীল জুনিদ খাঁ এই উভয়কে নিকটস্থ একটী কূপের মধ্যে ফেলিয়া দিয়া নিহত করে। জুনিদের ঈদৃশ অপারমার্থিক ক্রিয়ায় বীররাজার নিধনসাধন হইলে রাজমহিষীসম্বন্ধে অনেক কথা শুনা যায়। যাহা হউক অল্পদিন পরেই রাজমহিষীরও মৃত্যু ঘটে। যদিও রাজার পুত্রাদি ছিল, কিন্তু পাঠানদিগের প্রভাবে রাজপুত্রদের কোনও অধিকার জন্মিল না। জুনিদ মৃত্যুকালে বাহাদুর খাঁ নামক একটি পাঠানের হস্তে বীরভূমের শাসনভার সমর্পণ করিয়া যায়। এই জুনিদ হইতে ফুলিয়ামেলে হেড়াদোষ ঘটে।

বাহাদুর খাঁর অপর নাম রণমত্ত খাঁ; তিনি বাঙ্গালা ১০০৭ সালে (ইং ১৬০০ খৃঃ) ঐ শাসনভার প্রাপ্ত হন এবং ৫৯ বৎসর কাল পর্য্যন্ত এই শাসনকর্ত্তৃপদে অধিষ্ঠিত থাকেন।

কথিত আছে, ইঁহার শাসন সময়ে বীরভূমের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল, রাজ্য মধ্যে সুখশান্তি সর্ব্বদা বিরাজিত থাকিত, লোক সংখ্যা বৃদ্ধি পাইয়াছিল, কৃষিকার্য্যেরও যথেষ্ট উন্নতি সাধিত হয়। ইহার মৃত্যুর পর তদীয় একমাত্র পুত্র খাঁজে কমল খাঁ পিতৃসিংহাসনে অধিরূঢ় হন। খাঁজে কমল খাঁর সম্বন্ধে সবিশেষ কোন ঐতিহাসিক ঘটনার কথা শুনা যায় না। বাঙ্গালা ১১০৪ সালে (ইং ১৬৯৭ খৃঃ) তঁহার মৃত্যু হয়। ইহাঁর মৃত্যুর পর তৎ পুত্র আসাদুল্লা খাঁ সিংহাসনে অধিষ্ঠিত হন। আসাদুল্লা জ্ঞানী ও ধার্ম্মিক ছিলেন। ইনি যথেষ্টপরিমাণে সৈন্যসংখ্যার বৃদ্ধি এবং বীরভূমে অনেক পুষ্করিণী আদি খনন করেন। তাহাতে রাজ্যের জলাভাব বিশেষ প্রকারে বিদূরিত হয়। ইহার সময়ে বীরভূমে বহু মস্‌জিদ নির্ম্মিত হইয়াছিল। ইনি দুই পুত্র রাখিয়া পরলোক গমন করেন, একজনের নাম বাদিয়াজমা, ও অপরের নাম—আজমত খাঁ।

বাঙ্গালা ১১২৫ সালে (ইং ১৭১৮ খৃঃ) বাদিয়াজামা সিংহাসনে আরোহণ করেন, এবং মুর্শিদাবাদের নবাব মুর্শিদকুলী খাঁর নিকট হইতে সনদ প্রাপ্ত হয়েন। এই সময়ে মুর্শিদাবাদের নবাবের সহিত বীরভূমের শাসনকর্ত্তার নূতন বন্দোবস্ত হয় যে, বাদিয়াজমা নবাবকে বার্ষিক ৩৪৬০০০ টাকা কর দিবেন। ইহাঁর শাসন

সময়ে ভাস্কর পণ্ডিতের অধীনস্থ একদল মহারাট্টা বঙ্গদেশে আসিয়া দেশে লুণ্ঠন ব্যবসায় প্রবৃত্ত হয়। ইহারা কেন্দুডাঙ্গা বা গঞ্জমুরসিদ নামক স্থানে শিবির সন্নিবেশ করে।

বাদিয়াজমা ও তাঁহার ভ্রাতা আলিনকি এবং বর্দ্ধমানের রাজার সাহায্যে মুর্শিদাবাদের নবাব এই মহারাট্টা দস্যুদিগকে এদেশ হইতে বিতাড়িত করিয়া দেন। বাদিয়াজমার দুই স্ত্রী ছিলেন। প্রথমা স্ত্রীর গর্ভে ইঁহার দুইটী পুত্র জন্মে, একটীর নাম আহম্মদজমা খাঁ, অপরের নাম মহম্মদআলী খাঁ। দ্বিতীয় স্ত্রীর গর্ভে আসদজমা খাঁ নামে একটী পুত্র হয়। এতদ্ব্যতীত বাহাদুর খাঁ নামক তাঁহার আরও একটী অবৈধ পুত্র ছিল। পিতার মৃত্যুর পর ভ্রাতাদিগের সম্মতিক্রমে আসদজমা পিতৃসিংহাসনে প্রতিষ্ঠিত হন। আলিনকি খাঁ ও আহম্মদজামা খাঁ বীর ছিলেন।

ইহাঁরা মুর্শিদাবাদের নবাব সিরাজউদ্দৌলার অধীন সামরিক কার্য্যে নিযুক্ত হইয়াছিলেন। আলিনকি খাঁ সিরাজউদ্দৌলার সৈন্যাধ্যক্ষ হইয়া ইংরাজদের সহিত যুদ্ধ করার জন্য কলিকাতায় আসিয়া বাগ্‌বাজারে শিবির সংস্থাপন করেন। ইহাদের পরাক্রমপ্রভাবে ইংরাজেরা বালী ও হাওড়ায় পলাইয়া যায়। এই যুদ্ধে বিজয়লাভ করিয়া আলিনকি খাঁ কলিকাতার দক্ষিণে নিজের আবাস নির্ম্মাণ করেন। বর্ত্তমান আলিপুরই সেই স্থান। আলিনকির নাম অনুসারেই আলিপুর সহরের সৃষ্টি হয়।

সিরাজউদ্দৌলার সৈনিকগণের মধ্যে আলিনকি ও তাঁহার ভ্রাতা আহম্মদজমাদ খাঁ এই উভয়েই নিরতিশয় বিক্রমশালী বীরপুরুষ ছিলেন। বর্ত্তমান বৈদ্যনাথ সহরের সহিত আলিনাকি খাঁর নাম ইতিহাসের পৃষ্ঠায় বিজড়িত রহিয়াছে। গিধোড়ের রাজার সৈন্যবল বীরভূমে প্রবেশ করিয়া যখন আলিনকির পিতা বাদিয়াজমাকে পরাস্ত করে, তখন আলিনাকির পিতৃ শত্রুকে বিতাড়িত করিয়া দেওয়ার জন্য দেওঘর পর্য্যন্ত অগ্রসর হইয়াছিলেন। ইনি গিধোড় রাজের সৈন্যদিগকে পরাস্ত করিয়া দিয়া বৈদ্যনাথ সহর দখল করেন। ইনি বৈদ্যনাথ দেবকে পাণ্ডাদের হস্তে অর্পণ করিয়া তাঁহাদের নিকট হইতে কর আদায়ের বন্দোবস্ত করিয়া চলিয়া যান। কথিত আছে এই সময়ে বৈদ্যনাথের পাণ্ডাদের মাসিক ৫০০০০ টাকা আয় হইত।

আলিনকি যদিও সমরকৌশলে ও বাহুবলে অতীব বীর বলিয়া প্রসিদ্ধ ছিলেন, কিন্তু রাজপদলাভের উচ্চ আশা কোনও সময়ে তাহার বীরহৃদয়ে সঞ্চারিত হয় নাই। তাঁহার পিতার মৃত্যুর পরেও আসদজমা খাঁ সিংহাসনাধিরূঢ় থাকিলেন, আলিনকি তাহাতে কোন বাধা দিলেন না। রাজপদে অনেক সময়েই মাৎসর্য্য ও মত্ততার সহিত বিজড়িত হয়। আসদজমাও রাজবৈভবে প্রমত্ত হইয়া উঠিলেন। মুর্শিদাবাদের নবাবের সম্মতি ক্রমেই তিনি বীরভূমের রাজপদে প্রতিষ্ঠিত হইয়াছিলেন। কিন্তু নবাবের পুত্র মীর জাফরালীর মৃত্যুর পরে আসদজমা সুযোগ বুঝিয়া মুর্শিদাবাদের নবাবের সর্ব্বনাশ সাধনার্থ সমর সাজে চুণাখালি পর্য্যন্ত অভিযান করিলেন। নবাব তখন নিরুপায় হইয়া সন্ধির প্রার্থনা করেন, কিন্তু তাহাতেও আসদজমা সন্তুষ্ট না হইয়া গঙ্গা পার হইয়া মুর্শিদাবাদ অভিমুখে যাত্রা করিলেন।

এই সময়ে নবাবের পত্নী মারী বেগম বিপৎ প্রতীকারের নিমিত্ত সহসা এক উপায় উদ্ভাবন করিলেন। মারি বেগম ইংরাজ কর্ত্তৃপক্ষের নিকট প্রস্তাব করিলেন যে, তাঁহারা যদি এই যুদ্ধে সাহায্য করেন, তবে নবাব তাহাদিগকে বিপুল একটা তালুক ছাড়িয়া দিবেন। ইংরাজেরা ইহাতে সম্মত হইয়া যুদ্ধে প্রবৃত্ত হন। আসদজমা তখন রাজনগরের দুর্গে আশ্রয় লইয়াছিলেন। ইংরাজেরা ক্রমাগত কয়েক দিবস এই দুর্গ আক্রমণ করিয়া আসদ জমাকে পরাস্ত করেন। এই যুদ্ধে তাঁহার সৈন্যাধ্যক্ষ আফজল খাঁ নিহত হন। এই যুদ্ধাবসানে যে সন্ধি হয়, তাহার মর্ম্ম এইরূপ :—

(১) বীরভূমের রাজস্বের একতৃতীয়াংশ ইংরাজদিগের প্রাপ্য হইবে।

(২) ইংরাজেরা বীরভূমের কোন ব্যাপারের সংশ্রব রাখিবেন না।

(৩) রাজা সর্ব্বপ্রকার প্রয়োজনীয় বিষয়ে ইংরাজদের পরামর্শ লইয়া কার্য্য করিবেন।

এই যুদ্ধে আসদ জমার সুশিক্ষা হইয়াছিল। ইহার পর তিনি মুর্শিদাবাদের নবাবকে যথারীতি কর প্রদান করিতেন। মুন্সী অনুপ মিশ্র তাঁহাকে ঋণদান করিয়াছিলেন ; ঋণশোধ দিতে না পারিয়া তাহাকে এক হাজার বিঘা জমী প্রদান করেন।

১১৮৪ সালে (১৭৭৭ খৃষ্টাব্দে) বাতব্যাধি রোগে কলিকাতায় আসদ জমার মৃত্যু হয়। আসদজমা উদার ছিলেন, বীরত্ব ও তাঁহার উচ্চাশার কথা পূর্ব্বেই বলিয়াছি। সমগ্র বঙ্গে স্বীয় প্রভুত্ব স্থাপন করার নিমিত্ত তাহার হৃদয়ে বলবতী আশার উদ্রেক হইয়াছিল। ইনি ২৬ বৎসর কাল বীরভূমে রাজত্ব করেন।

আসদ জমার মৃত্যুর পরে তাঁহার ভ্রাতা বাহাদুর খাঁ রাজপদের দাবা করেন। কিন্তু আসদ জমার বিধবা বেগম তাহাতে বাধা দিয়া তাঁহার পুত্র লালবিহীকে ন্যায় বিচারে সিংহাসনে প্রতিষ্ঠিত করিবার নিমিত্ত ইংরাজ কর্ত্তৃপক্ষের নিকট প্রার্থনা করেন। ইংরাজ কর্ত্তৃপক্ষ লালবিহীকেই সিংহাসনে প্রতিষ্ঠিত

করেন। লালবিহী সিংহাসনে সমাসীন হইলেও তিনি নাবালক ছিলেন। রাজকার্য্যাদি তাহার মাতাকেই করিতে হইত। কিন্তু কুচক্রী বাহাদুর নানাপ্রকার চক্র করিয়া বীরভূমের শাসন-ভার স্বীয় করায়ত্ত করেন। ১১৯৬ সালে (ইং ১৭৮৯) বাহাদুরের মৃত্যু হয়। অতঃপর তাঁহার পুত্র মহম্মদজমা খাঁ সিংহাসনাধিরূঢ় হন।

বাঙ্গালা ১১৯৭ (ইং ১৭৯০) সালে মহম্মদ জমা রাজ্যভার প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার নাবালক অবস্থায় দেওয়ান লালা-রামনাথ এবং মিঃ কিটীং বীরভূমের রাজকার্য্য পর্য্যবেক্ষণ করিতেন। পরে ইনি পূর্ণবয়ঃ প্রাপ্ত হইয়া স্বয়ং যোগ্যতার সহিত শাসনকার্য্য নির্ব্বাহ করেন। ইহাঁর রাজত্ব সময়ে বীরভূমে সাতলক্ষ লোকের বাস ছিল। ইহাদের মধ্যে হিন্দুর সংখ্যা ছিল এক তৃতীয়াংশ (প্রকৃত পক্ষে প্রায় দুই তৃতীয়াংশ)। লালারামনাথেরও যথেষ্ট ক্ষমতা ছিল। ইনি শিউড়ী হইতে ৬ মাইল দূরে ভাণ্ডীবন নামক স্থানে ভাণ্ডীশ্বর নামে শিবমন্দির সংস্থাপিত করেন।

মহম্মদ জমা খাঁ বাঙ্গলা ১২০৯ (ইং ১৮০২ সালে) পিতৃ-সিংহাসন এবং ১২১৯ (ইং ১৮১২ সাল) ইংরাজ কর্ত্তৃপক্ষের সনদ প্রাপ্ত হন। ১২৬২ সালে (ইং ১৮৫৫) ইনি জহর জমা খাঁ নামক এক পুত্র রাখিয়া পরলোক গমন করেন।

বীরভূমের প্রাচীন রাজবংশ ও রাজ্যশাসন সম্বন্ধে প্রচুর ঐতিহাসিক কাহিনী আছে। কিন্তু ঐতিহাসিকগণ এখনও তৎসম্বন্ধে উপাদান সংগ্রহ করিতে প্রবৃত্ত হন নাই।

বীরভূমের পরগণা সমূহ।

(১) অভিরামপুর, (২) আকবরশাহী, (৩) আলিনগর, (৪) আমডমরা, (৫) আমরুল, (৬) আনন্দ নগর, (৭) আজা-মতশাহী, (৮) বাজারণ, (৯) বাণহাট, (১০) বড় তালুক, (১১) বারবকসিং, (১২) বাজে বর্দ্ধমান, (১৩) বহড়ান, (১৪) বেলতলী, (১৫) ভদ্রপুর, (১৬) ভাতশালা, (১৭) ভর-কাদা, (১৮) বিরমপুর, (১৯) চন্দ্রপুর, (২০) চুণাখালী, (২১) দাদসাহী, (২২) ধারা, (২৩) বিনা, (২৪) ফতেপুর, (২৫) ফতেসিংহ, (২৬) গোপালনগর, (২৭) গোপীনাথপুর, (২৮) গোকিলতা, (২৯) হরিহরপুর, (৩০) হরপুর, (৩১) কুম-পুর, (৩২) ইসাকপুর, (৩৩) ইচ্ছাপুর, (৩৪) জাহানাবাদ, (৩৫) জোয়ান ইব্রাহিমপুর, (৩৬) কনকজন, (৩৭) কাণ্ড-গড়িয়া, (৩৮) কাষ্ঠগড়, (৩৯) কাশীপুর, (৪০) ক্ষীরণী, (৪১) খরগাঁ, (৪২) খড়সেনকা, (৪৩) খাটীদা, (৪৪) কৃষ্ণনগর, (৪৫) কুমারপ্রতাপ, (৪৬) কুতবপুর, (৪৭) মহানন্দা, (৪৮) মাজকুড়ী, (৪৯) মল্লারপুর, (৫০) আমদানী, (৫১) মনো-হরী, (৫২) মনোহরশাহী, (৫৩) ময়ূরেশ্বরদারী, (৫৪) ময়ূরেশ্বর-দারী দক্ষিণ, (৫৫) ময়ূরেশ্বরশড়ক, (৫৬) মোহনপুর, (৫৭) মজঃ-ফরপুর, (৫৮) মজফরসাহী, (৫৯) নোয়ানগর, (৬০) নালী, (৬১) হুদ্রা, (৬২) পুরন্দরপুর, (৬৩) রাধাবল্লভপুর, (৬৪) রাজ-সাহী, (৬৫) রসুনপুর, (৬৬) রোকনপুর, (৬৭) সামঙ্কর, (৬৮) স্ব-রূপসিং, (৬৯) সেনভূম, (৭০) সেরপুর, (৭১) সাহাআলমপুর, (৭২) সাভাজপুর, (৭৩) সাইসসনামপুর, (৭৪) সাজাদপুর, (৭৫) শিবপুর, (৭৬) শিবপুরতালুক, (৭৭) জৈনউজীয়াল্

বীরভূমের গ্রাম ও নগর।

আমেদপুর—শিউড়ী হইতে ১৯ মাইল দূরে। এখানে রেলওয়ে ষ্টেশন আছে।

বক্রেশ্বর—বক্রেশ্বর শব্দে দ্রষ্টব্য।

ভূমবক্রেশ্বর—তাঁতিপাড়া গ্রামের এক মাইল দক্ষিণে এখানে গন্ধক-উৎস আছে।

বোলপুর—শিউড়ী হইতে ৩১ মাইল দূরে। এই স্থানটী বাণিজ্যাদির জন্য সুবিখ্যাত। এখানে রেলওয়ে ষ্টেশন ও সব্‌রেজেষ্টরী আছে।

হাবড়া—শিউড়ী হইতে ৪২ মাইল দূরে, এখানে রেলওয়ে ষ্টেশন আছে।

দেওয়া—পূর্ব্বে এখানে লৌহের কারখানা ছিল।

দুবরাজপুর—দুবরাজপুর সহর। এখানে পুলিশ ষ্টেশন, বাজার ও মুনসফী আছে। এই সহরের দক্ষিণে একটী অতি সুন্দর পাহাড় আছে। পাহাড়টীর পরিমাণ প্রায় এক বর্গ মাইল। এই পাহাড়টী ৬০ ফিট উচ্চ। এই পাহাড়ে এক শিবমন্দির আছে।

গন্থটীয়া—ময়ূর নদীর উত্তর তীরে অবস্থিত। এই স্থানটী বীরভূমির রেশম কারবারের কেন্দ্রস্থলী।

মল্লারপুর—শিউড়ী হইতে ১৪ মাইল দূরে এক খানি গ্রাম ইষ্টইণ্ডিয়া রেলওয়ের লুপলাইনের পার্শ্বে অবস্থিত। এখানে একটী রেলওয়ে ষ্টেশন আছে। মল্লারপুর প্রাচীন স্থান। মল্লার-সিংহ নামক এক জন ধর্ম্মিষ্ঠ ও জন সাধারণের প্রিয়পাত্র ব্যক্তি ছিলেন। তিনিই পল্লীর অধিকারী ছিলেন। একটা দুষ্ট লোক এক দিবস ছল করিয়া ইহাকে জানায় যে রাজনগরের মুসলমান রাজা তাঁহাকে জবরদস্তী করিয়া মুসলমান করিয়া দিবে। ধর্ম্মপ্রাণ মল্লারসিংহ ইহাতে ধর্ম্মভয়ে আত্মহত্যা করেন। অতঃপর রাজনগরের মুসলমান রাজা এই মিথ্যা কথার বিষম পরিণাম শুনিয়া অত্যন্ত দুঃখিত হন এবং দুষ্ট লোকটীর অনুসন্ধান করেন। কিন্তু উহার কোনও সন্ধান না পাওয়ায় তিনি এই নিমিত্ত আরও অশ্রুপাত করিয়াছিলেন।

রাজনগর—ইহার অপর নাম নগর। এখানেই বীরভূম জেলার প্রাচীন রাজধানী ছিল। এখানে প্রাচীন কীর্ত্তির ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। এই নগরের প্রাচীরেরও পরিমাণ ৩২ মাইল ছিল। এখনও এই সুবৃহৎ প্রাচীরের চিহ্ন বিদ্যমান রহিয়াছে।

শিউড়ী হইতে ২০ মাইল দূরে ও রাজনগরেও উত্তরে সেনপাহাড়ী নামে এক বিশাল অরণ্য আছে। ইছাই ঘোষ এই জঙ্গলী মহলের শাসনকর্ত্তা ছিলেন। তিনি এই অরণ্যে এক দেবমন্দির নির্ম্মাণ করেন। এই মন্দির ইছাইমন্দির নামে খ্যাত। এতদ্ব্যতীত তাঁহার নির্ম্মিত একটী দুর্গও এখানে ছিল উহার নাম শ্যামরূপা গড়। ইনি লাউসেন নামক এক রাজপুত্রের হস্তে পরাস্ত হন।

ইলামবাজার—অজয়নদের তীরবর্ত্তী সহর। এই স্থানটীতে অনেকগুলি কারখানা আছে। ইলামবাজার ব্যবসায় বাণিজ্য প্রভৃতির কেন্দ্রস্থল।

কেঁদুলী বা কেন্দুবিল্ব—অজয়নদের উত্তরতীরবর্ত্তী প্রসিদ্ধ স্থান। সুবিখ্যাত জয়দেব কবির জন্মভূমি। 'কেন্দুবিল্ব' শব্দে সবিস্তার দ্রষ্টব্য।

মারগ্রাম—এই সহরে রেশমের যথেষ্ট কারবার হয়। বহরমপুর ইহার ২০ মাইল পূর্ব্বে।

ময়ূরেশ্বর—এখানে আড্ডা আছে। স্থানটীও রেশমের কারবারের জন্য বিখ্যাত।

রামপুরহাট—বীরভূম জেলার একটী মহকুমা। এখানে রেলওয়ে ষ্টেশন আছে।

শিউড়ী—এই স্থলেই বীরভূমের জিলা সদর প্রতিষ্ঠিত। শিউড়ীই এখন বীরভূমের প্রধান নগর। ময়ূরাক্ষি নদী ইহার তিন মাইল উত্তর দিক্ দিয়া প্রবাহিত। শিউড়ী হইতে ১১ মাইল দূরে সাঁইথিয়ার রেলওয়ে ষ্টেশন আছে। এই সহর কলিকাতা হইতে ১৩১ মাইল দূরে অবস্থিত।

বীরভূম কৃষিপ্রধান স্থান। বর্দ্ধমান বিভাগ কৃষির নিমিত্ত চিরপ্রসিদ্ধ। বীরভূমের উৎপন্ন দ্রব্য মধ্যে ধান, ইক্ষু, যব ও শর্ষপ যথেষ্ট পরিমাণ উৎপন্ন হইয়া থাকে। আমবাগান ও তালবন এই জেলার অনেক পরগণাতেই প্রভূত পরিমাণ পরিলক্ষিত হয়। স্থানে স্থানে তুঁতের চাষও দেখিতে পাওয়া যায়। তেঁতুল, বেল, কাঁঠাল প্রভৃতি বৃক্ষ প্রায় প্রতি গ্রামেই পাওয়া যায়। ইসাকপুর পরগণায় অনেকেই রেশমের কার্য্য করিয়া সংসার-যাত্রা নির্ব্বাহ করে। অন্যান্য পরগণাতেও রেশমের কারবার আছে। বড় বড় বৃক্ষের মধ্যে বট ও অশ্বত্থ বৃক্ষ প্রচুর পরিমাণ দেখিতে পাওয়া যায়। এই জেলায় অরণ্যের পরিমাণও কম নহে। এই অরণ্যানির মধ্যে বিবিধ প্রকার প্রয়োজনীয় বৃক্ষাদি আছে। বেলিয়ানারায়ণপুর, দেওয়া, ধামরা, প্রভৃতি স্থানে লোহার কারবার আছে। মল্লারপুরাদি পরগণায় ভূস্তরে লৌহ দেখিতে পাওয়া যায়। স্থানে স্থানে পাথরে-চুণ উৎপন্ন হইয়া থাকে।

বীরমণি (পুং) রাজভেদ। দেবপুরের রাজা। রুক্মাঙ্গদ নামে প্রবল পরাক্রান্ত ইঁহার এক পুত্র ছিল। রুক্মাঙ্গদ রমণীগণের সহিত ক্রীড়ার জন্য উপবনে গমন করিলে তথায় শ্রীরামচন্দ্রের যজ্ঞীয়াশ্ব উপনীত হয়। পরে রমণীগণের আগ্রহে রুক্মাঙ্গদ সেই অশ্ব বন্ধন করেন।

পিতা বীরমণি ইহা জানিতে পারিয়া পুত্রকে বলেন, রামচন্দ্রের যজ্ঞীয় অশ্ব বন্ধন করিয়া ভাল কর নাই। এক্ষণে অশ্ব রক্ষার জন্য সমধিক যত্ন করা কর্ত্তব্য। আমি ইহাকে রক্ষা করিলেও রামকিঙ্করগণ বলপূর্ব্বক ইহাকে লইয়া যাইবে।

পরে শত্রুঘ্ন অশ্বহরণের সংবাদ পাইয়া সকলকে জিজ্ঞাসা করায় সুমতি কহিলেন, দেবপুরাধিপতি বীরমণির পুত্র এই অশ্ব বন্ধন করিয়াছেন। ভগবান্ মহাদেব দেবপুর নামে এই নগর নির্ম্মাণ করিয়া সতত এই রাজাকে রক্ষা করিয়া থাকেন। এই জন্য ইহাকে কেহই পরাজয় করিতে পারে না। তখন শত্রুঘ্ন হনুমানাদির সহিত মিলিত হইয়া অশ্বের জন্য যুদ্ধ ঘোষণা করিলেন। বীরমণি পুত্র ভ্রাতা বীরসিংহ প্রভৃতির সহিত মিলিত হইয়া যুদ্ধে প্রবৃত্ত হইলেন। তুমুল যুদ্ধ চলিল। মহাদেব স্বয়ং এই যুদ্ধে উপস্থিত হইয়া যুদ্ধ করেন। মহাদেব যুদ্ধে প্রবৃত্ত হইলে অস্ত্রশস্ত্রপ্রভায় দিঙ্মণ্ডল উদ্ভাসিত হইয়া উঠিল। দেবগণ ব্যাকুল হইয়া উঠিলেন, শত্রুঘ্ন প্রভৃতি সকলেই পরাজিত হইল। তখন শত্রুঘ্ন হনুমানের উপদেশানুসারে শ্রীরামকে স্মরণ করেন। তখন নীলোৎপলদলশ্যাম রাজীবলোচন রামচন্দ্র করে মৃগশৃঙ্গ ধারণ করিয়া যজ্ঞদীক্ষিত মূর্ত্তিতেই রণস্থলে দৃষ্ট হইলেন। তখন শত্রুঘ্ন তাঁহাকে সহসা রণস্থলে দেখিয়া অতিশয় বিস্মিত হইলেন। রামচন্দ্রকে দর্শন করিবা মাত্রই শত্রুঘ্ন শিবপাশ হইতে মুক্ত হইলেন।

মহাদেব রামচন্দ্রকে যুদ্ধস্থলে দেখিবামাত্রই তাঁহাকে কহিলেন, ভগবান্ রাম! আমি সত্য পালন জন্য এইরূপ কার্য্যের অনুষ্ঠান করিয়াছি। এই বীরমণি পূর্ব্বে উজ্জয়িনী প্রদেশে ক্ষিপ্রা নদীতে অবগাহনপূর্ব্বক মহাকাল নিকেতনে তপস্যা করেন। তাঁহার তপস্যায় প্রীত হইয়া তাঁহাকে বর দিয়াছিলাম যে, দেবপুরে তোমার রাজ্য হইবে। যতদিন রামচন্দ্রের যজ্ঞীয় অশ্ব তোমার নগরে না আসিবে, ততদিন আমি তোমাকে রক্ষা করিবার জন্য ঐ নগরে অবস্থিতি করিব।

সুতরাং সেই সত্যানুসারে তাঁহাকে রক্ষা করিতে এই স্থানে বিদ্যমান আছি, এখন এই অশ্ব আপনি গ্রহণ করিয়া যজ্ঞপূর্ণ করুন। (পদ্মপুরাণ পাতালখণ্ড ২৪।২৮ অধ্যায়)

বীরমৎস্য (পুং) জাতি বিশেষ। (রামায়ণ ২।৭১।৫)

বীরময় (ত্রি) বীরস্বরূপে ময়ট্। বীরস্বরূপ, বীর। তন্ত্রোক্ত বীরভাব, বীরাচার।

"দিববীরময়োভাবঃ কলৌ নাস্তি কদাচন।
কেবলং পশুভাবেন মন্ত্রসিদ্ধির্ভবেন্ নৃণাম্॥" (মহানির্ব্বাণতন্ত্র)

বীরমর্দ্দন (পুং) দানবভেদ। (হরিবংশ)

বীরমর্দ্দল (পুং) যুদ্ধকালীন ঢক্কাবিশেষ। (হেম)

বীরমল্ল, সংস্কৃত সাহিত্যে সুপরিচিত মানবধর্ম্মশাস্ত্রব্যাখ্যা-প্রণেতা নন্দনের প্রিয়বন্ধু।

বীরমহেশ্বর (আচার্য্য), সংগ্রহ নামক বেদান্তগ্রন্থরচয়িতা।

বীরমাতৃ (স্ত্রী) বীরাণাং মাতা। বীরজননী। পর্য্যায়—বীরসূ। (অমর)

বীরমানিন্ (ত্রি) বীরং মন্যতে বীর মন-ণিনি। বীরাভিমানী, বীর বলিয়া যাহার অভিমান আছে। (ভাগবত ৯।১১।২৮)

বীরমার্গ (পুং) বীরস্য মার্গঃ। বীরের মার্গ, স্বর্গ।

বীরমাহেশ্বরীয় তন্ত্র, একখানি তন্ত্রগ্রন্থ।

বীরমিত্রোদয়, একখানি সুপ্রসিদ্ধ ব্যবস্থাশাস্ত্র। মিত্রমিশ্র ইহার রচয়িতা। এই গ্রন্থে দায়ভাগাদি বিষয়ের ও ব্যবহার শাস্ত্রের সুচারুরূপ মীমাংসা আছে।

বীরমিশ্র (পুং) বীরমিত্রোদয়প্রণেতা মিত্রমিশ্রের নামান্তর।

বীরমুকুন্দদেব (পুং) উৎকলের সুপ্রসিদ্ধ রাজা। প্রাকৃত-সর্ব্বস্ব-প্রণেতা মার্কণ্ডেয় কবীন্দ্রের প্রতিপালক।

[মুকুন্দদেব ও উৎকলশব্দ দেখ।]

বীরমুদ্রিকা (স্ত্রী) মধ্যপাদাঙ্গুলে পরিধার অঙ্গুরীয়ালঙ্কারভেদ।

বীরয়া (স্ত্রী) পুত্রেচ্ছা। (ঋক্ ৯।৬৪।৪)

বীরয়ু (ত্রি) যুদ্ধেচ্ছু। রণদুর্ম্মদ।

বীরযোগবহ[সহ] (ত্রি) মধ্যস্থ।

বীররজস্ (ক্লী) বীরাণাং বীরভাবিনাং ধারণার্থং রজঃ। সিন্দুর। (রাজনি°)

বীররস, নাটকাদিতে বর্ণনীয় নবরসের একতম। রৌদ্রত্ব, বীরত্ব, ওজস্বিতা প্রভৃতি জ্ঞাপনকালে এই রসের আবির্ভাব জানিতে হয়।

বীররাঘব (পুং) শ্রীরামচন্দ্র।

বীররাঘব, ১ অচ্যুতপারম্যস্তোত্রপ্রণেতা। ২ উত্তররামচরিত টীকা, মহাবীরচরিতটীকা ও মালবিকাগ্নিমিত্রটীকারচয়িতা। ৩ প্রয়োগচন্দ্রিকা, প্রয়োগদর্পণ, ভাগবতচন্দ্রচন্দ্রিকানাম্নী ভাগবত-পুরাণটীকা ও সচ্চরিত্রসুধানিধি নামক গ্রন্থ চতুষ্টয়প্রণেতা। ৪ বিশ্বগুণাদর্শচরিতা। ৫ প্রয়োগমুক্তাবলীপ্রণেতা রামের পুত্র। ৬ বাক্যার্থদীপিকাপ্রণেতা হনুমদাচার্য্যের গুরু।

বীররাঘব আচার্য্য, ১ অসম্ভবপত্র নামক ন্যায়বিষয়ক গ্রন্থ প্রণেতা। ২ তত্ত্বসারব্যাখ্যারচয়িতা।

বীররাঘব শাস্ত্রিন্, তর্কতন্ত্র নামক গ্রন্থপ্রণেতা।

বীররেণু (পুং) বীরা রেণব ইব যস্য। ভীমসেন। (ত্রিকা°)

বীরললিত (ক্লী) বীরের ন্যায় অথচ কোমল স্বভাব। বৃহৎ সংহিতায় লিখিত আছে, স্বয়ং ভীরু হইলেও অধীন রিপুগণকে "বীরললিত" নামক শূরচরিত দ্বারা শাসন করিবে।

(বরাহপু° ১০৪।১১)

বীরলোক (পুং) বীরস্য লোকঃ। বীরের লোক, ইন্দ্রলোক।

"কোটিশ্চ বীরলোকানাং সমেতাঃ কুরুজাঙ্গলে।" (ভারত ৬প°)

স্বর্গলোক, বীরগণ যুদ্ধে মরিলে তাহাদের স্বর্গগতি হয়, এই জন্য বীরলোক শব্দে স্বর্গ।

বীরবক্ষণ (ত্রি) ঋত্বিগ্‌দিগের দ্বারা বহনীয়। 'বীরবক্ষণং বীরৈর্ঋত্বিগ্‌ভির্বহনীয়ং। যদ্বা বক্ষণাঃ কার্য্যবোঢ়ারো যেন প্রের্যন্তে তত্তাদৃশম।' (ঋক্ ৫।৪৮।২ সায়ণ)

বীরবৎ (ত্রি) বীর অস্ত্যর্থে মতুপ্। বীরবিশিষ্ট, বীরযুক্ত, পুত্রযুক্ত, পতিযুক্ত। (ভাগবত ৯।১৬।৩৫)

বীরবতী (স্ত্রী) বীরবৎ-ঙীষ্। ১ মাংসরোহিণী। (ভাবপ্রকাশ) ২ বিক্রমপুরাধিপতি বিক্রমতুঙ্গ নৃপতির কর্ম্মচারী বীরবরের কন্যা। (কথাসরিৎসা° ৫৩।৯০) ৩ বীরবিশিষ্টা, বীরযুক্তা।

বীরবৎসা (স্ত্রী) বীরো বৎসঃ পুত্রো যস্যাঃ। বীরজননী, বীরমাতা। (জটাধর)

বীরবর (ত্রি) বীর-শ্রেষ্ঠার্থে বর। বীরশ্রেষ্ঠ, অতিশয় বীর।

বীরবয়প্রতাপ (পুং) রাজপুত্রভেদ।

বীরবল্লী (স্ত্রী) দেবদালী, দেয়াতাড়া। (বৈদ্যকনি°)

বীরবর্ম্মন্ (পুং) ব্যক্তিবিশেষ। (কথাসরিৎসা° ১৯।৩২)

বীরবহ (ত্রি) বীর-বহ-ণি। স্তোত্র দ্বারা বহনীয়। অর্থাৎ প্রাপণীয়। ২ অশ্বদ্বারা বহনীয়। রথ।

"ইন্দ্রবায়ু বীরবাহং রথং" (ঋক্ ৭।৯০।৫)

'বীরবাহং বীরৈর্বিশেষেণেরয়িতৃভিঃ স্তোতৃভির্বহনীয়ং প্রাপনীয়ং যদ্বা বরেরশ্বৈর্বহনীয়ং' (সায়ণ)

৩ শূরবহনকারী। "বীরবাহো হুবে দেবানাং" (ঋক্ ৭।৪২।২)

'বীরবাহো বীরং শূরং ত্বাং বহন্তঃ' (সায়ণ)

বীরবাক্য (ক্লী) বীরস্য বাক্যং। বীরের বাক্য, বীরের উক্তি।

বীরবামন (পুং) একজন গ্রন্থকার। অভিনবগুপ্ত ইহার নামোল্লেখ করিয়াছেন।

বীরবিক্রম (পুং) ১ রাজপুত্রভেদ। ২ (ত্রি) বীরদর্প।

বীরবিদ্ (ত্রি) ১ শক্তিসম্পন্ন, কর্ম্মঠ। (অথর্ব্ব ১১।৯।১৫)

বীরবিপ্লাবক (পুং) শূদ্রদ্রব্য দ্বারা হোমকর্ত্তা, যিনি শূদ্রের দ্রব্যাদি লইয়া তাহাদ্বারা হোম করেন।

'বীরবিপ্লাবকো জুহ্বন্ ধনৈঃ শূদ্রসমাহিতৈঃ।' (হেম)

বীরবিরুদ (ক্লী) কৃত্রিম শ্লোকভেদ। [শূরশ্লোক দেখ।]

বীরবৃক্ষ (পুং) বীরনামকো বৃক্ষঃ। ভল্লাতক, ভেলা। (অমর) ২ অর্জ্জুনবৃক্ষ। (হেম) ৩ বিষ্বান্তর। (রাজনি°) ৪ মহাশালী, দেবধান্য, চলিত দেধান, মোটাধান। পর্য্যায়—বীরতরু, বৃহদ্ধাত, অশ্মরীহর। (রত্নমালা)

বীরবৃন্দ ভট্ট, বৃন্দনামক বৈদ্যকগ্রন্থপ্রণেতা। [বৃন্দ দেখ।]

বীরবেতস (পুং) অম্লবেতস। (রাজনি°)

বীরব্যূহ (পুং) বীরদিগের রচিত ব্যূহ। (রামায়ণ ৬।৭০।৩৮)

বীরব্রত (ত্রি) দৃঢ়সঙ্কল্প। 'বীরব্রতঃ দৃঢ়সঙ্কল্পঃ' (ভাগ° ৫।১৭।২ স্বামী) ২ নৈষ্ঠিক ব্রহ্মচারী। (ভাগ° ১০।৮৭।৪৫) ৩ মধুর ঔরসে সুমনার গর্ভজাত পুত্রভেদ। (ভাগ° ৫।১৫।১৫)

বীরশয় (পুং) রণাঙ্গন, রণভূমি, বীরগণ ইহাতে শয়ন করে, এইজন্য উহাকে বীরশয় কহে।

"শরিষ্যসে বীরশয়ে শ্বভির্বৃতঃ" (ভাগবত ৩।১৭।৩০)

'বীরশয়ে রণাঙ্গনে' (স্বামী)

বীরশয়ন (ক্লী) বীরাণাং শয়নং। বীরদিগের শয্যা, বীরশয্যা, রণভূমি।

বীরশয্যা (স্ত্রী) বীরাণাং শয্যা। রণভূমি।

"শয়ানান্ বীরশয্যায়াং পতীনালিঙ্ক্য শোচতীঃ।"(ভাগ১০।৪০।৪৪)

বীরশর্ম্মন্ (পুং) যোদ্ধৃভেদ। (কথাসরিৎসা° ৪৭।১৯)

বীরশায়িন্ (ত্রি) বীর-শী-ণিনি। বীরশয়, রণভূমি, বীরগণ ইহাতে শয়ন করে। (ভারত ১৩ পর্ব্ব)

বীরশাক (পুং) বাস্তুকশাক, বেতোশাক। (বৈদ্যকনি°)

বীরশুষ্ম (ত্রি) শত্রুদিগের ক্ষেপণসমর্থ বলযুক্ত, শত্রুদিগকে অস্ত্রাদি নিক্ষেপ করিতে পারে এইরূপ বলশালী। "প্রমন্তা বীরশুষ্ময়া" (ঋক্ ১।৫২।৫) 'বীরশুষ্ময়া বীরং বিশেষেণ শত্রূণাং ক্ষেপণসমর্থং শুষ্মং বলং যস্যাঃ সা তথোক্তা'। (সায়ণ)

বীরশৈব (পুং) শিবোপাসকভেদ। [শৈব ও লিঙ্গায়ত শব্দ দেখ]

বীরসরস্বতী, একজন প্রাচীন কবি।

বীরসিংহ—তোমর বংশীয় জনৈক রাজা। দেববর্ম্মের (১৩৫০খৃঃ) পুত্র এবং কমল সিংহের (১৩২৫ খৃঃ) পৌত্র। ইনি ১৩৭৫ খৃঃ বিদ্যমান ছিলেন। দুর্গাভক্তিতরঙ্গিণী, নৃসিংহোদয় ও বীরসিংহাবলোক নামক তিনখানি গ্রন্থ ইহার প্রণীত বলিয়া প্রকাশ।

২ গড়া দেশের একজন সামন্ত রাজা।

৩ গঙ্গবংশীয় একজন রাজা।

৪ গুহিল বংশীয় একজন নরপতি।

৫ কচ্ছপঘাতবংশীয় একজন রাজা।

৬ তোমর বংশীয় জনৈক রাজা। গোপাচলে (গোয়ালিয়র) ইহার রাজধানী ছিল।

৭ বর্দ্ধমানের একজন রাজা। ভারতচন্দ্র রায় ইহার কন্যাকে বিদ্যা সাজাইয়া বিদ্যাসুন্দর কল্পনা করিয়াছেন।

৮ দেবপুরের রাজা বীরমণির ভ্রাতা। ইনি রাজা বীরমণির আজ্ঞায় রামচন্দ্রের অশ্বমেধীয় অশ্ব হরণ করেন। এই জন্য হনূমানের সহিত ইহার তুমুল সংগ্রাম হয়। এই যুদ্ধে মহাদেব স্বয়ং উপস্থিত হইয়া বীরসিংহের পক্ষাবলম্বন করিয়া যুদ্ধ করেন।

(পদ্মপু° পাতালখ° ২৪,২৫,২৬ অ°)

বীরসিংহদেব, জনৈক হিন্দু নরপতি। রাজা প্রতাপরুদ্রের পৌত্র ও মধুকর সাহের পুত্র। বীরমিত্রোদয়প্রণেতা বীরমিশ্র ইহাঁর সভায় বিদ্যমান ছিলেন।

বীরসিংহ দৈবজ্ঞ, গ্রহালঙ্কার নামক জ্যোতির্গ্রন্থপ্রণেতা।

বীরসিংহাবলোকন (ক্লী) বৈদ্যকগ্রন্থভেদ। বীরসিংহ এই গ্রন্থ প্রণয়ন করেন।

বীরসুখ (ক্লী) বীরের আনন্দ।

বীরসূ (স্ত্রী) বীরান্ পুত্রানেব সূতে ইতি বীর-সূ-ক্বিপ্। বীরমাতা, বীরপুত্রপ্রসবকারিণী স্ত্রী। ২ পুত্রপ্রসবিনী।

"বীরসূর্দেবকামা স্যোনা শংনো" (ঋক্ ১০।৮৫।৪৪)

'বীরসূঃ পুত্রাণামেব প্রসবিত্রী' (সায়ণ)

বীরসূত্ব (ক্লী) বীরপ্রসবিতা।

বীরসেন (পুং) বীরা সেনা যস্য। পুণ্যশ্লোক নলরাজার পিতা। (ভারত বনপ° ৫২ অ°) ২ আরুকবৃক্ষ। (রাজনি°)

বীরসেন, হস্তিবৈদ্যক নামক গ্রন্থপ্রণেতা। ২ পাটলিপুত্ররাজ দ্বিতীয় চন্দ্রগুপ্তের মন্ত্রী। ইনি একজন সুকবি ছিলেন। ইহার নামান্তর শাব। ৩ দাক্ষিণাত্যের চন্দ্রবংশীয় একজন রাজা। ইহার বংশধর ব্রহ্মক্ষত্রিয়কুলচূড়া সামন্তসেন হইতে বাঙ্গলার সেনরাজবংশের প্রতিষ্ঠা হয়।

বীরসেনজ (পুং) বীরসেনাৎ জায়তে ইতি জন-ড। বীরসেন রাজার পুত্র, নলরাজা।

বীরসোম (পুং) প্রাচীন গ্রন্থকারভেদ।

বীরস্থ (ত্রি) ১ বীরকার্য্যে প্রবৃত্ত। ২ যজ্ঞে উপস্থিত (পশু)।

বীরস্থান (ক্লী) ১ বলবৎস্থান। ২ বীরাসন, সাধকদিগের আসনভেদ। (ভারত বনপ°) ৩ স্বর্গলোক।

"বীরাসনং বীরশয্যাং বীরস্থানমুপাগতঃ।" (ভারত ভীষ্মপ°)

বীরস্থায়িন্ (ত্রি) বীরস্থানস্থিত।

বীরস্বামিন্ (পুং) দানবভেদ। (কথাসরিৎসা° ৪৭।১৫)

বীরস্বামী ভট্ট, মনুসংহিতা-ভাষ্যকার মেধাতিথির পিতা।

বীরহত্যা (স্ত্রী) বীরস্য পুত্রস্য হত্যা। পুত্রহত্যা।

"চান্দ্রায়ণং চরেন্মাসং বীরহত্যা সমং হি তৎ।" (মনু ১৪।৪১)

'বীরহত্যা বীরঃ পুত্রঃ তস্য হত্যা' (কুল্লূক)

২ বীরের হনন, বীরের নাশ।

বীরহন্ (পুং) বীরান্ হন্তীতি হন-ক্বিপ্। ১ নষ্টাগ্নিব্রাহ্মণ। যে সকল অগ্নিহোত্রীব্রাহ্মণের প্রমাদ বা আলস্যাদির দ্বারা অগ্নি নির্ব্বাণপ্রাপ্ত হয়, তাহাকে বীরহা কহে।

'যস্যাগ্নিহোত্রিনঃ প্রমাদাদিনা কারণান্তরেণ বা অগ্নির্নষ্টো নির্ব্বাণঃ স্যাৎ স বীরহোচ্যতে' (ভরত)

"নরকায় বীরহনং" (শুক্লযজু° ৩০।৫)

'বীরহনং নষ্টাগ্নিং শূরং বা' (মহীধর)

২ বিষ্ণু। (ত্রি) ৩ বীরহন্তা, বীরহননকারী।

বীরহোত্র (পুং) জনপদবিশেষ। মার্কণ্ডেয়পুরাণ মতে এই জনপদ বিন্ধ্যপর্ব্বতের পৃষ্ঠদেশে অবস্থিত।

"অন্নজা স্তুষ্টিকারাশ্চ বীরহোত্রা হ্যবন্তয়ঃ।

এতে জনপদাঃ সর্ব্বে বিন্ধ্যপৃষ্ঠনিবাসিনঃ॥" (মার্ক°পু° ৫৭।৫৫)

বীরা (স্ত্রী) বীর-টাপ্। ১ মুরা। ২ ক্ষীরকাকোলী। ৩ আমলকী। ৪ এলবালুকা। ৫ পতিপুত্রবতী। ৬ রম্ভা। ৭ বিদারী। ৮ দুগ্ধিকা। ৯ মলপূ। ১০ ক্ষীরবিদারী। (মেদিনী)

কোন কোন পুস্তকে মুরা স্থানে সুরা এবং বিদারী স্থানে গম্ভারী এইরূপ দেখিতে পাওয়া যায়।

১১ কাকোলী, মহাশতাবরা। ১২ গৃহকন্যা। ১৩ ব্রাহ্মী। ১৪ অতিবিষা। (রাজনি°) ১৬ শিংশপাবৃক্ষ। (রত্নমালা) ১৭ করন্ধমরাজপত্নী। (মার্কণ্ডেয়পুরাণ ১২৩।১) ১৮ নদীবিশেষ। (ভারত ৬।৯।২২) ১৯ বিক্রমশালিনী। (মার্কণ্ডেয়পুরাণ ১২৫।৭) ২০ ঘৃতকুমারী। ২১ জটামাংসী। ২২ ভূম্যামলকী। ২৩ ভূমিকুষ্মাণ্ড। ২৪ পৃশ্নিপর্ণী, চলিত চাকুলিয়া। ২৫ বৃহদ্বলা। ২৬ কৃষ্ণাতিবিষা।

বীরাচারী, শাক্ত সম্প্রদায়ভেদ। ইহারা মদ্য ও মাংস ব্যবহারে বীরভাবে ইষ্টদেবদেবীর উপাসনা করে বলিয়া বীরাচারী নামে প্রথিত। ইহাদের মতে সুরা শক্তিস্বরূপিণী এবং মাংস শিবস্বরূপ; শিবশক্তির ভক্ত স্বয়ং ভৈরব।

বীরাচার-মতাবলম্বী সাধকেরা মধ্যে মধ্যে চক্র করিয়া ভৈরব ভৈরবীভাবে আপনাপন স্ত্রীকে লইয়া উপাসনায় প্রবৃত্ত হয় এবং ঐ চক্র মধ্যস্থ কোন স্ত্রীকে কালীজ্ঞানে মদ্য মাংস দ্বারা অর্চ্চনা করিয়া থাকে। [বিস্তৃত বিবরণ পশ্বাচারী শব্দে দেখ।]

শবসাধন বীরাচারীদের নানা সাধনার মধ্যে সর্ব্বপ্রধান। উহার বিষয় নিম্নে লিখিত হইল :—

অষ্টমী বা চতুর্দ্দশী তিথিতে অথবা কৃষ্ণ-পক্ষীয় মঙ্গলবারে শূন্য গৃহে, নদী-তীরে, পর্ব্বতে, নির্জ্জন স্থানে, বিল্ব-বৃক্ষ-মূলে বা শ্মশান-ভূমিতে অথবা তাহার সমীপবর্ত্তী বন-স্থলে সাধনা করিতে হয়। সাধককে দ্বিতীয় প্রহর রাত্রিতে মদ্যাদি উপচার লইয়া সাধনার স্থলে উপস্থিত হন এবং তথায় গুরু, গণেশ, যোগিনী প্রভৃতির পূজা করিয়া বলিদানাদি সাধনপূর্ব্বক শব আনয়ন করেন। যে চণ্ডাল যষ্টি, শূল, খড়্গ বা বজ্রের আঘাতে কিম্বা সর্পদংশনে প্রাণ-ত্যাগ করিয়াছে, অথবা অম্ভিভূত, জল-মগ্ন বা সম্মুখ-যুদ্ধে পলায়ন-পরাঙ্মুখ হইয়া মৃত্যু-মুখে পতিত হইয়াছে, সে যদি সুন্দর কান্তি-বিশিষ্ট, শৌর্য্যবান্ ও তরুণ-বয়স্ক হয়, তাহা হইলে শবসাধনার্থ তাহার শব গ্রাহ্য।

(তন্ত্রসার-ধৃত ভাবচূড়ামণি-বচন)

সাধক শব আনয়নপূর্ব্বক তাহার পূজা করিবে এবং পরে সেই শবের পৃষ্ঠদেশে চন্দন লেপনপূর্ব্বক হরিণ-চর্ম্ম ও কম্বল স্থাপন করিয়া রাখিবে। অনন্তর ডাকিনী যোগিনী প্রভৃতির পূজা করিয়া ও কিছু দূরে একজন উত্তরসাধক রাখিয়া পূজার সামগ্রী সম্বলিত শবারোহণ করিবে, এবং দেবতার অর্চ্চনাদি করিয়া জপ করিতে থাকিবে।

শবসাধনের সময়ে এরূপ ভয়ঙ্কর ভয়ঙ্কর ক্রিয়ানুষ্ঠান করিবার ব্যবস্থা আছে যে, তাহা করা দূরে থাকুক, পাঠ করিলেও ভয় পাইতে হয়।

কর-কাঞ্চী গ্রহণ করিয়া মুণ্ডমালায় বিভূষিত হইবে, এবং তদীয় রক্তের তিলক ধারণ ও শরীরে তাহার ভস্ম লেপনপূর্ব্বক শ্মশানভূমিতে পুনঃ পুনঃ জপ করিলে সর্ব্বসিদ্ধি ঘটে। (শ্যামারহস্য)

মহাষ্টমী এবং মহানবমীর সন্ধিকালে গ্রামের বাহিরে ছাগ, মহিষ ও মেষের শব, এবং দীপ-সংযুক্ত কবন্ধ সমুদয় চারিদিকে ক্ষেপণ করিবে, মধ্যস্থলে একটী কবন্ধ রাখিয়া তাহার উপর আরোহণ করিবে, এবং গন্ধর্ব্ব-রূপ ধারণপূর্ব্বক মুখে তাম্বূল পূর্ণ ও চক্ষুতে অঞ্জনবিশেষ লিপ্ত করিয়া মন্ত্র জপপূর্ব্বক সর্ব্বসিদ্ধি প্রাপ্ত হইবে।* (শ্যামারহস্য)

বীরান্তক (পুং) অর্জ্জুনবৃক্ষ। (বৈদ্যকনি°) বীরস্য অন্তকঃ। (ত্রি) ২ বীরনাশক, যিনি বীরের অন্ত করেন।

বীরানক (ক্লী) গ্রামভেদ। (রাজতর° ৫।২১৩)

বীরাপুর (ক্লী) নগরভেদ।

* শুনিতে পাওয়া যায়, অনেকে কালিকার সাক্ষাৎকার লাভ-প্রত্যাশায় শবসাধনে প্রবৃত্ত হওয়াতে, নানা বিভীষিকা-দর্শনে ভীত হইয়া একবারে ক্ষিপ্ত হইয়া গিয়াছে।

বীরান্ন (পুং) অম্লবেতস। (রাজনি°)

বীরায়তচ্ছদা (স্ত্রী) কদলীবৃক্ষ। (বৈদ্যকনি°)

বীরারুক (ক্লী) আরুক। (রাজনি°)

বীরাশংসন (ক্লী) বীরান্ অশংসয়তি অস্ত্র স্থাস্যামি বা নবেতি চিন্তাং জনয়তীতি আ শংস-ণিচ্-ল্যু। অতিভয়প্রদা যুদ্ধভূমি। (অমর)

বীরাষ্টক (ত্রি) ছন্দানুচরভেদ।

বীরাসন (ক্লী) বীরানাং সাধকানামাসনং। সাধকদিগের আসনবিশেষ। এই আসনে আসীন হইয়া সাধকগণ সাধনা করিয়া থাকেন।

"একপাদমথৈকস্মিন্ বিন্যসেদুরুসংস্থিতম্।
ইতরস্মিন্ তথা পশ্চাদ্ বীরাসনমিদং বিদুঃ॥" (ঘেরণ্ডসংহিতা)

পূজাদির সঙ্কল্প বীরাসনে বসিয়া করিতে হয়। 'বামোরূপরি দক্ষিণজঙ্ঘাং প্রতিষ্ঠাপ্য স্থিতি বীরাসনং' বাম উরুর উপর দক্ষিণ জঙ্ঘা প্রতিষ্ঠাপিত করিয়া অবস্থিতির নাম বীরাসন।

মনুসংহিতায় গোবধ-প্রায়শ্চিত্ত স্থলে লিখিত আছে যে, রাত্রিকালে গোগৃহে গাভীকে প্রণাম করিয়া পরে বীরাসনে সেই স্থানে অবস্থান করিবে।

"দিবানুগচ্ছেদ্ গাস্তাস্ত তিষ্ঠন্নূর্দ্ধং রজঃ পিবেৎ।
শুশ্রূষিত্বা নমস্কৃত্য রাত্রৌ বীরাসনং বসেৎ॥" (মনু ১১।১১১)

২ উদ্ধারস্থান।

বীরিণ (পুং) বীরণ তৃণ (Andropogon muritons)।

বীরিণী (স্ত্রী) অসিক্নী। বীরণ প্রজাপতির কন্যা, দক্ষ ইহাকে বিবাহ করিয়া প্রজা উৎপাদন করেন। (কালিকাপু° ৮ অঃ)

বীরঃ পুত্রোঽস্ত্যস্যেতি বীর-ইনি ঙীপ্। ২ পুত্রবতী।
"উতাহমস্মি বীরিণীন্দ্রপত্নী" (ঋক্ ১০।৮৬।৯)
'বীরিণী পুত্রবতী' (সায়ণ)

৩ নদীভেদ। চীরিণী পাঠান্তর।

বীরুধ (স্ত্রী) বিশেষেণ রুণদ্ধি বৃক্ষানন্যান্ বি-রুধ-ক্বিপ্। 'অন্তেষামপীতি দীর্ঘঃ, অথবা বিরোহতীতি বীরুৎ, বিপূর্ব্বস্য রুহেব ক্বিপি ধকারো বিধীয়তে (ইতি কাশিকা ৭।৩।৫৩) ১ বিস্তৃতা লতা। পর্য্যায়—গুল্মিনী, উলপ, বীরুধা, প্রতনা, কক্ষ।

২ ওষধি। "বিয়ো বীরুৎ সুরোৎ" (ঋক্ ১।৬।৫)
'বীরুৎসু ওষধিসু' (সায়ণ)

(পুং) ৩ বৃক্ষমাত্র। "যো যজ্ঞে বীরুধাং পতিঃ" (ঋক্ ৮।১১।২) 'বীরুধাং বনস্পতীনাং' (সায়ণ)

ভাগবতটীকায় লতা ও বীরুধের এইরূপ ভেদ লিখিত আছে।

"বনস্পত্যোষধিলতা ত্বক্সারা বীরুধো দ্রুমাঃ।"
(ভাগবত ৩।১০।১টী)

'যে পুষ্পং বিনা ফলন্তি তে বনস্পতয়ঃ ওষধয়ঃ ফলপাকান্তাঃ, লতা আরোহণাপেক্ষাঃ, ত্বক্সারাঃ বেত্রাদয়ঃ, লতা এব কাঠিন্যে-নারোহণানপেক্ষা বীরুধঃ, যে পুষ্পৈঃ ফলন্তি তে দ্রুমাঃ' (স্বামী)

যাহারা পুষ্প বিনা ফল দেয়,তাহারা বনস্পতি। ফলপক্ক হইলে যাহারা মরিয়া যায়, তাহারা ওষধি, যাহারা আরোহণের অপেক্ষা রাখে তাহারা লতা এবং যে সকল লতা কাঠিন্য দ্বারা আরোহণের অপেক্ষা রাখে না, তাহারাই বীরুধ্।

৪ বিটপী। ৫ বল্লী। ৬ কক্ষ।

বীরুধ (ক্লী) ওষধি। স্ত্রিয়াং টাপ্। 'তথা বীরুধানাং অন্যাসং বীরুধাং বসিষ্ঠং বসুমত্তৎ মুখ্যমিতি।' (অথর্ব্ব ৬।২১।২ সায়ণ)

বীরুধি[ধী] (স্ত্রী) লতাভেদ। (বরাহবৃ° ৫৪।৮৭)

বীরেণ্য (ত্রি) অতিশয় বীর।

"বীরেণ্যঃ ক্রতুরিন্দ্রঃ সুশস্তিঃ" (ঋক্ ১০।১০৪।১০)
'বীরেণ্যো বীরৈর্গন্তব্যোঽতিশয়েন বীরো বা' (সায়ণ)

বীরেশ (পুং) বীরাণামীশঃ। শিব, বীরেশ্বর।

বীরেশ্বর (পুং) বীরাণামীশ্বরঃ। মহাদেব। কাশীখণ্ডে বীরেশ্বর শিবের বিষয় এইরূপ লিখিত আছে,—পুরাকালে মিত্রজিৎ নামে এক অতিশয় ধার্ম্মিক বিষ্ণুভক্ত নরপতি ছিলেন। কঙ্কাল-কেতু মলয়গন্ধিনী নামে এক বিদ্যাধরকন্যা হরণ করিয়া লইয়া যায়। এই কন্যা নারদ দ্বারা রাজা মিত্রজিতের নিকট সংবাদ দিলে মিত্রজিৎ গোপনে এই স্থানে আসিয়া কঙ্কালমালীর ত্রিশূল লইয়া তাহাকে বধ করেন। পরে নারদ তথায় উপস্থিত হইয়া বিবাহবিধানানুসারে ইহাদের বিবাহ দেন। পরে কঙ্কাল-মালিনী পুত্রাভিলাষে অভীষ্ট তৃতীয়ায় ব্রত করিয়া গর্ভধারণ করেন। এই সময় তিথিভক্তি দ্বারা গৌরীকে সন্তুষ্ট করিয়া প্রার্থনা করেন যে, আপনি আমাকে বিষ্ণুর অংশসম্ভূত একটী পুত্র প্রদান করুন যে, বালক জন্ম গ্রহণ করিয়াই স্বর্গে গমন করিবে, ও তথা হইতে পুনরায় এই স্থানে আগমন করিবে, এবং এই বালক পৃথিবীতে সদাশিবের অত্যন্ত ভক্ত বলিয়া প্রসিদ্ধ ও স্তনপান ব্যতীত ক্ষণমধ্যে ষোড়শ বৎসরের আকৃতি ধারণ করিবে। মৃড়ানী ইহার উপর সন্তুষ্ট হইয়া তাহাই হইবে বলিয়া বর দেন। কালক্রমে মলয়গন্ধিনী মূলানক্ষত্রে একটী সন্তান প্রসব করেন। তখন অমাত্যগণ ইহা শুনিয়া রাজ্ঞীকে জানাইল যে যদি আপনি ভূপতির জীবনাভিলাষিণী হন, তাহা হইলে দুষ্ট নক্ষত্রে জাত এই কুমারকে পরিত্যাগ করুন।

তখন রাজ্ঞী ধাত্রেয়ীকে কহিলেন, পঞ্চমুদ্রা নামক মহাপীঠে বিকটা নামে মাতৃকা আছেন, তুমি তাহার নিকটে এই বালককে রাখিয়া তাহাকে বলিবে যে, গৌরীপ্রদত্ত এই বালকটীকে পতির মঙ্গল কামনায় আপনাকে দিলাম। ধাত্রী ঐ বালককে লইয়া গিয়া

তথায় রাখিয়া আসিল। পরে বিকটা দেবী যোগিনীদিগকে ডাকিয়া কহিলেন, যে এই বালককে তোমরা ব্রাহ্মী প্রভৃতি মাতৃগণের নিকটে লইয়া যাও এবং তাঁহারা যাহা বলেন, সযত্নে তাহা পালন করিও। পরে মাতৃগণ বালককে দেখিয়া কহিলেন, এই বালক রাজলক্ষণাক্রান্ত, কোন রাজার পুত্র হইবে। অতএব তোমরা ইহাকে তথায় লইয়া যাও। সেই স্থানে কামদা পঞ্চমুদ্রা দেবী অবস্থান করিতেছেন, তাহার অনুগ্রহে এই বালকের ষোড়শ বৎসরের ন্যায় আকৃতি হইবে।

মাতৃগণের এই বাক্যে যোগিনীগণ ক্ষণমধ্যে সেই বালককে পুনর্ব্বার পঞ্চমুদ্রার নিকটে লইয়া গেলেন। সেই শিশু তথায় মহাদেবের উদ্দেশে কঠোর তপস্যা আরম্ভ করিল। কালক্রমে মহাদেব তাহার প্রতি প্রসন্ন হইয়া লিঙ্গরূপে তথায় আবির্ভূত হইয়া কহিলেন, বৎস! বর গ্রহণ কর, তোমার তপস্যায় আমি অতিশয় প্রীত হইয়াছি। তখন ঐ বালক কহিল, ভগবন্! আপনি যদি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে এই বর দিন যে, আপনি সতত এই লিঙ্গ মধ্যে অবস্থান করিয়া মন্ত্র ব্যতিরেকেও কেবল দর্শন, স্পর্শন ও প্রণামেই সতত ভক্তগণের অভীষ্ট পূর্ণ করিবেন। এই লিঙ্গের উপর যাহাদের ভক্তি থাকিবে, তাহাদের প্রতি আপনি সতত অনুগ্রহ করিবেন, ইহাই আমার প্রার্থনা। তাহার এই প্রার্থনা শুনিয়া মহাদেব কহিলেন, হে বীর! তুমি যাহা প্রার্থনা করিলে, তাহাই হইবে। তোমার পিতা বৈষ্ণবপ্রধান নৃপতি অমিত্রজিৎ হইতে বিষ্ণুর অংশে জন্মগ্রহণ করিয়াছ, তুমি আমার পরম ভক্ত, এই লিঙ্গ অদ্যাবধি 'তোমার নামে' খ্যাত হইবে। অদ্যাবধি আমি এই লিঙ্গে সর্ব্বদা অবস্থান করিয়া ভক্তগণের অভীষ্টপূরণ করিব। তদবধি কাশীধামে বীরেশ্বর লিঙ্গের উৎপত্তি। (কাশীখণ্ড ৭৯-৮৩ অ°)

অপুত্রক ব্যক্তি সংকল্প করিয়া এক বৎসর বীরেশ্বরের স্তব শ্রবণ করিলে তাহার পুত্র লাভ হয়।

২ মৈথিলদিগের দশকর্ম্মপদ্ধতিকর্ত্তা। ৩ মৈথিলদিগের দশকর্ম্মপদ্ধতি।

বীরেশ্বর, ১ জাগদীশীটীকাকর্ত্তা। ২ জ্যেষ্ঠাপূজাবিলাসপ্রণেতা। ৩ দিবাকরপদ্ধতিপ্রকাশবিবরণরচয়িতা। ৪ আহ্নিকমঞ্জরীটীকাপ্রণেতা। ইনি হরিপণ্ডিতের পুত্র ও শিবপণ্ডিতের পৌত্র। পুণ্যস্তম্ভে ইহার বাস ছিল। ১৫৯৮ খৃষ্টাব্দে ইনি গ্রন্থ রচনা করেন। ৫ বিবাদার্ণবভঞ্জনসঙ্কলয়িতা। ৬ একজন ধর্ম্মশাস্ত্রকার। রঘুনন্দন ইহাঁর মত উদ্ধৃত করিয়াছেন।

বীরেশ্বর পণ্ডিত, ১ রসরত্নাবলী নামক অলঙ্কারশাস্ত্রপ্রণেতা। ২ জগন্নাথ পণ্ডিতরাজের গুরু।

বীরেশ্বর ভট্ট, ১ সংশয়তত্ত্বনিরূপণপ্রণেতা। বিশ্বনাথের পুত্র। ২ কবীন্দ্রচন্দ্রোদয়ধৃত একজন কবি।

বীরেশ্বর মৌদ্গল্য, অন্যোক্তিশতকপ্রণেতা। ইনি দ্রাবিড়বাসী, পিতার নাম হরি।

বীরেশ্বরসূনু, দানবাক্যাবলীরচয়িতা।

বীরেশ্বরানন্দ, যোগরত্নাকরপ্রণেতা। হরিহরানন্দের পুত্র।

বীরোজ্‌ঝা (পুং) হোমকর্ত্তা, যিনি হোম করেন না।

'অভ্যুদিতাভিনির্ম্মুক্তো বীরোজ্‌ঝো ন জুহোতিথিঃ।' (হেম)

বীরোপজীবিক (পুং) যাহার উপজীবিকা অগ্নিহোত্র, যিনি অগ্নিহোত্রের দ্বারা জীবিকা-নির্ব্বাহ করেন।

'অগ্নিহোত্রচ্ছলাদ্যাঞ্চাপরো বীরোপজীবিকঃ।' (হেম)

বীৎসা (স্ত্রী) ব্যর্থকরণেচ্ছা। (অথর্ব্ব° ৫।৭।১)

বীর্য্য (ক্লী) বীরে সাধু তত্র সাধুঃ ইতি যৎ, যদ্বা বীর্য্যতেঽনেনেতি বীর বিক্রান্তৌ (অন্যেভ্যোঽপি। পা ৩।৩।৯৭) ইতি যৎ, যদ্বা বীরস্য ভাবঃ যৎ। ১ চরম ধাতু। পর্য্যায়—শুক্র, তেজঃ, রেতঃ, বীজ, ইন্দ্রিয়। (অমর) [শুক্র দেখ।]

২ দ্রব্যগত শক্তি, পৃথিব্যাদি যাবতীয় পদার্থের সারভাগকে বীর্য্য কহে। ইহা আবার দুই প্রকার চিন্ত্যক্রিয়াশক্তি ও অচিন্ত্যক্রিয়াশক্তি।

"ভূতপ্রভাবাতিশয়ো দ্রব্যে পাকে রসে স্থিতঃ।
চিন্ত্যাচিন্ত্যক্রিয়াহেতু বীর্য্যং ধন্বন্তরের্ম্মতম্॥"

(চক্রদত্ত, শিবদাসীয় টীকা)

ভাবপ্রকাশে লিখিত আছে যে,—

"উষ্ণশীতগুণোৎকর্ষাৎ বুধৈ বীর্য্যং দ্বিধা স্মৃতম্।
যৎ সর্ব্বমগ্নিষোমীয়ং দৃশ্যতে ভুবনত্রয়ম্॥" (ভাবপ্র°)

দ্রব্য মাত্রের বীর্য্য দুই প্রকার—উষ্ণ বীর্য্য ও শীতবীর্য্য। যে হেতু ত্রিভুবন সকলই আগ্নেয় ও সোমগুণাত্মক। বীর্য্যের গুণ—উষ্ণ বীর্য্য, বায়ু ও কফনাশক, পিত্ত ও জীর্ণতার উৎপাদক, শীতবীর্য্য, বাতশ্লেষ্মিক রোগজনক এবং পিত্তনাশক। অন্যপ্রকার—উষ্ণবীর্য্য, ভ্রম, পিপাসা, গ্লানি, ঘর্ম্ম, দাহ উৎপাদক। শীতবীর্য্য সুখজনক, জীবনপ্রদায়ক, মলস্তম্ভকারক এবং রক্তপিত্তের প্রসন্নতাকারক।

সুশ্রুতে লিখিত আছে, কেহ কেহ বলেন বীর্য্যই প্রধান, কারণ বীর্য্যের বশেই ঔষধের ক্রিয়া সকল নিষ্পন্ন হয়। ক্রিয়া-যথা বমন, বিরেচন, ঊর্দ্ধাধঃ শোধন, সংশমন, সংগ্রাহণ, অগ্নিদীপন, প্রপীড়ন, লেখন, বৃংহণ, রসায়ন, বাজীকরণ, শোথকর, বিলয়ন, দহন, দারণ, সারণ ও বিষনাশন। জগৎ অগ্নি ও সোমগুণবিশিষ্ট বলিয়া তদুৎপন্ন ঔষধের বীর্য্য দ্বিবিধ, উষ্ণ ও শীত। কেহ কেহ বলেন যে বীর্য্য অষ্টবিধ। যথা উষ্ণ, শীত,

স্নিগ্ধ, রুক্ষ, বিশদ, পিচ্ছিল, মৃদু ও তীক্ষ্ণ। এই সকল বীর্য্য স্বীয় বল ও গুণের উৎকর্ষ হেতু রসকে অভিভূত করিয়া আত্ম-কর্ম্ম করিয়া থাকে। যেরূপ মহৎ পঞ্চমূল কষায় ও তিক্ত রস হইলেও উষ্ণবীর্য্যত্ব হেতু বায়ু প্রশমন করে, সেইরূপ কুলত্থ কলায় ও পলাণ্ডু কটু হইয়াও স্নেহবিশিষ্টত্ব হেতু বায়ু নাশ করিয়া থাকে। ইক্ষু রস মধুর হইলেও শীতবীর্য্যত্ব হেতু বায়ু-বর্দ্ধক ইত্যাদি। ইহার তাৎপর্য্য এই যে, দ্রব্য মাত্রই শীতল, উষ্ণ, তীক্ষ্ণ, রুক্ষ, মৃদু, স্নিগ্ধ, পিচ্ছিল ও বিশদ এই সকল গুণবীর্য্য সম্পন্ন বলিয়া আখ্যাত। অগ্নি গুণের আধিক্যে তীক্ষ্ণোষ্ণ বীর্য্য, জলীয় গুণের আধিক্যে শীত ও পিচ্ছিল বীর্য্য, পার্থিব ও জলীয় গুণের আধিক্যে স্নিগ্ধ-বীর্য্য, জলীয় ও আকাশীয় গুণের আধিক্যে মৃদুবীর্য্য, বায়ুগুণের আধিক্যে বিশদ বীর্য্য হইয়া থাকে।

উষ্ণ ও তীক্ষ্ণ বীর্য্য দ্বারা বায়ুর, শীত, মৃদু বা পিচ্ছিল বীর্য্য দ্বারা পিত্তের এবং তীক্ষ্ণ, রুক্ষ বা বিশদ বীর্য্য দ্বারা শ্লেষ্মার নাশ হয়। গুরুপাকে বাত পিত্ত এবং লঘু পাকে শ্লেষ্মা প্রশমিত হয়। মৃদু, শীতল ও উষ্ণ গুণ স্পর্শ দ্বারা, স্নিগ্ধ ও রুক্ষ গুণ দ্বারা এবং পিচ্ছিল ও বিশদ গুণদর্শন ও স্পর্শন দ্বারা জানিতে পারা যায়। (সুশ্রুত সূত্রস্থা° ৪১ অ°)

ভেষজাদির ন্যায় প্রস্তুতীকৃত ঔষধাদিরও স্বতন্ত্র বীর্য্য কল্পিত হইয়া থাকে। প্রত্যেক ঔষধের বলাবল মাত্রা ও ঔষধের প্রকৃতি অনুসারেই নির্দ্ধারিত হয়। রোগের প্রকৃতির সহিত ঔষধের বলের সামঞ্জস্য করিয়া চিকিৎসকগণ ঔষধ প্রয়োগ করিয়া থাকেন। [হোমিওপাথী দেখ।]

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে যে পরবীর্য্য দ্বারা অকামত উদর পাত করিলে প্রায়শ্চিত্ত দ্বারা শুদ্ধ হয়, কিন্তু যাহারা ইচ্ছা করিয়া উদরপাত করে, তাহাদের কর্ম্মভোগ দ্বারাই শুদ্ধি হয়। ইহারা দৈব ও পিতৃকার্য্যে অধিকারী হয় না এবং ষাট হাজার বৎসর নরক ভোগের পর উহার শুদ্ধি হয়।

"পরবীর্য্যং যদুদরং কামতোঽকামতোঽপি বা।
অহল্যে যাতি দৈবেন তদুপায়ং নিশাময়॥
অকামতো ন দুষ্টা সা প্রায়শ্চিত্তেন শুদ্ধ্যতি।
কামভোগেন ত্যাজ্যা সা কর্ম্মভোগেন শুদ্ধ্যতি॥
পিতৃলোকে দৈবপাকে পূজায়াং নাধিকারিণী।
ষষ্টিং বর্ষসহস্রাণি ক্ষয়ং কৃত্বা স্বকর্ম্মণঃ॥"

(ব্রহ্মবৈবর্ত্তপু° শ্রীকৃষ্ণজন্মখ° ৪৭ অ°)

বীর্য্যকাম (ত্রি) প্রভাবকামনাকারী। (ঐতরেয়ব্রা° ১।৫)

বীর্য্যকৃৎ (ত্রি) বীর্য্য-কৃ-ক্বিপ্। বীর্য্যকারী, বলকারী।

'বীর্য্যকৃতো বলকারিণঃ ইন্দ্রস্য পরমৈশ্বর্য্যযুক্তস্য যজমানস্য'

(শুক্লযজু° ১০।২৫ মহীধর)

বীর্য্যকৃত (ত্রি) প্রাপ্তবীর্য্য। বলবন্ত। (তৈত্তিরীয়ব্রা° ২।৭।১৭।৩)

বীর্য্যচন্দ্র (পুং) রাজভেদ। ইহার কন্যা বীরাকে রাজা করন্ধম বিবাহ করেন। (মার্কণ্ডপু° ১২৩।১)

বীর্য্যজ (পুং) বীর্য্যাজ্জায়তে ইতি জন-ড। পুত্র। (ভাগ°৩।৫।১৯)

বীর্য্যতম (ত্রি) বীর্য্যবত্তম, শ্রেষ্ঠ বীর্য্যশালী। (ভাগ° ৬।২।১৯)

বীর্য্যধর (পুং) বর্ষপুরুষভেদ। ইহারা প্লক্ষদ্বীপের ক্ষত্রিয় বলিয়া কথিত। (ভাগ° ৫।২০।১১)

বীর্য্যপণ (ত্রি) ১ বীর্য্যশুল্ক। ২ বিদর্ভকন্যা। (ভাগ° ৪।২৮।২৯)

বীর্য্যপারমিতা (স্ত্রী) [পারমিতা দেখ।]

বীর্য্যপ্রবাদ (ক্লী) জৈনদিগের চতুর্দ্দশ পূর্ব্ববাদের অন্তর্গত তৃতীয় পূর্ব্ব।

বীর্য্যভদ্র (পুং) বৌদ্ধভেদ। (তারনাথ)

বীর্য্যমত্ত (ত্রি) বলদৃপ্ত। তেজোমত্ত।

বীর্য্যমিত্র, একজন প্রাচীন কবি।

বীর্য্যবৎ (ত্রি) বীর্য্যমস্যাস্তীতি বীর্য্য মতুপ্ মস্য বত্বম্। ১ বলবান্, শূর, বীর্য্যশালী। বীর্য্যযুক্ত। ২ মাংসল। (শব্দরত্নাবলী)

বীর্য্যবত্তরত্ব (ক্লী) অধিকতর বীর্য্যবত্ত।

বীর্য্যবত্ত্ব (ক্লী) বীর্য্যবানের ভাব বা ধর্ম্ম। বলশালীর ভাব বা ধর্ম্ম, বীরত্ব। (ভারত বিরাটপর্ব্ব)

বীর্য্যবাহিন্ (ত্রি) বীর্য্যবহনকারী। (শাঙ্গ°সং° ১।৫.২৪)

বীর্য্যবৃদ্ধিকর (ক্লী) বীর্য্যাণাং বৃদ্ধিকরং। শুক্রবর্দ্ধক ঔষধাদি।
পর্য্যায়—বৃষ্য, বাজীকরণ, বীজকৃৎ। (রাজনির্ঘণ্ট)

বীর্য্যশুল্ক (ক্লী) বীর্য্যপণ। স্ত্রিয়াং টাপ্। বীর্য্যশুল্কা = প্রতিজ্ঞায় আবদ্ধ।

"বীর্য্যশুল্কেতি মে কন্যা স্থাপিতেয়মযোনিজা।" (রামা° ১।৬৬।১৫)

রাজা জনক অযোনিজা জানকীকে বীর্য্যশুল্কা (অর্থাৎ যিনি এই ধনুতে জ্যারোপণাদি করিয়া রাখিতে পারিবেন তিনি এই কন্যা লাভ করিবেন এইরূপ পণে আবদ্ধ) রাখিয়াছিলেন।

বীর্য্যসত্ত্ববৎ (ত্রি) বীরত্বযুক্ত। মনুষ্যত্ববিশিষ্ট। (ভার° বনপ°)

বীর্য্যসহ (পুং) রাজা সৌদাসের পুত্রভেদ। (রামা° ৭,৬৫।১০)

বীর্য্যসেন (পুং) বৌদ্ধযতিভেদ। বীরসেন নামেও পরিচিত।

বীর্য্যহারিন্ (পুং) যক্ষভেদ, দুঃসহ নামক যক্ষের কন্যা স্বয়ং হারীর গর্ভে কোন চৌর্য্যের ঔরসে ইহার জন্ম। অসদাচারী, অনাচমনকারী এবং পদপ্রক্ষালনাদি না করিয়া রন্ধনগৃহে প্রবেশকারীর বাড়ীতে, এই যক্ষ ইহার অপর দুই সহোদরের সহিত সর্ব্বদা বিচরণ করে। এতদ্ভিন্ন যাহাদিগের গৃহে অহরহ ঝগড়া বিবাদ হয়, তথায় এবং গবাদি পশু চরিবার ও ধান্যাদি মাড়াই করিবার স্থানেও ইহাদের গতি বিধি হইয়া থাকে।

বীর্য্য (স্ত্রী) বীর্য্যতে অনয়েতি বৃ-যৎ (অচো যৎ ইতি যৎ ততষ্টাপ্)। বীর্য্য। (ভরত)

বীর্য্যাবৎ (ত্রি) বীর্য্যবৎ।

বীবধ, বিবধ (পুং) ১ ধান্যতণ্ডুলাদি। (মাঘ ২।৬৪) ২ পথ। (ভরত) ৩ ক্ষীরাদির ভার। (শব্দরত্না°) ৪ বার্ত্তা।

বীবধিক (ত্রি) বীবধেন হরতীতি বিবধ-ঠন্ (বিভাষা বীবধ-বিবধাৎ। পা ৪।৪।১৭)। ভারবাহক, ভারী।

বীবর, (Beaver) স্বনামপ্রসিদ্ধ জন্তুবিশেষ।

বীসর্প (পুং) [বিসর্প দেখ]

বীহা (স্ত্রী) বনকুলত্থ, বনজ কুলথি কলাই।

বীহার (পুং) বিহরন্ত্যত্রেতি বি-হৃ-ঘঞ্ উপসর্গস্য দীর্ঘঃ। মহালয়, বৌদ্ধমন্দির। ২ বিহার।

বুক, (দেশজ) ১ বক্ষঃস্থল। ২ সাহস।

"বুক বাড়িয়াছে কাহার সোহাগে।
কালি শিখাইব মায়ের আগে।" (ভারতচন্দ্র)

বুগ্, ভ্বা° পরস্মৈ° সক° সেট্। ত্যাগ। লট্ বুঙ্গতি। লিট্ বুবুঙ্গ। লঙ্ অবুঙ্গৎ। লুঙ্ অবুঙ্গীৎ। লুট্ বুঙ্গিতা। লৃট্ বুঙ্গিষ্যতি।

বুজন, ১ মুদ্রিত হওয়া। ২ ছিদ্র বা গর্ত্তাদি বন্ধ করা।

বুঝন, ১ জ্ঞাতকরণ, জানান। ২ সান্ত্বনা বাক্যে শোকাদ্যভিভূত ব্যক্তিকে সুস্থ করা।

বুট্, চুরা° পরস্মৈ° সক° সেট্। ক্ষয়। লট্ বুণ্টয়তি। লিট্ বুবুণ্ট। লঙ্ অবুণ্টয়ৎ। লুঙ্ অবুণ্টয়ীৎ। লুট্ বুণ্টয়িতা। লৃট্ বুণ্টয়িষ্যতি। লোট্ বুণ্টয়তু।

বুট, কলাই বিশেষ, ছোলা।

বুট (ইংরাজী) জুতাবিশেষ। ইংরাজী Boot শব্দার্থ।

বুড়া, বৃদ্ধ, প্রাচীন।

বুদ্ধি (স্ত্রী) বুধ-ক্তিন্। আত্মার গুণবিশেষ। [পবর্গে বুদ্ধিশব্দ দেখ]

বৃ, ১ বৃতি। চুরাদি° পরস্মৈ° সক° সেট্। লট্ বারয়তি। বৃ—২ বরণ, প্রার্থন। স্বাদি, ক্র্যাদি° উভয়°, ৩ ধারণ। ৪ সেবা। সক° সেট্। লট্ বৃণোতি, বৃণুতে। লিঙ্ বৃণুয়াৎ, বৃণীত। লঙ্ অবৃণোৎ, অবৃণুত। ক্র্যাদি° বৃণাতি বৃণীতে। লিঙ্ বৃণীয়াৎ, বৃণীত। লঙ্ অবৃণাৎ, অবৃণীৎ। ভ্বাদি লট্ বরতি-তে। লিট্ ববার, বব্রে, ববরে, বব্রুব, ববরিব। লুট্ বরিতা, বরীতা। বরিষ্যতি-তে। বরীষ্যতি-তে। ব্রিয়াৎ, বর্য্যাৎ, বরিষীষ্ট, বৃষীষ্ট, বৃষীষ্ট। লুঙ্ অবারীৎ, অবারিষ্টাং অবরিষ্ট, অবরীষ্ট, অবৃত। কর্ম্মবাচ্য ব্রিয়তে, অবারি। সন্ বিবরিষতি-তে। বিবরীষতি-তে। বুবূর্ষতি-তে। যঙ্ বেব্রীয়তে। বোবূর্য্যতে, যঙ্ লুক্ বর্বর্ত্তি। নিচ্ বরয়তি-তে।

বৃংহণ (ত্রি) বৃহি-ল্যু। পুষ্টিকারক। (শব্দচ°) ২ তন্নামক ধূমপান। (ভাবপ্র°) (স্ত্রী) ৩ অশ্বগন্ধা। ৪ কপিলদ্রাক্ষা। ৫ ভূকুষ্মাণ্ড। (বৈদ্যকনি°) ৬ বরাহমাংসসাধিত যবাগূ।

(চরক সূত্রস্থা° ২ অ°)

বৃংহণবস্তি (স্ত্রী) নিরূহ বস্তিভেদ। (ভাবপ্র°)

বৃংহণীয়বর্গ (পুং) বৃংহণজন্য হিতকর কষায়বর্গ, দ্রব্যগণভেদ, এইগণ যথা—ক্ষীরলতা, ক্ষীরাই, বেড়েলা, কাকোলী, ক্ষীর-কাকোলী, শ্বেতবেড়েলা, পীতবেড়েলা, বনকাপাস, ভূমিকুষ্মাণ্ড।

(চরক সূত্র° ৪ অ°)

বৃংহিত (ক্লী) বৃহি-ক্ত। হস্তিগর্জ্জন, পর্য্যায় করিগর্জ্জিত।

বৃক, আদান। ভ্বাদি° আত্মনে° সক° সেট্। লট্ বর্কতে। যঙ্ বরীবৃক্যতে।

বৃক (পুং) বৃণোতীতি বৃ (স্যূবৃভৃগুষিমুষিভ্যঃ কক্। উণ্ ৩।৪১) ১ কুক্কুরপ্রমাণ হরিণঘ্ন জন্তুবিশেষ, বোঁষা বাগ্, হিন্দী—হুণ্ডার। পর্য্যায়—কোক, ঈহামৃগ, বৎসাদন, বিরুক, গোবৎসাদী, ছাগ-ভোজী, ছাগলাস্ত্রী, জলাশন। (রাজনি°) ২ কাক। (উজ্জ্বল) ৩ পোতক। ৪ বকবৃক্ষ। ৫ শৃগাল।

"অজাবিকেতু সংরুদ্ধে বৃকৈঃ পালে ত্বনায়তি।" (মনু ৮।২৩৫)

৬ ক্ষত্রিয়। ৭ অনেক ধূপ। ৮ সরলদ্রব। (ভরতধৃত রভস) ৯ তস্কর। ১০ বজ্র। (নির্ঘণ্টু ২।২০)

বৃককর্ম্মন্ (পুং) অসুরভেদ।

বৃকখণ্ড (পুং) ঋষিভেদ। [বার্কখণ্ডি দেখ।]

বৃকগর্ত্ত (ক্লী) প্রাচীন জনপদভেদ। (পা ৪।২।১৩৭)

বৃকগ্রাহ (পুং) ঋষিভেদ। [বার্কগ্রাহিক দেখ।]

বৃকজম্ভ (পুং) ঋষিভেদ। [বার্কজম্ভ দেখ।]

বৃকতাৎ (স্ত্রী) বৃকের ন্যায় হিংস্রস্বভাবাপন্ন। "বৃকতাতি আদাতা বৃকঃ। বৃক আদানে বৃকজ্যেষ্ঠাভ্যাং তিল্‌তাতিলৌ চ ছন্দসি। পা ৫।৪।৪১ ইতি স্বার্থিকস্তাতিল্ প্রত্যয়ঃ। (ঋক্ ২।৩৪।৯ সায়ণ)

বৃকতি (স্ত্রী) ১ অতিশয় অদাতা। নিষ্ঠুর প্রকৃতির লোক, দস্যু, হত্যাকারী। "বৃকতিরতিশয়েন দাতা।" (ঋক্ ৪।৪১।৪ সায়ণ)

২ জীমূতের পুত্রভেদ। ৩ কৃষ্ণের পুত্রভেদ। (হরিবংশ)

বৃকতেজস্ (পুং) শ্লিষ্টির পুত্রভেদ। (হরিবংশ)

বৃকদংস (পুং) বৃকান্ দশতীতি দন্শ-অণ্। কুক্কুর। (হেম)

বৃকদীপ্তি (স্ত্রী) কৃষ্ণের পুত্রভেদ। (হরিবংশ)

বৃকদেব (পুং) ১ বসুদেবের পুত্রভেদ। (হরিবংশ) স্ত্রিয়াং টাপ্ চ। বৃকদেবা, বৃকদেবী, দেবকের কন্যা ও বসুদেবের পত্নী।

(হরিবংশ)

বৃকদ্বরস্ (ত্রি) সংবৃতদ্বার। 'বৃকদ্বরসঃ সংবৃতদ্বারাসুরস্য বীরান্ পুত্রান্ যদ্বা সংবৃতদ্বারানসুরস্য' (ঋক্ ২।৩০।৪ সায়ণ)

বৃকধূপ (পুং) বৃকোঽনেকধূপ এব ধূপঃ। বৃকঃ সরলদ্রবস্তৎ-প্রধানো ধূপো-বা। নানা সুগন্ধি দ্রব্যকৃত দশাঙ্গাদি ধূপ। পর্য্যায়—কৃত্রিমধূপক, বকধূপ। ২ সরল বৃক্ষরস, চলিত টারপিন্। পর্য্যায়—পায়স, গ্রীবাস, গ্রীবেষ্ট, সরলদ্রব। (অমর)

বৃকধূর্ত্ত (পুং) ধূর্ত্তো বৃকঃ। রাজদন্তাদিত্বাৎ পূর্ব্বনিপাতঃ। শৃগাল। (হারাবলী)

বৃকনিবৃতি (পুং) কৃষ্ণের পুত্রভেদ। (হরিবংশ)

বৃকবন্ধু (পুং) ঋষিভেদ। (পা ৪।১।১৪৬)

বৃকরথ (পুং) কর্ণের ভ্রাতৃভেদ। (ভারত দ্রোণপর্ব্ব)

বৃকল (পুং) ১ শ্লিষ্টির পুত্রভেদ। (হরিবংশ)

বৃকলা (স্ত্রী) ১ নাড়ী প্রভৃতি। (শতপথব্রা° ১২।৫।২।৫) ২ রমণীভেদ। (পা ৪।১।৯৬)

বৃকবঞ্চিক (পুং) ঋষিভেদ। (পা ৪।১।১৪৬)

বৃকস্থল (ক্লী) গ্রামভেদ। (ভারত উদ্যোগ পর্ব্ব)

বৃকা (স্ত্রী) অম্বষ্ঠা। (রত্নমালা) ২ পাঠা, আকনাদি। ৩ সূর্পদ্বয় পরিমাণ।

বৃকাক্ষী (স্ত্রী) বৃকস্যাক্ষীব অক্ষি চিহ্নং যস্যাঃ। ত্রিবৃৎ। (রত্নমালা)

বৃকাজিন (পুং) ঋষিভেদ। (পা৬।২।১৬৫)

বৃকায়ু (ত্রি) ১ আরণ্য কুক্কুর। ২ চৌর। 'বৃকায়ুঃ বৃকো হিংসকোঽরণ্য শ্বা স্তেনো বা।' (ঋক্ ১০।১৩৩।৪ সায়ণ)

বৃকারাতি (পুং) বৃকস্য অরাতিঃ। কুক্কুর। (রাজনি°)

বৃকারি (পুং) বৃকস্যারিঃ। কুক্কুর। (রাজনি°)

বৃকাশ্ব (পুং) ঋষিভেদ। বহুবচনে ইহার বংশধরদিগকে বুঝায়। (সংস্কারকৌ°)

বৃকাশ্বকি (পুং) গোত্রপ্রবর্ত্তক একজন ঋষি। [বার্কাশ্বকি দেখ]

বৃকাস্য (পুং) কৃষ্ণের পুত্রভেদ। বৃকাশ্ব পাঠান্তর।

বৃকোদর (পুং) বৃকস্যেবোদরো যস্য যদ্বা বৃকঃ বৃকনামকো অগ্নিরুদরে যস্য। ভীমসেন। পর্য্যায়—ভীম, মরুৎপুত্র, কির্ম্মীর-নিসূদন, কীচকনিসূদন, বকনিসূদন, হিড়ম্বনিসূদন, বকবৈরী, মারুতি। (জটাধর)

বৃকোদরের নামনিরুক্তির বিষয় লিখিত আছে যে, ভীমের জঠরে বৃকনামক তীক্ষ্ণ অগ্নি বিদ্যমান ছিল, এইজন্য বৃকোদর নাম হইয়াছে। [ভীমশব্দ দেখ।]

"যস্য তীক্ষ্ণো বৃকোনাম জঠরে হব্যবাহনঃ।
ময়া দত্তঃ স ধর্ম্মাত্মা তেন চাসৌ বৃকোদরঃ॥" (মৎস্যপু° ৬৫অ°)

বৃকোদরময় (ত্রি) বৃকোদরব্যাপ্ত।

বৃক্ক (পুং) ১ ব্যাধির বর্জ্জয়িতা। (ঋক্ ১।১৮৭।১০) ২ অগ্র-মাস। বৃক্কাগ্রমাংসমিত্যমরঃ (২।৬।৬৪) বৃক আদানে বৃক্যতে স্বাদুতয়া গৃহ্যতে বৃক্কা নান্তঃ পুংস্যয়ং স্ত্রীত্যেকে ইতি ক্ষীরস্বামী। বৃক্কা মুখ্যং মাংসং তেন দিবং দেবতাং প্রীণামি। বৃক্কৌ কুক্ষিস্থৌ মাংসগোলকাম্রফলাকৃতৌ ইতি পঞ্জিকাঃ। (শুক্লযজুঃ ২৫।৮মহীধর)

বৃক্কক (পুং) মূত্রাশয় (Kidney)

বৃক্কা (স্ত্রী) হৃদয়। (হেম)

বৃক্ত (ত্রি) ব্রশ্চ-ক্ত। ছিন্ন, কর্ত্তিত। (অমর)

বৃক্তবর্হিস্ (ত্রি) স্তীর্ণবর্হিস্। (ঋক্ ৩।২।৫ সায়ণ) যে বর্হিঃ পরিষ্কার করিয়াছে বা বিছাইয়া দিয়াছে।

বৃক্তি (স্ত্রী) উক্তি, বুনানি।

বৃক্যা (স্ত্রী) বৃক্ষযন্ত্র। (তৈত্তিরীয়সং° ৫।৭।১৯।১)

বৃক্ষ, বৃতি। বেষ্টন। ভ্বাদিঁ আত্মনেঁ সকঁ সেট্। লট্ বৃক্ষতে। লিট্ ববৃক্ষে। লুঙ্ অবৃক্ষিষ্ট।

বৃক্ষ (পুং) ব্রশ্চ ছেদনে (সৃব্রশ্চিকৃত্যৃষিভ্যঃ কিৎ। উণ্ ৩।৬৬) ইতি স-সচ কিৎ, বৃক্ষবরণে, অতো ঋচ্যা বৃণোতি বৃক্ষ-ইতি সিদ্ধে প্রপঞ্চার্থং ব্রশ্চি গ্রহণম্। স্থাবরযোনিবিশেষ, চলিত গাছ। পর্য্যায়—মহীরুহ, শাখী, বিটপী, পাদপ, তরু, অনোকহ, কুট, সাল, পলাশী, দ্রু, দ্রুম, আগম, অগচ্ছ, বিষ্টর, মহীরুট্, কুচি, স্থির, কারস্কর, নগ, অগ, কুটার, বিটপ, কুজ, কুঞ্জ, ক্ষিতিরুহ, অঙ্ঘ্রিপ, ভূরুহ, ভূজ, মহীজ, ধরণীরুহ, ক্ষিতিজ, শাল। (রাজনি°)

হেমচন্দ্র বৃক্ষলতা প্রভৃতির ছয়প্রকার জাতি নির্দ্দেশ করিয়াছেন—

'কুরুণ্টাদ্যা অগ্রবীজা মূলজাস্তূৎপলাদয়ঃ।
পর্ব্বযোনয় ইক্ষ্বাদ্যাঃ স্কন্ধজাঃ সল্লকীমুখাঃ॥
শাল্যাদয়ো বীজরুহাঃ সংমূর্চ্ছজাস্তৃণাদয়ঃ।
স্যুর্বনস্পতিকায়স্য ষড়েতে মূলজাতয়ঃ॥' (হেম)

কুরুণ্ট প্রভৃতি বৃক্ষ অগ্রবীজ, উৎপলাদি মূলজ, ইক্ষু প্রভৃতি পর্ব্বযোনি, সল্লকী প্রভৃতি স্কন্ধজ, শালী প্রভৃতি বীজরুহ, এবং তৃণাদি সংমূর্চ্ছজাত এই ছয় প্রকার বৃক্ষ।

বৃক্ষক (পুং) বৃক্ষ-কন্। ১ ক্ষুদ্রবৃক্ষ, ছোটগাছ। ২ বৃক্ষমাত্র। ৩ গুল্ম। ৪ কুটজবৃক্ষ। (রত্নমালা)

বৃক্ষকন্দ (পুং) বিদারীকন্দ।

বৃক্ষকুক্কুট (পুং) বন্য কুক্কুট।

বৃক্ষখণ্ড (পুং) কুঞ্জ।

বৃক্ষচন্দ্র (পুং) রাজভেদ। (তারনাথ)

বৃক্ষচর (পুং) বৃক্ষে চরতীতি চর-ট। বানর। (ধনঞ্জয়) ইহারা গাছে গাছে বেড়ায়, এইজন্য ইহাদের নাম বৃক্ষচর।

বৃক্ষচ্ছায় (ক্লী) বহূনাং বৃক্ষাণাং ছায়া, বহুত্বে নপুংসকত্বং বহুবৃক্ষের ছায়া, অনেক বৃক্ষের ছায়া। একটী বা দুইটী বৃক্ষের ছায়া বুঝাইলে বৃক্ষচ্ছায়া এইরূপ পদ হয়। 'বৃক্ষাণাং ছায়া' বহুবচন বুঝাইলে ক্লীবলিঙ্গ হয়।

বৃক্ষতক্ষক (পুং) কাঠুরিয়া।

বৃক্ষতল (ক্লী) গাছের তল।

বৃক্ষদল (ক্লী) বৃক্ষশাখা।

বৃক্ষধূপ (পুং) বৃক্ষোঽপি ধূপস্তৎ সাধনং। সরলদ্রুম, শ্রীবেষ্ট। (রাজনি°)

বৃক্ষনাথ (পুং) বৃক্ষাণাং নাথঃ। বটবৃক্ষ। (রাজনি°)

বৃক্ষনির্যাস (পুং) বৃক্ষস্য নির্যাসঃ। বৃক্ষের নির্যাস, বৃক্ষনির্গত রস, গাছের আটা। (মনু ৫।৬)

বৃক্ষপর্ণ (ক্লী) বৃক্ষস্য পর্ণং। বৃক্ষের পত্র, গাছের পাতা।

বৃক্ষপাক (পুং) বটবৃক্ষ। (শব্দচন্দ্রিকা)

বৃক্ষপাল (পুং) বনশাল। (রামায়ণ ৫।৩৯।৩)

বৃক্ষপুরী (স্ত্রী) নগরভেদ। (তারনাথ)

বৃক্ষপ্রতিষ্ঠা (স্ত্রী) স্মৃতিশাস্ত্রবিহিত অশ্বত্থাদি বৃক্ষের প্রতিষ্ঠা।

বৃক্ষভক্ষা (স্ত্রী) বৃক্ষং ভক্ষয়তীতি ভক্ষ-অচ্ ততষ্টাপ্। বন্দাক, চলিত পরগাছা। (ভাবপ্র°)

বৃক্ষভবন (ক্লী) বৃক্ষস্থিতং ভবনং। বৃক্ষকোটর। (শব্দচন্দ্রিকা)

বৃক্ষভিদ্ (স্ত্রী) বৃক্ষং ভিনত্তীতি ভিদ্-ক্বিপ্। বাসী, অস্ত্রভেদ, বাইস অস্ত্র। (হেম)

বৃক্ষভেদিন্ (পুং) বৃক্ষং ভিনত্তীতি ভিদ-ণিনি। বৃক্ষাদন, চলিত নেহানি। ২ টঙ্ক, অস্ত্রভেদ। (হেম)

বৃক্ষময় (ত্রি) বৃক্ষ ময়ট্ স্বরূপার্থে। বৃক্ষস্বরূপ।

বৃক্ষমর্কটিকা (স্ত্রী) বৃক্ষস্য মর্কটিকা। জন্তুবিশেষ, চলিত কাট্‌বিড়াল।

বৃক্ষমূল (ক্লী) বৃক্ষস্য মূলং। বৃক্ষের মূল, গাছের শিকড়।

বৃক্ষমূলিক (ত্রি) গাছের মূল সম্বন্ধীয়।

বৃক্ষমৃদ্ভু (পুং) বৃক্ষমৃদি ভবতীতি ভূ-ক্বিপ্। জলবেতস।

বৃক্ষরাজ্ (পুং) বৃক্ষাধিপ, পিপ্পল বৃক্ষ।

বৃক্ষরাজ (পুং) বৃক্ষাণাং রাজা, সমাসান্ত টচ্। ১ বৃক্ষের রাজা, শ্রেষ্ঠ বৃক্ষ। ২ পারিজাত।

বৃক্ষরুহা (স্ত্রী) বৃক্ষে রোহতীতি রুহ-ক ততষ্টাপ্। বন্দাক, চলিত পরগাছা। (অমর) ২ অমৃতস্রবা। (রাজনি°)

বৃক্ষবাটিকা (স্ত্রী) বৃক্ষস্য বাটিকা। অমাত্যগণিকাগেহোপবন, উপবন, বাগানবাড়ী, নিকুঞ্জ।

বৃক্ষবাটী (স্ত্রী) অমাত্যগণিকার উপবনবেষ্টিত গৃহ।

বৃক্ষবাস্ত্যনিকেত (পুং) যক্ষভেদ।

বৃক্ষশ (পুং) গিরগিটে।

বৃক্ষশায়িক (পুং) গো-লাঙ্গুল বানর, মুখপোড়া হনুমান।

বৃক্ষশায়িকা (স্ত্রী) কাঠবিড়াল।

বৃক্ষসঙ্কট (ক্লী) বৃক্ষরাজিবেষ্টিত সরু পথ।

বৃক্ষসর্পী (স্ত্রী) বৃক্ষবাসী নাগিনীভেদ। (অথর্ব্ব°)

বৃক্ষসারক (পুং) দ্রোণপুষ্পী।

বৃক্ষস্নেহ (পুং) বৃক্ষস্য স্নেহঃ। বৃক্ষনির্গত রস, গাছের আটা।

বৃক্ষাগ্র (ক্লী) গাছের অগ্রভাগ বা শিখর।

বৃক্ষাদন (পুং) বৃক্ষমত্তি নাশয়তীতি অদ্-ল্যু। বৃক্ষভেদী। (অমর) ২ অশ্বত্থবৃক্ষ। ৩ পিয়ালবৃক্ষ। ৪ বন্দা, মান্দড়া। ৫ মধুছত্র। (মেদিনী) ৬ কুঠার।

বৃক্ষাদনী (স্ত্রী) বৃক্ষাদন-স্ত্রিয়াং ঙীষ্। ১ বন্দা। ২ বিদারীকন্দ, ভূঁইকুমড়া। (মেদিনী)

বৃক্ষাদিরুহক, বৃক্ষাদিরূঢ়ক (ক্লী) আলিঙ্গন। (শব্দমালা)

বৃক্ষাম্ল (ক্লী) বৃক্ষস্যাম্লং। মহাম্ল, তিন্তিড়ী। চলিত—তেঁতুল। ২ মহাদা। (ভরত) ৩ অম্লকুটা। (সারসু°) ৪ চুকা, চলিত টক্।

পর্য্যায়—তিন্তিড়ীক, চুক্র, অম্লশাক, চুক্রাম্ল, তিন্তিড়ীফল, শাকাম্ল, অম্লপূর, পূরাম্ল, রক্তপূরক, চূড়াম্ল, বীজাম্ল, ফলাম্লক, অম্লবৃক্ষ, অম্লফল, রসাম্ল, শ্রেষ্ঠাম্ল, অত্যম্ল, অম্লবীজ, চুক্রফল। গুণ—কটু, কষায়, উষ্ণ এবং কফ, অর্শ, তৃষ্ণা, বায়ু, উদর, গুল্ম, অতীসার ও ব্রণদোষনাশক। (রাজনি°)

(পুং) বৃক্ষে অম্লো যস্য। ৫ আম্রাতক, চলিত আমড়া। ৬ অম্লবেতস।

বৃক্ষায়ুর্বেদ (পুং) বৃক্ষস্যায়ুর্বেদঃ। বৃক্ষাদির চিকিৎসাশাস্ত্র। মনুষ্যশরীরের ব্যাধি যেরূপ ঔষধাদি দ্বারা প্রশমিত হয়, তদ্রূপ বৃক্ষাদিও নানা প্রকারে বিকৃতিপ্রাপ্ত হইলে চিকিৎসা দ্বারা তাহা নিবারিত হয়।

বৃহৎসংহিতায় ইহাদের রোপণ, স্থাপন ও চিকিৎসাদির বিষয় এইরূপ লিখিত আছে—

জলাশয়ের প্রান্তভাগ ছায়াবিনির্ম্মুক্ত হইলে মনোহর হয় না, এই কারণে জলপ্রান্তে উপবন বিনিবেশ করিবে। মৃদুভূমি সকলপ্রকার বৃক্ষের উপকারী। ইহাতে তিল বপন করিবে। অরিষ্ট, অশোক, পুন্নাগ, শিরীষ ও প্রিয়ঙ্গু এই সকল মঙ্গলজনক বৃক্ষ গৃহে বা উপবনে রোপণ করিবে। পনস, অশোক, কদলী, জম্বু, লকুচ, দাড়িম, দ্রাক্ষা, পালীবত, বীজপূরক ও অতিমুক্তক এইসকল বৃক্ষের কাণ্ড গোময়দ্বারা লেপন করিয়া রোপণ করিবে, অথবা যত্নসহকারে মূলচ্ছেদ করিয়া স্কন্ধ লইয়া রোপণ করিবে। যে বৃক্ষের শাখা জন্মে নাই, তাহা শিশিরাগমে, শাখা জন্মিলে হিমাগমে এবং সুন্দর স্কন্ধসম্পন্ন বৃক্ষ বর্ষাগমে যে কোন দিকে প্রতিরোপণ করিবে। ঘৃত, উশীর, তিল, মধু, বিড়ঙ্গ, ক্ষীর ও গোময় দ্বারা মূল হইতে স্কন্ধ পর্য্যন্ত প্রলেপ দিয়া তাহাদিগের সংক্রামণ ও বিরোপণ করিবে, এইরূপ করিলে রোপিত বৃক্ষ জাতপত্রে শোভিত হইবে।

গ্রীষ্মে সায়ং ও প্রাতঃকালে, শীতে দিবার মধ্যভাগে এবং বর্ষাকালে মৃত্তিকা শুষ্ক হইলে রোপিতবৃক্ষে জলসেক করা আবশ্যক। জম্বু, বেতস, বাণীর, কদম্ব, উদুম্বর, অর্জ্জুন, বীজপূরক, মৃদ্বীকা, লকুচ, দাড়িম্ব, বঞ্জুল, নক্তমাল, তিলক, পনস, তিমির ও আম্রাতক এই ১৬ প্রকার বৃক্ষ অনুপজ নামে খ্যাত। উক্ত বৃক্ষ ২০ হাত অন্তরে রোপণ করিলে উত্তম এবং ১৬ হাত অন্তরে মধ্যম ও ১২ হাত অন্তর রোপিত হইলে নিকৃষ্ট হয়।

নিকট জাত বৃক্ষ সকল পরস্পর স্পর্শনকারী ও মূলে মিশ্রিত হওয়ায় পীড়িত হইয়া সম্যক্ ফল প্রদান করে না। শীত, বাত ও আতপাদি দ্বারাও বৃক্ষাদির রোগ জন্মে, তাহাতে পাণ্ডুপত্রতা ও পল্লবসমূহের বৃদ্ধিহীনতা ঘটে এবং শাখাশোষ ও রসস্রাব হইয়া থাকে। প্রথমে শস্ত্র দ্বারা ইহাদিগের বিশোধন করিয়া বিড়ঙ্গ, ঘৃত ও পঙ্কদ্বারা প্রলেপ দিয়া ক্ষীরজল সেক করিবে। ফল নষ্ট হইলে কুলত্থ, মাষকলাই, মুদ্গ, তিল ও শীতল জল সেক করিলে ফল ও পুষ্প বৃদ্ধি হয়।

ছাগ ও মেষের বিষ্ঠাচূর্ণ দুই আঢ়ক, তিল এক আঢ়ক, শক্তু এক প্রস্থ ও সর্ব্বতুল্য পরিমাণ গোমাংস, ৬৪ সের প্রমাণ জলে উত্তমরূপ পর্য্যুষিত করিয়া বনস্পতি, বল্লী, গুল্ম ও লতাদিতে সেক করা কর্ত্তব্য। ইহাতে ফলও অধিক অধিক হইয়া থাকে।

কোন বীজকে দশদিন দুগ্ধ দ্বারা ভাবিত করিবে, পরে ঘৃত যুক্ত হস্তে উহা মার্জ্জিত এবং পরে গোময় দ্বারা বহুবার সংশেষ রূপে রুক্ষিত এবং শূকর ও মৃগমাংসে ধূপিত করিবে। তৎপরে উহা মৎস্য ও শূকরের বসাসমন্বিত করিয়া মৃত্তিকায় পরিক্রামিত ও রোপিত করিবে। পরে ক্ষীরসংযুক্ত জল দ্বারা অবসেচিত হইলে উহা একেবারে কুসুম যুক্ত হইয়া থাকে। ব্রীহি, মাষকলাই ও তিলচূর্ণ, শক্তু ও পূতিমাংসের জলে সিক্ত এবং সর্ব্বদা হরিদ্রা দ্বারা ধূপিত হইলে ভিন্তিড়ী বৃক্ষেরও বল্লরী হইয়া থাকে। বন্যাস্ফোত, ধাত্রী, ধব ও বাসিকার মূল, ও পলাশিনী, বেতস, সূর্য্যবল্লী, শ্যামা, অতিমুক্তক এবং অষ্টমূলী, এইগুলি কপিত্থ বৃক্ষের বল্লী করিবার উপাদান। শুভ নক্ষত্রে বৃক্ষরোপণ করিতে হয়। রোহিণী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ, মৃগশিরা, চিত্রা, অনুরাধা, রেবতী, মূলা, বিশাখা, পুষ্যা, শ্রবণা, অশ্বিনী ও হস্তা, এই সকল নক্ষত্রে বৃক্ষরোপণ করা কর্ত্তব্য।

(বৃহৎসং ৫৫ অ°)

"বৃক্ষায়ুর্ব্বেদমাখ্যাস্তে প্লক্ষশ্চোত্তরতঃ শুভঃ।
গ্রাগ্বটো যাম্যতস্ত্বাম্রঃ আগ্নেহশ্বত্থঃ ক্রমেণ তু॥"

(অগ্নিপু° ২৯৩অ°)

অগ্নিপুরাণে লিখিত আছে যে, ভবনের উত্তরদিকে প্লক্ষ, পূর্ব্বদিকে বট, দক্ষিণে আম্র, ও পশ্চিমে অশ্বত্থ বৃক্ষ রোপণ করিলে কল্যাণ কর হয়। গৃহের নিকটে দক্ষিণদিকে উৎপন্ন কণ্টকদ্রুম সকলও মঙ্গলদায়ক। গৃহাবাসে উদ্যান প্রস্তুত করাইবে, পুষ্পিত তিলকাণ্ড সকল বিরাজিত থাকিবে। দ্বিজগণ ও চন্দ্রের পূজা করিয়া বৃক্ষ গ্রহণ বা রোপণ করা বিধেয়। বায়ব্য, হস্ত, প্রজেশ, বৈষ্ণব ও মূল এই পঞ্চ নক্ষত্র বৃক্ষরোপণে প্রশস্ত। নদীর প্রবাহ উদ্যানে বা ক্ষেত্রে প্রবেশ করাইবে, নদ্যাদি না থাকিলে পুষ্করিণীর প্রবাহ যাহাতে প্রবেশ করিতে পারে, তাহার উপায় বিধান করা আবশ্যক।

অরিষ্টাশোক, পুন্নাগ, শিরীষ, প্রিয়ঙ্গু, অশোক, কদল, জম্বু, বকুল, দাড়িম, এই সকল বৃক্ষ রোপণ করিয়া গ্রীষ্মে সায়ং ও প্রাতঃকালে, শীত ঋতুতে দিনান্তরে এবং বর্ষাকালে ভূমি শুষ্ক হইলে জলসেক করা বিধেয়। একস্থানে বৃক্ষরোপণ করিয়া তাহার বিংশতি হস্ত অন্তরে অন্য বৃক্ষরোপণ করা উত্তমকল্প, ১৬ হস্ত অন্তরে মধ্যম এবং দ্বাদশ হস্ত অন্তরে রোপণ করিলে নিকৃষ্ট হয়। বৃক্ষ সকল অতিশয় সন্নিবিষ্ট হইলে তাহা ফলহীন হইয়া থাকে, সুতরাং উহা ঘন ঘন করিয়া রোপণ করিবে না। ফলনাশ হইলে প্রথমে অস্ত্র দ্বারা কর্ত্তন করিয়া পরে বিড়ঙ্গ, ঘৃত ও পঙ্ক মাখাইয়া শীতল জল সেক করিবে এবং কুলত্থ, মাষ, মুদ্গ, যব, ও তিলের সহিত ঘৃত ও শীতল জল সেক করিলে সর্ব্বদা ফল পুষ্প উৎপন্ন হয়। মেষ ও ছাগের বিষ্ঠাচূর্ণ, যবচূর্ণ, তিল, গোমাংস ও জল সপ্তরাত্রি প্রোথিত করিয়া বৃক্ষতলে সেক করিলে সকল বৃক্ষেরই ফলপুষ্প বৃদ্ধি পায়। আমিষ জল সেক করিলে সকল বৃক্ষেরই ফল পুষ্প অধিক হয়। বিড়ঙ্গ ও তণ্ডুলযুক্ত মৎস্য ও মাংস, তাহাদের রোগনাশ ও বৃদ্ধিসাধন করিয়া থাকে। (অগ্নিপু° ২৯২ অ°)

শূরপাল 'বৃক্ষায়ুর্ব্বেদ' নামে একখানি স্বতন্ত্র গ্রন্থও লিখিয়া গিয়াছেন।

বৃক্ষার্হা (স্ত্রী) বৃক্ষে অর্হতীতি অর্হ-অচ্-টাপ্। মহামেদা। (রাজনি°)

বৃক্ষালয় (পুং) বৃক্ষ আলয়ো যস্য। পক্ষী।

বৃক্ষাবাস (পুং) বৃক্ষে আবাসো যস্য। বৃক্ষকোটরবাসী। কাঠবিড়াল।

বৃক্ষাশ্রয়িন্ (পুং) বৃক্ষমাশ্রয়তীতি আ-শ্রি-ণিনি। ক্ষুদ্রোল্ক।

বৃক্ষীয় (ত্রি) বৃক্ষসম্বন্ধীয়।

বৃক্ষেশয় (ত্রি) বৃক্ষশায়ী।

বৃক্ষোৎপল (ক্লী) কর্ণিকার

বৃক্ষ্য (ক্লী) গাছের ফল।

বৃগল (ক্লী) বিদল।

বৃচ, ১ বৃতি, বরণ। ২ বর্জ্জন। রুধাং পরস্মৈং সকং সেট্। লট্ বৃণক্তি। লুট বর্চিতা। লুঙ্ অবর্চ্চীৎ। ক্তঃ বৃক্তঃ।

বৃচয়া (স্ত্রী) তন্নামধেয়া রমণীভেদ।

'তস্মৈরাজ্ঞে তৎকৃতে র্যঞ্জৈঃ পরিতুষ্ট ইন্দ্রা বৃচয়াখ্যাং তরুণাং যোষিতং প্রাদাৎ।' (ঋক্ ১।৫১।১৩ সায়ণ)

বৃচীবৎ (পুং) বরশিখ কুলোৎপন্ন ব্যক্তিভেদ।

'প্রাগ্‌ভাগে স্থিতান্ বৃচীবতঃ। বৃচীবান্ নাম বরশিখস্য কুলোৎপন্নঃ পূর্ব্বঃ। তদ্‌গোত্রজান্ বরশিখস্য পুত্রান্ হন্ অবধীৎ।' (ঋক্ ৬।২৭ ৫ সায়ণ)

বৃজ্, ত্যাগ। চুরাং ভ্বাদিং পরস্মৈং সকং সেট্। লট্ বর্জ্জয়তি, বর্জ্জতি। লুঙ্ অবর্জ্জীৎ। লুট্ বর্জ্জিতা। ক্তঃ বৃক্তং। অদাং আত্মং সকং সেট্। লট্ বৃঙ্‌ক্তে, বৃক্তে। ক্তঃ বৃক্তঃ। ২ বৃতি বা বরণ। ৩ বর্জ্জন। রুধাং পরস্মৈং সকং সেট্। লট্ বৃণক্তি। ক্তঃ বৃক্তঃ।

বৃজন (ক্লী) বৃজী বর্জ্জনে বৃজ-ক্যুঃ (উণ্ ২।৮১) ১ অন্তরীক্ষ, আকাশ। ২ পাপ। ৩ নিরাকরণ। ৪ সংগ্রাম।

"ত্বং শুষ্ণং বৃজনে পৃক্ষ আণৌ" (ঋক্ ১।৬৩।৩) 'বৃজন ইত্যাদীনি ত্রীণি সংগ্রামনামানি। অত্র পূর্ব্বে বিশেষণে। বৃজনে বর্জ্জনযুক্তে। সংগ্রামে হি বীরাঃ পুরুষ বর্জ্জন্তে হিংস্যন্তে।' (সায়ণ)

৫ বল। "বিদ্যামেষং বৃজনং জীরদানুম্" (ঋক্ ১।১৬৬।১৫) 'বৃজনং বলম্'। (সায়ণ)

৬ প্রাণিজাত।

"বর্জ্যতে ইতি বৃজনং প্রাণিজাতম্" (ঋক্ ১।৪৮।৫ সায়ণ) (পুং) ৭ কেশ। (ত্রি) ৮ কুটিল, বক্র। ৯ বাধক, শত্রু।

"তমা নূনং বৃজনমন্যথা চিৎ" (ঋক্ ৬।৩৫।৫)

'বৃজনং বাধকং অস্মদীয়ং শত্রুং অন্যথা চিৎ অন্যেনৈব প্রকারেণ যোজয়' (সায়ণ)

(ক্লী) ১০ অপরাধ। ১১ রাঙ্গা চামড়া।

বৃজন্য (ত্রি) সাধুবল, সাধুশ্রেষ্ঠ, পরম সাধু।

"ধর্ম্মা ভুবদ্‌বৃজন্যস্য রাজা" (ঋক্ ৯।৯৭।২৩)

'রাজা দীপ্যমানঃ সোমো বৃজন্যস্য সাধুবলস্য ধর্ম্ম ধারয়িতা ভুবৎ ভবতি' (সায়ণ)

বৃজি (স্ত্রী) ১ ব্রজভূমি। ২ মিথিলা।

বৃজিক (ক্লী) বৃজৌ ভব বৃজি-কন্ (পা ৪।২।১৩১) ব্রজভূমিজাত, ব্রজোৎপন্ন।

বৃজিন (ক্লী) বৃজী বর্জ্জনে বৃজ-ইনচ্ বৃজেঃ কিচ্চ (উণ্ ২।৪৭) ১ পাপ। (ভাগবত ১০।২৯।৩৮) ২ দুঃখ। (ভাগবত ১।৭।৪৬) (ত্রি) ৩ পাপবিশিষ্ট। (মহাভারত সভাপর্ব্ব) ৪ রক্তচর্ম্ম। ৫ শোণিত। ৬ বক্র, কুটিল। "বৃজিনে পথি শ্যেনা"(ঋক্ ৬।৪৬।১৩) 'বৃজিনে কুটিলে পথি মার্গে' (সায়ণ)

(পুং) ৭ কেশ।

বৃজিনবৎ (পুং) যদুর পৌত্র, ক্রোষ্টুর পুত্র (ভাগবত ৯।২৩।৩০)

বৃজিনবর্ত্তনি (ত্রি) বিপ্লুতমার্গ, সদাচাররহিত।

"অগ্নে ত্বং বৃজিনবর্তনিং বিপ্লুতমার্গং সদাচাররহিতং নরং পুরুষং সন্মন্" (ঋক্ ১।৩১।৬ সায়ণ)

বৃজিনায়ৎ (ত্রি) পাপকামী, যে পাপ করিতে ইচ্ছা করে।

"বৃজিনায়ন্তমাভুং" (ঋক্ ১০।২৭।১)

'বৃজিনায়ন্তং পাপং কর্ত্তুমিচ্ছন্তমাভুং ব্যাপ্নুবন্তং' (সায়ণ)

বৃজিনীবৎ (পুং) [বৃজিনবৎ দেখ]

বৃণ, ১ ভক্ষণ। তনাদিং উভং সকং সেট্। লট্ বৃণোতি, বর্ণোতি, বৃণুতে, বর্ণুতে। লুঙ্ অবর্ণীৎ অবর্ণিষ্ট। বর্ণিত্বা, বৃত্বা। ২ প্রীণন। তুদাং পরস্মৈং সকং সেট্। লট্ বৃণতি। লিট্ ববর্ণ। লুট্ বর্ণিতা।

বৃত, ১ দীপ্তি। চুরাং পরস্মৈং অকং সেট্। লট্ বর্ণয়তি। ২ বর্ত্তন, বিদ্যমানতা, স্থিতি। ভ্বাদিং আত্মং অকং সেট্। লট বর্ত্ততে। লিট্ ববৃতে। লুট্ বর্ত্তিতা। লট্ বর্ত্তিষ্যতে, বৎস্যতি। লৃঙ্ অবর্ত্তিষ্যতে অবৎস্যৎ। লুঙ্ অবর্ত্তিষ্ট, অবৃতৎ। অবর্ত্তিষাতাম্, অবৃতাতাম্। অবর্ত্তিষত, অবৃতন্। সন্ বিবর্ত্তিষতে, বিবৃৎসতি। 'সীতান্তিকে বিবৃসন্।' ভট্টি ৮।৬৬। যঙ্ বরীবৃত্যতে। বৃত-ণিচ্ ৩ যাপন। 'কাশ্চনাবর্ত্তয়ৎ সমাঃ' কএক বৎসর যাপন করিয়াছিলেন। (রঘু ১৯।৪) ৪ পাগল। ৫ জীবন, জীবিকানির্ব্বাহ ৬ বর্ণন। ক্ত্বা-বর্ত্তিত্বা, বৃত্বা। ক্তঃ বৃত্ত। ক্তিন্-বৃত্তি। ৭ বরণ ৮ সেবা। দিবাং আত্মং সকং সেট্। লট্ বৃত্যতে।

অতি বৃত=অতিবর্ত্তন, অতিক্রম, উল্লঙ্ঘন। 'অপত্যলোভাদ্‌যাতু স্ত্রী ভর্ত্তারমতি বর্ত্ততে' যে স্ত্রী পুত্রপ্রত্যাশায় স্বীয় ভর্ত্তাকে অতিক্রম করে। (মনু ৫।১৬১) অনু—অনুবর্ত্তন, অনুগমন, অনুরোধ, সেবা, সহগমন। (মনু ৮।১৭৫)। অপ—অপবর্ত্তন, সংক্ষিপ্তীকরণ, ব্যবকলন, প্রতিনিবৃত্তি। (রঘু ৬।৫৮)। অভি—অভিমুখগমন, আগমন। 'জগামাস্তং দিনকরো রজনী চাভ্যবর্ত্তত' সূর্য্য অস্তগামী হইয়াছিলেন এবং রজনী আসিয়াছিল। (রামায়ণ) আ—আবর্ত্তন, আগমন, নিবৃত্তি। ব্যা—ব্যাবৃত্তি। উৎ—অতিরেক, অতিরিক্ত। নি—নিবৃত্তি। নির্—নিষ্পত্তি, সমাপ্তি। (রঘু ৩।৩৩) পরা—প্রত্যাগমন। পরি—পরিবর্ত্তন। প্র—প্রবর্ত্তন। (ভট্টি ১৫।৭ ও ৯।৫৮)। বি—বিবর্ত্তন, পরিবর্ত্তন, ঘূর্ণন, ভ্রমণ। সম্—সত্তা, ভাব, উৎপত্তি। (রঘু ৭।২২)

বৃত (ত্রি) বৃ-ক্ত। ১ কৃতবরণ, যাঁহাকে বরণ অর্থাৎ কোন সৎকর্ম্মে নিযুক্ত করা হইয়াছে। পর্য্যায় বৃত্ত, বাবৃত্ত। ২ আবৃত, আচ্ছাদিত। ৩ প্রার্থিত। ৪ বর্ত্তুল। ৫ স্বীকৃত।

বৃতঞ্জয় (পুং) অভীষ্ট বাসভবন। (নিরুক্ত ১২২৯)

বৃতঞ্জয় (ত্রি) ১ অভীষ্টদাতা। ২ শত্রুহন্তা।

"বৃতঞ্জয়ো বৃতস্যাভীষ্টস্যাচেতা সংচেতা দাতেত্যর্থঃ। যদ্বা বর্ত্ততে পুনঃ পুনরভিমুখমাগচ্ছতীতি বৃৎ শত্রুঃ। তং চয়তে হিনস্তীতি। বৃতঞ্জয়। চয়তির্হিংসাকর্ম্মা।" (ঋক্ ২।২১।৩ সায়ণ)

বৃতপত্রা (স্ত্রী) বৃতং আবৃতং পত্রং যস্যাঃ। পুত্রদাত্রী লতাভেদ।

বৃতা (স্ত্রী) আবরকা, আচ্ছাদকা।

"বৃতয়াবরকয়া দীপ্ত্যা" (ঋক্ ৫।৪৮।২ সায়ণ)

বৃতাক্ষ (পুং) কুক্কুট পক্ষী, চলিত কুকুড়া।

বৃতাচ্চিস্ (স্ত্রী) রাত্রি।

বৃতি (স্ত্রী) বৃ-ক্তিন্। ১ বেষ্টন, চলিত বেড়। পর্য্যায় বর। ২ প্রার্থনা বিশেষ। ৩ বরণ। ৪ গোপন। (শব্দরত্না°) ৫ নিয়োগ। ৬ আবরণ।

বৃতিঙ্কর (পুং) ১ বিকঙ্কত বৃক্ষ, চলিত বঁইচ গাছ। (শব্দরত্না°) ২ বৃতিকারক।

বৃত্ত (ক্লী) বৃৎ-ক্ত। ১ চরিত্র, চরিত। (কথাসরিৎসা° ৩।১৪) ২ বৃত্তি। (মেদিনী) ৩ বেদবোধিত আচারের প্রতিপালন। ৪ বার্ত্তা। (কথাসরিৎসা° ৫৮।১১৬) ৫ আচার। (মনু ৪।২৬০) (ত্রি) ৬ অতীত। (রামায়ণ ২।৯০।৭) ৭ দৃঢ়। ৮ বর্ত্তুল। (ভাগবত ৪।২৫।২৪) ৯ কৃতাবরণ, যাহাকে আবৃত করা হইয়াছে। (অমরটীকা) ১০ অধীত। ১১ মৃত। (মেদিনী) ১২ নিষ্পন্ন। (রঘু ৩।২৮) ১৩ জাত। (রঘু ২।৫৮) ১৪ গুরুপূজাদি অর্থাৎ গুরুপূজা, ঘৃণা, শৌচ, সত্য, ইন্দ্রিয়নিগ্রহ ও হিতকার্য্যে প্রবৃত্তি।

"গুরুপূজা ঘৃণা শৌচং সত্যমিন্দ্রিয়নিগ্রহঃ।
প্রবর্ত্তনং হিতানাঞ্চ তৎসর্ব্বং বৃত্তমুচ্যতে॥" (স্মৃতিগ্রন্থ)

১৫ পদ্যভেদ, যাহা চারিটী পদে বা চরণে পূর্ণ হয়, তাহার নাম পদ্য। ইহা বৃত্ত ও জাতি ভেদে দুই প্রকার, অক্ষর সংখ্যায় নির্ণেয় পদের নাম বৃত্ত এবং যাহা পদ্য মাত্রা দ্বারা নির্ণীত হয়, তাহাকে জাতি বলে। সম, অর্দ্ধসম ও বিষম ভেদে বৃত্ত তিন প্রকার। যে বৃত্তের চারিটী চরণেই সমসংখ্যক অক্ষর থাকে, তাহাকে সমবৃত্ত; দুই দুইটী চরণে সমান সমান অক্ষর থাকিলে অর্থাৎ প্রথম ও তৃতীয় এবং দ্বিতীয় ও চতুর্থ চরণে সমান সমান অক্ষর হইলে অর্দ্ধসমবৃত্ত এবং চারি চরণের অক্ষর সংখ্যা পরস্পর বিভিন্ন হইলে বিষমবৃত্ত হয়।

"পদ্যং চতুষ্পদী তচ্চ বৃত্তজাতিরিতি দ্বিধা।
বৃত্তমক্ষরসংখ্যাতং জাতির্মাত্রাকৃতা ভবেৎ॥
সমমর্দ্ধসমং বৃত্তং বিষমঞ্চেতি তত্ত্রিধা।
সমং সমচতুষ্পাদং ভবত্যর্দ্ধসমং পুনঃ॥
আদিস্থতীয়বদ্যস্য পাদস্তুর্য্যো দ্বিতীয়বৎ।
ভিন্নচিহ্নচতুষ্পাদং বিষমং পরিকীর্ত্তিতম্॥" (ছন্দোমঞ্জরী)

১৬ স্তনাগ্র। (পুং) ১৭ ধবলযাবনাল, শ্বেতজনার। ১৮ গুণ্ডতৃণ। ১৯ কচ্ছপ। (রাজনি°) ২০ অঞ্জীর বৃক্ষ। (বৈদ্যকনি°) ২১ সপ্তপর্ণ বৃক্ষ। (পর্য্যায়মুক্তা°) ২২ নাগবিশেষ। (ভারত ১।৩৫।১০) কবিকল্পলতায় বৃত্তাকার বস্তুর এইরূপ উল্লেখ আছে,—বাহু, নারঙ্গ, স্কন্ধ, ধম্মিল্ল, মোদক, রথাঙ্গ, লাবক, ককুৎ, কুম্ভিকুম্ভ ও অণ্ডকাদি, কর্ণপাশ, ভুজাপাশ, আকৃষ্টচাপ, ঘটানন, মুদ্রিকা, পরিখা, যোগপট্ট, হার ও স্রগাদি এই সকল বস্তু বৃত্ত।

"বৃত্তানি বাহুনারঙ্গস্কন্ধধম্মিল্লমোদকাঃ।
রথাঙ্গলাবককককুৎকুম্ভিকুম্ভাণ্ডকাদয়ঃ॥
কর্ণপাশভুজাপাশাকৃষ্টচাপঘটাননম্।
মুদ্রিকাপরিখাযোগপট্টহারস্রগাদয়ঃ॥"(কবিকল্পলতা ২-স্তবক)

বৃত্তক (পুং) ১ শ্রাবক। (বৃ°সংহিতা° ৮৬।৮) ২ অকঠোরাক্ষর ও স্বল্পসমাসযুক্ত পদদ্বারা রচিত গদ্যভাষা। ৩ছন্দ। (সাহিত্যদ°৫৪৯)

বৃত্তকর্কটী (স্ত্রী) বৃত্তা বর্ত্তুলা কর্কটী। ষড়্ভুজা। বর্ত্তুলাকার কর্কটী, চলিত খর্মুজা। (রাজনি°)

বৃত্তকোশা (স্ত্রী) দেবদালী। (রাজনি°)

বৃত্তকোষ (পুং) পীত দেবদালী, চলিত দেয়াতাড়া। (ভাবপ্র°)

বৃত্তখণ্ড (পুং ক্লী) বৃত্তাংশ। অর্দ্ধবৃত্তের ক্ষুদ্রতর বৃত্তভাগ (arc)।

বৃত্তগন্ধি (ক্লী) বৃত্তস্য পদ্যস্য গন্ধ ইব গন্ধো যস্য। গদ্যবিশেষ। ইহার লক্ষণ—

"ভবত্যুৎকলিকাপ্রায়ং সমাসাঢ্যং দৃঢ়াক্ষরম্।
বৃত্তৈকদেশসম্বন্ধাৎ বৃত্তগন্ধি পুনঃ স্মৃতঃ॥" (ছন্দোমঞ্জরী)

অনুপ্রাস ও সমাস বহুল এবং দৃঢ়াক্ষরযুক্ত হইলে তাহাকে বৃত্তগন্ধি কহে। বৃত্তের সহিত একদেশ সম্বন্ধ হেতু ইহার এই নাম হইয়াছে।

বৃত্তগুণ্ড (পুং) তৃণবিশেষ। পর্য্যায় বৃত্ত, দীর্ঘনাল, জলাশ্রয়। স্থূল ও লঘুভেদে ইহা দুই প্রকার। গুণ—মধুর, শীতল, কফ, পিত্ত, অতীসার, দাহ ও রক্তনাশক। এই দুই প্রকারের মধ্যে স্থূল অধিক গুণবিশিষ্ট। (রাজনি°)

বৃত্তচেষ্টা (ক্লী) ১ স্বভাব। ২ আচরণ। (ভারত শান্তিপর্ব্ব)

বৃত্ততণ্ডুল (পুং) বৃত্তস্তণ্ডুলঃ। যাবনাল। (রাজনি°)

বৃত্ততস্ (অব্য°) বৃত্ত-তসিল্। বৃত্তদ্বারা।

বৃত্তনিষ্পাবিকা (স্ত্রী) নখনিষ্পাঠী, হ্রস্বশিম্বী, চলিত ছোট মটর শুটী। (রাজনি°)

বৃত্তপত্র (পুং) উত্তম শাকবিশেষ, চলিত নটেশাক। (পর্য্যায়মুক্তা°) স্ত্রিয়াং টাপ্। ২ পত্রদাত্রী। (রাজনি°)

বৃত্তপর্ণী (স্ত্রী) বৃত্তং বর্ত্তুলং পর্ণং যস্যাঃ ঙীষ্। মহাশণপুষ্পিকা, পাঠা, আকনাদি। (রাজনি°)

বৃত্তপুষ্প (পুং) বৃত্তং বর্ত্তুলং পুষ্পং যস্য। ১ শিরীষ। ২ কদম্ব। ৩ বাণীর। ৪ কুব্জজ। ৫ মুদার। ৬ জলবেতস। ৭ ভূকদম্ব। স্ত্রিয়াং টাপ্। বৃত্তপুষ্পা-নাগদমনী, চলিত নাগদনা। ২ কোঙ্কণদেশ প্রসিদ্ধ কুব্জক পুষ্পবৃক্ষ।

বৃত্তফল (ক্লী) বৃত্তং বর্ত্তুলং ফলং যস্য। ১ মরীচ। ২ গোলাকার ফল মাত্র। (পুং) ৩ দাড়িম। ৪ বদর। ৫ কপিত্থবৃক্ষ। ৬ রক্ত অপামার্গ। ৭ করঞ্জ বৃক্ষ। ৮ তরমুজ, চলিত তর্মুচ ও খরমুচা। স্ত্রিয়াং টাপ্=বৃত্তফলা। ৯ বার্ত্তাকী। ১০ শশাঙ্গুলী, ক্ষেত্রকর্কটী। ১১ আমলকী। (রাজনি°)

বৃত্তবন্ধ (পুং) বৃত্তেন বন্ধঃ। বৃত্তদ্বারা গ্রথিত, ছন্দোবন্ধ। (সাহিত্যদ° ৬।৫৬৬)

বৃত্তভোজন (পুং) গণ্ডীর, শমঠশাক। (শব্দচ°)

বৃত্তমল্লিকা (স্ত্রী) ১ শ্বেতার্ক। (বৈদ্যকনি°) ২ ত্রিপুরমল্লিকা। মহারাষ্ট্র-বাটোগরে, কর্ণাট-দুন্দুভিমল্লিকা, বম্বে-বটমোগরী। গুণ—কটু, উষ্ণ, ব্রণনাশক, বহুগন্ধি, মুখ ও নেত্ররোগনাশক। (রাজনি°)

বৃত্তবৎ (ত্রি) বৃত্ত অস্ত্যর্থে-মতুপ্ মস্য ব। বৃত্তযুক্ত, সদাচারী।

বৃত্তবীজ (পুং) বৃত্তং বীজং যস্য। ১ ভিণ্ডাক্ষুপ। ২ রাজমাস। চলিত বরবটী। (রাজনি°)

বৃত্তবীজকা (স্ত্রী) বৃত্তং বর্ত্তুলং বীজং যস্যাঃ কন্-ততষ্টাপ্। ১ পাণ্ডুরফলী। ২ আঢ়কী, অড়হর। (রাজনি°)

বৃত্তবীজা (স্ত্রী) বৃত্তং বীজং যস্যাঃ। আঢ়কী। (রাজনি°)

বৃত্তশালিন্ (ত্রি) বৃত্তেন শালতে শাল-ণিনি। বৃত্তবৎ, বৃত্তযুক্ত, সদাচারী। (গৌঃ রামা° ১।৭২।৩৩)

বৃত্তশ্লাঘিন্ (ত্রি) ১ আপন কার্য্যের শ্লাঘাকারী। ২ ক্ষত্রিয়।

বৃত্তসাদিন্ (ত্রি) বৃত্ত-সদ-ণিনি। চরিত্রনাশী, কুলনাশকারী।

"অনয়া বৃত্তসাদিন্যা কৈকয্যাভি প্রচোদিতঃ।"

(রামায়ণ ২।৩৪।৩৭)

বৃত্তস্থ (ত্রি) বৃত্তে তিষ্ঠতি স্থা-ক। যিনি বৃত্তে অবস্থিত থাকেন, সচ্চরিত্র, সদাচারী। গুরুপূজা, ঘৃণা, শৌচ, সত্য, ইন্দ্রিয়নিগ্রহ ও লোকের হিতকর কার্য্যে প্রবৃত্তি, এই গুলির নাম বৃত্ত, ইহাতে যাহারা অবস্থিতি করেন, তাঁহারাই বৃত্তস্থ।

"গুরুপূজা ঘৃণা শৌচং সত্যমিন্দ্রিয়নিগ্রহঃ।
প্রবর্ত্তনং হিতানাঞ্চ তৎ সর্ব্বং বৃত্তমুচ্যতে॥" (স্মৃতিসংগ্রহ)

বৃত্তা (স্ত্রী) বৃত্ত-টাপ্। ১ মাংসহারিণী। ২ প্রিয়ঙ্গুলতা। ৩ শ্বেতনিষ্পাব। ৪ ঝিঞ্চিঞ্চরীটাক্ষুপ। ৫ নাগদমনী। ৬ রেণুকা। ৭ হস্তিকোশাতকী। (রাজনি°)

বৃত্তাক্ষেপ (পুং) অলঙ্কারবিশেষ; প্রয়োগকালে প্রকৃত প্রস্তাবে নিষিদ্ধ না হইলেও যদি কোন বাক্য আপাততঃ নিষেধোক্তি বলিয়া প্রতীত হয়, তাহা হইলে উহাকে আক্ষেপ বলে। এই আক্ষেপবৃত্ত অর্থাৎ ভূত, বর্ত্তমান ও ভবিষ্যদ্ভেদে তিন প্রকার। তন্মধ্যে উদাহরণ দ্বারা নিম্নে মাত্র বৃত্তাক্ষেপ বিবৃত করা যাইতেছে। অপর দুইটী যথাস্থানে দ্রষ্টব্য।

উদাহরণ,—"অনঙ্গ যে পাঁচটীমাত্র পুষ্পবাণ দ্বারা বিশ্ব জয় করিয়াছিলেন, এ কথা নিতান্ত অসম্ভব; অথবা হইতেও পারে, কেননা জগতে বস্তুশক্তির বিচিত্রতা অপরিচিন্তনীয়।" এস্থলে প্রথমতঃ অনঙ্গ অর্থাৎ অঙ্গহীন ব্যক্তিকর্ত্তৃক মাত্র পাঁচটী সুকোমল পুষ্পবাণ দ্বারা ব্রহ্মেন্দ্রাদি ধীর বীরপূর্ণ সমস্ত জগদ্বিজয় নিতান্ত অশ্রদ্ধেয়, ইহা স্থির করিয়া পরে 'অথবা হইতেও পারে' এই ব্যঙ্গোক্তি দ্বারা তাহার প্রতিষেধ করায় বৃত্তাক্ষেপ অলঙ্কার হইল।

বৃত্তাধ্যয়নর্দ্ধি (স্ত্রী) বৃত্তাধ্যয়নয়োর্ঋদ্ধিঃ। ব্রহ্মতেজঃ, ব্রহ্মবর্চ্চস, বৃত্ত ও অধ্যয়ন জন্য সম্পদ্, বেদবোধিত আচার পরিপালনের নাম বৃত্ত, ব্রতগ্রহণ পূর্ব্বক গুরুমুখে বেদাভ্যাসের নাম অধ্যয়ন, বৃত্ত ও অধ্যয়নের ঋদ্ধি, অর্থাৎ তৎপরিপালনকৃত তেজের উপচয়। "বেদবোধিতস্যাচারপরিপালনং বৃত্তং ব্রতগ্রহণপূর্ব্বকং গুরুমুখেন বেদাভ্যাসঃ অধ্যয়নং তয়োর্ঋদ্ধিস্তৎপরিপালনকৃত-তেজস উপচয়ঃ"

বৃত্তানুবর্ত্তিন্ (ত্রি) বৃত্তমনুবর্ত্ততে বৃত্ত-অনু-বৃত-ণিনি। বৃত্তস্থ, বৃত্তাচারী, সদ্বৃত্ত।

বৃত্তান্ত (পুং) ১ সংবাদ। পর্য্যায়—বার্ত্তা, প্রবৃত্তি, উদন্ত, শ্রুতি, উদন্তক। (শব্দরত্না°) ২ প্রক্রিয়া। ৩ কার্ৎস্ন্য। ৪ বার্ত্তাপ্রভেদ। ৫ প্রস্তাব। (মেদিনী) ৬ ইতিহাসাখ্যান। (মনু ৩।১৪) ৭ অবসর। ৮ ভাব। ৯ একান্ত বাচক। (বিশ্ব)

বৃত্তি (স্ত্রী) বৃত-ক্তিন্। ১ জীবিকা। যাহা দ্বারা ব্রাহ্মণাদি জীবিকা নির্ব্বাহ করেন, তাহাকে বৃত্তি কহে। এই বৃত্তি আপৎ কালে এবং তদ্ভিন্ন সময়ে বিভিন্নরূপে অবলম্বিত হইয়া থাকে। মন্বাদি ধর্ম্মশাস্ত্রে ইহার বিষয় বিশেষ রূপে নির্দ্দিষ্ট হইয়াছে। বিষ্ণুসংহিতায় চারিবর্ণের বৃত্তি এইরূপ নির্দ্দিষ্ট আছে যথা—ব্রাহ্মণের যাজন ও প্রতিগ্রহ, ক্ষত্রিয়ের রাজ্যপালন, বৈশ্যের কৃষি, বাণিজ্য, গোপালন, কুসীদগ্রহণ ও ধান্যাদির বীজরক্ষা এবং শূদ্রের সকল প্রকার শিল্পকার্য্যই নিয়ত বৃত্তি, কিন্তু আপৎ-কালে অর্থাৎ যখন পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট বৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ না হইবে, তখন প্রত্যেক জাতিই নিম্নশ্রেণীর বৃত্তি অবলম্বন করিতে পারিবে, অর্থাৎ ব্রাহ্মণ রাজ্যপালন, ক্ষত্রিয় কৃষি প্রভৃতি। ইহাতেও জীবিকার অভাব হইলে ব্রাহ্মণ কৃষি প্রভৃতি দ্বারাও জীবিকা নির্ব্বাহ করিতে পারেন। (বিষ্ণুসং ২ অ°)

২ বিবরণ, সূত্রের অর্থবিবরণ বিশদরূপে ব্যক্তীকরণের নাম বৃত্তি। "সূত্রস্যার্থবিবরণং বৃত্তিঃ" (কাতন্ত্র) সূত্র সকল লঘু অর্থাৎ নাতিদীর্ঘ, অল্প অক্ষর ও অল্পপদযুক্ত, সুতরাং উহা ব্যাখ্যাসাপেক্ষ, ব্যাখ্যা না থাকিলে সূত্রাদির যথার্থ তাৎপর্য্য হৃদয়ঙ্গম হয় না। এই ব্যাখ্যা বৃত্তি, ভাষ্য, বার্ত্তিক, টীকা, টিপ্পনী প্রভৃতি অনেক শাখায় বিভক্ত। ব্যাখ্যার পাঁচটী লক্ষণ নির্দ্দিষ্ট আছে যথা—

"পদচ্ছেদঃ পদার্থোক্তিবিগ্রহো বাক্যযোজনা।
আক্ষেপস্য সমাধানং ব্যাখ্যানং পঞ্চলক্ষণম্॥"

পদচ্ছেদ অর্থাৎ সূত্রে যে কয়টী পদ থাকে, তাহা স্পষ্টরূপে বলিয়া দেওয়া, পদার্থোক্তি—কোন্ পদের কি অর্থ তাহা নির্দ্দেশ করা, বিগ্রহ-সমস্ত পদের ব্যাসবাক্য উপন্যাস করা, বাক্যযোজনা-সমস্ত বাক্যটীর বা সূত্রটীর অন্বয় অর্থাৎ বাক্যঘটক পদাবলীর অর্থ সমূহের পরস্পর সম্বন্ধ প্রদর্শন করা, আক্ষেপের সমাধান অর্থাৎ সম্ভাবিত আপত্তি বা আশঙ্কার সমাধান বা নিরশন, ব্যাখ্যার এই পাঁচটী লক্ষণ। কিন্তু সকল ব্যাখ্যাগ্রন্থে উক্ত পাঁচটী বিষয় সমান ভাবে বর্ণিত হয় না। বাক্যযোজনা দ্বারা পদচ্ছেদের কার্য্য সম্পন্ন হয় বলিয়া অনাবশ্যক বিবেচনায় সর্ব্বত্রই পদচ্ছেদ উপেক্ষিত হইয়াছে। ব্যাখ্যাকর্ত্তৃগণ স্থলবিশেষে পদের অর্থ নির্দ্দেশ করিয়াছেন বটে, কিন্তু অধিকাংশ স্থলেই পদের অর্থ পৃথক্‌ভাবে নির্দ্দেশ করেন নাই। বাক্যযোজনা স্থলেই পদের অর্থ বলা হইয়াছে। উঁহারা আক্ষেপের সমাধানের জন্য স্থল বিশেষে একাধিক কল্প বা প্রণালী নির্দ্দেশ করিয়া থাকেন, যে স্থলে অনেক কল্প নির্দ্দিষ্ট হয়, সে স্থলে সচরাচর শেষ কল্পই সমীচীন, পূর্ব্ব পূর্ব্ব কল্পগুলি কিঞ্চিৎ দোষদুষ্ট বা আপত্তিযোগ্য, শেষ কল্পটীর নির্দ্দেশ করিলেই যখন উত্তমরূপে আক্ষেপের সমাধান হয়, তখন অসমীচীন পূর্ব্ব পূর্ব্ব কল্পগুলির উপন্যাস অন্যায় বা অনাবশ্যক বলা যাইতে পারে, কিন্তু আচার্য্যগণ ঐরূপ বিবিধ অনুশীলনে শিষ্যদিগের বুদ্ধির সাতিশয় প্রাখর্য্য হইবে বলিয়া বহুবিধ কৌশল প্রদর্শনপূর্ব্বক নানা কল্পের অবতারণা করে। বৃত্তিগ্রন্থ কিঞ্চিৎ সংক্ষিপ্ত ও তাহার রচনা গাম্ভীর্য্যযুক্ত। বৃত্তি ব্যাখ্যানের ভেদ হইলেও সংক্ষিপ্ত ও গাম্ভীর্য্যার্থযুক্ত হইবে। ৩ প্রবর্ত্তন। (মেদিনী)

৪ বিধৃতি। (ধরণি) নাটকে পাঁচ প্রকার বৃত্তি অভিহিত হইয়াছে।

"শৃঙ্গারে কৌশিকী বীরে সাত্বত্যারভটী পুনঃ।
রসে রৌদ্রে চ বীভৎসে বৃত্তিঃ সর্ব্বত্র ভারতী।
চতস্রো বৃত্তয়ো হ্যেতাঃ সর্ব্বনাট্যস্য মাতৃকাঃ॥"

(সাহিত্যদ° ৬।৪২০)

বৃত্তি চারি প্রকার, শৃঙ্গার রসে কৌশিকীবৃত্তি, বীর রসে সাত্বতীবৃত্তি, রৌদ্র ও বীভৎস রসে আরভটী, ইহা ভিন্ন অন্য সকল-স্থলে ভারতীবৃত্তি, নাটকের এই চারি প্রকার বৃত্তি জননী স্বরূপা। অর্থাৎ উক্ত রস বর্ণন সময়ে নির্দ্দিষ্ট বৃত্তি অবলম্বন করিয়া রচনা করা বিধেয়।

এই সকল বৃত্তিরও নানা প্রকার ভেদ আছে। তন্মধ্যে কৌশিকীবৃত্তিও নর্ম্ম, নর্ম্মস্ফূর্জ, নর্ম্মস্ফোট ও নর্ম্মগর্ভ ভেদে চারি প্রকার।

কৌশিকীবৃত্তি—

"যা শ্লক্ষ্ণনেপথ্যবিশেষচিত্রা স্ত্রীসঙ্কুলা পুষ্কলনৃত্যগীতা।
কামোপভোগপ্রভবোপচারা সা কৌশিকী চারুবিলাসযুক্তা।
নর্ম্ম চ নর্ম্মস্ফূর্য্যো নর্ম্মস্ফোটোঽথ নর্ম্মগর্ভশ্চ।
চত্বার্য্যঙ্গান্যস্যাঃ।" (সাহিত্যদ° ৬।৪১১)

নায়িকা সকল উত্তম বেশভূষায় বিভূষিতা, স্ত্রীবহুল, প্রচুর নৃত্য গীতযুক্ত, কামোপভোগের উপচার দ্বারা পরিবেষ্টিত ও মনোজ্ঞ বিলাসযুক্ত; এই সকল বিষয় উত্তমরূপে বর্ণিত হইলে কৌশিকীবৃত্তি হইবে। শৃঙ্গার রস বর্ণন কালে এই কৌশিকী বৃত্তি অবলম্বন করিয়া বর্ণন করা আবশ্যক।

সাত্বতীবৃত্তি—

"সাত্বতী বহুলা সত্ত্বশৌর্য্যত্যাগদয়ার্জ্জবৈঃ।
সহর্ষা ক্ষুদ্রশৃঙ্গারা বিশোকা সাদ্ভুতা তথা॥
উত্থাপকোঽথ সংহাত্যঃ সংলাপঃ পরিবর্ত্তকঃ।
বিশেষা ইতি চত্বারঃ সাত্বত্যাঃ পরিকীর্ত্তিতাঃ॥"

(সাহিত্যদ° ৬।৪১৬)

সত্ত্ব, শৌর্য্য, দানশক্তি, দয়া ও সরলতাদি বহুল, সর্ব্বদা সহর্ষ অল্প শৃঙ্গার ভাবযুক্ত, শোকরহিত ও সাদ্ভুত অর্থাৎ আশ্চর্য্য ভাবে বর্ণনা হইলে তাহাকে সাত্বতী বৃত্তি কহে। এই বৃত্তিও চারি প্রকার যথা, উত্থাপক, সংহাত্য, সংলাপ ও পরিবর্ত্তক।

আরভটী বৃত্তি—

"মায়েন্দ্রজালসংগ্রামক্রোধোদ্‌ভ্রান্তাদিচেষ্টিতৈঃ।
সংযুক্তা বধবন্ধাদ্যৈরুদ্ধতারভটী মতা॥
বস্তূত্থাপনসম্ফেটৌ সংক্ষিপ্তিরবপাতনম্।"

মায়া, ইন্দ্রজাল, সংগ্রাম, ক্রোধ, উদ্‌ভ্রান্তাদি চেষ্টা দ্বারা সংযুক্ত ও বন্ধাদি দ্বারা উদ্ধত, এই সকল বিষয় বর্ণিত হইলে আরভটী বৃত্তি হয়, এই বৃত্তি চারি প্রকার, যথা বস্তূত্থাপন, সম্ফেট, সংক্ষিপ্তি ও অবপাতন।

ভারতীবৃত্তি—

"ভারতীসংস্কৃতপ্রায়ো বাগ্‌ব্যাপারো নরাশ্রয়ঃ।"

(সাহিত্যদ° ৬।২৮৫

সংস্কৃতবহুল বাগ্‌ব্যাপার হইলে তাহাকে ভারতী বৃত্তি কহে। এই চারি প্রকার বৃত্তি নাটকে উক্ত রসাদিতে বর্ণনীয়।

৫ ব্যবহার। (মনু ২।২০৫) বর্ত্ততেঽস্মিন্নিতি। ৬ আধেয়।

"সাধ্যাভাববদ্‌বৃত্তিত্বং" (ব্যাপ্তিপ° ১)

"সিসাধয়িষয়া শূন্যা সিদ্ধিমাত্র ন বিদ্যতে।

স পক্ষস্তত্র বৃত্তিত্বজ্ঞানং তদনুমিতির্ভবেৎ॥" (ভাষাপরি০)

৭ চিত্তের অবস্থাবিশেষ, পাতঞ্জল দর্শনে চিত্তের অবস্থা বৃত্তি নামে অভিহিত হইয়াছে, ক্ষিপ্ত, মূঢ়, বিক্ষিপ্ত, একাগ্র ও নিরুদ্ধ ভেদে চিত্তের বৃত্তি পাঁচ প্রকার। [চিত্ত ও যোগ শব্দ দেখ।]

৮ ব্যাপার। "অর্থসন্নিকৃষ্টস্য ইন্দ্রিয়স্য বৃত্তৌ সত্যাং তমোঽভিভবে যঃ সত্ত্বসমুদ্রেকঃ" (সাংখ্যতত্ত্বকৌ°) ৯ যুক্তার্থ।

"কারকপ্রতিযোগিভ্যাং যদ্ যদন্যদপেক্ষতে।

অপেক্ষ্যত্বলব্ধাচিত্বাদ্ বৃত্তিস্তত্র তু নেষ্যতে॥" (কাতন্ত্র)

১০ উপজীবিকা, কাহারও বৃত্তিহরণ করিতে নাই অর্থাৎ উপজীবিকা নষ্ট করিতে বা রুটি মারিতে নাই।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে যে স্বদত্ত বা পরদত্ত ব্রহ্মবৃত্তি হরণ করিলে তাহাকে কৃতঘ্ন কহে, এবং যতদিন পর্য্যন্ত ব্রাহ্মণের নেত্রজল দ্বারা রেণু সকল সিক্ত হয়, তত সহস্র বৎসর শৃঙ্গপোত নরকে তাহার গতি হয় এবং তাহাতে তপ্তাঙ্গার ভক্ষণ, তপ্ত মূত্র পান ও তপ্তাঙ্গারে শয়ন করিতে হয়। এইরূপ মহাযন্ত্রণাময় নরকভোগের পর দেবমানের ষষ্টি সহস্র বৎসর পর্য্যন্ত কৃমিরূপে বিষ্ঠা মধ্যে থাকিতে হয়, তৎপরে ভূমিবিহীন, সন্ততিরহিত, দরিদ্র, কৃপণ ও রোগী হইয়া অবস্থানের পর ঐ পাপ হইতে নিষ্কৃতি পায়। (ব্রহ্মবৈবর্ত্তপু° প্রকৃতিখ° ৪৯ অ°)

বৃত্তিক (পুং) বৃত্তি স্বার্থে কন্। বৃত্তিশব্দার্থ।

বৃত্তিকর (ত্রি) কর্ম্মকার।

বৃত্তিকার (পুং) বৃত্তিং করোতীতি অণ্। বৃত্তিকারক, বৃত্তিগ্রন্থপ্রণেতা, যিনি বৃত্তিপ্রণয়ন করেন।

বৃত্তিতা (স্ত্রী) বৃত্তের্ভাবঃ তল্-টাপ্। বৃত্তির ভাব বা ধর্ম্ম। বৃত্তিত্ব।

বৃত্তিদ (ত্রি) বৃত্তিং দদাতীতি দা-ক। বৃত্তিদানকারী, যিনি বৃত্তিপ্রদান করেন।

বৃত্তিদাতৃ (ত্রি) বৃত্তের্দাতা। বৃত্তিদানকারী।

বৃত্তিমৎ (ত্রি) বৃত্তিরস্ত্যস্যেতি মতুপ্। বৃত্তিবিশিষ্ট, বৃত্তিযুক্ত।

বৃত্তিরুশনা (স্ত্রী) রুদ্রপত্নীভেদ। (ভাগ° ৩।১২।১৩)

বৃত্তিস্থ (পুং) বৃত্তয়ে তিষ্ঠতীতি স্থা-ক। ১ সরট, কৃকলাস। (ত্রি) ২ বৃত্তিস্থিত, যিনি নিজ নিজ বৃত্তিতে অবস্থিত থাকেন।

বৃত্তিহন্ (ত্রি) বৃত্তিং হন্তি হন্-কিপ্। বৃত্তিহননকারী, যিনি বৃত্তিনাশ করেন, বৃত্তিচ্ছেদক।

বৃত্তিহন্ত (ত্রি) বৃত্তের্হন্তা। বৃত্তিনাশক, বৃত্তিহননকারী। বৃত্তিহনন করিতে নাই। স্বদত্তা বা পরদত্তা বৃত্তিহরণ করিলে লোক নরকগামী হয়।

বৃত্তের্ব্বারু (পুং) বৃত্তো বর্ত্তুল ইর্ব্বারুঃ। খর্ম্মুজা গাছ।

বৃত্ত্যনুপ্রাস (পুং) কাব্যোক্ত শব্দালঙ্কারভেদ।

ইহার লক্ষণ—

"অনেকস্যৈকধা সাম্যমসকৃদ্বাপ্যনেকধা।

একস্য সকৃদপ্যেষ বৃত্ত্যনুপ্রাস উচ্যতে॥"

(সাহিত্যদ° ১০।৬৩৫)

এক বা একাধিক ব্যঞ্জন বর্ণের স্বরূপতঃ ও ক্রমশঃ এই উভয়বিধভাবে একবার বা বহুবার বিন্যাস হইলে বৃত্ত্যনুপ্রাস অলঙ্কার হয়। উদাহরণ,—

"উন্মীলন্মধুগন্ধলুব্ধমধুপব্যাধূতাচূতাঙ্কুর-

ক্রীড়ৎকোকিলকাকলীকলকলৈরুদ্গীর্ণকর্ণজ্বরাঃ।

নীয়ন্তে পথিকৈঃ কথং কথমপি ধ্যানাবধানক্ষণ-

প্রাপ্তপ্রাণসমাসমাগমরসোল্লাসৈরমী বাসরাঃ॥"

এখানে 'রসোল্লাসৈরমী' স্থলে র ও স এই বর্ণদ্বয়ের যথাক্রমে বিন্যাস না হইয়া মাত্র স্বরূপভাবে বিন্যাস হওয়ায়, দ্বিতীয় পাদে ক ও ল এই সন্নিকৃষ্ট বর্ণদ্বয়ের স্বরূপতঃ ও যথাক্রম ভাবে বহুবার বিন্যাস এবং প্রথমপাদে একমাত্র ত কার একবার ও ধ কারের বহুবার বিন্যস্ত হওয়ায় বৃত্ত্যনুপ্রাস অলঙ্কার হইল।

বৃত্ত্যুপায় (পুং) নিজ শরীর ও কুটুম্বদিগের ভরণোপায়।

"বৃত্তিঃ শরীরকুটুম্বস্থিতিস্তদর্থা উপায়াঃ।" (মনু ১০।২ মেধাতিথি)

বৃত্য (ত্রি) বৃত-ক্যপ্। বরণীয়।

বৃত্র[ত্রু] (পুং) বৃত-(স্থায়িতঞ্চিবঞ্চীতি। উণ্ ২।১৩) ইতি রক্। ১ অন্ধকার। ২ শত্রু।

"ইন্দ্রেণযুজা তরষেম বৃত্রম্" (ঋক্ ৭।৪৮।২)

'বৃত্রং শত্রুং' (সায়ণ)

৩ দানববিশেষ। ইনি ত্বষ্টার পুত্র, ইন্দ্র ইহাকে বিনাশ করেন। (হরিবংশ ১২৭।১৭)

দেবী ভাগবতে বৃত্রাসুরের বৃত্তান্ত এইরূপ লিখিত আছে,—বিশ্বশিল্পী বিশ্বকর্ম্মা ইন্দ্রের প্রতি বিদ্বেষ বশতঃ পরম রূপবান্ ত্রিশিরস্ক বিশ্বরূপ নামক এক পুত্রের সৃষ্টি করেন। ইনি একটী মুখ দ্বারা বেদাধ্যয়ন, দ্বিতীয়টী দ্বারা সুরাপান, অন্যটী দ্বারা যুগপৎ সমস্ত দিক্ নিরীক্ষণ করিতেন। কিয়দ্দিবসান্তে মুনিবর ত্রিশিরা বিষয় বাসনা পরিত্যাগপূর্ব্বক অত্যুগ্র তপস্যায় নিরত হন। তিনি গ্রীষ্মকালে পঞ্চাগ্নিসাধন, পাদোপরি পাদ-বন্ধনান্তর ঊর্দ্ধমুখে অবস্থান, হেমন্তে শিশিরে ও শীতে বারি-মধ্যে থাকিয়া আহারনিদ্রাপরিত্যাগ এবং ইন্দ্রিয়গুলি বশীভূত

করিয়া এই দুষ্কর তপোঽনুষ্ঠান করেন। শচীপতি ইন্দ্র এই অমিততেজাঃ তপস্বীর তপোবীর্য্য ও স্থিরানুরাগ দর্শন করিয়া নিরতিশয় চিন্তাকুলিত হন এবং তাঁহার তপোভঙ্গের নিমিত্ত উর্ব্বশী, মেনকা, রম্ভা, ঘৃতাচী ও তিলোত্তমা প্রভৃতি রূপগর্ব্বিত অপ্সরোগণকে নিযুক্ত করেন। তাহারা শৃঙ্গারবেশে বিশ্বরূপ সমীপে সমুপস্থিত হইয়া কামশাস্ত্রোক্ত বিবিধ হাব ভাব প্রকাশ করে, কিন্তু অলৌকিক তপঃপ্রভাব সম্পন্ন জিতাত্মা মহর্ষি ত্রিশিরা ঐ সকল দিব্যবারাঙ্গণাগণের নৃত্য, গীত, রঙ্গ ও অঙ্গভঙ্গীতে কোনদিনের জন্য কিছুমাত্র বিচলিত না হইয়া মূক, অন্ধ ও বধিরের ন্যায় অবস্থিতি করিতে লাগিলেন। ইহা দেখিয়া কিয়দ্দিবসান্তে তাহারা প্রত্যাবৃত্ত হইয়া ইন্দ্র সন্নিধানে দীন ও সন্ত্রস্ত ভাবে কৃতাঞ্জলিপুটে নিবেদন করিল, মহারাজ! আপনি উপায়ান্তর চেষ্টা করুন, আমরা কিছুতেই সেই দুর্দ্ধর্ষ জিতেন্দ্রিয় মুনিবরের ধৈর্য্যচ্যুতি করিতে সমর্থ হইলাম না, অধিক কি বলিব, কেবল আমাদের পরম সৌভাগ্যবশতঃই বহ্নি সদৃশ তেজঃসম্পন্ন মহাত্মা বিশ্বরূপের অভিশাপে পতিত হই নাই। অপ্সরোগণের এই কথায় পাপমতি পুরন্দর সাতিশয় ভীত হইয়া লোকলজ্জা ও পাপভয় বিসর্জ্জন দিয়া অন্যায়রূপে ত্রিশিরার বধোপায় চিন্তা করিতে লাগিলেন।

অতঃপর একদা ত্রিদিবাধিপতি স্বয়ং ঐরাবতে আরোহণ পূর্ব্বক মুনি সন্নিধানে গমন করিয়া দেখেন যে, তাঁহার শরীর হইতে সূর্য্য ও অগ্নির ন্যায় তেজঃ বহির্গত হইতেছে। তাঁহাকে তদবস্থ দেখিয়া ইন্দ্রের প্রথমতঃ অত্যন্ত বিষাদ উপস্থিত হইল, তিনি ভাবিলেন, এই মুনিবর অতি নির্ম্মলচেতাঃ এবং প্রদীপ্ত তপোবলসম্পন্ন, আমি যে ইহাঁকে বিনাশ করিতে সঙ্কল্প করিয়াছি ইহা অতিশয় ধর্ম্মবিগর্হিত, কিন্তু হায়! ইনি আমার সিংহাসন গ্রহণে অভিলাষী হইয়াছেন, অতএব কিরূপে এরূপ শত্রুকে উপেক্ষা করি। এই ভাবিয়া দেবরাজ সেই তপস্যানিরত দিনকরতুল্য দীপ্যমান মুনিবর ত্রিশিরার প্রতি স্বীয় শীঘ্রগামী অমোঘ বজ্রাস্ত্র নিক্ষেপ করিলেন। তপস্বিপ্রবর ত্রিশিরা এইরূপে কুলিশাহত হইয়া বজ্রাহত সুবিশাল পর্ব্বতশিখরের ন্যায় ভূপতিত হইলেন, কিন্তু তাঁহার শরীরপ্রভা যেন জীবিতের ন্যায় বিরাজ করিতে লাগিল, ইহা দেখিয়া সুরপতির চিত্তে পুনরায় ভীতি ও বিষণ্ণতার আবির্ভাব হইল। তিনি তক্ষা নামক শিল্পীকে যজ্ঞভাগ প্রদানে স্বীকৃত হইয়া অর্থাৎ "অদ্য হইতে লোকে যজ্ঞীয় পশুর মস্তক তোমাকে সম্প্রদান করিবে," তক্ষার নিকট এইরূপ অঙ্গীকার করিয়া তাহা দ্বারা ত্রিশিরার মস্তকত্রয় ছেদন করাইলেন।

এই বীভৎস ব্যাপার বিশ্বকর্ম্মার কর্ণগোচর হইলে তিনি নিরতিশয় ক্রুদ্ধ ও বিষাদিতান্তঃকরণে বলিতে লাগিলেন যে, ইন্দ্র যখন আমার গুণবান্ ও তপস্যানিরত পুত্রকে নিরপরাধে বিনাশ করিয়াছে, তখন আমি তাহার বিনাশের নিমিত্ত পুনর্ব্বার অন্যপুত্রের সৃষ্টি করিব। বিশ্বকর্ম্মা ক্রোধসন্তপ্তহৃদয়ে এইভাবে নানারূপ বিলাপ করিয়া পরে অথর্ব্ববেদোক্ত বিধান দ্বারা পুত্রোৎপাদনের নিমিত্ত অনলে হোম করিতে লাগিলেন। অষ্টরাত্র হোম করিলে পর সেই প্রদীপ্ত অনল হইতে দ্বিতীয় পাবকের ন্যায় দীপ্তিমান্ এক পুরুষ সত্বর আবির্ভূত হইল। বিশ্বকর্ম্মা অনলসমুদ্ভূত তেজোবলসমন্বিত প্রদীপ্ত অনল সদৃশ পুত্রকে সম্মুখে সন্দর্শন করিয়া কহিলেন—"ইন্দ্রশত্রো! তুমি আমার তপোবল দ্বারা বিবর্দ্ধিত হও"। ক্রোধোদ্দীপ্ত বিশ্বকর্ম্মার এই উক্তির পর অনলতুল্য দীপ্তিশালী সেই পুত্র আকাশমণ্ডল স্তব্ধ করিয়া বর্দ্ধিত হইতে লাগিল; এমন কি ক্ষণকাল মধ্যে সেই মহাপুরুষ যেন পর্ব্বতাকার ধারণ করিল এবং সাতিশয় শোকসন্তপ্ত পিতাকে কহিল প্রভো! আপনি আমার নামকরণ করুন, তাত! আমি আপনার কোন্ কার্য্য সাধন করিব? আপনি কি জন্য এত চিন্তা ও শোকে অধীর হইয়াছেন? শীঘ্র বলুন, আমি অদ্যই আপনার শোকাপনোদনে ব্রতী হইব। হে পিতঃ! যে পুত্র পিতার দুঃখমোচনে অসমর্থ তাহার জন্ম বৃথা। পিতৃপ্রীত্যর্থে আমি এক্ষণে অকূল সমুদ্র বারি পান, পর্ব্বতমালা চূর্ণ, মেদিনীকে উৎপাটন করিয়া সমস্ত জীবকে সাগর জলে নিক্ষেপ, তিগ্মতেজা তপনদেবের নিরোধ, এমন কি ইন্দ্র, যম বা অন্য যে কোন দেবতার সহিত বিরোধ করিতে পারি।

বিশ্বকর্ম্মা পুত্রের ঈদৃশ পরম প্রীতিকর সুললিত বাক্য শ্রবণে হৃষ্টচিত্ত হইয়া তাহাকে বলিলেন, পুত্র! তুমি এক্ষণে বৃজিন অর্থাৎ দুঃখ হইতে পরিত্রাণ করিতে সমর্থ; অতএব জগতে বৃত্র নামে তোমার খ্যাতি হইবে। হে প্রিয়তম! বেদবেদাঙ্গপারগ সর্ব্ববিদ্যাবিশারদ নিয়ত তপস্যানিরত পরমতত্ত্বজ্ঞ ত্রিশিরস্ক বিশ্বরূপ নামে প্রখ্যাত তোমার এক জ্যেষ্ঠ সহোদর ছিলেন। পাপাত্মা ইন্দ্র নিরপরাধে তাহার তিনটী মস্তকই ছেদন করেন; অতএব তুমি সেই কৃতাপরাধ ব্রহ্মহত্যাপাতকী নির্লজ্জ শঠ দুষ্টমতি পাপরূপ সুরপতিকে সংহার করিয়া আমার শোককলুষিত হৃদয়ের নির্ম্মলতা সম্পাদন কর। শিল্পিপ্রবর বিশ্বকর্ম্মা এই কথা বলিয়া খড়্গ, শূল, গদা, শক্তি, তোমর, শার্ঙ্গ, ধনুঃ, বাণ, তূণীর, কবচ প্রভৃতি যাবতীয় যুদ্ধোপকরণ প্রস্তুত করিয়া বৃত্রকে ঐ সকল প্রদানানন্তর ইন্দ্র-বধার্থে তাহাকে সমরসজ্জায় সুসজ্জিত করিলেন।

মহাবল বৃত্র বেদপারগ ব্রাহ্মণ দ্বারা স্বস্ত্যয়ন করাইয়া রথারোহণে ইন্দ্র বিনাশার্থ বহির্গত হইল, ইহার পূর্ব্ববর্ত্তিকালের

দেবনিগৃহীত দনুজবর্গও আসিয়া তাহার সহিত যোগ দিল। বৃত্রাসুরও ঐ সকল দানবপরিবৃত হইয়া স্বকীয় দলবল সহ সদর্পে মানসসরোবরের উত্তরতীরস্থ তরুরাজি পরিশোভিত সুরম্য পর্ব্বতোপরি উপস্থিত হইলেন। সেই মনোহর স্থানেই দেবতাদিগের আবাস ছিল, দেবগণ অসুরবরের এতাদৃশ ভীষণ অভিযান সন্দর্শনে যার পর নাই ভীত ও সন্ত্রস্ত হইয়া দেবরাজ সমীপে উপনীত হইবামাত্র দেখেন যে, ইন্দ্রদূতগণও সুরপতির নিকট এই ভয়াবহ সংবাদ বিবৃত করিতেছে।

শচীপতি ইন্দ্র উভয় পক্ষের প্রমুখাৎ নানারূপ দুর্ঘটনার বিষয় শ্রবণ করিয়া অকস্মাৎ ভাবী মহান্ অত্যাহিত সংঘটনের সম্ভাবনা দেখিয়া কিংকর্ত্তব্যবিমূঢ়াবস্থায় সুবুদ্ধিসম্পন্ন সুরগুরু বৃহস্পতির নিকট সমূহ বিপদের সৎপরামর্শ জিজ্ঞাসা করিলে তিনি উত্তর করিলেন, "সহস্রলোচন! আমি ইহার কি পরামর্শ দিব, ইতিপূর্ব্বে তুমি সেই নিরপরাধ মুনিবরকে নিহত করিয়া যে দুরপণেয় পাপ অর্জ্জন করিয়াছ, তাহার কুৎসিত ফল অবশ্যই ফলিবে। উগ্রতর পাপ পুণ্যের ফল সত্বরই ফলিয়া থাকে, অতএব কল্যাণকামুক জনগণের বিচার করিয়া কর্ম্ম করা নিতান্ত কর্ত্তব্য। শক্র! তুমি লোভ ও মোহবশে অকারণ ব্রহ্মহত্যা করিয়াছ, সুতরাং সেই পাপের ফল সহসাই আসিয়া উপস্থিত হইয়াছে। এই বৃত্রাসুর সমস্ত দেবগণের অবধ্য হইয়া জন্মগ্রহণ করিয়াছে; ত্রিলোক মধ্যে তাহাকে বিনাশ করিতে পারে এরূপ কেহই নাই।" বৃহস্পতির এই কথা শেষ হইতে না হইতেই তথায় এমন এক ভয়ানক কোলাহল শব্দ উত্থিত হইল যে তাহাতে গন্ধর্ব্ব, কিন্নর, যক্ষ, রক্ষ, মুনি, ঋষি, নর, অমর সকলেই আপন আপন গৃহ পরিত্যাগ করিয়া পলায়ন করিতে আরম্ভ করিল। দেবরাজ সুরগণকে ঈদৃশ ভাবে পলায়নপর দেখিয়া অত্যন্ত চিন্তান্বিত হইলেন এবং তৎক্ষণাৎ সৈন্য সমাবেশের উদ্যোগ জন্য ভৃত্যবর্গকে আজ্ঞা দিলেন যে, তোমরা বসুগণ, রুদ্রগণ, অশ্বিনীদ্বয়, আদিত্যগণ, পুষা, বায়ু, কুবের, বরুণ ও যম প্রভৃতি সুরগণকে আনয়ন কর; শক্র উপস্থিতপ্রায় হইয়াছে, অতএব সকলে স্ব স্ব বিমানারোহণে সত্বর এখানে উপস্থিত হউক।

সুররাজ দেবগণের প্রতি এইরূপ নিদেশ করিয়া স্বয়ং গজরাজে আরোহণ পূর্ব্বক গুরুদেব বৃহস্পতিকে পুরভাগে রাখিয়া নিজ মন্দির হইতে বহির্গত হইলেন। অমরগণও দেবরাজের কথিত নিয়মানুসারে স্ব স্ব বাহনে আরোহণানন্তর যুদ্ধে কৃতসঙ্কল্প হইয়া অস্ত্র শস্ত্র গ্রহণ করিলেন এবং সকলে ইন্দ্র সমভিব্যাহারে মানসের উত্তরতীরস্থ সেই পর্ব্বতে গিয়া সমরপ্রতীক্ষাকারী বৃত্রের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেন। এই নরামরভীতিপ্রদ ঘোরতর যুদ্ধ মনুষ্যপরিমাণের একশত বৎসর ব্যাপিয়া নিয়তই চলিয়াছিল। তদনন্তর প্রথমে বরুণ, পরে বায়ুগণ, তৎপরে যম, বিভাবসু ও ইন্দ্র, এইরূপে ক্রমশঃ সকলেই রণে ভঙ্গ দিয়া পলায়ন করিলেন।

বৃত্রাসুর দেবতাদিগকে এইরূপ ভাবে পলায়নপর দেখিয়া হৃষ্টচিত্তে পিতার আশ্রমে আসিলেন এবং সাষ্টাঙ্গে তাঁহাকে প্রণাম করিয়া বলিলেন, পিতঃ! আমি আপনার আজ্ঞানুসারে সংগ্রাম স্থলে ইন্দ্রাদি দেবগণের সকলকেই একে একে পরাজিত করিয়াছি। তাহারা আমার ভয়ে যে যেখানে পলায়ন করিয়াছে, দেবরাজের গজরাজ কাড়িয়া লইয়াছি, ভীত ব্যক্তিকে বধ করা অনুচিত বিধায় তাহাদিগকে বিনাশ করি নাই। এক্ষণে আজ্ঞা করুন পুনর্ব্বার আপনার কি অভীষ্ট সাধন করিব।

বিশ্বকর্ম্মা পুত্রমুখে তদীয় বিজয়বার্ত্তা ও তৎকর্ত্তৃক নিগৃহীত দেবগণের দুর্দ্দশার কথা শুনিয়া হৃষ্টান্তঃকরণে পুত্রকে বলিতে লাগিলেন, অদ্য আমি যথার্থই পুত্রবান্ হইলাম, আমার চিরন্তন চিন্তাঙ্কুর কিঞ্চিদ্ বিদূরিত হইয়া দেহ পবিত্র ও জীবন সার্থক হইল। হৃদয়নন্দন! এখন যাহা কহিতেছি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর, সাবধান হইয়া স্থিরাসনে উপবেশন পূর্ব্বক তপস্যায় চিত্ত সংযম কর। তপস্যা সাধারণ বস্তু নহে তাহা হইতে রাজ্য, লক্ষ্মী, বল ও সংগ্রামে বিজয় লাভ হইয়া থাকে; অতএব তুমি হিরণ্যগর্ভের আরাধনা করিয়া উত্তম বর লাভানন্তর ব্রহ্মহত্যাপাপসমন্বিত দুরাচার ইন্দ্রকে সংহার কর। সাবধানে সুস্থিরচিত্তে চতুরাননের ভজনা করিলে তিনি বাঞ্ছিত বর প্রদান করিবেন। হে পুত্র! যদিও তোমার বর্ত্তমান কৃতকার্য্যে কিঞ্চিৎ স্বাস্থ্যলাভ করিলাম, কিন্তু পুত্রহত্যাজনিত বৈরভাব আমার মনোমধ্যে নিয়তই বিদ্যমান রহিয়াছে, আমি সুখে নিদ্রা যাইতে পারিতেছি না এবং কোন ক্রমেই শান্তি পাইতেছি না। আর অধিক কি জানাইব, আমি নিয়তই দুঃখ সাগরে ভাসমান রহিয়াছি, তুমি আমাকে সত্বর উদ্ধার কর।

বৃত্রাসুর পিতৃবচন শিরোধারণপূর্ব্বক গন্ধমাদন পর্ব্বতে গিয়া কঠোর তপশ্চরণ আরম্ভ করেন। দেবরাজ ইন্দ্র বৃত্রাসুরের সেই সুদুশ্চর তপশ্চর্য্যার বিষয় অবগত হইয়া যারপর নাই ভীত ও চিন্তিতহৃদয়ে তপোভঙ্গমানসে অমিতপ্রভাব গন্ধর্ব্ব, যক্ষ, পন্নগ, কিন্নর, বিদ্যাধর, অপ্সরা ও অন্যান্য দেবদূতগণকে তাঁহার নিকট পাঠাইলেন; কিন্তু তাহারা কিছুতেই কোন প্রকারে সৃষ্টপুত্রকে ধ্যানযোগ হইতে বিন্দুমাত্র বিচলিত করিতে পারিল না, সকলেই হতাশ হইয়া প্রতিনিবৃত্ত হইল।

অনন্তর এইরূপে ধ্যানযোগে বৃত্রাসুরের শত বৎসর উত্তীর্ণ হইলে পর সর্ব্বলোকপিতামহ ব্রহ্মা তৎপ্রতি সাতিশয় সন্তুষ্ট হইয়া হংসাধিরোহণ পূর্ব্বক তাহার সমীপে উপনীত হইলেন

এবং তাহাকে অভীষ্ট বর প্রার্থনার আদেশ করিলেন। বৃত্রাসুর পুরোভাগে জগৎকর্ত্তা ব্রহ্মাকে দেখিয়া ও তাঁহার সুধাসরস বাক্যাবলি শুনিয়া আনন্দাশ্রু বিসর্জ্জনপূর্ব্বক সহসা দণ্ডায়মান হইয়া তদীয় পদযুগলে নিপতিত হইলেন এবং অঞ্জলি সম্বদ্ধ করিয়া বিনয়নম্রবচনে বলিতে লাগিলেন, "প্রভো! আমার মানসে এক দুষ্পূরণীয় বাসনা নিহিত রহিয়াছে, আপনি সর্ব্বজ্ঞ, সকলই জানিতেছেন, তথাপি বলিতেছি শ্রবণ করুন। হে নাথ! লৌহ, কাষ্ঠ, শুষ্ক ও আর্দ্র বস্তু সকল এবং বংশ ও অন্যান্য শস্ত্র-সমূহ দ্বারা যেন আমার মৃত্যু না ঘটে, আর যুদ্ধে যেন আমার বলবীর্য্য যারপর নাই বৃদ্ধি প্রাপ্ত হয়।" বৃত্রের এই উক্তির পর প্রজাপতি তথাস্তু বলিয়া তাহাকে তদীয় আশাকর বর প্রদানানন্তর ব্রহ্মলোকে গমন করিলেন। অসুরবরও বরলাভে প্রফুল্লিত হইয়া গৃহাভিমুখে প্রত্যাবৃত্ত হইল এবং পিতৃসমীপে আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্ত বিবৃত করিল; তাহাতে বিশ্বকর্ম্মা পরমাহ্লাদিত হইয়া পুত্রকে শত শত ধন্যবাদ ও আশীর্ব্বাদ প্রদানানন্তর বলিতে লাগিলেন, বৎস! সর্ব্বার্থে তোমার মঙ্গল হউক, তুমি আমার সেই পরমবৈরী ত্রিশিরাবিনাশকারী পাপাত্মা পুরন্দরকে বিনাশপূর্ব্বক সংগ্রামে বিজয়লাভ করিয়া এবং ত্রিদশ-গণের একাধীশ্বর হইয়া মদীয় পুত্রশোকপ্রদীপ্ত হৃদয়ে শান্তিবারি সিঞ্চন কর। তুমি নিশ্চয় জানিও ত্রিশিরাঃ আমার মানসক্ষেত্র হইতে কখনই অপসারিত হইতেছে না, সে সুশীল, সত্যবাদী, জিতেন্দ্রিয়, তপস্বী ও বেদবিদ্‌গণের অগ্রগণ্য ছিল। হায়! আমার সেই গুণবান্ প্রিয় পুত্রকে পাপবুদ্ধি পুরন্দর নিরপরাধেই বিনাশ করিয়াছে।

বৃত্রাসুর পিতার উক্তরূপ শোককাতরতাপূর্ণ বাক্য শ্রবণ করিয়া ইন্দ্রের প্রতি মনে মনে সাতিশয় ক্রোধপ্রকাশপূর্ব্বক অবিলম্বে সমরসজ্জায় সজ্জিত হইয়া দববল সহ বহির্গত হইলেন। নিরন্তর রণদুন্দুভির নির্ঘোষ ও শঙ্খনাদ হইতে লাগিল, অসংখ্য সেনা-নিনাদে অমরাবতী কম্পিতা এবং দেবগণ ভয়-বিহ্বল হইয়া পলায়নোদ্যত হইলেন। দেবরাজও চিরন্তন শত্রুকে সন্নিহিত জানিয়া আসন্ন বিপদাশঙ্কায় যার পর নাই ভীত ও ত্রস্ত হইলেন এবং যুদ্ধার্থ সত্বর সেনাসমাবেশের উদ্যোগ করিয়া লোক-পালগণকে আহ্বানপূর্ব্বক গৃধ্রব্যূহ (গৃধ্রপক্ষীর ন্যায় সেনা-নিবেশ) রচনান্তর সমরপ্রতীক্ষায় অবস্থিতি করিতে লাগিলেন। এদিকে বৃত্রাসুরও সবেগে আসিয়া সেই স্থানে উপস্থিত হইল, দেব দানবে তুমুল সংগ্রাম বাধিল, পরস্পর বিজিগীষু বৃত্র ও বাসবে ঘোরতর যুদ্ধ চলিতে লাগিল; সেই ভয়ঙ্কর যুদ্ধানল অত্যন্ত প্রদীপ্ত হইয়া উঠিলে দৈত্যগণ হর্ষ ও দেবগণ বিমর্ষভাব প্রাপ্ত হইল। বৃত্র ইন্দ্রকে সহসা কবচ ও বস্ত্রাদি বিরহিত করিয়া স্বীয় মুখে নিক্ষেপপূর্ব্বক গ্রাস করিয়া পূর্ব্ববৈরতা স্মরণানন্তর অত্যন্ত হৃষ্টচিত্তে অবস্থান করিতে লাগিলেন।

ইন্দ্র বৃত্রকর্ত্তৃক এইরূপে নিগৃহীত হইলে, দেবগণ নিরতিশয় কাতর ও ত্রাসিত হইয়া হা ইন্দ্র! হা ইন্দ্র! বলিয়া মুহুর্মুহু চীৎকার করিতে লাগিলেন এবং দীন ও ব্যথিত মনে সুরগুরু বৃহস্পতিকে প্রণামপুরঃসর সকলে তাঁহার নিকট নিবেদন করিলেন যে, হে দ্বিজেন্দ্র! আপনি আমাদের সকলেরই গুরু, কিসে বর্ত্তমান বিপদ্ হইতে সত্বর উত্তীর্ণ হওয়া যায় তাহার সৎপরামর্শ প্রদান করুন; যাহাতে বৃত্রাসুরের কবল হইতে ইন্দ্রের নিষ্কৃতি হয়, অভিচারাদি ক্রিয়া দ্বারা শীঘ্র তাহার উপায় বিধান করুন। ইন্দ্র ব্যতিরেকে আমরা ক্রমশঃ হীনবল হইয়া পড়িতেছি।

দেবগণের এই সকল কাতরোক্তি শুনিয়া সুরাচার্য্য কহিলেন, হে অমরগণ! তোমরা সহসা ভীত হইও না; দেব-রাজ বৃত্রমুখে নিক্ষিপ্ত হইয়া অবসন্ন হইয়াছেন বটে, কিন্তু তিনি জীবিত থাকিয়াই ঐ রিপুর কোষ্ঠমধ্যে অবস্থিত আছেন; অত-এব জীবিতাবস্থায়ই তাঁহার নিষ্ক্রামণ প্রশস্ত। দেবগণ বৃহস্পতির এই কথা শুনিয়া আশ্বস্তহৃদয়ে ইন্দ্রের মুক্তির জন্য উপায়ান্বেষণ করিতে লাগিলেন। সকলে গভীর চিন্তার সহিত মন্ত্রণা করিয়া অবশেষে মহাসত্ত্বসম্পন্না জৃম্ভিকার সৃষ্টি করিলেন। তাহাতে বৃত্রাসুর জৃম্ভণ আরম্ভ করিলে তদীয় মুখবিবর নিয়ত বিবৃত হইতে লাগিল, এই অবকাশে ইন্দ্র স্বকীয় অঙ্গপ্রত্যঙ্গসকল সঙ্কুচিত করিয়া বিজৃম্ভমাণ বৃত্রের বদন হইতে নিষ্ক্রান্ত হইয়া ভূপতিত হইলেন।

ইন্দ্র এইরূপে বৃত্রকোষ্ঠ হইতে বহির্গত হইয়া পুনর্ব্বার তাহার সহিত অযুতবর্ষব্যাপী নিদারুণ লোমহর্ষণ ভীষণ সংগ্রাম আরম্ভ করিলেন। পরে যখন বরমদে মত্ত বৃত্রাসুর ক্রমশঃ রণে বর্দ্ধিত হইয়া উঠিল, তখন তাহার তেজে ধর্ষিত ও পরাজিত ইন্দ্র অত্যন্ত ব্যথিত হইয়া রণ পরিত্যাগপূর্ব্বক পলায়ন করিতে বাধ্য হন। সুরপতির পলায়ন সন্দর্শনে অন্যান্য দেবতারাও আস্তে আস্তে তৎপথাবলম্বী হইলেন। এই উদ্যমে বৃত্রাসুর সত্বর স্বর্গরাজ্য অধিকার করিয়া সমস্ত দেবোদ্যান, গজরাজ ঐরাবত, হয়বর উচ্চৈঃশ্রবা, কামধেনু, পারিজাত, যাব-তীয় বিমান ও অপ্সরোগণ প্রভৃতি স্বর্গরত্ন উপভোগে প্রবৃত্ত হইল। বিশ্বকর্ম্মাও তখন পুত্রসুখে সুখী হইয়া তথায় অবস্থান করিতে লাগিলেন।

এদিকে সুরগণ সকলেই স্ব স্ব স্থানভ্রষ্ট হইয়া গিরিদুর্গে অবস্থিতি করিতে থাকিলেন। যজ্ঞভাগে বঞ্চিত হওয়ায় তাঁহাদের যার পর নাই কষ্ট হইতে লাগিল। পরে তাঁহারা

মুনিগণের সহিত মিলিত হইয়া ইন্দ্র সমভিব্যাহারে কৈলাসাচলে মহাদেব সমীপে গমন করিলেন এবং কৃতাঞ্জলিপুটে অতিবিনীত ভাবে তদীয় চরণে প্রণিপাতপূর্ব্বক কহিতে লাগিলেন; ভগবন্! আপনি অপার করুণানিধি, আমাদিগকে রক্ষা করুন; আমরা বৃত্রাসুর কর্ত্তৃক পরাজিত ও স্থানভ্রষ্ট হইয়া যৎপরোনাস্তি ক্লেশের সহিত কালযাপন করিতেছি। হে দয়াময়! আপনি দয়াপ্রকাশে সেই বরমদে মত্ত দুর্ব্বৃত্ত বৃত্রাসুরের ধ্বংসসাধন করিয়া আমাদের দুঃখ বিমোচনের উপায় বিধান করুন।

দেবতাদিগের এইরূপ দুঃখপূর্ণ বিনীত বাক্যাবসানে শঙ্কর কহিলেন, হে সুরগণ! ব্রহ্মাকে অগ্রে করিয়া হরির নিকট গিয়া সেই দুর্ব্বৃত্তের বধোপায় চিন্তা করাই আমাদের এক্ষণে সর্ব্বতোভাবে কর্ত্তব্য, কেননা বাসুদেব সর্ব্বকার্য্যে দক্ষ, বলবান্, ছলজ্ঞ, বুদ্ধিমান, দয়াবান্, এবং সর্ব্বলোকশরণ্য; সুতরাং সেই জনার্দ্দন ব্যতিরেকে বর্ত্তমান কার্য্যসিদ্ধির কোনরূপ সম্ভাবনাই দেখি না। মহাদেবের এই কথার পর ব্রহ্মাপ্রমুখ দেবগণ তাঁহাকেই সঙ্গে লইয়া জগৎপ্রভু জনার্দ্দনের সমক্ষে উপস্থিত হইয়া বেদোক্ত পুরুষসূক্ত দ্বারা স্তব করিতে লাগিলেন। নারায়ণ অমরবৃন্দের স্তুতি বাক্যে পরিতুষ্ট হইয়া তাঁহাদের প্রত্যক্ষীভূত হইলেন এবং তাঁহাদিগকে যথোচিত অভ্যর্থনা করণানন্তর অসময়ে শঙ্কর ও ব্রহ্মার সহিত সকলের আগমনবার্ত্তা জিজ্ঞাসা করিলে দেবগণ বলিলেন, অন্তর্যামিন্! ত্রিভুবন মধ্যে আপনার কিছুই অবিদিত নাই, সমস্তই জানিতেছেন। সুরগণ যখন যেরূপ সঙ্কটে পড়েন আপনিই তাহা হইতে তাঁহাদিগকে রক্ষা করিয়া থাকেন, সম্প্রতি দেব, গন্ধর্ব্ব, কিন্নর, যক্ষ, রক্ষ প্রভৃতি দেবযোনিমাত্রেই বরমদমত্ত পরমদুর্দ্ধর্ষ বৃত্রাসুর কর্ত্তৃক বিতাড়িত হইয়া গিরিগুহা আশ্রয় করিয়াছেন। অতএব হে দেব! এক্ষণে আপনি ভিন্ন এই বিপদ্ হইতে উদ্ধার পাওয়ার উপায়ান্তর নাই।

পরমকারুণিক ভগবান্ দেবগণের ঈদৃশ করুণাপূর্ণ বচন-পরম্পরায় সাতিশয় দয়ার্দ্র চিত্ত হইয়া তাঁহাদিগকে যথোচিত অভয় প্রদানপূর্ব্বক বলিলেন, সুরগণ! আপনাদের কোন ভয় নাই, আমি সেই দুর্দ্দান্ত দৈত্যবরের বিনাশসাধনের একটী সর্ব্বসম্মত উপায় বিদিত আছি। তত্ত্বদর্শী পণ্ডিতগণ শত্রুগণের প্রতি প্রয়োগ করিবার জন্য সাম, দান, ভেদ ও দণ্ড, এই চারি প্রকার উপায় নির্দ্ধারিত করিয়াছেন। অতএব অগ্রে সামপ্রয়োগ, তদনন্তর প্রতারণা ব্যতিরেকে ঐ শত্রুকে জয় করা দুঃসাধ্য; সুতরাং প্রথমে প্রলোভন দেখাইয়া তাহাকে স্ববশে আনিয়া পরে তাহার বিনাশ সাধন করাই যুক্তিযুক্ত। গন্ধর্ব্ব ও ঋষিগণ অগ্রে তাহার নিকট গিয়া, সে যাহা বলে তদনুসারে শপথ পূর্ব্বক বিশ্বাস জন্মাইয়া কপটাচারে কেবল মাত্র বাক্য দ্বারা ইন্দ্রের সহিত তদীয় মিত্রত্ব সংস্থাপন করুক। এই কপট-বন্ধুতা-সূত্রে সুরপতির প্রতি যখন তাহার দৃঢ় বিশ্বাস জন্মিবে, তখনই প্রতারণার প্রকৃত সময় জানিবে; সেই সময় আমিও সুদৃঢ় বজ্রমধ্যে গুপ্তভাবে প্রবিষ্ট হইব, ইন্দ্র সেই বজ্র প্রহারে তাহাকে বিনাশ করিবেন। যতই যাহা হউক এ বিষয়ে আপনাদের কিছু সময় প্রতীক্ষা করিতে হইবে, কেননা সম্পূর্ণ রূপে আয়ুষ্কাল শেষ না হইলে কিছুতেই তাহাকে বিনাশ করা যাইবে না।

অতঃপর বিষ্ণু আরও বলিলেন যে এক্ষণে আপনারা সকলে একত্র হইয়া স্তোত্রমন্ত্রাদি দ্বারা দেবী ভগবতীর আরধনা করিয়া তাঁহার শরণাপন্ন হউন, তাহা হইলে সেই মোহজননী মহামায়া ঐ বরবলে বলীয়ান্ দুর্জ্জয় অসুরের মোহ জন্মাইয়া দিবেন; তাহাতে সে ইন্দ্রের প্রতি বিশ্বস্ত হইবে এবং ইন্দ্র নিশ্চয়ই অনায়াসে তাহাকে বধ করিতে সমর্থ হইবেন সন্দেহ নাই।

বিষ্ণুর পরামর্শে দেবগণ সুমেরু পর্ব্বতে গিয়া সর্ব্বাভীষ্টপ্রদায়িনী জগজ্জননী মহামায়ার আরাধনা করিতে লাগিলেন, এবং পরে তিনি সন্তুষ্ট হইয়া তাঁহাদিগকে দর্শন দিলে, তাঁহারা তাঁহাকে স্বকীয় দুঃখবৃত্তান্ত আদ্যোপান্ত বিজ্ঞাপন করিয়া বলিলেন, দেবি! আপনি দয়া করিয়া সেই সুরশত্রু বৃত্রাসুর যাহাতে ইন্দ্র ও অন্যান্য দেবগণকে বিশ্বাস করে, তদ্রূপে তাহাকে বিমোহিত করুন এবং আমাদের অস্ত্রে এরূপ শক্তি দিন যে, আমরা যেন অনায়াসে ঐ দুর্জ্জয় শত্রুকে শীঘ্রই বিনষ্ট করিতে পারি। অমরগণের এই প্রার্থনার পর দেবী তথাস্তু বলিয়া তথা হইতে অন্তর্হিতা হইলেন। দেবগণও সানন্দ হৃদয়ে স্ব স্ব ভবনে প্রস্থান করিলেন।

অনন্তর পূর্ব্বকৃত মন্ত্রণানুসারে ঋষিগণ বৃত্রাসুরের নিকটে গিয়া দেবগণের কার্য্য সিদ্ধির নিমিত্ত সামযুক্ত রসাত্মক প্রিয়বাক্যে তাহার পরিতুষ্টির চেষ্টা করিতে লাগিলেন। সকলে চাটুকারের ন্যায় বলিতে আরম্ভ করিলেন যে, বৃত্র! স্বর্গ, মর্ত্ত ও রসাতল এই তিন লোকের লোকই তোমার অধীন, বিশ্বব্রহ্মাণ্ডের সর্ব্বত্রই তোমার আধিপত্য; অতএব তোমার এই আলয় অতুল সুখের আধার; কিন্তু সামান্য বিষয়ের জন্য এখানে একটা বিশেষ অসুখের হেতু বিদ্যমান রহিয়াছে; কেননা দেবদানবের যুদ্ধ যদিও বর্ত্তমানে স্থগিত আছে তথাপি বিশেষরূপে জানিও যে, তুমি ও ইন্দ্র এই উভয়ে বর্ত্তমান থাকিতে নর, অমর, অসুর প্রভৃতি প্রজাবর্গের প্রত্যেকেরই মনে সর্ব্বদার জন্য ত্রাস ভিন্ন কোন প্রকার শান্তি আসিবে না; এবং তোমাদের উভয়ের মনেও নিয়ত বৈরজাত ভয় জাগরূক থাকায় পরস্পর কদাচ স্থিরসুখে কালাতিপাত করিতে পারিবে না; এই হেতু আমরাও বিশেষ মনঃপীড়ায় পীড়িত হইয়া তোমার নিকট আসিয়াছি, কারণ

আমাদের নিকট উভয়ই তুল্য, এই দুয়ের মধ্যে একটা সখ্যস্থাপন করিতে পারিলে, আমরা পরমসুখে জীবনাতিবাহিত করিতে পারি এবং ত্রিলোকের প্রজাবর্গও চিরদিনের জন্য সুখে কাল কাটাইতে পারে। দৈত্যরাজ! আর অধিক কি বলিব, আমরা অরণ্যবাসী মুনি, সমস্ত বিষয়ের শান্তিকামনাই আমাদের একান্ত কর্ত্তব্য; অতএব আমাদের বিশেষ অনুরোধ এই, তুমি ইন্দ্রের সহিত মিত্রতা করিয়া জগতের সুখসম্বর্দ্ধন কর। এ সম্বন্ধে আরও বলি,—তুমি যেরূপ করিতে বলিবে, ইন্দ্র তোমার সমক্ষে সেইরূপ প্রতিজ্ঞা করিবে অর্থাৎ যাহাতে তোমার চিত্তের প্রীতি জন্মে, আমরা মধ্যস্থ থাকিয়া তাঁহাদ্বারা তাহাই করাইয়া দিব।

দৈত্যপতি বৃত্র মহর্ষিগণের বচন শুনিয়া প্রথমতঃ বলিলেন, ঋষিগণ! এই দুরাচার ইন্দ্র নির্লজ্জ, শঠ, লম্পট ও ব্রহ্মঘাতক, ঈদৃশ ব্যক্তির প্রতি বিশ্বাস করা কদাচই কর্ত্তব্য নহে। আপনারা সাধু ও সদ্‌গুণসম্পন্ন, সুতরাং আপনাদিগের মতি কখন পরের অনিষ্ট চিন্তা করে না; আপনাদিগের চিত্ত শান্ত বলিয়া আপনারা কপটাচারিগণের মন বুঝিতে পারেন না, অতএব দুষ্ট জনের মধ্যস্থ হওয়া আপনাদের পক্ষে কোন ক্রমেই উচিত হয় না। বৃত্রাসুরের এই উক্তির পর, ইন্দ্র কোনরূপ বিশ্বাসঘাতকতা করিবেন না এই মর্ম্মে নানারূপ যুক্তি দিয়া ঋষিগণ পুনরায় তাঁহাকে সাতিশয় অনুরোধ করায় তিনি অগত্যা সন্ধিস্থাপনে স্বীকৃত হইলেন বটে কিন্তু তাঁহাদিগকে বলিলেন, মুনিগণ! ইন্দ্র যদি সমস্ত দেবগণের সহিত শুষ্ক বা আর্দ্র বস্তু দ্বারা অথবা কাষ্ঠ, প্রস্তর কিম্বা বজ্র দ্বারা দিবা অথবা নিশাভাগে আমার বধসাধন না করে, তাহা হইলে সেই নিয়মে তাহার সহিত সন্ধি সংস্থাপন করিতে পারি, নচেৎ অন্য কোন প্রকারে পারি না।

ঋষিগণ বৃত্রের এই বাক্য সাদরে গ্রহণপূর্ব্বক সুররাজকে তথায় আনাইয়া অগ্নি সমক্ষে তাহা দ্বারা শপথ করাইয়া উভয়ের মধ্যে সখ্যসংস্থাপন করিলে, তদবধি তাঁহারা পরস্পর মিলিত হইয়া সরল চিত্তে একত্র আহার বিহার শয়নোপবেশনাদি করিতে লাগিলেন। প্রকৃত প্রস্তাবে ইহা কপটসম্মিলন হইলেও অসুররাজের মনে কোনরূপ কপটতা না থাকায় তিনি ইহাতে যার পর নাই প্রীত হইলেন, কিন্তু দেবরাজ তদীয় বধকামনায় নিয়ত সমুৎসুক থাকিলেন।

ইন্দ্রের সহিত এই সম্মিলন ও তাঁহার প্রতি বৃত্রের অকপট বিশ্বাসের বিষয় জানিয়া বিশ্বকর্ম্মা বৃত্রকে বলিলেন, বৎস! যাহার সহিত একবার শত্রুতা ঘটিয়াছে, তাহাকে বিশ্বাস করা কদাচ সঙ্গত নহে। দেখ, সেই ইন্দ্র সর্ব্বদাই লোভনিরত, দ্বেষরত, পরদুঃখে উৎসবান্বিত, পরদারলম্পট, পাপবুদ্ধি, প্রতারক, ছিদ্রান্বেষী, হিংসক, মায়াবী ও গর্ব্বিত; অধিক আর কি বলিব সেই পাপিষ্ঠ অবলীলাক্রমে পাপভয় পরিত্যাগপূর্ব্বক মাতার উদরে প্রবেশ করিয়া তদীয় গর্ভস্থিত রোরুদ্যমান বালককে পর পর সপ্ত সপ্ত ভাগে বিভক্ত করিয়া উনপঞ্চাশদংশে ছেদ করিয়াছে। অতএব বৎস! ভাবিয়া দেখ, এরূপ নির্লজ্জ লোকের পুনরায় পাপকার্য্যে রত হইতে লজ্জা কি?

বৃত্রাসুরের নিয়ত মরণকাল নিকটবর্ত্তী বলিয়াই যেন সে পিতৃবাক্যে প্রবোধিত হইয়াও তাহা শুভকর মনে করিতে পারিল না। সুতরাং বিপদ্‌ও তাহার পাছে পাছে আসিয়া জুটিল। একদিন ইন্দ্র তিমিরময়ী-সন্ধ্যামুহূর্ত্তে বৃত্রাসুরকে নির্জ্জনে দেখিয়া তাঁহার মনে সহসা ব্রহ্মার বরদানের বিষয় সমুত্থিত হইল; তিনি ভাবিলেন এই আমার চিরানুসন্ধিত প্রকৃত সময়; কেননা ইহা দিবাও নহে রাত্রিও নহে; অতএব আর কালবিলম্ব না করিয়া শীঘ্র শীঘ্রই কার্য্য সমাধা করা যাউক; কিন্তু কিরূপে কি করিব এই চিন্তায় কাতর হইয়া ভীতত্রস্তে অব্যয়াত্মা হরিকে মাত্র স্মরণ করিতে লাগিলেন, হরিও পূর্ব্ব মন্ত্রণানুসারে স্বয়ং আসিয়া অদৃশ্যভাবে তদীয় বজ্রমধ্যে প্রবিষ্ট হইলেন; তাহাতে ইন্দ্রের চিত্তে কিঞ্চিৎ স্থিরতা আসিল। এই সময়েই আবার তিনি পুরোভাগে সাগর-বারির পর্ব্বত-প্রমাণ ফেন দর্শন করিয়া, ইহা শুষ্কও নয়, আর্দ্রও নয় এবং শস্ত্রও নয় স্থির করিলেন। তখন শক্তিসঞ্চয়ার্থ পরাশক্তি ভুবনেশ্বরী মহামায়া দেবী ভগবতী ঐ ফেন মধ্যে স্বীয় অংশ সংস্থাপন করিলেন; অতঃপর নারায়ণাধিষ্ঠিত বজ্রও সেই ফেনপিণ্ড দ্বারা আবৃত হইল। ইন্দ্র সেই ফেনাবৃত বজ্র বৃত্রের প্রতি নিক্ষেপ করিলে অসুরবর অকস্মাৎ বজ্রাহত হইয়া ক্ষণকাল মধ্যে অচলের ন্যায় নিপতিত হইল এবং এ জীবনের মত চিরদিনের জন্য যাবতীয় সুখসমৃদ্ধি একেবারে বিসর্জ্জন দিল।

পূর্ব্বে যে পৌরাণিক আখ্যায়িকা উদ্ধৃত হইল, তাহা বৈদিক বিবরণের রূপক বর্ণনা মাত্র। ঋগ্বেদের বিভিন্ন স্থানে বৃত্র শব্দ ধাতুর্থগত অর্থ লইয়া প্রযুক্ত দেখা যায়। বৃ ধাতুর অর্থ আবরণ। জলকে ঘিরিয়া রাখে বলিয়া বৃত্র জলের কারানিবাস (১।২।১১।৫১) মেঘরূপে গৃহীত। (ঋক্ ১।৫৬।৬, ২।১৪।২, ৮।১১।২৬,) এই কারণে বৃত্র মনুষ্যের অপকারক ও শত্রু স্থানীয়। উক্ত সংহিতার ৭।৪৮।২, ৮।৯।৪, ১।৭।৫, ১।৫৩।৬, ১।৪৮।১৩, ৩।৪৯।১, ৪।১৭।১৯, ৪।২২।৯, ৪।২৪।১০, ৪।৪১।২, ৬।১৯।৩, ৬।২৬।২, ৬।২৯।৬, ৬।৩৩।১, ৬।৬৬।১, ৭।৮৩।১, ৭।৩৪।৩ প্রভৃতি স্থলে বৃত্র ধনলাভের বিরোধী, শত্রু, অমিত্র, অরি, রিপু, দস্যু ও মনুষ্যের অহিতজনক উপদ্রবাদি অর্থে প্রকটিত হইয়াছে। ঐ সকল প্রতিকূল উপদ্রব বা রিপুদলের শাস্তা জানিয়া ঋষিগণ ইন্দ্রকে উক্ত মন্ত্র সমূহে স্তুতি করিয়াছেন।

তিনি বজ্রধারী—বজ্রহস্তে মানবকুলের প্রতিকূলসাধক ও অমঙ্গলকর আদিম উপদ্রবনিচয় ধ্বংস করিয়া থাকেন বলিয়া তিনি শত্রুদিগের প্রতি বজ্রধারী (যুজং বৃত্রেষু বজ্রিণম্ ১।৭।৫) বলিয়া বর্ণিত হইয়াছেন। আবার ঋক্‌সংহিতার ৮।৭৮।১ ও ১০।৫৫।৭ মন্ত্রে তিনি বৃত্রহা বলিয়া পূজিত। শেষোক্ত মন্ত্রের ভাষ্যে সায়ণাচার্য্য লিখিয়াছেন :—

"বৃত্রহত্যায় প্রাণ্যুপকারকবৃষ্ট্যাবরকত্বাৎ বৃত্রঃ পাপং। তস্য হত্যায় মনুষ্যাণামুপদ্রবশমনায়েত্যর্থঃ তদর্থং বজ্রী বজ্রবান্ ইন্দ্রং উক্ষৎ বর্ষতি।"

ইহা হইতে স্পষ্ট বুঝা যায় যে, প্রাণিগণের উপকারী বৃষ্টির অবরোধকারী কোন নৈসর্গিক বল বা শক্তিই পাপরূপ বৃত্র। তাহাকে হত্যা করিবার জন্য ইন্দ্র বজ্রী হইয়াছিলেন। ইন্দ্র মরুদ্‌গণের সাহায্যে বল প্রাপ্ত হইয়া বৃত্রকে বধপূর্ব্বক পৃথিবীকে বৃষ্টিবর্ষণ দ্বারা অভিষিক্ত করিলেন। পরবর্ত্তী মন্ত্রে (১০।৫৫।৮) সোমপানে বর্দ্ধিতবীর্য্যশরীর ইন্দ্র যুদ্ধে দস্যুদিগকে বিনাশ করিয়াছিলেন ; ইহা দেখিয়া মনে হয় পৌরাণিক রূপকে বৃত্রকে পাপাত্মা অসুররূপে বর্ণনা নিতান্ত অসঙ্গত হয় নাই।

বাস্তবিক, পুরাণে বৃত্র নামক অসুরের সহিত ইন্দ্রের যুদ্ধ সম্বন্ধীয় যে আখ্যান আছে, ঋক্‌সংহিতার ১।৩২ সূক্তে তাহার উৎপত্তি ও পূর্ণপুষ্টি দেখা যায়। মেঘের নাম বৃত্র বা অহি। ইন্দ্র মেঘকে বজ্রদ্বারা আঘাত করিয়া বৃষ্টি অভিবর্ষণ করিয়াছিলেন। বৈদিক ঋষিদিগের এই কল্পনা ও উপমা হইতে পুরাণকারের বৃত্র-সংহারের ঘটনা।

ঋক্‌সংহিতার ১।৩২।৫ মন্ত্র হইতে আমরা জানিতে পারি, 'অন্ধকাররূপে জগতের আবরণকারী বৃত্রকে ইন্দ্র মহা-ধ্বংসকারী বজ্রদ্বারা ছিন্নবাহু করিয়া বিনাশ করেন। কুঠারছিন্ন বৃক্ষস্কন্ধের ন্যায় অহি পৃথিবী স্পর্শ করিয়া পড়িয়া রহিয়াছে।' এখানে বৃত্র ও অহি দুই অসুর নহেন, তবে একই অর্থে মেঘের পরিবর্ত্তে ব্যবহৃত। উক্ত ঋকের ১।৩২।১ ও ৪ মন্ত্রে অহিদিগের হত্যাদ্বারা আবরক মেঘ নির্ম্মুক্ত করিয়া আকাশের প্রকাশের কথা আছে। ১।৬২।৬-৭ মন্ত্রে লিখিত আছে ; 'দর্পযুক্ত বৃত্র স্বীয় তুল্য যোদ্ধা নাই বিবেচনা করিয়া মহাবীর বহুবিনাশী ও শত্রুবিজয়ী ইন্দ্রকে যুদ্ধে আহ্বান করিলেন। কিন্তু ইন্দ্রহস্তে সে রক্ষা পাইল না, নদীতে পতিত হইয়া নদীসমুদায় নিষ্পিষ্ট করিল (অর্থাৎ বৃষ্টিপতনে নদীকুল বন্যাপ্লাবনে প্লাবিত হইয়াছিল)। এইরূপে হস্তপদ হীন বা বিচ্ছিন্নাবয়ব হইয়াও যখন বৃত্র ইন্দ্রকে পুনরায় যুদ্ধে আহ্বান করিলেন, তখন ইন্দ্র তাহার সানুতুল্য প্রোঢ়স্কন্ধে বজ্রাঘাত করিয়াছিলেন। যেরূপ পুরুষত্বহীন লোকে পুরুষত্বসম্পন্ন লোকের সাদৃশ্য লাভে বৃথা কামনা করে, বৃত্রও সেইরূপ আপন স্থিতির জন্য বৃথা যত্ন করিল, অবশেষে ক্ষত বিক্ষত হইয়া বৃত্র ভূমিতে পড়িয়া গেল।'

বৃত্র জীবদ্দশায় নিজ মহিমাদ্বারা যে জলকে আবদ্ধ রাখিয়াছিলেন, তাহার মৃত্যুতে সেই জল বৃত্রদেহকে উল্লঙ্ঘন করিয়া প্রবাহিত হইল। (১।৩২।৮) স্থিতিরহিত, বিশ্রামরহিত, জলের মধ্যে নিহিত, নামশূন্য সেই শরীরের উপর দিয়া জল বহিয়া যাইতেছে, ইন্দ্রশত্রু দীর্ঘনিদ্রায় পতিত রহিয়াছেন। (১।৩২।১০, ১।১২১।১১, ২।১১।১৯)

ইন্দ্র যখন বজ্রদ্বারা বৃত্রকে নিহত করেন, তখন বৃত্রের মাতা দানু পুত্রকে অস্ত্রাঘাত হইতে রক্ষা করিবার জন্য আপন দেহের নীচে রাখিয়া ছিলেন। ঐ কালে বৃত্রপত্নীগণ অহিরক্ষিত হইয়া নিরুদ্ধ ছিল, বৃত্রকে নিহনন করিয়া ইন্দ্র সেই দ্বার খুলিয়া দেন। (ঋক্ ১।৩২।৯ ও ১১) ঋক্ ৩।৪৩।৩ মন্ত্রে ইন্দ্রকর্ত্তৃক বৃত্রকে বিরিবার কথা আছে।

আবার ১।৩২।১২-১৪ মন্ত্রে লিখিত আছে যে, 'একদেব বৃত্র ইন্দ্রের বজ্রের প্রতি যখন ভীম প্রহরণ প্রহার করেন, তখন ইন্দ্র অশ্বপুচ্ছের ন্যায় হইয়া সেই অস্ত্রাঘাত নিবারণ করেন। অহিকে হনন করিবার সময় ইন্দ্রের হৃদয়ে ভয়ের সঞ্চার হইয়াছিল। তাহাতে তিনি বৃত্রের অস্ত্র হন্তার প্রতীক্ষা করিয়াছিলেন ; অবশেষে তিনি নবনবতি নদী ও জলাশয় পার হইয়া শ্যেনপক্ষীর ন্যায় পলায়ন করেন।' সায়ণাচার্য্য বলেন, বৃত্রকে হনন করিবার পূর্ব্বে ইন্দ্রের অন্তরে বৃত্রবধ উচিত কি না, এই ভয় জন্মিয়াছিল ; কিন্তু মূল পাঠ করিলে বোধ হয় ইন্দ্র শত্রুর ভয়েই পলাইয়াছিলেন। ইহা অবলম্বন করিয়া পৌরাণিকেরা লিখিলেন, ইন্দ্র বৃত্রের ভয়ে হ্রদের মধ্যে লুকাইয়াছিলেন।

এতদ্ভিন্ন ঋগ্বেদের ৩।৩০।১।৫২।১০-১৫ ৮।৬।৬,৬৫।২,৮।৬৬।৩, মন্ত্রে ইন্দ্রকর্ত্তৃক বজ্রদ্বারা বৃত্রের হস্ত, পদ, মুখ, মস্তক, হনূদেশ প্রভৃতি ছিন্নভিন্ন হওয়ার কথা আছে। যুদ্ধকালে বৃত্রও ইন্দ্রের প্রতি বিদ্যুৎ বর্ষণ, বিকট গর্জ্জন, ও জলবর্ষণ প্রভৃতি করিয়াছিলেন। (১।৮০।১২, ১।৩২।১২) ঐ সময়ে বৃত্র নানাবিধ ভয়াবহ শব্দোচ্চারণ করিয়া আকাশকে কম্পিত করিয়াছিলেন। (৮।৮৫।৭, ৫।২৯।৪, ১।৫২।১০, ১।৬১।১০, ৬।১৭।১০)। যে বৃত্র জলরুদ্ধ করিয়া অন্তরীক্ষের উপরিদেশে শয়ান ছিলেন এবং অন্তরীক্ষে যাহার ব্যাপ্তি অসীম, সেই বৃত্রের হনূদ্বয় শব্দায়মান বজ্রদ্বারা ভিন্ন করিয়া ইন্দ্র তাঁহাকে পাতিত করেন। (১।৫২।৬)

১।৮০।৫ মন্ত্রে বৃত্রকে উচ্চসানুস্থ বলিয়া বর্ণনা করা হইয়াছে। ৮।৩।১৯ মন্ত্রে ইন্দ্রকর্ত্তৃক তাহাকে উচ্চ হইতে নিম্নে নিক্ষেপের এবং ৭।১৯।৫ ও ৮।৮২।২ ১০।৮৯।৭ মন্ত্রে ইন্দ্রকর্ত্তৃক তাঁহার ৯৯টী পুরীর ধ্বংসের কথা আছে।

ঋক্ ১।৩৩।৪-৮ মন্ত্র পাঠ করিলে জানা যায় যে, বৃত্র ধনবান্ দস্যুপতি, তাঁহার অনুচর সনকগণ যজ্ঞবিরোধী; ইহারা ইন্দ্রের সহিত ঘোর যুদ্ধ করিয়াছিল। উক্ত বৃত্রানুচরগণ (ভুজবলে) পৃথিবী আচ্ছাদন করিয়াছিল এবং হিরণ্য ও মণিদ্বারা শোভমান হইয়াছিল। সেই বর্দ্ধমান শত্রুগণ ইন্দ্রকর্ত্তৃক বিজিত হইয়া পলায়ন করে ইত্যাদি বৃত্তান্ত যে পৌরাণিক আখ্যানের পোষক তাহা কে অস্বীকার করিবে?

বৃত্রের সহিত বৃত্রহন্তার যুদ্ধের গল্প প্রাচীন আর্য্যদিগের মধ্যে প্রচলিত ছিল। সুতরাং হিন্দু ভিন্ন অন্যান্য আর্য্যজাতির মধ্যেও এই গল্পের কতক বৃত্তান্ত প্রাপ্ত হওয়া যায়। ইরাণীয়দিগের 'অবস্তা' শাস্ত্রে বৃত্রহন্তার উপাসনা আছে। নিম্নোক্ত বিবরণে তাহার আভাস আছে:—

"অহুরের সৃষ্ট বেরেথ্রঘকে (সংস্কৃত বৃত্রঘ্ন) আমরা যজ্ঞ প্রদান করি।"

"জরথুস্ত্র অহুর্ মজ্দকে জিজ্ঞাসা করিলেন, হে সদয়চিত্ত অহুর্ মজ্দ! হে জগতের সৃষ্টিকর্ত্তা পবিত্রাত্মা! স্বর্গীয় উপাস্য-দিগের মধ্যে কে সর্ব্বোৎকৃষ্ট অস্ত্রধারী! অহুর্ মজ্দ উত্তর করিলেন—হে স্পিতিম জরথুস্ত্র! অহুরের সৃষ্ট বেরেথ্রঘ (সর্ব্বোৎকৃষ্ট অস্ত্রধারী)।" (জন্দ অবস্তা। বহরাম জস্ত।)

আবার উক্ত গ্রন্থে অহিবিনাশ সম্বন্ধেও অনেক কথা পাওয়া যায়, আমরা উহার কতকাংশ উদ্ধৃত করিলাম—

বীর্য্যবান আথ্যকুলের উত্তরাধিকারী থ্রএতেনও (সংস্কৃত 'আপ্ত্যত্রিত বা ত্রৈতন')* চতুষ্কোণ বরুণপ্রদেশে † একটী সুবর্ণ সিংহাসন প্রদান করেন। * * * "তিনি তাহার নিকট একটী বরপ্রার্থনা করিয়া বলিলেন, হে ঊর্দ্ধবিচারী বায়ু আমাকে এই বর দেও যে আমি তিনমুখ ও তিন মস্তকযুক্ত অজি-দহকে (সংস্কৃত 'অহি' 'দহক') পরাস্ত করিতে পারি।

(জন্দ্ অবস্তা-রামজস্ত্)

ইরাণীয়দিগের অবস্তায় বৃত্র ও অহির পরিচয় যেরূপ আছে, গ্রীক্পুরাতত্ত্বেও সেইরূপ বিবরণ প্রকটিত দেখা যায়।

"Ahi reappears in the Greek Echis, Echidna, the dragon which crushes its victim with its coil." (Cox's *Introduction to Mythology and Folklore*, p. 34 note.) "But besides Kerberos (ঋগ্বেদোক্ত যমের কুকুর সরমা) there is another dog conquered by Hercules, and he (like Kerberos is born of Typhaon and Echidna (ঋগ্বেদে অহি). . . . The second dog is known by the name of Orthros, the exact copy, I believe, of the Vedic Vritra. That too Vedic Vritra should reappear in the shape of a dog need not surprise us. . . . . Thus we discover in Hercules the victor of Orthros, a real Vritrahan."—Max Muller's *Chips form a German Workshop*, vol. II (1897), pp. 184. 185.

বৃত্রহন্তা ইন্দ্র হিন্দুদিগের যেরূপ উপাস্য ইরাণীয়দিগের মধ্যেও তিনি সেইরূপ উপাস্য ছিলেন। তাহা অবস্তার উপরিউক্ত উদ্ধৃতাংশ হইতে বুঝা যায়। কিন্তু ইরাণীয়গণ ইন্দ্রকে

---

* সায়ণ তৈত্তিরীয় সংহিতা অবলম্বনে লিখিয়াছেন, দেবগণের হব্যচিহ্ন বিমোচনার্থ অগ্নি জল হইতে একত, দ্বিত, ও ত্রিত নামে তিন পুরুষ সৃষ্টি করেন। ত্রিত উদকপানে প্রবৃত্ত হইয়া কূপে পতিত হইলে অসুরেরা কূপাচ্ছাদন সৃষ্টি করিয়া তাহার গতি প্রতিরোধ করেন। ঋক্ ১।৫২।৫ মন্ত্রে ত্রিতের সেই পরিখিভেদ করিবার কথা আছে। ইহা হইতেই ত্রিতের সহিত অসুরদিগের শত্রুতার সূচনা হয়।

ইন্দ্র যেমন অহি বা বৃত্রের সহিত যুদ্ধ করিয়াছিলেন, ঋগ্বেদের স্থানে স্থানে ত্রিত বা ত্রৈতনের সেইরূপ যুদ্ধ করিবার পরিচয় আছে।

ত্রিত বা ত্রৈতন যে প্রাচীন আর্য্যদিগের উপাস্য দেবতা, তাহা এই 'অবস্তা' গ্রন্থ হইতেই সপ্রমাণ হয়। ঋগ্বেদের অহিহন্তা ইন্দ্রের ন্যায় 'অবস্তার', অজিহন্তা থ্রেতনও ইরাণীয়দিগের উপাস্য। ঋগ্বেদের ত্রিত আপ্ত্য-বংশীয় (১।১০৫।৯) 'অবস্তা'র থ্রেতমও আপ্ত্যবংশীয়। পারসিককবি ফার্দ্দুসী সাহানামায় লিখিয়াছেন, জোহক নামে পারস্যদেশে এক ত্রিমস্তক রাজা ছিলেন, ফেরুদীন তাহাকে পরাস্ত করেন। এই জোহক জন্দ 'অবস্তা'র আজিদহক এবং বেদের ত্রিমস্তক অহি। এই ফেরুদীন জন্দ 'অবস্তা'র থ্রেতন এবং বেদের ত্রৈতন।

অধ্যাপক মোক্ষমুলার বলেন যে ইতালীয় ও জর্ম্মণদিগের প্রাচীন ধর্ম্মোপাখ্যানে এই ত্রৈতনের গল্পের রূপান্তর পাওয়া যায়। (Chips from German Workshops, Vol I, p 100.) গ্রীক্দিগের ধর্ম্মোপাখ্যানেও প্রাচীন আর্য্য ত্রিতদেবের আভাস পাওয়া যায়। গ্রীক্দিগের প্রধান দেব Zeus কন্যা Athene (সংস্কৃত অহনা) কখন কখন ত্রিতকন্যা (Trito geneia) নামে বর্ণিত আছেন। আবার Triton নামে গ্রীক্দিগের একজন জলদেবতা ছিলেন, তাঁহার সহিত আপ্ত্যত্রিতের কোন সম্বন্ধ আছে কি? সায়ণ বলেন জল বা অপ্ হইতে জন্ম হেতু ত্রিত 'আপ্ত্য'।

এই সকল আলোচনা করিলে উপলব্ধি হয় যে আপ্ত্যবংশীয় অহিহন্তা ত্রিত বা ত্রৈতন আর্য্যদিগের অতি প্রাচীন উপাস্য দেবতা ছিলেন, পরে হিন্দুগণ যখন ইন্দ্রকে অহিহন্তা নামে উপাসনা করিতে লাগিলেন, তখন ত্রিত অগ্নিদ্বারা সৃষ্ট মনুষ্য বলিয়া গণ্য হইয়াছিল।

† বরুণপ্রদেশ। আর্য্যগণ আকাশকে বরুণ বলিয়া পূজা করিতেন; ক্রমে সেই আকাশ নৈশাকাশ বা নিশায় পর্য্যবসিত হয়। "শ্রূয়তে চ বারুণী রাত্রী"। (সায়ণ)

ইরাণীয়দিগের মধ্যে বরুণ প্রথমে আকাশের নাম ও পরে তাহা একটী দেশ বলিয়া পরিগণিত হয়। জন্দ 'অবস্তা'র প্রথম ফার্গার্দে লিখিত আছে "আমি অহুর মজ্দ যে উৎকৃষ্ট দেশ ও প্রদেশ সৃষ্টি করিয়াছিলাম চতুষ্কোণ বরণ তাহার মধ্যে চতুর্দ্দশ সংখ্যক। সেই দেশের জন্য থ্রেতন জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি আজিদহকে নিহত করিয়াছিলেন। [মিত্রাবরুণ দেখ।]

পাপমতি পিশাচ বলিয়া ঘৃণা করিয়া থাকেন। অবস্তার দশম ফার্গার্দ্দে লিখিত আছে, "আমি ইন্দ্রকে সৌরুকে ও দেব নঙ্ঘত্যকে এই গৃহ হইতে এই পল্লী হইতে এই নগর হইতে এই দেশ হইতে * * এ পবিত্র অখণ্ড জগৎ হইতে দূর করিয়া দিই"।

ইহা হইতে বোধ হয় যে প্রাচীন আর্য্যগণ বৃত্রঘ্নের উপাসনা করিতেন, কিন্তু যখন তাহাদিগের মধ্যে দুইটী দল হইয়া বিবাদ আরম্ভ হইল, তখন এক দল বৃত্রঘ্নকে 'ইন্দ্র' নামে পূজা দিলেন, এবং অন্য দল ইন্দ্রকে ঘৃণা করিতে লাগিলেন।

উপরে জন্দ অবস্তা হইতে যে অংশটুকু উদ্ধৃত হইয়াছে, তাহাতে ইন্দ্র ভিন্ন সৌরু ও নঙ্ঘত্য নামক দুই দেবতার উল্লেখ আছে। নঙ্ঘত্য দেবের সংস্কৃত নাম নাসত্যদ্বয় অর্থাৎ অশ্বিদ্বয়; অতএব বোধ হয়, যে সময়ে হিন্দু ও ইরাণীয় আর্য্যদিগের মধ্যে বিবাদ চলিতেছিল, সেই সময় হিন্দু আর্য্যগণ অশ্বিদ্বয়ের উপাসনা করিতেন। জন্দ অবস্তার সৌরু কে ঠিক জানা যায় নাই। কেহ কেহ বলেন, তিনি বেদের "শর্ব্ব", অন্য মতে বেদের "সরু"—যিনি মৃত্যুর বাণ বা নিদর্শন।

ইন্দ্র বৃত্র ও বৃত্রের ৯৯টী পুরীধ্বংসের (৭।১৯।৫) সহিত ৮১০ সংখ্যক বৃত্রগণকে দধীচি মুনির* অস্থি দ্বারা নিহত করিয়াছিলেন। (ঋক্ ১।৮৪।১৩)

* দধীচির অস্থি লইয়া ত্বষ্টা বজ্র নির্ম্মাণ করিলে সেই বজ্র দ্বারা ইন্দ্র অসুরদিগকে নাশ করেন, এইরূপ পৌরাণিক গল্প আছে, তাহা সকলেই অবগত আছেন। দধীচির অস্থি দ্বারা ইন্দ্র বৃত্রদিগকে হনন করিয়াছেন, তাহা বেদে আমরা এইস্থলে পাইলাম। সায়ণ এইস্থলে ও ১১৬ সূক্তে ১২ ঋকের যে টীকা লিখিয়াছেন, তাহা পৌরাণিক গল্প হইতে কিছু বিভিন্ন। ইন্দ্র দধীচিকে মধুবিদ্যা শিখাইয়াছিলেন এবং বলিয়াছিলেন যে দধীচি সেই বিদ্যা অন্য কাহাকেও শিখাইলে ইন্দ্র তাঁহার মাথা কাটিয়া ফেলিবেন। অশ্বিদ্বয় সেই বিদ্যা শিখিতে ইচ্ছা করিয়া দধীচিকে একটী অশ্বের মাথা পরাইয়া দিলেন, এবং সেই মাথায় দধীচি অশ্বিদ্বয়কে মধুবিদ্যা শিখাইলেন, ইন্দ্র ক্রোধে সেই মস্তক কাটিয়া ফেলিলেন, তাহাতে অশ্বিদ্বয় দধীচিকে তাঁহার নিজ মস্তক পুনরায় পরাইয়া দিলেন। দধীচির অবর্ত্তমানে অসুরগণের দৌরাত্ম্য পুনরায় বৃদ্ধি হওয়ায় ইন্দ্র তাঁহার অনুসন্ধান করিলেন, এবং তাঁহার অশ্বের মস্তক পাইলেন। তাহারই অস্থি দ্বারা অসুরদিগকে বিনাশ করিলেন।

এই উপাখ্যান পৌরাণিক দধীচির উপাখ্যান অপেক্ষা প্রাচীন, কিন্তু ইহার অর্থ কি ঠিক করা দুষ্কর। দধীচি অথর্ব্বার পুত্র; যে যে ঋষিগণ প্রথমে আর্য্য ভারতবর্ষে যাগযজ্ঞ ও অগ্নিহোম বিস্তৃত করিয়াছিলেন, অথর্ব্বা তাঁহাদিগের মধ্যে একজন প্রধান। অতএব দধীচির দ্বারা যে ইন্দ্র বিজয়লাভ করিয়াছিলেন, অর্থাৎ তাহার পূজা বৃদ্ধি পাইয়াছিল, তাহা আমরা বুঝিলাম। তথাপি তাঁহার অশ্বমস্তক বা অস্থির কথা কোথা হইতে উঠিল, তাহা বুঝা গেল না।

৩ মেঘ। "অপাহন্ বৃত্রং পরিধিং নদীনাং" (ঋক্ ৩।৩৩।৬) 'বৃত্রং বৃণোতি আকাশমিতি বৃত্রো মেঘস্তং' (সায়ণ) ৪ পর্ব্বতবিশেষ। ৫ ইন্দ্র। (বিশ্ব) ৬ শব্দ। (সিদ্ধান্তকৌ° উণা°)

বৃত্রখাদ (পুং) বৃত্রং খাদতি খাদ-অচ্। বৃত্রহননকারী ইন্দ্র। "বৃত্রখাদো বলং রুজঃ" (ঋক্ ৩।৫৫।২) 'বৃত্রখাদঃ ইন্দ্রো বৃত্রখাদঃ বৃত্রং খাদতি হিনস্তীতি' (সায়ণ)

বৃত্রঘ্ন (পুং) ১ ইন্দ্র, বৃত্রহননকারী। ২ গঙ্গাতীরস্থ দেশভেদ। এখানে অশ্বমেধ যজ্ঞ হইয়াছিল। (ঐতরেয়ব্রা° ৮।২৩)

বৃত্রঘ্নী, পারিপাত্র গাত্রনিঃসৃতনদীভেদ। (মার্কপু° ৫৭।২৯)

বৃত্রতর (পুং) বৃত্রেণ আবরণেন সর্ব্বং তরতীতি পচাদ্যচ্। যিনি সকল লোকের বিশেষ আবরক অর্থাৎ অন্ধকারস্বরূপ অথবা যিনি আবরণ দ্বারা যাবতীয় শত্রুদিগকে সমাচ্ছন্ন করেন। "অহন্‌বৃত্রং বৃত্রতরং ব্যংসমিন্দ্রো বজ্রেণ মহতা বধেন"(ঋক্ ১।৩২।৫) 'বৃত্রতরং অতিশয়েন লোকানামাবরকমন্ধকাররূপং যদ্বা বৃত্রৈরাবরণৈঃ সর্ব্বান্ শত্রূন্ তরতি তং' (সায়ণ)

বৃত্রতুর্ (ত্রি) বৃত্রহন্তা, বৃত্রাসুরনাশক, ইন্দ্র। "ইন্দ্রং ন বৃত্রতুরমর্দ্দদেবং" (ঋক্ ৪.৪২।৮) 'বৃত্রতুরং বৃত্রস্য শত্রোর্হন্তারং' (সায়ণ)

বৃত্রতূর্য্য (ক্লী) সংগ্রাম। "ভূত দেবা বৃত্রতূর্য্যেষু শম্ভুবঃ" (ঋক্ ১।১০৬।২) 'বৃত্রতূর্য্যেষু সংগ্রামনামৈতৎ। সংগ্রামেষু' (সায়ণ)

বৃত্রত্ব (ক্লী) শত্রুতা। বৃত্রের ভাব বা ধর্ম্ম। (তৈত্তিরীয়সং ২।৪।১২।২)

বৃত্রদ্বিষ্ (পুং) বৃত্রং দ্বেষ্টীতি দ্বিষ-ক্বিপ্। ইন্দ্র। (হেম)

বৃত্রনাশন (ত্রি) বৃত্রং নাশয়তীতি নাশি-ল্যু। বৃত্রনাশকারী ইন্দ্র। (হরিবংশ)

বৃত্রপুত্রা (স্ত্রী) বৃত্রের মাতা। "নীচাবয়া অভবদ্ বৃত্রপুত্রেন্দ্রঃ" (ঋক্ ১।৩২।৯) 'বৃত্রপুত্রা বৃত্রঃ পুত্রো যস্যাঃ' (সায়ণ)

বৃত্রভোজন (পুং) গম্ভীর, চলিত সমঠ। (শব্দচ°)

বৃত্রবধ (পুং) বৃত্রহত্যা। বৃত্রাসুরসংহার।

বৃত্রবৈরিন্ (পুং) বৃত্রবৈরী, বৃত্রশত্রু ইন্দ্র। (কথাসরিৎসা° ২০।৯৫

বৃত্রশঙ্কু (পুং) প্রস্তরস্তম্ভভেদ। (শতপথব্রা° ১৩।৮।৪।১)

বৃত্রশত্রু (পুং) বৃত্রস্য শত্রুঃ। ১ বৃত্রের শত্রু, ইন্দ্র। বৃত্রঃ শত্রুর্যস্য। ২ বৃত্র যাহার শত্রু।

বৃত্রহ (ত্রি) বৃত্রং হন্তি হন্-ক। বৃত্রহন্তা। "জ্যেষ্ঠং বৃত্রহং শবং" (ঋক্ ৬ ৪৮।২১) 'বৃত্রহং বৃত্রাদেরসুরস্য হন্তৃ ভবতি'(সায়ণ)

বৃত্রহত্য (ক্লী) বৃত্র-হন-ক্যপ্। হনস্ত চেতি হন্তের্ভাবে ক্যপ্, তকারাশ্চান্তাদেশশ্চ। বৃত্রহনন, বৃত্রবধ। (ঋক্ ১।৫২।৪)

বৃত্রহথ (পুং) হননং হথঃ, বৃত্রস্য হথঃ। বৃত্রহনন, বৃত্রবধ। (ঋক্ ৩।১৮।১)

বৃত্রহন্ (পুং) বৃত্রং হতবান্ (ব্রহ্মভ্রূণবৃত্রেষু ক্বিপ্। পা ৩।২।৮৭) ইতি ক্বিপ্। ইন্দ্র। "ইন্দ্রং কুৎসঃ বৃত্রহণং শচীপতিং" (ঋক্ ১।১০৬।৬) 'বৃত্রহণং বৃত্রাণাং শত্রূণাং হন্তারং' (সায়ণ)

বৃত্রহন্তৃ (পুং) বৃত্রস্য হন্তা। বৃত্রহননকারী, বৃত্রনাশক।

বৃত্রারি (পুং) বৃত্রস্যারিঃ। ইন্দ্র। (হলায়ুধ)

বৃথক্ (অব্য০) পৃথক্। "যত্তন্তে বৃথগয়য়ঃ" (ঋক্ ৮।৪৩।৪) 'বৃথক্ পৃথক্। পৃথগিত্যনেন সমমব্যয়ং বৃথগিতি' (সায়ণ)

বৃথা (অব্য০) নিরর্থক, নিষ্ফল, পর্য্যায় মুধা, ব্যর্থক, অবিধি।

"বৃথা বৃষ্টিঃ সমুদ্রস্য তৃপ্তস্য ভোজনং বৃথা।
বৃথা দানং সমৃদ্ধস্য নীচস্য সুকৃতং বৃথা॥" (গরুড়পু° ১১৫ অ°)

সমুদ্রে বৃষ্টি, তৃপ্তের ভোজন, ধনীকে দান ও নীচ জনের সুকৃত বিফল হইয়া থাকে।

বৃথাজন্মন্ (ক্লী) বৃথা নিরর্থকং জন্ম। নিরর্থকজনন, নিষ্ফল জন্ম। অগ্নিপুরাণে চারি প্রকার বৃথা জন্মের বিষয় উল্লেখ আছে—যাহাদের পুত্র হয় নাই, যাহারা অধার্ম্মিক, সর্ব্বদা পরপাকভোজনকারী অর্থাৎ নিয়ত পরপ্রত্যাশী ও পরাধীন, এই চারি প্রকার লোকের জন্ম নিষ্ফল।

বৃথাত্ব (ক্লী) মিথ্যাত্ব, অপ্রকৃতত্ব।

বৃথাদান (ক্লী) বৃথা নিরর্থকং দানং। নিষ্ফল দান। অগ্নিপুরাণে ১৬শ প্রকার বৃথাদানের কথা বর্ণিত হইয়াছে। দেবপিতৃবিহীন দান অর্থাৎ যে দান দেবতা বা পিতৃ উদ্দেশে নহে, তাহা বৃথা। ধনীকে দান, দান করিয়া তাহার কীর্ত্তন, বেদ, অগ্নি ও ব্রতত্যাগীকে দান, অন্যায়রূপে উপার্জ্জিত অর্থের দান, ব্রহ্মহত্যাকারীকে দান, চৌর বা পতিত গুরুকে দান, কৃতঘ্ন, ব্রহ্মবিদ্বেষ্টা, পাচক, বৃষলীপতি, পরিচারক, ভৃত্য ও পিশুনকে দান, এই সকল দানও বৃথাদান।

বৃথামাংস (ক্লী) বৃথা নিরর্থকং মাংসং। দেবতা ও পিতৃগণের অনুদ্দিষ্ট মাংস, যে মাংস দেবতা ও পিতৃগণের উদ্দেশে উৎসৃষ্ট নহে, তাহাকে বৃথামাংস কহে, বৃথামাংস ভোজন করিতে নাই। অগ্নিপুরাণে লিখিত আছে যে বৃথামাংস ভোজনে প্রেতত্ব লাভ হয়।

"বৃথারেতা বৃথামাংসো বৃথাবাদী বৃথামতিঃ।
নিন্দকো দেবদ্বিজানাং স প্রেতো জায়তে নরঃ॥"
(অগ্নিপু° প্রেতোপাখ্যান°)

মনুতে বৃথামাংস ভোজন বিশেষরূপে নিষিদ্ধ হইয়াছে, প্রাণিহিংসা না করিলে কখন মাংস উৎপন্ন হয় না, প্রাণিবধ কিছুতেই স্বর্গজনক হইতে পারে না, সুতরাং মাংসভোজন নিষিদ্ধ।

"মাংসের উৎপত্তি, দেহিগণের বধ ও বন্ধনযন্ত্রণা, এই সকল সবিশেষ পর্য্যালোচনা করিয়া কি বৈধ কি অবৈধ সকল প্রকার মাংস ভক্ষণ হইতেই নিবৃত্ত হওয়া উচিত।

শাস্ত্রবিধি পরিত্যাগ করিয়া যিনি নিশাচরবৎ মাংসভোজন না করেন, তিনি লোকসমাজে প্রিয় হন এবং কখন কোন ব্যাধি দ্বারা পীড়িত হন না। পশুহননে অনুমতিদাতা, হতপশুর মাংসবিভাগকারী, স্বয়ং পশুহন্তা, মাংসক্রয়বিক্রয়কারী, মাংসপাককারী, মাংসপরিবেশক এবং মাংসভক্ষক এই আট জনই ঘাতক নামে অভিহিত। যে ব্যক্তি দেব ও পিতৃলোকের অর্চ্চনা না করিয়া পরকীয় মাংসদ্বারা আপনার মাংসবর্দ্ধন করিতে ইচ্ছা করে, তাহা হইতে জগতে পাপকারী আর কেহই নাই। যে ব্যক্তি শত বৎসর ব্যাপিয়া বৎসর বৎসর অশ্বমেধযজ্ঞানুষ্ঠান করেন এবং যিনি যাবজ্জীবন মাংসভোজন না করেন, এই উভয়েরই পুণ্যফল সমান।

বৈধ মাংসভক্ষণে, বৈধমদ্যপানে, অথবা বৈধমৈথুনসেবনে দোষ নাই, যেহেতু ভক্ষণ, পান মৈথুনাদি বিষয়ে জীবের প্রবৃত্তি স্বাভাবিকী, কিন্তু এই সকল বিষয় হইতে নিবৃত্তি হওয়াই মহাপুণ্যজনক।*

বৃথাযাহ্ (ত্রি) অনায়াসে শত্রুর অভিভবকারী।

"যোনাবকৃতো বৃথাযাট্" (ঋক্ ১।৬৩।৪) 'বৃথাযাট্ অনায়াসেন শত্রূনামভিভবিতা' (সায়ণ)

বৃদ্ধ (ত্রি) বৃধ্ বৃদ্ধৌ ক্ত, (যস্য বিভাষা। পা ৭।২।১৫) ইতি নেট্। গতযৌবন, বুড়া। পর্য্যায় প্রবর, স্থবির, জীন, জীর্ণ, জরন্, যাতযাম, জর্জ্জর, পলিত। (জটাধর) রাজনির্ঘণ্ট মতে একপঞ্চাশদ্ বর্ষ পরে বৃদ্ধত্ব উপস্থিত হয়।

ভাবপ্রকাশে লিখিত আছে যে, বয়সের ভেদ তিন প্রকার, বালক, যুবা ও বৃদ্ধ। ইহার মধ্যে ষোড়শ বর্ষের ন্যূনবয়স্ক বালক, এই বালক আবার তিন প্রকার, দুগ্ধপায়ী, দুগ্ধান্নভোজী, ও অন্নভোজী। ইহার মধ্যে এক বৎসর পর্য্যন্ত দুগ্ধভোজী, তৎপরে দুই বৎসর পর্য্যন্ত দুগ্ধান্নভোজী, তৎপরে অন্নভোজী।

ষোড়শ বর্ষের ঊর্দ্ধ ও সপ্ততি বর্ষের ন্যূনবয়স্ক মানবকে মধ্য বয়স্ক বা যুবা কহে, ইহা আবার চারিপ্রকার, বর্দ্ধনশীল, যুবা

* "নাকৃত্বা প্রাণিনাং হিংসাং মাংসমুৎপদ্যতে ক্বচিৎ।
ন চ প্রাণিবধঃ স্বর্গ্যস্তস্মান্মাংসং বিবর্জ্জয়েৎ॥
সমুৎপত্তিঞ্চ মাংসস্য বধবন্ধৌ চ দেহিনাম্।
প্রসমীক্ষ্য নিবর্ত্তেত সর্ব্বমাংসস্য ভক্ষণাৎ॥
ন ভক্ষয়তি যো মাংসং বিধিং হিত্বা পিশাচবৎ।
স লোকে প্রিয়তাং যাতি ব্যাধিভিশ্চ ন পীড্যতে॥
অনুমন্তা বিশসিতা নিহন্তা ক্রয়বিক্রয়ী।
সংস্কর্ত্তা চোপহর্ত্তা চ খাদকশ্চেতি ঘাতকাঃ॥
স্বমাংসং পরমাংসেন যো বর্দ্ধয়িতুমিচ্ছতি।
অনভ্যর্চ্চ পিতৃন্দেবান্ ততোঽন্যো নাস্ত্যপুণ্যকৃৎ॥
ন মাংসভক্ষণে দোষো ন মদ্যে ন চ মৈথুনে।
প্রবৃত্তিরেষা ভূতানাং নিবৃত্তিস্তু মহাফলা॥" (মনু ৫।৫০-৫৬)

পূর্ণবীর্য্য ও ক্ষয়শীল। তন্মধ্যে ২০ বৎসর পর্য্যন্ত বর্দ্ধনশীল অবস্থা, ত্রিংশৎ বৎসর পর্য্যন্ত যুবা, তৎপরে ৪০ বৎসর পর্য্যন্ত পূর্ণবীর্য্যাদি সম্পন্ন অর্থাৎ বীর্য্য রস রক্ত প্রভৃতি সমস্ত ধাতু ইন্দ্রিয় বল ও উৎসাহ আদি স্থিরভাবে পূর্ণ থাকে। তৎপরে সপ্ততি বৎসর পর্য্যন্ত ক্রমে সমস্ত ধাতু, ইন্দ্রিয়, বল, উৎসাহাদি কিঞ্চিৎ ক্ষীণ হইতে থাকে। সপ্ততি বৎসরের পর রস রক্ত প্রভৃতি ধাতুসমূহ, ইন্দ্রিয় ও বল ক্ষীণ হয় এবং বলি, পলিত, খালিত্য (টাক) যুক্ত হইয়া সমস্ত কার্য্যে অক্ষম হইয়া পড়ে এবং কাস, শ্বাস প্রভৃতি রোগ কর্ত্তৃক আক্রান্ত হইয়া অতিশয় ক্লেশ পায়, এই অবস্থাপন্ন মানবকে বৃদ্ধ কহে। মানবগণের বালক কালে কফ, মধ্যবয়সে পিত্ত এবং বৃদ্ধকালে বায়ু বর্দ্ধিত হয়। ইহা স্বাভাবিক বৃদ্ধের লক্ষণ। রোগাদি কারণে কাহার কাহার অকালে বার্দ্ধক্য উপস্থিত হয়। এইরূপ ভাবে বার্দ্ধক্য উপস্থিত হইলেও পূর্ব্বোক্ত লক্ষণ সকল প্রকাশ পাইতে থাকে। *

২ পণ্ডিত। মনুতে লিখিত আছে যে, মস্তকের কেশ পাকিলেই যে বৃদ্ধ হয় এমন নহে, কিন্তু যিনি যুবা হইয়াও বিদ্বান্, তিনিই বৃদ্ধ নামে অভিহিত হন।

"ন তেন বৃদ্ধো ভবতি যেনাস্য পলিতং শিরঃ।
যো বৈ যুবাপ্যধীয়ানস্তং দেবাঃ স্থবিরং বিদুঃ॥" (মনু ২।১৫৬)

জ্ঞানবৃদ্ধই বাস্তবিক বৃদ্ধ পদবাচ্য। হিতোপদেশে লিখিত আছে যে, আপদ্ কাল উপস্থিত হইলে বৃদ্ধের বচন অনুসারে চলা আবশ্যক, বৃদ্ধের বচনানুসারে চলিলে বিপদ্ হইতে উত্তীর্ণ হওয়া যায়।

"বৃদ্ধস্য বচনং গ্রাহ্যমাপদ্‌কালেঽপ্যুপস্থিতে।
সর্ব্বত্রৈবং বিচারেতু ভোজনেঽপ্যপ্রবর্ত্তনম্॥" (হিতোপদেশ)

(ক্লী) ২ শৈলজনামক গন্ধদ্রব্য। (অমর) (পুং) ৩ বৃদ্ধদারক। (রাজনি০)

* "বয়স্তু ত্রিবিধং বালং মধ্যমং বার্দ্ধকং তথা।
ঊনষোড়শ বর্ষস্তু নরো বালো নিগদ্যতে॥
মধ্যে ষোড়শ সপ্তত্যোর্মধ্যমঃ কথিতো বুধৈঃ।
চতুর্থা মধ্যম প্রাহুর্যুবা দ্বাত্রিংশতো মতঃ॥
চত্বারিংশৎসমা যাবৎ তিষ্ঠেৎ বীর্য্যাদি পূরিতঃ।
তৎক্রমেণ ক্ষীণঃ স্যাচ্চ যাবদ্ভবতি সপ্ততিঃ॥
ততস্তু সপ্ততেরূর্দ্ধং ক্ষীণধাতুরসাদিকঃ।
ক্ষীয়মাণেন্দ্রিয়বলঃ ক্ষীণরেতা দিনে দিনে॥
বলীপলিতখালিত্যযুক্তঃকর্ম্মসু চাক্ষমঃ।
কাসশ্বাসাদিভিঃ ক্লিষ্টো বৃদ্ধো ভবতি মানবঃ॥
বাল্যে বিবর্দ্ধতে শ্লেষ্মা পিত্তং স্যান্মধ্যমেঽধিকম্।
বার্দ্ধক্যে বর্দ্ধতে বায়ুর্ষিচার্য্য তদুপক্রমেৎ॥" (ভাবপ্রকাশ)

বৃদ্ধক (ত্রি) বৃদ্ধ-স্বার্থে কন্। বৃদ্ধ।

বৃদ্ধকণ্ট (ক) (পুং) ইঙ্গুদীবৃক্ষ। (বৈদ্যকনি০)

বৃদ্ধকর্ম্মন্ (পুং) রাজভেদ। (বায়ুপুরাণ)

বৃদ্ধকাক (পুং) বৃদ্ধঃ কাকঃ। কাকবিশেষ, চলিত দাঁড়কাক, পর্য্যায় দ্রোণকাক, দগ্ধকাক, কৃষ্ণকাক, পর্ব্বতকাক, বনাশ্রয়, কাকোল। (হেম)

বৃদ্ধকালঃ (পুং) বৃদ্ধঃ কালঃ। বৃদ্ধাবস্থা, বুড়োকাল, প্রাচীনাবস্থা।

বৃদ্ধকাবেরী (স্ত্রী) নদীভেদ।

বৃদ্ধকৃচ্ছ্র (ক্লী) কৃচ্ছ্রভেদ।

বৃদ্ধকেশব (পুং) সূর্য্যমূর্ত্তিভেদ।

বৃদ্ধক্রম (পুং) পূর্ব্বতন পিতৃগণের পরম্পরা।

বৃদ্ধক্ষত্র (পুং) নৃপভেদ।

বৃদ্ধক্ষেম (পুং) নৃপভেদ।

বৃদ্ধগঙ্গা (স্ত্রী) বৃদ্ধা গঙ্গা। নদীবিশেষ, চলিত বুড়িগঙ্গা। কালিকাপুরাণে এই নদীর বিষয় এইরূপ লিখিত আছে,—

নাটকশৈলে মানস সরোবরের ন্যায় স্বর্ণপঙ্কজশোভিত এক বৃহৎ সরোবর ছিল, তথায় হরপার্ব্বতী নিত্য জলক্রীড়া করিতেন। ইহার পশ্চিম, মধ্য ও পূর্ব্বভাগ হইতে যথাক্রমে দিক্করিকা, বৃদ্ধগঙ্গা ও স্বর্ণগ্রীবা নামে তিনটী নদী উৎপন্ন হইয়া সাগরাভিমুখে গমন করে। ইহাদের মধ্যে দিগ্‌গজ কর্ত্তৃক দিক্করিকার, শঙ্কর কর্ত্তৃক বৃদ্ধগঙ্গার এবং উক্ত শৈলবরের পূর্ব্বদিক্ হইতে স্বয়ং নিঃসৃতা স্বর্ণগ্রীবা নদীর উৎপত্তি হয়। ইহারা সকলেই গঙ্গাসদৃশ ফলপ্রদায়িনী। (কালিকাপুরাণ ২৮ অধ্যায়)

বৃদ্ধগঙ্গাধর (পুং) চূর্ণৌষধভেদ।

বৃদ্ধগর্গ, উৎপত্তিশান্তি, রোহিণী শান্তি ও বৃদ্ধগর্গী নামক জ্যোতির্গ্রন্থপ্রণেতা।

বৃদ্ধগার্গীয় (ত্রি) বৃদ্ধগর্গ সম্বন্ধি।

বৃদ্ধগার্গ্য (পুং) ১ ঋষিভেদ। ২ সংহিতাভেদ।

বৃদ্ধগিরি, একটী প্রাচীন তীর্থ। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ইহার মাহাত্ম্য বর্ণিত আছে।

বৃদ্ধগোনস (পুং) মণ্ডলী সর্পবিশেষ। (সুশ্রুত কল্প° ৪ অ°)

বৃদ্ধগৌতম (পুং) ধর্ম্মশাস্ত্রভেদ এবং তৎশাস্ত্রপ্রণেতা।

বৃদ্ধচাণক্য (পুং) ১ একজন নীতিসংগ্রহকার। ২ গ্রন্থভেদ।

বৃদ্ধতা (স্ত্রী) বৃদ্ধস্য ভাবঃ বৃদ্ধ-তল্-টাপ্। বৃদ্ধের ভাব বা বৃদ্ধত্ব।

বৃদ্ধতিক্তা (স্ত্রী) আকনাদি। (বৈদ্যকনিঘ০)

বৃদ্ধত্ব (ক্লী) বৃদ্ধস্য ভাবঃ। বৃদ্ধ-ত্ব। বার্দ্ধক্য। বৃদ্ধতা, বৃদ্ধের ভাব বা ধর্ম্ম। পর্য্যায় স্থাবির, বার্দ্ধক্য, বার্দ্ধক। [বৃদ্ধশব্দ দেখ]

বৃদ্ধদার (পুং) বৃদ্ধদারক।

বৃদ্ধদারক (পুং) বৃদ্ধো দারকো বালক ইব যস্মাৎ। ১ বীজতাড়ক বৃক্ষ। (ভরত)

২ স্বনামখ্যাত লতা বিশেষ, ইহা কৃষ্ণ, শ্বেত ও রক্তভেদে তিন প্রকার; চলিত ভাষায় ইহাকে বিদ্ধড়ক ও বীজতাড়ক এবং হিন্দীতে বিধারা বলে। পর্য্যায়—ঋক্ষগন্ধা, ছগলাঙ্ঘ্রী, ছগলা, অজ্রী, জুঙ্গা, ছগলী, জুঙ্গক, শ্যাম, ঋষ্যগন্ধা, ছগলাস্ত্রিকা, দীর্ঘবালুকা, ছাগলাস্ত্রিকা, বৃদ্ধ, কোটরপুষ্পী, অজাত্রী, বৃদ্ধদারু, বৃদ্ধকোটরপুষ্পা। গুণ—মধুর, পিচ্ছিল, বলকারক, রসায়ন, এবং কফ, বাত, কাস, শোথ ও আমদোষনাশক।

৩ নীলবৃহ্মা।

বৃদ্ধদারকাদিলৌহ (ক্লী) উরুস্তম্ভরোগাধিকারোক্ত ঔষধবিশেষ। প্রস্তুতপ্রণালী—বৃদ্ধদারক, তেউড়ী ও দন্তীমূল, হস্তীকর্ণ, চিতামূল, মাণ, শুঁঠ, পিপুল, মরিচ, আমলকী, হরীতকী, বয়ড়া, চিতা, মুথা, বিড়ঙ্গ, এই সকল দ্রব্যের প্রত্যেকের চূর্ণ সমপরিমাণে লইলে যত হইবে, সেই পরিমাণে লৌহচূর্ণ লইয়া পরস্পর উত্তমরূপে মিশাইবে, পরে জলদ্বারা মাড়িয়া ২ রতি প্রমাণ বটিকা প্রস্তুত করিতে হইবে। ইহা উরুস্তম্ভ এবং আমবাতাদি রোগেরও বিশেষ উপকারক। (রসরত্না°)

বৃদ্ধদারু (ক্লী) বৃদ্ধত্বনাশকং দারু যস্য। বৃদ্ধদারকবৃক্ষ।

বৃদ্ধদ্যুম্ন (পুং) অভিপ্রতারিবংশীয় ঋষিভেদ।

বৃদ্ধধূপ (পুং) ১ শিরীষবৃক্ষ। ২ শ্রীবাসবৃক্ষ। (বৈদ্যকনিঘ°)

বৃদ্ধধূমা (স্ত্রী) শ্লেষ্মাতক বৃক্ষ। (বৈদ্যকনি°)

বৃদ্ধনগর (ক্লী) বড় নগর। [নাগর দেখ।]

বৃদ্ধনাভি (ত্রি) বৃদ্ধঃ প্রবৃদ্ধো নাভির্যস্য। উন্নতনাভি, চলিত গেঁড়া ব্যক্তি। পর্য্যায়—তুন্দিল, তুন্দিভ। (অমর)

বৃদ্ধপরাশর (পুং) একজন ধর্ম্মশাস্ত্রকার।

বৃদ্ধপ্রপিতামহ (পুং) প্রপিতামহাদ্বৃদ্ধঃ। প্রপিতামহতাত, প্রপিতামহের পিতা।

বৃদ্ধবলা (স্ত্রী) বৃদ্ধে বলা। ১ মহাসমঙ্গা, বড়লজ্জালুকা। (রাজনি°) ২ মহাবলা। (বৈদ্যকনি°)

বৃদ্ধবৃহস্পতি (পুং) ১ প্রাচীন ধর্ম্মশাস্ত্রকার। ২ গ্রন্থভেদ।

বৃদ্ধবৌধায়ন (পুং) ১ একজন প্রাচীন ধর্ম্মশাস্ত্রকার। ২ তৎপ্রণীত গ্রন্থ।

বৃদ্ধভাব (পুং) বৃদ্ধস্য ভাবঃ। বৃদ্ধাবস্থা, বৃদ্ধের ভাব।

বৃদ্ধভোজ (পুং) জনৈক ধর্ম্মশাস্ত্রসংগ্রহকার।

বৃদ্ধমনু (পুং) ১ জনৈক ধর্ম্মশাস্ত্রকার। ২ গ্রন্থভেদ।

বৃদ্ধমহস্ (ত্রি) বৃদ্ধং মহো যস্য। বৃদ্ধতেজাঃ অতিশয় তেজোযুক্ত।

"ব্রহ্মেন্দোবৃদ্ধমহাঃ" (ঋক্ ৬।২০।৪)

'বৃদ্ধমহাঃ বৃদ্ধতেজাঃ' (সায়ণ)

বৃদ্ধযবনাচার্য্য (পুং) জনৈক জ্যোতির্বিদ্, যবনজাতক-রচয়িতা।

বৃদ্ধ যাগেশ্বর, হিমালয় শিরস্থ তীর্থক্ষেত্রে ভেদ।

বৃদ্ধযাজ্ঞবল্ক্য (পুং) জনৈক ধর্ম্মশাস্ত্রকার।

বৃদ্ধযুবতী (স্ত্রী) ১ কুট্টনী। ধাত্রী। (দিব্যা° ৪৮৩।২৫)

বৃদ্ধরাজ (পুং) অম্লবেতস।

বৃদ্ধ বদরী, হিমালয় স্থিতরস্থ তীর্থভেদ।

বৃদ্ধবয়স্ (ক্লী) বৃদ্ধং বয়ঃ। প্রাচীনবয়স, বুড়োবয়স। (ত্রি) বৃদ্ধং বয়োযস্য। ২ বৃদ্ধ, বুড়ো। ৩ প্রভূতান্ন, প্রচুর অন্নবিশিষ্ট।

"বৃদ্ধবয়াঃ সুবীরঃ" (ঋক্ ২।২৭।১৩)

'বৃদ্ধবয়াঃ প্রভূতান্নঃ' (সায়ণ)

বৃদ্ধবশিষ্ঠ (পুং) ১ জনৈক ধর্ম্মশাস্ত্রকার। ২ বশিষ্ঠ সিদ্ধান্ত বা বিশ্বপ্রকাশ নামক জ্যোতির্গ্রন্থ-প্রণেতা।

বৃদ্ধবাগ্‌ভট (পুং) ১ একজন বৈদ্যকগ্রন্থ-রচয়িতা। ২ গ্রন্থভেদ।

বৃদ্ধবাদসূরি (পুং) জনৈক জৈনাচার্য্য।

বৃদ্ধবাদিন্ (পুং) জনৈক জৈনাচার্য্য।

বৃদ্ধবাশিনী (স্ত্রী) শৃগাল। (নিরুক্ত ৫।২১)

বৃদ্ধবাহন (পুং) আম্রবৃক্ষ।

বৃদ্ধবিভীতক (পুং) বৃদ্ধঃপ্রবৃদ্ধো বিভীতক ইব। আম্রাতক, আমড়া। (শব্দমালা)

বৃদ্ধবিষ্ণু (পুং) জনৈক ধর্ম্মশাস্ত্রকার।

বৃদ্ধবৃষ্ণ (ত্রি) বৃদ্ধবৃষ্ণি সম্বন্ধীয়।

বৃদ্ধবৃষ্ণিয় (ত্রি) বৃদ্ধবৃষ্ণি সম্বন্ধীয়।

বৃদ্ধশঙ্খ (পুং) জনৈক ধর্ম্মশাস্ত্রকার।

বৃদ্ধশর্ম্মন্ (পুং) ভারতীয় রাজভেদ। (মহাভারত)

বৃদ্ধশবস্ (ত্রি) প্রবৃদ্ধ বল, অতিশয় বলবিশিষ্ট।

"অপারো বো মহিমা বৃদ্ধশবসঃ" (ঋক্ ৫।৮৭।৬)

'হে বৃদ্ধশবসঃ প্রবৃদ্ধবলাঃ' (সায়ণ)

বৃদ্ধশাকল্য (পুং) ঋষিভেদ।

বৃদ্ধশাতাতপ (পুং) জনৈক ধর্ম্মশাস্ত্রকার।

বৃদ্ধশোচিস্ (ত্রি) অতিশয় তেজোযুক্ত, অতিতেজস্বী।

"মঘোনঃ সখ্যে বৃদ্ধশোচিষঃ" (ঋক্ ৫।১৬।৩)

'বৃদ্ধশোচিষঃ বৃদ্ধানি শোচীংষি তেজাংসি যস্যাসৌ' (সায়ণ)

বৃদ্ধশ্রবস্ (পুং) বৃদ্ধাৎ বৃহস্পতেঃ শৃণোতীতি শ্রু-অসুন্। ইন্দ্র। (অমর) 'বৃদ্ধেভ্যঃ শৃণোতীতি বৃদ্ধশ্রবাঃ' (উণ্ ৪।২২৬) 'বৃদ্ধং প্রভূতং শ্রবঃ শ্রবণং স্তোত্রং হবির্লক্ষণমন্নং বা যস্য' (ঋক্ ভাষ্য ১।৮৯।৬) 'বৃদ্ধং শ্রবো ধনং কীর্ত্তির্বা যস্য' (মহীধর ১০।৯)

বৃদ্ধশ্রাবক (পুং) কাপালিক।

"পৃচ্ছা বৃদ্ধশ্রাবকসুপরিব্রাড্ দর্শনে নৃভির্বিহিতা।"

(বরাহস° ৫১।২০)

বৃদ্ধসঙ্ঘ (পুং) বৃদ্ধানাং সঙ্ঘঃ। বৃদ্ধসমূহ, বৃদ্ধসকল। পর্য্যায়—বার্দ্ধক। (অমর)

বৃদ্ধসুশ্রুত (পুং) ১ আদি সুশ্রুতসংহিতারচয়িতা। ২ তন্নামকগ্রন্থ।

বৃদ্ধসূত্রক (ক্লী) বৃদ্ধস্য সূত্রং, ততঃ স্বার্থে কন্। ইন্দ্রতূলা, চলিত বুড়ীর সূতা।

'বৃদ্ধসূত্রকমিত্যাহুরিন্দ্রতূলং মনীষিণঃ।
গ্রীষ্মহাসং বংশকফং বাততূলং মরুদ্ধজম্॥' (হারাবলী)

বৃদ্ধসেন (ত্রি) প্রবৃদ্ধ বলবিশিষ্ট।

"মরুতো বৃদ্ধসেনাঃ" (ঋক্ ১।১৮৬।৮)

'বৃদ্ধসেনাঃ প্রবৃদ্ধবলাঃ' (সায়ণ)

বৃদ্ধসেনা (স্ত্রী) দেবতাজিতের মাতা, চন্দ্রবংশীয় ভরতাত্মজ সুমতি হইতে ইহাঁর গর্ভে এই দেবতাজিৎ জন্মগ্রহণ করেন।

(ভাগবত ৫।১৫।২)

বৃদ্ধহারীত (পুং) ১ প্রাচীন ধর্ম্মশাস্ত্র বিশেষ। ২ তন্নামক-ধর্ম্মশাস্ত্রপ্রণেতা।

বৃদ্ধা (স্ত্রী) বৃদ্ধ-টাপ্। গতযৌবনা, চলিত বুড়ী। পর্য্যায়—পলিক্নী, পলিতা, স্থবিরা, নিষ্ফলা, জরতী, গতার্ত্তবা। স্ত্রীদিগের বয়স ৫৫ বৎসরের ঊর্দ্ধ হইলে তাহাকে বৃদ্ধা কহে।

"আষোড়শাদ্ ভবেদ্ বালা তরুণী ত্রিংশতা মতা।
পঞ্চপঞ্চাশতঃ প্রৌঢ়া বৃদ্ধা ভবতি তৎপরম্॥" (কালিদাস)

১৬ বৎসর পর্য্যন্ত বালা, ৩০ বৎসর পর্য্যন্ত তরুণী, ৫৫ বৎসর প্রৌঢ়া এবং তৎপরে বৃদ্ধা। ভাবপ্রকাশে লিখিত আছে যে ৫০ বৎসরের পর স্ত্রীদিগকে বৃদ্ধা কহে। বৃদ্ধা স্ত্রীর সংসর্গ নিষিদ্ধ, ইহাতে মৃত্যু হইয়া থাকে।

"বালেতি গীয়তে নারী যাবদ্বর্ষাণি ষোড়শ।
ততস্তু তরুণী জ্ঞেয়া দ্বাত্রিংশদ্বৎসরাবধি॥
তদূর্দ্ধমধিরূঢ়া স্যাৎ পঞ্চাশদ্ বৎসরাবধি।
বৃদ্ধা তৎপরতো জ্ঞেয়া সুরতোৎসববর্জ্জিতা॥
বালা তু প্রাণদা প্রোক্তা যুবতী প্রাণহারিণী।
প্রৌঢ়া করোতি বৃদ্ধত্বং বৃদ্ধা মরণমাদিশেৎ॥" (ভাবপ্রকাশ)

২ অঙ্গুষ্ঠ। (শব্দরত্না) ৩ মহাশ্রাবণিকা। (রাজনি°)

বৃদ্ধাগঙ্গা, ত্রিপুরার উত্তরাংশে প্রবাহিত একটী নদী। (দেশাবলী)

বৃদ্ধাঙ্গুলি (স্ত্রী) বৃদ্ধা অঙ্গুলিঃ। হস্ত ও পাদের স্থূলাঙ্গুলি, চলিত বুড়া আঙ্গুল, পর্য্যায় অঙ্গুষ্ঠ, বৃদ্ধা। (শব্দরত্না°)

বৃদ্ধাচল (ক্লী) তীর্থভেদ। মান্দ্রাজ প্রেসিডেন্সীর আর্কট জেলার একটী নগর। বিরুধাচলম্ নামে বর্ত্তমানে পরিচিত।

[বিরুধাচলম্ দেখ।]

বৃদ্ধাত্রি (পুং) ঋষিভেদ।

বৃদ্ধাত্রেয় (পুং) আত্রেয় ঋষি।

বৃদ্ধাদিত্য (পুং) আদিত্যভেদ।

বৃদ্ধান্ত (পুং) ১ সম্মানের পাত্র বা স্থান। (দিব্যা°) ২ জ্ঞান বৃদ্ধের চরম দশা।

বৃদ্ধায়ু (ত্রি) প্রবৃদ্ধ আয়ুযুক্ত।

"বৃদ্ধায়ু মনু বৃদ্ধয়ো জুষ্টা" (ঋক্ ১।১০।১২)

'বৃদ্ধায়ুং প্রবৃদ্ধেনায়ুষ্যেণোপেতং বৃদ্ধমায়ুর্যস্য, বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং' (সায়ণ)

বৃদ্ধার্য্যভট (পুং) একজন জ্যোতিঃশাস্ত্রকার।

বৃদ্ধি (স্ত্রী) বৃধ-ক্তিন্। অষ্ট বর্গের অন্তর্গত ঔষধবিশেষ, স্বনাম-খ্যাত ঔষধি, গৌড়দেশে দক্ষিণাবর্ত্তফলা নামে প্রসিদ্ধ। পর্য্যায় যোগ্যা, ঋদ্ধি, সিদ্ধি, লক্ষ্মী, পুষ্টিদা, বৃদ্ধিদাত্রী, মঙ্গল্যা, শ্রী, সম্পদ্, আশীঃ, জনেষ্টা, ভূতি, মুৎ, সুখ, জীবভদ্রা। গুণ—মধুর, স্নিগ্ধ, তিক্ত, শীতল, রুচি ও মেধাবর্দ্ধক, শ্লেষ্মা, কুষ্ঠ ও কৃমিনাশক।

ভাবপ্রকাশে লিখিত আছে যে, জীবক, ঋষভক, মেদ, মহা-মেদ, কাকোলী, ক্ষীরকাকোলী, ঋদ্ধি ও বৃদ্ধি এই আটটীর নাম অষ্টবর্গ।

ঋদ্ধি ও বৃদ্ধি এই উভয় কন্দ কোষযামল প্রদেশে উৎপন্ন হয়। এই কন্দদ্বয় শুক্লবর্ণ রোমযুক্ত, ছিদ্রসমন্বিত ও লতাজাত। ইহাদের প্রভেদ এই। ঋদ্ধি তূলগ্রন্থির ন্যায়, কিন্তু উহার ফল বামাবর্ত্ত এবং বৃদ্ধির ফল দক্ষিণাবর্ত্ত। যোগ্য, সিদ্ধি ও লক্ষ্মী এই কএকটী উহার পর্য্যায়। ঋদ্ধির গুণ—বলকারক, ত্রিদোষ-নাশক, শুক্রবর্দ্ধক, মধুরস, গুরু, বল ও ঐশ্বর্য্যজনক, মূর্চ্ছা ও রক্তপিত্তনাশক। বৃদ্ধির গুণ গর্ভপ্রদ, শীতবীর্য্য, মাংসবর্দ্ধক, মধুর রস, শুক্রবর্দ্ধক, রক্তপিত্ত, ক্ষত, কাস ও ক্ষয়রোগনাশক।

ঋদ্ধি ও বৃদ্ধি প্রভৃতি অষ্টবর্গ অতিশয় দুষ্প্রাপ্য, সুতরাং ইহাদের অভাব হইলে অনুকল্প দ্বারা ঔষধ প্রস্তুত করিতে হয়। ঋদ্ধি ও বৃদ্ধির অভাবে মহাবলা দিতে হয়। (ভাবপ্র°)

পরিভাষা মতে ঋদ্ধির অভাবে বলা, এবং বৃদ্ধির অভাবে মহাবলা দিতে হয়।

"ঋদ্ধ্যভাবে বলা দেয়া বৃদ্ধ্যভাবে মহাবলা।"(পরিভাষা)

২ নীতিবেদিদিগের মতে ক্ষয়াদি ত্রিবর্গের অন্তর্গত বর্গবিশেষ। কৃষি আদি অষ্ট বর্গের অপচয়ের নাম ক্ষয় এবং উপচয়ের নাম বৃদ্ধি। কৃষ্যাদ্যষ্টবর্গ যথা—কৃষি, বাণিজ্য, দুর্গ, সেতু, কুঞ্জরবন্ধন, কন্যাকর, বলাদান ও সৈন্যসন্নিবেশ এই বর্গের উপচয় হইলে তাহাকে বৃদ্ধি বলে।

'কৃষিবণিক্‌পথো দুর্গঃ সেতুঃ কুঞ্জরবন্ধনম্।
কন্যাকরো বলাদানং সৈন্যানাঞ্চ নিবেশনম্॥' (ভরত)

ইহার পর্য্যায় বর্দ্ধন, স্ফাতি। (অমর) ৩ বিষ্কম্ভ প্রভৃতি সপ্তবিংশতি যোগের অন্তর্গত একাদশ যোগ। এই যোগে জন্ম

গ্রহণ করিলে মানব সুভোগী, বিনয়ী, ধনপ্রয়োগে দক্ষ এবং ক্রয় বিক্রয়ে বিচক্ষণ হইয়া থাকে।

"প্রসূতিকালে যদি বৃদ্ধিযোগো নরঃ সুভোগী বিনয়ান্বিতশ্চ।
ধনপ্রয়োগগ্রহণেষু দক্ষো বিচক্ষণঃ স্যাৎ ক্রয়বিক্রয়াভ্যাম্॥"
(কোষ্ঠীপ্রদীপ)

৪ কলান্তর, চলিত সুদ। বৃদ্ধি গ্রহণ করারও নিয়ম আছে। ইচ্ছানুসারে বৃদ্ধি গ্রহণ করিলে হয় না, ইচ্ছানুসারে বৃদ্ধি গ্রহণ করিলে রাজার নিকট দণ্ডনীয় ও লোকসমাজে নিন্দিত হইতে হয়। বৃদ্ধির বিষয় যাজ্ঞবল্ক্যসংহিতায় এইরূপ লিখিত আছে—

"অশীতিভাগো বৃদ্ধিঃ স্যান্মাসি মাসি সবন্ধকে।
বর্ণক্রমাচ্ছতং দ্বিত্রিচতুষ্পঞ্চকমন্যথা॥" (যাজ্ঞবল্ক্যসং ২।৩৮)

যে স্থলে ঋণ বন্ধক দেওয়া হয়, তথায় প্রতি মাসে শতকরা অশীতি ভাগের এক ভাগ বৃদ্ধি, আর বন্ধকশূন্য ঋণ হইলে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই বর্ণানুসারে যথাক্রমে শতকরা শতভাগের দুই, তিন, চারি বা পাঁচভাগ বৃদ্ধি গ্রহণ করিতে পারে, অর্থাৎ ব্রাহ্মণকে শতপণ ধার দিলে ২ পণ বৃদ্ধি ও ক্ষত্রিয়কে ঐরূপ ধার দিলে ৩ পণ বৃদ্ধি লইতে পারে।

যাহারা বাণিজ্যার্থ কান্তারে গমন করে, তাহারা শতকরা শত ভাগের দশভাগ, অর্থাৎ শতকরা দশ টাকা হিসাবে এবং সমুদ্রগামীরা শতভাগের বিংশতিভাগ বৃদ্ধি দিবে। সকল বর্ণই সকল জাতিকে ঋণ গ্রহণ সময়ে নিজ নিজ নির্দ্দিষ্ট বৃদ্ধি দিবে।

বহু কাল ঋণ থাকিলে অথচ মধ্যে মধ্যে বৃদ্ধি না দিলে যত দূর পর্য্যন্ত বৃদ্ধি হইতে পারে, তাহার বিষয় নির্দ্দিষ্ট আছে যে, স্ত্রীপশু অর্থাৎ গাভী প্রভৃতি ধার করিলে তাহার বৎসের মূল্য পর্য্যন্ত মাত্র বৃদ্ধি হইতে পারে, তদ্ভিন্ন আর বৃদ্ধি হইবে না। দ্রবদ্রব্যের অর্থাৎ তৈল ঘৃতাদির বৃদ্ধি মূল্য অপেক্ষা ৮ গুণ পর্য্যন্ত হইতে পারে। বস্ত্র, ধান্য এবং সুবর্ণের যথাক্রমে দুই, তিন ও চারি গুণ পর্য্যন্ত বৃদ্ধি হইয়া থাকে।
(যাজ্ঞবল্ক্যস° ২অ°)

নারদ-সংহিতায় বৃদ্ধি চারি প্রকার বলিয়া কথিত হইয়াছে। কায়িকা, কালিকা, কারিতা ও চক্রবৃদ্ধি এই চারি প্রকার বৃদ্ধি।

"কায়িকা কালিকা চৈব কারিতা চ তথা পরা।
চক্রবৃদ্ধিশ্চ শাস্ত্রেষু তস্য বৃদ্ধিশ্চতুর্বিধা॥" (নারদ)

প্রতিদিনে বৃদ্ধি দিবার নিয়মে যে স্থলে ঋণ দেওয়া হয়, সেই স্থলে যে বৃদ্ধি হয়, তাহার নাম কায়িকা, মাসিক সুদকে কালিকা, আর ঋণকারী যেরূপ নিয়মে কর্জ্জ করে, তাহাকে কারিতা এবং যে স্থলে বৃদ্ধির বৃদ্ধি অর্থাৎ সুদের সুদ দিতে হয়, তাহাকে চক্রবৃদ্ধি কহে।

"কায়া বিরোধিনী শশ্বৎ প্রণপাদাদি কায়িকা।
প্রতিমাসং স্রবন্তী যা বৃদ্ধিঃ সা কালিকা মতা॥
বৃদ্ধিঃ সা কারিতা নাম ঋণিকেন স্বয়ং কৃতা।
বৃদ্ধেরপি পুনর্বৃদ্ধিশ্চক্রবৃদ্ধিরুদাহৃতা॥" (নারদ)

মন্বাদিতে ইহার বিশেষ বিবরণ বর্ণিত হইয়াছে।

[ঋণাদান শব্দ দেখ]

বৃদ্ধিক (ত্রি) বৃদ্ধি স্বার্থে কন্; বৃদ্ধি।

বৃদ্ধিকা (স্ত্রী) বৃদ্ধিরেব স্বার্থে কন্ টাপ্। ১ ঋদ্ধি নামক ঔষধ। (শব্দমালা) ২ শঙ্খপুষ্পী, শ্বেত অপরাজিতা। ৩ অর্কপুষ্পী।

বৃদ্ধিকর্ম্মন্ (ক্লী) বৃদ্ধিশ্রাদ্ধ, নান্দীমুখশ্রাদ্ধ।

বৃদ্ধিজীবক (ত্রি) সুদখোর।

বৃদ্ধিজীবন (ক্লী) সুদ লইয়া যাহারা জীবন যাপন করে।

বৃদ্ধিজীবিকা (স্ত্রী) বৃদ্ধ্যা জীবিকা। ঋণাদানজীবিকা, যাহারা বৃদ্ধি দ্বারা জীবিকা-নির্ব্বাহ করে, সুদখোর, টাকার সুদেই যাহাদের জীবিকা চলে। পর্য্যায় অর্থপ্রয়োগ, কুসীদ, কলাম্বিকা। (শব্দরত্না°)

বৃদ্ধিদ (পুং) বৃদ্ধিং দদাতীতি দা-ক। ১ জীবকনামক হ্রস্ব ক্ষুপ। ২ শূকরকন্দ। (রাজনি°) (ত্রি) ৩ বৃদ্ধিদাতা।
(বৃহৎস° ৫৩।৩৭)

বৃদ্ধিপত্র (ক্লী) সপ্তাঙ্গুল শস্ত্রবিশেষ। এই শস্ত্র ছেদন ও ভেদনে প্রশস্ত। (সুশ্রুত সূত্র ৮ অ°)

সুশ্রুতটীকায় লিখিত আছে যে এই শস্ত্র দ্বিবিধ, অঞ্চিতাগ্র ও প্রযতাগ্র, এই দুই প্রকার শস্ত্রই সাতঅঙ্গুলি পরিমাণ হইবে, অর্দ্ধপঞ্চাঙ্গুল বৃত্ত আর সার্দ্ধাঙ্গুলফল। ইহার মধ্যে প্রথমকে ক্ষুর কহে।

"বৃদ্ধেঃ পত্রমিব বৃদ্ধিপত্রং, তৎ দ্বিবিধং অঞ্চিতাগ্রং প্রযতাগ্রঞ্চ। দ্বেহপি সপ্তাঙ্গুলং অর্দ্ধপঞ্চাঙ্গুলং বৃত্তং সার্দ্ধাঙ্গুলফলঞ্চ কার্য্যং, তয়োঃ প্রথমং ক্ষুরমাহ" (সুশ্রুতটীকা)

ক্ষুরাকার শস্ত্রের নাম বৃদ্ধিপত্র, এই শস্ত্র ছেদ, ভেদ ও পাটনে প্রশস্ত। উন্নতশোফে ব্যবহার করিবার জন্য ইহার অগ্রভাগ ঋজু এবং গম্ভীর শোফে অন্য প্রকার অর্থাৎ ইহার পৃষ্ঠদেশ নত করিয়া প্রস্তুত করিতে হয়।

"বৃদ্ধিপত্রং ক্ষুরাকারং ছেদভেদনপাটনে।
ঋজ্বগ্রমুন্নতে শোফে গম্ভীরে চ তদন্যথা॥" (বাগ্ভট সূ° ২৬।৬)

বৃদ্ধিভূত (ত্রি) বৃদ্ধি-ভূ-ক্ত। বৃদ্ধিপ্রাপ্ত।

বৃদ্ধিমৎ (ত্রি) ১ উত্থিত, বর্দ্ধিত, অঙ্কুরিত। ২ বর্দ্ধনশীল।

বৃদ্ধিশ্রাদ্ধ (ক্লী) বৃদ্ধয়ে যৎ শ্রাদ্ধং। বৃদ্ধিনিমিত্তক শ্রাদ্ধ, অভ্যুদয়ের নিমিত্ত পিত্রাদির উদ্দেশে শ্রদ্ধাপূর্ব্বক অন্নাদির দান। অভ্যুদয়ের জন্যই মাত্র ইহার অনুষ্ঠান হয় বলিয়া ইহাকে আভ্যুদয়িকশ্রাদ্ধও কহে। দশবিধ সংস্কারকার্য্য অর্থাৎ গর্ভাধান

হইতে বিবাহ পর্য্যন্ত দশটী সংস্কার কার্য্যের প্রত্যেকটীতেই এই শ্রাদ্ধ করিতে হয়। এতদ্ভিন্ন দেবপ্রতিষ্ঠা, বৃক্ষপ্রতিষ্ঠা, জলাশয়াদির প্রতিষ্ঠা ও তীর্থযাত্রাকালে এবং তীর্থ হইতে প্রত্যাগমন করিয়াও এই বৃদ্ধি শ্রাদ্ধ করিবার বিধি আছে। প্রেতোদ্দেশ ভিন্ন অন্য বৃষোৎসর্গকালে এবং বাস্তুযাগেও এই শ্রাদ্ধের বিধান দেখা যায়।

"অন্নপ্রাশে চ সীমন্তে পুত্রোৎপত্তিনিমিত্তকে।
পুংসবনে নিষেকে চ নববেশ্মপ্রবেশনে॥
দেববৃক্ষজলাদীনাং প্রতিষ্ঠায়াং বিশেষতঃ।
তীর্থযাত্রা বৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধং প্রকীর্ত্তিতম্॥

হলায়ুধধৃত কূর্ম্মপুরাণং—

তীর্থযাত্রা সমারম্ভে তীর্থাৎ প্রত্যাগমেঽপি চ।
বৃদ্ধিশ্রাদ্ধং প্রকুর্ব্বীত বহুসর্পিঃসমন্বিতম্॥" (শ্রাদ্ধতত্ত্ব)

বৃদ্ধিশ্রাদ্ধে সামবেদীদিগের ষট্‌পুরুষের অর্থাৎ পিতা, পিতামহ, প্রপিতামহ ও মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহ এই ৬ পুরুষের এবং যজুর্ব্বেদীদিগের ৯ পুরুষের অর্থাৎ পূর্ব্বোক্ত ৬ পুরুষ ও মাতা, পিতামহী ও প্রপিতামহী এই ৯ পুরুষের শ্রাদ্ধ হইয়া থাকে। [নান্দীমুখ দেখ]

বৃদ্ধীভূত (ত্রি) অবৃদ্ধো বৃদ্ধো ভবতি বা অবৃদ্ধিবৃদ্ধির্ভবতি। বৃদ্ধীকৃত। (কথাসরিৎসা০ ৭২।৩২০)

বৃদ্ধিযোগ, ফলিত জ্যোতিষোক্ত সপ্তবিংশতি যোগান্তর্গত যোগ বিশেষ।

বৃদ্ধৌক্ষ (পুং) বৃদ্ধশ্চাসৌ উক্ষা চেতি (অচতুরেত্যাদিনা। পা ৫।৪।৭৭) ইত্যাদিনা অচ্। বৃদ্ধবৃষ, পর্য্যায় জরদ্‌গব। (অমর)

বৃদ্ধ্যাজীব (ত্রি) বৃদ্ধ্যা আজীবতীতি আ-জীব-অচ্। বৃদ্ধ্যুপজীবী, যাহারা বৃদ্ধিদ্বারা জীবিকা নির্ব্বাহ করে। সুদখোর। পর্য্যায়—বার্দ্ধুষি, বার্দ্ধুষিক, কুষীদ, কুষীদিক, সাধু। (জটাধর)

বৃদ্ধ্যুপজীবিন্ (ত্রি) বৃদ্ধ্যা উপজীবিতুং শীলমস্য, উপ-জীব-ণিনি। বৃদ্ধিদ্বারা জীবিকানির্ব্বাহকারী, সুদখোর।

বৃধ, ১ বৃদ্ধি। ভ্বাদিঁ আত্মনেঁ অকঁ সেট্, ক্ত্বা বেট্, ক্ত্বা পরে বিকল্পে ইট্ হয়। লট্ বর্দ্ধতে। লিট্ ববৃধে। লুট্ বর্দ্ধিতা। লৃট্ বৎর্ৎস্যতি, বর্দ্ধিষ্যতে। লৃঙ্ অবৎর্ৎস্যৎ, অবর্দ্ধিষ্যত। লুঙ্ অবৃধৎ, অবর্দ্ধিষ্ট। সন্ বিবৃৎসতি, বিবর্দ্ধিষ্যতে। যঙ্ বরীবৃধ্যতে। যঙ্‌লুক্ বরীবর্দ্ধি। বৃধ দীপ্তি। চুরাদিঁ পরস্মৈঁ অক সেট্। লট্ বর্দ্ধয়তি। লুঙ্ অবীবৃধৎ, অববর্দ্ধৎ।

বৃধৎ (ত্রি) বর্দ্ধনকর্ত্তা। (ঋক্ ৮।১৩।২)

বৃধসান (পুং) বৃধ-(ঋণ্‌জি-বৃধীতি। উণ্ ২।৮৭) ইত্যনেন অসানচ্, স চ কিৎ। ১ মনুষ্য। (উজ্জ্বল) (ত্রি) ২ বর্দ্ধনশীল।
'বৃধসানাসু প্রবর্দ্ধমানাসু' (সায়ণ)

বৃধসানু (পুং) বৃধ-বাহুলকাৎ অসানুচ্, স চ কিৎ। ১ পুরুষ। ২ পত্র। ৩ কৃতি। (উজ্জ্বল)

বৃধস্নু (ত্রি) অন্নক্ষরণশীল, অন্নক্ষরণকারী।
"অত্যা বৃধস্নু রোহিতা ঘৃতস্নূ" (ঋক্ ৪।২।৩)
'বৃধস্নূ বর্দ্ধয়তীতি বৃধমন্নং তৎক্ষরন্তৌ' (সায়ণ)

বৃধীক (পুং) বর্দ্ধনকর্ত্তা। (ঋক্ ৮।৬৭।৪)

বৃধীয় (ত্রি) সম্বন্ধীয়।

বৃধু (পুং) তন্নামক সূত্রধার বিশেষ। মনুতে লিখিত আছে ভরদ্বাজ মুনি বৃধু নামক সূত্রধরের নিকট অনেক গোগ্রহণ করিয়াছিলেন। (মনু ১০।১০৭)

বৃধ্য (ত্রি) বৃধ-(ঋদুপধাচ্চাক্‌ঞপিচ্চ তেঃ। পা ৩।১।১১৫) ইতি ক্যপ্। ১ বর্দ্ধনীয়।

বৃন্ত (ক্লী) ১ প্রসূনবন্ধন, ফল, পুষ্প ও পত্রাদি যাহাতে অবস্থিত থাকে, চলিত বোঁটা। পর্য্যায়—প্রসববন্ধন। ২ ঘটীধারা। ৩ কুচাগ্র। (মেদিনী)

বৃন্তক (পুং) বৃন্তশব্দার্থ।

বৃন্তাক (পুং ক্লী) ১ বার্ত্তাকী, বাগুন। (শব্দরত্না°) (পুং) ২ শাকশ্রেষ্ঠ, নটেশাক। ৩ উপোদিকা, পুঁইশাক।

বৃন্তাকী (স্ত্রী) বার্ত্তাকী। (রাজনি°)

বৃন্তিতা (স্ত্রী) কটুকা। (শব্দচ°)

বৃন্দ (ক্লী) বৃঞ্ (অর্দ্দাদয়শ্চেতি। উণ্ ৪।১৯৮) ইতি দন্ নুম্ গুণাভাবশ্চ নিপাত্যতে। ১ সমূহ। (অমর) (পুং) দশার্ব্বুদ, শতকোটিসংখ্যা, দশকোটিতে এক অর্ব্বুদ হয়, দশ অর্ব্বুদে এক বৃন্দ, ১০০০০০০০০০। (জ্যোতিষ)

বৃন্দ, ১ বৃন্দটীকাপ্রণেতা একজন আয়ুর্ব্বেদাভিজ্ঞ। ইনি বীর বৃন্দ ভট্টনামেও পরিচিত। বাসুদেব ভানুভাব ও ভাবপ্রকাশে ইহার উল্লেখ আছে। ২ বৃন্দসিন্ধু, সিদ্ধযোগ ৩ সিদ্ধযোগসংগ্রহ নামক বৈদ্যকগ্রন্থপ্রণেতা।

বৃন্দর (ত্রি) বৃন্দে ভবঃ বৃন্দ-রক্। বৃন্দ সংখ্যোৎপন্ন।

বৃন্দশস্ (অব্য°) বৃন্দ শস্। দলে দলে। (ভাগবত ১০।৩৫।৫)

বৃন্দা (স্ত্রী) ১ তুলসী, তুলসীর নামান্তর বৃন্দা, জলন্ধরপত্নী। [বৃন্দাবন দেখ।]
২ কেদাররাজকন্যা। ৩ রাধার ষোড়শ নামের অন্তর্গত নাম-বিশেষ। ৪ বৃক্ষোপরিজাত লতা, পরগাছা।

বৃন্দাক (ক্লী) পরগাছা।

বৃন্দার (ত্রি) মনোজ্ঞ। (শব্দমালা)

বৃন্দারক (পুং) বৃন্দমস্ত্যস্যেতি বৃন্দ-(শৃঙ্গবৃন্দাভ্যামারকন্ বক্তব্যঃ। পা ৫।২।১২২) ইত্যস্য বার্ত্তিকোক্ত্যা আরকন্। ১ দেবতা। ২ শ্রেষ্ঠ। ৩ মনোজ্ঞ। ৪ যূথপাতা।

"বৃন্দারকঃ সুরে শ্রেষ্ঠে মনোজ্ঞে যূথপাতরি।" (ভরতধৃত ব্যাড়ি)

বৃন্দারণ্য (ক্লী) বৃন্দাবন।

বৃন্দাবন (ক্লী) স্বনামখ্যাত তীর্থ। বৃন্দাবন ভগবান্ শ্রীকৃষ্ণের ক্রীড়াভূমি, এই জন্য ইহা এক অতি প্রধান তীর্থ। এই তীর্থের বিবরণ ব্রহ্মবৈবর্ত্তপুরাণে এইরূপ লিখিত আছে যে শ্রীকৃষ্ণের বাল্যচরিত প্রতিপদে নূতন নূতন ভাবে ভাবময়। কৃষ্ণ প্রথমে গোকুলে থাকিয়া দানবেন্দ্রদিগকে বিনাশ করেন, পরে নন্দ প্রভৃতির সহিত বৃন্দাবনধামে যান। ঋষিশ্রেষ্ঠ নারদ একদিন নারায়ণ নামক ঋষিকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে শ্রীকৃষ্ণের ক্রীড়াভূমি এই কাননের নাম বৃন্দাবন হইল কেন এবং এই নামের কোন সার্থকতা আছে কি না? ইহাতে উক্ত ঋষি বলিয়াছিলেন যে, পুরাকালে সত্যযুগে কেদার নামে এক নরপতি ছিলেন। রাজর্ষি কেদার নিত্য নৈমিত্তিক কার্য্য সকল কেবল শ্রীকৃষ্ণের প্রীতির নিমিত্ত করিতেন। কেদার সদৃশ রাজেন্দ্র কেহই জন্মে নাই এবং জন্মিবেও না। কিছুদিন পরে জৈগীষব্যের উপদেশ ক্রমে রাজা রাজ্য ও ত্রৈলোক্যমোহিনী প্রিয়তমাদিগের ভার পুত্রহস্তে ন্যস্ত করিয়া তপস্যার নিমিত্ত বনে গমন করেন। রাজা শ্রীহরির একান্ত ভক্ত হইয়া অবিরত সেই হরিকেই ধ্যান করিতে লাগিলেন। তখন হরির সুদর্শন চক্র তাঁহার নিকট থাকিয়া সতত তাঁহাকে রক্ষা করিত। এইরূপে তিনি বহুকাল তপস্যা করিয়া গোলকধামে গমন করেন। তাঁহার নামানুসারে ঐ তীর্থ কেদার নামে প্রসিদ্ধ হয়।

কেদাররাজের কমলার অংশস্বরূপা অতিতপস্বিনী ও যোগশাস্ত্রবিশারদা বৃন্দা নামে এক কন্যা ছিল। বৃন্দা বিবাহ করেন নাই, দুর্ব্বাসা তাঁহাকে হরিমন্ত্র প্রদান করেন, বৃন্দা পরে গৃহত্যাগ করিয়া বনে যাইয়া এই হরিমন্ত্র সাধন করেন। ভগবান্ কৃষ্ণ তাহার তপস্যায় প্রীত হইয়া বর দিবার জন্য তাহার নিকট উপস্থিত হন। বৃন্দা সেই সুন্দরকায় শান্তমূর্ত্তি রাধাকান্তই তাহার পতি হন, এই বর প্রার্থনা করেন। কৃষ্ণ তথাস্তু বলিয়া সেই নির্জ্জন প্রদেশে বৃন্দার সহিত অবস্থিতি করেন। তৎপরে বৃন্দা পরমানন্দে শ্রীকৃষ্ণের সহিত গোলকধামে গিয়া রাধিকার ন্যায় সৌভাগ্যশালিনী ও গোপীগণ মধ্যে শ্রেষ্ঠা হন। সেই বৃন্দা যে স্থানে তপস্যা করিয়াছিলেন, সেই স্থানই বৃন্দাবন নামে প্রসিদ্ধ হইয়াছে।

বৃন্দাবন নাম হইবার আরও এক পুণ্যজনক ইতিহাস আছে—পূর্ব্বে কুশধ্বজ নামক রাজার তুলসী ও বেদবতী নামে ধর্ম্মশাস্ত্রবিশারদা কন্যাদ্বয় সংসারবিরাগিণী হইয়া তপস্যাচরণ করেন। পরে বেদবতী নারায়ণকে পতিরূপে প্রাপ্ত হন, তিনিই সর্ব্বত্র জনককন্যা সীতা নামে প্রসিদ্ধা।

তুলসীও হরিকে পতিরূপে বাঞ্ছা করিয়া তপস্যা করেন, দৈবাৎ দুর্ব্বাসার শাপে শঙ্খাসুরকে পতিভাবে প্রাপ্ত হন। পরে কমলাকান্তকে কান্তরূপে লাভ করেন। সেই সুরেশ্বরী তুলসীই হরির শাপে বৃক্ষরূপা এবং হরিও তাহার শাপে শালগ্রাম হন। কিন্তু সুন্দরী তুলসী আবার সেই শিলারূপী হরির বক্ষঃস্থলেই নিরন্তর অবস্থিতি করিয়া থাকেন। সেই তুলসীর নামান্তর বৃন্দা, তিনি ঐ স্থানে তপস্যা করেন, সেই জন্য মনীষিগণ উহাকে বৃন্দাবন বলিয়া থাকেন।

আরও এক হেত্বন্তর বলিতেছি শ্রবণ কর, যদ্দ্বারা পুণ্যক্ষেত্র ভারতে বৃন্দাবন নাম হইয়াছে। শ্রীমতী রাধিকার ষোড়শ নামের মধ্যে বৃন্দানাম শ্রুতিপ্রসিদ্ধ। তাহারই রম্য ক্রীড়াবন বলিয়া উহা বৃন্দাবন নামে বিখ্যাত। পূর্ব্বে শ্রীকৃষ্ণ গোলকধামে রাধিকার প্রীত্যর্থ বৃন্দাবন নির্ম্মাণ করেন, পরে পৃথিবীতলেও তাঁহার ক্রীড়ার জন্য ঐ বন বৃন্দাবন নামে প্রসিদ্ধ রাখিয়াছেন।

বৃন্দ শব্দে সখীসমূহ ও আকার শব্দ অস্তিবোধক, এজন্য তাহার সখী সমূহ আছে বলিয়া তিনি বৃন্দা নামে অভিহিত হইয়াছেন, তাহারই ক্রীড়ার্থ সুন্দর বন বলিয়া বৃন্দাবন নাম হইয়াছে। (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে শ্রীবৃন্দাবন নির্ম্মাণ সম্বন্ধে যে এক কাহিনী লিখিত হইয়াছে, তাহার মর্ম্ম এইরূপ—শ্রীকৃষ্ণ ব্রজধামে থাকিয়া কংস-প্রেরিত অসুরদিগের বিনাশ সাধন করেন। এই স্থান নানাপ্রকারে বিঘ্নসঙ্কুল দেখিয়া বৃন্দাবনে গমন করার সঙ্কল্প করেন এবং নন্দ মহারাজকে মনোভাব জ্ঞাপন করেন। নন্দ ও কৃষ্ণ গোপগোপীদিগের সহিত মন্ত্রণা স্থির করিয়া বৃন্দাবনে গমনই স্থির করেন। নন্দের আজ্ঞায় শকট সকল সজ্জিত হইল। গোপগোপিকা ও বালক বালিকা সকলেই গমনের জন্য নানা প্রকার বেশভূষায় ভূষিত হইল এবং কৃষ্ণগুণ গান করিতে করিতে কৃষ্ণবলরামের অনুগমন করিতে লাগিল।

সেই গোকুলধামের বালকের মধ্যে কেহ বেণু বাজাইতে লাগিল, কেহ করতাল হস্তে, কেহ বা বীণাহস্তে, কেহ শরযন্ত্র হস্তে শোভা পাইতে লাগিল। নানালঙ্কারভূষিতা, দিব্যবস্ত্রপরিধানা হাস্যবিকসিতমুখী সুশীলা প্রভৃতি গোপবালিকাগণ রাধিকার সহচারিণী হইয়া বনে গমন করিতে উদ্যোগ করিল। তন্মধ্যে কেহ শিবিকারোহণে কেহ বা রথারোহণে গমন করিল। রাধিকা রত্নময়রথে গমন করিলেন। নন্দ, সুনন্দ, শ্রীদাম, গিরিভানু, বিভাকর, বীরভানু, চন্দ্রভানু প্রভৃতি প্রধান প্রধান গোপগণ গজারোহণ করিয়া সানন্দচিত্তে গমন করিলেন। শ্রীকৃষ্ণ ও বলরাম স্বর্ণরথে গমন করিলেন। গোকুলশূন্য হইয়া পড়িল। পরে সকলে বৃন্দাবনে উপস্থিত হইয়া তথায় কোন গৃহ না

থাকায় সকলই শূন্যময় দেখিলেন। অনন্তর সকলে তৎকালোচিত বৃক্ষমূলে অবস্থান করিতে লাগিলেন। তখন কৃষ্ণ গোপদিগকে কহিলেন, হে ব্রজবাসী গোপগণ! এই বৃন্দাবনধামে তোমাদের অভিলষিত রম্যগৃহ আছে। এই স্থানের গৃহ সকল দেবনির্ম্মিত বলিয়া প্রচ্ছন্নভাবে রহিয়াছে, সেই দেবতাদিগের প্রীতিসাধন ব্যতীত কেহ তাহা দর্শন করিতে পারে না, অতএব গোপালগণ তোমরা বনদেবতার পূজা করিয়া অদ্য অবস্থান কর, কল্য প্রাতে রমণীয় গৃহ সকল নিশ্চয় দেখিতে পাইবে। তোমরা ধূপ, দীপ, নৈবেদ্য ও বহু পুষ্প চন্দন দ্বারা এই বটমূলস্থা চণ্ডিকা দেবীর পূজা কর, কৃষ্ণের কথা শুনিয়া গোপগণ সেই দেবতাকে পূজা করিল এবং খাদ্য যাহা ছিল, তাহা ভোজন করিয়া সুখে সকলে বৃক্ষমূলে শয়ন করিয়া রহিল।

রাত্রিকালে বৃন্দাবনধামে গোপগোপীগণ বৃক্ষমূলে শয়ন করিয়া সকলই নিদ্রাভিভূত হইল। তখন পূর্ণচন্দ্র চারিদিকে কিরণ-জাল বিস্তার করিয়া সেই বৃন্দাবনকে স্বর্গ হইতেও মনোহর শোভাসম্পন্ন করিলেন, নানাপ্রকার পুষ্পগন্ধগ্রহণে সেই স্থান অতি মনোহর গন্ধযুক্ত হইল। তখন প্রাণীসকল নিশ্চেষ্ট। রাত্রির পঞ্চম মুহূর্ত্ত অতীত হইয়াছে, সেই সময়ে শিল্পীদিগের গুরু বিশ্বকর্ম্মা তথায় আগমন করিলেন। তাঁহার সহিত তিন-কোটি সুনিপুণ শিল্পকর তথায় উপস্থিত হইল। সেই শিল্পীদিগের হস্তে মণিসার, স্বর্ণ ও রত্ন ছিল। কুবেরকিঙ্কর যক্ষগণ প্রস্তর লইয়া তথায় উপস্থিত হইল। বিশ্বকর্ম্মা সেই সকল মনোরম সামগ্রী দর্শন করিয়া হৃষ্টচিত্তে কৃষ্ণকে ধ্যান করিয়া নগরনির্ম্মাণ করিতে আরম্ভ করিলেন। সেই নগর পঞ্চযোজন পর্য্যন্ত বিস্তৃত হইল। এই স্থান মুমুক্ষুদিগের নির্ব্বাণমুক্তির কারণ স্বরূপ এবং সকলের বাঞ্ছিত ও গোলকের সোপান স্বরূপ।

এই নগরের চারিদিকে চতুঃশাল গৃহ এবং প্রস্তর দ্বারা সোপান সহ কবাটস্তম্ভও নির্ম্মিত হইল। বিশ্বকর্ম্মা এই নগরের গৃহে চিত্রপুত্তলিকা নির্ম্মাণ করিলেন এবং গৃহ সকলের অগ্রভাগ কজ্জল দ্বারা উজ্জ্বল ও নগরে শৈলজাত প্রস্তর নির্ম্মিত বেদি ও প্রাঙ্গণযুক্ত করিলেন এবং তাহাতে অবলীলাক্রমে শিলাময় প্রাকার প্রভৃতি নির্ম্মাণ করিয়া যথোচিত বৃহৎ এবং ক্ষুদ্র দ্বারদ্বয় দৃঢ়রূপে নিবদ্ধ করিলেন। তাহার পর সেই নগর মধ্যে বিশ্বশিল্পী বিশ্বকর্ম্মা স্ফটিকাকার মণিদ্বারা অতি মনোহর কোটিসংখ্যক চতুঃশালগৃহ নির্ম্মাণ করিলেন। গন্ধসার দ্বারা তাহার সোপান, শঙ্খ দ্বারা স্তম্ভ, লৌহসার দ্বারা কবাট নির্ম্মিত হইল। ঐ সকল গৃহে রজতকলস সমূহ শোভা পাইতে লাগিল।

তৎপরে বৃষভানুর রম্যগৃহ নির্ম্মাণ করিলেন। এই ভবনও প্রাকার ও পরিখাযুক্ত চারিদ্বার বিশিষ্ট হইল, এবং তাহাতে মহা-মণি নির্ম্মিত বিংশতি চতুঃশাল সন্নিবিষ্ট, সূর্য্যকান্ত মণিময় স্তম্ভ-সমূহ, স্বর্ণালঙ্কারমণিনির্ম্মিত সোপানশ্রেণী এবং মন্দিরসমূহে সুবর্ণকলস বিন্যস্ত করায় অতিশয় শোভাসম্পন্ন হইল। এই গৃহের প্রান্তভাগে এক মনোহর চম্পকবৃক্ষের উদ্যান নির্ম্মিত হইল। এই উদ্যান মধ্যে এক মনোহর মণিময় অট্টালিকা নির্ম্মাণ করিয়া তন্মধ্যে ইন্দ্রনীলমণি দ্বারা ৯টী সোপান নির্ম্মাণ করিলেন।

তৎপরে বিশ্বকর্ম্মা ক্রোশমিত আয়ত নন্দাশ্রম নির্ম্মাণ করিতে লাগিলেন, তাহাতে গভীর চারিটী পরিখা খনন করিলেন। সেই পরিখা প্রস্তর দ্বারা এরূপ দৃঢ় নিবদ্ধ করিলেন যে, তাহা সম্যক্‌রূপে অরিগণের দুর্লঙ্ঘ্য নন্দভবনের পরিখা সমীপে পুষ্পিত পুষ্পোদ্যান ও বিকশিত কুসুমচয় পরিশোভিত মনোহর চম্পকবৃক্ষ মৃদু মন্দ বায়ুহিল্লোলে আন্দোলিত হইয়া চারিদিক্ সুগন্ধে আমোদিত করিতে লাগিল। কোথায়ও আম্র, গুবাক, পনস, খর্জ্জুর, নারিকেল, দাড়িম্ব, শ্রীফল, ভৃঙ্গ, জম্বীর, নাগরঙ্গ, তুঙ্গ, আম্রাতক, জম্বু প্রভৃতি ফলসমূহে পরিশোভিত হইয়া তত্তদ্‌বৃক্ষ-গুলি অপূর্ব্ব শোভা ধারণ করিল। কেতকী, কদলী, কদম্বসমূহ ফলফুলযুক্ত বৃক্ষসমূহে চারিদিকে পরিশোভিত সেই পরিখা সকল ক্রীড়োপযোগী নির্জ্জন এবং সর্ব্বদা বাঞ্ছনীয় হইল। এই পরিখায় সুগুপ্ত স্থানে একটী উত্তমপথ প্রস্তুত করিলেন। তাহা এইরূপ কৌশলময় হইল যে শত্রুগণের দুর্গম এবং আত্মীয়গণের সুগম হইল। কারণ ঐ পথে অল্পজলাবৃত মণিস্তম্ভ নির্ম্মাণ করিলেন। ঐ স্তম্ভের সীমা অধিক সঙ্কীর্ণ বা অধিক বিস্তীর্ণ হইল না, সেই পরিখার উপরিভাগে শত ধনু পরিমিত ও অতি উচ্চ একটী প্রাকার রচনা করিলেন, সেই প্রাকারের প্রস্থ পঞ্চ-বিংশতি হস্ত এবং ইহা সিন্দূরাকার মণি দ্বারা বিনির্ম্মিত। বিশ্ব-কর্ম্মা এই প্রাকারের বহির্দ্দেশে দুইটী মণিসারনির্ম্মিত কবাট এবং বহির্দ্দেশে ৭টী কবাট সন্নিবেশিত করিয়া পরিখা নিরুদ্ধ করি-লেন। এই ভবনে পদ্মরাগমণি দ্বারা ২৪টী চতুঃশালা এবং গন্ধসার মণি দ্বারা তাহার স্তম্ভ সকল যোজনা করিলেন। তাহাতে কুঙ্কুম আকার মণি দ্বারা সোপান এবং ঐ ভবন স্থিত গৃহ সকলের উপরি ভাগে হরিদ্বর্ণ মণিময় বিচিত্র কলস সকল নিবদ্ধ হইল। এইরূপে নন্দালয় নির্ম্মাণ করিয়া বিশ্বকর্ম্মা নগরে ভ্রমণ করিয়া নূতন মনোহর রাজমার্গ সকল নির্ম্মাণ করিলেন। ঐ রাজমার্গের চারি দিকে পদ্মরাগমণি নির্ম্মিত বেদী সকল নির্ম্মিত হওয়ায় সেই রাজপথসমূহ অত্যন্ত মনোহর শোভা ধারণ করিল। সেই রাজমার্গের দক্ষিণ ও বামপার্শ্বে বণিক্‌দিগের বাণিজ্যোপযোগী উজ্জ্বল মণিমণ্ডপ সকল নির্ম্মিত হইয়া নগরের চারি দিকে বিরাজিত হইল।

পরে বিশ্বকর্ম্মা এইরূপে নগর ও ভবনসমূহ নির্ম্মাণ করিয়া ভগবানের ক্রীড়ার মণিপ্রাকারযুক্ত রাসমণ্ডপ নির্ম্মাণ করিলেন। তাহার চারি দিকে এক যোজন দীর্ঘ মণিবেদিকা এবং মধ্যে মণিসারবিকারে শৃঙ্গারসুখের যোগ্য মনোহর চিত্রে চিত্রিত ও রতিশয্যাযুক্ত নবকোটি মণ্ডল নির্ম্মাণ করিলেন। সুগন্ধ সমীরণ নানাজাতি পুষ্পের গন্ধ আহরণ করিয়া সেই মণ্ডপ সকল সৌরভ-সম্পন্ন করিতে লাগিল, এবং তাহাতে রত্নময় প্রদীপ সকল স্থাপিত হইল। সুবর্ণ কলস সমূহ তাহার উপরিভাগে নিবদ্ধ হইয়া বিচিত্র উজ্জ্বল শোভা সম্পাদন করিতে লাগিল। সেই মণ্ডপসমূহের চারি দিকে পুষ্পোদ্যান ও মনোহর সরোবর অত্যন্ত শোভা বিস্তার করিল।

বিশ্বকর্ম্মা এইরূপে ভগবানের ক্রীড়ার জন্য রাসমণ্ডপ নির্ম্মাণ করিয়া ৩৩টী বন নির্ম্মাণ করিলেন এবং মধুবনের সমীপে চম্পক-বনের পূর্ব্বভাগে সরোবরের পশ্চিম তটে কেতকী বন মধ্যে অতি মনোহর নির্জ্জন বটমূল সমীপে রাধাকৃষ্ণের ক্রীড়ার জন্য আর একটী মণ্ডপ নির্ম্মাণ করিলেন। তাহার চারি দিকে স্বর্ণ মূল্য অপেক্ষা শত গুণ মূল্যবান্ দুর্লভ মণি দ্বারা সুন্দর চারিটী বেদিকা প্রস্তুত হইল। ঐ মণ্ডপ রত্নসারনির্ম্মিত স্তম্ভ দ্বারা বিরাজিত, অমূল্য রত্ন নির্ম্মিত এবং নানাচিত্রে চিত্রিত হইল। এই মণ্ডপ পতাকা এবং তোরণযুক্ত হইল। এই মণ্ডপের অভ্যন্তর মনোহর শয্যায় শোভিত, চন্দন, অগুরু, কস্তুরী ও কুঙ্কুম দ্বারা সুশোভিত এবং তাহার চারি দিকে মণিময় দর্পণ বিন্যস্ত হইল। বিশ্বকর্ম্মা এইরূপ ভাবে বৃন্দাবনধাম নির্ম্মাণ করিলেন। বৃন্দাবনস্থিত মণ্ডপের কোন স্থান রত্নময় পাত্র ও ঘট সমূহে আকীর্ণ, কোন স্থান রত্নময় পাদপীঠযুক্ত, কোনও স্থান রত্নময় সিংহাসন শোভিত ও নানাচিত্রে চিত্রিত। কোন স্থান চন্দ্রকান্ত মণি হইতে ক্ষরিত জলবিন্দু দ্বারা সুসিক্ত, কোন স্থান বা সুবাসিত জল ও নানা ভোজ্যবস্তুপূর্ণ।

বিশ্বকর্ম্মা তখন এইরূপে নগর নির্ম্মাণ ও তাহার শোভা দর্শন করিয়া হৃষ্টান্তঃকরণে যাহার যে মন্দির তাহার নাম তাহাতে লিখিয়া শিষ্য যক্ষগণের সহিত নিদ্রিত ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া স্বস্থানে গমন করিলেন।

যামিনী অতীত হইলে অরুণোদয় কালে ব্রজবাসী সকল জাগরিত হইয়া গাত্রোত্থানপূর্ব্বক স্বর্গ হইতেও উৎকৃষ্ট নগর দর্শন করিয়া কি আশ্চর্য্য! কি আশ্চর্য্য! এইরূপ বলিতে লাগিল। তখন নন্দ গর্গবাক্য স্মরণ করিয়া মনে মনে জানিলেন যে শ্রীহরির ইচ্ছায় ভ্রূভঙ্গি মাত্রে ব্রহ্মাদি তৃণ পর্য্যন্ত এই চরাচর জগৎ আবির্ভূত ও তিরোভূত হইয়া থাকে, তাঁহার অসাধ্য কি আছে? যাঁহার প্রতি লোমকূপ মধ্যে অখিল বিশ্বব্রহ্মাণ্ড বিরাজিত, তাহার আর অসাধ্য কি আছে? গোপরাজ এইরূপ চিন্তা করিয়া সেই নগর বারংবার ভ্রমণ, তত্রত্য গৃহ সকল দর্শন ও লিখিত নাম সমূহ পাঠ করিয়া সকলকে নির্দ্দিষ্ট ভবন প্রদান করিলেন। পরে নন্দ ও বৃষভানু কৌতুকাবিষ্ট চিত্তে শুভক্ষণ পর্য্যালোচনা করিয়া আত্মীয়বর্গের সহিত সেই আশ্রমে প্রবেশ করিলেন। এই স্থানে পরম সুখে সকলে অবস্থান করিতে লাগিলেন। ভগবান্ কৃষ্ণ এই ভূস্বর্গ বৃন্দাবনধামে অবস্থান করিয়া গোপগণের সহিত কালীয়দমন, গোবর্দ্ধনধারণ ও রাস-লীলা প্রভৃতির অনুষ্ঠান করেন। বৃন্দাবনধামে ভগবানের লীলা পরমাদ্ভুত। এই লীলা বৃত্তান্ত যিনি শ্রবণ করেন, তিনি পাপযুক্ত হইলেও অন্তকালে ভগবানের পদপ্রাপ্ত হইয়া থাকেন। ভগবান্ কৃষ্ণ বৃন্দাবনলীলা শেষ করিয়া মথুরায় গমন করেন।

(ব্রহ্মবৈবর্ত্তপু° শ্রীকৃষ্ণজন্মখ° ১৬-২২ অ°)

পদ্মপুরাণের পাতালখণ্ডেও বর্ণিত আছে যে, এই পৃথিবীতে বৃন্দাবনধাম স্বর্গীয় গোলকধাম সদৃশ, গোলকে ভগবান্ বিষ্ণু তাঁহার পূর্ণৈশ্বর্য্যের সহিত বিরাজিত থাকেন, এবং এই স্থানেও তিনি তাঁহার সকল ঐশ্বর্য্যের সহিত ক্রীড়া করিয়াছিলেন ও সর্ব্বদা তথায় অবস্থিত থাকিতেন, এইজন্য ঐ স্থান অতি পবিত্র ও প্রধানতম তীর্থ।

এই বৃন্দারণ্যে দ্বাদশটী প্রধান বন আছে, যথা—ভদ্রবন, লৌহবন, ভাণ্ডীরবন, মহাবন, তালবন, খদীরবন, বকুল, কুমুদ, কাম্য, মধু, ও বৃন্দাবন এই দ্বাদশবন ভগবান্ কৃষ্ণের বিহার ভূমি।

"প্রধানং দ্বাদশারণ্যং মাহাত্ম্যং কথিতং ক্রমাৎ।
ভদ্রশ্রীলৌহভাণ্ডীরমহাতালখদীরকাঃ॥
বকুলং কুমুদং কাম্যং মধু বৃন্দাবনং তথা।
দ্বাদশৈতা বনসংখ্যাঃ কালিন্দ্যাঃ সপ্ত পশ্চিমে॥"

(পদ্মপু° পাতালখ° ৩৮ অ°)

এই পৃথিবীতে বিষ্ণূপাসকদিগের বাসভূমির মধ্যে সর্ব্ব-শ্রেষ্ঠ পরম দুর্লভ এক স্থান আছে, তাহার নাম বৃন্দাবন। গোলকে যাহা কিছু ঐশ্বর্য্য আছে তাহা গোকুলে প্রতিষ্ঠিত রহিয়াছে, বৈকুণ্ঠের বৈভব দ্বারকায় প্রকাশিত হইয়াছে। ভগবানের যাহা কিছু পরমৈশ্বর্য্য, তাহা বৃন্দাবনাশ্রিত এবং তন্মধ্যে কৃষ্ণ-ধামই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। ত্রৈলোক্যের মধ্যে পৃথিবীই একমাত্র ধন্যা, যে হেতু বৃন্দাবন পৃথিবী মধ্যে অবস্থিত। এই স্থান মাথুর-মণ্ডল নামেও অভিহিত।

মাথুরমণ্ডলের আকৃতি সহস্রদল কমল সদৃশ, ইহার পরিমাণ বিষ্ণুর চক্রের সমান। এই সকল স্থান কর্ণিকাদলের ন্যায় বিস্তৃত। ইহার মধ্যে দ্বাদশটী প্রধান বন, যথা ভদ্র, শ্রী, লৌহ,

ভাণ্ডীর, মহা, তাল, খদীরক, বকুল, কুমুদ, কাম্য, মধু ও বৃন্দাবন। এই দ্বাদশ বনের মধ্যে যমুনার পশ্চিম দিকে ৭টী এবং পূর্ব্ব দিকে ৫টী অবস্থিত। এই সকল বন শ্রীকৃষ্ণের ক্রীড়াভূমি।

ইহা ভিন্ন কদম্ব, খণ্ডিক, নন্দবন, নন্দীশ্বর, নন্দনানন্দখণ্ড, পলাশ, অশোক, কেতক, সুগন্ধি, মাদন, কৈল, অমৃত, ভোজনস্থান, মুখপ্রসাধন, বৎসহরণ, শেষশায়ন, শ্যামপুর, দধিগ্রাম, চক্র, ভানুপুর, সঙ্কেত, দ্বিপদ, বালক্রীড়, ধূসর, কেলিক্রম, সুললিত, উৎসুক এবং নন্দন এই ত্রিংশৎ উপবন। পূর্ব্বোক্ত দ্বাদশ বনই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ এবং নানাপ্রকার ভগল্লীলার ভূমি। [মথুরা ও ব্রজ দেখ।]

গোকুল সহস্র পত্র কমলের ন্যায়, ঐ পদ্মের উপর সুবর্ণ পীঠে মণিমণ্ডপ শোভিত গোবিন্দের যে উত্তম স্থান আছে, সেই উৎকৃষ্ট ধামই কমলের কর্ণিকাস্বরূপ। উক্ত কর্ণিকার সকল দিকে দলগুলি যথাক্রমে বিস্তৃত হইয়া রহিয়াছে,দক্ষিণ দিকের দল অতি উৎকৃষ্ট, এই দল যোগিগণেরও দুষ্প্রাপ্য ; এই স্থলে যে মহাপীঠ আছে, তাহাতে গোকুলের সম্পূর্ণ আত্মা বিরাজিত।

অগ্নিকোণে—দ্বিতীয় দল অবস্থিত, ঐ দল দুই ভাগে বিভক্ত এবং উহাতে নিকুঞ্জকুটীর ও বীরকুটীর নামে দুইটী কুটীর আছে। পূর্ব্বদিকে তৃতীয় দল অবস্থিত। ঐ দল পরম পবিত্র, গঙ্গাদি তীর্থে স্নান করিলে যে ফল হয়, এই স্থান তদপেক্ষা শত গুণ পুণ্যদায়ক। ঈশান কোণে চতুর্থ দল, উহা সিদ্ধপীঠ নামে প্রসিদ্ধ, এই স্থানে গোপিকাগণ ভগবতী কাত্যায়নীর পূজা করিয়া শ্রীকৃষ্ণকে পতিরূপে প্রাপ্ত হন এবং এই স্থলে গোপীদিগের বস্ত্রহরণ হইয়াছিল। উত্তর দিকে পঞ্চম দল, ইহা কর্ণিকার সদৃশ, এবং এখানে দ্বাদশাদিত্য নামক স্থান আছে। বায়ুকোণে ষষ্ঠ দল, এই স্থলে কালীয়হ্রদ বিদ্যমান এবং ইহাই সর্ব্বোত্তম দল ও প্রধান স্থান বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে। পশ্চিম দিকে সপ্তম দল, এই স্থলে যজ্ঞপত্নীগণের অভীষ্ট বর লাভ এবং অঘাসুরের মোক্ষপ্রাপ্তি হইয়াছিল। নৈর্ঋত দিকে অষ্টম দল, উহার নাম ব্যোমঘাতন। এই স্থানে শঙ্খচূড় বধ হইয়াছিল। উহা নানাবিধ ক্রীড়ারসের স্থল।

এই ৮টী দল বৃন্দাবন মধ্যে বিরাজিত। বৃন্দাবন অতি মনোহর স্থান! ইহা যমুনা নদীকে চারি দিকে দক্ষিণাবর্ত্তে বেষ্টন করিয়া রহিয়াছে। গোপীশ্বর নামক শিবলিঙ্গ এই স্থলের অধিষ্ঠাত্রী দেবতা। ইহার বহির্দ্দেশে শ্রীবিশিষ্ট ষোড়শ দল বিরাজিত আছে। প্রথম দলের মাহাত্ম্য কর্ণিকার তুল্য, উক্ত দলে মধুবন বিরাজিত আছে, ঐ স্থলেই সর্ব্বকারণকারণ চতুর্ভুজ মহাবিষ্ণু প্রাদুর্ভূত হইয়াছিলেন। দ্বিতীয় দল লীলা রসের স্থান এবং উহা খদিরবন নামে প্রসিদ্ধ। শ্রীকৃষ্ণ এই গোবর্দ্ধন পর্ব্বতের মহালীলা সম্পন্ন করেন এবং বৃন্দাবনপতি হন। তৃতীয় দল পরম পবিত্র এবং অতিশয় পুণ্যতম স্থান। চতুর্থ দলে নন্দীশ্বরবন ও নন্দালয় অবস্থিত। পঞ্চম দলে ধেনুপালন স্থান। ষষ্ঠ দলে নন্দবন অবস্থিত। সপ্তম দলে মনোহর বকুলবন। অষ্টম দলে তালবন, এই স্থলে ভগবান্ ধেনুক বধ করেন। নবম দলে কুমুদবন, দশম দলে কাম্যবন। একাদশ দল বহু বনময় স্থান, এই স্থলে সেতুবন্ধ নির্ম্মিত হইয়াছিল। দ্বাদশ দলে ভাণ্ডীর বন, এই বনে ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রীদামাদির সহিত ক্রীড়ায় রত থাকিতেন। ত্রয়োদশ দলে ভদ্রবন, চতুর্দ্দশ দলে শ্রীবন, পঞ্চদশ দলে লৌহবন এবং ষোড়শ দলে মহাবন অবস্থিত। এই মহাবনে শ্রীকৃষ্ণ বৎসপালদিগের সহিত মিলিত হইয়া বাল্যলীলায় রত থাকিতেন। ঐ স্থানেই পূতনা প্রভৃতি রাক্ষসীর বধ ও যমলার্জ্জুন ভগ্ন হইয়াছিল। পঞ্চম বর্ষীয় বালগোপাল ঐ স্থানের অধিষ্ঠাতা। ঐ স্থানে শ্রীকৃষ্ণ দামোদর নামে অভিহিত হন। উক্ত দলই কিঞ্জল্কিবিহার। ঐ স্থানেই শ্রীকৃষ্ণের ক্রীড়া হইয়াছিল।

পার্ব্বতী মহাদেবের নিকট বৃন্দাবনের বিষয় এইরূপে অবগত হইয়া বলিয়াছিলেন যে, দেবাধিদেব! ভগবানের লীলা অতি অদ্ভুত, ইহা যতই শ্রবণ করা যায়, ততই কৌতূহল জন্মে, অতএব বৃন্দাবনের রহস্য কি প্রকার অদ্ভুত তাহা আমি শুনিতে ইচ্ছা করি। ইহাতে মহাদেব বলিয়াছিলেন যে, এই বৃন্দাবন ধাম, ত্রিভুবনে গোপনীয় এবং দেবেশ্বর কর্ত্তৃক পূজিত, ব্রহ্ম প্রভৃতি দেবগণেরও বাঞ্ছিত এবং দেবতা ও সিদ্ধগণকর্ত্তৃক সেবিত। যোগী ও মুনিগণ সর্ব্বদা উহার ধ্যানে তৎপর থাকেন, ঐ স্থানে অপ্সরা ও গন্ধর্ব্বগণ নৃত্যগীত করে, উহা পূর্ণানন্দ রসের আবাসভূমি। ঐ স্থলের ভূমি চিন্তামণি সদৃশ এবং উহার জলে অমৃত রস আছে। এখানকার বৃক্ষ সকল সুরদ্রুম সদৃশ, নারীগণ লক্ষ্মীসদৃশ, পুরুষগণ বিষ্ণুর তুল্য। এই স্থলের লোক সকল কৈশোর বয়স্ক ও আনন্দময়-বিগ্রহ। সকলের মুখমণ্ডলে নিয়তই হাস্য বিরাজমান, এবং সকলেই গীতবাদ্যনিপুণ।

বৃন্দাবনধাম শুদ্ধসত্ত্ব ভক্ত বৈষ্ণবগণকর্ত্তৃক আশ্রিত এবং পূর্ণব্রহ্মসুখে মগ্ন। ঐ স্থানে মত্ত কোকিল ও ভ্রমরগণ সদা অব্যক্ত মধুর ও মনোহর শব্দ করিতেছে, কপোত ও শুকপক্ষিগণ সঙ্গীতে রত রহিয়াছে এবং সহস্র সহস্র উন্মত্ত অলি বিরাজিত আছে। ঐ স্থলে ময়ূরগণ নৃত্য করিতেছে, সকল প্রকার আমোদ ও বিভ্রম পূর্ণমাত্রায় বিদ্যমান আছে। ঐ স্থানে পূর্ণচন্দ্র প্রতিদিন উদয় হইয়া থাকেন। সূর্য্যদেব মন্দ মন্দ রশ্মিপ্রদান করেন। ঐ স্থান দুঃখ, জরা ও মরণবর্জ্জিত। ঐ স্থানে ক্রোধ, মাৎসর্য্য, ভেদজ্ঞান ও অহঙ্কার নাই, সর্ব্বদা ঐ স্থানে আনন্দামৃত

রস বহিতেছে ও পূর্ণ প্রেমসুখ-সমুদ্র বিরাজিত আছে। ঐ মহৎ ধাম ত্রিগুণাতীত এবং পূর্ণপ্রেম স্বরূপ। এমন কি ঐ স্থানে বৃক্ষাদিরও গাত্রে পুলকোদ্গম হয়, এবং উহারা প্রেম ও আনন্দ ভরে অশ্রুবর্ষণ করিয়া থাকে। এখানকার পাদপগণের যখন ঐরূপ অবস্থা, তখন বৈষ্ণবগণের কথা আর কি বলিব। গোবিন্দের পদরজঃস্পর্শে বৃন্দাবন পৃথিবীতে নিত্য বলিয়া প্রসিদ্ধ।

ভূমণ্ডলে বৃন্দাবন গুহ্য হইতেও গুহ্যতম, রমণীয়, পবিত্র, অক্ষয়, পরমানন্দময়, এবং গোবিন্দের অব্যয় স্থান। বৃন্দাবন গোবিন্দদেহ হইতে অভিন্ন এবং পূর্ণব্রহ্মসুখাশ্রিত। উহার মাহাত্ম্য অধিক কি বলিব। ঐ স্থানের ধূলি স্পর্শ করিলে মুক্তি হয়। হে দেবি! বৃন্দাবনবিহারকালে সম্পূর্ণ যত্নের সহিত বৃন্দাবন এবং কৈশোরবিগ্রহধারী শ্রীকৃষ্ণকে হৃদয়ে স্থাপন কর। কালিন্দী এই বৃন্দাবন কমলকর্ণিকা প্রদক্ষিণ করিয়া বিরাজিত। ঐ যমুনা নদীর উভয়কূল রমণীয় ও পবিত্র। উহার জল স্পর্শ করিলে গঙ্গাজল স্পর্শ অপেক্ষা কোটি গুণ পুণ্য হইয়া থাকে। ঐ স্থানেই ভগবান্ ক্রীড়ারত ছিলেন।

রমণীয় বৃন্দাবনের মধ্যে মনোহর ভবনে সমুজ্জল যোগপীঠ বিদ্যমান আছে, ইহা অষ্টকোণ এবং নানাবিধ দীপ্তি দ্বারা মনোহর। তাহার উপরে মণিমাণিক্য-খচিত রত্নময় মনোহর সিংহাসন বিরাজিত, তদুপরি অষ্টদল পদ্মনিহিত, উহাতেই হরির কর্ণিকাস্থ সুখভবন। এই পরম স্থানে বৃন্দাবনেশ্বর শ্রীকৃষ্ণ দিব্য ব্রজবয়োধারী এবং নিয়ত সকলৈশ্বর্য্যশালী ও ব্রজবালকগণের একমাত্র প্রিয় হইয়া অবস্থান করেন। যৌবনাবির্ভাববশতঃ অধুনা তাঁহার কৈশোর উদ্ভিন্ন হইয়াছে, এবং তিনি অপূর্ব্বমূর্ত্তি প্রাপ্ত হইয়াছেন। সেই অনাদি, অথচ সকলের আদিভূত ভগবান্ শ্রীকৃষ্ণ এইস্থানে থাকিয়াই গোপীগণের মনোমোহন করেন।

ভগবান্ কৃষ্ণ এই স্থানে নন্দনন্দনরূপে সতত বিরাজিত থাকেন। এই কৃষ্ণ পূর্ণব্রহ্ম নিশ্চল জগতের আদিকারণ। তাহার প্রিয়তমা কৃষ্ণবল্লভা শ্রীমতী রাধাই আদ্যা প্রকৃতি। সেই রাধিকার কোটি কোটি কলাংশ হইতে ত্রিগুণময়ী দুর্গা প্রভৃতি দেবীগণের উৎপত্তি হইয়াছে। ঐ রাধিকার পাদধূলি স্পর্শে কোটি বিষ্ণুর উৎপত্তি হইয়া থাকে। এই বৃন্দাবন ধামই উক্ত রাধাকৃষ্ণের ক্রীড়াভূমি। (পদ্মপু° পাতালখ° ৩৮।৩০ অ°)

পুরাণবর্ণিতশ্রীবৃন্দাবনবৈভব এখন কবিবর্ণিত কাব্যরাজ্য বলিয়াই অনুমিত হয়।

"বনং কুসুমিতং শ্রীমন্নদচিত্রমৃগদ্বিজম্।
গায়ন্ময়ূরভ্রমরং কূজৎকোকিলশাবকম্॥"

শ্রীভাগবতের বর্ণিত শ্রীবৃন্দাবনের এতাদৃশী বনশোভা এখন আর পরিদৃষ্ট হয় না। শ্রীজয়দেব বর্ণিত বসন্তশোভা এখন কেবল কবিকল্পনাতেই স্বীয় অস্তিত্ব বজায় রাখিয়াছে। পৌরাণিক বর্ণনা-বৈভব বর্ত্তমান সময়ে পরিলক্ষিত না হইলেও আমরা শ্রীবৃন্দাবনধাম এখনও পুণ্যময় মহাতীর্থরূপে দর্শন করিতে পাই। কিন্তু সাড়ে চারিশত বৎসর পূর্ব্বে শ্রীবৃন্দাবন প্রকৃতপক্ষেই মহারণ্যে পরিণত হইয়াছিল। মুসলমানদের অত্যাচারে এবং আরও বিবিধ কারণে শ্রীবৃন্দাবন তীর্থ একরূপ বিলুপ্তপ্রায় হইয়াছিল। শ্রীশ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর প্রভাবে শ্রীবৃন্দাবনের পুণ্যতীর্থ সমূহের আবার উদ্ধার হইয়াছে। কি প্রকারে শ্রীবৃন্দাবনের শোচনীয় দশা ঘটে এবং কি প্রকারেই বা গৌড়ীয় বৈষ্ণবগণ পুণ্যতীর্থ সমূহের উদ্ধার করেন, তাঁহার মর্ম্ম নিম্নে অতি সংক্ষিপ্ত ভাবে প্রকাশ করা যাইতেছে :—

দেবদ্বেষী গজনীর সুলতান মাহ্মূদ আসিয়া ব্রজ-ধামের যে যে দুর্দ্দশা করিয়া যান, তাহার আর পুনরুদ্ধার ঘটে নাই, তৎপরে ভক্ত বৈষ্ণবগণ প্রাণভয়ে আর তাঁহাদের পরম প্রিয়স্থানে আসিতে চাহিতেন না। সুলতান মাহ্মূদের প্রত্যাবর্ত্তনের পর শতাধিক বর্ষকাল হিন্দুশাসন পরিচালিত হইলেও বৃন্দাবনের পূর্ব্বগৌরব উদ্ধারের জন্য কোন হিন্দু নরপতি বিশেষ যত্নবান্ হইয়াছিলেন বলিয়া মনে হয় না। সুলতান মাহ্মূদের সময় হিন্দু নরপতিগণ একতা হারাইয়া যে অন্তর্বিবাদে লিপ্ত হইয়াছিলেন, তাহার ফল অতি নিদারুণ;—সেই জন্য জাতীয় শক্তি হারাইয়া তাহারই শতাধিক বর্ষ পরে হিন্দুগণ মুসলমান করে সোণার ভারতকে বলি দিতে পারিয়াছিলেন। চাহমানশিরোমণি পৃথ্বীরাজের অভ্যুদয়ে অল্প দিনের জন্য ভারতে ক্ষত্রিয়শক্তি সঞ্চালিত হইলেও পরশ্রীকাতর কনোজপতি জয়চন্দ্রের কূটবুদ্ধিতে তাহার পরিণাম অন্যরূপ হইল—মহম্মদ ঘোরী আসিয়া উত্তর ভারত অধিকার করিলেন,—অল্পদিন মধ্যেই ইন্দ্রপ্রস্থের ক্ষাত্রসিংহাসনে মুসলমানরাজের কৃতদাস অধিষ্ঠিত হইলেন; কৃতদাসের দাসত্বই ভারতবাসীর সম্বল হইল! দাসত্বের সহিত হিন্দু আপনার জাতীয় কর্ত্তব্য বিস্মৃত হইতে লাগিলেন;—ধর্ম্মের জন্য আত্মোৎসর্গ, দেবতার জন্য সর্ব্বস্ব অর্পণ, পরাধীন হিন্দু এককালেই ভুলিয়া গেলেন;—তাই যেখানে এক সময়ে ভক্তির পরাকাষ্ঠা, স্বার্থের অপূর্ব্ব বলিদান ও দেবকার্য্যের জন্য সর্ব্বস্ব অর্পণের পরিচয় পাইয়াছিলাম, যেখানে একদিন প্রতি কুঞ্জকুটীরে ভক্তগণ প্রেমের বংশীধ্বনি শুনিয়া আসিয়াছিলেন, নরলোকেও যাহা একদিন প্রকৃত বৈকুণ্ঠ-ধাম বলিয়া পরিচিত হইয়াছিল,—কোটি কোটি ভক্তের প্রেমাশ্রুতে যে ব্রজধামের সহস্র সহস্র দেবস্থান প্রক্ষালিত হইয়াছিল;—ভক্তি হারাইয়া, শক্তি হারাইয়া হিন্দু সেইস্থান বন্যশ্বাপদের আবাস বিজন কাননে পরিণত করিল।

মুসলমান দাসরাজগণের আধিপত্যকালে ক্রমে সেই বহু জনাকীর্ণ ব্রজধাম জনমানবশূন্য হইয়া পড়িয়াছিল। দুই একজন ব্রজবাসী সেই বিজন নিভৃত নিকুঞ্জে থাকিয়া ভগবানের লীলাভূমির উপর অশ্রুবারি বিসর্জ্জন করিতেছিলেন। বলিতে কি কয়েক শতাব্দ পরে ভাগবতগণের লীলাস্থলী এককালে বিলুপ্ত হইয়াছিল, দ্বাদশ যোজনব্যাপী পবিত্র হিন্দুকীর্ত্তি ভীষণ অরণ্যে পরিণত হইয়াছিল, একে পথ দুর্গম, তদুপরি মুসলমানের অত্যাচার ও দস্যুভয় ইত্যাদি নানা কারণে বহুকালপর্য্যন্ত গৃহী তীর্থযাত্রিগণ ঐ সকল পবিত্র স্মৃতি দেখিবার জন্য এখানে আসিতে সাহসী হন নাই। নির্ভীক ভক্ত সন্ন্যাসিগণ মধ্যে মধ্যে দলবদ্ধ হইয়া ভগবানের চিহ্ন দর্শন করিতে আসিতেন মাত্র।

মোগল-বংশের সাম্রাজ্য-শাসন আরম্ভে হিন্দুগণ অনেকটা মুসলমান অত্যাচার হইতে অব্যাহতি পাইয়াছিলেন। গৌড়ে হোসেনশাহের ন্যায় দিল্লীতেও প্রজারঞ্জক মুসলমান নরপতিগণের অধিষ্ঠান ঘটিয়াছিল। হিন্দুগণের এই সামান্য সুবিধার সময় তাঁহারা ভগবান্ শ্রীকৃষ্ণের লীলাভূমি উদ্ধার করিবার জন্য উদ্‌যোগী হইয়াছিলেন। কিন্তু ব্রজধামে আসিয়া তাঁহারা ভগবানের সমস্ত নিদর্শন খুঁজিয়া বাহির করিতে পারেন নাই। যদুবংশের ধ্বংসের পর শ্রীকৃষ্ণপৌত্র (অনিরুদ্ধের পুত্র) ব্রজনাভ মথুরার রাজা হইয়া শ্রীকৃষ্ণের লীলা নামানুসারে গ্রাম বসাইয়াছিলেন এবং সেইগুলি পরবর্ত্তী কালে প্রধান প্রধান বৈষ্ণব তীর্থ বলিয়া গণ্য হইয়াছিল। বলিতে কি মুসলমান-দৌরাত্ম্যে বৈষ্ণবগণের সেই সর্ব্বপ্রধান ভাগবততীর্থের অধিকাংশই এক প্রকার বিলুপ্ত হয়। কৃষ্ণপ্রেমে ব্যাকুল হইয়া গৌরাঙ্গদেব যখন ব্রজমণ্ডলে আসিলেন, তখন তিনি ভগবানের লীলাস্থান বাহির করিতে না পারিয়া প্রথমে কাঁদিয়াই আকুল হন। পরে নিজের ঐশীশক্তিপ্রভাবে লীলাস্থান উদ্ধারের পথ করিয়া যান। মুরারিগুপ্তের শ্রীচৈতন্যচরিত কাব্যে ও শ্রীকৃষ্ণদাস কবিরাজের শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে তাহার কথঞ্চিৎ আভাস আছে। অবশেষে গৌরাঙ্গের পার্ষদ শ্রীরূপ ও সনাতন গোস্বামী ব্রজমণ্ডলে থাকিয়া লুপ্ত তীর্থসমূহ উদ্ধারপূর্ব্বক মহাপ্রভুর অভিপ্রায় পূর্ণ করিয়া গিয়াছেন।

"বৃন্দাবনে আচার্য্য শ্রীরূপসনাতন
প্রভু মনোবৃত্তি প্রকাশিলা দুইজন ॥
লুপ্ত তীর্থ ব্যক্ত করি শাস্ত্র প্রমাণেতে।
শ্রীরূপ গোসাঞির এক চিন্তা হৈল চিতে ॥

১। শ্রীবিগ্রহ শ্রীগোবিন্দ ব্রজেন্দ্রকুমার।
সদা যোগপীঠে স্থিতি শাস্ত্রে এ প্রকার ॥
হেন শ্রীগোবিন্দদেবে না পাই দর্শন।
গ্রামে গ্রামে বনে বনে করএ ভ্রমণ ॥
ব্রজবাসী ঘরে ঘরে অন্বেষণ করি।
যমুনার তীরে রহে ধৈর্য্য পরিহরি ॥
এক দিন এক ব্রজবাসী অকস্মাৎ।
শ্রীরূপ গোস্বামী আগে হইল সাক্ষাৎ ॥
পরম সুন্দর তেঁহো মধুর বচনে।
শ্রীরূপে কহএ স্বামী দুঃখী দেখি কেনে।
তাঁহার মধুর বাক্যে চিত্ত আকর্ষিল।
শ্রীরূপ গোস্বামী ক্রমে সব নিবারিল ॥
ব্রজবাসী কহে চিন্তা না করিহ মনে।
গোমা-টীলা খ্যাতি যোগপীঠ বৃন্দাবনে ॥
তথা কোন গাভীশ্রেষ্ঠ পূর্ব্বাহ্ণ সময়।
দুগ্ধ দেন প্রতিদিন উল্লাস হৃদয় ॥
শ্রীগোবিন্দ দেব আছেন গোপনে।
এত কহি রূপে লৈয়া গেলে সেইখানে ॥
স্থান জানাইয়া তেঁহো অদর্শন হৈতে।
মূর্চ্ছিত হইয়া রূপ পড়িল ভূমিতে ॥
কতক্ষণ পরে রূপ পাইলা চেতন।
নিবারিতে নারে নেত্রে ধারা অনুক্ষণ ॥
শ্রীরূপ গোস্বামী কোটিসমুদ্র গভীর।
প্রভুর রহস্য জানি হইলেন স্থির ॥
মনের উল্লাসে কহে ব্রজবাসিগণে।
শ্রীগোবিন্দদেব প্রভু আছেন এখানে ॥
শুনি ব্রজবাসী প্রেমে বিহ্বল হইলা।
বালবৃদ্ধ আদি সভে গোমা টীলা আইলা ॥
কেহো কার প্রতি কহে সহাস্য বদনে।
গোমা-টীলা যোগপীঠ জানিনু এখনে ॥
যত্নে যোগপীঠ ভূমি খননের কালে।
কৈল বলরাম আজ্ঞা দেখ মধ্যস্থলে ॥
যোগপীঠমধ্যে প্রভু ব্রজেন্দ্রনন্দন।
হইল সাক্ষাৎ কোটিকন্দর্পমোহন ॥
শ্রীগোবিন্দদেবের প্রকটধ্বনি হৈতে।
উল্লাসে অসঙ্খ্য লোক ধায় চারিভিতে ॥"

২। "শ্রীরূপে শ্রীবৃন্দা স্বপ্নচ্ছলে জানাইল।
ব্রহ্মকুণ্ডতট হৈতে তাঁরে প্রকাশিল ॥
শ্রীবৃন্দা দেবীর শোভা মহিমা অপার।
সর্ব্বকার্য্য সিদ্ধি হয় হৈলে কৃপা তাঁর ॥"

৩। "সনাতন গোস্বামীর অদ্ভুত বিলাস।
মধ্যে মধ্যে করেন শ্রীমহাবনে বাস॥
মদনগোপাল তথা বালক সহিতে।
যমুনাপুলিনে খেলে দেখায় সাক্ষাতে॥
মদনগোপাল সনাতন প্রেমাধীন।
স্বপ্নচ্ছলে সনাতন কহে এক দিন॥
সনাতন তোমার কুটীর মোরে ভায়।
মহাবন হৈতে আমি আসিব হেথায়॥
এত কহি প্রভু হইলেন অদর্শন।
প্রেমাবেশে বিহ্বল হইলা সনাতন॥
প্রভুর ভঙ্গিমা ভক্ত জানে ভালমতে।
মদনগোপাল আইলা রজনী প্রভাতে॥
সনাতন মনে হৈল আনন্দ প্রচুর।
পত্র কুটীরেতে সেবা করেন প্রভুর॥
মহারাজকুমার শ্রীমদনমোহন।
তেঁহো শুষ্ক রুটি ভুঞ্জে দুঃখী সনাতন॥
সনাতন মন জানি মদনগোপাল।
নিজ সেবা বৃদ্ধি ইচ্ছা হইল তৎকাল॥
হেনকালে মূলতানদেশীয় একজন।
অতিশয় ধনাঢ্য সর্ব্বাংশে বিচক্ষণ॥
কপূর-ক্ষত্রিয় শ্রেষ্ঠ নাম কৃষ্ণদাস।
নৌকা হৈতে নামি আইলা গোস্বামীর পাশ॥
গোস্বামীর চরণে পড়িল লোটাইয়া।
কৈল কত দৈন্য নেত্রজলে সিক্ত হৈয়া॥
সনাতন তারে বহু অনুগ্রহ কৈলা।
শ্রীমদনমোহন-চরণে সমর্পিলা॥
শ্রীমদনমোহনে দেখিয়া কৃষ্ণদাস।
ভূমি পড়ি প্রণমএ ছাড়ি দীর্ঘশ্বাস॥
সেই দিন মন্দিরের আরম্ভ করিল।
নানা রত্ন ভূষণে ভূষিত করাইল॥
পরিধেয় বস্ত্রাদি সে বিবিধ প্রকার।
রাখাইল যত্ন করি পৃথক্ ভাণ্ডার॥
ভোগের সামগ্রী নানা প্রকার করিলা।
ভুঞ্জিবেন প্রভু ইথে মহাহর্ষ হৈলা॥
মদনগোপালে দেখি কেবা ধৈর্য্য ধরে।
ব্রজবাসিগণ ভাসে সুখের সাগরে॥"

৪। "বংশীবট নিকট পরম রম্য হয়।
তথা গোপীনাথ মহারঙ্গে বিলসয়॥
অকস্মাৎ দর্শন দিলেন দয়া করি॥
শ্রীমধুপণ্ডিত হৈলা সেবা অধিকারী॥"
(ভক্তিরত্নাকর ২য় তরঙ্গ)

বিভিন্ন সাম্প্রদায়িক বৈষ্ণবগণের অভ্যুদয়।

গোস্বামিপ্রবর রূপ, সনাতন, জীব, গোপালভট্ট, লোকনাথ, ভূগর্ভ, রঘুনাথ, নরোত্তম ঠাকুর, শ্রীনিবাস আচার্য্য প্রভৃতি শ্রেষ্ঠ গৌড়ীয় ভগবৎ-প্রেমিকগণ বহুকাল বৃন্দাবনে অতিবাহিত করিয়াছিলেন। তাঁহাদের অবস্থানকালে ব্রজধাম বৈষ্ণবতত্ত্বশিক্ষার সর্ব্বপ্রধান কেন্দ্র বলিয়া পরিগণিত হইয়াছিল। ব্রজমণ্ডলে অবস্থিতিকালেই উক্ত গোস্বামিগণ শত শত বৈষ্ণবশাস্ত্র রচনা করিয়া প্রেমভক্তির পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া গিয়াছেন। তাঁহাদের শ্রীমুখ হইতে অপূর্ব্ব ভগবত্তত্ত্ব শিক্ষা করিবার জন্য ভারতের নানা দিগ্‌দেশ হইতে সাধু ও পণ্ডিতমণ্ডলীর সমাগম হইয়াছিল। এমন কি, স্বয়ং দিল্লীশ্বর অকবর রূপ সনাতনের মুখে বৈষ্ণবধর্ম্মের সারতত্ত্ব শুনিবার জন্য রাজপুত সামন্তরাজগণে পরিবেষ্টিত হইয়া ১৫৭৩ খৃষ্টাব্দে বৃন্দাবনে আসিয়াছিলেন। সেই কৌপীনধারী বৈষ্ণবগণের এতই প্রভাব যে, দিল্লীশ্বরের চক্ষে কাপড় বাঁধিয়া তাঁহাকে নিধুবনে আনা হইয়াছিল। দিল্লীশ্বর নিধুবনে অলৌকিক দেবপ্রভাব দেখিয়া এই স্থানকে অতি পুণ্যতীর্থ বলিয়া স্বীকার করিয়াছিলেন! তাঁহার অনুচর সামন্ত-রাজগণ এই পবিত্র ক্ষেত্রে দেবালয় প্রতিষ্ঠা করিবার অভিপ্রায় জানাইলে, দিল্লীশ্বর আনন্দের সহিত সম্মতি প্রদান করিয়াছিলেন। এইরূপে গৌড়ীয় বৈষ্ণবগণের প্রাধান্য বিস্তার ও লুপ্ততীর্থ উদ্ধারের সহিত দেবভক্ত হিন্দুরাজগণের যত্নে আবার মথুরামণ্ডলে নানা দেবালয়-প্রতিষ্ঠার সূত্রপাত হইল।

ব্রজবাসীরা বলেন যে, গৌড়ীয় গোস্বামিগণ বৃন্দাবনে আসিয়া সর্ব্বপ্রথমেই যে বৃন্দাদেবীর মন্দির উদ্ধার করেন;—তাহার এখন আর কোন চিহ্ন নাই; তবে কেহ কেহ রাসমণ্ডলের নিকটবর্ত্তী সেবাকুঞ্জে সেই মন্দির ছিল বলিয়া প্রকাশ করেন।


রূপ সনাতনের তত্ত্বাবধানে যে সকল মন্দির নির্ম্মিত হয়, তন্মধ্যে গোবিন্দদেবের মন্দিরই সর্ব্বপ্রধান ও স্থাপত্যশিল্পের অপূর্ব্ব নিদর্শন! মথুরার পুরাবৃত্তলেখক গ্রাউস সাহেব ঐ মন্দির দেখিয়া লিখিয়াছেন যে, "ঐ মন্দিরের নক্সার সহিত বহু য়ুরোপীয় গির্জ্জার সাদৃশ্য থাকায় মনে হয়, যে স্থপতি ঐ মন্দির নির্ম্মাণ করিয়াছে, সে (য়ুরোপীয়) জেসুইট্ ধর্ম্মপ্রচারকদিগের সাহায্যলাভ করিয়াছিল; বাস্তবিক অকবর বাদশাহের সভায় বহু জেসুইট্ উপস্থিত থাকিতেন।" কিন্তু বলিতে কি, অকবর বাদশাহের সভায় জেসুইটগণের অবস্থান ঘটিলেও তাঁহারা যে স্থাপত্যকার্য্যে হিন্দু-

গোবিন্দজীর মন্দির।

গণকে কখন সাহায্য করিয়াছেন, তাহার কোন প্রমাণ নাই। বিশেষতঃ ঐরূপ মন্দির জেসুইট্ আগমনের বহু পূর্ব্ব হইতেই ভারতের নানাস্থানে প্রতিষ্ঠিত দেখা যায়।

গোবিন্দজীর মন্দিরে একখানি অস্পষ্ট শিলাফলক আছে, তৎপাঠে জানা যায় যে, অকবরশাহের ৩৪ রাজ্যাঙ্কে শ্রীরূপ-সনাতনের তত্ত্বাবধানে অম্বরাধিপতি মানসিংহ গোবিন্দজীর মন্দির প্রস্তুত করান।

গোবিন্দজীর মন্দির এক সময় পঞ্চচূড়ায় শোভিত ছিল।



গোবিন্দজীর মন্দির

তন্মধ্যে সর্ব্বোচ্চ চূড়াটী বহুদূর হইতে দর্শকের দৃষ্টি আকর্ষণ করিত। প্রবাদ আছে, সেই চূড়ার আলোক দিল্লীতে বসিয়া অরঙ্গজেব দেখিতে পাইতেন। এক দিন তিনি বিস্ময়ে উজীরকে জিজ্ঞাসা করেন যে, কোথা হইতে ঐ আলোক আসিতেছে। উজীর সংবাদ দিলেন যে, মথুরার কাফেরদিগের যে বড় মন্দির আছে, উহা তাহারই আলোক। দেবদ্বেষী অরঙ্গজেব অবিলম্বে সেই উচ্চ চূড়া ভঙ্গ করিয়া তাহার উপর মসজিদ্ নির্ম্মাণ করিবার জন্য একদল সৈন্য পাঠাইলেন। মন্দিরের পুরোহিত গোবিন্দজীকে লইয়া অম্বরে পলায়ন করিলেন। মুসলমানেরা মন্দিরের চূড়া কএকটী ভাঙ্গিয়া মন্দিরের মসলাতেই মস্‌জিদ্ নির্ম্মাণ করিল। অরঙ্গজেব নিজে আসিয়া সেই মস্‌জিদে নমাজ করিয়া গেলেন। সেই পর্য্যন্ত গোবিন্দদেব জয়পুরে রহিয়াছেন। তাঁহার সেবাইতগণই এখানকার গোবিন্দদেবের সম্পত্তির অধিকারী।

পূর্ব্বেই ভক্তিরত্নাকরের বচন উদ্ধৃত করিয়া দেখাইয়াছি, সনাতনের অনুগ্রহ লাভ করিয়া মূলতানবাসী কৃষ্ণদাস মদন-গোপাল বা মদনমোহনের মন্দির প্রতিষ্ঠা করেন। এই মন্দির নির্ম্মাণ সম্বন্ধে একটী প্রবাদ আছে যে, 'কৃষ্ণদাস নৌকাবোঝাই পণ্যদ্রব্য লইয়া আগ্রা অভিমুখে যাইতেছিলেন। কালিদহ ঘাটের বালির চরে আসিয়া তাঁহার নৌকা ঠেকিয়া যায়। তিন দিন বহু চেষ্টাতেও তিনি নৌকা বাহির করিতে পারিলেন না। অবশেষে তিনি দেবতার অনুগ্রহলাভাশায় উপরে উঠিয়া সনাতন গোস্বামীর শরণ লইলেন। সনাতনের প্রার্থনায় মদনগোপালের অনুগ্রহ হইল। কৃষ্ণদাসের নৌকা ভাসিয়া উঠিল। পরে তিনি আগ্রায় আসিয়া তাঁহার সমস্ত পণ্য বিক্রয় করিয়া মূল্য আনিয়া সনাতনের হস্তে অর্পণ করিলেন। সেই অর্থেই মদনমোহনের মন্দির নির্ম্মিত হইল। এই মন্দিরের অন্তর্মধ্যভাগ দৈর্ঘ্যে ৫৭ ফিট, তৎসঙ্গে নাটমণ্ডপটী ২০ ফিট্ চৌড়া। মন্দিরের উচ্চতা ২২ ফিট্। এই মন্দিরের আয় প্রায় ১০১০০৲।

মদনমোহনের মন্দির।

মন্দিরে এখন আর মদনমোহন মূর্ত্তি নাই। অরঙ্গজেবের দৌরাত্ম্যে এই শ্রীমূর্ত্তিও জয়পুরে স্থানান্তরিত হইয়াছিল। পরে জয়পুরপতি আপনার শ্যালক কসৌলিরাজ গোপালসিংহকে সেই মূর্ত্তি প্রদান করেন। রাজা গোপালসিংহ নিজ রাজধানীতে মদনমোহনের জন্য (প্রায় ১৭৪০ খৃঃ অব্দে) একটী সুন্দর মন্দির নির্ম্মাণ করিয়া দিয়াছেন। জয়পুরের গোবিন্দজীর মন্দিরের


যখন মদনমোহন বৃন্দাবনে ছিলেন, তৎকালে প্রসিদ্ধ বৈষ্ণব কবি সুরদাস ইহার একজন প্রধান ভক্ত হইয়া পড়িয়াছিলেন। অকবরের অধীনে সুরদাস শাণ্ডিলের আমীন ছিলেন। প্রবাদ, তিনি যাহা কিছু আদায় করিতেন, সে সমস্তই মদনমোহনজীর মন্দিরে ব্যয় করিতেন। এইরূপে এক সময় দিল্লীতে টাকা পাঠাইতে না পারিয়া তিনি সিন্দুকে শিলাখণ্ড ভরিয়া পাঠাইতে বাধ্য হইয়াছিলেন। অবিলম্বে এই অমিতব্যয়িতার জন্য সুরদাস

দিল্লীতে কারারুদ্ধ হইলেন। অবশেষে ভক্তবৎসল মদনমো ভক্তকে মুক্তিদান করিবার জন্য দিল্লীশ্বরকে স্বপ্নাদেশ ক ছিলেন। সুরদাস তাহাতেই সেবার মুক্তিলাভ করেন।

গোবিন্দজী ও মদনগোপালের মন্দির-প্রতিষ্ঠার অল্প মধ্যেই গোপীনাথের মন্দির নির্ম্মিত হ

গোপীনাথের মন্দির।

দিল্লীশ্বর অকবর যে সময় বৃন্দাবনে গোস্ব দর্শনে আগমন করেন, তৎকালে কচ্ছবাহ-ঠাকুরবংশীয় রায় নামে তাঁহার এক সভাসদ্ সঙ্গে আসিয়াছিলেন। ইনি শেখাব



মদনমোহনের মন্দির

কচ্ছবাহঠাকুরবংশ-প্রতিষ্ঠাতার পৌত্র; রাণা প্রতাপের বিরুদ্ধে ইনিও মানসিংহের সহিত প্রেরিত হইয়াছিলেন। ইনি বৃন্দাবনের গোপীনাথের ভক্তিতে আকৃষ্ট হইয়াছিলেন। অবশেষে ইনি গোস্বামিগণের তত্ত্বাবধানে গোপীনাথের এক সুবৃহৎ মন্দির নির্ম্মাণ করাইয়া দেন। এখন সেই মন্দিরের নিতান্ত ভগ্নাবস্থা প্রাচীন মন্দিরের মধ্যমণ্ডপ ও তিনটী কলসই এককালে নষ্ট হইয়াছে। ইহার পার্শ্বেই ১৮২১ খৃষ্টাব্দে বড়বাজারনিবাসী নন্দকুমার বসু নামে এক বাঙ্গালী কায়স্থ বর্ত্তমান মদনমোহনের মন্দির নির্ম্মাণ করাইয়া দিয়াছেন।

কেশিঘাটে যুগলকিশোরের একটী প্রাচীন মন্দির আছে। এই মন্দিরটী ১৬২১ খৃষ্টাব্দে নির্ম্মিত হয়। কেহ কেহ মনে

খোদিত হইয়াছে। দুঃখের বিষয়, এই মন্দিরটীও এখন ত্যক্ত, কপোত ও চটকের একমাত্র আবাস বলিলেও অত্যু হয় না।

রাধাবল্লভজীর মন্দিরও জাহাঙ্গীর বাদশাহের রাজত্বক নির্ম্মিত হয়। রাধাবল্লভী সম্প্রদায়ের প্রবর্ত্তক হরিবংশ গোঁ এই মন্দির-প্রতিষ্ঠাতা। সুন্দরদাস নামক এক কায়স্থের

রাধাবল্লভজীর মন্দির।

১৬৪১ সংবতে হরিবংশ মন্দিরনির্ম্মাণ অ করেন। হরিবংশের দুই পুত্র ছিলেন, চাঁদ ও কৃষ্ণচাঁদ। ব্রজ চাঁদের বংশধরগণ অদ্যাপি রাধাবল্ল অধিকারী। কৃষ্ণচাঁদ রাধারমণের মন্দির নির্ম্মাণ করেন, তাঁ বংশধরেরাই এখন রাধারমণের অধিকারী।

তাঁহাদের অসাধারণ প্রেমভক্তিগুণে মুসলমান সম্রাট্ অকবরের মন বিচলিত হওয়ায় আবার হিন্দুগণ বৃন্দাবনে দেবকীর্ত্তি জাগাইতে সাহসী হইয়াছিলেন। গৌড়ীয় গোস্বামিগণের প্রভাবে ব্রজধামের পুনরুদ্ধার হইয়াছিল বলিয়াই আজও বৃন্দাবনে গৌড়ীয় গোস্বামিগণ প্রধান সম্মানলাভের অধিকারী রহিয়াছেন। বলিতে কি, ভগবানের লীলাস্থলী বাঙ্গালী হইতে উদ্ধার হইয়াছে, ইহা বাঙ্গালীর পক্ষে কম গৌরবের কথা নহে। গৌড়ীয় বৈষ্ণবের চেষ্টাতেই যে এখানকার বৃন্দাবনের সর্ব্বপ্রাচীন গোবিন্দ, গোপীনাথ ও মদনমোহনের মন্দির নির্ম্মিত হইয়াছে, তাহা বলাই বাহুল্য। ঐ সকল মন্দিরে খৃষ্টীয় ১৬শ শতাব্দীর সম্মিলিত হিন্দু মুসলমানের স্থাপত্যশিল্প দেদীপ্যমান; এখন উহার অধিকাংশ নষ্ট হইলেও স্থাপত্যশিল্পীর নিকট অতি সুন্দর, অতি প্রশংসনীয় এবং দৃষ্টান্তস্থল বলিয়া আদৃত হইবে।

অকবর, জাহাঙ্গীর ও শাহজাহানের রাজত্ব পর্য্যন্ত ব্রজমণ্ডলে গোবর্দ্ধন ও গোকুলে নানাস্থানে দেবমন্দির প্রতিষ্ঠিত হইয়াছিল। হিন্দুর দুরদৃষ্টক্রমে পূর্ব্বোক্ত মন্দিরগুলির ন্যায় বহু দেবালয় অরঙ্গজেবের দৌরাত্ম্যে নষ্ট ও পরিত্যক্ত হইয়াছিল। অরঙ্গজেবের করাল কবল হইতে রক্ষা করিবার জন্য প্রায় সকল প্রাচীন মূর্ত্তিই স্থানান্তরিত করা হয়, তন্মধ্যে মেবারের রাণা রাজসিংহ মথুরার সুপ্রসিদ্ধ কেশবদেবকে আনিয়া নাথদ্বারে প্রতিষ্ঠিত করেন। এ ছাড়া নাথদ্বারে মথুরার উপকণ্ঠ হইতে নবনীত মূর্ত্তি, কোটায় মথুরার মথুরানাথ, বৃন্দাবনের মদনমোহন এবং গোকুল হইতে গোকুলনাথ ও গোকুলচন্দ্রমামূর্ত্তি এবং সুরাটে মহাবনের প্রসিদ্ধ বালকৃষ্ণমূর্ত্তি আনিয়া প্রতিষ্ঠা করা হইয়াছিল।

মথুরা ও বৃন্দাবনের নানা কৃষ্ণমূর্ত্তি ও দেবালয় পরিদর্শন করিলে সহজেই জানা যাইবে যে, এখানে বৈষ্ণবগণের পুনরভ্যুদয়কালে প্রথমে চৈতন্যসম্প্রদায় প্রাধান্য লাভ করেন। এমন কি দিল্লীশ্বর পর্য্যন্ত তাঁহাদেয় মহিমায় আকৃষ্ট হইয়াছিলেন, সে কথা পূর্ব্বেই বলিয়াছি। এই সম্প্রদায়ের প্রভাব এখনও বৃন্দাবন হইতে লুপ্ত হয় নাই।

চৈতন্য সম্প্রদায়ের পর এখানে রাধাবল্লভী-সম্প্রদায় দেখা দিলেন। হরিবংশ নামে শাহরণপুর জেলাস্থ দেববনবাসী এক গৌড় ব্রাহ্মণ এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। আগ্রায় ১২৫৯ সংবতে ইঁহার জন্ম। যথাকালে ইনি পুত্রকন্যার বিবাহ দিয়া বৈরাগ্য

পুত্র বরণে বিবাহ করিয়া তিনি আবার কিছু বেশী বয়সে হ
পড়িলেন। বিবাহের পর তাঁহার নব শ্বশুর তাঁহাকে রাধাব
মূর্ত্তি দিয়া যান। সেই রাধাবল্লভের নামে কিশোরীভজন
কামসাধন মত প্রচার করেন। ক্রমে তাঁহার অনেক শি
জুটিল। রাধাবল্লভের মন্দির তাঁহারই কীর্ত্তি।

তুজুক নামক মুসলমান ইতিহাসে দেখা যায় যে, ঐ সম
উজ্জয়িনী হইতে মথুরায় ষড়ভুজ নামে এক সাধু আগমন ক
অকবর ও জাহাঙ্গীর উভয়েই তাঁহাকে দর্শন করিতে আসি
ছিলেন। তাঁহারও অনেক শিষ্য হইয়াছিল। কিন্তু এখন ত
তাঁহার শিষ্যসম্প্রদায়ের কোন নিদর্শন নাই।

অকবরের অধিকারকালে বৃন্দাবনে আর একজন সা
আবির্ভাব ঘটিয়াছিল। তাঁহার নাম স্বামী হরিদাস। কে
গ্রামের নিকট বর্ত্তমান হরিদাসপুরে ব্রহ্মধীরের পুত্র জ্ঞানদ
নামে এক ধনাঢ্য ব্রাহ্মণ বাস করিতেন। তিনি গিরিধারী
উপাসক ছিলেন। তৎপুত্র আশাধীর। এই আশাধীরে
পুত্র সাধু হরিদাস। হরিদাস একজন সর্ব্বত্যাগী ছিলেন
তাঁহার অপূর্ব্ব প্রেমভক্তি দর্শনে মুগ্ধ হইয়া বহু লোক তাঁহ
শিষ্য হইয়াছিল। তাঁহার এক ক্ষত্রিয় শিষ্য তাঁহাকে স্প
মণি অর্পণ করিয়াছিলেন, কিন্তু তিনি অকিঞ্চিৎকর ভাবি
তাহা যমুনায় ফেলিয়া দেন, কারণ কামিনীকাঞ্চনে তাঁ
কিছুমাত্র আসক্তি ছিল না। অকবরের প্রিয় গায়ক মী
তানসেন এই হরিদাসের শিষ্য; স্বামী হরিদাসের প্রভাবে
তানসেন অপূর্ব্ব সঙ্গীতশক্তি লাভ করেন। স্বয়ং অক
তানসেনের নিকট তাঁহার গুরুর অসাধারণ শক্তির পরি
পাইয়া বৃন্দাবনে তাঁহাকে দেখিতে আসেন। এ সময়ে হরিদ
প্রিয়শিষ্য তানসেনকে আদর করিয়াছিলেন, কিন্তু দিল্লীশ্বরে
পরিচয় জানিয়াও তাঁহার প্রতি ভ্রূক্ষেপও করেন নাই। এথা
অকবর স্বামীজীর নানা অলৌকিক শক্তিদর্শনে প্রীত হ
স্বামীজীর অনিচ্ছা থাকিলেও তাঁহার দেবসেবার জন্য নি
সম্পত্তি দান করেন।


কুঞ্জবিহারী হরিদাসের উপাস্য ইষ্টদেবতা। প্রথমে তাঁহ
শিষ্যগণের ব্যয়ে কুঞ্জবিহারীর মন্দির নির্ম্মিত হয়। অল্পদি
হইল স্বামী হরিদাসের বংশধর গোঁসাইগণের চেষ্টায়
বহুদূরদেশবাসী শিষ্যগণের অর্থানুকূল্যে ৭০০০০৲ টাকা ব
কুঞ্জবিহারীর বর্ত্তমান মন্দির নির্ম্মিত হইয়াছে। সচরাচর

বৃন্দাবনে কেশিঘাটে রামজীর মন্দির দৃষ্ট হয়। এখানে মলুকদাসী-সম্প্রদায়ের একটী পাট আছে। অরঙ্গজেবের অধিকারকালে এই সম্প্রদায়ের উদ্ভব। স্বামী হরিদাসের প্রবর্ত্তিত ভক্তি ও শান্তিবাদ মলুকদাসীরা গ্রহণ করিলেও তাঁহারা কৃষ্ণচন্দ্রের পরিবর্ত্তে রামচন্দ্রের উপাসনা করিয়া থাকেন।

মথুরার ধ্রুবশৈলে নিম্বার্ক-সম্প্রদায়ের এক অতি প্রাচীন মন্দির আছে। ঐ মন্দির দেখিলে মনে হইবে যে গৌড়ীয় বৈষ্ণবদিগের অভ্যুদয়ের সহিত এখানে নিম্বার্ক সম্প্রদায়ের আগমন হইয়াছিল। মথুরামণ্ডলে তাঁহাদের অনেক কীর্ত্তি ও বহুতর শাস্ত্রগ্রন্থ ছিল,—অরঙ্গজেবের দৌরাত্ম্যে সে সমস্তই নষ্ট হইয়াছে। বৃন্দাবনের নানা স্থানে নিম্বার্ক-সম্প্রদায়ের লোক দেখা যায়। বাথি ও কোকিলবনে এই সম্প্রদায়ী সাধু সন্ন্যাসীর গোফা আছে।

রামানুজ-প্রবর্ত্তিত শ্রীসম্প্রদায়ের প্রভাব সমস্ত দক্ষিণভারতে বহুকাল হইতে বিস্তৃত হইলেও ব্রজধামে তাঁহাদের কোন পূর্ব্ব নিদর্শন নাই। শ্রীসম্প্রদায়ীরা প্রধানতঃ বড়গলৈ ও তেঙ্কলই এই দুই শাখায় বিভক্ত। তন্মধ্যে তেঙ্কলই শাখা কিছুদিন হইল বৃন্দাবনে দেখা দেন। প্রসিদ্ধ ধনকুবের শেঠ লখ্‌মিচাঁদ তেঙ্কলই গুরুর মহিমায় মুগ্ধ হন। তিনি জৈনধর্ম্ম পরিত্যাগ করিয়া গুরুর নিকট শ্রীবৈষ্ণবী দীক্ষা গ্রহণ করেন। বৃন্দাবনের অপূর্ব্ব শ্রীরঙ্গজীর মন্দির শেঠ লখ্‌মিচাঁদের বিশাল কীর্ত্তি; সাধারণতঃ উহা 'শেঠের মন্দির' বলিয়াই প্রসিদ্ধ। এই মন্দির উত্তরভারতে নির্ম্মিত হইলেও ইহাতে দাক্ষিণাত্য-স্থাপত্যনৈপুণ্যের কতকটা আভাস পরিলক্ষিত হয়। বৃন্দাবনের পূর্ব্বসমৃদ্ধি কিছুই নাই বটে, কিন্তু ঐ শেঠের মন্দির পূর্ব্বস্মৃতির কতকটা আভাস জাগাইয়া রাখিয়াছে।

ইদানীন্তন কালের আর একটী কীর্ত্তি কৃষ্ণচন্দ্রমার বৃহৎ



রঙ্গজীর মন্দির

মন্দির। উত্তররাঢ়ীয় কায়স্থকুলতিলক কৃষ্ণচন্দ্র সিংহ ওরফে লালাবাবু ২৫ লক্ষ টাকা ব্যয়ে ১৮১০ খৃষ্টাব্দে উক্ত প্রকাণ্ড-কাণ্ড সম্পাদন ও রাধাকুণ্ডের সংস্কার করেন। লালাবাবুর সংসার-বৈরাগ্য ও ধর্ম্মপ্রাণতার পরিচয় কেবল বাঙ্গলা বলিয়া নহে, বৃন্দাবন মথুরায় সর্ব্বত্র কীর্ত্তিত হইয়া থাকে। মহাতীর্থ ভাবিয়া বহুদূরদেশ হইতে বৈষ্ণবগণ লালাবাবুর কুঞ্জ দেখিতে গিয়া থাকেন। এখানে অতিথি-সেবার জন্য লালাবাবু লক্ষাধিক মুদ্রা আয়ের সম্পত্তি দান করিয়া গিয়াছেন; সেই সম্পত্তির আয় হইতে এখানকার দেবসেবা, শত শত অতিথি ও তীর্থযাত্রীর রাজ-ভোগের বন্দোবস্ত আছে। এরূপ সেবার বন্দোবস্ত অন্যত্র বিরল।

ইদানীন্তনকালে আরও অনেক দেবমন্দির নির্ম্মিত হইয়াছে, তন্মধ্যে বৃন্দাবনে জয়পুররাজের প্রতিষ্ঠিত নবমন্দির এবং রাধাকুণ্ডের রায় বনমালী রায় বাহাদুরের প্রতিষ্ঠিত রাধা-বিনোদের মন্দির ও বৃন্দাবনে রাধাবিনোদবাগ ও তন্মধ্যস্থিত শ্রীমন্দির উল্লেখযোগ্য। রায় বনমালী বাহাদুরও উক্ত দেবসেবার জন্য যথেষ্ট ভূসম্পত্তি দান করিয়াছেন।

শাস্ত্রে ব্রজধামের দ্বাদশবনের মধ্যে শ্রীবৃন্দাবনের বহু মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। নিম্নে অতি সংক্ষেপে কয়েকটী প্রমাণ উদ্ধৃত করিয়া দেওয়া যাইতেছে যথা :—

(১) "বৃন্দাবনং দ্বাদশকং বৃন্দয়া পরিরক্ষিতম্।
মম চৈব প্রিয়ং ভূমৌ সর্ব্বপাতকনাশনম্
তত্রাহং ক্রীড়য়িষ্যামি গোপীগোপালকৈঃ সমং
সুরম্যং সুপ্রতীতঞ্চ দেবদানবদুর্ল্লভম্।" (আদিবারাহে)

(২) "ততো বৃন্দাবনং পুণ্যং বৃন্দাদেবীসমাশ্রিতম্।
হরিনাধিষ্ঠিতং তচ্চ রুদ্রব্রহ্মাদিসেবিতম্॥
বৃন্দাবনং সুগহনম্ বিশালং বিস্তৃতং বহু।
মুনীনামাশ্রমৈঃ পূর্ণং বন্যবৃন্দসমন্বিতম্॥
যথা লক্ষ্মীঃ প্রিয়তমা যথা ভক্তিপরা নরাঃ।
গোবিন্দস্য প্রিয়তমং তথা বৃন্দাবনং ভুবি॥
বৎসৈ র্বৎসতরীভিশ্চ সাকং ক্রীড়তি মাধবঃ।
বৃন্দাবনান্তরগতঃ সরামবালকৈর্বৃতঃ॥
অহো বৃন্দাবনং রম্যং যত্র গোবর্দ্ধনো গিরিঃ।
যত্র তীর্থান্যনেকানি বিষ্ণুদেবকৃতানি চ॥" (স্কান্দে মথুরা খণ্ডে)

(৩) "বনমানন্দকন্দাখ্যং মহাপাতকনাশনম্।
সমস্তদুঃখসংহন্তৃ জীবমাত্রবিমুক্তিদম্॥" (পাদ্মে নির্ব্বাণখ°)

(৪) "বনং বৃন্দাবনং নাম পশব্যং নবকাননম্।
গোপগোপীগবাং সেব্যং পুণ্যাদ্রিতৃণবীরুধম্॥
বৃন্দাবনং সখিভূবো বিতনোতি কীর্ত্তিং
যদ্দেবকীসুতপদাম্বুজলব্ধলক্ষ্মি।
গোবিন্দবেণুমনুমত্তময়ূরনৃত্যং
প্রেক্ষ্যাদ্রিসান্বপরতান্যসমস্তসত্ত্বম্। (শ্রীভাগবত ১০।২১।১০)

গৌতমীয়তন্ত্রেও শ্রীবৃন্দাবনমাহাত্ম্য লিখিত আছে। নারদ শ্রীকৃষ্ণের নিকট বৃন্দাবনমাহাত্ম্য জিজ্ঞাসা করায় শ্রীকৃষ্ণ তাহার উত্তর দিতেছেন :—

"ইদং বৃন্দাবনং রম্যং মম ধামৈককেবলং।
অত্র যে পশবঃ পক্ষিবৃক্ষকীটা নরামরাঃ॥
যে চ সন্তি মমাধিষ্ঠে মৃতা যান্তি মমালয়ম্।
অত্র যা গোপকন্যাশ্চ নিবসন্তি মমালয়ে।
যোগিন্যস্তা ময়া নিত্যং মম সেবাপরায়ণাঃ॥
পঞ্চযোজনমেবাস্তি বনং মে দেহরূপকং।
কালিন্দীয়ং সুষুম্নাখ্যা পরমামৃতবাহিনী॥
অত্র দেবাশ্চ ভূতানি বর্ত্তন্তে সূক্ষ্মরূপতঃ।
সর্ব্বদেবময়শ্চাহং ন ত্যজামি বনং ক্বচিৎ॥
আবির্ভাব স্তরোভাবো ভবেদত্র যুগে যুগে।
তেজোময়মিদং রম্যমদৃশ্যং চর্ম্মচক্ষুষা॥"

গৌতমীয়তন্ত্রে যে বৃন্দাবনধাম বর্ণিত হইয়াছে, উহা যোগিজনের ধ্যেয় বিষয়। ধ্যানফলেই এই শ্রীবৃন্দাবন দৃষ্ট হয়। ফলতঃ শ্রীবৃন্দাবনধাম নিত্য, সুতরাং মায়ার অতীত। গোকুলে গো-গোপবৈভব লইয়াই শ্রীভগবান্ লীলা করেন। শ্রীবৃন্দাবনে শ্রীভগবানের যে সকল মধুর লীলা হইয়াছে, অন্য কুত্রাপি সেরূপ লীলামাধুর্য্যের বর্ণনা দেখিতে পাওয়া যায় না। অলিকুলগুঞ্জিত কোকিলকূজিত কুঞ্জকানন ও শত মধুময় লীলার আধার শত শত কবির কাব্যরসের অক্ষয় উৎস শ্যামল যমুনা-পুলিনের বর্ণনা এখনও শ্রীকৃষ্ণলীলার স্মৃতি, কবি ও ভক্তের হৃদয়ে জাগরূক করিয়া তোলে। শ্রীরাধিকার আরামস্থলী, ব্রহ্মকুণ্ড, কেশীতীর্থ, বংশ, বট, চীরঘাট, নিধুবন, নিকুঞ্জকুটীর, রাসস্থলী, ধীরসমীর, মুঞ্জাটবী, জয়াটবী, দাবানল, প্রস্কন্দনতীর্থ, কালীয়হ্রদ, কেলিকদম্ব, দ্বাদশাদিত্যতীর্থ, সূর্য্যঘাট, গোবিন্দঘাট, বেণুকূপ, আমলীতলা, রূপসনাতনের অপ্রকট স্থান, গোবিন্দকুঞ্জ, বাপীকূপ, ভোজনস্থান, অক্রূরঘাট, গোকর্ণ, ধ্রুবঘাট, মধুবন, শান্তনতল, রাধাকুণ্ড, শ্যামকুণ্ড, ললিতাকুণ্ড, কুসুমসরোবর, গোবিন্দকুণ্ড, কুমুদবন, দানঘাট, ইত্যাদি বহুল দর্শনীয় পুণ্য স্থানের নাম শ্রীবৃন্দাবন পরিক্রমাগ্রন্থে উল্লিখিত আছে। ভক্তগণ শ্রীবৃন্দাবনপরিক্রমাকালে এই সকল স্থান সন্দর্শন করিয়া পুণ্যসঞ্চয় করেন।

২ ভগবতীর পীঠস্থানভেদ, এই স্থানের প্রকৃতির নাম রাধা। "রুক্মিণী দ্বারাবত্যান্তু রাধা বৃন্দাবনে বনে।" (দেবীভা° ৭।৩০।৬৯)

বৃন্দাবন, গোপালস্তবরাজভাষ্যপ্রণেতা।

বৃন্দাবন গোস্বামিন্, ভাগবতরহস্যরচয়িতা।

বৃন্দাবনচন্দ্র তর্কালঙ্কার চক্রবর্ত্তী, কবিকর্ণপুর কৃত অলঙ্কারকৌস্তভের অলঙ্কারকৌস্তভদীধিতি-প্রকাশিকা নাম্নী টীকারচয়িতা। ইনি রাধাচরণ কবীন্দ্র চক্রবর্ত্তীর পুত্র।

বৃন্দাবন দাস, একজন পরম বৈষ্ণব। কৃষ্ণকর্ণামৃতটীকা, নিত্যানন্দযুগলাষ্টক, রাসকল্পসারস্তব, রামানুজগুরুপরম্পরা প্রভৃতি কএকখানি সংস্কৃত কাব্য রচনা করিয়া তিনি কবিজগতে যশোলাভ করিয়াছেন।

বৈষ্ণব সাহিত্যে চৈতন্যভাগবতরচয়িতা বৃন্দাবন দাসের উল্লেখ পাওয়া যায়। তিনি শ্রীনিবাসের ভ্রাতৃকন্যা নারায়ণীর পুত্র। নবদ্বীপে তাঁহার জন্ম হয়।

তিনি মহাপ্রভুর পরমভক্ত ও তচ্চরিতলেখক। বাল্যে নবদ্বীপে এবং বয়ঃকালে নীলাচলে যাইয়াও মহাপ্রভুর সহিত দেখা না হওয়ায় তিনি নিজগ্রন্থে পাপজন্মের জন্য বিস্তর আক্ষেপ করিয়াছেন ১৫৮৯ খৃষ্টাব্দে ৮২ বৎসর বয়সে তাহার অদর্শন ঘটে। এই দীর্ঘ জীবন তিনি বৈষ্ণব সমাজে সমাদরে অতিবাহিত

করিয়া গিয়াছেন। মহাপ্রভুর তিরোধানের পরে তিনি চৈতন্য-ভাগবত ও নিত্যানন্দবংশমালা প্রচার করেন। বর্দ্ধমান জেলার মন্ত্রেশ্বর থানার অন্তর্গত দেনুড় গ্রামে বৃন্দাবন দাসের প্রতিষ্ঠিত মন্দির ও বিগ্রহ আছে। উহা বৈষ্ণব সমাজে "দেনুড় শ্রীপাঠ" নামে পরিচিত।

খেতুরির মহোৎসবে "বিজ্ঞবর" বৃন্দাবন উপস্থিত ছিলেন। স্বয়ং কৃষ্ণদাস কবিরাজ বৃন্দাবন দাসকে 'চৈতন্যলীলার ব্যাস' বলিয়া সম্মাননা করিয়া গিয়াছেন। বৃন্দাবন দাসের রচিত গোপিকামোহনকাব্যও বৈষ্ণব সমাজের আদরের বস্তু।

[বাঙ্গালা সাহিত্য দেখ।]

বৃন্দাবন দেব, নিম্বার্ক সম্প্রদায়ের একজন গুরু। ইনি নারায়ণ দেবের শিষ্য ও গোবিন্দ দেবের গুরু।

বৃন্দাবন শুক্ল, একজন বিখ্যাত পণ্ডিত। ইনি আদ্য দীপদান বিধি, উষাচরিত, কুবেরচরিত, কৃতস্মরবর্ণন, কেশবীপদ্ধতি-টীকা, কোটিহোমবিধি, গণেশার্চ্চনদীপিকা, গুণমন্দারমঞ্জরী-টিপ্পন, গৌরীচরিত, চণ্ডিকার্চ্চনচন্দ্রিকা, চন্দ্রোন্মীলনচন্দ্রিকা, জ্ঞানপ্রদীপ, তীর্থসেতু, দত্তক-মীমাংসাটিপ্পনী, দানচন্দ্রিকা, দায়-তত্ত্বটীকা, দুর্গাটীকা, নৃসিংহপূজাপদ্ধতি, পাটীসারটীকা, প্রতিষ্ঠা-কল্পলতা, প্রশ্নচূড়ামণি, প্রশ্নবিবেক, ভাস্বত্যুদাহরণ, মথুরা-মাহাত্ম্যসংগ্রহ, মলমাসতত্ত্বটীকা, মার্কণ্ডেয়চরিত, যোগচন্দ্রিকা, যোগবিবেক, যোগসূত্রটিপ্পন, লীলাবতীটীকা, বাল্মীকিচরিত, ষোড়শীপটল, শাম্বচরিত প্রভৃতি গ্রন্থ প্রণয়ন করেন।

বৃন্দাবনেশ্বর (পুং) বৃন্দাবনস্য ঈশ্বরঃ। শ্রীকৃষ্ণ। (পদ্মোত্তর)

বৃন্দাবনেশ্বরী (স্ত্রী) বৃন্দাবনস্য ঈশ্বরী। শ্রীমতী রাধা।

বৃন্দিন্ (ত্রি) বৃন্দসংখ্যাবিশিষ্ট। (ভারত উদ্যোগপর্ব্ব)

বৃন্দিষ্ঠ (ত্রি) অয়মনয়োরেষাম্বা অতিশয়েন বৃন্দারক ইতি বৃন্দারক-ইষ্টন্ (প্রিয়স্থিরেতি। পা ৬।৪।১৫৭) ইতি বৃন্দারকস্য বৃন্দাদেশঃ। শ্রেষ্ঠ।

বৃন্দীয়স্ (ত্রি) অয়মনয়োরেষাম্বা অতিশয়েন বৃন্দারকঃ, বৃন্দারক-ঈয়সুন্ প্রিয়স্থিরেত্যাদিনা বৃন্দাদেশঃ। বৃন্দিষ্ঠ, দুই বা বহুর মধ্যে শ্রেষ্ঠ।

বৃশ, আবরণ। দিবাদিঁ পরস্মৈঁ সকঁ সেটঁ। লটঁ বৃশ্যতি। লিটঁ ববর্ষ। লুঙঁ অবর্শীৎ।

বৃশ (পুং) বৃ-শক্ (জনিদাচ্যু সৃবৃমদীতি। উণ্ ৪।১০৪)
১ উন্দুরু। (শব্দরত্না°)। ২ বাসক। (ভরত)

বৃশা (স্ত্রী) ওষধিবিশেষ। (উণাদিকোষ)

বৃশ্চন (পুং) বৃশ্চিক। (রাজনি°)

বৃশ্চি (পুং) রক্ত পুনর্নবা। (বৈদ্যকনি°)

বৃশ্চিক (পুং) ব্রশ্চূ ছেদনে (বৃশ্চিকৃষ্যোঃ কিকন্। উণ্ ২।৪০) ইতি কিকন্। শূককীট, (অমর) চলিত শুয়াপোকা। পর্য্যায় শূককীটক। (শব্দরত্না°) ২ স্বনামপ্রসিদ্ধ কীট বিশেষ, চলিত বিছা, হিন্দী বিচ্ছু, মহারাষ্ট্র বিঞু। পর্য্যায়—অলি, দ্রোণ, বৃশ্চন, দ্রুণ, পৃদাকু, অরুণ, অলী। (জটাধর)

আমাদের দেশে সাধারণতঃ দুই জাতীয় বৃশ্চিক দেখা যায়। একটী কাঁকড়া বিছা, ইংরাজীতে যাহাকে Scorpion বলে এবং অপরটী শতপদী শ্রেণীভুক্ত সাধারণ বিছা। প্রাণিতত্ত্ববিদ্‌গণ শেষোক্ত জাতীয় বিছাগুলিকে Caterpillar জাতি বলিয়া নির্দ্দেশ করেন। এই উভয় জাতিরই হুল আছে। ঐ হুলের দ্বারা যখন তাহারা মনুষ্যাদিকে আততায়িভাবে আক্রমণ করে, সেই সময় ঐ হুল হইতে এক প্রকার বিষ নির্গত হয়, সেই বিষে জীব-শরীরে ভয়ানক জ্বালা হইয়া থাকে। প্রাচীন কবিগণ নিদারুণ মানসিক পীড়াকে বৃশ্চিকের দংশন জ্বালার সহিত তুলনা করিয়া গিয়াছেন।

এখনকার ন্যায় প্রাচীন ভারতেও সর্পবৃশ্চিকাদির অত্যাচার প্রবল ছিল। ঋক্ সংহিতার ১।১৯১।১০-১৬ মন্ত্রে অগস্ত্য ঋষি বিষ অপনয়নের নিমিত্ত সর্পশত্রু সূর্য্য, শকুন্ত, অগ্নি, নদী, ময়ূর ও নকুলকে স্মরণ করিয়াছেন, উক্ত সূক্তে ৭ মন্ত্রে লিখিত আছে বৃশ্চিকাদিকে সূচিকাবিশিষ্ট এবং ১৬ মন্ত্রে বৃশ্চিকের বিষ রসশূন্য নহে, অর্থাৎ অসার বা প্রাণের ব্যাঘাতকর নহে। সায়ণাচার্য্য বলেন, অগস্ত্য বিষ-শঙ্কাযুক্ত হইয়া বিষ-পরিহারের জন্য ঐ সূক্তটী আবৃত্তি করিয়াছিলেন। শৌনকের মতে বিষগ্রস্ত ব্যক্তি এই সূক্তটী উচ্চারণ করিলে বিষক্ষয় হয়।

অথর্ব্ববেদের ১০।৪।৯, ১৫ এবং ১২।১।৪৬ মন্ত্রে বৃশ্চিকের বিষপ্রভাবের পরিচয় পাওয়া যায়। গোময় হইতে এই কর্কট জাতীয় বৃশ্চিকের উদ্ভব হয় বলিয়া, ইহাকে গোময়-কীট বলা হইয়া থাকে। (অমরটীকায় ভরত)

এই কর্কট জাতীয় বিছা Arachnida শ্রেণীর Scorpionidæ থাকের অন্তর্ভুক্ত। ইহাদের মূলদেহ কর্কটাকৃতি, আটটী পদ; খাদ্য দ্রব্য ও মনুষ্যাদি শত্রুকে কামড়াইয়া ধরিবার জন্য দুইটী দাড়া এবং পশ্চাদ্দেশে গ্রন্থিবিশিষ্ট একটী দীর্ঘপুচ্ছ আছে। ঐ পুচ্ছের অগ্রভাগে বক্রাকার হুল (Sting) থাকে। যখন কোন ব্যক্তি স্বেচ্ছাক্রমে বা অজ্ঞাত অবস্থায় ইহাদের গতি রোধ করে, তখন ইহারা কুপিত হইয়া সেই প্রতিপক্ষ শত্রুকে দাড়া দ্বারা আক্রমণ করে এবং পুচ্ছাগ্রে স্থিত হুল পৃষ্ঠের উপর দিয়া ঘুরাইয়া সেই দষ্ট স্থানে ফুটাইয়া দেয়, তাহাতেই ক্ষত স্থানে জ্বালা অনুভূত হইয়া থাকে।

উত্তর ও দক্ষিণ গোলার্দ্ধের উষ্ণপ্রধান স্থানে এই জাতীয় জীবসমূহকে দেখিতে পাওয়া যায়। সাধারণতঃ ইটপাটকেল

ময়লা বা ভগ্ন অট্টালিকা স্তূপের মধ্যে এবং গৃহের যেখানে ঐরূপ আবর্জ্জনা আছে, সেইরূপ শীতল অন্ধকারাবৃত স্থানে ইহারা লুকাইয়া থাকে। ইহারা শ্বাসপ্রশ্বাসগ্রাহী এবং ঝিল্লিপোকার ন্যায় ইহারাও এক প্রকার শব্দ করে। আটটী পদের সাহায্যে ইহারা অতিশয় দ্রুত চলিতে পারে। দৌড়াইবার সময় ঐ পুচ্ছ ইহারা পৃষ্ঠোপরি বৃত্তাকারে গুটাইয়া হুলটী ঠিক যেন মাথার উপর আনে।

আমাদের দেশের এবং মধ্য এসিয়ার লোকদিগের বিশ্বাস পর্ব্বতজ কর্কটবৃশ্চিক বা বিচ্ছুর বিষ মারাত্মক; কিন্তু বর্ত্তমান সময়ে বিষবিজ্ঞানের আলোচনায় জানা গিয়াছে যে, ঐ বিষ তাদৃশ প্রখর নহে। তবে কোন কোন স্থলে বিচ্ছুদষ্ট রোগী শারীরিক কৃশতা, অসুস্থতা ও চিত্তের দৌর্ব্বল্য জন্য ভয়েই হৃদ্‌রোগ আনয়ন করে এবং তাহাতেই তাহার মৃত্যু ঘটে। এই বিষ বৈদ্যকশাস্ত্রে শিমূলক্ষার নামে পরিকীর্ত্তিত।

বর্ত্তমান সময়ে বিছার কামড়ের জ্বালা উপশমের জন্য চিকিৎসকগণ ক্ষত স্থানে ক্লরোফরম বা ক্ষার লেপন করিতে আদেশ দেন। কখন কখন অল্প মাত্রায় ক্লরোফরম খাইতে দেওয়া যায়। ইপিকাকের প্রলেপও বিশেষ ফলপ্রদ। আমেরিকারযুক্ত রাজ্যে হুইস্কিই বৃশ্চিকদংশনের এক মাত্র ঔষধ বলিয়া প্রচলিত। এই জন্য সাধারণে উহাকে Whisky cure বলিয়া থাকেন। ঐ হুইস্কি আরকের সহিত চর্ব্বিত তাম্রকুটের পুলটীস দিলে আশু ফল দর্শে।

সিংহল দ্বীপের দীর্ঘকায় কাল বিচ্ছুগুলি Buthus afer নামে পরিচিত। ইহারা কামড়াইলে মানুষের বিশেষ ক্ষতি হয় না; কিন্তু ক্ষুদ্র পক্ষীরা ঐ বিচ্ছুকর্ত্তৃক আহত হইলে অচিরে আক্ষেপগ্রস্ত হইয়া মৃত্যুমুখে পতিত হয়। শুনা যায় যদি কোন বিচ্ছুকে কৌশল ক্রমে অগ্নি দ্বারা ঘিরিয়া ফেলা যায় এবং তাহার পলাইবার উপায় না থাকে, তাহা হইলে সে আপনার হুলে আপনি আহত হইয়া আত্মপ্রাণ বিসর্জ্জন করে।

ভারতে সর্ব্বত্রই বিচ্ছু আছে, কিন্তু পুণার নিকটবর্ত্তী গোর নদীর তীরস্থ ময়দানে প্রভূত পরিমাণে বিচ্ছুর বাস আছে, তথাকার বালকেরা বিচ্ছুর নিবাসভূমি মৃত্তিকাভ্যন্তরস্থ গর্ত্ত খুড়িয়া তাহাতে বালি বা ধূলা নিক্ষেপ করে। ধূলিপাতে বিরক্ত হইয়া বিচ্ছু স্বীয় বিবর হইতে বাহিরে আসিলে বালকেরা গর্ত্তের মধ্যে হরিণশৃঙ্গ প্রবিষ্ট করিয়া দেয়। তাহাতে ঐ কীট আর গর্ত্তে প্রবেশ করিতে পারে না। বালকেরা তখন দৃঢ় সূত্র দ্বারা উহার কতকগুলিকে একত্র বান্ধে। তারপর ঐ বিচ্ছুগুলিপরস্পর পরস্পরকে আক্রমণ করিয়া থাকে। বাইবেলগ্রন্থের Numbers xxxiv. 4; Joshua xv.3; Judges I .36, Maccabees v. 3; প্রভৃতি স্থানে পালেস্তিন ও মিসোপোটামিয়ার বৃশ্চিক বাহুল্যের পরিচয় আছে।

পুং বৃশ্চিকগুলি অপেক্ষা স্ত্রী বৃশ্চিকগুলি সাধারণতঃ দীর্ঘাকৃতি হইয়া থাকে। ইহাদের দুইটী শিশ্ন, তাহা উহাদের শিরোভাগে স্থাপিত। স্ত্রীদিগেরও ঐরূপ স্থানে দুইটী জনন গহ্বর দৃষ্ট হয়। সংসর্গকালে তাহারা পরস্পরের পৃষ্ঠে সংলগ্ন হয়। এক বৎসর কাল গর্ভধারণ করিয়া প্রায় ৪০ হইতে ৬০টী ডিম্ব প্রসব করে ও স্বীয় অঙ্গে রাখিয়াই ঐ ডিম্বগুলি ফুটাইয়া ছানা বাহির করে। মাকড়সার ডিম ইহাদের প্রিয় খাদ্য।

শতপদীজাতীয় বিছাসমূহের মধ্যে তেঁতুলে বিছাই আকৃতিতে বিতস্তি প্রমাণ বা তাহার কিঞ্চিৎ অধিক লম্বা হয়। দুই পার্শ্বের পদশ্রেণী বাদে ইহাদের দেহযষ্টির প্রশস্ততা প্রায় অর্দ্ধ ইঞ্চিরও অধিক দেখা যায়। পদ লইয়া ধরিলে ১৷৷০ ইঞ্চির কম হয় না। বাল্যাবস্থায় ইহাদের গাত্রবর্ণ কৃষ্ণ থাকে, কিন্তু বয়োবৃদ্ধির সঙ্গে দেহের গ্রন্থিগুলির সংযোগস্থল ঈষৎ শ্বেতবর্ণ হইতে মধ্যগ্রন্থিতে রক্তাভহরিদ্রা হইয়া থাকে। ইহাদের গ্রন্থিবিশিষ্ট গঠন ও হরিদ্রাবর্ণ গাত্রবর্ণের সহিত তিন্তিড়ীফলের অনেক সাদৃশ্য থাকায় লোকে ইহাকে তেঁতুলেবিছা বলে। ইহাদের মুখের দুইপার্শ্ব দিয়া হুল আছে। ঐ হুলের দ্বারা তাহারা মনুষ্যাদি জীবকে দংশন করে। পুচ্ছের দিকেও অনুরূপ দুটী কৃত্রিম হুল আছে। সাধারণের বিশ্বাস সেই পুচ্ছের হুলেই বিষ, কিন্তু বাস্তবিক তাহা নহে। মুখের হুল কাটিয়া দিলে প্রায় ১৷৷০ মাসের মধ্যে উহা পুনরায় পূর্ব্বাবস্থায় গজাইয়া উঠে। ইহারা বুক দিয়া হাটে বলিয়া ইহাদিগকে সরীসৃপ শ্রেণীভুক্ত করা হইয়াছে। গৃহের দেওয়াল ও বৃক্ষাদির উপরে ইহারা সহজেই উঠিতে পারে। পদগুলির সাহায্যে ইহারা যেমন সম্মুখভাগে হাটিতে পারে, তেমনই পশ্চাদ্ভাগে তাহারা গতি চালিত করিতে সমর্থ হয়। ইহাদের দংশনজ্বালাও বিশেষ প্রকার গুরুতর। এই শ্রেণীতে অপেক্ষাকৃত ক্ষুদ্রাকার আরও দুই জাতীয় বিছা দেখা যায়। তন্মধ্যে ঈষৎ শ্বেতকায়গুলি সরস্বতী-বিছা নামে বর্ণিত। ইহারা বড় কামড়ায় না; তদাকার কৃষ্ণকায় খুদে বিছাগুলি কামড়ায় বটে, কিন্তু তাহাদের বিষের জ্বালা তেঁতুলে বিছের দংশনাপেক্ষা অনেক কম। এই বিছার হুলের বিষ পিয়াজের রসে প্রশমিত হয়। ক্ষতস্থানে প্রস্রাববারি বা হুকার জলদানেও বিশেষ উপকার দর্শে।

কানচেল নামে এই জাতির অনুরূপ আকৃতির একপ্রকার কীট দেখা যায়। উহারা কামড়ায় না কিন্তু উহাদের গাত্র স্পর্শ করিলে একপ্রকার আঠা হাতে লাগে, তাহা রাত্রিতে চক্‌চক্

করে। ঐ আঠা হইতে কণ্ডু উৎপন্ন হয় বলিয়া এই জাতির উপর সাধারণের ঘৃণা। [শতপদী দেখ।]

বৃশ্চিকে দংশন করিলে তৎক্ষণাৎ অগ্নিদাহবৎ জ্বালা উপস্থিত হয়, দংশন স্থান যেন ভেদবৎ হইতে থাকে। বৃশ্চিকের বিষ অতি শীঘ্রই দেহের যেন ঊর্দ্ধে উঠে, পশ্চাৎ দংশন স্থানে আসিয়া অবস্থিতি করে। বৃশ্চিক হৃদয়ে, নাসিকায় বা জিহ্বায় দংশন করিলে যদি সেই দংশনস্থান হইতে মাংস পচিয়া খসিয়া পড়ে এবং দষ্ট ব্যক্তি অত্যন্ত বেদনার্ত্ত হয়, তাহা হইলে সেই দংশন অসাধ্য। এইরূপ অবস্থা হইলে দষ্ট ব্যক্তির প্রাণবিয়োগ হইয়া থাকে।

বৃশ্চিক বিষে ঘৃত ও সৈন্ধব দ্বারা স্বেদ এবং অভ্যঙ্গ ব্যবস্থা করিবে। উষ্ণ জলাদি দ্বারা পরিষেক উষ্ণ ভোজ্য ভোজন, এবং ঘৃতপান বিধেয়, পাংশুদ্বারা প্রতিলোম ভাবে উদ্বর্ত্তন এবং ঘন আচ্ছাদন অথবা উষ্ণজলে দষ্টস্থান উত্তপ্ত করিয়া ঐরূপ আচ্ছাদন করিলেও বিশেষ উপকার হয়। কপোতবিষ্ঠা, টালালেবু, শিরীষ পুষ্পের রস, চোরপুষ্পী, আকন্দ আটা, শুঁঠ, করঞ্জ ও মধু এই যোগ প্রয়োগে বৃশ্চিকবিষদোষ আশু প্রশমিত হয়। ইহাতে বাতপিত্তনাশক ক্রিয়া করা প্রশস্ত। ইন্দ্রযব, তগরপাদুকা, জালিনী (ঘোষা-বিশেষ), কট্‌কী ও তিতলাউ, এই যোগ পান ও নস্যে প্রয়োগ করিলে বৃশ্চিকবিষ প্রশমিত হয়। কণ্ডূ, সূচীবেধবৎ ব্যথা, বিবর্ণতা, স্পর্শানভিজ্ঞতা, ক্লেদ, শরীরের শোষণ, বিদাহ, লৌহিত্য, জ্বালা যন্ত্রণা, পাক, শোথ, গ্রন্থিকুঞ্চন, দংশাবদরণ, স্ফোটোৎপত্তি, গাত্রে পদ্মকর্ণিকাবৎ মণ্ডলোৎপত্তি ও জ্বর, বিষ থাকিলে এই সকল লক্ষণ প্রকাশ পায়। আর নির্বিষ হইলে ইহার বিপরীত লক্ষণ হইয়া থাকে। (চরক চিকিৎসিতস্থা° বিষচি° ২৩ অ°)

৮ মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত অষ্টম রাশি। ইহার অধিষ্ঠাত্রী দেবতা বৃশ্চিকাকার, বিশাখা নক্ষত্রের শেষ পাদে, অর্থাৎ বিশাখা নক্ষত্রের স্থিতি পরিমাণকে চারিভাগ করিয়া তাহার শেষ ভাগে এবং অনুরাধা ও জ্যেষ্ঠা নক্ষত্রের স্থিতিকাল পর্য্যন্ত বৃশ্চিক রাশি এবং উহাতে যাহার জন্ম হয়, তাহার বৃশ্চিক রাশি হইয়া থাকে। এই রাশি শীর্ষোদয়, শ্বেতবর্ণ, জলরাশি, উত্তর দিক্‌পতি, কফপ্রকৃতি, জলচর, বহুপুত্র, বহুস্ত্রীসঙ্গ, চিত্রতনু ও বিপ্রবর্ণ। ইহার বিশেষ সংজ্ঞা সৌম্য, অঙ্গনা, যুগ্ম, সম, স্থির, পুষ্কর, সরীসৃপজাতি, গ্রাম্য। বৃশ্চিক রাশি মঙ্গল গ্রহের ক্ষেত্র এবং চন্দ্রের নীচ স্থান, অর্থাৎ বৃশ্চিক রাশিতে চন্দ্র থাকিলে নীচস্থ হন। এই রাশিজাতফল—

"বহুজনধনভাগী স্ত্রীষু সৌভাগ্যযুক্তঃ
পিশুনমতিমনুষ্যো রাজসেবানুরক্তঃ।
অভিলষতি পরার্থং নিত্যমুদ্যোগযুক্তো
দৃঢ়মতিরতিশূরো বৃশ্চিকো যস্য রাশিঃ॥" (কোষ্ঠীপ্র°)

বৃশ্চিক রাশিতে জন্ম হইলে অনেক ধনজনভাগ্যসম্পন্ন, পত্নীভাগ্যযুক্ত, খলবুদ্ধি, রাজসেবানুরক্ত, সদা পরধনাভিলাষী, সর্ব্বদা উৎসাহী, দৃঢ়বুদ্ধি বিশিষ্ট ও অতিশয় শূর হয়। ইহা ভিন্ন পূর্ব্বে এই রাশির যে সকল সংজ্ঞা বলিয়াছি, জাতক তাদৃশ গুণ সম্পন্ন হইয়া থাকে।

রাশির ইহাই সাধারণ গুণ, ইহা ভিন্ন এই রাশিতে রবি প্রভৃতি গ্রহগণ অবস্থিতি করিলেও তাহার ফলের বিভিন্নতা দৃষ্ট হয়।

বৃশ্চিক রাশিতে রবিগ্রহ অবস্থিতি করিলে যুদ্ধ নিপুণ, এবং সর্ব্বদা যুদ্ধাভিলাষী, বেদধর্ম্মরত, মিথ্যাপরায়ণ, মূর্খ, সুশীলভার্য্যান্বিত, ক্রূর, ক্রোধী, অসদ্‌বৃত্ত, লোভী, কলহপ্রিয়, মিথ্যাবাদী, শস্ত্র, অগ্নি বা বিষগ্রস্ত, এবং পিতা মাতার দুর্ভাগ্যকর হয়।

এই রবি চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইলে দানরত, বহুভৃত্যযুক্ত, মনোহরযুবতীপ্রিয়, ও মৃদুশরীর হয়। মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে সংগ্রামে উৎকট বীর্য্যসম্পন্ন, ক্রূর, চক্ষু, কেশ ও পদ রক্তবর্ণ তেজস্বী ও বলশালী এবং বুধ কর্ত্তৃক দৃষ্ট হইলে ভৃত্যকর্ম্মকর, পরকার্য্যরত, মন্দধনসম্পন্ন, সত্ত্বহীন, বহুদুঃখ যুক্ত, ও মলিন দেহ। বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে ধনী, দাতা, রাজমন্ত্রী বা দণ্ডনায়ক; শুক্র কর্ত্তৃক দৃষ্ট হইলে কুৎসিত, কমনীয় গতি, অনেক শত্রুসংযুক্ত, বন্ধুহীন, দীন ও কুষ্ঠরোগী এবং শনি কর্ত্তৃক দৃষ্ট হইলে দুঃখী, কার্য্যে উৎসাহী, জড় ও মূর্খ হয়।

বৃশ্চিক রাশিতে চন্দ্র থাকিলে লোভী, দৃঢ়শরীর, নাস্তিক, ক্রূর, চেষ্টাপর, চৌর, বাল্যকালে রোগার্ত্ত, সুন্দর চক্ষু, সমৃদ্ধশালী, কর্ম্মোদ্যোগী, অতিশয় দক্ষ, পরস্ত্রীরত, বন্ধুহীন, প্রমত্তস্বভাববিশিষ্ট, উগ্র, রাজকৃত ধনসম্পন্ন, স্থূল জঠর ও স্থূল মস্তক হয়।

ঐ বৃশ্চিক রাশিস্থিত চন্দ্র রবি কর্ত্তৃক দৃষ্ট হইলে সদা কর্ম্মে উদ্যোগী, লোকদ্বেষ্য, ধনী ও সুখহীন, মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে অতিশয় ধৈর্য্যশালী, নৃপতি তুল্য, বিভূতিযুক্ত, শূর এবং সমরে অজেয় হইয়া থাকে। বুধ কর্ত্তৃক দৃষ্ট হইলে অতিচতুর, অপ্রীতিকর বাক্যযুক্ত, যমজ সন্ততিবিশিষ্ট ও সঙ্গীত কুশল হয়। বৃহস্পতিদৃষ্ট হইলে সর্ব্বদা কর্ম্মে উদ্যোগশীল, লোকদ্বেষ, ধনবান্ ও রূপবান্ হয়। শুক্র দেখিলে অতি অহঙ্কারী, অত্যন্ত সৌভাগ্যযুক্ত, শ্রেষ্ঠবাহনযুক্ত ও উত্তম যুবতী এবং শনি দেখিলে নীচ সন্ততিযুক্ত, কৃপণ, ব্যাধিযুক্ত, অটলশীল, সত্যহীন ও নরাধম হয়।

বৃশ্চিক রাশিতে মঙ্গল থাকিলে ব্যবহার, শ্রুতি, সত্য ও চৌরসকলের অধিপতি, ক্রিয়ানিপুণ, যুদ্ধোৎসুক, অতিশয়

পাপ-পরায়ণ, অনেক অপরাধযুক্ত, দুর্ব্বল, গোত্রবধকর, দুষ্টবুদ্ধি, অনেক গো, ভূমি, পুত্র ও যুবতীর অধীশ্বর, অসচ্চরিত্র, বিষ, অগ্নি, অস্ত্র ও ব্রণদ্বারা সন্তপ্ত হইয়া থাকে।

বৃশ্চিক মঙ্গলের নিজগৃহ, সুতরাং ঐ নিজক্ষেত্রে থাকিয়া যদি রবিকর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে নৃপতি, উদারপ্রকৃতি, মাতৃরহিত, ক্ষতাঙ্গ, স্বজনের দ্বেষ্টা ও মিত্রবিহীন হয়। চন্দ্রকর্ত্তৃক দৃষ্ট হইলে ঈর্ষাযুক্ত, কন্যার প্রিয়, পরস্বগ্রহণে নিপুণ ও দেবভক্ত; বুধকর্ত্তৃক দৃষ্ট হইলে দ্বেষ্টা ও বেশ্যাপতি; বৃহস্পতিকর্ত্তৃক দৃষ্ট হইলে গুণবান্, প্রভু ও ধনবান্; শুক্রকর্ত্তৃক দৃষ্ট হইলে স্ত্রীর নিমিত্ত বন্ধনভাগী, মিত্রহীন এবং স্ত্রীহেতুক মধ্যে মধ্যে ধনহীন; শনিকর্ত্তৃক দৃষ্ট হইলে চৌরঘাতক, অতিশয় শূর, নির্দ্দয়, নীচস্ত্রী-হরণকারী ও স্বজনবিহীন হয়।

বৃশ্চিক রাশিতে বুধ থাকিলে শ্রম, শোক ও অনর্থপরায়ণ, শত্রুযুক্ত, মূর্খ, সাধুতাবিহীন, লোভী, দুষ্টস্ত্রীসংসর্গশীল, নিষ্ঠুর, দাম্ভিক, অস্থিরকর্ম্মকর, লোকবিদ্বিষ্ট, অতিশয় বিরুদ্ধধর্ম্মা, ঋণগ্রস্ত, নীচান্নপ্রিয় ও পরের নিকট হইতে গ্রহণশীল হয়।

বুধ মঙ্গলের গৃহে থাকিয়া রবিকর্ত্তৃক দৃষ্ট হইলে সত্যবাদী, সুখী, রাজসৎকৃত, এবং বন্ধুজনপ্রিয়; চন্দ্রকর্ত্তৃক দৃষ্ট হইলে যুবতীপ্রিয়, অতিশয় সেবক, অত্যন্ত মলিনদেহ ও গীত-বাদ্যানুরাগী; মঙ্গলকর্ত্তৃক দৃষ্ট হইলে মিথ্যাপ্রিয়, সুন্দরবাক্য ও কলহযুক্ত, পণ্ডিত, প্রচুর ধনবান্, ভূমিপ্রিয় ও শূর; বৃহস্পতি দেখিলে সুখী, প্রভূত ধনবান্ ও পাপী, শুক্র দেখিলে নৃপকার্য্য-কারী, সুভগ, চতুর, বিশ্বাসী, এবং শনি দেখিলে অতিশয় দুঃখী, উগ্রপ্রকৃতি, পরহিংসাকারী ও নিত্য কুলজনবিহীন হইয়া থাকে।

বৃশ্চিকে বৃহস্পতি থাকিলে অনেক শাস্ত্রকুশল, নরপালক, দক্ষ, দেবালয় ও পুরকর্ত্তা, সাধুশীলা বহুপত্নীযুক্ত, অল্পসন্ততি, দুষ্টজনপীড়িত, অতিশয় পরিশ্রমী, দাম্ভিক, ধর্ম্মনিষ্ঠ ও নিন্দিতাচারী হয়।

বৃশ্চিকরাশিস্থিত ঐ বৃহস্পতি যদি রবিকর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে ধার্ম্মিক, অনৃতভীরু, বিখ্যাত, মহাভাগ্যসম্পন্ন অশুচি ও রোমশ হয়। ঐ বৃহস্পতিকে চন্দ্র দেখিলে ইতিহাস ও কাব্যকুশল, বহুরত্ন ও অনেক স্ত্রীযুক্ত, নৃপতি ও পণ্ডিত। মঙ্গল দেখিলে শ্রেষ্ঠ রাজপুরুষ, প্রভু, নীতি ও বিনয়যুক্ত, ধনী, নিন্দিতপত্নী ও কুৎসিত ভৃত্যযুক্ত। বুধ দেখিলে মিথ্যাবাদী, পাপ-পরায়ণ, পরবিভবান্বেষণে নিপুণ, মেধাবী, কপট ও নীতিবেত্তা। শুক্র দেখিলে সর্ব্বদা গৃহ, শয্যা, বস্ত্র, গন্ধ, মাল্য, অলঙ্কার, যুবতী স্ত্রী ও বিভবযুক্ত, উত্তম, মতিমান্ ও ভীরু, শনি দেখিলে মলিনদেহ, লোভী, উগ্রপ্রকৃতি, সাহসী, মাননীয় ও অস্থিরমতি হইয়া থাকে।

বৃশ্চিক রাশিতে শুক্র থাকিলে নিষ্ঠুর, আত্মশ্লাঘী, অতিশয় শঠ, সহোদর বিরক্ত, কুলটাদ্বেষী, দরিদ্র, নিন্দিতস্বভাব ও সকল প্রকার গুপ্তরোগবিশিষ্ট হয়।

ঐ শুক্র রবি কর্ত্তৃক দৃষ্ট হইলে স্ত্রীহেতুক দুঃখী, এবং যুবতী স্ত্রীর জন্য বিনষ্টসুখ, ও রাজতুল্য হইয়া থাকে। চন্দ্র দেখিলে উদ্ধত, অতিশয় চপল, কামাতুর ও অধম যুবতীর ভর্ত্তা। মঙ্গল দেখিলে ধন, সুখ ও মানহীন, দীন, পরাকাঙ্ক্ষী, ও মলিন বেশ-ধারী; বুধ দেখিলে মূর্খ প্রগল্‌ভ, ম্লেচ্ছাচারী, বিনয়হীন, চৌর, নীচপ্রকৃতি ও ক্রূর। শুক্র দেখিলে অতি বিনয়ী, উত্তমপত্নীযুক্ত, সুন্দর ও আয়ত দেহবিশিষ্ট ও বহুপুত্রান্বিত এবং শনি দেখিলে অতিশয় মলিন দেহ, ধনহীন, লোকসেবক ও চৌর হইয়া থাকে।

বৃশ্চিক রাশিতে শনি থাকিলে বিদ্বেষ-পরায়ণ, বিষমস্বভাব, বিষ ও অস্ত্রবেত্তা, অতিশয় ক্রোধী, লোভী, দাম্ভিক, পরধন-হরণকারী, নৃশংসকর্ম্মকর, অনেক দুঃখসহিষ্ণু এবং বহুবিধ ব্যাধিযুক্ত হইয়া থাকে।

ঐ শনি রবি কর্ত্তৃক দৃষ্ট হইলে কৃষিকর্ম্মে নিরত, ধনবান্, গো মেষ ও মহিষযুক্ত, পুণ্যাত্মা ও সদাকর্ম্মে উদ্যোক্তা হয়। চন্দ্র দেখিলে চপলস্বভাব, নীচপ্রকৃতি, বেশ্যাসক্ত, সুখ ও ধনহীন; মঙ্গল দেখিলে ক্ষুদ্রপ্রকৃতি, চৌরাধিপতি, উত্তমখ্যাতিবিশিষ্ট, মাংস ভক্ষণে ও মদ্যপানে রত এবং যুবতীপ্রিয়; বুধ দেখিলে মিথ্যাবাদী, অধর্ম্মপরায়ণ, বহুবাক্যসম্পন্ন, তস্কর, যথেচ্ছাচারী, সুখ ও বিভব-হীন, বৃহস্পতি দেখিলে সুখ, ধন ও সৌভাগ্যযুক্ত, নৃপমন্ত্রী ও মন্ত্রি গণের অগ্রগামী; শুক্র দেখিলে ধূর্ত্ত, প্রবঞ্চক, কুরূপ, পরস্ত্রী ও বেশ্যাগামী এবং ভোগহীন হইয়া থাকে।

বৃশ্চিক রাশির এইরূপ ফল নির্দ্দিষ্ট থাকায় বৃশ্চিকরাশিতে জাতব্যক্তি উক্তরূপ গুণযুক্ত হয়। রবি প্রভৃতি গ্রহ উহাতে থাকিলে বা তাহাদের দৃষ্টি হইলে পূর্ব্বোক্ত ফল যথাযথভাবে নির্ণয় করা আবশ্যক।

৪ লগ্নভেদ, দিবারাত্রের মধ্যে সূর্য্যোদয়ের ন্যায় পূর্ব্বদিকে যে সময়ে রাশিচক্রস্থ বৃশ্চিক রাশির উদয় হয়, সেই কালকে বৃশ্চিক লগ্ন বলে। অগ্রহায়ণ মাসের প্রত্যেক দিন সূর্য্যোদয় কালেই বৃশ্চিকরাশির উদয় হয় বলিয়া ঐ মাসের প্রতিদিন প্রাতঃকালেই বৃশ্চিকলগ্ন জানিতে হইবে। মেষাদি দ্বাদশ লগ্নের মধ্যে এইটী অষ্টম লগ্ন। বৃশ্চিক লগ্নফল—যে বালকের বৃশ্চিক লগ্নে জন্ম হয়, সেই বালক, অতিশয় স্থূল, দীর্ঘদেহযুক্ত, ব্যয়শীল, কুটিল, পিতা ও মাতার অনিষ্টকর, গম্ভীর স্বভাব, পিঙ্গলচক্ষু, স্থিরপ্রকৃতি, উগ্রস্বভাব, বিশ্বাসী, সদা হাস্যপরায়ণ, সাহসী, গুরু ও সুহৃদের শত্রুতায় নিরত, রাজসেবাপরায়ণ, দুঃখী, লাবণ্যবিশিষ্ট, সদা পরিতাপযুক্ত, দাতা, নীচপ্রকৃতি ও পিত্তরোগী হইয়া থাকে।

ইহা সাধারণ লগ্নফল। লগ্নে যদি কোন গ্রহ বা তাহাদের দৃষ্টি না থাকে, তাহা হইলেই উক্তরূপ ফল হইয়া থাকে; কিন্তু যদি ঐ লগ্নে কোন একটী গ্রহ, বা দুই তিনটী গ্রহ একত্র থাকে, অথবা গ্রহান্তরের দৃষ্টি থাকে, তাহা হইলে সেই গ্রহদিগের শত্রু, মিত্র এবং স্ব স্ব স্বভাবানুসারে ফল স্থির করিতে হয়। পূর্ব্বে যে ফল বলা হইয়াছে, রবি প্রভৃতি গ্রহ থাকিলে উক্ত ফল হইয়া থাকে। যাহার রাশি ও লগ্ন এক অর্থাৎ একই বৃশ্চিক রাশিতে এবং লগ্নে যাহার জন্ম হইয়াছে, তাহার রাশি ও লগ্ন এই উভয়ের ফল মিশ্রিত করিয়া ফলনিরূপণ করা বিধেয়।

বৃশ্চিক লগ্নের পরিমাণ ৫।৪০।৫৭, পাঁচদণ্ড, চল্লিশপল সাতান্ন বিপল, হোরা ২।৫০।২৮।৩০, দ্রেক্কাণ ১।৫৩।৩৯।০, নবাংশ ০।৩৭।৫৩।০ দ্বাদশাংশ ০।২৮।২৪।৪৫।০, ত্রিংশাংশ—০।১১।২১।৫৪। এইরূপে বৃশ্চিক লগ্নের ষড়্‌বর্গ স্থির করিতে হয়। ইহা লগ্ন অপেক্ষা সূক্ষ্ম, ইহার পর আরও সূক্ষ্ম করিতে হইলে লগ্ন স্ফুট গণনা করিতে হয়। ঐ ষড়্‌বর্গের ফল ভিন্ন ভিন্ন।

ইহাদের ফল যথা—বৃশ্চিকলগ্নের প্রথম হোরায় জন্ম হইলে রক্তাক্ত, পিঙ্গলদৃষ্টিসম্পন্ন, সাহসী, যুদ্ধশূর, দুষ্টস্বভাব ও রমণীপ্রিয় হয়।

দ্বিতীয় হোরায় জন্ম হইলে সমৃদ্ধিসম্পন্ন, পানায়ক্ত শরীর, ভূপালসেবী, অনেক মিত্রযুক্ত ও অস্ফুটিতচক্ষু হইয়া থাকে।

বৃশ্চিকের প্রথম দ্রেক্কাণে জন্ম হইলে গৌরবর্ণ, স্থির প্রকৃতি ক্রোধী, মদরহিত, বিস্তৃতচক্ষু, স্থূল ও বিশাল শরীর ও বিবাদপ্রিয়; দ্বিতীয় দ্রেক্কাণে জন্ম হইলে মিষ্টান্নভোজী, রতিপ্রিয়, বিজিতশত্রু, সরল ক্রিয়াবান্, সুন্দর মূর্ত্তি; তৃতীয় দ্রেক্কাণে জন্ম হইলে শ্মশ্রুরোমহীন, হিংস্র, পিঙ্গাক্ষ, বক্তা, ধর্ম্মচ্যুত, বাহু ও হৃদয় স্থূল হইয়া থাকে।

বৃশ্চিকের প্রথম নবাংশে জন্ম হইলে খর্ব্বাকৃতি, গৌরবর্ণ, দৃঢ়াঙ্গ; দ্বিতীয় নবাংশে গৌরবর্ণ, দীর্ঘ ও আয়ত শরীর, তাম্রচক্ষু, উদ্ধত, বলবান্, শত্রুহন্তা, সাহসী ও ক্রোধী; তৃতীয় নবাংশে বুদ্ধিমান্, দৃঢ়হস্ত, ক্রোধী ও ক্ষমাশীল, সুমধুর বাক্যবিশিষ্ট, গৌরবর্ণ এবং অধর ও ওষ্ঠ সুন্দর হয়। চতুর্থ নবাংশে ধীর, শ্যামবর্ণ, পরস্ত্রীগামী, দীর্ঘদেহ, কেশ ও নয়ন কৃষ্ণবর্ণ, প্রগল্‌ভস্বভাব; পঞ্চম নবাংশে গম্ভীর প্রকৃতি, তাম্রচক্ষু, ধনী, দীর্ঘোদর, উগ্রকর্ম্মকারী বিস্তৃত ও দৃঢ়শরীর, যশস্বী; ষষ্ঠ নবাংশে লোকবিদ্বেষ্টা, প্রফুল্ল, অশ্বের ন্যায় নাসিকাযুক্ত, গম্ভীরপ্রকৃতি, বিনয়ী, উগ্রকর্ম্মা, ও পটু; সপ্তম নবাংশ হইলে বিস্তৃত বদন, স্থূলশিরাযুক্ত, লম্বোদর; অষ্টম নবাংশ হইলে কাণ, বংশের বিপদকারক, মলিন দেহ, কুরূপ ও কুমতিযুক্ত এবং মিথ্যাবাদী; নবম নবাংশে হইলে গৌরবর্ণ, সুন্দর আকৃতি, স্থূলদেহ, দাতা ও গুরুজনের প্রিয়পাত্র হয়।

বৃশ্চিকের নবাংশে এইরূপ ফল হইয়া থাকে, ত্রিংশাংশ অধিপতি ধরিয়া ফল হয়। (বৃহজ্জাতক কোষ্ঠীপ০)

৩ ওষধিভেদ। (মেদিনী) ৪ হালিক। ৫ হাল। (সংক্ষিপ্তসার উণা০) ৬ মদনবৃক্ষ। ৭ অগ্রহায়ণ মাস। (সারসু০ ১০)

বৃশ্চিকপত্রিকা (স্ত্রী) পূতিকা।

বৃশ্চিকপ্রিয়া (স্ত্রী) বৃশ্চিকস্য প্রিয়া। পূতিকা। (শব্দমালা)

বৃশ্চিকর্ণী (স্ত্রী) আখুকর্ণীলতা, চলিত মূষাকাণীলতা।

বৃশ্চিকা (স্ত্রী) ক্ষুদ্র ক্ষুপবিশেষ। মহারাষ্ট্র—চিঞ্চুক। কলিঙ্গ—ইঙ্গুল, বম্বে—বিঞ্চুকা। পর্য্যায়—নখপর্ণী, পিছিলা, অলিপত্রিকা গুণ পিচ্ছিল, অম্ল, অন্তর্বৃদ্ধিপ্রভৃতি দোষ নাশক। (রাজনি০)

বৃশ্চিকালী (স্ত্রী) বৃশ্চিকানামলির্যত্র। ক্ষুপবিশেষ, চলিত বিছাটী (Tragia involucrate)। হিন্দী বইচ্‌টা, মহারাষ্ট্র বৃশ্চিকালী, কলিঙ্গ হলিগুল্, তৈলঙ্গ ডুলঘ্রোংড়ী; তামিল কঞ্চুরি, বম্বে শেড়াশিঙ্গী, পর্য্যায়,—বৃশ্চিপত্রী, বিষঘ্নী, নাগদন্তিকা, সর্পদংষ্ট্রা অমরা, কালী, উষ্ট্র ধূসর পুচ্ছিকা, বিষাণী, নেত্ররোগহা, উষ্ট্রীকা, অলিপর্ণী, দক্ষিণাবর্ত্তকী, কালিকা, অসীমাবার্ত্তা, দেবলাঙ্গুলিকা, করভী, ভূরিদুগ্ধা, কর্কশা, স্বর্ণদা, যুগ্মফলা, ক্ষীরবিষাণিকা, ভাস্বরপুষ্পা। ইহার গুণ,—কটু, তিক্ত, হৃদয় ও বক্ত্র শোধনকারক রক্তপিত্ত, বিবন্ধ ও অরুচিনাশক, বলকর। (রাজনি০) রাজবল্লভ মতে ইহা কাস ও বায়ুনাশক।

২ কণ্টকিত মেষশৃঙ্গ তুল্যাকার ফল। (সুশ্রুত সূত্র০ ৩৮ অ০) গুণ বাতনাশক। ৩ উষ্ট্র ধূম্রক মেষশৃঙ্গী। (বাভট সূত্রস্থা ১৫ অ০) গুণ বাতনাশক।

বৃশ্চিকাহিবিষাপহা (স্ত্রী) নাকুলী, চলিত গন্ধরাস্না। (বৈদ্যকনি০)

বৃশ্চিকেশ (পুং) বৃশ্চিকরাশির অধিষ্ঠাত্রী দেবতা।

বৃশ্চিপত্রী (স্ত্রী) বৃশ্চিকালী, চলিত বিছাটী। ২ লঘু মেষশৃঙ্গী চলিত ক্ষুদ্র মেড়াশিঙে। (বৈদ্যকনি০)

বৃশ্চী (স্ত্রী) বৃশ্চীর ক্ষুপ, পুনর্নবা। (বাভট চি০ ৩ অ০)

বৃশ্চীর [ব] [ক] (পুং) ১ শ্বেত পুনর্নবা, শেয়াপুনা। (পর্য্যায়মুক্তা০)

বৃষ, ১ সেচন, ইর্ষণ। ২ হিংসা। ৩ ক্লেশ। ৪ গর্ভগ্রহণ। ৫ ঐশ্বর্য্য। ভ্বাদি০ পরস্মৈ০ সক০ অক০ সেট্। ক্ত্বাবেট্ ক্ত্বাচ বিভক্তিতে বিকল্পে ইট্ হয়। লট্ বর্ষতি। লিট্ ববর্ষ লুট্ বর্ষিতা। লৃট্ বর্ষিষ্যতি। লুঙ্ অবর্ষীৎ। বৃষ চুরাদি০ আত্মনে০। ১ শক্তিবন্ধ। ২ গর্ভাধান। ৪ ঐশ্বর্য্য। লট্ বর্ষয়তে। লুঙ্ অববর্ষত।

বৃষ (পুং) বর্ষতি সিঞ্চতি রেতঃ ইতি বৃষ-ক। ১ পুরুষগব, চলিত এঁড়ে। পর্য্যায়—উক্ষা, ভদ্র, বলীবর্দ্দ, ঋষভ, বৃষভ, অনড়ুৎ, সৌরভেয়, গো, শৃঙ্গিন্, ককুদ্‌বৎ, শিখিন্, গন্ধমেথুন, পুঙ্গব।

শাস্ত্রে লিখিত আছে যে, অশৌচান্তের দ্বিতীয়দিনে মৃতের উদ্দেশে বৃষ উৎসর্গ করিতে হয়। কেননা বৃষোৎসর্গ করিলে তাহার প্রেত লোকে গতি না হইয়া স্বর্গগতি হইয়া থাকে। ইহা ভিন্ন কাম্য বৃষোৎসর্গেরও বিধান আছে। শুভাশুভ লক্ষণ দেখিয়া বৃষ স্থির করিতে হয়। [বৃষোৎসর্গ ও বৃষভ শব্দে বিশেষ দ্রষ্টব্য।]

২ রাশিভেদ। মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত দ্বিতীয় রাশি। ইহার বিশেষ সংজ্ঞা—সৌম্য, অঙ্গনা, যুগ্ম, সম, স্থির, পুষ্কর। এই রাশি চতুষ্পাদ, নিশাকালে গ্রাম্য, দিবাকালে বন্য, হ্রস্বাখ্য, দক্ষিণ দিক্‌পতি, নিশা ও পৃষ্ঠোদয়াখ্য, ইহার অধিষ্ঠাত্রী দেবতা বৃষাকৃতি।

কৃত্তিকানক্ষত্রের শেষ তিনপাদ এবং সম্পূর্ণ রোহিণী ও মৃগশিরা নক্ষত্রের প্রথম দুই পাদে এই রাশি হয়। এই রাশি সুন্দর ভূমি, স্বামী, বাতপ্রকৃতি, শ্বেতবর্ণ, বৈশ্যজাতি, মহাশব্দকর, মধ্যম স্ত্রীসঙ্গ, মধ্যমসন্তান, দাতা, নির্ভয়, পরদারাভিলাষী, ও বাগ্‌দুঃস্বর। এই রাশিজাত ব্যক্তিও উক্ত রূপ হয়।

বৃহজ্জাতক ও কোষ্ঠীপ্রদীপ প্রভৃতিতে এই রাশির ফল যেরূপ লিখিত আছে, অতি সংক্ষেপে তাহার বিষয় বলা যাইতেছে। বৃষরাশি চন্দ্রের তুঙ্গ স্থান, চন্দ্র এই স্থানে থাকিলে সর্ব্বাপেক্ষা বলী হইয়া থাকেন।

বৃষরাশির ফল—বৃষরাশিতে জন্ম হইলে কমনীয় মূর্ত্তি, বক্রগতিসম্পন্ন, উরু ও বদন স্থূল, পৃষ্ঠ, মুখ ও পার্শ্বদেশে চিহ্নবিশিষ্ট, দাতা, ক্লেশসহিষ্ণু, প্রভু, ককুৎ অর্থাৎ গ্রীবার অধোভাগ উচ্চ, কন্যাসন্ততিবিশিষ্ট, শ্লেষ্মপ্রকৃতি, প্রথমাবস্থায় ধন, বন্ধু ও সন্ততিহীন, সৌভাগ্যযুক্ত, ক্ষমাশীল, দীপ্তাগ্নিসম্পন্ন, প্রমদাপ্রিয়, স্থিরমিত্রযুক্ত, মধ্য ও অন্ত্য বয়সে সুখী হয়। (বৃহজ্জাতক)

কোষ্ঠীপ্রদীপ মতে—বৃষ রাশিতে জন্ম হইলে উত্তম স্থূলজঘন ও কপোলযুক্ত, প্রশান্ত চক্ষুঃ, অল্প কথনশীল, পবিত্র, অতিশয় দক্ষ, মনোহরদেহ, সুখী, দেব, দ্বিজ ও গুরুভক্ত, শ্লেষ্মবাতপ্রকৃতি, কেশের অগ্রভাগও শুভ্র, কুটিল এবং রোমযুক্ত হয়। ইহাই রাশির সাধারণ ফল, ইহা ভিন্ন রাশিতে রবি প্রভৃতি গ্রহ থাকিলে তাহার ফল ভিন্ন রূপ হইয়া থাকে।

বৃষ রাশিতে রবিগ্রহ থাকিলে মুখ ও চক্ষুরোগে পীড়িত, ক্লেশসহিষ্ণু, কৃশ, অল্প মিত্রযুক্ত, ভোক্তা, ব্যবহারজীবী, উত্তমস্ত্রীদ্বেষী, ভক্ষ্যদ্রব্য, মাল্য, আচ্ছাদন, ও গন্ধযুক্ত, গীত, বাদ্য ও নৃত্যকুশল, এবং জলভীরু হইয়া থাকে। কিন্তু ঐ রবি যদি চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে বেশ্যারত, মৃদুবাক্যসম্পন্ন, বহুযুবতীর আশ্রয়স্থল ও সলিলজীবী, মঙ্গল দেখিলে মূর্খ, সংগ্রামপ্রিয়, তেজস্বী, সাহস দ্বারা ধনকীর্ত্তিযুক্ত ও বিকল; বুধ দেখিলে অনেক শত্রু, রাজসচিব, চারুলোচন, কমনীয়কান্তি ও সর্ব্বদা উদ্বিগ্নচিত্ত, শুক্র দেখিলে রাজা, শনি দেখিলে নীচ, অলস, দরিদ্র, বৃদ্ধাস্ত্রী কর্ত্তৃক প্রতিপালিত, বিরুদ্ধস্বভাব ও ব্যাধিসন্তপ্ত হইয়া থাকে।

বৃষ রাশিতে চন্দ্র থাকিলে বিশালবক্ষঃ, অতিশয় দাতা, কুটিল, কেশযুক্ত, কামুক, কীর্ত্তিশীল, কমনীয়, কন্যাসন্ততিবিশিষ্ট, শ্রেষ্ঠ আচার ও শ্রেষ্ঠ বাক্যযুক্ত, হংসের ন্যায় গতিবিশিষ্ট, মধ্য ও শেষ বয়সে ভোগী, হস্ত, চরণ, স্কন্ধ, জানু, মুখ ও জঙ্ঘা স্থূল, পার্শ্ব, মুখ ও পৃষ্ঠদেশে চিহ্নবিশিষ্ট এবং ক্ষমাশীল হইয়া থাকে।

ঐ চন্দ্র যদি রবি কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে কৃষিকার্য্যকারী, অতিশয় কার্য্যকুশল, মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে অতিশয় কামুক, যুবতী স্ত্রীর জন্য হৃতসর্ব্বস্ব, নারীদিগের হৃদয়গ্রাহী, বন্ধুবিশিষ্ট এবং তেজস্বী, বুধ দেখিলে উত্তমশরীর, কবি, সর্ব্বদা হৃষ্ট ও রাজপ্রিয়, বৃহস্পতি দেখিলে শক্র, পুত্র ও পত্নীর প্রতি পরুষ ব্যবহারকারী, পিতৃমাতৃভক্তিপরায়ণ, নিপুণ, ধার্ম্মিক, ও লোকবিখ্যাত, শুক্র দেখিলে ভূষণ, মণি, গৃহ, শয্যা, আসন, গন্ধ, মাল্য ও বস্ত্রদ্বারা সর্ব্বদা ভাগ্যবান্ এবং ভোগী, শনি দেখিলে ধনহীন ও সুখহীন, মাতা ও যুবতীর অনিষ্টকারী, এবং পুত্র, মিত্র ও বন্ধুরহিত হয়।

যদি চন্দ্র বৃষরাশির পূর্ব্বার্দ্ধে অবস্থিত থাকে, তাহা হইলে অচিরে মাতার বিনাশ এবং পরার্দ্ধে থাকিলে পিতৃবিনাশ হয়। বৃষ রাশিস্থিত চন্দ্র এই রূপে পিতৃমাতৃবিনাশকারক হয়।

বৃষরাশিতে মঙ্গল থাকিলে সাধুব্রতভঙ্গকারক, অতিশয় ভক্ষক, কুৎসিতপত্নী ও ধনযুক্ত, ধনহরণকারী, কেলি ও কলহকর, বেশ্যাগৃহে ক্রীড়াকারী, প্রগল্‌ভ বাক্য, পাপী ও বন্ধুগণের বিরোধী হইয়া থাকে। বৃষরাশি শুক্র গ্রহের স্বক্ষেত্র, অর্থাৎ নিজের গৃহ। ঐ শুক্রের ক্ষেত্রে মঙ্গল রবি কর্ত্তৃক দৃষ্ট হইলে সর্ব্বদা বন ও পর্ব্বতে ক্রীড়নশীল, স্ত্রীজিত, বহুশত্রুযুক্ত, অতিশয় ক্রোধী ও ধীরস্বভাব, চন্দ্রকর্ত্তৃক দৃষ্ট হইলে মাতার অপ্রিয়, বহু রমণীর প্রিয়কারী ও যুদ্ধভীরু, বুধ দেখিলে যুবতীপ্রিয়, বাচাল, কুৎসিত দেহ, নিন্দিত পত্নী ও পুত্রযুক্ত এবং শাস্ত্রবেত্তা, বৃহস্পতি দেখিলে গীতবাদিত্রকুশল, সৌভাগ্যযুক্ত, উত্তম বন্ধু ও উত্তম পত্নীযুক্ত এবং সুবিখ্যাত, শুক্র দেখিলে রাজমন্ত্রী, নৃপতির প্রিয়পাত্র, সেনানায়ক ও বিখ্যাত; শনি দেখিলে সুখী, বিখ্যাত, ধনবান্, বন্ধুবিশিষ্ট, ধীমান্, গ্রাম বা পুর সমূহের অধিপতি হইয়া থাকে।

বৃষরাশিতে বুধ থাকিলে দক্ষ, দাম্ভিক, দাতা, বিখ্যাত, বিজ্ঞানশাস্ত্রে ও বেদে অভিজ্ঞ, স্থিরপ্রকৃতি, স্ত্রীরহিত, সুমিষ্টবাক্য, গান্ধর্ব্ব, হাস্য ও রতিশীল হইয়া থাকে।

ঐ বুধ রবিকর্ত্তৃক দৃষ্ট হইলে দারিদ্রদুঃখতপ্ত, রোগযুক্ত,

পরপীড়ায় রত এবং জনাধিকারী, চন্দ্র দেখিলে বিশ্বাসী, ধনবান্, রোগশূন্য, বিখ্যাত ও রাজমন্ত্রী, মঙ্গল দেখিলে সর্ব্বদা ব্যাধি ও শত্রুগ্রস্ত, রাজাবমানসন্তপ্ত ও সমস্ত বিষয়বহিষ্কৃত; বৃহস্পতি দেখিলে প্রাজ্ঞ, দেশ, বা পুরনায়ক, বিখ্যাত; শুক্র দেখিলে মনোহরদেহ, সৌভাগ্যযুক্ত, সৎকবি, বস্ত্র, অলঙ্কার ও কন্যাপ্রিয়, শনি দেখিলে সুখহীন, বন্ধুশোকযুক্ত, সর্ব্বদা রুগ্ন, বহুল অনর্থকর ও মলিন দেহযুক্ত হয়।

বৃষরাশিতে বৃহস্পতি থাকিলে পীনবিশালশরীর, দেব, দ্বিজ ও গুরুভক্ত, ভাগ্যবান্, স্বদারানুরক্ত, সুন্দরগৃহযুক্ত, কৃষিকর্ম্মকারী, ধনী, উত্তম বস্ত্র ও ভূষণযুক্ত, মেধাবী, নীতিকুশল, স্থিরপ্রকৃতি, বিনীত ও ঔষধপ্রয়োগকুশল হয়।

ঐ বৃহস্পতি রবিকর্ত্তৃক দৃষ্ট হইলে মনুষ্য ও পশু প্রভৃতির অধিপতি, অতিশয় ধনী, আয়তাঙ্গ পুরুষের সহিত মিত্রতাযুক্ত, পণ্ডিত ও রাজসচিব হয়। চন্দ্রকর্ত্তৃক দৃষ্ট হইলে অতি ধনী, মধুরভাষী, জননীর প্রিয়কারী, যুবতীপ্রিয়, প্রাজ্ঞ, শূর, ধনী, সুখী, রাজপুরুষ, বুধ দেখিলে পণ্ডিত, চতুর, বিখ্যাত, ভাগ্যবান্, ধনশালী, গুণী, সুশীল ও কমনীয়মূর্ত্তি, শুক্র দেখিলে অতিশয় মলিন দেহ, ধনবান্, উৎকৃষ্ট ভূষণধারী, মধুরস্বভাব, শ্রেষ্ঠবস্ত্র, শয্যা ও হস্তিযুক্ত; শনি দেখিলে প্রাজ্ঞ, অনেক ধনধান্যসম্পন্ন, গ্রাম ও নগরবাসীদিগের প্রধান, মলিনদেহবিশিষ্ট ও কুৎসিত ভার্য্যাযুক্ত হইয়া থাকে।

বৃষরাশিতে শুক্র থাকিলে বহু যুবতী ও রত্নাদিযুক্ত, গন্ধ, বস্ত্র ও মাল্যাদি ভূষণযুক্ত, দাতা, সুন্দরমূর্ত্তি, ধনবান্, বহুপুত্রযুক্ত, সর্ব্বপ্রাণীর হিতকারী, গুণদ্বারা প্রধান ও পরোপকারী হয়।

ঐ শুক্র রবিকর্ত্তৃক দৃষ্ট হইলে উত্তম স্ত্রীযুক্ত এবং স্ত্রীহেতুক নির্জ্জিত, চন্দ্রকর্ত্তৃক দৃষ্ট হইলে উত্তম পুত্র, সুখ, ধন ও দারাযুক্ত, অতিশয় ধার্ম্মিক ও সুন্দরকান্তি, মঙ্গল দেখিলে দুঃশীলা স্ত্রীর ভর্ত্তা, স্ত্রীহেতু বিনষ্ট ধন ও কামুক, বুধ দেখিলে কমনীয় দেহ, মধুরভাষী, ভাগ্যবান্, ধৈর্য্যবিশিষ্ট, সুখী, বলবান্, সর্ব্বগুণান্বিত ও বিখ্যাত, বৃহস্পতি দেখিলে স্ত্রী, পুত্র, গৃহ, ধন ও বাহনাদিযুক্ত এবং কর্ম্মকুশল, শনি দেখিলে অল্পসুখ ও অল্পধনযুক্ত, দুঃশীল, অসতী স্ত্রীর পতি এবং সর্ব্বদা পীড়িত হইয়া থাকে।

বৃষরাশিতে শনি থাকিলে অর্থহীন, ভৃত্য, মিথ্যাকর্ম্মনিযুক্ত, বাক্যবীর, বৃদ্ধাস্ত্রীর হৃদয়হরণকারী, কুৎসিত স্ত্রীব্যসনযুক্ত, পরস্ত্রীর ভৃত্য, নিকৃষ্টস্থানবাসী ও দুষ্ট স্বভাব হইয়া থাকে।

ঐ শনি রবিকর্ত্তৃক দৃষ্ট হইলে স্পষ্টবাদী, ধনহীন, বিদ্বান্, পরগৃহভোজী ও অতিশয় কোমলকায়, চন্দ্র দেখিলে যুবতী স্ত্রীদ্বারা ধনী ও যুবতীদিগের প্রিয়পাত্র ও রাজপূজিত, মঙ্গল দেখিলে যুদ্ধে অতিশয় উৎসাহদাতা ও নিজে যুদ্ধক্ষেত্র হইতে পলায়নকারী, উত্তমবাক্যযুক্ত এবং ধনজনপরিবেষ্টিত, বুধ দেখিলে নিয়ত হাস্যশীল, ক্লীবরত, যুবতীসেবক ও নীচপ্রকৃতি, বৃহস্পতি দেখিলে পরের দুঃখে দুঃখিত, পরকার্য্যে রত, লোকপ্রিয়, দাতা ও উদ্যমশীল, শুক্র দেখিলে মদ্যপায়ী ও স্ত্রীরদ্বারা সুখী, রত্নের আধার, মহাবলবান্ ও রাজপ্রিয় হইবে।

বৃষরাশিতে রবি প্রভৃতি গ্রহ থাকিলে এবং তাহাদের দৃষ্টি সম্বন্ধ হইলে উক্তরূপ ফল হইয়া থাকে।

বৃষ লগ্ন—বৃষ লগ্নে জন্ম হইলে গণ্ড, ওষ্ঠ ও নাসিকা স্থূল, প্রশস্ত ললাট, অতিশয় বাতশ্লেষ্মপ্রকৃতি, ত্যাগশীল, অধিক ব্যয়ে রত, অল্পপুত্র এবং অধিক সংখ্যক কন্যাযুক্ত, পিতামাতার কষ্টদায়ক, ধনভাগী, সর্ব্ব অকর্ম্মে আসক্ত ও সর্ব্বদা আত্মীয় হন্তা হয়। বৃষলগ্নজাত মানব অস্ত্র বা পশুদ্বারা অথবা অন্যস্থানে দেহশ্রম, সলিল, শূল, পর্য্যটন, নিরশন, চতুষ্পদ জন্তু বা বলবান্ ব্যক্তি দ্বারা মৃত্যুমুখে পতিত হয়।

বৃষলগ্নের পরিমাণ ৪।৪৯।৫০, (চারিদণ্ড, ঊনপঞ্চাশ পল ও পঞ্চাশ বিপল), হোরা ২।২৪।৫৫ বিপল, দ্রেক্কাণ—১।৩৬।৩৬।৪০, নবাংশ—০।৩২।১২।১৩।৩৩, দ্বাদশাংশ—০।২৪।৯।১০, ত্রিংশাংশ—০।৯।৩৯।৪০।

লগ্নের উক্ত পরিমাণ স্থূল এবং লগ্নস্ফুট দ্বারা সূক্ষ্ম হয়। ঐ সকল হোরা দ্রেক্কাণ প্রভৃতির ফলও ভিন্নরূপ হইয়া থাকে।

বৃষ লগ্নের প্রথম হোরার অধিপতি চন্দ্র, দ্বিতীয় হোরার অধিপতি সূর্য্য।

বৃষের প্রথম হোরায় জন্ম হইলে উন্নত শরীর, চক্ষুঃ, ললাট ও বক্ষঃস্থল প্রশস্ত, দাম্ভিক ও স্থূলশরীর, দ্বিতীয় হোরায় জন্ম হইলে স্থূল ও দীর্ঘ শরীর, উদার প্রকৃতি ও মনোহর কটিদেশ হয়।

বৃষের প্রথম দ্রেক্কাণে জন্ম হইলে পানভোজনপ্রিয়, নারীবিয়োগসন্তাপযুক্ত, স্ত্রীকর্ম্মানুসারী, বস্ত্রালঙ্কারযুক্ত, দ্বিতীয় দ্রেক্কাণে জন্ম হইলে অতি ধনী, বন্ধুযুক্ত, ভোক্তা, ভূষণরত, বলবান্, স্থিরপ্রকৃতি, মনস্বী, লোভী ও স্ত্রীপ্রিয়, তৃতীয় দ্রেক্কাণে চতুর, অল্পভাগ্যযুক্ত ও মলিন হইয়া থাকে।

বৃষের প্রথম নবাংশে জন্ম হইলে কুৎসিত, কৃশ, লোভী, শরীরের পূর্ব্বার্দ্ধভাগ কিঞ্চিৎ নিম্ন, নীচকর্ম্মকারী, বিরুদ্ধ স্বভাব, বিষম প্রকৃতি, বুদ্ধিবৈষম্য ও অল্পদৃষ্টিবিশিষ্ট হয়। দ্বিতীয় নবাংশে জন্ম হইলে গম্ভীর প্রকৃতি, ধনহীন, কুলমর্য্যাদা ও মেধাশূন্য, বিরুদ্ধকারী, মিথ্যাব্যবহারী, অনর্থক অনেক মিথ্যাবাদী ও বিরুদ্ধ দানরত হইয়া থাকে। তৃতীয় নবাংশে জন্ম হইলে মিষ্টান্নভোজী, চক্ষু ও নাসিকা প্রফুল্ল, জঙ্ঘাদেশ গোল, যজ্ঞাগ্নিকর্ম্মে রত, গুল্‌ফ ও হস্ত অতি দৃঢ়, চতুর্থ নবাংশে হইলে মহাতেজস্বী,

দীর্ঘহস্ত, প্রবল, দুষ্টশব্দকারী, নিন্দিতান্তঃকরণ, ছাগলের ন্যায় চক্ষুযুক্ত, অল্পবিত্ত, ও উগ্রপ্রকৃতি, পঞ্চম নবাংশে জন্ম হইলে দীর্ঘ ও উচ্চ নাসিকাযুক্ত, বৃষের ন্যায় আকার, বক্র ও নিবিড় কেশযুক্ত, ভুজ, স্কন্ধ ও কটিদেশ অতিশয় দৃঢ় এবং গৌরবর্ণ, ষষ্ঠ নবাংশে জন্ম হইলে পটু, স্থিরপ্রকৃতি, উত্তমকেশযুক্ত, স্নিগ্ধশরীর, বাচাল, প্রগল্‌ভ, মধুর হাস্যযুক্ত, কৃশ ও অতিশয় নিপুণ, সপ্তম নবাংশে জন্ম হইলে কেবল মিথ্যারত, পরস্ত্রীতে আসক্ত, শরীরের ঊর্দ্ধভাগে বর্দ্ধিত, আত্মীয় বিদ্বেষী, স্থূলপদ ও স্থূলকেশবিশিষ্ট এবং তাহার স্ত্রী ও পুত্র তাঁহার দর্শনে সদা অসুখী, অষ্টম নবাংশে জন্ম হইলে ব্যাঘ্রের ন্যায় দৃষ্টি, কোমলদেহ, প্রফুল্ল নাসিকা, অল্পকর্ম্মকর, নবম নবাংশে জন্ম হইলে পাপী, সর্ব্বপ্রাণীর ভয়শূন্য, ক্রোধী, কুৎসিত দেহ, ধূর্ত্ত, সঞ্চিতধনসম্পন্ন, বিখ্যাত ও কৃশ হয়।

লগ্ন ও রাশিদুইই যদি এক হয়, তাহা হইলে মিশ্রিতরূপে জাতকের শুভাশুভ ফল নির্ণীত হইয়া থাকে। লগ্ন, রাশি বা রব্যাদি গ্রহের অবস্থান ও তাহাদের দৃষ্টি সম্বন্ধ, এই সকলের মিলিত রূপে ফল নিরূপণ করা আবশ্যক। (বৃহজ্জাতক ও কোষ্ঠীপ্র°) এই রাশির আকার বৃষের ন্যায় এইজন্য উহার নাম বৃষ হইয়াছে।

"মেষাকারো হি মেষস্তু বৃষাকারো বৃষস্তথা।
বীণাগদাভৃন্মিথুনং কর্কটঃ কর্কটাকৃতিঃ॥" (জ্যোতিস্তত্ত্ব)

৪ চতুর্বিধ পুরুষ মধ্যে পুরুষ বিশেষ। ইহার লক্ষণ—

"বহুগুণ বহুবন্ধঃ শীঘ্রকামো নতাঙ্গঃ
সকলরুচিরদেহঃ সত্যবাদী বৃষোঽয়ং॥" (রতিমঞ্জরী)

বহুগুণশালী, ও বহুপ্রকার রতিবন্ধে অভিজ্ঞ, নতশরীর, সুন্দর দেহ, ও সত্যবাদী এই সকল গুণযুক্ত পুরুষের নাম বৃষ। এই পুরুষের শঙ্খিনী নারী অতিপ্রিয়।

"পদ্মিনীর শশপতি মৃগ চিত্রাণীর।
বৃষে শঙ্খিনীর তুষ্টি অশ্বে হস্তিনীর॥" (ভারতচন্দ্র রসম°)

৫ একাদশমন্বন্তরের ইন্দ্র। (গরুড়পু° ৮৭ অ°) কামান্ বর্ষতীতি বৃষ-ক। ৬ ধর্ম্ম, বৃষরূপী চতুষ্পাদ্ ধর্ম্ম।

"বৃষোহি ভগবান্ ধর্ম্মস্তস্য যঃ কুরুতে হলম্।
বৃষলং তং বিদুর্দেবাস্তস্মাদ্ধর্ম্মং ন লোপয়েৎ॥" (মনু ৮।১৬)

৬ শৃঙ্গী। এই শব্দ উত্তর পদস্থ হইলে শ্রেষ্ঠার্থ বাচক হয়।

৭ মূষিক। ৮ শুক্রল। ৯ বাস্তুস্থানভেদ। (মেদিনী) ১০ বাসক। (বিশ্ব) ১১ শ্রীকৃষ্ণ। (ত্রিকা°) ১২ শক্র। (জটাধর) ১৩ কাম। ১৪ বলবান্। (অনেকার্থকোষ) ১৫ ঋষভ নামৌষধ। (রাজনি°) ১৬ পতি।

"স্ববৃষং যা পরিত্যজ্য পরবৃষে বৃষায়তে।
বৃষলী সা হি বিজ্ঞেয়া ন শূদ্রী বৃষলী ভবেৎ॥" (কাশীখণ্ড)

১৭ নদীভল্লাতক। ১৮ গোধূম। (পর্য্যায়মুক্তা°) ১৯ বাসামূল। ২০ বর্হ। (শব্দমালা)

বৃষক (পুং) ১ বৃষ। ২ গান্ধাররাজপুত্রভেদ। (ভারত আদিপ°) ৩ সামভেদ।

বৃষকর্ণী[র্ণিকা] (স্ত্রী) সুদর্শনা লতা, চলিত সুদর্শন গুলঞ্চ। (রত্নমালা) ২ বস্তাস্ত্রী, চলিত ছাগলাস্ত্রী।

বৃষকর্ম্মন্ (ত্রি) ধর্ম্মকর্ম্মা।

বৃষকা, নদীভেদ। বৃষকাহ্বয়া বা বৃষকাহ্বা নামে পরিচিত।

বৃষকাম (ত্রি) ১ ধর্ম্মকাম। ২ যে বৃষ কামনা করে।

বৃষকৃত (ত্রি) বৃষযুক্ত। (পা ৬।২।১৪৭)

বৃষকেতন (ত্রি) বৃষধ্বজ। (পুং) শিব।

বৃষকেতু (ত্রি) ১ বৃষধ্বজ, শিব। ২ কর্ণের পুত্র।

বৃষক্রতু (ত্রি) বর্ষণকর্ম্মা, যে বর্ষণ কর্ম্ম করে অর্থাৎ বর্ষণ করে।

"বৃষক্রতো বৃষা বাজিন্ ভরে ধা" (ঋক্ ৫।৩৬।৫)

'হে সুশিপ্র শোভনহনো বৃষক্রতো বর্ষণকর্ম্মন্' (সায়ণ)

বৃষখাদি (ত্রি) ১ সোমপায়ী। ইন্দ্র যাহাদিগের অস্ত্রস্বরূপ।

'বৃষখাদয়ঃ বৃষেন্দ্রঃ খাদিরায়ুধস্থানীয়ো যেষাং তে তথোক্তঃ। যদ্বা বৃষা সোমঃ আদিঃ খাদ্যঃ পেয়ো যেষাং তে।'

(ঋক্ ১।৬৪।১০ সায়ণ)

বৃষগণ (পুং) ঋষিসমূহভেদ। "বৃষগণা অযাসুঃ" (ঋক্ ৯।৯৭।৮) 'বৃষগণা এতন্নামকা ঋষয়ঃ' (সায়ণ)

বৃষগন্ধা [ন্ধিকা] (স্ত্রী) ১ ছগলাস্ত্রী, চলিত ছাগল বেঁটে। ২ অতিবলা, পীত বেড়েলা। (বৈদ্যকনি°)

বৃষচক্র (ক্লী) বৃষাকারং চক্রং। কৃষিকর্ম্মোক্ত বৃষাকার চক্র বিশেষ। সর্ব্বাবয়বসংযুক্ত একটী বৃষের প্রতিমূর্ত্তি অঙ্কিত করিয়া তাহার মুখ, অক্ষি, কর্ণ, শীর্ষ, শৃঙ্গ ও স্কন্ধদেশে যথাক্রমে কৃত্তিকাদি দুই দুইটী নক্ষত্র বিন্যস্ত করিবে। পরে উহার পৃষ্ঠদেশে স্বাতি, বিশাখা ও অনুরাধা; পুচ্ছে জ্যেষ্ঠা ও মূলা; প্রত্যেক পাদে পূর্ব্বাষাঢ়া অবধি যথাক্রমে দুই দুইটী করিয়া অভিজিৎ সহিত উত্তরভাদ্রপদ পর্য্যন্ত আটটী এবং উহার উদর প্রদেশে রেবতী, অশ্বিনী ও ভরণী; এই সকল নক্ষত্র যথাযথ স্থানে বিন্যাস করিয়া তদ্দ্বারা হলপ্রবাহ ও বীজবপনাদি কার্য্যের শুভাশুভ ফল নির্ণয় করিতে হয় অর্থাৎ অঙ্কিত বৃষের মুখবিন্যস্ত নক্ষত্রে চন্দ্রের অবস্থান কালে হলপ্রবহনাদি করিলে কার্য্যের হানি, নেত্রস্থ নক্ষত্রে চন্দ্রের অবস্থানে ঐ সকল কার্য্য করিলে সুখ, কর্ণস্থিত নক্ষত্রে চন্দ্রের অবস্থিতি কালে ভিক্ষা এবং ভ্রমণ; শীর্ষে ধৃতি; শৃঙ্গস্থে সৌখ্য; কার্য্যকালে স্কন্ধদেশস্থ নক্ষত্রে কষ্ট; পুচ্ছে মঙ্গল; পাদে ভ্রমণ, চন্দ্র থাকিলে শুভ, পৃষ্ঠস্থিত নক্ষত্রে

কষ্ট; পুচ্ছে কুশল; পাদে ভ্রমণ, এবং উদরদেশবিন্যস্তনক্ষত্রে চন্দ্র থাকা সময়ে কার্য্য করিলে সুখ হয়। (জ্যোতিস্তত্ত্ব)

বৃষচ্যুত (ত্রি) সোমদাতা ঋত্বিক্ কর্ত্তৃক পরিস্তৃত।

"বৃষচ্যুতা মদাসো গাতুমাশত" (ঋক্ ৯।৬৯।৭)

'বৃষ হিংসাসংক্লেশনদানেষ্বপি। বৃষভিঃ সোমস্য দাতৃভিঋত্বিগ্‌ভিশ্চ্যুতাঃ পরিস্তৃতাঃ' (সায়ণ)

বৃষজূতি (ত্রি) বর্ষণগমন, বর্ষণের গতি।

"বৃষজূতির্হি জজ্ঞিষ আভূভিরিন্দ্র তুর্বণিঃ" (ঋক্ ৫।৩৫।৩)

'হে ইন্দ্র বৃষজূতি বর্ষণগমনঃ" (সায়ণ)

বৃষণ (পুং) অণ্ডকোষ, রক্ত, মাংস, কফ ও মেদের সারাংশ হইতে বায়ু সংযোগে ইহার উৎপত্তি। (সুশ্রুত)

গরুড়পুরাণে উক্ত হইয়াছে—একবৃষণ ব্যক্তি অত্যন্ত দুঃখী, যাহার দুইটী কোষ পরস্পর সমান সেই ব্যক্তি রাজা হইবে। কোষ দুইটী অসমান হইলে লোক স্ত্রীচপল হয়। যে লোকের বৃষণদ্বয় প্রলম্বভাবে অবস্থিত তাহাকে অল্পায়ু এবং নির্ধন বলিয়া জানিবে।

বৃষণকচ্ছূ (স্ত্রী) বৃষণস্য কচ্ছূঃ। ক্ষুদ্ররোগ বিশেষ; স্নান অথবা সম্পিষ্ট কাচা হরিদ্রাদি গাত্রে মর্দ্দন দ্বারা শারীরমল ক্ষালন না করিলে যদি সেই মল মুষ্কদেশে সঞ্চিত হয়, তাহা হইলে ঐ স্থান অতিশয় স্বেদযুক্ত ও ক্লিন্ন হয় এবং তাহাতে কণ্ডু জন্মিয়া ক্রমে তাহা হইতে স্ফোট ও স্ফোট হইতে স্রাব উৎপন্ন হয়। শ্লেষ্মা ও রক্তের প্রকোপ বশতঃ রোগীর ঐ সকল লক্ষণ প্রকাশ পাইলে তাহাকে বৃষণকচ্ছূ বলে।

চিকিৎসা—হিরাকস, গোরোচনা, তুঁতে, হরিতাল ও রসাঞ্জন কাঁজির সহিত পেষণ করিয়া প্রলেপ দিলে অথবা কুলের ছাল সৈন্ধবের সহিত বাটিয়া লেপন করিলে অহিপূত্তনক ও বৃষণকচ্ছূ রোগের শান্তি হয়। সর্জ্জরস, মুথা, কুড়, সৈন্ধব ও শ্বেত সর্ষপ, উত্তমরূপে নিষ্পিষ্ট করিয়া বৃষণকচ্ছূরোগে উদ্বর্ত্তন করিলে বিশেষ উপকার হয়, তুঁতে ও পোড়ামাটী অথবা খাপরা গুড়া করিয়া অবচূর্ণন করিলেও মুষ্ককচ্ছূ রোগ প্রশমিত হয়।

বৃষণ[ণা]শ্ব (পুং) ১ ইন্দ্রের ঘোটক। ২ স্বনামখ্যাত নৃপতি বিশেষ।

"মেনা ভবো বৃষণশ্বস্য সুক্রতো" (ঋক্ ১।৫১।১৩)

'বৃষণশ্বস্য এতদাখ্যস্য রাজ্ঞঃ' (সায়ণ)

(ত্রি) ৩ সেচনসমর্থ অশ্বযুক্ত, যে সকল অশ্ব সেচনকার্য্যে নিপুণ তদ্‌যুক্ত।

"বৃষণশ্বেন মরুতো বৃষপ্সুনা রথেন বৃষনাভিনা" (ঋক্ ৮।২০।১০)

'বৃষণশ্বেন বৃষভিঃ সেচনসমর্থৈরশ্বৈরুপেতেন' (সায়ণ)

বৃষণৎ (ত্রি) সেচনকর্ত্তা যুক্ত, সেচনকারী সম্বিত।

"বৃষণশ্বন্তং বিভ্রতী" (ঋক্ ১।১০০।১৬)

'বৃষণশ্বন্তং বৃষ্ণা সেক্ত্রা ইন্দ্রেণ যুক্তং রথং বিভ্রতী' (সায়ণ)

বৃষণ্বসু (ক্লী) ১ ইন্দ্রের ধন। (জটাধর) (ত্রি) ২ বর্ষণকর্ত্তা।

"ন যৎপরো নান্তর আদধর্ষদ্‌বৃষণ্বসূ" (ঋক্ ২।৪১।৮)

'বৃষণ্বসূ হে ধনস্য বর্ষিতারৌ' (সায়ণ)

বৃষত্ব (ক্লী) সেচনসামর্থ্য। (ঋক্ ১।৫৪।২)

বৃষদংশ[ক] (পুং) বৃষ-দন্‌শ-অচ্ বা ণ্বুল্। যে বৃষ অর্থাৎ মূষিককে দংশন করে, বিড়াল। (অমর)

বৃষদঞ্জি (ত্রি) বর্ষণকারী পদার্থ দ্বারা যিনি সিঞ্চন করেন।

"বৃষদঞ্জয়ো বৃষ্ণে শর্ধায়" (ঋক্ ৮।২০।৯)

'হে বৃষদঞ্জয়ো বৃষতা বর্ষকেণ সোমেনাঞ্জন্তঃ সিঞ্চন্তোঽধ্বর্য্যবঃ'(সায়ণ)

বৃষদন্ত (ত্রি) বৃষস্য মূষিকস্য দন্ত ইব দন্তো যস্য। যাহার দাঁত ইন্দুরের দাঁতের ন্যায়। স্ত্রিয়াং ঙীপ্=বৃষদতী।

বৃষদর্ভ (পুং) ১ কাশীরাজ পুত্রভেদ। (ভারত সভাপর্ব্ব) ২ শিবির পুত্র। (হরিবংশ) ৩ শ্রীকৃষ্ণের নামান্তর।

বৃষদেবা (স্ত্রী) বসুদেবের পত্নীভেদ। (বায়ুপুরাণ)

বৃষদ্‌গু (পুং) রাজপুত্রভেদ। (ভারত সভাপর্ব্ব)

বৃষদ্বীপ (পুং) দেশভেদ। (বৃহৎসং ১৪।৯)

বৃষধূত (ত্রি) প্রস্তর দ্বারা অভিষুত। (ঋক্ ৩।৩৬।২)

বৃষধ্বজ (পুং) বৃষো বৃষভো মূষিকো ধর্ম্মো বা ধ্বজো চিহ্নং যস্য। ১ শিব। ২ গণেশ। ৩ পুণ্যবান্ ব্যক্তি। ৪ রাজপুত্রভেদ। ৫ পর্ব্বতভেদ। (মার্কণ্ডেয় ৫৮।১১) ৬ তান্ত্রিক মন্ত্ররচয়িতাভেদ। স্ত্রিয়াং টাপ্। বৃষধ্বজা, দুর্গা।

বৃষধ্বাঙ্ক্ষা[ঙ্ক্ষী] (স্ত্রী) নাগরমুথা। (রাজনি০)

বৃষন (পুং) বৃষ-কনিন্ (যুবৃষীতি। উণ্ ১।১৫৬) ১ ইন্দ্র। ২ কর্ণ। ৪ বেদনাজ্ঞান অথবা তজ্জন্য অচৈতন্য। (মেদিনী) ৫ বৃষ। ৬ অশ্ব। ৭ বিষ্ণু। (ভারত ১৩।১৪৯।২৪) ৮ বৃক্ষ।

বৃষনাভি (ত্রি) বর্ষণক্ষম নাভি অর্থাৎ চক্রচ্ছিদ্রযুক্ত, যে নাভি বা চক্রচ্ছিদ্রের বর্ষণযোগ্যতা আছে, তদ্‌যুক্ত।

"রথেন বৃষনাভিনা" (ঋক্ ৮।২০।১০)

'বৃষনাভিনা নাভিশ্চক্রচ্ছিদ্রং বর্ষকনাভিযুক্তেন রথেন' (সায়ণ)

বৃষনামন্ (ক্লী) বর্ষণ এবং নমন অর্থাৎ নত বা অধোগতি হওয়া।

"মহীমে অস্য বৃষনাম শূষে" (ঋক্ ৯।৯৭।৫৪)

'মহী মহতী প্রভূতে বৃষনাম। সুপাং সুলুগিতি সুপো লুক্। বৃষনামনী বর্ষনমনে শরাণাং বর্ষণং শত্রূণাং নমনং। ইমে এতে দ্বে কর্ম্মণী অস্য সোমস্য শূষে সুখকরে ভবতঃ।' (সায়ণ)

বৃষনাশন (পুং) বৃষান্ মূষিকান্ নাশয়তি নশ-ণিচ্-ল্যু। ১ বিড়ঙ্গ। ২ শ্রীকৃষ্ণ, অরিষ্টরূপ বৃষকে নাশ করেন বলিয়া ভগবান্‌কে বৃষনাশন বলা হইয়াছে। (হরিবংশ ৭৮ অ০)

বৃষন্তম (ত্রি) অতিশয় বর্ষণকারী।

"বিদ্মা হি ত্বা বৃষন্তমং" (ঋক্ ১।১০।১০)

'বৃষন্তমং কামানাং অতিশয়েন বর্ষিতারং' (সায়ণ)

বৃষপতি (পুং) বৃষস্য পতিঃ। ১ ষণ্ঢ, ক্লীব, ধ্বজভঙ্গ। ২ শিব, মহাদেব।

বৃষপত্রিকা (স্ত্রী) বস্তান্ত্রী, চলিত ছাগলান্ত্রী, ছাগলবেঁটে।

বৃষপত্নী (স্ত্রী) যাহাদিগের পতি অর্থাৎ প্রভু বা কর্ত্তার বর্ষণ করিবার ক্ষমতা আছে।

"বৃষপত্নীরপো জয়" (ঋক্ ৮।১৫।৬) 'বৃষপত্নীঃ বৃষা বর্ষিতা পর্জন্যঃ পতির্যাসাং তাদৃশীরপো জয় স্বায়ত্বং কুরু' (সায়ণ)

বৃষপর্ণিকা (স্ত্রী) ব্রাহ্মণযষ্টিকা, চলিত বামনহাটী।

(চরক সূ° ৪অ°)

বৃষপর্ণী (স্ত্রী) বৃষস্য মূষিকস্য পর্ণ ইব পর্ণমস্যাঃ। ১ আখুপর্ণী, চলিত ইন্দুরকাণী। ২ পুরাতী বৃক্ষ। পর্য্যায়—দধ্যালী, চক্রাঙ্গী, সুদর্শনা। (রাজনি°) ৩ কৃষ্ণদন্তী। (রত্নমালা)

বৃষপর্ব্বন্ (পুং) বৃষে পর্ব্ব উৎসবো যস্য। ১ শিব। ২ দৈত্যভেদ। (মহাভা° ১।৬৭।১৬) ৩ ভৃঙ্গারু বৃক্ষ। ৪ কেশুর। ৫ বিষ্ণু। (ভা° ১৩।১৪৯।৪১) ৬ রাজভেদ। (মার্ক° পু°১৩৪।৫) ৭ বোলতা। ৮ তৃণবিশেষ।

বৃষপাণ (ক্লী) পরিষেচনক্ষম পদার্থের পান, যে পদার্থ সেচন কার্য্যে সমর্থ তাহার পান।

"আ স্মা রথং বৃষপাণেষু তিষ্ঠসি" (ঋক্ ১।৫১।১২)

'হে ইন্দ্র ত্বং বৃষপাণেষু। বৃষ্ণঃ সেচনসমর্থস্য সোমস্য পাণানি বৃষপাণানি তেষু নিমিত্ত রথমাতিষ্ঠসি স্ম।' (সায়ণ)

বৃষপাণি (ত্রি) বৃষা সেচনসমর্থঃ পাণির্যস্য। যাহার হস্ত সেচনকার্য্যে নিপুণ।

"বৃষপাণয়োঽশ্বা" (ঋক্ ৬।৭৫।৭)

'অশ্বা বৃষপাণয়ঃ পাংসূনাং বর্ষকখুরাঃ' (সায়ণ)

বৃষপ্রভর্মন্ (ত্রি) বর্ষণশীলের প্রহর্ত্তা।

"বৃষপ্রভর্মা দানবস্য ভামং" (ঋক্ ৫।৩২।৪)

'বৃষপ্রভর্মা বর্ষণশীলস্য মেঘস্য প্রহর্ত্তা' (সায়ণ)

বৃষপ্রযাবন্ (ত্রি) যাহাতে সেচন ও গমনকর্ত্তা আছেন।

"হব্যা বৃষপ্রযাবণে" (ঋক্ ৮।২০।৯)

'বৃষপ্রযাবণে বৃষাণঃ সেক্তারঃ প্রযাবানঃ প্রকৃষ্টং গন্তারো মরুতো যস্মিন্ তত্তথোক্তং তস্মৈ।' (সায়ণ)

বৃষপ্রিয় (পুং) বিষ্ণু। (ভা° ১৩।১৪৯।৭৬)

বৃষপ্স্ (ত্রি) বর্ষণ স্বরূপ।

"অমবন্তো বৃষপ্সবঃ" (ঋক্ ৮।২০।৭)

'অমবন্তো বলবন্তো বৃষপ্সবো বর্ষণরূপা' (সায়ণ)

বৃষভ (পুং) বৃষ-অভচ্ (ঋষিবৃষিভ্যাং কিৎ। উণ্ ৩।১২৩) ১ বৃষ, বলীবর্দ্দ, চলিত ষাঁড়। ২ বীর, শ্রেষ্ঠ। (মহাভাগবত ৩।৩৩।৮৭) ৩ বৈদর্ভী রীতিভেদ। (মেদিনী) ৪ আদিজিন। (হেম) ৫ কর্ণচ্ছিদ্র। ৬ ঋষভ নামক ঔষধ। (উণাদিকোষ) ৭ বিষ্ণু। (ভা° ১৩।১৪৯।৪১) ৮ চতুর্ব্বিধ পুরুষান্তর্গত পুরুষবিশেষ; এই জাতীয় পুরুষে শঙ্খিনী জাতীয়া নারী সন্তুষ্ট থাকে।

[ইহার লক্ষণাদি বৃষ শব্দে দ্রষ্টব্য।]

"বৃষভে শঙ্খিনী তুষ্টা হস্তিনী রমতে হয়ং" (রতিমঞ্জরী)

স্ত্রিয়াং ঙীষ্ বৃষভী। ৯ বিধবা স্ত্রী। ১০ কর্ণশষ্কুলী, পটাহ-চর্ম্মের ন্যায় কর্ণান্তর্গত সূক্ষ্ম চর্ম্মবিশেষ; এই চর্ম্মে শব্দের আঘাত লাগিয়া শ্রবণজ্ঞান জন্মে। ১১ হস্তীর কর্ণ। ১২ ঔষধ। ১৩ দ্রব্যবিশেষ। ১৪ ঋষভ। ১৫ অষ্টাবিংশ মুহূর্ত্তভেদ। ১৬অসুর-ভেদ। বিষ্ণু ইহাকে ধ্বংস করেন। ১৭ দশম মনুর পুত্রভেদ। (মার্ক° পু° ৯৪।১৫) ১৮ যোদ্ধৃভেদ। (ভারত ভীষ্মপর্ব্ব) ১৯ কুশাগ্রের পুত্রভেদ। (হরিবংশ) ২০ অবসর্পিণীর ১ম অর্হৎ। ২১ গিরিব্রজের অন্তর্গত একটী পর্ব্বত। ২২ কার্ত্ত-বীর্য্যের পুত্রভেদ। (ভাগবত ৯।২৩।২৭) ২৩ মহাভদ্র সরোবরের উত্তরস্থ একটী পর্ব্বত। ইহা রুদ্রক্ষেত্র বলিয়া পূজিত।

(লিঙ্গপুরাণ ৪৯।৫৪)

বৃষভকেতু (পুং) শিব।

বৃষভগতি (পুং) বৃষভেণ গতির্যস্য। ১ শিব, মহাদেব। ২ গোযানাদি।

বৃষভচরিত (ত্রি) জ্যোতিষশাস্ত্রোক্ত দোষ বিশেষ; জন্মরাশি হইতে দ্বাদশ রাশিতে চন্দ্রের অবস্থান কালে জীবের এই দোষ ঘটে অর্থাৎ জীব তখন ব্যয়ের সহিত সেই সকল দোষকর কার্য্য করে।

"বৃষভচরিতান্ দোষানন্তে করোতি হি সব্যয়ান্।"

(বৃহৎসং° ১০৪।১০)

বৃষভতীর্থ, তীর্থভেদ। বৃষভতীর্থমাহাত্ম্যে ও বৃষভাদিমাহাত্ম্যে ইহার পরিচয় আছে।

বৃষভত্ব (ক্লী) বৃষভের ভাব বা ধর্ম্ম।

বৃষভধ্বজ (পুং) বৃষভঃ ধ্বজো বাহনং যস্য। ১ শিব। (রঘু ২।৩৬) স্ত্রিয়াং টাপ্। বৃষভধ্বজা, ২ বৃহদ্দন্তী বৃক্ষ, বড়দন্তী। (বৈদ্যকনি°) ৩ পর্ব্বতভেদ। ৪ শিববাহনভেদ। (ভারত ১৩ পর্ব্ব)

বৃষভপল্লব (পুং) বাসকবৃক্ষ। (বৈদ্যকনি°)

বৃষভবীথি (স্ত্রী) সূর্য্যগমনপথবিশেষ। [বীথি শব্দ দেখ]

বৃষভস্বামিন্ (পুং) ইক্ষ্বাকুবংশীয় রাজপুত্রভেদ।

বৃষভসেন, জৈনভেদ। (জৈন হরিবংশ ১৪১।২।৬)

বৃষভা, নদীভেদ। (বায়ুপুরাণ)

বৃষভাক্ষ (পুং) বিষ্ণু। (ভা° ১৩।১৪৯।৭৬)

বৃষভাক্ষী (স্ত্রী) ইন্দ্রবারুণী লতা, রাখালশশা। (রাজনি°)

বৃষভাঙ্ক (পুং) শিব।

বৃষভা[ণু]নু (পুং) সুরভানের পুত্র, ইহাঁর মাতার নাম পদ্মাবতী। ইনি নারায়ণের অংশসম্ভূত, জাতিস্মর ও শ্রীরাধিকার পিতা ছিলেন। (ব্রহ্মবৈ° শ্রীকৃষ্ণজন্মখণ্ড ১৭।১০৭।১৩১ অ°)

বৃষভানুপুর, ব্রজমণ্ডলের অন্তর্গত একটী গ্রাম। সঙ্কেত গ্রামের এক ক্রোশ দক্ষিণে অবস্থিত। (দেশবলী)

বৃষভান্ন (ত্রি) যাহার অন্ন বলবর্ষণকারী।

"বৃষভান্নায় বৃষভায় পাতবে" (ঋক্ ২।১৬।৫)

'বৃষভান্নায় বলবর্ষকাণ্যন্নানি যস্য স তথোক্তঃ। তাদৃশায় বৃষভায় কামানাং বর্ষিত্রে ইন্দ্রায় পাতবে পানার্থং পবত ইতি সমন্বয়ঃ।' (সায়ণ)

বৃষভাসা (স্ত্রী) বৃষ্ণা ইন্দ্রেণ ভাসতে ভাস-অচ্ ততষ্টাপ্। অমরাবতী। (ত্রিকা°)

বৃষভেক্ষণ (পুং) বৃষভো বেদঃ ঈক্ষণং জ্ঞাপকো যস্য। বেদই যাঁহার জ্ঞাপক, বিষ্ণু।

বৃষমণস্ (ত্রি) কামাভিবর্ষকমনস্ক, যাহার মন কামাভিবর্ষণ করে। "যদ্ধ শূরবৃষমণঃ পরাচৈঃ" (ঋক্ ১।৬৩।৪)

'অপি চ হে শূর! শত্রূণাং প্রেরক বৃষমণঃ কামাভিবর্ষকমনস্কেন্দ্র।'

বৃষমণ্যু (ত্রি) যাহারা অভিমত বর্ষণের জন্য মান্য করে।

"বিশ্বেষু হি ত্বা সবনেষু ভুঞ্জতে সমানমেকং বৃষমণ্যবঃ"

(ঋক্ ১।১৩১।২)

'হে ইন্দ্র! কীদৃশং ত্বাং সমানং সর্ব্বেষামেকরূপং। কীদৃশা যজমানাঃ বৃষমণ্যবঃ অভিমতবর্ষণায় ত্বামেব মন্যমানাঃ' (সায়ণ)

বৃষমূল (ক্লী) বাসামূল, বাসকমূল।

বৃষয় (পুং) বৃ-কয়ন্ বৃহ্বোঃ যুগ্ দুকৌ চ। (উণ্ ৪।১০০) আশ্রয়। (উণাদিকো°)

বৃষয়ু (ত্রি) সন্শব্দকারী, যে 'সন্' এইরূপ শব্দ করে।

"অত্যো ন যূথে বৃষয়ুঃ কনিক্রদৎ" (ঋক্ ৯।৭৭।৫)

'স যথা বৃষয়ুঃ সঞ্জ্বং করোতি তদ্বদসৌ বৃষভো রসস্য বর্ষিতা কনিক্রদচ্ছব্দং কুর্ব্বন্ অসাবীতি' (সায়ণ)

বৃষরথ (ত্রি) বর্ষণকারক রথে যুক্ত, যাহাকে বর্ষণকারক রথে নিযুক্ত বা যোজন করা হইয়াছে।

"ব্রহ্মযুজো বৃষরথাসো অত্যাঃ" (ঋক্ ১।৭৭।২)

'ব্রহ্মযুজঃ পরিবৃঢ়েন মন্ত্রেণ যুজ্যমানা বৃষরথাসো বর্ষণরথবন্তঃ তত্র নিযুক্তা ইত্যর্থঃ' (সায়ণ)

বৃষরশ্মি (ত্রি) যাহাদিগের রশ্মি অর্থাৎ প্রগ্রহরজ্জু কামাভিবর্ষণকারী।

"বৃষরথাসো বৃষরশ্ময়োঽত্যাঃ" (ঋক্ ৬ ৪।১৯)

'বৃষরশ্ময়ঃ বর্ষিতারো রশ্ময়ঃ প্রগ্রহা যেষাং তাদৃশা অত্যাঃ সততগামিনঃ' (সায়ণ)

বৃষরাজকেতন (পুং) বৃষকেতন, শিব।

বৃষরূক্ষন্ (পুং) মহাদেব। (ভা° ১৩।১৭।৩৪)

বৃষল (পুং) বৃষ-কলচ্ বৃষাদিভ্যশ্চিৎ (উণ্ ১।১০৮) ১ শূদ্র। ২ গৃঞ্জন অর্থাৎ শালগম কিম্বা রক্তলশুন। ৩ ঘোটক, অশ্ব। ৪ চন্দ্রগুপ্ত রাজা। বৃষং ধর্ম্মং লুনাতীতি। ৫ অধার্ম্মিক, পাপিষ্ঠ, দুষ্কর্ম্মান্বিত। মনু বলেন, বৃষ অর্থাৎ কামবর্ষী ধর্ম্মকে অলং অর্থাৎ ব্যর্থ বা নিরর্থক করে বলিয়া দেবগণ তাহাকে (বৃষ+অলং=বৃষলং) বৃষল বলিয়া নির্দ্দেশ করেন।

"বৃষো হি ভগবান্ ধর্ম্মস্তস্য যঃ কুরুতে হ্রলম্।

বৃষলং তং বিদুর্দ্দেবাস্তস্মাদ্ধর্ম্মং ন লোপয়েৎ॥" (মনু ৮।১৬)

বৃষলক (পুং) বৃষল এব বৃষল-স্বার্থে কন্। বৃষল।

বৃষলক্ষ্মন্ (পুং) বৃষো বৃষভঃ স এব লক্ষ্ম চিহ্নং যস্য। বৃষলাঞ্ছন, মহাদেব, যাঁহাকে বৃষের উপরে দেখিয়া চেনা যায়।

বৃষলতা (স্ত্রী) বৃষলের ভাব বা ধর্ম্ম।

বৃষলত্ব (ক্লী) বৃষলতা।

বৃষলাঞ্ছন (পুং) মহাদেব, বৃষভাঙ্ক।

বৃষলাত্মজ (পুং) ১ শূদ্রোদ্ভব, শূদ্রজাত। ২ অধার্ম্মিকোৎপন্ন, পাপিষ্ঠজ।

বৃষলী (স্ত্রী) ১ অবিবাহিতা রজস্বলা কন্যা। অত্রি ও কাশ্যপ বলেন, যে কন্যা পিতৃগৃহে অসংস্কৃতাবস্থায় রজোদর্শন করে তাহার নাম বৃষলী এবং তাদৃশাবস্থাপন্ন কন্যার পিতার ভ্রূণহত্যার পাতক জন্মে।

"পিতুর্গৃহে চ যা কন্যা রজঃ পশ্যত্যসংস্কৃতা।

ভ্রূণহত্যা পিতুস্তস্যাঃ সা কন্যা বৃষলী স্মৃতা॥" (উদ্বাহতত্ত্ব)

২ স্বীয় পতিতে অনাসক্তা ও পরপতিরতা, যে নিজ পতি পরিত্যাগপূর্ব্বক পরপতিতে আসক্ত হয়। কাশীখণ্ডে উক্ত হইয়াছে, কেবল শূদ্রীকেই যে বৃষলী বলে তাহা নহে, যে স্ত্রী আপন ভর্ত্তাকে পরিত্যাগ করিয়া পরপতিভজনা করে, সেই প্রকৃত বৃষলী।

"স্ববৃষং যা পরিত্যজ্য পরবৃষে বৃষায়তে।

বৃষলী সা হি বিজ্ঞেয়া ন শূদ্রী বৃষলী ভবেৎ॥" (কাশীখণ্ড)

৩ শূদ্রী। (মহানির্ব্বাণতন্ত্র ১।৪৭) ৪ বৃষলজাতীয়া স্ত্রীলোক অর্থাৎ অধার্ম্মিকা, পাপিষ্ঠা বা দুষ্কর্ম্মান্বিতা স্ত্রীজাতি।

৫ নীচজাতীয়া স্ত্রী। ৬ ঋতুমতী স্ত্রী। ৭ মৃতসন্তানপ্রসবকারিণী।

বৃষলীপতি (পুং) বৃষলী কন্যাবিবাহকারী, যে বৃষলী কন্যা বিবাহ করিয়াছে। বৃষলী কন্যা বিবাহ করিলে শাস্ত্রানুসারে শ্রাদ্ধাদিতে তাহার কোন অধিকার জন্মে না এবং সে স্বজাতির সহিত পংক্তিভোজনে অনধিকারী হয়।

"যস্তু তাং বরয়েৎ কন্যাং ব্রাহ্মণো জ্ঞানদুর্ব্বলঃ।
অশ্রাদ্ধেয়মপাংক্তেয়ং তং বিদ্যাদ্বৃষলীপতিম্॥" (উদ্বাহতত্ত্ব)

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে উক্ত হইয়াছে, ব্রাহ্মণ যদি শূদ্রা স্ত্রীতে গমন করে তবে তাহাকে বৃষলীপতি বলে।

"যদি শূদ্রাং ব্রজেৎ বিপ্রো বৃষলীপতিরেব সঃ।" (ব্রহ্মবৈবর্ত্তপু°)

বৃষলোচন (পুং) বৃষস্য লোচনে ইব লোচনে যস্য। ১ মূষিক, ইন্দুর। (ক্লী) ২ বৃষের লোচন, ষাঁড়ের চক্ষুঃ।

বৃষবৎ (পুং) পর্ব্বতভেদ। (মার্কপু° ৫৫।৪)

বৃষবাহ (ত্রি) বৃষারোহী।

বৃষবাহন (ত্রি) বৃষো বাহনং যস্য। ১ শিব, মহাদেব। ২ বৃষরূপ বাহন অর্থাৎ যান।

বৃষবিবাহ, (দেশজ) বৃষোৎসর্গ।

বৃষবীভৎস (পুং) কপিকচ্ছুভেদ, একপ্রকার শূকশিম্বী।

বৃষবৃষ (ক্লী) সামভেদ।

বৃষব্রত (ত্রি) বৃষকর্ম্মা, বর্ষণকারী।

"এষ বৃষা বৃষব্রতঃ পবমানো অশস্তিহা" (ঋক্ ৯।৬২।১১)

'বৃষা কামানাং সেক্তা বৃষব্রতো বৃষকর্ম্মাশস্তিহা রাক্ষসানাং হন্তা' (সায়ণ)

বৃষব্রাত (ত্রি) সেচনসমর্থ, যে সেচন করিতে সমর্থ।

"মনোজুবো যন্মরুতো রথেষা বৃষব্রাতাসঃ" (ঋক্ ১।৮৫।৪)

'হে মরুতো মনোজুবো মনোবদ্বেগগতয়ো বৃষব্রাতাসো বৃষ্ট্যুদকসেচনসমর্থসপ্তসংঘাত্মকা যূয়ং' (সায়ণ)

বৃষশত্রু (পুং) বৃষস্যাসুরবিশেষস্য শত্রুঃ। ১ বিষ্ণু। (ত্রিকাণ্ডশেষ) ২ বৃষের শত্রু।

বৃষশিপ্র (পুং) তন্নামক অসুরবিশেষ।

"দাসস্য চিদ্বৃষশিপ্রস্য মায়াঃ" (ঋক্ ৭।৯৯।৪)

'বৃষশিপ্রস্যৈতৎসংজ্ঞস্য দাসস্য চিদুপক্ষপয়িতুরসুরস্য মায়াঃ' (সায়ণ)

বৃষশীল (ত্রি) বৃষল। (নিরুক্ত ৩।১৬)

বৃষশুষ্ণ (পুং) বাতাবত মহর্ষির অপত্য।

বৃষশুষ্ম (ত্রি) বৃষের ন্যায় বলশালী, বলবান্‌দিগের শোষণকারী।

'বৃষশুষ্মং সেক্তৃণাং বলবতাং শোষকং।'(ঋক্৪।৩৬।৮ সায়ণ)২ বাতবেতমহর্ষির অপত্য। ইনি জতূকর্ণের পৌত্র। (ঐতরেয়ব্রা° ৫।২৯)

বৃষষণ্ড (পুং) ঋষিভেদ। (প্রবরাধ্যায়)

বৃষসব (ত্রি) বর্ষণকারী অধ্বর্য্যুকর্ত্তৃক অভিষুত অর্থাৎ যজ্ঞার্থ মঙ্গলস্নানকৃত।

"প্র যমস্তবৃষসবাসো" (ঋক্ ১০।৪২।৮) 'বৃষসবাসো বৃষসবা অগ্নৌ সোমস্য বর্ষিতৃভিরধ্বর্য্যুভিরভিষুতাঃ' (সায়ণ)

বৃষসার (পুং) ১ শুক্লবট। ২ দেবকুম্ভ।

বৃষসাহ্বয়া (স্ত্রী) নদীভেদ। (ভারত ভীষ্মপর্ব্ব)

বৃষসাহ্বা (স্ত্রী) নদীভেদ। (বায়ুপুরাণ)

বৃষসৃক্[ক্কি]ন্ (পুং) ভৃঙ্গরোল, ভীমরুল, বিষশৃঙ্গিন্।

বৃষসেন (পুং) ১ কর্ণের পুত্র। (ভাগবত ৯।২৩।১৪) ২ সহ্যাদ্রিবর্ণিত একজন রাজা। (সহ্যা° ৩৪।৬)

বৃষস্কন্ধ (পুং) বৃষস্য স্কন্ধ ইব স্কন্ধো যস্য। ১ যাহার স্কন্ধদেশ বৃষের স্কন্ধের ন্যায়। (রঘু ১।১৩) ২ শিব। (ভারত শান্তিপর্ব্ব)

বৃষস্যন্তী (স্ত্রী) বৃষং নরং শুক্রলং বা ইচ্ছতি মৈথুনায় বৃষ-ক্যচ্ সুপ আত্মনঃ ক্যচ্ (পা ৩।১।৮) অশ্বক্ষীরেতি সুমাগমঃ (পা ৭।১।৫১) ততঃ লটঃ শতৃশানচৌ ইতি শতৃ (পা ৩।২।১২৪) উগিতশ্চ ইতি ঙীষ্ (পা ৪।১।৬) ১ অতিশয় কামুকী। ২ শূকশিম্বী। ৩ বৃষার্থিনী গবী।

বৃষা (স্ত্রী) ১ লঘুমূষিকপর্ণীলতা, পূরাতী। (রাজনি°) ২ দ্রবন্তী, বড়দন্তী। এরণ্ড বৃক্ষের ন্যায় ইহার পত্র ও শাখা। ৩ অশ্বগন্ধা। ৪ মহাজ্যোতিষ্মতীলতা। ৫ শূকশিম্বী, কপিকচ্ছু।

বৃষাকপায়ী (স্ত্রী) বৃষাকপেঃ বিষ্ণোঃ শিবস্য অগ্নেরিন্দ্রস্য বা ভার্য্যা। বৃষাকপি-ঙীষ্ বৃষাকপ্যগ্নীন্দ্রেতি ঐকারাদেশশ্চ। (পা ৪।১।৩৭)। ১ লক্ষ্মী। ২ গৌরী। (অমর) ৩ স্বাহা। (ভরত) ৪ শচী। (স্বামী)

'বৃষাকপায়ি রেবতি সুপুত্র আহু সুস্নুষে" (ঋক্ ১০।৮৬।১৩)

'হে বৃষাকপায়ি কামানাং বর্ষকত্বাদভীষ্টদেশগমনাচ্চেন্দ্রো বৃষাকপিস্তস্য পত্নী' (সায়ণ)

৫ জীবন্তী। ৬ শতাবরী। (মেদিনী)

বৃষাকপি (পুং) বৃষঃ কপিরস্যেতি অন্যেষামপীতি দীর্ঘঃ (উণ্ ৪।১৪৩ উজ্জ্বলদত্ত) ১ বিষ্ণু। ২ শিব। ৩ অগ্নি। (মেদিনী) ৪ ইন্দ্র। (ভাগবত ৬।১৩।১০) ৫ সূর্য্য। (মহাভা° ৩।৩।৬১)

বৃষাকর (পুং) মাষকলাই।

বৃষাকৃতি (ত্রি) বিষ্ণু। (ভা° ১৩।১৪৯।২৫)

বৃষাক্ষ (পুং) ১ বৃষের ন্যায় অক্ষিবিশিষ্ট। ২ বিষ্ণু। (হরিবংশ)

বৃষাখ্য (পুং) বৃষ নামক ঐন্দ্রজালিক। (গৌড়ীয়রামায়ণ ১।৩১।৬)

বৃষাগির্ (পুং) ঋষিভেদ। [বার্ষগির দেখ।]

বৃষাঙ্ক (পুং) বৃষোঽঙ্কোঽস্য। ১ শিব। (ভাগবত ৮।৮১) ২ সাধু। ৩ পানীয় ভল্লাতক, জলজ ভেলা। ৪ ষণ্ঢ, ক্লীব। (মেদিনী) ৫ ধার্ম্মিক ব্যক্তি। ৬ ময়ূর।

বৃষাঙ্কজ (পুং) ডমরু। (শব্দরত্নাবলী)

বৃষাঞ্চন (পুং) বৃষেণ অঞ্চতি গচ্ছতীতি অনচ্-ল্যু। শিব।

বৃষাণক (পুং) ১ শিব। (ত্রিকাণ্ডশেষ) ২ শিবানুচরভেদ।
বৃষাণিন্ (পুং) ঋষভক। (রাজনি°)
বৃষাণ্ড (পুং) অসুরভেদ। (ভারত শান্তিপর্ব্ব)
বৃষাদনী (স্ত্রী) ইন্দ্রবারুণী, রাখালশশা। (বৈদ্যকনি°)
বৃষাদর্ভ (পুং) যদুবংশীয় শিবির পুত্র। (ভাগবত ৯।২৩।৩)
বৃষাদর্ভি (পুং) শিবিপুত্র বৃষদর্ভ। (ভারত শান্তিপর্ব্ব)
বৃষাদ্রি (পুং) ১ বৃষভগিরি। ২ কেরল দেশস্থ একটী পর্ব্বত।
বৃষান্তক (পুং) বৃষস্যাসুরস্যান্তকঃ। বিষ্ণু। (শব্দরত্নাবলী)
বৃষামিত্র (পুং) মহাভারতোক্ত একজন ব্রাহ্মণ। (ভারত বনপ°)
বৃষামোদিনী (ত্রি) পতি-অনুরাগিণী। (কাঠক ১২।৮)
বৃষায়ণ (পুং) ১ চটক পক্ষী। (হারাবলী) বৃষেণ অয়নং গমনং যস্য। ২ শিব।
বৃষায়ুধ (ত্রি) সেচনসমর্থ বীরের সহিত যুদ্ধকারী।
"বৃষায়ুধো ন বধ্র্‌য়ো নিরষ্টাঃ" (ঋক্ ১।৩৩।৬)
'বৃষায়ুধো বৃষেণ সেচনসমর্থেন পুংস্ত্বযুক্তেন শূরেণ সহ যুদ্ধং কুর্ব্বন্তঃ' (সায়ণ)
বৃষারণী (স্ত্রী) গঙ্গা। (কাশীখণ্ড ২৯।১২২)
বৃষারব (পুং) কর্কশ শব্দকারী, ঝিল্লী প্রভৃতি।
"বৃষারবায় বদতে" (ঋক্ ১০।১৪৬।২)
'বৃষারবায় বৃষা সেচনসমর্থো রবঃ শব্দো যস্য সূক্ষ্মজন্তুবিশেষস্য ঝিল্লাখ্যস্য স তথোক্তঃ। কটুক শব্দবান্ ইত্যর্থঃ তস্মৈ বৃষা রবাখ্যায় বদতে চীচীশব্দং কুর্ব্বতে' (সায়ণ)
বৃষাশীল (ত্রি) বৃষল। (নিরুক্ত ৩।১৬)
বৃষাশ্রিতা (স্ত্রী) গঙ্গা। (কাশীখণ্ড ২৯।১২৭)
বৃষাহার (পুং) বৃষা মূষিকঃ আহারো যস্য। বিড়াল। (হারাবলী)
বৃষাহিন্ (পুং) বিষ্ণু। (ভা° ১৩।১৪৯।৪১)
বৃষিন্ (পুং) ময়ূর। (শব্দমালা)
বৃষিমন্ (পুং) বৃষ-ইমনিচ্। (পা ৫।১।১২২) বৃষের ভাব বা ধর্ম্ম।
বৃষী (স্ত্রী) ব্রতীদিগের কুশাদি নির্ম্মিত আসন। (অমর)
বৃষেন্দ্র (পুং) বলীবর্দ্দ, ষাঁড়। (ভাগবত ৪।৪।৪) ২ নন্দী।
বৃষোৎসর্গ (পুং) বৃষস্য উৎসর্গঃ। বৃষত্যাগ, মৃতব্যক্তির উদ্দেশে তৎপুত্রাদি কর্ত্তৃক শাস্ত্রোক্ত বিধিপূর্ব্বক বৃষত্যাগ। প্রেতের উদ্দেশে অশৌচান্ত দ্বিতীয় দিন, অর্থাৎ ব্রাহ্মণাদির ১১ দিন, ক্ষত্রিয়ের ত্রয়োদশ দিন, বৈশ্যের ১৬ দিন এবং শূদ্রের ৩১ দিনের দিন এই বৃষোৎসর্গ করিতে হইবে। প্রেতের উদ্দেশে বৃষোৎসর্গ করিলে প্রেতত্ব বিমুক্তি হইয়া তাহার স্বর্গগতি হয়। এই জন্য বৃষোৎসর্গ পুত্রাদির অবশ্যকর্ত্তব্য। অশৌচান্ত দ্বিতীয় দিন ভিন্নও বৃষোৎসর্গ করা যাইতে পারে, তৎসম্বন্ধে নিয়ম এই যে, প্রথমকল্প অশৌচান্ত দ্বিতীয়দিন, ঐ দিন যদি কোন কার্য্যগতিকে না করা যায়, তাহা হইলে ত্রিপক্ষ, ষষ্ঠমাস এবং সপিণ্ডীকরণের দিন বৃষোৎসর্গ করা যাইতে পারে। সপিণ্ডীকরণের পর আর বৃষোৎসর্গ হইবে না। সপিণ্ডীকরণ পর্য্যন্তই বৃষোৎসর্গের কাল।

"একাদশাহে প্রেতস্য যস্য চোৎসৃজ্যতে বৃষঃ।
প্রেতলোকং পরিত্যজ্য স্বর্গলোকং স গচ্ছতি॥
আদ্যশ্রাদ্ধে ত্রিপক্ষে বা ষষ্ঠে মাসি চ বৎসরে।
বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যো যাবন্ন স্যাৎ সপিণ্ডতা।
সপিণ্ডীকরণাদূর্দ্ধং কালোঽস্যঃ শাস্ত্রচোদিতঃ॥" (শুদ্ধিতত্ত্ব)

অশৌচান্তের দ্বিতীয়দিনে যাহার উদ্দেশে বৃষ উৎসৃষ্ট হয় না, তদুদ্দেশে শত শত শ্রাদ্ধ করিলেও তাহার নিষ্কৃতি নাই। অর্থাৎ যে প্রেতের উদ্দেশে বৃষোৎসর্গ না করা হয়, তাহার প্রেতলোকে গতি হয়, সুতরাং তাহার নিষ্কৃতি নাই, একমাত্র বৃষোৎসর্গ দ্বারাই স্বর্গগতি হইয়া থাকে।

"অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি যস্য নোৎসৃজ্যতে বৃষঃ।
ন তস্য নিষ্কৃতির্দৃষ্টা দত্তৈশ্চ শ্রাদ্ধশতৈরপি॥" (শুদ্ধিতত্ত্ব)

শ্রাদ্ধাধিকারীই যে বৃষোৎসর্গের অধিকারী, তাহা নহে; যে কয় ভাই বা ভগিনী থাকে, তাহারা সকলেই বৃষোৎসর্গ করিতে পারেন। তবে বিশেষ এই যে কন্যা যে স্থলে বৃষোৎসর্গ করে, তথায় অশৌচান্ত দ্বিতীয় দিন অর্থাৎ চারিদিনের দিনই বৃষোৎসর্গ করিতে হইবে। পুত্রের যেরূপ ত্রিপক্ষ, ষষ্ঠমাস প্রভৃতির ব্যবস্থা আছে, কন্যার পক্ষে তাহা নহে। কন্যা কেবল চারিদিনের দিনই বৃষোৎসর্গ করিতে পারিবে, তৎপরে আর তাহার বৃষোৎসর্গের অধিকার নাই।

পুত্র সম্বন্ধে পূর্ব্বোক্ত নিয়ম জানিতে হইবে। প্রেতমাত্রেরই উদ্দেশে যে বৃষোৎসর্গ হইবে, তাহা নহে। যে স্থলে পতিপুত্রবতী রমণীর মৃত্যু হয়, তথায় বৃষোৎসর্গ হইবে না, তদুদ্দেশে বৃষোৎসর্গের পরিবর্ত্তে চন্দনধেনু হইবে। পতিপুত্রবতী নারী হইলেই যে বৃষোৎসর্গ হইবে, তাহা নহে, যে পতিপুত্রবতী নারী রজোরোধ হওয়ার পূর্ব্বে মৃত হন, তাহারই চন্দনধেনু হইবে, যে পতিপুত্রবতী নারী রজোনিবৃত্তির পর মৃত হন, তাহার উদ্দেশে বৃষোৎসর্গই হইবে। চন্দনধেনু হইবে না।

পুত্রই কেবল চন্দনধেনু করিতে পারিবে, কন্যা পারিবে না, চারিদিনের দিন কন্যা পতিপুত্রবতী রমণীর উদ্দেশে বৃষোৎসর্গই করিবে, চন্দনধেনু করিবে না। বৃষোৎসর্গেও যে ফল অভিহিত হইয়াছে, চন্দনধেনু দ্বারাও সেই ফল হইবে, ইহাতেও প্রেতলোকবিমুক্তি হইয়া স্বর্গলোকে গতি হইবে।

কন্যা চারিদিনের দিন বৃষোৎসর্গ করিতে পারিবে, তৎপরে আর পারিবে না, কিন্তু এই চারিদিনের মধ্যে যদি

তাহার অশৌচ হয়, তাহা হইলে তাহার যে দিন অশৌচাপগম হইবে, তৎপরদিন তিনি বৃষোৎসর্গ করিবেন। সেইদিন যদি বৃষোৎসর্গ করিতে না পারেন, তাহা হইলে আর তিনি বৃষোৎসর্গ করিতে পারিবেন না।

প্রেতোদ্দেশ্য ভিন্নও বৃষোৎসর্গ করা যাইতে পারে। কার্ত্তিকী পৌর্ণমাসী ও রেবতী প্রভৃতিতে বৃষোৎসর্গের বিধান আছে। এই বৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হইবে, কিন্তু প্রেতোদ্দেশে বৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধ নাই।

অথ বৃষোৎসর্গং ব্যাখ্যাস্যামঃ—কার্ত্তিক্যাং পৌর্ণমাস্যাং রেবত্যামাশ্বযুজ্যাং দশাহে গতে সংবৎসরেঽতীতে বা, প্রেত-বৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধং ন কর্ত্তব্যং।

"নার্ব্বাক্ সংবৎসরাদ্ বৃদ্ধির্বৃষোৎসর্গে বিধীয়তে।
সপিণ্ডীকরণাদূর্দ্ধং বৃদ্ধিশ্রাদ্ধং বিধীয়তে॥"

(শুদ্ধিতত্ত্বধৃত উশনবচন)

বৃষোৎসর্গে চারিটী বৎসতরী সহিত বৃষ উৎসর্গ করিতে হয়। বৎসতরী ও বৃষের লক্ষণ নির্দ্দিষ্ট আছে, তদনুসারে লক্ষণাক্রান্ত বৃষ ও সুলক্ষণা বৎসতরী লইয়া বৃষোৎসর্গ করিতে হয়।

বৃষলক্ষণ—

"অব্যঙ্গো জীববৎসায়াঃ পয়স্বিন্যাঃ সুতো বলী।
একবর্ণো দ্বিবর্ণো বা যো বা স্যাদষ্টকা সুতঃ॥
যূথাদুচ্চতরো যস্তু সমো বা নীচ এব বা।
সপ্তাবরান্ সপ্তপরানুৎসৃষ্টস্তারয়েদ্ বৃষঃ॥" (বৃষোৎসর্গতত্ত্ব)

যে বৃষের কোনরূপ অঙ্গহানি হয় নাই এবং জীববৎসা ও পয়স্বিনী গাভীর পুত্র, বর্ণ এক বা দুইপ্রকার এবং যূথ হইতে উচ্চতর যে বৃষ তাদৃশ বৃষই গ্রহণ করিতে হইবে।

আরও লিখিত আছে, লোকে এইজন্য বহুপুত্র কামনা করে যে যদি তাহার পুত্রগণের মধ্যে কোন একটী পুত্র গয়ায় গমন করে অথবা গৌরী অর্থাৎ অষ্টবর্ষীয়া কন্যা বিবাহ করে কিম্বা নীলবৃষ উৎসর্গ করে, তাহা হইলে তাহার সদ্‌গতি হয়।

"চরণানি মুখং পুচ্ছং যস্য শ্বেতানি গোপতেঃ।
লাক্ষারসসবর্ণঞ্চ তং নীলমিতি নির্দ্দিশেৎ॥
বৃষ এব স মোক্তব্যো ন সন্ধ্যার্য্যো গৃহে বসন্।
তদর্থমেষা চরতি লোকে গাথা পুরাতনী॥
এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যেকোঽপি গয়াং ব্রজেৎ।
গৌরীং বাপ্যুদ্বহেদ্‌ভার্য্যাং নীলং বা বৃষমুৎসৃজেৎ॥"

(বৃষোৎসর্গতত্ত্ব)

যে বৃষের চরণ, মুখ ও পুচ্ছ শ্বেতবর্ণ এবং বর্ণ লাক্ষারসসদৃশ, তাহাকে নীলবৃষ কহে। এইরূপ বৃষ উৎসর্গ করিলে অচিরে প্রেতত্ব দূর হয়। ভোজরাজকৃত যুক্তিকল্পতরু ও মৎস্য-পুরাণে বৃষ ও বৎসতরী পরীক্ষার বিষয় বিস্তৃতভাবে বর্ণিত আছে—

"ভগবন্! শ্রোতুমিচ্ছামি বৃষভস্য চ লক্ষণম্।
বৃষোৎসর্গবিধিঞ্চৈব তথা পুণ্যফলং মহৎ॥" ইত্যাদি।

(মৎস্যপুরাণ ১৮১ অ°)

বৃষোৎসর্গ করিবার কালে প্রথমে বৎসতরী ও বৃষ স্ব স্ব লক্ষণ-দ্বারা নির্ণয় করিবে। যে বৎসতরীর কোন অঙ্গহানি হয় নাই, যাহার জীববৎসা গাভী হইতে উৎপত্তি, এবং বর্ণ, ক্ষুর ও শৃঙ্গ স্নিগ্ধ, যে মনোহর আকৃতিযুক্তা, সৌম্যা, অরোগিণী, অক্ষুদ্রতা, তাম্রৌষ্ঠী, রক্তজিহ্বা, বিস্তীর্ণজঘনা, সেইরূপ বৎসতরী গ্রহণ করিতে হইবে। ইহার মধ্যে যদি ষড়ুন্নতা, পার্শ্বোরুসুন্দর, পঞ্চ-পৃথু, অষ্টায়তা বৎসতরী পাওয়া যায় তবে তাহা অতি সুলক্ষণা হয়। উরঃ, পৃষ্ঠ, শির, কুক্ষি ও শ্রোণিদ্বয় উন্নত হইলে তাহাকে ষড়ুন্নতা কহে, গাভীর এই ৬টী স্থান উন্নত হইলে তাহা অতি প্রশস্ত হয়। এতদ্ভিন্ন কর্ণদ্বয়, নেত্রদ্বয় ও ললাট এই পাঁচটী সম ও আয়ত এবং পুচ্ছ, সাস্না ও সক্থিনীদ্বয় এই চারিটী সম, আর শিরঃ ও গ্রীবাদেশ আয়ত হইলেও প্রশস্ত হয়।

বৃষলক্ষণ—স্কন্ধদেশ ও ককুদ উন্নত, লাঙ্গুল ও কম্বল ঋজু, বৈদূর্য্যমণির ন্যায় লোচন, প্রবালগর্ভের ন্যায় শৃঙ্গাগ্র, সুদীর্ঘ ও পৃথু বালধিযুক্ত, ৯ বা ৮টী দন্তযুক্ত, এই প্রকার বৃষই অতি প্রশস্ত। তাম্রকপিল বা শ্বেত, রক্ত, কৃষ্ণ, গৌর বা পাটলবর্ণ বৃষই ব্রাহ্মণের পক্ষে প্রশস্ত। ইত্যাদি লক্ষণাক্রান্ত বৃষ ও বৎসতরী লইয়া বৃষোৎসর্গ করিতে হয়। সাম, ঋক্ ও যজুর্ব্বেদ ভেদে বৃষোৎসর্গপদ্ধতিও ভিন্ন প্রকার।

বৃষোৎসর্গের স্বস্তিবাচনের পর মহাভারতনামোচ্চারণ করিতে হয় এবং রাঢ়দেশবাসীরা মহাভারতান্তর্গত বিরাটপর্ব্ব পাঠ করিয়া থাকেন। বৃষোৎসর্গ করিতে হইলে নিম্নলিখিত দ্রব্য আয়োজন করিতে হয়। গোশালা বা পুণ্যভূমিতে চতুরস্র ও চতুর্হস্ত পরিমাণ একটী মণ্ডপ প্রস্তুত করিতে হয়। মণ্ডপাস্ত-বিতান ১ প্রস্থ, পঞ্চগব্য, ৫টী ঘট, শান্তিকুম্ভ ১, ঘটাচ্ছাদানবস্ত্র ৫ প্রস্থ, শান্তিকুম্ভের যুগ্মবস্ত্র ১ প্রস্থ, চন্দ্রাতপ ও উষ্ণীষবস্ত্র, গণেশ ও গ্রহবিষ্ণুপূজার ষোড়শোপচার দ্রব্য, ১ বৃষ, বৎসতরী ৪টী (লোহিত, নীল, পাণ্ডর ও কৃষ্ণ হইলে ভাল হয়)। বৃষের কাঞ্চনশৃঙ্গ, কাঞ্চনবীরপট্টক, রজতক্ষুর, দর্পণ, লৌহঘণ্টা, তাম্রপৃষ্ঠ, কাংস্যক্রোড়, লৌহনূপুরচতুষ্টয়, চামর, মুকুট, আচ্ছাদনার্থ বস্ত্রযুগ্ম, বন্ধনার্থ বস্ত্র ১, বৎসতরী বন্ধনার্থ বস্ত্রচতুষ্টয়, তদলঙ্কার, সামর্থ্যাভাবে কাংস্যক্রোড়চতুষ্টয়, সোপকরণ-পেটিকাচতুষ্টয়, অঙ্কনার্থ সিন্দূরাদি বা কুঙ্কুম (অভাবে হরিদ্রা,) দণ্ডোৎপলদণ্ড, লৌহবিদাহ, স্নানার্থ সর্ব্বৌষধি, কলসদ্বয়, উদূখল,

ব্রহ্মবরণ, ২ হোতৃবরণ, ৩ আচার্য্য, ৪ সদস্য ও ৫ বিরাটবরণ। গোপালকবস্ত্র, বিল্ববৃক্ষযূপ, উপযূপচতুষ্টয়, যূপাচ্ছাদন, ব্রহ্মক্ষিণার্থ পূর্ণপাত্র, পঞ্চবর্ণ গুণ্ডিকা, পঞ্চপল্লব, ফল, হোমের ত, বালি, চরুর দুগ্ধ, আজ্যস্থালী, চরুস্থালী, তাম্রঘট, তাম্রটাট ভৃতি। এই সকল দ্রব্য আহরণ করিয়া বৃষোৎসর্গ করিতে হয়।

পদ্ধতিতে বিস্তৃত বিবরণ অভিহিত হইয়াছে, সংক্ষেপে মাত্র ামবেদী বৃষোৎসর্গ লিখিত হইল।

সামবেদীয় বৃষোৎসর্গপদ্ধতি।

কর্ত্তা প্রেতের উদ্দেশে দানাদি করিয়া বৃষোৎসর্গের স্তিবাচন করিবেন। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ বৃষোৎসর্গকর্ম্মণি পুণ্যাহং ওঁ ভবন্তোঽধিব্রুবন্তু ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ইরূপে তিনবার বলিবেন, পরে স্বস্তি ও ঋদ্ধি এইরূপে পাঠ রিয়া স্বস্তিনো ইন্দ্রঃ, সূর্য্যঃ সোমঃ ইত্যাদি মন্ত্র পাঠ করিবেন। ৎপরে বিষ্ণু স্মরণ করিয়া উত্তরমুখে সঙ্কল্প করিবেন।

ওঁ তৎসদদ্যামুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ অশৌচান্তাদ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রস্য মুকদেবশর্ম্মণঃ প্রেতলোকবিমুক্তিপূর্ব্বকস্বর্গলোকগমনকামঃ াপকরণবৎসতরীচতুষ্টয়সহিতবৃষোৎসর্গমহং করিষ্যামি। তৎরে দেবো বঃ ইত্যাদি সঙ্কল্পসূক্ত পাঠ করিবে।

পরে মহাভারতনামোচ্চারণের সঙ্কল্প করিতে হয়। ওঁ ত্তেত্যাদি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ অশৌচান্তাতীয়েঽহ্নি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ মৎসঙ্কল্পিতষাৎসর্গাঙ্গহোমীয়হবিরক্ষয়ত্বকামঃ মহাভারতনামোচ্চারণমহং রিষ্যে। এইরূপে সঙ্কল্প করিয়া মহাভারতনাম জপ করিবে। ঢ়দেশীয়েরা সম্পূর্ণ বিরাটপর্ব্ব পাঠ করেন, এইজন্য তাঁহাগকে বিরাটপর্ব্বপাঠের সঙ্কল্প করিতে হয়।

বিরাট পাঠের সঙ্কল্প যথা—ওঁ অদ্যামুকে মাসি অমুকে পক্ষে মুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণো ঽশৌচান্তাতীয়েঽহ্নি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণো মৎসঙ্কল্পিতষাৎসর্গাঙ্গহোমীয়হবিরক্ষয়ত্বকামঃ শ্রীকৃষ্ণদ্বৈপায়নাভিধানমহর্ষিদব্যাসপ্রোক্তজয়াখ্যশতসাহস্রমহাভারতান্তর্গতজনমেজয় উবাচ থং বিরাটনগরে মমপূর্ব্বপিতামহা ইত্যাদি নগরং মৎস্যরাজস্য শুভে ভরতর্ষভ ইত্যন্তং বিরাটপর্ব্ব সকৃৎ পাঠকর্ম্মাহং করিষ্যে। ইরূপ সঙ্কল্প করিয়া ব্রাহ্মণদিগকে বরণ করিতে হয়। বরণ রিবার কালে ব্রাহ্মণ উত্তরমুখে বসিবেন এবং যজমান পূর্ব্ব-

ব্রাহ্মণকে অর্চ্চনা ও বরণ করিবার মানসে তাঁহার দক্ষিণজা ধরিয়া অদ্যামুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস প্রেতস্য অমুকদেবশর্ম্মণোঽশৌচান্তাদ্বিতীয়েঽহ্নি মৎসঙ্কল্পিতবৃষোৎ সর্গাঙ্গহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণ মেভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে, এইরূপ বলিলে, ব্রাহ্ম 'ওঁ বৃতোঽস্মি' বলিবেন। পরে যজমান ওঁ যথাবিহিতব্রহ্মক কুরু, ইহা বলিলে ব্রাহ্মণও যথাজ্ঞানং করবাণি' বলিবেন।

ইহার পরে নিজে হোম করিতে অসমর্থ হইলে হোতৃবর করিয়া দিতে হয়, হোতৃবরণের পর আচার্য্যবরণ করিতে হইবে যথা অদ্যামুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্র অমুকদেবশর্ম্মণেঽশৌচান্তাদ্বিতীয়েঽহ্নি মৎসঙ্কল্পিত বৃষোৎসর্গাঙ্গ হোমীয়হবিরক্ষয়ত্বকামঃ শ্রীকৃষ্ণদ্বৈপায়নাভিধানমহর্ষিবেদব্যাস প্রোক্ত জয়াখ্যমহাভারতান্তর্গতজনমেজয় উবাচ কথং বিরাটনগ মম পূর্ব্বপিতামহা ইত্যাদি নগরং মৎস্যরাজস্য শুশুভে ভরতর্ষ ইত্যন্তং বিরাটপর্ব্বপাঠনাকর্ম্মণি পাঠকর্ম্মকরণায় অমুকগোত্র শ্রীঅমুকদেবশর্ম্মাণমেভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে ই বলিলে, পাঠক 'বৃতোঽস্মি' বলিবেন। ওঁ যথাবিহিতং পাঠক কুরু, বলিলে পাঠক 'যথাজ্ঞানং করবাণি' বলিবেন। তৎপ হোতা পঞ্চগব্য শোধন এবং বেদী অভ্যুক্ষণ করিয়া ঘট স্থাপ করিবেন এবং ঐ ঘটে যথাবিধানে যথাশক্তি গণেশ, নবগ্রহ বিষ্ণু পূজা করিয়া হস্তপ্রমাণ স্থণ্ডিল করিতে হইবে। ঐ স্থণ্ডি সর্ব্বসাধারণী কুশণ্ডিকাহোম ও চরুপাক করিতে হয়।

কুশণ্ডিকোক্ত হোম করিয়া 'ওঁ অগ্নে ত্বং সাহস নামাসি' এ নামকরণ করিয়া ধ্যান করিবে।

"ওঁ পিঙ্গভ্রশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গো জঠরোঽরুণঃ।
ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ॥"

এই ধ্যান করিয়া ওঁ ভূর্ভুবঃ স্বঃ সাহসাগ্নে ইহাগচ্ছ ইহা গচ্ছ ইত্যাদিরূপে আবাহন করিয়া 'এষঃ গন্ধঃ ওঁসাহসাগ্নয়ে নমঃ এইরূপ পঞ্চোপচারে পূজা করিবে। পরে দক্ষিণ জানু পাতি প্রাদেশপরিমিত ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে আহুতি দি জুহূতে ঘৃতস্রুব চারিটী দিয়া ভৃগুগোত্র বা ভার্গবপ্রবরের ঘৃত স্রুব পাঁচটী দিয়া ওঁ অগ্নয়ে স্বাহা' এই মন্ত্রে পূর্ব্বমুখে ঘৃতধার দিয়া জুহূতে হোম করিবে। তৎপরে অগ্নির দক্ষিণভাগে সোমায় স্বাহা এই মন্ত্রে পূর্ব্বমুখে ঘৃতধারা দিবে। তৎপ চরুহোম করিতে হয়।

ক্রমে তিনবার আহুতি দিবে। পরে জুহূতে ঘৃতস্রুবচতুষ্টয় রাখিয়া—ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে।

আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং স্বাহা ॥

এই মন্ত্রে জুহূদ্বারা হোম করিবে। পুনর্বার ঐরূপ ঘৃতস্রুব চারিটী দিয়া—

ওঁ শুক্রন্তেঽহন্যদ্যজন্তেঽহন্দ্বিযুরূপেঽহনী দ্যৌরিবাসি বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্ ভদ্রা তে পূষন্নিহ রাতিরস্তু স্বাহা' এইমন্ত্রে জুহূ দিয়া হোম করিবে। পরে আবার ঘৃতস্রুব লইয়া—

"ওঁ ইন্দ্রা পর্ব্বতা বৃহতা রথেন বামী বর্ষ আবহতং সুবীরাঃ। বীতং হব্যান্যধ্বরেষু দেবা বর্দ্ধেথাং গীর্ভিরীড়্যা মদন্তা স্বাহা" এই মন্ত্রে জুহূ দ্বারা হোম করিবে। পরে আবার লইয়া—

"ওঁ আ বো রাজানধ্বরস্য রুদ্রং হোতারং সত্যযজং রোদস্যোঃ। অগ্নিং পুরাতনাযত্নোরচিত্তাদ্ধিরণ্যরূপমবশে কৃণুধ্বং স্বাহা" এই মন্ত্রে হোম করিবে। তৎপরে চরুর ঈশানকোণ হইতে প্রচুরতর হবি গ্রহণ করিয়া জুহূতে 'ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা' এই মন্ত্রে অগ্নির ঈশানকোণে হোম করিবে। পরে ঘৃতদ্বারা চরুতে দুইবার অভিঘেচন করিয়া প্রাদেশপরিমিত ঘৃতাক্ত সমিধ অগ্নিতে আহুতি দিয়া স্রুব দ্বারা—

প্রজাপতিঋষির্গায়ত্রীছন্দোঽগ্নিদেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ, ওঁ ভূঃ স্বাহা।

প্রজাপতিঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা।

প্রজাপতিঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।

তৎপরে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া প্রকৃত হোম সমাপন করিয়া অগ্নিতে ক্ষেপণ নিক্ষেপ করিবে।

পরে বেদীর নিকটে ঈশানকোণে যূপকাষ্ঠ পুতিতে হইবে। ঐ যূপকাষ্ঠে চারিটী বৎসতরী ও বৃষ বাঁধিয়া পরে বৃষকে অগ্নির পূর্ব্বমুখে লইয়া—

'ওঁ মানস্তোকে তনয়ে মান আয়ুষি মানো গোষু মানো অশ্বেষু রীরিষঃ। বীরান্মানো রুদ্রভামিনো বধীর্হবিষ্মন্তঃ সদমিত্ত্বা হবামহে।'

এই মন্ত্র দ্বারা বৃষের দক্ষিণস্কিকে (পাছায়) দণ্ডোৎপল কুঙ্কুম বা অভাবে হরিদ্রা দ্বারা ত্রিশূল অঙ্কিত করিবে। এবং বামপাছায় 'ওঁ বৃষাহ্যসি ভানুনা দ্যুমন্তং ত্বা হবামহে পবমানঃ স্বর্দৃশং, এই মন্ত্রে চক্র লিখিবে। পরে এই চিহ্ন গোপালক কর্ত্তৃক অগ্নিদ্বারা উহা পরিস্ফুট করিয়া দিতে হয়।

পরে বৃষকে সর্ব্বৌষধি ও সুগন্ধিদ্বারা স্নান করাইতে হইবে, স্নানকালে ওঁ একোবৃষাবিরাজতি প্রভৃতি সামগান করিবে। গানে অশক্ত হইলে তিনটী ঋক্ পাঠ করিবে। যথা—

'ওঁ যএক ইদ্‌বিদয়তে বসুসত্তায় দাশুষে ঈশানোঽপ্রতিষ্কুত ইন্দ্রোঽঙ্গঃ।' পরে সর্ব্বৌষধি জলদ্বারা বৎসতরী চতুষ্টয়কে স্নান করাইতে হইবে। তৎপরে বৃষকে শুক্লবর্ণ বাসযুগলদ্বারা আচ্ছাদন করিয়া উহার ললাটে ওঁ সত্য মিথ্যা বৃষো দসি ইত্যাদি এবং বৃষাদেষ দ্যুমানিত্যাদি ঋক্‌দ্বয় উচ্চারণপূর্ব্বক সৌবর্ণবীরপট্টক পরাইয়া দিতে হয়। ঐ মন্ত্র গান করিতে অশক্ত হইলে নিম্নোক্ত ঋক্‌দ্বয় তিনবার পাঠ করিবে। যথা—

'ওঁ সত্য মিথ্যা বৃষো জুতির্ণোঽবিতা বৃষাহ্যগ্রেঽগ্নিষে পরাবতি বৃষোর্ব্বারতিশ্রুতঃ। ওঁ বৃষা সোমামুমং অসি বৃষদেব বৃষব্রতঃ বৃষা ধর্ম্মাণি দধিষে।' পরে বৃষকে একবার অগ্নি প্রদক্ষিণ করাইতে হয়, বৃষ প্রদক্ষিণ করিবার কালে লোহিতবর্ণের যে বৎসতরী থাকে, ঐ বৎসতরীকে বৃষের পশ্চাৎ পশ্চাৎ প্রদক্ষিণ করাইতে হয়। পরে বৃষ যূপকাষ্ঠে এবং চারিটী বৎসতরী উপযূপ চতুষ্টয়ে বন্ধন করিয়া পূর্ব্বে যে সকল বৃষাভরণের বিষয় বলা হইয়াছে, ঐ সকল বৃষাভরণ দ্বারা বৃষকে অলঙ্কৃত করিয়া যজমান বৃষ উৎসর্গ করিবে।

ওঁ এষ গন্ধঃ সোপকরণবৎসতরীচতুষ্টয়সহিতবৃষায় নমঃ, এইরূপে গন্ধাদি দ্বারা পূজা করিবে। পরে বৃষের দক্ষিণ কর্ণে নিম্নোক্ত মন্ত্র পাঠ এবং জপ করিতে হয়। মন্ত্র—

ওঁ বৃষো হি ভগবান্ ধর্ম্মশ্চতুষ্পাদঃ প্রকীর্ত্তিতঃ।
বৃণোমি তমহং ভক্ত্যা স মাং রক্ষতু সর্ব্বদা ॥

পরে যজমান কুশ জল তিলাদি লইয়া ওঁ তৎসদিত্যাদি উচ্চারণানন্তর 'হে বৎসতর্য্যো বো যুষ্মাকং এনং যুবানং পতিং স্বামিনং দদামি ত্যজামি ত্যক্তুং প্রার্থয়ামি তেন বৃষেণ সহ ক্রীড়ন্ত্যঃ খেলন্ত্যঃ সুভগা লোকস্য প্রিয়াশ্চরথ তৃণানি ভক্ষয়থ ভ্রমথ। হে বৎসতর্য্যঃ বয়মপি মা নঃ নাস্মৎ সত্ত্ববিষয়া ভবিষ্যথ কিন্তু ময়া ত্যক্তব্যা বয়ং বৃষস্য ভবতীনাঞ্চ ত্যাগেন রায়স্পোষেণ ধনসমৃদ্ধ্যা সাপ্ত জনুসা সপ্তজন্মব্যাপকেন ইষা অন্নেন চ সম্মদেন হৃষ্টা ভবেমঃ সুভগা লোকস্য প্রিয়া' এই মন্ত্রার্থ চিন্তা করিয়া পরে 'এনং যুবানমিতস্য যাজ্ঞবল্ক্যঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো গাবো দেবতা বৃষোৎসর্গে বিনিয়োগঃ। ওঁ এনং যুবানং পতিং বো দদানি তেন ক্রীড়ন্ত্যশ্চরথ প্রিয়েণ মা নঃ সাপ্ত জনুসা সুভগা রায়স্পোষেণ সমিষা মদেন।'

এই মন্ত্র পাঠ করিয়া 'ওঁ অদ্যামুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ প্রেতলোকবিমুক্তিপূর্ব্বকস্বর্গলোকগমনকামঃ এনং রুদ্রদৈবতং সোপকরণবৎসতরীচতুষ্টয়সহিতবৃষমহমুৎসৃজে' এই মন্ত্রে বৃষ উৎসর্গ করিবে। তৎপরে রৌদ্রী সংহিতা প্রভৃতি পাঠ করিবে, তাহাতে অশক্ত হইলে নিম্নলিখিত ঋক্‌ত্রয় পাঠ করা বিধেয়।

"ওঁ তদ্বো গায়স্থ তে সচা পুরুহূতায় স্বৎসনে।
শং যদ্‌গবে ন শাকিনে।
ওঁ মূর্দ্ধানং দিবোঽরতিং পৃথিব্যা বৈশ্বানরামৃত আজাতমগ্নিং।
কবিং সম্রাজমতিথিং জনানামাসন্না পাত্রং জনয়ন্ত দেবাঃ।
ওঁ অধিপতে মিত্রপতে ক্ষত্রপতে স্বঃপতে ধনপতে নমঃ।"
পরে বামদেব্যগান করিবে, তাহাতে অশক্ত হইলে
"ওঁ কয়া নশ্চিত্র আভুব দূতী সদা বৃধঃ সখা কয়া সচিষ্ঠয়া বৃতা।
ওঁ কস্বাসত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ দৃঢ়া চিদা রুজে বসু।
ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরিতৃণাং শতন্তবা সূতয়ে। ওঁ
স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যো-
হরিষ্টনেমিঃ স্বস্তিনো বৃহস্পতির্দধাতু।"

ইহা পাঠ করিয়া ওঁ যথেষ্টং যূপং পর্য্যটা এই বলিয়া বৎসতরীচতুষ্টয়সহিত বৃষকে যূপ হইতে মোচন করিয়া ঈশান দিকে কিঞ্চিৎ চালিত করিবে। তৎপরে ইহাদিগকে সম্বোধন করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিতে হয়।

"ওঁ ন ঋাদেঃ পরশস্যানি নাক্রামেঃ গর্ভিণীঞ্চ গাম্।"

ইহা বলিয়া বৃষ প্রদক্ষিণ করিতে হইবে। তৎপরে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে।

"ওঁ ধর্ম্মোঽসি ত্বং চতুষ্পাদশ্চতস্রস্তে প্রিয়াস্তিমাঃ।
চতুর্ণাং পোষণার্থায় ময়োৎসৃষ্টা ত্বয়া সহ॥
দেবানাঞ্চ পিতৃণাঞ্চ মনুষ্যাণাঞ্চ যোষিতঃ।
ভূতানাং তৃপ্তিজননাস্ত্বয়া সার্দ্ধং ব্রজন্ত্বিমাঃ।
নমো ব্রহ্মণ্যদেবেশ পিতৃভূতর্ষিপোষক।
ত্বয়ি মুক্তেঽক্ষয়া লোকা মম সন্তু নিরাময়াঃ॥
মা মে ঋণোঽস্তু দৈবোঽথ পৈত্র্যো ভৌতোঽথ মানুষঃ।
ধর্ম্মস্ত্বং তৎপ্রপন্নস্য যা গতিঃ সাস্তু মে ধ্রুবা॥
যৎ কিঞ্চিদ্দুষ্কৃতং কর্ম্মলোভমোহাৎ কৃতং ভবেৎ।
তস্মাদুদ্ধৃত্য দেবেশ পিতুঃ স্বর্গং প্রযচ্ছ মে॥
যাবন্তি তব লোমানি শরীরে সংভবন্তি চ।
তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গে বাসোঽস্তু মে পিতুঃ॥
পুণ্যক্ষয়াদিহাগত্য পিতা মে সর্ব্বধর্ম্মবিৎ।
দশজন্মনি বিপ্রত্বং প্রাপ্য শ্রৌতক্রিয়ারতঃ।
ততঃ প্রক্ষীণকর্ম্মাসৌ মোক্ষমাপ্নোত্যসংশয়ঃ॥"

তৎপরে যজমান দক্ষিণ মুখে প্রাচীনাবীতী হইয়া নূতন পত্রে বৃষপুচ্ছ জল লইয়া তাহাতে তিলমোটক দিয়া সেই জলে তর্পণ করিবেন।

'ওঁ অমুকগোত্রং প্রেতং অমুকদেবশর্ম্মণং সতিলবৃষপুচ্ছগলিতোদকেন তর্পয়ামি।' এই মন্ত্রে তিনবার তর্পণ করিতে হইবে। তৎপরে নিম্নোক্ত মন্ত্রে তিনবার তর্পণ করিতে হয়।

"ওঁ স্বধা পিতৃভ্যো মাতৃভ্যো বন্ধুভ্যশ্চাপি তৃপ্তয়ে।
মাতৃপক্ষাশ্চ যে কেচিৎ যে চান্যে পিতৃপক্ষজাঃ॥
গুরুশ্বশুরবন্ধূনাং যে কুলেষু সমুদ্ভবাঃ।
যে প্রেতভাবমাপন্না যে চান্যে শ্রাদ্ধবর্জ্জিতাঃ।
বৃষোৎসর্গেণ তে সর্ব্বে লভন্তাং প্রীতিমুত্তমাম্॥"

এইরূপে তর্পণের পর উদীচ্য কর্ম্ম করিতে হইবে। যথা—প্রাদেশপ্রমাণ সমিধ অগ্নিতে আহুতি দিয়া প্রজাপতি ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা।

প্রজাপতিঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ ওঁ ভুবঃ স্বাহা।

প্রজাপতিঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সবিতা—দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। তৎপরে ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া প্রায়শ্চিত্তহোম করিতে হইবে।

'ওঁ অগ্নেত্যাদি কৃতৈতদ্‌বৃষোৎসর্গহোমকর্ম্মণি যৎ কিঞ্চিদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্তসমস্তমহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমমহং করিষ্যামি।' এইরূপে সঙ্কল্প করিয়া 'ওঁ অগ্নে ত্বং বিধুনামাসি' এই নাম করণ ও আবাহন করিয়া পূজা করিবে। তৎপরে নিম্নোক্ত মন্ত্রে হোম করিবে।

প্রজাপতিঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতিঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দেবতা মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতিঋষিঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ ওঁ স্বঃ স্বাহা। প্রজাপতিঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সবিতা দেবতা মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ইহার পর পূর্ব্বের ন্যায় সমিধ্ গ্রহণপূর্ব্বক তিনটী মহাব্যাহৃতি দ্বারা হোম এবং এই সমিধ্ প্রক্ষেপ করিবে। (এস্থলে কেহ কেহ বলেন যে "প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ" এইরূপ পাঠ না করিয়া কেবল নয়বার হোম করিলেই প্রায়শ্চিত্ত সিদ্ধ হয়।)

অতঃপর 'প্রজাপতিঋষিঃ সবিতা দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায়। দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতির্বাচং ন স্বদতু।' এই মন্ত্রে উদকাঞ্জলি গ্রহণ পূর্ব্বক দক্ষিণাবর্ত্তে অগ্নিকে বেষ্টন করিতে হইবে। তার পর নিম্নোক্ত মন্ত্রে অগ্নির দক্ষিণদিক্ হইতে আরম্ভ করিয়া পশ্চিমদিক্ দিয়া পূর্ব্ব পর্য্যন্ত উদকাঞ্জলি সিঞ্চন করিতে হইবে। তাহার মন্ত্র এই "প্রজাপতি ঋষিরদিতিদের্বতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ ওঁ অদিতেঽন্বমংস্থাঃ" ইহার পর ঋষিরনুমতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ ওঁ অনুমতেঽন্বমংস্থাঃ" এই মন্ত্রোচ্চারণ পূর্ব্বক অগ্নির পশ্চিম হইতে দক্ষিণ দিয়া

উত্তর পর্য্যন্ত উদকাঞ্জলি সিঞ্চন করিবে। পরে "প্রজাপতিঋষিঃ সরস্বতী দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ ওঁ সরস্বত্যস্বমংস্থাঃ' এই মন্ত্রে অগ্নির উত্তর হইতে পশ্চিম দিয়া পূর্ব্ব পর্য্যন্ত উদকাঞ্জলি সিঞ্চন করিবে।

অনন্তর হস্তদ্বয় উত্তান-(চিত) ভাবে রাখিয়া তাহা দ্বারা আস্তরণ কুশা হইতে কয়েকটী কুশা লইয়া "প্রজাপতিঋষির্ব্বয়ো দেবতা দর্ভতৃণাভ্যঞ্জনে বিনিয়োগঃ ওঁ অক্তং রিহানা ব্যন্তবয়ঃ" এই মন্ত্র যথাক্রমে তিনবার উচ্চারণপূর্ব্বক ক্রমে ক্রমে উক্ত কুশার অগ্র, মধ্য ও মূল প্রদেশে অভ্যঙ্গ করিতে হইবে। পরে ঐ দর্ভগুলিতে জলসিঞ্চনপূর্ব্বক "প্রজাপতিঋষিরনুষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দেবতা দর্ভজুটিকাহোমে বিনিয়োগঃ ওঁ যঃ পশূনামধিপতী রুদ্রস্তিচরো বৃষা পশূনস্মাকং মা হিংসীরেতদস্ত হুতং তব স্বাহা" এই মন্ত্রে উহা অগ্নিতে প্রক্ষেপ করিবে। তারপর 'ওঁ অগ্নে ত্বং মৃড়নামাসি' এই নাম করণে আবাহনানন্তর পূজা করিয়া উঠিয়া দাঁড়াইবে এবং "প্রজাপতিঋষির্বিরাট্‌ছন্দ ইন্দ্রো দেবতা যশস্কামস্য যজনীয়প্রয়োগে বিনিয়োগঃ ওঁ পূর্ণহোমং যশসে জুহোতি বরমস্মৈ দদাতি বরং বৃণে যশসা ভামি লোকে স্বাহা" এই মন্ত্রে পূর্ণাহুতি প্রদান করিবে।

ইহার পর আচার পরম্পরা হেতু ঈশান কোণে 'পৃথি ! ত্বং শীতলা ভব' বলিয়া দুগ্ধাদি নিক্ষেপ করিবে এবং শ্রুবলগ্ন ভস্ম দ্বারা 'ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং' বলিয়া মস্তকে, ওঁ যমদগ্নেস্ত্র্যায়ুষং বলিয়া কণ্ঠে, ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং বলিয়া বাহু মূলদ্বয়ে, তন্মেঽস্তু (অন্যলোককে দিবার সময় তত্তেঽস্তু) ত্র্যায়ুষং বলিয়া হৃদয়ে, ত্র্যায়ুষ প্রদান করিবে। অতঃপর বামদেব্যগান করিতে হইবে, তাহাতে অশক্ত হইলে কুশকুসুম সহিত জলপূর্ণ পাত্রে হস্ত নিক্ষেপ করিয়া শান্তিকর্ম্মার্থ নিম্নলিখিত মন্ত্র তিন বার পাঠ করিবে। মন্ত্র এই,—

"মহাবামদেব্যঋষির্গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ ওঁ কয়া নশ্চিত্র আভুবদূতী সদা বৃধঃ সখা কয়া সচিষ্টয়া বৃতা। ওঁ কস্বাসত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ দৃঢ়া চিদা রুজে বসু। ওঁ অভীষূণঃ সখিনামবিতা জরিতৃণাং শতন্তবা স্যূতয়ে।"

উক্ত মন্ত্র তিনবার পাঠ করা হইলে "ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধ শ্রবাঃ স্বস্তিঃ নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তিনো বৃহস্পতির্দধাতু" এই মন্ত্র পাঠ করিবে।

অতঃপর ওঁ অদ্যেত্যাদি কৃতৈতদ্‌বৃষোৎসর্গাঙ্গভূতহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মপ্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং পূর্ণপাত্রং (কাঞ্চনাদিকং বা) বিষ্ণুদৈবতং অমুকগোত্রায়ামুকদেবশর্ম্মণে ব্রহ্মণে তুভ্যমহং সম্প্রদদানি (নিজের কার্য্য হইলে সম্প্রদদে) বলিয়া একটী পূর্ণপাত্র অথবা কিঞ্চিৎ সুবর্ণাদি দ্বারা দক্ষিণান্ত করিলে ব্রহ্মা 'স্বস্তি' শব্দ উচ্চারণ করিবেন। পরে ব্রহ্মা যদি স্বয়ং হোতার কাজ করিয়া থাকেন, তাহা হইলে ওঁ অদ্যেত্যাদি কৃতৈতদ্‌বৃষোৎসর্গাঙ্গভূতহোমকর্ম্ম প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতানি বস্ত্রযুগকাংস্যহিরণ্যানি বিষ্ণুদৈবতানি অমুকগোত্রায়ামুকদেবশর্ম্মণে ব্রহ্মণে তুভ্যমহং সম্প্রদদানি (স্বার্থে সম্প্রদদে) বলিয়া বস্ত্র যুগ্ম এবং সুবর্ণ ও কাংস্য প্রভৃতি দ্বারা দক্ষিণান্ত করিবে এবং ব্রহ্মাও পূর্ব্ববৎ 'স্বস্তি' উচ্চারণ করিবেন। আর যদি অন্য কেহ হোতার কাজ করিয়া থাকেন, তাহা হইলে ওঁ অদ্যেত্যাদি কৃতৈতদ্‌বৃষোৎসর্গাঙ্গভূত-হোমকর্ম্মণি হোতৃকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতানি বস্ত্রযুগ-কাংস্যহিরণ্যানি বৃহস্পতিচন্দ্রবহ্নিদৈবতানি (বিষ্ণুদৈবতানি বা) অমুকগোত্রায়ামুকদেবশর্ম্মণে হোত্রে তুভ্যমহং সম্প্রদদানি (স্বার্থে সম্প্রদদে) বলিয়া পূর্ব্বের ন্যায় বস্ত্রযুগ্ম, কাংস্য ও সুবর্ণ প্রভৃতি দ্বারা দক্ষিণান্ত করিতে হইবে এবং তখন হোতাও 'স্বস্তি' উচ্চারণ পূর্ব্বক প্রতিবচন করিবেন।

এতদনন্তর বৎসতরীচতুষ্টয়ের অলঙ্কারাদি ও বৃষাবরণ বস্ত্রাদি আচার্য্য ব্রাহ্মণকে সম্প্রদান করিবে। পরে ওঁ অদ্যেত্যাদি কৃতৈতদ্ বৃষোৎসর্গকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিমং বৃষং রুদ্রদৈবতং (বৃষাভাবে দক্ষিণামিদং গোমূল্যং বিষ্ণুদৈবতং) অমুকগোত্রায়ামুক দেবশর্ম্মণে ব্রাহ্মণায়াচার্য্যায় তুভ্যমহং সম্প্রদদানি (স্বার্থে সম্প্রদদে) বলিয়া আচার্য্য ব্রাহ্মণকে দক্ষিণাস্বরূপ একটী বৃষ অথবা তাহার উপযুক্ত মূল্য সম্প্রদান করিবে।

ইহার পর বৃষাঙ্ককর্ত্তা অর্থাৎ যে বৃষের গায়ে দাগ দিয়াছে তাহাকে কিঞ্চিৎ বেতন প্রদান করিয়া ব্রাহ্মণমণ্ডলীকে বলিয়া শুনাইতে হইবে যে, "অস্মিন্ কর্ম্মণি যৎ কিঞ্চিৎ ময়োৎসৃষ্টঞ্চ নির্জ্জনে। তৎকশ্চিদন্যো ন নয়েদ্বিভাজ্যঞ্চ যথাক্রমং। ন বাহ্যং ন চ তৎক্ষীরং পাতব্যং কেনচিৎ ক্বচিৎ।" এই কার্য্যে আমি নির্জ্জনে বৎসতরী সহিত যে বৃষোৎসর্গ করিলাম তাহা যেন অন্য কেহ ভাগ করিয়া না লয় এবং উহাদিগের দ্বারা শকটাদি বহন না করায় ও উহাদের দুগ্ধাদি যেন কেহ কখনও পান না করে।

তারপর 'ওঁ কৃতৈতদ্‌বৃষোৎসর্গকর্ম্মাচ্ছিদ্রমস্তু' বলিয়া প্রথমে অচ্ছিদ্রাবধারণ; পরে ওঁ অদ্যেত্যাদি কৃতৈতৎকর্ম্মণি যৎ কিঞ্চিৎ বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে' বলিয়া সার্থ বিষ্ণুর নাম স্মরণ এবং 'ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ দিবীব চক্ষুরাততম্' এই মন্ত্রোচ্চারণপূর্ব্বক তন্নাম-কীর্ত্তন করিয়া "ওঁ গচ্ছধ্বমমরাঃ সর্ব্বে গৃহীত্বার্চ্চাং স্বমালয়ম্। সন্তুষ্টা বরমস্মাকং দত্ত্বেদানীং সুপূজিতাঃ।" এই মন্ত্র পাঠানন্তর মন্ত্র বিসর্জ্জন দিবে। তারপর "ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্ব-যজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ।"

এই মন্ত্র পাঠ করিবে এবং আশীর্ব্বাদ লইবে।

অনন্তর প্রেতশ্রাদ্ধ করিবে এবং তদন্তে ব্রাহ্মণদিগকে এরূপ ভোজ্য প্রদান করিতে হইবে, যেন তাহাতে অন্যূনদশী ব্রাহ্মণের উপপত্তি হয়।

যজুর্ব্বেদী ও ঋগ্‌বেদীদিগের বৃষোৎসর্গপ্রণালী প্রায়ই এক রূপ, সামান্য সামান্য মন্ত্র প্রভেদ আছে। যজুর্ব্বেদীয়দিগের বৃষোৎসর্গে বৃষের কর্ণে সমগ্র রুদ্রাধ্যায় পাঠ করিতে হয়, মন্ত্রেরও স্থানে স্থানে প্রভেদ আছে। ঋগ্‌বেদীয়দিগের বৃষোৎসর্গে সঙ্কল্প ও বরণাদির পর পাবমানী ও পুরুষসূক্ত পাঠ করিতে হয়। তত্তৎ পদ্ধতিতে বিশেষ বিবরণ দ্রষ্টব্য।

স্বার্থে অর্থাৎ যে স্থলে কাম্য বৃষোৎসর্গ করিতে হয়, সেই স্থলে কার্ত্তিক মাস, বৈশাখ মাস ও পৌর্ণমাসী প্রভৃতি তিথিতে করার বিধান আছে।

বৃষোৎসাহ (পুং) বিষ্ণুর নামান্তর। বৃষোৎশাহ পাঠও পাওয়া যায়।

বৃষোদর (পুং) বিষ্ণুর নামান্তর। (ভারত অনুশাসনপর্ব্ব)

বৃষ্ট (পুং) কুকুরের পুত্রভেদ। (বায়ুপুরাণ)

বৃষ্টি (স্ত্রী) বৃষ-ক্তিন্। মেঘ হইতে জলবিন্দুপতন। পর্য্যায় বর্ষ, গোধৃত, পরামৃত, বর্ষণ। (শব্দরত্না°)

মনুতে লিখিত আছে যে—

"অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে।
আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ॥" (মনু ৩।৭৬)

অগ্নিতে আহুতি প্রদান করিলে সকল রসের আহর্ত্তা সূর্য্য-দেবে তাহা অদৃশ্যভাবে উপস্থিত হয়, সূর্য্য হইতে সেই রস বৃষ্টি রূপে পতিত হয়। বৃষ্টি হইতে অন্ন জন্মে, এবং ঐ অন্ন হইতে প্রজা উৎপন্ন হইয়া থাকে। সুতরাং যজ্ঞাদিই বৃষ্টির কারণ, বহুল যজ্ঞাদির অনুষ্ঠানে সূর্য্য হইতে প্রচুর পরিমাণে বৃষ্টি হইয়া থাকে।

রঘুবংশে লিখিত আছে যে সূর্য্য পৃথিবীর রস আকর্ষণ করিয়া পরে সেই রস সহস্রগুণে বর্ষণ করিয়া থাকেন।

"সহস্রগুণমুৎস্রষ্টুমাদত্তে হি রসং রবিঃ।" (রঘু ১ম°)

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে যে, নন্দ প্রভৃতি গোপগণ ইন্দ্রের জন্য মহোৎসব ও পূজা করিবার আয়োজন করিয়া শ্রীকৃষ্ণকে বলিয়াছিলেন, বৎস! কৃষ্ণ! মহেন্দ্রের এই পূজা আমাদের পুরুষানুগত এবং সুবৃষ্টিকরণ, বৃষ্টি হইতেই এই জগৎ রক্ষা হয়, ইন্দ্রদেব এই বৃষ্টি করিয়া থাকেন; সুতরাং তাহাকে পূজা করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য। কৃষ্ণ ইহা শুনিয়া বলিয়াছিলেন যে, পিতঃ! আপনার মুখে অদ্য অতি বিচিত্র ও আশ্চর্য্য কথা শ্রবণ করিলাম। ইন্দ্রদেব যে বৃষ্টি করিয়া থাকেন; উহা লোক ও শাস্ত্র উভয় মতেই উপহাসাস্পদ ও বেদবিগর্হিত। কুত্রাপি এইরূপ বিধান নাই যে, ইন্দ্র হইতে বৃষ্টি হইয়া থাকে। আপনার মুখেই আজ এই অপূর্ব্ব নীতিবাক্য শুনিলাম। আপনি আর এরূপ বাক্য বলিবেন না। এক্ষণে পণ্ডিতগণের নীতিবাক্য শ্রবণ করুন। ভগবান্ সূর্য্য হইতেই বৃষ্টি হইয়া থাকে, এবং ঐ বৃষ্টি হইতেই শস্য ও বৃক্ষ, পরে বৃক্ষ হইতে ফল এবং শস্য হইতে অন্নের উৎপত্তি এবং অন্ন ও ফল দ্বারাই জীবগণ জীবনধারণে সমর্থ হয়। কালে সূর্য্যই জলগ্রাস করেন, ও কালেই সেই সূর্য্য হইতে তাহার উদ্ভব হয়, সূর্য্য ও মেঘাদি সকলই বিধাতা নিরূপণ করিয়াছেন। হস্তী নিজ শুণ্ডদ্বারা সমুদ্র হইতে অভিলষিত জল গ্রহণ করিয়া মেঘকে দান করে, মেঘ বায়ু কর্ত্তৃক চালিত হইয়া সময়ে সময়ে পৃথিবীর স্থানে স্থানে সেই জল বর্ষণ করে। এই সকল ঘটনা ঈশ্বরের ইচ্ছায় হইয়া থাকে। উহাতে কিছুই প্রতিবন্ধক হয় না। ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান, মহৎ, ক্ষুদ্র ও মধ্যম যাহা কিছু হউক না কেন, সকলই একমাত্র ভগবদিচ্ছায় হইয়া থাকে।

(ব্রহ্মবৈবর্ত্তপু° শ্রীকৃষ্ণজন্মখণ্ড ২১ অ°)

"রজসা চোদিতা মেঘা বর্ষন্ত্যম্বূনি সর্ব্বতঃ।
প্রজাস্তৈরেব সিধ্যন্তি মহেন্দ্রঃ কিং করিষ্যতি॥"

(ভাগবত ১০।২৪।২৩)

শ্রীকৃষ্ণ নন্দকে বলিয়াছিলেন, সত্ত্বাদি গুণই সৃষ্টি, স্থিতি ও নাশের কারণ, রজোগুণ দ্বারাই এই বিশ্বের উৎপত্তি হইয়াছে, এবং মেঘ সকলও রজোগুণ কর্ত্তৃক প্রেরিত হইয়া সকল স্থলে বর্ষণ করিয়া থাকে, এবং তাহা দ্বারাই প্রজা সকল জীবিত থাকে, মহেন্দ্র কিছুই করেন না।

ইন্দ্র যদি বৃষ্টি করিতেন, তাহা হইলে পর্ব্বত, মরুভূমি, ও সমুদ্র প্রভৃতি যে স্থলে বৃষ্টির প্রয়োজন নাই, তথায় বৃষ্টি না করিয়া যে স্থলে বৃষ্টির নিতান্ত আবশ্যক, কেবল সেই স্থলেই বৃষ্টি করিতেন। কিন্তু ইন্দ্র কিছুই করেন না, যে যে স্থলে মেঘ রজোগুণ দ্বারা চালিত হয়, সেই সেই স্থলেই বৃষ্টি হইয়া থাকে।

বৃহৎসংহিতায় বৃষ্টির বিষয় এইরূপ লিখিত হইয়াছে, সংক্ষিপ্ত ভাবে তাহার কিঞ্চিৎ আলোচনা করিয়া দেখা যাউক। অন্নই একমাত্র জগতের প্রাণ এবং এই অন্ন বর্ষাকালের আয়ত্ত। এই জন্য যত্নের সহিত বর্ষাকাল পরীক্ষা করা আবশ্যক। গর্গ, পরাশর, কাশ্যপ ও বৎস প্রভৃতি মুনিগণ বৃষ্টির গর্ভ লক্ষণ যেরূপ নিরূপণ করিয়াছেন, তাহাদের মতানুসারে এই বৃষ্টির গর্ভ লক্ষণ নিরূপিত হইল। এই নিয়মানুসারে বৃষ্টির গর্ভলক্ষণ স্থির করিতে পারিলে কোন্ সময়ে বৃষ্টি হইবে, তাহা অনায়াসেই জানা যাইতে পারে। কেহ কেহ বলেন যে কার্ত্তিক মাসের শুক্লপক্ষ অতিক্রম করিয়া বৃষ্টির গর্ভ দিবস স্থির করিতে হয়, কিন্তু এই মত অসাধু।

অগ্রহায়ণ মাসের শুক্লা প্রতিপদ্ হইতে যে দিন চন্দ্র পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে সঙ্গত হন, সেই দিন হইতে বৃষ্টির গর্ভলক্ষণ সকল জ্ঞাতব্য। চন্দ্র যে নক্ষত্র প্রাপ্ত হইলে মেঘের গর্ভ হয়, চন্দ্রবশে অর্থাৎ চন্দ্রের দিনানুসারে ১৯৫ দিনে সেই গর্ভের প্রসবকাল অর্থাৎ সেই দিনে বৃষ্টি হয়।

সিতপক্ষজাতগর্ভ কৃষ্ণপক্ষে, কৃষ্ণপক্ষসম্ভব গর্ভ শুক্লপক্ষে, দিবাজাত গর্ভ রাত্রিকালে ও রাত্রিপ্রভব সন্ধ্যাকালে প্রসবকাল পাইয়া থাকে, অর্থাৎ তৎকালে বৃষ্টি হয়।

অগ্রহায়ণ মাসজাত গর্ভ এবং পৌষ শুক্লপক্ষজাত গর্ভ মন্দ ফলযুক্ত হইয়া থাকে। মাঘমাসের শুক্লপক্ষের গর্ভ শ্রাবণের কৃষ্ণপক্ষে, মাঘমাসের কৃষ্ণপক্ষের গর্ভের প্রসবকাল ভাদ্রমাসের শুক্লপক্ষ অর্থাৎ ঐ কালে বৃষ্টি হইয়া থাকে। ফাল্গুন শুক্লপক্ষজাত গর্ভে ভাদ্রমাসের কৃষ্ণপক্ষ, এবং ফাল্গুনের কৃষ্ণপক্ষীয় গর্ভে আশ্বিন মাসের শুক্লপক্ষ, চৈত্রের সিতপক্ষজাতগর্ভ আশ্বিনের কৃষ্ণপক্ষে এবং কৃষ্ণপক্ষ জাতগর্ভ কার্ত্তিকমাসের শুক্লপক্ষে প্রসূত হয়, অর্থাৎ ঐ সময়ে বৃষ্টি হইয়া থাকে।

পূর্ব্বদিকের মেঘ পশ্চাদুত্থিত, ও পশ্চিমের মেঘ পূর্ব্বদিকে উদিত হয়। শেষ দিক্ সকলে বায়ুরও এইরূপ বিপর্য্যয় হইয়া থাকে। ঈশানকোণ ও পূর্ব্বদিকের বায়ুতে আকাশ বিমল, আনন্দকর ও মৃদু মৃদু বর্ষণ হইয়া থাকে। চন্দ্র ও সূর্য্য স্নিগ্ধ ও বহুল শুক্লমণ্ডলে পরিবৃত হয়। অগ্রহায়ণ মাসে অতি শীত এবং পৌষে অত্যন্ত হিমপাত হইলে গর্ভ পুষ্ট হয় না। ফাল্গুন মাসে পবন যদি রুক্ষ ও প্রচণ্ড হয়, মেঘ সঞ্চয় স্নিগ্ধ, পরিবেষ অসম্পূর্ণ, সূর্য্য অগ্নির ন্যায় পিঙ্গল ও তাম্রবর্ণ হয়, তাহা হইলে মেঘের গর্ভ শুভ হয়। চৈত্রে গর্ভ সকল যদি পবন, মেঘ, বৃষ্টি, ও পরিবেষযুক্ত হয়, তাহা হইলে শুভ হইয়া থাকে। বৈশাখমাসে যদি মেঘ, বায়ু, জল ও শব্দিত বিদ্যুৎযুক্ত হয়, তাহা হইলে গর্ভ দ্বারা শুভ হয়।

মুক্তা বা রোপ্যসন্নিভ বা তমাল, নীলোৎপল ও অঞ্জনের দ্যুতিবিশিষ্ট, কিংবা জলচর প্রাণিগণের ন্যায় আকার সম্পন্ন মেঘ সকল প্রভূত জলবর্ষণ করে। আর গর্ভ সূর্য্যের তীব্রকিরণে অভিতাপিত ও মন্দমারুতসমন্বিত হইলে মেঘগণ প্রসবকালে যেন রুষ্ট হইয়া জলধারা বর্ষণ করে।

অশনি, উল্কা, পাংশুপাত, দিগ্‌দাহ, ভূমিকম্প, গন্ধর্ব্বনগর, কীলক, কেতু, গ্রহযুদ্ধ, নির্ঘাত, রুধিরাদিবিষ্টিবিকৃতি, পরিঘ, ইন্দ্রধনু ও রাহুদর্শন এই সকল উৎপাত ও অন্য ত্রিবিধ উৎপাত দ্বারা গর্ভ নষ্ট হয়।

ঋতুস্বভাবজনিত যে সকল সামান্য লক্ষণ দ্বারা যে গর্ভ বৃদ্ধি হয়, তাহার বিপরীত লক্ষণ দ্বারা তাহাদের বিপর্য্যয় হয়। সকল ঋতুতেই পূর্ব্বভাদ্রপদ, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া এবং রোহিণী নক্ষত্রে বর্দ্ধিত গর্ভ বহুজল প্রদান করে। শতভিষা, অশ্লেষা, আর্দ্রা, স্বাতি ও মঘা নক্ষত্রে গর্ভ শুভপ্রদ। উহা বহুদিবস পোষণ করে ও ত্রিবিধ উৎপাত দ্বারা হত হইলেও হনন করে।

চন্দ্র যখন ঐ পাঁচটী নক্ষত্রের কোন একটীতে অবস্থান করেন, তখন অগ্রহায়ণ হইতে বৈশাখ পর্য্যন্ত ছয়মাসে যথাক্রমে ৮, ৬, ১৬, ২৪, ২০, এবং তিন দিন উপর্য্যুপরি বর্ষণ হইয়া থাকে। ক্রূর গ্রহযুক্ত হইলে গর্ভ সকল করকা, অশনি, এবং মৎস্য বৃষ্টি করিয়া থাকে। চন্দ্র বা সূর্য্য শুভগ্রহবীক্ষিত হইলে গর্ভ বহু বৃষ্টিকর হয়। গর্ভ সময়ে অকারণ যদি অতি বৃষ্টি হয়, তাহা হইলে গর্ভের অভাব হয়। দ্রোণ পরিমাণের অষ্টাংশের অধিক বর্ষণ হইলেও গর্ভ নষ্ট হয়। পুষ্টগর্ভ যদি গ্রহোপঘাতাদি দ্বারা দীর্ঘকালের জন্য বর্ষণরহিত হয়, তাহা হইলে প্রসবকালে করকামিশ্র বৃষ্টি হয়।

যে গর্ভ পঞ্চ প্রকার নিমিত্ত দ্বারা পুষ্ট হয়, সেই গর্ভ শত যোজন ব্যাপিয়া বর্ষণ করে। ঐ সকল নিমিত্তের এক একটীর অভাবে শতযোজনের অর্দ্ধার্দ্ধ হানি ভাবে বৃদ্ধি হয়। অর্থাৎ চতুর্নিমিত্তক গর্ভ ৫০ যোজন, ত্রিনিমিত্তক ২৫ যোজন, দ্বিনিমিত্তক ১২৷৷০ যোজন ও এক নিমিত্তক ৬৷৷০ যোজন ব্যাপিয়া বর্ষণ করে। পঞ্চনিমিত্তক গর্ভ ১ দ্রোণ পরিমিত জল পবন নিমিত্তক গর্ভ ৩ আঢ়ক এবং বিদ্যুন্নিমিত্তক ৬ আঢ়ক জলবর্ষণ করিয়া থাকে।

পবন, সলিল, বিদ্যুৎ, গর্জ্জিত ও মেঘরূপ এই পঞ্চ নিমিত্ত যুক্ত যে গর্ভ তাহা বহু জলপ্রদ। যদি গর্ভকালে অতিবৃষ্টি হয়, তাহা হইলে প্রসবকাল অতিক্রম করিয়া জলকণা বর্ষণ করিতে থাকে।

জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষের অষ্টম্যাদি চারিদিন বায়ু দ্বারা মেঘের গর্ভ স্থির করিতে হয়। ঐ সকল দিন মৃদু শুভ বায়ুযুক্ত হইলে বা স্নিগ্ধ মেঘাচ্ছন্ন আকাশ হইলে প্রশস্ত। ঐ চারিদিন যদি স্বাতি প্রভৃতি চারিটী নক্ষত্র হয়, তাহা হইলে শ্রাবণাদি মাসে উত্তমরূপ বৃষ্টি হইবে।

জ্যৈষ্ঠী পূর্ণিমা অতীত হইলে যদি পূর্ব্বাষাঢ়াদি নক্ষত্রে বৃষ্টি হয়, তাহা দ্বারা জলের শুভাশুভ নিরূপণ করা আবশ্যক। হস্ত পরিমিত পরিধি বিস্তৃত কুণ্ড ধারণ করিয়া জলের পরিমাণ নির্দ্দেশ করিতে হয়। উক্ত পাত্রের পরিমাণ এক আঢ়ক। যাহাতে পৃথিবী মুদিতা কিংবা তৃণাগ্রে বিন্দু সকল জাত হয়, সেই বৃষ্টি দ্বারা জলের প্রথম পরিমাণ নিরূপণ করিতে হয়। কেহ কেহ বলেন, যতদূর দেখা যায়, ততদূরই অতিবৃষ্টি, কেহ বা উক্ত লক্ষণে দশযোজন মণ্ডল অতিবৃষ্টি বলেন। কিন্তু গর্গ, বশিষ্ঠ ও

পরাশর মতে দ্বাদশ যোজন পরে বৃষ্টি যায় না। যে সকল নক্ষত্রে অতিবৃষ্টি হয়, প্রায় সেই সকল নক্ষত্রেই বৃষ্টি হইয়া থাকে। কিন্তু যদি পূর্ব্বাষাঢ়া হইতে মূলা পর্য্যন্ত নক্ষত্র সকলে বৃষ্টি না হয়, তাহা হইলে সকল নক্ষত্রেই অনাবৃষ্টি হইয়া থাকে। যদি নিরুপদ্রব চন্দ্র পূর্ব্বাষাঢ়া, মৃগশিরা, হস্তা, চিত্রা, রেবতী ও ধনিষ্ঠাতে থাকেন, তাহা হইলে ১৬ দ্রোণ পরিমাণ বৃষ্টি হয়। শতভিষা, জ্যেষ্ঠা, ও স্বাতিতে ৪ দ্রোণ, কৃত্তিকাদিগণে ১০ দ্রোণ, ফল্গুনীতে ২৫ দ্রোণ, পুনর্ব্বসু, বিশাখা ও উত্তরাষাঢ়াতে ২০ দ্রোণ, অশ্লেষা নক্ষত্রে ১৩ দ্রোণ, উত্তরভাদ্রপদ, উত্তরফল্গুনী ও রোহিণীতে ২৫ দ্রোণ, পূর্ব্বভাদ্রপদ, পুষ্যা ও অশ্বিনী নক্ষত্রে ১২ দ্রোণ এবং আদ্রা নক্ষত্রে ১৮ দ্রোণ পরিমাণ বৃষ্টি হয়। নক্ষত্র সকল যদি সূর্য্য, শনি বা কেতু কর্ত্তৃক পীড়িত ও মঙ্গল কর্ত্তৃক ত্রিবিধ অদ্ভুত দ্বারা আহত হয়, তাহা হইলে বৃষ্টি হয় না। কিন্তু শুভযুক্ত ও নিরুপদ্রব হইলে পূর্ব্বোক্ত ফল হইয়া থাকে।

সদ্যোবৃষ্টিলক্ষণ—বৃষ্টিবিষয়ক প্রশ্ন করিলে তৎকালে যদি চন্দ্র সলিলানয় (জলানয়নকারী) রাশিকে অর্থাৎ কর্কট, কুম্ভ, মীন, কন্যা ও মকরের অর্দ্ধার্দ্ধ রাশিকে আশ্রয় করিয়া যদি লগ্নগত কিংবা শুক্লপক্ষে কেন্দ্র এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে অচিরে প্রচুর বৃষ্টি হয়। পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে অল্পবৃষ্টি হয়। শুক্রও চন্দ্রের ন্যায় ফলদাতা। যদি প্রশ্নকালে প্রশ্নকর্ত্তা আর্দ্রদ্রব্য বা জল কিংবা তৎসংজ্ঞক কোন দ্রব্য স্পর্শ করেন, অথবা জলের নিকটবর্ত্তী বা জলসম্বন্ধী কোন কর্ম্মে রত হন, এবং জিজ্ঞাসা কালে জল বা জলবাচক শব্দ শ্রুত হয়, তাহা হইলে অচিরাৎ জল হইবে বলিয়া জানা যায়।

বর্ষাকালে যে দিন সূর্য্য দীপ্তি দ্বারা দৃষ্টিসন্তাপক, দ্রবীভূত কনকসদৃশ বা বৈদূর্য্যের ন্যায় স্নিগ্ধকান্তিবিশিষ্ট হইবেন, সেই দিন বৃষ্টি হইবে। বিরস জল, গোনেত্রসদৃশ গগন, বিমল দিক্ সকল, লবণের জলরূপে বিকৃতি, কাকাণ্ডসদৃশ বর্ণবিশিষ্ট মেঘোদর, নিশ্চলপবন, মৎস্যগণের পুনঃ পুনঃ লম্ফন এবং মণ্ডূকগণের বারংবার ধ্বনি, এই সকলই অচিরে বৃষ্টি হইবার হেতু; অর্থাৎ এই সকল হেতু দেখিলে উহা সদ্যোবৃষ্টির লক্ষণ বলিয়া বুঝিতে হইবে। মার্জ্জারগণ নখ দ্বারা পৃথিবী বিলেখন করিলে, লোহার মলোদ্ভবে কাচা মাংসবৎ গন্ধ অনুভূত হইলে এবং শিশুগণ পথিমধ্যে সেতুবন্ধ করিলে অচিরে বৃষ্টি হইবে, জানা যায়।

পর্ব্বত সকল যদি অঞ্জনপুঞ্জসদৃশ কিংবা বাষ্পনিরুদ্ধ কন্দর এবং চন্দ্রের পরিবেষ কুক্কুটলোচনসদৃশ হয়, তাহা হইলে শীঘ্র বৃষ্টি হইবে। উপঘাত ব্যতিরেকে পিপীলিকায় ডিম্বব্যাপ্তি, সর্পগণের স্ত্রীসঙ্গ, ভুজঙ্গগণের বৃক্ষাধিরোহণ এবং গোসমূহের লম্ফন বৃষ্টির নিমিত্ত স্বরূপ। যদি কৃকলাসগণ তরুশিখরে উত্থিত হইয়া গগনতলে দৃষ্টি নিক্ষেপ করে এবং গোবৃন্দ ঊর্দ্ধ নেত্রে সূর্য্য নিরীক্ষণ করে, তবে অচিরেই বৃষ্টি হয়। যদি পশুগণ গৃহ হইতে বহির্নির্গমনে ইচ্ছা না করে এবং শ্রবণ ও ক্ষুর কাঁপাইতে থাকে, আর কুক্কুরগণও যদি উক্ত পশুদিগের ন্যায় ঐরূপ কার্য্য করে, তখনই বৃষ্টি হইবে, জানিতে পারা যায়।

যখন গৃহপটলে কুক্কুরগণ অবস্থিতি করে, কিংবা ঊর্দ্ধোন্মুখ হয় এবং যখন দিবাভাগে ঈশানকোণে তড়িৎ উৎপন্ন হয়, তখন অতিবৃষ্টি হয়। যখন চন্দ্র শুক বা কপোতলোচন সদৃশ ও মধুসন্নিভ হন এবং যখন আকাশে প্রতিচন্দ্র বিরাজিত থাকেন, তখন আকাশ হইতে অচিরে বারিপতন হয়। রাত্রিতে যদি বিদ্যুতের শব্দ এবং দিবাভাগে রুধির সদৃশ বা দণ্ডবৎ বিদ্যুৎ হয় এবং পবন অগ্রে শীতল হয়, তাহা হইলে তখন বৃষ্টি হয়। লতাগণের নব পল্লব সকল যদি গগনতলোন্মুখ হয়, বিহঙ্গমগণ জল কিংবা পাংশু দ্বারা স্নান করে, এবং সরীসৃপগণ তৃণের অগ্রভাগে বিচরণ করে, তাহা হইলে শীঘ্রই বৃষ্টি হয়। যখন সন্ধ্যাকালীন আকাশে মেঘ সকল ময়ূর, শুক, নীলকণ্ঠ, বা চাতক পক্ষীর ন্যায় বর্ণবিশিষ্ট, কিংবা জবাকুসুম ও পদ্মের দ্যুতিহরণকারী হয়, তখন অচিরে বৃষ্টি হয়।

সূর্য্যের উদয় কিংবা অস্তকালে ইন্দ্রধনু, পরিঘ, প্রতিসূর্য্য, দন্তাকৃতি ইন্দ্রধনু বা বিদ্যুতের পরিবেষ প্রকাশিত হইলে শীঘ্র প্রচুর বৃষ্টি হয়। সূর্য্যের উদয়াস্ত সময়ে যদি গগন তিত্তির পক্ষীর পক্ষ সদৃশ বর্ণবিশিষ্ট হয়, এবং পক্ষিগণ আনন্দিত হইয়া কলরব করে, তাহা হইলে দিবারাত্র প্রভূত বৃষ্টি হয়।

বর্ষাকালে চন্দ্র যদি শুভগ্রহদৃষ্ট শুক্র হইতে সপ্তম রাশি গত কিংবা শনি হইতে নবম, পঞ্চম, বা সপ্তম রাশিগত হন, তাহা হইলে বৃষ্টির কারণ হইয়া থাকে। গ্রহগণের উদয়াস্তকালে মণ্ডল সংক্রমণ ও সমাগম হইলে এবং পক্ষদ্বয়ে, অয়নান্তে ও সূর্য্য আর্দ্রানক্ষত্রগত হইলে নিয়ম বশে প্রায় বৃষ্টি হয়। বুধশুক্রের সমাগমে, বুধ বৃহস্পতি বা বৃহস্পতিশুক্রসমাগমেও বৃষ্টি হয়। যখন সূর্য্যাবলম্বী গ্রহগণ সূর্য্যের পূর্ব্বে বা পশ্চাতে থাকে, তখন প্রভূত বৃষ্টি হয়। ইহা ভিন্ন স্বাতিযোগ, রোহিণীযোগ প্রভৃতিতে বৃষ্টি হইয়া থাকে। (বৃহৎস°-২১-২৫ অ°)

বৃষ্টিজলের গুণাদির বিষয় বৈদ্যকে এইরূপ লিখিত আছে যে, জল দুই প্রকার আন্তরীক্ষ জল ও ভৌমজল। ইহার মধ্যে আন্তরীক্ষ জল চারি প্রকার, যথা ধারাভব, করকাজাত, তৌষার ও হৈম। যে বৃষ্টির জল ধারাবাহী হইয়া স্ফীতবস্ত্রে বা সুধৌত প্রস্তর বা ভূমিতে পতিত হয়, তাহা সুবর্ণ, রৌপ্য, তাম্র, স্ফটিক, কাচ বা মৃৎপাত্রে স্থাপন করিয়া রাখিলে তাহাকে ধারাভব জল

কহে। এই জল ত্রিদোষনাশক, লঘু, সৌম্য, রসায়ন, বলকারক, তৃপ্তিকর, আহ্লাদজনক, প্রাণধারক, পাচক, বুদ্ধিজনক, এবং মূর্চ্ছা, তন্দ্রা, দাহ, শ্রান্তি, ক্লান্তি, ও পিপাসানাশক। বর্ষাকালে এই জল বিশেষ উপকারক।

বৃষ্টির ধারাজাত জল আবার দুই প্রকার, গাঙ্গেয় ও সামুদ্র। মেঘাভ্যন্তরস্থ দিগ্‌গজগণ আকাশগঙ্গা সম্বন্ধী জল গ্রহণ পূর্ব্বক বর্ষণ করে বলিয়া, উহার নাম গঙ্গাজল। মেঘগণ প্রায় আশ্বিন মাসেই এই জল বর্ষণ করিয়া থাকে। ঐ জল সকল প্রকারে হিতজনক। সুবর্ণ, রৌপ্য বা মৃৎপাত্রে স্থাপিত অন্নের উপর বৃষ্টির জল পতিত হইলে যদি ঐ অন্ন ক্লিন্ন বা বিবর্ণ না হয়, তবে তাহাকেই গঙ্গাজল বলিয়া স্থির করিতে হইবে। উক্ত জল সমস্ত দোষনাশক। ইহার বিপরীত লক্ষণ হইলে তাহাকে সামুদ্র জল কহে। এই জল ক্ষারসংযুক্ত, লবণ রস, শুক্রনাশক, দৃষ্টির হানিকারক, বলাপহারক, আমগন্ধি, দোষপ্রদায়ক, এবং তীক্ষ্ণ, ইহা সকল কার্য্যেই অহিতজনক। সামুদ্র আশ্বিন মাসে গাঙ্গেয়-জলের তুল্য গুণকারী হয়। অগস্ত্য নক্ষত্রের উদয়ের পর যে বৃষ্টির জল পতিত হয়, তাহা সমস্তই নির্ম্মল, নির্বিষ, মধুর রস, শুক্রজনক এবং দোষপ্রদায়ক নহে।

গ্রন্থান্তরে লিখিত আছে যে, গগনবিহারী নাগগণের ফুৎকার জন্য সবিষ বায়ুসংস্পৃষ্ট হইয়া পতিত হয় বলিয়া আশ্বিন মাস ভিন্ন সমস্ত বর্ষাকালের বৃষ্টির জল বিষাক্ত হইয়া থাকে।

মেঘগণ অকালে যে জল বর্ষণ করে, তাহা সমস্ত দেহীদিগের ত্রিদোষপ্রকোপক বলিয়া অভিহিত হইয়াছে। অকাল শব্দে পৌষ, মাঘ, ফাল্গুন ও চৈত্র এই চারি মাস বুঝিতে হইবে। এই চারি মাসের বৃষ্টির জল ত্রিদোষবর্দ্ধক। করকাজল দিব্য বায়ু ও তেজঃ সংযোগে সংহত হইয়া আকাশ হইতে যে পাষাণখণ্ডবৎ পতিত হয়, তাহাকে করকাজল বা শিলজল বলে। এই জল অমৃত তুল্য গুণকারক, রুক্ষ, অপিচ্ছিল, গুরু, স্থিরগুণযুক্ত, অতিশয় শীতল, কঠিন, পিত্তনাশক, এবং কফ ও বায়ুবর্দ্ধক।

নদী হইতে সমুদ্র পর্য্যন্ত সমস্ত জলাশয়ের অন্তর্বর্ত্তী তেজঃ সংযোগে ধূমের অবয়ব সদৃশ বা বাষ্পাকারে উত্থিত হইয়া যে জল পতিত হয়, তাহাকে তুষারজ জল কহে। এই জল প্রাণিগণের পক্ষে অহিতকর, কিন্তু বৃক্ষ সমূহের পক্ষে বিশেষ হিতকারী। ইহা শীতল, রুক্ষ, বায়ুবর্দ্ধক, পিত্তনাশক, কফ, উরুস্তম্ভ, কণ্ঠরোগ, মন্দাগ্নি, মেদ ও গলগণ্ডাদি রোগনাশক।

হিমালয়ের শৃঙ্গাদি হিমাচ্ছন্ন প্রদেশ হইতে দ্রব হইয়া যে জল পতিত হয়, তাহাকে হৈম জল কহে। এই জল শীতল, পিত্তনাশক, গুরু ও বায়ুবর্দ্ধক। বৃষ্টির এই চারি প্রকার জল উক্ত গুণবিশিষ্ট হইয়া থাকে। (ভাবপ্রকাশ)

পাশ্চাত্য মত।

পাশ্চাত্য মতে, পার্থিব জলরাশি সূর্য্যালোকে উত্তপ্ত হইয়া বাষ্পে পরিণত হয়। ভূবায়ুর মধ্যে প্রতিনিয়তই ঐ জলীয় বাষ্প মিশ্রিত হইয়া থাকে। স্থলভাগ ও সমুদ্র হইতে অনবরতই ঐরূপ বাষ্প উত্থিত হইতেছে। বাষ্পোৎপাদন প্রকৃতির এক নিত্যক্রিয়া। আমরা যেখানে জলের লেশমাত্র অনুভব করিতে পারি না, সূক্ষ্মক্রিয়াময়ী অঘটনঘটনপটীয়সী প্রকৃতি দেবী তাদৃশ স্থল হইতেও বাষ্পোৎপাদনপূর্ব্বক ভূবায়ুতে বিমিশ্রিত করিয়া রাখিতেছেন। মাঠ বাট হাট ঘাট অরণ্য কানন প্রান্তর কূপ পুষ্করিণী হ্রদ নদ নদী সমুদ্র সকল স্থান হইতেই বাষ্পোদ্গম হইতেছে। বর্ত্তমান পাশ্চাত্য বৈজ্ঞানিকগণ বলিয়া থাকেন, বাষ্প কখনও দৃশ্য ভাবে কখনও বা অদৃশ্য ভাবে বায়ুরাশিতে আশ্রয় লইয়া শূন্যদেশে বিচরণ করে। শিশির, কুজ্ঝটিকা, তুষার, মেঘ ও বৃষ্টি এই বাষ্পোদ্গম ব্যাপারেরই পরিণতি। ঊর্দ্ধ আকাশে এ বাষ্পরাশি মেঘাকারে প্রকাশ পায়। আকাশের নিম্ন প্রদেশে সঞ্চিত জলীয় বাষ্পসমূহ কুজ্ঝটিকা (Mist) নামে অভিহিত হইয়া থাকে। মেঘ হইতে ভূপৃষ্ঠে যে জলধারা পতিত হয়, তাহার নাম বৃষ্টি। ভারতীয় আর্য্য ঋষিগণও সহস্রাধিক বর্ষ পূর্ব্বে এই রূপেই বৃষ্টির উৎপত্তি ঘোষণা করিয়াছেন—

"তেজো হ সর্ব্বভূতেভ্যঃ আদত্তে রশ্মিভির্জলম্।
সমুদ্রাত্তস্তসা যোগাৎ রশ্ময়ঃ প্রবহন্ত্যপঃ॥
ততোঽয়নবশাৎ কালে পরিবৃত্তো দিবাকরঃ।
নিষচ্ছতি পয়ো মেঘে শুক্লাশুক্লৈর্গভস্তিভিঃ॥
অভ্রস্থাঃ প্রপতন্ত্যাপো বায়ুনা সমুদীরিতাঃ।
সর্ব্বভূতহিতার্থায় বায়ুভূতাঃ সমন্ততঃ॥" (ব্রহ্মাণ্ডপু°)

বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে মেঘ হইতে জলধারাপতনের কারণাদি সম্বন্ধেও বহুল গবেষণা হইতেছে। আণবিক জড়-বিজ্ঞানে (Molecular Physics) এবং সূক্ষ্ম বায়বীয় বিজ্ঞান-শাস্ত্রে (Dynamic meteorology) মেঘ বৃষ্টি সম্বন্ধে অধুনা এই সকল বিষয়ের বৈজ্ঞানিক আলোচনা করা হইতেছে।

মেঘ হইতে বৃষ্টিবিন্দুর গঠন ও বৃষ্টিধারা পতন সম্বন্ধে পাশ্চাত্য বিজ্ঞান বহুদিন হইতে অনেক প্রকার তথ্যানুসন্ধান করিতেছেন। এ সম্বন্ধে এখনও কোন স্থির সিদ্ধান্ত সংস্থাপিত হয় নাই। সূক্ষ্ম বাষ্পাণু ঘনীভূত হইয়া বৃষ্টিবিন্দুর আকার ধারণ করে। কি কারণে বাষ্পগুলি ঘনীভূত (Condensed) হয়, সে সম্বন্ধেও বহুল সিদ্ধান্ত দেখিতে পাওয়া যায়। যথা—

(১) মেঘ হইতে তাপরাশি বিকীর্ণ হইয়া গেলে উহা শীতল হয়। এই শৈত্যতারই ঘন কারণ।

(২) বায়ুদ্বারা মেঘাকার বাষ্পরাশি বিভিন্ন শীতাতপ প্রদেশে পরিচালিত হয় এবং ভিন্ন ভিন্ন প্রদেশের বাষ্পরাশির সহিত মিশ্রিত হয়। ইহার ফলেও ঘনত্ব সাধিত হয়।

(৩) উষ্ণ প্রদেশের বাষ্প সমূহ স্বভাবতঃই ঊর্দ্ধদিকে বা শীত প্রদেশে পরিচালিত হয়। ঊর্দ্ধ প্রদেশের শীতলবায়ুস্পর্শে বাষ্পরাশি ঘনীভূত হইয়া বৃষ্টিবিন্দুতে পরিণত হয়।

(৪) ভূ বায়ুর চাপাধিক্যেও বাষ্প ঘনীভূত হইয়া পড়ে।

(৫) বাষ্পরাশির সঞ্চয়াধিক্যে অথবা পর্ব্বতাদিদ্বারা উহাদের গতিরোধেও উহারা সত্বর ঘনীভূত হইয়া থাকে।

কতিপয় বৎসর পূর্ব্বে এই সকল সিদ্ধান্ত প্রচলিত ছিল। কিন্তু আধুনিক বৈজ্ঞানিকগণ এসম্বন্ধে আরও অধিক দূরে অগ্রসর হইয়াছেন। বাষ্পরাশিতে যতক্ষণ তাপ বিদ্যমান রহে, ততক্ষণ অণুগুলি আয়তনে ক্ষুদ্র ও লঘু থাকে। এই অবস্থায় উহারা গগনপথে স্বচ্ছন্দে ভ্রমণ করিয়া বেড়াইতে পারে। কিন্তু শৈত্যসংস্পর্শাদি বা যখন উহাদের ক্ষুদ্রত্ব ও লঘুত্ব তিরোহিত হইয়া যায়, অথবা উহারা ঘনীভূত হইয়া পরস্পর সংমিলনজনিত বৃহদাকার ধারণ করে, তখন ভূবায়ু আর উহাদিগকে ধারণ করিয়া রাখিতে পারে না। উহারা মধ্যাকর্ষণে আকৃষ্ট হইয়া ভূপৃষ্ঠে পতিত হয়। বৃষ্টিবিন্দুগঠন ও বৃষ্টিপাত সম্বন্ধে আধুনিক বিজ্ঞানে এখনও নিশ্চয়াত্মক কোন বিশুদ্ধ সিদ্ধান্ত সংস্থাপিত হয় নাই। অধুনা এসম্বন্ধে যে কয়েকটী সিদ্ধান্ত প্রচলিত আছে, নিম্নে তাহার সার মর্ম্ম প্রকাশ করা যাইতেছে—

(ক) সূক্ষ্ম সূক্ষ্ম বাষ্পকণা বায়ুরাশিতে ভাসমান থাকে। বায়ুদ্বারা উহারা আকাশ পথে পরিচালিত হয় এবং পরস্পর সংমিলিত হয়। এস্থলে বায়ুর বেগই বিচ্ছিন্ন বাষ্পাণুসমূহের সংমিশ্রণের কারণ। এই রূপে সংমিশ্রিত হইয়া বাষ্পবিন্দুর আয়তন বৃহৎ হইয়া উঠে। এই অবস্থায় উহারা আর আকাশে বায়ুরাশিতে ভাসিয়া বেড়াইতে পারে না। গুরুতর বৃষ্টিবিন্দু প্রবল বেগে অধঃপতিত হয়। অধঃপতিত হওয়ার সময়ে উহাদের প্রবল গতিতে নিম্নস্থ বাষ্পবিন্দুও উহাদের সহিত সংমিশ্রিত হয়, ইহাতে উহারা আকারে আরও বৃহৎতর হয় এবং উহাদের গুরুত্ব আরও বাড়িয়া উঠে। এইরূপে উহারা বড় বড় বৃষ্টির বিন্দুতে পরিণত হইয়া ভূপৃষ্ঠে অবতরণ করে।

(খ) বিকিরণ বশতঃই হউক অথবা অপর বাষ্পকণার সহিত সংমিশ্রণ বশতঃই হউক, মেঘের উপরাংশের বাষ্পকণাসমূহ নিম্নভাগের বাষ্পকণা গুলি অপেক্ষা অতি সত্বর শীতল হইয়া পড়ে। ছায়া বা রাত্রিকালই এইরূপ শীতলতাসাধনী প্রক্রিয়ার প্রধানতম হেতু। শীতল বাষ্পকণা-সংস্পৃষ্ট ভূ-বায়ুস্তরও শীতল হয়। এই শৈত্যের ফলে বাষ্পকণাসমূহের অন্তর্ভূত বায়ু অপসৃত হয়, উহারা পরস্পর সংমিলিত হইয়া বৃষ্টিবিন্দুতে পরিণত হয়। এইরূপে বড় বড় বৃষ্টিবিন্দু গঠিত হইয়া থাকে।

(গ) বৃষ্টিবিন্দুগঠনে তড়িতেরও যথেষ্ট প্রভাব আছে। তড়িৎশক্তির দুইপ্রকার স্পর্শপ্রভাব। এক প্রকারের নাম পজিটিভ (Positive) এবং অপর প্রকার নিগেটিভ (Negative)। মেঘের একস্তর বাষ্প পজিটিভ্ ভাবে তড়িৎস্পৃষ্ট হয়, অপর একস্তর বাষ্প নিগেটিভভাবে তড়িৎ স্পৃষ্ট হইয়া থাকে। ইহাতে উভয়স্তরে একটা প্রবল তড়িতাকর্ষণ সংঘটিত হয়। এই আকর্ষণের ফলে বাষ্পবিন্দু পরস্পর সংমিশ্রিত হইয়া বৃহদাকার ধারণ করে।

(ঘ) নানাকারণে বায়ুরাশিতে তরঙ্গ উত্থিত হইতে পারে। বজ্রধ্বনি নিমিত্ত শব্দতরঙ্গে বায়ুরাশি আন্দোলিত হয়, কামানাদির ধ্বনি দ্বারাও বায়ুরাশিতে ভীষণ তরঙ্গাদি ঘটিতে পারে। এই সকল কারণ বশতঃ বায়ুরাশিস্থিত জলীয় বাষ্প সকল আন্দোলিত হইয়া পরস্পর সংমিলিত হয়। এই প্রকার পরস্পর মিলিয়া মিশিয়া ক্ষুদ্র ক্ষুদ্র বাষ্পবিন্দু সমূহ বৃহদাকার ধারণ করিয়া বৃষ্টিবিন্দুতে পরিণত হয়।

(ঙ) কুজ্ঝটিকা বা মেঘের অন্তর্নিহিত বাষ্পরাশি সাধারণতঃই সাধারণ বাষ্প অপেক্ষা অধিকতর গুরু। এই কণা সমূহ ঊর্দ্ধে উত্থিত হইয়া অধিকতর শীতল হইতে থাকে। এই অবস্থায় ইহারা আর স্ব স্ব আণবিক পার্থক্যের সংরক্ষণ প্রয়াস (Molecular Strain) বজায় রাখিতে পারে না। সুতরাং ইহারা আপন গুরুত্বে অপরের গায়ে ঢলিয়া পড়ে, লঘু বাষ্পকণা ইহার গুরুবেগ সংবরণ করিতে না পারিয়া উহার দেহেই আত্ম-বিসর্জ্জন করে। সুতরাং মেঘকণা ও সাধারণ বাষ্পকণা মিলিয়া মিশিয়া অচিরেই বৃষ্টিবিন্দুতে পরিণত হয়। মিশ্রণ-প্রক্রিয়াতিশয্য (Super saturation) দ্বারা এই প্রকারে বৃষ্টিবিন্দু গঠিত হয়।

(চ) বৃষ্টিবিন্দু উৎপাদন সম্বন্ধে কেম্‌ব্রিজের প্রফেসর সুবিখ্যাত মিঃ সি টি আর উইলসন্ বহু গবেষণা করিয়াছেন। ইনি বলেন, বায়ুরাশিতে অতি সূক্ষ্ম ধূলিকণা বর্ত্তমান থাকে। বায়ু শীতল হইলে এই সকল ধূলিকণার উপরে সূক্ষ্মতম জলীয় বাষ্পকণানিবহ ঘনীভূত ও সঞ্চিত হইতে থাকে। ভূ-বায়ুতে ধূলিকণা বিমিশ্রিত না থাকিলে জলীয় সূক্ষ্মবাষ্পনিবহ সহসা ঘনীভূত হইতে পারে না। তবে অধিকতর স্থানব্যাপী বায়ুরাশি যদি অধিকতর শীতল হয়, তবে তাদৃশ অবস্থায় বায়বীয় বাষ্প ঘনীভূত হওয়া অবশ্যই সম্ভবপর। ধূলিসম্বলিত বায়ুরাশি ধূলি অপেক্ষা দেড়গুণ অধিক বিস্তৃত না হইলে নির্ম্মল বায়ুতে বাষ্প ঘনীভূত হইতে পারে না। মিঃ উইলসন্ পরীক্ষা করিয়া

দেখাইয়াছেন যে, যে নলিকার ভিতরে বায়ুর এই অবস্থার পরীক্ষা করা হয়, সেই নলিকায় রণজেন আলোকপ্রবেশ, ইউরেনিয়াম বিকিরণী প্রক্রিয়াসাধন, অথবা সূর্য্যালোকপ্রবেশন দ্বারা বায়ুরাশিকে জলীয় বাষ্পে ঘনীভূত করিবার উপযোগী করে।

উইলসন্ এ সম্বন্ধে আরও বহু সূক্ষ্ম পরীক্ষা করিয়াছেন। অবশেষে মিঃ উইলসন সিদ্ধান্ত করিয়াছেন, বায়ুরাশিস্থ ধূলিকণা নিগেটিভভাবে তাড়িতশক্তিবিশিষ্ট হইলে উহারা জলীয় বাষ্প ঘনীভূত করার প্রকৃষ্ট বীজীভূত হেতু (Nuclei) হইয়া থাকে। পজিটিভ্ভাবে তাড়িতশক্তিবিশিষ্ট ধূলিকণার এ সম্বন্ধে তাদৃশ শক্তি পরিলক্ষিত হয় না। তিনি আরও সিদ্ধান্ত করেন যে, এই মৃন্ময় ধরণীমণ্ডল নিগেটিভ্ তড়িতের ক্রীড়াভূমি। বৃষ্টিবিন্দু আকাশের নিগেটিভ্ তড়িৎ লইয়াই ধরাধামে অবতীর্ণ হয়। আকাশে পজিটিভ তাড়িত (Positive Electricity)। রহিয়া যায়। আধুনিক বিজ্ঞানবিৎ কে জে টম্সন অতিসূক্ষ্ম বৈজ্ঞানিক গবেষণা দ্বারা এই সিদ্ধান্ত আরও সূক্ষ্মরূপে সমর্থন করিয়াছেন। তিনি বলেন, যাহা এপর্য্যন্ত পরমাণু (Atom) নামে অভিহিত হইত, প্রকৃত পক্ষে তাহা পরমাণু নামে অভিহিত হইতে পারে না। পরমাণু গুলিও বহু অংশে বিভক্ত হইতে পারে। ইহার প্রত্যেক অংশই তাড়িতীয় (Electrical)। বায়বীয় পদার্থের (Gaseous matter) কথিত পরমাণু গুলি যখন বিভক্ত হয়, তখন উহাদের অংশ-(Corpuscles) গুলি নেগেটিভ্ তড়িতের ক্ষুদ্রতমাংশের ন্যায় ক্রীর্য্য করে। কিন্তু বিভক্ত অংশগুলি যখন সমবেত হয়, তখন উহাদের মধ্যে পজিটিভ্ ইলেকট্রিসিটির কার্য্যের ন্যায় ক্রিয়াও পরিলক্ষিত হইয়া থাকে। তাড়িতীয় ক্ষুদ্রতমাংসের (Ion) চারিদিকে জলীয় বাষ্প ঘনীভূত হইবার সুবিধা প্রাপ্ত হয়। ভূ-বায়ুতে সংমিশ্রিত জলীয় বাষ্প সূর্য্যালোকে এবং অপরাপর কারণে সহজেই "আইয়নত্ব" প্রাপ্ত হয়। জলীয় বাষ্পের পরমাণুর নেগেটিভ্ আইয়ন (Ion) অংশগুলিতে স্বভাবতঃই বায়ুরাশির আর্দ্রতা অধিক পরিমাণে আকৃষ্ট হয়। পজিটিভ্ আইয়ন সেরূপ হয় না। এই সকল নিগেটিভ্ তড়িৎশক্তিবিশিষ্ট আইয়ন গুলির চতুঃপার্শ্বে অতি সত্বরে জলীয় বাষ্পকণা সঞ্চিত হয়, সুতরাং অচিরেই উহারা এক একটী বৃহৎ বৃষ্টিবিন্দুতে পরিণত হইয়া পড়ে।

আমরা স্থূলচক্ষে যে বৃষ্টিবিন্দু দেখিয়া থাকি, বৈজ্ঞানিক উহার উৎপত্তি সম্বন্ধে এইরূপ বহু সূক্ষ্ম গবেষণা করিতেছেন। কিন্তু ইহাই যে ধ্রুব সিদ্ধান্ত এপর্য্যন্ত তাহা কেহই স্বীকার করিতে অগ্রসর হন নাই। ক্রমোন্নতিশীল বিজ্ঞান বৃষ্টিবিন্দুর উৎপত্তি ও গঠনবিনির্ণয় ব্যাপারে ক্রমেই সূক্ষ্ম বিজ্ঞানবিচারে প্রবৃত্ত হইয়াছেন।

বৃষ্টিপাতের স্থানবিনির্ণয়।

যে স্থান হইতে যে পরিমাণে বাষ্প উত্থিত হয়, সেই স্থানে তদ্রূপ বৃষ্টি হইয়া থাকে। গ্রীষ্মমণ্ডলে যে রূপ বৃষ্টি হয়, সমমণ্ডলে সেরূপ হয় না। আবার সমমণ্ডল অপেক্ষা শীতমণ্ডলে বৃষ্টির পরিমাণ অনেক কম। বৃষ্টিতত্ত্ববিদ্গণ গণনা দ্বারা স্থির করিয়াছেন, গ্রীষ্মমণ্ডলে গড়ে প্রতিবৎসরে ৮০ বুরুল গভীর জল বাষ্পে পরিণত হয় এবং এই প্রদেশে বৃষ্টির বার্ষিক গড় ১০০।১১০ বুরুল, কিন্তু উত্তর সমমণ্ডলে ৩০ বুরুলের অধিক বাষ্প উত্থিত হয় না। সুতরাং এখানে বৃষ্টির পরিমাণ ৩৫ বুরুলের অধিক নহে। এতদ্ব্যতীত গ্রীষ্মমণ্ডলে বৃষ্টির যেরূপ কাল নির্দ্দিষ্ট আছে, এরূপ আর কুত্রাপি পরিলক্ষিত হয় না। সমুদ্রে বাণিজ্যবায়ু নিয়মিতরূপে প্রবাহিত, সুতরাং সমুদ্রে অতি অল্প পরিমাণেই বৃষ্টি হইয়া থাকে। সমমণ্ডলে সময় সময় যেরূপ বৃষ্টি হয়, তদ্রূপ ঝটিকাও প্রবাহিত হইয়া থাকে। গ্রীষ্মমণ্ডলে গ্রীষ্মবর্ষাদি ঋতুর যথানিয়মে আবির্ভাব ও তিরোভাব পরিদৃষ্ট হয়। দৃষ্টান্তস্থলে দক্ষিণ আমেরিকার নাম উল্লেখ করা যাইতে পারে। এখানে শীতকালে আকাশমণ্ডল পরিষ্কৃত থাকে, বসন্তকালে ভূবায়ু আর্দ্র হয়। মার্চ্চমাসের প্রারম্ভ হইতে ঝটিকা বহিতে থাকে। আফ্রিকা প্রভৃতি বিষুবরেখার নিকটবর্ত্তী স্থানসমূহে এপ্রিল মাস হইতে বর্ষাকালের আরম্ভ হয়। ইহার উত্তরাংশে জুন মাস হইতে অক্টোবর মাস পর্য্যন্ত বর্ষার প্রভাব সম্যক্রূপে দেখা যায়। ভারতবর্ষে বায়ুর গতির সহিত বৃষ্টিপাতের সম্বন্ধ অতি ঘনিষ্ট।

প্রত্যেক মণ্ডলে সকল স্থলে সমপরিমাণে বৃষ্টি পতিত হয় না। ক্ষেত্রাদি নিম্নস্থানাপেক্ষা উচ্চস্থানে বৃষ্টি অল্প হয়, কিন্তু ক্ষেত্রাদি সমভূমি হইতে পর্ব্বতের ঢালু, বিশেষতঃ ঐ ঢালুস্থান অসম ও অতি উচ্চ পর্ব্বতের পার্শ্বে স্থিত হইলে বৃষ্টির আধিক্য হয়। কারণ বাষ্পপূর্ণ বায়ু পর্ব্বতাভিমুখে গমনকালে তৎসংস্পর্শে শীতল হইয়া মেঘ ও বৃষ্টিরূপে পরিণত হয়। এই নিমিত্ত হিমালয়ের ঢালুস্থান অথবা উপত্যকায় অধিক বৃষ্টি হইয়া থাকে, কিন্তু অধিত্যকায় তেমন বৃষ্টি হয় না। ইরাণদেশও ইহার দৃষ্টান্তস্থল। ইরাণদেশে প্রায়শঃই মেঘ দেখা যায় না। তথাচ তন্নিকটস্থ আজেন্দ্রম প্রদেশে প্রচুর পরিমাণে বৃষ্টি হইয়া থাকে। সমুদ্রতটে বাষ্প অধিক পরিমাণে উত্থিত হয়, বৃষ্টিও অধিক পরিমাণে হয়। সুবৃহৎ ভূখণ্ডের মধ্যভাগে অধিক বাষ্পোৎপত্তির সম্ভাবনা নাই, এরূপ স্থলে বৃষ্টিও বেশী হয় না। সমমণ্ডলে ভূমির পশ্চিম পার্শ্বে এবং গ্রীষ্মমণ্ডলে ভূমির পূর্ব্বপার্শ্বে অধিক বৃষ্টি হয়। বায়ুর গতিভেদেই বৃষ্টির এইরূপ পরিমাণভেদ সংঘটিত হইয়া থাকে।

কোন কোন স্থানে বারমাসই কিছু কিছু বৃষ্টি হয়। কোথাও বা সারাবৎসর বৃষ্টি না হইয়া ২।৩ মাস খুব অধিক বৃষ্টি হয়। কোথাও শীতকালে, কোথাও গ্রীষ্মে, কোথাও হেমন্তে, কোথাও বা বর্ষায় বৃষ্টিপাত হইয়া থাকে। গ্রীষ্মমণ্ডলে নিরক্ষবৃত্তের উত্তর ভাগে উত্তরায়ণ সময়ে, ও তদ্দক্ষিণে দক্ষিণায়ন সময়ে বৃষ্টি হয়। ফলতঃ পৃথিবীর স্থানে স্থানে যে নিয়মে বৃষ্টি হয় তাহা দেখিয়া বর্ষাকালকে একটা ঋতুর মধ্যে গণনা করা যায় না। ঋতু বিভাগে শীত ও গ্রীষ্মই প্রধান বিভাগ এবং এই বিভাগ অতি সুস্পষ্ট। স্পেন, পর্ত্তুগাল এবং ইতালী প্রভৃতি দেশের দক্ষিণভাগে এবং সিসিলি মেসিনা দ্বীপে, আমেরিকার উত্তর ভাগে, সমগ্র গ্রীস দেশে, এবং এসিয়া ভূভাগের উত্তর পশ্চিমাঞ্চলে ভয়ানক শীতের সময়েও প্রবল বৃষ্টিপাত হয়। আবার আল্প পর্ব্বতের উত্তরভাগিস্থ জর্ম্মণিদেশে, ফ্রান্সের পূর্ব্বভাগ নেদারলণ্ড প্রদেশ, সুইজারলণ্ড দেশের উত্তরভাগ, ডেনমার্ক ও উরাল পর্ব্বতের পূর্ব্বে সাইবেরিয়া দেশ পর্য্যন্ত স্থানসমূহে গ্রীষ্মকালে বৃষ্টি হয়। এই সকল স্থানে শীতকালে কিছুমাত্র বৃষ্টি হয় না। য়ুরোপখণ্ডের পশ্চিম পার্শ্বস্থ দেশসমূহে এবং বৃটিশদ্বীপপুঞ্জ প্রভৃতি স্থানে বর্ষাকালে বৃষ্টি হয়। আফ্রিকার দক্ষিণভাগে ও অষ্ট্রেলিয়া দ্বীপে বর্ষা ও শীতকাল বৃষ্টির সময়।

গ্রীষ্মমণ্ডলে দুইমাস যে পরিমাণে বৃষ্টি হয়, শীতমণ্ডলে দুই বৎসরেও তাদৃশ বৃষ্টিপাত হয় না। জটলণ্ডের নিকটে সিট্‌কা দ্বীপে সমগ্র বর্ষে ৪০ দিন মাত্র আকাশমণ্ডল পরিষ্কৃত দেখা যায়। এই স্থানে প্রত্যহই বৃষ্টি হয়। কিন্তু তাহা হইলে কি হইবে, কলিকাতায় একবর্ষে যে পরিমিত বৃষ্টি হয়, সিটকা দ্বীপের বৃষ্টির পরিমাণ উহার একচতুর্থাংশও নহে। জগতে বৃষ্টিপাতের প্রধানতম স্থান চেরাপুঞ্জি। চেরাপুঞ্জিতে যত বৃষ্টি হয়, এত অধিক পরিমাণ বৃষ্টি আর কোথাও হয় না। চেরাপুঞ্জিতে প্রায় তিনমাস কালের মধ্যে ২৫০ হইতে ৫৫০ বুরুল পরিমিত বৃষ্টি হইয়া থাকে। অথচ সমগ্র বৎসরের মধ্যে ৯ মাসের অধিক কাল পর্য্যন্ত চেরাপুঞ্জীর আকাশ নির্ম্মল ও সুনীল সৌন্দর্য্যের লীলাস্থলী।

সেণ্টপিটার্সবর্গে প্রতিসপ্তাহেই কিছু কিছু বৃষ্টি হয়। এখানে বৎসরের মধ্যে ছয় মাসের অধিক কাল বৃষ্টি হইয়া থাকে। কিন্তু বৃষ্টির পরিমাণ ১৭ বুরুল মাত্র। বৃষ্টিতত্ত্ববিদ্‌গণ এই প্রকারে বৃষ্টির স্থান নিরূপিত করিয়াছেন। তাঁহাদের মতে কোনও প্রদেশ "শীতবৃষ্টিমণ্ডল" কোনও প্রদেশ, "গ্রীষ্মবৃষ্টিমণ্ডল" কোনও স্থান "প্রাবৃট্ বৃষ্টিমণ্ডল" কোনও স্থান "সাময়িক বৃষ্টিমণ্ডল" এবং কোনও স্থান চিরবৃষ্টিমণ্ডল বলিয়া অভিহিত হইয়া থাকে।

ভারতবর্ষে মৌসুমবায়ুর (Monsoon) প্রভাব অত্যধিক। এই নিমিত্ত ভারতবর্ষে অয়নভেদে বৃষ্টির তারতম্য হয় না। মৌসুম অনুসারেই বৃষ্টি হইয়া থাকে। অগ্নিকোণের মৌসুমে মলবারতটে, ঈশাণকোণের মৌসুমে চোরমণ্ডলতটে বর্ষার প্রাদুর্ভাব হয়। ঘাটপর্ব্বতের বাধা পাইয়া সমুদ্রের বাষ্পপূর্ণ বায়ু দক্ষিণদেশের সর্ব্বত্র প্রবাহিত হয় না। এই জন্য ভিন্ন ভিন্ন ঋতুতে এই সকল স্থানে বর্ষা উপস্থিত হয়।

নিম্নে কতিপয় স্থানের বার্ষিক বৃষ্টিপরিমাণের একটী তালিকা দেওয়া যাইতেছে—

স্থানের নাম			বুরুল
চেরাপুঞ্জি	...	...	৫০০
আরাকান	...	...	১৫০
দার্জ্জিলিং	...	...	১২৫
বোম্বাই	...	...	৮০
মান্দ্রাজ	...	...	৪৮
কাশী	...	...	৪৩
মথুরা	...	...	২৭
কলিকাতা	...	...	৬৫
দিল্লী	...	...	২৩
সান্‌গুইমারানহো	...	...	২৮০
সেণ্টভোমিন্দো দ্বীপ	...	...	১২০
গ্রেণেডা দ্বীপ	...	...	১১২
রোম	...	...	৩৬
লিভারপুল	...	...	৩৪
লণ্ডন	...	...	২৩
পারিস	...	...	২১
সেণ্টপিটার্সবর্গ	...	...	১৭
আপসালা	...	...	১৬

আবার "নির্বর্ষ" প্রদেশে আদৌ বৃষ্টি হয় না। তিব্বতদেশের অধিত্যকা, পারস্যদেশের মধ্যভাগ, মঙ্গোলিয়া, গোবিমরুভূমি, আরবদেশের উত্তর ও মধ্যভাগ, মিসরদেশ, সাহারা মরুভূমি প্রভৃতি স্থান "নির্বর্ষ দেশ" বলিয়া খ্যাত। এই সকল দেশে বৃষ্টি হয় না, এমন কি আকাশমণ্ডলে মেঘও পরিলক্ষিত হয় না। ইহার কোন কোন স্থানে ২০।৩০ বৎসরের মধ্যে হয়ত একবার একপসলা বৃষ্টি, কোথাও বা বর্ষে দুইচারি পসলা মাত্র বৃষ্টি হয়। আবার কোন কোন স্থানে যুগের পর যুগ চলিয়া যায় অথচ অনন্তযুগব্যাপিনী তৃষ্ণাকুলা বসুন্ধরা কখনও একবিন্দু বারি প্রাপ্ত হয় না। যুগযুগান্তের এই অবিতৃপ্ত তৃষ্ণায় বসুন্ধরা বর্ষের পর বর্ষ অতিবাহিত করিতেছে। আবার কোন কোন স্থানে বৃষ্টি না

ইলেও নদনদীর প্রবাহে বসুমতীর তৃষ্ণার্ত্ত প্রাণ শীতল হয়। মিসরদেশে বৃষ্টি হয় না বটে, কিন্তু নীলনদের বন্যায় তৎসমীপ প্রদেশ জলসিক্ত হওয়ায় ক্ষেত্রসমূহ শস্যশালী হইয়া থাকে।

উত্তর আমেরিকায় মেক্‌সিকোর অধিত্যকা, গোয়াটেমালা ও কালিফর্ণিয়ায় বৃষ্টি হয় না। দক্ষিণ আমেরিকার পশ্চিম পার্শ্বে বৃষ্টির অত্যন্ত অভাব। এই দেশে যদি কখনও কোন সময়ে দৈবাৎ মেঘগর্জ্জন বা বৃষ্টি হয়, তবে শতাধিক বর্ষকাল পর্য্যন্ত সেই ঘটনা একটা বিশেষ স্মরণীয় ঘটনার মধ্যে পরিগণিত হয়। আইসা প্রদেশে ১৬৫২ খৃষ্টাব্দের ১৩ই জুলাই প্রাতে আটটার সময়ে, তৎপরে ১৭২০ খৃষ্টাব্দে, তৎপরে ১৭৪৭ এবং তৎপরে ১৮০৩ খৃষ্টাব্দে ১৯ এপ্রিল তারিখে মেঘ গর্জ্জন হইয়াছিল। এই অঞ্চলে মেঘগর্জ্জন একটী অদ্ভুত স্মরণীয় ঘটনা বলিয়া ঐতিহাসিকগণ উহা বিশেষরূপে লিপিবদ্ধ করিয়া রাখেন। পেরুদেশবাসীরা জীবনে কখন কখন চপলার চমক দেখিতে পায়, কিন্তু মেঘ গর্জ্জন কাহাকে বলে তাহা তাহারা জানে না, শত বর্ষের মধ্যেও এই অঞ্চলে দুই একবার বৃষ্টি হয় কিনা সন্দেহ। দেশ ও কাল ভেদে বৃষ্টিপাতের এইরূপ প্রচুর তারতম্য ঘটে। পূর্ব্বোদ্ধৃত উদাহরণগুলি দ্বারা সপ্রমাণ হইল যে—

১। বায়ু ও শৈত্যোষ্ণতার সহিত বৃষ্টিপাতের সম্বন্ধ আছে।

২। অয়ন ও ঋতুভেদে দেশবিশেষে বৃষ্টির তারতম্য হয়।

৩। পর্ব্বত ও অরণ্যাদির দ্বারা বৃষ্টিপাতের তারতম্য ঘটে।

কৃত্রিম উপায়ে বৃষ্টি উৎপাদন।—এদেশে বৃষ্টির জন্য যাগ যজ্ঞের ব্যবস্থা আছে। ঋগ্‌বেদে ইন্দ্রই বৃষ্টির দেবতা বলিয়া বর্ণিত হইয়াছেন। বৃষ্টিপাতের জন্য ইন্দ্রের উপাসনা করা, অতিবৃষ্টি নিবারণের নিমিত্ত ইন্দ্রের প্রার্থনা করা, প্রাচীন কাল হইতে এদেশে চলিয়া আসিতেছে। বৃত্রাসুর বৃষ্টির অবরোধ করিতেন বলিয়া ইন্দ্রের সহিত তাঁহার যুদ্ধ হইত। ঋগ্‌বেদে এই সকল বিষয়ক বহুল মন্ত্রের উল্লেখ আছে। এখনও ভারতের নানাস্থানে নিম্ন জাতীয় এক শ্রেণীর লোক দেখা যায়, যাহারা মন্ত্রপ্রক্রিয়া দ্বারা মেঘচালনা ও বৃষ্টিপাত করে এবং উক্ত ব্যবসায় তাহাদের জীবিকা। স্থানবিশেষে ইহারা "শিরেল" নামে খ্যাত। ক্ষেত্রাদিতে শিলা বৃষ্টিপাত নিবারণ করিতে দক্ষ বলিয়া ইহাদের শিনেল বা শিরেল নাম হইয়াছে। এদেশের জন সাধারণের মধ্যে এমন একটী বিশ্বাস আছে যে, মন্ত্র দ্বারা বর্ষণ সংঘটিত এবং বৃষ্টি স্তম্ভিত করা যাইতে পারে।

মোহিনী আশায় বিমুগ্ধ হইয়া এই সকল ব্যাপারে বিশ্বাসী ইহাতে বৈচিত্র্য কি আছে? অধুনা শিক্ষিত লোকেরা সাহায্যে বৃষ্টিপাতের বা বৃষ্টিস্তম্ভন সম্বন্ধে বিশ্বাস সংস্থাপন রাজী নহেন, কিন্তু বিজ্ঞানের দোহাই দিয়া এই সম্বন্ধে তাঁ নিকট কোনও প্রস্তাব করিলে তাঁহারা উহাকে বৈজ্ঞানিক সাদরে গ্রহণ করিয়া থাকেন। কিন্তু প্রাকৃতিক নিয়ম যাঁহাদের বিশিষ্ট জ্ঞান জন্মিয়াছে, তাঁহাদের এই সকল পদে পদেই অবিশ্বাস ও সন্দেহ হয়। ইতালী, অষ্ট্রীয়া ও দেশে সংপ্রতি এক শ্রেণীর বৈজ্ঞানিকগণ মেঘের সহি করিয়া বৃষ্টি উৎপাদনের উপায় উদ্ভাবন করিতেছেন। মেঘের অভিমুখে কামান আওয়াজ করিতে উপদেশ এইরূপে এই শ্রেণীর লোকেরা বহু লোকের বহু ধন বিনষ্ট য়াছেন কিন্তু কাজে কিছুই হয় নাই। ঘাস, তাপ, তাড়িত, নিনাদজনক প্রস্ফোটন প্রভৃতি বিবিধ উপায় দ্বারা বৃষ্টি চেষ্টা করা হইতেছে। ডিনামাইট্ অগ্নিসংযোগে দগ্ধ আকাশমার্গে কৃত্রিম মেঘের উৎপাদনের চেষ্টা হইতেছে। এই সকল উপায় খাঁটি বৈজ্ঞানিক ভিত্তি প্রতিষ্ঠিত নহে। আধুনিক বিজ্ঞান ঝড়, বৃষ্টি, ও বজ্রপাতাদি অনিষ্ট নিবারণের এখনও কোন প্রকার উপায় উদ্ভাবন করিতে পারেন নাই

বৃষ্টির জল অতি পবিত্র। ইহাতে উৎপাদিকা যথেষ্ট আছে। বৃষ্টির জলদ্বারা আমাদের ভূমি সকল শালিনী হইয়া উঠে তাহা সকলেরই সুবিদিত। বেদে জলের মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। আধুনিক বিজ্ঞান দ্বারা বৃষ্টির জলের বহুল গুণ নির্দ্ধারিত হইয়াছে। পূর্ব্বে এই প্রবন্ধের প্রারম্ভে বৃষ্টির জলের আয়ুর্ব্বেদশাস্ত্রস গুণাবলী কীর্ত্তিত হইয়াছে, আধুনিক বৈজ্ঞানিক পরী গুণাবলীও প্রায় তদনুরূপ।

বৃষ্টিকা (স্ত্রী) আরণ্যশণপুষ্প, বুনোশণ।

বৃষ্টিকাম (ত্রি) বৃষ্টিকামনাকারী। (তৈত্তিরীয়সং ৬।৫।৩

বৃষ্টিঘ্ন (ত্রি) বৃষ্টিং হন্তীতি হন-টক্। ১ বৃষ্টিনাশক। ঈষ্ বৃষ্টিঘ্নী, ২ ভৃঙ্গপর্ণিকা, সুক্ষ্মেলা, চলিত গুজরাতী এল

বৃষ্টিজীবন (ত্রি) বৃষ্টিঃ বৃষ্টিজলমেব জীবনং পালনে যস্য। ১ চাতকপক্ষী। বৃষ্টির জলই ইহাদের একমাত্র জীবনে কেন না নদীপ্রভৃতি জলাশয় হইতে ইহারা পানীয় পানে ২ দেবমাতৃকদেশ, যে দেশের শস্যাদির উৎপত্তি কে

'বৃষ্টিদ্যাবা বৃষ্ট্যর্থা দ্যৌঃ স্তুতির্যয়োস্তৌ বৃষ্টিদ্যাবা। অথবা বৃষ্টিবর্ষিকা দ্যৌরন্তরিক্ষং যাভ্যাং তৌ তাদৃশৌ।' (সায়ণ)

বৃষ্টিদ্যু (ত্রি) বৃষ্টিকে লক্ষ্য করিয়া যিনি দ্যুলোক অর্থাৎ অন্তরীক্ষের সৃষ্টি করিয়াছেন।

"বৃষ্টিদ্যাবো রীত্যাপঃ সবিদঃ" (ঋক্ ৯।১০৬।৯) 'বৃষ্টিদ্যাবো বৃষ্টিমভি দ্যৌর্যৈঃ ক্রিয়তে বৃষ্ট্যভিমুখদ্যুলোকবন্তঃ' (সায়ণ)

বৃষ্টিভু (পুং) মণ্ডূকাদি, ভেকপ্রভৃতি। [বর্ষাভূ শব্দ দেখ।]

বৃষ্টিমৎ (ত্রি) বৃষ্টিযুক্ত, বর্ষণশীল।

"পর্জ্জন্যো বৃষ্টিমাঁ ইব" (ঋক্ ৮।৬।১)

'বৃষ্টিমানিব যথাবৃষ্ট্যাযুক্তঃ পর্জ্জন্যোরসানাং পার্জন্যিতা' (সায়ণ)

বৃষ্টিমানযন্ত্র (পুং) যে যন্ত্র দ্বারা বৃষ্টির পরিমাণ নিরূপিত হয় (pluviometer)।

বৃষ্টিমারুত (পুং) ঝড় বৃষ্টি। (হরিবংশ)

বৃষ্টিবনি (ত্রি) বৃষ্টিপ্রার্থী, যে বৃষ্টি যাচ্ঞা করে।

"দেবশ্রুতং বৃষ্টিবনিং ররাণো" (ঋক্ ১০।৯৮।৭)

'বৃষ্টিবনিং বৃষ্টিযাচিনং বৃহস্পতিমদীধেৎ' (সায়ণ)

২ বৃষ্টিদাতা, যিনি বৃষ্টিদান করেন।

"স্বাহা সূর্য্যস্য রশ্ময়ে বৃষ্টিবনয়ে" (শুক্লযজুঃ ৩৮।৬)

'বৃষ্টিবনয়ে বৃষ্টিং বনতি দদাতি বৃষ্টিবনিস্তস্মৈ যো রশ্মির্বৃষ্টিং দত্তে তস্মৈ মধুদত্তেত্যর্থঃ' (মহীধর)

বৃষ্টিবাত (পুং) বৃষ্টিমারুত।

বৃষ্টিবৈকৃত (ক্লী) উপদ্রবসূচক বৃষ্টিবিকার, অতিবৃষ্টি, অনাবৃষ্টি ও অকালবৃষ্টি জন্য দেশে যে দুর্ভিক্ষাদি নানাপ্রকার উৎপাত উপস্থিত হয়। (বৃহৎসংহিতা ৪৬) [বৃষ্টিশব্দ দেখ।]

বৃষ্টিসনি (ত্রি) বৃষ্টিবনি।

বৃষ্ণ (পুং) ঋষিভেদ। (বৃহদারণ্যক উপ° ৪।১।৪)

বৃষ্ণি (পুং) বৃষ-নি (সুবৃষিভ্যাং কিৎ। উণ্ ৪।৪৯) ১ মেষ। (অমর) ২ যাদব, যদুবংশ। (মহাভা° ৫।৭২।৪) ৩ শ্রীকৃষ্ণ। (ত্রিকাণ্ড°) ৪ ইন্দ্র। ৫ অগ্নি। ৬ বায়ু। ৭ মেঘ। ৮ জ্যোতিঃ। ৯ গো। (ত্রি) ১০ পামর। ১১ প্রচণ্ড, উগ্র।

বৃষ্ণিক (পুং) ঋষিভেদ। (পা ৪।১।১১২)

বৃষ্ণিগর্ভ (পুং) শ্রীকৃষ্ণ। (হারাবলী)

বৃষ্ণিগুপ্ত, একজন প্রাচীন কবি।

বৃষ্ণিন্ (পুং) বৃষ্ণিশব্দার্থ।

বৃষ্ণিমৎ (পুং) রাজপুত্রভেদ।

বৃষ্ণিয় (ত্রি) বৃষ্ণিবংশভব।

বৃষ্ণ্য (ত্রি) বীর্য্য। "বিশ্বমধত্ত বৃষ্ণ্যং" (ঋক্ ৬।৮।৩)

'বৃষ্ণ্যং বীর্য্যমধত্ত ধত্তে ধারয়তি' (সায়ণ)

বৃষ্ণ্যাবৎ (ত্রি) ১ বর্ষকর্ম্মবান্, বর্ষকর্ম্মবিশিষ্ট।

"বৃষ্ণ্যাবতো যৎপর্জন্যঃ" (ঋক্ ৫।৮৩।২)

'বৃষ্ণ্যাবতো বর্ষকর্ম্মবতঃ' (সায়ণ)

২ বলবান্। "বৃষভো বৃষ্ণ্যাবান্" (ঋক্ ৬।২২।১)

'কীদৃশঃ বৃষভঃ কামানাং বর্ষিতা বৃষ্ণ্যাবান্ বলবান্' (সায়ণ)

বৃষ্য (ক্লী) বৃষ-ক্যপ্ (বিভাষাঙ্কবৃষোঃ। পা ৩।১।১২০) ১ বাজীকরণ দ্রব্য, শুক্রলপদার্থ, যে সকল দ্রব্য সেবনে শুক্রের বৃদ্ধি হয়, শিমুলমূল প্রভৃতি। ২ চিত্তের হর্ষোৎপাদক বস্তু, যাহার সেবনে চিত্তে হর্ষোদয় হয়, মোদকাদি।

"মনসোহর্ষণং যচ্চ তৎ সর্ব্বং বৃষ্যমুচ্যতে।" (বৈদ্যক)

৩ ওজস্করদ্রব্য, যাহাতে বল বা বীর্য্য বর্দ্ধিত হয়।

"স্বস্থস্যোজস্করং যত্তু তদ্বৃষ্যমুচ্যতে বুধৈঃ।" (চরকচিং)

চরকে যে সকল বৃষ্যযোগের বিষয় বিশেষরূপে অভিহিত হইয়াছে, সংক্ষিপ্তভাবে তাহার কিঞ্চিৎ কথিত হইতেছে। যে দ্রব্য মধুর, স্নিগ্ধ, জীবনীয়, বৃংহণ, গুরু ও মনের হর্ষজনক তাহাদিগকে বৃষ্য কহে। ঐ সকল গুণবিশিষ্ট কতকগুলি দ্রব্যের যোগে যে সকল ঔষধাদি প্রস্তুত হয়, তাহাকে বৃষ্যযোগ বলে যথা—

বৃষ্যক্ষীর—খর্জ্জুর বৃক্ষের মস্তক (খেজুরমাতী), মাষকলায়, ক্ষীরকাকোলী, শতমূলী, খর্জ্জুর, মৌলফুল, কিস্‌মিস্ ও আলকুশীফল ইহাদের প্রত্যেক একপল, পাকার্থ জল ১৬ সের। এই ক্বাথে /৪ সের দুগ্ধ মিশ্রিত করিবে এবং দুগ্ধাবশেষ থাকিতে নামাইয়া তাহাতে উপযুক্ত পরিমাণে চিনি মিশ্রিত করিবে। এই দুগ্ধের সহিত ঘৃতবহুল ষষ্টিকান্ন ভোজন করিবে। ইহা অতিশয় বৃষ্য।

বৃষ্যগুড়িকা—১৬ সের গব্যঘৃত, ইহার শতগুণ ভূমিকুষ্মাণ্ডের স্বরসে পাক করিবে। পাকশেষে ঐরূপ শতগুণ গব্যদুগ্ধে পুনরায় পাক করিতে হইবে। পরে তাহাতে চিনি, বংশলোচন, মধু, ইক্ষুরস, পিপুলচূর্ণ ও আলকুশী বীজচূর্ণ এই সকল মিলিত ৪ সের চূর্ণপ্রক্ষেপ দিয়া যজ্ঞডুমুরের ন্যায় স্থূল স্থূল গুড়িকা করিবে। এই গুড়িকা অতিশয় বীর্য্যবর্দ্ধক।

বৃষ্যঘৃত—গব্যঘৃত ৪ সের। কল্কার্থজীবক, ঋষভক, মেদা, জীবন্তী, শ্রাবণীদ্বয় (থুলকুড়ী ও বড় থুলকুড়ী) খর্জ্জুর, যষ্টিমধু, দ্রাক্ষা, পিপুল, শুঁঠ, পানিফল ও ভূমিকুষ্মাণ্ড এই সকল মিলিত ১ সের। ঘৃতাবশেষ থাকিতে নামাইতে হইবে, পরে ইহা ছাঁকিয়া লইয়া তাহাতে চিনি /॥০ সের ও মধু /॥০ সের মিশ্রিত করিবে। এই ঘৃত ভোজনকালে যথোপযুক্ত মাত্রায় অন্নের সহিত ব্যবহার করিলে অতিশয় বৃষ্য হয়। ইহা বলবর্দ্ধক, কণ্ঠের সুস্বরকারক ও বৃংহণ।

বৃষ্যঘৃততলিতমাংস—টাট্‌কা রোহিতাদি মৎস্য, বা শফরীমৎস্য, অথবা সদ্যোমাংস ঘৃতে ভাজিয়া লইলে বৃষ্যঘৃততলিত মাংস হয়। ইহা যথেষ্ট পরিমাণে ভোজন করিলে বৃষ্য হয়।

বৃষ্যদধ্যাদি—নির্ম্মল ও দোষরহিত দধি লইয়া তাহাতে যথোপযুক্ত মাত্রায় চিনি, মধু, মরিচ, বংশলোচন ও এলাচ চূর্ণ মিশ্রিত করিবে। পরে উহা বিশুদ্ধ বস্ত্রে ছাকিয়া লইয়া নূতন মৃৎপাত্রে রাখিবে। ঘৃতযুক্ত অন্নের সহিত ইহা সেবন করিয়া পরে রসাল দ্রব্য ব্যবহার করিবে। এই বৃষ্যদধিসেবনে বল, বর্ণ, স্বর ও শুক্র বর্দ্ধিত হয়।

বৃষ্যদুগ্ধাদি—দুগ্ধের সহিত চিনি ও মধু সংযুক্ত করিয়া ঘৃতাক্ত অন্নের সহিত সেবন করিলে অতিবৃষ্য হয়।

বৃষ্যপূপলিকা—মৎস্য বা কুক্কুটমাংস খণ্ড খণ্ড করিয়া তাহা হিং, সৈন্ধব ও ধনের সহিত কুট্টিত করিবে, এবং তাহার সহিত গোধূমচূর্ণ মিশ্রিত করিয়া তদ্দ্বারা পিষ্টক প্রস্তুত করিবে। ঐ সকল পিষ্টক গব্যঘৃতে পাক করিয়া সেবন করিলে অতিশয় বৃষ্য হয়। এইরূপ মহিষমাংসরসে ঘৃত, লবণ ও দাড়িম রস সংযুক্ত মৎস্য পাক করিবে। যখন দেখিবে সমস্ত মাংসরস মৎস্যের মধ্যে প্রবেশ করিয়াছে, তখন সেই মৎস্য কুট্টিত করিয়া কণ্টকাদি রহিত করিতে হইবে, এবং তাহাতে জীরা, মরিচ ও ধনের গুড়া, অল্প হিং ও ঘৃত মিশ্রিত করিবে। পরে সেই মৎস্যগর্ভ মাষপিষ্টক অর্থাৎ সেই মৎস্যের পূর দিয়া মাষকলায়ের পিষ্টক প্রস্তুত করিবে। ইহা অতিশয় বৃষ্য, বৃংহণ, বলবর্দ্ধন, ও সৌভাগ্যপ্রদ।

বৃষ্যমাংসগুড়িকা—বরাহমাংস পেষণ করিয়া তাহাতে মরিচ চূর্ণ ও সৈন্ধব মিশ্রিত করিবে। পরে তাহাতে কুলের ন্যায় বটিকা প্রস্তুত করিয়া সেই সকল বটিকা ঘৃতে ভাজিয়া দৃঢ় করিয়া লইতে হইবে। কুক্কুটের মাংস দধিতে মর্দ্দিত ও সন্তালিত করিয়া উপযুক্ত পরিমাণ জলে তাহার রস প্রস্তুত করিবে এবং তাহাতে দধি, দাড়িমরস, প্রচুর ঘৃত ও সুগন্ধি দ্রব্য প্রক্ষেপ দিবে। এই মাংসরসে উক্ত বটিকা সকল নিক্ষেপ করিয়া এইরূপ ভাবে পাক করিবে যে, যাহাতে ঐ বটিকার গুল না ভাঙ্গিয়া যায়। ইহা অতিশয় বৃষ্যতম।

বৃষ্যমাষাদিপূপলিকা—মাষকলায়, আলকুশীবীজ, গোধূম, শালি, শর্করা, ভূমিকুষ্মাণ্ড ও কুলেখাড়া এই সকল দ্রব্য উত্তমরূপে পেষণ করিয়া পিষ্টক রচনা করিতে হইবে। ঐ পিষ্টক ঘৃতে ভাজিয়া ভক্ষণ করিবে এবং তৎপরে দুগ্ধসহ অনুপান করিতে হয়।

বৃষ্যমাহিষরস—মাষকলায় প্রথমে জলে ভিজাইয়া রাখিবে, তাহা অঙ্কুরিত হইলে জল হইতে তুলিয়া তুষরহিত করিবে। সেই তুষরহিত অঙ্কুরিত বীজ পূর্ব্বোক্ত প্রকারে দধি ও দাড়িমরসযুক্ত ও ঘৃতবহুল মহিষমাংসরসে প্রক্ষিপ্ত করিবে এবং তাহাতে উপযুক্ত পরিমাণে ধনে, জীরে, ও শুঁঠচূর্ণ মিশ্রিত করিলে অতিশয় বৃষ্য হয়।

বৃষ্যযোগ—চিনি ২২৷৷০ সের, গব্যঘৃত ২৫ সের, ভূমিকুষ্মাণ্ড চূর্ণ ২ সের, পিপ্পলীচূর্ণ ২ সের, বংশলোচন ৪ সের, নূতন মধু ৮ সের এই সকল দ্রব্য উত্তমরূপে আলোড়িত করিয়া একটী ঘৃতভাবিত মৃৎকলসে রাখিয়া দিবে। প্রাতঃকালে অগ্নির বলানুসারে ইহা সেবন করিতে হইবে। এই যোগ পরম বৃষ্য, বল্য ও বৃংহণ।

বৃষ্যরস—ঘৃত, মাষকলায় ও ছাগের অণ্ডকোষ পূর্ব্বোক্ত নিয়মে মহিষমাংসরসে পাক করিয়া ছাঁকিয়া লইবে। পরে তাহা সদ্য ঘৃতে সন্তলন করিবে। পরে উহা দাড়িম, আমলকী প্রভৃতি ফলের রসে অম্লীকৃত করিয়া তাহাতে অল্প সৈন্ধব, ধনে, জীরা ও শুঁঠচূর্ণ প্রক্ষেপ দিবে। এই রস অতিবৃংহণ ও বৃষ্য।

অন্যবিধ—তিত্তিরীর পাতলা মাংসরসে চটকের মাংস, কুক্কুটের পাতলা মাংসরসে তিত্তিরিমাংস, ময়ূরের পাতলা মাংসরসে কুক্কুটমাংস এবং হংসের পাতলা মাংসরসে ময়ূরমাংস সিদ্ধ করিয়া তাহা ঘৃতে সন্তলন করিবে। পরে সহ্যানুসারে দাড়িমীর রসে অম্লীকৃত বা চিনি সংযোগে মধুরীকৃত ও এলাদি গন্ধদ্রব্যদ্বারা সুগন্ধ করিবে। ইহা অতিশয় বৃষ্য ও বলবর্দ্ধক।

অন্যবিধ—মৎস্যের ডিম, হংস, ময়ূর বা কুক্কুটের ডিম জলে সিদ্ধ করিয়া ঘৃতে সন্তলন করিয়া ভক্ষণ করিলেও বৃষ্য হয়।

বৃষ্যলপ্সিকা—চিনি ১০০ পল, ঘৃত ৫০ পল, মধু ২৫ পল ও জল ২৫ পল এই সকল দ্রব্যের সহিত গোধূমচূর্ণ ২৫ পল মিশ্রিত করিয়া একখানি মসৃণ খলে রাখিয়া উত্তমরূপে মর্দ্দন করিবে। তাহাতে অতিশুভ্র উৎকারিকা (মোহনভোগবৎ-পদার্থ) প্রস্তুত হইবে, উহা অগ্নির বলানুসারে সেবন করিলে অতিশয় বৃষ্য হয়।

এই সকল বৃষ্যযোগ সুস্থশরীর ভিন্ন সেবন করা বিধেয় নহে। অসুস্থশরীরে সেবন করিলে নানাবিধ রোগ জন্মিয়া থাকে। সুস্থশরীরে সংশোধন দ্বারা শরীরের রসাদিস্থ স্রোতঃ সকল সংশুদ্ধ অর্থাৎ মল নির্হরণ হেতু শরীর পরিষ্কৃত হইলে তখন যদি পূর্ব্বোক্ত সেব্য বৃষ্যযোগ সকল সেবন করান যায়, তাহা হইলে শরীর দৃঢ়, বলবান্ এবং বৃষবৎ মৈথুনসমর্থ হয়। শুদ্ধ শরীরে সেবিত বৃষ্যযোগই বৃংহণ ও বলপ্রদ হইয়া থাকে। অতএব বৃষ্য সেবনের পূর্ব্বে বলানুরূপ সংশোধন কর্ত্তব্য। মলিনবস্ত্রে লোহিতাদি রঙ্গযোগ করিলে তাহা যেরূপ দীপ্তি পায় না, তদ্রূপ অসংশোধিত দেহে এই সকল যোগ কার্য্যকারী হয় না। (চরক-চিকিৎসা ২ অ°)

(পুং) ৪ ইক্ষুদণ্ড। ৫ মাষকলাই। ৬ ঋষভনামক ঔষধ।

বৃষ্যকন্দা (স্ত্রী) বৃষ্যং বলকারকং কন্দং যস্যা। ১ বিদারী, ভূমিকুষ্মাণ্ড। °(রাজনি°) ২ মূলক। (বৈদ্যকনি°)

বৃষ্যগন্ধা (স্ত্রী) বৃষ্যো গন্ধো যস্যাঃ। ১ বৃদ্ধদারক, চলিত বীজতারক। ২ অজাত্রীলতা, চলিত ছাঁগলবেটেলতা। (রাজনি°) ৩ অতিবলা, চলিত পীতবেড়েলা। (বৈদ্যকনি°)

বৃষ্যগন্ধিকা (স্ত্রী) বৃষ্যোগন্ধো যস্যাঃ স্বার্থে কন্ টাপি অত ইত্বং। অতিবলা, পীতবেড়েলা। (রাজনি°)

বৃষ্যচণ্ডী (স্ত্রী) মহামূষিককর্ণী, বড়মুষাকাণী। (বৈদ্যকনি°)

বৃষ্যপর্ণী (স্ত্রী) ভূমিকুষ্মাণ্ড। (বৈদ্যকনি°)

বৃষ্যফলা (স্ত্রী) আমলকীবৃক্ষ। (বৈদ্যকনি°)

বৃষ্যবল্লিকা (ক্লী) (স্ত্রী) ভূমিকুষ্মাণ্ড, বিদারী। (রাজনি°)

বৃষ্যা (স্ত্রী) ১ ঋদ্ধি নামৌষধ। ২ শতাবরী। ৩ আমলকী। (রাজনি°) ৪ ভূমিকুষ্মাণ্ড। ৫ অতিবলা। ৬ বৃহদ্দন্তী। (বৈদ্যক°)

বৃহ, ১ বৃদ্ধি। ভ্বাদি° পরস্মৈ° সক° সেট্। লট্ বর্হতি। লুঙ্ অবর্হীৎ, অবৃহৎ। বৃহ—২ উদ্যম। তুদাদি° পরস্মৈ° অক° সেট্। লট্ বৃহতি। লিট্ ববর্হ। লৃট বর্হিষ্যতি বর্ক্ষ্যতি। লুঙ্ অবর্হীৎ, অবৃক্ষৎ। বৃহি—বৃহধাতু। ৩ শব্দ। ৪ ঋদ্ধি। ভ্বাদি° পরস্মৈ° অক° সেট্। লট্ বৃংহতি। লুঙ্ অবৃংহীৎ, বৃদ্ধি অর্থে এই ধাতু আত্মনেপদীও হইয়া থাকে। লট্ বৃংহতে। চুরাদি° পরস্মৈ° অক° সেট্। লট্ বৃংহয়তি। লুঙ্ অববৃংহৎ।

বৃংহ, ১ ধ্বনি। ২ হস্তির্গর্জ্জন। ৩ বৃদ্ধি। ভ্বাদি° পরস্মৈ° অক° সেট্। লট্ বৃংহয়তি। লুঙ্ অববৃংহয়ৎ।

বৃহচ্চঞ্চু (পুং) বৃহতী চঞ্চুঃ শাকবিশেষঃ। ১ মহাচঞ্চুশাক। (রাজনি°) (ত্রি) বৃহতী-চঞ্চুর্যস্য। ২ দীর্ঘচঞ্চুযুক্ত।

বৃহচ্চিত্ত (পুং) ফলপূর। (শব্দচন্দ্রিকা)

বৃহচ্ছুক্রসন্ধান, গ্রহণীরোগের প্রশস্ত ঔষধবিশেষ। প্রস্তুতপ্রণালী—একটী কলসে তণ্ডুলোদক ৪ সের, কাঁজি ১২ সের, দধি ২ সের, কাঁজির অধঃস্থ সিটি ১ সের ও গুড় ২ সের একত্র রাখিয়া তাহাতে ত্বক্‌রহিত খণ্ড খণ্ড আদা ২ সের, সৈন্ধবলবণ, জীরা, মরিচ, পিপুল ও হরিদ্রা প্রত্যেক ২ পল এই সকল প্রদান করিয়া সরা ঢাকা দিয়া সরা ও কলসের সন্ধিস্থল উত্তমরূপে লিপ্ত করিয়া ধান্যরাশির অভ্যন্তরে স্থাপিত করিবে। গ্রীষ্মকালে ৩ দিন, শরৎকালে ৩ দিন, বর্ষাকালে ৪ দিন, বসন্তকালে ৬ দিন ও শীতকালে ৮ দিন পর্য্যন্ত ধান্যাদির মধ্যে রাখিবে। অনন্তর ধান্যরাশির অভ্যন্তর হইতে ভাণ্ড উদ্ধার করিয়া গুড়ত্বক্, তেজপত্র, এলাচ ও নাগেশ্বর প্রত্যেক ২ তোলা উত্তমরূপে চূর্ণিত ও মিশ্রিত করিয়া লইবে। ইহার নাম বৃহৎশুক্র বা বৃহচ্ছুক্র। ইহাতে মন্দাগ্নি প্রভৃতি নানাবিধ রোগ নষ্ট হয়।

বৃহচ্ছতাবরীঘৃত (ক্লী) প্রদররোগাধিকারোক্ত ঘৃতৌষধবিশেষ। প্রস্তুতপ্রণালী—শতাবরীর রস ৪ সের, গব্যঘৃত ৪ সের, গোদুগ্ধ ৮ সের, এই সকল দ্রব্যের সহিত যজ্ঞডুমুর, জীবন্তী, কাকোলী, ক্ষীরকাকোলী, মেদা, মহামেদা, জীবক, ঋষভক, যষ্টিমধু, রক্তচন্দন, পদ্মকাষ্ঠ, গোক্ষুর, শূকশিম্বী, বেড়েলা, গোরক্ষচাকুলিয়া, শালপানি, পিঠানী, ভূমিকুষ্মাণ্ড, অনন্তমূল, শ্যামালতা, শর্করা, ও গাম্ভারীফল, এই সকল দ্রব্য মিলিত এক সের একত্র মিশ্রিত করিয়া ঘৃতপাকের নিয়মানুসারে পাক করিবে। পরে ঘৃত পরিমাণ মাত্র অবশিষ্ট থাকিতে নামাইবে। এই ঘৃত উপযুক্ত মাত্রায় সহ্যানুরূপ প্রয়োগ করিলে প্রদররোগ আশু প্রশমিত হয়। (চক্রদত্ত অসৃগ্‌দরচি°)

বৃহচ্ছতাবরীমণ্ডুর, শূলরোগাধিকারোক্ত ঔষধ বিশেষ। প্রস্তুত প্রণালী—প্রথমতঃ অগ্নিতে সম্যক্‌রূপে উত্তপ্ত মণ্ডুর ত্রিফলার ক্বাথে নিষেকপূর্ব্বক শোধন করিয়া লইবে। পরে সেই মণ্ডুর ৮ পল, পাকার্থ শতমূলীর রস ৮ পল, দধি ৮ পল, দুগ্ধ ৮ পল, আমলকীর রস ৮ পল, ঘৃত ৪ পল। পাক সিদ্ধ হইলে জীরা, ধনিয়া, মুথা, গুড়ত্বক্, তেজপত্র, এলাচ, পিপুল ও হরিতকী ইহাদের প্রত্যেকের চূর্ণ এক মাষা পরিমাণে প্রক্ষেপ দিবে। এই ঔষধ সেবন করিলে সান্নিপাতিক শূল ও অম্লপিত্তাদি নানা রোগ নষ্ট হয়।

বৃহচ্ছদ (পুং) অক্ষোটবৃক্ষ, চলিত আখ্‌রোট গাছ। (বৈদ্যকনি°)

বৃহচ্ছফরী (স্ত্রী) মহাপ্রোষ্ঠী মৎস্যবিশেষ, চলিত সরলপুটী মাছ। গুণ—স্নিগ্ধ, মুখ ও কণ্ঠরোগনাশক। (রাজনি°)

বৃহচ্ছল্ক (পুং) বৃহন্ শল্কো যস্য। চিঙ্গটমৎস্য, চলিত চিংড়ীমাছ।

বৃহচ্ছালপর্ণী (স্ত্রী) মহাশালপর্ণী, বড়শালপানি। হিন্দি বড় শালপান; বম্বে ডোড়োলা। (Flemingia congesta.)

বৃহচ্ছিম্বী (স্ত্রী) মহাশিম্বী, বড়শিম।

বৃহজ্জীরক (ক্লী) স্থূলজীরক, মোটাজীরা।

বৃহজ্জীবন্তী (স্ত্রী) স্বনামখ্যাত ঔষধবিশেষ, বড়জীবন্তী। পর্য্যায়—পত্রভদ্রা, প্রিয়ঙ্করী, মধুরা, জীবপুষ্টা, বৃহজ্জীরা, যশস্করী। গুণ—বহুবীর্য্যপ্রদ, ভূতবিদ্রাবণকারী অর্থাৎ ভূতোন্মাদাদি রোগে গ্রহাদির অপসারক, রসনিয়ামক অর্থাৎ পারদাদিজন্য বিকৃতির বিনাশক। (রাজনি°)

বৃহজ্জীবা (স্ত্রী) বৃহজ্জীবন্তী। (রাজনি°)

বৃহড়্ঢক্ক (স্ত্রী) বাদ্যযন্ত্রবিশেষ, ঢক্কা, চলিত ঢাক। (জটাধর)

বৃহতিকা [তী] (স্ত্রী) বৃহতী-কন্ বৃহত্যা আচ্ছাদনে (পা ৫।৪।৬।১) উত্তরীয় বস্ত্র, চলিত চাদর বা উড়ানী। ২ ক্ষুদ্র বার্ত্তাকুভেদ, ব্যাকুড়। পর্য্যায় মহতী, ক্রান্তা, বার্ত্তাকী, সিংহিকা, কুলী, রাষ্ট্রিকা, স্থূলকণ্টা, ভণ্টাকী, মহোটিকা, বহুপত্রী, কণ্টতনু, ডোরজী, বনবৃন্তাকী, সিংহী, প্রসহা, রক্তপাকী, লতাবৃহতিকা। হিন্দি বাহ্‌টা, বম্বে ডোরলী বিঙ্গনী, তেলগু কুকমাচি, তামিল

বৃহতিকা চেরুচুন্ট। ইহা ক্ষবিকা ও শ্বেতা ভেদে দুই প্রকার; তন্মধ্যে ক্ষবিকা—কটু, উষ্ণ, তিক্ত ও ধারক। শ্বেতা—বাতশ্লেষ্মনাশক, রোচক ও নানা প্রকার নেত্ররোগাপসারক। (রাজনি°) ইহাদের ফলের গুণ—উগ্নদীপক, কফবাতনাশক, রোচক এবং কণ্ডূ, বিসর্প, জ্বর ও কামলা প্রভৃতি রোগোপশমক। (অত্রিস° ১৬ অ°) ৩ কণ্টকারী। (অমর) ৪ পৃষ্ঠের মর্ম্মবিশেষ; ইহা অর্দ্ধাঙ্গুল পরিমিত শিরামর্ম্ম এবং স্তনমূলের সমসূত্রে পৃষ্ঠবংশের উভয়পার্শ্বে অবস্থিত। ইহারা আহত হইলে শোণিতের অতিনির্গম হেতু নানাপ্রকার উপদ্রব সহকারে লোকের মৃত্যু হয়।

৫ মহতী। (অমর) ৬ বিশ্বাবসুনামক গন্ধর্ব্বরাজের বীণা।

"বিশ্বাবসোস্তু বৃহতী তুম্বুরোস্তু কলাবতী।" (বৈজয়ন্তী)

৭ বারিধানী। ৮ বাক্, বাক্য। ৯ ছন্দোভেদ, এই ছন্দের প্রত্যেক চরণে নয়টী করিয়া অক্ষর থাকে। উদাহরণ,—

"তরলা তরঙ্গরিঙ্গিতৈর্যমুনা ভুজঙ্গসঙ্গতা।
কথমেতু বৎসচারকশ্চপলঃ সদৈব তাং হরিঃ॥" (ছন্দোমঞ্জরী)

বৃহতীকল্প (পুং) চিকিৎসার কল্পভেদ। (বৈদ্যক°)

বৃহতীদ্বয় (পুং ক্লী) ১ বৃহতী ও কণ্টকারী। ২ স্থূল ও সূক্ষ্মফলভেদে দুই প্রকার বৃহতী।

বৃহতীপতি (পুং) বৃহতীনাং বাচাং পতিঃ। বৃহস্পতি।

বৃহতীফল (ক্লী) বৃহতীর বীজ।

বৃহৎ (ত্রি) বৃহ-অতি (বর্ত্তমানে পৃষদ্বৃহন্মহজ্জগচ্ছতৃবচ্চ উণ্ ২।৮৪) নিপাতনাৎ সাধু। মহৎ, বিপুল, বড়, প্রকাণ্ড।

বৃহৎক (ত্রি) বৃহৎ-কন্ (চঞ্চদ্বৃহতোরুপসংখ্যানম্। পা ৫।৪।৩ বার্ত্তিক) বৃহৎ শব্দার্থ।

বৃহৎকট্বরতৈল, জ্বরাধিকারোক্ত তৈলৌষধবিশেষ। প্রস্তুতপ্রণালী—তিলতৈল ৪ সের, শুক্ত ৪ সের, কাঁজি ৪ সের, দধিমস্ত ৪ সের, তক্র ৪ সের, (সারযুক্ত দধিতে চতুর্থাংশ জল দ্বারা তক্র প্রস্তুত করিয়া লইবে), গোড়ানেবুর রস ৪ সের। কল্কার্থ পিপ্পলী, চিতামূল, বচ, বাসক, মঞ্জিষ্ঠা, মুতা, পিপুলমূল, এলাচ, আতইচ, রেণুক, শুঁঠ, পিপুল, মরিচ, যমানী' দ্রাক্ষা, কণ্টকারী, চিরতা, বেলশুঁঠ, রক্তচন্দন, বামুনহাটি, অনন্তমূল, হরীতকী, আমলা, শালপর্ণী, মূর্ব্বামূল, জীরা, সর্ষপ, হিঙ্গু, কটুকী, বিড়ঙ্গ এই সমুদায় মিলিত ১ সের। এই তৈল মর্দ্দন করিলে নানাবিধ বিষমজ্বর নষ্ট হয়।

বৃহৎকন্দ (পুং) ১ গৃঞ্জন। (রত্নমালা) ২ বিষ্ণুস্কন্দ। (রাজনি°)

বৃহৎকস্তূরীভৈরবরস, জ্বরাধিকারোক্ত রসৌষধবিশেষ। প্রস্তুতপ্রণালী—মৃগনাভি, কর্পূর, তাম্র, ধাইফুল, আলকুশীবীজ, রৌপ্য, স্বর্ণ, মুক্তা, প্রবাল, লৌহ, আকনাদি, বিড়ঙ্গ, মুতা; শুঁঠ, বালা, হরিতাল, অভ্র ও আমলা এই সমুদায় সমভাগে চূর্ণ করিয়া আকন্দপত্রের রসে মাড়িয়া ১ রতি প্রমাণ বটিকা করিবে। অনুপান আদার রস। ইহা সেবন করিলে জ্বর প্রভৃতি বিবিধ পীড়ার উপশম হয়।

বৃহৎকালশাক (পুং) মহাকাসমর্দ্দ, বড় কালকাসুন্দিয়া।

বৃহৎকাশ (পুং) খগ্‌গড়তৃণ, চলিত খাগড়া। (হারাবলী)

বৃহৎকুক্ষি (ত্রি) তুন্দিল। (অমর)

বৃহৎকোশাতকী (স্ত্রী) হস্তিকোশাতকী, ধুন্দুল। (রাজনি°)

বৃহৎ খর্জ্জূরিকা (স্ত্রী) রাজখর্জ্জূরিকা, পিণ্ডীখেজুর।

বৃহত্তাল (পুং) হিন্তালবৃক্ষ। (রাজনি°)

বৃহত্তিক্তা (স্ত্রী) আকনাদিলতা। (রাজনি°)

বৃহত্তৃণ (ক্লী) বংশ, বাঁশ। (শব্দচন্দ্রিকা)

বৃহত্ত্বক্ (পুং) সপ্তপর্ণবৃক্ষ, ছাতিমগাছ। "বৃহত্ত্বক্ সপ্তপর্ণং স্যাৎ" (রাজনি°)

বৃহত্ত্বচ (পুং) নিম্ববৃক্ষ। (পর্য্যায়মুক্তা°)

বৃহৎপঞ্চমূল (ক্লী) পঞ্চ মূলভেদ, এই পঞ্চমূল যথা বিল্ব, শ্যোণাক, গাম্ভারী, পাটলা ও গণিকারিকা। গুণ—অতিশয় তিক্ত, কষায়, কফ ও বাতনাশক, মধুর, শ্বাস ও কাসনাশক, উষ্ণ, লঘু ও অগ্নিদীপক। (ভাবপ্র°)

বৃহৎপত্র (পুং) বৃহৎ পত্রং যস্য। ১ হস্তিকন্দ। ২ শ্বেতলোধ্র। স্ত্রিয়াং টাপ্, বৃহৎপত্রা, ৩ ত্রিপর্ণিকা। (রাজনি°) ৪ কাসমর্দ্দকক্ষুপ।

বৃহৎপর্ণ (পুং) শুক্ললোধ্র, শ্বেতলোধ। (বৈদ্যকনি°)

বৃহৎপর্ণী (স্ত্রী) মহাশণপুষ্পী বিশেষ, চলিত বনশণ। (রাজনি°)

বৃহৎপাটলি (ক্লী) (পুং স্ত্রী) ধুস্তূর বৃক্ষ। (ত্রিকা°)

বৃহৎপাদ (পুং) বৃহন্ পাদো যস্য। বটবৃক্ষ। (শব্দচ°)

বৃহৎপারেবত (ক্লী) বৃহৎ মহৎ পারেবতম্। মহাপারেবত ফল, চলিত বড় পায়রা। (রাজনি°)

বৃহৎপালিন্ (পুং) বনজীরকক্ষুপ, বনজীরে। (রাজনি°)

বৃহৎ পিপ্পলাদ্য তৈল, জ্বরাধিকারোক্ত তৈলৌষধ বিশেষ। প্রস্তুত প্রণালী—তিলতৈল ৪ সের, শুক্ত ৪ সের, কাঁজি ৪ সের, দধিমস্ত ৪ সের, তক্র ৪ সের, (সারযুক্ত দধিতে চতুর্থাংশ জল দিয়া তক্র প্রস্তুত করিয়া লইবে), গোড়ানেবুর রস ৪ সের। কল্কার্থ পিপ্পলী, চিতামূল, বচ, বাসক, মঞ্জিষ্ঠা, মুতা, পিপুলমূল এলাচ, আতইচ, রেণুক, শুঁঠ, পিপুল, মরিচ, যমানী, দ্রাক্ষা, কণ্টকারী, চিরতা, বেলশুঁঠ, রক্তচন্দন, বামুনহাটি, অনন্তমূল, হরীতকী, আমলা, শালপর্ণী, মূর্ব্বামূল, জীরা, সর্ষপ, হিঙ্গু, কটুকী ও বিড়ঙ্গ এই সমুদায় মিলিত ১ সের। এই তৈল মর্দ্দন করিলে নানাবিধ বিষমজ্বর নষ্ট হয়।

পিপুল, মুথা, ধনে, সৈন্ধবলবণ, হরীতকী, আমলা, বহেড়া, বচ,

যমানী, বনযমানী, রক্তচন্দন, কুড়, শটী, দ্রাক্ষা, রাখালশশামূল, শালপাণি, গোক্ষুর, চিরাতা, নিমপত্র, ঘোড়ানিম, কণ্টকারী, গুলঞ্চ, চাকুলে, বৃহতী, দন্তিমূল, চিতামূল, দারুহরিদ্রা, হরিদ্রা, বৃক্ষাম্ল, ক্ষেতপাপড়া ও গজপিপ্পলী, এই সমুদায় কল্কদ্রব্যের প্রত্যেকের ২ তোলা। মূর্চ্ছিত তিলতৈল ৪ সের, দধিমস্ত ৪ সের, কাঁজি ৪ সের, তক্র ৪ সের, টাবানেবুর রস ৪ সের। পাকান্তে কিঞ্চিৎ গন্ধ দ্রব্য মিশ্রিত করিয়া রাখিবে। এই তৈল মর্দ্দনে নানাবিধ বিষমজ্বর নষ্ট হয়।

বৃহৎপীলু (পুং) বৃহন্ পীলুঃ। মহাপীলুবৃক্ষ, পাহাড়ে আখ্‌রোট। (রাজনি°)

বৃহৎপুষ্প (পুং) ১ মহাকুষ্মাণ্ড। (ক্লী) ২ বড়ফুল। (স্ত্রী) ৩ কদলীবৃক্ষ। (বৈদ্যকনি°)

বৃহৎপুষ্পী (স্ত্রী) ১ ঘণ্টারবা। ২ শণবৃক্ষ। (পর্য্যায়মুক্তা°)

বৃহৎফল (পুং) বৃহৎ ফলং যস্য। ১ চচেণ্ডা। (রাজনি°) (ক্লী) ২ কুষ্মাণ্ড। ৩ পনসফল, কাঁটাল। ৪ জম্বুফল। (বৈদ্যকনি°)

বৃহৎফলা (স্ত্রী) ১ অলাবু। লাউ। (পর্য্যায়মু°) ২ কটুতুম্বী, তিতলাউ। (রাজনি°) ৩ মহেন্দ্রবারুণী, মাকাল ফল। ৪ কুষ্মাণ্ডী, কুমড়াগাছ। ৫ রাজজম্বু, বড়জাম। (রাজনি°)

বৃহত্যাদি (পুং) পাচনভেদ। যথা—বৃহতী, পুষ্কর, ভার্গী, শঠী, শৃঙ্গী, দুরালভা, বৎসকবীজ, পটোল ও কটুকী এই সকল দ্রব্য অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া সেবন করিবে। এই পাচনসেবনে সন্নিপাতজ্বর প্রশমিত হয়। (চক্রদত্ত জ্বরচি°)

বৃহদঙ্গ (পুং) বৃহৎ অঙ্গং যস্য। মতঙ্গজ। (শব্দচ°)

বৃহদম্ল (পুং) বৃহন্ অম্লো যস্য। রুজাকর, কর্ম্মরঙ্গবৃক্ষ, কামরাঙ্গাগাছ। (শব্দচ°)

বৃহদেলা (স্ত্রী) বৃহতী এলা। স্থূলৈলা, বড়এলাচ। (রাজনি°)

বৃহদ্‌গঙ্গাধরচূর্ণ, গ্রহণ্যধিকারোক্ত চূর্ণৌষধবিশেষ। প্রস্তুত প্রণালী—বেলশুঁঠ, পানিফলপত্র, দাড়িমপত্র, মুতা, আতইচ, শ্বেতধুনা, ধাইফুল, মরিচ, পিপুল, শুঁঠ, দারুহরিদ্রা, চিরতা, নিমছাল, জামছাল, রসাঞ্জন, ইন্দ্রযব, আকনাদি, বরাহাক্রান্তা, বালা, মোচরস, সিদ্ধিপত্র, ও ভৃঙ্গরাজ ইহাদের প্রত্যেকের চূর্ণ সমান, কুড়চিমূলের ছালচূর্ণ, চূর্ণসমষ্টির সমান। একত্র মিশ্রিত করিয়া লইবে। অনুপান ছাগদুগ্ধ, অন্নের মণ্ড অথবা মধু। ইহা গ্রহণীরোগের মহৌষধ। মাত্রা ১ মাষা।

বৃহদ্‌গুল্মকালানলরস, গুল্ম ও প্লীহরোগাধিকারোক্ত রসৌষধবিশেষ। প্রস্তুত প্রণালী—অভ্র, লৌহ, পারদ, গন্ধক, সোহাগা, কট্‌কী, বচ, যবক্ষার, সাচিক্ষার, সৈন্ধব, কুড়, ত্রিকটু, দেবদারু, তেজপত্র, এলাচ, গুড়ত্বক্, নাগেশ্বর ও খদির, প্রত্যেক সমভাগে চূর্ণ ও মর্দ্দন করিয়া জয়ন্তী, চিতা, ধুতুরা ও কেশুরিয়া ইহাদের পত্রের রসে ভাবনা দিয়া ৪ রত্তি প্রমাণ বটিকা করিবে। প্রাতঃকালে সেবনীয়, অনুপান জল বা দুগ্ধ। ইহাতে গুল্ম প্রভৃতি নানা রোগ নষ্ট হয়।

বৃহদ্‌গৃহ (পুং) বৃহদ্ গৃহং যস্মিন্। কারুষদেশ, এই দেশ বিন্ধ্যপর্ব্বতের পশ্চাদ্‌ভাগে মালবদেশের নিকটে অবস্থিত। (হেম) ত্রিকাণ্ডশেষে ইহার পাঠান্তর বৃহদ্‌গুহ।

বৃহদ্গোল (ক্লী) বৃহৎ গোলং গোলাকারফলং যস্য। শীর্ণবৃন্ত, চলিত তরমুজ। (শব্দচ°)

বৃহদ্‌গ্রহণীমিহিরতৈল, গ্রহণ্যধিকারোক্ত তৈলৌষধবিশেষ। প্রস্তুতপ্রণালী—তিলতৈল ৪ সের, কাথার্থ কুড়চিছাল ১২৷৷০ সের, জল ৬৪ সের, শেষ ১৬ সের, ধনে ১২৷৷০ সের, জল ৬৪ সের শেষ ১৬ সের, তক্র ১৬ সের। কল্কার্থ ধনে, ধাইফুল, লোধ, বরাহাক্রান্তা, আতইচ, হরিতকী, লবঙ্গ, বালা, পানিফল, রসোত, নাগেশ্বর, পদ্মকাষ্ঠ, গুলঞ্চ, ইন্দ্রযব, প্রিয়ঙ্গু, কট্‌কী, পদ্মকেশর, তগরপাদুকা, শরমূল, ভৃঙ্গরাজ, কেশুরিয়া, পুনর্নবা, আমছাল, জামছাল ও কদমছাল, প্রত্যেক ২ তোলা। এই তৈল মর্দ্দনে গ্রহণী ও অতিসার প্রভৃতি নানা রোগ নষ্ট হয়।

বৃহজ্জীরকাদিমোদক, মোদকৌষধভেদ। প্রস্তুত প্রণালী—জীরা, কৃষ্ণজীরা, কুড়, শুঁঠ, পিপুল, মরিচ, ত্রিফলা, গুড়ত্বক্, তেজপত্র, এলাচ, নাগেশ্বর, বংশলোচন, লবঙ্গ, শৈলজ, রক্তচন্দন, শ্বেতচন্দন, কাকোলী, ক্ষীরকাকোলী, জৈত্রী, জায়ফল, যষ্টিমধু, মউরী, জটামাংসী, মুতা, সচল লবণ, শটী, ধনে, দেবতাড়, মুরামাংসী, দ্রাক্ষা, নখী, শুলফা, পদ্মকাষ্ঠ, মেথী, দেবদারু, বালা, নালুকা, সৈন্ধব লবণ, গজপিপ্পলী, কর্পূর, প্রিয়ঙ্গু ও কুন্দরখোটী ইহাদের প্রত্যেকের ১ ভাগ, লৌহ, অভ্র, ও বঙ্গ প্রত্যেক ২ ভাগ। সমুদায় চূর্ণের সমান ভর্জ্জিত জীরক চূর্ণ। সর্ব্ব সমষ্টির দ্বিগুণ চিনি। চিনি পাক করিয়া উপযুক্ত সময়ে চূর্ণ সকল নিক্ষেপ করিয়া নামাইয়া শীতল হইলে ঘৃত ও মধু দিয়া মোদক প্রস্তুত করিবে। প্রাতে গব্য দুগ্ধ ও চিনির সহিত সেবনীয়। ইহা সেবন করিলে অতীসার, প্রদর ও সূতিকাদি নানারোগ নষ্ট হয়।

বৃহদ্দন্তী (স্ত্রী) এরণ্ডের পত্র ও শাখা-সদৃশ পত্রশাখাবিশিষ্ট। দন্তীবিশেষ। ইহা দ্রবন্তী নামে খ্যাত।

বৃহদ্দল (পুং) বৃহদ্দলং যস্য। ১ পট্টিকালোধ্র, শুক্ললোধ। ২ সপ্তপর্ণবৃক্ষ, ছাতিমগাছ। (বৈদ্যকনি°) ৩ হিন্তালগাছ। ৪ রক্তরসোন। স্ত্রিয়াং টাপ্। বৃহদ্দলা, লজ্জালুকা, ক্ষুদ্রলজ্জাবতী। (বৈদ্যকনি°)

বৃহদ্দ্রোণী (স্ত্রী) দ্রোণীপরিমাণ। (পরিভাষাপ্র° ১ খ°)

বৃহদ্ধল (ক্লী) বৃহৎ হলং যস্য। মহালাঙ্গল। পর্য্যায় হলি।

বৃহদ্ধাত্রীঘৃত, মেদোধিকারোক্ত ঘৃতৌষধভেদ। প্রস্তুতপ্রণালী—ঘৃত ৪ সের, আমলকীর রস ৪ সের (স্বরসাভাবে কাথ যথা আমলকী ২ সের, জল ১৬ সের, শেষ ৪ সের,) ভূমিকুষ্মাণ্ডরস ৪ সের, শতমূলীর কাথ ৪ সের, দুগ্ধ ৪ সের, তৃণপঞ্চমূলের কাথ ৪ সের। কল্কার্থ এলাচ, লবঙ্গ, ত্রিফলা, কয়েতবেল, বালা, সরলকাষ্ঠ, জটামাংসী, কদলীমূল ও সুঁদিমূল প্রত্যেক ৬ তোলা। যথানিয়মে পাক করিয়া কল্ক দ্রব্যের শিটিগুলি ছাঁকিয়া ফেলিয়া দিবে। পরে যষ্টিমধু, তেউড়ীমূল, যবক্ষার ও বিদ্ধড়কমূল প্রত্যেক চূর্ণ ১ পল, চিনি ৮ পল প্রক্ষেপ দিবে। শীতল হইলে মধু ৮ পল মিশ্রিত করিয়া লইবে। ইহা সেবন করিলে সোমরোগ প্রভৃতি নানা পীড়ার উপশম হইয়া থাকে।

উপরি লিখিত বৃহদ্ধাত্রীঘৃত বিনাকল্কে পাক করিলে তাহাকে স্বল্প ধাত্রীঘৃত বলা যায়। ইহা সর্ব্ব বিষয়ে বৃহদ্ধাত্রী ঘৃতের তুল্য।

বৃহদ্ধাত্র্যাদি, মূত্রকৃচ্ছ্রাধিকারোক্ত ঔষধ ভেদ। প্রস্তুত প্রণালী—আমলকী, দ্রাক্ষা, ভূমিকুষ্মাণ্ড, গোক্ষুর, কুশমূল, কৃষ্ণেক্ষুমূল ও হরীতকী প্রত্যেক ২ মাষা, জল ॥০ সের, শেষ ৵০ পোয়া। প্রক্ষেপার্থ চিনি অর্দ্ধ তোলা। এই কাথ পান করিলে মূত্রকৃচ্ছ্র ও তজ্জনিত দাহাদি নিবারণ হয়।

বৃহদ্ধান্য (পুং) ক্ষেত্রেক্ষু, জনারগাছ। ২ মহাশালি। (পঁ মু°)

বৃহদ্বদর (ক্লী) মহাকোলীফল। গুণ—কফ ও পিত্তবর্দ্ধক, গুরু।

বৃহদ্বলা (স্ত্রী) ১ মহাবলা, পীতবেড়েলা। ২ শুক্লরোধ্র। ৩ লজ্জালুকা, লজ্জাবতীলতা। (বৈদ্যকনি°)

বৃহদ্বাসাবলেহ, যক্ষ্মারোগাধিকারোক্ত অবলেহভেদ। প্রস্তুত প্রণালী—বাসক মূলের ছাল ১২॥০ সের, জল ৬৪ সের, শেষ ১৬ সের। এই ১৬ সের কাথের সহিত ১২॥০ সের চিনি মিশ্রিত করিয়া পাক করিবে। ঘনীভূত হইলে ত্রিকটু, গুড়ত্বক্, তেজপত্র, এলাচ, কট্‌ফল, মুতা, কুড়, জীরা, পিপুলমূল, কমলাগুড়ি, চই, বংশলোচন, কট্‌কী, গজপিপ্পলী, তালিশপত্র ও ধনিয়া ইহাদের প্রত্যেকের চূর্ণ ২ তোলা প্রক্ষেপ দিয়া আলোড়ন করিয়া নামাইবে, শীতল হইলে ১ সের মধু মিশ্রিত করিয়া লইবে। শৃতশীতল জলের সহিত সেবনীয়। অগ্নিবল বিবেচনা করিয়া মাত্রা ব্যবস্থা করিবে। ইহা সেবন করিলে রাজযক্ষ্মা, রক্তপিত্ত ও শ্বাসাদি নানা রোগ নষ্ট হয়।

বৃহদ্বীজ (পুং) বৃহৎ বীজং যস্য। আম্রাতক, আমড়াগাছ।

বৃহদ্ভট্টারিকা (স্ত্রী) দুর্গা। (শব্দমালা)

বৃহদ্ভণ্ডী (স্ত্রী) ত্রায়মাণালতা, চলিত বড়গোয়ালিয়া।

বৃহদ্ভানু (পুং) ১ অগ্নি। ২ চিত্রকবৃক্ষ। (অমর) ৩ সূর্য্য। ৪ সত্যভামার পুত্রভেদ। (ভাগবত ১।৬১।১০) ৫ সত্রায়ণের পুত্র। (ভাগবত ৮।১৪।৩৫) ৬ পৃথুলাক্ষের পুত্র। (ভাগবত ৯।২৩।১১) (ত্রি) ৭ বৃহৎরশ্মিবিশিষ্ট, প্রবৃদ্ধ রশ্মিযুক্ত।

"বৃহদ্‌ভানো যবিষ্ঠ্য" (ঋক্ ১।৩৬।১৫)

'হে অগ্নে হে বৃহদ্ভানো বৃহন্তো ভানবো যস্য তাদৃশ' (সায়ণ)

বৃহদ্রথ (পুং) বৃহন্ রথো যস্য। ১ ইন্দ্র। ২ যজ্ঞপাত্র। ৩ মন্ত্র বিশেষ। ৪ সামবেদের অংশ। ৫ বসুদামের পিতা তিগ্মের পুত্র। (মৎস্যপু° ৫০।৮৫) ৬ শতধন্বার পুত্র। (ভাগবত ১২।১।১৩) ৭ দেবরাতপুত্র। (ভাগবত ৯।১৩।১৫) ৮ তিমিরাজপুত্র। (ভাগবত ৯।২২।৪৩) ৯ পৃথুলাক্ষের পুত্রভেদ। (ভাগবত ৯।২৩।১১) ১০ মৌর্য্যরাজ বংশের ১০ম বা শেষ রাজা। (ত্রি) ১১ প্রভূত রথবিশিষ্ট, যাঁহার প্রচুর রথ আছে।

"বৃহদ্রথা বৃহতী বিশ্বমিন্বা" (ঋক্ ৮।৮০।২)

'বৃহদ্রথা প্রভূতরথাঃ' (সায়ণ)

স্ত্রিয়াং টাপ্=বৃহদ্রথা, ১২ নদী বিশেষ।

বৃহদ্রাব [বিন্] (পুং) ক্ষুদ্র পেচক। (রাজনি°)

বৃহদ্বর্ণ (পুং) মাক্ষিক নামক উপধাতু, স্বর্ণমাক্ষিক।

বৃহদ্বল, আনর্ত্তরাজভেদ। (নাগরখণ্ড)

বৃহদ্বল্ক [ল] (পুং) বৃহন্ বল্কঃ বল্কলং যস্য। ১ পোট্টিকালোধ্র। ২ সপ্তপর্ণবৃক্ষ, ছাতিন গাছ। (বৈদ্যকনিঘ°)

বৃহদ্বল্লী (স্ত্রী) কারবেল্লী, চলিত করলা বা উচ্ছে।

বৃহদ্বাত (পুং) বৃহন্ বাতো যস্মাৎ। দেবধান্য, চলিত দেধান; ইহা অশ্মরী রোগনাশক। (রত্নমালা)

বৃহদ্বারুণী (স্ত্রী) ১ মহেন্দ্রবারুণীলতা, বড় মাকাল। ২ রাখালশশা।

বৃহন্নল (পুং) বৃহন্ নলঃ। ১ মহাপোটগল, চলিত বড় নল। (মেদিনী) ২ অর্জ্জুন, তৃতীয় পাণ্ডব। ৩ বাহু।

বৃহন্নলা (স্ত্রী) অর্জ্জুন। (মেদিনী) দ্বাদশবর্ষ বনবাসানন্তর অজ্ঞাত বাসকালে বিরাটভবনে বিরাটরাজকন্যাকে নৃত্যগীতাদি শিক্ষা দিবার জন্য স্ত্রী-ক্লীববেশে অর্জ্জুন তথায় বৃহন্নলা নামে অবস্থিতি করেন। (মহাভা° বিরাটপর্ব্ব)

বৃহন্নিম্ব (পুং) মহানিম্ব, চলিত ঘোড়ানিম।

বৃহন্নারায়ণোপনিষদ্, এক খানি উপনিষদ্। যাজ্ঞিকী উপনিষদ্ নামে খ্যাত।

বৃহন্মরি[রী]চ (পুং) মরীচ, চলিত গোলমরিচ। (বৈদ্য° নি°)

বৃহন্মেথীমোদক, গ্রহণীরোগের ঔষধ ভেদ। প্রস্তুত প্রণালী—ত্রিফলা, ধনে, মুতা, শুঁঠ, মরিচ, পিপুল, কট্‌ফল, সৈন্ধব লবণ, কাঁকড়াশৃঙ্গী, জীরা, কৃষ্ণজীরা, কুড়, যমানী, নাগেশ্বর, তেজপত্র, তালীশপত্র, বিট্‌লবণ, জায়ফল, গুড়ত্বক্, এলাচ, জয়িত্রী, কর্পূর, লবঙ্গ, শুলফা, মুরামাংসী, যষ্টিমধু, পদ্মকাষ্ঠ, চই, মউরী ও দেবদারু প্রত্যেক চূর্ণ সমান, সর্ব্ব সমান মেথীচূর্ণ। চূর্ণ সমষ্টির দ্বিগুণ

চিনি। পাকযোগ্য জল দিয়া পাক করিবে। নামাইয়া কিঞ্চিৎ ঘৃত ও মধু মিলিত করিয়া লইবে। প্রাতে সেবনীয়। অনুপান দোষ বিবেচনা করিয়া ব্যবস্থা করিবে। মাত্রা অর্দ্ধ তোলা। এই মোদক সেবনে অগ্নিমান্দ্য ও গ্রহণী প্রভৃতি নানা রোগ দূর হয়।

বৃহস্পতি, ১ বৃহস্পতিসংহিতা নামক গ্রন্থরচয়িতা।

বৃহস্পতি (পুং) বৃহতাং বাচাং পতিঃ। (পারস্করেতি। পা ৬।১।১৫৭ ইতি সুট্ নিপাত্যতে)। অঙ্গিরার পুত্র। ইনি দেবগণের গুরু, ধর্ম্মশাস্ত্রপ্রযোজক এবং নবগ্রহের মধ্যে পঞ্চম গ্রহ। পর্য্যায়—সুরাচার্য্য, গীষ্পতি, ধীষণ, গুরু, জীব, আঙ্গিরস, বাচস্পতি, চিত্রশিখণ্ডিজ, উতথ্যানুজ, গোবিন্দ, চারু, দ্বাদশরশ্মি, গিরীশ, দিদিব, পূর্ব্বফল্গুনীভব, সুরগুরু, বাক্‌পতি, বচসাম্পতি, ইন্দ্রেজ্য, দেবেজ্য, বৃহতাম্পতি, ইজ্য, বাগীশ, চক্ষাঃ, দীদিবি, দ্বাদশকর, প্রাক্‌ফাল্গুন ও গীরথ।

এই গ্রহ পীতবর্ণ, সূর্য্যাস্থ, চতুর্ভুজ, পদ্মস্থ ও ষড়ঙ্গুল শরীর। চারি হস্তে যথাক্রমে অক্ষ, বর, কমণ্ডলু ও দণ্ডধারণ করিয়া আছেন। ব্রহ্মা ইহার অধিদেবতা এবং ইন্দ্র প্রত্যধিদেবতা। ইনি ঈশানকোণ, পুরুষ, ব্রাহ্মণজাতি, ঋগ্বেদ, সত্ত্বগুণ, মধুর রস, ধনু ও মীনরাশি, পুষ্যানক্ষত্র, বস্ত্র, পুষ্পরাগমণি ও সিন্ধুদেশের অধিপতি। প্রাতঃকালে ইনি প্রবল শুভগ্রহ, দেবগৃহস্বামী, বৃদ্ধ, রক্তদ্রব্যস্বামী, বাতপিত্ত-কফাত্মক ও বণিক্‌কর্ম্মকর্ত্তারূপে ফলদাতা হইয়া থাকেন। তদ্‌বারজাত জাতকের জন্মফল যথা কোষ্ঠীপ্রদীপে,—

"নৃপেন্দ্রমন্ত্রী নৃপলব্ধকামো
বিদ্যাবিনোদো চতুরঃ প্রগল্‌ভঃ।
আচার্য্যপূজ্যো মধুরস্বভাবো
বারে ভবেদ্দেবগুরোর্মনুষ্যঃ॥" (কোষ্ঠীপ্রদীপ)

পুরাণাদিতে বৃহস্পতি দেবগুরু, দেবকুলপুরোহিত, মন্ত্রপালক ও ত্রিদশচণ্ডী বলিয়া বর্ণিত হইয়াছেন। এই কারণে দানব কর্ত্তৃক সুরনিগ্রহকালে তাঁহাকেও অশেষবিধ কষ্টভোগ করিতে হইয়াছিল।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে, অঙ্গিরামুনিপত্নী নিজ কর্ম্মদোষে মৃতবৎসা হইয়াছিলেন। তিনি ব্রহ্মার নির্দ্দেশানুসারে সনৎকুমারের দ্বারা শ্রীকৃষ্ণ উদ্দেশে পুংসবন নামক ব্রত করেন। তাহাতে তুষ্ট হইয়া সর্ব্বযজ্ঞেশ্বর হরি সেই ব্রতকীর্ণা মুনিপত্নীর নিকট আসিয়া বলিলেন, সুব্রতে! যজ্ঞফলস্বরূপ আমার বরে তুমি মদংশজাত এক বরপুত্র লাভ কর। তোমার গর্ভে আমার এই পুত্র চিরজীবী, দেবতাদিগের পতি ও গুরু এবং জ্ঞানবানের শ্রেষ্ঠ হইবে। (ব্রহ্মবৈবর্ত্তপু° প্রকৃতিখ ৫৬ অ) জ্যোতি বিজ্ঞানের এই শুভগ্রহ বহুকাল হইতেই আর্য্যসমাজে পরিচিত এবং তাঁহাদের দ্বারা পূজিত। পুরাণশাস্ত্রে বৃহস্পতি যেরূপ দেবগুরুরূপে সম্মানিত, সুপ্রাচীন ঋক্‌সংহিতাতেও তিনি তদনুরূপ দেবশক্তিতে বিরাজিত আছেন। ১১শটী সূক্তের কোন কোন মন্ত্রে তিনি একাকী এবং কোনটীতে ইন্দ্রের সহযোগে দেবতারূপে স্তুত হইয়াছেন। সমগ্রসংহিতা মধ্যে প্রায় ১২০ বার বৃহস্পতি ও প্রায় ৫০ বার ব্রহ্মণস্পতি নাম পাওয়া যায়। ঋক্ ৪।৪৯।১—৬ মন্ত্রে ইন্দ্র ও বৃহস্পতিকে সোমপানার্থ আহ্বান করা হইয়াছে, ৪।৫০।১—১১ মন্ত্রে বৃহস্পতিকে আবার যজ্ঞরক্ষাকর্ত্তা, শব্দ দ্বারা বলের নাশকারী এবং ভোগপ্রদাত্রী ও হব্যপ্রেরিকা গাভীগণের আহ্বানকারী, সর্ব্বময় পিতা, সর্ব্বদেবতাস্বরূপ ও অভীষ্টবর্ষী প্রভৃতি বিশেষণে অলঙ্কৃত দেখি। উক্ত সংহিতায় তাঁহার মূর্ত্তির যে স্বরূপ অভিব্যক্ত আছে তাহা হইতে আমরা জানিতে পারি, বৃহস্পতি সপ্তমুখ ও গমনশীল তেজোবিশিষ্ট (৪।৫০।৪), আহ্লাদক জিহ্বাবিশিষ্ট (৪।৫০।১, ১।১৯০।১), তীক্ষ্ণশৃঙ্গ (১০।১৫৫।২), নীলপৃষ্ঠ বা স্নিগ্ধাঙ্গ, হিরণ্যবর্ণ ও অগ্নিবর্ণ (৫।৪৩।১২), শতপক্ষ বা বাহনযুক্ত, দীপ্তিমান্, হিত ও রমণীয় বাক্যবিশিষ্ট, শুচি (৭।৯৭।৫—৭); তিনি বাণক্ষেপী, সত্যরূপ জ্যাবিশিষ্ট ধনুর্দ্ধারী (২।২৪।৮; অথর্ব্ব ৫।১৮।৮—৯), হিরণ্যবর্ণ ইস্পাত নির্ম্মিত কুঠারাকৃতি আয়ুধধারী (৭।৯৭।৭), ত্বষ্টা কর্ত্তৃক শাণিত লৌহময় কুঠার-ব্যবহারকারী (১০।৫৩।৯)। তিনি রথে আরোহণ করিয়া রাক্ষসদিগকে বধ এবং শত্রুদিগকে নির্জ্জিত করিয়া থাকেন (১০।১০৩।৪); ঐ রথ জ্যোতির্বিশিষ্ট যজ্ঞপ্রাপক, ভয়ানক, শত্রুহিংস্রক, রাক্ষস নাশক, মেঘভেদক ও স্বর্গপ্রদায়ক (২।২৩।৩)। উজ্জ্বল, বহনশীল ও আদিত্যের ন্যায় জ্যোতিপূর্ণ অশ্বগণ ঐ রথে তাঁহাকে বহন করিয়া থাকেন (৭।৯৭।৬)।

বৃহস্পতি মহান্ আদিত্যের পরম উচ্চ আকাশে আলোক হইতে প্রথম জাত হইয়াছিলেন এবং শব্দ দ্বারা অন্ধকার বিদূরিত করিয়াছিলেন (৪।৫০।৪,১০।৬৮।১২), দ্যাবাপৃথিবী বৃহস্পতিদেবের জননী (৭।৯৭।৮ ও ২।২৪।৫) এবং ত্বষ্টা তাঁহার উৎপাদক (২।২৩।১৭)। পক্ষান্তরে তিনিই দেবগণের পিতা (২।২৬।৩) এবং কর্ম্মকারের ন্যায় দেবতাদিগকে নির্ম্মাণ করিয়াছিলেন (১০।৭২।২)।

বৃহস্পতির পৌরোহিত্য সর্ব্বজনবিদিত (২।৪।৯। ঐতরেয় ব্রা°) ৮।২৬।৪, তৈত্তিরীয়সং ৬।৪।১০, শুক্লযজু ২০।১১ ও ঋক্ ২।১।৩ মন্ত্রে তাঁহাকে মন্ত্রের অধিপতি ব্রহ্মণস্পতি দেব বলা হইয়াছে। প্রাচীন দ্যুতিমান্ মেধাবীগণ তাঁহাকে সকলের "পুরোধা" বলিয়া স্বীকার করিয়াছেন (৪।৫০।১)। তিনি সোমের পুরোহিত, শত-

পথব্রা° ৪।১।২।৪), দেবগণের স্তুতিবাক্যরূপ ব্রহ্ম (তৈত্তিরীয়স° ২।২।৯।১), তাঁহার প্রসাদ ব্যতীত যজ্ঞফল লাভ হয় না (১।১৮।৭) তিনি দেবতাদিগের ভোজের সৎপথদাতা এবং তাঁহার হস্ত হইতেই তাঁহারা যজ্ঞভাগ পাইয়া থাকেন (২।২৩।১,৬,৭)। তাঁহার পঠিত মন্ত্রে ইন্দ্র, অগ্নি, বরুণ, মিত্র ও অর্য্যমা সদা প্রীত হন। তিনি মন্ত্র ও ছন্দঃ গান করিয়া দ্যুলোক ব্যাপ্ত করেন। অঙ্গিরাগণের সহিত স্তোত্র কীর্ত্তন করেন বলিয়া তিনি গণপতি (২।২৩।১)। মন্ত্রাধিপতি ও স্তোত্রকর্ত্তা হইতেই তিনি বাচস্পতি।

বেদে তাঁহাকে অগ্নির সহিত স্তব করা হইয়াছে (৩।২৬।২)। তিনি বলের পুত্র (১।৪০।২); অঙ্গিরসতনয় বলিয়া আঙ্গিরস (২।১০।৪); তিনি অন্নদাতা, আকাশপথে পরমধামে নিবাসভূত (১০।৬৭।১০), অঙ্গিরাবংশীয় বৃহস্পতি পর্ব্বতকর্ত্তৃক আবৃত গোসমূহকে বাহির করিয়া দেন। তিনি ইন্দ্রকে সহায় পাইয়া বৃত্রকর্ত্তৃক আক্রান্ত জলের আধারভূত জলরাশিকে. অধোমুখ করিয়াছিলেন (২।২০।১৮)। গোধনমুক্তিকালে তিনিই প্রথমে অন্ধকারে উষা ও আলোক দেখিতে পান (১০।৩৮।৪); পুরী ধ্বংস করিয়া গুহাদ্বার উন্মোচনপূর্ব্বক তিনি প্রাতঃকালে সূর্য্য ও গাভী সকলকে দেখিতে পাইয়াছিলেন। তিনি অসুরহন্তা অসূর্য্য (২।২৩।২); তিনি জগতের নিয়ন্তা (২।২৩।১৮); তাঁহারই আদেশে সূর্য্য ও চন্দ্র যথাক্রমে বিকাশ প্রাপ্ত হন (১০।৬৮।১০), তিনিই বৃক্ষাদির রসদাতা (১০।৯৭।১৫)।

বেদের এই দেবতা পরবর্ত্তী যুগে গ্রহাধিকারী হইয়াছিলেন। ঋগ্বেদে তাঁহার আভাস প্রাপ্ত হওয়া যায়। ঋক্ ১০।৬৮।১১ মন্ত্রে লিখিত আছে ; যেমন পিঙ্গলবর্ণ ঘোটককে বিবিধ ভূষণে সজ্জিত করে, সেইরূপ পিতাস্বরূপ দেবতাগণ গগনকে সুসজ্জিত করিলেন। তাঁহারা অন্ধকার রাত্রিতে রাখিয়াছিলেন এবং আলোক দিবসে রাখিয়া দিলেন। বৃহস্পতি পর্ব্বতভেদ করিয়া গোধন লাভ করিলেন।" তৈত্তিরীয় সংহিতায় (৪।৪।১০) তিনি তিষ্যনক্ষত্রের অধিষ্ঠাতৃদেবতারূপে গৃহীত। বৈদিকযুগের শেষ কালে বৃহস্পতি জুপিটার গ্রহের প্রতিনিধিত্বে কল্পিত হইয়াছেন। তিনিই বৃহস্পতি গ্রহের (Jupiter) নেতা এবং কখন কখন স্বয়ং গ্রহরূপে কীর্ত্তিত হইয়া থাকেন। গ্রহপরিচালনের জন্য তাঁহার নীতিঘোষ নামে রথ আছে। ঐ রথ আটটী অশ্ব দ্বারা চালিত হয়। বৃহস্পতি গ্রহের এক রাশিতে ভ্রমণ করিতে করিতে ষষ্টিসম্বৎসর (60 years cycle of Jupiter) কাল অতিবাহিত হয়। জ্যোতিষ শাস্ত্রে উহা বৃহস্পতিচক্র নামে বর্ণিত। [গ্রহ দেখ।]

পৌরাণিক যুগে বৃহস্পতি ঋষিরূপে বর্ণিত। অঙ্গিরা ঋষির পুত্র বলিয়া তিনি আঙ্গিরস নামে খ্যাত। দেবগণের উপদেষ্টা আচার্য্য বলিয়া তিনি অনিমিষাচার্য্য, চক্ষা, ইজ্য ও ইন্দ্রেজ্য প্রভৃতি নামে পূজিত। সোম কৌশলে তাঁহার পত্নী তারাদেবীকে হরণ করিয়া লইয়া যান। এই সূত্রে 'তারকাময়' যুদ্ধের আরম্ভ হয়। উশনা, রুদ্র ও দৈত্যদানবগণ সোমের পক্ষ এবং ইন্দ্রের অধীনে দেবগণ বৃহস্পতির পক্ষ অবলম্বন করেন। সেই যুদ্ধে বসুন্ধরা কম্পিত হইতে লাগিল। তিনি ব্রহ্মার নিকট গিয়া স্বীয় দুরবস্থার কথা জ্ঞাপন করিলেন। ব্রহ্মার মধ্যস্থতায় তারা স্বামী হস্তে প্রত্যার্পিতা হইলেন ; কিন্তু ঐ সময়ে তারা গর্ভবতী ছিল। বৃহস্পতি ও সোম উভয়ে তারাগর্ভজাত পুত্রকে আপনার তনয় বলিয়া দাবী করিলেন। পুনরায় বিরোধের সম্ভাবনা দেখিয়া ব্রহ্মা সেই স্থলে সমাগত হইলেন এবং তারাকে পুত্রের প্রকৃত পিতার পরিচয় জিজ্ঞাসা করিলেন। তখন তারা সোমকেই গর্ভজ সন্তানের পিতা বলিয়া গ্রহণ করিলেন। ঐ পুত্রের নাম বুধ। [বুধ দেখ।]

স্কন্দপুরাণ-মতে, বৃহস্পতি হরিদ্রাবর্ণ। তিনি দেবগণের পুরোহিত হইয়া একবার দেবগণকে বিপদ্‌গ্রস্ত করিতে কুণ্ঠিত হন নাই। মৎস্যপুরাণ, ভাগবতপুরাণ ও বিষ্ণুপুরাণ প্রভৃতিতে বৃহস্পতির পৃথ্বীদোহনের কথা আছে। উতথ্যবনিতা মমতার গর্ভে তাঁহার ভরদ্বাজ নামে পুত্র জন্মে। [ভরদ্বাজ দেখ।]

দ্বিতীয় মন্বন্তরে বৃহস্পতি নামে আর এক ঋষির নাম পাওয়া যায়। ইনি একটী ধর্ম্মমতের প্রবর্ত্তক।

[অপরাপর 'প' বিবরণ বর্গের বৃহস্পতি শব্দে দেখ।]

বৃহস্পতিচক্র (ক্লী) বৃহস্পতেশ্চক্রম্। লোকের শুভাশুভ নির্ণয়ার্থ বৃহস্পতির সঞ্চারকালীন অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রযুক্ত নরাকৃতি চক্রবিশেষ। সঞ্চার অর্থাৎ এক রাশি হইতে রাশ্যন্তরে বা নক্ষত্র হইতে নক্ষত্রান্তরে গমনকালে বৃহস্পতি প্রথমে গিয়া যে নক্ষত্রে অবস্থিত হন, সেই নক্ষত্র ধরিয়া চারিটী নক্ষত্র চক্রাঙ্কিত পুরুষের শীর্ষদেশে বিন্যাস করিতে হইবে। তৎপরবর্ত্তী চারিটী উহার দক্ষিণ করে, তদুত্তরস্থটী কণ্ঠে, তাহার পরের পাঁচটী বক্ষে, এইরূপে যথাক্রমে দক্ষিণ ও বামপদে তিন তিনটী করিয়া ছয়টী, তদনন্তর বাম হস্তে চারিটি এবং নেত্রে তিনটী, যথাযথভাবে বিন্যস্ত করিবে। যেমন, বৃহস্পতি যদি মীন রাশি বা রেবতী নক্ষত্র হইতে মেষ রাশি বা অশ্বিনী নক্ষত্রে গমন করেন, তাহা হইলে অশ্বিনী হইতে রোহিণী পর্য্যন্ত চারিটী নক্ষত্র চক্রাঙ্কিত পুরুষের মস্তক দেশে, ঐরূপ মৃগশিরা হইতে পুষ্যা পর্য্যন্ত চারিটী নক্ষত্র উহার দক্ষিণ করে, কণ্ঠদেশে অশ্লেষা, বক্ষে মঘা হইতে চিত্রা পর্য্যন্ত পাঁচটী, দক্ষিণ পদে স্বাতি হইতে অনুরাধা পর্য্যন্ত তিনটী, বামপদে জ্যেষ্ঠা, মূলা ও পূর্ব্বাষাঢ়া, বাম হস্তে উত্তরাষাঢ়া হইতে শতভিষা পর্য্যন্ত চারিটী, এবং পূর্ব্বভাদ্র-

পদ, উত্তরভাদ্রপদ ও রেবতী এই তিনটী নক্ষত্র উহার নেত্রে সংস্থাপন করিতে হইবে। এইরূপে অশ্বিনী হইতে ভরণীতে গমনকালে ভরণী, কৃত্তিকা, রোহিণী ও মৃগশিরা এই চারিটী শীর্ষদেশে, ইত্যাদি ক্রমে বিন্যাস করিতে হইবে; পরে জন্ম বা কর্ম্মদিবসের নক্ষত্রের অবস্থিতি অনুসারে ফলাফল নির্ণয় করিতে হইবে। জন্ম বা কর্ম্মদিবসীয় নক্ষত্র যদি মস্তকে বিন্যস্ত হইয়া থাকে, তাহা হইলে রাজ্যপ্রাপ্তিযোগ ঘটে, দক্ষিণ করে বিন্যস্ত নক্ষত্রে জন্ম হইলে বা কর্ম্ম করিলে সুখ হয়। কণ্ঠস্থ নক্ষত্রে ঐশ্বর্য্য, বক্ষস্থিত নক্ষত্রে প্রীতিবিবর্দ্ধন, পাদস্থে পীড়া, বাম হস্তে মৃত্যু এবং নেত্রস্থে সুখ হয়।

বৃহস্পতিচার (পুং) বৃহস্পতিগ্রহের সঞ্চার। [পবর্গে দেখ।]

বৃহস্পতিসূত্র (ক্লী) চার্ব্বাকদিগের মূলশাস্ত্র বিশেষ।

বৃ, বরণ বা আবরণ করা। ক্র্যাদিঁ উভ° সক° সেট°। লট্ বৃণাতি, বৃণীতে। লিট্ ববার, বব্রে। লুট্ বরিতা, বরীতা। লুঙ্ অবারীৎ, অবারিষ্টাং; অবরিষ্ট, অবরীষ্ট। ক্ত বূর্ণ। ক্তিন্ বূর্ণি।

বে, তন্তুসন্তান, বয়ন, চলিত তাঁত বোনা। ভ্বাদিঁ উভ° সক° অনিট্। লট্ বয়তি—তে। লিট্ ববৌ, উবায়, ববে, ঊবে, ঊয়ে। লুট্ বাতা। লৃট্ বাস্যতি—তে। আশীর্লিঙ্ উয়াৎ, বাসীষ্ট। লুঙ্ অবাসীৎ, অবাস্ত। কর্ম্মণি ঊয়তে। সন্ বিবাসতি—তে। যঙ্ বাবায়তে, বাবেতি, বাবাতি। ণিচ্ বায়য়তি, অবীবয়ৎ। প্র-বে=বেধ, বিদ্ধ হওয়া। 'শল্যপ্রোতং প্রেক্ষ্য' শল্যবিদ্ধ দেখিয়া। (রঘু ৯।৭৫)

বেআবর (বেয়াওয়ার), রাজপুতনার আজমীঢ়মেরবাড়া বিভাগের অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৬° ৯´ ১৫´´ উঃ এবং দ্রাঘি° ৭৪° ২৩´ ২০´´ পূঃ। স্থানীয় লোকে ইহাকে নয়ানগর বলিয়া থাকে। আজমীঢ় মেরবাড়া বিভাগের ইংরাজ কমিসনর ১৮৩৫ খৃষ্টাব্দে এই নগর সেনানিবাসের সন্নিকটে পত্তন করেন। মেবার রাজধানী উদয়পুরের এবং মারবাড় রাজধানী যোধপুরের মধ্যস্থানে স্থাপিত হওয়ায় এই স্থান অনতিকাল মধ্যেই একটী প্রধান বাণিজ্যকেন্দ্রে পরিণত হয় এবং ধনে জনে পূর্ণ হইয়া শীঘ্রই ইহা শ্রীবৃদ্ধিসম্পন্ন হইয়া উঠে। নগরের চারিদিকেই প্রস্তরের প্রাচীর, গৃহগুলি সমস্তই প্রায় পাকা। রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন, বিস্তৃত ও উভয় পার্শ্বই বৃহৎ বৃহৎ বৃক্ষের ছায়ায় সুশীতল। নগরে নানা শ্রেণীর দোকানদার ও ব্যবসায়ীর বাস আছে। নগরপ্রতিষ্ঠাকালে দোকানদারদিগের ব্যবসার সুবিধার জন্য তাহাদের আবেদনপত্রানুসারেই শ্রেণীবিভাগ সহকারে দোকানগুলিকেও পৃথক্ পৃথক্ স্থানে স্থাপিত করা হইয়াছিল।

এখানে কার্পাসের বহু বিস্তৃত কারবার আছে। ঐ সকল কার্পাসের গাঁইট বাঁধাই করিবার জন্য এখানে দুইটী হাইড্রলিক্ কটনপ্রেস প্রতিষ্ঠিত হইয়াছে। এতদ্ভিন্ন লৌহদ্রব্যনির্ম্মাণেরও বিস্তৃত কারখানা আছে। ঐ সকল লৌহপাত্র এবং রঙ্গিন্ কাপড় এখানে সুন্দর সুন্দর রঙে ছোবাই হইয়া বিভিন্ন স্থানে বিক্রয়ার্থ রপ্তানী হয়। স্থানীয় অহিফেনের চাস ও বাণিজ্য উল্লেখযোগ্য।

বেকট (পুং) ১ মৎস্যভেদ, চলিত ভেট্‌কী মাছ। ২ যুবা। (মেদিনী) ৩ বৈকটিক। ৪ বিদূষক। (শব্দরত্নাবলী) [পবর্গ দেখ] ৫ মণিকার, জহুরি।

বেকল, মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণ কণাড়া জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। অক্ষা° ১২° ২৩´ ৪৫´´ উঃ, দ্রাঘি° ৭৫° ৪´ ৩৫´´ পূঃ। এখানে একটী সুবৃহৎ দুর্গ সুরক্ষিত অবস্থায় বিদ্যমান আছে। দুর্গটী পর্য্যবেক্ষণ করিলে উহাতে বর্ত্তমান য়ুরোপীয় স্থাপত্য-বিজ্ঞানের অনেক নিদর্শন পাওয়া যায়। সমুদ্রগর্ভে প্রসূত একটী শৈলশৃঙ্গোপরি এই দুর্গ স্থাপিত। ইক্কেরী ও চেরাক্কল রাজবংশের পরস্পর বিরোধকালে এই দুর্গের প্রথম প্রতিষ্ঠা হইয়াছিল বলিয়া অনুমান হয়। পরে তাহা সংস্কৃত হইয়া এরূপ সুদৃঢ় দুর্গে রূপান্তরিত হইয়াছে। পাশ্চাত্য ভৌগোলিক De Barros এই স্থানের সমৃদ্ধির উল্লেখ করিয়াছেন। তাহার বিবরণীতে এই নগর *Cota koulam* নামে বর্ণিত।

বেকার, (পারসী) নিষ্কর্ম্মা, নিরুপায়, যাহার জীবনযাত্রানির্ব্বাহের উপযুক্ত কোনরূপ কাজ নাই।

বেকাস (ব্যাকাস্) পাশ্চাত্য জগতের প্রাচীন জাতিসমূহের পূজিত দেবমূর্ত্তি। প্রাচীন গ্রীকদিগের মধ্যে ইনি জিউসের পুত্র দেওনিসাস, লাটিন জাতির বেকাস (Bacchus) এবং মিসরবাসীর ওসিরিস। পাশ্চাত্য জগতে বেকাসের সম্বন্ধে প্রচলিত কিংবদন্তী গুলি পর্য্যালোচনা করিলে মনে হয় যেন অনেক গুলি বেকাসই বিদ্যমান ছিল। দিওদোরাস ও সিসিরো এইরূপে অনেকগুলি বেকাসের উল্লেখ করিয়া গিয়াছেন। এই বেকাস কাদ্‌মাসরাজতনয়া সিমিলীর গর্ভে ও জুপিতার বৃহস্পতির ঔরসে জন্মগ্রহণ করেন। মিসরীয় কিংবদন্তী অনুসরণ করিলে জানা যায় যে, যুবরাজ বেকাস যৌবনকালে নাক্ষস দ্বীপে একদিন নিদ্রা যাইতেছিলেন। ঐ অবস্থায় কতকগুলি নাবিক তাঁহাকে অপহরণ করিয়া লইয়া যায়। তাহাতে তিনি ক্রুদ্ধ হইয়া সেই নাবিক দলকে অভিসম্পাত করেন, তজ্জন্য তাহারা মৎস্যবিশেষে পরিণত হয়। এখান হইতেই বেকাসের ঐশীশক্তির পরিচয় পাওয়া যায়। তিনি স্বীয় পুণ্যবলে ও পিতার সম্মতিক্রমে মাতা সিমিলীকে নরক হইতে উদ্ধার করিয়া স্বর্গধামে স্থাপন করেন, তদবধি তিনি সাইওনে নামে আখ্যাত হন।

অতঃপর বেকাস পূর্ব্বাভিযানে গমন করিয়া তদ্দেশবাসীকে দ্রাক্ষা-কর্ষণ ও মধু আহরণ শিক্ষা দিয়াছিলেন। এই কারণে তিনি মদ্যপায়ী জাতি সাধারণের দেবতারূপে পূজিত হন। বেকাসের উৎসবগুলি অর্গিজ্, কেনিফোরিয়া, ফালিকা, বাকানালিয়া বা দেওনিসিয়া নামে পাশ্চাত্যজগতে বিদিত। দনায়ুস ও তাঁহার কন্যাগণ মিসর হইতে এই পূজা গ্রীসে প্রচলন করেন। এই উৎসবে লোকে অত্যধিক মদ্যপান করিত। এমন কি তাহারা আত্ম-বিস্মৃত হইয়া অনেক নিন্দিত কর্ম্ম করিতেও কুণ্ঠিত হইত না। খৃষ্টপূর্ব্ব ১৮০ অব্দে বেকাস প্রবর্ত্তিত উৎসবের দুর্দ্দশা অবলোকন করিয়া রোম-গবর্মেণ্ট ঐ উৎসব বন্ধ করিতে আদেশ প্রচার করেন।

বেকাসপূজায় যে সকল রমণী পুরোহিতের কার্য্যে লিপ্ত থাকিত, উৎসবভেদে ও দেশভেদে তাহারা বিভিন্ন বস্ত্র পরিধান করিত। পরিচ্ছদের তারতম্যানুসারে তাহারা মেনাডিস, থায়াডিস, বেকাণ্টিস, মিমালোনাইডিস, বাসারাইডিস প্রভৃতি নামে সাধারণে বিদিত ছিল, মিসরবাসীরা বেকাসের তৃপ্ত্যর্থে গৃহদ্বারে শূকরবলি দিত। অধিকাংশ স্থলেই ছাগবলির প্রাধান্য পরিলক্ষিত হইত। যেহেতু ছাগকুল দ্রাক্ষালতানাশে সদাই উন্মুখ। প্লিনি বলেন, দেবতাদিগের মধ্যে ইহাদের মস্তক মুকুটালঙ্কৃত, কামদেবের ন্যায় সুরম্য ও কুঞ্চিতকেশকলাপে মস্তক সমাচ্ছাদিত, যেন চিরযৌবন ঐ মুখচন্দ্রে সদা বিরাজ করিতেছে। কখন বা তিনি শৃঙ্গহস্তে বিরাজিত। এই শৃঙ্গ সম্বন্ধে পাশ্চাত্য জগতে কিংবদন্তী আছে যে, বেকাস বৃষের দ্বারা ভূমি কর্ষণ শিক্ষা দিয়াছিলেন, তাহারই নিদর্শন স্বরূপ তিনি হস্তে শৃঙ্গ ধারণ করিয়াছেন। আবার কেহ কেহ বলেন লাইবিয়ার মরুক্ষেত্রে যখন তিনি সসৈন্যে উপস্থিত হইয়া নিদারুণ তৃষ্ণায় কাতর ও মৃতপ্রায় হইয়াছিলেন, তখন তাঁহার পিতা জুপিটার ভেড়ার রূপ ধারণ করিয়া তাঁহাকে জলপানের সুগম পথ নির্দ্ধারণ করিয়া দেন। সেই ঘটনার কৃতজ্ঞতা স্বরূপ তিনি শৃঙ্গধারী হইয়া আছেন। দিওদোরাস যে তিন প্রকার বেকাস-মূর্ত্তির উল্লেখ করিয়াছেন, তন্মধ্যে (১) ভারতবিজয়ী বেকাস দীর্ঘ শ্মশ্রুসমন্বিত, (২) জুপিটার ও প্রসার্পাইনের পুত্র শৃঙ্গধারী বেকাস এবং (৩) জুপিটার ও সিমিলির পুত্র থেবিসের বেকাস। সিসিরোর লিখিতমতে ১ প্রসার্পাইন্ পুত্র, ২ ন্যাসাসের পুত্র, ৩ কেপ্রিয়াসের পুত্র, ইনি ভারতে স্বীয় প্রভুত্ব বিস্তার করিয়াছিলেন; ৪ থিওনি ও ন্যাসুসের পুত্র ৫ জুপিটর চন্দ্রের পুত্র।

বর্ত্তমান কায়ারো নগরের ৩ শত মাইল দক্ষিণে উত্তরমিসরের শিবানামক ওয়েশিশ মধ্যে অনুমান ১৮০০ খৃষ্টপূর্ব্বাব্দে প্রতিষ্ঠিত জুপিটার (বৃহস্পতির) মন্দিরের ধ্বস্ত নিদর্শন নিপতিত আছে।

পাশ্চাত্যজগতে নানাভাবে বেকাসের লিঙ্গরূপের উপাসনা হইয়া থাকে। কখনও তিনি ভীরু রমণীজনোচিত সুকুমার যুবক, মস্তকে দ্রাক্ষা বা আইভিলতার কিরীট, হস্তে ত্রিশূল। ব্যাঘ্র ও সিংহ তাঁহার প্রিয়বাহন এবং মাগপাই পক্ষী তাঁহার অতি প্রিয়। তিনি ব্যাঘ্রচর্ম্মে সমাচ্ছাদিত হইয়া ভারতবিজয়ে গমন করিয়াছিলেন। কখনও তারকামণ্ডিত ভূগোলে উপবিষ্ট মূর্ত্তিতে ইনি সূর্য্য বা ওসিরিস্ জ্ঞানে পূজিত হইয়া থাকেন। ভারতভ্রমণকারী অনেক গ্রীক্ গ্রন্থকার হিন্দুজাতির উপাস্য এক বেকাসের উল্লেখ করিয়াছেন। অধিক সম্ভব, তাঁহারা ভারতবর্ষে মহাদেবের লিঙ্গপূজার সহিত গ্রীক্‌দেশীয় বেকাসের লিঙ্গময়ী দেবতারূপের সাদৃশ্য দেখিয়া এইরূপ নির্ণয় করিয়া গিয়াছেন।

বেকাসী, মৌলানা, একজন মুসলমান কবি। ইনি সম্রাট্ অকবর শাহের রাজত্বকালে জীবিত ছিলেন।

বেকুক, একটী মুসলমান ধর্ম্মসম্প্রদায়। ধর্ম্মপ্রতারক একজন মুসলমান জাল সাধুই ইহার প্রবর্ত্তক। খৃষ্টীয় ১৮শ শতাব্দের প্রথমভাগে এই ব্যক্তি দিল্লী রাজধানীতে উপস্থিত হইয়া, সাধারণে ঘোষণা করে যে আমি এই অভিনব কোরাণ পাইয়াছি, ইহাতে সারধর্ম্ম অভিব্যক্ত রহিয়াছে। এই কোরাণের ভাব স্বয়ং ঈশ্বর ব্যক্ত করিয়াছেন ইত্যাদি। লোকে ঐ কথা শুনিয়া এবং গ্রন্থের মর্ম্ম ও মূলতত্ত্ব অবগত হইয়া শীঘ্রই তাহার শিষ্য হইল। দেখিতে দেখিতে এই নবীন কোরাণমতানুযায়ীদিগের একটী সম্প্রদায় গঠিত হইল। এই সম্প্রদায়ের গুরু বা আচার্য্য স্থানীয় মৌলবীগণ বেকুক অভিধা প্রাপ্ত হন এবং ইহাদের শিষ্য সম্প্রদায় ফরাবুদ্ বলিয়া খ্যাত। উক্ত মুসলমান জালসাধু প্রাচীন পারসিক ধর্ম্মগ্রন্থ হইতে কতকগুলি স্বমতের অনুকূল বচন উদ্ধৃত করিয়া স্বীয় কল্পনাবলে উক্ত কোরাণগ্রন্থ সঙ্কলন করিয়াছিলেন।

বেক্ষণ (ক্লী) অব-ঈক্ষ-ধুল্ অবস্যাদিলোপঃ। অবেক্ষণ, তদ্বির বা তত্ত্বতল্লাস করা। (মনু ৯।১১)

বেগ (পুং) বিজ-ঘঞ্। ১ প্রবাহ। পর্য্যায়—ওঘ, বেণী, ধারা, জব, রংহ, তর, রয়, স্যন্দ। (অমর) ২ মহাকাল ফল, চলিত মাকালফল। ৩ রেতঃ, শুক্র। (হেম) ৪ মূত্রবিষ্ঠাদির নির্গম-প্রবৃত্তি। ৫ ন্যায়মতে চতুর্ব্বিংশতি গুণান্তর্গত গুণবিশেষ, সংস্কার গুণ; বেগাখ্য সংস্কার। ক্ষিতি, জল, তেজ, বায়ু, ও মনঃ এই কয়েক দ্রব্যে বেগাখ্য সংস্কারের বিদ্যমানতা দেখা যায়।

"ক্ষিতির্জলং তথা তেজঃ পবনো মন এব চ।
পরাপরত্বমূর্ত্তত্বক্রিয়াবেগাশ্রয়া অমী॥" (ভাষাপরিচ্ছেদ)

বেগশব্দের সাধারণ অর্থ গতি; ন্যায়মতে নয়টী দ্রব্যের মধ্যে উক্ত ক্ষিত্যাদি পাঁচটী মাত্র গতিশীল অর্থাৎ জগতে যত প্রকার

পঞ্চকের অন্যতম অংশ আছে। এই বেগ স্থূলদৃষ্টিতে কতকগুলি জাগতিক পদার্থে স্বতঃপ্রবৃত্ত, এবং কতকগুলিতে কাল ও কারণান্তর সাপেক্ষ অবস্থায় বিদ্যমান দেখা যায়। গ্রহনক্ষত্রাদির বেগ মূলে স্বতঃপ্রবৃত্ত, কিন্তু কারণান্তরে উহাদের মধ্যে কাহার কাহারও বেগের হ্রাস বৃদ্ধি হইয়া থাকে। ক্ষিতি, জল, বায়ু ও অগ্নি প্রভৃতির তেজঃ, এই সকলের বেগ কারণান্তর সাপেক্ষ; শারীর মন ও মনের বেগ কাল এবং কারণান্তর-সাপেক্ষ। জলের বেগ সাধারণতঃ নিম্নদিকে, কারণান্তরে ঊর্দ্ধে ও তির্য্যগ্‌ভাবেও হইতে পারে। ফল কথা, কারণান্তরে যে সকল বেগের উৎপত্তি হয়, তাহার হ্রাস, বৃদ্ধি ও দিক্ বিদিক্ সম্বন্ধে কোন নির্দ্দেশ নাই, উহা নিয়তই তৎপ্রবর্ত্তক কারণের অনুবর্ত্তী।

সুবিধামত সাংসারিক ও শারীরিক কার্য্যের উন্নতিসাধন জন্য আমাদিগকে কতকগুলি বেগের পরিবৃদ্ধি ও কতকগুলি বেগের নিরোধ করিতে হয়। ভাবিয়া দেখিতে গেলে জগতের উন্নতির কারণও বেগ, অবনতির কারণও বেগ। প্রকৃত দিক্ নিরূপণ করিয়া বেগের প্রবর্ত্তন করিতে পারিলেই জগতে উন্নতি লাভ করা যায়। দিক্‌হারা হইয়া অযথাভাবে বেগের পরিচালনই অবনতির কারণ। একমাত্র মনোবেগের দিক্ নিরূপণ করিতে সমর্থ হইয়াই আর্য্য ঋষিগণ জগতে শীর্ষস্থান অধিকার করিয়াছিলেন, এবং বর্ত্তমান পাশ্চত্য-বিজ্ঞানবিৎ পণ্ডিতগণ একমাত্র তেজোবেগের কার্য্যকারিত্ব পর্য্যালোচনা করিয়াই আজ শিল্পনৈপুণ্যে জগতের শীর্ষস্থানে অধিরূঢ় হইতে উদ্যত হইয়াছেন।

এক্ষণে কিরূপে বস্তু বিশেষের বেগের পরিবর্ত্তন, পরিবর্দ্ধন ও নিরোধাদি দ্বারা সাংসারিক ও শারীরিক ইষ্টানিষ্ট সাধিত হইতে পারে, তদ্বিষয়ক কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে। যে কোন বস্তুর বেগই হউক না কেন, সহসা তাহার প্রবল অবস্থার নিবৃত্তি করা উচিত নহে। কেন না তাহা হইলে ঐ সময় একটা বিষম বিপত্তি উপস্থিত হইতে পারে। একারণ নিরোধযোগ্য বেগগুলির প্রবল অবস্থায় বিষয়ান্তর অবলম্বনে আস্তে আস্তে যাহাতে তাহার হ্রাস হয়, তদ্বিষয়ক চেষ্টা করিতে হইবে। যেমন কাম ক্রোধ শোক প্রভৃতির বেগ আপাততঃ নিরোধযোগ্য বলিয়া অনুমিত হইলেও সহসা উহারা বাধাপ্রাপ্ত হইয়া অনিষ্টপাত করিতে পারে। কেন না ভগবান্ বলিয়াছেন —

যদি কারণান্তরে তাহা প্রতিহত হয়, তাহা হইলে লোকের তখন ক্রোধবেগের উৎপত্তি হয়, ক্রোধপ্রদর্শনের স্থান হইলে মোহ উপস্থিত হয়, তাহা হইতে স্মৃতিভ্রংশ, স্মৃতি হইতে বুদ্ধিনাশ এবং অবশেষে জীবন পর্য্যন্ত বিনষ্ট হউ না হউক লোককে মৃত্যুতুল্য হইতে হয়। অতএব এ অবস্থায় মনকে ক্রমে ক্রমে সংযত করিয়া বিষয়ান্তরে সদ্বিষয়ে লিপ্ত করা কর্ত্তব্য। এতদ্‌ভিন্ন শাস্ত্রান্তরে আর যে বিষয়ের বেগনিরোধ জন্য যে সকল অনিষ্ট হইতে নিম্নে ক্রমশঃ তাহাদের উল্লেখ করা যাইতেছে,—

চরকে কথিত হইয়াছে মল, মূত্র, শুক্র, বায়ু, বমি, উদ্‌গার, জৃম্ভা, ক্ষুধা, পিপাসা, অশ্রু, নিদ্রা ও শ্রম জনিত এই সকলের বেগধারণ করিবে না। মলবেগ ধারণ ক পক্বাশয়ে ও মস্তকে শূলবৎ বেদনা, মল এবং অধোবায়ুর পায়ের ডিমে বেদনা ও উদরাধ্মান, এই সকল লক্ষণ প্রকাশ ইহাতে স্বেদক্রিয়া, অভ্যঙ্গ, অবগাহন, গুহ্যে ফলবর্ত্তিপ্র বস্তিকর্ম্ম এবং বাতানুলোমক অন্নপানাদি হিতকর। মূ ধারণ করিলে মূত্রাশয়ে ও লিঙ্গে শূলবৎ বেদনা, মূত্র শিরঃপীড়া, ব্যথানিবন্ধন দেহের নমন (নুইয়া পড়া) বঙ্‌ক্ষণদ্বয়ে (কুঁচকী স্থানে) আকর্ষণবৎ যন্ত্রণা, এই সকল লক্ষিত হয়। এরূপ অবস্থায় স্বেদক্রিয়া, অবগাহন, অ ঘৃতের অবপীড় (নস্য বিশেষ) এবং অনুবাসন, নিরূহণ ও উ বস্তি, এই ত্রিবিধ বস্তিকর্ম্ম কর্ত্তব্য। শুক্রবেগ ধারণে লি অণ্ডকোষে শূলবৎ বেদনা, অঙ্গমর্দ্দ, হৃদয়ে ব্যথা এবং বিবদ্ধতা হয়। এই সকল লক্ষণ প্রকাশ পাইলে অভ্যঙ্গ, অবগ মদিরাপান, কুক্কুটমাংস, শালিতণ্ডুলের অন্ন, দুগ্ধ ও হিতকর। অবস্থা বিশেষে ইহাতে মৈথুনক্রিয়াও প্রশস্ত।

অধোবায়ুর বেগধারণ করিলে বাত, মূত্র ও পু অপ্রবর্ত্তন, উদরাধ্মান, ক্লান্তি, উদরে বেদনা; এবং তোদ অন্যান্য বাতজ পীড়া হইয়া থাকে। এই রোগে স্নেহ, ফলবর্ত্তি, এবং বাতানুলোমক অন্নপান ও বস্তি প্রশস্ত। ব বেগ ধারণ করিলে কণ্ডু, কোঠ, অরুচি, ব্যঙ্গ (মেচ্‌তা), পাণ্ডুরোগ, জ্বর, কুষ্ঠ, বমনবেগ ও বিসর্প, এই সকল উ উপস্থিত হয়। এ অবস্থায় ভোজনান্তে বমন, ধূমপান, উপ রক্তমোক্ষণ, রুক্ষ অন্ন ও পানীয়, ব্যায়াম এবং বিরেচন ক ক্ষার অর্থাৎ হাঁচীর বেগ ধারণ করিলে মন্যাস্তম্ভ, শিরঃশূল, অ

নিরোধে হিক্কা, কাস, অরুচি, কম্প, হৃদয় ও বক্ষঃস্থলের বিবদ্ধতা, এই লক্ষণ গুলি উপস্থিত হয়, কিন্তু ইহাতে হিক্কা রোগের চিকিৎসা করিলেই সমস্ত উপসর্গের শান্তি হইয়া থাকে। জৃম্ভা-নিরোধের জন্য দেহের বিনমন (নুইয়া পড়া), আক্ষেপ, পর্ব্ব সকলের আকুঞ্চন, স্পর্শশক্তির বিলোপ, শীত জনিত কম্পন এবং বিনা শীতেও হাত পায়ের কাঁপুনি প্রভৃতি লক্ষণ পরিলক্ষিত হয়। এই রোগে বাতঘ্ন ঔষধ ও পাচনাদি ব্যবস্থেয়। ক্ষুধার বেগ রোধ করিলে দেহের কৃশতা, দৌর্ব্বল্য, বিবর্ণতা, অঙ্গমর্দ্দ, অরুচি, ও গাত্রঘূর্ণন, এই সকল লক্ষণ প্রকাশ পায়। ইহাতে স্নিগ্ধাক্ত লঘু ভোজন কর্ত্তব্য। পিপাসানিগ্রহ করিলে কণ্ঠ ও মুখের শোষ, বধিরতা, শ্রান্তিবোধ, শ্বাস, ও হৃদয়ে ব্যথা উপস্থিত হয়। এই অবস্থায় শীতল তর্পণ অর্থাৎ মস্থ, যবাগূ প্রভৃতি শীতল পথ্য দিবে।

শোকাদিজনিত অশ্রুবেগ ধারণ করিলে নাসাস্রাব, চক্ষুর লৌহিত্য, হৃদ্রোগ, অরুচি, ও গাত্রঘূর্ণন প্রভৃতি লক্ষণ পরিদৃষ্ট হয়। ইহাতে নিদ্রা, মদ্য ও প্রিয়বাক্য হিতকর। নিদ্রার বেগ সম্বরণ করিলে জৃম্ভা, অঙ্গমর্দ্দ, তন্দ্রা, শিরোরোগ ও চক্ষুর গুরুতা এই লক্ষণগুলি প্রকাশ পায়। এরূপ অবস্থায় নিদ্রার চেষ্টা ও হস্তপদাদিতে হাত বুলান বা ঐ সকল অঙ্গ মৃদুভাবে মর্দ্দন করা কর্ত্তব্য। শ্রমজনিত নিশ্বাস-বেগ ধারণ করিলে গুল্ম, হৃদ্রোগ ও সম্মোহ জন্মে, ইহাতে বিশ্রাম ও বাতঘ্ন ক্রিয়া হিতকর।

এক্ষণে যে সকল বেগ ধারণ করা নিয়ত কর্ত্তব্য, তাহাদের কতকগুলির উল্লেখ করা যাইতেছে। যথা,—অনিষ্টকর সাহস, লোভ, শোক, ভয়, ক্রোধ, দ্বেষ, অভিমান, পরনিন্দা, নির্লজ্জতা, কোন বিষয়ের প্রতি অত্যন্ত আসক্তি, পরধনবিষয়ক স্পৃহা, অতি কর্কশ, পরের বিশেষ অনিষ্টসূচক, মিথ্যা ও অনুপযুক্ত স্থলে বাক্যপ্রয়োগ, স্বভাবতঃ বা পরপীড়নার্থ চৌর্য্য, পরস্ত্রীসম্ভোগেচ্ছা ও হিংসাদির প্রবৃত্তি, এই যথানির্দ্দিষ্ট কায়িক, বাচিক ও মানসিক বেগসমূহ ঐহিক ও পারত্রিক সুখাভিলাষী ব্যক্তিমাত্রেরই যথাযথভাবে মনকে ক্রমে ক্রমে সংযত করিয়া ধারণ করা কর্ত্তব্য। (চরক সূ° ৭ অ°)

দ্যূতক্রীড়াদির পরিবর্জ্জন, শিক্ষাকল্পে উৎসাহ, পরোপ-কারাদি সদনুষ্ঠানে প্রবৃত্তি প্রভৃতি মানসিক বেগের যথোচিত পরিবৃদ্ধি করা আবশ্যক; কেন না তাহা হইলে ইহকালে কেন, লোকের পরকালের উন্নতিপথ পর্য্যন্ত পরিষ্কৃত হইয়া থাকে।

বিজ্ঞানে বেগকে (Vilocity) গতিরই শক্তি-পর্য্যায় বলিয়া নিরূপিত করা হইয়াছে। এই কারণে বেগের বলাবল বলিতে হইলে অগ্রে গতি ও তাহার শক্তির তারতম্য জানা আবশ্যক। বিজ্ঞানে প্রত্যেক পদার্থেরই একটী স্থিতি ও গতি নির্দ্ধারিত আছে। এক স্থান হইতে অন্য স্থানে যাওয়ার নাম গতি এবং তাহারই অভাব—স্থিতি। কোন নির্দ্দিষ্ট বস্তুর সম্বন্ধে কোন বস্তুর স্থিতি পরিবর্ত্তিত হইলে তাহাকে সচল বলা যায়, কিন্তু যদি কোন বস্তু একস্থানে জড়ের ন্যায় নিশ্চেষ্ট ভাবে থাকে, তাহা হইলে তাহাকে নিশ্চল বলিয়া জানা যায়।

সাপেক্ষ ও নিরপেক্ষ ভেদে গতি ও স্থিতি দুই প্রকার। কোন একটী বস্তুর সহিত তুলনা করিয়া অন্য কোন বস্তুর গতি অনুভব করা যায়, যদি ঐ বস্তু বাস্তবিক নিশ্চল হয়, তাহা হইলে ঐ বস্তুর গতি নিরপেক্ষ গতি এবং তদ্বিপরীতে যদি কোন বস্তুকে নিশ্চল মনে করিয়া অন্য কোন বস্তুর গতি নিরূপণ করা হয়, তাহা যদি বাস্তবিকই নিশ্চল না হয়, তবে উক্ত গতিকে সাপেক্ষগতি বলা যায়।

যদি কোন বস্তু অনন্ত আকাশের সম্বন্ধে নিয়ত একস্থানেই স্থির থাকে, তাহা হইলে তাহার সেই স্থিতিকে নিরপেক্ষ স্থিতি এবং যদি কোন বস্তুকে চতুঃপার্শ্বস্থ বস্তুসম্বন্ধে নিশ্চল বলিয়া বোধ করিয়াও অনন্ত আকাশের সম্বন্ধে উহার অবস্থিতির নিয়ত পরি-বর্ত্তন হইতে দেখা যায়, তাহা হইলে তাহার তাদৃশ নিশ্চলতা বা স্থিতিকে সাপেক্ষ স্থিতি বলা হইয়া যায়। নিরপেক্ষ গতি বা নিরপেক্ষ স্থিতি কুত্রাপি দেখা যায় নাই। কেন না, আমরা যে যে স্থানে স্থিতি ও গতি প্রত্যক্ষ করি, সমুদায়ই আপেক্ষিক বলিয়া কথিত হয়।

রেলগাড়ীতে ইতস্ততঃ গমনাগমনকালে আমরা গাড়ীর গতি নিরূপণ করিতে গাড়ীকে নিশ্চল মনে করিয়াই উহার দ্রুতগামিত্ব ধারণা করিয়া থাকি এবং সেই গাড়ীতে যে সকল ব্যক্তি বা বস্তু স্থিরভাবে বসিয়া থাকে, তাহারা যে বাস্তবিক স্থির নহে তাহাও আমরা বুঝিতে পারি; কেন না গাড়ীর গতির সহিত তদন্তর্গত বস্তু বা ব্যক্তিরও গতি সিদ্ধ বলিয়া বিবেচিত হয়।

পর্ব্বত, বৃক্ষ ও অট্টালিকাদি স্থাবর পদার্থ গাড়ীর গতি সম্বন্ধে নিশ্চল বলিয়া প্রতীয়মান হইলেও বাস্তবিক পক্ষে তাহা নিশ্চল নহে; কেন না, পৃথিবী তাহাদিগকে বক্ষে ধারণ করিয়া নিয়ত পূর্ব্বাভিমুখে ধাবমান হইতেছে। সূর্য্যও পৃথিব্যাদি গ্রহগণ সমভিব্যাহারে অন্য এক বিশাল সূর্য্যের চতুর্দ্দিকে এবং সেই সূর্য্যও বোধ হয় আমাদের এই সৌর জগৎ ও অন্যান্য জগৎ লইয়া অন্য এক মহান্ সূর্য্যের চারি দিকে পরিভ্রমণ করিতেছেন। এই কারণে বোধ হয়, এই বিশ্বসংসারে কোন পদার্থই এক মুহূর্ত্তের জন্য নিরপেক্ষগতি বা স্থিতি প্রাপ্ত হয় নাই।

পাশ্চাত্য জগতে প্রথমে গালিলিও, পরে নিউটন এবং তৎপরে হুক্, হুগেন ও রেন্ প্রভৃতি বৈজ্ঞানিকগণ ধীরে ধীরে গতির একটী বল বা শক্তি নির্দ্ধারণ করিয়া নিম্নলিখিত নিয়মাবলী

(Laws of motion) অবধারণ করিয়া গিয়াছেন। ঐ নিয়ম তিনটী এই—

১ প্রত্যেক বস্তুই নিশ্চল ভাবে আছে, ঋজু অথবা একটি সরল রেখায় নিয়ত একভাবে গতি প্রাপ্ত হইতেছে; কেবল অনির্দ্দিষ্ট কোন শক্তিরূপই উহার সেই ভাব পরিবর্ত্তন করিতে বাধ্য হয়।

২ গতির পরিবর্ত্তন কেবল বলের চাপের অনুপাতেই সংঘটিত হইয়া থাকে এবং যে সরল রেখায় বলের কার্য্য সম্পাদিত হয় সেই সরল রেখার অভিমুখেই উহার কার্য্য সম্পাদিত হইয়া থাকে।

৩ প্রত্যেক কার্য্যেরই সকল সময়ে সম ও বিষম ফলোৎপত্তি ঘটিয়া থাকে; কিংবা কোন দুইটী বস্তুর পরস্পরের কার্য্য সমান হইলেও একই সরল রেখায় তাহাদের বিপরীত গতি সূচিত হয়।

এই শেষোক্ত নিয়মের উদাহরণ স্বরূপ বলা যায় যে, যেমন এক গাছি দড়ি যে মুখের টানে ঘোড়াকে পশ্চাতে হটাইয়া আনে, আবার সেই মুখের টানে একখানি নৌকাকে সে পুরোভাগে লইয়া যায়। ঠিক সেই ভাবেই পৃথিবী সূর্য্যকে এবং সূর্য্য পৃথিবীকে পরস্পর পরস্পরের অভিমুখে আকর্ষণ করে এবং সেই একই নিয়ম হইতে বিদ্যুৎ ও চুম্বকের (Eletricity and magnetism) আকর্ষণ ও বিকর্ষণ শক্তির ক্রিয়া উপলব্ধি হয়।

জড় বস্তুর গতির উৎপাদন, পরিবর্ত্তন বা নিবর্ত্তন যাহাতে সাধিত হয়, তাহাকে শক্তি (force) বলা যায়। নিশ্চল বস্তুকে চালাইতে যেমন বলের বা শক্তির আবশ্যক, সেইরূপ সচল বস্তুকে নিশ্চল করিতেও বলপ্রয়োগের প্রয়োজন হইয়া থাকে। বল প্রয়োগেই গতির দিক্ বা পরিমাণের পরিবর্ত্তন উপলব্ধি হয়। সুতরাং গতি ও স্থিতিসাধন একমাত্র বলেরই কার্য্য। কোন নির্দ্দিষ্ট সংখ্যক বলকে একক (Unit) স্বরূপ অবলম্বন করিয়া বলের পরিমাণ নির্দ্ধারিত হয়। কোন জড়বিন্দুর উপর দুই বিপরীত দিক্ হইতে যদি দুইটী বল প্রযুক্ত হয়, এবং যদি ঐ বিন্দুটী কোন দিকে না সরিয়া স্থির থাকে, তাহা হইলে ঐ দুইটী বলকে সমান বলা যায়। এইরূপ দুই কিম্বা ততোহধিক বলের সঙ্ঘাতে যে কার্য্য হয়, একটী মাত্র বলের দ্বারা সেই পরিমাণফল উৎপাদন করিতে হইলে যে বলের প্রয়োগ আবশ্যক হয়, তাহাকে ঐ বলসমষ্টির সঙ্ঘাত বল কহে। যেমন দুইটী বলের সঙ্ঘাতে একটী বল জন্মে, সেইরূপ দুইটী বলের বিঘাতেও ভিন্ন ভিন্ন দুইটী বল পাওয়া যায়। [শক্তি দেখ।]

জড় বস্তুর গতির বলানুসারেই বেগ নিরূপিত হইয়া থাকে। ঐ বস্তু কিরূপ পথে এবং কিরূপ বেগে চলিতেছে, প্রথমে তাহা জানা আবশ্যক। যদি অচল বস্তু একটী সরল রেখা ধরিয়া একই দিকে ধাবমান হয়, তাহা হইলে তাহাকে সরল রেখা সম্বন্ধীয় বা ঋজুগতি বলা যায়। আর যদি সেই বস্তুকে নিয়তই দিক্‌পরিবর্ত্তন করিতে দেখা যায়, তাহা হইলে উহাকে বক্রগতি বলিতে হইবে।

বৈজ্ঞানিকগণ বেগের বিভিন্নতা দেখিয়া উহাদের প্রকার নির্দ্দেশ করিয়াছেন। একটী গতিশীলবস্তু জড় অবস্থা হইতে প্রথমে যে গতি প্রাপ্ত হয় তাহাকে Initial velocity বলে। যেমন কামানের মুখবিবর পরিত্যাগ করিবার পরই প্রোজেকটাইল গোলকে বেগ প্রাপ্ত হয়। যে বেগে একটী বস্তু অন্যের দিকে অগ্রসর হয় বা পশ্চাতে ফিরিয়া আসে এবং যখন দুইটীই গতি প্রাপ্ত হয়, অথবা একটী স্থিত থাকে, তাহাকে Relative Velocity বলা যায়। এক পরিমিত একক সংখ্যা (number of units of space) প্রতি পর পর একক সময়ে যে বেগে প্রধাবিত হয়, তাহাকে Uniform velocity কহা যায়। যদি উক্ত একক সংখ্যা পুনঃ পুনঃ গতি পরিবর্ত্তন করে অর্থাৎ একবার বর্দ্ধিত ও অন্যবার হ্রাস প্রাপ্ত হয়, তাহা হইলে উহাকে Veriable velocity পদবাচ্য করা যায়। ইহা দ্বিবিধ—১ বর্দ্ধিত বেগ বা accelerating velocity ও ২ হ্রাসমান বেগ বা Retarded velocity। যে স্থলে বলসংঘাত হইয়া বেগ সংঘাত হয় এবং প্রকৃত বেগের পরিমাণ বৈষম্য ঘটে না, তাহাকে Virtual Velocity বলা হইয়া থাকে।

গতিশক্তির হার বা পরিমাণকেই বেগ বলা হয়। যাহা এক ঘণ্টায় ১ মাইল পথ যায়, তাহার বেগ ঘণ্টায় ১ মাইল। এইরূপে যে বস্তু এক ঘণ্টায় ৫ বা ৫০ মাইল চলে, তাহার বেগ তদনুপাত অনুসারেই জানিবে, অর্থাৎ যদি কোন বস্তু ৫ ঘণ্টায় ৫০ মাইল পথ অতিক্রম করে, তাহার বেগের হার ১ ঘণ্টায় ১০ মাইল বলিতে হইবে। অতএব ঘণ্টা ও মাইল যদি যথাক্রমে কাল ও দূরত্বের একক জ্ঞাপক হয় তাহা হইলে ১ ঘণ্টায় যাহা ১ মাইল চলে তাহার বেগ ১। মিনিটকে কালের একক ধরিলে উহার বেগ ৬০। কিন্তু সাধারণতঃ ১ সেকেণ্ডে ১ ফুট চলে এরূপ একটী সিদ্ধমানকে (Standard measure) বেগের ১ একক কল্পনা করিয়া বেগের পরিমাণ গণনা করা হইয়া থাকে।

বেগ দুই প্রকার—সম ও বিষম। কালের পরিমাণ অল্প হইলেও যদি জড়বিন্দু সমান কালে সমান দূরে গমন করে, তাহা হইলে সেই গতির বেগকে সমবেগ এবং তাহার অন্যথায় বিষম বেগ বলা যায়। সমবেগের পরিমাণ নির্দ্দেশ করিতে হইলে জড়বিন্দু কত সময়ে কতদূর যায়, অগ্রে তাহা

জানা আবশ্যক। মনে কর একটী জড়বিন্দু ১ মিনিটে ২০০ গজ গমন করে, তাহা হইলে পূর্ব্ব সিদ্ধান্তমত ১ সেকেণ্ডকে কালের এবং ১ ফুটকে দূরত্বের একক স্থির করিয়া অঙ্কপাত করিলে জানা যায় যে—

$\frac{২০০ \times ৩}{১ \times ৬০} = ১০$; আবার যে জড়বিন্দু ১৫ ঘণ্টায় ৪৪০ মাইল যায় তাহার বেগের পরিমাণ

$= \frac{৪৪০ \times ১৭৬০ \times ৩}{১৫ \times ৬০ \times ৬০} = ৪৩ \frac{১}{৫}$

ইহা হইতে স্পষ্ট বুঝা যায় যে, একক পরিমিত কালে জড় বস্তুটী বেগ পরিমিত দূরত্বের একক গমন করে; অর্থাৎ দূ=বেগ×কাল। সুতরাং দূরত্ব, কাল ও বেগ এই তিনটীর মধ্যে দুইটী জানা থাকিলে অনায়াসে অপর অব্যক্তটী জানা যাইতে পারে।

সমগতিসম্পন্ন বস্তু সকল প্রতি কালের এককে সমান সমান দূর গমন করে, কিন্তু বিষমগতিবিশিষ্ট বস্তুদিগের গমনে সেরূপ কোন নিয়ম নাই। এই নিমিত্ত সমগতি স্থলে দূরত্বের সংখ্যাকে কালের সংখ্যা দিয়া ভাগ করিলেই বেগের সংখ্যা পাওয়া যায়। নিয়ত পরিবর্ত্তনীয় বিষমগতি-বিশিষ্ট কোন বস্তু কোন নির্দ্দিষ্ট সময়ে যে ভাবে গমন করে, অবিকল সেই ভাবেই চলিলে ঐ বস্তু প্রতিকালের এককে যতদূর গমন করে, তাহাই তাহার সেই নির্দ্দিষ্ট-ক্ষণের বেগের পরিমাণ। রেল গাড়ির গতি লক্ষ্য করিয়া আমরা বলিয়া থাকি, গাড়িখানি প্রতি ঘণ্টায় ৩০ মাইল ছুটিতেছে; অতএব বুঝা গেল যে, গাড়িখানি এই নির্দ্দিষ্ট ক্ষণে যেরূপ বেগে গমন করিতেছে, ঠিক এই বেগে চলিলে ঐ গাড়ীখানি প্রতিকালের এককে যতদূর গমন করিতে পারে, তাহাই নির্দ্দিষ্ট ক্ষণের বেগের পরিমাণ।

ক্ষেত্রের তারতম্যানুসারে যদি কোন সচল জড়বিন্দুর বেগ উত্তরোত্তর বর্দ্ধিত হয়; তাহা হইলে তাহাকে বর্দ্ধনশীল বা উপচীয়মান বেগ এবং তদ্বিপরীতে অর্থাৎ যে স্থলে সচলবস্তুর বেগ ক্রমশঃ বর্দ্ধিত না হইয়া ক্রমাগত ক্ষয় প্রাপ্ত হইতে থাকে, তাহাকে অপচীয়মান বা ক্ষয়শীল বেগ বলা যায়।

যদি কোন জড়বিন্দুর বেগ সমান সমান কালে সমান সমান পরিমাণে নিয়ত বৃদ্ধি প্রাপ্ত হয়, তাহা হইলে তাহা সমবর্দ্ধমান বেগ বলিয়া কথিত হয়। ইহার অন্যথা ঘটিলে সেই বেগকে বিষম-বর্দ্ধমানবেগ বলা হইয়া থাকে। সমবর্দ্ধমান স্থলে একক পরিমিত কালে যে বেগ বৃদ্ধি হয়, তাহাই বেগ বৃদ্ধির মান, আর বিষম-বর্দ্ধমানবেগস্থলে কোন নির্দ্দিষ্ট সময়ে যে পরিমাণ বেগ থাকে, অবিরত সেই একটী একক পরিমিত কাল ব্যাপিয়া সেইরূপ বেগ উপস্থিত থাকিলে, যে পরিমাণ বেগ বৃদ্ধি পাইতে পারে, তাহাই সেই নির্দ্দিষ্ট ক্ষণের বেগমান।

পতনশীল বস্তু সমবর্দ্ধমান বেগের একটী উৎকৃষ্ট উদাহরণ। যখন একটী বস্তু আশ্রয়ভ্রষ্ট হইয়া ঊর্দ্ধ হইতে ভূতলে পতিত হয়, তখন তাহার বেগ ক্রমান্বয়ে সমভাবে বৃদ্ধি পাইয়া থাকে। পতনশীল বস্তু সাধারণতঃ এক সেকেণ্ড অন্তে যে পরিমাণ বেগ প্রাপ্ত হয়, দুই সেকেণ্ডে তাহার দ্বিগুণ এবং তিন বা চারি সেকেণ্ড অন্তে তাহা অপেক্ষা তিন বা চারিগুণ বেগ লাভ করে। এই কারণে প্রথম সেকেণ্ডের অন্তে যে বেগ উৎপন্ন হইয়াছে তাহাকে কালের সংখ্যা দিয়া গুণ করিলে ঐ কালের অন্তে যে বেগ জন্মিয়াছে, তাহা জানা যায়। পরীক্ষা দ্বারা জানা গিয়াছে যে, পতনশীল দ্রব্য প্রথম সেকেণ্ডে ৩২·২ পরিমিত বেগ প্রাপ্ত হয়; সুতরাং ২, ৪, ৫, ৭, ১০ প্রভৃতি সেকেণ্ডে পতনশীলবস্তুর তদ্‌গুণক অর্থাৎ ৩২·২×২ ইত্যাদি বেগফল লাভ হয়।

পতনশীল বস্তুর বেগ যেমন কালের বৃদ্ধি অনুসারে বর্দ্ধিত হয়, দূরত্ব সেরূপ ভাবে হয় না, অর্থাৎ কোন বস্তু এক সেকেণ্ডে যতদূরে পড়ে দুই সেকেণ্ডে তাহার দ্বিগুণ এবং তিন সেকেণ্ডে তাহার তিনগুণ দূরে পতিত হয় না। বস্তুতঃ এক সেকেণ্ডে কোন বস্তু যতদূরে আসিয়া পড়ে, দুই সেকেণ্ডে তাহার চতুর্গুণ এবং তিন সেকেণ্ডে তাহার নয় গুণ দূরে আসিয়া পতিত হয়, অর্থাৎ কালের বর্গানুসারেই দূরত্বের বৃদ্ধি ঘটিয়া থাকে।

পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, পতনশীল বস্তুমাত্রেই প্রথম সেকেণ্ডে ১৬·১ ফুট নীচে পড়ে, সুতরাং ঐ বস্তু ২, ৪, ৫, ৭ সেকেণ্ডে কতদূর পড়িবে তাহা নিরূপণ করিতে হইলে কালের বর্গ দিয়া গুণ করিলে প্রয়োজনীয় ফল পাওয়া যাইবে।


একটী পর্ব্বতের শিখর হইতে একখণ্ড উপল নিম্নে নিক্ষেপ করা হইল। ঐ প্রস্তরখণ্ডটী ২॥০ সেকেণ্ড সময়ে ভূতলে আসিয়া পড়িল। তাহা হইলে ঐ পর্ব্বতচূড়ার উচ্চতা কত হইবে? পতনশীল লোষ্ট্র ২॥০ সেকেণ্ডে ১৬·১× (২॥)^২ = ১৬·১× $\frac{২৫}{৪} = \frac{৪০২·৫}{৪}$ = ১০০·৬২৫ ফিট্ উচ্চ হইতে পতিত হয় অর্থাৎ শিখরের উচ্চতা প্রায় ১০১ ফিট্।

আবার কোন বস্তু যদি ঊর্দ্ধে উৎক্ষিপ্ত হয়, তাহা হইলে মাধ্যাকর্ষণের প্রতিকূলতা বশতঃ তাহা সমান বেগে না উঠিয়া প্রতি সেকেণ্ডে ক্রমশঃ ৩২·২ ফুট করিয়া হ্রাস প্রাপ্ত হয়। ইহাতে ক্রমশঃ সমুদায় বেগ নষ্ট হইয়া আইসে এবং উৎক্ষিপ্ত বস্তুটী আর উপরে উঠিতে না পারিয়া পুনরায় নিম্নাভিমুখে পতিত হইতে আরম্ভ করে। যদি কোন দ্রব্য এরূপ বেগে

উৎক্ষিপ্ত হয় যে, উহা প্রতি সেকেণ্ডে ১৬১ ফুট উঠিতে পারে এবং মাধ্যাকর্ষণের প্রতিবন্ধকতা না পায়, তাহা হইলেও প্রথম সেকেণ্ডের অন্তেই উহার বেগ ১৬১—৩২·২=১২৮·৮ এবং পঞ্চম সেকেণ্ডের অন্তেই উহা ১৬১—৫×৩২·২=০ হইবে। সুতরাং ঐ বস্তু ৫ সেকেণ্ডের পর আর উঠিতে না পারিয়া পতিত হইবে, এতদ্দ্বারা বুঝান গেল যে পতনশীল বস্তুর বেগ প্রতি সেকেণ্ডে ৩২·১ পরিমাণে বর্দ্ধিত হয় এবং উৎপতনশীল বস্তুর বেগ তদ্রূপ প্রত্যেক সেকেণ্ডে ঐ পরিমাণে কমিয়া যায়।

যদি কোন জড় বিন্দু ভিন্ন ভিন্ন দিকে একবারে দুইটী সমবেগ প্রাপ্ত হয়, তাহা হইলে উহাদের সংঘাতবেগের দিক্ ও পরিমাণ একটী সমান্তরাল ক্ষেত্রের বিপরীত কোণে প্রকাশ পাইবে।

যদি ক নামক বিন্দুকে ঐ জড়বিন্দুর স্বরূপ ধরিয়া তাহা হইতে যথাক্রমে কখ ও কগ দুইটী বেগের দিক্ ও পরিমাণ প্রকাশ করা যায়, তাহা হইলে ঐ দুইটী রেখার উপর অঙ্কিত সমান্তরাল ক্ষেত্রের যে কোণে ক বিন্দু অবস্থিত আছে, ঠিক তাহার বিপরীত কোণের দিকে বেগ প্রধাবিত হইবে।



উদাহরণ স্বরূপ বলা যাইতেছে যে, ক বিন্দু সমতল জলরাশিস্থ একখানি নৌকা; উহা খ ও গ পর্য্যন্ত একই সময়ের মধ্যে পৌঁছিতে পারে, কিন্তু যদি যুগপৎ ঐ উভয় দিক্ হইতে সমান বল প্রযুক্ত হয়, তাহা হইলে ঐ নৌকাখানি ঐ দুই দিকের কোন দিকে গমন না করিয়া কচ কর্ণরেখা অবলম্বনে সেই দিকেই গমন করিবে। উহার বেগ ঐ দিকেই প্রধাবিত হইবে।

যদি কোন জড়বিন্দু একবারে দুইটী ভিন্ন ভিন্ন দিক্ হইতে দুইটী ভিন্ন ভিন্ন পরিমাণ সমবর্দ্ধমান বেগ প্রাপ্ত হয়, আর যদি কোন বিন্দুকে ঐ বিন্দুর স্বরূপ কল্পনা করিয়া তাহা হইতে দুইটী সরল রেখা টানিয়া তাহাদিগের বেগবৃদ্ধির বেগ ও পরিমাণ নির্দ্দেশ করা যায়, তাহা হইলে সেই সমান্তরাল ক্ষেত্রের যে কর্ণটীর এক প্রান্ত ঐ বিন্দুতে সংলগ্ন তদ্দ্বারা উহাদের সংঘাত সমবর্দ্ধমান বেগবৃদ্ধির দিক্ ও পরিমাণ প্রকাশিত হইবে।

যদি খকগ কোণ একটী সমকোণ হয়, আর যদি কখ ও কগ এর পরিমাণ ক্রমান্বয়ে ৩ ও ৪ এর সমান হয়, তাহা হইলে কচ এর পরিমাণ ৫ এর সমান হইবে। সুতরাং বল সমান্তরাল ক্ষেত্রস্থলে এইরূপ বুঝিতে হইবে যে, ক বিন্দুতে প্রযুক্ত কখ ও কগ এর অভিমুখে কার্য্যকারী ৩ সের ও ৪ সের পরিমিত দুইটী বল কার্য্যতঃ কচ এর অভিমুখে কার্য্যকারী ৫ সের পরিমিত একটী বলের সমান। আর বেগ সমান্তরাল ক্ষেত্রস্থলে এইরূপ বুঝিতে হইবে যে, ক বিন্দুতে যদি এক কালে এরূপ দুইটী বেগ প্রযুক্ত হয় যে, তাহাদের একের প্রভাবে ঐ বিন্দুটী কোন নির্দ্দিষ্ট কালে কখ এর অভিমুখে ৩ ফুট এবং অপরটির প্রভাবে সেই সময়ের মধ্যে কগএর অভিমুখে ৪ ফুট যাইতে পারে, তাহা হইলে ঐ বিন্দুটী উক্ত সময়ে কচ এর অভিমুখে ৫ ফুট যাইবে। আবার বেগবৃদ্ধিবিষয়ক সমান্তরাল ক্ষেত্র স্থলে এইরূপ বুঝিতে হইবে যে, ক বিন্দুটী যদি কখ ও কগএর অভিমুখে এরূপ দুইটী সমবর্দ্ধমান বেগ প্রাপ্ত হয় যে, তাহাদের প্রভাবে কোন নির্দ্দিষ্টকালে কখ ও কগ এর অভিমুখে ক্রমান্বয়ে বেগের ৩ ও ৪ একক পরিমাণে উহার বেগের আধিক্য হয়, তাহা হইলে কার্য্যতঃ ঐ বিন্দুটীর বেগ কচ এর অভিমুখে বেগের ৫ একক পরিমাণে বেগবৃদ্ধি হইবে।

বেগ ও বেগবৃদ্ধি সঙ্ঘাত ও বিঘাতবিষয়ক প্রক্রিয়াসমূহ সর্ব্বতোভাবে বলসঙ্ঘাত ও বলবিঘাতঘটিত প্রক্রিয়ার অনুরূপ; এইজন্য তাহাদিগের বিশেষ বিবরণ এস্থলে লিখিত হইল না। [শক্তি শব্দ দেখ।]

৬ ত্বরা, শীঘ্রতা। ৭ আনন্দ, আহ্লাদ। ৮ দৃঢ়প্রতিজ্ঞা। ৯ উদ্যম। ১০ প্রণয়। ১১ আম্রবিশেষ। ১২ বাণপতি। ১৩ বৃদ্ধি। ১৪ প্রবৃত্তি। ১৫ মহাজ্যোতিষ্মতীলতা, বড়লতা ফট্‌কী। (বৈদ্যনিঘ°)

বেগগ (ত্রি) বেগেন গচ্ছতীতি গম-ড। ১ বেগে গমনকারী। স্ত্রিয়াং টাপ্। বেগগা=নদী। (হরিবংশ)

বেগড়া, নষ্ট, দুষ্ট বা বিকৃত হওয়া, বুদ্ধিবিপর্য্যায় ঘটা।

বেগতিক (দেশজ) ১ ভিন্ন গতি। ২ উপায়হীন।

বেগদর্শিন্ (পুং) বানরভেদ। (রামা° ৫।৭৩।২৯)

বেগধারণ (ক্লী) মলাদির বেগরোধ করা। [বেগ শব্দ দেখ]

বেগন (দেশজ) প্রতিকূল স্রোত। যেমন গন দেখিয়া নৌকা ছাড়া।

বেগনাশন (ক্লী) বেগস্য নাশনং যেন। শ্লেষ্মা। ইহা কর্ত্তৃক দেহের স্রোতঃসমূহ রুদ্ধ হইয়া মলাদির নির্গমে ব্যাঘাত জন্মে বলিয়া ইহার নাম বেগনাশন।

বেগনিরোধ (পুং) বেগধারণ।

বেগনূরিন্ খাঁ কুচিন্, একজন মোগল সেনাপতি। তিনি মোগল সম্রাট্ অকবর শাহের অন্যতম সেনাপতি মুইজ্জুল মুল্‌কের অধীনে খয়রাবাদ যুদ্ধে বিশেষ প্রসিদ্ধি লাভ করেন। অতঃপর সম্রাটের রাজত্বের ৩২ ও ৩৩ বর্ষে যথাক্রমে আবুল মৎলব ও কাদিক খাঁর অধীনে তিনি তারিকীদিগের সহিত যুদ্ধ করিয়াছিলেন। তাঁহার অধীনে এক হাজার সেনা থাকিত। ১০০১ হিজিরাব্দে তাঁহার মৃত্যু ঘটে।

বেগম, উচ্চকুলোদ্ভব মুসলমান রমণীগণের উপাধি। সাধারণতঃ মোগল বাদসাহ পত্নীগণ এই উপাধিতে সম্মানিত হইয়া থাকে। মোগল 'বেগ' উপাধি পুংলিঙ্গে এবং 'বেগম' স্ত্রীলিঙ্গে ব্যবহৃত হয়। পাঠানদিগের মধ্যে, বিবি, নিসা, খানুম্, খাতুম্, বানু প্রভৃতি উপাধি বেগমের ন্যায় সম্মানসূচক। এই কারণে বেগম বা বেগম সাহেবা বলিলে সাধারণতঃ বাদসাহপত্নী, রাজ্ঞী, রাজমহিষী, রাণীকেই বুঝাইয়া থাকে।

বেগমগঞ্জ, বাঙ্গালায় নোয়াখালি জেলার অন্তর্গত একটী গণ্ড-গ্রাম। এখানে একটী থানা আছে। স্থানীয় বাণিজ্যের সমধিক উন্নতি দেখা যায়।

বেগমপর, হুগলী জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে কার্পাস বস্ত্রের বিস্তৃত কারবার আছে।

বেগমপুর, বোম্বাই প্রেসিডেন্সীর সোলাপুর জেলার সোলাপুর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। ভীমানদী তীরে অবস্থিত। এখানে সম্রাট্ অরঙ্গজেবের কুমারী কন্যা বেগামীর সমাধি-মন্দির বিদ্যমান আছে। যখন অরঙ্গজেব দাক্ষিণাত্য বিজয়ে আসিয়া এই গ্রামের অপর পারস্থ মাচানপুরে ছাউনী করিয়াছিলেন, তখন ঐ কন্যার মৃত্যু ঘটে।

বেগমপুর, যশোহর জেলার অন্তর্গত এক সমৃদ্ধিসম্পন্ন গণ্ডগ্রাম। এখানে অনেক দেশীয় খৃষ্টানের বাস আছে। স্থানীয় অধিকাংশ লোকেই বস্ত্র বয়ন দ্বারা জীবিকা অর্জ্জন করিয়া থাকে।

বেগম সমরু, কাশ্মীরবাসিনী একজন মুসলমান রমণী। ইনি সামান্য নর্ত্তকী হইতে স্বীয় অদৃষ্টগুণে ও বুদ্ধিবলে রাজরাণী হইয়াছিলেন। ফ্রান্স রাজ্যের ট্রিভস্ পল্লীবাসী ওয়ালটার রিন্‌হার্ড নামক একজন ফরাসী যুবক নৌসেনাদলে সূত্রকারের কার্য্যে ব্রতী হইয়া ভারতে আগমন করেন। তৎপরে তিনি নৌবিভাগ পরিত্যাগ পূর্ব্বক বিভিন্ন স্থানের দেশীয় সামন্তরাজগণের অধীনে অল্পকাল কার্য্য করিয়াছিলেন। বাঙ্গালার নবাব মীর কাশিমের অধীনে গ্রিগরী নামে যে আর্ম্মেনীয় সেনাপতি ছিলেন, রিন্‌হার্ড শুভ অবসর দেখিয়া তাঁহার অধীনেও সেনাবিভাগে ব্রতী হন। মীর কাশিমের কৌশলে পাটনায় অবরুদ্ধ ইংরাজদিগকে হত্যা করিয়া রিন্‌হার্ড নবাবের প্রিয় হইলেন বটে, কিন্তু অচিরে ইংরাজকরে নবাবের দুর্দ্দশা ও পতন অবশ্যম্ভাবী জানিয়া বাঙ্গালা পরিত্যাগপূর্ব্বক ভরতপুররাজ সরকারে আশ্রয় লইলেন; পরিশেষে ভরতপুর সর্দ্দারের কর্ম্ম পরিত্যাগ করিয়া তিনি নজফ খাঁর অধীনে সেনানায়কের কার্য্য করেন। ১১৭৮ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হইলে আগ্রা নগরে তাঁহাকে সমাধিস্থ করা হইয়াছিল।

[নজফ খাঁ দেখ।]

কেহ কেহ বলেন, রিন্‌হার্ড ইংরাজী সমারস (Summers,) নাম গ্রহণ করিয়াছিলেন, তাহা হইতেই ইতিহাসে তাঁহার সমরু নাম পরিচিত হইয়াছে। তিনি বিভিন্ন রাজসরকারে এবং শেষকালে নজফ খাঁর অধীনে কার্য্য করিয়া বিস্তর অর্থ ও সম্পত্তি অর্জ্জন করিয়াছিলেন। একদা তিনি কাশ্মীরের এক যুবতী নর্ত্তকীকে দেখিয়া মনোমুগ্ধ হন এবং অচিরে তাহার পাণিগ্রহণ করেন, ঐ রমণী পরে বেগম সমরু নামে খ্যাত হয়।

স্বামীর মৃত্যুর পর বেগম সমরু স্বামীর অর্জ্জিত সার্দ্দানহা রাজ্যের অধীশ্বরী হন। ১৭৮১ খৃষ্টাব্দে তিনি কাথলিক গির্জ্জায় খৃষ্ট-ধর্ম্মে দীক্ষিত হন এবং ১৭৯২ খৃষ্টাব্দে পুনরায় মুসোঁ লে বাইসিউ নামক জনৈক ফরাসী অদৃষ্টান্বেষীকে বিবাহ করেন। এই ব্যক্তি নিজের স্বভাবদোষে প্রজাবর্গের অপ্রিয় হইয়া উঠেন এবং তাহারা বিদ্রোহী হইয়া রিন্‌হার্ডের পুত্র জাফার যাব খাঁর নেতৃত্বে বাইসিউকে নিহত করিতে অগ্রসর হয়। সুচতুরা সমরু প্রজাবর্গের মনোবাদে নিজের সর্ব্বনাশ উপস্থিত দেখিয়া কৌশলে নবপরিণীত স্বামীকে আত্মহত্যা করিতে পরামর্শ দেন। বাইসিউ নিহত হইলে, জর্জ টমাস নামক বেগমের বিশ্বস্ত একজন কর্ম্মচারী এ বিদ্রোহ দমন করেন। ১৮০২ খৃষ্টাব্দে জাফর যাবের মৃত্যু হয়। তাহার কন্যার এক মাত্র পুত্র ডেভিড্ অক্টার্লোনী ডাইস সোম্ব্রেকে বেগম সমরু স্বীয় মৃত্যুর পর ১৮৩৬ খৃষ্টাব্দে আপনার সম্পত্তির উত্তরাধিকারী নির্দ্দেশ করিয়া যান। তিনি ক্যাথলিকধর্ম্মমন্দির সমূহের জন্য ও কতকগুলি বিদ্যালয়ের পোষণার্থ প্রায় তিন লক্ষ চুয়াত্তর হাজার টাকা দান করিয়াছিলেন।

বেগম সুলতান, একজন মোগল রাজকুললনা। আগ্রার ইতিমাদ্ উদ্দৌলার মস্‌জিদের পার্শ্বে ইহার সমাধিমন্দির বিদ্যমান। ঐ সমাধি মন্দিরের গাত্রসংলগ্ন-শিলাফলকে লিখিত আছে, সম্রাট্ হুমায়ুনের রাজত্বকালে ১৫৩৮ খৃষ্টাব্দে তাঁহার সমাধি হয়। ইনি শেখ কমালের কন্যা ছিলেন।

বেগমহম্মদ (তোকবাই), সম্রাট অকবর সাহের একজন সেনানায়ক।

বেগমাবাদ, যুক্ত প্রদেশের মীরাট জেলার একটী নগর। মীরাট সদর হইতে ১৪ মাইল এবং দিল্লী হইতে ২৮ মাইল দূরে গ্রাণ্ডট্রাঙ্ক রোড নামক রাস্তার ধারে অবস্থিত। অক্ষা° ২৬° ৫৪´ ৩৮´´ উঃ এবং দ্রাঘি° ৮১° ৫৩´ ৩৫´´ পূঃ, শতাধিকবর্ষ হইল গোয়ালিয়র-রাজমহিষী রাণী বালা বাই এখানে একটী সুন্দর দেবমন্দির প্রতিষ্ঠা করেন। নগরের বাহিরে নগরস্থাপয়িতা নবাব জাফর আলীর প্রতিষ্ঠিত একটী মস্‌জিদ এখন ভগ্নাবস্থায় পতিত রহিয়াছে। নগরের শ্রীবৃদ্ধির জন্য ১৮৫৬ সালের ২০ বিধি অনুসারে ময়লা ফেলার ও পুলিশ রক্ষার জন্য কিছু রাজস্ব আদায় হইয়া থাকে।

বেগরাজ, বেগরাজসংহিতারচয়িতা। ইনি ১৪৯৪ খৃষ্টাব্দে উক্ত গ্রন্থখানি রচনা করেন।

বেগরোধ (পুং) বেগবিধৃতি, বেগধারণ।

"বেগরোধো ন কর্ত্তব্যশ্চান্যত্র ক্রোধবেগতঃ" (বিষ্ণুধর্ম্মোত্তর)

ক্রোধবেগ ভিন্ন অন্য কোন বেগধারণ করা কর্ত্তব্য নহে।

[বেগ শব্দ দেখ]

বেগবৎ (ত্রি) বেগোঽস্ত্যস্যেতি বেগ মতুপ্ মস্য বত্বম্। ১ বেগবিশিষ্ট, ত্বরান্বিত, যাহার বেগ আছে।

২ বিষ্ণু। (ভা° ১৩।১৪৯।৫।৩)

বেগবতী, দাক্ষিণাত্যের কাঞ্চীপুর জনপদে প্রবাহিত একটী নদী। কাঞ্চীপুরের অনতিদূরে বেগবতী ও পালাড়ুর সঙ্গমস্থলে অবস্থিত বিল্লিবলমকে কোন কোন প্রত্নতত্ত্ববিৎ প্রাচীন পল্লবরাজধানী বিল্বল নগর বলিয়া অনুমান করেন।

বেগবাহিন্ (ত্রি) ১ বেগে বহনশীল। ২ গঙ্গা। (রামা° ১।৪৫।৮) স্ত্রিয়াং ঙীপ্। বেগবাহিনী=নদীভেদ। (মার্কণ্ডে° ৫৭।২৩)

বেগবিঘাত (পুং) সহসা মলাদির বেগরোধ।

বেগবৃষ্টি (স্ত্রী) তীব্রবেগে বর্ষণ।

বেগসর (পুং) বেগেন সরতি গচ্ছতীতি স্থ-ট। ১ বেগগামী অশ্ব। পর্য্যায়—অশ্বতর, বেসর। (হেমচন্দ্র)

(ত্রি) ২ বেগগামী, যে ত্বরিত গমন করে।

বেগাতিগ (ত্রি) বেগাতিশয্য। বেগবশে যে অতিক্রম করিয়া যায়।

বেগানা (হিন্দী) অজানিত।

বেগানিল (পুং) বেগবিশিষ্ট বায়ু। প্রবল বায়ু, ঝড়।

বেগায়ম্মাপেট, মান্দ্রাজ প্রেসিডেন্সীর গোদাবরী জেলার রামচন্দ্রপুর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। দ্রাক্ষারাম হইতে ২ মাইল দক্ষিণপূর্ব্বে এবং রামচন্দ্রপুরের ৫ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। গ্রামের পশ্চিমাংশস্থ গ্রাম্যদেবীপীঠের সন্নিকটে বৌদ্ধ প্রতিমূর্ত্তির নিদর্শন পাওয়া যায়।

বেগার (দেশজ) ১ বিনা বেতনে কার্য্য করা। ২ অনর্থক পরিশ্রম করা।

বেগিত (ত্রি) বেগঃ সঞ্জাতোঽস্য তারকাদিত্বাদিতচ্ (পা° ৫।২।৩৬) বেগবিশিষ্ট, যাহার বেগ জন্মিয়াছে।

বেগিন্ (ত্রি) বেগ অস্ত্যস্যেতি বেগ ইনি। ১ বেগবান্, যাহার বেগ আছে। পর্য্যায়—জঙ্ঘাকারিক, জাঙ্ঘিক, তরস্বী, ত্বরিত, প্রজবী, জবন, জব। (পুং) শ্যেনপক্ষী, চলিত বাজপাখী। (রাজনি°)

বেগিন (পুং) কথাসরিৎসাগর বর্ণিত ব্যক্তিভেদ।

(কথাসরিৎসাগর ৪৭।৮৫)

বেগিহরিণ (পুং) বেগী বেগবান্ হরিণঃ। শ্রীকারী মৃগ।

বেগী (পেদ্দবেগী), মান্দ্রাজ প্রেসিডেন্সীর অন্তর্গত একটী প্রাচীন নগর। ইল্লোর নগরের ৬ মাইল উত্তরে অবস্থিত। সাধারণের বিশ্বাস বেঙ্গীর তেলিঙ্গ রাজগণ প্রথমে এই স্থানে রাজধানী স্থাপন করিয়াছিলেন। ৬০৫ খৃষ্টাব্দে চালুক্য-বিজয়ের পর হইতেই ঐ বংশের প্রতাপ খর্ব্ব হইয়া আইসে। খৃষ্টিয় ৪র্থ শতাব্দে উৎকীর্ণ একখানি তাম্রফলকে ঐ বংশকে শালঙ্কায়ণ-রাজবংশ বলিয়া বর্ণিত দেখা যায়।

শিলালিপি প্রমাণে আরও জানা যায় যে, বেঙ্গীরাজ্য দাক্ষিণাত্যের একটী অতি প্রাচীন জনপদ, পল্লবগণ এখানে রাজত্ব করিতেন। কাঞ্চীপুরের পল্লবরাজগণের সহিত ইহাদের নৈকট্য সূচিত হইয়া থাকে। প্রত্নতত্ত্ববিদ্ বুর্ণেলের মতে, এই রাজ্য খৃষ্টীয় ২য় শতাব্দে প্রতিষ্ঠিত হয়। চালুক্যরাজগণ কর্ত্তৃক বেঙ্গীর অধঃপতন সাধিত হইলে পর, কাঞ্চীপুরই পল্লবরাজগণের রাজধানী হইয়া পড়ে।

উপরি উক্ত পেদ্দবেগী নগরই যে প্রাচীন রাজধানী ছিল, এ কথা ঠিক বলা যায় না; কেন না, উহারই নিকটে ছিন্নবেগী আর একটী গ্রাম দেখা যায়। বেগী নগরের ৫ মাইল দক্ষিণপূর্ব্বে দেওলুরু গ্রাম পর্য্যন্ত পুরাতন অট্টালিকাদির বিস্তীর্ণ ধ্বংসস্তূপ পতিত রহিয়াছে, উহা প্রায় পেদ্দবেগী ও ছিন্নবেগী পর্য্যন্ত বিস্তৃত। এই বিস্তৃত ধ্বংসাবশেষ প্রাচীন বেঙ্গী রাজধানীর সমৃদ্ধকীর্ত্তি। উহা হইতেই নগরের প্রাচীন বাণিজ্য সমৃদ্ধি ও শ্রীসৌন্দর্য্যের কল্পনা হইতে পারে। কিংবদন্তী আছে, মুসলমানগণ বেগী ও দেওলুরুর ধ্বংসপ্রায় মন্দিরাদির প্রস্তর লইয়া ইল্লোরের দুর্গ নির্ম্মাণ করিয়াছিলেন।

বেগুণ (দেশজ) স্বনামখ্যাত বার্ত্তাকু ফল, বার্ত্তাকী।

বেগুনি, স্বনামপ্রসিদ্ধ বর্ণবিশেষ। সাধারণতঃ বেগুণের গায় যে রঙ হয়, তাহাকেই বেগুনি রঙ বলা হইয়া থাকে। ইংরাজীতে ইহাকে Violet Colour বলে। লাল ও নীল রঙের মিশ্রণে এই রঙের উৎপত্তি। চীন দেশে এক প্রকার বেগুনি রঙ প্রস্তুত হইয়া থাকে। উহা চিত্রবিদ্যায় Chinese Violet নামে পরিচিত। চীনের সাদাবর্ণের সহিত সবুজ মিশাইলে এই রঙ হয়।

বেগুসরাই, বাঙ্গালার মুঙ্গের জেলার একটী উপবিভাগ। অক্ষা° ২৫° ১৫´ হইতে ২৫° ৪৬´ ৩০´´ উঃ এবং দ্রাঘি° ৮৫°, ৫১´ ৪৫´´ হইতে ৮৬° ৩৫´ পূর্ব্বমধ্য। ভূপরিমাণ ৭৬৯ বর্গমাইল। এখানে সর্ব্বসমেত ১৬২৩ খানি গ্রাম আছে। টেগ্‌রা ও বেগুসরাই থানা লইয়া এই উপবিভাগ গঠিত। এখানে নানা প্রকার শস্যের চাস হয়। মুঙ্গেরের অধিকাংশ নীলকুঠীর নীল এখান হইতে উৎপন্ন। ১৮৮১-৮২ খৃষ্টাব্দে এখানে তিনটী ফৌজদারী ও রাজস্বের কলেক্টারী আদালত ছিল।

বেগূর, বোম্বাই প্রদেশের মহিসুর জেলার অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। এখানে পল্লবরাজগণের শিলালিপি বিদ্যমান আছে।

বেঘরাম, একটী প্রাচীন নগর। বর্ত্তমান সময়ে ধ্বংসাবস্থায় নিপাতিত। কাবুল নগর হইতে ২৫ মাইল দূরে, জালালাবাদের ২ মাইল পশ্চিমে অক্ষা° ৩৪° ৫৩´ উঃ এবং দ্রাঘি° ৭৯° ১৯´ পূর্ব্বে অবস্থিত। এই নগরের চতুষ্পার্শ্বে ৬০ ফিট্ বিস্তার কাঁচা ইটের প্রাচীর বিদ্যমান আছে। মুদ্রাতত্ত্বজ্ঞ ভ্রমণকারী চার্লস মেসন এই নগর পর্য্যবেক্ষণ করিয়া ইহাকে Alaxandria ad Caucasum বলিয়া তুলনা করিয়াছেন। এই নগরের ধ্বংসাবশেষ অনুসন্ধান করিয়া মেসন ও অপরাপর প্রত্নতত্ত্ববিদ্‌গণ এখান হইতে প্রথমবর্ষে ১৮৬৫টী তাম্র ও কএকটী রৌপ্য মুদ্রা এবং অঙ্গুরী,তাবিজ,কবচ ও অন্যান্য স্মৃতি নিদর্শন প্রাপ্ত হন। তৎপরে বৎসরে ১৯০০টী, তৎপর বর্ষে ২৫০০টী, তৎপরে ১৩৪৭৪টী এবং সর্ব্বশেষে ১৮৩৭ খৃষ্টাব্দে ৬০ হাজার গ্রীক্ ও রোমান্, গ্রীক-বাহ্লিক, বাহ্লিক, হিন্দুপারদ, হিন্দু-শক, শাসনীয়-হিন্দু ও হিন্দু-মুসলমান মুদ্রা পাওয়া যায়। অধ্যাপক উইলসন তদীয় Ariana Antiqua গ্রন্থে ঐ সকল মুদ্রা হইতে আফগানস্থান, মধ্য এসিয়া ও ভারতের ঐতিহাসিক সম্বন্ধ নিরূপণ করিয়াছেন। স্থানীয় প্রবাদ, এই নগর যবনরাজগণের রাজধানী ছিল। কালে মহামারীতে উহা জনশূন্য হইয়া ধ্বংসে পরিণত হইয়াছে। বর্ত্তমান সময়ে হিন্দুগণ ঐ নগরকে বলরাম নামে অভিহিত করে।

বেঙ্কট (পুং) দ্রাবিড় দেশস্থিত পর্ব্বতভেদ। (ভাগ° ১০।৭৯।১৩)

বেঙ্কট, দাক্ষিণাত্যবাসী একজন পণ্ডিত। ইনি রঘুবীরগদ্য নামে একখানি গ্রন্থ রচনা করিয়াছিলেন। ২ উত্তররামচম্পূ প্রণেতা। রঘুনাথের পুত্র ও অপ্পয়ের পৌত্র। ৩ বিজয়-নগরের একজন নরপতি। ইনি অপ্পয় দীক্ষিতের প্রতিপালক ছিলেন। ৪ শব্দার্থকল্পতরু নামক অভিধানপ্রণেতা। খৃষ্টীয় ১৯শ শতাব্দের প্রথমে উক্ত গ্রন্থখানি সঙ্কলন করেন। ইনি মান্দ্রাজবাসী বেঙ্কটের পুত্র ও সূর্য্যনারায়ণের পৌত্র।

৫ দাক্ষিণাত্যের একটী প্রাচীন তীর্থক্ষেত্র। ভাগবতাদিতে এই পুণ্যময় ক্ষেত্রের পরিচয় আছে। ভাগ° ৫।৬।৯ ও ১০।৯।১৩ ভবিষ্যোত্তরপুরাণের এবং স্কন্দপুরাণের বেঙ্কটমাহাত্ম্যে ইহার বিশেষ বিবরণ বিবৃত আছে।

বেঙ্কট ১ম ও ২য়, কর্ণাটকের দুইজন রাজা। বেঙ্কটদেব নামেও পরিচিত।

বেঙ্কট অধ্বারিন্, ১ বিধিত্রয়পরিত্রাণপ্রণেতা। ২ শৃঙ্গার-দীপকভাণ ও শ্রবণানন্দস্তোত্র রচয়িতা। ৩ শ্রীনিবাসচম্পূ-প্রণেতা। ইহার পিতার নাম মশক।

বেঙ্কট আচার্য্য, ১ তত্ত্বমার্ত্তণ্ড নামক গ্রন্থরচয়িতা। কেহ কেহ ইহাকে বেগট আচার্য্যও বলিয়া থাকেন। ২ অদ্বৈতবিদ্যাবিচার। ৩ অশৌচদশকরচয়িতা। ৪ অলঙ্কারকৌস্তভ, গজসূত্রবাদার্থ, গণ্ডখণ্ডন, তাৎপর্য্যদর্পণ, নঞ্‌সূত্রার্থবাদ, পুচ্ছব্রহ্মবাদখণ্ডন, প্রচ্ছন্নব্রহ্মবাদনিরাকরণ, বেদান্তকৌস্তভ, বেদান্তাচার্য্য চরিত্র-বৈভবপ্রকাশিকা, শিবাদিত্যমণিদীপিকাখণ্ডন, শৃঙ্গার-তরঙ্গিণী নাটক ও ষষ্ঠ্যর্থদর্পণপ্রণেতা, ইনি সুরপুরবাসী ছিলেন। ৫ অশৌচশতকটীকাকর্ত্তা। ৬ আচার্য্যচম্পূরচয়িতা। ইনি পরবস্তু বেঙ্কটাচার্য্য নামে প্রসিদ্ধ ছিলেন। ৭ উত্তরচম্পূপ্রণেতা। ৮ জয়তীর্থকৃত কর্ম্মনির্ণয়টীকার টিপ্পনীপ্রণেতা। ইনি রোটি বেঙ্কটাচার্য্য নামে বিদিত ছিলেন। ৯ চিদানন্দস্তবরাজটীকাকার। ১০ জৈমিনিসূত্রটীকা নাম্নী জ্যোতির্গ্রন্থপ্রণেতা। ১১ তত্ত্বচিন্তা-মণিদীধিতিক্রোড়রচয়িতা। ১২ পাদুকাসহস্রপ্রণেতা। ১৩ প্রণব-দর্পণপ্রণেতা। ১৪ প্রদ্যুম্নানন্দ ভাণ ও সুভাষিতকৌস্তভ-প্রণেতা। ইনি অরশানিপাল বেঙ্কটাচার্য্য নামে খ্যাত ছিলেন। ১৫ ভৈমীপরিণয় নাটকরচয়িতা। ১৬ মীমাংসামকরন্দপ্রণেতা। ১৭ যাদবরাঘবীয় নামক গ্রন্থরচয়িতা। ১৮ যোগগ্রন্থ-প্রণেতা। ১৯ রাঘবপাণ্ডবীয়কাব্যপ্রণেতা। ২০ রামায়ণসারসংগ্রহ-প্রণেতা। ২১ বৃত্তদর্পণ-রচয়িতা। ২২ বেদপাদস্তবরচয়িতা। ২৩ শ্লেষচম্পূরামায়ণপ্রণেতা। ২৪ সাত্ত্বিকপুরাণপ্রণেতা। ২৫ সিদ্ধান্তসংগ্রহ নামক বেদান্তগ্রন্থরচয়িতা। ২৬ স্মার্ত্ত-প্রায়শ্চিত্তবিনির্ণয়প্রণেতা। ২৭ হয়গ্রীবদণ্ডক নামক গ্রন্থ-রচয়িতা। ২৮ সংকল্পসূর্য্যোদয় নাটকপ্রণেতা। ইনি অনন্ত-সুরের পুত্র এবং বেঙ্কটনাথ নামেও পরিচিত। ২৯ কোকিল-সন্দেশকাব্যপ্রণেতা। ইহার পিতার নাম তাতয়। ৩০ সিদ্ধান্ত-রত্নাবলী নামক বেদান্তগ্রন্থরচয়িতা। পিতার নাম তাতাচার্য্য। ৩১ লক্ষ্মীসহস্রনামস্তোত্র, বিশ্বগুণাদর্শ ও হস্তিগিরিচম্পূ নামক তিনখানি গ্রন্থ প্রণেতা। কাঞ্চীনগরে ইহার জন্ম, পিতার নাম রঘুনাথ দীক্ষিত এবং পিতামহের নাম অপ্পয় দীক্ষিত। ৩২ অঘনির্ণয় ও তট্টীকা, রহস্যত্রয়সার এবং শতদূষণী নামক গ্রন্থকর্ত্তা। ইনি শ্রীরঙ্গনাথের পুত্র এবং বেঙ্কটেশ আচার্য্য নামেও পরিচিত ছিলেন।

বেঙ্কটকবি, ১ কাঞ্চীপুরনিবাসী একজন কবি। ইনি কন্দর্প-দর্পণ নামে একখানি ভাণ রচনা করিয়াছিলেন। ২ নরসিংহ-ভারতীবিলাসপ্রণেতা। ৩ বেঙ্কটকবীয় নামক কাব্যপ্রণেতা।

বেঙ্কটকৃষ্ণ, ১ পদ্মনাভের পুত্র এবং জয়কৃষ্ণের গুরু। ২ একজন ধর্ম্মশাস্ত্রকার। ৩ বিবৃতি ও শব্দভেদনিরূপণ নামক ব্যাকরণদ্বয় প্রণেতা।

বেঙ্কটকৃষ্ণদীক্ষিত, উত্তরচম্পূ, কুশলববিজয় নাটক, নটেশ-বিজয়কাব্য ও রামচন্দ্রোদয়কাব্যপ্রণেতা। ইনি বেঙ্কটাদ্রি

উপাধ্যায়ের পুত্র এবং যজ্ঞরামের পুত্র রামভদ্রের সমসাময়িক ব্যক্তি ছিলেন।

বেঙ্কটগিরি, দাক্ষিণাত্যের মান্দ্রাজ প্রেসিডেন্সীর নেল্লুর জেলার একটী তালুক, ভূপরিমাণ ৪২৬ বর্গ মাইল।

২ উক্ত জেলার একটী নগর। বেঙ্কটগিরি তালুক ও তন্নামক জমিদারীর বিচার সদর। অক্ষা° ১৩°৫৭´৭´´ উঃ এবং দ্রাঘি° ৭৯°৩৭´২০´´ পূঃ। এখানে একজন ডেপুটী তহশীলদার আছেন।

৩ উক্ত জেলার অন্তর্গত একটী বিস্তৃত ভূসম্পত্তি। ভূপরিমাণ ২১১৭।০ বর্গমাইল। সমগ্র বেঙ্কটগিরি, দর্শি পেদিলী, পোলুরতালুক, গুড়ুর কনিগিরি ও আঙ্গোল তালুকের কতকাংশ লইয়া এই বিস্তৃত জমিদারী গঠিত। এখানকার জমিদারগণ গবমেণ্টকে বার্ষিক ৩৭৪৩১০৲ টাকা পেষকস্ দিয়া থাকেন। এই জমিদারীর প্রতিষ্ঠাতা হইতে বর্ত্তমান বংশধর ২৮ পুরুষ।

বেঙ্কটগিরি, মান্দ্রাজ প্রেসিডেন্সীর উত্তরআর্কট জেলার চিত্তুর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। পাল্মনের যাইবার পথে অবস্থিত। এখানে একটী প্রাচীন দেবমন্দির এবং সেই মন্দির সান্নিধ্যে একটা পুষ্করিণী আছে। লোকের বিশ্বাস পুষ্করিণীটী পুণ্যতোয়া এবং তাহাতে মানসিক করিয়া স্নান করিলে মনস্কামনা সিদ্ধ হয়।

বেঙ্কটগিরি, দাক্ষিণাত্যের একটী প্রসিদ্ধ গণ্ডশৈল, এইস্থান দেবতাদিগের পুণ্যক্ষেত্র। বেঙ্কটাদ্রি ও বেঙ্কটাচল নামে খ্যাত। গরুড়পুরাণ, মার্কণ্ডেয়পুরাণ, ব্রহ্মপুরাণ, ব্রহ্মাণ্ডপুরাণ, বামনপুরাণ, বরাহপুরাণ, ভবিষ্যোত্তরপুরাণ, হরিবংশ প্রভৃতির অন্তর্গত বেঙ্কটগিরিমাহাত্ম্যে বেঙ্কটাচলমাহাত্ম্য বা বেঙ্কটাদ্রিমাহাত্ম্যে এই স্থানের বিশেষ পরিচয় আছে।

বেঙ্কটগিরিকোট, মান্দ্রাজ প্রেসিডেন্সীর উত্তরআর্কট জেলায় পাল্মনের তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এক সময়ে এই স্থান সমৃদ্ধি সম্পন্ন ছিল। এখানে পোলেগারগণ একটী দুর্গ নির্ম্মাণ করিয়াছিলেন।

বেঙ্কটগিরিনাথ, যতীন্দ্রমতদীপিকা-রচয়িতা শ্রীনিবাসদাসের গুরু। ইনি বেঙ্কটেশ নামেও পূজিত।

বেঙ্কটগুরু, বাধূল, তত্ত্বসংগ্রহদীপিকা নামে তত্ত্বার্থদীপিকাটীকা প্রণেতা। ইনি শ্রীশৈলদেশিকের (শ্রীনাথের) পুত্র।

বেঙ্কটনাথ, দশনির্ণয়রচয়িতা। রঙ্গনাথের পুত্র এবং সরস্বতী বল্লভের পৌত্র। ২ শরণাগতিটীকা-রচয়িতা। ৩ অশৌচশতক, গৃহরত্ন ও বিবুধকণ্ঠভূষণ নামক তট্টীকা, দশনির্ণয়, পিতৃমেধসার ও স্মৃতিরত্নাকর নামকগ্রন্থপ্রণেতা। রঙ্গনাথেরপুত্র। ৪ সর্ব্বদর্শনসংগ্রহের মধ্যগত রামানুজদর্শনোক্ত একজন প্রাচীন পণ্ডিত। ৫ অভয়দানসার, অভয়প্রদান, অভয়প্রদানসার, গোপালবিংশতি, নিক্ষেপরক্ষা, প্রসন্নমালিকা ও লক্ষ্মীস্তোত্ররচয়িতা এবং গোপালপঞ্চাশৎ ও দয়াশতক প্রণেতা। ৭ প্রহ্লাদবিজয়কাব্যপ্রণেতা। ৮ ব্রহ্মানন্দগিরিবিরচিত ভগবদ্গীতার টীকার টিপ্পনীকার। ৯ যমুনাচার্য্যকৃত স্তোত্রের টীকাকার।

বেঙ্কটনাথ বেদান্তাচার্য্য, ১ অধিকারসংগ্রহ, তত্ত্বমুক্তাকলাপ, ন্যায়সিদ্ধাঞ্জন, পাদুকাসহস্র, যদুবংশাদিপঞ্চকাব্য, রহস্যত্রয়সার, সংকল্পসূর্য্যোদয় ও সুভাষিতনীবি নামক গ্রন্থপ্রণেতা। ইনি দ্রাবিড়বাসী এবং খৃষ্টীয় ১৩শ শতাব্দের শেষভাগে বিদ্যমান ছিলেন। ২ যতিরাজসপ্ততিপ্রণেতা। ৩ হয়গ্রীবস্তোত্ররচয়িতা।

বেঙ্কটপতি দেবরায়, দাক্ষিণাত্যের একজন হিন্দু নরপতি। বিরিঞ্চিপুরী ইহার রাজধানী ছিল।

বেঙ্কটপুর, ১ মান্দ্রাজ প্রেসিডেন্সীর গোদাবরী জেলায় ভীমবরম তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে ৭০০ সাত শত বৎসরের প্রাচীন একটী দেবমন্দির আছে। স্থলপুরাণে ঐ দেবমূর্ত্তির সবিশেষ পরিচয় পাওয়া যায়।

২ মান্দ্রাজ প্রেসিডেন্সীর সালেম জেলার উতঙ্করাই তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম।

বেঙ্কট-বাজপেয়িন্, ১ শুল্বকারিকা-প্রণেতা। ২ প্রায়শ্চিত্তশতদ্বয়ীরচয়িতা।

বেঙ্কটবিজয়িন্, কর্ম্মপ্রায়শ্চিত্তপ্রণেতা।

বেঙ্কটবুধ,রাবিল্ল, চিন্নম্ভট্টপ্রণীত তর্কভাষাপ্রকাশিকার টিপ্পনপ্রণেতা। গ্রন্থান্তরে ইহার রোম্বিল্ল বেঙ্কটবুধ নাম পাওয়া যায়।

বেঙ্কটভট্ট, ১ বেতালবিংশতিপ্রণেতা। ২ ভোঁসলবংশাবলীরচয়িতা। ৩ অনুমধ্ববিজয়ের গূঢ়ার্থপ্রকাশিকানাম্নী টীকাকর্ত্তা।

বেঙ্কট-যজ্বন্, ১ কালামৃত ও তট্টীকাপ্রণেতা। এই গ্রন্থখানি জ্যোতিষবিষয়ক। কোন কোন পুস্তকে ইহার কর্ণামৃত নাম পাওয়া যায়। ২ যতিপ্রতিবন্দনখণ্ডনরচয়িতা।

বেঙ্কট-যোগিন্, ক্রিয়াযোগরামতারকমন্ত্রটীকাপ্রণেতা।

বেঙ্কটরাজ, চতুরাশিভুবলিপ্রকরণ প্রণেতা।

বেঙ্কটরাজ দীক্ষিত, চম্পূরামায়ণ লঙ্কাকাণ্ড রচয়িতা।

বেঙ্কটরাম, ন্যায়কৌমুদী প্রণেতা।

বেঙ্কটরায়, সর্ব্বপুরাণার্থসংগ্রহকার।

বেঙ্কটরায়, ১ বিজয়নগরের একজন রাজা। অচ্যুতরায়ের পুত্র। [বিজয়নগর দেখ।]

২ নরগুণ্ডের একজন সামন্ত রাজা। টিপু সুলতান ইঁহার নিকট অধিক কর চাওয়ায় ইনি প্রথমে ইংরাজ ও ফরাসী পক্ষে সাহায্য প্রার্থনা করেন। টিপু নানা ফড়নবিশের কথা অগ্রাহ্য করিয়া নরগুণ্ড আক্রমণ করেন। যুদ্ধে বেঙ্কটরায় পরাজিত ও

বন্দী হন এবং তাঁহার কন্যা টিপুর অন্তঃপুরে নীত হয় (১৭৮৫ খৃঃ)। এই যুদ্ধে টিপুর সৈন্য রামদুর্গ অধিকার করে।

বেঙ্কট শর্ম্মা, শব্দার্থচিন্তামণিপ্রণেতা।

বেঙ্কট শাস্ত্রিন্, অদ্বৈতানন্দলহরীপ্রণেতা।

বেঙ্কটশিষ্য, বেদান্ততত্ত্বসাররচয়িতা।

বেঙ্কটসমুদ্রম্, মান্দ্রাজ প্রেসিডেন্সীর উত্তরআর্কট জেলার পাল্লনের তালুকের অন্তর্গত একটী গ্রাম। এখানে পোলেগারদিগের প্রতিষ্ঠিত একটী মন্দির আছে।

বেঙ্কটসুব্বা শাস্ত্রিন্, ভাষামঞ্জরী প্রণেতা।

বেঙ্কটাচল সূরি, ১ সুবোধিনী নাম্নী কাব্যপ্রকাশটীকারচয়িতা। ২ সুধাপূর নামক টিপ্পনপ্রণেতা। এই গ্রন্থখানি ভাস্করাচার্য্যকৃত শিবাষ্টোত্তরশতনাম গ্রন্থের টীকা।

বেঙ্কটাচল, দাক্ষিণাত্যের উত্তরআর্কট জেলার তিরুপতির অন্তর্গত একটী পবিত্র তীর্থক্ষেত্র। [বেঙ্কটগিরি দেখ।]

বেঙ্কটাচলেশ্বর, বেঙ্কটগিরিস্থিত শিবলিঙ্গভেদ।

বেঙ্কটাচার্য্য, ১ বেঙ্কটাচার্য্যবাদার্থ নামক ন্যায়শাস্ত্ররচয়িতা। ২ যাদবাভ্যুদয় ও বেঙ্কটেশ্বরমাহাত্ম্যপ্রণেতা। শেষোক্ত গ্রন্থখানি তেলগু ভাষায় লিখিত।

বেঙ্কটাদ্রি, ১ বেঙ্কটগিরি। ২ একজন মরাঠাসর্দ্দার, রামরাজের ভ্রাতা।

বেঙ্কটাদ্রিনাথ, শিবগীতাটীকাকার। ইনি বেঙ্কটাদ্রি নায়ক বা বেঙ্কটেশ্বর নামেও পরিচিত ছিলেন।

বেঙ্কটাদ্রিপালেম, মান্দ্রাজপ্রেসিডেন্সীর কর্ণূলজেলার মার্কাপুর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। মার্কাপুর হইতে ২১॥ মাইল উত্তরে অবস্থিত। এখানে একটী সুপ্রাচীন বিষ্ণুমন্দির আছে। উক্ত মন্দিরগর্ভে বিজয়নগররাজ বেঙ্কটপতির রাজ্যকালে ১৫৩৬ খৃষ্টাব্দে উৎকীর্ণ একখানি শিলাফলক দৃষ্ট হয়। ১৫৪৪ খৃষ্টাব্দে উক্ত রাজবংশের রাজা রামদেবেরও একখানি শিলালিপি ঐ মন্দিরগাত্রে উৎকীর্ণ দেখা যায়।

বেঙ্কটাদ্রি ভট্ট, দাক্ষিণাত্যবাসী একজন পণ্ডিত। তিরুমল ভট্টের পিতা।

বেঙ্কটাদ্রি যজ্বন্, একজন পণ্ডিত। সুরভট্টের পুত্র এবং ময়ূখমালিকাপ্রণেতা সোমনাথ ভট্টের ভ্রাতা।

বেঙ্কটাদ্রি রায়স, অশৌচনির্ণয় বা স্মৃতিকৌস্তুভপ্রণেতা।

বেঙ্কট যেশব রায়, একজন মরাঠাবীর। ইনি বিজাপুররাজের সেনাপতি ছিলেন।

বেঙ্কটেশ, ১ জৈমিনিসূত্রটীকা-প্রণেতা। গঙ্গাধরের পুত্র। ২ স্মৃতিসংগ্রহ ও তদন্তর্ভুক্ত অশৌচ নামক দুইখানি গ্রন্থপ্রণেতা। ৩ কালচক্রজাতক, তাজিকসার, ভাবকৌমুদী, মুহূর্ত্তচিন্তামণি, যোগার্ণব ও সর্ব্বার্থচিন্তামণি নামক জ্যোতিগ্রন্থরচয়িতা। ৪ চতুঃশ্লোকীটীকাপ্রণেতা। ৫ বৃত্তরত্নাবলীপ্রণেতা। ৬ স্মৃতিসংগ্রহপ্রণেতা। ৭ স্মৃতিসারসংগ্রহরচয়িতা। ৮ হংসসন্দেশকাব্যপ্রণেতা। ৯ শ্রীনিবাসবিলাসচন্দ্রপ্রণেতা।

বেঙ্কটেশ, দাক্ষিণাত্যস্থ সুপ্রসিদ্ধ বিষ্ণুমূর্ত্তিভেদ। এই দেবতার মন্দির দাক্ষিণাত্যবাসীর পরম পবিত্র তীর্থ, এখানে প্রতিবৎসর বহু তীর্থযাত্রীর সমাগম হইয়া থাকে। আদিত্যপুরাণ, পঞ্চরাত্র, ব্রহ্মাণ্ডপুরাণ, মার্কণ্ডেয়পুরাণ ও বরাহপুরাণের অন্তর্গত বেঙ্কটেশমাহাত্ম্যে ইঁহার বিশেষ বিবরণ উল্লিখিত আছে।

বেঙ্কটেশকবচ, ধারণীয় মন্ত্রৌষধভেদ। অগ্নিপুরাণে এই কবচের বিষয় বর্ণিত আছে।

বেঙ্কটেশ কবি, উন্মত্তপ্রহসন, কৃষ্ণরাজবিজয়, চিত্রবন্ধরামায়ণ, ভানুপ্রবন্ধপ্রহসন, রাঘবানন্দনাটক, রামাভ্যুদয়কাব্য ও বেঙ্কটেশ্বরীয় কাব্যপ্রণেতা।

বেঙ্কটেশ শোভবোল, কৃষ্ণামৃততরঙ্গিকা-রচয়িতা। রাধাগঙ্গাধরের পুত্র ও বিনায়কের শিষ্য।

বেঙ্কটেশপণ্ডিত, ১ জাতকচন্দ্রিকা-রচয়িতা। ২ সন্মার্গমণিদর্পণপ্রণেতা।

বেঙ্কটেশপুত্র, ত্রিপথগানাম্নী পরিভাষেন্দুশেখরটীকাপ্রণেতা

বেঙ্কটেশ্বর, ১ রাঘবাভ্যুদয়নাটকপ্রণেতা। ২ বেঙ্কটেশপ্রহসনরচয়িতা।

বেঙ্কটেশ্বর কৌণ্ডিন্য, শাব্দিকবিদ্বৎকবিপ্রমোদক ও ললিতা নাম্নী পতঞ্জলিচরিতটীকাপ্রণেতা। দক্ষিণামূর্ত্তির পুত্র ও রামভদ্রের শিষ্য। ইনি খৃষ্টীয় ১৭শ শতাব্দের শেষভাগে বিদ্যমান ছিলেন। কুপ্পুস্বামীন্ পতঞ্জলিচরিতের অনুক্রমণিকায় ইহার উল্লেখ করিয়াছেন।

বেঙ্কটেশ্বর দীক্ষিত, আগ্নীধ্রপ্রয়োগ, দর্শপূর্ণমাসপ্রয়োগ, বৌধায়নকর্ম্মান্তসূত্রমীমাংসা, বৌধায়নচয়নসগ্রান্নুক্রমণি, বৌধায়নমহাগ্নি-চয়নপ্রয়োগ, বৌধায়নশুল্বমীমাংসা, বৌধায়নসোমপ্রয়োগ ও টুপ্‌টীকার বার্ত্তিকাভরণ নামক টিপ্পনরচয়িতা।

বেঙ্কপ্প, কামবিলাসভাণরচয়িতা।

বেঙ্কপ্পয্য, প্রধান, অলঙ্কারমণিদর্পণ এবং চিদদ্বৈতকল্প ও চিদদ্বৈতকল্পবল্লী নামক তিনখানি গ্রন্থপ্রণেতা।

বেঙ্কয্যপ্রভু, কুশলচম্পূরচয়িতা।

বেঙ্কাজী, মহারাষ্ট্রপতি শিবাজীর বৈমাত্রেয় ভ্রাতা। ইনি শিবাজীর অনুকূলে অনেকবার যুদ্ধ করিয়াছিলেন।

বেঙ্গদহ, ২৪ পরগণার অন্তর্গত একটী ক্ষুদ্র নদী। সোবনালী নামে খ্যাত।

বেঙ্গল (ইংরাজী) বাঙ্গালা দেশ। [বাঙ্গালা দেখ।]

বেঙ্গালী (বেঙালী), মালদহ জেলায় প্রবাহিত ঘাঘাট নদীর নামান্তর।

বেঙ্গা (বেঙ) যশোর জেলায় প্রবাহিত নবগঙ্গা নদীর একটী শাখা।

বেঙ্গী, দাক্ষিণাত্যের একটী প্রাচীন জনপদ, পূর্ব্ব বা করমণ্ডল উপকূলে অবস্থিত। ইহার পশ্চিম সীমা পূর্ব্বঘাট পর্ব্বতমালা, উত্তরে গোদাবরী ও দক্ষিণে কৃষ্ণানদী। গোদাবরী জেলার ইল্লোর তালুকের বেগী বা পেঙ্গবেগী গ্রামের ধ্বংসাবশেষই প্রাচীন বেঙ্গী রাজধানীর নষ্টকীর্ত্তি বলিয়া গৃহীত হয়। [বেগী দেখ।]

চালুক্যরাজ ২য় পুলকেশীর ভ্রাতা কুব্জবিষ্ণুবর্দ্ধন অনুমান ৬১৭ খৃষ্টাব্দে এই স্থানে পূর্ব্বচালুক্যরাজবংশের প্রতিষ্ঠা করিয়াছিলেন। অতঃপর ৭৩৩-৭৪৭ খৃষ্টাব্দের মধ্যে পল্লবসেনাপতি উদয়চন্দ্র অশ্বমেধযজ্ঞকারী নিষাদসর্দ্দার পৃথিবীব্যাঘ্রকে পরাস্ত করিয়া বেঙ্গীরাজ্য হইতে তাড়াইয়া দেন এবং পূর্ব্বচালুক্যরাজ ৩য় বিষ্ণুবর্দ্ধন রাজা নন্দিবর্ম্মার বশ্যতা স্বীকার করেন। ইহার পর ৭৯৯-৮৪৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত বেঙ্গীসিংহাসনে চালুক্যরাজ নরেন্দ্র মৃগরাজ ২য় বিজয়াদিত্য অধিষ্ঠিত ছিলেন। রাষ্ট্রকূটপতি ৩য় গোবিন্দ ইহাকে পরাভূত করিয়া স্বীয় রাজসকাশে আনয়ন করেন। উক্ত বেঙ্গীরাজ ভৃত্যের ন্যায় সর্ব্বদা গোবিন্দের নিকট অবস্থিতি করিতেন এবং ইনি মালখেড় দুর্গপ্রাচীরনির্ম্মাণে রাজা গোবিন্দের বিশেষ সহায়তা করিয়াছিলেন। ৯৩৩ খৃষ্টাব্দে রাষ্ট্রকূট-রাজ ১ম অমোঘবর্ষ পুনরায় বেঙ্গীরাজ্য পদদলিত করেন এবং বিঙ্গবল্লী গ্রামে চালুক্যসৈন্য পরাস্ত হয়। চালুক্যরাজ বিজয়াদিত্য ৩য় গোবিন্দের জন্য মান্যখেটপুরীর যে দুর্গপ্রাচীর গাঁথিয়াছিলেন, অমোঘবর্ষ ৯৪০ খৃষ্টাব্দের সমকালে উহা সমাধা করেন।

অন্য একখানি শিলালিপি প্রমাণে আমরা জানিতে পারি যে, পূর্ব্বচালুক্যরাজ গুণক বিজয়াদিত্য ৩য় (৮৪৪-৮৮৮ খৃঃ) রট্ট ও গঙ্গরাজগণকে পরাস্ত করেন এবং রাষ্ট্রকূটরাজ ২য় কৃষ্ণকে পরাভূত করিয়া মালখেড় নগর ভস্মীভূত করিয়াছিলেন। রাজা ২য় কৃষ্ণ এই অপমান অধিককাল বহন করেন নাই। তিনি বেঙ্গী রাজ্য লুণ্ঠন করিয়া প্রতিশোধ লইলেন। কিন্তু চালুক্যরাজ ১ম ভীম নিজভুজ বলে পিতৃরাজ্যের উদ্ধার সাধন করেন।

১০১২ খৃষ্টাব্দে চোলরাজ রাজরাজ দেব বেঙ্গীদেশ জয় করিয়া তথায় পঞ্চবমহারায় নামক এক মহাদণ্ডনায়ক নিযুক্ত করিয়াছিলেন।

অতঃপর কল্যাণের পশ্চিম চালুক্যরাজ ৬ষ্ঠ বিক্রমাদিত্য এই রাজ্য জয় করেন (১০৭৬-১১২৬ খৃ)। এই সময়ের মধ্যে বেঙ্গী-রাজ রাজীব বা কুলোত্তুঙ্গ চোড়দেব কাঞ্চীপুর রাজ্য আক্রমণ করেন। রাজা বিক্রমাদিত্যের ভ্রাতা ২য় সোমেশ্বর রাজেন্দ্র চোড়ের সহায়তা করেন। এই সংবাদে বিচলিত হইয়া রাজা বিক্রমাদিত্য সদলে অগ্রসর হন। যুদ্ধে বিক্রমাদিত্য জয়লাভ করিলে রাজীব পলাইয়া আত্মরক্ষা করেন ও সোমেশ্বর বন্দী হন।

বেঙ্গীপুর, বেঙ্গীনগর।

বেঙ্গোরাষ্ট্র, দাক্ষিণাত্যের একটী জনপদ; পল্লবরাজগণের দশনপুরপ্রশস্তিতে ইহার উল্লেখ আছে। সম্ভবতঃ বেঙ্গীরাজ্য বেঙ্গোরাষ্ট্র নামে খ্যাত ছিল।

বেচন (দেশজ) বিক্রয়করণ, মূল্যগ্রহণপূর্ব্বক অর্পণ।

বেচরাজী, বোম্বাই প্রেসিডেন্সীর বড়োদা রাজ্যের পত্তন উপ-বিভাগের অন্তর্গত এক প্রসিদ্ধ দেবমন্দির ও তৎসংলগ্ন একটী গণ্ডগ্রাম। আহ্মদাবাদ জেলার বিরম গাঁও হইতে ২৫ মাইল দূরে অবস্থিত। এখানে প্রতিবৎসর আশ্বিন মাসে একটী মেলা হয় এবং তদুপলক্ষে প্রায় ২০।২৬ হাজার যাত্রীর সমাগম হইয়া থাকে।

বেচা (স্ত্রী) বিচ-অচ্ ততষ্টাপ্। ১ মূল্য, বেতন। (হলায়ুধ) ২ বিক্রয় করা।

বেচারাম, কবিকল্পলতাটীকাপ্রণেতা।

বেচারাম ন্যায়ালঙ্কার, আনন্দতরঙ্গিণী ও সিদ্ধান্ততরি নামে ঐ গ্রন্থের টীকা-রচয়িতা। গ্রন্থকর্ত্তা ঐ গ্রন্থে স্বকৃত কাব্যরত্নাকর, চৈতন্যরহস্য, ভৈষজ্যরত্নাকর ও সিদ্ধান্তমনোরম নামক গ্রন্থের উল্লেখ করিয়াছেন। এতদ্ভিন্ন সিদ্ধান্তমণিমঞ্জরী নামে তাঁহার রচিত একখানি জ্যোতির্গ্রন্থ পাওয়া যায়।

বেচুরাম, স্মৃতিরত্নাবলীরচয়িতা।

বেজওড়া, মান্দ্রাজ প্রেসিডেন্সীর কৃষ্ণাজেলার গুণ্টুর তালুকের অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। এখানকার গোপালস্বামীর মন্দিরের প্রবেশদ্বারে একখানি প্রস্তরলিপি গ্রথিত আছে।

বেজনবৎ (ত্রি) কম্পনযুক্ত। (নিরুক্ত ২।২৮)

বেজনোনেস, বোম্বাই প্রেসিডেন্সীর কাঠিয়াবাড় বিভাগের গোহেলবাড়প্রান্তস্থ একটী ক্ষুদ্র সামন্তরাজ্য। ভূপরিমাণ ২৯ বর্গ মাইল। এখানকার সামন্তগণ বড়োদার গাইকোবাড়কে বার্ষিক ৩১ টাকা কর দিয়া থাকেন। বেজনোনেস গ্রামেই সর্দ্দারের বাস।

বেজবাড়া, মান্দ্রাজ প্রেসিডেন্সীর কৃষ্ণাজেলার অন্তর্গত একটী তালুক। ভূপরিমাণ ৫৩৪ বর্গ মাইল। এখানে ৪টী নগর ও ১০৭টী গ্রাম আছে। ঐ সকলের মধ্যে আটুকুরু, ছিগ্‌গি-রেড্ডিপাড়ু, গণপবরম্, কোণ্ডপল্লী, কোণ্ডুরু, মল্কাপুরম, মোগল-রাজপুরম্, পোতবরম্, তাড়েপল্লী, বেলগলেরু, যেনিকেপাড়, জকমপুড়ী ও জুপুড়ী প্রভৃতি স্থান প্রাচীনত্বের নিদর্শনে পূর্ণ। কোণ্ডপল্লী নগরের গিরিদুর্গ উল্লেখযোগ্য। [কোণ্ডপল্লী দেখ।]

ফৌজদারী বিচারাদালত আছে।

২ উক্ত উপবিভাগের প্রধান নগর। অক্ষা° ১৬°৩০´৫০´´ উঃ এবং দ্রাঘি° ৮০°৩৯´ পূঃ। কৃষ্ণা নদীর উত্তরকূলে মছলীপত্তন বন্দর হইতে ২০ ক্রোশ উত্তরপশ্চিমে অবস্থিত। মান্দ্রাজ, কলিকাতা, ইল্লোরা, মছলীপটম্, কোকনাড়া,রাজমহেন্দ্রী প্রভৃতি নগরের সহিত এখানকার বাণিজ্য বিনিময় চলিয়া থাকে। এই স্থান বর্ত্তমান সময়েও দক্ষিণভারতের একটী বাণিজ্যকেন্দ্র বলিয়া পরিগণিত।

ইতিহাসে এই স্থান বিশেষ প্রসিদ্ধ। এখানকার প্রাচীন রাজবংশসমূহের কীর্ত্তিকলাপ অনুসরণ করিলে স্পষ্টই জানা যায় যে, খৃষ্টজন্মের সমসাময়িক কালেই এতদঞ্চলে এই নগর বিশেষ সমৃদ্ধিলাভ করিয়াছিল। এখানে বেঙ্গীরাজগণের ধর্ম্মকেন্দ্র প্রতিষ্ঠিত ছিল। ঐ বেঙ্গীরাজগণ একসময়ে বেঙ্গী-রাজধানীতে রাজত্ব করিতেন। খৃষ্টীয় ৬১৫-৭ অব্দের নিকটবর্ত্তী কোন সময়ে কল্যাণরাজ কুব্জ বিষ্ণুবর্দ্ধন তাঁহার চালুক্যসৈন্য লইয়া এই রাজ্য অধিকারপূর্ব্বক এখানে পূর্ব্ব-চালুক্যরাজবংশের প্রতিষ্ঠা করিয়া যান। চীনপরিব্রাজক হিউএন্ সিয়াং ভারতভ্রমণকালে ৬৩৯ খৃষ্টাব্দে এই নগরের পূর্ব্বশিলা সঙ্ঘারামে কএকমাস বাস করেন। তাঁহার লিখিত বিবরণী হইতে আমরা জানিতে পারি যে, তৎকালে এদেশে বৌদ্ধধর্ম্মের প্রভাব হীন হইয়া পড়িয়াছিল। ১০২৩ খৃষ্টাব্দে চোলরাজগণ 'বেঙ্গীদেশ' অধিকার করিয়া ১২২৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত শাসন করিয়াছিলেন। তৎপরে তাঁহাদের নিকট হইতে বরঙ্গলের গণপতিরাজগণ এতদ্দেশ জয় করিয়া রাজ্যশাসন করিতে থাকেন। ১৩২৩ খৃষ্টাব্দে মুসলমানগণ গণপতিদিগকে পরাভূত করিয়া রাজ্যাধিকার করেন। মুসলমানশক্তির হ্রাস ঘটিলে স্থানীয় রেড্ডী (রট্ট) সর্দ্দারগণ অভ্যুত্থিত হইয়া এতদ্দেশে আপন শাসনদণ্ড বিস্তার করেন। তাঁহারা কোণ্ডবিড়ুতে রাজধানী স্থাপন করিয়া ১৪২৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজ্যশাসন করিয়াছিলেন। উক্ত বর্ষেই গোলকোণ্ডার কুতবশাহীবংশীয় মুসলমানরাজ রট্টদিগকে পরাস্ত করিয়া রাজ্য হইতে তাড়াইয়া দেন।

বাস্তবিক এই সময় হইতে ১৫১৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত এতদ্দেশের কোন প্রকৃত ইতিহাস পাওয়া যায় না। ঐ সময়ে এখানে মুসলমানরাজের শাসন অক্ষুণ্ণ ছিল। কিন্তু তথাকার অন্য কোন

প্রধানকার রাজা হন। তদনন্তর দুইজন বিজয়নগরাধি রাজত্ব করিয়াছিলেন। তাঁহাদিগকে রাজ্যভ্রষ্ট করিয়া পু এখানে গজপতি-রাজবংশীয় ৪ জন রাজা যথাক্রমে রাজ্য করিতে থাকেন। অতঃপর ১৫১৫ খৃষ্টাব্দে রাজা কৃষ্ণদে গজপতিরাজকে পরাস্ত করিয়া এই রাজ্য অধিকার ক ১৫৬৫ খৃষ্টাব্দে তালিকোটের যুদ্ধে মুসলমানগণ বিজয়নগরপ পরাজিত করিয়া এই রাজ্য পুনরায় হস্তগত করিয়াছি নিকটবর্ত্তী কোণ্ডপল্লীর গিরিদুর্গেই মুসলমানদিগের রাজ স্থাপিত হইয়াছিল। পরে তাঁহাদিগের নিকট হইতে ইহা ই দখলে আইসে।

১৭৬০ খৃষ্টাব্দে ইষ্ট-ইণ্ডিয়া-কোম্পানী এখানে একটী নির্ম্মাণ করেন, কিন্তু ১৮২০ খৃষ্টাব্দে আবশ্যকতা না দে তাঁহারা উহা ভাঙ্গিয়া ফেলিতে বাধ্য হন।

এখানে প্রত্নতত্ত্বের ও স্থাপত্যশিল্পের অনেক আদ নিদর্শন পতিত আছে। চীনপরিব্রাজক হিউএনসিয়াং এই স্থা ধনাককট (ধান্যকটক) বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন। এ বৌদ্ধযুগের অনেকগুলি পার্ব্বত্যগুহামন্দির ও প্রাচীন শাসনকালের অনেক পাগোডা বিদ্যমান দেখা যায়। ন পশ্চিমের পর্ব্বতকে তথাকার লোকে ইন্দ্র ও অর্জ্জুনের পৌর যুদ্ধের স্থান বলিয়া নির্দ্দেশ করিয়া থাকে। এখানে নদীর উপর যেখানে এনিকাট নির্ম্মিত হইয়াছে, তাহার এবং খাল কাটিবার কালে মৃত্তিকাগর্ভ হইতে বহুসংখ্যক প্র কীর্ত্তির ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছিল। নিম্নে বেজব প্রাচীন কীর্ত্তিসমূহের একটী সংক্ষিপ্ত তালিকা দেওয়া গেল :

১ নগরের পূর্ব্বপার্শ্বস্থ পর্ব্বতগাত্রে খোদিত "পূর্ব্বশিলা" সঙ্ঘারামের সোপানশ্রেণী।

২ পশ্চিমের ইন্দ্রনীলাদ্রি শৈলের গাত্রখোদিত কীর্ত্তি এই পর্ব্বতকে তথাকার লোকে অর্জ্জুনকোণ্ড এবং ইংরা Telegraph hill বলে।

৩ পূর্ব্বশৈলশৃঙ্গে প্রাপ্ত দানাদার পাথরের একটী বুদ্ধমূর্ত্তি

৪ পশ্চিমশৈলের পশ্চিম প্রান্তে প্রাপ্ত বুদ্ধমূর্ত্তি।

৫ পশ্চিম পার্শ্বের শৈলোপরিস্থ কতকগুলি শিলালিপি।

৬ ব্রহ্মণ্যপ্রভাবকালে প্রতিষ্ঠিত মল্লেশ্বর, অর্জ্জুন, কনক মন্দির ও তৎসংলগ্ন প্রাচীন ফলকলিপিসমূহ।

৭ শিল্পনৈপুণ্যপূর্ণ স্তম্ভরাজি, মণ্ডপ ও তৎপাত্রস প্রতিমূর্ত্তি নিচয়।

বৌদ্ধযুগের ইতিহাসের অনেক বিষয় জানিতে পারা যায়। নগরের উত্তরাংশে একটী প্রাচীন দুর্গেরও নিদর্শন রহিয়াছে। মল্লেশ্বর স্বামীর মন্দিরে ১৩৩১ শকে রেড্ডিসর্দ্দারগণের রাজত্বকালে উৎকীর্ণ শিলালিপিতে এই স্থানের নাম শ্রীবিজয়বাড়পুর লিখিত আছে।

বেজাখাঁ, সিন্ধুপ্রদেশের একজন বিখ্যাত দস্যুসর্দ্দার। ইনি জাতিতে মুসলমান। দস্যুবৃত্তি তাঁহার জীবনের একমাত্র কার্য্য হইলেও বাস্তবিক পক্ষে তিনি নিষ্ঠুর ছিলেন না। তাঁহার দয়া অপরকে তাঁহার পক্ষ অবলম্বন করিতে বাধ্য করিয়াছিল, এমন কি, সাধারণে তিনি পরম দয়াবান্ যোদ্ধা বলিয়া খ্যাতি লাভ করিয়াছিলেন।

১৮৪৪ খৃষ্টাব্দে সর চার্লস নেপিয়ার তাঁহার পৈতৃকরাজ্য পুলাজীগড় আক্রমণে উদ্যোগী হইয়া কাপ্তেন টেট্‌কে ৫০০শত অশ্বারোহী এবং লেপ্টনাট ফিট্‌সজিরাল্ডকে ২০০ উষ্ট্রারোহী-সেনাসহ পার্ব্বত্যপ্রদেশ বিজয়ে পাঠাইয়া দেন। ইংরাজ সেনানীদ্বয় মরুপ্রদেশ পার হইয়া দেখিলেন বেজা খাঁ সুসজ্জিত সৈনাদলসহ ইংরাজ সৈন্যের গতিরোধ করিতে অগ্রসর হইয়াছেন। উভয় দলের সংঘর্ষে টেট্ পরাস্ত ও ক্ষতিগ্রস্ত হইয়া পলায়ন করে। এই সময় বেজাখাঁ এই স্থানের ইন্দারা-সমূহ মৃত্তিকাদ্বারা ভরাট করিয়া দেন, কিন্তু ইংরাজের সৌভাগ্য-ক্রমে একটী ছাড় পড়িয়া যায়, তাহা হইতে জলসংগ্রহ করিয়া কতক ইংরাজসৈন্য প্রাণ পায়।

বেজা খাঁর এই জয়লাভে চারিদিক্ হইতে মুসলমানগণ বেজার দুর্গে আসিয়া সমবেত হইতে লাগিল এবং তাহারা প্রকাশ্যে ঘোষণা দিল যে আমীর শের মহম্মদকে আনিয়া তাহারা পুনরায় সিন্ধুরাজ্য স্থাপন করিবে।

এদিকে ডুম্‌কী ও জাকরাণী জাতি সীমান্তে বিদ্রোহী হইয়া উঠিল। এই সময়ে শিকারপুরে ৬৪ সংখ্যক দেশীয় পদাতিক সেনাদলেও বিদ্রোহিতার পূর্ব্বলক্ষণ দেখা দিল। তাহা দেখিয়া, সর চার্লস বিলম্বে কার্য্যহানি হইবে জানিয়া স্বয়ং ১৮৪৫ খৃষ্টাব্দে ১৮ই জানুয়ারী বিদ্রোহীদিগকে দণ্ড দিবার উদ্দেশে গমন করিলেন। ব্রিগেডিয়ার হাণ্টার অত্যল্পকালের মধ্যেই শিকার-পুরের সিপাহীদিগকে দণ্ডিত করিলেন। কাপ্তেন সল্‌টার দরিয়া খাঁর অধীনস্থ সাত শত জাকরাণী দস্যুকে পরাস্ত করিলেন, ঠিক ঐ সময়ে কাপ্তেন যেকব বেজা খাঁর পুত্রের অধীনস্থ সেনা-দিগকে উচ্ছেদ করেন।

ইংরাজের মিত্র সর্দ্দার বুলিচাঁদ এই সময়ে পুলাজীদুর্গে বেজা খাঁকে পরাস্ত করিয়া বিজয়লক্ষ্মী লাভ করেন। উপর্য্যুপরি এইরূপ তিনটী যুদ্ধে পরাস্ত হইয়া বেজা খাঁ ক্রোধে অধীর হইয়া উক্ত পর্ব্বতের পশ্চিমপার্শ্বে গমন করিলেন। এদিকে সল্‌টার উচ্ছের অভিমুখে রহিলেন এবং যেকব ও বুলী চাঁদ পুনরায় পুলাজীদুর্গ আক্রমণ করিলেন। এদিকে নেপিয়ারও সদলে যাইয়া তাঁহাকে ঘিরিয়া বসিলেন। তখন উপায় না পাইয়া বেজা খাঁ ১৮৪৫ খৃষ্টাব্দের ৯ই মার্চ্চ ইংরাজহস্তে আত্মসমর্পণ করিলেন।

বেজানী (স্ত্রী) বিজ-অচ্ তমানয়তীতি আ-নী-ড গৌরাদিত্বাৎ ঙীষ্। সোমরাজী। (শব্দচন্দ্রিকা)

বেজাপুর, বোম্বাই প্রেসিডেন্সীর মহীকান্থা রাজ্যের অন্তর্গত একটী প্রাচীন নগর। সংস্কৃত নাম বিজয়পুর। কচ্ছরাজ্য, পঞ্চমহল ও বড়োদারাজ্যের স্থানে স্থানে অনেকগুলি বেজাপুর, বিজাপুর বা বিজয়পুর আছে। [বিজাপুর দেখ।]

বেজিৎ (ত্রি) বিজ-ণিচ-ক্ত। ভীত, কেশিত, ভয়প্রাপিত, ভয়কম্পিত।

বেজী (দেশজ) নকুল, নেউল, বেজী।

বেঞ্জিলৈ বীর, পঞ্চপল্লীর একজন সামন্তরাজ। ইনি উদৈয়ার শ্রীরাজেন্দ্র চোল দেবের সমসাময়িক ছিলেন।

বেট্ (পুং) স্বাহাকার শব্দ। যজুর্ব্বেদে বেট্ শব্দ স্বাহা বাচক। (শুক্লযজু° ১৭।১৫)

বেটক (পুং) মাধবদেবের পিতা। (নৈঘণ্টু)

বেটবৎ (ত্রি) বেটযুক্ত।

বেটা (দেশজ) ১ পুত্র, সুত। ২ প্রাপ্তবয়স্ক পুরুষ।

বেট্টচন্দন (ক্লী) শ্রীখণ্ডচন্দন ভিন্ন অন্য চন্দন। মহারাষ্ট্র বেট্টশ্রীখণ্ড; কর্ণাট বেট্টপচ্চেগন্ধ। এই চন্দন মলয় পর্ব্বতের সমীপস্থ বেট্টগিরি হইতে উৎপন্ন হয় বলিয়া ইহার নাম বেট্ট-চন্দন; ইহা দেখিতে আর্দ্র অর্থাৎ ভিজা কাঠের ন্যায় এবং ফাঁটা ফাঁটা।

"মলয়াদ্রিসমীপস্থাঃ পর্ব্বতা বেট্টসংজ্ঞিতাঃ।
তজ্জাতং চন্দনং যত্তদ্বেট্টবাচ্যং কচিন্মতম্।"

'তচ্চ সার্দ্রবিচ্ছেদং মলয়াদ্রিসমীপস্থবেট্টগিরিজত্বাদ্বেট্ট-মিতুচ্যতে।' (রাজনি°)

ইহার গুণ—তিক্ত, অতিশীতল এবং দাহ, পিত্ত, জ্বর, মিব, তৃষ্ণা, কুষ্ঠ, চক্ষুরোগ ও উৎকাস প্রভৃতি রোগনাশক।

বেট্টা (দেশজ) রজ্জু, রশি, পাটের দড়ি।

বেড় (ক্লী) ১ সার্দ্রবিচ্ছিন্নচন্দন, শ্বেতচন্দন। ২ বেষ্টন, বৃতি, ঘের। ৩ বৃত্তের পরিধি। ৪ বাগীচা কিম্বা শস্যাদিক্ষেত্রের ঘের।

বেড়সা, বোম্বাই প্রেসিডেন্সীর পুণা জেলার মাবল তালুকের অন্তর্গত একটী গ্রাম। এখানে অনেক গুলি বৌদ্ধ গুহামন্দির বিদ্যমান আছে।

বেড়া (স্ত্রী) ১ নৌকা। (হেমচন্দ্র) ২ খড়্‌য়া ঘরে ব্যবহৃত

বাঁশ কিম্বা নল প্রভৃতি দ্বারা নির্ম্মিত ঘের। ৩ ক্ষেত্রের ঘের বা বেড়া।

বেড়ান (দেশজ) ভ্রমণ, চলন, পর্য্যটন।

বেড়ী (দেশজ) ১ শৃঙ্খল, পাদবন্ধনীয় লৌহপাশ। ২ স্থালী ধারণার্থলৌহযন্ত্রবিশেষ, চলিত বাউলী। ৩ কেশবিন্যাসবিশেষ, থর।

বেড়ে (দেশজ) ১ উত্তম, উৎকৃষ্ট, উপাদেয়। ২ হ্রস্ব, খর্ব্ব।

বেঢ়মিকা (স্ত্রী) কৃতান্নভেদ, রোটিকাবিশেষ। ইহার প্রস্তুত-প্রণালী চলিত রাধাবল্লভীর ন্যায়।

"মাষপিষ্টিকয়া পূর্ণগর্ভা গোধূমচূর্ণতঃ।
রচিতা রোটিকা সৈব প্রোক্তা বেঢ়মিকা বুধৈঃ॥" (ভাবপ্র°)

নিস্তুষ মাষকলাই বাটিয়া উহা গোধূমচূর্ণের দ্বারা প্রস্তুত গুটিকার মধ্যে পূরিয়া দিয়া যদি রোটিকা প্রস্তুত করা যায়, তবে তাহাকে বেঢ়মিকা বলে। (রোটী বেলিবার সময় এরূপ কৌশলে বেলিতে হইবে যেন উক্ত নিষ্পিষ্ট কলাই কোন রকমে বাহিরের দিকে না আসে)। ইহার গুণ—উষ্ণ, সন্তর্পক, গুরু, বৃংহণ, শুক্রপ্রদ, বলকারক, বীর্য্যবর্দ্ধক, রোচক, বাতঘ্ন, মূত্রনিঃসারক, এবং স্তন্য, মেদঃ, পিত্ত ও কফবর্দ্ধক। আর অর্শঃ, অর্দ্দিত ও শ্বাসরোগ এবং যকৃৎশূলনাশক। (ভাবপ্রকাশ)

বেঢ়ল (ব্রজবুলি) ঘেরিল, বেড়িল। (গোবিন্দদাস)

বেণ[ন] ১ গতি। ২ জ্ঞান। ৩ চিন্তা। ৪ নিশামন, প্রত্যক্ষ-জ্ঞান। ৫ বাদিত্রগ্রহণ, বাজাইবার জন্য বাদ্যযন্ত্র লওয়া। ভ্বাদিঁ উভ° সক° সেট°। লট্ বেণতি-তে। লিট্ বিবেণ-ণে। লুট্ বেণিতা। লুঙ্ অবেণীৎ, অবেণিষ্ট। সন্ বিবেণিষতি-তে। যঙ্ বেবেণ্যতে বেবেণ্টি। ণিচ্ বেণয়তি। অবিবেণৎ।

বেণ[ন] (পুং) বেণ-অচ্। ১ বর্ণসঙ্কর জাতি বিশেষ; এই জাতি বৈদেহক হইতে অম্বষ্ঠীতে জাত।

"বৈদেহকেন ত্বম্বষ্ঠ্যামুৎপন্নো বেণ উচ্যতে।" (মনু ১০।১৯)

২ সূর্য্যবংশীয় চতুর্থ নৃপতি, পৃথু রাজার পিতা। (বিষ্ণুপুরাণ) [বেন দেখ।]

স্ত্রিয়াং টাপ্ বেণা। ৩ নদী বিশেষ। ৪ তৃণবিশেষ, উশীর, বীরণ।

বেণ, পঞ্জাবের হুসিয়ারপুর ও জালন্ধর জেলায় প্রবাহিত একটী মন্দস্রোতা নদী। কর্পূরথলা রাজ্যে প্রবাহিত বেণনদী হইতে ইহার স্বাতন্ত্র্য-নির্দ্দেশ জন্য তথাকার লোকে ইহাকে পূর্ব্ববেণ বা সুফেদবেণ বলিয়া থাকে। শিবালিক পর্ব্বতপাদনিঃসৃত কয়েকটী ঝোরা একত্র মিলিত হইয়া এই নদীতে পরিণত হইয়াছে। হুসিয়ারপুর ও জালন্ধর জেলার সীমারূপে অবস্থানকালে উত্তর-পূর্ব্ব দিক্ হইতে কতকগুলি পার্ব্বত্যস্রোতস্বিনী ইহার কলেবর পূর্ণ করিয়াছে। মলকপুর নগরের নিকটে ইহা পশ্চিমমুখী গতিতে অগ্রসর হইয়া সমতলক্ষেত্রে বক্রগতি প্রাপ্ত হইয়াছে এবং বিপাশা-সঙ্গমের ৪ মাইল উত্তরে শতদ্রুতে মিশিয়াছে। জালন্ধর-সেনা-নিবাস হইতে ৩ মাইল দূরে এই নদীবক্ষে একটী সেতুনির্ম্মিত আছে, ঐ সেতুর উপর দিয়া গ্রাণ্ডট্রাঙ্করোড গিয়াছে। শীতঋতুতে এই নদীর স্রোত অনেক কম থাকে এবং তৎকালে পারাপার হইবার সুবিধা আছে। এই নদীর উভয়কূল উচ্চ হওয়ায় এখান হইতে খাল্ কাটিয়া নিকটবর্ত্তী শস্য-ক্ষেত্রে জল লওয়া যায় না, কিন্তু বর্ত্তমান সময়ে "পারসীক চক্র" নামক যন্ত্রদ্বারা ক্ষেত্রাদিতে জলদানের ব্যবস্থা হইয়াছে।

পশ্চিম বা কৃষ্ণ (সিয়াহ) বেণ শিবালিক পর্ব্বতের দসুয়্য পরগণা হইতে উদ্ভূত। হুসিয়ারপুর ও কর্পূরথলার মধ্য দিয়া প্রবাহিত হইয়া ইহা শতদ্রু ও বেয়াসঙ্গমের ৫ ক্রোশ উত্তরে বিপাশা নদীতে মিশিয়াছে। কর্পূরথলারাজ্যের দয়ালপুরের উত্তরে এই নদীতে সেতু আছে।

২ পঞ্জাবের গুরুদাসপুর জেলায় প্রবাহিতা একটী নদী। সুকুচক নগরের চতুষ্পার্শ্বস্থ কতকগুলি ক্ষুদ্র স্রোতস্বিনী লইয়া এই নদীর কলেবর পরিপুষ্ট। গুরুদাসপুর হইতে সখরগড় ও শিয়ালকোট আসিয়া এই নদী দেরা-নানকের অপরপারে ইরাবতীতে মিলিত হইয়াছে। ইহার স্রোতোগতি প্রায় ২ মাইল। গ্রীষ্মকালে একটী সামান্য জলরেখা, কিন্তু বর্ষাঋতুতে উহা পূর্ণ কলেবর ধারণ করে। ইহার জল কৃত্রিম উপায়ে ক্ষেত্রাদিতে লইয়া যাওয়া হইয়া থাকে।

বেণকণকোণ্ড, বোম্বাই প্রেসিডেন্সীর রাণীবেন্নূর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। রাণীবেন্নূর হইতে ৫ মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। এখানে কল্লেশ্বর মহাদেবের একটী প্রাচীন মন্দির আছে। স্থানীয় কল্লেশ্বর মন্দিরের দক্ষিণে ৯৫৫ ও ১১২৪ শকে উৎকীর্ণ দুই খানি শিলালিপি আছে। নিকটস্থ পুষ্করিণীতে ১২০৬ শকে উৎকীর্ণ একখানি বীরগল প্রতিষ্ঠিত আছে।

বেণকুলম্, মান্দ্রাজ প্রেসিডেন্সীর ত্রিচীনপল্লী জেলার পেরম্বলূর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। পেরম্বলূর সদর হইতে ১১ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। এখানে একটী মন্দির আছে। মন্দিরগাত্রে অনেকগুলি শিলালিপি দৃষ্ট হয়। শিলাফলকগুলি বহু প্রাচীন সময়ে উৎকীর্ণ।

বেণগানূর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর ত্রিচীনপল্লী জেলার পেরম্বলূর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। স্থানীয় শিবমন্দিরটী অতি প্রাচীন ও নানা শিল্পনৈপুণ্যে পরিপূর্ণ। মন্দিরগাত্রস্থ শিলালিপি গুলিই উহার প্রাচীনত্বের সাক্ষ্যদান করিতেছে।

বেণগাঁও, বোম্বাই প্রেসিডেন্সীর কোঙ্কণরাজ্যের অন্তর্গত একটী

গ্রাম। এখানে সিপাহী বিদ্রোহের সুপ্রসিদ্ধ নানা সাহেব এক দরিদ্র ব্রাহ্মণকুলে জন্ম গ্রহণ করেন। পরে পেশবা বাজীরাও তাঁহাকে দত্তক গ্রহণ করিয়াছিলেন।

[বাজীরাও, পেশবা ও মহারাষ্ট্র শব্দ দেখ]

বেণগুরলা, বোম্বাই প্রেসিডেন্সীর রত্নগিরি জেলার একটী উপবিভাগ। ভূপরিমাণ ৬৫ বর্গ মাইল। ১টী নগর ও ৯ খানি গ্রাম লইয়া এই উপবিভাগ গঠিত। ইহার দক্ষিণসীমায় পর্ত্তুগীজদিগের গোয়ারাজ্য অবস্থিত। উত্তর সীমায় পর্ব্বতমালা বিরাজিত। তাহার মধ্যে মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র উপত্যকা। সেগুলি উর্ব্বরা ও শস্যশালিনী। এখানে প্রচুর নারিকেল ও সুপারি জন্মে।

২ উক্ত জেলার একটী নগর ও উপবিভাগের বিচার সদর। সমুদ্রের উপকূলে স্থাপিত হওয়ায় ইহা বন্দররূপে গণ্য। রত্নগিরি হইতে ৮৪ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। অক্ষা° ১৫° ৫১´ ৩০´´ উঃ এবং দ্রাঘি° ৭৩° ৩৯´ ৪৫´´ পূঃ। এখানে একটী দুর্গ আছে।

পূর্ব্বে সমুদ্রোপকূলে বিচরণকারী নৌ-দস্যুগণ এখানে আড্ডা করিয়া থাকিত। ১৮১২ খৃষ্টাব্দে সাবন্তবাড়ীর সামন্তসর্দ্দার ইহা ইংরাজ গবমেণ্টের হস্তে সমর্পণ করেন। এখানে ১৮৬৯ খৃষ্টাব্দের বন্দরের সুবিধা কএকটী আলোকবাটিকা (Vengurla port's lighthouse) নির্ম্মিত হয়। উহা বেণগুরলার রক্-লাইট হাউস হইতে স্বতন্ত্র।

উক্ত পোর্ট লাইট হাউসগুলি উপকূলের উত্তরদিকে পর্ব্বতের উপরে চূড়াকার আলোকবাটিকায় নির্ম্মিত। জোয়ারের জলরেখা হইতে উহার লণ্ঠন ২৫০ ফিট উচ্চ।

১৬৩৮ খৃষ্টাব্দে ওলন্দাজগণ এখানে একটী বাণিজ্যকেন্দ্র স্থাপন করেন। গোয়ানগরের আটমাস অবরোধ কালে, তাহারা এই নগর হইতে খাদ্যদ্রব্য সংগ্রহ করিয়া পোতাদি পূর্ণ করিয়া লইয়া যাইত। ১৬৬০ খৃষ্টাব্দে পাশ্চাত্য বণিক্‌গণ এই নগরকে মিঙ্গ্রেলা নামে অভিহিত করেন। তাঁহারা এই নগরের সমৃদ্ধি ও রাস্তা ঘাটের শ্রীসৌন্দর্য্যের যথেষ্ট সুখ্যাতি করিয়া গিয়াছেন। উক্ত বর্ষে মহারাষ্ট্রকেশরী শিবাজী এখানে সেনাদল রক্ষা করেন। ১৬৬৪ খৃষ্টাব্দে স্থানীয় বিদ্রোহীদিগকে শাস্তি দিবার নিমিত্ত তিনি সমগ্র নগর অগ্নিযোগে ধূলিসাৎ করিয়া দেন। ১৬৭৫ খৃষ্টাব্দে মোগলসৈন্য পুনরায় ইহাকে ভস্মসাৎ করেন। ১৬৯৬ খৃষ্টাব্দে সাবন্তবাড়ীর ক্ষেম-সাবন্ত এই নগর লুণ্ঠন করেন ও ওলন্দাজদিগের সর্ব্বপ্রধান কর্ম্মচারীর সহিত সাক্ষাৎ করিবার অভিপ্রায় জানাইয়া ছলে ওলন্দাজকুঠিতে প্রবেশপূর্ব্বক তাহা দখল করেন। ক্ষেম সাবন্তের অধিকার কালে দস্যুসর্দ্দার অঙ্গ্রিয়া এই নগর আক্রমণ ও লুণ্ঠন করে। ১৭৭২ খৃষ্টাব্দে ইংরাজ কোম্পানী কর্ত্তৃক বেণগুর্লায় একটী কুঠি স্থাপিত হয়। ১৮১২ খৃষ্টাব্দে সাবন্তবাড়ীর রাণী উহা ইংরাজ হস্তে সমর্পণ করেন।

বেণগুরলা রক্ লাইট হাউস ১৮৭০ খৃষ্টাব্দে সমুদ্রবক্ষোপরিস্থ একটী পর্ব্বতের উপর নির্ম্মিত হয়। অক্ষা° ১৫° ৫৪´ উঃ এবং দ্রাঘি° ৭৩° ৩০´ ১৫´´ পূঃ। বেণগুরলার ৯ মাইল পশ্চিমোত্তরে বেণগুরলা পর্ব্বতমালা বা দগ্ধ দ্বীপপুঞ্জ। সমুদ্রোপকূলে বিস্তৃত পার্ব্বত্য দ্বীপগুলি উত্তরদক্ষিণে ৩ মাইল এবং পূর্ব্বপশ্চিমে ১ মাইল। সমুদ্রাভিমুখের বড় তিনটী দ্বীপের অগ্রবর্ত্তীটীর উপর এই আলোকবাটিকা স্থাপিত। ইহার লণ্ঠনের উচ্চতা ১১০ ফিট হইলেও উহার আলোকমালা প্রায় ৭২ বর্গ মাইল স্থান আলোকিত করে এবং উপকূল হইতে ১৫ মাইল দূরবর্ত্তী জাহাজের উপরিতলা হইতে উহার আলোক দৃষ্টিগোচর হয়।

বেণ[ণা]তট (পুং) বেণানদী তীরস্থ জনপদভেদ ও তদ্দেশবাসী।

বেণনগর, অযোধ্যা প্রদেশের সীতাপুর জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। গোমতী নদীতীরে অবস্থিত। এখানে একটী ধ্বস্ত স্তূপ পতিত আছে, স্থানীয় লোকে উহাকে রাজা বেণের রাজপ্রাসাদ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকে।

বেণমশর্ম্মন্, একজন বেদজ্ঞ ব্রাহ্মণ। বেদ, বেদাঙ্গ ও হিরণ্যকেশীসূত্রে তাহার বিলক্ষণ ব্যুৎপত্তি ছিল, ইনি কৌশিকগোত্রীয় ছিলেন। পূর্ব্ব চালুক্যবংশীয় মহারাজ বিজয়াদিত্য ইহাকে গ্রামদান করিয়াছিলেন।

বেণযোনি, লতাবিশেষ (Sporobolus diander)

বেণবিন্ (ত্রি) ১ বেণুযুক্ত। ২ শিব। (ভারত অনুশাসনপর্ব্ব)

বেণা, নদীভেদ। [বেণ্বা দেখ।]

বেণা, স্বনামপ্রসিদ্ধ সুগন্ধ তৃণ, বীরণ নামে পরিচিত (Andropogon muricatus) সাধারণে ইহাকে খসখস বলিয়া জানে। হিন্দি খশ, বেণা, পন্নি, সেঁট, গাঙ্‌বার, অরণ্যবলা, পঞ্জাব—পন্নি, দাক্ষিণাত্যে বালে কা ঘাঁস, বাঙ্গালা—বালা, খস খস, কুশ, সনদের ঝাড়, আরব—উশীর, পারস্য—খস, সিঙ্গাপুর—সবন্দ্রামূল, ব্রহ্ম—মিয়াসোই, মরাঠী—বালা, বোম্বাই—খসখস, বালা; কচ্ছ—বালা, অযোধ্যা—তিন, গুজরাত—বালো, সাঁওতাল—শিরোম, কণাড়ী—লাবঞ্চা, মলয়ালম্—বেস্তিবের, রমচ্ছম বের; তামিল—বেস্তিবের, ইলামিছম্বের, বীরণম্; তেলগু—বেস্তিবেরত, লামজ্জকমু বেরত, সংস্কৃত—উশীর, বীরণ। এই গাছ সাধারণতঃ বাঙ্গালা, ব্রহ্ম, মহিসুর, করমণ্ডল উপকূল এবং কটক বিভাগের নিম্ন জলাভূমে ও নদ্যাদির তীরে প্রচুর পরিমাণে জন্মিতে দেখা যায়। পঞ্জাব ও যুক্ত প্রদেশের কুমায়ুন প্রদেশে প্রায় ২০০ ফিট পর্য্যন্ত উচ্চভূমে জন্মে। রাজপুতনা ও ছোটনাগপুরের গোবিন্দপুর বিভাগে ইহার চাস হয়।

বহুপূর্ব্বকাল হইতেই এদেশের লোকে বেণার ব্যবহার অবগত আছে। বৈদ্যক শাস্ত্রে ইহা ওষধি রূপে গণ্য। ইহার শিকড় সিদ্ধ করিয়া চোঁয়াইয়া লইলে এক প্রকার গন্ধতৈল পাওয়া যায়। উহাই খশখসের আতর বলিয়া প্রসিদ্ধ। মূল হইতে নিষ্পেষণ দ্বারা অনেক কষ্টে এক প্রকার নির্য্যাস (Resin) ও তৈল (Volatile oil) পাওয়া যায়, কিন্তু উহা বিশেষ কার্য্যকর হয় না, বেণার মূল দ্বারা হাতপাখা, মাদুর, পরদা প্রভৃতি বোনা হয়। গ্রীষ্মকালে উহা জলসিক্ত করিয়া গৃহদ্বারে ঝুলাইয়া রাখিলে এক প্রকার সোঁদা গন্ধ নির্গত হয়। দারুণ রৌদ্রের উত্তাপ হইতে আসিয়া খস্‌খসের পর্দ্দার মধ্যে প্রবেশ করিলে প্রাণ শীতল বলিয়া বোধ হয়। আতর, পাখা, পরদা প্রভৃতি ব্যতীত কাগজ প্রস্তুতের জন্য বর্ষে বর্ষে প্রায় ৭০ হাজার মণ বেণার মূল একমাত্র পঞ্জাবের হিসার জেলা হইতে রপ্তানি হইয়া থাকে। প্রায় সকল ক্ষেত্রেই ধান্যাদি শস্যের মধ্যে বেণা ঘাস জন্মে। উহা ক্ষেত্রাদিতে এত বদ্ধমূল হয় যে সহজে তাহা উৎপাটন করা যায় না। স্থানে স্থানে বেণার ঘাসে দড়ি পাকাইয়া দ্রব্যাদি বাঁধিয়া দেশান্তরে পাঠান হয়। অনেক স্থলে বেণার পত্রে গৃহাদি ছাওয়া হয়। ঐ তৃণের দৃঢ় দণ্ড দ্বারা পাখা, সম্মার্জ্জনী, সুন্দর-বিনান বাক্স প্রভৃতি প্রস্তুত হয়। বর্ষা ঋতুর পর যখন ঘাস গুলি বড় হয়, তখন তাহা কাটিয়া আস্তাবলে বিছাইয়া দেয়।

বীরণ শব্দে ইহার আয়ুর্ব্বেদিক গুণ বিবৃত হইয়াছে। ইহা ষড়ঙ্গ পানীয় প্রভৃতিতে দাহ-পিপাসা-নিবর্ত্তক শৈত্যকর ভৈষজ-রূপে ব্যবহৃত হইয়াছে। গাত্রের প্রদাহ এবং চর্ম্মোপরি বাহ্য অসহ্য তাপ দূরীকরণার্থ ইহার মূল বাটিয়া প্রলেপ দেওয়া হয়। প্রাচীনেরা বালা, রক্তচন্দন, পদ্ম কাষ্ঠ ও বেণার মূল একত্র চূর্ণ করিয়া একটী জলপূর্ণ পাত্রে ভিজাইয়া সেই সুগন্ধ জলে স্নান করিতেন, তাহাতে শরীর শীতল হইত।

ইহা শৈত্যকারক, পিপাসা-নিবারক, জ্বর, প্রদাহ ও উদর বেদনানাশক। বেঞ্জোয়িন্ (Benzoin) সহযোগে সিগারেট প্রস্তুত করিয়া ধূমপান করিলে মাথা ধরা সারে। বেণার পত্র ও মূল জলে সিদ্ধ করিয়া বিষম বা জীর্ণ জ্বরে রোগীকে উহার বাষ্প-দ্বারা তাপরা দিলে প্রচুর ঘর্ম্ম উৎপাদন করে। বিসূচিকা রোগে বমনের বেগ নিবারণের জন্য ইহার দুই ফোটা আতর খাইতে দেওয়া হয়।

বিজ্ঞানবিদ্ ভাস্কুইলিন খসখস বিশ্লেষণ করিয়া ইহাতে প্রায় ধূণার ন্যায় গাঢ় লাল রঙ্গের এক প্রকার আটা প্রাপ্ত হইয়াছেন। উহার আস্বাদ কটু বা কষায় এবং গন্ধ মুসব্বর নামক দ্রব্যের ন্যায়। এতদ্ভিন্ন তিনি ইহার মধ্যে এক প্রকার রঙ্, (যাহা জলে দ্রব হয়) অম্ল, লবণ (salt of line) অক্সাইদ অব্ আয়রণ (oxide of iron) ও কাষ্ঠ প্রাপ্ত হইয়াছেন।

বেণি[ণী] (স্ত্রী) বী নি বীজ্যাজ্বরিভ্যো নিঃ (উণ্ ৪।৪৮) পৃষোদরাদিত্বাৎ গত্বম্। ১ প্রোষিতভর্ত্তৃকাদি কর্ত্তৃক কেশরচনাবিশেষ। (ভরত) ২ বিরহিণী কর্ত্তৃক কেশবিন্যাস। (জটাধর) পর্য্যায়—প্রবেণি, বেণী, প্রবেণী, বেণিকা। ৩ জনসমূহ। (জটাধর) ৪ জলপ্রবাহ। (হেম) ৫ দেবদালী, পীতঘোষা। ৬ মেষী, ভেড়ী। ৭ নদীবিশেষ।

বেণিক (পুং) জনপদভেদ ও তদ্দেশবাসী। (ভারত ভীষ্মপর্ব্ব)

বেণিকা (স্ত্রী) কেশবন্ধন বিশেষ, বেণি, চলিত বিউনী।

বেণিন্ (পুং) নাগভেদ। (ভারত আদিপর্ব্ব)

বেণিবেধনী (স্ত্রী) জলৌকা, জোঁক। (ত্রিকাণ্ডশেষ)

বেণিমাধব (পুং) প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ দেবমূর্ত্তি বিশেষ।

বেণিরাম, মনোরমাপরিণয়নচরিত ও সুদর্শনসুকর্ণকচরিত নামক দুই খানি গ্রন্থ প্রণেতা।

বেণিয়া (দেশজ) বণিক্। সাধারণতঃ বেণিয়া বলিলে বণিক্ জাতিকেই বুঝায়। আমাদের দেশে শঙ্খবণিক, গন্ধবণিক, সুবর্ণবণিক্ প্রভৃতি বিভিন্ন শ্রেণীর বণিক্ আছে। চলিত কথায় লোকে উহাদের "বেনে" বলিয়া ডাকে।

[তত্তদ্‌শব্দে বিশেষ বিবরণ দ্রষ্টব্য।]

বেণী (স্ত্রী) কবরী, খোঁপা।

বেণারস, (ইংরাজ Benaras) বারাণসী শব্দের অপভ্রংশ।

[বারাণসী ও কাশী দেখ।]

বেণী, মধ্য প্রদেশের ভাণ্ডারা জেলার তিরোহা তহশীলের অন্তর্গত একটী নগর, বেণগঙ্গা নদীতীরে অবস্থিত। সদর হইতে ৫০ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। এখানে কার্পাস বয়নের সামান্য কারবার আছে। ঐ কারবারী লোকেরা উত্তমরূপ কার্পেট প্রভৃতি বুনিতে জানে এবং বস্ত্রাদিতে রঙ করিতে তাহারা বিশেষ পারদর্শিতা দেখাইয়া থাকে।

বেণী, বাঙ্গালার যশোর জেলায় প্রবাহিত একটী নদী। ফট্‌কী ও যদুখালি খালের সহিত সংযুক্ত হইয়া ইহা বিশখালি হইতে বুণাগাতির কাছে চিত্রা নদীতে মিশিয়াছে।

বেণীগ (ক্লী) উশীর, বীরণ, তৃণবিশেষ, চলিত বেণা।

বেণীগঞ্জ, অযোধ্যা প্রদেশের হার্দোই জেলার অন্তর্গত একটী নগর। এখানে প্রায় ২৫০০ আভীর জাতির বাস। নগরটী বেশ সমৃদ্ধিসম্পন্ন।

বেণীদত্ত, ১ ঔদীচ্যপ্রকাশ নামক দীধিতিপ্রণেতা। ২ তত্ত্বমুক্তাবলী টীকার বালভাষা নাম্নী টিপ্পনপ্রণেতা। ৩ শতশ্লোকী চন্দ্রকলাটীকার ভাবার্থদীপিকা নাম্নী টিপ্পনপ্রণেতা।

৪ পঞ্চতত্ত্বপ্রকাশ নামক অভিধান ও পদ্যবেণীসঙ্কলয়িতা। ইনি জগজ্জীবনের পুত্র এবং নীলকণ্ঠের পৌত্র। ১৬৪৪ খৃষ্টাব্দে উক্ত অভিধান খানি সঙ্কলন করেন।

বেণীদত্ত বাগীশভট্ট, তর্কসময়খণ্ডনরচয়িতা।

বেণীদত্ত তর্কবাগীশ ভট্টাচার্য্য, অলঙ্কারচন্দ্রোদয় ও রসিকরঞ্জিনী নাম্নী রসতরঙ্গিণীটীকা প্রণেতা। ইনি ১৫৫৩ খৃষ্টাব্দে শেষোক্ত গ্রন্থখানি সমাপন করিয়াছিলেন। পিতার নাম বিশ্বেশ্বর এবং পিতামহের নাম লক্ষ্মণ।

বেণীদাস, একজন বুন্দেলা সেনাপতি। ইনি মোগল সম্রাট্ শাহ জহান বাদশাহের অধীনে ৫০০ ও ২০০ অশ্বারোহী সেনাদলের নায়ক ছিলেন। উক্ত সম্রাটের রাজত্বের ত্রয়োদশ বর্ষে তিনি রাজপুত হস্তে নিহত হন।

বেণীফল (ক্লী) দেবদাল ফল, পীতঘোষাফল।

বেণীমাধব, ১ শব্দরত্নাকর নামক ব্যাকরণপ্রণেতা। ২ হোলিকোৎপত্তি-রচয়িতা।

বেণীমাধব, প্রয়াগস্থ দেবমূর্ত্তিভেদ। বেণীমাধবের ধ্বজাদর্শন পুণ্যজনক।

বেণীমূলক (ক্লী) উশীর, বীরণ।

বেণী রসুলপুর, বাঙ্গালার পূর্ণিয়া জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। কঙ্কাই নদীতীরে অবস্থিত। পূর্ণিয়া সদর হইতে ইহার দূরত্ব প্রায় ১০ ক্রোশ। অক্ষা° ২৫° ৩৭´ উঃ এবং দ্রাঘি° ৮৭° ৫২´ পূঃ। এখানে সমৃদ্ধিশালী কতকগুলি মুসলমান জমীদারের বাস। এই গ্রামে যতগুলি ইষ্টকালয় আছে, এতগুলি ইষ্টকনির্ম্মিত অট্টালিকা এই জেলার আর কোন গ্রামেই দৃষ্ট হয় না।

বেণীর (পুং) অরিষ্ট বৃক্ষ, নিম্ববৃক্ষ, নিমের গাছ।

বেণীরাম ধর্ম্মাধিকারিন্, পণ্ডিতাহ্লাদিনী নাম্নী বালভূষাসারটীকাকর্ত্তা।

বেণীরাম শাকদ্বীপিন্, জাতিসঙ্কর্য্যবাদ ও মাংসভক্ষণ-দীপিকা-প্রণেতা।

বেণীরায়, গুজরাতের একজন সামন্ত নরপতি।

বেণীবাহাদুর, (রাজা), অযোধ্যার নবাব সুজা উদ্দৌলার এক জন বিশ্বস্তমন্ত্রী। তিনি প্রথমে সামান্য দরিদ্র সন্তান ছিলেন। রাজা মহানারায়ণ তাঁহাকে প্রথমে জলপাত্রবাহীর কার্য্যে নিযুক্ত করেন। পরে তাঁহার শিক্ষা ও নানা সদ্‌গুণের পরিচয় পাইয়া রাজা তাঁহাকে উক্ত নবাব সরকারে উকীল স্বরূপ নিযুক্ত করিলেন; কিন্তু মন্দবুদ্ধি বেণী নবাবের নিকট স্বীয় প্রভুর নিন্দাবাদ করিয়া ক্রমশঃই যেন নবাবের কাণ ভারি করিয়া তুলিলেন এবং তদীয় অনুগত ও প্রিয় হইয়া পড়িলেন। নবাব প্রথমে তাঁহাকে কএকটী জেলার শাসনভার অর্পণ করেন। স্বীয় সৌভাগ্যফলোদয়ে তিনি এই কার্য্যে দক্ষতা দেখাইয়া অভিলষিত পদ প্রাপ্তির পথে অগ্রসর হইলেন। অনতিকাল পরেই তিনি রাজা বেণী বাহাদুর উপাধি সহ নায়েব নাজিম পদে অভিষিক্ত হইয়া মহামুরাতির নৌবৎখানা ও রৌশন চৌকী প্রভৃতি রাজসম্মানের দ্রব্যাদি পাইলেন। এই বেণী বাহাদুরই ইংরাজের সহিত নবাবের বিরোধকালে ইংরাজপক্ষ অবলম্বন করিয়া বিশ্বাসঘাতকতার চূড়ান্ত দেখাইয়া ছিলেন। এই দোষে, তাঁহারই অধিকৃত সম্পত্তিতে তাঁহাকে নিযুক্ত রাখিয়া নবাব তাহার চক্ষুর্দ্বয় নষ্ট করিয়া দেন।

বেণীবিলাস, লক্ষ্মীবিলাসকাব্য ও বৃত্তসুধোদয় নামক দুইখানি গ্রন্থ রচয়িতা।

বেণীসংবরণ (ক্লী) বেণীসংহার।

বেণীসংহরণ (ক্লী) বেণীসংহার।

বেণীসংহার (পুং) বেণ্যাঃ দ্রৌপদীবেণিকায়াঃ সংহারো ভীমেন মারিত-দুর্য্যোধনশোণিতেন মোচনং যত্র। ১ ভট্টনারায়ণকৃত সপ্তাঙ্কযুক্ত নাটক বিশেষ। ইহাতে দ্রৌপদীর কেশাকর্ষণ হইতে আরম্ভ করিয়া ভীমকর্ত্তৃক দুর্য্যোধনের বধ ও দ্রৌপদীর বেণীবন্ধন পর্য্যন্ত বিবরণ বর্ণিত আছে। ২ বেণীবন্ধন।

বেণীস্কন্ধ (পুং) নাগভেদ। (ভারত আদিপর্ব্ব)

বেণু (পুং) অজ-ণু (অজিবৃরীভ্যো নিচ্চ। উণ্ ৩।৩৮) অজের্ব্বী ভাবো গুণশ্চ। ১ বংশ, বাঁশ। (অমর) ২ বংশী, বাঁশী। (শব্দরত্নাবলী) পদ্মপুরাণ পাতালখণ্ডে বেণুর উৎপত্তি সম্বন্ধে এইরূপ বর্ণিত আছে—

পুরাকালে দেবব্রত নামক এক সান্তপনাদি ব্রতাচারী—শান্ত দান্ত দ্বিজ হরিনামবিরহিত পতিত-ব্রাহ্মণমণ্ডলীর মধ্যে বাস করিয়াও নিয়ত সৎক্রিয়াতৎপর ছিলেন। একদা এক বৈদান্তিক ব্রাহ্মণ তদীয় ভবনে উপস্থিত হইলে তিনি পরম ভক্তি ও প্রীতি সহকারে পাদ্য অর্ঘ্য প্রভৃতি দ্বারা তাঁহার অতিথি সৎকার করেন। কিন্তু উক্ত বেদান্তবিদ্ ব্রাহ্মণ ঐ গৃহে কোন বিষ্ণুভক্তকে তুলসী দলবারি দ্বারা পূজা করিতে দেখিয়া দেবব্রতদত্ত ফলমূলাদি নিতান্ত অশ্রদ্ধার সহিত গ্রহণ করেন, সেই পাপ হেতু তাঁহার বেণুত্ব প্রাপ্তি হয়। ৩ নৃপভেদ। (বিশ্ব)

বেণুক (ক্লী) বেণুরিব বেণোর্বিকারো বা কন্। ১ গবাদিতাড়নদণ্ড, চলিত পাচন বাড়ী বা নড়ি। ২ অঙ্কুশ, ডাঙ্গশ। (পুং) হ্রস্বো বেণুঃ সংজ্ঞায়াং কন্ (পা ৫।৩।৮৭) ৩ ক্ষুদ্র বেণু, ছোট বাঁশ বা বংশী, বাঁশী। (হরিবংশ) ৫ এলা, এলাচি।

"স্বর্ণার্ণশতপত্রৈশ্চ বীরবেণুকজাতিভিঃ।" (ভাগবত ৪।৬।১৬)

কোন কোন পুথিতে রেণুক পাঠও দেখা যায়।

বেণুকর্কর (পুং) কবীর বৃক্ষ। (ত্রিকাণ্ডশেষ)

বেণুকা (স্ত্রী) তন্নামক ফল-বিষভেদ। (সুশ্রুত কল্প° ২ অ°)

বেণুকার (পুং) বংশীনির্ম্মাণকারক।

বেণুকীয় (ত্রি) বেণুকাজ্জাতং বেণুক-ছ নড়াদীনাং কুক্ চ (পা ৪।২।৯১) বেণু হইতে উৎপন্ন।

বেণুগড়, বাঙ্গালার পূর্ণিয়া জেলার কৃষ্ণগঞ্জ উপবিভাগের অন্তর্গত একটী দুর্গ ও তৎসংলগ্ন একটী নগর। এক্ষণে ইহার আর সে পূর্ব্ব সমৃদ্ধি নাই। বর্ত্তমান সময়ে ঐ দুর্গের প্রাকার ও প্রাচীরাদির ধ্বংসাবশেষ মাত্র দৃষ্টি গোচর হয়। দুর্গভিত্তির সমুদায় অংশ এবং ধ্বস্ত অট্টালিকাদির নিদর্শন নগরের অতীত স্মৃতি এখনও জাগাইয়া রাখিয়াছে। কিন্তু দুঃখের বিষয় কোন্ সময়ে এই দুর্গ নির্ম্মিত হইয়াছিল এবং কে ইহার নির্ম্মাতা তাহার আদৌ কোন ইতিহাস পাওয়া যায় না। স্থানীয় প্রবাদ এই, রাজা বিক্রমাদিত্যের রাজ্যকালে ৫৭ খৃষ্ট পূর্ব্বাব্দে পঞ্চ ভ্রাতায় এক রাত্রের মধ্যে যে পাঁচটী দুর্গ নির্ম্মাণ করেন, ইহাই তাহার একতম।

বেণুগোপালপুরম্, মান্দ্রাজ প্রেসেডেন্সীর গঞ্জাম জেলার মন্দসা জমিদারীর অন্তর্গত একটী গণ্ডগ্রাম। সোম্পেট হইতে ৯ মাইল দক্ষিণপশ্চিমে ও বড় রাস্তা হইতে ২ মাইল পশ্চিমে অবস্থিত। মন্দসা জমিদারবংশের কোন ব্যক্তি প্রায় ৩৫০ বৎসর পূর্ব্বে এই মন্দির প্রতিষ্ঠা করেন।

বেণুগোপাল স্বামী, দাক্ষিণাত্যের একটী সুপ্রসিদ্ধ বিষ্ণুমূর্ত্তি। মান্দ্রাজ প্রেসিডেন্সীর কড়পা জেলার সিদ্ধচটুম্ তালুকের সদর হইতে ৭ মাইল উত্তরে অবস্থিত। এই মন্দির দাক্ষিণাত্যবাসীর একটী পবিত্র পুণ্যতীর্থ। মন্দিরটী অতি প্রাচীন। সাধারণে ইহাকে গোপাল স্বামীর পাগোডা বলে।

বেণুগ্রধ (পুং) ওষধি বিশেষ। (মার্কপু° ৪৯।৭২)

বেণুগ্রাম, বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত একটী জনপদ। বর্ত্তমান কালে বেলগাম্ নামে খ্যাত। প্রাচীন শিলালিপিতে এতৎ-প্রদেশ বেণুগ্রামসপ্ততি নামে উল্লিখিত দেখা যায়। ১১৯৯ খৃষ্টাব্দে সৌন্দত্তির রট্ট সর্দ্দার ৪র্থ কার্ত্তবীর্য্য এই স্থানে রাজত্ব করিতেন। গোয়ার কাদম্ববংশীয় রাজা ৩য় জয়কেশী এই স্থানের শাসনকর্ত্তা ছিলেন। তাঁহাকে পরাভূত করিয়া রট্টগণ এই স্থান অধিকার করে।

বেণুজ (পুং) বেণোর্জায়তে জন-ড। ১ বেণুযব, বংশ হইতে উৎপন্ন যবাকার তণ্ডুল বিশেষ, চলিত বাঁশের চাউল। (ত্রি) ২ বংশজাত দ্রব্য মাত্র। (ক্লী) ৩ মরিচ। (রত্নমালা)

বেণুজমুক্তা (স্ত্রী) বংশজাত মুক্তাভেদ। [মুক্তা শব্দ দেখ]

বেণুজঙ্ঘ (পুং) মুনিভেদ। (ভারত সভাপর্ব্ব)

বেণুজন্মন্ (পুং) বেণুযব, বাঁশের চাউল। (রাজনি°)

বেণুথলী, বস্থলীর প্রাচীন নাম। [বস্থলী দেখ।]

বেণুদত্ত (পুং) ঋষিভেদ।

বেণুদারি (পুং) রাজপুত্রভেদ। (ভারত বনপর্ব্ব)

বেণুধ্ম (ত্রি) বেণুং ধমতীতি ধ্মা-ড। বেণুবাদক, যে বাঁশী বাজায়।

বেণুন (ক্লী) মরিচ। (রত্নমালা) কোন কোন পুথিতে রেণুজ পাঠ দৃষ্ট হয়।

বেণুনিঃসৃত (পুং) ইক্ষু।

বেণুনিলেখন (ক্লী) বংশত্বক্, বাঁশের নীল। (সুশ্রুত চি° ১ অ°)

বেণুপ (পুং) দেশভেদ ও তদ্দেশবাসী। (ভারত উদ্যোগপর্ব্ব) রেণুপ ও রেণুক পাঠান্তর।

বেণুপত্র (ক্লী) বাঁশপাতা।

বেণুপত্রক (পুং) মণ্ডলী সর্প বিশেষ। (সুশ্রুত কল্প° ৪ অ°)

বেণুপত্রিকা [ত্রী] (স্ত্রী) বংশপত্রী বৃক্ষ। পর্য্যায় হিঙ্গুপর্ণী, নাড়ী, হিঙ্গুশিরাটিকা। (রত্নমালা)

বেণুপুর (ক্লী) বেণুগ্রাম। বর্ত্তমান বেলগাম্ জেলা বা নগরী। শিলালিপিতে বেণুগ্রাম নামও পাওয়া যায়।

বেণুবীজ (ক্লী) বেণোর্বীজং। বেণুযব, বাঁশের চাউল।

বেণুমণ্ডল (ক্লী) কুশদ্বীপের অন্তর্গত একটী বর্ষ। (মহাভারত ভীষ্মপর্ব্ব)

বেণুমৎ (ত্রি) ১ বংশবিশিষ্ট। ২ পর্ব্বতভেদ। (হরিবংশ) ৩ অরণ্যভেদ। (হরিবংশ)

বেণুমতী (স্ত্রী) নদীভেদ। (মার্কপু° ৫৮।৩৫)

বেণুময় (ত্রি) বেণু-ময়ট্ স্বরূপার্থে। বেণুর স্বরূপ, বেণুনির্ম্মিত যষ্টি প্রভৃতি। (বৃহৎসং ৪৩।৮)

বেণুমুদ্রা (স্ত্রী) মুদ্রাবিশেষ। [মুদ্রা শব্দ দেখ।]

বেণুযব (পুং) বেণোর্যবঃ। বংশফল, চলিত বাঁশের চাউল। ইহার আকার যবের ন্যায়। পর্য্যায় বেণুজ, বেণুবীজ, বংশজ, বংশতণ্ডুল, বংশধান্য, বংশাহ্বয়। মহারাষ্ট্র—বেণুজবং, কর্ণাট—বিদরকী; তেলেগু—বেদেরু, বিরয়মু। গুণ—রুক্ষ, শীত, কষায়ানুরসমধুর; কফ, পিত্ত, মেদঃ, ক্রিমি, বিষ, ও মূত্রনাশক, বল, পুষ্টি এবং বীর্য্যপ্রদ, কটুপাকী, মূত্রবিবন্ধক, সারক, বাতবিবর্দ্ধক। ভাবপ্রকাশে ইহাদের মধ্যের শীত ও পিত্তনাশক, এই গুণদ্বয়ের বিপরীত উষ্ণ ও পিত্তকর দুইটী গুণের উল্লেখ দেখা যায়।

"বাতপিত্তকরা উষ্ণা বদ্ধমূত্রা কফাপহাঃ" (ভাবপ্র° পূর্ব্বখণ্ড)

বেণুবংশ (ক্লী) ১ বাঁশীর বাঁশ। ২ সহ্যাদ্রিবর্ণিত রাজভেদ। (সহ্যাদ্রি ৩২।১৬)

বেণুবন (ক্লী) ১ অরণ্যভেদ। রাজগৃহস্থিত বংশ-বহুল উপবন। রাজা বিম্বিসার শাক্যবুদ্ধকে আহ্বান করিয়া এই উপবনে বাস করিতে দিয়াছিলেন।

বেণুবাটিকা, চন্দ্রদ্বীপের অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। (ব্রহ্মখণ্ড ১৩।১৭-১৯)

বেণুবাদ (পুং) বেণুং বাদয়তীতি বদ-ণিচ-অণ্। বৈণুক, বেণুবাদক, যে বাঁশী বাজায়। (রত্নমালা)

বেণুবীণাধরা (স্ত্রী) স্কন্দানুচর-মাতৃভেদ। (ভারত শল্যপর্ব্ব)

বেণুহয় (পুং) যদুবংশীয় সহস্রজিতের পুত্রভেদ। (ভাগবত ৯।২৩।২১) কোন কোন পুথিতে রেণুকহয় পাঠ দেখা যায়।

বেণুহোত্র (পুং) ধৃষ্টকেতুর পুত্রভেদ।

বেণ্টিক (লর্ড উইলিয়ম, জি, সি, বি,), ভারতরাজ প্রতিনিধি। পূর্ব্বনাম—লর্ড উইলিয়ম হেন্‌রী কাভেণ্ডিস্ বেণ্টিঙ্ক। ইনি পোর্টলাণ্ডের তৃতীয় ডিউকের দ্বিতীয় পুত্র। বিদ্যাশিক্ষার পর সেনাবিভাগে প্রবেশ করিয়া প্রথমে ফ্লাণ্ডার্স, রুষ ও মিসরযুদ্ধে বিশেষ খ্যাতিলাভ করেন এবং ক্রমে উচ্চ পদ পাইয়া ইনি ইংরাজকোম্পানীর সেনানীবেশে প্রথমে ভারতে আইসেন এবং ১৮০৩ খৃষ্টাব্দের ৩০এ আগষ্ট হইতে ১৮০৭ খৃষ্টাব্দের ১১ই সেপ্টেম্বর পর্য্যন্ত মান্দ্রাজের ফোর্ট সেণ্ট জর্জ্জ দুর্গের গবর্ণর নিযুক্ত হন। ১৮০৬ খৃষ্টাব্দে মান্দ্রাজী সিপাহীদলে দাড়ি গোঁফ ও শিরস্ত্রাণের সংস্কারকল্পে ইনি এক নূতন বিধি প্রবর্ত্তন করেন। তাহাতে সিপাহী দল বিদ্রোহী হইয়া উঠে। উহাই ইতিহাসে "ভেলোর বিদ্রোহ, ১৮০৬ খৃষ্টাব্দ" নামে পরিচিত।

এই গোলযোগ ইংরাজ-শাসনের অনিষ্টকর বিবেচনা করিয়া কোম্পানীর ডিরেক্টারগণ তাঁহাকে ইংলণ্ডে ফিরিয়া যাইতে আদেশ করেন। বিলাতে প্রত্যাগত হইলে পর, তিনি রাজসরকার হইতে সম্মানসূচক উপাধি লাভ করেন এবং রাজনৈতিক ক্ষেত্রের কএকটী প্রসিদ্ধ রাজকীয় কর্ম্মে নিযুক্ত থাকিয়া ফরাসীদিগের সহিত গ্রেট বৃটেনের যুদ্ধকালে স্পেন ও ইতালীতে প্রেরিত সেনাদলের নায়ক হইয়া তদ্দেশে গমন করেন। অতঃপর, কেনিংএর প্রভুত্বকালে তিনি ১৮২৮ খৃষ্টাব্দের ৪ঠা জুলাই ভারতের রাজপ্রতিনিধি হইয়া এদেশে আসেন।

এবারেও তিনি সেনাবিভাগের সংস্কারে মনোনিবেশ করেন, তাহাতে সেনাদলে অসন্তোষের লক্ষণ পরিলক্ষিত হয় বটে, কিন্তু পূর্ব্ববৎ কোন বিদ্রোহবহ্নি প্রজ্বলিত হইয়া উঠে নাই। তিনি ভারতবাসীর পূজ্য হইয়াছিলেন। বলিতে কি, যে সতীদাহ-কুপ্রথা বঙ্গের পল্লীতে পল্লীতে এবং ভারতের অন্যান্য স্থানে হিন্দুললনাগণকে বলপূর্ব্বক জীবন্ত অবস্থায় দগ্ধ করিত, তিনি দয়াপরবশ হইয়া সেই নিষ্ঠুর প্রথা মহাত্মা রামমোহন রায় প্রভৃতির সহযোগে ভারত হইতে বিলুপ্ত করিয়াছিলেন। [রামমোহন রায় দেখ।]

১৮২৯ খৃষ্টাব্দের ১৭ই ডিসেম্বর সহমরণপ্রথা নীতিবিরুদ্ধ বলিয়া রাজবিধিতে বিঘোষিত হয়। [সহমরণ দেখ।]

মুদ্রাযন্ত্রের স্বাধীনতা এবং ঠগী নামক দস্যুদলের অত্যাচার নিবারণ তাঁহার ভারত শাসনকালের প্রধানতম ঘটনা।

[মুদ্রাযন্ত্র ও ঠগী দেখ।]

এতদ্ভিন্ন তিনি কুর্গপতিকে যুদ্ধে পরাস্ত করিয়া তাঁহার সম্পত্তি বৃটীশ রাজ্যভুক্ত করেন এবং ইংরাজ সাধারণের ভারতে উপনিবেশ স্থাপনের অধিকার দেওয়াইয়া দুইটী রাজনৈতিক কার্য্য সমাধা করিয়াছিলেন। শিক্ষাবিষয়ের উন্নতি সাধন, ইংরাজী বিদ্যালয় স্থাপন ও দেশীয় শিক্ষিত ব্যক্তিদিগের হস্তে ধর্ম্মাধিকার দানবিষয়ের তিনিই উদ্যোক্তা। তাঁহার সময়ে, প্রত্যেক প্রেসিডেন্সীতে একএকটী ব্যবস্থাপক সভা (Legislative Council) হইয়াছিল। ১৮৩০ খৃষ্টাব্দে তাঁহার স্বাস্থ্যভঙ্গ হয় এবং তিনি ভারতরাজ-প্রতিনিধিত্ব স্বেচ্ছায় পরিত্যাগ পূর্ব্বক উক্ত বর্ষের ২০এ মার্চ্চ পর্য্যন্ত ভারত শাসন করিয়া স্বদেশে প্রত্যাগত হন।

তাঁহার ভারত পরিত্যাগে দেশীয় প্রজাবৃন্দ বিশেষ দুঃখিত ও কাতর হন এবং তদীয় সুশাসন স্মরণ রাখিবার জন্য সকলে উদ্যোগী হইয়া তাঁহার এক অশ্বারোহী প্রতিকৃতি প্রতিষ্ঠা করেন।

স্বদেশে গমন করিয়া ১৮৩৬ খৃষ্টাব্দে তিনি গ্লাসগো নগর বাসীর পক্ষ হইতে পার্লিমেণ্ট মহাসভার হাউস অব কমন্সের সভ্য মনোনীত হন এবং ঐ পদে থাকিয়া ১৮৩৯ খৃষ্টাব্দের ১৭ই জুন তিনি ইহলোক পরিত্যাগ করেন।

বেণে (দেশজ) বণিক্, ব্যবসায়ী।

বেণ্ণা (স্ত্রী) নদীভেদ। কৃষ্ণবেণ্ণা বা বেণ্বা।

বেণ্ণিকল্লু, মান্দ্রাজ প্রেসিডেন্সীর বেল্লরী জেলার কুড়লিপি তালুকের অন্তর্গত একটী গ্রাম। এখানে ভাস্কর্য্যশিল্পসমন্বিত একটী প্রাচীন শিব মন্দির বিদ্যমান আছে।

বেণ্ণিহল্লী, মান্দ্রাজ প্রেসিডেন্সীর বেল্লরী জেলার হর্পণহল্লী তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানকার বিরূপাক্ষেশ্বর মন্দিরে পাঁচখানি শিলাফলক দৃষ্ট হয়।

বেণ্য (দেশজ) বণিক্।

বেণ্য (স্ত্রী) বিন্ধ্যপাদপ্রসূতা নদীভেদ। (মার্কপু° ৫৭।২৪)

বেণ্বা (স্ত্রী) পারিপাত্রপর্ব্বতাশ্রিতা নদীভেদ। (মার্কপু° ৫৭।২৯)

বেণ্বাতট (ক্লী) ১ বেণ বা বেণ্বানদীর তীরভূমি। ২ তত্তীরবর্ত্তী জনপদভেদ। (ভারত ২।৩১।১২)

বেণ্বাতীর্থ, বেণ্বা নদীতীরস্থ তীর্থভেদ।

বেত (পুং) বেতসলতা, বেত্র, চলিত বেত। (রাজনি°)

[বেত্র শব্দ দেখ।]

বেতং চেরুবু, মান্দ্রাজ প্রেসিডেন্সীর কর্ণুল জেলার নন্দ্যাল তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। মানচিত্রে ইহা বৈভুমচেরু বলিয়া লিখিত। এখানকার আঞ্জনেয় মন্দিরে ১৪৭০ শকে

ও ১৪৬৭ খৃষ্টাব্দে উৎকীর্ণ দুইখানি শিলাফলক দৃষ্ট হয়। ঐ গুলি বিজয়নগর-রাজ সদাশিবের রাজ্যকালে কোন রাজবংশীয় কর্ত্তৃক প্রদত্ত হইয়াছিল। এতদ্ভিন্ন গ্রামের অন্যান্য স্থানে আরও কতকগুলি শিলালিপি আছে।

বেতঙ্গা, বাঙ্গালার ফরিদপুর জেলার অন্তর্গত একটী গ্রাম। চন্দনানদী তীরে অবস্থিত। অক্ষা° ২৩° উঃ এবং দ্রাঘি° ৮৯° ৫৭´ পূঃ। এখানে চাউল ও কলায়াদি শস্যের বিস্তৃত কারবার আছে।

বেতণ্ড (পুং) ১ হস্তী, গজ। ২ তাড়নার পাত্র, যে উচ্ছৃঙ্খল-ব্যক্তিকে নিয়ত তাড়না করা কর্ত্তব্য।

বেতন (ক্লী) বী-তনন্ (বীপতিভ্যাং তনন্ উণ্ ৩।১৫০) ১ কর্ম্মদক্ষিণা, চলিত মজুরি। পর্য্যায় কর্ম্মণ্য, বিধা, ভৃত্যা, ভৃতি, ভর্ম্ম, ভরণ্য, ভরণমূল্য, নির্ব্বেশ, পণ। (অমর) বিষ্টি। (জটাধর) ২ জীবনোপায়। পর্য্যায়—আজীব, জীবন, বার্ত্তা, জীবিকা, বৃত্তি। (হেমচন্দ্র) ৩ রৌপ্য। (শব্দচ°)

বেতনভুজ্ (ত্রি) বেতনভোগী, যাহারা বেতন গ্রহণ করিয়া কাজ করে, চলিত মাহিনার চাকর।

বেতনানপাকর্ম্মন্ (ক্লী) ব্যবহার ভেদ, কৃতকর্ম্মের ভৃতিদান সম্বন্ধে নিয়ম ও ব্যবস্থা বা বিচার। ইহার স্বরূপ বিবরণ বীর-মিত্রোদয়ে এইরূপ উক্ত হইয়াছে,—

"ভৃতানাং বেতনস্যোক্তো দানাদানবিধিক্রমঃ।
বেতনস্যানপাকর্ম্ম তদ্বিবাদপদং স্মৃতম্॥" (নারদ)

'বেতনং কর্ম্মমূল্যং তস্যানপাকর্ম্ম ভৃত্যায়াসমর্পণং সমর্পিতস্য বা পরাবর্ত্তনম্।'

নারদ বলেন, ভৃত্যদিগের বেতন বা কর্ম্মমূল্যের দানাদান সম্বন্ধে যে বিধি নির্দ্দিষ্ট হইতেছে, যদি ঐ বেতনের অনপাকর্ম্ম ঘটে অর্থাৎ ভৃত্যের উচিত প্রাপ্য তাহাকে না দেওয়া হয় অথবা ভৃত্য যদি কর্ম্মস্বামীর নিকট হইতে অগ্রিমমূল্য গ্রহণ করিয়া কর্ম্মসমাপন না করে, তবে সেটী বিবাদের কারণ হইয়া উঠে।

ভৃত্যকে বেতন দিবার নিয়ম এই,—

"ভৃত্যায় বেতনং দদ্যাৎ কর্ম্মস্বামী যথাক্রমম্।
আদৌ মধ্যেঽবসানে তু কর্ম্মণো যদ্বিনিশ্চিতম্॥"

কোন নির্দ্দিষ্ট সময়ের জন্য ভৃত্যের যে বেতন অবধারিত করা হয়, তাহা সমান তিন ভাগ করিয়া যথাক্রমে কর্ম্মের আদিতে, মধ্যে ও অবসানে এক এক ভাগ অথবা ইহার যে কোন সময়ে একেবারে সমুদায় মূল্যও দেওয়া যাইতে পারে।

বেতনের কোনরূপ নির্দ্দিষ্টতা না থাকিলে তাহার ব্যবস্থা,—

"ভৃতাবনিশ্চিতায়াস্তু দশভাগমবাপ্নুয়ুঃ।
লাভং গোবীর্য্যশস্যানাং বণিগ্‌গোপকৃষীবলাঃ॥"

কর্ম্মস্বামীর সহিত বেতন সম্বন্ধে ভৃত্যের যদি কোনরূপ বিশেষ বন্দোবস্ত না থাকে, গবাদি পশুপালক ভৃত্য উহাদের দধিদুগ্ধাদির, ব্যবসায়কর্ম্মে নিযুক্ত ভৃত্য উক্ত ব্যবসায়লভ্যাংশের এবং কৃষিকারী ভৃত্য কৃষিজাত দ্রব্যের দশমাংশ প্রাপ্ত হইবে। এ সম্বন্ধে যাজ্ঞবল্ক্যও বলিয়াছেন যে,

"দাপ্যস্তু দশমং ভাগং বাণিজ্যপশুশস্যতঃ॥
অনিশ্চিত্য ভৃতিং যস্তু কারয়েৎ স মহীক্ষিতা॥" (যাজ্ঞবল্ক্য)

যে কর্ম্মস্বামী বেতনসম্বন্ধে কোন কথাবার্ত্তা ঠিক না করিয়া ভৃত্যের দ্বারা কার্য্য সম্পন্ন করিবেন, তিনি বাণিজ্য, পশুরক্ষণ ও কৃষি প্রভৃতি হইতে উৎপন্ন লভ্যাংশের দশমভাগ ঐ ভৃত্যকে দিবেন, না দিলে রাজা স্বয়ং তাহাকে উক্ত ভাগ দেওয়াইয়া দিবেন।

বৃহস্পতি বলেন, "ভক্তাচ্ছাদভৃতঃ সীরী ভাগং গৃহ্লীত পঞ্চমং। জাতশস্যাভিভাগন্তু প্রগৃহ্লীয়াদথাহভৃতঃ॥"

কৃষক যদি প্রভুর নিকট অন্নাচ্ছাদন পাইয়া ক্ষেত্রকর্ষণাদি করে তাহা হইলে কৃষিজাতদ্রব্যের পঞ্চম ভাগ এবং যদি তাহা না পাইয়া কার্য্য করে, তবে তৃতীয়াংশ পাইবে।

বেতনের এইরূপ অনির্দ্দিষ্টতা থাকিলে তাহাকে প্রাগকৃতা বলে, যথা—

"সমুদ্রযানকুশলা দেশকালার্থদর্শিনঃ।
নিযচ্ছেয়ুর্ভৃতিং যান্তু সা স্যাৎ প্রাগকৃতা তদা॥" (বৃদ্ধমনু)

বৃদ্ধমনু বলেন, বৈদেশিক ব্যবসায়াভিজ্ঞ দেশকালতত্ত্বজ্ঞ কর্ম্ম-স্বামী [ভৃত্যের সহিত কোনরূপ বন্দোবস্ত না থাকিলেও স্বয়ং বিবেচনা পূর্ব্বক] ভৃত্যকে যে কর্ম্মমূল্য প্রদান করেন, তাহার নাম প্রাগকৃতা ভৃতি।

সময় বা কার্য্যানুসারে বেতন নির্দ্ধারিত থাকিলেও কোন কোন স্থলে তাহার ন্যূনাধিক হইয়া থাকে, এ সম্বন্ধে যাজ্ঞবল্ক্য বলিয়াছেন,—

"দেশং কালঞ্চ যোঽতীয়াৎ লাভং কুর্য্যাচ্চ যোঽন্যথা।
তত্র স্যাৎ স্বামিনশ্ছন্দোঽধিকং দেয়ং কৃতেঽধিকে॥"
(যাজ্ঞবল্ক্য)

যে ভৃত্য স্বামীর অনুমতি ব্যতিরেকে স্বতন্ত্রভাবে বাণিজ্যাদি-কর্ম্মে বহুফলাকাঙ্ক্ষায় প্রভুর আদিষ্ট দেশ ও কালকে অতিক্রম করে, কিন্তু সময় কালে ক্ষতিগ্রস্ত হইয়া ফিরিয়া আসে, স্বামী ইচ্ছা করিলে ঐ ভৃত্যকে তাহার নির্দ্দিষ্ট বেতন অপেক্ষা কিঞ্চিৎ কম দিতে পারেন এবং যদি কোন ভৃত্য ঐরূপ অবস্থায় কিছু লাভ করিয়া আসিতে পারে, তবে স্বামী স্বেচ্ছানুসারে তাহাকে বেতন অপেক্ষা আরও কিছু বেশী দিতে পারেন।

গৃহনির্ম্মাণ প্রভৃতি বহুজনসাধ্য কর্ম্ম যদি কতকগুলি

লোককে মোটের উপর এরূপভাবে একটা ফুরাইয়া দেওয়া যায় যে, তাহাতে সময়ের কোন নির্দ্দিষ্টতা না থাকে এবং উহাদিগের কোন ব্যক্তি কার্য্য করিয়া ব্যাধ্যাদিবশতঃ উহা শেষ করিয়া দিতে না পারে, তাহা হইলে তাহাকে মধ্যস্থ কর্ত্তৃক মীমাংসিত বেতন দেওয়াই কর্ত্তব্য; কার্য্য শেষ করিয়া দিতে পারিল না বলিয়া উহাকে একেবারে নৈরাশ করা উচিত নহে এবং উহার দলের অন্য যাহারা কার্য্য সমাধা করিয়া দিয়াছে, তাহাদের সহিত সে সমান ভাগে পাইতে পারে না, কিন্তু ঐ সম্পন্নকারীরা স্বামিনির্দ্দিষ্ট কর্ম্ম মূল্য হইতে অসম্যক্ কর্ম্মকারীর জন্য মধ্যস্থনিরূপিত অংশ বাদ দিয়া বাকী অংশ সকলেই সমান ভাগে পাইবে, যদিও উহাদের মধ্যে শারীরিক বলাধিক্য বা কার্য্যকুশলতা প্রযুক্ত কেহ কেহ অধিক কাজ করিয়া থাকে তজ্জন্য তাহারা ভাগ বেশী পাইবে না। এ সম্বন্ধেও যাজ্ঞবল্ক্য বলিয়াছেন,—

"যো যাবৎ কুরুতে কর্ম্ম তাবৎ তস্য তু বেতনম্।
উভয়োরপ্যসাধ্যং চেৎ সাধ্যে কুর্য্যাৎ যথাশ্রুতম্॥" (যাজ্ঞবল্ক্য)

যদি কোন কার্য্য দুইটী লোকেরও করা অসাধ্য হয়, তাহা হইলে তাহাতে যে কয়েকটী লোকের আবশ্যক, তাহাই নিযুক্ত করিতে হইবে এবং উহাদের মধ্যে যে যাবৎ কাল কাজ করিবে তাহাকে তদনুরূপ বেতন দিতে হইবে।

বৃহস্পতি বলিয়াছেন, অগ্রে কর্ম্মমূল্য গ্রহণ পূর্ব্বক সামর্থ্য থাকিতেও ভৃত্য যদি কর্ম্ম শেষ করিয়া না দেয়, তবে সে স্বামীকে গৃহীত বেতনের দ্বিগুণ ফেরত দিবে, সহজে না দিলে রাজা ফেরত দেওয়াইয়া দিবেন।

"গৃহীতবেতনঃ কর্ম্ম ন করোতি যদা ভৃতঃ।
সমর্থশ্চেদ্দমং দাপ্যো দ্বিগুণং তচ্চ বেতনম্॥" (বৃহস্পতি)

এ সম্বন্ধে নারদ এবং যাজ্ঞবল্ক্যও ঐ রূপ দ্বিগুণ দেওয়ায় ব্যবস্থা করিয়াছেন যথা,—

"ভৃতিং গৃহীত্বাঽকুর্ব্বাণো দ্বিগুণাং ভৃতিমাবহেৎ।" (নারদ)
"গৃহীতবেতনঃ কর্ম্ম ত্যজন্ দ্বিগুণমাবহেৎ।" (যাজ্ঞবল্ক্য)

কর্ম্মমূল্য যাবদ কিছু গ্রহণ করুক বা না করুক যদি কোন ভৃত্য কর্ম্মশেষ করিয়া দিব এইরূপ প্রতিশ্রুত হয় এবং তাচ্ছিল্য বশতঃ সেই কাজ না করে, বা মূল্য লইয়া থাকিলে তাহা ফেরত দিয়া যায়, তাহা হইলে রাজদ্বারে সে দুই শত কাহণ দণ্ড দিতে বাধ্য।

"প্রতিশ্রুত্য ন কুর্য্যাদ্ যঃ স কার্য্যঃ স্যাদ্বলাদপি।
স চেন্ন কুর্য্যাৎ তৎ কর্ম্ম প্রাপ্নুয়াৎ দ্বিশতং দমম্॥"
(বৃদ্ধমনু ও বৃহস্পতি)

ভগবান্ মনুও এ সম্বন্ধে দণ্ডের কথা উল্লেখ করিয়াছেন, যথা—

"ভৃতোঽনার্ত্তো ন কুর্য্যাদ্যো দর্পাৎ কর্ম্ম যথোদিতম্।
স দণ্ড্যঃ কৃষ্ণলাগ্রষ্টৌ ন দেয়ং চাস্য বেতনম্॥" (মনু ৮।২১৫)

ভৃত্য সুস্থ অবস্থায় থাকিয়াও যদি অবজ্ঞা করিয়া স্বপ্রবর্ত্তিত কর্ম্ম না করে, তাহা হইলে তাহাকে অষ্ট কৃষ্ণল অর্থাৎ চব্বিশ যব পরিমিত সুবর্ণ দণ্ড দিতে হইবে এবং সে তদীয় আরব্ধ কার্য্যের জন্য কোন রূপ বেতন পাইবে না।

কোন কর্ম্ম আরম্ভ করিয়া তাহা শেষ না করিলে যে ভৃত্যকে দণ্ডনীয় হইতে হয়, নিম্নোক্ত কাত্যায়ন বচনেও তাহার আভাস পাওয়া যায়, যথা—

"কর্ম্মারম্ভং তু যঃ কৃত্বা সিদ্ধিং নৈব তু কারয়েৎ।
বলাৎ কারয়িতব্যোঽসাবকুর্ব্বন্ দণ্ডমর্হতি॥" (কাত্যায়ন)

অঙ্গীকৃত কর্ম্মের স্বল্প কিঞ্চিৎ অবশেষ থাকিতেও যদি কোন ভৃত্য উক্তরূপ তাচ্ছিল্য প্রকাশপূর্ব্বক কর্ম্মপরিত্যাগ করে, তাহা হইলে সেও কৃতকর্ম্মের মূল্য পাইতে অধিকারী হইবে না। এ সম্বন্ধে মনুসংহিতায় উল্লিখিত হইয়াছে যে, আরব্ধ কার্য্যের অল্প কিছু শেষ থাকিতে ভৃত্য যদি রুগ্ন হয় তাহা হইলে সেই অবস্থায় অন্য কাহারও দ্বারা বা নিজে সুস্থ হইয়া সেই কর্ম্ম সম্পন্ন করিয়া না দেয় তবে সে তাহার প্রাপ্য বেতনও পাইতে পারে না।

"যথোক্তমার্ত্তঃ স্বস্থো বা যত্তৎ কর্ম্ম ন কারয়েৎ।
ন তস্য বেতনং দেয়মল্পোনস্যাপি কর্ম্মণঃ॥" (মনু ৮।২১৭)

কর্ম্ম সমাধানে অঙ্গীকৃত ভৃত্য যদি পীড়িত হইয়া নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কার্য্য সমাধা করিতে না পারিয়া রোগান্তে সুস্থ অবস্থায় সেই কাজ সম্পন্ন করে, তাহা হইলে কর্ম্মস্বামী ঐ কালাত্যয় জন্য ক্ষতি মনে করিলেও তাহার উপযুক্ত বেতন দিতে বাধ্য। নিম্নোদ্ধৃত মনুসংহিতার বচনেও ইহা বিশেষ রূপে প্রমাণিত হইতে পারে; যথা—

"আর্ত্তস্তু কুর্য্যাৎ স্বস্থঃ সন্ যথাভাষিতমাদিতঃ।
স দীর্ঘস্যাপি কালস্য তল্লভেতৈব বেতনম্॥" (মনু ৮।২১৬)

যদি কোন ভৃত্য কেবল মাত্র নির্দ্দিষ্ট সময়ের জন্য অর্থাৎ ১।২। ৩।৫।৬ ইত্যাদি সংখ্যক মাস কি বৎসর পর্য্যন্ত একাদিক্রমে থাকিব এবং যে সময়ে যে কাজ উপস্থিত হয় তখন তাহা করিব, এইরূপ বন্দোবস্তে থাকে ও কিয়দ্দিবসান্তে অকারণ নিজের ইচ্ছামতে কার্য্য ত্যাগ করিয়া চলিয়া যায় তাহা হইলে ঐ ভৃত্যকে কৃত কর্ম্মের মূল্যত্যাগ এবং রাজদ্বারে শত পণ (সওয়াছয় কাহণ) দণ্ড দিতে হইবে।

"ভৃতকশ্চাপূর্ণে কালে ত্যজন্ সকলমেব মূল্যং জহ্যাৎ রাজ্ঞে চ পণশতং দদ্যাদিতি" (বিষ্ণু)

নারদ বলেন যদি উক্ত ভৃত্য প্রভুর নিষ্ঠুর ব্যবহারে চলিয়া যায় তাহা হইলে সে অবশ্য তাহার কৃত কর্ম্মের মূল্য পাইবে, যথা—

"স্বামিদোষাদপক্রামন্ যাবৎকৃতমবাপ্নুয়াৎ।" (নারদ)

নিম্নোক্ত বিষ্ণুবচনেও প্রায় ঐরূপ প্রতিপন্ন হয়, যথা—

"স্বামী চেদ্‌ভৃতকমপূর্ণে কালে জহ্যাৎ তস্য সর্ব্বমেব মূল্যং দদ্যাদিতি" (বিষ্ণু)

বৃহৎমনুতে উক্ত হইয়াছে, দৈবোপঘাত অর্থাৎ চৌরাপহরণ, অগ্নিদহন বা জলমজ্জন প্রভৃতি কারণ ভিন্ন ভৃত্যের অনবধানতা বশতঃ যদি স্বামীর দ্রব্যাদি নষ্ট হয়,তাহা হইলে ভৃত্য প্রভুকে সেই দ্রব্যের উচিত মূল্য দিতে বাধ্য ; আর যদি ভৃত্য জ্ঞাতসারে দ্রোহ বশতঃ ঐরূপ নষ্ট করে, তাহা হইলে তাহাকে দ্রব্যের দ্বিগুণ মূল্য দিতে হইবে।

"প্রমাদান্নাশিতং দাপ্যঃ সমং দ্বির্দ্রোহনাশিতং।
ন তু দাপ্যো হতঞ্চৌরৈর্দগ্ধমূঢ়ং জলেন বা।" (বৃহৎ মনু)

বিষ্ণুবচনেও এ বিষয়ের অভিব্যক্তি আছে, যথা—

"তদ্দোষেণ যদ্বিনশ্যেৎ স্বামিনে দেয়মন্যত্র দৈবোপঘাতাদিতি।"

সাধারণতঃ সক্তুকাদি খাদ্য দ্রব্যের ভারবাহী যদি নিজের দোষে ঐ সক্তু ভাণ্ডাদি নষ্ট করে, তবে তাহাকেও পূর্ব্বোক্ত রূপে স্বামীর নিকট দণ্ডনীয় হইতে হয় অর্থাৎ যথোক্ত রূপে প্রভুকে দ্রব্যের সমান বা দ্বিগুণ মূল্য দিতে হয়। কিন্তু যদি যুদ্ধোপকরণীয় দ্রব্যের ভারবাহিগণ অনবধানতা, ঔদাস্য, দ্রোহ বা স্বেচ্ছাচারিতা প্রযুক্ত ঐ সকল দ্রব্য নষ্ট কিম্বা উপযুক্ত সময়ে যথা নির্দ্দিষ্ট স্থানে গমন করিতে ত্রুটি করে, তাহা হইলে তাহাদিগকে সর্ব্বথাই দ্বিগুণ দিতে হইবে, তবে পূর্ব্বোক্ত দৈবোপঘাত বা বিপক্ষ রাজা কর্ত্তৃক প্রতিহত হইলে উহারা কোন রূপ দায়ী হইবে না। এ বিষয় নারদ ও কাত্যায়ন বচন দ্বারাও বিশেষ প্রমাণিত হইতে পারে, যথা—

"বিঘ্নং যো বাহকো দাপ্যঃ প্রস্থানে দ্বিগুণাং ভৃতিং॥" (কাত্যায়ন)

'ইত্যত্র বাহকগ্রহণং প্রদর্শনার্থং ন তু বিবক্ষিতস্তেনায়ুধীয়াদেযুর্দ্ধ-বিঘ্নকারিণোঽপ্যেতদিতি মন্তব্যম্।" অতএব নারদঃ "দ্বিগুণাং তু ভৃতিং দাপ্যঃ প্রস্থানে বিঘ্নমাচরন্" ইতি সামান্যেনোক্তবান্।"

ব্যাপার বাণিজ্য প্রভৃতি কোন বিশেষ কার্য্য বশতঃ স্থানান্তরে গমনোদ্যুক্ত প্রভুর সহিত তথায় যাইবে বলিয়া অঙ্গীকৃত ভারবাহী ভৃত্য যদি সুস্থ অবস্থায় থাকিয়া সময় কালে না যায় এবং তাহাতে প্রভু সহায়ান্তরবিহীন হন, তাহা হইলে ঐ ভৃত্য প্রভুকে স্বীয় প্রাপ্তব্য বেতনের সপ্তমাংশ, কিছু দূর গিয়া প্রত্যাবর্ত্তন করিলে চতুর্থাংশ এবং অর্দ্ধ পথ পর্য্যন্ত গিয়া প্রভুকে ফেলিয়া আসিলে সম্পূর্ণাংশ দণ্ড দিতে বাধ্য ; কিন্তু প্রভুও যদি সেই সময়ে ভৃত্যকে অকারণ ত্যাগ করেন, তবে তিনিও তাহাকে তদীয় বেতনের ঐ ঐ রূপ অংশ দিয়া বিদায় করিতে বাধ্য।

"প্রক্রান্তে সপ্তমং ভাগং চতুর্থং পথি সন্ত্যজন্।
ভৃতিমর্দ্ধপথে সর্ব্বাং প্রদাপ্যস্ত্যাজকোঽপি চ॥" (যাজ্ঞবল্ক্য)

বৃহৎমনুতে উক্ত হইয়াছে যে, কিছু দূর গিয়া স্বামী দ্রব্য যদি বিক্রয় শেষ হওয়ায় তিনি ভৃত্যকে ত্যাগ করেন, তাহাহইলে উহাকে তদীয় বেতনের [উক্তরূপ চতুর্থ ভাগ না দিয়া] অর্দ্ধেক দিবেন, যথা—

"পথি বিক্রীয় তদ্‌ভাণ্ডং বণিক্‌ভৃত্যং ত্যজেদ্ যদি।
অথ তস্যাপি দেয়ং স্যাৎ ভৃতেরর্দ্ধং লভেত সঃ॥" (বৃহৎমনু)

নিম্নোক্ত কাত্যায়ন বচনে প্রতীতি হয় যে, পথে রাজবিপ্লবে প্রতিহত বা চৌরাদি কর্ত্তৃক ভাণ্ড অপহৃত হইলে, বাহক গন্তব্য স্থানের যতটা পথ গিয়াছে তদনুরূপ বেতন পাইবে।

"যদা চ পথি যদ্‌ভাণ্ডং আরুদ্ধ্যেত হ্রিয়েত বা।
যাবানধ্বা গতস্তেন প্রাপ্নুয়াৎ তাবতো ধনম্॥" (কাত্যায়ন)

দ্রব্যসম্ভারবহনার্থ পরকীয় যান বাহন অর্থাৎ নৌকা, শকট, অশ্ব, উষ্ট্র, গর্দ্দভ, বলীবর্দ্দ প্রভৃতি (ভাড়া লওয়া) বা দেওয়ার প্রথাও ভৃতি বা কর্ম্মমূল্যের মধ্যে পরিগণিত হওয়ায় তৎসম্বন্ধেও কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে।

কাহার নিকট হইতে যানবাহন ভাড়া লইব বলিয়া তাহার মূল্যাদি স্থির করিয়া অবশেষে যদি তাহা না লওয়া যায়, তাহা হইলে ভাড়াটিয়া যানস্বামীকে স্বীকৃত মূলের চতুর্থ ভাগ দিতে বাধ্য এবং যদি অর্দ্ধপথ পর্য্যন্ত গিয়া যানাদি ত্যাগ করেন, তবে তিনি উহার নিকট স্বীয় কথিত মূল্যের সম্পূর্ণাংশের দায়ী।

"অনয়ন্ ভাটয়িত্বা তু ভাণ্ডয়ন্ যানবাহনম্।
দাপ্যো ভৃতিচতুর্ভাগং সর্ব্বামর্দ্ধপথে ত্যজন্॥" (নারদ)

কোন নির্দ্দিষ্ট সময়ের জন্য যানবাহনাদি ভাড়া লইয়া যদি তাহা কোন কার্য্যে ব্যবহৃত নাও হইয়া থাকে এবং ব্যবহৃত হইলে ঐ সকল যানাদি উপযুক্ত সময়ে তৎ তৎ স্বামীকে ফেরত দেওয়া না হয়, তাহা হইলে আনয়ন দিবস অবধি যতদিন পরে উহা প্রত্যর্পণ করা হইবে আদ্যোপান্ত ততদিনের মূল্য ভাটকগৃহীতাকে দিতে হইবে। (কাত্যায়ন ও বৃদ্ধমনু)

পরের ভূমিতে গৃহনির্ম্মাণ করিয়া ভূস্বামীকে যথানির্দ্দিষ্ট ভাড়া দিয়া বাস করিলে কিছু দিন পরে যদি স্বেচ্ছায় বা কোন কারণ বশতঃ তথা হইতে প্রস্থান করিতে হয়, তবে তৃণ, কাষ্ঠ, ইষ্টক প্রভৃতি গৃহোপকরণাদি স্বয়ং লইয়া যাওয়া যায়, কিন্তু যতদিন ঐ স্থানে বাস করা হইয়াছে, ততদিনের মধ্যে যদি ভূম্যধিকারীকে কোন ভাড়া দেওয়া না হইয়া থাকে, তাহা হইলে ঐ সকল দ্রব্য তাঁহাকে দিয়া যাইতে হইবে।

"পরভূমৌ গৃহং কৃত্বা স্তোমং দত্ত্বা বসেৎ তু যঃ।
স তদ্‌গৃহীত্বা নির্গচ্ছেৎ তৃণকাষ্ঠেষ্টকাদিকম্॥

স্তোমাদ্বিনা বসিত্বা তু পরভূমাবনিশ্চিতম্।
নির্গচ্ছংস্তৃণকাষ্ঠানি ন গৃহ্ণীয়াৎ কথঞ্চন॥" (নারদ)

ভাড়া দেওয়া স্বীকার করিয়া ভাণ্ডাদি স্বগৃহে আনয়ন কালে বা ভাণ্ড স্বামীকে ফেরত দেওয়ার কালে ঐ ভাণ্ডগুলির পরস্পর সংঘর্ষ ভিন্ন যদি অন্য কোন কারণে উহার একদেশ কিম্বা সম্পূর্ণ অংশ নষ্ট হয়, তাহা হইলে ভাটকদাতাকে সমতুল্য ভাণ্ড বা তদুপযুক্ত মূল্য দিতে হইবে।

"গৃহীতুরাহরেদ্‌ভগ্নং নষ্টঞ্চান্যত্র সংপ্লবাৎ।" (নারদ)

ভৃত্য প্রভুর আজ্ঞায় অপরাধ করিয়া রাজদ্বারে অর্থদণ্ডে দণ্ডিত হইলে প্রভু সেই অপরাধ নিজের ভাবিয়া ঐ অর্থ পূরণ করিবেন। (বৃহস্পতি)

বৃহস্পতি বলিয়াছেন, ভৃত্য কার্য্য শেষ করিয়া দিলেও যদি স্বামী তাহার প্রাপ্য উপযুক্ত বেতন না দেন, তবে রাজা তাহা দেওয়াইয়া দিবেন।

নারদ বলিয়াছেন, বারাঙ্গণাগণ শুল্ক গ্রহণান্তে অনিচ্ছা প্রকাশ করিলে দ্বিগুণ দণ্ডিত হইবে এবং শুল্কদাতা যদি শুল্ক প্রদানানন্তর অনিচ্ছা প্রকাশ করেন, তাহা হইলে তিনি স্বীয় প্রদত্ত মূল্য আর ফেরত পাইবেন না, আবার তিনি যদি শুল্ক না দিয়া আরও তাহার সহিত বিশেষরূপ কঠোর ব্যবহার করেন, তবে তাঁহাকে নির্দ্দিষ্ট শুল্কের আটগুণ দণ্ড এবং উহার নিকট ক্ষমা প্রার্থনা করিতে হইবে।

"শুল্কং গৃহীত্বা পণ্যস্ত্রী নেচ্ছন্তী দ্বিগুণং বহেৎ।
অনিচ্ছন্ শুল্কদাতাপি শুল্কহানিমবাপ্নুয়াৎ॥
অপ্রযচ্ছন্নথো শুল্কমনুভূয় পুমান্ স্ত্রিয়ং।
অক্রমেণ তু সঙ্গচ্ছেৎ ঘাতদন্তনখাদিভিঃ॥
অযোনৌ যঃ সমাক্রামেৎ বহুভির্ব্বাপি বাসয়েৎ।
শুল্কং সোঽষ্টগুণং দাপ্যো বিনয়ং তাবদেব তু॥" (নারদ)

মৎস্যপুরাণে লিখিত আছে, পণ্যস্ত্রী একজনের নিকট হইতে বেতনগ্রহণ করিয়া লোভপরবশে স্থানান্তর গমন করিলে তাহাকে রাজার নিকট দণ্ড এবং গৃহীত শুল্ক ফেরত দিতে হইবে।

যদি কেহ কোন বারাঙ্গণাকে প্রতারণাপূর্ব্বক একজনের কথা বলিয়া অন্যের নিকট লইয়া যায়, তাহা হইলে সে রাজদ্বারে দ্বাদশ রতি পরিমিত সুবর্ণ দণ্ড দিবে, আর ঐরূপ লইয়া গিয়া যদি তাহার শুল্ক পর্য্যন্তও না দেয়, তবে সে রাজাকে এবং তাহাকে কথিত বেতনের দ্বিগুণ দণ্ড দিতে বাধ্য।

বারস্ত্রী হইলেও যদি তাহাদের একটির উপর বহু লোক গিয়া যুগপৎ অত্যাচার করে, তবে তাহারা প্রত্যেকেই পৃথক্‌পৃথক্ ভাবে রাজা এবং তাহাকে তন্নিরূপিত শুল্কের দ্বিগুণ পরিমাণে দিবে। (মৎস্যপুরাণ)

বেতনা, বাঙ্গালার ২৪ পরগণা জেলায় প্রবাহিত একটী ক্ষুদ্র নদী। ইহা বুধাটা নামেও পরিচিত।

বেতনা, বাঙ্গালার দিনাজপুর জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম।

বেতনিন্ (ত্রি) বেতনগ্রাহী। (ভারত বনপর্ব্ব)

বেতমঙ্গলা, দাক্ষিণাত্যের মহিসুর রাজ্যের কোলার জেলার অন্তর্গত একটী তালুক। ভূপরিমাণ ২৬০ বর্গ মাইল। পালার নদী এই উপবিভাগের মধ্য দিয়া প্রবাহিত হইয়া, তালুকের সদর বাউরিংপেট নগরের নিকটে রামসাগর হ্রদ সংগঠন করিয়াছে। এই উপবিভাগের পশ্চিমে স্বর্ণময়ীভূমি এবং মার্কুপম্ গ্রামের নিকটে স্বর্ণখনি আছে। ইহার দক্ষিণসীমায় পূর্ব্বঘাট পর্ব্বতমালা স্পর্শ করিয়াছে।

২ উক্ত উপবিভাগের অন্তর্গত একটী গ্রাম। পালার নদীর দক্ষিণকূলে কোলার হইতে ১৮ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। অক্ষাং ১৩°১´ উঃ এবং দ্রাঘিং ৭৮°২২´৩০´´ পূঃ। এই স্থানটী অতি প্রাচীন। প্রবাদ, কোন চোলরাজ এই নগর প্রতিষ্ঠা করেন। এক্ষণে আর নগরের সে পূর্ব্ব সৌন্দর্য্য নাই। ১৮১৪ খৃষ্টাব্দে বাউরিংপেট নগরে উপবিভাগের বিচারসদর স্থানান্তরিত হওয়ায় এবং রেলপথ বিস্তারের সঙ্গে সঙ্গে নগরবাসীরা দেশ ছাড়িয়া কার্য্যোপলক্ষে স্থানান্তরে যাওয়ায় নগরটী এখন একটী গণ্ডগ্রামে পরিণত হইয়াছে।

বেতবোলু, মান্দ্রাজ প্রেসিডেন্সীর কৃষ্ণা জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। নন্দিগ্রাম তালুক সদর হইতে ১৫ মাইল উত্তর পশ্চিমে অবস্থিত। এই নগরের নিকটবর্ত্তী শৈলোপরি যে সুবৃহৎ ধ্বংসাবশেষ পতিত রহিয়াছে, তাহার গঠনপ্রণালী পর্য্যালোচনা করিলে উহাকে একটী বৌদ্ধস্তূপ বলিয়াই মনে হয়। উহার ব্যাস প্রায় ৬৬ ফিট এবং চতুষ্পার্শ্ব ভাস্করশিল্পবহুল মর্ম্মরপ্রস্তর বিমণ্ডিত। তাহার চতুঃপার্শ্বে প্রাচীন সমাধিসমূহের উপর বহু সংখ্যক প্রস্তরনির্ম্মিত চক্র নিপতিত আছে। একটী চক্র উত্তোলন করিয়া তদ্‌গর্ভ মধ্যে একটী অশ্বের কতকগুলি অস্থি পাওয়া যায়। তদ্দৃষ্টে অনুমান হয় যে, সমাধির পূর্ব্বে অশ্বটীকে দ্বিখণ্ড করিয়া গর্ত্ত মধ্যে প্রোথিত করা হইয়াছিল, যেহেতু অশ্বের মস্তকের অস্থিগুলি স্থানান্তরে রক্ষিত হইয়াছে এবং ঐ গর্ত্তের চারি কোণে চারিটী সুবৃহৎ পাত্র রক্ষিত আছে। অশ্বের ঐ অস্থিগুলি এক্ষণে অক্সফোর্ড নগরীর Ashmolean Museum গৃহে রক্ষিত আছে।

বেতস (পুং) বে (বেঞস্তট্চ। উণ ৩,৪৪৮) ইতি অসচ্, তুড়াগমশ্চ। স্বনামখ্যাত পত্রশাকলতা, চলিত বেতগাছ। মহারাষ্ট্র—বেড়িস্থ, কলিঙ্গ—বেতপু, তৈলঙ্গ—জীতমুরকুলী। সংস্কৃত পর্য্যায়—রথ, অম্লপুষ্প, বিদুল, শীত, বানীর, বঞ্জুল, প্রিয়,

গন্ধপুষ্প, রথাভ্র, বেতসী, নিচুল, দীর্ঘপত্রক, কলম, মঞ্জরী, নম্র, সুষেণ, গন্ধপুষ্পক। গুণ—স্বাদু, কটু, শীতল, ভূত, রক্ত, পিত্তোদ্ভব রোগ, ও কুষ্ঠদোষনাশক। (রাজনি°) ইহার ফলগুণ বাতনাশক, অম্লপিত্ত ও শ্লেষ্মদোষবারক। শাকগুণ—কটু, তিক্ত, অম্ল ও অধোমার্গপ্রবর্ত্তক। (চরক সূত্র° ২৩ অ°) ২ জলবেতস। পর্য্যায়—নিকুঞ্জক, পরিব্যাধ, নাদেয়। গুণ—শীতল, সংগ্রাহী, ও বাতবর্দ্ধক। (ভাবপ্র°) ৩ জলজাত অগ্নি, বড়বাগ্নি।

"হিরণ্ময়ো বেতসো মধ্য আসাম্" (ঋক্ ৪।৫৮।৫)

'বেতসোঽপ্সম্ভবোঽগ্নিঃ' (সায়ণ)

বেতসক (পুং) জনপদভেদ। (ভারত দ্রোণপর্ব্ব)

বেতসকীয় (ত্রি) বেত্রবৃক্ষসম্বন্ধীয় বা তদ্ভব।

বেতসপত্রক (স্ত্রী) ব্যধনার্থক শস্ত্র বিশেষ। সুশ্রুতে এই শাস্ত্রের উল্লেখ আছে। (সুশ্রুত সূত্রস্থা° ৮ অ°)

"তীক্ষ্ণমঙ্গুলবিস্তারং চতুরঙ্গুলমায়তং।
অঙ্গুলানি চ চত্বারি বৃত্তকার্য্যং বিজানতা॥"(সুশ্রুতটীকা ভোজ)

এই শস্ত্রের বিস্তার এক আঙ্গুল, দৈর্ঘ্য চারি আঙ্গুল এবং বৃত্তও চারি আঙ্গুল, এবং ইহা অতিশয় তীক্ষ্ণ।

বাগ্‌ভটের টীকায় অরুণদত্ত ব্যাখ্যা করিয়াছেন, এই শস্ত্র বেতসপত্রাকার, ষড়ঙ্গুলপরিমাণ এবং ইহা ব্যধনকার্য্যে ব্যবহার্য্য। "বেতসংব্যধনে" (বাগ্‌ভটসূত্র° ২৬ অ°) 'বেতসং বেতসপত্রাকারং শস্ত্রং ষড়ঙ্গুলং পূর্ব্বোক্তফলং তচ্চ ব্যধনে যোজ্যম্'(অরুণদত্ত)

বেতসাম্ল (পুং) বেতসপ্রধানোঽম্লঃ। অম্লবেতস। (জটাধর)

বেতসিনী (স্ত্রী) নদীভেদ। (বায়ুপুরাণ)

বেতসী (স্ত্রী) বেতস। (শব্দরত্না°)

বেতসু (পুং) অসুরভেদ। (ঋক্ ৬।২০।৮ সায়ণ)

বেতস্বৎ (ত্রি) বেতসাঃ সন্ত্যত্র (কুমুদনড়বেতসেভ্যো ড্‌মতুপ্। পা ৪।২।৮৭) ইতি ড্‌মতুপ্। মাদুপধায়াঃ। ইতি মস্য বত্বং (পা ৮।২।৯)। ১ বেতসলতাবহুল দেশ। (অমর) ২ নগরভেদ। (পঞ্চবিংশব্রা° ২১।২৪।২০)

বেতা (স্ত্রী) বেতন। (হলায়ুধ ৪।৪৩)

বেতাক্ [গ্] (দেশজ) ১ লক্ষ্যভ্রষ্ট। ২ বেমর্ম্ম, উদ্দেশ্য বা লক্ষ্য উপযুক্ত বিষয়ের ন্যায় না হওয়া।

বেতাগ (দেশজ) ১ বেত্রাগ্র। ইহা অরুচিরোগগ্রস্তের মুখরোচক ও তিক্তাস্বাদবিশিষ্ট। সাধারণে ইহা ভাতের মধ্যে সিদ্ধ বা অগ্নিতে দগ্ধ করিয়া সর্ষপ তৈলযোগে ভক্ষণ করিয়া থাকে।

বেতাগড়ি, বাঙ্গালার রঙ্গপুর জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। স্থানীয় উৎপন্ন দ্রব্যের বাণিজ্যকেন্দ্র। অক্ষা° ২৫° ৫২´ উঃ দ্রাঘি° ৮৯°১১´ পূঃ। এখানে প্রধানতঃ চাউল, তামাক, 'উত্তরে চট' ও পাট বিক্রয়ার্থ আমদানী হইয়া থাকে।

বেতাগাঁও, অযোধ্যা প্রদেশের রায়বরেলী জেলার অন্তর্গত একটী গ্রাম। ইহা ভিতরগাঁও নগরের একাংশ। এখানে অন্নদা দেবীর মন্দির আছে। প্রতি বৎসর দেবীমন্দিরের সমক্ষে একটী মেলা হয়। [ভিতরগাঁও দেখ।]

বেতান (দেশজ) বেত্রাঘাতকরণ।

বেতাল (পুং) ১ দ্বারপালক। (শব্দরত্না°) ২ ভূতাধিষ্ঠিত শব। (অমর°) ৩ মল্লভেদ। (ভরত) ৪ শিবগণাধিপ বিশেষ।

বেতাল, পুরাণোক্ত ভূতযোনিবিশেষ। বেতাল ভূতের প্রধান। সমাধি স্থলে বা যেখানে শবদেহ রক্ষিত হয় সেই সেই স্থানেই বেতালের আগমন ঘটিয়া থাকে। প্রবাদ, মহারাজ বিক্রমাদিত্য কোন যোগীর প্ররোচনায় প্রান্তরস্থিত বৃক্ষে স্থাপিত রাজা চন্দ্রকেতুর শব আনয়নার্থ গমন করেন। এই স্থানে বেতালের সহিত রাজার সাক্ষাৎ হয়। বেতালের কএকটী প্রশ্নের সদুত্তর দান করায় বেতাল রাজার প্রতি প্রীত হন এবং বলেন হে রাজন্, বিপদে পড়িয়া আপনি যেখানে আমাকে স্মরণ করিবেন আমি সেইখানেই আপনার সহায়তা করিব। এই ঘটনার পর হইতে রাজা তালবেতাল সিদ্ধ হন এবং তাহাদের সাহায্যে অনেক অলৌকিক কার্য্য সম্পন্ন করেন।

বেতালকবচ, ধারণীয় মন্ত্রৌষধ ভেদ। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ইহার উল্লেখ আছে।

বেতালগ্রহ (পুং) ভূতগ্রহ বিশেষ। এই গ্রহাবিষ্টের লক্ষণ—

"গন্ধমাল্যরতিং সত্যবাদিনং পরিবেপিনং।
বহুছিদ্রঞ্চ জানীয়াৎ বেতালেন বশীকৃতম্॥"
(বাভট উত্তরস্থা° ৪ অ°)

বেতালগ্রহাবিষ্ট লোকের গন্ধমাল্যাদিতে অত্যন্ত আসক্তি জন্মে; উহারা সত্যবাদী, কম্পযুক্ত এবং বহুদোষদুষ্ট হয়।

বেতালপঞ্চবিংশতি, এক খানি অতি উপাদেয় সংস্কৃত গ্রন্থ। বেতাল ও রাজা বিক্রমাদিত্যের প্রশ্নোত্তরগুলি ২৫টী বিভিন্ন গল্পাকারে লিখিত হইয়া বেতালপঞ্চবিংশতি আখ্যা লাভ করিয়াছে। জম্ভলভট্ট ইহা প্রথমে রচনা করেন বলিয়া সাধারণের বিশ্বাস। ক্ষেমেন্দ্র (বৃহৎকথামঞ্জরীতে), বল্লভ, শিবদাস ও সোমদেব (কথাসরিৎসাগরে) এই গল্প স্বতন্ত্র রচনা করিয়া গিয়াছেন। হিন্দিভাষায় ইহা বেতালপঁচিশি নামে পরিচিত। ভারতের প্রায় সকল ভাষায় এই গল্প অনূদিত হইয়াছে। বেঙ্কটভট্টবিরচিত বেতালবিংশতি নামে এইরূপ আর একখানি গ্রন্থ পাওয়া যায়।

বেতাল ভট্ট (পুং) রাজা বিক্রমাদিত্যের নবরত্নের এক রত্ন।

"ধন্বন্তরিক্ষপণকামরসিংহশঙ্কু-
বেতালভট্টঘটকর্পরকালিদাসাঃ।

খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং,
রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য ॥" (নবরত্নশ্লোক)

ইনি এক কবি বলিয়া পরিচিত। নীতিপ্রদীপ নামক গ্রন্থ রচয়িতা। বেতাল ভট্ট ও নবরত্ন শ্লোকের বেতাল ভট্ট এক ব্যক্তি কি?

বেতালভৈরব রস, বৈদ্যকোক্ত রসৌষধবিশেষ। ইহা জরাদি রোগে বিশেষ ফলপ্রদ।

বেতালরস (পুং) রসৌষধবিশেষ। প্রস্তুত প্রণালী—পারদ, গন্ধক, বিষ, মরিচ, হরিতাল, সমান ভাগে মর্দ্দন করিয়া কজ্জলী করিয়া ১ রতি পরিমাণ বটিকা করিবে। এই বটিকাসেবনে সাধ্যাসাধ্য জ্বর ও সুদারুণ সন্নিপাতজ্বর নাশ হয়।

দাঁতে দাঁত আটিয়া গেলে, নেত্র উল্টাইয়া গেলে, ইন্দ্রিয় সকল বিচলিত হইলে এবং বিষম অজ্ঞানাবস্থায় এই বেতাল রস সমস্ত গাত্রে মাখাইলে বা ইহারদ্বারা স্নান করাইলে বিশেষ উপকার হয়। (রসেন্দ্রসারসং জ্বরচিং)

অন্যবিধ প্রস্তুতপ্রণালী—অভ্র, জারিত লৌহ, পারা, শিলাজতু, স্বর্ণমাক্ষিক, হাকুচবীজ, হরীতকী, আমলকী, বহেড়া, তালমূলী, শুঁঠ, পিপুল, মরিচ এই সকল দ্রব্য সমানভাগে লইয়া চূর্ণ করিতে হয়। এই চূর্ণের মাত্রা ৪ রতি। এক মাসকাল ইহা ব্যবহার করিলে সিধ্ম প্রভৃতি রোগ প্রশমিত হয়।

বেতাবাদ, বোম্বাই প্রেসিডেন্সীর খান্দেশ জেলার ভুসাবাল উপবিভাগের অন্তর্গত একটী নগর। অক্ষা° ২১°১৩´৩০´´ উঃ এবং দ্রাঘি° ৭৫°৫৭´ পূঃ। এখানে পূর্ব্বে উপবিভাগের সদর ছিল। মিউনিসিপালিটি থাকায় নগরটী পরিষ্কার পরিচ্ছন্ন।

বেতাহাজিপুর, (বেহ্‌তা হাজিপুর) যুক্তপ্রদেশের মিরাট জেলাস্থ একটী গণ্ডগ্রাম। লোণী নগর হইতে ৩ মাইল পশ্চিমে অবস্থিত। এখানে মুসলমান সাধু আবদুল্লা শাহার দরগা ও সম্রাট্ অরঙ্গজেবের নির্ম্মিত একটী মসজিদ আছে।

বেতি, (বেহতী) অযোধ্যা প্রদেশের প্রতাপগড় জেলার অন্তর্গত একটী নগর। বর্ত্তমান সময়ে উহা একটী গণ্ডগ্রামে পরিণত হইয়াছে। এই গ্রামটী একটী সুবিস্তীর্ণ হ্রদের তীরে অবস্থিত। হ্রদটী বর্ষাকালে ১০ বর্গ মাইল এবং গ্রীষ্ম ঋতুতে ৩ বর্গ মাইল স্থান ব্যাপিয়া থাকিত, বর্ত্তমানে গঙ্গার সহিত একটী কাটাখালের দ্বারা যোগ করিয়া ও জলোত্তোলক পাম্পযন্ত্রের সাহায্যে উহার জলের পরিমাণ অনেক কম করিয়া দেওয়া হইয়াছে। হ্রদের উত্তর কূলে সুন্দর সুন্দর বৃক্ষের উপবন আছে এবং অন্যান্য পার্শ্বে তীর ভূমিতে চাসবাস হইতেছে। কিংবদন্তী এইরূপ,—অযোধ্যার কোন রাজা এই স্থানে যজ্ঞকুণ্ড খনন করেন, এখনও ইহার পার্শ্ববর্ত্তী স্থান খনন করিলে যজ্ঞীয় দগ্ধ শস্যাদি পাওয়া যায়। এই হ্রদে বহুতর সুবৃহৎ মৎস্য এবং ইহার তীরবর্ত্তী বনভাগে অপর্য্যাপ্ত বন্যকুক্কুট দেখা যায়। হ্রদের মধ্যস্থিত ক্ষুদ্র দ্বীপের মধ্যস্থলে একটী ক্ষুদ্র প্রাসাদ নির্ম্মিত আছে। ঐ স্থান হইতে রাজপুত্রেরা পক্ষী প্রভৃতি শিকার করিতেন। এতদ্ব্যতীত এখানে দুইটী প্রাচীন হিন্দুদেবালয় আছে।

বেতীকলান (বেহ্‌তী কলান্) অযোধ্যাপ্রদেশের রায়বরেলী জেলার অন্তর্গত একটী নগর। এখানে একটী সুন্দর মহাদেব মন্দির আছে। মন্দিরটী অতি প্রাচীন।

বেতীগেড়ী, বোম্বাই প্রেসিডেন্সীর ধারবাড় জেলার অন্তর্গত একটী নগর। গড়গ হইতে ১ মাইল দূরে অবস্থিত। অক্ষা° ১৫°২৬´ উঃ, দ্রাঘি ৭৫°৪১´ পূঃ। গড়গ ও বেতীগেড়ি নগর এক মিউনিসিপালিটীর অধীন, এখানে সপ্তাহে এক দিন হাট বসে, ঐ হাটে পর্য্যাপ্ত পরিমাণ তুলা এবং কার্পাস ও রেশমী বস্ত্র বিক্রয় হইয়া থাকে। প্রায় লক্ষাধিক টাকার তুলা বিক্রয় হয়।

বেতুগীদেব, চালুক্যবংশীয় একজন রাজা। সঙ্গমেশ্বরে ইঁহাদের রাজধানী ছিল।

বেতুল, মধ্যপ্রদেশের ছিন্দ্‌বাড়া বিভাগের অন্তর্গত একটী জেলা। অক্ষা° ২১°২১´ হইতে ২২°২৫´ উঃ এবং দ্রাঘি° ৭৭°৮´ হইতে ৭৮°২০´ পূঃ মধ্য। ইহার উত্তরে ও পশ্চিমে হোসঙ্গাবাদ জেলা, পূর্ব্বে ছিন্দ্‌বাড়া, এবং দক্ষিণে অমরাবতী ও ইলিচপুর জেলা। ভূপরিমাণ ৩৯০৫ বর্গ মাইল। বদ্‌নূর নগর ইহার বিচার সদর। মধ্যপ্রদেশের চিফ কমিসনারের অধীনে ইহা শাসিত।

এই জেলার প্রায় সর্ব্বত্রই পার্ব্বত্য অধিত্যকায় পূর্ণ এবং সমুদ্রপৃষ্ঠ হইতে প্রায় ২০০০ ফিট উচ্চ। ভূপঞ্জর মৃত্তিকা এবং প্রাকৃতিক দৃশ্য পর্য্যালোচনা করিলে ইহা প্রকৃতিকর্ত্তৃক দুই ভাগে বিভক্ত বলিয়া অনুমিত হয়। প্রধান নগর বেতূল, জেলার ঠিক মধ্যস্থলে সমতল ও পলিময় অববাহিকাদেশে অবস্থিত। এই অববাহিকা প্রদেশে মাছনা ও সাপনা নদীদ্বয় প্রবাহিত থাকায় কৃষিক্ষেত্রাদির উর্ব্বরতা বৃদ্ধি করিয়াছে। নদীতীর বা তন্নিকটবর্ত্তী গ্রামসমূহ শস্যসমৃদ্ধিতে শ্রীসম্পন্ন হইয়া রহিয়াছে। এই নদীদ্বয়ের পশ্চিমভাগে আগ্নেয় গিরির অগ্ন্যুৎপাতোত্থিত পদার্থ দ্বারা গঠিত অত্যুচ্চ পর্ব্বত থাকায় তথায় লোকের বসতি নাই। তাহারই পশ্চিমস্থ নিবিড় জঙ্গলের মধ্য দিয়া তাপ্তা নদী প্রবাহিত হইয়াছে। জেলার দক্ষিণভাগে একটী পর্ব্বতশৃঙ্গে পবিত্র মূলতাই নগর বিদ্যমান। এই মূলতাইএর অধিত্যকা ভূমি হইতে তাপ্তী, বর্দ্ধা ও বেলনদী উদ্ভূত হইয়া জেলার পূর্ব্ব ও পশ্চিম ভাগে প্রবাহিত আছে। তপসদী জেলার উত্তরপূর্ব্ব কোণে প্রবাহিত। পূর্ব্বকথিত মাছনা সাপনা এবং মোরণ নদী ব্যতীত পর্ব্বতের উপত্যকা দেশে আরও অনেকগুলি পার্ব্বত্য স্রোতস্বিনী সারা

বৎসর ক্ষেত্রাদিতে জল সরবরাহ করিয়া থাকে। পশ্চিমের পার্ব্বত্য বনভাগে শাল, সেগুণ, সাজ, অর্জ্জুন, শিশু, শাল প্রভৃতি বৃক্ষের বন আছে। ঐ বনে গোঁড় ও কুর্কুজাতির বাস। ঐ স্থানের ২৮৭ বর্গ মাইল বনভাগ গবর্মেণ্টের ১ম শ্রেণীর এবং ৮৫২ বর্গ মাইল বন ২য় শ্রেণীর রক্ষিত বনভাগ বলিয়া নির্দ্দিষ্ট আছে।

অতি প্রাচীনকাল হইতে বেতুল নগর খের্লার গোঁড়রাজ্যের শাসনকেন্দ্র ছিল। ফিরিস্তার বিবরণী হইতে কোন কোন গোঁড় রাজার বর্ণনা ব্যতীত কোথায়ও একটী ধারাবাহিক ইতিহাস পাওয়া যায় না। উক্ত গ্রন্থ হইতে আমরা জানিতে পারি যে খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দে খের্লার গোড়রাজের সহিত মালবরাজের ঘোরতর যুদ্ধ চলিয়াছিল, ঐ যুদ্ধে কখন মালবরাজ কখন বা গোড়রাজ বিজয়লাভ করিয়াছিলেন। ইহার পর গৌলি রাজগণ প্রাচীন গোড়রাজবংশকে পরাজিত করে। কিন্তু অত্যল্পকাল মধ্যেই ঐ গোঁড় জাতি পুনরায় শক্তি সঞ্চয় করিয়া আপনাদের পূর্ব্বরাজ্য অধিকার করিয়া লয়। যাহাই হউক, প্রায় খৃষ্টীয় ১৭০০ অব্দের সময়কালে আমরা গোঁড়সর্দ্দার রাজা ভকত বুলন্দকে বেতুল সিংহাসনে অধিষ্ঠিত দেখি। রাজা গোঁড় জাতীয় হইলেও তৎকালে ইসলাম্ ধর্ম্মে দীক্ষিত হইয়াছিলেন। দেওগড় রাজধানীতে থাকিয়া রাজা ভকত বুলন্দ ঘাটপর্ব্বত মালার নিম্নবর্ত্তী সমুদায় নাগপুর রাজ্য শাসন করিতেন। তাঁহার মৃত্যুর পর তদীয় একমাত্র পুত্রই রাজা হন, কিন্তু ১৭৩৯ খৃষ্টাব্দে তিনি লোকান্তর প্রাপ্ত হইলে, তাঁহার দুই কুমার পুত্রের মধ্যে রাজ্যাধিকার লইয়া গোলযোগ উপস্থিত হয়। বেরারের মহারাষ্ট্র সর্দ্দার রঘুজীভোঁসলে সেই বিবাদ মিটাইবার জন্য মধ্যস্থ হন, কিন্তু উভয়ের মধ্যে রাজ্য বিভাগ করিয়া দিবার পরিবর্ত্তে তিনি বেতুল রাজা ভোঁসলেদিগের অধিকৃত নাগপুর রাজ্যের অন্তর্ভুক্ত করিয়া লন। ১৮১৮ খৃষ্টাব্দে অপ্পা সাহেবের পরাজয় ও পলায়নের পর ইংরাজ কোম্পানি যুদ্ধের ব্যয় বহনের জন্য দাক্ষিণাত্যের যে প্রদেশ প্রাপ্ত হন, বর্ত্তমান বেতুল জেলা তাহারই একাংশ। ১৮২৬ খৃষ্টাব্দের সন্ধি অনুসারে বেতুল ভূভাগ স্পষ্টতঃ বৃটীশ অধিকার ভুক্ত হয়। ১৮১৮ খৃষ্টাব্দে অপ্পা সাহেবের সহিত ইংরাজের যুদ্ধকালে ইংরাজগণ মুলতাই, বেতুল ও শাহপুরে সেনার ছাওনি করিয়াছিলেন। অপ্পা সাহেব ইংরাজসেনাদলকে অতিক্রম করিয়া পাঁচমাঢ়ী হইতে পশ্চিমাভিমুখে সদলে পলায়ন করেন। ১৮৬২ খৃষ্টাব্দ পর্য্যন্ত বেতুলে ইংরাজসেনা রক্ষিত হইয়াছিল।

এই জেলার মধ্যে বেতুল, মুলতাই, বদনুর, ভেসদেহী ও অৎনের নগরে দ্বিসহস্রাধিক লোকের বাস আছে। ২৪টী গণ্ডগ্রামে সহস্র হইতে দ্বিসহস্র পর্য্যন্ত লোকের বসতি দেখা যায়। ২০০ হইতে ১০০০ পর্য্যন্ত অধিবাসীসমন্বিত গ্রাম সংখ্যা ৫০৫ এবং তন্নিম্ন লোকসংখ্যাযুক্ত ক্ষুদ্রপল্লী সংখ্যা ৬৩৮।

এখানে গম, ধান্য কলায়াদি, তৈলকর বীজ সমূহ, ইক্ষু, তুলা, পাট, শণ, তামাকু এবং আর আর নানাপ্রকার শস্যের চাষ হয়।

এখানকার জলবায়ু নিতান্ত মন্দ নহে। বৃষ্টিপাত প্রায় প্রত্যহই হইয়া থাকে। চৈত্র মাসের শেষ পর্য্যন্ত এখানে গ্রীষ্ম অনুভূত হয়। খাম্‌লাশৈলের অধিত্যকা দেশ য়ুরোপীয়গণের পক্ষে বিশেষ মনোরম। উদরাময় রোগ এখানকার মারাত্মক।

২ উক্ত জেলার একটী তহশীল। অক্ষা০ ২১°২১´ হইতে ২২°২১´ উঃ এবং দ্রাঘি০ ৭৭°১৩´১৫″ হইতে ৭৮°১৫´৪৫″ পূঃ

৩ উক্ত জেলার একটী নগর। এখান হইতে ৫ মাইল দূরে বদনূর নগরে জেলার সদর উঠিয়া যাইবার পূর্ব্বে বেতুল নগরেই য়ুরোপীয়গণের আবাস ছিল। অক্ষা০ ২১°৫১´১৬ উঃ এবং দ্রাঘি০ ৮৭°৫৮´৭″ পূঃ। এখানকার প্রাচীন দুর্গ ও ইংরাজের সমাধি-উদ্যান দেখিবার জিনিষ। এখানকার অধিবাসীরা এক প্রকার সুন্দর মৃদ্বাসন প্রস্তুত করে এবং তাহা নানা স্থানে বিক্রয়ার্থ পাঠাইয়া দেয়।

বেতুলপিউদঙ্গড়ি, (বেট্টুপুদিয়ঙ্গড়ি), মান্দ্রাজ প্রেসিডেন্সীর মলবার জেলার অন্তর্গত একটী নগর। তিরুর ছেল ষ্টেসনের ২ মাইল পূর্ব্বে অবস্থিত। অক্ষা° ১০°৫৩´ উঃ এবং দ্রাঘি° ৭৫°৫৮´১৫″ পূঃ। এখানে বেতুলনাদ (বেত্তত্তনাড) রাজবংশের একটী প্রাসাদ ছিল। ১৭৮৪ খৃষ্টাব্দে টিপু সুলতান তাহা ধ্বংস করিয়াছেন। ঐ ধ্বংসাবশেষের মালমসলা লইয়া এখানকার জজ আদালত ও কালেক্টারীকাছারী নির্ম্মিত হইয়াছে।

বেত্তত্তুর, (বেট্টত্তুর) মান্দ্রাজ প্রেসিডেন্সীর মলবার জেলার বল্লবনাড় তালুকের অন্তর্গত একটী প্রাচীন গণ্ডগ্রাম।

বেত্তবলুম, মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণ আর্কট্ জেলার কল্লকুর্চি তালুকের অন্তর্গত একটী জমিদারী।

বেত্তাদপুর, দাক্ষিণাত্যের মহিসুর রাজ্যের মহিসুর জেলার অন্তর্গত একটী পর্ব্বত। সমুদ্রপৃষ্ঠ হইতে ৪৩৫০ ফিট উচ্চ। অক্ষা° ১২°২৮´২০″ উঃ, দ্রাঘি° ৭৬°৮´৪০″ পূঃ। পর্ব্বতটী কোণাকার। উহার চূড়ার উপর সুপ্রসিদ্ধ মল্লিকার্জ্জুন মহাদেবের মন্দির। পর্ব্বতের পাদমূলে বেত্তাদপুর নগর। এখানে সঙ্কেতি ব্রাহ্মণশ্রেণীর বাস আছে। খৃষ্টীয় ১০ম শতাব্দে যেঙ্গল রায় নামক এক জন জৈন রাজা লিঙ্গায়ত ধর্ম্মমত অনুসরণ করিয়া এই দেব-মন্দিরের সংস্কার সাধন করেন। টিপু সুলতানের অভ্যুদয় পর্য্যন্ত এই স্থান দেশীয় সামন্তরাজের অধীন ছিল।

বেত্তিয়া (বেটিয়া), বাঙ্গালার পশ্চিমদেশবাসী অসভ্যজাতিবিশেষ।

বেত্তু, দক্ষিণ ভারতস্থ জৈন দেবস্থান বিশেষ। এখানে মন্দির বা তীর্থঙ্করদিগের প্রতিমূর্ত্তি থাকে না, উহা কেবল একটী প্রাচীর বেষ্টিত বিস্তৃত প্রাঙ্গণ, তথায় গোমতী বা গোমতরাজের মূর্ত্তি প্রতিষ্ঠিত থাকে। তথাকার লোকে তাঁহারই পূজা দেয়।

বেত্তুর, মহিসুর রাজ্যের দেবনগর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। অক্ষা° ১৪° ২৯´ উঃ এবং দ্রাঘি° ৭৬° পূঃ। কিংবদন্তী এই যে, খৃষ্টীয় ১৩শ শতাব্দে এই স্থান দেবগিরির যাদবরাজগণের অন্যতম রাজধানী ছিল।

বেৎবা, মধ্যভারত এজেন্সীর বুন্দেল খণ্ডের অন্তর্গত একটী নদী। প্রাচীন নাম বেত্রবতী। [বেত্রাবতী দেখ।]

বেত্তৃ (ত্রি) বেত্তীতি বিদ-তৃণ্। জ্ঞাতা, যিনি জানেন।

বেত্র (পুং) বী (গু-ধূ-বী-পটীতি। উণ্ ৪।১৬৬) ইতি ত্র। স্বনামখ্যাত বৃক্ষ, পর্য্যায় বেত, যোগিদণ্ড, সুদণ্ড, মৃদুপর্ব্বক। ইহা পঞ্চ প্রকার। গুণ—শীতল, কষায়, ভূত ও পিত্তহর। ইহার অগ্রভাগ বেতাক্ নামে খ্যাত। গুণ—দীপন, রুচিকর, তিক্ত, পিত্ত ও কফনাশক। ফলগুণ বাতপিত্তনাশক ও অম্ল।

এই স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ ইংরাজীতে Canes বা Rattans নামে পরিচিত। উদ্ভিদ্‌বিজ্ঞানে উহা তালবৃক্ষ জাতীয় (Calamus) বলিয়া গণ্য হইয়াছে। নানা দেশে ইহা নানা নামে বিদিত। ফরাসী—Canne, roseau; Baton, Raton; জর্ম্মণি—Rohrt, মলয়—রোতন; ইতালী—Canna, bastone স্পেন—Canao, Junco de Indias, তামিল—পরম্বুগল; তেলগু—বেত্তমুলু; হিন্দি—বেত্, পারস্য—বেদ্, গুজরাত—নাথুর, সংস্কৃত—বেত্র, বাঙ্গালা—বেৎ, বেত, বেত্র।

ভারতীয় দ্বীপপুঞ্জ, মলয় প্রায়োদ্বীপ, মান্দ্রাজ প্রেসিডেন্সীর জলাময় ভূভাগে ও করমণ্ডল উপকূলে, চট্টগ্রাম, শ্রীহট্ট, আসাম ও পূর্ব্ববঙ্গের বনভাগে ও ক্ষুদ্র ক্ষুদ্র জঙ্গলাদিতে, হিমালয় পর্ব্বতের দেরাডুন অঞ্চলে নানা শ্রেণীর বেত্র জন্মিতে দেখা যায়। চীনদেশেও এক প্রকার মোটা বেত দেখা যায়, তাহা পণ্যদ্রব্য হিসাবে "চায়না কেন্" নামে খ্যাত। ঐরূপে "মালাক্কা কেন্"ও স্বতন্ত্র পরিচিত হইয়াছে। বাণিজ্যের পণ্যহিসাবে 'Dragon's blood' ও 'Malacca' জাতীয় বেত বিশেষ আদরণীয়।

আমাদের দেশে "কৃষ্ণ বেত্র" নামে এক জাতি বেত আছে, তাহার অগ্রভাগ পাচনাদিতে ব্যবহৃত হয়। "মালাই বেত" দ্বারা কেদারা কৌচ প্রভৃতির বসিবার স্থান বুনন করা যায়। "বাগাবেত" জাতিতে বালকেরা ছড়ি প্রভৃতি প্রস্তুত করে। ঝুড়ি প্রভৃতি বুনিতে এক প্রকার সাধারণ বেত্র প্রচলিত আছে।

বেতগাছ গুলি পত্র ও দণ্ডবিশিষ্ট। ঐ দণ্ড প্রথমে মূলের কাণ্ডরূপে উৎপন্ন হয়। যে জাতির ঐ কাণ্ড-দণ্ড সাধারণ বেত্র অপেক্ষা মোটা হয়, তাহা বেশী বড় হয় না; কিন্তু যে গুলি সরু হয়, সেগুলি অত্যধিক লম্বা হইয়া থাকে এবং লতার আকারে অন্য বৃক্ষকে আশ্রয় করিয়া বর্দ্ধিত হয়। কখন কখন দুই বা ততোধিক বেত্রতরু পরস্পরে এরূপভাবে জড়াইয়া থাকে যে, তাহার নিম্নদেশে আদৌ সূর্য্যকর স্পর্শ করে না এবং সময় সময় তথায় যাইয়া লোকে গোপনীয় কার্য্যাদি সমাধান করে। প্রাচীন কবিগণ "বেতস তরুমূলে" প্রণয়িযুগলকে দাঁড় করাইতে বিশেষ আগ্রহ প্রকাশ করিতেন।

ব্রহ্মরাজ্যের তেনাসেরিমপ্রদেশের বনভাগে নানাপ্রকার বেত উৎপন্ন হইতে দেখা যায়। করেন্‌জাতিরা প্রায় ১৭ প্রকার বেতের নাম জানে। যে সকল বেতগাছ লতার ন্যায় বর্দ্ধিত হয় তাহাদের মধ্যে Calamus Verus শ্রেণী ১০০ ফিট পর্য্যন্ত; C. oblongus ৩০০ হইতে ৪০০ ফিট; C. redentum ৫০০ ফিটেরও অধিক; Extensus ৬০০ ফিট পর্য্যন্ত বাড়িয়া থাকে। রুফিয়াস্ স্বীয় গ্রন্থে ১২০০ ফিট্ দীর্ঘ এক প্রকার বেতের উল্লেখ করিয়াছেন।

বঙ্গদেশে, ব্রহ্মে ও ভারতীয় দ্বীপপুঞ্জে বেতের বহুল ব্যবহার দেখা যায়। পর্ব্বতগাত্রস্থ নদী পার হইবার জন্য স্থানে স্থানে কেবল বেত্র অথবা বেত্র ও বংশনির্ম্মিত সেতু আছে। বেতের তন্তুনির্ম্মিত অথবা ছিলা দ্বারা প্রস্তুত রজ্জু শ্রীহট্ট, নোয়াখালি, চট্টগ্রাম ও ব্রহ্মরাজ্যের উপকূলবর্ত্তী দেশে ব্যবহৃত হয়, যেখানে লোণাজলের কারণ লৌহবন্ধনীদ্বারা নৌকার কাষ্ঠগুলি পরস্পর সংযত করা হয় না, সেই সকল দেশে বেতের বাঁধন দিয়া নৌকা নির্ম্মিত হয়। ব্রহ্মের বড় বড় নৌকাগুলির এক মাস্তুল হইতে অপর মাস্তুলের বন্ধনীরজ্জু বেতেই হইয়া থাকে। বেতের ছিলায় দড়ি বা টোণদড়ির কার্য্য করে এবং অনেক স্থলে বংশনির্ম্মিত গৃহের চাল ও বেড় প্রভৃতি বেতেই বাঁধা হয়। মলাক্কা দ্বীপ জাত C. rudentum জাতীয় বেত্র হইতে এক প্রকার মোটা কাছি প্রস্তুত হয়। তদ্দ্বারা ষ্টীমারের সহিত মোটাকাষ্ঠ, ভারি পাথর প্রভৃতি টানিয়া আনা যায়। ঐ কাছি দ্বারা কখন কখন বন্য হস্তীকেও বাঁধিয়া রাখে। সরু বেতকে না চিরিয়া তদ্দ্বারা ঝুড়ী, কেদারা, কৌচ, সোফা প্রভৃতি শয্যাসন এবং আফিস ঘরের মেজের আচ্ছাদনী প্রস্তুত হয়। চেরাবেতে এক প্রকার মাদুর, কাষ্ঠনির্ম্মিত কেদারার ছাউনী প্রভৃতি প্রস্তুত হয়। অনেক স্থলে বেত্র টানা-পাখার দড়ির কার্য্য করে।

য়ুরোপে বেতের ছড়ি, ছত্রদণ্ড, ছাতার শিক্, সেনাদিগের মাথার টুপী, অশ্বের সজ্জা, গৃহের আসবাব, গৃহাদির জানালার কপাট প্রভৃতি প্রস্তুত হয়। অদ্দামী নাগারা বেতের উপরের ছাল

লইয়া নানারঙে রঞ্জিত করে এবং তাহাই কর্ণে, হস্তে ও পদদ্বয়ে অলঙ্কার রূপে ধারণ করিয়া থাকে। নাগা, কুকি প্রভৃতি অসভ্য জাতিরা এবং প্রাচীন বাঙ্গালার ঢালি সৈন্যেরা বেত্রনির্ম্মিত ঢালি ব্যবহার করিত। বেতের উপরের ছাল তুলিয়া ভিতরে যে শাঁস বা তন্তুময় দণ্ড থাকে, তাহাতে শীতপ্রধান দেশের গৃহতলের পাটাতনের ন্যায় মাদুর প্রস্তুত হইয়া থাকে। এই সকল কারণে বেত্র পণ্যদ্রব্যরূপে নানা স্থানে আনীত ও প্রেরিত হয়। বেতের অগ্রদণ্ড তিক্তাস্বাদ এবং পক্কফল অম্লাস্বাদ। লোকে উহা খায়, বীজ ও গেঁড় হইতে গাছ জন্মে। ২ অসুরবিশেষ, বেত্রাসুর।

বেত্রক (পুং) রামশর। (বৈদ্যকনি°)

বেত্রকার (পুং) বেত্রদ্বারা দ্রব্যপ্রস্তুতকারী। (রাম° ২।৯০।১৬)

বেত্রকীয় (ত্রি) বেত্র-ছ (নড়াদীনাং কুক্ চ। পা ৪।২।৯১) ইতি কুক্ চ। বেত্রসমূহযুক্ত দেশাদি। বেত্রবহুল একচক্রাকে বেত্রকীয় দেশ বলে।

"বেত্রকীয়গৃহে রাজা নায়ং নয়মিহাস্থিতঃ।" (ভারত ১।১৯১।৯)

এই স্থান শাহাবাদ জেলায় অবস্থিত। বর্ত্তমান সময়ে বিহ্‌তা নামে খ্যাত।

বেত্রকূট, হিমালয় পর্ব্বতস্থ শৃঙ্গভেদ। (হিমবৎখ° ৪৫।৩১)

বেত্রগঙ্গা, হিমগিরিপাদনিঃসৃত নদীভেদ। (হিম°খ° ৪৫।৩৬)

বেত্রগ্রহণ (ক্লী) ১ দণ্ডধারণ। ২ দৌবারিকত্ব। (রঘু ৬।২৬)

বেত্রগ্রাম, বাঙ্গালার চন্দ্রদ্বীপের অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। (ভবিষ্যব্রহ্মখ° ১৩।১৮)

বেত্রধর (পুং) বেত্রস্য ধরঃ। ১ দ্বারপাল। (হলায়ুধ) (ত্রি) ২ যষ্টিধারক। স্ত্রিয়াং টাপ্। বেত্রধরা। (রঘু ৬।৮২)

বেত্রধারক (পুং) বেত্রস্য ধারকঃ। দ্বারপাল। (জটাধর)

বেত্রনগর, চম্পারণ্যের অন্তর্গত একটী প্রাচীন নগর। (ভবিষ্য ব্রহ্মখ° ৪১।৪৬) উক্ত গ্রন্থে এখানকার রাজবংশের পরিচয় আছে।

(ব্রহ্মখণ্ড ৪৩।৮৭)

বেত্রবৎ (ত্রি) বেত্র অস্ত্যর্থে মতুপ্-মস্য ব। বেত্রবিশিষ্ট, বেত্রযুক্ত।

বেত্রবতী (স্ত্রী) নদীবিশেষ। এই নদী মালবদেশ হইতে নির্গত হইয়া কালচী নামক নগরে যমুনা নদীর সহিত মিলিত হইয়াছে। (মার্কণ্ডেয়পু° ৫৭।২০)

বর্ত্তমান নাম বেত্‌বা নদী। অক্ষা° ২২° ৫´ হইতে ২৫°৫৫´ ৪৫´´ উঃ এবং দ্রাঘি° ৭৭°৩৯´৩০´´ হইতে ৮০°১৫´৩০´´ পূঃ মধ্যে বুন্দেলখণ্ড রাজ্যে প্রবাহিত। মধ্যভারতের ভোপাল রাজধানীর ১৷৷০ মাইল দক্ষিণে অবস্থিত একটী সুবিস্তৃত হ্রদ হইতে উদ্ভূত হইয়া দক্ষিণপূর্ব্বাভিমুখে ২০ মাইল পর্য্যন্ত আসিয়া শতপুরে পৌঁছিয়াছে, তৎপরে উত্তরপূর্ব্ব গতিতে ৩৫ মাইল প্রবাহিত হইয়া গোয়ালিয়ার রাজ্য অতিক্রমপূর্ব্বক ললিতপুর, ঝাঁসী ও হামিরপুর জেলার মধ্য দিয়া প্রায় ৩৬০ মাইল অতিবাহনের পর নগরের ৩ মাইল দক্ষিণে যমুনা নদীতে মিলিত হইয়াছে। যমুনা, দশান, কোলাহু, পাবন ও ব্রহ্মন্ নদী নামক শাখাকয়টী ইহার কলেবর পুষ্টি করিতেছে। উৎপত্তিস্থান হইতে বেত্রবতী নদী প্রথমে বিন্ধ্যগিরির বালুকাময় প্রস্তরস্তর বিধৌত করিয়া ঝাঁসি জেলায় দানাদার প্রস্তরস্তরের উপর দিয়া প্রবাহিত হইয়াছে। ঐ দানাদার প্রস্তর স্তরের ১৬ মাইল দক্ষিণে উহা যমুনা উপত্যকার পলিময় অববাহিকা দিয়া যমুনাসঙ্গমে আসিয়াছে।

নিমাচ, কাণপুর ও গুণা হইতে এই নদীর উপর দিয়া একটী রাস্তা সাগরে, ঝাঁসী হইতে নন্দগাঁয়ে এবং বান্দা হইতে কাল্পীতে গিয়াছে। ঐ সকল স্থানে নদীবক্ষে পারাপার একরূপ অসম্ভব ও বিপজ্জনক। গ্রীষ্ম ঋতুতে পার্ব্বতীয় নদীগর্ভে প্রায় জল থাকে না। ঐ সূক্ষ্ম জলরেখা যখন পার্ব্বত্য দেশ পরিত্যাগ করিয়া সমতল ভূমিতে আসিয়া থাকে, তখন তাহার জলের বেগ প্রতি সেকেণ্ডে ২ লক্ষ কিউবিক্ ফিট। অত্যধিক বন্যার সময় ঐ বেগ প্রতি সেকেণ্ডে ৫ লক্ষ ফিট হয়। ঝাঁসী জেলায় এই নদীবক্ষ হইতে একটী খালকাটা হইয়াছে।

২ বেত্রাসুরের মাতা। (বরাহপুরাণ)

বেত্ররাজ্য, জনপদভেদ (দিগ্বিজয়প্রকাশ) [বেত্রনগর দেখ।]

বেত্রশঙ্কুপথ, জনপদভেদ। (মৎস্য পু° ১২১।৫৬)

বেত্রহন্ (পুং) বেত্রং হতবান্, হন-ক্বিপ্। ইন্দ্র। (অমর)

বেত্রাবতী (স্ত্রী) বেত্রবতী নদী। এই নদীর জল সুমধুর, কান্তিপ্রদ, পুষ্টিকারক, বলকর, বৃষ্য, পাচন।

"তত্রান্যা দধতে জলং সুমধুরং কান্তিপ্রদং পুষ্টিদং।
বৃষ্যং দীপনপাচনং বলকরং বেত্রাবতী তাপিনী॥" (রাজনি°)

বেত্রাসন (ক্লী) বেত্রস্যাসনং। বেত্রনির্ম্মিত আসন। বেতের আসন। পর্য্যায় আসন্দী। (হেম)

বেত্রাসুর, বেত্রনামকোঽসুরঃ। স্বনামখ্যাত অসুর। এই অসুরের উৎপত্তি বিবরণ এইরূপ লিখিত আছে যে পূর্ব্বে সিন্ধুদ্বীপ নামে প্রতাপশালী এক নরপতি ছিলেন। এই রাজা বরুণের অংশে জন্ম গ্রহণ করেন। কোন সময়ে তিনি ইন্দ্রকে বধ করিতে সমর্থ হইবে এইরূপ পুত্রকামনায় কঠোর তপোনুষ্ঠান করেন। যখন তিনি ঘোরতর তপস্যায় নিযুক্ত, সেই সময়ে বেত্রবতী নদী রমণীর রূপ ধারণ করিয়া তাঁহার সমীপে উপস্থিত হন। রাজা এই রমণীকে দেখিয়া অতি কোপভরে কহিলেন, তুমি কে? এই স্থান হইতে প্রস্থান কর, আমার তপোবিঘ্ন জন্মাইও না। তখন বেত্রবতী তাঁহাকে কহিলেন, রাজন্! আমি জলপতি মহাত্মা বরুণের পত্নী, আমার নাম বেত্রবতী, আমি আপনাকে অভিলাষ করিয়া এই স্থানে আগমন

করিয়াছ, আমাকে প্রত্যাখ্যান করিবেন না। যে পুরুষ সাভিলাষা ও ভজমানা পরস্ত্রী পরিত্যাগ করেন, তিনি পাপ পুরুষ নামে অভিহিত এবং ব্রহ্মহত্যার পাতকগ্রস্ত হন। রাজা তাহার এই ভীতিপ্রদ বাক্য শুনিয়া তাহাতে সঙ্গত হন। ইহাতে তৎক্ষণাৎ বেত্রবতীর গর্ভ হইতে দ্বাদশ সূর্য্যের ন্যায় কান্তিযুক্ত অতি বলবান্ ও তেজস্বী এক পুত্র প্রসূত হয়। এই পুত্রের নাম বেত্রাসুর। ইনি প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ছিলেন। বেত্রাসুর প্রথমে সকল বসুন্ধরা জয় করিয়া পরে ইন্দ্র, অগ্নি ও যম প্রভৃতিকে পরাজয় করেন। (বরাহপু° দেবোৎপত্তিনামাধ্যায়)

ইহার পরে ইন্দ্র এই অসুরকে হনন করেন।

বেত্রিক (পুং) ১ জনপদভেদ ও তদ্দেশবাসী। (ভারত ভীষ্মপর্ব্ব) ২ বেত্রধারী।

বেত্রিন্ (পুং) বেত্রোঽস্ত্যস্তীতি বেত্র-ইনি। ১ দ্বারপালক। (ত্রি) ২ বেত্রযুক্ত।

বেত্রবয় (ত্রি) ১ বেত্রসম্বন্ধীয়। বেত্রভব। ২ ব্রাহ্মণভূমির অন্তর্গত গ্রামভেদ, শিলাবতী নদীতীরে রসকুণ্ডের ২ যোজন পশ্চিমে অবস্থিত। এখানে সর্ব্বমঙ্গলা দেবীমূর্ত্তি আছে। (দেশাবলী)

বেথ, যাচ্ঞা, প্রার্থনা। ভ্বাদি আত্মনে° দ্বিক° সেট্। লট্ বেথতে। লুঙ্ অবেথিষ্ট।

বেথিয়া, (বেত্তিয়া, বেতিয়া) বাঙ্গালার চম্পারণ জেলার একটী উপবিভাগ। অক্ষা° ২৬°৩৫´ হইতে ২৭°৩০´ উঃ এবং দ্রাঘি° ৮৩°৫৩´৩০´´ হইতে ৮৪°৫১´ পূঃ মধ্য। ভূপরিমাণ ২০১৩ বর্গ মাইল। ১৮৫২ খৃষ্টাব্দে বেথিয়া, লৌরিয়া ও বগহা থানা লইয়া এই উপবিভাগ গঠিত হয়।

২ উক্ত জেলার সর্ব্বাপেক্ষা বৃহৎ নগর। হাড়হা নদীর তীরে অবস্থিত। অক্ষা° ২৬°৪৮´৫´´ উঃ এবং দ্রাঘি° ৮৪°৩২´৪০´´ পূঃ। গণ্ডক ও হাড়হা নদীদ্বয় বিদ্যমান থাকায় এবং মজঃফরপুর হইতে মোতিহারী ও বেথিয়া পর্য্যন্ত ত্রিহুত ষ্টেট রেলপথ বিস্তারিত থাকায় স্থানীয় বাণিজ্যের বিশেষ উন্নতি হইয়াছে। নগরের পশ্চিমাংশে বেথিয়া-মহারাজের প্রাসাদ। এই প্রাসাদ সাধারণের দেখিবার জিনিস। ১৭৪৬ খৃষ্টাব্দে এক জন ইতালীয় ধর্ম্মযাজক এখানে একটী রোমান কাথলিক গীর্জ্জা ও ধর্ম্মমন্দির স্থাপন করেন। তদানীন্তন বেথিয়ারাজ ঐ ধর্ম্মযাজককে সাদরে আমন্ত্রণ করিয়া লইয়া যান।

প্রতি বৎসর কার্ত্তিক মাসে ১৫ দিন ধরিয়া এখানে মহাসমারোহে রামলীলা পর্ব্বোৎসব সম্পন্ন হইয়া থাকে এবং তাহা দেখিবার জন্য প্রায় ৩০ হাজার লোক সমবেত হয়। কার্পাস বস্ত্র এবং তাম্র ও লৌহপাত্রাদি ঐ সময়ে প্রভূত পরিমাণে বিক্রীত হইয়া থাকে।

বেথিলেহ (ক্লী) নগরভেদ।

বেদ (পুং) বিদ্-বৃত্ত বা বিত্ত ঘঞ্। ১ বিষ্ণু। ২ বৃত্ত। ৩ বিত্ত। (মেদিনী) ৪ যজ্ঞাঙ্গ। ৫ ধর্ম্ম ব্রহ্মপ্রতিপাদক অপৌরুষেয় বাক্য। (বেদান্ত) ৬ মীনশরীরাবচ্ছিন্ন ভগবদ্‌বাক্য। (ন্যায়শাস্ত্র ৭ ব্রহ্মমুখনির্গত ধর্ম্মজ্ঞাপক শাস্ত্র। (পুরাণ) পর্য্যায় শ্রুতি, আম্নায়, ছন্দঃ, ব্রহ্ম, নিগম, প্রবচন। (জটাধর)

অমরকোষের মতে ইহার তিনটী পর্য্যায় আছে যথা—শ্রুতি, বেদ, আম্নায়। 'শ্রূয়তে ধর্ম্মোঽনয়া সংজ্ঞায়াং ক্তিরিতি শ্রুতিঃ। আম্নায়তে উপদিশ্যতে ধর্ম্মোঽনেনেতি আম্নায়ঃ।'

ত্রয়ী শব্দে আবার যুগপৎ ঋক্, সাম ও যজুঃ এই তিন বেদকে বুঝায় যথা—

"ত্রিষামৃক্‌সামযজুষী ইতি বেদাস্ত্রয়স্ত্রয়ী।" (অমর)

কিন্তু শতপথব্রাহ্মণে লিখিত আছে—

"ত্রয়ী বৈ বিদ্যা ঋচো যজুংষি সামানি॥" (৪।৬।৭।১)

কেহ কেহ বলেন, বেদরচনায় গদ্য, পদ্য ও গান এই ত্রিবিধ প্রণালী অবলম্বিত হইয়াছে বলিয়া ইহার নাম "ত্রয়ী"। যে সকল অংশ পদ্যে রচিত হইয়াছিল পুরাকালে সেই অংশ ঋক্, যে অংশ গদ্যে রচিত হইয়াছিল, উহা যজুঃ নামে এবং যে সকল রচনা গানের ছন্দে রচিত হইয়াছিল, তাহাই সাম নামে অভিহিত হয়। যখন গদ্য পদ্য ও গানাতিরিক্ত রচনার অন্য কোন প্রণালী নাই, তখন ঋক্‌সংহিতাতে সামসংহিতার অথবা অথর্ব্বসংহিতাতে এই ঋক্, যজুঃ ও সাম ভিন্ন অন্য কোন প্রকার বেদ মন্ত্র নাই। গদ্য পদ্য ও গান ব্যতিরিক্ত অপর কোন প্রকার রচনাপ্রণালী পূর্ব্বেও ছিল না, এখনও নাই। ঋক্, যজুঃ ও সাম এই তিনটী নাম কেবল বৈদিকী মন্ত্ররচনাপ্রণালীর নাম মাত্র। ভগবান্ জৈমিনির উক্তিই এ বিষয়ের প্রমাণ যথা—

"তেষামৃগ্ যত্রার্থবশেন পাদব্যবস্থা। গীতিষু সামাখ্যা শেষে যজুঃ শব্দঃ" (মীমাংসাদর্শন ২।১।৩২, ৩৩, ৩৪।)

অর্থাৎ এই বেদত্রয়ের মধ্যে যে স্থলে অর্থ বশে পাদব্যবস্থা হয়, তাহাই ঋক্, যে যে স্থলে গান আছে, তাহাই সাম এবং অপরাংশ যজুঃ। মাধবাচার্য্য ন্যায়মালাবিস্তর নামক গ্রন্থে এই বিষয় সবিস্তার আলোচনা করিয়াছেন।

মন্ত্রসমূহের রচনা-নিয়মানুসারেই ত্রয়ী নামের উৎপত্তি। সুতরাং প্রচলিত বেদের মন্ত্রভাগকেই ত্রয়ী বলিয়া অভিহিত করা হইয়াছে। ব্রাহ্মণভাগ মুখ্যার্থে ত্রয়ী নহে। তৈত্তিরীয়-ব্রাহ্মণে লিখিত হইয়াছে—

"অহে বুধ্নীয় মন্ত্রং মে গোপায় য মৃষয় স্ত্রৈবিদা বিদুঃ।
ঋচঃ সামানি যজুংষি।" (১।২।১।৬।)

মাধবাচার্য্য অধিকরণমালার উদ্ধৃতাংশের ব্যাখ্যা করিয়া সপ্রমাণ করিয়াছেন,—মন্ত্রভাগই ত্রয়ী শব্দের বাচ্য হইলেও মন্ত্রভাগানুগত ব্রাহ্মণাংশ ব্যবহারিক ভাবে ত্রয়ীশব্দ বাচ্য। ব্রাহ্মণভাগও বেদসংজ্ঞায় সংজ্ঞিত হইয়াছে। কেননা সংজ্ঞা চিরদিনই ব্যবহারনিয়মাধীন। কিন্তু বাস্তবিক পক্ষে মন্ত্রভাগেরই বেদত্ব, শ্রুতিত্ব, আম্নায়ত্ব বা ত্রয়ীত্ব মুখ্যার্থ সিদ্ধ। ব্রাহ্মণভাগকে যদিও বেদ বা ত্রয়ী বলা হয় বটে, কিন্তু বেদসংজ্ঞাধিকারে উহার প্রাধান্য নাই। ত্রয়ীই বেদ। উহা বেদের অর্থান্তর নহে।

প্রাচীন পণ্ডিতগণ বহু স্থলে বহু ভাবে বেদ শব্দের ব্যুৎপত্ত্যর্থ প্রকাশ করিয়াছেন। কেহ কেহ বলেন, "বিদ্যন্তে জ্ঞায়ন্তে লভন্তে বা এভি র্ধর্ম্মাদিপুরুষার্থা ইতি বেদাঃ।" অর্থাৎ এতদ্দ্বারা ধর্ম্মাদিপুরুষার্থসমূহ জানা যায় বা লাভ করা যায়, তাই ইহারা বেদ নামে অভিহিত। প্রত্যক্ষ, অনুমান ও আগম-

বেদ শব্দের ব্যুৎপত্তি

বিষয় সমূহে যাহা অন্তিম বা চরমস্থানীয় সেই সর্ব্ববিষয়মূলই বেদশাস্ত্র। অথবা "সময়বলেন সম্যক্ পরীক্ষান্তুভবসাধনং বেদঃ।" অথবা "অপৌরুষেয়ং বাক্যং বেদঃ"। সায়ণাচার্য্য ঋগ্‌বেদের ভাষ্যে বেদের এই সকল নিরুক্তি লিখিয়া গিয়াছেন। এস্থলে আরও একটী ব্যুৎপত্তির উল্লেখ করা যাইতেছে যথা—

"ইষ্টপ্রাপ্ত্যনিষ্টপরিহারয়োরলৌকিকমুপায়ং যো বেদয়তি স বেদঃ।" অর্থাৎ যাহা হইতে ইষ্টপ্রাপ্তি এবং অনিষ্ট পরিহার সম্বন্ধে অলৌকিক উপায় জানা যায়, তাহাই বেদ; ইহাও সায়ণোক্ত ব্যুৎপত্তি। সায়ণ আরও বলেন—

"প্রত্যক্ষেণানুমিত্যা বা যস্তূপায়ো ন বুধ্যতে।
এবং বিদন্তি বেদেন তস্মাদ্ বেদস্য বেদতা॥"

অর্থাৎ প্রত্যক্ষ বা অনুমান দ্বারা যে উপায় না জানা যায়, বেদদ্বারা সেই উপায় লাভ করা যায়, ইহাই বেদের বেদত্ব।

আপস্তম্ব যজ্ঞপরিভাষাসূত্রে বেদের স্বরূপ সম্বন্ধে বলেন, "মন্ত্রব্রাহ্মণয়োর্বেদনামধেয়ম্" অর্থাৎ মন্ত্র ও ব্রাহ্মণ এই উভয়ই বেদ নামে অভিহিত। সর্ব্ববেদভাষ্যকার সায়ণাচার্য্যও আপস্তম্বের উক্তির প্রতিধ্বনি করিয়া বলিয়াছেন—

"মন্ত্রব্রাহ্মণাত্মকশব্দরাশির্বেদঃ"

অর্থাৎ মন্ত্রব্রাহ্মণাত্মক শব্দরাশিই বেদ। সর্ব্বানুক্রমণী বৃত্তির ভূমিকায় ষড়্‌গুরুশিষ্য, লিখিয়াছেন—

"মন্ত্রব্রাহ্মণয়োরাহুর্বেদশব্দং মহর্ষয়ঃ।
বিনিযোক্তব্যরূপে যঃ স মন্ত্র ইতি চক্ষতে॥
বিধিস্তুতিকরং শেষং ব্রাহ্মণং কথয়ন্তি হি।
বিনিযোক্তব্যরূপশ্চ ত্রিবিধং সম্প্রদর্শ্যতে॥
ঋক্‌যজুঃসামরূপেণ মন্ত্রো বেদচতুষ্টয়ে।
অহে বুধ্নীয় মন্ত্রং মে গোপায়েত্যভিধীয়তে॥"

অতঃপরে একটু টীকা আছে যথা—

"ঋক্ পাদবদ্ধো গীতস্তু সাম গদ্যং যজুর্মন্ত্রঃ।"

গ্রন্থকার অতঃপর লিখিয়াছেন—

"চতুর্ষ্বপি হি বেদেষু ত্রিধৈব বিনিযুজ্যতে।
বেদৈরশূন্য ইত্যাদৌ মন্ত্রে ত্রৈবিধ্যমুচ্যতে॥

সর্ব্বব্রহ্মেতি (যং পং ২২) সূত্রেঽপি চতুর্ভিরিতি নির্ণয়ঃ

প্রস্তুতর্কাদিবাচিত্বোবামন্ত্রে সূত্রকারণে।
ঋগ্‌রূপ মন্ত্র বাহুল্যাদ্‌ঋগ্‌বেদঃ স্যাৎ তথেতরৌ।
শান্তিপুষ্ট্যাদিকব্রহ্মবর্ণপ্রণববিদ্যয়া।
ঋচাঞ্চ যজুষাং তূর্য্যো বাহুল্যেন বিধায়কঃ॥"

ইহার অর্থ এই যে—মন্ত্র ও ব্রাহ্মণ এই উভয়কেই মহর্ষিরা বেদশব্দে অভিহিত করিয়াছেন। যাহা বিনিয়োগের বিষয় তাহাই মন্ত্র এবং যাহা বিধি ও স্তুতিকর তাহাই ব্রাহ্মণ। বিনিযোক্তব্য রূপ মন্ত্র ত্রিবিধ—ঋক্, সাম ও যজুঃ। অর্থাৎ বেদচতুষ্টয়ের মধ্যে যে যে স্থল পদবদ্ধ বা পদ্যময় সেই সকলই ঋক্, যে যে স্থল গীতময় সেই সেই স্থলই সাম, অপর যে যে স্থল গদ্যময় সেই সেই স্থলই যজুঃ। চারি বেদের এই ত্রিবিধ রূপ রচনা আছে। বর্ত্তমান বিভাগের মূল প্রণালী এই যে যাহাতে পদ্যাংশ অধিক তাহা ঋক্, যাহাতে গানাংশ অধিক তাহা সাম এবং যাহাতে গদ্যাংশ অধিক তাহাই যজুর্ব্বেদ নামে অভিহিত হইয়াছে।

কেহ কেহ বলেন, পূর্ব্বকালে বেদশব্দ বিদ্যশব্দের অপর পর্য্যায়রূপে ব্যবহৃত হইত। মন্ত্র সকল সর্ব্ববিদ্যার নিধান। এই মন্ত্র সকল তিন প্রণালীতে রচিত হইত বলিয়া বেদ ত্রয়ী নামে খ্যাত হইত। মন্ত্রভাগ প্রকাশের সময়ে ত্রিবিধ প্রণালীতে রচিত মন্ত্রগুলি ত্রয়ী নামে খ্যাত হয়। ব্রাহ্মণপ্রকাশকালে ব্রাহ্মণও বেদ বা ত্রয়ী নাম প্রাপ্ত হয়। সূত্রকালে মন্ত্র ও ব্রাহ্মণ এই উভয়ই বেদ বা ত্রয়ী সংজ্ঞায় সংজ্ঞিত হয়। ইহাতে তিনটী পক্ষের সৃষ্টি হইল।

(১) মন্ত্র ও ব্রাহ্মণ—এই উভয়ের বেদত্ব।
(২) ব্রাহ্মণগ্রন্থসমূহেরই মুখ্যভাবে বেদত্ব।
(৩) সর্ব্ববিদ্যানিধান মন্ত্রসমূহের বেদত্ব।

অতি পূর্ব্বকালে মন্ত্রসমূহই বেদ নামে অভিহিত হইত।

বেদ শব্দটী যে ত্রয়ী শব্দার্থবাচ্য, শুক্লযজুর্ব্বেদের মাধ্যন্দিনী শাখায় তাহার উল্লেখ দেখিতে পাওয়া যায় যথা—

বেদশব্দের প্রাচীনত্ব।

"বেদেন রূপে ব্যপিবৎ সুতাসুতৌ প্রজাপতিঃ।" (১৯।৭)

এস্থলে মহীধর বেদ শব্দের দুইটি অর্থ করিয়াছেন—এক অর্থ জ্ঞান—অপর অর্থ ত্রয়ীবিদ্যা। শেষোক্ত অর্থই সুসঙ্গত। পাণিনির উঞ্ছাদিগণেও (পা ৬।১।১৬০) বেদ শব্দ পঠিত হইয়াছে। কৃষাদিগণেও (পা ৬।১।২০৩) বেদ শব্দ আছে। এ সকল স্থলেও ত্রয়ী অর্থে বেদশব্দ ব্যবহৃত হইয়াছে। তৈত্তিরীয় সংহিতাতেও ত্রয়ী শব্দার্থবাচক বেদ শব্দের প্রয়োগ আছে। (৫।১১।২) অথর্ব্বসংহিতাতেও ত্রয়ী শব্দার্থবাচক বেদ শব্দের উল্লেখ দেখা যায়। যথা—"যস্মিন্ বেদা নিহিতা বিশ্বরূপাস্তেনৌদনেনাতি-তরাণি মৃত্যুম্" (৪।৭।৫ ৬) সকল সংহিতাতেই ত্রয়ী শব্দার্থ-বাচক বেদ শব্দের উল্লেখ আছে।

ব্রাহ্মণগ্রন্থ সকলেও "ত্রয়ী" অর্থেই বেদ শব্দের ব্যবহার দেখিতে পাওয়া যায়। বহ্বৃচ্ ব্রাহ্মণে "ত্রয়ো বেদা অজায়ন্ত ঋগ্-বেদ এবাগ্নেরজায়ত যজুর্ব্বেদো বায়োঃ সামবেদ আদিত্যাৎ তান্ বেদানভ্যতপৎ" (ঐঃ ব্রাঃ ৫।৫।৬) তৈত্তিরীয় ব্রাহ্মণের তৃতীয় কাণ্ডে (১০।১১।৪) উক্ত অর্থে বেদশব্দের উল্লেখ আছে।

ছান্দোগ্য ব্রাহ্মণেও বেদ শব্দের উল্লেখ দৃষ্ট হয়, "স হোবাচ-র্গ্বেদং ভগবোঽধ্যেমি যজুর্ব্বেদং সামবেদং আথর্ব্বণং চতুর্থম্" (৮।১।২)। অথর্ব্বব্রাহ্মণেও বেদ শব্দ দেখিতে পাওয়া যায়, যথা—"ইমে সর্ব্বে বেদাঃ" (গোপথব্রাঃ ১।২।৩) এইরূপ সকল ব্রাহ্মণগ্রন্থেই ত্রয়ীঅর্থবাচক বেদশব্দ দেখিতে পাওয়া যাইতেছে।

আপস্তম্বাদি সূত্ররচনাকালে ব্রাহ্মণগ্রন্থাদিও বেদ নামে অভিহিত হইতে আরম্ভ হয়। তদ্ যথা—"মন্ত্রব্রাহ্মণেয়ো র্বেদনাম-ধেয়ম্" (যজ্ঞপরিঃ ৩৮ সূত্র)। এই সময় হইতে ধর্ম্মসংহিতা মাত্রেই মন্ত্র ও ব্রাহ্মণ বেদসংজ্ঞায় সংজ্ঞিত হইয়া আসিতেছে।

ইতঃপূর্ব্বে ত্রয়ী শব্দের আলোচনা করা হইয়াছে। বেদ শব্দেরও আলোচনা করা হইল। এক্ষণে শ্রুতি শব্দ সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে। শ্রুতি বেদ শব্দেরই নামান্তর। শ্রবণাৎ শ্রুতিঃ। যাহা শ্রুত হইয়া আসিতেছে তাহাই শ্রুতি। শ্রুতিশব্দ শ্রবণেন্দ্রিয়পর। শ্রু + ক্তিন্—শ্রুতি। বেদ চিরদিনই গুরুপরম্পরানুসারে শ্রুত হইয়া আসিতেছে। কেহ এপর্য্যন্ত ইহার একটী মন্ত্রেরও প্রণয়ন-কাল নির্ণয়ে সমর্থ হন নাই। এই নিমিত্ত বেদকে অনাদি ও অপৌরুষেয় বলিয়া অভিহিত করা হয়।

শ্রুতি।

বেদার্থবাচক শ্রুতি শব্দ কোন্ সময় হইতে প্রাচীন সংস্কৃত-সাহিত্যে ব্যবহৃত হইতে থাকে, তাহার স্পষ্ট ইতিহাস পাওয়া যায় না। কিন্তু এটা নিশ্চিত এই যে, মন্ত্রকালে ঐ অর্থে শ্রুতিশব্দের প্রয়োগ দৃষ্ট হইত না। মন্ত্রসংহিতাসমূহে বেদার্থে শ্রুতি শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায় না। বৈদিক সাহিত্যের কাল বিভাগ করিতে হইলে নিম্নলিখিত রূপে শ্রেণীবিভাগ করা যায়। যথা—

প্রথমতঃ—মন্ত্রকাল।

দ্বিতীয়তঃ—যজ্ঞাদিতে মন্ত্রের ব্যবহারকাল।

তৃতীয়তঃ—তাদৃশ প্রবাদের শ্রুতিকাল।

চতুর্থতঃ—গাথাকাল।

পঞ্চমতঃ—ব্রাহ্মণকাল, গাথামূল বহুল ব্রাহ্মণবচন।

ঐতরেয়ব্রাহ্মণে এই শ্রেণীবিভাগের বীজস্বরূপ প্রমাণ দেখিতে পাওয়া যায়। যথা—

"তস্মাদপত্নীকোঽপ্যগ্নিহোত্রমাহরেৎ। তদেষাভিযজ্ঞগাথা গীয়তে,—'যজেৎ সৌত্রামণ্যা অপত্নীকোঽপ্যসোমপঃ। মাতা-পিতৃভ্যামনৃণাত্মজেতি বচনাচ্ছ্রুতিঃ—ইতি। তস্মাৎ সৌম্যং যাজ-য়েৎ।" (ঐঃ ব্রাঃ ৭।৪।৮)

ব্রাহ্মণকালান্তরে মন্ত্র ও ব্রাহ্মণ এই উভয়েই প্রবাদার্থে শ্রুতি শব্দের ব্যবহার দেখিতে পাওয়া যায়, যাস্ক তদীয় নিরুক্ত-গ্রন্থে লিখিয়াছেন—

"সেয়ং বিদ্যাশ্রুতিমতির্বুদ্ধিঃ।" (১৩।২।১৩)

অতঃপর আমরা মনুস্মৃতিতে বেদার্থশ্রুতি শব্দের প্রয়োগ দেখিতে পাই যথা—

"শ্রুতিস্মৃত্যুদিতং ধর্ম্মমনুতিষ্ঠন্ হি মানবঃ।" (মনুসং ২।৯)

মনু আরও স্পষ্ট ভাষায় লিখিয়াছেন—"শ্রুতিস্তু বেদো বিজ্ঞেয়ঃ।" (মনু ২।১০) মনু আরও বলেন—

"উদিতেঽনুদিতে চৈব সময়াধ্যুষিতে তথা।
সর্ব্বথা বর্ত্ততে যজ্ঞ ইতীয়ং বৈদিকী শ্রুতিঃ॥" (মনু ২।১৫)

দর্শনাদি শাস্ত্রে "অনুশ্রব" শব্দের প্রয়োগ আছে। উহাও বেদার্থবাচক শ্রুতিশব্দমূলক। যথা সাংখ্যকারিকায়—

"দৃষ্টবদানুশ্রবিকঃ"

ইহার টীকায় বাচস্পতিমিশ্র মহাশয় লিখিয়াছেন,—

"গুরুমুখাদনুশ্রূয়তে ইত্যনুশ্রবঃ বেদঃ ইতি।" অর্থাৎ গুরু মুখে অনুশ্রুত হয় এই নিমিত্ত এই বিদ্যার নাম অনুশ্রব অর্থাৎ বেদ।

লৌকিক প্রবাদবাক্যও "শ্রুতি" আখ্যায় অভিহিত হইয়া থাকে।

১। দ্বে চাস্য ভার্য্যে গর্ভিণ্যৌ বভূবতুরিতি শ্রুতিঃ।
(রামায়ণ ২।১০।১৮)

২। এষ মে কৃষ্ণ সন্দেশঃ শ্রুতিভিঃ খ্যাতিমেষ্যতি।
(মহাভারত ১।৫০)

৩। ইতি সত্যবতী শ্রুতিঃ। (শ্রীমদ্ভাগবতঃ ৪।২১।৪৫)

এইরূপ বহুস্থলে শ্রুতি শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। ইহার ফলিতার্থ এই যে, যে সকল বাক্যের প্রচারকাল নির্ণীত হয় না, কোন্ সময়ে কে বলিয়াছেন তাহাও জানা যায় না, অথচ

বাক্যগুলি প্রামাণিক বলিয়া গুরুপরম্পরায় উপদেশ রূপে চলিয়া আসিতেছে, সেই সকল বৈদিক বা তান্ত্রিক বচন শ্রুতি নামে অভিহিত হয়।

এই কারণে মনুটীকায় কুল্লুক উদ্ধৃত করিয়াছেন—

"বৈদিকী তান্ত্রিকী চৈব দ্বিবিধা শ্রুতিঃ কীর্ত্তিতাঃ॥"

এতদ্দেশীয় স্মৃতিনিবন্ধে এমন অনেক বিধান দৃষ্ট হয় যে, সাক্ষাৎ সম্বন্ধে সেই সকল বিধানের বৈদিক প্রমাণ পাওয়া যায় না। কিন্তু তাহা না হইলেও ঐ সকল বিধান শ্রুতিমূলক, এইজন্য উহাদিগকে "স্মৃতি" বলা হয়। যে সকল প্রামাণিক স্মৃতিবচনের মূলস্বরূপ সাক্ষাৎ বৈদিকবচন পাওয়া যায় না, তাহাদের মূলে বৈদিকবচন প্রকল্পিত হয়, সেই কল্পিত বচনগুলিও শ্রুতি বলিয়া রঘুনন্দনাদি গ্রহণ করিয়াছেন। বেদের মন্ত্রভাগের শ্রুতিত্ব সর্ব্ববাদিসম্মত—ব্রাহ্মণভাগের শ্রুতিত্ব মন্বাদি স্মৃতি-নিবন্ধকারগণের স্বীকৃত; প্রবাদবাক্য ও লৌকিক বাক্যের শ্রুতিত্ব ব্যবহারিক মাত্র;—রঘুনন্দন প্রভৃতি বহুল কল্পিত শ্রুতির স্রষ্টা ও সমর্থক।

বেদ শব্দের আর একটী পর্য্যায়—"আম্নায়", আম্নায় শব্দের অপর একটি প্রতিশব্দ "সমাম্নায়"। নাগেশভট্ট লঘুশব্দেন্দু-শেখরে লিখিয়াছেন—"আম্নায়সমাম্নায়শব্দৌ বেদে এব রূঢ়ৌ", অর্থাৎ আম্নায় ও সমাম্নায় এই দুইটী শব্দ রূঢ়ভাবে বেদকে বুঝায়। সূত্রকাল হইতে মন্ত্র ও ব্রাহ্মণ বেদশব্দের বাচ্য। ভগবান্ জৈমিনীকৃত মীমাংসা দর্শনের বহু স্থানে বেদার্থে আম্নায় শব্দের প্রয়োগ পরিদৃষ্ট হয়। যথা—

আম্নায়।

১। "আম্নায়স্য ক্রিয়ার্থত্বাদানর্থক্যমতদর্থানাম্।" (১।২।১)

২। "উক্তং সমাম্নায়ৈদমর্থম্।" (১।৪।১)

বাজসনেয়-সংহিতার প্রাতিশাখ্য সূত্রের ব্যাখ্যায় এক স্থলে লিখিত হইয়াছে—"আম্নায়ো বেদঃ।"

অথর্ব্ববেদের কৌশিকসূত্রে আরও স্পষ্টতর প্রমাণবচন আছে। যথা—

"আম্নায় পুনর্মন্ত্রাশ্চ ব্রাহ্মণানি চ।"

যাস্কীয় নিরুক্তে "আম্নায়" শব্দে, মন্ত্র ও ব্রাহ্মণ এই উভয়ই গৃহীত হইয়াছে, এবং বহুস্থলেই বেদ অর্থে আম্নায় শব্দের প্রয়োগ আছে। নিরুক্তকার বেদাঙ্গকেও আম্নায় বলিয়া অভিহিত করিয়াছেন। যথা—

"সমাম্নাসিষু র্বেদঞ্চ বেদাঙ্গানি চ।" (১।৬।৫)

এই বচনে দেখা যায় মন্ত্র, ব্রাহ্মণ ও বেদাঙ্গ এই তিনই আম্নায় পদের বাচ্য। নাগেশভট্ট পাণিনি ব্যাকরণকেও বেদান্তের অন্তর্গত বলিয়া উহার আম্নায়ত্ব সপ্রমাণ করিয়াছেন। ভট্টোজী দীক্ষিত প্রভৃতি "আম্নায়" শব্দের প্রসার আরও বৃদ্ধি করিয়া গিয়াছেন। পাণিনির ব্যাকরণে একটি সূত্র আছে যথা—

"চরণাদ্ ধর্ম্মাম্নায়য়োরিত্যুক্তং তৎসাহচর্য্যান্নটশব্দাদপি তয়োরেব।"

১। তস্যেদম্। (৪।৩।১২০)

এই সূত্রের বার্ত্তিকে লিখিত আছে—"চরণাদ্ধর্ম্মাম্নায়য়োঃ" অপর একটী সূত্র আছে—

"ছন্দোগৌক্থিকযাজ্ঞিকবহ্বৃচনটা ঞ্ঞ্যঃ।" (৪।৩।১২৯)

দীক্ষিত ইহার অনুসরণ করিয়া নাট্যগ্রন্থেরও আম্নায়ত্ব স্বীকার করিয়াছেন।

শিলালি প্রভৃতি প্রাচীন নটসূত্রাদিও দীক্ষিতের মতে "আম্নায়" পদ বাচ্য।

কেহ কেহ আম্নায় শব্দের অপর আর এক প্রকার অর্থ করেন। তাঁহারা বলেন "ম্না অভ্যাসে" ম্নাধাতু হইতে আম্নায় পদ নিষ্পন্ন হইয়াছে। যে গ্রন্থ অভ্যস্ত করা যায় তাহাই আম্নায়। এক বিষয়ের পুনঃ পুনঃ উচ্চারণ করিয়া উহাকে স্মৃতির অনুগত করার নামই অভ্যাস। যুগাবসান কালে প্রায় সকল প্রাণীই লয় প্রাপ্ত হয়। ইহাদের মধ্যে যে কতিপয় শিষ্ট মহানুভব অবশিষ্ট ছিলেন তাঁহাদের দ্বারা স্ব স্ব স্মৃতির অনুরূপ অঙ্গ সহিত বেদ শিষ্যদিগের নিকট অভিব্যক্ত হয়। এইরূপে পুনঃ পুনঃ যুগাব-সানে নবযুগারম্ভে প্রাচীন মহানুভাবগণ শিষ্যদিগকে বেদাভ্যস্ত করান। এই নিমিত্ত ইহার নাম আম্নায়, এবং সাঙ্গ বেদ অভ্যস্ত করান হয় বলিয়া ইহাকে সমাম্নায় নামেও অভিহিত করা হয়। সূর্য্যসিদ্ধান্তের জ্যোতিষোপনিষদধ্যায়ে ইহার প্রমাণ পাওয়া যায়—

"যুগে যুগে সমুচ্ছিন্না রচনেয়ং বিবস্বতঃ।
প্রসাদাৎ কস্যচিদ্ভূয়ঃ প্রাদুর্ভবতি কামতঃ॥" ১৯ শ্লোকঃ।

সুতরাং কালক্রমে "আম্নায়" শব্দের ব্যাপ্তি অধিকতর দূরে প্রসারিত হইয়াছিল।

বেদের অপর অতি প্রাচীন নাম—"ছন্দঃ।" প্রাচীন সংস্কৃত সাহিত্যের মধ্যে আমরা অথর্ব্ববেদসংহিতায় সর্ব্বপ্রথমে "ছন্দঃ" শব্দের প্রয়োগ দেখিতে পাই। যথা—

ছন্দঃ।

'ত্রীণি ছন্দাংসি কবয়ো * * আপো বাতা ওষধয়ঃ।' (১৮।১।২।৭)

(১) এই স্থলে ছন্দঃ অর্থ জগদ্বন্ধন। নিরুক্তকার বলেন "ছন্দাংসি ছাদনাৎ।" (৭।৩।৬)

ছাদন অর্থাৎ বন্ধন। বিষয়মাত্রেই বন্ধন। সাঙ্খ্যতত্ত্ব-কৌমুদীকার লিখিয়াছেন :—

"বিষিণ্বন্তি বিষয়িণমনুবধ্নন্তি স্বেন রূপেণ নিরূপণীয়ং কুর্ব্বন্তীতি যাবৎ বিষয়াঃ পৃথিব্যাদয়ঃ সুখাদয়শ্চাস্মদাদীনাম্।" (৫ শ্লোক)

যাহারা বিষয়ীদিগকে অনুবন্ধ অর্থাৎ স্বীয়রূপে নিরূপণযোগ্য করে তাহারা বিষয়; যেমন পৃথিব্যাদি এবং আমাদের সুখদুঃখাদি। ফলতঃ অতি প্রাচীনতম সংস্কৃত সাহিত্যে এইরূপে বিষয়বন্ধন ও পৃথিব্যাদি অর্থেই ছন্দঃ শব্দের প্রয়োগ হইত।

(২) অতঃপর অকারাদি অক্ষরসমূহ ছন্দঃ শব্দের বাচ্য ছিল। যথা তৈত্তিরীয়ে—

"ছন্দঃ পুরুষ ইতি যমবোচাম অক্ষরসমাম্নায় এব; তস্যৈতস্যাকারো রসঃ"। (৩।২।৩।৪)

এস্থলেও "ছন্দাংসি ছাদনাৎ" এই নিরুক্ত হইতেই ছন্দঃ শব্দ নিষ্পন্ন হইয়াছে বলিয়া পণ্ডিতবর্গের স্বীকৃত। এখানে ছন্দঃ শব্দের অর্থ অকারাদি অক্ষরসমূহের সমষ্টিস্বরূপ শব্দসমূহ।

(৩) ঋগাদি ত্রিবিধ মন্ত্রও ছন্দঃ শব্দের বাচ্য। এতৎসম্বন্ধে প্রয়োগের কথা বলা যাইতেছে। অথর্ব্ববেদে উচ্ছিষ্ট সূক্তে লিখিত আছে—

"অগ্ন্যাধেয়মথো দীক্ষা কামপ্রচ্ছন্দসা সহ।
উৎসন্না যজ্ঞা সত্রাণ্যুচ্ছিষ্টেঽধি সমাহিতাঃ॥" (১১।৪।১।৮)

আবার অন্যত্র—

"দিবো নু মাং বৃহতো অন্তরীক্ষাদপাং স্তোকো অভ্যপপ্তদ্রসেন।
সমিন্দ্রিয়েণ পয়সাহমগ্নে ছন্দোভির্যজ্ঞৈঃ সুকৃতাং কৃতেন।"
(৬০।১২।১১।১)

এ সকল স্থলেও "ছন্দাংসি ছাদনাৎ" নিরুক্ত দ্বারাই ছন্দঃ শব্দ "মন্ত্র" অর্থে প্রযুক্ত হইয়াছে। মনোভাবাদির ছাদন স্বরূপ বলিয়াই মন্ত্রসমূহ মন্ত্র বলিয়া অভিহিত হয়। টীকাকার দুর্গাচার্য্য স্পষ্টরূপে লিখিয়াছেন—

"ছন্দাংসি=মন্ত্রাঃ।" অর্থাৎ ছন্দঃসমূহের অর্থ—মন্ত্রসমূহ।

তৈত্তিরীয় আরণ্যকে এইরূপ বহুল বিশিষ্ট বিশিষ্ট প্রয়োগ আছে।

পাণিনীয়সূত্রে, কাত্যায়নীয় বার্ত্তিকে, পাতঞ্জলভাষ্যে এবং অন্যান্য বহু প্রাচীন গ্রন্থেও সর্ব্ববেদার্থই "ছন্দঃ" শব্দে ব্যবহৃত হইয়াছে।

(৪) কিন্তু স্থানে স্থানে কেবল সামবেদীয়র্চ্চা ছন্দঃ নামে অভিহিত হইয়াছে, যথা অথর্ব্ববেদসংহিতায়—

"ঋচঃ সামানি ছন্দাংসি পুরাণং যজুষা সহ
উচ্ছিষ্টাজ্জজ্ঞিরে সর্ব্বে" ইত্যাদি। (অঃ সঃ ১১।৪.২।৫)

"তস্মাৎ যজ্ঞাৎ সর্ব্বহুতঃ ঋচঃ সামানি যজ্ঞিরে।
ছন্দাংসি যজ্ঞিরে তস্মাদ্ যজুস্তস্মাদজায়ত॥" (ঋক্‌সং ১০।৬০।৮)

এই সকল স্থলে "ছন্দাংসি" পদের অর্থ সামবেদীয়র্চ্চা। সামবেদীয়দিগের সংহিতা গ্রন্থ দুইভাগে বিভক্ত,—গান ও ছন্দঃ। গানগ্রন্থ আবার চারি শ্রেণীতে বিভক্ত—গেয়, আরণ্যক, উহ ও উহ্য। ছন্দোগ্রন্থ দুইভাগে বিভক্ত, যোনি ও উত্তরা। এই উভয়ই আর্চ্চিক নামে খ্যাত। উদ্ধৃত ঋকের অর্থ এই যে, সেই যজ্ঞ হইতে ঋক্‌বেদীয়, সামবেদীয়, অথর্ব্ববেদীয়, বৃত্তগীতবিবর্জ্জিত যজুর্ব্বেদীয় বাক্যসমূহ এবং ছন্দঃসমূহ উৎপন্ন হইয়াছিল। এখানে ছন্দঃ শব্দের অর্থ—'সামবেদীয় গানাদি মূলীভূত ছন্দো নামক মন্ত্রসমূহ।'

(৫) পূর্ব্বে গায়ত্রী প্রভৃতিও ছন্দঃ নামে অভিহিত হইত। যথা—"ছন্দাংসি চ দধতে অধ্বরেষু" (ঋক্ সং ৮।১৬।৫)। স্থলে ছাদন অর্থেই গায়ত্রী শব্দ ব্যবহৃত হইয়াছে। গায়ত্রী শব্দসমূহের ছাদন অর্থাৎ বন্ধনরূপ। কেবল পদ্যই যে ছন্দ বলিয়া ব্যবহৃত হইতে পারে, তাহা নহে।

কাত্যায়ন যজুর্ব্বেদীয় মন্ত্রমাত্রকে ছন্দঃ বলিয়াছেন। মাধ্যন্দিনীয়-ভাষ্যে মহীধর বলেন, "তত্র যজুর্ব্বেদমন্ত্রেষু কানিচিৎ যজুংষি কাশ্চন ঋচঃ; তত্র ঋচাং নিয়তাক্ষরপাদাবসানানামাবশ্যকং ছন্দঃ কাত্যায়নেনোক্তম্। যজুষাং ষড়ুত্তরশতাক্ষরাবসানানামেবাক্ষরাদীনাং পিঙ্গলেন দৈব্যেকমিত্যাদিনোক্তং ছন্দোবোধব্যম্ ইতি।" অর্থাৎ যজুর্ব্বেদ মন্ত্রে কোথাও যজুঃ ও কোথাও ঋক্ আছে। ঋক্‌সমূহে অক্ষর পাদসমূহ নিয়মক্রমে সংস্থাপিত। কাত্যায়ন উহা ছন্দঃ বলিয়াছেন। ইত্যাদি যজুর্ব্বেদীয় মন্ত্রসমূহেও পাদাক্ষর সন্নিবেশের নিয়ম পরিলক্ষিত হয়, সুতরাং উহাও ছন্দঃ নামে অভিহিত হইয়া থাকে।

(৬) মন্ত্র ও ব্রাহ্মণ এই উভয়ই যেরূপ বেদ নামে অভিহিত হইয়া থাকে। ছন্দঃ শব্দেরও সেইরূপ প্রয়োগ আছে। এতদ্ব্যতীত মন্ত্র বা ব্রাহ্মণ এই উভয়ই পৃথক্ রূপে ছন্দঃ বলিয়া ব্যবহৃত হইতে দেখা যায়। যাস্ক নিরুক্তের উপক্রমে মন্ত্রকে ছন্দঃ বলিয়া অভিহিত করিয়াছেন। পাণিনি যদিও মন্ত্র ও ব্রাহ্মণ এই উভয়কেই ছন্দঃ বলিয়া লিখিয়াছেন, কিন্তু তথাপি কোন কোন স্থলে মন্ত্রকে বিশেষরূপে ছন্দঃ বলিয়া সংজ্ঞিত করিয়াছেন, যথা—

"ছন্দোব্রাহ্মণানিচ তদ্বিষয়ানি॥" (৪।২।৬৬)

(৭) ইতঃপূর্ব্বে বলা হইয়াছে বেদাঙ্গ প্রভৃতিও ছন্দঃ শব্দের বাচ্য বলিয়া ব্যবহৃত হইয়াছে। কিন্তু পতঞ্জলির মতে বেদগুলি ছন্দঃ নামে ব্যবহৃত হইতে পারে না। তিনি বলেন

"ছন্দোবৎ সূত্রাণি ভবন্তি" (১ অঃ ৪ পাঃ ২ আ)

শৌনকীয় শিক্ষাদি বেদাঙ্গ হউক বা না হউক, উহা ছন্দস্ত্বের সংজ্ঞায় সংজ্ঞিত হইতে পারে না। নাগেশ স্পষ্টতঃই বলিয়াছেন বেদাঙ্গকে ছন্দঃ বলা যাইতে পারে না।

(৮) কিন্তু নাগেশ ভিক্ষুসূত্র ও নটসূত্রের ছন্দস্ত্ব স্বীকার করিয়াছেন। লঘুশব্দেন্দুশেখরে ইহার প্রমাণ দ্রষ্টব্য। কিন্তু অধুনা ঋষিদিগের অতি প্রসিদ্ধ গ্রন্থমাত্রই সর্ব্বসম্মতভাবে ছন্দঃ বলিয়া স্বীকৃত হইতেছে।

বেদের অপর নাম—স্বাধ্যায় যথা :—

অপর নাম। "স্বাধ্যায়োঽধ্যেতব্যঃ" (তৈঃ আঃ ২।১৫।৭)

শ্রুতিতে ও স্মৃতিতে বহুস্থলে "স্বাধ্যায়" শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। বেদশাস্ত্র সম্যক্ রূপে অধ্যয়ন করা ব্রাহ্মণগণের পক্ষে অতি কর্ত্তব্য বলিয়া বেদ "স্বাধ্যায়" শব্দের বাচ্য। মনু লিখিয়াছেন—

"যোঽনধীত্য দ্বিজো বেদমন্যত্র কুরুতে শ্রমম্।
স জীবন্নেব শূদ্রত্বমাশু গচ্ছতি সান্বয়ঃ।" (২.১৬৮)

বেদের অপর নাম—"আগম"। পাণিনির বার্ত্তিককার কাত্যায়ন লিখিয়াছেন—"রক্ষোহাগম লঘ্বসন্দেহাঃ প্রয়োজনম্।"

ভাষ্যকার পতঞ্জলি মুনি লিখিয়াছেন :—"আগমঃ—খল্বপি ব্রাহ্মণেন ষড়ঙ্গো বেদোঽধ্যেয়ো জ্ঞেয়শ্চ।"

কুমারিলভট্ট স্বকৃত শ্লোকবার্ত্তিক প্রন্থের ভূমিকায় লিখিয়াছেন—

"আগমপ্রবণশ্চাহং নাপবাদ্যঃ স্খলন্নপি"

সাংখ্যকারিকাকার ঈশ্বরকৃষ্ণ লিখিয়াছেন—

"তস্মাদপি চাসিদ্ধং পরোক্ষমাপ্তাগমাৎ সিদ্ধম্।"

এতদ্দ্বারা সপ্রমাণ হইতেছে যে বেদের এই "আগম" নামটীও অতি প্রাচীন। ইহার অপর নাম—"নিগম"।

যাস্কীয়নিরুক্তে নিগম শব্দের বহুল উল্লেখ আছে এবং বেদ হইতে ইহার বহুল উদাহরণ প্রদত্ত হইয়াছে। যথা—

১। "তত্র খল ইত্যেতস্য নিগমা ভবন্তি খলেন পর্যান্।"
(ঋক্‌সং° ৮।১.৬।২)

২। "অথাপি নৈগমেভ্যো ভাষিকাঃ উষ্ণং ঘৃতমিতি।"
(ঋক্ সং ২।১।৩)

প্রথমতঃ নিগম শব্দটী মন্ত্রভাগের অপর নাম রূপে ব্যবহৃত হইত। নিরুক্তগ্রন্থে মন্ত্র সকল নিগম নামে অভিহিত হইয়াছে, ব্রাহ্মণ নিগম নামে অভিহিত হয় নাই। তদ্ যথা—

"নিঘণ্টবঃ কস্মাৎ ? নিগমা ইমে ভবন্তি" (১।১।১)

মনু বলেন, "নিগমাংশ্চ বৈদিকান্" ইহার ব্যাখ্যায় কুল্লূক লিখিয়াছেন—"তথা পর্য্যায়কথনেন বেদার্থাববোধকান্ নিগমাখ্যাংশ্চ গ্রন্থান্" ইতি। পরবর্ত্তী কালে ব্রাহ্মণও নিগম নামে অভিহিত হইতে থাকে।

শ্রীমদ্ভাগবতে মন্ত্র ও ব্রাহ্মণ উভয়ই নিগম শব্দের বাচ্যরূপে ব্যবহৃত হইয়াছে যথা—"নিগমকল্পতরোর্গলিতং ফলম্।"

শ্রীধরস্বামী ইহার ব্যাখ্যায় লিখিয়াছেন—"নিগমো বেদঃ স এব কল্পতরুঃ;—সর্ব্বপুরুষার্থোপায়ত্বাৎ। তস্য ফলমিদং ভাগবতং নাম।"

ক্রমসন্দর্ভকার লিখিয়াছেন—"নিগমকল্পতরোঃ সর্ব্বফলোৎপত্তিভূবঃ শাখোপশাখাভির্বৈকুণ্ঠমপ্যধ্যারূঢ়স্য বেদরূপতরোঃ।

আমরা উল্লিখিতাংশে বেদের কয়েকটী পর্য্যায়ের আলোচনা করিয়াছি। আলোচিত পর্য্যায় গুলির নাম—(১) বেদ, শ্রুতি, (৩) আম্নায় (৪) সমাম্নায় (৫) ছন্দঃ (৬) স্বাধ্যায় (৭) আগম ও (৮) নিগম।

এক্ষণে সংহিতালক্ষণ সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে। শ্রীভাগবত বেদকে নিগমকল্পতরু বলিয়া অভিহিত সংহিতালক্ষণ করিয়াছেন। বেদ বাস্তবিকই নিগমকল্পতরু। গদ্য, পদ্য ও গান এই ত্রিবিধ রচনাত্মক বলিয়া বেদ ত্রয়ী নামে প্রসিদ্ধ। কিন্তু ত্রয়ী হইলেও বেদসংহিতা চারি প্রকার, ঋক্-সংহিতা, যজুঃসংহিতা, সামসংহিতা ও অথর্ব্বসংহিতা। প্রাতিশাখ্যাদিতে সংহিতা লক্ষণের উল্লেখ আছে তদ্ যথা—

১। পদ-প্রকৃতিঃ সংহিতা (ঋ প্রা ২।১)

২। বর্ণানামেকপ্রাণযোগঃ সংহিতা। (যজুঃ প্রা, ১।১৫৮

৩। পরঃ সন্নিকর্ষঃ সংহিতা। (পা ১।৪।১০৮)

যদিও চারি সংহিতাতেই ঋগ্ লক্ষণ পদ্যাত্মক মন্ত্রের উল্লেখ দেখিতে পাওয়া যায়, কিন্তু যে গ্রন্থে এই ঋগ্ লক্ষণ (মন্ত্রাত্মক) মন্ত্র ব্যতীত অপর কোন লক্ষণ বিশিষ্ট অর্থাৎ পদ্য ভিন্ন গদ্য বা গীতাত্মক একটী মন্ত্রও দৃষ্ট হয় না, তাহার নাম ঋক্‌সংহিতা

অন্য প্রকার রচনাপ্রণালী থাকিলেও যে সংহিতায় কেবল গদ্যের প্রাধান্য তাহাই যজুর্ব্বেদসংহিতা,এবং যে সংহিতায় কেবল গানেরই প্রাধান্য তাহাই সামবেদসংহিতা নামে অভিহিত পূর্ব্বেই বলা হইয়াছে যে ত্রিবিধ রচনাপ্রণালীর ভেদেই ত্রিবিধ সংহিতার নামকরণ হইয়াছে। চতুর্থ সংহিতার নাম অথর্ব্ব-সংহিতা ; কিরূপে অথর্ব্বসংহিতার নামকরণ হইল তাহার কিঞ্চিৎ আলোচনার প্রয়োজন। কেহ কেহ বলেন, অথর্ব্ব নামক ঋষির নামানুসারে অথর্ব্বসংহিতা নাম রাখা হইয়াছে। অথর্ব্বঋষিই যজ্ঞ-প্রক্রিয়াদির প্রথম প্রকাশক। ইনিই হোত্রাদি কার্য্যের সৌকর্য্যার্থ সর্ব্ব প্রথমে ঋগাদি হইতে যজ্ঞাদি ক্রিয়ার সূত্রপাত করেন।

ঋক্‌সংহিতায় লিখিত আছে—

১। যজ্ঞৈরথর্ব্বা প্রথমঃ পথস্ততে। (ঋক্ সং ১।৬।৪।৫)

২। অগ্নির্জাতো অথর্ব্বণা। (ঋক্ সং ৭।৭।৪।৫)

৩। ত্বামগ্নে পুষ্করাদধ্যথর্ব্বা নিরমন্থত। (ঋক্ সং ৪।৫।২৩।৩)

এই সকল মন্ত্র দ্বারা প্রতিপন্ন হইয়াছে যে অথর্ব্ব ঋষিই যজ্ঞপ্রক্রিয়ার আদি আবিষ্কর্ত্তা এমন কি ঐতরেয়ব্রাহ্মণে লিখিত আছে—

"যদৃচৈব হোত্রং ক্রিয়তে, যজুষাধ্বর্য্যবং, সাম্নোদ্গীথং ব্যারব্ধা ত্রয়ী বিদ্যা ভবত্যথ কেন ব্রহ্মত্বং ক্রিয়তে ইতি ত্রয়্যা বিদ্যয়েতি ব্রূয়াৎ।" (৫।৫।৮)

এতদ্দ্বারা স্পষ্টতঃই দেখা যায় যে, যজ্ঞকার্য্যের সৌকর্য্যের

নিমিত্ত বেদবিভাগের প্রয়োজন হয়। ঋগ্ দ্বারা হোত্র, যজুঃ দ্বারা অধ্বর্য্যু এবং সাম দ্বারা যজ্ঞের উদ্গীথ ক্রিয়ার বিধান করা হয় এবং সমগ্র ত্রয়ীই ব্রহ্মত্বকরণে সাধিকারূপে নির্দ্দিষ্ট হয়। অথর্ব্বসংহিতা অধ্যয়ন না করিলে সমগ্র ত্রয়ীতে জ্ঞান লাভ হয় না। হোতা, অধ্বর্য্যু ও উদ্গাতার ব্যবহার ভিন্ন উহাতে ঋক্ ও যজুর অনেক মন্ত্র আছে। অথর্ব্ববেদীই ব্রহ্মা হইয়া থাকেন। তিনিই যজ্ঞ রক্ষা করেন। যাস্ক বলেন "ব্রহ্মা সর্ব্ববিদ্যঃ সর্ব্বং বেদিতুমর্হতি।" (১।৩।৩) গোপথব্রাহ্মণে ইহা অধিকতর পরিস্ফুটরূপে প্রদর্শিত হইয়াছে যথা—"তস্মাদ্ ঋগ্বিদমেব হোতারং বৃণীষ্ব যজুর্বিদমধ্বর্য্যুং সামবিদমুদ্গাতারং অথর্ব্বাঙ্গিরোবিদম্ ব্রহ্মাণম্।" (গোপথ পূর্ব্বার্দ্ধে ১।৩।১,২)

সুতরাং অথর্ব্বসংহিতা সর্ব্বতোভাবেই আদরণীয়।

কিন্তু অন্য দেশীয়গণ অথর্ব্ববেদের প্রাচীনত্ব সম্বন্ধে সন্দিহান। তাঁহারা বলেন, পূর্ব্বে ঋক্, যজুঃ ও সাম এই তিন বেদ "ত্রয়ী" নামে অভিহিত। প্রাচীনতম গ্রন্থে মাত্র তিন বেদের উল্লেখ আছে। তদ্ যথা ছান্দোগ্য ব্রাহ্মণ—

১। "অগ্নের্ঋচো বায়োর্যজুংষি সামান্যাদিত্যাৎ। স এতাং ত্রয়ীং বিদ্যামভ্যতপৎ॥" (৬।১৭)

২। মনুসংহিতাতে লিখিত আছে—

"অগ্নিবায়ুরবিভ্যস্তু ত্রয়ং ব্রহ্মসনাতনম্।
দুদোহ যজ্ঞসিদ্ধ্যর্থমৃগ্যজুঃসামলক্ষণম্॥" (১।২৩)

যে সকল গ্রন্থ ছান্দোগ্যাদির পরে রচিত হইয়াছে, সেই সকল গ্রন্থেই অথর্ব্ববেদের উল্লেখ আছে, কেন না, এই সকল গ্রন্থের অল্প পূর্ব্বেই অথর্ব্ববেদের সৃষ্টি হইয়াছিল। দৃষ্টান্ত স্বরূপ বৃহদারণ্যকের নাম উল্লেখ করা যাইতে পারে যথা—

১। অরে অস্য মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতদ্ যদৃগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্বাঙ্গিরসঃ। (৪।৪।১০)

২। মহাভারতেও লিখিত আছে :—

"একতশ্চতুরো বেদান্ ভারতঞ্চৈতদেকতঃ।
পুরা কিল সুরৈঃ সর্ব্বৈঃ সমেত্য তুলয়া ধৃতম্॥
চতুর্ভ্যঃ সরহস্যেভ্যো বেদেভ্যো হ্যধিকং যদা।
তদা প্রভৃতি লোকেঽস্মিন্ মহাভারতমুচ্যতে॥" (১।২৮৮,২৫৮)

৩। মহাভারতে আরও প্রমাণ আছে যথা—

"যো বিদ্যাচ্চতুরো বেদান্ সাঙ্গোপনিষদো দ্বিজঃ।
ন চাখ্যানমিদং বিদ্যাৎ নৈব স স্যাদ্ বিচক্ষণঃ॥"

(আদিপর্ব্ব ১।৩৬৮ শ্লো°)

পাশ্চাত্য পণ্ডিতেরা বলেন, "পরবর্ত্তী গ্রন্থকারগণই এই রূপ চতুর্ব্বেদের উল্লেখ করিয়াছেন। কিন্তু ত্রয়ী বলিলে ঋক্, যজুঃ ও সাম এই তিন বেদ মাত্র বুঝায়। অথর্ব্ববেদ "ত্রয়ী"র অন্তর্গত নহে। ঋগাদি বেদত্রয়ই প্রাচীনতম। অথর্ব্ববেদ অবশ্যই পরবর্ত্তী। বিদেশীয়গণ এইরূপে অথর্ব্ববেদের অপেক্ষাকৃত অপ্রাচীনত্ব সপ্রমাণ করিতে প্রয়াস পাইয়াছেন।

কিন্তু এইরূপ সিদ্ধান্ত স্থাপন যে মাত্র একেবারেই অযৌক্তিক, অমূলক ও অবিচারসহ এবং একদেশদর্শিতার ফল, কিঞ্চিৎ পর্য্যালোচনা করিলে সহজেই উহা সকলের হৃদয়ঙ্গম হইতে পারে। ইহাদের উক্তিতে আদৌ কোন মূল দেখিতে পাওয়া যায় না। বেদে বা লোকে কোথাও ইহার প্রমাণ নাই। কেবল "ত্রয়ী" পদটীই ইহাদের এই উক্তির একমাত্র অবলম্বন। "ত্রয়ী" নামের ব্যাখ্যা পূর্ব্বেই করা হইয়াছে যে, গদ্য, পদ্য ও গান এই ত্রিবিধ প্রকার রচনা আছে বলিয়া বেদ ত্রয়ী নামে অভিহিত হইয়াছে। সামবেদে ঋক্ ও যজুর্ব্বেদের পাঠ আছে, যজুর্ব্বেদেও ঋকের পাঠ পরিলক্ষিত হয়। ইহাতে আপাতঃদৃষ্টিতে বেদসমূহের সাঙ্কর্য্য দোষ পরিলক্ষিত হইতে পারে। একটুকু অনুসন্ধান পূর্ব্বক বিচার করিয়া দেখিলে দেখা যাইবে, ঋক্ যজুঃ ও সাম গ্রন্থ বিশেষের নামানুসারে নহে, রচনাপ্রণালী অনুসারেই এই ত্রিবিধ নাম পরিকীর্ত্তিত হইয়াছে। মাধবাচার্য্য এই প্রশ্নের সমাধান করিয়া ঋক্, যজুঃ ও সামের যে লক্ষণ করিয়া রাখিয়াছেন তাহা এই—

বিদেশীয় সিদ্ধান্ত খণ্ডন

১। ঋক্—"পাদবদ্ধেনার্থেন চোপেতা বৃত্তবদ্ধা মন্ত্রা ঋচঃ" অর্থাৎ পাদবদ্ধ অর্থ সমেত বৃত্তবদ্ধ মন্ত্রই ঋক্।

২। সাম—"গীতিরূপা মন্ত্রাঃ সামানি।" গীতরূপ মন্ত্রই সাম।

৩। যজুঃ—"বৃত্তগীতিবিবর্জ্জিতত্বেন প্রশ্লিষ্টপঠিতা মন্ত্রাঃ যজূংষি।" অর্থাৎ বৃত্তগীতিবিবর্জ্জিত প্রশ্লিষ্টপঠিত মন্ত্রই যজুঃ।

(অধিকরণ মালা ২।১।৫০)

এই লক্ষণ মনে রাখিলে ঋক্, যজুঃ ও সাম যে কোন গ্রন্থ হইতে স্থির করিয়া লওয়া যাইতে পারে। ফলতঃ এই লক্ষণদ্বারাই "ত্রয়ী" বিনিশ্চিত হইয়া থাকে। ত্রয়ীলক্ষণ বিনির্ণয়ের এইরূপ আরও প্রমাণ পাওয়া যায়, যথা—বহ্বৃক্-প্রাতিশাখ্যব্যাখ্যানে :—

"যঃ কশ্চিৎ পাদবান্ মন্ত্রো যুক্তশ্চাক্ষরসম্পদা।
স্বরযুক্তোঽবসানে চ তামৃচং পরিজানতে॥"

অথর্ব্ববেদও বেদ, যেহেতু উহা ঋগ্যজুর্ময়। সামসংহিতায় ঋগ্ লক্ষণ ও যজুর্লক্ষণ মন্ত্র থাকিয়াও উহা যেমন সামবেদ নামে অভিহিত হইতে দেখা যায়, সেইরূপ অথর্ব্ববেদেও ঋক্ মন্ত্র ও যজুর্মন্ত্র থাকায় কোনরূপ দোষের হইতে পারে না। তবে কেবল অথর্ব্বকৃত্যের প্রাধান্য বশতঃই এই বেদে অথর্ব্ববেদ নামে অভিহিত হইয়া থাকে।

সর্ব্বানুক্রমণিকাবৃত্তি গ্রন্থে স্পষ্টতঃই লিখিত হইয়াছে :—

"বিনিয়োক্তব্যরূপশ্চ ত্রিবিধঃ সম্প্রদর্শ্যতে।
ঋগ্‌যজুঃসামরূপেণ মন্ত্রো বেদচতুষ্টয়ে॥
অহে বুরীয় মন্ত্রং মে গোপায়েত্যভিধীয়তে।
চতুর্ষ্বপি হি বেদেষু ত্রিধৈব বিনিযুজ্যতে॥"

(ঋক্ পাদবদ্ধো, গীতস্তু সাম গদ্যং যজুর্মন্ত্রঃ)

এতদ্দ্বারা স্পষ্টতঃই জানা যাইতেছে যে, তিন প্রকার মন্ত্র চারিবেদেই পরিলক্ষিত হয়।

যাঁহারা অথর্ব্ববেদের প্রাচীনত্ব স্বীকার করেন না, উহাদের আর একটী যুক্তি এই যে ছান্দোগ্যাদি প্রাচীন গ্রন্থে ঋক্ যজুঃ ও সাম এই তিনের উল্লেখ আছে, অথর্ব্ববেদের উল্লেখ নাই। এইরূপ উক্তি অসম্যগ্‌দর্শিতা বা একদেশদর্শিতারই বিষময় ফল। যাঁহারা প্রনিধানপূর্ব্বক কোন গ্রন্থের আদ্যন্ত পাঠ করেন, তাঁহাদের এরূপ ভ্রম হওয়ার কোনও কারণ নাই। এই একদেশদর্শী মহাত্মারা যে ছান্দোগ্যের দোহাই দিয়াছেন সেই ছান্দোগ্যেই স্পষ্টতঃ লিখিত আছে :—

"ঋগ্বেদং বিজানাতি যজুর্ব্বেদং সামবেদমাথর্ব্বণঞ্চতুর্থম্" (৭।৭)

ইদানীন্তন সময়ে পাশ্চাত্য অধ্যাপকগণের যুক্তি ও উক্তি যে কতদূর প্রামাণিক, ইহা হইতেই তাহা প্রতিপন্ন হইল। আবার অপর পক্ষে ইহারা মনে করেন, পরবর্ত্তী গ্রন্থকারগণ বুঝি চতুর্ব্বেদের উল্লেখ ভিন্ন ত্রয়ী বা তিন বেদের উল্লেখ করেন নাই। কেন না এই সকল গ্রন্থের কিঞ্চিৎ পূর্ব্বে অথর্ব্ববেদের সৃষ্টি হয়। ইঁহাদের এই ধারণাও ভ্রমাত্মিকা। কেন না যে সকল গ্রন্থকে ইঁহারা অথর্ব্ববেদের পরবর্ত্তী সময়ের গ্রন্থ বলিয়া নির্দ্দেশ করেন, সেই সকল গ্রন্থে যেমন চতুর্ব্বেদের উল্লেখ আছে, আবার তেমনই ত্রিবেদের উল্লেখও যথেষ্ট আছে। যথা—

১। "ত্রয়ো বেদা অজায়ন্ত।" (শতপথব্রাহ্মণ ১১।৫।৮।)
২। "অগ্নিহোত্রং ত্রয়ী বিদ্যা" (মহাভারত ১।১০০।৬৫।)
৩। "কচ্চিৎ ধর্ম্মে ত্রয়ী মূলে।" (তত্রৈব ২।৫।৯৮।)
৪। "ন সামঋগ্‌যজুর্ব্বিদঃ" (তত্রৈব ৩।৫০।১৩)

বহু উদাহরণ উদ্ধৃত করার প্রয়োজন কি, যে গ্রন্থে বেদের ত্রিত্ব দৃষ্ট হয়, সেই গ্রন্থেই উহার চতুষ্টয়ত্বও দৃষ্ট হইয়া থাকে। সুতরাং পাশ্চাত্য অধ্যাপকগণের সিদ্ধান্ত যে আদৌ বিচারসহ ও সঙ্গত নহে, তাহা সহজেই উহা প্রতিপন্ন হইল। চারিবেদের নামকরণের উপায় দুই প্রকার (১) রচনাপ্রণালী অনুসারে পদ্য প্রাধান্যে ঋগ্‌বেদ, গীত প্রাধান্যে সামবেদ এবং গদ্য প্রাধান্যে যজুর্ব্বেদ নামকরণ হইয়াছে। (২) অথর্ব্ববেদের নামকরণ প্রণালী স্বতন্ত্র। অথর্ব্ব ঋষির প্রবর্ত্তিত কৃত্যবাহুল্যেই এই বেদ অথর্ব্ববেদ নামে অভিহিত। এই বেদ ঋগ্‌মন্ত্র ও যজুর্ম্মন্ত্রময়। কেহ কেহ বলেন, পাণিনির ব্যাকরণ প্রাচীন গ্রন্থ। ইহাতে অথর্ব্ববেদের উল্লেখ নাই, সুতরাং এই অথর্ব্ববেদ অপ্রাচীন।

পাণিনির ব্যাকরণে অথর্ব্ববেদের কোন প্রকার উল্লেখ আছে কি না, তাহা অগ্রেই অনুসন্ধেয়। ইহা হয়ত অনেকেরই জানা আছে যে, শাকলাদি শাখার সাধারণ নাম ঋগ্‌বেদ, কৌথুমাদি শাখার সাধারণ নাম সামবেদ, শৌনকাদি শাখার সাধারণ নাম অথর্ব্ববেদ। পাণিনির বহু পূর্ব্ব হইতে শৌনকাদি-শাখার নাম শুনিতে পাওয়া যায়। এই সকল শাখার নাম পাণিনি প্রভৃতিরও সম্মত। পাণিনিসূত্রে লিখিত আছে—

"শাকলাদ্বা" (৪।৩।১২৮)

পাণিনি সূত্রে শৌনকাদি শাখারও উল্লেখ আছে যথা—

"শৌনকাদিভ্যশ্ছন্দসি।" (৪।৩।১০৫)

ইহাতে জানা যাইতেছে যে, শৌনকীয় নামে গ্রন্থ ছিল এবং সেই গ্রন্থ পাণিনিরও বিদিত ছিল। এই গ্রন্থ অথর্ব্ববেদীয় শিক্ষা নামে অভিহিত হইত। নাগেশভট্ট ইহাকে শৌনকীয়শিক্ষা নামে অভিহিত করিয়া গিয়াছেন। এমন কি উক্ত অধিকারে অথর্ব্ববেদীয় কল্পেরও উল্লেখ আছে যথা—

"কাশ্যপকৌশিকাভ্যামৃষিভ্যাং ণিনি॥" (৪।৩।১০৩)

চতুরধ্যায়ী কৌশিকসূত্র অথর্ব্ববেদীয় ইহা বেদাধ্যায়িমাত্রেরই সুবিদিত। এতদ্ব্যতীত পাণিনিসূত্রে আরও অধিকতর স্পষ্ট কথা আছে যথা—

"আথর্ব্বণিকস্যৈকলোপশ্চ" (৪।৩।১৩৩)

ভাষ্যকার ইহার ব্যাখ্যায় স্পষ্টতঃই অথর্ব্ববেদের নাম উল্লেখ করিয়াছেন। অথর্ব্ববেদের অস্তিত্ব জ্ঞান পাণিনির ছিল কি না এ বিচার তো দূরের কথা, অথর্ব্ববেদীয় শৌনকসংহিতা, চতুরধ্যায়াত্মক কৌশিকসূত্র বা অথর্ব্ববেদীয় কল্পসূত্র, অথর্ব্ববেদীয়-শিক্ষা, অথর্ব্ববেদীয়দিগের পাঠপ্রকারাত্মক ধর্ম্ম ইত্যাদি সকল বিষয়ই পাণিনির সুবিদিত ছিল।

নিরুক্তকার যাস্ক পাণিনির পূর্ব্বর্ত্তন। পাণিনি যাস্কের গ্রন্থ পাঠ করিয়াছিলেন। অথর্ব্ববেদ যে অপর তিন বেদের সমকালিক তাহাতে সন্দেহের লেশমাত্রও নাই।

বাস্তবিক কথা এই যে যজ্ঞীয় হোত্রাদি কার্য্যানুসারেই চারি বেদ বিভাগ। বেদের বিভাগ সম্পন্ন হয়, সর্ব্বানুক্রমণীবৃত্তির ভূমিকায় লিখিত আছে—

"বিনিযোক্তব্যরূপো যঃ স মন্ত্র ইতি চক্ষতে।
বিধিস্তুতিকরং শেষং ব্রাহ্মণং কথয়ন্তি হি॥"

বেদের যে সকল উক্তি বিনিয়োগের যোগ্য তাহাই মন্ত্র এবং যাহাতে বিধানাদি আছে তাহাই ব্রাহ্মণ। ফলতঃ যজ্ঞার্থে এক বেদই চারিভাগে বিভক্ত। হোতা, অধ্বর্য্যু, উদ্গাতা ও ব্রহ্মা

এই চারিজন যজ্ঞ পুরোহিত। হোতার ব্যবহার্য্য মন্ত্র মাত্রই ঋক্। এই ঋক্ মন্ত্র গুলিকে সংহনন বা একত্র করিয়া যে গ্রন্থ হইয়াছে তাহার নাম ঋক্‌সংহিতা। ঋক্ মন্ত্রের বিনিয়োগাদি অভিধায়ক গ্রন্থের নাম ঋগ্ ব্রাহ্মণ। ঋক্‌সংহিতা ও ঋগ্ ব্রাহ্মণ এই উভয় একত্র ঋগ্‌বেদ নামে প্রসিদ্ধ। অধ্বর্য্যুর ব্যবহার্য্য মন্ত্র গুলির অধিকাংশই যজুঃ, তবে ইহাতে ঋক্‌ও আছে। এই ঋগ্‌যজুঃসংহননে নিবদ্ধ গ্রন্থই ঋক্‌সংহিতা, ইহার বিনিয়োগাদি অভিধায়ক গ্রন্থের নাম যজুর্ব্রাহ্মণ। এই উভয় গ্রন্থ একত্র যজুর্ব্বেদ নামে প্রসিদ্ধ। উদ্গাতার ব্যবহার্য্য মন্ত্র—ঋক্, যজুঃ ও সাম। ইহাদের সংহননে নিবদ্ধ গ্রন্থের নাম সামসংহিতা, ইহার ব্রাহ্মণ ও মন্ত্র উভয়ে একত্র সামবেদসংহিতা নামে অভিহিত। যাহারা ঋগ্‌বেদ অধ্যয়ন করান, ঋগ্‌বেদের কার্য্য করেন, তাঁহারা ঋগ্‌বেদী।

যাঁহারা যজুর্ব্বেদমন্ত্র অধ্যয়ন করান এবং যজুর্ব্বেদ মন্ত্রের কার্য্য নিষ্পন্ন করেন তাঁহারা যজুর্ব্বেদী। যজুর্ব্বেদে ঋক্ ও যজুঃ এই দুই বেদ থাকায় যজুর্ব্বেদীরা দ্বিবেদী নামেও অভিহিত হয়েন। ভাষায় ইঁহাদিগকে 'দুবে' বলে। যাঁহারা কেবল সামবেদ অধ্যয়ন করান ও সামবেদীয় কার্য্য সম্পন্ন করেন, তাঁহারা সামবেদী। সামবেদে ঋক্, যজুঃ ও সাম এই তিনই বর্ত্তমান থাকায় সামবেদীদিগকে "ত্রিপাঠী" বা ত্রিবেদী। চলিত ভাষায় ইহাদিগকে "ত্রিবাড়ী" বা "তেওয়ারী" বলা হয়।

অথর্ব্ববেদসংহিতা অবশিষ্ট মন্ত্রসমূহের পেটিকাস্বরূপ। অথর্ব্ববেদসংহিতায় ঋক্ ও যজুঃ উভয়ই আছে। অথর্ব্বমন্ত্রের প্রয়োগ ও অভিধায়ক গ্রন্থের নাম অথর্ব্বব্রাহ্মণ। অথর্ব্ব মন্ত্র ও অথর্ব্বব্রাহ্মণ এই উভয়ের একত্র নিবদ্ধ সংহিতার নাম অথর্ব্ববেদসংহিতা। যজ্ঞে ব্রহ্মত্বকার্য্যে অথর্ব্বমন্ত্র ও অথর্ব্ব-ব্রাহ্মণের জ্ঞান থাকা প্রয়োজন। সুতরাং ঋক্, যজুঃ ও সামবেদ-সংহিতা অধীত হইলেও অথর্ব্ববেদের জ্ঞানের অভাবে বেদ বিষয়ে সর্ব্বমন্ত্রবেত্তৃত্ব সম্ভবপর হয় না। হোতৃকার্য্যে ঋগ্‌বেদের জ্ঞান, অধ্বর্য্যুর কার্য্যে যজুর্ব্বেদের জ্ঞান, ও উদ্গাতৃ কার্য্যে সাম-বেদের জ্ঞান প্রয়োজনীয়। এই নিমিত্ত ঋগ্‌বেদ হোতৃবেদ, যজুর্ব্বেদ অধ্বর্য্যুবেদ এবং সামবেদ উদ্গাতৃবেদ নামে অভিহিত হইয়া থাকে। এইরূপ ব্রহ্মকার্য্যের নিষ্পাদনার্থ অথর্ব্ববেদ প্রয়োজনীয়। এই হেতু অথর্ব্ববেদ "ব্রহ্মবেদ" নামে অভিহিত হয়। অথর্ব্ববেদ অধ্যায়ী চতুর্ব্বেদী নামে আখ্যাত হন। ভাষায় ইহাদিগকে "চৌবে" বলা হয়। অথর্ব্বসংহিতাভাষ্যে সায়ণ লিখিয়াছেন—

"ঋষয়ঃ ত্রৈবিদা বিদুঃ। ঋচঃ সামানি যজুংষি॥"

(তৈঃ ব্রাঃ ১।২।১।২৬)

এই ত্রৈবিধ্যের উল্লেখ বেদগত মন্ত্ররচনার ত্রৈবিধ্যই অভিপ্রেত। জৈমিনি স্পষ্টতঃ বলিয়াছেন, "তচ্চোদকেষু মন্ত্রাখ্যা। তেষামৃগ্ যত্রার্থবশেন পাদব্যবস্থা। গীতিষু সামাখ্যা। শেষে যজুঃ শব্দঃ" (জৈঃ সূ ২।১।৩২, ৩৫, ৩৬, ৩৭)

গোপথব্রাহ্মণে লিখিত হইয়াছে—

"চত্বারো বা ইমে বেদা ঋগ্‌বেদো যজুর্ব্বেদঃ সামবেদো ব্রহ্ম-বেদ ইতি।" চতস্রো বা ইমে হোত্রাঃ। হৌত্রমাধ্বর্য্যবমৌদ্গাত্রং ব্রহ্মত্বমিতি। তদপ্যেতদৃচোক্তম্—চত্বারি শৃঙ্গ ত্রয়ো হস্য পাদাঃ দ্বেশীর্ষে, সপ্ত হস্তাসোহস্য। ত্রিধা বদ্ধো বৃষভো রোরবীতি মহো দেবো মর্ত্ত্যামাবিবেশঃ (ঋক্‌সং ৪।৫৮।৩)। চত্বারি শৃঙ্গেতি বেদা বা এত উক্তাঃ।" (১।২।১৭)

গোপথব্রাহ্মণ ও ঋগ্‌বেদসংহিতার উক্ত প্রমাণগুলি দ্বারা চারিবেদের বিষয় সায়ণ সুস্পষ্টরূপে সপ্রমাণ করিয়াছেন। সুতরাং চারি বেদই "ত্রয়ী" শব্দবাচ্য।

পূর্ব্বেই বলা হইয়াছে, চতুর্ব্বেদ মন্ত্র ও ব্রাহ্মণভেদে দুইভাগে বিভক্ত। যজ্ঞপরিভাষাসূত্রে আপস্তম্ব বলিয়াছেন—

"মন্ত্রব্রাহ্মণয়োর্বেদনামধেয়ম্।" মন্ত্র কাহাকে বলে? যাস্ক বলেন—

"মন্ত্রা মননাৎ।" (৭।৩।৬)

দুর্গাচার্য্য উহার বৃত্তি করিয়া লিখিয়াছেন—

"তেভ্যঃ (মন্ত্রেভ্যঃ হি অধ্যাত্মা ধদৈবাধিযজ্ঞাদিমন্তারো মন্তব্যে তদেষাং মন্ত্রত্বম্।" অর্থাৎ মন্ত্রপ্রয়োগকারীরা মন্ত্রসমূহ হইতে অধ্যাত্ম, অধিদৈব ও অধিযজ্ঞাদি মনন করেন এই নিমিত্ত ইহারা মন্ত্র নামে কথিত হয়। যাস্ক আরও বলেন—

"যৎকামঋষির্যস্যাং দেবতায়ামর্থাপত্যমিচ্ছন্ স্তুতিং প্রযুঙ্‌ক্তে, তৎ দৈবতঃ স মন্ত্রো ভবতি॥" (নিরুক্ত ৭।১।১) অর্থাৎ

কামনাবান্ ঋষি কোন দেবতার নিকট যখন অর্থাপত্ত্য প্রভৃতির নিমিত্ত যে স্তুতি পাঠ করেন, তাহাই সেই দেবতার মন্ত্র।

ভাষ্যকার উবট যজুর্ম্মন্ত্রভাষ্যের ভূমিকায় ত্রয়োদশ প্রকার মন্ত্রভেদের কথা উল্লেখ করিয়াছেন, তদ্‌যথা—

"বিধ্যর্থবাদযাচ্ঞাশীঃ স্তুতিপ্রৈষপ্রবহ্লিকাঃ।
প্রশ্নো ব্যাকরণং তর্কপূর্ব্ববৃত্তানুকীর্ত্তনম্।
অবধারণং চোপনিষৎ বাক্যার্থাস্তু ত্রয়োদশ।
মন্ত্রেষু যে প্রদৃশ্যন্তে ব্যাখ্যাতৃশ্রুতিচোদিতাঃ।"

উদাহরণ সহ ইহাদের নামোল্লেখ করা যাইতেছে:—

১। বিধিবাদ (পরমেষ্ঠিভিহিতঃ)—অশ্বস্তূপরো গো মৃগস্তে। (বা॰ স॰ ২৪।১)

২। অর্থবাদ—দেবা যজ্ঞমতন্বত। (বা॰ স॰ ১৯।১২)

৩। যাচ্ঞা—তনূপা অগ্নেঽসি তন্বং মে পাহি। (বা॰স॰৩।১৭)

৪। আশীঃ—আ বো দেবাস ইমহে।
৫। স্তুতি—অগ্নিমূর্দ্ধা দিবঃ ককুৎ।
৬। প্রৈষ—হোতা যষৎ সমিধাগ্নিম্।
৭। প্রবহ্লিকা—ইন্দ্রাগ্নী আপাদিয়ম্।
৮। প্রশ্ন—কঃ স্বিদেকাকী চরতি।
৯। ব্যাকরণ—সূর্য্য একাকী চরতি।
১০। তর্ক—মা গৃধঃ কস্য স্বিদ্ধনম্।
১১। পূর্ব্ববৃত্তানুকীর্ত্তন—ঔষধয়স্সমবদন্ত।
১২। অবধারণ—তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি।
১৩। উপনিষৎ—ঈশাবাস্যমিদং সর্ব্বম্।

শবরভাষ্যেও ত্রয়োদশ প্রকার মন্ত্রভেদ স্বীকৃত হইয়াছে। কিন্তু ঐ সকল অন্য প্রকার।

যাস্ক ঋক্‌গুলিকে অপর প্রকার ত্রিবিধ ভাগে বিভক্ত করিয়াছেন—

১ পরোক্ষকৃত, ২ প্রত্যক্ষকৃত, ৩ আধ্যাত্মিক।

পরোক্ষকৃত ও প্রত্যক্ষকৃত মন্ত্রের সংখ্যা অনেক, আধ্যাত্মিক মন্ত্রের সংখ্যা অতি অল্প।

সংহিতাভেদ।

সংহিতা কাহাকে বলে, কি জন্যই বা ইহার নাম সংহিতা হইল, ইতঃপূর্ব্বে তাহা বলা হইয়াছে। বৈদিকগণ সংহিতার বহুপ্রকার বিভাগ কল্পনা করিয়াছেন। আমরা এস্থলে পাঠভেদে সংহিতাবিভাগের কথাই বলিতেছি। সংহিতা সাধারণতঃ দুই প্রকার নির্ভুজসংহিতা ও প্রতৃণসংহিতা।

যথাযথ পাঠই নির্ভুজসংহিতার বিষয়; এই নির্ভুজসংহিতাকে আর্ষীসংহিতা নামেও অভিহিত করা হয়। ইহাতে যথাযথ পাঠ থাকে—যেমন "অগ্নিমীড়ে পুরোহিতম্।"

প্রতৃণসংহিতা দুই প্রকার—পদসংহিতা ও ক্রমসংহিতা। পদসংহিতার পাঠ এইরূপ—অগ্নিম্, ঈড়ে, পুরঃহিতম্।

ক্রমসংহিতার পাঠ অন্য প্রকার যথা—"অগ্নিম্, ঈড়ে, ঈড়ে পুরোহিতম্; পুরোহিতমিতি পুরঃহিতম্।"

এই ক্রমসংহিতা অবলম্বন করিয়া আট প্রকার বিকৃতি পাঠের বিষয় বিকৃতিবল্লীনামক গ্রন্থে উক্ত হইয়াছে যথা—

"জটা মালা শিখা লেখা ধ্বজো দণ্ডো রথোঘনঃ।
অষ্টৌ বিকৃতয়ঃ প্রোক্তাঃ ক্রমপূর্ব্বমনীষিভিঃ॥"

এক এক মন্ত্রের একাদশ প্রকার সংহিতা পাঠ আছে।

বেদশাখা-পরিগণনা

সংহিতাগুলি বহু প্রাচীন। এই নিমিত্ত কালভেদ, দেশভেদ ও ব্যক্তি প্রভৃতি ভেদে এবং অধ্যাপনা ও অধ্যাপনীয়ের উচ্চারণাদি ভেদে পাঠভেদ ঘটিয়াছে। পাঠের কিছু কিছু ন্যূনাতিরিক্তও হইয়াছে। আচার্য্যগণের প্রকৃতিবৈষম্যহেতু এবং তাঁহাদের আপন আপন দেশ ও সময়ভেদনিবন্ধন বহুল অনুষ্ঠেয় ভেদ এবং প্রয়োগভেদও ঘটিয়াছে। এইরূপে এক একখানি সংহিতা বহুশাখায় বিভক্ত হইয়াছে। ষড়্‌গুরুশিষ্য বলেন—

'একবিংশত্যধ্বযুক্তমৃগ্বেদমৃষয়োবিদুঃ।
সহস্রাধ্বা সামবেদো যজুরেকশতাধ্বকম্।
নবাধ্বাথর্ব্বণোঽন্যে তু প্রাহুঃ পঞ্চদশাধ্বজম্।"

অর্থাৎ ঋগ্‌বেদ বিংশতিশাখাযুক্ত, সামবেদ সহস্রশাখাযুক্ত, যজুঃ একশতশাখাযুক্ত এবং অথর্ব্ববেদ নবশাখাযুক্ত। কেহ কেহ বলেন, অথর্ব্ববেদ পঞ্চদশ শাখায় বিভক্ত।

পাতঞ্জল মহাভাষ্যেও এইরূপ বেদশাখার সংখ্যা দেখিতে পাওয়া যায়। পস্পশাহ্নিকে—

"একশতমধ্বর্য্যুশাখাঃ সহস্রবর্ত্মা সামবেদঃ একবিংশতিধা বাহ্বৃচাম্ নবধাথর্বণো বেদঃ॥"

চরণব্যূহে এ সম্বন্ধে কিঞ্চিৎ পার্থক্য আছে, যথা—

"ঋগ্‌বেদস্য শাখা পঞ্চ ভবন্তি।
আশ্বলায়নী শালায়নী শাকলা বাস্কলা মাণ্ডুকাবেতি॥"

শৌনকীয় প্রাতিশাখ্যমতে, এই বেদ শাকল, বাস্কল, আশ্বলায়ন, সাঙ্খ্যায়ন ও মাণ্ডুক নামক পাঁচ শাখায় বিভক্ত।

"ঋচাং সমূহো ঋগ্বেদস্তমভ্যস্য প্রযত্নতঃ।
পঠিতঃ শাকলেনাদৌ চতুর্ভিস্তদনন্তরম্॥
শাঙ্খ্যাশ্বলায়নৌ চৈব মাণ্ডুকো বাস্কলস্তথা।
বহ্বৃচাং ঋষয়ঃ সর্ব্বে পঞ্চৈতে একবেদিনঃ॥"

(শৌনকীয় প্রাতিশাখ্য)

সর্ব্বাগ্রে শাকলমুনি যত্নপূর্ব্বক ঋগ্বেদ অভ্যাস করিয়াছিলেন। সাঙ্খ্যায়ন, আশ্বলায়ন, মাণ্ডুক ও বাস্কল, ইহাঁরাও ঋগ্বেদীদিগের আচার্য্য এবং কথিত পাঁচজনই একবেদী। শৌনকের মতে ইহাঁরা ঋষি, কিন্তু আশ্বলায়নগৃহ্যের মতে ইহাঁরা আচার্য্য, ঋষি নহেন। আশ্বলায়ন যেখানে দেবতা, ঋষি ও আচার্য্যদিগের তর্পণ সূত্রবদ্ধ করিয়াছেন, সে স্থলে ইহাঁদিগকে আচার্য্য বলিয়াই গণ্য করিয়াছেন।

ঋগ্বেদের উল্লিখিত ৫ পাঁচ শাখা প্রধান। তদ্ভিন্ন ঐতরেয়, কৌষীতক, শৈশির, পৈঙ্গ ইত্যাদি আরও কয়েকটী শাখা দৃষ্ট হয়, তাহা প্রধান শাখা নহে। প্রাতিশাখ্যমতে উহারা উপশাখা বলিয়া পরিগণিত। বিষ্ণুপুরাণেও এইরূপ আভাস পাওয়া যায়, যথা—

"মুদ্গলো গোকুলী বাৎস্যঃ শৈশিরঃ শিশিরস্তথা।
পঞ্চৈতে শাকলাঃ শিষ্যাঃ শাখাভেদ-প্রবর্ত্তকাঃ॥"

মুদ্গল, গোকুল, বাৎস্য, শৈশির, (শিশির) ইহাঁরা শাকলের

শিষ্য এবং শাখাবিশেষের প্রবর্ত্তক। অতএব সর্ব্বসমেত ঋগ্বেদ ২১ শাখায় বিস্তৃত। ভাগবত ও মহাভাষ্যে ২১ শাখার কথাই লিখিত আছে। যথা মহাভাষ্য—"একবিংশতিধা বহ্বৃচাঃ"

এইরূপে অধ্যয়ন ও সম্প্রদায়ের প্রবর্ত্তক শাকল প্রভৃতি আচার্য্যদিগের বিভিন্ন ভাবের প্রবচনানুসারে ঋগ্বেদসংহিতা বিভিন্ন শাখায় বিভক্ত হইয়া পড়িয়াছে।

"যজুর্ব্বেদস্য ষড়শীতির্ভেদা ভবন্তি। তত্র চরকা নাম দ্বাদশ ভেদা ভবন্তি—চরকাঃ, আহ্বরকাঃ, কঠাঃ, প্রাচ্যকঠাঃ, কপিষ্টলকঠাঃ, আষ্টলকঠাঃ, চারায়ণীয়াঃ, বারায়ণীয়াঃ, বার্ত্তান্তবেয়াঃ, শ্বেতাশ্বতরাঃ, ঔপমন্যবঃ, মৈত্রায়ণীয়াঃ।"

ইহাদের মধ্যে শেষোক্ত মৈত্রায়ণীয় আবার সাত ভাগে বিভক্ত, যথা—মানব, দুন্দুভ, চেকেয়, বারাহ, হারিদ্রবেয়, শ্যাম, শামায়ণীয়।

বাজসনেয় সতর ভাগে বিভক্ত—জাবাল, গোধেয়, কাণ্ব, মাধ্যন্দিন, শাপীয়, তাপনীয়, কাপাল, পৌণ্ড্রবৎস, আবটিক, পরমাবটিক, পরাশরীয়, বৈরেয়, বৈনেয়, ঔধেয়, গালব, বৈজক, ও কাত্যায়নীয়। এতদ্ব্যতীত ৪৪ খানি উপগ্রন্থ আছে।

এই মৈত্রায়ণীয় শাখা—মানব, বারাহ, দুন্দুভ, ছাগলেয়, হারিদ্রবীয় ও শ্যামায়নীয় এই ৬ প্রকার। চরকশাখার ২টী শ্রেণী আছে, ঔখীয় ও খাণ্ডকীয়। এই খাণ্ডিকীয় শাখাও আবার ৫ প্রশাখায় বিভক্ত, যথা—আপস্তম্বী, বৌধায়নী, সত্যাষাঢ়ী, হিরণ্যকেশী ও শাট্যায়নী।

বারতন্তবীয়, ঔখীয় এবং খাণ্ডিকীয় ও তৈত্তিরীয় এই কয়েকটি পদ পাণিনিসূত্রের "তিত্তিরি-বরতন্তু-খণ্ডিকোখাচ্ছণ্" দ্বারা নিষ্পন্ন হয়। আপস্তম্বী ইত্যাদি পাঁচটি শব্দও "কলাপি-বৈশম্পায়নান্তেবাসিভ্যশ্চ" নিণিপ্রত্যয়-নিষ্পন্ন।

শুক্ল যজুর্ব্বেদের ১৫ শাখা। কাণ্ব, মাধ্যন্দিন, জাবাল, বুধেয়, শাকেয়, তাপনীয়, কাপীল, পৌণ্ড্রবৎস, আবটিক, পরমাবটিক, পারাশরীয়, বৈনেয়, বৌধেয়, ঔধেয় ও গালব। এই সমস্ত শাখাকে বাজসনেয়ী শাখাও বলে। এই শুক্ল-যজুর্ব্বেদের পরিমাণ। যথা—

"দ্বে সহস্রে শতন্যূনমন্ত্রা বাজসনেয়কে।
তাবন্ত্যন্যেন সংখ্যাতং বালখিল্যং সশুক্রিয়ং।
ব্রাহ্মণস্য সমাখ্যাতং প্রোক্তমানাচ্চতুর্গুণম্॥" (চরণব্যূহ)

একশত ন্যূন দুই সহস্র মন্ত্র বাজসনেয় অর্থাৎ শুক্ল যজুর্ব্বেদে আছে। বালখিল্য শাখারও এই পরিমাণ। তদুভয়ের ৪ গুণ অধিক ইহাদের ব্রাহ্মণ।

সামবেদ—পৌরাণিক মতে পূর্ব্বে সামবেদের সহস্র শাখা ছিল। ইন্দ্র বজ্রাঘাতে তত্তাবৎ ধ্বংস করেন। যাহা অবশিষ্ট আছে, তাহা এই—রাণায়নীয়, শাট্যমুগ্র্য, কাপোল, মহাকাপোল, লাঙ্গলিক, শার্দ্দূলীয়, কৌথুম। (বঙ্গদেশে কুথুম শাখা ভিন্ন অন্য শাখার সামবেদী ব্রাহ্মণ নাই)। এই কুথুম শাখার ছয় উপশাখা। যথা—আসুরায়ণ, বাতায়ন, প্রাঞ্জলীয়, বৈনধৃত, প্রাচীনযোগ্য, নৈগেয়। অপর একখানি চরণব্যূহে ইহার পাঠান্তর দৃষ্ট হয়।

সামবেদের শাখা—আসুরায়নীয়, বাসুরায়নীয়, বার্ত্তান্তবেয়, প্রাঞ্জল; ইহাদের মধ্যে আবার রাণায়নী নামে নয় প্রকার দৃষ্ট হয় যথা—রাণায়নীয়, শাট্টায়নীয়,সাত্যমুদ্গল, মুদ্গল, মহাস্বন্ধ, যাঙ্গন, কৌথুম, গৌতম, জৈমিনীয়।

ইহাদের ষোড়শ শাখার মধ্যে এক্ষণে তিন শাখা মাত্র বিদ্যমান—গুর্জ্জরদেশে কৌথুমী শাখা, কর্ণাটকে জৈমিনীয়শাখা এবং মহারাষ্ট্রদেশে রাণায়নীয়শাখা প্রচলিত।

অথর্ব্ববেদ—ইহা ৯ ভাগে বিভক্ত। যথা—

পৈপ্পলাদ, শৌনকীয়, দামোদ, তোতায়ন, জামল, ব্রহ্মপালাস, কুনখা, দেবদর্শী, চরণবিদ্যা। অপর একখানি গ্রন্থমতে অথর্ব্ববেদের ৯টী শাখার নাম—পৈপ্পলাদ, আন্ধ্র, প্রদান্ত, স্নাত, স্নৌত, ব্রহ্মদাবন, শৌনক, দেবদর্শতী, চারণবিদ্যা। এতদ্ব্যতীত তৈত্তিরীয়ক নামে দুই প্রকার ভেদ দৃষ্ট হয় যথা—ঔখ্য ও কাণ্ডিকেয়। কাণ্ডিকেয় আবার পাঁচ ভাগে বিভক্ত যথা—আপস্তম্ব, বৌধায়ন, সত্যাবাচী, হিরণ্যকেশী, ঔধেয়।

কিরূপে বেদের বহু শাখা হইল? এ সম্বন্ধে সকল মহাপুরাণেই কিছু কিছু প্রসঙ্গ আছে, তন্মধ্যে ব্রহ্মাণ্ডপুরাণেই কিছু সবিস্তার বর্ণিত দেখা যায়। নিম্নে উহা উদ্ধৃত হইল—

পরাশরপুত্র ব্যাস ব্রহ্মাকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া বেদবিভাগ জন্য চারিজন শিষ্য গ্রহণ করেন। তন্মধ্যে পৈলকে ঋগ্বেদের, বৈশম্পায়নকে যজুর্ব্বেদের, জৈমিনিকে সামবেদের এবং সুমন্তকে অথর্ব্ববেদের কর্ত্তারূপে নিযুক্ত করেন। তাঁহারা যজুর্ব্বেদ হইতে অধ্বর্য্যু সকল, ঋক্ হইতে হোত্র, সাম হইতে উদ্গাত্র ও অথর্ব্ববেদ হইতে যজ্ঞে ব্রহ্মত্ব নির্দ্দেশ করিয়াছিলেন। ইহা হইতে ঋক্ সকল উদ্ধৃত করিয়া ঋক্সংহিতা করা হয়, তাহা হইতে জগৎহিতকর যজ্ঞবাহ হোতা কল্পিত হইয়াছিল। সাম হইতে সামবেদ ও তাহা হইতে উদ্গাত্র রচিত হইয়াছিল, এবং অথর্ব্ববেদ অনুসারে রাজাদিগকে যজ্ঞকর্ম্মে নিযুক্ত করা হয়।

যজুর্ব্বেদের অনেকগুলি পদ উঠাইয়া দেওয়া হইয়াছিল বলিয়া তাহা বিষম অর্থাৎ ছন্দোহীন হয়। তাহা দ্বারা বেদপারগ ঋত্বিগ্‌গণ কর্ত্তৃক উদ্ধৃতবীর্য্য অশ্বমেধযজ্ঞ প্রযুক্ত হয়। অথবা অশ্বমেধ যজ্ঞ দ্বারাই বেদযুক্ত হইয়াছে।

পৈল ঋষি মন্ত্রগুলি লইয়া তাহা দুই ভাগে বিভক্ত করেন এবং তৎপরে আবার দুই ভাগে বিভাগ ও পুনর্ব্বার সংযোগ করিয়া শিষ্যদ্বয়কে অর্পণ করিয়াছিলেন। ইন্দ্রপ্রমতি নামক শিষ্যকে একটী ও বাস্কলকে দ্বিতীয়টী অর্পণ করা হয়। দ্বিজ-শ্রেষ্ঠ বাস্কল চারিখানি সংহিতা করিয়া শুশ্রূষানিরত হিতাকাঙ্ক্ষী শিষ্যদিগকে অধ্যয়ন করাইয়াছিলেন। বোধ নামক শিষ্যকে প্রথম শাখা, অগ্নিমাঠর শিষ্যকে দ্বিতীয় শাখা, পরাশরকে তৃতীয় শাখা ও যাজ্ঞবল্ক্যকে চতুর্থ শাখা অধ্যয়ন করান।

ব্রাহ্মণশ্রেষ্ঠ ইন্দ্রপ্রমতি মহাভাগ যশস্বী মার্কণ্ডেয়কে একটী সংহিতা অধ্যয়ন করান। মহাযশাঃ মার্কণ্ডেয় জ্যেষ্ঠ পুত্র সত্য-শ্রবাকে, সত্যশ্রবা সত্যহিতকে, সত্যহিত নিজ পুত্র সত্যতরকে এবং বিভু সত্যতর মহাত্মা সত্যধর্ম্মপরায়ণ সত্যশ্রীকে অধ্যয়ন করাইয়াছিলেন। তেজস্বী সত্যশ্রীর শাকল্য, রথীতর, বাস্কলি ও ভরদ্বাজ এই চারিজন বিদ্বান্ শিষ্য ছিলেন। ইঁহারা সকলেই অধ্যয়ননিপুণ ও শাখাপ্রবর্ত্তক। শব্দশাস্ত্রজ্ঞ দেবমিত্র ও মহাত্মা শাকল্য পাঁচখানি সংহিতা প্রকাশ করেন। মহর্ষি শাকল্যের মুদ্গল, গোলক, খালীয়, মৎস্য ও শৈশিরেয় এই পাঁচজন শিষ্য ছিলেন।

দ্বিজবর শাকপূণী রথীতর তিনখানি সংহিতা ও একখানি নিরুক্ত রচনা করেন। তাঁহার কেতব, দালকি, ধর্ম্মশর্ম্মা ও বেদশর্ম্মা এই চারিজন ব্রতধারী ব্রাহ্মণশিষ্য ছিলেন।

ভারদ্বাজ, যাজ্ঞবল্ক্য, গালকি, সালকি ও ধীমান্ শতবলাক, ইঁহারাও সংহিতাকর্ত্তা। দ্বিজোত্তম নৈগম, বাস্কলি, ও ভরদ্বাজ তিনখানি সংহিতা প্রণয়ন করেন। রথীতর পুনর্ব্বার চতুর্থ নিরুক্ত রচনা করিয়াছিলেন। তাঁহার গুণবান্ তিনজন শিষ্য ছিলেন। ধীমান্ নন্দায়নীয় প্রথম, বুদ্ধিমান্ পন্নগারি দ্বিতীয় ও আর্য্যব তৃতীয়, ইঁহারা সকলেই তপস্বী ব্রতধারী বিরাগী, মহাতেজস্বী ও সংহিতাজ্ঞানে সবিশেষ পারদর্শী। ইঁহারা সংহিতাপ্রবর্ত্তক বহ্বৃচ্ বলিয়া উক্ত হইয়া থাকেন।

মহর্ষি বৈশম্পায়নের শিষ্যবর্গ যজুর্ব্বেদের ভেদ কল্পনা করেন। তাঁহারা ৮৬ ছিয়াশীখানি উত্তম উত্তম সংহিতা প্রণয়ন করিয়া শিষ্যবর্গকে প্রদান করিয়াছিলেন, শিষ্যেরাও উহা বিধিপূর্ব্বক অধ্যয়ন করেন। তন্মধ্যে মহাতপা যাজ্ঞবল্ক্য পরিত্যক্ত হইয়া-ছিলেন। উক্ত শিষ্যগণ উপরোক্ত ছিয়াশীখানি সংহিতার ভেদ করিয়াছিলেন। সেই সমস্ত সংহিতাই তিনভাগে বিভক্ত হয়, ঐ তিনের প্রত্যেকে আবার তিন তিন ভাগে বিভক্ত হইয়া নয় প্রকার হইয়াছে।

উত্তরদেশ, মধ্যদেশ ও পূর্ব্বদেশে পৃথক্ পৃথক্ যজুঃসংহিতা অধীত হয়। তন্মধ্যে উত্তর প্রদেশে শ্যামায়নি, মধ্যদেশে আরুণি ও পূর্ব্বদেশে আলম্বি প্রধানরূপে পরিগণিত হয়। এই সংহিতাবাদী বিপ্রগণই চরক নামে অভিহিত হইয়া থাকেন। অথবা যাহারা ব্রহ্মবধ্যা ব্রতের আচরণ করিয়াছিলেন, তাঁহারাই "চরক" নামে অভিহিত হন, সেই কারণেই বৈশম্পায়নের শিষ্যগণ চরক বলিয়া বিখ্যাত।

অশ্বরূপে যাজ্ঞবল্ক্যকে যজুঃ প্রদত্ত হইয়াছিল বলিয়া যে কেহ সেই যজুঃ অধ্যয়ন করিয়াছিলেন তাহারা বাজী নামে বিখ্যাত। অতএব বাজিগণ যাজ্ঞবল্ক্যের শিষ্য; কণ্ব, বৈধেয়, শালী, মধ্যন্দিন, শাপেয়ী, বিদিগ্ধ, উদ্দাল, তাম্রায়ণ, বাৎস্য, গালব, শৈশির, আটব, পর্ণ, বীরণ ও পরায়ণ এই পঞ্চদশ জন বাজী নামে বিখ্যাত। এইরূপে একশত একজন যজুর্ব্বেদের বিভাগ-কর্ত্তা হন।

জৈমিনি নিজ পুত্র সুমন্তকে, সুমন্ত স্বীয় পুত্র সুত্বাকে, ও সুত্বা আপন পুত্র সুকর্ম্মাকে সংহিতা অধ্যয়ন করাইয়াছিলেন। সুকর্ম্মা সহস্র সংহিতা শীঘ্র অধ্যয়ন করিয়া সূর্য্যবর্চ্চা সহস্রকে অধ্যয়ন করান। অনধ্যায় দিবসে অধ্যয়ন করিয়াছিলেন বলিয়া দেবরাজ ইন্দ্র তাঁহাদিগকে বিনাশ করেন। তখন সুকর্ম্মা শিষ্যদিগের নিমিত্ত প্রায়োপবেশনব্রত অবলম্বন করিলেন, তদ্দর্শনে ইন্দ্র তাঁহাকে ক্রুদ্ধ জানিয়া বর দিয়া সান্ত্বনাপূর্ব্বক কহিলেন, আপনার এই মহাভাগ মহাবীর্য্য শিষ্যদ্বয় সহস্র সংহিতা অধ্যয়ন করিয়া মহাপ্রাজ্ঞ ও অনলতুল্য তেজস্বী হইবেন, অতএব হে দ্বিজসত্তম! আপনি ক্রোধ করিবেন না। দেব-রাজ যশস্বী সুকর্ম্মাকে এই বলিয়া তাঁহার ক্রোধ শান্তি করিয়া অন্তর্হিত হইলেন। তাঁহার শিষ্য ধীমান্ পৌষ্যঞ্জী। পৌষ্যঞ্জীর হিরণ্যনাভ ও কৌশিক্য নামে দুইজন শিষ্য ছিলেন (দ্বিতীয়টী রাজপুত্র)। পৌষ্যঞ্জী তাঁহাদিগকে পঞ্চশত সংহিতা পড়াইয়া-ছিলেন, এই হেতু পৌষ্যঞ্জীর উদীচ্যসামান্য শিষ্য সকল হইয়াছিল।

কৌশিক্য পঞ্চশত সংহিতা করিয়াছিলেন। হিরণ্যনাভের শিষ্যগণ প্রাচ্য-সামগ নামে বিখ্যাত।

লোকাক্ষী, কুথুমি, কুশীতী, ও লাঙ্গলি, পৌষ্যঞ্জীর এই চারিজন শিষ্য সংহিতাকর্ত্তা।

তণ্ডিপুত্র রাণায়নীয়, সুবিদ্বান্, মূলচারী, সকেতিপুত্র, সহসাত্য পুত্র, এই সকল লোকাক্ষীর শিষ্য। কুথুমির তিন পুত্র ঔরস, রসপাসর ও তেজস্বী ভাগবিত্তি ইহারা কৌথুম বলিয়া অভিহিত।

শৌরিদ্যু ও শৃঙ্গিপুত্র এই দুইজন ব্রত আচরণ করিয়াছিলেন। রাণায়নীয় সৌমিত্রি এই দুইজন সামবেদে সবিশেষ পারগ ছিলেন।

মহাতপস্বী শৃঙ্গিপুত্র তিনখানি সংহিতা প্রণয়ন করেন। চৈল, প্রাচীনযোগ ও সুরাল এই দ্বিজোত্তমগণ ছয়খানি সংহিতা করিয়াছিলেন। পারাশর্য্য কৌথুম ছিলেন। আসুরায়ণ ও বৈশাখ্য এই দ্বিজদ্বয় বেদপরায়ণ ও বৃদ্ধসেবী। প্রাচীন-যোগের পুত্র বুদ্ধিমান্ পতঞ্জলি। পারাশর্য্য কৌথুমের ছয় প্রকার ভেদ। লাঙ্গলি ও শালিহোত্র ছয়খানি সংহিতা প্রণয়ন করেন।

ভালুকি, কামহানি, জৈমিনি, লোমগায়নি, কণ্ড ও কোহল এই ছয়জন লাঙ্গল বলিয়া অভিহিত; এই ছয়জনই লাঙ্গলির শিষ্য এবং সংহিতার সংস্কারক।

হিরণ্যনাভের শিষ্য নৃপাত্মজ, সেই মানবশ্রেষ্ঠ চব্বিশ-খানি সংহিতা প্রকাশ করেন। তিনি যে যে শিষ্যকে তাহা পাঠ করাইয়াছিলেন, তাহা শ্রবণ কর—

রাঢ়, মহাবীর্য্য, পঙ্কুম, বাহন, তালক, পাণ্ডক, কালিক, রাজিক, গৌতম, আজবস্ত, সোমরাজ, অপতত্তত, পৃষ্ঠঘ্ন, পরিকৃষ্ট, উলূখলক, যবীয়স, বৈশাল, অঙ্গুলীয়, কৌশিক, সালিমঞ্জরী, সত্য, কাপীয়, কালিক ও ধর্ম্মাত্মা পরাশর এই চব্বিশ জন। উক্ত ২৪ জন ২৪ খানি সংহিতা পাঠ করিয়া সামগ হইয়াছিলেন।

সামগদিগের মধ্যে সংহিতা সকলের প্রভেদকারক পৌষ্যঞ্জি ও কৃতি এই দুইজন সর্ব্বাপেক্ষা প্রধান।

সুমন্ত অথর্ব্ববেদ দুই ভাগে বিভক্ত করিয়া কবন্ধকে সমস্তই প্রদান করেন, তিনিও যথাক্রমে তাহা অধ্যয়ন করিয়াছিলেন।

কবন্ধ আবার দুইভাগ করিয়া একভাগ পথ্যকে ও দ্বিতীয় ভাগ বেদস্পর্শকে প্রদান করেন। বেদস্পর্শ তাহা চারি ভাগ করিয়া চারিজন শিষ্যকে প্রদান করেন। ব্রহ্মপরায়ণ মোদ, পিপ্পলাদ, ধর্ম্মজ্ঞ শৌকায়নি ও তপন এই চারিজন বেদ-স্পর্শের শিষ্য।

পথ্য আবার তাহা তিন ভাগে বিভক্ত করিয়া জাজলি, কুমুদাদি ও শৌনককে প্রদান করেন। শৌনক তাহা দুইভাগ করিয়া বভ্রু ও ধীমান্ সৈন্ধবায়নকে অধ্যয়ন করান। সৈন্ধব মঞ্জুকেশকে প্রদান করেন। ইহাতে তাহা দুই প্রকারে বিভক্ত হয়। নক্ষত্রকল্প, বৈতান, তৃতীয় সংহিতাবিধি, চতুর্থ অঙ্গিরসঃ কল্প এবং পঞ্চম শান্তিকল্প অথর্ব্ববেদজ্ঞগণের মধ্যে এই সকল সংহিতার প্রভেদকারক ঋষিগণই প্রধান।

এ ছাড়া যজুর্ব্বেদের লোমহর্ষিকা প্রথম, কাণ্ডপিকা দ্বিতীয় এবং সাবর্ণিকা তৃতীয় শাখা বলিয়া উক্ত। অন্য প্রকার শাংশ-পায়নিকা। আট সহস্র ছয়শত, অন্য প্রকার পঞ্চদশ এবং তাহারও অন্যতর দশ প্রকার ঋক্ উক্ত হয়। ইহা ভিন্ন বাল-খিল্য, সমপ্রৈথ ও সাবর্ণ উক্ত হইয়া থাকে। অষ্ট সহস্র সাম ও চতুর্দ্দশ সাম এবং সহোম আরণ্যক, এই সকল সামগ ব্রাহ্মণগণ গান করিয়া থাকেন। ব্যাসদেব যজুঃ ও ব্রাহ্মণের আরণ্যককে এবং মন্ত্রকরণক সহিত দ্বাদশ সহস্র আধ্বর্য্যব বেদের বিভাগ করেন। ঋক্ ব্রাহ্মণ ও যজুঃ এই তিনটী গ্রাম্যারণ্য ও সমন্ত্র ভেদে দুই প্রকার। আর হারিদ্রবীয়সমূহের খিল ও উপখিল এই দুই প্রকার প্রভেদ হয়। তৈত্তিরীয়সমূহের পর ও ক্ষুদ্র এই দ্বিবিধ ভেদ কল্পিত হইয়াছে। (ব্রহ্মাণ্ডপু॰ পূর্ব্ব॰৬৫।৬৬ অ॰)

বস্তুতঃ ঋগ্‌বেদের শাকল ও শাঙ্খায়ন এই দুই শাখাই প্রধান। এক শাকল শাখাই শিষ্যদের উচ্চারণাদি ভেদে পাঁচ ভাগে বিভক্ত হইয়াছে। বিকৃতিকৌমুদীকার লিখিয়াছেন—

"শাকলস্য শতং শিষ্যা নৈষ্ঠিকব্রহ্মচারিণঃ।
পঞ্চ তেষাং গৃহস্থাস্তে ধর্ম্মিষ্ঠাশ্চ কুটুম্বিনঃ।
শিশিরো বাস্কলঃ সাঙ্খ্যো বাৎসশ্চৈবাশ্বলায়নঃ॥
পঞ্চৈতে শাকলাঃ শিষ্যা শাখাভেদপ্রবর্ত্তকাঃ।"

শাকল শাখার পাঁচটী উপশাখার প্রবর্ত্তকগণের নাম এই শ্লোকে পাওয়া যাইতেছে। ইহাতে জানা যাইতেছে যে শৈশি-রীয়, বাস্কল, সাংখ্য, বাৎস্য ও আশ্বলায়ন—শাকলশাখার এই পাঁচ উপশাখা। ব্যাড়ি প্রণীত 'বিকৃতবল্লী' নামক গ্রন্থে এই পাঁচশাখার জটাদি অষ্ট প্রকার পাঠপ্রণালী লিখিত হইয়াছে। শাঙ্খায়ন ভেদে অপর ষোড়শ শাখা আছে। ইহা-দেরও পাঠনিয়ামক গ্রন্থ আছে। উক্ত গ্রন্থ মাণ্ডুকেয়প্রণীত।

যজুঃসংহিতাও প্রথমে তিন ভাগে বিভক্ত ছিল। কালে উহা চরক অধ্বর্য্যু ঊনবিংশ শাখায়, বাজসনেয় সপ্তদশ শাখায় এবং তৈত্তিরীয় ৬ শাখায় বিভক্ত হয়। বেদের শাখাভেদ মন্বাদি গ্রন্থের অধ্যয়নভেদের মত নহে। প্রত্যুত উহা ভিন্ন কালে লিখিত ভিন্ন দেশীয়দিগের উচ্চারণাদিভেদ-জনিত এবং বহুতর আদর্শ পুস্তকের পাঠাদিভেদজনিত। শাখাপ্রবর্ত্তকগণের প্রবচনে কিঞ্চিৎ কিঞ্চিৎ স্বাতন্ত্র্য আছে।

এইরূপ হইলেও যজুর্ব্বেদের বাজসনেয় ও তৈত্তিরীয় শাখায় প্রকৃতই পার্থক্য আছে। এই নিমিত্ত প্রাচীনগণ এই ভেদ শুক্লযজুর্ব্বেদ ও কৃষ্ণযজুর্ব্বেদ আখ্যায় অভিহিত করিয়াছেন। জাবালী প্রভৃতি সপ্তদশ বাজসনেয় শাখা শুক্লযজুর্ব্বেদ, এবং ঔখ্যাদীয় তৈত্তিরীয় ছয় শাখা কৃষ্ণযজুর্ব্বেদ নামে অভিহিত হইয়া থাকে। বৈদিক মন্ত্রভাগ ঋক্, যজুঃ ও সাম ত্রিবিধ রচনাত্মক হইলেও উহা হোত্র, আধ্বর্য্যব, ঔদ্‌গাত্র ও ব্রাহ্ম এই চতুঃ-সংহিতাত্মক। কালে যজুঃসংহিতা শুক্ল ও কৃষ্ণ এই দুই ভাগে বিভক্ত হইলে পর বেদ পাঁচ শাখায় বিভক্ত হইল—যথা ঋগ্‌বেদ-সংহিতা, শুক্লযজুর্ব্বেদসংহিতা, কৃষ্ণযজুর্ব্বেদসংহিতা, সামবেদ-সংহিতা ও অথর্ব্ববেদসংহিতা।

এই পাঁচ খানি বেদ সংহিতার মধ্যে কোন্ খানি অগ্রে এবং কোন্ খানি পরে প্রকাশিত হইল, পাশ্চাত্য অধ্যাপকগণ ইহা লইয়া যথেষ্ট মস্তিষ্ক বিলোড়ন করিয়াছেন।

পৌর্ব্বাপর্য্যের আপত্তি-খণ্ডন।

এতদ্দেশীয় পণ্ডিতগণ বহুতর গবেষণা করিয়া যাহা স্থির করিতে পারেন নাই, মোক্ষমূলরাদি য়ুরোপীয় পণ্ডিতগণ এ সম্বন্ধে সহসা একটী সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। তাঁহাদের মতে

সূত্রযুগ—২০০ হইতে ৬০০ বৎসর খৃঃ পূঃ

ব্রাহ্মণরচনাকাল—৬০০হইতে ৮০০ বৎসর খৃঃ পূঃ

মন্ত্ররচনাকাল—৮০০ হইতে ১০০০ খৃঃ পূঃ

ছন্দোরচনাকাল ১০০০ হইতে ১২০০ খৃঃ পূঃ।

কিন্তু প্রফেসর উইলসন, হুইটণী এবং মুসো বার্থ প্রভৃতি পণ্ডিতগণ বেদ পর্য্যালোচনা করিয়া মন্ত্র ও ছন্দোরচনাকাল ইহা অপেক্ষাও প্রাচীনতর বলিয়া মনে করেন। ডাক্তার হৌগ (Haug) য়ুরোপে বেদাভিজ্ঞতা সম্বন্ধে অধিকতর মাননীয়। তিনি বলেন, খৃষ্ট জন্মের ১২০০ বৎসর পূর্ব্ব হইতে ২০০০ বৎসর পর্য্যন্ত বৈদিক কাল। ছন্দোগুলি আরও প্রাচীন। তিনি খৃঃ জন্মের ২৪০০ বৎসর পূর্ব্বে ছন্দঃরচনার সময় নির্দ্দেশ করেন। বাস্তবিক কথা এই যে এইরূপ কালনির্ণয় কেবল অযৌক্তিক কল্পনামাত্র।

উক্ত পণ্ডিতগণ সকলেই এক বাক্যে বলেন, সর্ব্ব প্রথমে ঋক্‌সংহিতার সৃষ্টি হইয়াছে, ইহার দ্বিতীয় মণ্ডল অপেক্ষাকৃত নূতন। দশম মণ্ডল ঋক্‌সংহিতার পরিশিষ্ট স্বরূপ। সামসংহিতা কেবল ঋকের আর্চ্চিক মূল, শুক্লযজুর্ব্বেদ তদপেক্ষা অপ্রাচীন, অথর্ব্ববেদ সর্ব্ববেদপরিশিষ্ট, সুতরাং সর্ব্বাপেক্ষা নূতন।

তাঁহারা এইরূপ যুক্তি দিয়া বলেন, ঋগ্‌বেদের নামই মন্বাদি গ্রন্থে প্রথমে উল্লিখিত হইয়াছে, যথা—

"ঋগ্‌যজুঃসামলক্ষণম্।" (২।১১)

এই স্থলে প্রথমেই ঋগ্‌বেদের নামোল্লেখ করা হইয়াছে। সুতরাং ঋগ্‌বেদই প্রথমে রচিত হইয়াছে, এই যুক্তির কোনও অর্থ নাই। যেহেতু শব্দানুশাসনের নিয়মানুসারে ঋক্ শব্দের পূর্ব্বনিপাত হওয়াই উচিত যথা পাণিনি—

"অল্পাচতরম্।" (২।২।৩৪)

শব্দবিন্যাসের নিয়মই এই যে বহু বিশেষ্য একত্র গ্রথিত করিতে হইলে অল্প স্বরবিশিষ্ট শব্দের প্রয়োগ পূর্ব্বেই হইয়া থাকে, যথা "বিন্ধ্যকিষ্কিন্ধ্যহিমালয়াঃ"

ইহাতে এমন বুঝা যায় না যে হিমালয়ের পূর্ব্বে বিন্ধ্যপর্ব্বতের উৎপত্তি হইয়াছে। সুতরাং ঋক্‌শব্দের আদ্য প্রয়োগ দেখিয়াই মনে করা সঙ্গত নহে যে ঋগ্‌বেদসংহিতাই প্রথম রচিত হয়।

ঋক্ শব্দের প্রথম উল্লেখ থাকার আরও কারণ থাকিতে পারে। পদ্য গদ্য ও গানরচনার নিয়ম ধরিয়া বিচার করিলেও দেখা যায় যে প্রাচীন কালে পদ্যরচনারই অধিকতর আদর ছিল, এই নিমিত্ত ঋক্ শব্দের আদ্য প্রয়োগ সম্ভাবিত হইতে পারে।

কৌষীতকী ব্রাহ্মণে লিখিত আছে :—

"তৎপরিচরণাবিতরৌ" (৬।১১)

ইহার মর্ম্ম এই যে যজ্ঞকাণ্ডে হোম কর্ম্মের প্রাধান্য। হোমের নিমিত্ত অধ্বর্য্যুকৃত্য ও উদ্‌গাতৃকৃত্যের প্রয়োজন। সুতরাং যজ্ঞকাণ্ডে এই উভয়েরই প্রাধান্য। এই সকল ব্যাপারে ঋকের প্রাধান্য নাই। সুতরাং সর্ব্বত্র সকল বিষয়েই ঋকের প্রাধান্য নাই।

সায়ণ তদীয় ভাষ্যে বলিয়াছেন, 'যজুর্ব্বেদের মন্ত্রকাণ্ডে এবং সামবেদে বহুল ঋক্ আছে। অথর্ব্ববেদেও ঋকের বাহুল্য দৃষ্ট হয়।' সায়ণের একথা সত্য। কিন্তু ইহাতে এরূপ প্রমাণ হয় না যে সায়ণ ঋগ্‌বেদের প্রাথম্য-মত-বিনিশ্চয়ে সম্মতিপ্রদান করিয়াছেন। মন্ত্রে ঋকের প্রাধান্য সকলেরই স্বীকৃত, কিন্তু অর্চ্চায় ঋকের প্রাধান্য নাই।

তৈত্তিরীয় ভাষ্যভূমিকায় আমাদের এই উক্তি ও যুক্তির সুস্পষ্ট সমর্থন আছে, তদ্‌যথা—

"আনুপূর্ব্বী কর্ম্মণাং স্বরূপং যজুর্ব্বেদে সমাম্নাতম্। তত্র বিশেষাপেক্ষয়ামপেক্ষিতায়াং যাজ্যাপুরোহনুবাক্যাদয় ঋগ্‌বেদে সমাম্নায়ন্তে। স্তোত্রাদীনি তু সামবেদে। তথা সতি ভিত্তি-স্থানীয়ো যজুর্ব্বেদঃ চিত্রস্থানীয়াবিতরৌ। তস্মাৎ কর্ম্মসু যজুর্ব্বেদস্য প্রাধান্যম্।"

সামভাষ্যভূমিকাতেও আমরা এইরূপ প্রমাণ পাই যথা—

"অধ্বর্য্যুমুখৈর্ঋগ্‌ভিশ্চতুর্ভির্যজ্ঞসম্পদঃ।
নির্ম্মিমীতে ক্রিয়াসঙ্ঘৈরধ্বর্য্যুর্যজ্ঞিয়ং বপুঃ।
তদলং কুরুতে হোতা ব্রহ্মোদ্‌গাতেত্যমী ত্রয়ঃ। * * *
যজ্ঞং যজুর্ভিরধ্বর্য্যুর্নির্ম্মিমীতে ততো যজুঃ।
ব্যাখ্যাতং প্রথমং পশ্চাদৃচাং ব্যাখ্যানমীরিতম্।
সাম্নামৃগাশ্রিতত্বেন সাম ব্যাখ্যাত বর্ণ্যতে॥"

ফলতঃ সায়ণের অভিপ্রায় অবলম্বন করিয়া আধুনিক ব্যক্তিরা বেদপ্রাথম্যবিনির্ণয় করিতে পারিবেন না। কেন না, সায়ণাচার্য্য ঐতিহাসিক তত্ত্বনির্ণয়ের নিমিত্ত কোন সিদ্ধান্ত করিয়া রাখেন নাই। জগৎসৃষ্টির পূর্ব্বে ব্রহ্মার চারি মুখ হইতে যুগপৎ চতুর্ব্বেদের সৃষ্টি হইয়াছিল, ইহাই পৌরাণিকগণের অভিপ্রায়। সায়ণও পৌরাণিক মতই গ্রহণ করিয়াছেন। সুতরাং আধুনিক অধ্যাপকদিগের বিচারপ্রণালীতে মনোনিবেশও সায়ণের পক্ষে অসম্ভব। বরং পুরাণ মত ধরিলে যজুর্ব্বেদকেই

আদি বলিতে হয় এবং তাহাই পরে চারিভাগে বিভক্ত হইয়া চতুর্ব্বেদের উৎপত্তি।

"এক আসীৎ যজুর্ব্বেদশ্চতুধা তং ব্যবকল্পয়ৎ।" (বিষ্ণুপু°)

আর একটা কথা এই যে সকল গবেষণাপরায়ণ সূক্ষ্মদর্শী পণ্ডিতেরা বলেন যে ঋক্‌সংহিতাই বেদের প্রথম গ্রন্থ, সাম ও যজুঃ ইহার পরবর্ত্তী, তাঁহারা ঋক্‌সংহিতার মধ্যে কি যজুঃ ও সামের উল্লেখ দেখিতে পান নাই? সাম ও যজুঃ যদি ঋক্‌সংহিতার পরে হইয়া থাকে, তবে ঋক্‌সংহিতায় এই দুই নামের উল্লেখ কেন হইল? ঋক্‌সংহিতায় কি আছে, একবার দেখুন—

১। "যজুস্তস্মাদজায়ত। (১০।৯০।৯)

২। তমেব ঋষিং তমু ব্রহ্মাণমাহুর্যজ্ঞন্যং সামগামুক্থশাসম্।
(১০।১০৭।৬)

৩। ঋক্‌সামাভ্যামভিহিতৌ গাবৌ।" (১০।৮৫।১১)

ঋগ্‌বেদের দশমমণ্ডল হইতে এই সকল উদাহরণ সমাহৃত হইয়াছে।

যদি বল, ইঁহাদের মত এই যে ঋগ্‌বেদের দশমমণ্ডল অনতিপ্রাচীন তাহা হইলে অন্যান্য স্থান হইতে ইহার উদাহরণ দেওয়া যাইতেছে—

১। গায়ৎসাম নভন্যম্। (১।১৭৩।১)

২। যজুষা রক্ষমাণঃ। (৫।৬২।৫)

৩। তমু সামানি যন্তি। (৫।৪৪।১৪)

এইরূপ আরও উদাহরণের উল্লেখ করা যাইতে পারে। ফলতঃ যাঁহারা এইরূপভাবে ঐতিহাসিক কালনির্ণয় করার প্রয়াসী তাঁহাদের উক্তিগুলি স্বকপোলকল্পিত মাত্র। ঐ সকল একেবারেই ভিত্তিহীন।

ইঁহারা আরও বলেন, ঋগ্‌বেদের দ্বিতীয়মণ্ডল অপেক্ষাকৃত অর্ব্বাচীন, কেন না, ঋক্‌সংহিতার দ্বিতীয়মণ্ডলের সায়ণভাষ্যে লিখিত আছে—

"যঃ আঙ্গিরসঃ শৌনহোত্র ভূত্বা ভার্গবঃ শৌনকোঽভবৎ স গৃৎসমদো দ্বিতীয়ং মণ্ডলমপশ্যৎ॥"

ইঁহারা এই অনুক্রমণী বচন উদ্ধৃত করিয়াছেন। কিন্তু ইঁহাদের একটী কথা বিচার করিয়া দেখা উচিত। ইঁহারা বলেন দ্বিতীয়মণ্ডলটী যে শৌনকীয় ইহা এই উক্তিদ্বারা স্পষ্টতঃ সুব্যক্ত হইয়াছে। পাণিনি সূত্রেও ইহার উল্লেখ আছে, যথা—

শৌনকাদিভ্যশ্ছন্দসি। (পা ৪।৩।১০৫)

সুতরাং দ্বিতীয়মণ্ডলটী প্রাচীনতম নহে, ইহাই তাঁহাদের যুক্তি। তাঁহাদের এই যুক্তি কি পরিমাণে বিচারবহ তাহার বিচার করা যাউক। সংস্কৃতসাহিত্যে বহু শৌনক দেখিতে পাওয়া যায়, একবংশীয় ও অপর বংশীয় বহুল শৌনক আছে। কোন শৌনকেরা মন্ত্রদ্রষ্টা, কোন শৌনকেরা সূক্তদ্রষ্টা। দ্বিতীয়মণ্ডলের দ্রষ্টা শৌনক পৃথক্ ব্যক্তি। অথর্ব্বশাখাবিশেষের প্রবক্তা শৌনকও অপর একজন। ইহাদের বংশপ্রভব বহু শৌনক এখনও বহুস্থানে আছেন।

পাণিনির সূত্রে যে শৌনকের কথা উল্লিখিত হইয়াছে, শৌনকপ্রোক্তগ্রন্থই উক্ত সূত্রের বিষয়। শৌনকপ্রোক্ত অথর্ব্ববেদীয় সংহিতা গ্রন্থ যাঁহারা অধ্যয়ন করেন তাঁহারা শৌনকিন আখ্যায় অভিহিত হন। শৌনকদৃষ্টগ্রন্থ এই সূত্রের বিষয় নহে।

অনুক্রমণিকায় লিখিত আছে—

"দ্বিতীয়মণ্ডলমপশ্যৎ।"

এস্থলে "অপশ্যৎ" ক্রিয়া আছে, "অবোচৎ" ক্রিয়া নাই! সুতরাং দ্বিতীয়মণ্ডল যে শৌনকপ্রোক্ত এরূপ অর্থ করা ভ্রমবিজৃম্ভিত।

তাঁহারা দ্বিতীয়মণ্ডল হইতে দুই একটী যজ্ঞীয় শব্দ উদ্ধৃত করিয়া সপ্রমাণ করিতে চাহেন যে এই মণ্ডলে যজ্ঞীয় শব্দ আছে, সুতরাং ইহা যজ্ঞকালে বিরচিত হইয়াছে। ইহা একদেশদর্শিতার ভ্রান্তিময় ফল মাত্র। ঋক্‌সংহিতার প্রত্যেক মণ্ডলেই যজ্ঞীয় শব্দের উল্লেখ দেখিতে পাওয়া যায়। যথা—

১। হোত্রম্, পোত্রম্। (১।৭৬।৪)

২। ঋত্বিয়ম্। (৮।৪০।১১)

৩। নেষ্টঃ। (১।১৫।৩)

৪। অগ্নিধ্রম্। (১০।১৪।১৩)

৫। প্রশাস্তা। (১।৯৪।৬)

৬। অধ্বরীয়তাম্। (১।২৩।১৫)

৭। ব্রহ্মা। (১।৮০।১)

৮। গৃহপতি। (১।১৩।৬)

৯। দমে। (১।১।৮)

এইরূপ শব্দ দেখিয়া বিচার করা প্রকৃতই একদেশদর্শিতার ফল।

তাঁহারা এইরূপে দশম মণ্ডলকেও ঋক্‌পরিশিষ্ট বলিয়া মনে করেন। তাঁহাদের যুক্তি এই যে দশম মণ্ডলের ভাষা পৃথক্। কিন্তু যাঁহারা বেদাধ্যয়ননিপুণ, সংস্কৃত ভাষা যাঁহাদের মাতৃভাষা স্বরূপ, তাঁহারা অন্যান্য মণ্ডলের ভাষা হইতে দশম মণ্ডলের ভাষার কোনও পার্থক্য দেখিতে পান না। পাশ্চাত্য সংস্কৃতজ্ঞ পণ্ডিতেরা এই ভাষাপার্থক্যের কিরূপে নির্ণয় করেন, তাহা এদেশীয় সুপণ্ডিতেরাও বুঝিতে অসমর্থ।

সামবেদীয়ার্চ্চিক গ্রন্থের মন্ত্র ঋগ্‌বেদ হইতে উদ্ধৃত নহে।

পাশ্চাত্য বৈদিক গবেষণাকারীদের আরও একটা ভ্রমসিদ্ধান্ত এই যে, সামবেদীয়ার্চ্চিক গ্রন্থের মন্ত্রগুলি ঋগ্‌বেদ হইতে উদ্ধৃত।

ইহা প্রৌঢ়িবাদ মাত্র। কেন না সৃষ্টিসূক্তে স্পষ্টতঃ সামবেদীয় ছন্দঃসমূহের পৃথক্ উল্লেখ আছে যথা—

"তস্মাদ্ যজ্ঞাৎ সর্ব্বহুতঃ ঋচঃ সামানি জজ্ঞিরে।
ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদ্ যজুস্তস্মাদজায়ত।"

(ঋক্‌সংহিতা ১০।৯০।৯)

এই ঋকে "ছন্দাংসি" বলিয়া যে পদ আছে উহা সামবেদীয়র্চ্চা ভিন্ন আর কিছুই নহে। সামবেদীয়র্চ্চাই যে ছন্দঃ শব্দের বাচ্য তাহা পূর্ব্বেই সপ্রমাণ করা হইয়াছে। পাণিনিও সামবেদীয় ছন্দোগ্রন্থের মন্ত্রগুলিকে ছন্দঃ বলিয়া উল্লেখ করিয়াছেন। যথা—

সোঽস্যোদিরিতি ছন্দসঃ প্রগাথেষু। (৪।১।৫৫)

প্রগাথ কেবল সামবেদেই দৃষ্ট হয়, অন্যত্র নহে। সামবেদীয় তাণ্ড্যমহাব্রাহ্মণে প্রগাথের উল্লেখ আছে। সামবেদীয়দিগকে ছন্দোগ বলা হয়। ইহাঁদিগকে কেহ কখনও "ঋগ্‌গ" বলে না। সামবেদীয় ব্রাহ্মণগ্রন্থ ও উপনিষদ্‌ই ছান্দোগ্য বলিয়া অভিহিত হয়। পাণিনি ছান্দোগ্য শব্দের যে ব্যুৎপত্তি করিয়াছেন, তাহা এই—

ছন্দোগৌক্থিক। (৪।৩।৪২৯)

এই সকল উক্তি দ্বারা উদ্ধৃতত্বদোষারোপ অতি সহজেই নিরস্ত হয়। পাশ্চাত্যগণ স্বকপোলকল্পনাবলে এইরূপে বেদের পৌর্ব্বাপর্য্য সম্বন্ধে নানাবিধ কল্পনা করিয়া রাখিয়াছেন। কিন্তু সারসিদ্ধান্ত এই যে, ঋক্ ও যজুর্ব্বেদ একই সময়ে উৎপন্ন হইয়াছে। যথা অথর্ব্ববেদে—

"ঋচঃ সামানি ছন্দাংসি পুরাণং যজুষা সহ।
উচ্ছিষ্টাজ্জজ্ঞিরে সর্ব্বে দিবি দেবা দিবিশ্রিতাঃ॥" (১৭।৭।২৮)

পূর্ব্বকালে মন্ত্র সমূহ বিকীর্ণ ছিল। পরে উহারা সংগৃহীত ও বিভক্ত হয়।

মন্ত্রসম্বন্ধীয় বক্তব্যের উপসংহার করিয়া এখন ব্রাহ্মণ ভাগের ব্রাহ্মণ। কথা বলা যাইতেছে।

সর্ব্বানুক্রমণী বৃত্তির ভূমিকায় লিখিত হইয়াছে—

"বিনিযোক্তব্যরূপো যঃ স মন্ত্র ইতি চক্ষ্যতে।
বিধিস্তুতিকরং শেষং ব্রাহ্মণং কথয়ন্তি হি।"

আপস্তম্ব বলেন—

"কর্ম্মচোদনা ব্রাহ্মণানি" (যং পং ৩৫ সূ)

"কর্ম্মচোদনা" শব্দের অর্থ বিধি। তাহা হইলে বুঝিতে হইবে ব্রাহ্মণভাগ বিধিপ্রবর্ত্তক (Liturgical)।

সায়ণ বলেন বিধি দুই প্রকার—অপ্রবৃত্তপ্রবর্ত্তন এবং অজ্ঞাতজ্ঞাপন।

অপ্রবৃত্তপ্রবর্ত্তনের উদাহরণ এইরূপ—"আগ্নাবৈষ্ণবং পুরোডাশং নির্বপতি দীক্ষণীয়ায়াম্॥"

ফলতঃ কর্ম্মকাণ্ডগত বিধিসমূহ অপ্রবৃত্তপ্রবর্ত্তক, আর ব্রহ্মকাণ্ডগত বিধিসমূহ অজ্ঞাতজ্ঞাপক। যথা—

"আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ॥"

সায়ণ বলেন, ব্রাহ্মণ দ্বিবিধ—বিধি ও অর্থবাদ। অন্যান্য মতেও অর্থবাদ ব্রাহ্মণকাণ্ডের অন্তর্গত। আপস্তম্ব অর্থবাদকে চারি ভাগে বিভক্ত করিয়াছেন যথা—নিন্দা, প্রশংসা, পরকৃতি ও পুরাকল্প। নিরুক্তকারও অর্থবাদের ব্রাহ্মণত্ব স্বীকার করিয়াছেন যথা—"প্রাশিত্র মস্যাক্ষিণী নির্জঘানেতি চ ব্রাহ্মণম্"। (১২।২।৩)

জৈমিনি বলেন—"শেষে ব্রাহ্মণশব্দঃ॥" (২১।১।৩৩)

জৈমিনির মতে "শেষ" শব্দের অর্থ কর্ম্ম। যাহাতে কর্ম্ম বিধি আছে তাহাই ব্রাহ্মণ। ভাষ্যকার শবরস্বামী লিখিয়াছেন—

"মন্ত্রাশ্চ ব্রাহ্মণানি চ বেদঃ। তত্র মন্ত্রলক্ষণে উক্তে পরিশেষসিদ্ধত্বাৎ ব্রাহ্মণলক্ষণমবচনীয়ম্। মন্ত্রলক্ষণেনৈব সিদ্ধম্। যস্তেতল্লক্ষণং ন ভবতি তদা ব্রাহ্মণমিতি পরিশেষসিদ্ধং ব্রাহ্মণম্।"

অর্থাৎ মন্ত্র ও ব্রাহ্মণ ইহাদের সমষ্টিই বেদ। মন্ত্র লক্ষণ উক্ত হইলে পরিশেষসিদ্ধতাহেতু ব্রাহ্মণ লক্ষণ না বলিলেও চলে। মন্ত্র লক্ষণ বলা হইলে তাহার পরে যাহা অবশিষ্ট থাকে, তাহাই ব্রাহ্মণ।

আপস্তম্বোক্ত ব্রাহ্মণের লক্ষণ গ্রন্থ সম্বন্ধীয় লক্ষণ নহে, উহা শ্রুতিবাক্য সম্বন্ধীয়। দুইটি প্রাচীন শ্লোকে বেদের ব্রাহ্মণভাগের এইরূপ লক্ষণ দেখিতে পাওয়া যায়; তদ্‌যথা—

"হেতু র্নির্ব্বচনং নিন্দা প্রশংসা সংশয়ো বিধিঃ।
পরক্রিয়া পুরাকল্পো ব্যবধারণকল্পনা॥
উপমানং দশৈবৈতে বিধয়ো ব্রাহ্মণস্য তু।
এতদ্বৈ সর্ব্ববেদেষু নিয়তং বিধিলক্ষণম্॥"

হেতু, নির্ব্বচন, নিন্দা, প্রশংসা, সংশয়, বিধি, পরকৃতি, পুরাকল্প, ব্যবধারণকল্পনা ও উপমান, ইহাই ব্রাহ্মণ গ্রন্থের লক্ষণ। এস্থলে উদাহরণের উল্লেখ করা যাইতেছে—

১ হেতু—"শূর্পেণ জুহোতি, তেন হ্রস্বং ক্রিয়তে"
২ নির্ব্বচন—"তদ্ধস্নো দধিত্বম্।"
৩ নিন্দা—"উপবীতা বা এতস্যাগ্নয়ঃ।"
৪ প্রশংসা—"বায়ুর্বৈ ক্ষেপিষ্ঠা দেবতা।"
৫ সংশয়—"তদ্‌বিচিকিৎসন্ জুহবাণীমা হোষাম্।"
৬ বিধি—"যজমানসম্মিতা ঔদুম্বরী ভবতি।"
৭ পরকৃতি—"মাষানেব মহ্যং পচতি"
৮ পুরাকল্প—"পুরা ব্রাহ্মণা অভৈষুঃ।"
৯ ব্যবধারণ-কল্পনা—"যাবতোঽশ্বান্ প্রতিগৃহ্ণীয়াৎ তাবতো বারুণাংশ্চতুষ্কপালান্ নির্বপেৎ।"

দশমের উদাহরণ অর্থাৎ উপমানের উদাহরণ জৈমিনিভাষ্য-

কার শবরস্বামী দ্বারা প্রদর্শিত হয় নাই। ফলতঃ ব্রাহ্মণগ্রন্থে উপমানের উদাহরণ এত স্পষ্ট ও অধিক যে উহার উদাহরণের উল্লেখ করা তিনি আদৌ প্রয়োজনীয় মনে করেন নাই।

ইতিহাস ও পুরাণ।

ব্রাহ্মণগ্রন্থে ইতিহাস ও পুরাণের উল্লেখযোগ্য কতিপয় ঘটনার বিবৃতি দৃষ্ট হয়। উহা এত অপরিস্ফুট যে তাহা হইতে বিশেষ কোন তত্ত্ব সঙ্কলন করা যায় না, তবে ইতিহাস ও পুরাণের উল্লেখ দেখিয়া মনে হয়, প্রাচীন ঋষিদিগের মধ্যেও ইতিহাস পুরাণের প্রচলন ছিল। নিম্নোক্ত ব্রাহ্মণ-বচনগুলি তাহা সপ্রমাণ করিতেছে।

১। "স হোবাচ ঋগ্‌বেদং ভগবোঽধ্যেমি * * ইতিহাসপুরাণম্।" (ছান্দোগ্য ৭।১।৩)

২। "অথাষ্টমেঽহন্ * * তানুপদিশতীতিহাসোবেদঃ সোঽয়মিতি কিঞ্চিদিতিহাসমাচক্ষীতৈবমেবাধ্বর্য্যুঃ সম্প্রেষ্যতি।" (শতপথে অশ্বমেধপ্রকরণে ১৩।৪।৩।১২)

৩। "অথ নবমেঽহন্ * * তানুপদিশতি পুরাণং বেদঃ। সোঽয়মিতি কিঞ্চিৎ পুরাণমাচক্ষীতৈবমেবাধ্বর্য্যুঃ সম্প্রেষ্যতি।" (শথপথব্রা° ১৩।৪।৩।১৩)

৪। "যদ্ ব্রাহ্মণানীতিহাসান্ পুরাণানি কল্পান্ গাথানারাশংসীর্স্মেদাহুতয়ঃ (তৈত্তিরীয় আর° ২।৯।২)

নারশংসী।

ব্রাহ্মণগ্রন্থে আর এক বিষয়ের উল্লেখ আছে, উহা "নারশংসী" নামে অভিহিত। নরস্তুতিবিষয়ক শ্রুতিগুলি নারশংসী বা নারশংস্য নামে খ্যাত। নারশংসী ত্রিবিধা—মন্ত্রাত্মিকা, গাথাত্মিকা ও ব্রাহ্মণাত্মিকা।

ব্রাহ্মণগ্রন্থে গাথাও পরিলক্ষিত হয়। গাথাগুলি শ্লোকবদ্ধ এবং প্রবাদবাক্য স্বরূপ। গাথাগুলি ব্রাহ্মণ গ্রন্থ অপেক্ষাও গাথা। অনেক প্রাচীন। ব্রাহ্মণগ্রন্থের বহু স্থানে গাথার উল্লেখ আছে। উহা পূর্ব্বকালে গীত হইত। যথা—

১। "যমগাথাভিঃ পরিগায়তি॥" (তৈঃ সং ৫।১।৮।২)

২। "তদেষাভির্যজ্ঞগাথা গীয়ন্তে—যজেৎ সৌত্রামণ্যা সপত্নীকোঽপ্যসোমপঃ। মাতাপিতৃভ্যামনুণার্থাদ্যজেতি বচনাচ্ছ তিঃ।" (ঐতরেয়ব্রা° ৭।২।৯)

এতদ্ভিন্ন বেদে অন্যান্য বহু বিষয়ের সমাবেশ আছে। অতি সংক্ষেপে অথর্ব্ববেদীয় গোপথব্রাহ্মণে লিখিত বিষয়ের আলোচনা করা যাইতেছে—

"ইমে সর্ব্বে বেদা নির্ম্মিতাঃ সকল্পাঃ সরহস্যাঃ সব্রাহ্মণাঃ সোপনিষৎকাঃ সেতিহাসাঃ সান্বাখ্যানাঃ সপুরাণাঃ সস্বরাঃ সসংস্কারাঃ সনিরুক্তাঃ সানুশাসনাঃ সানুমার্জ্জনাঃ সবাকোবাক্যাঃ।" (১।২।৯)

এস্থলে রহস্য অর্থে আরণ্যক সমূহ; "সস্বরা" পদে ইদানীং প্রচলিত শিক্ষাগ্রন্থের মূলস্বরূপ; নিরুক্তপদে বর্ত্তমান সময়ে প্রচলিত নিরুক্তের মূলস্বরূপ; "সসংস্কার" পদে পদসংস্কারক ব্যাকরণাদির মূলগ্রন্থ এবং অনুমার্জ্জন পদটীতে জ্যোতিষাদি শাস্ত্রের মূলগ্রন্থসমূহকে ধরিয়া লইতে হইবে।

প্রত্যেক শাখার ভিন্ন ভিন্ন ব্রাহ্মণ গ্রন্থ নাই। আবার সকল শাখারও একখানি ব্রাহ্মণগ্রন্থ নহে। কিন্তু ঋগ্বেদের শৈশিরীয়, বাস্কল, সাংখ্য, বাৎস্য ও আশ্বলায়ন শাখার একখানি মাত্র ব্রাহ্মণ গ্রন্থ—উহার নাম ঐতরেয় ব্রাহ্মণ। ইহাকে বহ্বৃগ্ ব্রাহ্মণ গ্রন্থ। ব্রাহ্মণও বলে। আবার কৌষীতকী আদি অপর ষোড়শ শাখার একখানি ব্রাহ্মণ। উহার নাম কৌষীতকী ব্রাহ্মণ। উহার অপর নাম শাঙ্খায়ন বা সাঙ্খায়ন। যজুর্ব্বেদের মৈত্রায়ণী প্রভৃতি ঊনবিংশ চরকাধ্বর্য্যু শাখার একখানি ব্রাহ্মণ—উহার নাম মৈত্রায়ণী ব্রাহ্মণ। এই গ্রন্থখানি অধ্বর্য্যু-ব্রাহ্মণ নামে প্রসিদ্ধ। বাজসনেয়াদি ১৭ খানি শাখার এক খানি ব্রাহ্মণ উহার নাম বাজসনেয়ক ব্রাহ্মণ। ইহার অপর নাম শতপথ-ব্রাহ্মণ। তৈত্তিরীয় ছয়খানি শাখার একখানি ব্রাহ্মণ আছে, তাহার নাম তৈত্তিরীয় ব্রাহ্মণ। সামবেদের ইদানীং জৈমিনি, কৌথুম ও রাণায়ণীয় এই তিনখানি শাখা অধীত হয়। এই তিনখানি শাখার ব্রাহ্মণের নাম ছান্দোগ্য-ব্রাহ্মণ। বর্ত্তমান সামবেদের ৮ খানি ব্রাহ্মণ দৃষ্ট হয়। যথা—সামবিধান, মন্ত্র, আর্ষেয়, বংশ, দৈবতাধ্যায়, সংহিতোপনিষৎ, তলবকার ও তাণ্ডব্রাহ্মণ। অথর্ব্ববেদের কেবল এক গোপথব্রাহ্মণপ্রচরদ্রূপ দেখিতে পাওয়া যায়। ইহার অন্যান্য ব্রাহ্মণ সম্ভবতঃ লুপ্ত হইয়াছে।

আরণ্যক অধ্যায়।

বেদের আরণ্যক অধ্যায়কে কেহ কেহ বেদের অন্তর্ভুক্ত বলিয়া স্বীকার করিতে চাহেন না। য়ুরোপীয়গণ আরণ্যককে আধুনিক বলিয়া মনে করেন। পাণিনির ব্যাকরণে আরণ্যক পদ সাধিত হয় নাই, এই জন্য পাশ্চত্য পণ্ডিতগণ মনে করেন, আরণ্যক বহু প্রাচীন হইতে পারে না। ইহা বিচিত্র বিচারবুদ্ধিরই পরিচায়ক। মনুতে লিখিত আছে—

"সামধ্বনাবৃগ্‌যজুষী নাধীয়ীত কদাচন।
বেদস্যাধীয় বাপ্যন্তমারণ্যকমধীত্য চ॥" (৪।১২৩)

মনূক্ত এই বচন পাঠ করিয়া, কেহ কেহ মনে করেন আরণ্যকের ত্রয়ীত্ব স্বীকার্য্য নহে।

মনুর এই বচনের অর্থ এই যে, সামবেদ অধ্যয়নের পরে ঋক্ বা যজুঃ অধ্যেতব্য নহে। কেন না সপ্তস্বরাদি অন্বিত গানের পর ত্রিস্বরসমাযুক্ত শ্রুতি মধুর বলিয়া প্রতিভাত হয় না। আবার বেদের অন্তভাগ আরণ্যক পাঠ করিয়াও ঋক্ বা যজুর্মন্ত্র অধ্যয়ন করা কর্ত্তব্য নহে। কেন না, আরণ্যক পাঠে চিত্ত ব্রহ্মগত

হয়, এই অবস্থায় ঋগ্‌যজুর্ম্মন্ত্র পাঠ ব্যবস্থেয় নহে। এই স্থলে বেদের অন্তভাগ আরণ্যক বলায় তৈত্তিরীয়, ঐতরেয়, ও বৃহদারণ্যক বলিয়াই বুঝিতে হইবে। আরণ্যকেরও বেদত্ব ও প্রাচীনত্ব স্বীকৃত হইয়াছে। সর্ব্ববেদভাষ্যকার সায়ণাচার্য্য লিখিয়াছেন,—"মহাব্রতস্য পঞ্চবিংশতিমিত্যাদিপঞ্চমারণ্যকং সূত্রমেব। অরণ্যে এবৈতদধ্যেয়মিত্যভিপ্রেত্যাধ্যেতার আরণ্যকাণ্ডেঽন্তভাব্যাধীয়তে।"

আরণ্যক যে অতি প্রাচীন এবং বেদের অন্তর্ভুক্ত, ইহা প্রাচীন ভাষ্যকারদিগেরও স্বীকার্য্য।

য়ুরোপীয় পণ্ডিতগণ উপনিষদ্‌সমূহকেও অপ্রাচীন বলিয়া প্রমাণ করিতে চাহেন। যুক্তি সর্ব্বত্রই প্রায় এক। ঐ পাণিনি উপনিষদ্‌। লইয়াই শব্দবিচার। উপনিষদ্ বেদাংশবাচক। পাণিনিতে এ কথার কোন প্রয়োগ দেখিতে পাওয়া যায় না, সুতরাং পাণিনির পূর্ব্বে উপনিষদ্ একবারেই ছিল না, ইহাই পাশ্চাত্য পণ্ডিতগণের সিদ্ধান্ত। এইরূপ সিদ্ধান্ত বৈদিক সাহিত্যাভিজ্ঞ ব্যক্তিদিগের অতীব বিস্ময়কর। ঋগ্‌বেদাদি পাঁচখানি সংহিতায় ও বহু ব্রাহ্মণগ্রন্থে বহুস্থলে উপনিষদের কথা ও উপনিষল্লক্ষণবচন আছে। পাণিনি উপনিষৎ পদসাধনে সবিশেষ প্রয়াস পান নাই, সুতরাং উপনিষদ্ আধুনিক এই প্রকার যুক্তিতে উপনিষদের আধুনিকত্ব সপ্রমাণ শোভা পাইতে পারে না। কিন্তু ইহাতে চক্ষুষ্মান্‌দিগের চক্ষুতে ধূলি নিক্ষেপ করা কোন প্রকারেই সম্ভবপর নহে। সর্ব্বতোমুখ অথচ সংক্ষেপপ্রিয় সূত্রকার দ্বারা প্রত্যেক পদসাধনের নিমিত্ত ভিন্ন ভিন্ন সূত্র করা যুক্তিযুক্ত বলিয়াও মনে করা যায় না। সাধারণ নিয়মেই উপনিষৎ পদ সাধিত হয়, উহাতে সবিশেষ কোন বক্তব্য না থাকায় তৎসম্বন্ধে পৃথক্ সূত্র করার প্রয়োজন হয় নাই।

বর্ত্তমান সময়ে উপনিষদের সংখ্যা ১৩২ খানিরও অধিক। ইহার মধ্যে অধিকাংশ বেদের সমসাময়িক নহে। সুতরাং সকল গুলিকে বেদোপনিষদ্ বলিয়া গণ্য করা যায় না। কিন্তু পরবর্ত্তী গুলি উপনিষদ্ তুল্য, এই নিমিত্ত উপনিষদ্ নামে বর্ণিত হইয়া থাকে। যে সকল উপনিষদ্ মন্ত্ররূপা ও ব্রাহ্মণরূপা, সেই সকল উপনিষদ্ পাণিনির বহু পূর্ব্ব সময়ের বলিয়া প্রসিদ্ধ।

১। পাণিনি ব্যাকরণে একটি সূত্র আছে—

"জীবিকোপনিষদাবৌপম্যে।" (পা ১।৪।৭৯)

ভট্টোজী দীক্ষিত সিদ্ধান্তকৌমুদী গ্রন্থে ইহার যে ব্যাখ্যা করিয়াছেন, তদনুসারে কেহ কেহ ইহার এইরূপ অর্থ করিয়াছেন—"উপনিষৎকৃত্য"—ইত্যস্য পদস্য "উপনিষদ্‌গ্রন্থ তুল্যগ্রন্থকরণান্তরম্"—ইত্যেবার্থঃ॥

অর্থাৎ উপনিষদ্ তুল্য গ্রন্থ করিয়া কেহ কেহ জীবিকা অর্জ্জন করিতেন। সুতরাং প্রাচীন উপনিষদ্ জ্ঞানের কথা বা কাল দূরে থাকুক, উপনিষদ্ তুল্য পরবর্ত্তী কতকগুলি কৃত্রিম উপনিষদ্ গ্রন্থের কথাও যে পাণিনির সুবিদিত ছিল, ইহাতে স্পষ্ট বুঝা যাইতেছে।

২। পাণিনির আর একটা সূত্রে আছে—

"পারাশর্য্যশিলালিভ্যাংভিক্ষুনটসূত্রয়োঃ" (৪।৩।১১০)

এতদ্দ্বারা স্পষ্টই বুঝা যাইতেছে যে, ভিক্ষুসূত্রের কথা পাণিনির অবশ্য জানা ছিল। ইহাতে সন্দেহাভাব। এই ভিক্ষুসূত্র বেদান্তদর্শনের বীজভূত। উপনিষদ্‌ই বেদান্তের একমাত্র অবলম্বন। সুতরাং উপনিষদ্‌বিষয়ক জ্ঞান পাণিনির অবশ্যই ছিল বুঝিতে হইবে।

৩। নিরুক্তকার যাস্ক পাণিনির পূর্ব্বজ, ইহা সকলেরই স্বীকার্য্য। উপনিষৎ সম্বন্ধে যাস্ক কি বলেন তাহাও শুনুন। যাস্ক একটি ঋকেরও বিচার করিয়াছেন। সে ঋক্‌টি এই—

"যত্রা সুপর্ণা।" (ঋক্ ২।২।২৮।১)

যাস্ক ইহার ব্যাখ্যা করিয়া বলেন,—"ইত্যুপনিষদ্ভণো ভবতি।" (৩।২।৬)

দুর্গাচার্য্যও ইহার ভাষ্যে বলিয়াছেন—"যয়া জ্ঞানমুপগতস্য সতো গর্ভজন্মজরামৃত্যবো নিশ্চয়েন সীদন্তি। সা রহস্যং বিদ্যা উপনিষদিত্যুচ্যতে। উপনিষদ্ভাবেন বর্ণ্যত ইতি উপনিষদ্বর্ণঃ।"

সুতরাং উপনিষৎসমূহকে আধুনিক বা অপ্রাচীন বলা কেবল অনভিজ্ঞতার ফল।

বেদোৎপত্তির কালনির্ণয় সম্বন্ধে য়ুরোপীয় পণ্ডিতগণ নানা কল্পনা করিয়া গিয়াছেন। কিন্তু প্রথমতঃই আমাদের মনে এই প্রশ্নের উদয় হয় যে, আমরা বেদোৎপত্তির কালবিনির্ণয়ে সমর্থ কি না?

বেদোৎপত্তি-কাল বিচার

১। অপৌরুষেয়োঽয়ং বেদঃ।

২। নিত্যাবাগুৎসৃষ্টা স্বয়ম্ভুবা।

৩। অগ্নিবায়ুরবিভ্যস্তু ত্রয়ং ব্রহ্ম সনাতনম্।

দুদোহ যজ্ঞসিদ্ধ্যর্থমৃগ্‌যজুঃসামলক্ষণম্॥ (মনু ১।২৩)

এই সকল বচনপ্রমাণ দেখিয়া মনে হয়, প্রাচীনগণ বেদকে অপৌরুষেয় ও নিত্য বলিয়া মনে করিতেন। ইহাদের এই সকল সিদ্ধান্তে জানা যায় বেদ মনুষ্যরচিতগ্রন্থ নহে। সুতরাং গ্রন্থে ব্যক্তিনির্ণয়ের আশা করা বিড়ম্বনা মাত্র। কিন্তু এ কথা নিশ্চয় যে বেদ আর্য্যগণের আদি ধর্ম্মগ্রন্থ।

মীমাংসকগণ বেদ লইয়া যথেষ্ট শ্রম করিয়াছেন। তাঁহাদের সিদ্ধান্ত এই যে—

"ন কেন চিদপি পুরুষেণ প্রণীতো বেদঃ।"

অর্থাৎ কোন মানুষ বেদের প্রণেতা নহেন। বেদ

অপৌরুষেয়। এই সিদ্ধান্ত স্থির রাখার জন্য মীমাংসাদর্শন-প্রণেতা যথেষ্ট প্রয়াস পাইয়াছেন। মীমাংসা-দর্শনে জৈমিনি ইহার যেরূপ বিচার করিয়াছেন এস্থলে তাহার মর্ম্ম উদ্ধৃত করা যাইতেছে। তিনি লিখিয়াছেন, অনিত্যতা দেখিয়া বেদকে কেহ কেহ পৌরুষেয় বলিতে চাহেন যথা—

মীমাংসাদর্শনের অভিপ্রায়

"বেদাংশ্চৈকে সন্নিকর্ষং পুরুষাখ্যাঃ। অনিত্যদর্শনাৎ" বাদি-পক্ষের এই পূর্ব্বপক্ষের বিচার করিতে প্রবৃত্ত হইয়া তিনি লিখিয়াছেন, এই উক্তি বিচারসহ নহে। যেহেতু—"উক্তন্তু শব্দপূর্ব্বত্বম্। আখ্যা প্রবচনাৎ। পরন্তু শ্রুতিসামান্যমাত্রম্। কৃতে বা বিনিয়োগস্যাৎ কর্ম্মণঃ সম্বন্ধাৎ।"

(মীমাংসাদর্শন ১।১।২৯—৩২)

এই সকল সূত্র অবলম্বন করিয়া শাস্ত্রদীপিকায় বেদের অপৌরুষেয়ত্ববিষয়ে যথেষ্ট বিচার আছে।

ভগবান্ বাদরায়ণ বেদান্তদর্শনেও বেদকে "অপৌরুষেয়" অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। কোন ব্যক্তি-বিশেষ যে বেদের প্রণেতা নহে, তিনি অতি স্পষ্টরূপেই তাহা ঘোষণা করিয়াছেন। বেদান্তসূত্রে আছে,—

বেদান্তদর্শনের অভিপ্রায়।

"শাস্ত্রযোনিত্বাৎ।" (১।১।৩)

ইহার অর্থ এই যে ব্রহ্ম ঋগ্‌বেদাদি শাস্ত্রের কারণ স্বরূপ, সুতরাং তিনি সর্ব্বজ্ঞ। এই সূত্র অনুসারে বেদের মনুষ্য-প্রণেতৃত্ব সূচিত হয় না। বেদ যে অপৌরুষেয়, ব্রহ্মসূত্রেরও ইহা সিদ্ধান্ত। সুতরাং এই সিদ্ধান্তানুসারেও বেদের কাল-নির্ণয় করা চলে না। মানুষের রচিত গ্রন্থেরই কালনির্ণয় সম্ভব-পর, অপৌরুষেয় গ্রন্থের পক্ষে তাহা কদাচ সম্ভবপর নহে।

বৈশেষিক, ন্যায়, সাংখ্য এবং পাতঞ্জলদর্শনেও বেদের প্রামাণ্য স্বীকৃত হইয়াছে। কিন্তু বেদ অকর্ত্তৃক বা ঈশ্বরকৃত বলিয়া কোন কথা বলা হয় নাই। কেহ কেহ বলেন, তাঁহারা বেদ ঋষিকৃত বলিয়া অভিহিত করিয়াছেন। কিন্তু আমাদের এ কথাতে আস্থা নাই। ঋষিরাই যে বেদের কর্ত্তা একথা কোনও দর্শনে দেখিতে পাওয়া যায় না। ঋষিদের দ্বারা বেদ প্রকাশ হয়, ইহাই দার্শনিকগণের অভিপ্রায়। বেদ "সিদ্ধ" বলিয়া সকলেরই স্বীকার্য্য। পতঞ্জলি বলেন—

"নিত্যপর্য্যায়বাচী সিদ্ধশব্দঃ।"

অর্থাৎ সিদ্ধশব্দ নিত্যপর্য্যায়বাচী। সুতরাং পতঞ্জলির উক্তিতেও বেদ নিত্য বলিয়াই স্থিরীকৃত হইয়াছে।

কোন কোন মন্ত্রে ঋষিকৃত নিরুক্ত ও ঐতরেয় ব্রাহ্মণে তাহার প্রমাণ পাওয়া যায়, যথা—

১। "বিশ্বামিত্র ঋষি * * নদীস্তুষ্টাব গাধা ভবতেতি।"(নিরু২।৭।২)

২। "ঋষিপুত্রা বিলপিতং বেদয়ন্তে।" (নিরু ৫।১।২)

৩। "গৃৎসমদমর্থমভ্যুত্থিতং কপিঞ্জলোভিববাশে তদভি-বাদিন্যেষগ্ ভবতি।" (নিরু ৯।১।৪)

নিরুক্তের এই সকল বচন দ্বারা কেহ কেহ প্রমাণ করিতে চাহেন যে বেদ ঋষিপ্রণীত গ্রন্থ। এতদ্ব্যতীত ঐতরেয় ব্রাহ্মণেও এইরূপ প্রমাণ দেখিতে পাওয়া যায় যথা—

"সর্প ঋষির্মন্ত্রকৃৎ।" (ঐতরেয়ব্রা° ৬।১।১)

ইঁহারা আরও বলেন মন্ত্রগুলির সমালোচনা করিলে দেখা যায় যে বেদ ধীমৎপুরুষকৃত। বেদমন্ত্রের কর্ত্তা যে একজন তাহাও মনে হয় না। বেদমন্ত্রেই তাহার প্রমাণ যায়, যথা—

"সক্তূমিব তিতউনা পুনন্তো যত্রধীরা মনসা বাচমক্রত।
অত্র সখায়ঃ সখ্যানি জানতে ভদ্রৈষাং লক্ষ্মীর্নিহিতাধি বাচি।"

(ঋক্ সং ৮।২৩।২)

এই সকল বচন দেখিয়া ইহারা আবার সিদ্ধান্ত করেন যে, বেদ ঋষিগণের প্রণীত। অপর পক্ষ বলেন, আদি কবির হৃদয়ে নিত্য সত্য ব্রহ্ম বেদ প্রকাশ করিয়াছিলেন। বেদ অপৌরুষেয়।

যাহা হউক, বেদ ঋষিপ্রণীত গ্রন্থ হইলেও আমরা তাহার কালনির্ণয়ে সমর্থ কি না, তাহাই এক্ষণে বিবেচ্য। আধুনিক লোকেরা বহু কষ্টে পাণিনির কাল বিনির্ণয় করিয়াছেন। যাস্ক পাণিনিরও পূর্ব্বতন। বাভ্রব্যাদি ক্রমকারগণ যাস্ক হইতে প্রাচীন, পদকার শাকল্যাদি তাহা হইতে পূর্ব্বতন, ঋক্‌তন্ত্রপ্রণেতা শাকটায়নাদি ইঁহাদেরও পূর্ব্বসময়ে বর্ত্তমান ছিলেন। কল্পসূত্রকার লাট্যায়নাদি শাকটায়নাদিরও পূর্ব্বতন। ইহারও পূর্ব্বে কুসুর-বিন্দাদি ঋষিগণ অনু-ব্রাহ্মণ গ্রন্থ প্রকাশ করেন। ইহারও পূর্ব্বে মহীদাসাদি শ্লোকানুশ্লোকশাখাদি সংগ্রহ করিয়া তদনুসারে ঐতরেয়ব্রাহ্মণাদি প্রকাশ করেন। ইহারও পূর্ব্বরূপে প্রবাদ অবলম্বন করিয়া শ্লোকানুশ্লোক শাখা প্রকাশিত হয়। তৎকল্পেও প্রবাদ সকল বিকীর্ণভাবে বিদ্যমান ছিল। এই সকল বিকীর্ণ প্রবাদ এখনও শ্রুতি নামে খ্যাত। ইহারও পূর্ব্বকল্পে যজ্ঞ-প্রয়োগ আরম্ভ হয়। ইহারাও বহুপূর্ব্বে অথর্ব্ব বা ব্যাসদ্বারা চারি সংহিতা সংগৃহীত হয়। ইহার পূর্ব্বকল্পে সূক্তমণ্ডলাদি সংগৃহীত হয়। ইহারও বহুপূর্ব্বে ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন ঋষিগণ বৈদিক মন্ত্র সকল ক্রমে ক্রমে প্রকাশ করেন। সুতরাং বেদের কালনির্ণয় অসম্ভব ব্যাপার। ব্যক্তিনির্ণয়দ্বারা কাল-নির্ণীত হয়। এক্ষেত্রে ব্যক্তিনির্ণয় একেবারেই অসম্ভব। যেস্থলে ঋষিবিশেষকে কোন মন্ত্রের দ্রষ্টা বলিয়া বলা হইয়াছে, তাদৃশ স্থলে দ্রষ্টা শব্দের অর্থ প্রণেতা বলিয়া গ্রহণ করিলেও বেদের কালনির্ণয় সম্ভবপর হয় না। কোন মন্ত্রের দ্রষ্টা অগ্নি। এইরূপ নামদ্বারা কালনির্ণয়ের কি সুবিধা হইতে পারে?

এতদ্ব্যতীত মনু অতি স্পষ্টরূপে লিখিয়াছেন—

"অগ্নিবায়ুরবিভ্যস্তু ত্রয়ং ব্রহ্মসনাতনম্" (১।২৩)

এই বচন দ্বারা জানা যায় যে, অগ্নি, বায়ু ও রবি হইতেই বেদ প্রকাশিত হইয়াছে। সম্ভবতঃ উহার কিছু গূঢ় তাৎপর্য্য থাকিতে পারে। কিন্তু তাহা হইলেও বেদের কালনির্ণয় করা সর্ব্বতোভাবেই অসম্ভব।

অগ্নি, বায়ু, রবি প্রভৃতির কথা ছাড়িয়া দিয়া যদি মন্ত্রাদি হইতে ভৃগু প্রভৃতি নামই কোন কোন মন্ত্রের দ্রষ্টা বলিয়া ধরিয়া লওয়া যায়, তাহা হইলেও কালনির্ণয় সম্ভবপর নহে। কেননা, এই ভৃগু কে? ইনি কোন সময়েই বা জন্মগ্রহণ করিয়াছিলেন? সংস্কৃত সাহিত্যে বহু ভৃগু, ও বহু বশিষ্ঠের নাম শুনা যায়। আদি বশিষ্ঠ, আদি ভৃগু কোন্ সময়ে জন্মপরিগ্রহ করিয়াছিলেন, তাহা কে বলিতে পারে? বেদে কাশ্যপ বচন দৃষ্ট হয়। কিন্তু কাশ্যপ বলিলে কোন নির্দ্দিষ্ট ব্যক্তিবিশেষকে বুঝায় না। বেদ অতি প্রাচীনতম। বেদরূপ কল্পতরুর বহুশাখা প্রলয় বাত্যায় বিনষ্ট হইয়া গিয়াছে। এক ঋগ্‌বেদেরই বহুশাখা ছিল। অতি প্রাচীন নিরুক্তকার যাস্কও কেবল পঞ্চবিধ শাকল শাখা মাত্র দেখিয়া ছিলেন, অন্যান্য শাখা দেখিতে পান নাই। যাস্কের জন্মেরও বহু পূর্ব্বে বেদের বহু শাখা বিলুপ্ত হইয়াছিল, ইহা অনুমান করা অসঙ্গত নহে। এতাদৃশ প্রাচীনতম গ্রন্থের কালনির্ণয় করার প্রয়াসও বিড়ম্বনাজনক।

ঐতরেয়-ব্রাহ্মণে জনমেজয় পরীক্ষিৎ প্রভৃতি নামের উল্লেখ আছে। ইহা দেখিয়া কেহ কেহ মনে করেন এই গ্রন্থ অবশ্যই মহাভারতের পরে বর্ণিত হইয়াছে। এইরূপ উক্তি একান্তই অযৌক্তিক। জন্মেজয় পরীক্ষিৎ প্রভৃতি নামবিশেষ। এই সকল নাম মহাভারতের পূর্ব্বে ছিল না, তাহারই বা প্রমাণ কি? আর ঐতরেয় প্রভৃতি গ্রন্থে ঐ সকল নাম দেখিয়াই যে, পরবর্ত্তী সময়ে ঐরূপ নাম রাখা হইত না, এই যুক্তি অবিশ্বাসেরই বা কি কারণ আছে? পাণিনির ব্যাকরণেও ব্রাহ্মণ গ্রন্থের প্রাচীনত্বের প্রমাণ পাওয়া যায়। জন্মেজয় পরীক্ষিৎ নাম দেখিয়াই পাশ্চাত্য পণ্ডিতগণ যে কালনির্ণয়ের উপায় আবিষ্কার করিয়াছেন, তাহা বিচারসহ হইতে পারে না।

আমরা ঋগ্বেদসংহিতায় "ভোজ" নাম দেখিতে পাই, যথা—

"ভোজস্যেদং পুষ্করিণীব বেশ্ম" (ঋক্ ৮।৬।৪।৫)

ইহাতে এই শ্রেণীর পণ্ডিতগণ মনে করিতে পারেন, সুবিখ্যাত ভোজরাজের পরেই বেদ রচিত হইয়াছে। এই ভোজরাজের সময়েই বেদভাষ্যকার উব্বট জন্ম গ্রহণ করেন। সুতরাং উব্বটও বেদরচনায় সমসাময়িক লোক। এইরূপ নাম দেখিয়া কালনির্ণয়ের উপায় আবিষ্কার করা যে নিতান্তই উপহাসের বিষয় তাহা সকলেই বুঝিতে পারেন। কিন্তু য়ুরোপীয় পণ্ডিতগণ মধ্যে মধ্যে এইরূপ উপায় দ্বারা আমাদের প্রাচীনতম গ্রন্থাদির আধুনিকত্ব স্থাপনে প্রয়াস পাইয়াছেন।

বেদ অতি গম্ভীর। ইহার অর্থবোধ সহজে হয় না। বেদের অর্থ বুঝিবার জন্যই ষড়ঙ্গের সৃষ্টি। এই চতুর্ব্বেদ সহ ষড়ঙ্গ "বেদের ষড়ঙ্গ" ও অপরা বিদ্যা নামে কথিত হইয়াছে। মুণ্ডক উপনিষদে লিখিত হইয়াছে—

"যে বিদ্যে বেদিতব্যে ইতি হস্ম যদ্ব্রহ্মবিদো বদন্তি পরা চৈবাপরা চ। তত্র পরা ঋগ্‌বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্ববেদঃ শিক্ষাকল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি। অথাপরা যয়া তদক্ষরমধিগম্যতে।" (১।১।৪-৫)

অর্থাৎ ব্রহ্মবিদ্‌গণ বলেন, অপরা ও পরা এই দুই বিদ্যাই জ্ঞেয়। ঋগ্‌বেদ, যজুর্ব্বেদ, সামবেদ ও অথর্ব্ববেদ এই চারিবেদ এবং শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ এই ষড়ঙ্গ। ইহারা অপরা বিদ্যা নামে অভিহিত। যে বিদ্যা দ্বারা সেই অক্ষর পদার্থকে জানা যায়, তাহাই পরা বিদ্যা। মন্ত্র ও ব্রাহ্মণ সংহিতাকারে গ্রথিত হইলে পর এই ষড়ঙ্গের সৃষ্টি হয়।

["ষড়ঙ্গ" শব্দে দ্রষ্টব্য]

বেদের মন্ত্র বুঝিতে হইলে ঋষি, ছন্দঃ ও দেবতা এই তিনটী বিষয়ও অগ্রে জানা আবশ্যক।

ঋষি, ছন্দঃ, দেবতা ও বিনিয়োগ সম্বন্ধে জ্ঞান থাকা যজ্ঞবিৎ ব্রাহ্মণের অতি প্রয়োজনীয়। বৈদিক নিবন্ধকারগণ এ সম্বন্ধে বহুল অনুশাসন করিয়াছেন।

বেদপাঠকগণের পক্ষে মন্ত্রাদির ঋষি ছন্দঃ দেবতা ও বিনিয়োগের বিষয় জানা না থাকা একান্ত ঘৃণার বিষয়। শাস্ত্রকার বলেন—

"অবিদিত্বা ঋষি ছন্দো দৈবতং যোগমেবচ।
যোঽধ্যাপয়েদ্ জপেদ্ বাপি পাপীয়ান্ জায়তে তু সঃ॥
ঋষিচ্ছন্দো দৈবতানি ব্রাহ্মণার্থং স্বরাস্তথা।
অবিদিত্বা প্রযুঞ্জানো মন্ত্রকণ্টক উচ্যতে॥"

অর্থাৎ বৈদিক মন্ত্রাদির ঋষি, ছন্দঃ, দেবতা ও বিনিয়োগের বিষয় না জানিয়া যিনি বেদ অধ্যাপন করেন, অধ্যয়ন করেন, বা মন্ত্রাদি জপ করেন, তাঁহাকে প্রত্যবায়গ্রস্ত হইতে হয়। ক্রিয়া হেতু ঋষি, ছন্দ, দেবতা ও স্বরাদি না জানিয়া ব্রাহ্মণ যদি মন্ত্র প্রয়োগ করেন, তাহা হইলে সেই প্রয়োগ মন্ত্রকণ্টক নামে অভিহিত হয়। মহাভাষ্যেও এইরূপ প্রত্যবায়ের কথা শুনা যায়, যথা—

"মন্ত্রোহীনঃ স্বরতো বর্ণতো বা,"

এ সম্বন্ধে আরও শাস্ত্রীয় বিধিবাক্য আছে যথা—

"স্বরো বর্ণোঽক্ষরং মাত্রা বিনিয়োগোঽর্থ এবচ।
মন্ত্রজিজ্ঞাসমানেন বেদিতব্যং পদে পদে ॥"

অর্থাৎ মন্ত্রপাঠার্থীর পক্ষে স্বর, বর্ণ, অক্ষর, মাত্রা, বিনিয়োগ ও অর্থ পদে পদেই বেদিতব্য।

ঋষি

এস্থলে ঋষিপ্রভৃতি সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে—"ঋষি ঋষগতৌ সর্ব্বধাতুভ্যইন্।" (উণ্ ৪।১৯) "ইগুপধাৎ কিৎ।" (উণ্ ৪।১২১) এইরূপে "ঋষি" শব্দ বুৎপাদিত হইয়াছে। তৈত্তিরীয় আরণ্যকে লিখিত আছে—

"অজান্ হ বৈ পৃশ্নীংস্তপস্তপমানান্ ব্রহ্ম স্বয়ম্ভ্যানর্ষত্-দৃষয়োঽভবন্"। (২।৯০।১)

যাহারা পরমেশ্বরের অনুগ্রহে প্রথমে অতীন্দ্রিয় বেদের দর্শন পাইয়াছিলেন তাঁহারই ঋষি। যথা স্মৃতি—

"যুগান্তেঽন্তর্হিতান্ বেদান্ সেতিহাসান্ মহর্ষয়ঃ।
লেভিরে তপসা পূর্ব্বমনুজ্ঞাতা স্বয়ম্ভুবা ॥"

যুগান্তে ইতিহাস সহিত সমগ্র বেদ অন্তর্হিত হইলে পর স্বয়ম্ভু কর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া তপস্যাদ্বারা মহর্ষিরা ইতিহাসসহ সমগ্র বেদ লাভ করিয়াছিলেন।

ব্রহ্মাণ্ডপুরাণে লিখিত আছে, ঈশ্বরগণ, ঋষিকগণ ও তৎসদৃশ মন্ত্রকৃৎ ঋষিগণ। যাঁহারা আছেন, তাঁহারা সকলেই মন্ত্রকৃৎ।

"ঈশ্বরা ঋষিকাশ্চৈব যে চান্যে বৈ তথা স্মৃতাঃ।
এতে মন্ত্রকৃতঃ সর্ব্বে কৃৎস্নশস্তান্নিবোধত ॥" (অনুষঙ্গ ৬৪।৯৫)

ব্রহ্মার মানস হইতে যাঁহারা নিজে উদ্ভূত হইয়াছেন, তাঁহারাই ঈশ্বর, ইঁহাদের সংখ্যা ১০। যথা—ভৃগু, মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলহ, ক্রতু, মনু, দক্ষ, বশিষ্ঠ ও পুলস্ত্য।* উক্ত ১০টী ঈশ্বরের পুত্রেরাই ঋষি† এবং ঋষিপত্নীদিগের গর্ভোৎপন্ন ঋষিপুত্রগণই ঋষিক নামে খ্যাত।‡ শুক্র, বৃহস্পতি, কশ্যপ, উশনা, উতথ্য, রামদেব, অপোজ্য, উশিজ, কর্দ্দম, বিশ্রবা, শক্তি, বালখিল্যগণ ও ধরগণ ঋষি। বৎসর, নগ্নহু, ভরদ্বাজ, বৃহদুক্থ, শরদ্বান্, অগস্ত্য, ঔশিজ, দীর্ঘতমা, বাজশ্রবা, সুবিত্ত, সুবাশ্বেষ, পরায়ণ, দধীচ, শঙ্খমান্, ও রাজা বৈশ্রবণ ইঁহারা ঋষিক। ব্রহ্মাণ্ডপুরাণকার ঐ সকল ঋষি ও ঋষিক এবং অপর যে সকল বেদমন্ত্রকারকের উল্লেখ করিয়াছেন, তাঁহাদের নাম এই—

ভৃগু, কাব্য, প্রচেতাঃ, আত্মবান্, ঔর্ব্ব, জমদগ্নি, বিদ, সারস্বত, আষ্টিষেণ, অরূপ, বীতহব্য, সুমেধাঃ, বৈণ্য, পৃথু, দিবোদাস, প্রশ্নার, গৃৎসমদ ও নভঃ এই একোনবিংশতি ঋষি মন্ত্রবাদী। অঙ্গিরা, মেধস, ভারদ্বাজ, বাস্কলি, অমৃত, গার্গ্য, শেনী, সংকৃতি, পুরুকুৎস, মান্ধাতা, অম্বরীষ, আহায্য, আজমীঢ়, ঋষভ, বলি, পৃষদশ্ব, বিরূপ, কণ্ব, মুদ্গল, যুবনাশ্ব, পৌরুকুৎস, ত্রসদস্যু, সদস্যুমান্, উতথ্য, বাজশ্রবা, আযাপ্য, সুবিত্ত, রামদেব, ঔশিজ, বৃহদুক্থ, দীর্ঘতপা ও কক্ষীবান্ এই তেত্রিশটী অঙ্গিরসের পুত্র। এই শ্রেষ্ঠ ঋষিপুত্রগণ মন্ত্রপ্রণয়নকর্ত্তা।

কশ্যপপুত্রগণ যথা—কাশ্যপ, বৎসার, বিভ্রম, রৈভ্য, অসিত ও দেবল এই ছয়জন কাশ্যপ; ইঁহারা ব্রহ্মবাদী। অত্রি, অর্চ্চিষ্যান, শ্যামবান্, নিষ্ঠুর, বলগূতক, ধীমান্ ও পূর্ব্বাতিথি ইঁহারা সকলেই অত্রির পুত্র, মহর্ষি ও মন্ত্রদ্রষ্টা।

বশিষ্ঠ, শক্তি, পরাশর, চতুর্থ ইন্দ্রপ্রমতি, পঞ্চম ভরদ্বসু, ষষ্ঠ মৈত্রাবরুণ, সপ্তম কুণ্ডিন, অষ্টম সুহোত্র, নবম বৃহস্পতি ও দশম ভরদ্বাজ; ইঁহারা মন্ত্র ও ব্রাহ্মণ সঙ্কলন করেন। ইঁহারাই মন্ত্রাদির কর্ত্তা ও বিধর্ম্মের ধ্বংসকারক। ইঁহারা সমস্ত ব্রহ্মের (বেদের) ও বেদশাখার লক্ষণ করিয়াছেন।(ব্রহ্মাণ্ডপু° ৬৪-৬৫অঃ)

বৈদিক গ্রন্থাদিতে বিবিধ ছন্দের প্রয়োগ দেখা যায়। ছন্দঃ গুলির সহিত মন্ত্রগুলি বিশেষ সম্বন্ধ। যেন মন্ত্রের অভিব্যক্তিই ছন্দঃ ছন্দোবিশেষ দ্বারা সূচিত হইয়াছে। ঋষিগণ বলেন, জীবের পাপসম্বন্ধ প্রতিষেধের নিমিত্ত যাহা আচ্ছাদনরূপে প্রকল্পিত হয়, তাহাই ছন্দঃ নামে অভিহিত। আরণ্যকাণ্ডে লিখিত আছে—

"ছাদয়ন্তি হি বা এনং ছন্দাংসি পাপাৎ কর্ম্মণঃ ॥"

কেহ কেহ বলেন, চীয়মান অগ্নিসন্তাপের আচ্ছাদক বলিয়াই ইহার নাম ছন্দঃ। তাঁহারা তাঁহাদের উক্তির সমর্থনের নিমিত্ত তৈত্তিরীয় সংহিতার নিম্নোক্ত বচন উল্লেখ করিয়া থাকেন, বচনটী এই—

"প্রজাপতিরগ্নিমচিনুত স ক্ষুরপবির্ভূত্বাতিষ্ঠৎ তং দেবা বিভ্যতো নোপায়ন্ তে ছন্দোভিরাত্মানং ছাদয়িত্বোপায়ন্ তচ্ছন্দসাং ছন্দস্ত্বম্।" (তৈঃ সং ৫।৬।৬।২)

অপর কেহ কেহ বলেন, যাহা অল্পমৃত্যু নিবারণের নিমিত্ত আচ্ছাদনস্বরূপ হয়, তাহাই ছন্দঃ। ইঁহারা ছান্দোগ্য উপনিষদ্ হইতে ইহার প্রমাণস্বরূপ একটী বচন উদ্ধৃত করিয়া থাকেন। যথা—

"দেবা বৈ মৃত্যোর্বিভ্যত স্ত্রয়ীং বিদ্যাং প্রাবিশংস্তে ছন্দোভি রাত্মানমাচ্ছাদয়ন্ যদেভিরাচ্ছাদয়ংস্তচ্ছন্দসাং ছন্দস্ত্বম্।"
(ছান্দোগ্য উঃ ১।৪।২)

* "ভৃগুর্মরীচিরত্রিশ্চ অঙ্গিরাঃ পুলহঃ ক্রতুঃ।
মনুর্দক্ষো বসিষ্ঠশ্চ পুলস্ত্যশ্চেতি তে দশ।
ব্রহ্মণো মানসাহ্যেতে উদ্ভূতাঃ স্বয়মীশ্বরা ॥" (ব্রহ্মাণ্ডপু° অনু° ৬৪।৮৮)

† "ঈশ্বরাণাং সুতাস্ত্বেতে ঋষয়স্তান্নিবোধত।" ঐ ৮৯ শ্লোঃ

‡ "ঋষিপুত্রান্ ঋষিকাংস্তু গর্ভোৎপন্নান্নিবোধত।" ঐ ৯২ শ্লোঃ

বেদসংহিতাদিতে যে সকল ছন্দঃ ব্যবহৃত হইয়াছে, তাহা বৈদিক ছন্দঃ নামে প্রসিদ্ধ। ঐ সকল ছন্দঃ অপর কোন গ্রন্থে ঐ ভাবে ব্যবহৃত হয় নাই। অতি সংক্ষেপে এই সকল ছন্দের বিবরণ এবং বৈদিক ছন্দঃশাস্ত্রানুযায়ী তাহাদের কতিপয় ছন্দঃ-চক্র প্রদত্ত হইল—

ছন্দঃ	অতিছন্দঃ	বিচ্ছন্দঃ
১ গায়ত্রী ২৪	অতিজগতী ৫২	কৃতি ৮০
২ উষ্ণিক্ ২৮	শক্করী ৫৩	প্রকৃতি ৮৪
৩ অনুষ্টুপ্ ৩২	অতিশক্করী ৬০	আকৃতি ৮৮
৪ বৃহতী ৩৬	অষ্টি ৬৪	বিকৃতি ৯২
৫ পংক্তি ৪০	অত্যষ্টি ৬৮	সঙ্কৃতি ৯৬
৬ ত্রিষ্টুপ্ ৪৪	ধৃতি ৭২	অতিকৃতি ১০০
৭ জগতী ৪৮	অতিধৃতি ৭৬	উৎকৃতি ১০৪

উক্ত চক্রে প্রতীয়মান হইতেছে যে, গায়ত্রী হইতে জগতী পর্য্যন্ত ৭টী ছন্দ প্রত্যেকে যথাক্রমে ২৪, ২৮, ৩২, ৩৬, ৪০, ৪৪, ও ৪৮ ভাগে বিভক্ত; এই রূপে অতিজগতী হইতে অতিধৃতি পর্য্যন্ত ৭টী অতিছন্দ যথাক্রমে ৫২,৫৬, ৬০, ৬৪, ৬৮, ৭২ ও ৭৬ ভাগে বিভক্ত এবং কৃতি হইতে উৎকৃতি পর্য্যন্ত বিচ্ছন্দ সাতটীর বিভাগও এই ভাবে নির্ণয় করিতে হইবে।

ছন্দ—গায়ত্রী	উষ্ণিক্	অনুষ্টুপ্	বৃহতী	পঙ্‌ক্তি	ত্রিষ্টুপ্	জগতী
আর্ষী ২৪	২৮	৩২	৩৬	৪০	৪৪	৪৮
দৈবী ১	২	৩	৪	৫	৬	৭
আসুরী ১৫	১৪	১৩	১২	১১	১০	৯
প্রাজাপত্যা ৮	১২	১৬	২০	২৪	২৮	৩২
যাজুষী ৬	৭	৮	৯	১০	১১	১২
সাম্নী ১২	১৪	১৬	১৮	২০	২২	২৪
আর্চ্চী ১৮	২১	২৪	২৭	৩০	৩৩	৩৬
ব্রাহ্মী ৩৬	৪২	৪৮	৫৪	৬০	৬৬	৭২

এই চক্রদ্বারা বুঝা যাইতেছে যে, গায়ত্র্যাদি ৭টী ছন্দ স্ব স্ব নিম্নোক্ত সংখ্যায় আর্ষী হইতে ব্রাহ্মী পর্য্যন্ত কএক ভাগে বিভক্ত হইয়াছে।

গায়ত্রী	২২	২৩	২৪	২৫	২৬
উষ্ণিক্	২৬	২৭	২৮	২৯	৩০
অনুষ্টুপ্	৩০	৩১	৩২	৩৩	৩৪
বৃহতী	৩৪	৩৫	৩৬	৩৭	৩৮
পঙ্‌ক্তি	৩৮	৩৯	৪০	৪১	৪২
ত্রিষ্টুপ্	৪২	৪৩	৪৪	৪৫	৪৬
জগতী	৪৬	৪৭	৪৮	৪৯	৫০

এই চক্রে উপলব্ধি হইবে যে, যে ঋক্মন্ত্রে ২৬টী অক্ষর আছে তাহা স্বরাট্ গায়ত্রী, কিন্তু অক্ষরসংখ্যার সামঞ্জস্য দেখিয়া আপাততঃ উষ্ণিক্ বিরাট্ বলিয়া ভ্রম হইলে আদি পাদ দেখিয়া ছন্দঃ ঠিক করিয়া লইতে হইবে। যদি আদ্যপাদ গায়ত্রী হয়, তবে উহা স্বরাট্ গায়ত্রী, আর যদি আদ্যপাদ উষ্ণিক্ হয় তাহা হইলে ঐ মন্ত্র বিরাড়্ উষ্ণিক্ ছন্দঃ বলিয়া নির্ণীত হইবে। এইরূপে অন্যান্য গুলিরও নির্ণয় করিতে হইবে।

গায়ত্র্যাদি সাতটী ছন্দের ন্যায় অতিচ্ছন্দ ও বিচ্ছন্দ সাত সাতটীও বিরাড়াদি স্বরাট্ পর্য্যন্ত কয়েক ভাগে বিভক্ত হইবে।

১ গায়ত্রীছন্দঃ

ত্রিপাদগায়ত্রী	৮,	৮,	৮	মোট	২৪ অক্ষর
চতুষ্পাদগায়ত্রী	৬,	৬,	৬,	৬ ,,	২৪ ,,
পাদনিচৃৎগায়ত্রী	৭,	৭,	৭	,,	২১ ,,
অতিপাদনিচৃৎ	৬,	৮,	৭	,,	২১ ,,
নাগীগায়ত্রী	৯,	৯,	৬	,,	২৪ ,,
বারাহীগায়ত্রী	৬,	৯,	৯	,,	২৪ ,,
বর্দ্ধমানাগায়ত্রী	৬,	৭,	৮	,,	২১ ,,
প্রতিষ্ঠাগায়ত্রী	৮,	৭,	৫	,,	২১ ,,
হ্রসীয়সীগায়ত্রী	৬,	৬,	৭	,,	১৯ ,,
দ্বিপাদ্‌বিরাট্‌গায়ত্রী	১২,		৮	,,	২০ ,,
বিরাট্‌গায়ত্রী	১১,	১১,	১১	,,	৩৩ ,,
উষ্ণিগ্‌গর্ভা গায়ত্রী	৬,	৭,	১১	,,	২৪ ,,
অতিনিচৃৎ গায়ত্রী	৭,	৬,	৭	,,	২০ ,,
পদপংক্তিগায়ত্রী	৫, ৫, ৫, ৫			,,	২০ ,,
	৫, ৫, ৫, ৫, ৬			,,	২৬ ,,
	৫, ৫, ৫, ৪			,,	১৯ ,,
যবমধ্যা গায়ত্রী	৭,	১০	৭	,,	২৪ ,,
পিপীলিকমধ্যা	৮,	৪,	৮	,,	২০ ,,
শঙ্কুমতী গায়ত্রী	৫,	৬, ৬,	৬	,,	২৩ ,,
ককুদ্মতী গায়ত্রী	৬,	৮,	৮	,,	২২ ,,

২ উষ্ণিক্ ছন্দঃ

ককুবুষ্ণিক্	৮,	১২,	৮,	মোট ২৮ অক্ষর
পুর উষ্ণিক্	১২,	৮,	৮,	,, ২৮ ,,
পরোষ্ণিক্	৮,	৮,	১২	,, ২৮ ,,
চতুষ্পাদুষ্ণিক্	৭,	৭,	৭	,, ২৮ ,,
ন্যঙ্কুশিরা	১১,	১০,	৪	,, ২৭ ,,
তনুমধ্যা	১১,	১১,	৬	,, ২৮ ,,
অনুষ্টুব্‌গর্ভা	৫, ৮,	৮,	৮	,, ২৯ ,,
পিপীলিকমধ্যা	৮, ৫, ৮, ৮ / ৮, ৮, ৫, ৮			,, ২৯ ,,

৩ অনুষ্টুপ্ ছন্দঃ

চতুষ্পাদনুষ্টুপ্	৮, ৮, ৮, ৮	মোট ৩২ অক্ষর
কৃতি অনুষ্টুপ	১২, ১২, ৮	,, ৩২ ,,
ত্রিপাৎ	৮, ১২, ১২	,, ৩২ ,,
পিপীলিকমধ্যা	১২, ৮, ১২	,, ৩২ ,,
মহাপদপঙ্‌ক্তি	৫, ৫, ৫, ৫, ৫, ৬	,, ৩১ ,,
কবিরট্	৯, ১২, ৯	,, ৩০ ,,
নষ্টা	৯, ১০, ১৩	,, ৩২ ,,
বিরাট্	১০, ১০, ১০	,, ৩০ ,,
,,	১০, ১০, ১১	,, ৩১ ,,

৪ বৃহতী ছন্দঃ

পথ্যাবৃহতী	৮, ৮, ১২, ৮	মোট ৩৬ অক্ষর
হ্রস্বসারিণী, স্কন্ধোগ্রীবী, উরোবৃহতী	৮, ১২, ৮, ৮	,, ৩৬ ,,
উপরিষ্টাদ্‌বৃহতী	৮, ৮, ৮, ১২	,, ৩৬ ,,
পুরস্তাদ্‌বৃহতী	১২, ৮, ৮, ৮	,, ৩৬ ,,
চতুষ্পাদ্	৯, ৯, ৯, ৯	,, ৩৬ ,,
,,	১০, ১০, ৮, ৮	,, ৩৬ ,,
ঊর্দ্ধবৃহতী, মহাবৃহতী, সতোবৃহতী	১২, ১২, ১২	,, ৩৬ ,,
বিষ্টারবৃহতী	৮, ১০, ১০, ৮	,, ৩৬ ,,
পিপীলিকমধ্যা	১০, ৮, ১২	,, ৩৪ ,,
বিষমপদা	৯, ৮, ১২, ৮	,, ১৬ ,,

৫ পঙ্‌ক্তি ছন্দঃ

সতঃপঙ্‌ক্তি	১২, ৮, ১২, ৮	মোট ৪০ অক্ষর
বিপরীতাপঙ্‌ক্তি	৮, ১২, ৮, ১২	,, ৪০ ,,
আস্তারপঙ্‌ক্তি	৮, ৮, ১২, ১২	,, ৪০ ,,
প্রস্তার	১২, ১২, ৮, ৮	,, ৪০ ,,
বিষ্টার	৮, ১২, ১২, ৮	,, ৪০ ,,
সংস্তার	১২, ৮, ৮, ১২	,, ৪০ ,,
অক্ষর	৫, ৫, ৫, ৫	,, ২০ ,,
,,	(হলায়ুধমতে) ৫, ৫	,, ১০ ,,

উক্ত বিংশতি অক্ষরযুক্ত অক্ষরপঙ্‌ক্তি কাত্যায়নমতে পদপঙ্‌ক্তিগায়ত্রী বলিয়া অভিহিত হয়।

অল্পশঃ পঙ্‌ক্তি	৫, ৫, ৫, ৫, ৫, ৫, ৫, ৫	মোট ৪০ অক্ষর
পদপঙ্‌ক্তি	৫, ৫, ৫, ৫, ৫ / ৪, ৬, ৫, ৫, ৫	,, ২৫ ,,
পথ্যা	৮, ৮, ৮, ৮, ৮	মোট ৪০ অক্ষর
চতুষ্পদী	১০, ১০, ১০, ১০	,, ৪০ ,,

৬ ত্রিষ্টুপ্ ছন্দঃ

পুরোজ্যোতিঃ	১১, ৮, ৮, ৮, ৮	,, ৪৩ ,,
মধ্যেজ্যোতিঃ	৮, ৮, ১১, ৮, ৮	,, ৪৩ ,,
উপরিষ্টাজ্জ্যোতিঃ	৮, ৮, ৮, ৮, ১১	,, ৪৩ ,,
চতুষ্পাদ্	১১, ১১, ১১, ১১	,, ৪৪ ,,
জাগতিসূক্তে জগতী; ত্রৈষ্টুভিসূক্তে ত্রিষ্টুপ্।	১২, ১২, ১১, ১১	,, ৪৬ ,,
	১১, ১১, ১২, ১২	,, ৪৬ ,,
	১২, ১১, ১২, ১১	,, ৪৬ ,,
	১১, ১২, ১১, ১২	,, ৪৬ ,,
অভিসারিণী	১০, ১০, ১২, ১২	,, ৪৪ ,,
বিরাট্‌স্থানা	৯, ৯, ১০, ১১	,, ৩৯ ,,
,, ,,	১০, ১০, ৯, ১১	,, ৪০ ,,
বিরাড়্‌রূপা	১১, ১১, ১১, ৮	,, ৪১ ,,
জ্যোতিষ্মতী	১২, ১২, ১২, ৮	,, ৪৪ ,,
মহাবৃহতী	৮, ৮, ৮, ৮, ১২	,, ৪৪ ,,

এই মহাবৃহতীই পিঙ্গলে উপরিষ্টাজ্জ্যোতিঃ নামে অভিহিত।

যবমধ্যা	৮, ৮, ১২, ৮, ৮	,, ৪৪ ,,
বিরাট্‌পঙ্‌ক্তি	৮, ১০, ১০, ৮, ৮	,, ৪৪ ,,

৭ জগতীছন্দঃ

ষট্‌পদী	৮, ৮, ৮, ৮, ৮, ৮	মোট ৪৮ অক্ষর
চতুষ্পাদ	১২, ১২, ১২, ১২	,, ৪৮ ,,
পুরোজ্যোতিঃ	১২, ৮, ৮, ৮, ৮	,, ৪৪ ,,
মধ্যেজ্যোতিঃ	৮, ৮, ১২, ৮, ৮	,, ৪৪ ,,
উপরিষ্টাজ্জ্যোতিঃ	৮, ৮, ৮, ৮, ১২	,, ৪৪ ,,
মহাসতোবৃহতী	৮, ৮, ৮, ১২, ১২	,, ৪৮ ,,
মহাপঙ্‌ক্তি	৮, ৮, ৭, ৬, ১০, ৯	,, ৪৮ ,,

ভট্টহলায়ুধ উক্ত ষট্‌পদী জগতীকে পঙ্‌ক্তিছন্দের মধ্যে উপন্যাস করিয়াছেন।

ঋগ্বেদাদিতে কতকগুলি দেবতার উল্লেখ আছে। ঐ দেবতাগণ বৈদিক মন্ত্রে কিরূপে স্তুত হইয়াছেন, তাহার আলোচনা করিলে তাঁহাদের প্রত্যেককেই এক একটী অশরীরিণী শক্তি বলিয়া মনে হয়। প্রাচীন আর্য্য ঋষিগণ স্বর্গীয় বা মর্ত্ত্য, অথবা আন্তরীক্ষ দৈবশক্তি বিশেষকে লক্ষ্য করিয়াই তাঁহাদের শক্তি বা কার্য্যকারিত্বকে পূজা করিয়া গিয়াছেন। যেমন ইন্দ্র। বেদ-

বেদের দেবতা

সংহিতায় ইন্দ্র শব্দে সহস্রাক্ষাদিযুক্ত কোন জীবকে বুঝায় না, তবে ঋগ্বেদে ইন্দ্র শব্দে যে শক্তি পূজিত হইয়াছেন, তাহা সহস্রদিগ্ব্যাপী ও অমিততেজসম্পন্ন। "ইন্দ্রায়

স্বাহা" এই মন্ত্র মাত্রই দেবতা, কেন না যাগকালে দ্রব্য ত্যাগের উদ্দেশ্যভূত দেবতার মন্ত্রই দেবতাত্মক। কিন্তু ভক্তিপক্ষের সাধকগণের ভক্তিবিভাবিত উপাসনায় এই অশরীরিণী শক্তি-সমূহও মূর্ত্তিময়ীরূপে প্রকটিত হইয়াছেন, মন্ত্রে যে ইন্দ্র কার্য্যফল-প্রদ অমূর্ত্ত বা মন্ত্রময়ী দেবতা, পৌরাণিক ভক্তির সাধনায় তিনি শরীরহীন শক্তিমাত্র নহেন, তখন তিনি পূর্ণ বরবপুধারী ও কুণ্ডলকিরীটী-পরিশোভী দিব্য মূর্ত্তিধর ও বজ্রশক্তিসম্পন্ন।

দেবতা—দ্যোতনার্থ দীব্যতি ধাতুনিমিত্তক "দেবতা" শব্দই বেদের দেবতা পদবাচ্য। বৈদিক সাহিত্যে ইহার প্রচুর প্রমাণ পাওয়া যায় যথা—

"দিবা বৈ নোভূদিতি তদ্দেবানাং দেবত্বং"

মন্ত্রদ্বারা যিনি দ্যোতিত হন তিনিই দেব। মন্ত্রে যিনি স্তূয়মান তিনিই দেব।

মীমাংসাদর্শনে মহর্ষি জৈমিনিও এবিষয়ের বিচার করিয়া বলিয়াছেন—

"ফলার্থত্বাৎ কর্ম্মণঃ শাস্ত্রং সর্ব্বাধিকারং স্যাৎ।"

(মীমাংসাদর্শন ৬।১।৪)

যাগযজ্ঞের অধিকার প্রসঙ্গে জৈমিনি বলিয়াছেন ঘৃতাদি দ্রব্য যেমন যাগের একটী অঙ্গ, দেবতাও তদ্রূপ। যাগকালে দেবতা-দিগকে আহ্বান করিতে হয়। তাঁহারা যদি শরীরী হইতেন তাহা হইলে তাঁহাদের আগমন কালে যজমান অবশ্যই প্রত্যক্ষ করিতেন। আবার, যদি এক সময়ে বহুলোক যাগ করে ও সকলেই এককালে তাঁহাকে আহ্বান করে, তাহা হইলে স্বশরীরে তাঁহার সর্ব্বত্র গমন কিরূপে সম্ভবপর হয়? শাস্ত্রানুসারে দেবতার সর্ব্বত্রাধিষ্ঠানই কর্ত্তব্য, সুতরাং অশরীরী না হইলে এবিষয়ে কার্য্য-বিরোধ সম্ভাবনা। দেবতাকে মন্ত্রাত্মক স্বীকার করিলে বৈদিক যাগযজ্ঞে দেবতা আবাহনের কোন ব্যাঘাত ঘটে না; কেন না, যে যে স্থলেই যজ্ঞ করুক না কেন, "ইন্দ্রায় স্বাহা" মন্ত্র উচ্চারণ করিলেই তাহার দেবস্তুতিরূপ যজ্ঞকার্য্য সিদ্ধ হইবেই। ইত্যাদি।

ঋক্, সাম, যজুঃ, ও অথর্ব্ববেদে আমরা ঐরূপ মন্ত্রাত্মক বহু দেবতার উল্লেখ পাই। তাঁহাদের শক্তি কিরূপ কার্য্যকরী এবং মানবজাতিতে তাহাদেরই বা প্রভাব কিরূপ ফলবতী হইয়া থাকে, তাহা মন্ত্রসমূহ পাঠ করিলেই সম্যক্ উপলব্ধি হয়।

কিন্তু বেদের দেবতত্ত্ব এক বিশাল ব্যাপার। সর্ব্বপ্রকার যজ্ঞে ও যজ্ঞাঙ্গে কোন প্রকার ফলদানের নিমিত্ত যে কোন স্থানস্থিত যে কোন পদার্থের স্তুতি করা হয়, তিনিই সেই মন্ত্রের দেবতা। তাই নিরুক্তকার যাস্ক বলেন—

"যৎকাম ঋষির্যস্যাং দেবতায়ামার্থপত্যমিচ্ছন্ স্তুতিং প্রযুঙ্‌ক্তে, তৎদেবতঃ স মন্ত্রো ভবতি।" (নিরু ৭।১।১)

দেব ও দেবতা একই অর্থবাচী যথা—

"যো দেবঃ সা দেবতা।" (নিরু ৭।৪।২)

নিরুক্তকার দেব শব্দের যে নির্ব্বচন করিয়াছেন, সেই নির্ব্বচন দেখিলেই বুঝা যায় যে বেদে বহু প্রকার পদার্থ দেবতা বলিয়া কীর্ত্তিত হইয়াছেন। তদ্‌যথা—

"দেবো দানাদ্বা দীপনাদ্বা দ্যোতনাদ্বা দ্যুস্থানে ভবতি বা।"

এই নিরুক্তিতে জানা যাইতেছে যে, যিনি কোন প্রকার ফলদানে সমর্থ, তিনিই দেবতা, যিনি দীপন করেন, তিনিই দেবতা, যিনি প্রকাশ করেন, তিনিও দেবতা, যিনি দ্যুস্থানে অবস্থান করেন তিনিও দেবতা।

এস্থলে দ্যু শব্দের অর্থ আকাশমণ্ডল। সুতরাং গগনবিহারী চন্দ্রাদি গ্রহ নক্ষত্র এবং সৌর জগতের বহির্ভূত ধ্রুবাদিও দেবতা পদবাচ্য। বৃষ্টিদানে সমর্থ বলিয়া ইন্দ্র, বায়ু প্রভৃতি অচেতন পদার্থও দেবতা পদবাচ্য। যাজাবরাদি রাজারা অর্থদানে সমর্থ বলিয়া তাঁহারাও বৈদিক দেবতা। অশ্বাদি জীব ও গ্রাবাদি অজীব দীপ্তিহেতু বৈদিক দেবতা বলিয়া গণ্য। অগ্নি, চন্দ্র, পর্জ্জন্য, ব্রহ্মবর্চ্চস্বী, বিদ্বান্ প্রভৃতি দ্যোতন হেতু বৈদিক দেবতার অন্তর্ভুক্ত। সূর্য্য ও সূর্য্যকর এবং তারকা প্রভৃতি দ্যুস্থানে অর্থাৎ গগনমণ্ডলে অবস্থিত বলিয়া দেবতা বলিয়া অভিহিত। বেদের দেবতত্ত্বের আলোচনা করিলে স্পষ্টতঃই প্রতিভাত হয় যে আব্রহ্ম স্তম্ব পর্য্যন্ত সকল পদার্থই কোন না কোনরূপে দেবতা বলিয়া স্বীকৃত হইয়াছে। দেবভাবময় হিন্দুর হৃদয় এই বিশাল বিশ্ব-ব্রহ্মাণ্ডের প্রত্যেক পদার্থেই দেবভাব প্রত্যক্ষ করিতেন, এই জগতের অণু ও পরমাণুও হিন্দুর সূক্ষ্ম দৃষ্টির নিকট দেব বলিয়া আদৃত হইত। হিন্দু ইন্দ্রিয়নিচয় দ্বারা যাহা কিছু প্রত্যক্ষ করিতেন, সেই সকল পদার্থের মধ্য হইতেই আভাস তাঁহার হৃদয়ক্ষেত্রে উদ্ভাসিত হইত। তাই হিন্দু বেদান্তী অবশেষে "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম", সমগ্র বিশ্বব্রহ্মাণ্ডকে ব্রহ্মময় বলিয়া অনুভব করিতেন, এবং নিঃশঙ্কচিত্তে সমগ্র বিশ্ব ব্রহ্মময় বলিয়া উদ্ঘোষণা করিয়াছেন। দেবতত্ত্বের এই বিশাল সত্য বহু প্রাচীনকালে হিন্দুসমাজ জগৎ সমক্ষে প্রকটন করেন।

আধুনিক পাশ্চাত্যপণ্ডিতগণ হিন্দুদের এই দেবতত্ত্ব এখনও বুঝিতে পারেন নাই। কিন্তু সূক্ষ্মদর্শী হিন্দুর নিকট দেবতত্ত্ব সৃষ্টিরহস্যের এক বিশাল ব্যাপার। প্রত্যেক পদার্থের অভ্যন্তরেই অদৃষ্টচারিণী মহাশক্তির লীলা বিরাজমান। সেই শক্তিলীলার বিদ্যমানতাতেই প্রত্যেক পরমাণু কার্য্যশীল। সুতরাং সেই চিন্ময়ী শক্তিই হিন্দুর দেবতা। এখনও হিন্দুসমাজে "তেত্রিশকোটি দেবতা" বলিয়া একটী কথা প্রচলিত আছে। হিন্দুসমাজের দেবতত্ত্ব সম্বন্ধীয় এই বিশাল ধারণার মূল একমাত্র

বৈদিক দেবতত্ত্ব। ঐ নীল নভঃস্থলের চন্দ্রসূর্য্যাদি গ্রহোপগ্রহ ও অসংখ্য তারকামণ্ডলী, বায়ুমণ্ডলের বিশাল বায়ুরাশি, মেঘমালা ও তন্মধ্যে প্রকাশশীলা বিদ্যুদ্বল্লরীও যেমন দেবতা, আবার ভূমণ্ডলের নদনদী বৃক্ষবল্লরী ও জীবজন্তু প্রভৃতিও তেমনই দেবতা। স্থাবর অস্থাবর চেতন অচেতন ও উদ্ভিদ্ সকল পদার্থই কোন না কোন মন্ত্রে কোন না কোন ভাবে বেদে দেবতা বলিয়া স্বীকৃত হইয়াছে।

কিন্তু বেদে আকাশমণ্ডলবাসী দেবতাদেরই অধিকতর প্রাধান্যস্বীকার ও বহুল গুণকীর্ত্তন দৃষ্ট হয়। দেবতত্ত্ব এইরূপ বিশাল হইলেও ইহার মধ্যে যথেষ্ট বিশিষ্টতা আছে। যাস্ক বলেন, দৈবতাগণ ত্রিস্থানবাসী—অগ্নি পৃথিবীবাসী, বায়ু অন্তরীক্ষবাসী এবং সূর্য্য দ্যুস্থানবাসী। কেহ কেহ বায়ুকেই ইন্দ্র বলেন, যথা "বায়ু বৈ ইন্দ্রঃ"। কিন্তু এই সকল পদার্থ যখন বৈদিক মন্ত্র দ্বারা স্তোতিত হয়, তখন তাহারা দেবতা বলিয়া অভিহিত হয়। দেবতা যে মন্ত্রময়ী ইহাই মীমাংসকগণের সিদ্ধান্ত।

যদিও তেত্রিশকোটি দেবতার প্রবাদ আছে, তথাপি বেদ পাঠে দেখা যায় যে বেদে প্রধানতঃ তেত্রিশটি দেবতা কল্পিত হইয়াছেন। এ সম্বন্ধে বেদে বহু প্রমাণ আছে। এস্থানে কতিপয় প্রমাণ উদ্ধৃত করা যাইতেছে তদ্‌যথা—

১। "যে ত্রিংশতিত্রয়স্পরো দেবাসো বহিরাসদন্। বিদন্নহ দ্বিতাসনন্" (ঋক্‌সং ৮।২৮।১)

২। "ত্রয়স্ত্রিংশতাস্ত্রয়ত ভূতাস্য সাম্যন্ প্রজাপতি পরমেষ্ঠ্যধিপতিরাসীৎ।" (বাজ° সং ১৪।৩১)

৩। "যস্য ত্রয়স্ত্রিংশদ্দেবতানিধিং রক্ষন্তি সর্ব্বদা।"

(অথর্ব্বসং ১০।২৩।২৪)

ব্রাহ্মণগ্রন্থসমূহে এইরূপ প্রচুর প্রমাণ আছে। ঐতরেয় ব্রাহ্মণের বহুস্থানে ৩৩ দেবতার কথা লিখিত আছে। যথা—

"ত্রয়স্ত্রিংশদ্বৈ অষ্টৌ বসব একাদশ রুদ্রা দ্বাদশাদিত্যাঃ প্রজাপতিশ্চ বষট্‌কারশ্চ।" (৩।২।১১)

ঐতরেয়ব্রাহ্মণের তেত্রিশ দেবতার বিভাগ এই যে ৮ বসু, ১১ রুদ্র, ১২ আদিত্য, ১ প্রজাপতি এবং ১ বষট্‌কার—এই তেত্রিশ দেবতা।

ঐতরেয়ব্রাহ্মণে এতদ্ব্যতীত আরও অনেক দেবতার নাম উল্লিখিত হইয়াছে। শতপথব্রাহ্মণেও এ বিষয়ে অনেক প্রমাণ আছে।

এখন প্রশ্ন এই যে উক্ত বসুসমূহ কাহারা? নিরুক্তকার বলেন, রশ্মিগণের অষ্টই বসু নামে অভিহিত। আবার নিঘণ্টুর অপর স্থানে (৫।৬।২৮) লিখিত আছে, দ্যুস্থানবাসী দেবগণের অষ্টই বসু নামে খ্যাত। যাস্ক বলেন—

"বসবঃ।—যদ্ বিবসতে সর্ব্বম্। অগ্নি বসুভির্ব্বাসব ইতি সমাখ্যাঃ তস্মাৎ পৃথিবীস্থানাঃ। ইন্দ্রোবসুভি র্বাসব ইতি সমাখ্যা তস্মান্মধ্যমস্থানাঃ। বসবঃ আদিত্যরশ্ময়ঃ বিবাসনাৎ তস্মাদ্ দ্যুস্থানাঃ।"

সুতরাং নিরুক্ত মতে পার্থিব অগ্নিশিখাসমূহ, বৈদ্যুতাগ্নি-প্রভা এবং সূর্য্যরশ্মি বসু নামে অভিহিত হইয়াছে, এবং পৃথিবী, অন্তরীক্ষ ও দ্যু এই ত্রিবিধ স্থান ইহাদের বাসস্থান বলিয়া কল্পিত হইয়াছে। শতপথব্রাহ্মণেও বসুদেবগণের বিষয় লিখিত হইয়াছে। কিন্তু তাহা অন্য প্রকার। শতপথব্রাহ্মণ বলেন, অগ্নি, পৃথিবী, বায়ু, অন্তরীক্ষ, আদিত্য, দ্যৌ, চন্দ্রমা ও নক্ষত্র ইহারাই বসু। এই সকলের মধ্যে জগতের সর্ব্ব পদার্থের বাস সুতরাং ইহাঁরা বসু। (শতপথব্রাহ্মণের ১৪।৫।৭।৪ দ্রষ্টব্য)। অষ্টবিধ অগ্নিই যে অষ্ট বসু ইহাই সার বৈদিক সিদ্ধান্ত।

অতঃপর রুদ্র দেবতাদের কথা আলোচনা করা যাইতেছে। রুদ্র শব্দের নিরুক্তি এই যে, "রুদ্রো রৌতীতি সতো রোরুয়মাণো দ্রবতীতি রোদয়তে র্বা। যদরুরুদৎ তদ্ রুদ্রস্য রুদ্রত্বমিতি।" এই নিরুক্তি অনুসারে রুদ্রগণকে বায়ুবিশেষ বলিয়াই মনে হয়। আবার কোন কোন স্থানে অগ্নিকেও রুদ্র বলিয়া অভিহিত করা হইয়াছে। আবার কোথাও ইন্দ্রকেই রুদ্র বলিয়া কল্পনা করা হইয়াছে। শতপথব্রাহ্মণে রুদ্রগণকে বায়ু বলিয়াই জানা যায় যথা—

"কতম রুদ্রা ইতি, দশমে পুরুষে প্রাণা আত্মৈকাদশস্তে যদস্মান্মর্ত্ত্যাদচরীরাদুৎক্রাম্যন্তম রোদয়ন্তি তদ্‌যদ্ রোদয়ন্তি তস্মাদ্ রুদ্রা ইতি।" (১৪।৫।৭।৫)

তৈত্তিরীয় আরণ্যকে লিখিত হইয়াছে, বায়ু একাদশ প্রকার যথা—

"প্রভ্রাজমানা ব্যবদাতা যাশ্চ বাসুকী বৈদ্যুতাঃ।
রজতা পরুষাঃ শ্যামাঃ কপিলো অতিলোহিতাঃ।
ঊর্দ্ধা অবপতন্তাশ্চ বৈদ্যুত ইত্যেকাদশাঃ।

আদিত্যসমূহ—আদিত্যগণ দ্যুস্থানস্থিত দেবতা। নিরুক্তকার আদিত্য শব্দের যে নির্ব্বচন করিয়াছেন তাহা বিজ্ঞান-সিদ্ধান্তসম্মত তদ্ যথা—"আদত্তে রসান্, আদত্তে ভাসং জ্যোতিষাম্, আদীপ্তো ভাসা ইতি বা, অদিতেঃ পুত্র ইতি বা"—(২।৪।২)

এই নিরুক্তি দ্বারা জানা যাইতেছে যে যিনি রস গ্রহণ করেন, অথবা যিনি জ্যোতির্ম্ময় পদার্থের প্রভা গ্রহণ করেন, অথবা যিনি অদিতির পুত্র তিনিই আদিত্য।

এতদ্ব্যতীত ইহার আরও একটা নির্ব্বচন আছে তাহার অর্থ এই যে যাহারা দ্যুনিবাসী দেবগণের অগ্রগামী তাহারাই আদিত্য। শতপথব্রাহ্মণে লিখিত আছে—

"কতমে আদিত্যা ইতি, দ্বাদশ মাসাঃ, সংবৎসরস্যৈত আদিত্যাঃ, এতে হীদং সর্ব্বমাদদানা যন্তি, তস্মাদাদিত্যাঃ ইতি।"
(১৪।৫।৭।৬)

শতপথব্রাহ্মণে যেমন দ্বাদশ আদিত্যের উল্লেখ আছে, অন্যান্য বৈদিক গ্রন্থেও এইরূপ দ্বাদশ আদিত্যের উল্লেখ অতি স্পষ্ট দেখা যায়। বৈদিক সাহিত্যে দ্বাদশ আদিত্যের দ্বাদশ নাম দেখিতে পাওয়া যায় যথা—

সবিতা, ভগ, সূর্য্য, পুষা, বিশ্বানর, বিষ্ণু, বরুণ, কেশী, বৃষাকপি, বর্ষিতা, যম, অজৈকপাদ ও সমুদ্র।

দ্বাদশ মাসের নিমিত্ত দ্বাদশ আদিত্যের কল্পনা করা হইয়াছিল। অভিধান ভেদে ও কর্ম্মভেদে দেবতাভেদের কল্পনা হইয়া থাকে, ইহা নিরুক্তসম্মত। সুতরাং এক তেজঃ পদার্থই অভিধাভেদে ও কর্ম্মভেদে অগ্নি, বিদ্যুৎ ও সূর্য্য এই ত্রিবিধ নামে অভিহিত হইয়াছে। আবার এক অগ্নিই অগ্নি, জাতবেদা, দ্রবিণোদ ও বৈশ্বানর এই চারি দেবতা রূপে বিভক্ত হইয়াছেন। নিরুক্তকার স্পষ্টতঃই লিখিয়াছেন—

"কর্ম্ম পৃথক্ত্বাৎ * * পৃথগস্মি স্তুতয়ো ভবন্তি তথাভিধানানি" (৭।২।১)

অদিতির পুত্র এই অর্থেও বেদে আদিত্য শব্দের ব্যবহার পরিলক্ষিত হয়। তদ্‌যথা—

"অষ্টৌ পুত্রাসো অদিতেঃ।" (ঋক্ সং ১০।৭২।৮)

অদিতি শব্দের অর্থ কেহ কেহ বলেন অন্তরীক্ষ। কিন্তু নিরুক্তকার বলেন, অদিতি "দেবমাতা" যথা—"অদিতিরদীনা দেবমাতা।" আদিত্য সম্বন্ধে শ্রুতিতে এইরূপ অনেক প্রকার আলোচনা দৃষ্ট হয়।

বেদে প্রজাপতি দেবতার নাম ব্রাহ্মণকাণ্ডে বিবাহব্যাপারে বহুস্থানে উক্ত হইয়াছে। নিরুক্তকার বলেন—

"প্রজাপতিঃ প্রজানাং পাতা বা পালয়িতা।"

ঐতরেয় ব্রাহ্মণে লিখিত হইয়াছে—"প্রজাপতি র্বা ইদমেক একাগ্র আস, সোঽকাময়ত প্রজায়েয় ভূয়ান্‌ৎসামিতি।"
(ঐতরেয় ব্রাহ্মণ ২।৫।৭)

এই শ্রুতি পাঠে জানা যায় যে প্রজাপতি দেবতাকে বেদে পরমেশ্বর বলিয়াই সাব্যস্ত করা হইয়াছে। এতদ্ব্যতীত অন্যান্য স্থানে আরও বহুল অর্থে প্রজাপতি শব্দের ব্যবহার আছে। কোথাও অগ্নি কোথাও সূর্য্য, কোথাও বাক্য, কোথাও যজ্ঞ, কোথাও মন প্রভৃতি অর্থে প্রজাপতি শব্দ ব্যবহৃত হইয়াছে। আবার শবরস্বামী মীমাংসাসূত্রভাষ্যে লিখিয়াছেন, "প্রজাপতিঃ স্যাৎ বায়ুরাকাশ আদিত্যো বা"।

ফলতঃ বেদে বহু অর্থে প্রজাপতি শব্দের ব্যবহার পরিদৃষ্ট হয়। শ্রুতিতেও ইহার স্পষ্ট উল্লেখ দেখিতে পাওয়া যায় যথা—

"অপরমিতো বৈ প্রজাপতিঃ অপরদেবতা বষট্‌কারঃ। বৌষড়িতি বষট্‌কারঃ।" ইতি আশ্বলায়ন। যাস্ক এ সম্বন্ধে একটী বিশদ ব্যাখ্যা দিয়াছেন যথা—

"যস্যৈ দেবতায়ৈ হবির্গৃহীতং স্যাৎ তাং মনসা ধ্যায়েদ্ বষট্‌করিষ্যন্নিতি হ বিজ্ঞায়তে।" (নিরুক্ত ৮।২।৭)

ঐতরেয় ব্রাহ্মণে ইহার আরও সুস্পষ্ট ও পূর্ণ ব্যাখ্যা দেখিতে পাওয়া যায় যথা—"যস্যৈ দেবতায়ৈ হবির্গৃহীতং স্যাৎ, তাং মনসা ধ্যায়েদ্ বষট্‌করিষ্যন্, সাক্ষাদেব তদ্দেবতাং প্রীণাতি প্রত্যক্ষাদ্ দেবতাং যজতি।" (৩।১।৮)

অর্থাৎ যে দেবতার নিমিত্ত হবিঃ গৃহীত হয়, যজমান বষট্ ধ্বনি করিয়া সাক্ষাৎ সম্বন্ধে তাঁহাকে পরিতুষ্ট করে এবং প্রত্যক্ষে দেবতাকে যজন করে, (উচ্চধ্বনিকে "বৌষড়্" বলে।) সেই উচ্চধ্বনিই বষট্‌কার দেবতা।

শতপথব্রাহ্মণে লিখিত আছে, "প্রাণো বৈ বষট্‌কারঃ।"(৪।২।১।২৯)

যদিও শতপথব্রাহ্মণে বষট্‌কারের কথা উল্লিখিত আছে, কিন্তু ঐতরেয় ব্রাহ্মণের ন্যায় শতপথব্রাহ্মণে বষট্‌কারকে ত্রয়ত্রিংশ দেবতার অন্তর্ভুক্ত করা হয় নাই। শতপথব্রাহ্মণে বষট্‌কারের স্থানে "ইন্দ্র" শব্দ দেখিতে পাওয়া যায়, যথা—

"অষ্টৌ বসব একাদশ রুদ্রা দ্বাদশাদিত্যা স্ত একত্রিংশৎ ইন্দ্রশ্চ প্রজাপতিশ্চ ত্রয়স্ত্রিংশৌ।" (১১।৬।৩।৫)

শতপথব্রাহ্মণে বৈদিক ইন্দ্র দেবতারও সংখ্যা করা হইয়াছে। শতপথব্রাহ্মণ বলেন—"স্তনয়িত্নুরেব ইন্দ্রঃ"

অর্থাৎ স্তনয়িত্নুই ইন্দ্র। এস্থলে স্তনয়িত্নু শব্দের অর্থ মেঘচালক বায়ু বিশেষ। শতপথব্রাহ্মণ স্তনয়িত্নুর অপর অর্থ করিয়াছেন "অশনি"। যাস্ক ইন্দ্র শব্দের বহুল নিরুক্তি করিয়াছেন, বহুপ্রকার উদাহরণ দিয়াছেন। মেঘচালক বায়ুই প্রধানতঃ ইন্দ্র শব্দের অর্থ। পরমেশ্বর, কাল, আদিত্য ও আত্মা ইত্যাদি অর্থেও ইন্দ্র শব্দের ব্যবহার আছে।

বেদে এই ৩৩ দেবতাকে "সোমপা" অর্থাৎ সোমরস পানকারী দেবতা বলিয়া অভিহিত করা হইয়াছে। কিন্তু এতদ্ব্যতীত বেদে আরও বহুল দেবতার উল্লেখ আছে, উহারা "সোমপা" বলিয়া কীর্ত্তিত হন নাই।

বর্হি, ইধ্ম, উষা, নক্তা, ত্বষ্টা, তনূনপাৎ, ইড়া, স্বাহাকৃৎ, নরাশংস, বনস্পতি, ও স্বিষ্টকৃৎ এই একাদশটী অসোমপা দেবতা বলিয়া অভিহিত। এতদ্ব্যতীত তৈত্তিরীয়ে উপযাজদেবগণের নামোল্লেখ দেখিতে পাওয়া যায়, যথা—সমুদ্র, অন্তরীক্ষ, সবিতা, অহোরাত্র, মিত্রাবরুণ, সোম, যজ্ঞ, ছন্দঃ,

দ্যাবাপৃথিব্যৌ, দিব্য, নভঃ, ও বৈশ্বানর। এই সকল দেবতার মোট সংখ্যা ৬৪ বা ৬৫। ইহাদের অতিরিক্ত বেদে যে সকল পারিভাষিক দেবতার উল্লেখ দেখিতে পাওয়া যায়, তাহার গণনা করা একবার অসম্ভব ব্যাপার না হইলেও সহজসাধ্য নহে।

যাস্ক স্বর্গীয়, অন্তরীক্ষ ও মর্ত্ত্য এই ত্রিবিধ দেবতার উল্লেখ করিয়াছেন। যথা—

১ দ্যৌঃ, ২ বরুণ, ৩ মিত্র, ৪ সূর্য্য, ৫ সবিতৃ, ৬ পূষা, ৭ বিষ্ণু, ৮ বিবস্বৎ, ৯ আদিত্যগণ, ১০ দক্ষ, ১১ ঊষা, ১২ অশ্বিদ্বয়, ইহারা স্বর্গীয় দেবতা বলিয়া পূজিত; ১৩ ইন্দ্র, ১৪ ত্রিত-আপ্ত্য, ১৫ অপাংনপাত, ১৬ মাতরিশ্বা, ১৭ অহির্বুধ্ন্য, ১৮ অজএক-পাদ, ১৯ রুদ্র, রুদ্রগণ, ২০ মরুদ্গণ, ২১ বায়ু-বাত, ২২ পর্জ্জন্য, ২৩ আপঃ, ইহারা আন্তরীক্ষ, এবং ২৪ নদী ও জল, ২৫ পৃথিবী ২৬ অগ্নি ২৭ বৃহস্পতি, ২৮ সোম, ইহারা মর্ত্ত্য।

এতদ্ভিন্ন বিশ্বকর্ম্মা, প্রজাপতি, মন্যু, শ্রদ্ধা, অদিতি, দিতি, বিশ্বেদেবা, সরস্বতী, সুনৃতা ও ইলা প্রভৃতি দেবী, ঋভুগণ, ত্বষ্টা, ইন্দ্রাণী প্রভৃতি দেবী, পৃশ্নি যম, অর্য্যমা, বসুগণ, উশনা, বৈশ্বানর, ৩৩ জন দেবতা, আপ্রীদেবতা, রোদসী, ঋভুক্ষা, রাকা, সিনাবলী, গুঙ্গু, রাত্রি, ধিষণা প্রভৃতি দেবতার নামও ঋগ্বেদে দেখা যায়। ঋগ্বেদের মধ্যে মধ্যে দ্যাবাপৃথিবী, মিত্রাবরুণ প্রভৃতি কএকটী দেবদ্বন্দ্বের শক্তিপূজাও একত্র প্রচলিত দেখা যায়। বিশেষ বিশেষ গন্ধর্ব্ব ও অপ্সরোগণ এবং উর্ব্বরাপতি ও বাস্তোষ্পতি প্রভৃতি ক্ষেত্র ও গৃহরক্ষক দেববৃন্দও বৈদিক গ্রন্থাদিতে অপেক্ষাকৃত নিম্নস্তরে স্থান লাভ করিয়াছে। ঐ সকল দেবগণের বিবরণ যথাস্থানে লিপিবদ্ধ হওয়ায় এখানে আর লিখিত হইল না। [তত্তদ্ শব্দ দেখ।]

যদিও বেদে এই রূপ অসংখ্য পারিভাষিক দেবতার উল্লেখ দেখিতে পাওয়া যায়, তথাপি বেদের মন্ত্রভাগে অগ্নি, বায়ু, ইন্দ্র ও সূর্য্যেরই অধিক সংখ্যক স্তোত্র দেখিতে পাওয়া যায়। এই চারি দেবতারই অধিকতর স্তোত্র আছে। কিন্তু নিরুক্তকার তিনটী মুখ্য দেবতার কথা উল্লেখ করিয়াছেন যথা—"তিস্রো দেবতা ইতি"

এই তিনটী দেবতা—অগ্নি, বায়ু ও সূর্য্য। তাই নিরুক্তকার বলিয়াছেন—

"অগ্নি পৃথিবীস্থানো বায়ুর্বৈ ইন্দ্রো বান্তরীক্ষস্থানঃ সূর্য্যো দ্যুস্থানঃ।" (৭।২।১)

ইহাতে জানা যাইতেছে যে পৃথিবীতে অগ্নিই মুখ্য দেবতা। এখানে জলাদি অপ্রধান দেবতা। অশ্বাদি চেতনদেবতাসমূহ এবং ইষ্কাদি অচেতন দেবতাসমূহ এ স্থানে পারিভাষিক দেবতা বলিয়া পরিগণিত। অন্তরীক্ষে বায়ু বা ইন্দ্রই মুখ্য দেবতা, পর্জ্জন্যাদি অপ্রধান দেবতা, শ্যেনাদি অন্তরীক্ষচর চেতন দেবতা এবং বাণাদি অচেতন দেবতা অন্তরীক্ষের পারিভাষিক দেবতা। আবার দ্যুলোকে সূর্য্যই মুখ্য দেবতা, অশ্বি প্রভৃতি অপ্রধান দেবতা। দ্যুলোকে পারিভাষিক দেবতার কথা দেখিতে পাওয়া যায় না।

বৈদিক তিন মুখ্য দেবতার আলোচনা সর্ব্বাগ্রে করা কর্ত্তব্য। প্রথমতঃ অগ্নির কথা বলা যাইতেছে।

অগ্নিই যজ্ঞ বিষয়ে আদি দেবতা। নিরুক্তি এই যে "অগ্রং যজ্ঞেষু প্রণীয়তে ইতি অগ্নিঃ।"

যজ্ঞকার্য্যে আমরা ভৌতিক অগ্নিকেই দেখিতে পাই। কিন্তু অপ্রত্যক্ষ চতুর্ব্বদন রক্তবর্ণ পুরুষকে আমরা দেখিতে পাই না। পৃথিবীতেই অগ্নির বাসস্থান। আমরা ভৌতিক পদার্থে এই অগ্নির অস্তিত্ব দেখিতে পাই। ঋক্সংহিতায় লিখিত আছে—

"ত্বমগ্নে যজ্ঞানাং হোতা বিশেষাং হিতঃ। দেবেভি র্মানুষে জনে।" (ঋক্সং ৬।১৬।১)

অর্থাৎ হে অগ্নে, তুমি সর্ব্ব প্রকার যজ্ঞের হোতা। তুমি সূর্য্য রশ্মি দ্বারা মর্ত্ত্য লোকের সর্ব্ব পদার্থের অন্তর্হিত আছ।

কেহ কেহ বলেন, অগ্ন্যাদি দেবতা আমাদের এই ভৌতিক জগতের অগ্নি ভিন্ন অপর কিছুই নহে। ইহারা ইহাদের উক্তির সপ্রমাণতার নিমিত্ত নিরুক্তির নামনির্ব্বচন, স্থাননির্দ্দেশ, কর্ম্মনিরূপণ, উৎপত্তিবর্ণন, ব্রাহ্মণবিনিয়োগ, তদ্বিহিত মন্ত্রার্থ, দেবলক্ষণ, উদাহরণশ্রুতি প্রভৃতির বিচার করিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে, অগ্নি বায়ু ও সূর্য্যাদি এই পরিদৃশ্যমান বিশাল বিশ্ব ব্রহ্মাণ্ডের ভৌতিক পদার্থ ব্যতীত আর কিছুই নহে। কেহ কেহ বলেন, এই সকল প্রাকৃত পদার্থের অধিষ্ঠাতৃ মানুষের অতীন্দ্রিয় দেবতাগণই বেদের আলোচিত দেবতা। অনেকেই এই মত সুসঙ্গত বলিয়া মনে করেন। যেমন বিষ্ণু বলিলে স্থূল বিশেষে শুক্ল বুঝায়, কিন্তু সূক্ষ্মদর্শীরা বলেন, সবিতৃমণ্ডলের মধ্যবর্ত্তী মহাপুরুষই বিষ্ণু বলিয়া খ্যাত। ইন্দ্রাদি দেবতা সম্বন্ধেও এইরূপ ভিন্ন ভিন্ন মত চলিয়া আসিতেছে। ভারতবর্ষীয় আর্য্যগণের ধর্ম্মশাস্ত্রের রহস্যে যাহারা প্রবেশলাভ করিতে সমর্থ হইয়াছেন, তাঁহারা জানেন যে হিন্দুরা জড়বাদী নহেন, জড় পদার্থের উপাসক নহেন। বৈদিক মন্ত্র দ্বারা বৈদিক ঋষিগণ অচেতন জড় পদার্থের অন্তর্নিহিত অধিষ্ঠাতৃ জ্ঞানময় অতীন্দ্রিয় উপাস্যদেবতাগণেরই উপাসনা করিতেন, কাম্য দ্রব্যের জন্য প্রার্থনা করিতেন এবং ভক্তিভাবে উহাদের স্তব করিতেন। চেতন, অচেতন, উদ্ভিদ্ ও প্রাকৃতিক এই ত্রিবিধ পদার্থের অনেক পদার্থই বেদে হিন্দুগণের স্তবনীয় পদার্থের অন্তর্ভুক্ত হইয়াছে।

বৈদিক সাহিত্য।

বৈদিক সাহিত্য অতি প্রাচীন আর্য্যগণের বিশাল জ্ঞান-গরিমার বিপুল ভাণ্ডার। বৈদিক সাহিত্যের আলোচনা করিলে জানা যায় প্রাচীনকালে এই নিগমকল্পতরুর যে শত শত শাখা ছিল, সেই সকল শাখার অধিকাংশই বিলুপ্ত হইয়াছে। এই মহা বিলুপ্তের পরে এখনও বৈদিক সাহিত্যের যে সকল গ্রন্থ বর্ত্তমান রহিয়াছে, সেই সকল গ্রন্থের সম্যক্ আলোচনা করাও অসম্ভব। আমরা এস্থলে কতিপয় প্রধান প্রধান বৈদিক গ্রন্থের পরিচয় প্রদান করিতেছি।

ঋগ্‌বেদ

ঋগ্‌বেদসংহিতা একখানি বৃহৎ গ্রন্থ। প্রাচীন বৈদিক সাহিত্যের পণ্ডিতগণ এই গ্রন্থখানির দুই প্রকার বিভাগ করিয়া রাখিয়াছেন। এই প্রাচীন বিভাগ আবার দুই নামে অভিহিত হইতে পারে যথা—অতিপ্রাচীন ও অনতিপ্রাচীন। অনতিপ্রাচীন মতে ঋগ্‌বেদসংহিতা প্রথমতঃ আটটী অষ্টকে বিভক্ত হইয়াছে। প্রত্যেকটী অষ্টক প্রায় সমপরিমিত, আবার এক একটী অষ্টক আট অধ্যায়ে বিভক্ত, প্রত্যেকটী অধ্যায়ে গড়ে ৩৩টী করিয়া বর্গ আছে। বর্গের মোট সংখ্যা ২০০৬। পাঁচ পাঁচটী ঋকে এক একটী বর্গ কল্পিত হইয়াছে। এই বিভাগ কেবল গ্রন্থের বাহ্য বিভাগ মাত্র। গ্রন্থগর্ভবিষয়ের বিচারে এই বিভাগকল্পনা হয় নাই। কিন্তু অতিপ্রাচীন বিভাগকল্পনা অন্যপ্রকার। এই বিভাগ অনুসারে ঋগ্‌বেদসংহিতা দশটী মণ্ডলে বিভক্ত হইয়াছে, ইহাতে ৮৫টী অনুবাক (পরিচ্ছেদ) আছে, এবং ১০১৭টী সূক্ত আছে। প্রচলিত সমগ্র গ্রন্থের ঋকের সংখ্যা ১০৫৮০টী।

শৌনক সূক্তের লক্ষণ করিয়াছেন,—

"সম্পূর্ণমৃষিবাক্যন্তু সূক্তমিত্যভিধীয়তে।" (বৃহদ্দেবতা)

নিরাকাঙ্ক্ষ ছন্দোময় ঋষিবাক্যের নাম সূক্ত অর্থাৎ বৈদিক মহাবাক্যই সূক্ত। এই সূক্ত তিন প্রকার। ঋষিসূক্ত, দেবতাসূক্ত, ছন্দঃসূক্ত। ঋষি ও দেবতাসূক্তের লক্ষণ—

"ঋষিসূক্তানি যাবন্তি সূক্তালোকস্য বৈকৃতিঃ।
স্তূয়েতৈকাস্তু যাবৎসু তৎ সূক্তং দৈবতং বিদুঃ॥"(বৃহদ্দেবতা)

একজন ঋষির কৃত বা দৃষ্ট যতগুলি সূক্ত অর্থাৎ মহাবাক্য বা বাক্য, সেইগুলি ঋষিসূক্ত।

১ম অষ্টকের প্রারম্ভের "অগ্নিমীড়ে" ইত্যাদি হইতে "ইন্দ্র বিশ্বা অবীবৃধৎ" পর্য্যন্ত ঋক্ ভাগ (২০ বর্গাত্মক) একটী ঋষিসূক্ত, কেন না ঐ সমস্ত ঋক্‌গুলি একমাত্র মধুচ্ছন্দা নামক ঋষির কৃত, আর তন্মধ্যস্থ অগ্নি দেবতার স্তবসূচক ঋক্ দেবতা-সূক্ত, কেননা ঐ ৯ ঋক্ দ্বারা একমাত্র অগ্নিদেবতার স্তোত্র প্রকাশ হইয়াছে।

একচ্ছন্দে নির্ম্মিত পর পর ক্রমানুসারে স্থাপিত হইলে তাহা ছন্দঃসূক্ত হয়। উক্ত "অগ্নিমীড়ে" মন্ত্রারম্ভ হইতে ১৮ বর্গ পর্য্যন্ত সমস্ত ঋক্ গায়ত্রীচ্ছন্দে গ্রথিত বলিয়া তাহা ছন্দঃসূক্ত।

ঋগ্বেদের বর্গবিভাগ ও অধ্যায়বিভাগের কোন নির্দ্দিষ্ট লক্ষণ নাই। উহা স্বাধ্যায় বা অধ্যয়নসম্প্রদায়-পরম্পরায় প্রসিদ্ধ হইয়া আসিয়াছে। কিন্তু ঋগ্বেদের মণ্ডলের লক্ষণ সম্বন্ধে সর্ব্বানুক্রমণিকা গ্রন্থে শৌনক বলিয়াছেন, "যঃ আঙ্গিরসঃ শৌনহোত্রো ভূত্বা ভার্গবঃ শৌনকোঽভবৎ স গৃৎসমদো দ্বিতীয়ং মণ্ডলমপশ্যৎ।"

ভার্গব আঙ্গিরস যাহা দেখাইয়াছিলেন, গৃৎসমদ দ্বিতীয় মণ্ডলে তাহাই দেখিয়াছেন। ইহার তাৎপর্য্য এই যে, ২য় মণ্ডলের সমুদায় সূক্ত গৃৎসমদের জ্ঞানে উদিত হয় নাই, উহার অধিকাংশ তাঁহার সংগ্রহ। এই সকল নির্ব্বচন দেখিয়া বৈদিক অধ্যাপকেরা মণ্ডলের লক্ষণ এইরূপ নির্দ্দেশ করিয়া থাকেন—

"তত্তদৃষিদৃষ্টানাং বহূনাং সূক্তানাং একর্ষিকর্ত্তৃকঃ সংগ্রহো মণ্ডলম্" ইতি।

অর্থাৎ বহুতর ঋষির দৃষ্ট বহুতর ঋক্‌মন্ত্র এক ঋষির দ্বারা সংগৃহীত হইয়া যাহা নিবদ্ধ হইয়াছে, তাহার নাম মণ্ডল।

ঋগ্বেদের ১০টী মণ্ডল। এই সকল মণ্ডলের সংগ্রহকর্ত্তা ঋষিদিগের নাম আশ্বলায়নগৃহ্যসূত্রে লিখিত আছে—

"শতর্চিনো মাধ্যমা গৃৎসমদো বিশ্বামিত্রোঽত্রির্ভরদ্বাজো বসিষ্ঠঃ প্রগাথাঃ পাবমান্যাঃ ক্ষুদ্রসূক্তাঃ" ইতি মহাসূক্তাঃ।

মধুচ্ছন্দা হইতে অগস্ত্য পর্য্যন্ত ঋষিরা ১ম মণ্ডলের ঋষি। তাঁহারাই শতর্চী নামে প্রসিদ্ধ। এই শতর্চিগণ ১ম মণ্ডলের ঋষি। তন্মধ্যে মধুচ্ছন্দা ঋষি ১০২ ঋক্ রচনা করিয়াছিলেন, সুতরাং তিনিই শতর্চী হইতে পারেন, কিন্তু অন্যান্য ঋষিরা এত অধিক ঋক্ রচনা না করিলেও উহাঁর সহচর ছিলেন, এজন্য তাঁহারাও শতর্চী বলিয়া গণ্য হইয়াছেন, যথা—

"মধুচ্ছন্দঃপ্রভৃতয়োঽগস্ত্যান্তা আদ্যমণ্ডলে।
যে সন্তি ঋষয়স্তে বৈ সর্ব্বে প্রোক্তাঃ শতর্চিনঃ॥
দদর্শাদৌ মধুচ্ছন্দো দ্ব্যধিকং যদৃচাং শতম্।
তৎসাহচর্য্যাদন্যেঽপি বিজ্ঞেয়াস্তু শতর্চিনঃ॥"

শতর্চী ঋষিগণ ১ম মণ্ডলের সংগ্রাহক। ২য় মণ্ডলের গৃৎসমদ, ৩য় মণ্ডলের বিশ্বামিত্র, ৪র্থ বামদেব, ৫ম অত্রি, ৬ষ্ঠ ভরদ্বাজ, ৭ম বসিষ্ঠ, ৮ম, প্রগাথ, ৯ম পাবমান্য, ১০ম ক্ষুদ্র সূক্ত ও মহাসূক্তীয় ঋষিগণ।

১০ম মণ্ডলের বৈদিক ঋষিরা ক্ষুদ্র সূক্ত ও মহাসূক্ত সকল রচনা বা সংগ্রহ করিয়াছেন। মহাসূক্তের লক্ষণ শৌনককৃত বৃহদ্দেবতায় এইরূপ পাওয়া যায়।

"দশর্কতায়া অধিকং মহাসূক্তং বিদুর্বুধাঃ॥"

দশ ঋকের অধিক ঋক্ দ্বারা যে সূক্ত নির্ম্মিত তাহা মহাসূক্ত, সুতরাং ১০ ঋকের ন্যূন হইলে ক্ষুদ্র সূক্ত ও এইরূপ মধ্যম সূক্ত হইয়া থাকে। প্রচলিত ঋগ্বেদে এইরূপ অনুবাক ও সূক্ত সংখ্যা দৃষ্ট হয়।

প্রথম মণ্ডলে ২৪ অনুবাক্ এবং ১৯১ সূক্ত।
দ্বিতীয় মণ্ডলে ৪ অনুবাক এবং ৪৩ সূক্ত।
তৃতীয় মণ্ডলে ৫ অনুবাক এবং ৬২ সূক্ত।
চতুর্থ মণ্ডলে ৫ অনুবাক এবং ৫৮ সূক্ত।
পঞ্চম মণ্ডলে ৬ অনুবাক এবং ৮৭ সূক্ত।
ষষ্ঠ মণ্ডলে ৬ অনুবাক এবং ৭৫ সূক্ত।
সপ্তম মণ্ডলে ৬ অনুবাক এবং ১০৪ সূক্ত।
অষ্টম মণ্ডলে ১০ অনুবাক এবং ৯২ সূক্ত।
(এতদ্ব্যতীত ১১টী বালখিল্যসূক্ত আছে)
নবম মণ্ডলে ৭ অনুবাক এবং ১১৪ সূক্ত।
দশম মণ্ডলে ১২ অনুবাক এবং ১৯১ সূক্ত আছে।

প্রথম ও দশম মণ্ডলে ভিন্ন ভিন্ন বংশীয় ঋষিগণের রচিত ঋক্ দেখিতে পাওয়া যায়। কিন্তু দ্বিতীয় মণ্ডলে (২য় অষ্টক ৭১-১১৩) গৃৎসমদই মন্ত্রদ্রষ্টা ঋষি। তৃতীয় মণ্ডলে (২য় অষ্টক ১১৪-১১৯ এবং ৩য় অষ্টক ১-৫৬ ঋক্) বিশ্বামিত্র ঋষিরই প্রাধান্য। চতুর্থ মণ্ডলে (৩য় অষ্টক ৫৭-১১৪) বামদেব ঋষিই মন্ত্রদ্রষ্টা। পঞ্চম মণ্ডলে (৩য়, অষ্টক ১১৫-১২৫ এবং ৪র্থ, অষ্টক ১-৭৯) অত্রি ঋষিই মন্ত্রদ্রষ্টা বলিয়া খ্যাত। ৬ষ্ঠ মণ্ডলে (৪র্থ, অষ্টক ৮০-১৪০ এবং ৫ম, অষ্টক ১-১৪) ভরদ্বাজ। সপ্তম মণ্ডলে (৫ম, অষ্টক ১৫-১১৮) বসিষ্ঠ। অষ্টম মণ্ডলে (৫ম অষ্টক ১১৯-১২৯ এবং ৬ষ্ঠ অষ্টক ১-৮১) কাণ্ব এবং নবম মণ্ডলে (৬ষ্ঠ অষ্টক ৮২-১২৪ এবং ৭ম অষ্টক ১-৭১) অঙ্গিরা মন্ত্রদ্রষ্টা ঋষি বলিয়া অভিহিত হইয়াছেন। যে সকল ঋষির নামোল্লেখ করা হইল এই সকল নাম কেবল ব্যক্তিবিশেষের নাম নহে, এক একটী বংশের নাম বলিয়াও বুঝিতে হইবে।

এই সকল মন্ত্র দেবতাগণের নাম অনুসারে শ্রেণীবদ্ধ করা হইয়াছে। সর্ব্বপ্রথমে অগ্নির স্তোত্র, তৎপরে ইন্দ্রের স্তোত্র এবং তৎপরে অন্যান্য দেবগণের স্তোত্র সংগৃহীত হইয়াছে। প্রথম আটমণ্ডল সম্বন্ধেই সাধারণতঃ এই নিয়ম পরিলক্ষিত হয়। নবম মণ্ডল কেবলই সোমস্তোত্রে পরিপূর্ণ। ঋগ্বেদের নবম মণ্ডল হইতে প্রায় একতৃতীয়াংশ মন্ত্র সামবেদে গৃহীত হইয়াছে। দশম মণ্ডলের সহিত অথর্ব্ববেদের সম্বন্ধ যথেষ্টই রহিয়াছে।

মণ্ডলগুলির এইরূপ শ্রেণীবিভাগ, ঐতরেয় আরণ্যকে এবং আশ্বলায়ন ও শাঙ্খায়ন এই দুইখানি গৃহ্যসূত্রে সর্ব্বপ্রথমে পরিলক্ষিত হয়। প্রাতিশাখ্যে ও নিরুক্তে এতদ্ব্যতীত অপর কোনরূপ বিভাগ কল্পিত হয় নাই। শেষোক্ত দুই গ্রন্থে ঋগ্বেদসংহিতার অধ্যায় বিভাগ 'দশতি' নামে অভিহিত হইয়াছে। সামমন্ত্রেও ঋগ্বেদের এই আখ্যাটী দেখিতে পাওয়া যায়। কাত্যায়নের অনুক্রমণিকায় মণ্ডল বিভাগের উল্লেখ নাই। কাত্যায়ন অনতিপ্রাচীন বিভাগের অনুসরণ করিয়া অষ্টক ও অধ্যায়ের কথা বলিয়াছেন। শুক্ল যজুর্ব্বেদের ব্রাহ্মণকাণ্ডের দ্বিতীয় ভাগে আমরা "সূক্ত" শব্দের প্রয়োগ দেখিতে পাই। ঐতরেয় ব্রাহ্মণ ও ঐতরেয় আরণ্যক প্রভৃতিতেও "সূক্ত" শব্দের প্রয়োগ আছে। বর্ত্তমান সময়ে ঋগ্বেদের শাকল শাখার অন্তর্গত শৈশিরীয় উপশাখাই প্রচলিত। স্থানে স্থানে বাস্কল শাখারও উল্লেখ আছে। এই উভয়ের পার্থক্য বড় গুরুতর নহে। একটী প্রধান পার্থক্য এই দেখা যায় যে বাস্কল শাখার ৮ম মণ্ডলে আটটী মন্ত্র বেশী আছে, কিন্তু উহা বালখিল্য বলিয়াও অনেকের ধারণা। শাকল্য একজন ঋষির নাম। ব্রাহ্মণকাণ্ডে ও সূত্রাদিতে এই নামটী দেখিতে পাওয়া যায়। এই শাকল্যই ঋগ্বেদসংহিতার "পদপাঠে"র প্রবর্ত্তক। (পদপাঠ ও ক্রমপাঠাদির বিষয় ইতঃপূর্ব্বে উল্লিখিত হইয়াছে।) শতপথব্রাহ্মণ শুক্ল যজুর্ব্বেদের একখানি ব্রাহ্মণ গ্রন্থ। এই গ্রন্থে দেখিতে পাওয়া যায় শাকল্যের অপর নাম বিদগ্ধ। ইনি বিদেহরাজ জনকের সভাপণ্ডিত ছিলেন। শাকল্য যাজ্ঞবল্ক্যের প্রতিদ্বন্দ্বী বলিয়া প্রখ্যাত।

ঋক্‌সংহিতার ক্রমপাঠের প্রবর্ত্তক পঞ্চাল বাভ্রব্য। ঋক্‌প্রাতিশাখ্যে (১১।৩৩) ইনি কেবল "বাভ্রব্য" বলিয়াই অভিহিত হইয়াছেন। ইহাতে জানা যাইতেছে যে কুরুপঞ্চালগণ যেমন ক্রমপাঠের প্রবর্ত্তক, কোশলবিদেহগণ অর্থাৎ শাকলগণ আবার তেমনই পদপাঠের প্রচারক।

ঋগ্বেদসংহিতাতে অগ্নির স্তোত্রই সর্ব্বাপেক্ষা অধিক। অগ্নি পার্থিব দেবতা। ইনি দেবতা ও মানুষের মধ্যবর্ত্তী। অগ্নির সাহায্যেই দূরস্থ অপরাপর দেবতারা আহূত হন। অগ্নির পরেই ঋগ্বেদে ইন্দ্রস্তোত্রের বাহুল্য দেখিতে পাওয়া যায়। ইন্দ্র অতি শক্তিশালী, তিনি মেঘচালক ও বজ্রী। মেঘ হইতে বৃষ্টি হইলেই ধরা শস্যশালিনী ও সমৃদ্ধিশালিনী হয়। ইন্দ্র বৃষ্টির কর্ত্তা। বৃত্রাসুরের যুদ্ধ ব্যাপার ও মেঘবৃষ্টি বজ্রপাত প্রভৃতি বর্ণনাসূচক অনেক ঋক্ আছে। উষার স্নিগ্ধমধুর কনককিরণ দেখিয়া আর্য্যগণের হৃদয়ে যে কোমল কবিত্ব ভাবের সঞ্চার হইত এবং তাহারা যে ভাবে গলিয়া উষার সেই তরুণ সৌন্দর্য্যে বিমুগ্ধ হইয়া পদ্য লিখিতেন, ঋগ্বেদে তাহার যথেষ্ট পরিচয় আছে, এ সম্বন্ধে কাব্যসুধারসময় বহুল ঋক্ দেখিতে পাওয়া যায়

ঊষা সূর্য্যের আগমন সূচনা করেন। সূর্য্য অন্ধকার বিনষ্ট করেন, আলোক প্রদান করেন, আত্যন্তিক শৈত্য বিনষ্ট করিয়া জীবশক্তিকে কর্ম্মে প্রবর্ত্তিত করেন, সূর্য্যদ্বারা শস্যবীজ অঙ্কুরিত হয়, সূর্য্যই প্রাণশক্তির মূল নিদান ও বুদ্ধিবৃত্তির প্রেরক এই সকল মনে করিয়া আর্য্য ঋষিগণ সূর্য্যের বহুল স্তোত্র করিয়াছেন। এতদ্ব্যতীত মিত্র, বরুণ, অশ্বিদ্বয়, বিশ্বদেবগণ, সরস্বতী, সুনৃতা, মরুৎগণ, অদিতি ও আদিত্যগণ, ঋতুগণ, ব্রহ্মণস্পতি, সোম, ঋভুগণ, ত্বষ্টা, ইন্দ্রাণী, হোতা, পৃথিবী, বিষ্ণু, পৃশ্নি, নদী, জল, যম, পর্জ্জন্য, অর্য্যমা, পুষা, রুদ্রগণ, বসুগণ, উশনা, ত্রিত, বৈশ্বানর, মাতরিশ্বা, ইলা, আপ্রা, রোদসী, অহির্বুধ্ন, অজ একপাৎ, ঋভুক্ষা, রাকা, সিনীবালী ও গুঙ্গু প্রভৃতি দেবগণের স্তোত্র আছে। কৃষিকার্য্য, মেষপালন, দেশ-ভ্রমণ, বাণিজ্য, সমুদ্রগমন, নদ্যাদির ভৌগোলিক বিবরণ, ঋক্ষ, সৌরবৎসর, চান্দ্রবৎসর, দেবগণের গাভী ও অশ্ব, পঞ্চকৃষ্টি, প্রাচীনকালের মনুষ্যের পরমায়ু, অবিবাহিতা কন্যা, তন্তুবায় ও বস্ত্রনির্ম্মাণ, নাপিত, বর্ম্ম, শিরস্ত্রাণ, তনুত্রাণ, বাদ্যযন্ত্র, অনার্য্য-দিগের সহিত যুদ্ধ, সর্পের উৎপাত ও সর্পের মন্ত্র, পক্ষীর অমঙ্গল ধ্বনির মন্ত্র, সূর্য্যের দৈনিক গতি, শস্যাদির বিবরণ, খদির ও শিশুকাষ্ঠের গাড়ী, রথনির্ম্মাতা শিল্পী, সুবর্ণসজ্জাবিশিষ্ট অশ্ব, যুদ্ধের অশ্ব, অমাত্যবেষ্টিত গজস্কন্ধে আরূঢ় রাজা, প্রস্তরনির্ম্মিত নগর, সরযূর পূর্ব্বদিকে আর্য্যরাজ্যের বিস্তার ও আর্য্যরাজগণের যুদ্ধ, দৃষদ্বতী, আপয়া, যমুনা, রসা, কুভা, সরস্বতী, পরুষ্ণী, অনিতভা, সিন্ধু, গোমতী, হরিযূপিয়া বা যব্যাবতী, বিপাশা ও শতদ্রুনদী, শর্য্যণাবতী, জহ্নুকন্যা বা জহ্নাবী, আর্জ্জীকিয়া নদী, অনার্য্য বর্ব্বরজাতি, কীকটদেশের (দক্ষিণ মগধ) বর্ব্বরগণ, সূর্য্যগ্রহণ, ঐশ্বরিক বলের একতা, এক ঈশ্বরের অনুভব, সর্প-নাগের কথা, দিতি ও অদিতি, স্বর্গ ও পৃথিবীর একবার মাত্র সৃষ্টি, ঋষিগণের প্রতিদ্বন্দ্বিতা, ঋষিগণের সংসার ও যুদ্ধব্যাপারে প্রবৃত্তি, ঋষিগণের বংশানুক্রমে মন্ত্ররক্ষা, মুদ্রার প্রচলন, লৌহ-কলস, স্বামীর সহিত নারীর যজ্ঞসম্পাদন, বিবাহ সময়ে বরের বেশ, ধাতুগালান, কর্ম্মকারের ভস্ত্রা যন্ত্র, ত্রিধাতুর গৃহ, দশযন্ত্র উৎস, দধি সুরা প্রভৃতি রাখিবার চর্ম্মাধার, হিরণ্ময় কবচ, বিবিধ আভরণ, ভাষারহিত ও নাসিকারহিত অনার্য্যদের বিবরণ, যুদ্ধে অশ্ব ব্যবহার, গো চর্ম্মদ্বারা আবৃত যুদ্ধরথ, যুদ্ধদুন্দুভি, নদীকূল ও উর্ব্বরা ভূমি লইয়া বিবাদ, মরুভূমি, ভেকস্তুতি, সারমেয় স্তুতি, পর্ব্বত, নদী, বৃক্ষ, গো ও অশ্ব প্রভৃতির স্তুতি, সর্পবিষের মন্ত্র, সুদাসরাজার বিবরণ, যুদ্ধাস্ত্র ও আয়োজন, স্বর্গ ও অমরত্বলাভ, কৃষ্ণ নামক অনার্য্য যোদ্ধা, সোমরস প্রস্তুত করার পদ্ধতি, বিবিধ বৈদিক উপাখ্যান, সমুদ্রমন্থনে অমৃতলাভ, গরুড়কর্ত্তৃক অমৃত আহরণ, অমৃত পানে দেবগণের অমরত্ব, নবম মণ্ডলের শেষভাগে ঋতুর বর্ণনা, যম যমীর জন্ম, যম যমীর কথোপকথন, অন্ত্যেষ্টি-ক্রিয়ার মন্ত্র, পুণ্যাত্মা পূর্ব্বপুরুষগণের স্বর্গে বাস ও যজ্ঞভাগ গ্রহণ, সত্যের সম্মান, পঞ্চজনবাসের কথা, স্তোতা, বৈদ্য, ছুতার, কর্ম্মকার প্রভৃতির ভিন্ন ভিন্ন ব্যবসায়, কন্যাবিবাহে অলঙ্কারদান, অগ্নিদাহপ্রথা, মৃতদেহ মৃত্তিকায় স্থাপন, কূপখনন, পশুচারণ, মেষলোমের বস্ত্রবয়ন, সিংহ, হরিণ, বরাহ, শৃগাল, শশক, গোধা, হস্তী ও সর্পাদির উল্লেখ, সংসারী ঋষিদের সম্পত্তিসৃষ্টির কথা, প্রাচীনকালে আর্য্যদিগের নিবাসস্থান, শোকপ্রকাশের প্রথা, ভাষার আলোচনা, ছন্দঃ জ্যোতিষের কথা, সপত্নীগণের উপর প্রভুত্ব লাভের মন্ত্র, গর্ভসঞ্চারের ও গর্ভরক্ষার মন্ত্র, রোগারোগের মন্ত্র, অমঙ্গলনাশের মন্ত্র, পেচক ডাকের অমঙ্গলনাশের মন্ত্র, রাজাভিষেকের মন্ত্র ইত্যাদি বহুল সামাজিক, বৈজ্ঞানিক, গৃহ্য ও ধর্ম্মবিষয়ক বহুল বিষয় ন্যূনাধিক পরিমাণে ঋগ্‌বেদে দেখিতে পাওয়া যায়।

ঋগ্‌বেদার্থপ্রকাশ সম্বন্ধে নিঘণ্টু ও যাস্কের নিরুক্ত এই দুই-খানি গ্রন্থ অতি প্রাচীন। দেবরাজ যজ্বা নিঘণ্টুর টীকাকার। দুর্গাচার্য্য নিরুক্তের সুপ্রসিদ্ধ বৃত্তি প্রণয়ন করেন। নিঘণ্টুর টীকায় বেদভাষ্যকার স্কন্দস্বামীর নাম দেখিতে পাওয়া যায়। সায়ণাচার্য্য বেদের আধুনিক ভাষ্যকার। যাস্কের সময় হইতে সায়ণের সময় পর্য্যন্ত বেদের কোনও ভাষ্যকারের নাম সবিশেষ শুনিতে পাওয়া যায় না। শঙ্করাচার্য্য ও তাঁহার শিষ্যগণ উপনিষদের ভাষ্য ও ব্যাখ্যা করেন, বেদের ভাষ্য বা টীকা রচনার জন্য বেদান্তবাদীদের প্রবৃত্তি পরিলক্ষিত হয় না। তবে শঙ্করশিষ্য আনন্দতীর্থ ঋক্-সংহিতার কিয়দংশের শ্লোকময় ভাষ্য করিয়াছিলেন। রামচন্দ্রতীর্থ আবার উক্ত শ্লোকময় ভাষ্যের টীকা করেন। আমরা সায়ণকৃত বিস্তৃত ঋগ্‌ভাষ্য দেখি। ঐ ভাষ্যে ভট্টভাস্কর মিশ্র ও ভরত স্বামীকে বেদের ভাষ্যকার বলিয়া উল্লিখিত দেখিতে পাই। চণ্ড-পণ্ডিত, চতুর্ব্বেদস্বামী, যুবরাজ, রাবণ ও বরদরাজকৃত ভাষ্যের কতকাংশ পাওয়া গিয়াছে। এতদ্ব্যতীত মুদ্গল, কপর্দ্দী, আত্মানন্দ, এবং কৌশিক প্রভৃতি কতিপয় ভাষ্যকারের নাম শুনিতে পাওয়া যায়। কেহ কেহ বলেন, ভট্টভাস্কর কৃষ্ণযজুর্ব্বেদের ভাষ্যপ্রণেতা, কিন্তু ইনি ঋক্‌সংহিতার কোন ভাষ্য বা টীকা করেন নাই। তাঁহার এই ভাষ্যে কাশকৃৎস্ন, শাকপূণী এবং যাস্কের নাম দেখিতে পাওয়া যায়। সুতরাং ভট্টভাস্কর মিশ্র যাস্কের পরবর্ত্তী গ্রন্থকার। নিঘণ্টুর টীকাকার দেবরাজও তদীয় টীকায় ভট্ট-ভাস্কর মিশ্র, মাধবদেব, ভবস্বামী, গুহদেব, শ্রীনিবাস, ও উবট প্রভৃতি ভাষ্যকারগণের নামোল্লেখ করিয়াছেন। উব্বট ঋক্-

ঋগ্‌বেদের আলোচ্য বিষয়

বেদার্থপ্রকাশক গ্রন্থ

সংহিতার কোন ভাষ্য করিয়াছেন কি না তাহা জানা যায় না। কিন্তু উবটের কৃত শুক্লযজুর্ব্বেদ-সংহিতায় একখানি ভাষ্য দেখিতে পাওয়া যায়। এতদ্ব্যতীত ইনি ঋক্‌প্রাতিশাখ্য ও শুক্লযজুর্ব্বেদ প্রাতিশাখ্যেরও ভাষ্য করিয়াছেন।

ঋগ্‌বেদের দুই খানি ব্রাহ্মণ গ্রন্থ আছে। এক খানির নাম ঋগ্‌ব্রাহ্মণ গ্রন্থ। ঐতরেয় ব্রাহ্মণ, অপর খানির নাম শাঙ্খায়ন ব্রাহ্মণ। শাঙ্খায়নের অপর নাম কৌষীতকি ব্রাহ্মণ। এই দুই গ্রন্থের সম্বন্ধ অতি ঘনিষ্ঠ, উভয় গ্রন্থেই স্থানে স্থানে একই বিষয়েরই আলোচনা করা হইয়াছে, কিন্তু স্থানে স্থানে একই বিষয় একে অপরের বিপরীত অভিপ্রায় প্রকাশ ও প্রচার করিয়াছেন। কৌষীতকি ব্রাহ্মণে যে রূপ সুপ্রণালীতে আলোচ্য বিষয়ের আলোচনা করা হইয়াছে ঐতরেয় ব্রাহ্মণে সেরূপ সুপ্রণালী পরিলক্ষিত হয় না। ঐতরেয় ব্রাহ্মণের শেষ দশ অধ্যায়ে যে সকল বিষয়ের আলোচনা করা হইয়াছে, শাঙ্খায়নব্রাহ্মণে তাহার আদৌ উল্লেখ নাই। কিন্তু এই অভাব শাঙ্খায়নসূত্র গ্রন্থে পূরিত হইয়াছে। প্রচলিত ঐতরেয় ব্রাহ্মণে ৪০টী অধ্যায় আছে। এই চল্লিশ অধ্যায় ৮টী পঞ্চিকায় বিভক্ত। শাঙ্খায়ন ব্রাহ্মণে ৩০টী মাত্র অধ্যায় আছে, ইহা হইতে ঐতিহাসিক ঘটনা সবিশেষ জানা যায় না। কিন্তু ঐতরেয় ব্রাহ্মণ পাঠে ঐতিহাসিক বিবরণ জ্ঞাত হওয়া যায়। উহাতে বহু ভৌগোলিক বিবরণ আছে। ভারতবর্ষের উত্তর প্রদেশ যে কোনও সময়ে ভাষা-শিক্ষার কেন্দ্র স্থল ছিল, কৌষীতকি বা শাঙ্খায়ন ব্রাহ্মণ পাঠে তাহারও বিবরণ জানা যায়। এই দুই খানি ব্রাহ্মণ সংগৃহীত হওয়ার পূর্ব্ব হইতেই যে রচনাপ্রণালী অনেক প্রকারে উৎকর্ষ লাভ করিয়াছিল, তাহার কিছু কিছু বিবরণ এই দুই খানি গ্রন্থ পাঠে জানা যায়। তাহার "আখ্যান" "গাথা" "অভিষক্ত গাথা" এবং "কারিকা" ইত্যাদি আখ্যা দেখিতে পাওয়া যায়। শাঙ্খায়নে পৈঙ্গ ও কৌষীতকের মত পুনঃ পুনঃ উদ্ধৃত হইয়াছে এবং কৌষীতকের অভিমতই চরম সিদ্ধান্ত বলিয়া গৃহীত হইয়াছে। কিন্তু ঐতরেয় ব্রাহ্মণে এক স্থানে একবার ভিন্ন আর কোথাও কৌষীতক বা পৈঙ্গের নামোল্লেখ নাই। কেহ কেহ মনে করেন, এই অংশ প্রক্ষিপ্ত। শুক্লযজুর্ব্বেদে পৈঙ্গ ঋষির নামোল্লেখ আছে। অন্যান্য গ্রন্থেও এই নামটী দেখিতে পাওয়া যায়। নিরুক্তে ও মহাভাষ্যে পৈঙ্গিকল্প গ্রন্থের নাম দেখিতে পাওয়া যায়। সায়ণের সময়েও পৈঙ্গিব্রাহ্মণ প্রচলিত ছিল। সায়ণভাষ্যে এই নামটীর বহুল উল্লেখ দেখিতে পাওয়া যায়। কৌষীতকের নাম শাঙ্খায়ন ব্রাহ্মণে পুনঃ পুনঃ লিখিত হইয়াছে। ফলতঃ শাঙ্খায়নব্রাহ্মণে কৌষীতকিদেরই সিদ্ধান্ত আলোচিত হইয়াছে। শাঙ্খায়নব্রাহ্মণের ভাষ্যকার এই নিমিত্ত এই গ্রন্থখানিকে কৌষীতকি ব্রাহ্মণ বলিয়া অভিহিত করিয়াছেন। আবার এই ভাষ্যকারের ভাষ্যের অনেক স্থলেই "মহাকৌষীতকি ব্রাহ্মণ" নামে একখানি গ্রন্থের নামোল্লেখ করা হইয়াছে। সুতরাং উক্ত নামেও একখানি গ্রন্থের পরিচয় পাওয়া যায়। ভাষ্যকার সামবেদের কৌথুমদের সহিত কৌষীতকগণের সংশ্রব সূচনা করিয়াছেন। কৃষ্ণযজুর্ব্বেদের প্রাতিশাখ্যসূত্রে শাঙ্খায়ন-ব্রাহ্মণের নাম দেখিতে পাওয়া যায়।

শাঙ্খায়ন ও ঐতরেয় ব্রাহ্মণে বহু প্রকার আখ্যান বর্ণিত হইয়াছে। কি প্রকারে কোন মন্ত্রের আবির্ভাব হইল এই সকল আখ্যান দ্বারা তাহা ব্যাখ্যাত হইয়াছে।

গোবিন্দস্বামী ও সায়ণাচার্য্য ঐতরেয়-ব্রাহ্মণের ভাষ্য করিয়াছেন। মাধবপুত্র বিনায়ক নামক জনৈক পণ্ডিত কৌষীতকি ব্রাহ্মণের একখানি ভাষ্যের প্রণেতা।

এই উভয় ব্রাহ্মণেরই আরণ্যক গ্রন্থ আছে। সর্ব্বসঙ্গ ত্যাগ করিয়া নির্জ্জন নিভৃত অরণ্যের নিস্তব্ধতার মধ্যে অবস্থান করিয়া আর্য্যঋষিগণ যে শাস্ত্র অধ্যয়ন করিয়া গভীর ভাবে ব্রহ্মচর্চ্চায় নিমগ্ন হইতেন, উহাই আরণ্যক নামে কথিত। আরণ্যক গ্রন্থে উপনিষদের অংশই অধিকতর। আমরা এস্থলে সর্ব্বপ্রথমে ঐতরেয় আরণ্যকের আলোচনা করিতেছি।

আরণ্যক

ঐতরেয় আরণ্যকের পাঁচখানি গ্রন্থ প্রচলিত দেখিতে পাওয়া যায়। উহার প্রত্যেকখানি "আরণ্যক" নামে খ্যাত। দ্বিতীয় ও তৃতীয় আরণ্যক একখানি স্বতন্ত্র উপনিষৎ বলিয়া পরিচিত। দ্বিতীয় ভাগের অবশিষ্ট পরিচ্ছেদ-চতুষ্টয় বেদান্তগ্রন্থের অন্তর্ভুক্ত এই নিমিত্ত উহা ঐতরেয় উপনিষদ্ নামে খ্যাত। দ্বিতীয় ও তৃতীয়ভাগ মহীদাস ঐতরেয় দ্বারা সঙ্কলিত। মহীদাস বিশালের ঔরসে এবং ইতরার গর্ভে জন্মগ্রহণ করেন। মাতার নামানুসারে ইনি ঐতরেয় উপাধি প্রাপ্ত হন। ঐতরেয় আরণ্যকের প্রথম খণ্ড কাহা দ্বারা সঙ্কলিত হয় তাহা জানা যায় না। কিন্তু চতুর্থ খণ্ডের সঙ্কলয়িতা যে আশ্বলায়ন সে সম্বন্ধে প্রমাণ পাওয়া যায়। ইনি শৌনকের শিষ্য।

ঐতরেয় আরণ্যক

ব্রাহ্মণগ্রন্থে কুত্রাপি ঐতরেয় শব্দ দেখিতে পাওয়া যায় না। আমরা ছান্দোগ্য উপনিষদে সর্ব্বপ্রথমে এই শব্দটী দেখিতে পাই। সামসূত্রেও এই ঐতরেয় সম্প্রদায়ের নাম দেখিতে পাওয়া যায়। এতদ্ব্যতীত মণ্ডুক বা মণ্ডুকীয়দের কথাও ব্রাহ্মণগ্রন্থে দেখিতে পাওয়া যায়। ঋক্‌প্রাতিশাখ্যেও মণ্ডুকীয়দের কথা আছে।

কৌষীতকি আরণ্যকের তিনখানি খণ্ড আছে। ইহার প্রধান

কৌষীতকি আরণ্যক

এই গ্রন্থখানি কৌষীতকি উপনিষৎ বলিয়া খ্যাত। কৌষীতকি উপনিষৎ একখানি সারগর্ভ উপাদেয় গ্রন্থ। কি প্রকারে আনন্দময় ধামে প্রবেশ করা যায় এবং কি প্রকারেই বা সেই আনন্দ উপভোগ করা যায় এই গ্রন্থের প্রথম অধ্যায়ে তাহার আলোচনা করা হইয়াছে। গৃহকৃত্য পারিবারিক বন্ধনাদি নিমিত্ত সেই সময়ের সামাজিকগণের হৃদয়ে কি প্রকার কুসুমকোমলা হৃদ্‌বৃত্তিসমূহের বিকাশ সাধিত হইয়াছিল, দ্বিতীয় অধ্যায়ে তাহার পরিস্ফুট চিত্র দেখিতে পাওয়া যায়। কর্ম্মকাণ্ডের মধ্য দিয়া সেই চিত্র পাঠকগণের আননসনয়ন সমক্ষে প্রতিফলিত হইয়া থাকে। তৃতীয় অধ্যায়ে ঐতিহাসিক বৃত্তান্ত ও ইন্দ্রের যুদ্ধাদির উপাখ্যান লিপিবদ্ধ হইয়াছে। চতুর্থ অধ্যায়ও আখ্যানে পরিপূর্ণ। কাশীরাজ বীরেন্দ্রকেশরী একটী জ্ঞানী ব্রাহ্মণকে যে উপদেশ প্রদান করিয়াছিলেন এই অধ্যায়ে তাহাও বিবৃত হইয়াছে। ইহাতে নানাপ্রকার ভৌগোলিক বিবরণ আছে। হিমবৎ ও বিন্ধ্য প্রভৃতি পর্ব্বতের নাম ও পার্ব্বত্য জাতীয় লোকের নাম এই গ্রন্থে দেখিতে পাওয়া যায়। সায়ণাচার্য্য ঐতরেয় আরণ্যক ও কৌষীতকি আরণ্যকের ভাষ্য করিয়াছেন।

শ্রীমচ্ছঙ্করাচার্য্য কৌষীতকি উপনিষৎ ও ঐতরেয় উপনিষদের ভাষ্যকর্ত্তা। শঙ্কর-শিষ্য আনন্দজ্ঞান, আনন্দগিরি ও আনন্দতীর্থ, অভিনবনারায়ণ, নারায়ণেন্দ্র সরস্বতী, নৃসিংহাচার্য্য ও বালকৃষ্ণদাস, শাঙ্করভাষ্যের টীকা করিয়াছেন।

এতদ্ব্যতীত বাস্কল উপনিষৎ ও মৈত্রায়ণী উপনিষৎও ঋক্‌-উপনিষৎ বলিয়া খ্যাত। বাস্কল শ্রুতির কথা সায়ণও উল্লেখ করিয়াছেন। ঋগ্‌বেদের বাস্কল শাখা বিলুপ্ত হইলেও বাস্কল উপনিষৎখানি সেই বিলুপ্ত শাখার অন্তিম স্মৃতি এখনও বজায় রাখিয়াছে। বাস্কল উপনিষদের একটী উপাখ্যান এই যে, কণ্বের পুত্র মেধাতিথি মেষরূপী ইন্দ্রদ্বারা স্বর্গে নীত হইয়াছিলেন। মেধাতিথি উক্ত ছদ্মবেশী মেষ দেখিয়া তাহাকে জিজ্ঞাসা করেন,তুমি কে ? প্রত্যুত্তরে ইন্দ্র বলেন,তিনি বিশ্বেশ্বর। উহাকে সত্যের সমুজ্জ্বল পথে লইবার জন্যই তিনি এই কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন। সুতরাং তাহার কোন আশঙ্কার কারণ নাই। এই কথা শুনিয়া মেধাতিথি নিশ্চিন্ত হইলেন। বাস্কল উপনিষৎখানি প্রাচীন উপনিষৎ বলিয়াই অনেকের বিশ্বাস।

সংখ্যা ৪৮। ঐতরেয় ব্রাহ্মণের সহিত আশ্বলায়নের ঘনিষ্ট সম্বন্ধ আবার অপর পক্ষে শাঙ্খায়নব্রাহ্মণের সহিত শাঙ্খায়ন শ্রৌত সূত্রের সম্বন্ধ অতি সুস্পষ্ট। অশ্বল ঋষি বিদেহরাজ জনকে হোতা ছিলেন। কেহ কেহ বলেন, এই অশ্বল হইতে এ শ্রৌতসূত্র প্রবর্ত্তিত হইয়াছে বলিয়া ইহার নাম আশ্বলায়নসূত্র আবার কেহ কেহ বলেন, আশ্বলায়ন পাণিনির সমসাময়ি ছিলেন। এই সিদ্ধান্ত এদেশীয় পণ্ডিতগণের অনুমোদি নহে। ঐতরেয় আরণ্যকের চতুর্থ কাণ্ডের প্রণেতার নাম আশ্বলায়ন।

শাঙ্খায়ন-শ্রৌত্রসূত্রের ১৫শ ও ১৬শ অধ্যায় ব্রাহ্মণগ্রন্থের ভাষ বিরচিত। তাহার রচনাপ্রণালী অনেকেই প্রাচীন বলিয়া অনুমা করেন। উহার সপ্তদশ ও অষ্টাদশ অধ্যায় স্বতন্ত্র,উহাদের ভাষা স্বতন্ত্র। কৌষীতকি আরণ্যকের প্রথম দুই অধ্যায়ের সহি এই দুই অধ্যায়ের সম্বন্ধ অতি ঘনিষ্ট। আশ্বলায়ন শ্রৌতসূ শাট্যায়ন ব্রাহ্মণের উল্লেখ আছে। আশ্বলায়ন শ্রৌতসূত্রের খানি ভাষ্যের সন্ধান পাওয়া গিয়াছে। ভাষ্যকারগণের নাম- নারায়ণগর্গ, দেবব্রাত,বিত্থারণ্য মুনি, কল্যাণশ্রী, দয়াশঙ্কর, মঞ্চ ভট্ট, মথুরানাথ শুক্ল, মহাদেব, যল্লভট্টসুত, ষড়্‌গুরুশিষ্য, সিদ্ধান্তী। বাজপেয়, রাজসূয়, অশ্বমেধ, পুরুষমেধ ও স মেধ যজ্ঞ শাঙ্খায়ন ও আশ্বলায়ন উভয় সূত্রেই পরিলক্ষিত হ কিন্তু এই সকল যজ্ঞের বিষয় শাঙ্খায়নেই সবিস্তার বর্ণিত হ য়াছে। নারায়ণ নামক অপর একজন সুপণ্ডিত শাঙ্খায়ন-শ্রৌত সূত্রের ভাষ্য করিয়াছেন। এই নারায়ণ ও আশ্বলায়নের ভাষ কার নারায়ণ দুই ভিন্ন ব্যক্তি। নারায়ণ গর্গ কৃষ্ণজীর পুত্র এ শ্রীপতির পৌত্র। কিন্তু শাঙ্খায়নের ভাষ্যকার নারায়ণে পিতার নাম পশুপতি শর্ম্মা। এই নারায়ণের গ্রন্থখানি শাঙ্খ য়নের ভাষ্য নহে, পদ্ধতি মাত্র। ব্রহ্মদত্তের অনুকরণে এই গ্র রচিত হয়। শ্রীপতিপুত্র বিষ্ণুও ক্রতুরত্নমালা নামে এই শ্রৌত সূত্রের একখানি ভাষ্য রচনা করেন। মলয়দেশবাসী বরদত্তপু পণ্ডিত আনর্ত্তীয় শাঙ্খায়নসূত্রের একখানি ভাষ্য প্রণয় করেন। ইহার তিন অধ্যায়ের (৯ম ১০ম ও ১১শ) ভাষ বিনিষ্ট হয়, দাসশর্ম্মা মঞ্জুষা লিখিয়া এই তিন অধ্যায়ের ভাষ পূরণ করেন। ১৭শ ও ১৮শ অধ্যায়ের ভাষ্য গোবিন্দকৃত।

ঋগ্‌বেদের গৃহ্যসূত্রের মধ্যে আশ্বলায়নগৃহ্যসূত্র এবং শাঙ্খা

কর্ম্ম, চূড়া, উপনয়ন, বর্ণাশ্রমধর্ম্ম ও শ্রাদ্ধাদি দশ কর্ম্মের বিধান সূত্রাকারে লিখিত হইয়াছে। ফলতঃ মানুষের আশ্রম ধর্ম্মের বিষয় সকলের বিধানের আলোচনাই গৃহ্যসূত্রের আলোচ্য বিষয়। শাঙ্খায়ন গৃহ্যসূত্রের আমরা অনেকগুলি ভাষ্যকারের নাম শুনিতে পাই যথা—সুমন্তুসূত্রভাষ্য, জৈমিনীয়সূত্রভাষ্য, বৈশম্পায়ন-সূত্রভাষ্য, ও পৈলসূত্রভাষ্য ইত্যাদি গৃহ্যসূত্রাদি সম্বন্ধীয় অনেক বৈদিক গ্রন্থ আছে। রামচন্দ্র নামক একজন সুপণ্ডিত নৈমিষা-রণ্যে অবস্থান করিয়া শাঙ্খায়নগৃহ্যসূত্রের এক খানি ভাষ্য করিয়াছেন। কেহ কেহ মনে করেন, নৈমিষারণ্যেই এই সকল সূত্র সংগৃহীত হয়। এতদ্ব্যতীত দয়াশঙ্কর গৃহ্যসূত্রপ্রয়োগদীপ নামে, রঘুনাথ অর্থদর্পণ নামে, রামচন্দ্র গৃহ্যসূত্রপদ্ধতি নামে, বাসুদেব গৃহ্যসংগ্রহ নামে এবং কৃষ্ণজীপুত্র নারায়ণও একখানি শাঙ্খায়নগৃহ্যসূত্রের ভাষ্য রচনা করেন।

ঋক্‌সংহিতার এক খানি প্রাতিশাখ্যসূত্র আছে। প্রাতি-শাখ্যসূত্রখানি শৌনকপ্রোক্ত বলিয়া খ্যাত। এই শৌনক আশ্বলায়নের গুরু বলিয়া প্রসিদ্ধ। ঋক্‌প্রাতি-শাখ্যসূত্র একখানি বৃহৎ গ্রন্থ, ইহা তিন কাণ্ডে বিভক্ত, প্রত্যেক কাণ্ডে ছয়টী করিয়া পটল আছে। ইহাতে সর্ব্বসমেত ১০৩টী কণ্ডিকা দৃষ্ট হয়। এই গ্রন্থের প্রথম ভাষ্যকার বিষ্ণুপুত্র। অতঃপর উবট এই ভাষ্যের প্রতি সংস্কার করিয়া এক অভিনব ভাষ্য প্রণয়ন করেন। প্রাতিশাখ্যসূত্র অবলম্বন করিয়া উপলেখ নামে প্রাতিশাখ্যসূত্রের একখানি সংক্ষিপ্ত গ্রন্থ প্রণীত হয়। এই গ্রন্থখানি প্রাতিশাখ্যসূত্রের পরিশিষ্ট বলিয়াও অভিহিত হইয়া থাকে। [প্রাতিশাখ্য ও বেদাঙ্গ দেখ।]

প্রাতিশাখ্যসূত্র

অনুক্রমণী নামক এক শ্রেণীর গ্রন্থ বৈদিক সাহিত্যের অন্তর্ভুক্ত। ইহাতে ছন্দঃ, দেবতা ও মন্ত্রদ্রষ্টা ঋষির পর্য্যায় ক্রমে আলোচনা পরিলক্ষিত হয়। ঋক্‌সংহিতার অনেকগুলি অনুক্রমণিকা। শৌনক প্রণীত অনুবাকানুক্রমণী এবং কাত্যায়ন প্রণীত একখানি সর্ব্বানুক্রমণী গ্রন্থ আছে।

এই দুইখানি গ্রন্থেরই অতি বিস্তৃত ও সুলিখিত টীকা আছে। এই টীকাকারের নাম ষড়্‌গুরুশিষ্য। ষড়্‌গুরুশিষ্যের প্রকৃত নাম কি অথবা কোন সময়েই বা তিনি এই গ্রন্থ লিখি-লেন, তাহা নির্ণীত হয় নাই। ষড়্‌গুরুশিষ্যের প্রকৃত নাম প্রকাশিত না থাকিলেও এই গ্রন্থকার তাঁহার গ্রন্থে ষড়্‌গুরুর নামোল্লেখ করিয়াছেন; যথা বিনায়ক, ত্রিশূলান্তক, গোবিন্দ,

প্রাচীনতাও সর্ব্বসম্মত। এই গ্রন্থ শ্লোকে রচিত। ঋগ্‌বেদসং
সহিত সাক্ষাৎ সম্বন্ধে ইহার পরিস্ফুট সম্বন্ধ রহিয়াছে।
সংহিতার প্রত্যেক ঋকের দেবতা নির্দ্দেশ করাই এই
উদ্দেশ্য। কিন্তু এই কার্য্য করিতে বসিয়া বৃহদ্দেবতার গ্র
দেবতা সম্বন্ধীয় বিচিত্র আখ্যানে তাহার গ্রন্থ পূর্ণ করিয়া
এই গ্রন্থখানা নিরুক্তির পরে রচিত হইয়াছে বলিয়াই অনে
বিশ্বাস। সুতরাং এই গ্রন্থ শৌনক প্রণীত বলিয়া সিদ্ধান্ত
সুসঙ্গত নহে বলিয়া এক শ্রেণীর পণ্ডিত আপত্তি করেন। ই
বলেন, বৃহদ্দেবতা গ্রন্থ খানি শৌনক সম্প্রদায়ের কোন ব
রচিত। ইহাতে ভাগুরী ও আশ্বলায়নের নাম আছে। ই
বলভী ব্রাহ্মণ ও নিদানসূত্রের নামও পাওয়া যায়। বৃহদ্দে
গ্রন্থখানি শাকল শাখা অবলম্বনে সঙ্কলিত নহে, উহাতে শ
শাখার নাম বহুবার কীর্ত্তিত হইয়াছে। বর্ত্তমান সময়ে প্রচ
শাকল শাখার সহিত অনেক স্থলেই উহার মিল নাই। এতদ্ব্য
শৌনক সঙ্কলিত ঋগ্‌বিধান প্রভৃতি নামে আরও কতক
গ্রন্থ আছে। ইহার পরে বহ্বৃচপরিশিষ্ট, শাঙ্খায়নপরিশি
আশ্বলায়নগৃহ্যপরিশিষ্ট নামে আরও কতকগুলি গ্রন্থ আছে।

গীতায় ভগবান্ বলিয়াছেন, "বেদানাং সামবেদোঽস্মি" ও
বেদের মধ্যে আমি সামবেদ। শ্রীপাদ রামানুজ এই ভগবদ্
সামবেদ-সংহিতা। ভাষ্যে লিখিয়াছেন, "বেদানাং ঋগ
সামাথর্ব্বাণাং যদুৎকৃষ্টঃ সামবেদ সোঽহমস্মি।" অর্থাৎ ঋগ্,
সাম ও অথর্ব্ববেদের মধ্যে সামবেদই উৎকৃষ্ট এবং আমিই
সামবেদ। সামবেদ উৎকৃষ্ট কেন, টীকাকার শ্রীমধুসূদন সর
মহোদয় তাহার কারণ নির্দ্দেশ করিয়া লিখিয়াছেন—

"বেদানাং মধ্যে সামো মাধুর্য্যেণাতিরমণীয়ঃ॥"

অর্থাৎ বেদসমূহের মধ্যে সামবেদ মাধুর্য্যহেতু অতি রম
বাস্তবিক কথা এই যে সামবেদের সংহিতাগ্রন্থসমূহ গীতি
গীতিমাধুর্য্য স্বভাবতঃই রমণীয়। গীতির উদ্দেশ্যেই গেয় ঋক্
সামবেদে সঙ্কলিত হইয়াছে। শবরস্বামী বলেন, আভ
প্রযত্ন জন্য ক্রিয়াবিশেষই গীতি। এই গীতিগুলির আশ্রয়
কতকগুলি অগীত বাক্য দ্বারাও সামবেদসংহিতার কলেবর
করা হইয়াছে। এই অগীতিবাক্য গুলিতে গদ্য ও পদ্য উ
রহিয়াছে। উক্ত পদ্যগুলিকে ঋক্ এবং গদ্য গুলিকে যজুঃ
যায়। এই প্রণালীতে সংগৃহীত ঋক্‌মন্ত্রগুলি "আর্চ্চিক" ও
গুলি স্তোভ নামে অভিহিত হয়। পূর্ব্বমীমাংসার অধিব

সামবেদের স্তোভের স্বতন্ত্র গ্রন্থ আছে। "ন্যায়মালাবিস্তর"গ্রন্থকার বলেন, ঋকের বর্ণ বিকৃত হইয়া রূপান্তরিত না হইয়াও বর্ণগুলি বৃদ্ধিপ্রাপ্ত হইতে পারে, এই বৃদ্ধি প্রাপ্ত বর্ণগুলিকে "স্তোভ" বলা হয়। ইহা বর্ণস্তোভের লক্ষণ। পদস্তোভ দ্বিবিধ অনিরুক্ত ও নিরুক্ত। পদস্তোভ সর্ব্ব সাকল্যে পঞ্চদশ প্রকার। বাক্য-স্তোভ নয় প্রকার যথা—

"আশাস্তিঃ স্তুতিসংখ্যানে প্রণয়ঃ পরিদেবনম্।
প্রৈষমন্বেষণঞ্চৈব সৃষ্টিরাখ্যানমেব চ ॥"

সাম আর্চ্চিক গ্রন্থ প্রধানতঃ দুই ভাগে বিভক্ত। দ্বিতীয় ভাগ "উত্তরা" বা উত্তরার্চ্চিক নামে প্রসিদ্ধ। কেহ কেহ বলেন, ভাগের কোনও নাম নাই। উহা সাধারণতঃ ছন্দঃ আর্চ্চিক ও ছন্দসিকা নামে খ্যাত।

এস্থলে বৈদিক সাহিত্য সম্বন্ধে একটী প্রয়োজনীয় কথা বলা যাইতেছে। প্রত্যেক বেদই বহু শাখায় বিভক্ত। এ সম্বন্ধে আমরা ইতঃপূর্ব্বে আলোচনা করিয়াছি। অধ্যাপক ভেদে ও দেশ ভেদে কালক্রমে গ্রন্থসমূহের ক্রমভেদ, পাঠ ভেদ ও উচ্চারণাদি ভেদই শাখাভেদের কারণ। বস্তুতঃ সকল শাখাতেই এক মন্ত্র। কিন্তু মন্ত্রসংখ্যার ব্যতিক্রম দেখা যায়। প্রত্যেক শাখার শ্রৌত ও গৃহ্যসূত্র এবং প্রাতিশাখ্য বিভিন্ন।

সামবেদের শাখার সংখ্যা এক সহস্র হইলেও অধুনা ত্রয়োদশটী মাত্র শাখা প্রচলিত। কেহ কেহ বলেন, প্রকৃতপক্ষে সামবেদের ত্রয়োদশটী মাত্র শাখা। তাঁহারা তাঁহাদের উক্তির প্রমাণ স্বরূপ বলেন, "সহস্রং গীত্যুপায়াঃ" অর্থাৎ সামবেদের গীত্যুপায় সহস্র প্রকার, এই নিমিত্ত সামবেদ সহস্র শাখায় বিভক্ত বলিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছে। যাহা হউক প্রচরদ্রূপ শাখা-সমূহের মধ্যে অধুনা দুইটী মাত্র শাখার অধ্যয়ন ও অধ্যাপনা দেখিতে পাওয়া যায়। কাশী, কান্যকুব্জ, গুর্জর, নাগর ও বঙ্গে কৌথুমী শাখা এবং দ্রাবিড়ে রাণায়নী শাখাই প্রচলিত।

পূর্ব্বেই বলা হইয়াছে, সামবেদ দুই ভাগে বিভক্ত, পূর্ব্বার্দ্ধ ও প্রপাঠক। প্রত্যেক প্রপাঠকে দশটী করিয়া "দশৎ" আছে। প্রত্যেক দশৎ দশটী করিয়া মন্ত্রের সমষ্টি। শতপথব্রাহ্মণের সময় হইতে সামবেদের ভাষ্যকার সায়ণাচার্য্য কুত্রাপি "প্রপাঠক" পদের ব্যবহার করেন নাই। তিনি "প্রপাঠক" পদের স্থলে "অধ্যায়" পদের ব্যবহার করিয়াছেন। অর্দ্ধপ্রপাঠক নামে যে সামবেদসংহিতা-গ্রন্থের অন্যবিধ ছেদ আছে, তাহাও সায়ণভাষ্য

বিভক্ত এবং আরণ্যক গ্রন্থ খানিও উহা হইতে পৃ
বলিয়াই প্রসিদ্ধ। কিন্তু সায়ণভাষ্যে দেখা যায় যে, ি
ছন্দ আর্চ্চিক খানিকে পাঁচ ভাগে বিভক্ত করিয়াছেন
আরণ্যক খানিকে ঐ আর্চ্চিক গ্রন্থেরই ৬ষ্ঠ অধ্যায়রূপে ধ
লইয়াছেন। সায়ণাচার্য্য কৌথুমী শাখাদি অপর কোন শ
ভাষ্য করেন নাই, তাহা হইলে বহুল পার্থক্য পরিদৃষ্ট হ
সায়ণাচার্য্যের এইরূপ বিভাগ অবলম্বনের হেতু কি, তাহা
যায় না। প্রথম দ্বাদশ দশতে অগ্নির স্তবন এবং
দশতে সোমের ও মধ্যবর্ত্তী ৩৬ দশতের অধিকাংশ
ইন্দ্রের স্তব করা হইয়াছে।

দ্বিতীয় ভাগ নয় প্রপাঠকে সমাপ্ত, ইহার প্র
প্রপাঠক দুই বা তিন অধ্যায়ে বিভক্ত। ইহার প্রত্যেক অ
এক একটী করিয়া সূক্তে বিভক্ত হইয়াছে। প্রত্যেক
তিন বা ততোধিক ঋক্ আছে। সামবেদসংহিতায় যে
ঋক্ আছে, তাহার অধিকাংশই ঋগ্বেদসংহিতায় দে
পাওয়া যায়। কিন্তু সামবেদগৃহীত ঋক্গুলির বর্ণ ও পদ
উচ্চারণের স্বতন্ত্র নিয়ম আছে।

আর্চ্চিক গ্রন্থের সংখ্যা তিন খানি—যথা ছন্দঃ, আরণ্য
উত্তরা। ছন্দ আর্চ্চিকে যতগুলি ঋক্ আছে, তাহাদের

ছন্দঃ বা আর্চ্চিক

প্রত্যেকেরই সমভাবাপন্ন আরও দুইটী
তৎসহ উত্তরার্চ্চিকে শ্রুত হইয়া থ

উত্তরার্চ্চিকে এক ছন্দের, এক স্বরের ও এক তাৎপর্য্যের
তিনটী ঋকে এক একটী সূক্ত গঠিত হইয়াছে। এই
"তৃচ্" নামেও অভিহিত হইয়া থাকে। এইরূপ সমভা
দুই দুইটী ঋকের এক একটী সমষ্টি "প্রগাথ" নামে অভি
কি তৃচ কিংবা প্রগাথ ইহাদের প্রত্যেকেরই প্রথম ঋক্টী
আর্চ্চিক হইতে উদ্ধৃত। ঐ ছন্দ আর্চ্চিকের একটী ঋক্ ও
প্রকার তদনুরূপ আর দুইটী ঋক্ মিলাইয়া একটী "তৃচ্"
দেখা যায়। আবার এইরূপ প্রগাথেরও সৃষ্টি হইয়া থ
এই জন্যই ইহাদের প্রথম ঋক্গুলি যোনিঋক্ নামে অভি
হয়। এই যোনি ঋক্ সমস্তের পেটিকাস্বরূপ। "আর্চ্চি
যোনিগ্রন্থ নামেও প্রসিদ্ধ।

যোনি ঋকের উত্তরেই তৎসমতুল্য দুইটী ঋক্ বা
ঋক্ যে গ্রন্থে দেখা যায়, তাহারই নাম উত্তরা। অরণ্যে অ
একাধ্যায়বিশিষ্ট গ্রন্থ আরণ্যক নামে প্রসিদ্ধ। সকল

সামবেদীয়গণ ছন্দোগ নামে অভিহিত। এই ছন্দোগগণের কর্ম্মকাণ্ডের জন্য ব্যবহৃত আটখানি ব্রাহ্মণ গ্রন্থ ছান্দোগ্য বলিয়া প্রসিদ্ধ। ইহাদের আরণ্যক গ্রন্থও ছান্দোগ্যারণ্যক নামে খ্যাত।

এই ছন্দঃ গ্রন্থত্রয় অবলম্বনে যে সকল সাম গীত হয়, সেই সকল সামগান নামে খ্যাত। সামবেদীয় গীতিগ্রন্থ চারিভাগে বিভক্ত যথা—গেয়, আরণ্য, ঊহ, ও ঊহ্য।

গানগ্রন্থ

গেয় গীতিকার অপর নাম "গ্রাম্যগেয় গান।" গেয় শব্দ অপভ্রষ্ট হইয়া "গে গান" নামও চলিত আছে। গেয় গানকে গুজ্জরবাসীরা "বেয়গান" নামেও অভিহিত করিয়া থাকেন। গুজ্জরবাসীদের এরূপ বলিবার একটী কারণও আছে। উহারা সমস্ত বেদ অধ্যয়ন করিতে সমর্থ না হইলেও ব্রহ্মযজ্ঞ অধ্যয়নে একান্ত যত্নবান্। ব্রহ্মযজ্ঞের মন্ত্র আরণ্যগানে আছে। সুতরাং উহারা প্রথমে আরণ্য-গান অধ্যয়ন করেন। পরে সমর্থ হইলে গেয় গান অধ্যয়নে প্রবৃত্ত হন। গুজ্জরবাসীদের পক্ষে এই হেতু গেয়গান দ্বিতীয়। এই নিমিত্ত তাঁহারা উহাকে "বেয়-গান" বলেন। 'বেয়' শব্দটী গুর্জ্জর ভাষায় দ্বিবাচক। বেয়গান শব্দের অর্থ দ্বিতীয় গান। আবার গেয়গানের অপভ্রংশ "গে-গান" পদের প্রয়োগও দেখিতে পাওয়া যায়। ইহা প্রকৃতিগান নামেও আখ্যাত। আরণ্যগানের বিপরীত বলিয়া ইহার অপর নাম "গ্রাম্যগেয় গান"। গেয় গান গ্রন্থে যোনি ঋক্‌গুলি ব্যবহৃত হইয়াছে। সুতরাং ব্রাহ্মণগ্রন্থে এই গ্রাম্যগেয়গান "গেনিগান" নামেও অভিহিত হইয়াছে। সায়ণ কিন্তু ইহাকে 'বেদসাম" আখ্যা প্রদান করিয়াছেন। ছন্দ আর্চ্চিকে যে ঋক্‌টীর পরে যে ঋক্‌টী আছে, গেয়গানেও সেই সেই ঋঙ্‌মূল গানের পরেই সেই ঋঙ্‌মূল গান আছে।

গ্রাম্যগেয় গান

সামবেদের আরণ্যক সামসংহিতার অন্তর্ভুক্ত। আরণ্যক আর্চ্চিক এবং আনুষঙ্গিক অন্যান্য ঋক্ অবলম্বনে যে সমস্ত সাম গীত হইয়াছে, তৎসমস্তে প্রপাঠকষট্‌কে ও দ্বাদশ প্রপাঠকার্দ্ধে বিভক্ত। আরণ্যক অরণ্যগাননামে অভিহিত হইয়াছে। আরণ্যক আর্চ্চিক ও তদবলম্বনে গীত অরণ্যগানই সামবেদের আরণ্যক। সামবেদী ব্রাহ্মণগণ ছন্দোময় মন্ত্রগুলি গান করেন, এই নিমিত্ত তাঁহারা "ছন্দোগ" নামে অভিহিত হইয়া থাকেন এবং তদনুসারে তাঁহাদের ব্যবহার্য্য এই আরণ্যক গ্রন্থখানি "ছান্দোগারণ্যক" নামে অভিহিত হয়। ব্রহ্মচর্য্যাবস্থায় অরণ্যে বাস পূর্ব্বক ইহা সাধিত হয় বলিয়াই আরণ্যক নামের উৎপত্তি হইয়াছে। তৈত্তিরীয় আরণ্যক ভাষ্যে লিখিত হইয়াছে—

"অরণ্যাধ্যয়নাদেতদারণ্যকমিতীর্য্যতে।
অরণ্যে তদধীয়েতেত্যেবং বাক্যং প্রচক্ষতে॥"

এই গ্রন্থখানি ছন্দ আর্চ্চিকে গীত, গেয়গান হইতে সম্পূর্ণ বিভিন্ন। এই নিমিত্ত ইহাকে দ্বিতীয় গানগ্রন্থ বলা যাইতে পারে। প্রথম গানগ্রন্থখানি যেরূপ প্রথম আর্চ্চিক গ্রন্থের ঋগনুসারী, ইহা সেরূপ নহে। এই আরণ্যক গ্রন্থের ঋক্‌সন্নিবেশ ক্রমের সহিত সামসন্নিবেশক্রমের অধিকাংশ স্থলেই অনৈক্য দেখা যায়। অধিকন্তু এই আরণ্যক গানে এরূপ সাম অনেক আছে, যাহা সমস্তের মূল স্বরূপ ঋক্ আরণ্যক নামক দ্বিতীয় আর্চ্চিক গ্রন্থে আদৌ দেখিতে পাওয়া যায় না। ছন্দো নামক একখানি প্রথম আর্চ্চিক গ্রন্থ আছে। সামবেদের আরণ্যক এবং আরণ্যক গান বস্তুতঃ পৃথক্ হইলেও এই উভয় গ্রন্থই মিলিত ভাবে সামবেদের আরণ্যক নামে অভিহিত হয়। এই আরণ্যক গান গ্রন্থখানি ছয় প্রপাঠকে বিভক্ত।

ছন্দ আর্চ্চিকের সহিত গেয়গানের সম্বন্ধ যেরূপ যথাক্রমে বিদ্যমান, আরণ্যকের সহিত অরণ্যগানের বা উত্তরার্চ্চিকের সহিত ঊহ ও ঊহ্যগানের তাদৃশ ক্রমানুসারে সম্বন্ধ পরিলক্ষিত হয়। অধিকন্তু অরণ্য-গানে এরূপ অনেক গান দেখা যায়, যাহার মূল ঋক্ আরণ্যকে দেখিতে পাওয়া যায় না, কিন্তু ছন্দ আর্চ্চিকে দেখিতে পাওয়া যায়। আবার এমন অনেক গান আছে, যাহা আদৌ ঋক্ হইতে উৎপন্ন নহে, কিন্তু স্তোভগ্রন্থে উহার উৎপত্তির বীজ দেখিতে পাওয়া যায়। ঊহ গানে ও ঊহ্য গানে যে সমস্ত গীতি আছে, তৎসমস্তের মূলস্থিতি যদিও আরণ্যগানের ন্যায় বিকীর্ণ নহে, অপর পক্ষে যদিও উহা এক উত্তরার্চ্চিকেই সীমাবদ্ধ, তথাপি উত্তরার্চ্চিকের ঋক্‌সন্নিবেশক্রমানুসারে এ সকল গানের সামসন্নিবেশক্রম নহে, অপর পক্ষে উহার সম্পূর্ণ বিপরীত। গেয় গানের ন্যায় তিন তিনটী সাম একত্র করিয়া সর্ব্বশেষে একমাত্র নিধনের যোগে একএকটি স্তোত্র সম্পন্ন হইয়া থাকে। ঊহ গানে প্রায় সমস্তই এইরূপ স্তোত্র। উত্তরার্চ্চিকের প্রত্যেক ঊহের প্রথম ঋক্‌টি ছন্দ আর্চ্চিক হইতে উদ্ধৃত। সেইরূপ ঊহ এবং ঊহ্য গানেরও প্রত্যেক স্তোত্রের প্রথম সামটী গেয় গান হইতে উদ্ধৃত বলা যায়। এই জন্যই তাণ্ড্য ব্রাহ্মণে বিহিত হইয়াছে—

ঊহ্য ও ঊহগান

"যদ্‌যোন্যাং তদুত্তরয়োর্গায়তি"

অর্থাৎ উত্তরার্চ্চিকের তৃচ্ সূত্রের প্রথম ঋক্ পূর্ব্বপরিচিত সুতরাং ইহা যোনি নামে অভিহিত। পরবর্ত্তী অপর দুইটী ঋক্ উত্তরা বলিয়া প্রসিদ্ধ। এই যোনিঋক্ অবলম্বনে গেয় গানে যে স্বরটী অভিব্যক্ত হয়, ঊহ ও ঊহ্য গানে ঋক্ দ্বয়েও সেই স্বরটিতেই গান করিতে হইবে, সুতরাং এই ঊহ ও ঊহ্য গান দ্বয়ের প্রায় প্রত্যেক স্তোত্রেরই প্রথম সাম পূর্ব্বপরিচিত বলিয়া

ছন্দোগদিগের অভিপ্রায়। উহগান ২৩ প্রপাঠকে এবং উহ্য-গান ৬ প্রপাঠকে বিভক্ত। উহ্যের অপর নাম রহস্যগান। উহ ও উহ্য গান গেয় গানের ন্যায় আর্চ্চিক ক্রমানুসারে প্রকাশ-যোগ্য নহে। এই গানদ্বয় মিলিত ভাবে গেয় ও আরণ্যগান গ্রন্থ হইতে পরিমাণে প্রায় দ্বিগুণ। এস্থলে ইহাও বলা আবশ্যক যে, যদিও সমস্ত গান শীঘ্রই গেয়, তথাপি প্রথম গান গ্রন্থখানির বিশেষ নাম না থাকায় উহা সাধারণতঃ "গেয়" গান নামে অভিহিত হইয়া থাকে। আমরা ইতঃপূর্ব্বে উহার অপর একটী নামও নির্দ্দেশ করিয়াছি, যথা "গ্রাম্যগেয়" গান। আরণ্যক গানের সহিত পার্থক্য প্রদর্শনের নিমিত্ত এই শ্রেণীর গান "গ্রাম্য-গায়" নামে অভিহিত হইয়াছে। সুপ্রসিদ্ধ সায়ণাচার্য্য ব্যতীত ভরতস্বামী, মহাস্বামী ও নারায়ণপুত্র মাধবও এক এক খানি সামসংহিতাভাষ্য রচনা করেন।

সামবেদীয় ব্রাহ্মণ

সামবেদীয় ব্রাহ্মণ গ্রন্থসমূহের মধ্যে সর্ব্ব প্রথমে তাণ্ড্য মহাব্রাহ্মণের নাম উল্লেখযোগ্য। নিরুক্তি পঞ্চবিংশতি অধ্যায় আছে বলিয়া ইহার অপর নাম পঞ্চবিংশ ব্রাহ্মণ। ইহার প্রথমাধ্যায়ে যজুরাত্মক শ্রুতিমন্ত্রসমূহ সন্নিবিষ্ট আছে। দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ে বহু স্তোমবিষয়, চতুর্থ ও পঞ্চমে গবাময়ন নামক সংবৎসর সত্রপ্রকরণ ও ষষ্ঠাধ্যায়ে অগ্নিষ্টোমের প্রশংসা লিখিত হইয়াছে। এইরূপ নানাবিধ যাগ যজ্ঞের বিবরণ এই তাণ্ড্যমহাব্রাহ্মণে বর্ণিত হইয়াছে। পর্ণঘ্যায়, প্রকৃতিবিকৃতলক্ষণ, মূলপ্রকৃতিবিচার, ভাব-নার কারণাদিজ্ঞান, ষোড়শর্ত্বিক্‌পরিচয়, সোমপ্রকাশপরিচয়, সহস্র সংবৎসরসাধ্য বিশ্বসৃষ্ট সাধ্য সত্র কি প্রকারে মানুষের সম্পাদ্য, এই বিষয়ে বিচার প্রভৃতি তাণ্ড্যমহাব্রাহ্মণে দেখিতে পাওয়া যায়। এতদ্ব্যতীত ইহাতে নানা প্রকার উপাখ্যান এবং ঐতিহাসিক-গণের জ্ঞাতব্য বহু বিষয়ের উল্লেখ আছে। এই গ্রন্থে সোম-যাগের কথা এবং তৎসম্বন্ধীয় সামগানের উল্লেখ বিশেষরূপে বিবৃত হইয়াছে। বিবিধ সময়ব্যাপী সত্রসমূহের ব্যবস্থা তাণ্ড্য ব্রাহ্মণে দৃষ্ট হয়। কোন সত্র একদিন স্থায়ী, আবার কোন সত্র বা শতদিন স্থায়ী, কোন সত্র বা সংবৎসর স্থায়ী আবার কোন সত্র বা শত বৎসর এমন কি সহস্র বৎসর স্থায়ী ইত্যাদি বিবিধ প্রকার সত্রের প্রণালী ও ব্যবস্থা। এইরূপ সকল সত্রে সামগানের পবিত্র ঝঙ্কারের উৎসবপূর্ণ বিবরণ তাণ্ড্যব্রাহ্মণে আলোচিত হইয়াছে। সায়ণাচার্য্য তাণ্ড্যব্রাহ্মণের ভাষ্য এবং হরিস্বামী বৃত্তি রচনা করিয়াছেন।

সামবেদীয় দ্বিতীয় ব্রাহ্মণগ্রন্থের নাম ষড়্‌বিংশ ব্রাহ্মণ। সায়ণ এই ব্রাহ্মণ গ্রন্থের ভাষ্যপ্রারম্ভে লিখিয়াছেন, পঞ্চবিংশ ব্রাহ্মণে যে সকল ক্রিয়ার উল্লেখ নাই, ইহাতে সেই সকল কর্ম্মেরও উল্লেখ আছে এবং তাহাতে যে সকল কর্ম্মের উল্লেখ আছে, তাহাতে কি কি পার্থক্য, তাহাও এই গ্রন্থে প্রদর্শিত হই-য়াছে। সুব্রহ্মণ্য, সবনত্রয়, ব্রহ্মকর্ত্তব্য, ব্যাহৃতি হোমাদি, নৈমিত্তিক প্রায়শ্চিত্ত, সৌম্য চরুবিধি, বহিষ্পবমান কর্ম্ম, হোত্রাদি উপহব, ঋত্বিগাদি বিধান, নৈমিত্তিক হোম, অধ্বর্য্যু প্রশংসা, দেবযজনে বিজ্ঞেয় কর্ম্ম, অবভৃত, অভিচার সম্বন্ধীয় বিবৃতি, দ্বাদশাহস্তুতি, স্তোমাদি বিধি, বৈশ্বদেবসত্র, অদ্ভুত সমূহের শান্তি।

তৃতীয় ব্রাহ্মণের নাম সামবিধান। সামবিধানব্রাহ্মণ-ভাষ্যের ভূমিকায় লিখিত আছে—

"অষ্টৌহি ব্রাহ্মণগ্রন্থাং প্রৌঢ়ং ব্রাহ্মণমাদিকম্।
ষড়্‌বিংশাখ্যং দ্বিতীয়ং স্যাৎ ততঃ সামবিধি র্ভবেৎ॥
আর্ষেয়ং দেবতাধ্যায়ং মন্ত্রং বোপনিষংততঃ।
সংহিতোপনিষদ্বংশো গ্রন্থ অষ্টাবিতীরিতাঃ॥

এই প্রমাণানুসারে সামবিধানব্রাহ্মণ সামবেদীয় তৃতীয় ব্রাহ্মণ বলিয়া প্রসিদ্ধ। এই ব্রাহ্মণে অধিকারভুক্ত ও অশক্ত লোকদের শুদ্ধ্যর্থ কৃচ্ছ্রাদি প্রায়শ্চিত্ত ও অগ্ন্যাধান অগ্নিহোত্রাদির সামবিধান সংগৃহীত হইয়াছে।

আর্ষেয় ব্রাহ্মণ, সামবেদের চতুর্থ ব্রাহ্মণ। সায়ণাচার্য্য ইহারও ভাষ্য করিয়াছেন। এই গ্রন্থে ঋষিসম্বন্ধীয় উপদেশ বিবৃত হইয়াছে। ঋষি নামধেয় গোত্র ছন্দো দেবতাদি বাচক শব্দ দ্বারা সামসমূহের বাচ্যত্ব জ্ঞান অবধারণই এই ব্রাহ্মণের আলোচিত বিষয়।

পঞ্চম—দেবতাধ্যায় ব্রাহ্মণ। সায়ণ ইহার ভাষ্যভূমিকায় লিখিয়াছেন—

"তত্রাদ্যা ব্রাহ্মণগ্রন্থাশ্চত্বারো ব্যাকৃতঃ পুরা।
দেবতাধ্যায়সংজ্ঞস্তু গ্রন্থো ব্যাক্রিয়তেঽধুনা॥
সাম্নান্নিধনভেদেন দেবতাধ্যয়নাদয়ম্।
গ্রন্থোঽপি নামতোঽন্বর্থা দেবতাধ্যায় উচ্যতে॥
তত্রাদ্যে বহুধা সাম্নাং দেবতাপ্রীতিকীর্ত্তনম্।
দ্বিতীয়ে ছন্দসং বর্ণাস্তেষামেব চ দেবতা॥
তৃতীয়ে তন্নিরুক্তিশ্চেত্যেবং খণ্ডার্থসংগ্রহঃ।"

এই গ্রন্থে দেবতা সম্বন্ধীয় অধ্যয়নাদি আছে বলিয়া ইহার নাম দেবতাধ্যায়। ইহার আদ্য অধ্যায়ে সামবেদীয় দেবতা-গণের বহু প্রকার দেবতাপ্রীতিকীর্ত্তন আছে। দ্বিতীয় অধ্যায়ে বর্ণ ও বর্ণদেবতার এবং তৃতীয় অধ্যায় ইহাদের নিরুক্তির আলোচনা করা হইয়াছে।

সামবেদীয় ষষ্ঠ ব্রাহ্মণের নাম মন্ত্রব্রাহ্মণ। এই ব্রাহ্মণ খানিতে ১০টী মাত্র প্রপাঠক আছে। গৃহ্যযজ্ঞকর্ম্মবিহিত প্রায় সকল গুলি মন্ত্র এই গ্রন্থে সংগৃহীত হইয়াছে। ইহা উপনিষৎ ও

সংহিতোপনিষৎ ব্রাহ্মণ বা ছান্দোগ্য ব্রাহ্মণ নামেও পরিচিত। ইহাতে সামবেদাধ্যেতৃগণের প্রকৃতি উৎপাদনের নিমিত্ত সম্প্রদায়-প্রবর্ত্তক ঋষিগণের কথা উল্লিখিত হইয়াছে। এই ব্রাহ্মণের ৮ম হইতে ১০ম প্রপাঠকই ছান্দোগ্যোপনিষদ্ নামে প্রসিদ্ধ।

সামবেদের ব্রাহ্মণ গ্রন্থ আট ভাগে প্রকাশিত হইয়াছে, কিন্তু প্রত্যেক শাখার এক এক খানি ব্রাহ্মণ গ্রন্থই পরিদৃষ্ট হয়, যথা—শাকলগণের ঐতরেয় ব্রাহ্মণ, বাজসনেয়দিগের শতপথব্রাহ্মণ, তৈত্তিরীয়দিগের তৈত্তিরীয় ব্রাহ্মণ, এইরূপ কৌথুমগণের তাণ্ড্য ব্রাহ্মণ। মহর্ষি তণ্ডি সঙ্কলিত বলিয়া ইহা তাণ্ড্যব্রাহ্মণ নামে খ্যাত। ছন্দোগগণের ব্রাহ্মণ বলিয়া ইহার অপর নাম ছান্দোগ্য ব্রাহ্মণ। তাণ্ড্য ব্রাহ্মণ খানি পঞ্চবিংশ অধ্যায় বিভক্ত বলিয়া বলা হইয়াছে, কিন্তু প্রকৃত প্রস্তাবে ইহা চল্লিশ অধ্যায়যুক্ত। ষড়্‌বিংশ ব্রাহ্মণের পঞ্চাধ্যায় এবং পঞ্চবিংশ ব্রাহ্মণের পঞ্চবিংশাধ্যায়ের একত্র মিলনে কৌথুমশাখীয় ব্রাহ্মণের শ্রৌতকর্ম্মবিষয়ক একবিংশাধ্যায়াত্মক যে ভাগ প্রকল্পিত হইয়াছে, ইহাই তাণ্ড্য ব্রাহ্মণের প্রথম ভাগ বা শ্রৌত ভাগ। যদিও ষড়্‌বিংশ ব্রাহ্মণে ষষ্ঠ অধ্যায় বলিয়া আর একটী অধ্যায় আছে, কিন্তু অন্যত্র এই অধ্যায়ের উল্লেখ দেখিতে পাওয়া যায় না। এই অধ্যায়টী অদ্ভুতব্রাহ্মণ বলিয়া খ্যাত। সায়ণ সামবেদীয় সকল ব্রাহ্মণের ভাষ্য করিয়াছেন। তিনি ব্রাহ্মণভাষ্যভূমিকায় অন্যান্য যে সকল ব্রাহ্মণের নামোল্লেখ করিয়াছেন, সেই সকল মন্ত্র ও উপনিষদ্ মিশ্রিত গ্রন্থ সমষ্টিভাবে তাণ্ড্যব্রাহ্মণের দ্বিতীয় ভাগ বলিয়া গৃহীত হইতে পারে। শ্রৌত ও গৃহ্য উভয় প্রকার বিষয় সকল দ্বারা যে ব্রাহ্মণগ্রন্থের পূর্ণতা সিদ্ধ হয়, তাহার প্রমাণেরও অভাব নাই। যথা ঐতরেয় ব্রাহ্মণের পূর্ব্ব ভাগ শ্রৌতবিধিপূর্ণ, দ্বিতীয় ভাগে অন্যান্য বিধি আছে। তৈত্তিরীয় ব্রাহ্মণেও এইরূপ ব্যবস্থা দৃষ্ট হয়। উহার প্রথম ভাগে শ্রৌতাবধির অবতারণা করা হইয়াছে, দ্বিতীয়ে গৃহ্য,মন্ত্র ও উপনিষদ্ ভাগ রহিয়াছে। এই শ্রেণীর বিভাগ কল্পনাকারীরা সামবিধিকে অনুব্রাহ্মণসংজ্ঞার অন্তর্নিবিষ্ট করেন। তাঁহারা বলেন, পাণিনিসূত্রে (অনুব্রাহ্মণাদিভ্যো ৪:২।৬২) অনুব্রাহ্মণের উল্লেখ আছে। কিন্তু সায়ণীয় বিভাগকল্পনায় অনুব্রাহ্মণের উল্লেখ নাই। কিন্তু "অনুব্রাহ্মণ" নামে আর কোনও গ্রন্থের উল্লেখ দেখিতে পাওয়া যায় না। সুতরাং "বিধান" গ্রন্থগুলি অনুব্রাহ্মণ গ্রন্থের অন্তর্ভুক্ত হওয়া সুসঙ্গত।

সামবেদীয় উপনিষদ্ গ্রন্থের মধ্যে ছান্দোগ্য উপনিষদ্ ও কেনোপনিষদের নাম দেখিতে পাওয়া যায়। ছান্দোগ্য উপনিষদ্ উপনিষদ্। এক খানি প্রধান উপনিষদ্। এই উপনিষদ্ আট অধ্যায়ে বিভক্ত। এখানি ছান্দোগ্য ব্রাহ্মণের অংশ বিশেষ। ছান্দোগ্য ব্রাহ্মণ দশ অধ্যায়ে বিভক্ত। ইহার আদ্য দুই অধ্যায়েই ব্রাহ্মণের বিষয় আলোচিত হইয়াছে। অবশিষ্ট আট অধ্যায়ই ছান্দোগ্য উপনিষদ্ নামে অভিহিত। ছান্দোগ্য ব্রাহ্মণের প্রথম অধ্যায়ে আটটী সূক্ত উদ্ধৃত হইয়াছে। এই সকল সূক্ত জন্ম ও বিবাহের মঙ্গল প্রার্থনার নিমিত্ত ছান্দোগ্য প্রমাণে ব্যবহৃত হইয়াছে। এই উপনিষদ্ খানি পারসী, ফরাসী, জর্ম্মন ও ইংরাজী প্রভৃতি বহু বিদেশীয় ভাষায় অনূদিত হইয়াছে। ব্রহ্মতত্ত্ব সম্বন্ধে একখানি সর্ব্বপ্রধান বলিয়া পরিগণিত।

সামবেদের অপর উপনিষদ্ কেনোপনিষদ্। "কেন" পদটীতে এই উপনিষদের প্রারম্ভ এই জন্য ইহাকে কেনোপনিষদ্ বলা হয়। ইহার অপর নাম তলবকারোপনিষদ্। সামবেদের তলবকার শাখাসম্মত বলিয়াই এই উপনিষদ্ খানি তলবকারোপনিষদ্ নামেও খ্যাত। এই উপনিষদ্ খানি তলবকারব্রাহ্মণ গ্রন্থের অন্তর্ভুক্ত। ডাক্তার বার্ণেল তাঞ্জোরে যে তলবকার ব্রাহ্মণ গ্রন্থ পাইয়াছেন,তলবকার ব্রাহ্মণের ১৩৫ হইতে ১৪৫ খণ্ড পর্য্যন্ত দশ খণ্ড তলবকার উপনিষদ্ বা কেনোপনিষদ্ নামে পরিচিত বলিয়া তিনি অভিমত প্রকাশ করিয়াছেন। অন্যান্য পাণ্ডুলিপিতে পরিচ্ছেদ ও অধ্যায় নির্ব্বাচন সম্বন্ধে মতভেদ আছে। এই গ্রন্থ খানিও পারস্য, ফরাসী, জর্ম্মন ও ইংরাজী প্রভৃতি বহু ভাষায় অনূদিত হইয়াছে।

ছান্দোগোপনিষদের বহু ভাষ্য ও ভাষ্যটীকা দৃষ্ট হয়। তন্মধ্যে শঙ্করাচার্য্যের ভাষ্যই প্রধান। আনন্দতীর্থ, জ্ঞানানন্দ, নিত্যানন্দাশ্রম, বালকৃষ্ণানন্দ, ভগবদ্ভাবক, শঙ্করানন্দ, সায়ণ, সুদর্শনাচার্য্য এবং হরিভানুশুক্লের বৃত্তি ও সংক্ষিপ্ত ভাষ্য পাওয়া যায়। আনন্দতীর্থের সংক্ষিপ্ত ভাষ্যের উপর বেদেশ ভিক্ষু ও ব্যাসতীর্থ ভিক্ষু বিস্তৃত টীকা করিয়াছেন।

সামবেদীয় কেনোপনিষৎ বা তলবকার উপনিষদের উপর শঙ্করাচার্য্যকৃত ভাষ্য, আনন্দতীর্থকৃত ভাষ্যটীকা ও একখানি স্বতন্ত্র বৃত্তি বেদেশ ও ব্যাসতীর্থ উক্ত বৃত্তির টীকা, এ ছাড়া দামোদরাচার্য্য, বালবৃষ্ণানন্দ, ভূসুরানন্দ, মুকুন্দ, নারায়ণ ও শঙ্করানন্দ রচিত বৃত্তি বা দীপিকা পাওয়া যায়।

সামবেদের যত সূত্রগ্রন্থ আছে,তত সূত্রগ্রন্থ আর কোন বেদের দেখিতে পাওয়া যায় না। পঞ্চবিংশব্রাহ্মণের এক খানি শ্রৌতসূত্র এবং এক খানি গৃহ্যসূত্র আছে। সামবেদীয় প্রথম শ্রৌতসূত্রের নাম "মাশক"। লাট্যায়ন ইহাকে মশকসূত্র নামেই অভিহিত করিয়াছেন। কেহ কেহ এই গ্রন্থ খানিকে কল্পসূত্র নামে অভিহিত করেন। সোম যাগের স্তোত্রমন্ত্রগুলি ধারাবাহিকরূপে সূত্রে সংগৃহীত হইয়াছে। পঞ্চবিংশব্রাহ্মণের প্রণালী অনুসারে প্রার্থনাস্তোত্রগুলিকে শ্রেণীবদ্ধ করা হইয়াছে। অন্যান্য ব্রাহ্মণের ও ক্রিয়াকাণ্ডের

সাম শ্রৌতসূত্র।

কথা কিয়ৎ পরিমাণে এই সূত্র গ্রন্থে দৃষ্ট হয়। এই গ্রন্থে "জনক-সপ্তরাত্র" যজ্ঞেরও উল্লেখ আছে। একাদশ প্রপাঠকে একাহ-যাগবিবরণ প্রথম পাঁচ অধ্যায়ে এবং কতিপয় দিবসব্যাপী যাগের বিবরণ ৬ষ্ঠ হইতে ৯ম অধ্যায় পর্য্যন্ত চতুরধ্যায়ে বিবৃত হইয়াছে। দ্বাদশাহের অধিক কালস্থায়ী যাগগুলি সত্র নামে অভিহিত। শেষ দুই অধ্যায়ে সত্রসমূহের বিবরণ দেখিতে পাওয়া যায়। বরদরাজ এই গ্রন্থের ভাষ্য করিয়াছেন।

লাট্যায়নসূত্রই দ্বিতীয় সাম শ্রৌতসূত্র। এই শ্রৌত সূত্র কৌথুম শাখার অন্তর্গত। এই গ্রন্থ খানিও পঞ্চবিংশ ব্রাহ্মণের অনুগত। উক্ত ব্রাহ্মণ হইতে বহু বাক্য এই গ্রন্থে উদ্ধৃত করা হইয়াছে। এই গ্রন্থের প্রথম প্রপাঠকে সোমযাগের সাধারণ নিয়ম সন্নিবিষ্ট করা হইয়াছে। অষ্টম ও নবম অধ্যায়ের কিয়দংশে একাহযাগের প্রণালী দেখিতে পাওয়া যায়। নবম অধ্যায়ের শেষাংশে কতিপয় দিবসস্থায়ী (অর্থাৎ অহিন) শ্রেণীর যজ্ঞবিবরণ লিপিবদ্ধ করা হইয়াছে। দশম অধ্যায়ে সত্রের বিবরণ দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থের রামকৃষ্ণ দীক্ষিত, সায়ণ এবং অগ্নি-স্বামিকৃত একখানি উৎকৃষ্ট ভাষ্য আছে।

তৃতীয় শ্রৌতসূত্রের নাম—দ্রাহ্যায়ণ, লাট্যায়নশ্রৌতসূত্র হইতে ইহার প্রভেদ অতি অল্প। এই সূত্রগ্রন্থ খানি সামবেদের রাণায়ণী শাখার অন্তর্ভুক্ত। ইহার অপর নাম বসিষ্ঠসূত্র। মাধস্বামী ইহার ভাষ্য করেন। রুদ্রস্কন্দস্বামী 'ঔদ্গাত্রসারসংগ্রহ' নামক নিবন্ধে উক্ত ভাষ্যের আবার সংস্কার করিয়াছেন। ধন্বিন্ আবার দ্রাহ্যায়নশ্রৌতসূত্রের "ছান্দোগ্যসূত্রদীপ" নামে একখানি বৃত্তি রচনা করেন।

চতুর্থ সাম সূত্রের নাম—অনুপদসূত্র। এই গ্রন্থখানি ১০ প্রপাঠকে বিভক্ত। অনুপদসূত্র কাহার দ্বারা সঙ্কলিত হইয়াছে, তাহা জানা যায় না। পঞ্চবিংশব্রাহ্মণের দুর্ব্বোধ্য বাক্য-গুলির ব্যাখ্যা এই গ্রন্থে দেখিতে পাওয়া যায়। ইহাতে ষড়্বিংশব্রাহ্মণেরও উল্লেখ আছে। এই গ্রন্থ হইতে বহু ঐতিহাসিক উপকরণ ও অন্যান্য বহু প্রাচীন গ্রন্থের নাম সংগৃহীত হইতে পারে।

এতদ্ব্যতীত স্বতন্ত্র ভাবে আরও কতিপয় সামবেদীয় শ্রৌত-সূত্র সঙ্কলিত হইয়াছিল। তন্মধ্যে নিদানসূত্র এক খানি। এই গ্রন্থ ১০ প্রপাঠকে বিভক্ত। ইহাতে ভিন্ন ভিন্ন সামবেদীয় উক্থ, স্তোম ও গান সম্বন্ধে পর্য্যালোচনা পরিলক্ষিত হয়। ছন্দঃ ও শব্দব্যুৎপত্তি—এই উভয়ই নিদান শব্দের বৈদিক পর্য্যায়। এই গ্রন্থে নানা বেদশাখার ও বেদোপদেষ্টার বহু প্রকার সিদ্ধান্ত সংগৃহীত হইয়াছে। এই সম্বন্ধে অনুপদ সূত্রের সহিত ইহার যথেষ্ট সাদৃশ্য আছে। এই গ্রন্থে যেমন পুনঃ পুনঃ লাট্যায়ন ও দ্রাহ্যায়ণোক্ত ধনঞ্জয়, শাণ্ডিল্য ও শৌচিবৃক্ষী প্রভৃতি ধর্ম্মশাস্ত্র-প্রবক্তাদের নাম দেখিতে পাওয়া যায়। কিন্তু অনুপদসূত্রে ঐ সকল নামের আদৌ উল্লেখ দৃষ্ট হয় না।

এইরূপ এক খানি শ্রৌতসূত্রের নাম—পুষ্পসূত্র। এই পুষ্পসূত্র খানি গোভিলকৃত বলিয়া প্রসিদ্ধ। এই গ্রন্থ খানির প্রথম চারিটী প্রপাঠক নানা প্রকার পারিভাষিক ও ব্যাকরণ-ঘটিত শব্দ বাহুল্যহেতু সহসা ইহার মর্ম্ম হৃদয়ঙ্গম করা কঠিন ব্যাপার। এই প্রথম চারি প্রপাঠকের তেমন টীকা দেখিতে পাওয়া যায় না। কিন্তু অবশিষ্টাংশের একখানি বিশদ ভাষ্য আছে। ভাষ্যকারের নাম অজাতশত্রু। ঋক্‌মন্ত্র-কলিকা কি প্রকারে সামরূপ পুষ্পে পরিণত হয়, এই গ্রন্থে সে সঙ্কেত প্রদর্শিত হইয়াছে; তাই ইহার নাম "পুষ্প-সূত্র"। দাক্ষিণাত্যে ইহা ক্ষুল্লসূত্র নামেও অভিহিত। তথায় এই গ্রন্থ বররুচিপ্রণীত বলিয়া প্রসিদ্ধ। কিন্তু এই উক্তি অপ্রামাণিক। ইহার শেষ অংশ শ্লোকমালায় গ্রথিত। দামোদর-পুত্র রামকৃষ্ণরচিত পুষ্পসূত্রের একখানি বৃত্তি পাওয়া গিয়াছে।

এইরূপ আর এক খানি গ্রন্থ দেখা যায়, উহার নাম—সাম তন্ত্র। এই গ্রন্থ খানি ত্রয়োদশ প্রপাঠকে বিভক্ত। কি প্রকারে সামগান করিতে হয়, ইহাতে তাহার সঙ্কেত ও প্রণালী বিবৃত হইয়াছে। গ্রন্থ শেষে যে পরিচয় দেওয়া হইয়াছে, তাহাতে বুঝা যায় ইহা সামবেদের ব্যাকরণবিশেষ। কৈয়ট বলিয়াছেন, এই গ্রন্থ খানি "সামলক্ষণং প্রাতিশাখ্যশাস্ত্রম্"। ঋক্‌মন্ত্র সামে পরিণত করার প্রণালী সম্বন্ধে সামবেদীয় বহুল সূত্রগ্রন্থ আছে। ইহাদের মধ্যে এক খানির নাম—"পঞ্চবিধিসূত্র" অপর একখানির নাম—"প্রতিহারসূত্র"। এই গ্রন্থ খানি কাত্যায়ন-কৃত বলিয়া জানা যায়। মশক সূত্রের বৃত্তিকার বরদরাজ ইহার এক খানা বৃত্তি করেন, উহার নাম "দশতয়ী"। এতদ্ব্য-তীত "তাণ্ডলক্ষণসূত্র", "উপগ্রন্থসূত্র" "কল্পানুপদসূত্র," "অনু-স্তোত্রসূত্র" ও "ক্ষুদ্রসূত্র" প্রভৃতি সামবেদীয় সূত্র গ্রন্থ আছে। ঋগ্‌বেদের অনুক্রমণিকার ষড়্গুরুশিষ্য কাত্যায়নকে উপগ্রন্থ সূত্রের প্রণেতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। পঞ্চবিধ সূত্র দুই প্রপাঠকে বিভক্ত, কল্পনানুপদ সূত্রেরও দুইটী মাত্র প্রপাঠক আছে। ক্ষুদ্র সূত্র তিন প্রপাঠকে বিভক্ত। উপগ্রন্থ সূত্রে প্রায়-শ্চিত্তের ব্যবস্থা দৃষ্ট হয়। দয়াশঙ্কর ও পূর্ব্বোক্ত রামকৃষ্ণ দীক্ষিত ও এই সামতন্ত্রে বৃত্তি করিয়াছেন।

এখন সামবেদীয় "গৃহ্যসূত্রের" কথা বলা যাইতেছে। গোভিলকৃত গৃহ্যসূত্রই সবিশেষ উল্লেখযোগ্য। এই গ্রন্থ খানি চারি প্রপাঠকে বিভক্ত। কাত্যায়ন এই গ্রন্থের এক পরিশিষ্ট

লিখিয়াছেন। উহার নাম—"কর্ম্মপ্রদীপ"। যদিও এই গ্রন্থকার ইহাকে গোভিল গৃহ্যসূত্রের পরিশিষ্ট বলিয়া লিখিয়াছেন, কিন্তু এই গ্রন্থ খানি দ্বিতীয় গৃহ্যসূত্র ও স্মৃতিশাস্ত্ররূপে সমাদৃত হইয়া আসিতেছে। আশাদিত্য শিব-রাম এই কর্ম্মপ্রদীপ গ্রন্থের টীকা করিয়াছেন। তিনি বলেন, গোভিলগৃহ্যসূত্র সামবেদের কৌথুম শাখীয় ও রাণায়ণী শাখীয় এ উভয় ব্রাহ্মণদেরই অনুমোদিত। ভট্টনারায়ণ, সায়ণ ও বিশ্রাম-সুত শিব "সুবোধিনীপদ্ধতি" নামে গোভিলগৃহ্যসূত্রের বৃত্তি রচনা করিয়াছেন। এতদ্ব্যতীত "খাদিরগৃহ্যসূত্র" নামে আরও এক খানি গৃহ্যসূত্র দেখিতে পাওয়া যায়। কেহ কেহ বলেন, খাদিরই দ্রাহ্যায়ণ গৃহ্যসূত্রের কর্ত্তা। রুদ্রস্কন্দস্বামী ইহার বৃত্তি করিয়াছেন।

সাম-গৃহ্যসূত্র।

খাদিরগৃহ্যসূত্রের এক খানি কারিকাও দেখিতে পাওয়া যায়। উহা বামনের বিরচিত। "পিতৃমেধসূত্র" নামে সামবেদীয় আরও এক খানি গৃহ্যসূত্র আছে। ইহার প্রণেতা "গৌতম"। এই গ্রন্থের টীকাকার অনন্তজ্ঞান বলেন, ন্যায়সূত্র প্রণেতা মহর্ষি গৌতমই এই গৃহ্যসূত্রকার। এতদ্ব্যতীত গৌতমের কৃত আরও এক খানি ধর্ম্মসূত্র আছে, তাহা "গৌতমধর্ম্মসূত্র" নামে অভিহিত।

সামবেদীয় বিবিধ পদ্ধতি গ্রন্থ আছে। এই সকল পদ্ধতি সূত্রগ্রন্থের সহিত ঘনিষ্ট সম্বন্ধ রাখিয়া ক্রিয়াদির প্রমাণ সম্বন্ধে শিক্ষা ও ব্যবস্থা দিয়া থাকে। এতদ্ব্যতীত সামবেদীয় পরিশিষ্ট গ্রন্থের সংখ্যাও নিতান্ত কম নহে। পদ্ধতিকারগণ সূত্রগ্রন্থের অনুসরণ করিয়া চলেন। কিন্তু পরিশিষ্টে বার্ত্তিক গ্রন্থের ন্যায় অনেক নূতন কথা সংযুক্ত করা হইয়াছে। এ স্থলে "তাণ্ড্যপরিশিষ্ট" গ্রন্থ খানির নামও উল্লেখযোগ্য। এতদ্ব্যতীত সামবেদীয় আরও বহুল গ্রন্থ আছে।

সাম-পদ্ধতি।

বাজসনেয়-সংহিতার বেদদীপ নামক ভাষ্যের প্রারম্ভে ভাষ্যকার শ্রীমন্মহীধর লিখিয়াছেন,—মহর্ষি বেদব্যাস ব্রাহ্মণ-পরম্পরায় প্রাপ্ত বেদকে মন্দমতি মনুষ্য-দিগের নিমিত্ত কৃপা করিয়া ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব এই চারি ভাগে বিভক্ত করেন এবং সশিষ্য পৈল, বৈশম্পায়ন, জৈমিনি ও সুমন্ত চারি জনকে উপদেশ প্রদান করেন। বিষ্ণুপুরাণেও লিখিত আছে—

যজুর্ব্বেদ সংহিতা

"ব্রহ্মণা চোদিতো ব্যাসো বেদান্ ব্যস্তং প্রচক্রমে।
অথ শিষ্যান্ স জগ্রাহ চতুরো বেদপারগান্॥"

(বিষ্ণুপু° ৩।৪।১)

অর্থাৎ ব্রহ্মপ্রেরিত ব্যাস বেদসমূহের বিভাগ করেন এবং বেদপারগ চারি জন শিষ্য গ্রহণ করেন। অতঃপর বিষ্ণুপুরাণে আরও লিখিত হইয়াছে—

"ততঃ স ঋচমুদ্ধৃত্য ঋগ্বেদং কৃতবান্ মুনিঃ।
যজুংসি চ যজুর্ব্বেদং সামবেদঞ্চ সামভিঃ॥
ব্রাহ্মস্ত্বথর্ব্ববেদেন সর্ব্বং কর্ম্মাণি স প্রভুঃ।
কারয়ামাস মৈত্রেয় ব্রহ্মত্বঞ্চ যথাস্থিতি॥"

(বিষ্ণুপুরাণ ৩।৪।১৩-১৪)

এইরূপ পৌরাণিক প্রমাণ আরও সংগৃহীত করা যাইতে পারে। যাহা হউক মহীধর ব্যাসদেবের যে চারি জন শিষ্য গ্রহণ করেন, আশ্বলায়নগৃহ্যসূত্রেও তাঁহাদের নামোল্লেখ আছে।

ইহাদেরই শিষ্যপ্রশিষ্যেরা এক এক বেদকে বহু শাখা প্রশাখার বিভক্ত করেন, এইরূপে নিগমকল্পতরুর সহস্র শাখার সৃষ্টি হয়। আমরা ইতঃপূর্ব্বে বৈদিক সাহিত্যের অন্তর্গত শাখা-পরিগণনার বিষয়ে আলোচনা করিয়াছি।

যজুর্ব্বেদই আমাদের এ স্থলে আলোচ্য। বৈদিক-সাহিত্যে যজুর্ব্বেদের যে ৮৬ শাখার কথা দেখিতে পাওয়া যায়, আমরা ইতঃপূর্ব্বে তাহার আলোচনা করিয়াছি। বিষ্ণুপুরাণের মতে বৈশম্পায়নই যজুর্ব্বেদের প্রথম প্রবর্ত্তক। ইনি তৈত্তিরীয় সংহিতা নামে যজুর্ব্বেদসংহিতা প্রবর্ত্তন করেন। ইহার অপর নাম কৃষ্ণযজুঃ। তৈত্তিরীয় সংহিতা ২৭ শাখায় বিভক্ত হয়। বৈশম্পায়ন যাজ্ঞবল্ক্যাদি শিষ্যগণকে বেদাধ্যয়ন করান। কিন্তু এই সময় একটা বিচিত্র ঘটনা উপস্থিত হয়। শ্রীমন্ম-হীধর এই ঘটনা স্বীয় ভাষ্যে অতি সংক্ষেপে বিবৃত করিয়াছেন। তাহার মর্ম্ম এই যে, কোন কারণে বৈশম্পায়ন তৎশিষ্য যাজ্ঞ-বল্ক্যের প্রতি ক্রুদ্ধ হইয়া বলেন, তুমি আমার নিকট যে বেদোপদেশ প্রাপ্ত হইয়াছ তাহা ত্যাগ কর। যাজ্ঞবল্ক্য পরম যোগী ছিলেন। তাঁহার যোগের প্রভাবও যথেষ্ট ছিল। গুরুর আজ্ঞায় তিনি যোগবলে তাঁহার অধীত বিদ্যাকে মূর্ত্তিমতী করিয়া বমন করিলেন। এই সময়ে সেই স্থলে বৈশম্পায়নের অন্যান্য শিষ্যগণ উপস্থিত ছিলেন। বৈশম্পায়ন শিষ্যদিগকে সম্বোধন করিয়া বলিলেন, তোমরা এই বান্ত যজুঃ-দিগকে গ্রহণ কর। বৈশম্পায়ন-শিষ্যগণ তিত্তিরি পক্ষী হইয়া যজুদিগকে গ্রহণ করিলেন। এই নিমিত্তই যজুর্ব্বেদসংহিতা তৈত্তিরীয় সংহিতা নামে অভিহিত হইল। বুদ্ধিমালিন্য বশতঃ যজুঃগুলি কৃষ্ণবর্ণ প্রাপ্ত হয়, এই নিমিত্ত এই যজুঃসংহিতা কৃষ্ণ যজুর্ব্বেদ নামেও অভিহিত হয়। কিন্তু যোগী যাজ্ঞবল্ক্য বেদ হারাইয়া নিশ্চিন্তভাবে বসিয়া থাকিবার লোক ছিলেন না। তিনি তখন সূর্য্যের কঠোর তপশ্চর্য্যায় প্রবৃত্ত হইলেন। ভগবান্ শ্রীসূর্য্যদেবের কৃপায় তিনি অন্যপ্রকার যজুঃ প্রাপ্ত হইলেন। তাঁহার নিকট জাবাল প্রভৃতি পঞ্চদশজন শিষ্য

এই বেদের উপদেশ প্রাপ্ত হন। সূর্য্য হইতে তিনি এই অতি শুদ্ধ যজুঃগুলি প্রাপ্ত হইয়াছিলেন বলিয়া ইহা শুক্ল যজুর্ব্বেদ নামে খ্যাত। ইহার অপর নাম বাজসনেয়সংহিতা। মহীধর বাজসনেয় পক্ষের এইরূপ অর্থ করিয়াছেন যথা—

বাজস্য অন্নস্য সনির্দানং যস্য=বাজসনিঃ অর্থাৎ অন্নদানই যাহার ব্রত তিনি বাজসনি। তাহার পুত্র এই অর্থে তদ্ধিত প্রত্যয় "বাজসনেয়" পদ সিদ্ধ হইয়াছে। যাজ্ঞবল্ক্যের পিতার নাম বাজসনি ছিল। ইনি ইহার পিতার নামেও বৈদিক সাহিত্যে পরিচিত হইয়া আসিতেছেন। এই নিমিত্তই শুক্ল যজুর্ব্বেদ বাজসনেয়-সংহিতা নামে প্রসিদ্ধ। যাজ্ঞবল্ক্যের পঞ্চদশজন শিষ্যের মধ্যে মাধ্যন্দিন অন্যতম, এই মাধ্যন্দিন হইতেই যজুর্ব্বেদের মাধ্যন্দিন শাখা প্রচলিত। আমরা এক্ষণে বাজসনেয়-সংহিতার মাধ্যন্দিন শাখাই প্রচরদ্রূপ দেখিতে পাইতেছি। বাজসনেয়-সংহিতার পরিচয় অতঃপর সবিস্তার লিখিত হইবে।

কৃষ্ণ যজুর্ব্বেদ বা তৈত্তিরীয় সংহিতা এবং শুক্ল যজুর্ব্বেদ বা বাজসনেয় সংহিতা কার্য্যতঃ এক হইলেও উভয়ের মধ্যে পার্থক্য আছে। ইহাতে মনে হয় পরস্পরে যথেষ্ট শত্রুতা ছিল। কৃষ্ণ যজুর্ব্বেদ মন্ত্রগুলির সঙ্গে সঙ্গে ক্রিয়াপ্রণালী বিবৃত হইয়াছে এবং যে উদ্দেশ্যে যে মন্ত্রব্যবহার হইয়া থাকে, তাহারও উল্লেখ আছে। কৃষ্ণযজুর্ব্বেদের ব্রাহ্মণ গ্রন্থ উহার পরিশিষ্ট বলিয়াও অভিহিত হইতে পারে। ফলতঃ এই সংহিতাখানি এক প্রকার ব্রাহ্মণের প্রণালীতেই প্রচলিত। বাজসনেয়সংহিতা সেরূপ নহে। উহাতে মন্ত্র ও ব্রাহ্মণোচিত ক্রিয়াকলাপ একই স্থানে সন্নিবিষ্ট হয় নাই। মন্ত্রভাগ স্বতন্ত্র। এই মন্ত্রভাগই বাজসনেয়-সংহিতা নামে খ্যাত। ইহাতে ক্রিয়াপ্রণালীর সন্ধান দেওয়া হয় নাই। ঋগ্বেদসংহিতায় যেমন মন্ত্র ও ব্রাহ্মণকাণ্ডের পার্থক্য আছে, বাজসনেয়সংহিতা সম্বন্ধে সেইরূপ প্রণালী অবলম্বিত হইয়াছে। এই উভয় সংহিতার মধ্যে পার্থক্য এই যে কৃষ্ণ যজুর্ব্বেদে হোতা ও তদীয় কর্ত্তব্য কার্য্য সম্বন্ধে সবিশেষ আলোচনা দৃষ্ট হয়, শুক্ল যজুর্ব্বেদে এই বিষয়ের আলোচনা অতি বিরল। কৃষ্ণ যজুর্ব্বেদের চরকশাখীয়েরা শুক্ল যজুর্ব্বেদের অধ্বর্য্যু বলিয়াই স্বীকৃত হন নাই, প্রত্যুত উহাদের নিন্দাই কীর্ত্তিত হইয়াছে।

কৃষ্ণ যজুর্ব্বেদ বা তৈত্তিরীয় সংহিতার কথাই প্রথমে আলোচ্য। তৈত্তিরীয় শব্দটী কৃষ্ণ যজুর্ব্বেদের প্রাতিশাখ্যসূত্রে এবং সামসূত্রে দেখিতে পাওয়া যায়। পাণিনি বলেন, তিত্তিরি ঋষির নাম হইতেই তৈত্তিরীয় শব্দের উৎপত্তি হইয়াছে। আত্রেয় শাখার সংহিতানুক্রমণিকাতেও এই ব্যুৎপত্তি দেখিতে পাওয়া যায়। কিন্তু পূর্ব্বে আমরা মহীধরের ভাষ্য-প্রারম্ভ হইতে দেখাইয়াছি যে বৈশম্পায়নের শিষ্যগণ তিত্তিরি পক্ষী হইয়া যাজ্ঞবল্ক্যের উদ্গীর্ণ যজুঃসমূহকে গ্রহণ করিয়াছিলেন, এইরূপ আখ্যায়িকা পরবর্ত্তী সাহিত্যে প্রচারিত হয়। কৃষ্ণ যজুর্ব্বেদের শাখাসমূহে এক চরক সম্প্রদায়েরই দ্বাদশ শাখা ছিল যথা—চরক, আহ্বরক, কঠ, প্রাচ্যকঠ, কপিষ্ঠলকঠ, আষ্ঠলকঠ, চারায়ণীয়, বারায়ণীয়, বার্ত্তান্তবেয়, শ্বেতাশ্বতর, ঔপমন্যু ও মৈত্রায়ণ। এই শেষোক্ত মৈত্রায়ণি হইতে আবার সাতটী শাখার উৎপত্তি হয় যথা—মানব, দুন্দুভ, একেয়, বারাহ, হারিদ্রবেয়, শ্যাম, ও শামানয়ীয়। কৃষ্ণ যজুর্ব্বেদের এক সম্প্রদায় খাণ্ডকীয় নামে প্রসিদ্ধ। পাণিনি বলেন খণ্ডিক ঋষি হইতেই খাণ্ডিকীয় সম্প্রদায়ের উদ্ভব। কেহ কেহ বলেন, কৃষ্ণ যজুর্ব্বেদ খণ্ডশঃ বিভক্ত, এই নিমিত্তই কৃষ্ণযজুর্ব্বেদ সম্প্রদায়ীদিগকে খাণ্ডিকীয় বলে। কৃষ্ণযজুর্ব্বেদ বা তৈত্তিরীয়সংহিতা ৭ কাণ্ডে বিভক্ত। প্রত্যেক কাণ্ড আবার কতিপয় প্রপাঠকে বিভক্ত। সকল কাণ্ড সমভাবে বিভক্ত নহে, কোন কাণ্ডে সাতটী, কোন কোন কাণ্ডে আটটী এইরূপ প্রপাঠক আছে। ঋগ্বেদীয় দশকর্ম্মের মন্ত্র ও বিধি এই সংহিতায় আলোচিত হইয়াছে। কৃষ্ণ যজুর্ব্বেদের আর এক সম্প্রদায়ের গ্রন্থের নাম আপস্তম্ব যজুঃসংহিতা। এই গ্রন্থখানি ৭ অষ্টকে বিভক্ত। এই অষ্টকগুলি ৪৪ প্রশ্নে, এই ৪৪ প্রশ্ন আবার ৬৫১ অনুবাকে, আবার এই অনুবাকগুলি ২১৯৮ কাণ্ডিকায় বিভক্ত হইয়াছে। সাধারণতঃ পঞ্চাশ শব্দে এক একটী কাণ্ডিকা গঠিত হয়। আত্রেয় শাখার যজুর্ব্বেদ কাণ্ড, প্রশ্ন ও অনুবাক এই ত্রিবিধ পরিচ্ছেদে বিভক্ত। কাঠকদের সংহিতার বিভাগ অন্যরূপ, উহা পাঁচভাগে বিভক্ত। তন্মধ্যে প্রথম তিনভাগ ৪০ স্থানকে বিভক্ত। পঞ্চমভাগে অশ্বমেধযজ্ঞের বিবরণ আছে। চরক শাখার প্রথম তিনভাগের নাম ইথিমিকা, মধ্যমিকা এবং অরিমিকা। আত্রেয় ঋষি পাদকর্ত্তা ছিলেন। কুণ্ডিন বৃত্তিকার বলিয়া খ্যাত। উখ আত্রেয়ের গুরু বলিয়া জানা যায়।

কৃষ্ণ যজুর্ব্বেদ বা তৈত্তিরীয় সংহিতা

এতদ্ব্যতীত যজুর্ব্বেদের মৈত্রায়ণী শাখাও পাওয়া যায়। ইহাতে ৫টী কাণ্ড আছে। সম্ভবতঃ যজুর্ব্বেদের আরও ভিন্ন ভিন্ন শাখার সংহিতা-গ্রন্থ থাকিতে পারে। যজুর্ব্বেদ যাগযজ্ঞক্রিয়াবহুল। এইজন্য যজুর্ব্বেদ সততই অতীব প্রয়োজনীয় বলিয়া বোধ হইত। এই নিমিত্ত যজুর্ব্বেদের ভিন্ন ভিন্ন শাখার বহুল সংহিতাগ্রন্থ প্রচারিত ছিল। সায়ণাচার্য্য তৈত্তিরীয় সংহিতার ভাষ্য করিয়াছেন। এতদ্ব্যতীত বালকৃষ্ণদীক্ষিত ও ভাস্কর মিশ্ররচিত ক্ষুদ্র ভাষ্যও পাওয়া যায়।

সামবেদীয় ব্রাহ্মণ গ্রন্থের মধ্যে আপস্তম্ব ব্রাহ্মণ ও আত্রেয় ব্রাহ্মণই সবিশেষ প্রসিদ্ধ। অনুক্রমণিকায় সংহিতা ও ব্রাহ্মণের

কোন প্রকার বিভিন্নতা করা হয় নাই। কোন কোন শাখায় যাহা সংহিতাগ্রন্থে নাই, ব্রাহ্মণে তাহার উল্লেখ আছে। যেমন পুরুষমেধযজ্ঞের বিবরণ সংহিতায় দেখিতে পাওয়া যায় না, কিন্তু ব্রাহ্মণাংশে উহার উল্লেখ দেখিতে পাওয়া যায়।

যজুর্ব্রাহ্মণ

তৈত্তিরীয় ব্রাহ্মণ আপস্তম্ব ও আত্রেয় শাখার ব্রাহ্মণ গ্রন্থ বলিয়া প্রসিদ্ধ। তৈত্তিরীয় ব্রাহ্মণগ্রন্থেরও ভাষ্য আছে। এই ভাষ্যের ভূমিকাতে সংহিতা ও ব্রাহ্মণের পার্থক্য বিচার করা হইয়াছে। ব্রাহ্মণ গ্রন্থে স্পষ্টরূপে মন্ত্রের উদ্দেশ্য ও ব্যাখ্যা করা হইয়াছে। সায়ণাচার্য্য ও ভাস্করমিশ্র তৈত্তিরীয় ব্রাহ্মণের ভাষ্যকার। তৈত্তিরীয় ব্রাহ্মণের শেষাংশ তৈত্তিরীয় আরণ্যক, এই আরণ্যক গ্রন্থ খানি দশ কাণ্ডে বিভক্ত। সায়ণকৃত ভাষ্যভূমিকায় লিখিত হইয়াছে—

"অরণ্যাধ্যাপনাদেতদারণ্যকমিতীর্য্যতে।
অরণ্যেতদধীয়ীতে ত্বেবং বাক্যং প্রচক্ষতে॥
কাণ্ডমারণ্যকং সর্ব্বং ব্যাখ্যাতব্যং প্রযত্নতঃ।
আরণ্যকবিশেষস্তু পূর্ব্বাচার্য্যরুদাহৃতাঃ॥
হেতুন্ প্রবর্গ্যকাণ্ডঞ্চ যাশ্চোপনিষদো বিদুঃ।
আরুণীয়বিধিশ্চৈব কাঠকে পরিকীর্ত্তিতঃ॥
রুদ্রো নারায়ণশ্চৈব মেধো য শ্চৈব পিত্রিয়ঃ।
এতদারণ্যকং সর্ব্বং নাব্রতো শ্রোতু মর্হতি॥
কঠেন মুনিনা দৃষ্টং কাঠকং পরিকীর্ত্তিতে।
সাবিত্রী নাচিকেতশ্চ যজুর্হোত্রস্তৃতীয়কঃ॥
তুর্য্যো বৈশ্বসৃজস্তদ্বদ্ বহ্নিবারুণকেতুকঃ।
স্বাধ্যায়ব্রাহ্মণঞ্চেতি সর্ব্বং কাঠকমীরিতম্॥
নারাণ্যাধীতি নিয়মঃ সাবিত্রাদিচতুষ্টয়ে।
অতস্তদ্ ব্রাহ্মণগ্রন্থে শ্রুতং ব্যাখ্যাতমপ্যদঃ॥
বহ্নিবারুণকেত্বাখ্য পাঠকে পঞ্চমে শ্রুতঃ।
আরণ্যকাদাচাম্নাতস্তদ্বাখ্যাথ প্রতন্বতে॥"

ইহাতে জানা যাইতেছে যে, অরণ্যে অধ্যয়ন করা হয় বলিয়াই ইহার নাম আরণ্যক। কাঠকে পরিকীর্ত্তিত আরণীয় বিধিও এই গ্রন্থে আলোচিত হইয়াছে। ইহার প্রথম ও তৃতীয় প্রপাঠক যজ্ঞাগ্নিস্থাপনের নিয়মে লিখিত হইয়াছে। দ্বিতীয় প্রপাঠকে অধ্যায়ের নিয়ম, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠে দশ পূর্ণমাসাদি ও পিতৃমেধ প্রভৃতি বিষয়ের আলোচনা করা হইয়াছে। যথা ষষ্ঠ প্রপাঠকভাষ্যে—

"যো দশপূর্ণমাসাদিঃ পিতৃমেধান্ত ইরিতঃ।
কর্ম্মকাণ্ডঃ সমগ্রোঽয়ং ব্যাখ্যাতো বালবুদ্ধয়ে॥"

ইহা হইতে জানা যাইতেছে, ৬ষ্ঠ প্রপাঠকে সমগ্র কর্ম্মকাণ্ডের বিষয় উল্লিখিত হইয়াছে। উক্ত সায়ণ, ভাস্করমিশ্র ও বরদরাজ তৈত্তিরীয় আরণ্যকের ভাষ্য রচনা করেন। তৈত্তিরীয় আরণ্যকের সপ্তম, অষ্টম ও নবম প্রপাঠক উপনিষদে পর্য্যবসিত হইয়াছে। এই তিন প্রপাঠক তৈত্তিরীয় উপনিষদ্ নামে খ্যাত। দশম প্রপাঠকের ভাষ্যারম্ভে লিখিত হইয়াছে—

"বারুণ্যুপনিষদ্ত্যুক্তা ব্রহ্মবিদ্যা সসাধনা।
যাজ্ঞিক্যাঃ খিলরূপায়াং সর্ব্ব শেষোভিধীয়তে॥"

সুতরাং দশম প্রপাঠক যাজ্ঞিকী বা নারায়ণীয়োপনিষদ্ নামে খ্যাত। তৈত্তিরীয়োপনিষদের বহুসংখ্যক ভাষ্য ও বৃত্তি লক্ষিত হয়। এতন্মধ্যে শঙ্করাচার্য্যরচিত ভাষ্যই প্রধান। আনন্দতীর্থ ও রঙ্গরামানুজ ঐ ভাষ্যের উপর টীকা করিয়াছেন। সায়ণাচার্য্য ও আনন্দতীর্থও এই উপনিষদের ভাষ্যপ্রকাশ করেন। অপ্পয়াচার্য্য, জ্ঞানামৃত, ব্যাসতীর্থ ও শ্রীনিবাসাচার্য্য ইহারা আনন্দভাষ্যের আবার টীকা করিয়াছেন। এতদ্ব্যতীত কৃষ্ণানন্দ, গোবিন্দরাজ, দামোদরাচার্য্য, নারায়ণ, বালকৃষ্ণ, ভট্টভাস্কর, রাঘবেন্দ্র যতি, বিজ্ঞানভিক্ষু ও শঙ্করানন্দ প্রভৃতি তৈত্তিরীয়োপনিষদের দীপিকা বা বৃত্তি রচনা করিয়া গিয়াছেন। সায়ণাচার্য্য যাজ্ঞিক্যুপনিষদের ভাষ্য ও বিজ্ঞানাত্মা ইহার একখানি স্বতন্ত্র বৃত্তি এবং 'বেদশিরোভূষণ' নামে ইহার একখানি ব্যাখ্যানগ্রন্থ পাওয়া যায়।

তৈত্তিরীয় উপনিষদ্ তিন ভাগে বিভক্ত, প্রথমভাগ সংহিতোপনিষদ্ অথবা শিক্ষাবল্লী নামে অভিহিত। এই অংশে ব্যাকরণ সম্বন্ধীয় কিঞ্চিৎ আলোচনা আছে। অতঃপর অদ্বৈতবাদের শ্রুত্যাদি আলোচিত হইয়াছে। দ্বিতীয় ভাগের নাম আনন্দ বল্লী এবং তৃতীয় ভাগের নাম ভৃগুবল্লী। এই দুই ভাগ একত্র বারুণী উপনিষদ্ নামে অভিহিত হইয়াছে। এই উপনিষদে ঔপনিষদী ব্রহ্মবিদ্যার পরাকাষ্ঠা প্রদর্শিত হইয়াছে।

ইহার পরের অধ্যায়ই যাজ্ঞিক্যুপনিষদ্ বা নারায়ণীয় উপনিষদে মূর্ত্তিমান্ ব্রহ্মতত্ত্ব বিবৃত হইয়াছে। শ্রীশঙ্করাচার্য্য তৈত্তিরীয় উপনিষদের ভাষ্য করিয়াছেন।

ফলতঃ তৈত্তিরীয় আরণ্যকে একাধারে বেদের বহুল বিষয়ের বিচিত্র সমাবেশ দেখিতে পাওয়া যায়। শ্রুতি স্মৃতি ইতিহাস পুরাণ ও ব্রহ্মবিদ্যার বহুল সারতত্ত্ব এই গ্রন্থে আলোচিত হইয়াছে। নারায়ণী উপনিষদ্‌খানি ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন পাঠে প্রচারিত আছে। দ্রাবিড়ে, অন্ধ্রদেশে ও কর্ণাটক প্রভৃতি বহুস্থানে এই উপনিষদ্ খানি অথর্ব্বোপনিষদ্ বলিয়াও পরিচিত। প্রত্যেক স্থলেই ইহার পাঠের কিছু কিছু পার্থক্য পরিলক্ষিত হয়।

বল্লভী ও সত্যায়নী নামে যজুর্ব্বেদের আরও দুইখানি ব্রাহ্মণ গ্রন্থের কথা শুনিতে পাওয়া যায়। পাণিনি সূত্রে ও বৃহদ্দেবতাগ্রন্থে বল্লভী-শ্রুতির নাম পরিদৃষ্ট হয়।

সুরেশ্বরাচার্য্য ও সায়ণাচার্য্য এই বল্লভী শ্রুতির উল্লেখ করিয়াছেন। শ্বেতাশ্বতর ও মৈত্রায়ণীয়োপনিষদ্ যজুর্ব্বেদীয় উপনিষদ্ বলিয়াই প্রসিদ্ধ; শঙ্করাচার্য্য উক্ত উভয় উপনিষদের ভাষ্য, বিজ্ঞান ভিক্ষু 'উপনিষদালোক' নামে বিস্তৃত টীকা, নারায়ণ, প্রকাশাত্মা ও রামতীর্থ দীপিকা রচনা করেন। এতদ্ভিন্ন কেবল শ্বেতাশ্বতরের উপর রামানুজ, বরদাচার্য্য, সায়ণাচার্য্য ও শঙ্করানন্দের ভাষ্য এবং নৃসিংহাচার্য্য,বালকৃষ্ণদাস, ও রঙ্গরামানুজ কৃত শঙ্করভাষ্যের টীকা পাওয়া যায়। শ্বেতাশ্বতর, ছাগলী ও মৈত্রায়ণী প্রভৃতি ভিন্ন ভিন্ন যজুর্ব্বেদী শাখার নাম বৈদিক সাহিত্যের ইতিহাসে কোনও সময়ে যথেষ্ট প্রাধান্য লাভ করিয়াছিল।

যজুর্ব্বেদীয় সূত্রগ্রন্থের সংখ্যাও যথেষ্ট। প্রথমতঃ শ্রৌতসূত্রের কথায় বলা যাইতেছে। কঠসূত্র, মানবসূত্র, লৌগাক্ষিসূত্র, ও কাত্যসূত্র প্রভৃতি যজুর্ব্বেদীয় শ্রৌতসূত্রসমূহের নাম শুনিতে পাওয়া যায়। কিন্তু কল্পসূত্রের ভাষ্যকার মহাদেব তদীয় ভাষ্যে এই কয়েক খানি সূত্রের নামোল্লেখ করেন নাই। তাঁহার ভাষ্যে যজুর্ব্বেদীয় বৌধায়ন, ভারদ্বাজ, আপস্তম্ব, হিরণ্যকেশী, বাধুল ও বৈখানসসূত্রের নামোল্লেখ আছে। আপস্তম্বসূত্রের বহু ভাষ্যকারের নাম জানা যায়, যথা—ধূর্ত্তস্বামী, কপর্দ্দিস্বামী, রুদ্রদত্ত, গুরুদেব স্বামী, করবিন্দ স্বামী, অহোবল সূরি, গোপাল, রামাগ্নিজ, কৌশিকারাম, ব্রহ্মানন্দ প্রভৃতি। তালবৃন্তবাসী নামক অপর একজন ভাষ্যকারের নাম দেখিতে পাওয়া যায়। ফলতঃ তালবৃন্তবাসী ব্যক্তি বিশেষের নাম কি তাহার আবাসস্থানের পরিচয় নিশ্চয়রূপে বলা যায় না।

সূত্রগ্রন্থ

আপস্তম্ব-শ্রৌতসূত্রে এই সকল বিষয় দৃষ্ট হয়—

১-৩ অধ্যায়ে দর্শপূর্ণমাস, ৪ যাজমান, ৫ অগ্ন্যাধানকর্ম্ম, ৬ অগ্নিহোত্রকর্ম্ম, ৭ পশুবন্ধযাগ, ৮ চাতুর্ম্মাস্য, ৯ বিধ্যপরাধনিমিত্ত প্রায়শ্চিত্ত, ১০-১৭ সোমযাগ, ১৮ বাজপেয় ও রাজসূয়, ১৯ সৌত্রামণী, কাঠকচিতি ও কাম্যেষ্টি, ২০ অশ্বমেধ ও পুরুষমেধ, ২১ দ্বাদশাহ ও মহাব্রত, ২২ উৎসর্গাদিগের অয়ন, ২৩ সত্রায়ণ, ২৪ পরিভাষাসূত্র, প্রবরখণ্ড ও হৌত্রক, ২৫-২৬ গৃহ্যমন্ত্র, ২৭ গৃহ্যতন্ত্র, ২৮-২৯ সাময়াচারিক ধর্ম্মসূত্র, ৩০ শুল্বসূত্র।

মনুরচিত মানবশ্রৌতসূত্রও বিশেষ প্রসিদ্ধ। ইহাতে ১ প্রাক্‌সোম, ২ অগ্নিষ্টোম, ৩ প্রায়শ্চিত্ত, ৪ প্রবর্গ্য, ৫ ইষ্টি, ৬ চয়ন, ৭ বাজপেয়, ৮ অনুগ্রহ, ৯ রাজসূয়, ১০ শুল্বসূত্র ও ১১ পরিশিষ্ট এই গুলি আছে। অগ্নিস্বামী, কুমারিলভট্ট ও বালকৃষ্ণমিশ্র মানব-শ্রৌতসূত্রের ভাষ্যকার।

বৌধায়ন শ্রৌতসূত্রের সম্পূর্ণ পুথি পাওয়া যায় নাই, যতদূর পাওয়া গিয়াছে, তাহাতে এইরূপ আছে—

১ দর্শপূর্ণমাস, ২ আধান, ৩ পুনরাধান, ৪ পশু, ৫ চাতুর্ম্মাস্য ৬ সোমপ্রবর্গ্য, ৭ একাদশিনীপশু, ৮ চয়ন, ৯ বাজপেয়, ১০ শুল্বসূত্র, ১১ কর্ম্মান্তসূত্র, ১২ দ্বৈধসূত্র, ১৩ প্রায়শ্চিত্তসূত্র, ১৪ কাঠকসূত্র, ১৫ সৌত্রামণীসূত্র, ১৬ অগ্নিষ্টোম, ১৭ ধর্ম্মসূত্র।

কেশবকপর্দ্দিস্বামী, কেশবস্বামী, গোপাল, দেবস্বামী, ধূর্ত্তস্বামী, ভবস্বামী, মহাদেব বাজপেয়ী ও সায়ণরচিত বৌধায়ন শ্রৌতসূত্রের ভাষ্য দৃষ্ট হয়।

গোপীনাথভট্ট, মহাদেবদীক্ষিত, মহাদেব সোমযাজী, মাতৃদত্ত ও বাঞ্ছেশ্বর প্রভৃতি হিরণ্যকেশি-শ্রৌতসূত্রের ও গোপালভট্ট ভারদ্বাজ শ্রৌতসূত্রের ভাষ্য রচনা করিয়াছেন। মৈত্রায়ণী ও ছাগলের শ্রৌতসূত্রও বাহির হইয়াছে।

পূর্ব্বোক্ত যে সকল মহাত্মা কৃষ্ণযজুর্ব্বেদীয় শ্রৌতসূত্র রচনা করেন, তাঁহাদেরই রচিত গৃহ্যসূত্রও এবং ঐ সকল গৃহ্যসূত্রের উপর বহুসংখ্যক ভাষ্য ও বৃত্তি দৃষ্ট হয়।

গৃহ্যসূত্র

তন্মধ্যে কর্কাচার্য্য, সুদর্শনাচার্য্য, তালবৃন্তবাসী, হরদত্ত, কৃষ্ণভট্ট, রুদ্রদেব, ধূর্ত্তস্বামী প্রভৃতি আপস্তম্ব গৃহ্যসূত্রের, কেশবস্বামী ও কনকসভাপতি বৌধায়ন গৃহ্যসূত্রের; কপর্দিস্বামী, রঙ্গভট্ট প্রভৃতি ভারদ্বাজ-গৃহ্যসূত্রের ও মাতৃদত্ত হিরণ্যকেশি-গৃহ্যসূত্রের ভাষ্য রচনা করেন। এতদ্ভিন্ন মানবগৃহ্যসূত্র এবং অষ্টাবক্র রচিত তাঁহার বৃত্তি, লৌগাক্ষি রচিত কাঠকগৃহ্যসূত্র ও দেবপালরচিত কাঠকগৃহ্যবৃত্তি এবং মৈত্রায়ণীয় গৃহ্যসূত্র পাওয়া গিয়াছে। কৃষ্ণযজুর্ব্বেদীয় বহুসংখ্যক শুল্বসূত্র ও ধর্ম্মসূত্র আছে। আপস্তম্ব, বৌধায়ন প্রভৃতি শ্রৌতসূত্রকারগণই ঐ সকল শুল্ব ও ধর্ম্মসূত্র সকল রচনা করেন। শুল্বসূত্রগুলিই জ্যামিতি (Geometry) শাস্ত্রের এবং ধর্ম্মসূত্রগুলিই প্রচলিত স্মৃতিগুলির মূল।

শুল্বসূত্রের মধ্যে শঙ্কর ও শিবদাস মানবশুল্ব-সূত্রের; কপর্দিস্বামী, করবিন্দস্বামী, সুন্দররাজ প্রভৃতি আপস্তম্ব শুল্বসূত্রের; দ্বারকানাথ ও বেঙ্কটেশ্বর দীক্ষিত বৌধায়নীয় শুল্বসূত্রের ভাষ্য বা বৃত্তি রচনা করেন।

আপস্তম্ব ধর্ম্মসূত্রখানি 'সাময়াচারিকসূত্র' নামেও অভিহিত। হরদত্ত, অড়বীল, ধূর্ত্তস্বামী ও নৃসিংহ এই ধর্ম্মসূত্রখানির বৃত্তি রচনা করিয়াছেন। গোবিন্দস্বামি-রচিত বৌধায়ন-ধর্ম্মসূত্রের এবং মহাদেব রচিত হিরণ্যকেশি-ধর্ম্মসূত্রের বৃত্তি আছে।

মৈত্রায়ণীয় যজুর্ব্বেদপদ্ধতি নামক একখানি গ্রন্থ পাওয়া গিয়াছে। অতঃপরে কৃষ্ণ যজুর্ব্বেদীয় প্রাতিশাখ্যসূত্র ও অনুক্রমণিকা গ্রন্থের নামও উল্লেখযোগ্য। অনুক্রমণীর মধ্যে আত্রেয় ও কাঠক শাখার চারায়ণীয় সম্প্রদায়ের কৃষ্ণ যজুর্ব্বেদের অনুক্রমণী প্রচরদ্রূপ দেখিতে পাওয়া যায়।

যজুর্ব্বেদের অপর সংহিতার নাম শুক্ল যজুর্ব্বেদ বা বাজসনেয়-সংহিতা। কি প্রকারে এই শুক্ল যজুর্ব্বেদ বা বাজসনেয় সংহিতার উদ্ভব হইল, তাহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। বাজসনের নামের ব্যুৎপত্তিও সেই স্থলে প্রদত্ত হইয়াছে। বাজসনির পুত্র যাজ্ঞবল্ক্যই এই সংহিতার প্রবর্ত্তক। সুতরাং এই সংহিতার নাম "বাজসনেয়-সংহিতা"। এই সম্প্রদায় "বাজী" (অর্থাৎ অশ্ব) নামেও অভিহিত হইতেন। সূর্য্য হইতে প্রাপ্ত বলিয়া এই সংহিতাখানি অতি বিশুদ্ধ, তাই শুক্ল নামে পরিচিত, বিশেষতঃ কৃষ্ণ যজুর্ব্বেদের সহিত পার্থক্য সূচনার নিমিত্তও এই সংহিতা "শুক্ল-যজুর্ব্বেদ সংহিতা" নামে খ্যাত। কৃষ্ণ যজুর্ব্বেদের সহিত ইহার মূলতঃ ঐক্য থাকিলেও যে অবান্তর পার্থক্য আছে, তাহা পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে।

শুক্ল যজুর্ব্বেদ বা বাজসনেয়-সংহিতা

আমরা এক্ষণে যে বাজসনেয়সংহিতাখানি দেখিতে পাইতেছি, তাহা মাধ্যন্দিনীয় বাজসনেয়-সংহিতা নামে খ্যাত। মধ্যন্দিন ঋষি ইহা প্রথমে প্রাপ্ত হন, এইজন্য এই শাখা মাধ্যন্দিন নামে খ্যাত। আলোচ্য সংহিতা খানি মাধ্যন্দিন শাখা হইতে প্রবর্ত্তিত। এই সংহিতা ৪০ অধ্যায়ে, ৩০৩ অনুবাকে এবং ১৯৭৫ কণ্ডিকায় বিভক্ত। অধ্যায়গুলি অনুবাচক এবং অনুবাকগুলি কণ্ডিকায় বিভক্ত হইয়াছে। প্রথম পঞ্চবিংশতি অধ্যায়ে দর্শপূর্ণমাসাদি বিবিধ প্রকার যজ্ঞমন্ত্রের, অগ্নিস্থাপনাদির ও সোমযাগের মন্ত্র, সোমপানের আতিশয্য হইতে উদ্ভূত দোষ শান্তির নিমিত্ত সৌত্রামণী মন্ত্রাদি ও অশ্বমেধ যজ্ঞের মন্ত্র লিখিত হইয়াছে। কাত্যায়নের অনুক্রমণিকা, পরিশিষ্ট এবং মহীধরের ভাষ্য পাঠে জানা যায় যে পঞ্চবিংশতি অধ্যায় হইতে পঞ্চত্রিংশ পর্য্যন্ত ১৫ অধ্যায় "খিল" অর্থাৎ পরবর্ত্তী বলিয়া প্রসিদ্ধ।

১৫ অধ্যায়ের প্রথম চারি অধ্যায় পূর্ব্ববর্ত্তী অধ্যায়ে আলোচিত যজ্ঞাদির মন্ত্র লিখিত হইয়াছে। তৎপরবর্ত্তী দশ অধ্যায়ে পুরুষমেধযজ্ঞ, সর্ব্বমেধ যজ্ঞ, পিতৃমেধ যজ্ঞ, এবং প্রাবর্গ্য প্রভৃতি বিষয়ের মন্ত্রাদি লিখিত হইয়াছে। শেষ অধ্যায়ের সহিত যজ্ঞক্রিয়াদির কোন সম্বন্ধ নাই। এই অধ্যায়টী ঈশোপনিষৎ। "ঈশাবাস্যমিদং সর্ব্বং" ইত্যাদি সুবিখ্যাত ঔপনিষদ্ বাক্যে এই অধ্যায়ের আরম্ভ। এস্থলে ইহাও বক্তব্য যে ষোড়শ অধ্যায়ের শতরুদ্রীয়, একত্রিংশ অধ্যায়ের পুরুষসূক্ত এবং দ্বাত্রিংশ অধ্যায়ের তদেব কর্ম্মকাণ্ডীয় বলিয়া গণ্য করা যাইতে পারে না। কর্ম্মকাণ্ডীয় বিষয়গুলি প্রায় এই ভাবেই তৈত্তিরীয় সংহিতাতেও ন্যূনাধিক পরিমাণে আলোচিত হইয়াছে। শুক্ল যজুর্ব্বেদে ব্রাহ্মণের প্রণালী অনুসারে প্রোক্ত বহুল কণ্ডিকা দেখিতে পাওয়া যায়, কিন্তু ঐ সকল কণ্ডিকা মন্ত্রের ব্যাখ্যা নহে, ঐ সকল ব্রাহ্মণব্যাখ্যানবৎ কণ্ডিকাগুলিও স্বতন্ত্র মন্ত্র। যজুর্ব্বেদেও এমন অনেক ঋক্ আছে যে সকল মন্ত্রের সহিত ঋগ্বেদসংহিতার মন্ত্রের কোনও পার্থক্য নাই। বাজসনেয়-সংহিতার মাধ্যন্দিন ও কাণ্বশাখীয় সংহিতা গ্রন্থ এখন প্রচলিত।

বাজসনেয়-সংহিতার কতিপয় ভাষ্যকারের নাম প্রসিদ্ধ; যথা—উবট, মাধব, অনন্তদেব, আনন্দ ভট্ট, ও মহীধর। এক্ষণে মহীধরের ভাষ্যই পূর্ণাঙ্গ দেখিতে পাওয়া যায়।

বাজসনেয়-সংহিতার ব্রাহ্মণের মধ্যে শতপথব্রাহ্মণখানি সুপ্রসিদ্ধ। এমন কি সমগ্র ব্রাহ্মণ গ্রন্থসমূহের শতপথগ্রন্থখানি মধ্যেই সর্ব্বাপেক্ষা সমাদৃত ও সুবিখ্যাত। মাধ্যন্দিন ও কাণ্ব এই উভয় শাখারই শতপথ-গ্রন্থখানি সুবিখ্যাত। মাধ্যন্দিন ও কাণ্ব এই উভয় শাখারই শতপথব্রাহ্মণ দেখিতে পাওয়া যায়। মাধ্যন্দিন শাখার শতপথ-ব্রাহ্মণ চৌদ্দকাণ্ডে বিভক্ত। এই চৌদ্দ কাণ্ড আবার ১০০ অধ্যায়ে (বা ৬৮ প্রপাঠকে) উপবিভক্ত হইয়াছে। ইহাতে আলোচিত সমগ্র ব্রাহ্মণের সংখ্যা ৪৩৮। এই ব্রাহ্মণগুলি আবার ৭৬২৪ কাণ্ডিকায় বিভক্ত হইয়াছে। কিন্তু কাণ্বশাখার শতপথব্রাহ্মণে সতরটী কাণ্ড আছে। উহার প্রথম, পঞ্চম ও চতুর্দ্দশ কাণ্ড দুই দুই ভাগে বিভক্ত, এ পর্য্যন্ত উহার সাড়ে তের কাণ্ড প্রাপ্ত হওয়া গিয়াছে। ইহার ৮৫ অধ্যায়, ৩৬০ ব্রাহ্মণ ও ৪৯৬৫ কণ্ডিকা আছে। কিন্তু অপর একখানি পাণ্ডুলিপি হইতে জানা যায় এই গ্রন্থের সর্ব্বসাকল্যে ১০৪ অধ্যায়, ৪৪৬ ব্রাহ্মণ ও ৫৮৬৬ কণ্ডিকা বিদ্যমান আছে। শতপথব্রাহ্মণের প্রথম নয় কাণ্ডে, সংহিতার ১৮ কাণ্ডের যজুঃগুলি উদ্ধৃত করা হইয়াছে এবং যে যে ক্রিয়াকর্ম্মে উহাদের ব্যবহার হয় তাহা ব্যাখ্যা করিয়া বুঝাইয়া দেওয়া হইয়াছে। দশম কাণ্ডে অগ্নিরহস্য বিবৃত হইয়াছে। ইহাতে অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র উপাখ্যানের সহিত অগ্নিস্থাপনকর্ম্মপ্রণালী আলোচিত হইয়াছে। একাদশ কাণ্ড ৮ অধ্যায়ে বিভক্ত। এই অধ্যায়ের পূর্ব্ববর্ণিত ক্রিয়াকাণ্ড সকলের সংক্ষিপ্ত বিবরণ ক্ষুদ্র ক্ষুদ্র যাগযজ্ঞীয় উপাখ্যান প্রভৃতি বিবৃত হইয়াছে। দ্বাদশ কাণ্ডে প্রায়শ্চিত্ত ও সৌত্রামণী ক্রিয়ার আলোচনা, ত্রয়োদশকাণ্ডে অশ্বমেধ, ও সংক্ষেপে পুরুষমেধ, সর্ব্বমেধ ও পিতৃমেধের উল্লেখ করা হইয়াছে। চতুর্দ্দশ কাণ্ড "আরণ্যক" নামে খ্যাত। ইহার প্রথম তিন অধ্যায়ে "প্রবর্গ্য" ক্রিয়ার উল্লেখ আছে, এতদ্ব্যতীত সংহিতার ৩৭ হইতে ৩৯ অধ্যায়ের সংহিতার কথাগুলি সম্যক্‌রূপে উদ্ধৃত করা হইয়াছে। বিষ্ণু যে সর্ব্বদেবতার মধ্যে শ্রেষ্ঠ, এস্থলে তাহারও উল্লেখ আছে। ইহার অবশিষ্ট ছয় অধ্যায়ই সুবিখ্যাত বৃহদারণ্যক উপনিষদ্। এই ব্রাহ্মণে ১২০০০ ঋক্, ৮০০০ যজুঃ, এবং ৪০০০ সাম সংগৃহীত

শতপথব্রাহ্মণ।

হইয়াছে। মহাভারতের অনেক আখ্যানের সংক্ষিপ্ত বিবরণ এবং মহাভারতবর্ণিত বহুল নাম এবং রামসীতার নাম শতপথব্রাহ্মণে দেখিতে পাওয়া যায়। কদ্রু ও সুপর্ণার যুদ্ধের কথা, পুরূরবা এবং উর্ব্বশীর প্রেম ও বিরহের কথা, অশ্বিনীদ্বয় কর্ত্তৃক চ্যবনঋষির যুবকত্ব প্রাপ্তির কথা ইত্যাদি উপাখ্যানও শতপথব্রাহ্মণে সংক্ষেপে বর্ণিত হইয়াছে। উগ্রসেন ও শ্রুতসেন প্রভৃতি নামের উল্লেখ আছে, কুরুপাঞ্চাল প্রভৃতি ঐতিহাসিক নামাদিও এই গ্রন্থে পরিলক্ষিত হয়।

মাধ্যন্দিন শাখার শতপথব্রাহ্মণের তিন খানি ভাষ্য দেখিতে পাওয়া যায়। একখানি হরিস্বামিকৃত, অপর খানি সায়ণকৃত এবং তৃতীয় খানি কবীন্দ্রাচার্য্য স্বরস্বতী রচিত। মাধ্যন্দিন শাখার বৃহদারণ্যক উপনিষদের ভাষ্যকার—দ্বিবেদ গঙ্গ। ইনি গুজরাটনিবাসী। শ্রীমচ্ছঙ্করাচার্য্য যে বৃহদারণ্যক উপনিষদের ভাষ্য করিয়াছেন উহা কাণ্বশাখার অন্তর্গত। শ্রীমৎশঙ্করের শিষ্যগণ শাঙ্করভাষ্যের কতিপয় টীকা প্রণয়ন করিয়াছেন। তন্মধ্যে আনন্দতীর্থ, রঘূত্তম ও ব্যাসতীর্থের নাম উল্লেখযোগ্য। এ ছাড়া গঙ্গাধরের দীপিকা, নিত্যানন্দাশ্রমের মিতাক্ষরা বৃত্তি, মথুরানাথের লঘুবৃত্তি, রাঘবেন্দ্রের খণ্ডার্থ, রঙ্গরামানুজ ও সায়ণের ভাষ্য আছে।

শুক্লযজুর্ব্বেদীয় শ্রৌতসূত্রসমূহের মধ্যে "কাত্যায়ন-শ্রৌতসূত্রের" নামই সর্ব্বপ্রথমে উল্লেখযোগ্য। এই গ্রন্থখানি শ্রৌতসূত্র ২৬ অধ্যায়ে বিভক্ত। শতপথব্রাহ্মণের প্রথম নয় কাণ্ডে যে সকল ক্রিয়ার আলোচনা হইয়াছে, ইহার প্রথম ১৮ অধ্যায়ে সেই সকল ক্রিয়ার আলোচনা আছে। নবম অধ্যায়ে সৌত্রামণী, বিংশ অধ্যায়ে অশ্বমেধ, একবিংশ অধ্যায়ে পুরুষমেধ, সর্ব্বমেধ ও পিতৃমেধ, দ্বাবিংশ, ত্রয়োবিংশ ও চতুর্ব্বিংশ অধ্যায়ে একাহ, অহীন ও সত্র প্রভৃতি যাজ্ঞিকক্রিয়া, পঞ্চবিংশ অধ্যায়ে প্রায়শ্চিত্ত এবং ষড়্‌বিংশ অধ্যায়ে প্রবর্গ্যের আলোচনা করা হইয়াছে।

কাত্যায়নসূত্রের অনেক ভাষ্যকার বা বৃত্তিকার আছেন। তন্মধ্যে যশোগোপী, পিতৃভূতি, কর্ক, ভর্তৃযজ্ঞ, শ্রীঅনন্ত, গঙ্গাধর, গদাধর, গর্গ, পদ্মনাভ, মিশ্রাগ্নিহোত্রী, যাজ্ঞিকদেব, শ্রীধর, হরিহর ও মহাদেবের নামই সবিশেষ উল্লেখযোগ্য। যজুর্ব্বেদীয় শ্রৌতসূত্রের বহুল পদ্ধতি ও পরিশিষ্টগ্রন্থ আছে। এই সকল গ্রন্থের অধিকাংশই কাত্যায়নের নামে পরিচিত। ইহাদের অনেক

কাত্যায়নগৃহ্য গ্রন্থখানি ৩ কাণ্ডে বিভক্ত। এই গ্রন্থ পারস্কর কৃত। বাসুদেব ইহার পদ্ধতি প্রণয়ন করেন। জয়রামকৃ উহার একখানি টীকাগ্রন্থ আছে। কিন্তু রামকৃষ্ণ ওর শঙ্করগণপতি ইহার যে টীকা করিয়াছেন, সেই টীকাখা সম্পূর্ণ পাণ্ডিত্যপূর্ণ। এই গ্রন্থের ভূমিকায় বেদসম্বন্ধে বিশেষ যজুর্ব্বেদ সম্বন্ধে সবিশেষ আলোচনা আছে। রামকৃষ্ণ যজুর্ব্বেদী কাণ্বশাখাকেই শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। এতদি কর্ক, গদাধর, জয়রাম, মুরারিমিশ্র, রেণুকাচার্য্য, বাগীশ্ব দত্ত, বেদমিশ্র প্রভৃতির ভাষ্যও প্রচলিত। পারস্ক স্মৃতিও এদেশে সুপ্রচলিত। উহা পারস্কর গৃহ্যসূত্রে পদানুযায়ী। যাজ্ঞবল্ক্য স্মৃতিসংহিতা প্রভৃতি আরও কতকগু যজুর্ব্বেদীয় গৃহ্যসূত্রানুযায়ী স্মৃতিসংহিতাশাস্ত্র প্রচলিত আছে।

শুক্লযজুর্ব্বেদীয় প্রাতিশাখ্যসূত্র ও ইহার অনুক্রমণী গ্রন্থখা কাত্যায়নকৃত বলিয়া প্রসিদ্ধ। এই প্রাতিশাখ্যসূত্রে বৈয়াক প্রাতিশাখ্যসূত্র শাকটায়ন, শাকল্য, গার্গ্য ও কাশ্যপের ন আছে। দাল্‌ভ্য, জাতুকর্ণ, শৌনক ও ঔপশিবীর নাম দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থখানি আট অধ্যায়ে বিভক্ত ইহার প্রথম অধ্যায়ে "সংজ্ঞা" ও "পরিভাষার" আলোচন দ্বিতীয় অধ্যায়ে "স্বর" ও "উচ্চারণ", তৃতীয় চতুর্থ ও পঞ্চ "সংস্কার", পঞ্চমে ক্রিয়াপদের ক্রমবিনির্ণয়, অবশেষে স্বাধ্যা ক্রম ও নিয়ম আলোচিত হইয়াছে। উপসংহারে কতি শ্লোকে বর্ণের ও শব্দের দেবতাদিগের কথা উল্লি হইয়াছে। উবট এই গ্রন্থের একখানি সুন্দর টীকা করি রাখিয়াছেন। কাত্যায়নকৃত অনুক্রমণী গ্রন্থখানি পাঁচ অধ্যা বিভক্ত। শ্রীহলকৃত এই অনুক্রমণীর একখানি উপা পদ্ধতি আছে।

অথর্ব্ববেদসংহিতায় কুড়িটী কাণ্ড আছে। এই কুড়ি কাণ্ড আবার ৩৮ প্রপাঠকে বিভক্ত। ইহাদের ৭৬০টী সূ অথর্ব্ববেদ এবং ৬০০০ মন্ত্র আছে। কোন কো শাখার গ্রন্থে অনুবাক-বিভাগও দেখিতে পাওয়া যা অনুবাকের সংখ্যা ৮০টী। শতপথব্রাহ্মণে অথর্ব্ববেদে "পর্ব্ব"বিভাগের উল্লেখ আছে। কিন্তু অধুনাপ্রাপ্ত পাণ্ডুলিপি গুলিতে কোথাও পর্ব্ব-বিভাগ দেখা যায় না। শৌনকশাখ সংহিতা ও পিপ্পলাদশাখার সংহিতাগ্রন্থের পাণ্ডুলিপি এখন প্রচলিত আছে। বাজসনেয়সংহিতা, শতপথব্রাহ্মণ, ছান্দোগ

পাওয়া যায়। কেহ কেহ বলেন, ঋক্ যজুঃ ও সাম এই তিন বেদ "ত্রয়ী" শব্দবাচ্য। অথর্ব্ববেদ "ত্রয়ী" নহে। ঋক্, যজুঃ ও সাম এই তিনটী শব্দ যে মন্ত্ররচনার প্রণালীমাত্র, তাহাও পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে। ফলতঃ যজ্ঞকার্য্য সুনির্ব্বাহের নিমিত্তই নিখিল বেদ চারিভাগে বিভক্ত হয়।

বেদ এক হইলেও চারি ভাগে বিভক্ত, কিন্তু সাধারণতঃ ঋক্, যজুঃ ও সাম এই তিন বেদের নাম একত্র বহুল বৈদিক সাহিত্যে শুনিতে পাওয়া যায়। যথা "যজ্ঞং ব্যাখ্যাস্যাম। সত্রিভির্ব্বেদৈ র্বিধীয়তে।" (সত্যা° সূত্র ১।১)" তাহা ঋক্, সাম ও যজুঃ। "ঋচঃ সামনি যজূংষি।" (তৈত্তিরীয়ব্রা° ১।২।১।২৬) উক্ত তিন খানি বেদের অতিরিক্ত আর এক খানি বেদ না হইলে যজ্ঞকর্ম্মের সম্যক্ত্ব ও তাৎপর্য্য সম্পূর্ণ রূপে প্রকটিত হয় না দেখিয়া চতুর্থ বেদের উৎপত্তি হইয়াছে। আমরা ঐতরেয় ব্রাহ্মণে দেখিতে পাই—

"যদ্ ঋচৈব হৌত্রং ক্রিয়তে যজুষাধ্বর্য্যবং সাম্নোদ্গীতং ব্যারব্ধা ত্রয়ী বিদ্যা ভবতি অথ কেন ব্রহ্মত্বং ক্রিয়ত ইতি ত্রয্যা বিদ্যয়েতি ব্রূয়াৎ।" (ঐতরেয় ব্রা° ৫।৩৩)

অর্থাৎ ঋগ্বেদে হৌত্র কার্য্যই উপদিষ্ট হইয়াছে। যজুর্ব্বেদে অধ্বর্য্যু এবং সামবেদে উদ্গাতার কার্য্য হইয়া থাকে; সুতরাং ঐ তিন বেদে হোতা, অধ্বর্য্যু ও উদ্গাতার কার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে। কিন্তু অবশিষ্ট ব্রহ্মার কর্ত্তব্যতা প্রতিপাদন জন্য চতুর্থ বেদের আবশ্যক উপলব্ধি হয়। কেহ কেহ বলেন, "ঋগ্বেদেন হোতা করোতি, সামবেদেনোদ্গাতা যজুর্ব্বেদেনাধ্বর্য্যুঃ স বৈ ব্রহ্মা" অর্থাৎ ঋগ্বেদে হোতার কার্য্য যজুর্ব্বেদে অধ্বর্য্যুর কার্য্য সামবেদে উদ্গাতার কার্য্য এবং তিন বেদেই ব্রহ্মার কার্য্য উপদিষ্ট হইয়াছে। এই কথা স্মরণ করিয়া কেহ কেহ বলেন যে হোতা অধ্বর্য্যু, উদ্গাতা ও ব্রহ্মার কার্য্য যদি তিন বেদ দ্বারাই সিদ্ধ হইল, তবে চতুর্থ বেদের আকাঙ্ক্ষা কোথায়, তাহার ব্যাখ্যার-ইবা প্রয়োজন কি? এতদুত্তরে ভাষ্যকার সায়ণাচার্য্য বলিয়াছেন—

"হৌত্রম্ আধ্বর্য্যবম্ উদ্গাত্রমিতি সমাখ্যয়া ত্রয়াণামপি বেদানাং প্রতিনিয়তহোত্রাদিকর্ত্তব্য প্রতিপাদনপরত্বাবগমাৎ ন ব্রহ্মকর্ত্তব্য প্রতিপাদনে তাৎপর্য্যং সম্ভবতি। যথা অন্যপরস্য যজুর্ব্বেদস্য হোতৃকর্ত্তব্যতায়াম্ যথা বা তথাবিধস্য ঋগ্বেদস্য অগ্নিহোত্রে। এবং ত্রয্যাং তত্র তত্র প্রতিপাদিতং যদ্ ব্রহ্মত্বং তদ্ অথর্ব্ববেদসিদ্ধমেব লেশেনোক্তম্ ইতি অতাৎপর্য্যবিষয়ত্বাৎ অকৃৎস্নত্বাচ্চ নাদরণীয়ম্, অকৃৎস্নত্বমেব অভিপ্রেত্য শাখান্তরোক্তং হৌত্রং নানুষ্ঠেয়ং ইতি আশ্বলায়নেনোক্তম্। 'তন্ত্রে কেচন ছান্দোগ্যে বাধ্বর্য্যবে বা হৌত্রামর্শাঃ সমাম্নাতা ন তান্ কুর্য্যাদ্ অকৃৎস্নত্বাদ্ধৌত্রস্য' ইতি। (আশ্বলঃ ৮।১৩) অতএব বাঙ্মনস নির্ব্বর্ত্তন্যস্য যজ্ঞশরীরস্য অর্ধ্যমেব ত্রিভি র্বেদৈর্নিষ্পাদ্যতে। অর্থান্তরং তু অথর্ব্ববেদেনৈবেতি শ্রূয়তে। "প্রজাপতি র্যজ্ঞং অতনুত। স ঋচৈব হৌত্রমকরোদ্। যজুষাধ্বর্য্যবং সাম্নৌদ্গাত্রং অথর্ব্বাঙ্গিরোভি ব্রহ্মত্বম্ * * * স বা এষঃ ত্রিভির্বৈ দৈর্য জ্ঞস্যান্যতরঃ পক্ষঃ সংক্রিয়তে। মনসৈব ব্রহ্মা যজ্ঞস্যান্যতরং পক্ষং সংস্করোতি।" (গোপথব্রা° ৩।২) "অয়ং বৈ যজ্ঞো যোঽয়ং পবতে। তস্য বাক্ চ মনশ্চ বর্ত্তন্যৌ। বাচা চ হি মনসা চ যজ্ঞোবর্ত্তত। ইয়ং বৈ বাগ্। অদোমনঃ। তদ্-বাচ্য ত্রয্য বিদ্যয়ৈকং পক্ষং সংস্কুর্ব্বন্তি মনসৈব ব্রহ্ম সংস্করোতি।" (ঐতরেয়ব্রা° ৫।৩৩)

অর্থাৎ হৌত্র, আধ্বর্যব ও উদ্গাত্র এই আখ্যাদ্বারা বেদত্রয়ের প্রতি নিয়ত হৌত্রাদি কর্ত্তব্য প্রতিপাদন-পরত্বই জানা যায়, ইহার ব্রহ্ম কর্ত্তব্য প্রতিপাদন তাৎপর্য্য সম্ভাবিত হয় না। হোতৃকর্ত্তব্য বিষয়ে যেমন অপর বিষয়মূলক যজুর্ব্বেদের তাৎপর্য্য নহে, অগ্নিহোত্র যেমন ঋগ্বেদের তাৎপর্য্য নহে, সেইরূপ ব্রহ্মত্বও অপর তিন বেদের তাৎপর্য্য বলিয়া গণ্য নহে। তবে ব্রহ্মত্ব বিষয়ে অপর বেদেও স্থানে স্থানে অবশ্যই লেশ মাত্র উল্লেখ আছে, কিন্তু ব্রহ্মত্ব ঐ তিন বেদের তাৎপর্য্য বলিয়া পরিগৃহীত হইতে পারে না। অন্যান্য তিন বেদে যে ব্রহ্মত্ব বিষয়ের উল্লেখ দৃষ্ট হয়, তাহা ঐ বেদত্রয়ের অতাৎপর্য্য-বিষয়ত্ব ও অসম্যক্ত্ব-নিবন্ধন আদরণীয় নহে। অকৃৎস্নত্ব একটী প্রধান দোষ। আশ্বলায়ন বলেন, অকৃৎস্ন দোষদুষ্ট শাখাপরোক্ত হোত্রও অনুষ্ঠেয় নহে; যথা—সামবেদে বা যজুর্ব্বেদে হোতৃকর্ম্মের যে সকল অংশ আছে, তাহা করিবে না, কেননা সেগুলি সম্যক্ নহে। (আশ্বঃ ৮।১৩)। বাঙ্মনসনির্বর্ত্য যজ্ঞশরীরের অর্ধ তিন বেদ দ্বারাই নিষ্পন্ন হয়। কিন্তু অর্থান্তরের ব্যবস্থা অথর্ব্ববেদদ্বারাই বিহিত হইয়াছে, যথা গোপথব্রাহ্মণে—"প্রজাপতি যজ্ঞ বিস্তার করেন, তিনি ঋক্দ্বারা হৌত্র, যজুদ্বারা আধ্বর্য্যব, সামদ্বারা ঔদ্গাত্রের এবং অথর্ব্ববেদদ্বারা ব্রহ্মত্ব নিষ্পন্ন করেন।"

এইরূপ প্রক্রম করিয়া গোপথব্রাহ্মণ আরও বলেন, তিন বেদ দ্বারা যজ্ঞের অন্যতর পক্ষ সংস্কৃত হয়, কিন্তু মনদ্বারা ব্রহ্মা যজ্ঞের অপর পক্ষের সংস্কার করিয়া থাকেন। (গোপথ--৩।২) ঐতরেয় ব্রাহ্মণেও ত্রয়ীনিষ্পাদ্য এক পক্ষ এবং মনোনিষ্পাদ্য অপর পক্ষের কথা শুনা যায়; যথা—"ইনি যজ্ঞ, কি কি পবিত্র করেন। বাক্য ও মন যজ্ঞের এই দুইটী বর্ত্তন্য, বাক্য ও মন দ্বারা যজ্ঞ বর্ত্তন করেন, এই বাক্য আর এই মন। তিন বেদ দ্বারা বাক্যে এক পক্ষ। ব্রহ্মা মনেরদ্বারা সংস্কার করেন। (ঐতরেয় ৫।৩৩) এইসকল অভিপ্রায়ে গোপথব্রাহ্মণের পূর্ব্বভাগে প্রশ্নদ্বারা অথর্ব্ববেদেরই ব্রহ্মত্ব অবধারিত হইয়াছে। যথা—

"কাহাকে হোতার পদে, কাহাকে অধ্বর্য্যুর পদে, কাহাকেই বা উদ্গাতৃপদে এবং কাহাকেই বা ব্রহ্মার পদে বরণ করিব ? ইহার উত্তরে তাহারা বলিলেন, ঋগ্‌বিদ্‌কে হোতৃপদে, যজুর্ব্বিদ্‌কে অধ্বর্য্যুপদে, সামবিদ্‌কে উদ্গাতৃপদে এবং অথর্ব্ববিদ্‌কে ব্রহ্মপদে বরণ কর। এইরূপে যজ্ঞ চতুষ্পাৎ ভাবে প্রতিষ্ঠিত হন।" (গোপথ ২।২৪)

অপর পক্ষে "স ত্রিভির্বৈদৈর্বিধীয়তে" অর্থাৎ তিন বেদদ্বারা যজ্ঞ বিহিত হয় এরূপ শ্রুতিও দেখিতে পাওয়া যায়। উদাহৃত শ্রুতি অনুসারে ইহার অর্থ এই বুঝিতে হইবে, অথর্ব্ববিদ্‌ না পাওয়া গেলে সেই সেই শাখার উক্ত ব্রহ্মত্ব মাত্র দ্বারাই চতুষ্পাৎ যজ্ঞশরীর নিষ্পত্তি হইয়া থাকে। ঐতরেয় ব্রাহ্মণে লিখিত আছে "ব্রহ্মা বিষ্ণুয়েতি ব্রুয়াৎ" (ঐত°ব্রা° ৫।৩৩) এই শ্রুতি ভূঃ ভুবঃ স্ব এই তিন ব্যাহৃতি উপলক্ষে বলা হইয়াছে। কিন্তু বৃহদারণ্যক স্পষ্টতঃই বলিতেছেন, "অস্য মহতো ভূতস্য নিশ্বসিতং এতদ্ যদ্ ঋগ্‌বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্বাঙ্গিরসঃ।" (বৃ°আ° ৪।৪।১০) বাজসনেয়ক অনুসারে তিন বেদের উৎপত্তি শ্রুতি উপলক্ষণতা-দ্বারাই ব্যাখ্যা করা আবশ্যক। তৈত্তিরীয় ব্রাহ্মণে লিখিত হইয়াছে, "বেদৈরশূন্যস্ত্রিভিরেতি সূর্য্যঃ" "ঋগ্‌ভিঃ পূর্ব্বাহ্ণে" (তৈ°ব্রা° ৩।১২।৯।১) পূর্ব্বাহ্ণ, মধ্যাহ্ন ও সায়াহ্ন এই কালত্রয় লক্ষ্য করিয়াই এই শ্রুতি ব্যবহৃত হইয়াছে। বেদ যে চারিটী ইহা সর্ব্বত্রই প্রসিদ্ধ। তাপনীয়োপনিষদে লিখিত হইয়াছে "ঋগ্‌ যজুঃ সামাথর্ব্বাণশ্চ চত্বারো বেদাঃ" (নৃসিংহ পূ°তা° ১)। মুণ্ডকে লিখিত হইয়াছে—

"তত্রাপরা ঋগ্‌বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্ববেদঃ।" (মুঃ১।১) তৈত্তিরীয় ব্রাহ্মণে লিখিত হইয়াছে, "যম্ ঋষয়স্ত্রয়িবিদা বিদুঃ। ঋচসামানি যজুংষি" (তৈ°ব্রা° ১।২।১।২৬) বেদগত মন্ত্রাভিপ্রায়েই বেদের এই ত্রৈবিধ্য অভিপ্রেত হইয়াছে। পদ্য গদ্য ও গীতি রচনার প্রণালী অনুসারেই যে বেদকে ত্রয়ী বলা হইয়াছে, আমরা "ত্রয়ী" শব্দের ব্যাখ্যায় জৈমিনির অভিপ্রায় অবলম্বন করিয়া ইতঃপূর্ব্বে তাহার সবিস্তার আলোচনা করিয়াছি।

এই বেদের সকল মন্ত্রই ঋগ্বেদোক্ত মন্ত্রলক্ষণসমাযুক্ত অন্যতম বেদদ্বয়েরও উপদেশবিজড়িত; এই বেদ অথর্ব্বাখ্য ঋষিকর্ত্তৃক দৃষ্ট, এই জন্য ইহার নাম অথর্ব্ববেদ। আর কেহ কেহ ব্রহ্মকার্য্যের জন্য এই বেদের প্রয়োজনীয়তা নির্দ্দেশ করিয়া ইহাকে ব্রহ্মবেদও বলিয়া থাকেন। অথর্ব্বঋষির দৃষ্ট মন্ত্র-গুলি লইয়া যে এই বেদের সৃষ্টি হয়, তৎসম্বন্ধে এইরূপ একটী পৌরাণিক কিংবদন্তী আছে। পুরাকালে স্বয়ম্ভু ব্রহ্মা সৃষ্টির জন্য দারুণ তপস্যা করেন। সেই সময় তাঁহার সর্ব্বরোমকূপ হইতে স্বেদধারা বিনির্গত হইতে থাকে। সেই স্বেদজাত জলে আপনার ছায়াদর্শনে তাঁহার রেতস্খলিত হয়। তখন সেই রেত সহিত জল দ্বিধা বিভক্ত হইল। তাহার একদিকের রেতঃ ভৃজ্যমান হইয়া ভৃগুনামে মহর্ষি উৎপন্ন হইলেন। সেই ভৃগু স্বীয় উৎপাদক ঋষিপ্রবরকে দেখিতে না পাইয়া তাহাকে দর্শন করার নিমিত্ত উৎসুক হওয়ায় এক দৈববাণী হইল "অথর্ব্বাগ্ এনং এতগ্‌স্বেবাপ্‌স্বিচ্ছ" (গোপথব্রা° ১।৪) এই জন্য তাঁহার অথর্ব্বাখ্যা প্রাপ্তি ঘটে। অবশিষ্ট রেতোযুক্ত জলে আবৃত বরুণশব্দবাচ্য তপ্যমান ঋষির সর্ব্বাঙ্গের রস ক্ষরিত হয়, সেই অঙ্গরসভূত পদার্থ হইতে অঙ্গিরা নামক মহর্ষির উৎপত্তি হয়। তদনন্তর সেই কারণভূত ব্রহ্ম অথর্ব্বা ও অঙ্গি-রাকে অভ্যতপ্ত করিয়াছিলেন। তাহাতে ক্রমে এক দ্বি প্রভৃতি ঋষ্মন্ত্রদ্রষ্টা বিংশতি সংখ্যক অথর্ব্বাঙ্গিরস উৎপন্ন হয়।

তপ্যমান সেই ঋষিগণের সকাশে স্বয়ম্ভু ব্রহ্ম যে সকল মন্ত্র দৃষ্টি করিয়াছিলেন, সেই গুলিই অথর্ব্বাঙ্গিরশব্দবাচ্য বেদ নামে অভিহিত হয়। একর্চাদি ঋষিরা বিংশতি সংখ্যক থাকায় ঐ বেদ বিংশকাণ্ডাত্মক হয়। সর্ব্ববেদের সারতত্ত্ব এই বেদে নিহিত থাকায় ইহা সর্ব্ববেদের শ্রেষ্ঠ বলিয়া বর্ণিত। যথা গোপথব্রাহ্মণে "শ্রেষ্ঠোঽহি বেদস্তপসোধি জাতো ব্রহ্মজ্ঞানং হৃদয়ে সম্বভূব।" (১।৯) "এতদ্বৈ ভূয়িষ্ঠং ব্রহ্ম যদ্ ভৃগ্বঙ্গিরসঃ। যেঽঙ্গিরসঃ স রসঃ। যেঽথর্ব্বাণস্তদ্‌ভেষজম্। যদ্‌ভেষজম্ তদমৃতম্। যদমৃতং তদ্‌ব্রহ্ম।" (৩।৪)

সর্ব্ববেদের সারভূত ব্রহ্মাত্মিক ও ব্রহ্মকর্ত্তব্যতার প্রতিপাদক বলিয়া ইহা ব্রহ্মবেদ নামে পরিকীর্ত্তিত। তথাচ শ্রুতি—

"চত্বারো ইমে বেদা ঋগ্‌বেদো যজুর্ব্বেদঃ সামবেদো ব্রহ্মবেদঃ।"
(গোপথ ২।১৬)

সারবত্ত্ব হেতু ইহার মন্ত্রগুলিও সিদ্ধমন্ত্র বলিয়া খ্যাত। যথা—

"ন তিথি র্ন চ নক্ষত্রং ন গ্রহো ন চ চন্দ্রমাঃ।
অথর্ব্বমন্ত্রসংপ্রাপ্ত্যা সর্ব্বসিদ্ধির্ভবিষ্যতি॥" (অথর্ব্বপরি° ২।৫)

স্কন্দপুরাণের কমলালয়খণ্ডেও লিখিত আছে যে, অথর্ব্বমন্ত্র জপমাত্রেই অভিমত ফললাভ করা যায়।

"যস্তত্রাথর্ব্বাণান্ মন্ত্রান্ জপেচ্ছ্রদ্ধাসমন্বিতঃ।
তেষাং অর্থোদ্ভবং কৃৎস্নং ফলং প্রাপ্নোতি স ধ্রুবম্।"(স্কন্দপু°)

এই বেদের পাঁচটী অঙ্গ। ব্রহ্মাই তাহার স্রষ্টা। উহারা যথাক্রমে সর্পবেদ, পিশাচবেদ, অসুরবেদ,ইতিহাসবেদ, ও পুরাণ-বেদ নামে খ্যাত। (গোপথব্রা° ১।১০)

অথর্ব্ববেদের ব্রাহ্মণগ্রন্থের মধ্যে গোপথব্রাহ্মণই প্রসিদ্ধ। এই গ্রন্থ পূর্ব্ব ও উত্তর এই দুইখণ্ডে এবং সমগ্র গ্রন্থ এগার গোপথ ব্রাহ্মণ প্রপাঠকে বিভক্ত। পূর্ব্বার্দ্ধে ৬ এবং উত্ত-রার্দ্ধে ৫ প্রপাঠক আছে। পূর্ব্বার্দ্ধে নানাপ্রকার আখ্যান ও

অন্যান্য বহুল বিষয়ের আলোচনা আছে। উত্তরার্দ্ধে কর্ম্মকাণ্ডের আলোচনা দেখিতে পাওয়া যায়।

অথর্ব্ববেদের প্রতিপাদ্য বিষয়।

ত্রয়িবিহিত দর্শপূর্ণমাসাদি কর্ম্মের অপেক্ষিত ব্রহ্মত্ব অন্যবেদে অলভ্য, কেবল অথর্ব্ব বেদেরই সমধিগম্য। এই গ্রন্থে নানা ঐহিকফল, শান্তি ও পুষ্টি কর্ম্ম, রাজকর্ম্ম ও তুলাপুরুষ মহাদানাদি এবং পৌরোহিত্য ও রাজ্যাভিষেকাদি বিষয় বর্ণিত দেখা যায়। যথা—

"পৌরোহিত্য শান্তিকপৌষ্টিকানি রাজ্ঞাং অথর্ব্ববেদেন কারয়েৎ ব্রহ্মত্বং চ।" (বিষ্ণুপুরাণ)

"শান্তিপুষ্ট্যভিচারার্থা একব্রহ্মাত্বিগাশ্রয়াঃ।
ক্রিয়স্তেঽথর্ব্ববেদেন ত্রয্যেবাত্মীয়গোচরাঃ।" (ভট্টাচার্য্য)

"অভিষিক্তোথর্ব্বমন্ত্রৈর্ম্মহীং ভুঙ্‌ক্তে সসাগরাম্।" (মার্কণ্ডেয়পুরাণ)

"পুরোহিতং তথাথর্ব্বমন্ত্রব্রাহ্মণপারগম্।" (মৎস্যপুরাণ)

"যস্য রাজ্ঞো জনপদে অথর্ব্বা শান্তিপারগঃ।
নিবসত্যপি তদ্‌রাষ্ট্রং বর্দ্ধতে নিরুপদ্রবম্॥
তস্মাদ্‌রাজা বিশেষেণ অথর্ব্বাণং জিতেন্দ্রিয়ম্।
দানসম্মানসৎকারৈর্নিত্যং সমভিপূজয়েৎ॥"

(অথর্ব্বপরিশিষ্ট ৪।৬)

"ত্রয্যাং চ দণ্ডনীত্যাং চ কুশলঃ স্যাৎ পুরোহিতঃ।
অথর্ব্ববিহিতং কর্ম্ম কুর্য্যাচ্ছান্তিকপৌষ্টিকম্॥" (নীতিশাস্ত্র)

ঐহিকামুষ্মিক সকল পুরুষার্থ পরিজ্ঞানের উপায় স্বরূপ এই অথর্ব্ববেদের নয়টী শাখা আছে। যথা—

"পৈপ্পলাদা স্তৌদা মৌজাঃ শৌনকীয়া জাজলা জলদা ব্রহ্মবদা দেবদর্শা শ্চারণবৈদ্যাশ্চেতি।"

এই সকল শাখার মধ্যে শৌনকাদি চারিটী শাখার অনুমোদিত অথর্ব্ববেদ-সংহিতার অনুবাক্, সূক্ত এবং ঋগাদির কর্ম্মকাণ্ডীয় বিনিয়োগের নিমিত্ত গোপথব্রাহ্মণ অবলম্বন করিয়া পাঁচখানি "সূত্রগ্রন্থ" পরিকল্পিত হইয়াছে; যথা—কৌশিকসূত্র, বৈতানসূত্র, নক্ষত্রকল্পসূত্র, আঙ্গিরসকল্পসূত্র ও শান্তিকল্পসূত্র। তদ্ যথা—

"নক্ষত্রকল্পো বৈতানস্তৃতীয়ঃ সংহিতাবিধিঃ।
তুর্য্য আঙ্গিরসঃ কল্পঃ শান্তিকল্পস্তু পঞ্চমঃ।"

(উপবর্ষাচার্য্য—কল্পসূত্রাধিকরণ)

এই প্রমাণ বচনে "কৌশিক সূত্রের" স্থলে "সংহিতাবিধি" নামের উল্লেখ করা হইয়াছে। সায়ণাচার্য্য সংহিতাবিধি নামের ব্যাখ্যা করিয়া লিখিয়াছেন,—"তত্র সাকল্যেন সংহিতামন্ত্রাণাং শান্তিপৌষ্টিকাদিষু কর্ম্মসু বিনিয়োগবিধানাৎ সংহিতাবিধির্নাম কৌশিকসূত্রম্।"

অর্থাৎ শান্তি ও পুষ্টি কর্ম্মাদি সম্বন্ধে সংহিতামন্ত্রসমূহের সাকল্যে বিনিয়োগ-বিধান, এই সূত্রগ্রন্থে বিবৃত হইয়াছে বলিয়াই ইহার নাম সংহিতাবিধিসূত্র বা কৌশিকসূত্র। বহুল সূত্রগ্রন্থে অথর্ব্ববেদের প্রতিপাদ্য কর্ম্মগুলির বিধান বিপ্রকীর্ণভাবে ব্যবহিত আথর্ব্বণ সূত্র। হইয়াছিল। তাহাতে এই সকল বিষয় প্রকৃতপক্ষেই দুর্ব্বোধ্য বলিয়া প্রতিভাত হইত। ঐ সকল কর্ম্মকাণ্ডীয় বিধানের সুখাববোধের নিমিত্ত সকল গুলিই এই গ্রন্থে সংগৃহীত হইয়াছে। এই কৌশিকসূত্র গ্রন্থখানি বহুল ইতর সূত্রগ্রন্থের কোশবৎ উপজীব্যস্বরূপ, সুতরাং এই সূত্রগ্রন্থখানি অথর্ব্ববেদীয় সূত্রগ্রন্থসমূহের প্রধানতম।

এই কৌশিকসূত্রগ্রন্থে কি কি কর্ম্মসম্পাদনের বিষয় বিবৃত হইয়াছে, নিম্নে তাহা লিখিত হইল,—

১ স্থালীপাকবিধানে দর্শপূর্ণ-মাসবিধি, ২ মেধাজনন, ৩ ব্রহ্মচারিসম্পদ্, ৪ গ্রামদুর্গরাষ্ট্রাদি লাভবিষয়, ৫ পুত্র-পশু ধন-ধান্য-প্রজা-স্ত্রী-করি তুরগ-রথান্দোলিকাদি সর্ব্বসম্পৎসাধকসমূহ, ৬ মানবগণের ঐকমত্য-সম্পাদক সামনস্যাদি।

অতঃপর রাজকর্ম্মসমুদায় উক্ত হইয়াছে; তদ্‌যথা—শত্রুহস্তিত্রাসন, সংগ্রাম-বিজয়সাধন, ইষুনিবারণার্থ খড়্গাদি সর্ব্বশস্ত্রনিবারণ, শত্রুপক্ষীয় সেনার মোহন, উদ্বেজন, স্তম্ভন ও উচ্চাটন, স্বীয় সেনার উৎসাহবর্দ্ধন ও অভয়রক্ষা, সংগ্রামে জয় ও পরাজয়পরীক্ষা, সেনাপতি প্রভৃতি প্রধান নায়কদিগকে জয়করণ, পর সেনার সঞ্চরণ প্রদেশে অভিমন্ত্রিত পাশাসি-কশাদি-প্রহরণ প্রক্ষেপণ, জয়কামী রাজার রথে আরোহণ ও রণক্ষেত্রে অভিমন্ত্রিত ভেরীপটহাদি সর্ব্বপ্রকার বাদিত্রতাড়ন, সপত্নক্ষয়কর্ম্ম, শত্রুকর্ত্তৃক উৎসাদিত রাজার স্বরাষ্ট্রপ্রবেশোপায় ও রাজ্যাভিষেক; পাপক্ষয়, নির্ঋতিকর্ম্ম, চিত্রাকর্ম্মাদি, পৌষ্টিককর্ম্ম, গোসমৃদ্ধি কর্ম্ম, লক্ষ্মীকর কার্য্য, পুষ্টির নিমিত্ত মণিবন্ধনাদি, কৃষিপুষ্টিকর কর্ম্ম, অনড়ুৎসমৃদ্ধিকরকার্য্য, গৃহসম্পৎকরকার্য্য, নবশালানির্ম্মাণবিষয়, বৃষোৎসর্গ, আগ্রহায়ণীয় কর্ম্ম, জন্মান্তরকৃত পাপজন্য দুশ্চিকিৎস্য বিবিধরোগের চিকিৎসা, (তন্মধ্যে জ্বর, অতিসার, বহুমূত্র ও সর্ব্বব্যাধি বিশেষভাবে বর্ণিত), শস্ত্রাদির অভিঘাতদ্বারা প্রবাহিত রুধিরের নিরোধকর্ম্ম, ভূত-প্রেত-পিশাচপিশাচী-ব্রহ্মরাক্ষস-বালগ্রহাদি নিবারণ, বাত-পিত্ত-শ্লেষ্মার ঔষধব্যবস্থা, হৃদ্‌রোগ ও কামিলাশ্বিত্র-নিবারণ, সন্তত জ্বর, একাহিকাদি বিষমজ্বর, রাজযক্ষ্মা ও জলোদর নিবারণ, গবাশ্বাদির কৃমিহরণ, কন্দমূল-সর্পবৃশ্চিক প্রভৃতি স্থাবর ও জঙ্গম-বিষনিবারণ, শিরঃ, অক্ষি, নাসিকা, জিহ্বা, কর্ণ ও গ্রীবাদিরোগের ঔষধব্যবস্থা, ব্রাহ্মণাদির আক্রোশনিবারণ, পক্ষাঘাতাদি বিবিধরোগের চিকিৎসা, পুত্রাদিকাম স্ত্রীকর্ম্ম, সুখপ্রসব কর্ম্ম, গর্ভাধান,

গর্ভসংগ্রহণ ও পুংসবনাদি কর্ম্ম, সৌভাগ্যকরণ, রাজাদির মন্যু-নিবারণ, অভীষ্টসিদ্ধ্যসিদ্ধিবিজ্ঞান, দুর্দিনাশনতিবৃষ্টি-নিবারণ, সভাজয়, বিবাদজয় ও কলহ-শমন, স্ব-ইচ্ছায় নদীপ্রবাহকরণ, বৃষ্টিকর্ম্ম, অর্থোত্থাপন কর্ম্ম, দ্যূতজয় কর্ম্ম, গোবংসবিরোধ নিবারণ, অশ্বশান্তি, বাণিজ্যলাভ কর্ম্ম, স্ত্রীলোকের পাপলক্ষণ নিবারণ, বাস্তুসংস্কারকর্ম্ম, গৃহপ্রবেশকর্ম্ম, কপোতবায়সাদি কর্তৃক উপহত গৃহের শান্তিবিধি, দুষ্প্রতিগ্রহ ও আজ্যযাজনাদি দোষনিবারণ, দুঃস্বপ্ন নিবারণ, পুত্রের প প-নক্ষত্রজন্মের শান্তি, ঋণাপনোদন, দুঃশকুনশান্তি আভিচারিকাদি কর্ম্ম, পরকৃতাভিচার-নিবারণ, স্বস্ত্যয়নাদি, আয়ুষ্যকর্ম্ম, জাতকর্ম্ম, নামকরণ ও চূড়াকরণোপনয়নাদি, একাগ্নিসাধ্য কাম্যযাগসমূহ; ব্রহ্মৌদন স্বর্গৌদনাদি দ্বাবিংশতি সব যজ্ঞ, ক্রব্যাচ্ছমন, আবসথ্যাধান, বিবাহ, পিতৃমেধিক কর্ম্ম, পিণ্ডপিতৃযজ্ঞ, মধুপর্ক, পাংশুরুধির-বর্ষণ, যক্ষ-রাক্ষসাদি দর্শন, ভূকম্প, ধূমকেতু ও চন্দ্রার্কোপপ্লবাদি বহুবিধ উৎপাত শান্তি, আজ্যতন্ত্রবিধি, অষ্টকাকর্ম্ম, ইন্দ্রমহ এবং সর্ব্বশেষে অধ্যয়নবিধি।

বৈতানসূত্রে অয়নান্তনিষ্পাদ্য ত্রয়ীবিহিত দর্শপূর্ণমাসাদি কর্ম্মের ব্রহ্মা, ব্রাহ্মণাচ্ছংসী, আগ্নীধ্র ও পোতা এই চারি ঋত্বিক্ কর্ম্মের কর্ত্তব্যতা প্রতিপাদিত হইয়াছে। এ বিষয়ে অনুজ্ঞান মন্ত্রাদি ব্রহ্মের, শস্ত্রাদি ব্রাহ্মণাচ্ছংসীর, অন্বাহার্য্যশ্রপণপ্রস্থিত আজ্যাদি আগ্নীধ্রের এবং প্রস্থিত আজ্যাদি পোতার, এই বিভাগ দৃষ্ট হয়। এতদ্বিষয়ে কর্ম্মক্রম কিরূপ, তাহাই পরে যথাক্রমে বর্ণিত হইয়াছে। যথা—প্রথম দর্শপূর্ণমাস, তদনন্তর অগ্ন্যাধান, অগ্নিহোত্র, আগ্রয়ণেষ্টি, চাতুর্ম্মাস্য, বিশ্বদেব, বরুণপ্রঘাস, শাকমেধ, শুনাসীরী, পশুযাগ, অগ্নিষ্টোমোক্থ্য, ষোড়শ অতিরাত্রাত্মক, প্রকৃতিভূত ও চতুঃসংস্থ সোমযাগ, বাজপেয়, অপ্তোর্যাম, অগ্নিচয়ন, সৌত্রামণী, মৈত্রাবরুণসম্বন্ধীয় ইষ্টেষ্টি, গবাময়ন, রাজসূয়, অশ্বমেধ, পুরুষমেধ, সর্ব্বমেধ, বৃহস্পতি-সব, গোসবাদি একাহ, সোমযাগ, ব্যুষ্টিদ্বিরাত্র, প্রকৃতি ও অহীন যজ্ঞ, রাত্রিসত্রসমূহ, সাম্বৎসরিক অয়ন, দর্শপূর্ণমাসায়ন।

নক্ষত্রকল্পে প্রথমে কৃত্তিকাদি নক্ষত্রের পূজা ও হোম; তাহার পর অদ্ভুত মহাশান্তি, নৈর্ঋতকর্ম্ম, অমৃত হইতে অভয় পর্য্যন্ত ত্রিংশৎ মহাশান্তির নিমিত্তভেদে কর্ত্তব্যতা। তদ্‌যথা—দিব্যান্তরিক্ষভূমে উৎপাত হইতে অমৃতাখ্য মহাশান্তি। গতায়ুর পুনর্জ্জীবনপ্রাপ্তির জন্য বৈশ্বদেবী। অগ্নিভয় নিবৃত্তিহেতু ও সর্ব্বকামনাপ্রাপ্তির জন্য আগ্নেয়ী। নক্ষত্র ও গ্রহোপসৃষ্ট ভয়ার্ত্ত রোগীর রোগমুক্তির জন্য ভার্গবী। ব্রহ্মবর্চ্চসকামীর বস্ত্রশয়ন ও অগ্নিজ্বলনের নিমিত্ত ব্রাহ্মী। রাজ্যশ্রী ও ব্রহ্মবর্চ্চসকামীর নিমিত্ত বার্হস্পতী। প্রজা, পশু ও অন্নলাভ এবং প্রজাক্ষয় নিবৃত্তির জন্য প্রাজাপত্য। শুদ্ধিকামীর জন্য সাবিত্রী। ছন্দঃ ও ব্রহ্মবর্চ্চ-কামীর গায়ত্রী। সম্পৎকামী এবং অভিচারক কর্তৃক অভিচর্য্যমাণ ব্যক্তির পক্ষে আঙ্গিরসী। বিজয়বলপুষ্টিকামীও পরচক্রোদ্বেজনকামীর ঐন্দ্রী। অদ্ভুতবিকারনিবৃত্তি করিতে ইচ্ছুক ও রাজ্যকামনাকারীর জন্য মাহেন্দ্রী। ধনকামী বা ধনক্ষয়-নিবৃত্তিকামীর জন্য কৌবেরী। বিদ্যা, তেজঃ ও ধনায়ুষ্কামীর আদিত্যা। অন্নকামীর বৈষ্ণবী। ভূতিকাম ও বাস্তুসংস্কার কর্ম্মে বাস্তোষ্পত্যা। রোগার্ত্ত ও আপদ্‌গ্রস্তের জন্য রৌদ্রী। বিজয়কামনাকারীর পক্ষে অপরাজিতা। যমভয়ে যাম্যা। জলভয়ে বারুণী। বাত্যাভয়ে বায়বী। কুলক্ষয়নিবৃত্তির জন্য সন্ততী। বস্ত্রক্ষয়নিবৃত্তির নিমিত্ত ত্বাষ্ট্রী। বালকের ব্যাধিনিবৃত্তির নিমিত্ত কৌমারী। নির্ঋতিগ্রস্তের জন্য নৈর্ঋতী। বলকামীর মারুদ্‌গণী। অশ্বক্ষয়নিবৃত্তির নিমিত্ত গান্ধর্ব্বী। গজক্ষয়শান্তির জন্য পারাবতী। ভূমিকামনাকারীর জন্য পার্থিবী এবং ভয়ার্ত্তের ভয়া নামক মহাশান্তি।

আঙ্গিরসকল্পে—অভিচার কর্ম্মকালে কর্ত্তা ও কারয়িতা সদস্যগণের আত্মরক্ষাকরণ-বিধি কীর্ত্তিত আছে। তার পর অভিচারের উপযুক্ত দেশ, কাল, মণ্ডপ, কর্ত্তা ও কারয়িতার দীক্ষাদি ধর্ম্ম, সমিধ্ ও আজ্যাদিসম্ভার নিরূপণ প্রভৃতি বিষয় বর্ণিত দেখা যায়। তদনন্তর অভিচারকর্ম্মসমূহ এবং পরকৃতাভিচার-নিবারণ ও অন্যান্য কর্ম্মাদি।

শান্তিকল্পের প্রথমে বৈনায়কগ্রহগৃহীত লক্ষণ। তাহার শান্তির জন্য দ্রব্যসম্ভার আহরণের ব্যবস্থা। অভিষেক ও বৈনায়ক হোমাদি। তৎপূজাবিধান, ও আদিত্যাদি নবগ্রহযজ্ঞাদি ব্যাপার এই কল্পে সন্নিবিষ্ট।

এই সকল কল্পে যে রাজ্যাভিষেকের ব্যাপার বর্ণিত হইয়াছে, তাহাতে উপযুক্ত দ্রব্য-প্রকৃতি, দ্রব্যপরিগ্রহ ও পুরোহিত বরণাদি শেষ পর্য্যন্ত সমুদায় কার্য্যই বুঝায়। প্রথমে রাজ্যাভিষেক—প্রাতঃকালে প্রাতর্বস্ত্র, গন্ধ, অলঙ্কার, সিংহাসন, অশ্ব, গজ, আন্দোলিকা, খড়্গ, ধ্বজ, চামরাদি, তত্তদ্‌মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া রাজাকে প্রদানই পুরোহিতের কর্ম্ম। সুবর্ণধেনু, তিল ও ভূমিদানাদি রাজার দৈনিক কর্ত্তব্যতা। পূজিত পিষ্টময় সদীপ রাত্রিপ্রতিমাদ্বারা রাজার নীরাজন। রক্ষাকরণ ইত্যাদি পুরোহিতের রাত্রিকর্ম্ম। রাজার পুষ্যাভিষেক। রাত্রিতে রাজার আরত্রিকবিধান। প্রাতঃকালে প্রাতর্দ্যূত দর্শন। কপিলাদান। তিলধেনুদান। রসাদি ধেনু। কৃষ্ণাজিন দান। ভূমিদান। তুলাপুরুষবিধি। আদিত্য মণ্ডলাকার অপূপ দান। হিরণ্যগর্ভ বিধি। হস্তিরথদান। কনকাশ্বাদি দশ মহাদান। অশ্বরথদান। গোসহস্রবিধি। বৃষোৎসর্গ। কোটি-

হোম। লক্ষহোম। অযুতহোম। ঘৃতকমল বিধি। তটাক প্রতিষ্ঠা, পাশুপতব্রত ইত্যাদি অন্যান্য দানব্রত।

কিরূপে কোন্ দিকে এবং কোন্ স্থানে এই সকল ব্যাপার সাধন করিতে হয়; তাহাও উক্ত গ্রন্থে লিখিত আছে। নিত্য নৈমিত্তিক ও কাম্য ভেদে ইহা তিন প্রকার। যথা,—জাতকর্ম্মাদি নিত্য, দুর্দ্দিনাশনিনিবারণাশ্বশান্ত্যদ্ভুত কর্ম্ম নৈমিত্তিক এবং মেধাজননগ্রামসম্পদাদি কাম্য। এই নিত্য ও নৈমিত্তক কার্য্য অবশ্য অনুষ্ঠেয় এবং গ্রামের বাহিরে পূর্ব্বোত্তরে মহানদী বা তটাকের উত্তরকূলে করিতে হয়।

"পুরস্তাদুত্তরতোঽরণ্যে কর্ম্মণাং প্রয়োগ উত্তরত উদকান্তে।"

(কৌশিকসূত্র ১।৭)

পুংসবনাদি নিত্যকর্ম্ম গৃহে এবং আভিচারিক কর্ম্ম গ্রামের দক্ষিণদেশে কৃষ্ণপক্ষে কৃত্তিকানক্ষত্রে সম্পাদনীয়। (কৌশিকসূ°৬।১)

শুভনিত্যকর্ম্ম সমূহের কাল পর্ব্বদ্বয় ও পুণ্য নক্ষত্রযুক্ত তিথি।

"অমাবস্যা পৌর্ণমাসী পুণ্যনক্ষত্রযুক্ তিথিঃ।

এতএব ত্রয়ঃ কালাঃ সর্ব্বেষাং কর্ম্মণাং স্মৃতাঃ॥

অদ্ভুতানাং সদাকালং আরম্ভঃ সর্ব্বকর্ম্মণাম্॥" (রুদ্রভাষ্য)

অপর সকল বেদ হইতে অথর্ব্ববেদীয় উপনিষদের সংখ্যাই আথর্ব্বণ উপনিষৎ। অধিক, পূর্ব্বেই দেখাইয়াছি অথর্ব্ববেদ ব্রহ্মবেদ বলিয়া পরিচিত। ব্রহ্মতত্ত্বপ্রকাশই উপনিষদের উদ্দেশ্য।

"অত্র চোপনিষচ্ছব্দো ব্রহ্ম বিদ্যৈকগোচরঃ।"

সুতরাং অধিকাংশ উপনিষৎই যে ব্রহ্মবেদের অঙ্গ বলিয়া গণ্য হইবে, তাহাতে আর সন্দেহ কি? বিদ্যারণ্য স্বামী "সর্ব্বোপনিষদর্থানুভূতিপ্রকাশ" নামক গ্রন্থে মুণ্ডক, প্রশ্ন ও নৃসিংহোত্তর তাপনীয় এই তিন খানি উপনিষদকেই অথর্ব্ববেদীয় আদি উপনিষদ্ বলিয়াপ্রকাশ করিয়াছেন। কিন্তু শঙ্করাচার্য্য মুণ্ডক,মাণ্ডুক্য, প্রশ্ন ও নৃসিংহতাপিনী এই চারিখানিকেই প্রধান আথর্ব্বণ উপনিষদ্ বলিয়া গ্রহণ করিয়াছেন। এমন কি বাদরায়ণ তাঁহার বেদান্ত সূত্রে এই চারি উপনিষদের প্রমাণ বহুবার উদ্ধৃত করিয়াছেন। মুণ্ডিত মস্তক এক শ্রেণির ভিক্ষু হইতেই মুণ্ডকোপনিষদের নামকরণ হয়। কোন কোন পাশ্চাত্য পণ্ডিত এখানিকে ছন্দোগ্যোপনিষদের পূর্ব্ববর্ত্তী এবং শ্বেতাশ্বতর ও বৃহদারণ্যকের সমকালীন বলিয়া মনে করেন। ব্রহ্ম কি এবং কিরূপে তাঁহাকে বুঝা যায় ও পাওয়া যায় এই উপনিষদে সবিস্তার বর্ণিত হইয়াছে। শঙ্করাচার্য্য, আনন্দতীর্থ, দামোদরাচার্য্য, নরহরি, ভট্ট ভাস্কর, রঙ্গরামানুজ, নারায়ণ, ব্যাসতীর্থ, শঙ্করানন্দ, বিজ্ঞান ভিক্ষু, ও নরসিংহযতি এই উপনিষদের ভাষ্য বা বৃত্তি প্রকাশ করেন। ইহার শাঙ্করভাষ্যের উপরও কএকখানি টীকা দেখা যায়, তন্মধ্যে আনন্দতীর্থ ও অভিনব নারায়ণেন্দ্র সরস্বতীর রচিত ভাষ্যটীকাই প্রধান।

প্রশ্নোপনিষদ্ গদ্যে রচিত। ঋষি পিপ্পলাদের ব্রহ্মজিজ্ঞাসু শিষ্য ছয় জন গুরুকে বেদান্তের মূল ষট্তত্ত্বের প্রশ্ন করেন, সেই ছয় প্রশ্নোত্তর লইয়াই প্রশ্নোপনিষদ্। প্রজাপতি হইতে অসৎ ও প্রাণের উৎপত্তি, অপর চিৎশক্তি হইতে প্রাণের শ্রেষ্ঠতা, চিৎশক্তি গুলির লক্ষণ ও বিভাগ,সুষুপ্তি, ও তুরীয়াবস্থা, ওম্কারধ্যাননির্ণয় ও ষোড়শেন্দ্রিয় এই ছয়টী বিষয়ই প্রশ্নোপনিষদের প্রতিপাদ্য। শঙ্করাচার্য্য প্রশ্নোপনিষদের ভাষ্যকার। আনন্দতীর্থ, শ্রীনিবাস, জ্ঞানেন্দ্র সরস্বতী, দামোদরাচার্য্য, ধর্ম্মরাজ, বালকৃষ্ণানন্দ, রঙ্গরামানুজ, রামানুজমুনি, নারায়ণ, বিজ্ঞান ভিক্ষু ও শঙ্করানন্দ ইহারা বৃত্তিকার। আনন্দতীর্থ, নারায়ণেন্দ্র সরস্বতী প্রভৃতি উক্ত শাঙ্করভাষ্যের টীকা করিয়াছেন।

মাণ্ডুক্যোপনিষদ্খানি অতি ক্ষুদ্র গদ্য গ্রন্থ। ক্ষুদ্র হইলেও সর্ব্বপ্রধান বলিয়া গণ্য। মৈত্রীয়ণোপনিষদের সহিত ইহার প্রতিপাদ্য বিষয়ের মিল থাকায় অনেকে মৈত্রায়ণোপনিষদের পরবর্ত্তী বলিয়া মনে করেন। গৌড়াপাদাচার্য্য এই উপনিষদের কারিকা, শঙ্করাচার্য্যভাষ্য ও বিজ্ঞান ভিক্ষু 'আলোক' নামে ব্যাখ্যা, আনন্দতীর্থ, মথুরানাথ শুক্ল, ও রঙ্গরামানুজ ভাষ্যটীকা, আনন্দতীর্থ ক্ষুদ্রভাষ্য, রাঘবেন্দ্র, ব্যাসতীর্থ ও শ্রীনিবাসতীর্থ উক্ত আনন্দভাষ্যের টীকা, এতদ্ব্যতীত নারায়ণ, শঙ্করানন্দ, ব্রহ্মানন্দ সরস্বতী, রাঘবেন্দ্র প্রভৃতি দীপিকা বা বৃত্তি রচনা করেন।

নৃসিংহতাপনী পূর্ব্ব ও উত্তর এই দুই ভাগে বিভক্ত। পূর্ব্বতাপনীর মাত্র শাঙ্করভাষ্য পাওয়া যায়। কিন্তু গৌড়পাদ, উত্তর তাপনীর কারিকা শঙ্করাচার্য্য ও পুরুষোত্তম এই দুই জনে ভাষ্য এবং নারায়ণ ও শঙ্করানন্দ 'দীপিকা' নামে বৃত্তি করিয়া গিয়াছেন।

উক্ত চারিখানি ব্যতীত মুক্তিকোপনিষদ্ হইতে আরও ৯৩ খানি আথর্ব্বণ উপনিষদের নাম পাওয়া যায়। যথা—

৫ অক্ষ, ৬ অক্ষমালিকা, ৭ অদ্বয়, ৮ অধ্যাত্ম, ৯ অন্নপূর্ণা, ১০ অথর্ব্বশিখা, ১১ অথর্ব্বশিরঃ, ১২ অমৃতনাদ, ১৩ অমৃতবিন্দু, ১৪ অবধূত, ১৫ অব্যক্ত, ১৬ আত্মা, ১৭ আত্মবোধ, ১৮ আরুণি, ১৯ একাক্ষর, ২০ কঠরুদ্র, ২১ কলিসন্তরণ, ২২ কালাগ্নিরুদ্র, ২৩ কুণ্ডিকা, ২৪ কৃষ্ণ, ২৫ কৈবল্য, ২৬ ক্ষুরিক, ২৭ গণপতি, ২৮ গর্ভ, ২৯ গারুড়, ৩০ গোপালতাপনী, ৩১ চূড়া, ৩২ জাবদর্শন, ৩৩ জাবাল, ৩৪ জাবালি, ৩৫ তাপনী, ৩৬ তারসার, ৩৭ তুরীয়াতীত, ৩৮ তেজোবিন্দু, ৩৯ ত্রিপুরা, ৪০ ত্রিপুরাতাপন, ৪১ ত্রিশিখা, ৪২ দত্তাত্রেয়, ৪৩ দক্ষিণামূর্ত্তি, ৪৪ দেবী, ৪৫ ধ্যানবিন্দু, ৪৬ নাদবিন্দু, ৪৭ নারায়ণ, ৪৮ নিরালম্ব, ৪৯ নির্ব্বাণ, ৫০ পঞ্চব্রহ্ম, ৫১ পরব্রহ্ম, ৫২ পরমহংস, ৫৩ পরমহংসপরিব্রাজক,

৫৪ পরিব্রাজ ৫৫ পাশুপত, ৫৬ পৈঙ্গল, ৫৭ প্রাণাগ্নিহোত্র, ৫৮ বৃহজ্জাবাল, ৫৯ ব্রহ্ম, ৬০ ভস্মজাবাল, ৬১ ভাবনা, ৬২ ভিক্ষু, ৬৩ মণ্ডল, ৬৪ মন্ত্রিক, ৬৫ মহৎ, ৬৬ মহা-নারায়ণ, ৬৭ মহাবাক্য, ৬৮ মুক্তিকা, ৬৯ মুদ্গল ৭০ মৈত্রেয়ী, ৭১ যাজ্ঞবল্ক্য, ৭২ যোগকুণ্ডলী, ৭৩ যোগতত্ত্ব, ৭৪ যোগশিক্ষা, ৭৫ রহস্য, ৭৬ রামতাপনী, ৭৭ রামরহস্য, ৭৮ রুদ্রাক্ষ, ৭৯ বজ্রসূচি, ৮০ বরাহ, ৮১ বাসুদেব, ৮২ বিদ্যা, ৮৩ শরভ, ১৪ শাট্যায়নী, ৮৫ শাণ্ডিল্য, ৮৬ শারীর, ৮৭ সন্ন্যাস, ৮৮ সরস্বতীরহস্য, ৮৯ সর্ব্বসার, ৯০ সাবিত্রী, ৯১ সীতা, ৯২ সুবাল, ৯৩ সূর্য্য ৯৪ সৌভাগ্য, ৯৫ স্কন্দ, ৯৬ হয়গ্রীব ও ৯৭ হৃদয়।

এ ছাড়া আরও বহু আথর্ব্বণ উপনিষদের নাম শুনা যায়, সকল একত্র করিলে দুই শতাধিক হইতে পারে। সেগুলি আধুনিক। বাহুল্য ভয়ে নাম লিখিত হইল না।

বৈদিক আর্য্যাবাস।

আর্য্যাবর্ত্তই আর্য্যদিগের আদি আবাসভূমি। এখানে একমাত্র আর্য্যজাতিই প্রধান ছিলেন এবং তাঁহারা পুনঃ পুনঃ এই স্থানে জন্ম-পরিগ্রহ করিয়া লীলা করিয়া গিয়াছেন বলিয়াই ইহার নাম আর্য্যাবর্ত্ত। মনু ২।২২ টীকায় কুল্লূক লিখিয়াছেন—"আর্য্যা অত্রাবর্ত্তন্তে পুনঃ পুনরুদ্ভবন্তীত্যার্য্যাবর্ত্তঃ।" "আর্য্যঃ ঈশ্বরপুত্রঃ" (যাস্ক ৬।৫।৩) বেদের শাখাবিভাগপ্রসঙ্গে দেখাইয়াছি যে, ব্রহ্মাণ্ডপুরাণমতে আদি ঋষিগণই ঈশ্বর বলিয়া অভিহিত। তাঁহাদের পুত্রগণই যাস্কমতে আর্য্য। যে স্থানে সেই আর্য্যগণ জন্মগ্রহণ ও বাস করিতেন, সেই স্থানই আর্য্যাবর্ত্ত।

এই আর্য্যাবাস কোথায়? আমরা ঋক্‌সংহিতা হইতে জানিতে পারি যে, হিমবৎপৃষ্ঠের দক্ষিণভাগে অবস্থিত সুবাস্তু জনপদ প্রকৃতআর্য্যাবর্ত্তের পূর্ব্বদিকে অবস্থিত ছিল। যাস্ক লিখিয়াছেন, "সুবাস্তুর্নদী তুগ্র তীর্থং ভবতি তূর্ণ মেতদায়ন্তি।" (৪।২।৭)

প্রসিদ্ধ বৈয়াকরণ পাণিনিও "সুবাস্ত্বাদিভ্যোঽণ্" (৪।২।৭৭) সূত্রে সুবাস্তুজনপদের পরিচয় দিয়া গিয়াছেন। পাণিনির সময়ে এই জনপদ যে আর্য্যগণের বাসভূমি বলিয়া প্রখ্যাত ছিল, উক্ত সূত্রই তাহার প্রমাণ। আর্য্যাবর্ত্ত শব্দে দেখাইয়াছি বর্ত্তমান স্বাৎ বা সুবাৎ নদীই বৈদিক সুবাস্তু।

[আর্য্যাবর্ত্ত শব্দে আর্য্যাবর্ত্তের প্রাচীন মানচিত্র দ্রষ্টব্য।]

ঋক্‌সংহিতার ৫।৫৩।৯ মন্ত্রে লিখিত আছে যে, রসা, অনিতভা, কুভা, সিন্ধু ও জলময়ী সরযু যেন জলপ্লাবনাদি দ্বারা বিহরণের বাধা না জন্মায়। উক্ত মন্ত্রোক্ত নদী সকলের সংস্থান নির্ণয় করিয়া আমরা পূর্ব্বতন আর্য্যাবর্ত্তের একটী সীমা নির্দ্দেশ করিতে সমর্থ হই। উজ্জিহান প্রদেশের সুবাস্তু নদী-তীরস্থ সুবাস্তু-জনপদ হইতে বহু উত্তরে অবস্থিত রসা নদীই এই আর্য্যাবাসের উত্তর সীমা। বর্ত্তমান সময়ে কাবুল নদী নামে খ্যাত হীনপ্রভবা কুভাই পশ্চিমসীমা। তক্ষশিলাপ্রদেশীয় সরযুনদীই ইহার পূর্ব্বসীমা এবং কুভার দক্ষিণে ক্রুমু-সিন্ধু-সঙ্গমই ইহার দক্ষিণসীমা।

এই সুবাস্তুপ্রদেশের পশ্চিমদিকে অবস্থিত নিষধ পর্ব্বতেও আর্য্যগণ বাস করিতেন। ঋক্ ১।১০৪।১ মন্ত্রের "যোনিষ্ট ইন্দ্র নিষদে অকারি" হইতে নিষদে আর্য্যাধিকার উপলব্ধি হয়। শতপথব্রাহ্মণের ৩।৩।২।১-২ মন্ত্রে "নড়ো নৈষিধঃ" পদের উল্লেখ আছে। আবার ১।১০৪।৪ ঋঙ্‌মন্ত্রে অঞ্জসী, কুলিশী ও বীর-পত্নী ক্রমু নদীত্রয়ের প্লাবন হইতে রাজার নাভি (অর্থাৎ প্রধানা-বাস বা রাজধানী) রক্ষা করিবার কথা আছে। ঐ সকল নদী কোথায় প্রবাহিত ছিল? অঞ্জসী সুবাস্তু হইতে ঈশানকোণে দক্ষিণাভিমুখে বহমানা, কুলিশী সুবাস্তু হইতে বায়ুকোণে দক্ষিণাভিমুখে বহমানা এবং বীরপত্নী অগ্নিকোণ হইতে দক্ষিণাভিমুখে বহমানা।

এইরূপে ক্রমে সুবাস্তু হইতে পূর্ব্বদিকে বহুদূরে অবস্থিত শ্রীকণ্ঠশৈলসমুদ্ভূত জহ্নুমুনির আশ্রমতলবাহিনী জহ্নাবী নদীতট পর্য্যন্ত আর্য্যাবাস বিস্তৃত হইয়াছিল। ঋক্‌সংহিতার "পুরাণমোকঃ সখ্যং শিবং বাং যুবোর্নরা দ্রবিণং জহ্নাব্যাম্।" (৩।৫৮।৬) মন্ত্রোক্ত জহ্নাবীপ্রদেশ জহ্নাবীতীরে অবস্থিত ছিল। ইহা পঞ্জকোরার পূর্ব্বে, সিন্ধুর পশ্চিমে ও বর্ণুর (বুনার) উত্তরে এবং সুবাস্তু জনপদের সন্নিকটে ছিল। [আর্য্য ও আর্য্যাবর্ত্ত দেখ]

অতঃপর এখান হইতে আর্য্যাবাস ক্রমশঃ সারস্বত-প্রদেশে বিস্তীর্ণ হয়। এই শস্যবহুল উৎকৃষ্ট প্রদেশ যজ্ঞভূমির জন্য প্রশংসনীয় ছিল। আর্য্যঋষিগণ এখানে বহুতর যাগ যজ্ঞ করিয়া গিয়াছেন। বহু ঋঙ্‌মন্ত্রে ঐ স্থানের যাগবিষয়ক পরিপুষ্টির উল্লেখ আছে। ঋক্ ৩।২৩।৪ মন্ত্রের "দৃষদ্বত্যাং মানুষ আপয়ায়াং সরস্বত্যাং রেবদগ্নে দিদীহি" বচনে দৃষদ্বতীতীর হইতে আরম্ভ করিয়া সরস্বতী তীর পর্য্যন্ত ত্রিনদীতীরভূমি সারস্বতক্ষেত্র নামে বিদিত ছিল। এই স্থানের অপর নাম ব্রহ্মাবর্ত্ত। আমরা মনু-সংহিতায় তাহার উল্লেখ দেখিতে পাই—

"সরস্বতী দৃষদ্বত্যো র্দেবনদ্যোর্যদন্তরম্।
তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে॥" (মনু ২।১৭)

ইহার পরেই মনু বলিয়াছেন, ব্রহ্মাবর্ত্তের পর কুরুক্ষেত্রাদি আর্য্যজনপদ মহাপুণ্য দেশ;—

"কুরুক্ষেত্রঞ্চ মৎস্যাশ্চ পঞ্চালাঃ শূরসেনকাঃ।
এষো ব্রহ্মর্ষিদেশো বৈ ব্রহ্মাবর্ত্তাদনন্তরম্॥" (মনু ২।১৯)

এক্ষণে সাধারণের হৃদয়ঙ্গম হইবে যে, আর্য্যাবাস কিরূপে ধীরে ধীরে উত্তরভারতে পরিব্যাপ্ত হইয়া ব্রহ্মর্ষিদেশ নামে বিদিত হইয়াছিল। আমরা আশ্বলায়নশাখার ১।৩।১০-১২, ২।৩০।৮, ২।৩১।১৬-১৮, ৬।৬১, ৭।৮৫।১,২,৪-৬; ৭।৯৬।১-৩, ১০।১৭।৭-৯ ঋক্ প্রভৃতি আলোচনা করিয়া দেখিতে পাই, যথার্থই ঐ স্থান ব্রহ্মর্ষিগণের নিবাসকেন্দ্র ছিল। যজ্ঞীয় ধূমে ঐ স্থান সর্ব্বদা পরিব্যাপ্ত থাকিত। এই সারস্বতপ্রদেশে প্রথমেই আর্য্যসাম্রাজ্য প্রতিষ্ঠিত হইয়াছিল। ঋক্ ৮।২১।১৮ মন্ত্রে সারস্বতপ্রদেশের রাজা চিত্রের যজ্ঞ ও ধনদানাদি মহত্ত্বের পরিচয় বর্ণিত আছে। যাস্ক লিখিয়াছেন, "বিশ্বামিত্রঋষিঃ সুদাসঃ পৈজবনস্য পুরোহিতো বভূব। স বিত্তং গৃহীত্বা বিপাট্ছুতুদ্র্যোঃ সন্তেদ মায়য়াবনুয়যুরিতরে।" (২।৭।২) সুদাস রাজার যজ্ঞের কথা বিশ্ববিখ্যাত। [বিশ্বামিত্র ও সুদাস দেখ।]

এই আর্য্যাবাস নদীবহুল ছিল। সিন্ধুনদের পূর্ব্বপারে যে কয়টী নদী বৈদিক যুগে প্রবাহিত ছিল, তাহা নিম্নোক্ত ঋঙ্মন্ত্রে প্রদর্শিত হইয়াছে—

"ইমং মে গঙ্গে যমুনে সরস্বতি শুতুদ্রি স্তোমং সচতা পরুষ্ণ্যা।
অসিক্ন্যা মরুদ্বৃধে বিতস্তয়ার্জ্জীকীয়ে শৃণুহ্যা সুষোময়া॥"
(ঋক্ ১০।৭৫।৫)

এই গঙ্গানদীর পরিচয় কাহাকেও দিতে হইবে না। তাহারই পশ্চিমে যমুনা, তৎপশ্চিমে সরস্বতী, তাহারই পশ্চিমে শুতুদ্রু বা শতদ্রু (Sutlej)। তাহার পশ্চিমে পরুষ্ণী নদী। যাস্কের সময়ে উহা ইরাবতী নামে প্রখ্যাত ছিল। (নিরুক্ত ৯।৩।৫), পরে ঐরাবতী নামে বিদিত হয়। তাহারই পশ্চিমে অসিক্নী, এক্ষণে চন্দ্রভাগা নামে বিশ্রুত। অসিক্নীর পশ্চিমে বিতস্তা নদী অবস্থিত। উক্ত ঐরাবতী, চন্দ্রভাগা ও বিতস্তা নামক নদীত্রয় সম্মিলিত হইয়া পঞ্জাবের কশ্যপপুরের পশ্চিম-দক্ষিণে যে মহানদীর আকারে প্রবাহিত রহিয়াছে, তাহারই প্রাচীন নাম মরুদ্বৃধা। উক্ত কশ্যপপুরের পূর্ব্বে প্রবাহিতা শতদ্রুনদীর কলেবরপুষ্টকারিণী পশ্চিম শাখার নাম আর্জ্জীকীয়া। যাস্কের সময় ইহা বিপাড়্ এবং তৎপূর্ব্বে উরুঞ্জিরা নামে খ্যাত ছিল। (নিরুক্ত ৯।৩।৫)। বর্ত্তমান কালে বিপাশা বলিয়া পরিজ্ঞাত। তক্ষশিলাপ্রদেশের নিম্নদেশে প্রবাহিতা সুষোমা নদী সিন্ধু-সঙ্গমে মিলিত হইয়াছে। এই সপ্ত নদীময় ভূভাগ সপ্তনদ বা সপ্তসিন্ধু নামে পরিচিত। গঙ্গা ও যমুনা প্রবাহিত প্রদেশ ছাড়িয়া দিলে উক্ত ভূভাগ পঞ্চনদ প্রদেশ বা সারস্বত প্রদেশ বলিয়া সংক্ষেপে ধরা যায়।

সিন্ধুনদের পূর্ব্বতীরে যেমন সাতটী নদী প্রবাহিত, ঐরূপ তাহার পশ্চিমেও সাতটী নদী আর্য্যাবাসের মধ্য দিয়া প্রবাহিত ছিল। ঐ নদীগুলি এখন আর্য্যাবর্ত্তের বহির্ভাগে পড়িয়াছে, কিন্তু বৈদিকযুগে তাহা আর্য্যাবর্ত্তের অন্তর্ভুক্ত ছিল। ঋক্-সংহিতার ১০।৭৫।৬ মন্ত্রে দেখা যায় সে, তৃষ্টামা, সুসর্ত্তু, রসা, শ্বেতী, কুভা, গোমতী ও মেহত্নু সংযুত ক্রুমু এই সাতটী নদী পূর্ব্ব-পশ্চিমাভিমুখী হইয়া পরে পূর্ব্বদক্ষিণে সিন্ধুনদের পশ্চিমগাত্রে সঙ্গত হইয়াছে। ঐ নদীগুলি মধ্য-হিমালয় হইতে উৎপন্ন। বর্ত্তমান চিত্রল-প্রদেশের পূর্ব্বদিকে পঞ্জকোর প্রদেশে যে ত্র্যবয়ব নদী প্রবাহিত রহিয়াছে তাহারই নাম তৃষ্টামা, সুসর্ত্তুর অপর নাম সুবাস্তু। রসার কথা পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। বর্ত্তমান দেরা ইস্মাইল খাঁ প্রদেশের তলবাহিনী অর্জ্জুনী নদীই শ্বেতী নামে খ্যাত ছিল। কুভাই কাবুল নদী, ক্রুমু নদী বর্ণুপ্রদেশ-বাহিনী বর্ত্তমান কুরম্ এবং গোমতী বর্ত্তমান সময়ে গোমল নামে প্রসিদ্ধ। এই সাতটী নদী সাক্ষাৎপরম্পরায় সিন্ধুসঙ্গত।

অতএব এতদ্দ্বারা স্থির হয় যে, চিত্রলপ্রদেশের পূর্ব্বে এবং বেলুচিস্থানের উর্দ্ধে পশ্চিমোত্তরভাগে যে পুরাতন আর্য্য-বাসাংশ, তাহাই পশ্চিম সপ্তনদ প্রদেশ। এই পশ্চিম সপ্ত-নদের অন্তর্গত আফগানপঞ্জকোর প্রদেশ। সুতরাং প্রাচীন গান্ধার রাজ্যও আর্য্যাবাসের অন্তর্ভুক্ত। ঋক্ ১।১২৬।৭, ঐতরেয় ব্রাহ্মণে ৭।৫।৮, পাণিনির "সাল্বেয়-গান্ধারিভ্যাঞ্।" (৪।১।১৬৯) এবং "মদ্রেভ্যোঽঞ্।" (৪।২।১০৮) সূত্রে গান্ধার ও মদ্রদেশের পরিচয় আছে। ঐ দুই জনপদের সহিত যে আর্য্য সংস্রব ছিল, তাহা মহাভারত পাঠেই আমরা সম্যক্ অবগত হই। কুরুরাজ ধৃতরাষ্ট্রপত্নী গান্ধারী দেবী দুর্য্যোধনাদির মাতা এবং পাণ্ডুরাজপত্নী মাদ্রী দেবী নকুল ও সহদেবের মাতা ছিলেন। পাণিনি পৌর্ব্বমদ্রপদ সিদ্ধ করিবার জন্য (৪।২।১০৮) সূত্র সঙ্কলন করিয়াছিলেন। ইহা হইতেই অনুমান হয় যে, পারস্যের উত্তরপ্রান্তবর্ত্তী বর্ত্তমান মিদিয়া নামক সাম্রাজ্যের উত্তরাংশ মদ্ররাজ্য বলিয়া সেই সময়ে পরিগণিত ছিল।

এই পূর্ব্বাপর সপ্তনদ প্রদেশের মধ্যস্থলে মধ্যহিমালয়পাদ-সমুদ্ভূত সিন্ধু নদই প্রাচীন আর্য্যাবর্ত্তকে দ্বিখণ্ড করিয়া প্রবাহিত রহিয়াছে। উহারই উত্তরে অতিদূরে ও পশ্চিমভাগে আরও সাতটী নদীর উল্লেখ ঋক্সংহিতার ১০।৭৫।৭-৮মন্ত্রে দেখিতে পাই।

"ঋজীত্বেনী রুশতী মহিত্বা পরিজ্রয়াংসি ভরতে রজাংসি।
অদক্ষা সিন্ধুরপ সামপস্তমাখ্খা ন চিত্রা বপুষীব দর্শতা॥
স্বশ্বা সিন্ধুঃ সুরথা সুবাসা হিরণ্যয়ী সুকৃতা বাজিনীবতী।
ঊর্ণাবতী যুবতিঃ সীলমাবত্যুতাধি বস্তে সুভগা মধুবৃধম্॥"
(ঋক্ ১০।৭৫।৭ ৮)

ঐ নদী সকলের মধ্যে ঊর্ণাবতী কৈলাসনিম্নস্থ ঊর্ণা প্রদেশে প্রবাহিত। হিরণ্ময়ী, বাজিনীবতী ও সীলমাবতী নাম্নী নদীত্রয়

উত্তরদেশে প্রবাহিত। এখনো নদী অদ্যাপি নিম্নবেলুচীস্থানে রহিয়াছে। চিত্রা চিত্রল প্রদেশ হইতে প্রবাহিত হইয়া কুভায় মিলিত হইয়াছে। ঋজীতী উহারই সমীপদেশে প্রবাহিত ছিল।

এই ত্রিসপ্ত নদীর উল্লেখ আমরা ঋক্ ১০।৭১ মন্ত্রে পাই। এবং ঐ সকলের মধ্যে সিন্ধুই প্রধান এবং তাহাদের দ্বারা পুষ্ট-কলেবর। (ঋক্ ১০।৭৫।৪) এই জন্য উক্ত একবিংশতি সংখ্যক নদী সিন্ধুশিশু, তাহাদের যেন শ্রবণ আছে, এই ভাবিয়া ঋক্ ১০।৬৪।৮-৯ মন্ত্রে "ত্রিঃ সপ্ত সস্রা নদ্যঃ" ইত্যাদি বাক্যে স্তুতি করা হইয়াছে।

এক্ষণে দেখা গেল যে, ত্রিসপ্ত নদীপরিবৃত সিন্ধু মধ্য প্রদেশই প্রাচীন কালের আর্য্যভূমি। এই আর্য্যাবাসের কোথায় কি পাওয়া যাইত এবং কোন্ কোন্ বিশেষ বিষয়ের সাধন জন্য কোন্ কোন্ স্থান নির্দ্দিষ্ট ছিল, তাহা ঐতরেয়ব্রাহ্মণের "যস্তেজো ব্রহ্মবর্চ্চসমিচ্ছেৎ * * প্রাঙ্ স ইয়াৎ। যোঽন্নাদ্যমিচ্ছেৎ * দক্ষিণা স ইয়াৎ। যঃ সোমপীথমিচ্ছেৎ * * উদঙ্ স ইয়াৎ।" (১।২।২)

ঋক্সংহিতার বর্ণনানুসারে সিন্ধুকেই প্রাচীন আর্য্যভূমির মধ্যকেন্দ্র বলিয়া গ্রহণ করিলে বুঝা যায় যে, সিন্ধুর পূর্ব্বদিকেই সরস্বত্যাদি তীরভূমি. ঐ স্থানই যজ্ঞানুষ্ঠান দ্বারা ব্রহ্মচর্চ্চ-তেজোলাভের উপযুক্ত। শতদ্রু ও সিন্ধুসঙ্গমের দক্ষিণে হিম-প্রাচুর্য্য না থাকায় ও প্রবল তাপ হেতু তথায় প্রচুর শস্য উৎপন্ন হয়, এই জন্য অন্ন ইচ্ছাকারী দক্ষিণেই গমন করিবে। সিন্ধুর পশ্চিম অরণ্যবহুল, এই জন্য এখানে পশুলাভের অধিক সম্ভাবনা এবং শতদ্রু সিন্ধুসঙ্গমের উত্তরদিকে শীতের আধিক্য থাকায় সোমবল্লীর বৃদ্ধি ও বাহুল্য সূচিত হইতেছে।

উপরে দ্বিতীয় নদী সপ্তকের অন্তর্গত যে রসা নদীর উল্লেখ করিয়াছি, তাহা আর্য্যাবাসের উত্তরসীমা। ঋক্সংহিতার ১০।১০৮ সূক্তের একাদশটী মন্ত্রে সরমা ও-পণিগণের কথোপকথনপ্রসঙ্গে অনার্য্যগণ কর্ত্তৃক আর্য্যগণের গোহরণ বৃত্তান্ত সূচিত হইয়াছে। পণিগণ বণিক্জাতি। তাহারা আর্য্য-সহবাসেই থাকিতেন। এই জন্য তাহারাও আর্য্য বলিয়া গণ্য। অসুর বা বলশালী আর্য্যেতরগণ আর্য্যদিগের গোহরণ করিয়া লইলে কুক্কুরের সন্ধানে তাহাদের পুনঃপ্রাপ্তি ঘটিয়াছিল। এই সময়ে অনার্য্যবাসে আসিতে তাহাদের রসানদী অতিক্রম করিতে হয়। (ঋক্ ১০।১০৮।১) ঋক্সংহিতার ৮।৪৯।২ মন্ত্রে এবং ১০।১২১।৪ মন্ত্রে দুইটী বিভিন্ন রসা নদীর উল্লেখ আছে। নিরুক্তমতে রসা নদী শব্দকারিণী। উহা পর্ব্বতবক্ষ ভেদ করিয়া কলকলনাদে প্রবাহিত, অথবা পর্ব্বতগাত্র হইতে প্রপাতাকারে নিপতিত। ১০।৭৫।৬ মন্ত্রে রসা সিন্ধুসঙ্গত বলিয়া উক্ত হইয়াছে এবং ১০।১২১।৪ মন্ত্রে অপর রসা সমুদ্র-সঙ্গত দেখা যায়। উহা আর্য্যাবর্ত্তের বাহিরে ও বর্ত্তমান খোরাশান রাজ্যের অন্তর্গত এবং অবস্তা গ্রন্থে উহা রংহা নামে বর্ণিত।

ঋক্সংহিতার ৮।৯৬।১৩-১৫ মন্ত্রে অংশুমতী নদীতীরে আর্য্য-প্রভাব বিস্তারের কথা আছে। উক্ত অংশুমতী নদী যমুনা সঙ্গতা ও দৃষদ্বতীর পূর্ব্বে অবস্থিত। ১০।৪৩।৮ মন্ত্রে অশ্বয়ন্তী নদীতীর পরিত্যাগ করিয়া ও নদী পার হইয়া আর্য্যগণের দূরান্তরে গমনের উল্লেখ দেখা যায়। এই অশ্বয়ন্তী শতদ্রুর বহুপূর্ব্বে এবং ঘর্ঘরার পশ্চিমে বিনশন প্রদেশে প্রবাহিত ছিল। এতদ্দ্বারা সপ্রমাণিত হইতেছে যে, পূর্ব্বতন আর্য্যগণ মধ্য এসিয়া হইতে আইসেন নাই, আর্য্যগণ হিন্দুকুশ পর্ব্বতের সমীপবর্ত্তী বিস্তৃত স্থানেই বসবাস করিতেন, এইরূপ বুঝা যায়।

১।১০৪।১-৩ মন্ত্রে শিফানদী নিষদদেশে প্রবাহিত ছিল, তাহা নিষধ শব্দের সাহচর্য্যেই অনুমান হয়। ঋক্ ৬।২৭।৬ মন্ত্রে "হরিযূপীয়া" "যব্যাবতী" নদীতীরে সমবেত ত্রিংশৎশত বর্ম্মধারী বৃচীবৎ পুত্র এককালে নিধন প্রাপ্ত হইয়াছিল। যে নদীতীরে এই মহা যুদ্ধ সংঘটিত হইয়াছিল, সেই নদী কোথায়? সম্ভবতঃ আফগানরাজ্যেই উহার স্থিতি। তথাকার হাজারা প্রদেশে সম্প্রতি যে হরিরুদ্ নদী আছে, তাহাকেই বৈদিককালের হরিযুপীয়া বলিয়া মনে হয়। ঋক্ ১০।২৭।১৭ মন্ত্রে যে অক্ষা নদীর উল্লেখ দেখা যায়, তাহাই আফগানস্থানের উত্তরে প্রবাহিত অক্সাস্ নদী। শ্বেতপর্ব্বতপাদবিনির্গত শ্বেতী নদী অর্জ্জুনী নামে প্রসিদ্ধ ছিল (শতপথ ১৪।৬।৮।৯)। এই শ্বেতপর্ব্বত হইতে শ্বেতয়াবরী নামে আর একটী নদীর বর্ণনা দেখা যায় (ঋক্ ৮।২৬।১৮১)। এই শ্বেতয়াবরী এবং ঋক্ ১০।৭৫।৬ মন্ত্রে বর্ণিত শ্বেতী কি এক?

ঋক্সংহিতার ৪।৩০।১৮, ৫।৫৩।৯, ও ১০।৬৪।৯ মন্ত্রে যে সরযুর উল্লেখ আছে, তাহা সিন্ধুসঙ্গত ও তক্ষশিলা প্রদেশবাহিনী। কিন্তু বাজসনেয়সংহিতায় (২৩।১৮) "কাম্পিল্যবাসিনী" উল্লেখ দেখিয়া মনে হয়, উত্তর পাঞ্চালের অন্তর্গত কাম্পিল্য নগরীতট বিধৌত করিয়া এই সরযু গমন করিয়াছে। বৃহদারণ্যকোক্ত কপি প্রদেশ (৩।৩।১, ৭।১।৬, ৭।৫।১) উহার সন্নিকটে অবস্থিত ছিল। সাঙ্কাশ্য (বর্ত্তমান সংকিশ) নগরী উহার নৈঋতে অবস্থিত। আর্য্যপরিব্রাজকগণের বর্ণিত যক্ষু, বক্ষু, সীতা, গৌরী প্রভৃতি নদীও আর্য্যনিকেতন ভূমে প্রবাহিত ছিল। হিমালয়ের পূর্ব্ব ও পশ্চিম ভূখণ্ড হইতে দক্ষিণাভিমুখে প্রবাহিত নদী সকল এবং বিন্দুসর, মানসসর ও রাবণহ্রদাদি আর্য্যগণের পরিজ্ঞাত ছিল। ঋক্সংহিতার ১।৮৪।১৪ মন্ত্রে যে শর্য্যণাবৎ সরোবরের উল্লেখ আছে, শাট্যায়নের বচ-

নোদ্ধারে সায়ণ বলিয়াছেন যে, "শর্য্যণাবদ্ধ বৈ নাম কুরুক্ষেত্রস্য জঘনার্দ্ধে সরঃ স্যন্দতে।"

আবার ঋক্ ১০।৩৪।১ মন্ত্রে "প্রবাতেজা ইরিণে বরূতানাঃ" ও "সোমস্যেব মৌজবতস্য ভক্ষো" পদে ইরিণ ও মূজবান্ শব্দের ব্যবহার দেখিয়া মনে হয়, তৎকালে আর্য্যগণ কৈলাসনিকটস্থ মুজবান্ পর্ব্বতে ও বর্ত্তমান ইরান্ নামক জনপদে বসবাস বিস্তার করিয়াছিলেন।

অথর্ব্বসংহিতার পঞ্চম কাণ্ডের চতুর্দ্দশ অর্চ্চা দ্বাবিংশতি সূক্তের ৩য় মন্ত্রে পরুষ জনপদ, ৪র্থ মন্ত্রে মহাবৃষ প্রদেশ, ৫ম, ও ৭ম মন্ত্রে মুজবৎ প্রদেশান্তর্গত বহ্লিকদেশ, অষ্টমে মহাবৃষ ও মুজবান্, নবমে পুনরায় বাহ্লিক, সর্ব্বশেষে ১৪শ মন্ত্রে অঙ্গমগধ মুজবদ্‌গান্ধার প্রভৃতি দেশের উল্লেখ থাকায় অনুমান হয় যে, তৎকালে তত্তদ্‌প্রদেশে আর্য্যাবাস প্রতিষ্ঠিত ছিল।

উক্ত পরুষ দেশের পৌরাণিক নাম পুরুষপুর ও বর্ত্তমান নাম পেশাবর এবং গান্ধার কান্দাহার। শতপথ ব্রাহ্মণে (১২।৩।৩।৩) "বহ্লীকঃ প্রাতিপীয় গুশ্রাব" বচনে প্রমাণিত হয় যে পূর্ব্বকালে এখানেও আর্য্যজনের বসতি হইয়াছিল। এই বহ্লিকদেশ শ্বেতপর্ব্বতের পশ্চিমে অবস্থিত।

অঙ্গ ও মগধরাজ্য পূর্ব্বতনকালে আর্য্যজনের পক্ষে নিন্দনীয় ছিল। তৎকালে ঐ স্থানদ্বয়ে অনার্য্যগণের প্রাধান্যই পরিলক্ষিত হয়। যথা—

"কিং কৃণ্বন্তি কীকটেষু গাবো
নাশিরং দুহ্রে ন তপন্তি ধর্ম্মম্।" (ঋক্ ৩।৫৩।১৪)

কীকটের অপর নাম মগধ, নিরুক্তকার বলেন (৬।৩।৪) উহা অনার্য্য নিবাস। কিন্তু বলিতে কি, মহাভারতীয় যুগে মহারাজ দুর্য্যোধনের সময়েই মগধ ও অঙ্গরাজ্য আর্য্যাবাসরূপে পরিগণিত হইয়াছিল।

উপরি উক্ত মুজবান্ নামক নগরাজ পুরাকালে আর্য্যাবর্ত্তের উত্তর সীমারূপে হিমালয়পৃষ্ঠমধ্যে অবস্থিত ছিল। এখানে আর্য্য ও অনার্য্য উভয় জাতিরই বাস ছিল। বাজসনেয়-সংহিতার ৩।৬১ মন্ত্রে এবং শতপথব্রাহ্মণের ২।৬।২।১৭ মন্ত্রে উক্ত যজুর্ব্বেদোক্ত বাক্যের বিবৃতিতে রুদ্র নামক মৃত্যু-দেবতাকে মূজবানের পরপারে গমনের প্রার্থনা করা হইতেছে। এতদ্দ্বারা বিবেচিত হয় যে তৎকালে আর্য্যগণ মুজবান পর্ব্বতের পরপারকে আর্য্যাবর্ত্তের বাহির মনে করিতেন। এই কারণে আমরা বলিতে পারি যে, পারস্যরাজ্যের পশ্চিমোত্তরস্থ এসিয়া-মাইনর রাজ্যের পূর্ব্বে এবং অঙ্গগঙ্গ প্রদেশের পশ্চিমে, সিন্ধুসাগর সঙ্গমের উত্তরে এবং মুজবান্ পর্ব্বতের দক্ষিণে বেদসংহিতা-কালীন আর্য্যাবর্ত্ত পরিব্যাপ্ত ছিল।

এইরূপে সেই সংহিতা কাল হইতেই ধীরে ধীরে আর্য্য-নিবাস দেশ হইতে দেশান্তরে বিস্তৃত হইতে থাকে। ঋক্‌সংহিতার ৭।১৮ সূক্তে ইন্দ্র সম্রাট্ বলিয়া উক্ত হইয়াছেন এবং সুদাস্ রাজার যজ্ঞের কথা, তৃৎসুগণ ইন্দ্রের সহিত যুদ্ধে পরাস্ত হইয়া নিম্নগামী জলের ন্যায় ধাবন এবং বাধা প্রাপ্ত হইয়া সুদাসকে সমস্ত ভোগ্যবস্তু প্রদানের কথা আছে। ৭।১৮।১৭ মন্ত্রে ইন্দ্র দরিদ্র সুদাসের সহায় হইয়া এক কার্য্য করাইয়াছিলেন। যিনি সূচী দ্বারা যুপাদির কোণ কাটিয়া ফেলিয়াছেন এবং সুদাস রাজাকে সমস্ত ধন দান করিয়াছিলেন। ৭।১৮।১১ মন্ত্রে কীর্ত্তিত আছে, "যমুনা" "তৃৎসবঃ" "অজাসঃ" "শিগ্রবঃ" "যক্ষবঃ" প্রভৃতি যামুনপ্রদেশাদি নিবাসী সামন্তরাজগণ অশ্বপৃষ্ঠে বা লোকের মাথায় বাহিয়া বহুতর উপঢৌকন ইন্দ্রের উদ্দেশ্য উপহার দিয়াছিলেন। এখানে ইন্দ্রকে সম্রাট্ গণ্য করা যাইতে পারে এবং অজ, শিগ্রু যক্ষু ও যামুন জনপদাদির সামন্তরাজগণ তাহারই অবনতি স্বীকার করিয়া তদীয় যজ্ঞে বলি পাঠাইয়াছিল।

উপরিকথিত যামুনাদি জনপদ পূর্ব্বতন বা অধুনাতন আর্য্যাবর্ত্তের বহির্ভাগে ছিল। এই যমুনা গঙ্গানদীর পশ্চিম পার্শ্বস্থ কি অন্য? তাহাই এখন বিচার্য্য। জহ্নাবী প্রদেশ বর্ত্তমান গাঙ্গেয় প্রদেশ হইতে যেমন বহুদূরে অবস্থিত ছিল, সেইরূপ এই যামুন প্রদেশও সংহিতাকালে উত্তর সীমান্তেই বর্ত্তমান ছিল, ইহাই সংস্থানলক্ষণায় প্রকাশ পায়। শিগ্রু জনপদ চন্দ্রভাগা প্রবাহিতদেশের ঊর্দ্ধদেশস্থ একটী করদরাজ্য।

ঐতরেয় কালে অর্থাৎ ব্রাহ্মণ যুগে এই আর্য্যাবর্ত্তের আয়তন কিরূপ বিস্তৃত হইয়াছিল, তাহা উক্ত গ্রন্থের অভিষেক-প্রকরণে বর্ণিত আছে, "প্রাচ্যাং দিশি যে কে চ প্রাচ্যানাং রাজানঃ * * দক্ষিণস্যাং দিশি যে কে চ সত্বতাং রাজানঃ * * প্রতীচ্যাং দিশি যে কে চ নীচ্যানাং রাজানো যে হপাচ্যানাং * * উদীচ্যাং দিশি যে কে চ পরেণ হিমবন্তং জনপদা উত্তরকুরব উত্তরমদ্রাঃ * * ধ্রুবায়াং মধ্যমায়াং প্রতিষ্ঠায়াং দিশি যে কে চ কুরুপঞ্চালাং রাজানঃ সবশোশীনরাণাং রাজ্যায়ৈব তেঽভিষিচ্যন্তে।" (ঐতরেয়ব্রা০ ৮।৩।২)

এস্থলে "প্রাচ্যানাং রাজানঃ" এই সামান্যোক্তি দ্বারা অনুমান হয় যে তৎকালে পূর্ব্বদেশে বহু ক্ষুদ্র রাজগণের মধ্যে একটী প্রবল পরাক্রান্ত নরপতিও ছিল। অন্যমন্ত্রেও (৩।৩।৬) "প্রাচ্যো গ্রামতা বহুলাবিষ্টাঃ" উক্তি দ্বারাও উহা সমর্থিত হইতেছে, সংহিতাকালে পূর্ব্বদেশীয় যে সকল পার্ব্বত্য জনপদ বিদ্যমান ছিল, তাহাই অধুনা প্রসিদ্ধ নেপালাদি কিরাত নগরী, পাণিনির (১।১।৭৫) সূত্র হইতেও আমরা জানিতে পারি যে, প্রাচ্যভূমে কান্যকুব্জ, অহিচ্ছত্রাদি প্রসিদ্ধ পুরী বিদ্যমান ছিল।

ঐতরেয় ব্রাহ্মণকালে ঐ সকল স্থান গ্রামরূপে ছিল, ইহাই মনে করা যায়।

ঐ সময়ে দক্ষিণদেশে যে বলবত্তম সত্বৎ রাজ্য ছিল, তাহা পরবর্ত্তিকালে ছত্রপুরী নামে প্রখ্যাত। ঐতরেয়ব্রাহ্মণে এবং শতপথব্রাহ্মণের "আদত্ত যজ্ঞং কাশীনাং ভরতঃ সত্বতামিব" (শতপথব্রা° ১৩।৪।৫।২১) গাথাবচনে ভরতাধিকৃত এই প্রাচীন রাজ্যের অস্তিত্ব উপলব্ধি হয়। দৌষ্মন্তি ভরত এবং তদ্বংশধরগণ যে এতৎ প্রদেশের রাজা ছিলেন, তাহা ঐতরেয়ব্রা° (৮।৪।৯) নিম্নোক্ত শ্লোক হইতে সুস্পষ্ট বুঝিতে পারা যায়। যথা—

"অষ্টাসপ্ততিং ভরতো দৌষ্যন্তির্যমুনা মনু।
গঙ্গায়াং বৃত্রঘ্নেঽবয়াৎ পঞ্চপঞ্চাশতং হয়ান্।
ত্রয়স্ত্রিংশচ্ছতং রাজাশ্বান্ বধ্বায় মেধ্যাৎ।
দৌষ্যন্তিরত্যগাদ্রাজ্ঞো মায়াং মায়িবত্তরঃ।"

শতপথব্রাহ্মণের ১৩।৫।১১।-১৪ মন্ত্রে গাথায় এই বিষয় সুন্দররূপে ব্যাখ্যাত হইয়াছে।

প্রতীচ্যদেশ বহুনদীপূর্ণ, ঐখানে সুসমৃদ্ধ রাজ্য ছিল না। ইহার উত্তরভাগে পর্ব্বতপাদস্থ ভূমিপগণ "নীচ্য" নামে কথিত। উহার দক্ষিণদিকে অবাচ্য এবং মধ্যভাগে কেবল আরণ্যদেশ, তথায় অপাচ্য ও নীচ্যগণ বাস করিতেন। এই প্রত্যঞ্চদেশ যে অরণ্যময় তাহা ৩।৪।৬ মন্ত্রে প্রতিভাত রহিয়াছে।

উত্তরদেশে অর্থাৎ হিমালয় পৃষ্ঠদণ্ডের উত্তরভাগে ও প্রাচীন আর্য্যাবর্ত্তের বহির্দ্দেশে আর্য্যমিত্র জনপদ উত্তরমদ্র ও উত্তরকুরু বিদ্যমান ছিল। অনুমান হয় হিমালয়ের দক্ষিণ আর্য্যাবর্ত্তের অন্তর্গত মদ্রদেশ ও কুরুদেশ তৎকালে দ্বিধা বিভক্ত হইয়াছিল এবং আর্য্যাবর্ত্তের অন্তর্গত মদ্রদেশের উত্তরে যে দেশ তাহাই উত্তরমদ্র ও কুরুদেশের উত্তর দেশই উত্তরকুরু। আর্য্যাবর্ত্তের প্রত্যন্তদেশের পর যে সকল দেশ ও মহাদেশ আছে তৎসমূহে আর্য্য বা অনার্য্য বলিয়া বিচার ছিল না। মনুর উক্তিই তাহা সমর্থন করে। তবে এই উত্তরকুরুদেশ তৎকালে আর্য্যগণের গমনীয় কেন ছিল তাহা আলোচনা করিলে জানা যায় যে, উত্তরকুরুর নৈসর্গিক সৌন্দর্য্য ও স্বাস্থ্য তাহাদের চিত্ত আকর্ষণ করিত। তদ্দেশবাসীরাও শান্তিপ্রিয়, তপঃপরায়ণ ও দেবস্বভাব ছিল। এই কারণে সেই পুণ্যময় দেবক্ষেত্র সাধারণের অজেয়, কেননা তাহারা দৈবশক্তিতে প্রবল ছিল। ঐতরেয় ব্রাহ্মণের ৮।৪।৯ মন্ত্রে "দেবক্ষেত্রং বৈ তন্ন বৈতন্মর্ত্ত্যো জেতুমর্হতি।" এই রূপে দেবক্ষেত্রের উল্লেখ। এই দেবক্ষেত্রবাসী কিরূপ মহাবল ছিল, তাহা মহাভারতের সভাপর্ব্বে অর্জ্জুনদিগ্বিজয়প্রসঙ্গে বিবৃত আছে।

"তাংস্তু সান্ত্বেন নির্জ্জিত্য মানসং সর উত্তমম্।
ঋষিকল্পাংস্তথা সর্ব্বান্ দদর্শ কুরুনন্দনঃ॥ * * *
তত এবং মহাবীর্য্যং মহাকায়া মহাবলাঃ।
দ্বারপালাঃ সমাসাদ্য হৃষ্টা বচনমব্রুবন্॥
পার্থ নেদং ত্বয়া শক্যং পুরং জেতুং কথঞ্চন।
উপাবর্ত্তস্ব কল্যাণ পর্য্যাপ্তমিদমচ্যুত॥ * * *
নচাপি কিঞ্চিজ্জেতব্যমর্জ্জুনাত্র প্রদৃশ্যতে।
উত্তরাঃ কুরবো হ্যেতে নাত্র যুদ্ধং প্রবর্ত্ততে॥"

(ভারত ২।২৮।৪-১৩)

এই উত্তরকুরু অধুনা রুষ নামে প্রসিদ্ধ। এখানকার রাজা যুধিষ্ঠিরকে করপণ্যস্বরূপ দিব্য বস্ত্র ও আভরণাদি এবং দিব্য ক্ষৌমাজিনাদি দান করিয়াছিলেন।

অপর একটী দেশের নাম কুরুবর্ষ। সেখানেও আর্য্যগণের গমনাগমন ছিল। আধুনিক সাইবেরিয়া জনপদ বলিয়া বিবেচিত হয়। রামায়ণ ও মহাভারতে এই দেশ স্বর্গরূপে বর্ণিত হইয়াছে।

"অহো সহশরীরেণ প্রাপ্তোঽস্মি পরমাং গতিম্।
উত্তরান্ বা কুরূন্ পুণ্যানথবাপ্যমরাবতীম্॥"

(ভারত ১৩।৫৪।১৬

আবার উক্ত পর্ব্বের ৫৭ অধ্যায়ের ৩৩ শ্লোকে দেখিতে পাওয়া যায় যে স্বাধ্যায়চরিত্র সর্ব্বগুণান্বিত ব্রাহ্মণগণকে সর্ব্বগুণসম্পন্ন নৈবেশিক দান করিলে পরলোকে উত্তরকুরুতে সুখ-সম্ভোগের অধিকারী হইয়া থাকে।

অতঃপর মধ্যদেশ। কুরু, পঞ্চাল, শিবি ও সৌবীর এই প্রদেশ চতুষ্টয় "মধ্যমায়াং দিশি" পদে অবধার্য্য। মধ্য-আর্য্যাবর্ত্তের তত্তদ্‌নামধেয় রাজধানীতে এক এক জন রাজা রাজত্ব করিতেন। শ্রুতিতে যে বশোদেশের উল্লেখ আছে, তাহাই মহাভারত-প্রসিদ্ধ শিবি জনপদ।

ইহা হইতে বেশ বুঝা যায় যে, ঐতরেয় ব্রাহ্মণকালে আর্য্যনিবাসের সীমা অপেক্ষাকৃত বর্দ্ধিত হইয়াছিল। তৎকালে হিমাচলের দক্ষিণপার্শ্বের নিম্নভূমিতে কিরাতজাতির বাসভূমি যে কিরাতনগরী বিদ্যমান ছিল, তাহাই আর্য্যাবর্ত্তের পূর্ব্বসীমা। দক্ষিণদিকে ভরতবংশীয়দিগের অধিকৃত সত্বদ্‌রাজ্য আর্য্যাবর্ত্তের অন্তর্গত। পশ্চিমে গিরি ও গিরিনদীসমাকীর্ণ গান্ধার দেশাদির অন্তর্ভুক্ত বহুসংখ্যক গ্রামই আর্য্যাবর্ত্তের সীমা এবং উত্তরে অজেয় উত্তরকুরুই আর্য্যাবর্ত্তের উত্তর সীমা। উক্ত ব্রাহ্মণের "এতেহন্ধ্রাঃ পুণ্ড্রাঃ শবরাঃ পুলিন্দাঃ মুতিবা ইত্যুদন্ত্যা বহবো ভবন্তীতি," (ঐত°ব্রা° ৭।৩।৬) বচনে উক্ত অন্ধ্রাদি জাতিকে প্রত্যন্তদেশবাসী অনার্য্য বলিয়া বোধ হয়; সুতরাং ঐ সকল দেশের মধ্যস্থিত ভূমিই যে আর্য্যভূমি, তাহাতে সন্দেহ নাই। প্রত্নতত্ত্ববিদ্‌গণের আলোচনার ফলে জানা গিয়াছে যে, এই

অন্ধ্রজাতি এক সময়ে দক্ষিণভারতে প্রবল ছিল। পুণ্ড্রদেশ বলিলে বর্ত্তমান মালদহ দিনাজপুরের সন্নিকটস্থ দেশসমূহকে বুঝায়। শবর, পুলিন্দ ও মূতিব জাতি বিন্ধ্যগিরিবাসী ম্লেচ্ছ-জাতি বিশেষ। অতএব তৎকালে বিন্ধ্যগিরির উত্তর, দিনাজপুরের পশ্চিম ও গান্ধারাদি দেশের পূর্ব্ববর্ত্তী যে বিস্তীর্ণ উত্তর-ভারত-ভূভাগ তাহাই আর্য্যাবর্ত্ত নামে প্রখ্যাত হইয়াছিল।

শতপথ-ব্রাহ্মণের ১।৩।৩।১০-১৯ মন্ত্রে বিদেঘ ও মাথব নামে দুইটী জনপদের উল্লেখ আছে—"বিদেঘো হ মাথবোঽগ্নি বৈশ্বানরং মুখে বভার। * * * তত এতর্হি প্রাচীনং বহবো ব্রাহ্মণস্তদ্ধা ক্ষেত্রতরমিবাস স্রাবিতবমিবাস্বাদিতমগ্নিনা বৈশ্বানরেণেতি। তদু হৈতর্হি ক্ষেত্রতরমিব * * * সৈষাপ্যেতর্হি কোশলবিদেহানাং মর্য্যাদা। তে হি মাথবা।"

এই আখ্যান হইতে উপলব্ধি হয় যে, বিদেহ নামক মৈথিল জনপদ অনতি প্রাচীনকালে আর্য্যভূমিভুক্ত হইয়াছিল, কিন্তু তখনও দক্ষিণ-মগধ আর্য্যাবর্ত্তের অন্তর্ভুক্ত হয় নাই। পরবর্ত্তী-কালে পতঞ্জলি কৃত মহাভাষ্যে দক্ষিণমগধ আর্য্যাবর্ত্তের সীমান্ত-র্গত হইয়াছিল বলিয়া প্রতীতি হয়।

পতঞ্জলি আর্য্যাবর্ত্তের এইরূপ সীমানির্দ্দেশ করিয়াছেন,—"কঃ পুনরার্য্যাবর্ত্তাঃ? প্রাগাদর্শাৎ প্রত্যক্‌কালকবনাৎ দক্ষিণেন হিমবন্তং উত্তরেণ পারিপাত্রম্।" (২।৪।১০) টীকাকার কৈয়টের মতে আদর্শপর্ব্বত বিশেষ। ইহা আর্য্যাবর্ত্তের পশ্চিমসীমা এবং পূর্ব্বোক্ত শ্বেত পর্ব্বতের দক্ষিণাংশ সীমাপর্ব্বত। ইহার অপর নাম অঞ্জন পর্ব্বত। বর্ত্তমানকালে সুলেমান গিরিশ্রেণী বলিয়া কথিত। আর্য্যাবর্ত্তের পূর্ব্ব সীমায় কালকবন। উহা ধর্ম্মারণ্যের পূর্ব্বে এবং দক্ষিণ মগধের প্রত্যগ্‌দিকে অবস্থিত বকাসুর (বর্ত্তমান বক্সার) প্রদেশের সুপ্রসিদ্ধ তাড়কবন। পুরাকালে এই বন কালযবনের অধিকারে থাকায় ইহা কালবন বা কালক-বন নামে প্রথিত হয়। হরিবংশ এবং বিষ্ণুপুরাণে (৫।২৩।৫) কালযবনের সহিত মগধরাজ জরাসন্ধের মিত্রতার কথা আছে। তাহা হইতে কালকবন ও মগধের সামীপ্যই অনুমিত হয়। তৎ-কালে পূর্ব্বমগধ অনার্য্যজাতির বাসভূমি ছিল। পতঞ্জলি লিখিয়াছেন—

"হ্মতিঃ সুরাষ্ট্রেষু রংহতিঃ প্রাচ্য মগধেষু। গমিমেব ত্বার্য্যাঃ প্রযুঞ্জতে।" (মহাভাষ্য পস্পশা°)

ইহা হইতে জানা যায় যে, সৌরাষ্ট্রজনপদ ও প্রাচ্যমগধীয় কুসুমপুর আর্য্যাবর্ত্ত সীমার বহির্ভূত ছিল। এতদ্ভিন্ন শতপথে বাহ্লীক (১১।৯।৩।৩) এবং কাম্বোজ (২।১।৩।৪) শব্দের উল্লেখ আছে। পাণিনির ৫।৩।১১৭; ৪।১।১৭৫ ও ৪।৩।৯৩ সূত্রে এবং মহাভারতের দ্রোণপর্ব্বে ১১৭ ও ১৫৫ অধ্যায়ে কাম্বোজ ও বাহ্লিকদিগের বিবরণ বর্ণিত আছে। ঐ জনপদ পূর্ব্বে আর্য্যাবর্ত্তের অন্তর্গত ছিল।

ভগবান্ মনু আর্য্যাবর্ত্তের এইরূপ সীমা নির্দ্দেশ করিয়াছেন—

"আসমুদ্রাত্তু বৈ পূর্ব্বাদাসমুদ্রাচ্চ পশ্চিমাৎ।
তয়োরেবান্তরং গির্য্যোরার্য্যাবর্ত্তং বিদুর্বুধাঃ॥" (মনু ২।২২)

অর্থাৎ উত্তরে হিমালয় ও দক্ষিণে বিন্ধ্যগিরি এবং পশ্চিমে সিন্ধুসাগর-সঙ্গম ও পূর্ব্বে গঙ্গাসাগর-সঙ্গম পর্য্যন্ত বিস্তীর্ণ ভূভাগ আর্য্যাবর্ত্ত। এই আর্য্যভূমি ব্রহ্মাবর্ত্ত, ব্রহ্মর্ষিদেশ, মধ্যদেশ ও যজ্ঞিয় দেশ নামক চারিভাগে বিভক্ত। তাহারই প্রান্তভূমি ম্লেচ্ছভূমি নামে অভিহিত।

"সরস্বতীদৃষদ্বত্যোর্দেবনদ্যোর্যদন্তরম্।
তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে॥
কুরুক্ষেত্রঞ্চ মৎস্যাশ্চ পঞ্চালা শূরসেনকাঃ।
এষ ব্রহ্মর্ষিদেশো বৈ ব্রহ্মাবর্ত্তাদনন্তরম্॥
হিমবদ্বিন্ধ্যয়োর্মধ্যং যৎপ্রাগ্‌বিনশনাদপি।
প্রত্যগেব প্রয়াগাচ্চ মধ্যদেশঃ প্রকীর্ত্তিতঃ॥
কৃষ্ণসারস্তু চরতি মৃগো যত্র স্বভাবতঃ।
স জ্ঞেয়ো যজ্ঞিয়োদেশো ম্লেচ্ছদেশস্ততঃপরম্॥"
(মনু ২।১৭, ১৯, ২১, ২৩)

এই ত আর্য্যাবর্ত্ত। ইহার বহির্ভাগে অনার্য্য ও যবনগণের বাস। বামনপুরাণে লিখিত আছে, "পূর্ব্বে কিরাতা যস্যান্তে পশ্চিমে যবনাঃ স্মৃতাঃ। আন্ধ্রা দক্ষিণতো বীর তুরুস্কাস্ত্বপি চোত্তরে॥" (বামনপুরাণ ১৩।৪০) সুতরাং তৎকালে খোরাশান, তুরস্ক, পূর্ব্ববঙ্গ, উত্তরবঙ্গ, আন্ধ্র প্রভৃতি প্রদেশ ম্লেচ্ছদেশ হইয়া-ছিল। ঐ সঙ্গে দক্ষিণবঙ্গ, অঙ্গ, পূর্ব্বমগধাদি দেশও কৃষ্ণসার-বিহীন ও অযজ্ঞিয়ত্ব হেতু ম্লেচ্ছদেশ বলিয়া গণ্য ছিল।

এই কারণেই—

"অঙ্গবঙ্গকলিঙ্গেষু সৌরাষ্ট্রমগধেষু চ।
তীর্থযাত্রাং বিনা গচ্ছন্ পুনঃ সংস্কারমর্হতি॥"

এই স্মৃতিবচনে তত্তদেশের অনার্য্যবাসত্ব সূচিত হইয়া থাকে। এই সকল দেশে জন্মস্থান হইলেও দ্বিজের যজ্ঞার্থ উপরি উক্ত ব্রহ্মাবর্ত্তাদি দেশভাগচতুষ্টয় আশ্রয় করা কর্ত্তব্য। (মনু ২।২৪)

প্রাচ্যমগধে অর্থাৎ পাটনা অঞ্চলে, অঙ্গ প্রদেশে অর্থাৎ ভাগলপুরাদি স্থানে পরবর্ত্তীকালে শাকলদ্বীপিব্রাহ্মণগণ এবং কান্যকুব্জ হইতে রাঢ়ী বারেন্দ্র ও বৈদিক ব্রাহ্মণগণ বঙ্গে আসিয়া বসতি করিয়াছেন। কুলজী গ্রন্থই তাহার প্রমাণ। সেইরূপ কালে কলিঙ্গ ও সৌরাষ্ট্র জনপদে ব্রাহ্মণগণের বসতি হইয়াছিল। পাণিনির ৩২।১১৪ সূত্রের ভাষ্যে ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "নো কলিঙ্গান্ জগাম।" সুতরাং তখনও কলিঙ্গরাজ্যে তীর্থ

যাত্রা ভিন্ন গমন নিষিদ্ধ ছিল। বর্ত্তমান মেদিনীপুর হইতে আরম্ভ করিয়া তৈলঙ্গ দেশান্ত পর্য্যন্ত ত্রিকলিঙ্গ অর্থাৎ উৎকলিঙ্গ, মধ্যকলিঙ্গ ও কলিঙ্গ।

অপেক্ষাকৃত পরবর্ত্তী সময়ে অর্থাৎ অমরকোষপ্রণেতা অমরসিংহের সময়েও আর্য্যাবর্ত্ত প্রাচ্য, উদীচ্য ও মধ্যপ্রান্ত ম্লেচ্ছ ভেদে বিভক্ত ছিল।

"আর্য্যাবর্ত্তঃ পুণ্যভূমির্মধ্যং বিন্ধ্যহিমালয়োঃ।"(অমরকোষ ২।১।৮)

অমরসিংহের সময়ে শরাবতী নদী প্রাচ্য ও উদীচ্য-সীমা নির্দ্দিষ্ট ছিল। সেই আর্য্যাবর্ত্তের পূর্ব্বদক্ষিণদেশ প্রাচ্য, পশ্চিমোত্তর উদীচ্য, প্রত্যন্ত ম্লেচ্ছদেশ এবং মধ্যদেশ মধ্যাংশেই অবস্থিত। (২।১।৬-৭)

এই শরাবতীর পর যে অনার্য্যাবাস তাহা কাশিকাবৃত্তির উদ্ধৃত শ্লোকে স্পষ্টই প্রমাণিত হয়।

"প্রাগুদক্ষৌ বিভজতে হংসঃ ক্ষীরোদকে যথা।
বিদুষাং শব্দসিদ্ধ্যর্থং সা নঃ পাতু শরাবতী॥" (১।১।৭৫ বৃত্তি)

উপরে সংহিতাদি হইতে প্রাচীন আর্য্য-বাস এবং ক্রমে পূর্ব্বদক্ষিণে তাহার বিস্তৃতি আলোচনা করিয়া আর্য্যাবর্ত্তের একটী মানচিত্র প্রকাশিত হইল।

উহা হইতেই সকলে বুঝিতে পারিবেন যে, আর্য্যগণ বাণিজ্যচ্ছলে অনার্য্যাদি নিবাসে পদার্পণ করিয়া অস্ত্র বিনিময়ে সেই স্থান অধিকার করিয়া লইয়াছিলেন। যখন পশ্চিম গান্ধার হইতে পারস্যসীমা পর্য্যন্ত আর্য্যাবাস যবনপ্রভাবান্বিত হইয়া পড়িল, তখন তাহারা জহ্নাবী, যামুন ও সারস্বত প্রভৃতি নদী প্রবাহিত প্রদেশে আপনাদের লীলাক্ষেত্র দুর্ভেদ্য করিয়া রাখিয়াছিলেন। তারপর, দক্ষিণে তাঁহারা বিন্ধ্যপাদমূলস্থ নর্ম্মদাতট পর্য্যন্ত সমাগত হন। ঋক্‌সংহিতার ১।৩০।৯ মন্ত্রে "অনুপ্রত্নস্যোকসো হুবে তুবি প্রতিং নরম্।" বাক্যে পুরাতন আবাসের উল্লেখ থাকায় পাশ্চাত্য পণ্ডিতগণ মনে করেন, সারস্বত প্রদেশবাসী আর্য্যগণের আদিপুরুষগণের বাস মধ্য এসিয়া খণ্ডে ছিল, পরে তাঁহারা ভারতে আসিয়া উপনিবেশ স্থাপন করিয়াছে। কিন্তু উপরি বর্ণিত প্রমাণে তাহা কখনই যুক্তিযুক্ত বলিয়া স্বীকার করা যায় না।

বেদ, একজন কবি। ইনি সঙ্গীতপুষ্পাঞ্জলি ও সঙ্গীতমকরন্দ-নামক গ্রন্থদ্বয় রাজা মকরন্দ শ্রীসাহের জন্য রচনা করেন।

বেদ, নিম্নশ্রেণীর জাতিবিশেষ।

বেদক (ত্রি) জ্ঞাপক।

বেদকট্টমড়ুগু, মান্দ্রাজ প্রেসিডেন্সীর সালেম জেলার উতঙ্করই তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে এবং ইহার চতুঃপার্শ্বে অনেক প্রাচীন নিদর্শন পতিত আছে।

বেদকবি-স্বামী, বিদ্যাপরিণয়-নাটক-রচয়িতা।

বেদকর্ত্তৃ (পুং) ১ বেদরচয়িতা। ২ সূর্য্য। (ভারত বনপর্ব্ব) ৩ শিব। (পঞ্চরত্ন ১।৯।১৫) ৪ বিষ্ণু। (পঞ্চরত্ন ৪।৩৫৫)

বেদকার (পুং) বেদকর্ত্তা। (কুসুমা° ৩৭।২)

বেদকারণকারণ (ক্লী) শ্রীকৃষ্ণ। (পঞ্চরত্ন ১।১২।৭৫)

বেদকুম্ভ (পুং) বৈদিক আচার্য্যভেদ।

বেদকৌলেয়ক (পুং) শিবের নামান্তর। (শব্দার্থচি°)

বেদগঙ্গা, দাক্ষিণাত্যে প্রবাহিত একটী নদী, বোম্বাই প্রেসিডেন্সীর কোল্‌হাপুর রাজ্যে উদ্ভূত হইয়া দুধ-গঙ্গার শাখারূপে ধীরে ধীরে বেলগাম্ জেলার উত্তরসীমা দিয়া (অক্ষা° ১৬° ৩৫´ উঃ এবং দ্রাঘি° ৭৪°৪২´ পূঃ) কৃষ্ণানদী-গর্ভে মিলিত হইয়াছে।

বেদগর্ভ (পুং) বেদাগর্ভে অন্তরে যস্য। ১ ব্রহ্মা। (ভাগ° ২।৪।২৪) ২ ব্রাহ্মণ। (হেম) স্ত্রিয়াং টাপ্। বেদগর্ভা। ৩ সরস্বতী নদী। ৪ রেবানদী।

বেদগর্ভ, কান্যকুব্জ হইতে বঙ্গে আদিশূর রাজসভায় সমাগত বিপ্রভেদ। সুপ্রাচীন কুলগ্রন্থ মতে, ইহার পিতা সুধানিধি প্রথম গৌড়ে আগমন করিয়াছিলেন।

বেদগর্ভাপুরী, একটী প্রাচীন দেবক্ষেত্র। ব্রহ্মাণ্ডপুরাণোক্ত বেদগর্ভাপুরী মাহাত্ম্যে ইহার বিশেষ বিবরণ প্রদত্ত আছে।

বেদগাথ (পুং) ঋষিভেদ। (হরিবংশ)

বেদগুপ্ত (ত্রি) বেদা গুপ্তা যেন। ১ শ্রীকৃষ্ণ। ২ পরাশরের পুত্র। (ভাগবত ৯।২২।২১)

বেদগুপ্তি (স্ত্রী) বেদানাং গুপ্তিঃ। ব্রাহ্মণাদি কর্ত্তৃক বেদরক্ষা।

বেদগুহ্য (ত্রি) বিষ্ণু।

বেদঘোষ (পুং) ব্রহ্মঘোষ। বেদধ্বনি।

বেদচক্ষুস্ (ক্লী) জ্ঞানচক্ষু। "ব্রাহ্মণা বেদচক্ষুষা পশ্যন্তি।"

বেদজননী (স্ত্রী) বেদস্য জননী মাতা। বেদমাতা সাবিত্রী।

বেদজ্ঞ (ত্রি) বেদং জানাতীতি জ্ঞা-ক। বেদবিদ্, যিনি বেদ বিহিত কর্ম্ম জানেন। ২ ব্রহ্মজ্ঞ।

"তথা দহতি বেদজ্ঞঃ কর্ম্মজং দোষমাত্মনঃ।" (মনু ১২।১০১)
'বেদজ্ঞঃ বেদং তদর্থঞ্চ কর্ম্মব্রহ্মাত্মকং জানাতি স' (কুল্লুক)

বেদতত্ত্ব (ক্লী) বেদস্য তত্ত্বং। বেদের তত্ত্ব, বেদ-নিহিততত্ত্ব। বেদে যে সকল তত্ত্ব নিহিত আছে।

বেদতত্ত্বার্থ (পুং) বেদনিহিত বিষয়সমূহের তাৎপর্য্য-জ্ঞান। (মনু ৪।৯২)

বেদতা (ত্রি) জানিয়া স্তুতিকারক।

"মেদতাং বেদতা বসো।" (ঋক্ ১০।৯০।১১)
'কিঞ্চ বেদতা ত্বদীয়েন প্রজ্ঞানেন স্তোতারম্।' (সায়ণ)

বেদতীর্থ, তীর্থভেদ। (সূতসংহিতা ৭৪।৩১)

বেদত্ব (ক্লী) বেদের ভাব বা ধর্ম্ম। (হরিবংশ)

বেদদর্শ (পুং) মুনিবিশেষ। অথর্ব্ববেদবিদ্ মুনি সুমন্ত বেদদর্শকে অথর্ব্ববেদ উপদেশ দেন। (ভাগবত ১২।৭।১)

বেদদর্শন (ক্লী) ১ বেদমন্ত্রদৃষ্টি। ২ দেখিতে বেদমূর্ত্তির ন্যায়।

বেদদর্শিন্ (ত্রি) বেদং বেদার্থং পশ্যতি দৃশ-ণিনি। বেদার্থদ্রষ্টা।

"তপোমূলমিদং সর্ব্বং দৈবমানুষকং সুখম্।
তপোমধ্যং বুধৈঃ প্রোক্তং তপোঽন্তং বেদদর্শিভিঃ॥"

(মনু ১১।২৩৫)

বেদদান (ক্লী) বেদবিষয়ক উপদেশ দান।

বেদদীপ (পুং) শুক্লযজুর্ব্বেদের মহীধরকৃত ভাষ্য।

বেদধর (পুং) বাসবদত্তাবর্ণিত ব্যক্তিভেদ।

বেদধর্ম্ম (পুং) বেদবিহিতঃ ধর্ম্মঃ। ১ বেদোক্ত বা বেদবিহিত ধর্ম্ম, বেদে যে ধর্ম্ম উপদিষ্ট হইয়াছে। ২ পৈলের পুত্রভেদ।

বেদধ্বনি (পুং) বেদস্য ধ্বনিঃ। বেদঘোষ, বেদপাঠ শব্দ।

বেদন[না] (ক্লী-স্ত্রী) বিদ-ল্যুট্, পক্ষে (ঘট্টিবন্দিবিদিভ্য উপসংখ্যানং। পা ৩।৩।১০৭) ১ জ্ঞান, সুখদুঃখাদির অনুভব। ব্যথা।

পর্য্যায়— অনুভব, সংবেদ, জ্ঞান, দুঃখ। (মেদিনী) ২ বিবাহ।

"শরঃ ক্ষত্রিয়য়া গ্রাহ্যঃ প্রতোদো বৈশ্যকন্যয়া।
বসনস্য দশা গ্রাহ্যা শূদ্রয়োৎকৃষ্টবেদনে॥" (মনু ৩ অ°)

৩ বৌদ্ধমতে স্কন্ধপঞ্চকের অন্তর্গত স্কন্ধভেদ। বেদনাস্কন্ধ।

বেদনাবৎ (ত্রি) বেদনা-অস্ত্যর্থে মতুপ্ মস্য বত্বং। বেদনাযুক্ত।

বেদনিন্দক (পুং) বেদং নিন্দতীতি নিন্দ-ণ্বুল্। বেদনিন্দাকারী, নাস্তিক।

"দুর্ভগোহি তথা ষণ্ডঃ পাষণ্ডী বেদনিন্দকঃ।" (যম ৩০)

২ বুদ্ধ। ৩ বৌদ্ধ।

বেদনিধি তীর্থ, আনন্দতীর্থ প্রবর্ত্তিত সম্প্রদায়ের একজন গুরু। ইনি প্রথমে প্রদ্যুম্নাচার্য্য নামে বিদিত ছিলেন। বিদ্যাধীশ তীর্থের পর ইনি আচার্য্যপদ প্রাপ্ত হন।

বেদনির্ঘোষ (পুং) বেদস্য নির্ঘোষঃ। বেদঘোষ, বেদপাঠ ধ্বনি।

বেদনীয় (ত্রি) ১ জ্ঞাতব্য। "তত্র কেবলা প্রকৃতিঃ প্রধানপদেন বেদনীয়া মূলপ্রকৃতিঃ।" (সর্ব্বদর্শনসং° ১৪৭।১৫)

২ বেদনাযোগ্য, বেদনাদায়ক।

বেদনূর, (বেদনোর), দাক্ষিণাত্যের মহিসুর রাজ্যের অন্তর্গত একটী নগর। সমুদ্রপৃষ্ঠ হইতে প্রায় ৪ হাজার ফিট্ উচ্চে অবস্থিত। ইহা হাইদারনগর বা নগর নামেও পরিচিত। এক সময়ে এই নগর ধনজনসমৃদ্ধিতে পূর্ণ ছিল। ১৭৬৩ খৃষ্টাব্দে হাইদার আলী এই নগর অধিকার ও লুণ্ঠন করেন। প্রবাদ, তিনি এই নগর হইতে ১২০ কোটী টাকার ধনরত্ন সংগ্রহ করিয়াছিলেন। হাইদারের অধিকার কালে এখানে টাঁকশাল প্রতিষ্ঠিত হইয়া প্রথম হাইদারী-পাগোডা মুদ্রা প্রচারিত হইয়াছিল। ১৭৮৩ খৃষ্টাব্দে ইংরাজ সেনানী জেনারল মাথিউস এই স্থান দখল করিয়া লন, কিন্তু অব্যবহিত পরেই টিপুসুলতানের পরিচালিত সেনাদল নগর আক্রমণপূর্ব্বক ধ্বংস করেন, তখন নগরবাসী সকলেই টিপুর হস্তে বন্দী হইয়াছিলেন। তদবধি এই নগর ক্রমশঃই শ্রীহীন হইয়া আসিতেছে। ১৮৭১ খৃষ্টাব্দে এখানকার জন সংখ্যা ১২৯৮ মাত্র ছিল।

বেদনূর, রাজপুতনার আরাবল্লী পর্ব্বতপাদমূলস্থ একটী সামন্তরাজ্য ও নগর। মেবার রাজ্যের সীমান্তর্গত। এখানকার এক জন প্রাচীন সর্দ্দারের নাম রাও সুরতান। রাজস্থানের ইতিবৃত্ত পাঠ করিলে জানা যায় যে, রাও সুরতান সোলাঙ্কী বংশীয় রাজপুত এবং অন্‌হলবাড়ের সুবিখ্যাত বলহরা রাজবংশের বংশধর। খৃষ্টীয় ১৩শ শতাব্দে তিনি পিতৃরাজ্য হইতে বিতাড়িত হইয়া মধ্যভারতে আগমন করেন এবং টঙ্ক-থোড় প্রদেশ ও বুনা নদীর তীরবর্ত্তী স্থান অধিকার করিয়া রাজ্যশাসন করিতে থাকেন। অতঃপর আফগান সর্দ্দার লীল্লা তাঁহার নিকট হইতে থোড়রাজ্য কাড়িয়া লয়। তদবধি তিনি বেদনূর লইয়া রাজত্ব করিতে থাকেন। তাঁহার কন্যা পৃথ্বীরাজপত্নী তারাবাই কিরূপ বীরত্বে চৌহান কুলগৌরব রক্ষা করিয়াছিলেন, ভারতের ইতিহাসপটে তাহার পূর্ণ চিত্র অঙ্কিত রহিয়াছে।

[পৃথ্বীরাজ ও তারাবাই দেখ।]

বেদপথ (পুং) বেদস্য পন্থা, ষচ্ সমাসান্তঃ। বেদবিহিতমার্গ, বেদনির্দ্দিষ্ট পথ।

বেদপাঠ (পুং) বেদস্য পাঠঃ। বেদাধ্যয়ন।

বেদপারগ (পুং) বেদস্য পারং গচ্ছতীতি গম-ড। ১ বেদবেত্তা, ব্রহ্মজ্ঞানী। ২ বৈদিক কর্ম্মে পারদর্শী।

"চক্রবাকাঃ শরদ্বীপে হংসাঃ সরসি মানসে।
তেঽভিজাতাঃ কুরুক্ষেত্রে ব্রাহ্মণা বেদপারগাঃ॥"

(শ্রাদ্ধতত্ত্ব পিতৃগাথা)

বেদপুণ্য (ক্লী) বেদপাঠেন জাতং পুণ্যং। বেদাধ্যয়নজাতপুণ্য, বেদপাঠ করিলে যে পুণ্য হয়।

"সন্ধ্যায়োর্ব্বেদবিদ্‌বিপ্রো বেদপুণ্যেন যুজ্যতে।" (মনু ২।৭৮)

বেদপুর [রী] দাক্ষিণাত্যের একটী প্রধান নগর।

(দিগ্বিজয়প্রকাশ)

বেদপুরুষ (পুং) ১ বেদরূপ পুরুষ। ২ মূর্ত্তিমান্ বেদ।

"তত্তদঙ্গাধ্যয়নাভাবে বেদপুরুষস্য তত্তদঙ্গবৈকল্যং ভবতি।"

(সূর্য্যদেবকৃত ভট্টপ্রকাশিকা)

বেদপ্রদান (ক্লী) বেদস্য প্রদানং। বেদদান। উপনয়নের পর আচার্য্য বেদদান করিয়া থাকেন, এইজন্য তিনি পিতাস্বরূপ।

"বেদপ্রদানাদাচার্য্যং পিতরং পরিচক্ষতে।" (মনু ২।১৭১)

বেদপ্রদান (ক্লী) বেদাধ্যাপন। 'বেদপ্রদানাদাচার্য্যং পিতরং পরিচক্ষ্যতে কৃৎস্নবেদাধ্যাপনান্নোপনয়নাঙ্গভূতসাবিত্র্যনুবাচন-মাত্রাদেব। প্রদানং স্বীকারোৎপাদনং বেদাক্ষরোচ্চারণে মাণব-কস্য।' (মনু ২।১৭১ মেধাতিথি)

বেদপ্রপদ্ (স্ত্রী) বেদবচন।

বেদফল (ক্লী) বেদবিহিত কর্ম্মানুষ্ঠান জন্য ফল। বেদবিহিত যাগযজ্ঞাদি কর্ম্মানুষ্ঠান করিলে যে ফললাভ হয়, আচারভ্রষ্ট ব্রাহ্মণ বেদনির্দ্দিষ্ট ফললাভ করেন না।

"আচারাদ্বিচ্যুতো বিপ্রো ন বেদফলমশ্নুতে।" (মনু ১।১০৯)

বেদবাহু (পুং) ১ পুলস্ত্যের পুত্রভেদ।

২ শ্রীকৃষ্ণ। (ভাগ° ১০।৯০।৩৪)

৩ রৈবত মন্বন্তরোক্ত সপ্তলোকভেদ। (মার্কণ্ডেয়পু° ৭৫।৭৩)

বেদবীজ (ক্লী) কৃষ্ণ। (পঞ্চরত্ন ১।১২।৭৫)

বেদব্রহ্মচর্য্য (পুং) বেদোপদেশলাভার্থ মাণবকের ব্রহ্মচর্য্য। (আশ্ব°গৃহ্য° ১।২২।৩)

বেদব্রাহ্মণ (পুং) ১ বেদজ্ঞ ব্রাহ্মণ। ২ বেদান্তর্গত ব্রাহ্মণভাগ।

বেদভাষ্যকার (পুং) যিনি বেদমন্ত্রাদির ভাষ্যরচনা করিয়াছেন। সায়ণাচার্য্য, মহীধর প্রভৃতি।

বেদভূ (পুং) দেবগণভেদ। (ভারত অনুশাসন পর্ব্ব)

বেদভৃৎ (পুং) ঋষিভেদ।

বেদমন্ত্র (পুং) বেদজ্ঞোঃ মন্ত্রঃ। বেদের মন্ত্র, বেদে যে সকল মন্ত্র আছে। স্ত্রী ও শূদ্রাদির বেদমন্ত্র পাঠে অধিকার নাই। বেদমন্ত্র স্থলে স্ত্রী ও শূদ্র 'নমঃ নমঃ' বলিবেন এবং ব্রাহ্মণ ঐ মন্ত্র পাঠ করিবেন।

২ জনপদভেদ ও তদ্দেশবাসী। (মার্ক°পু° ৫৮।৬)

বেদময় (পুং) বেদ-স্বরূপার্থে ময়ট্। বেদস্বরূপ।

বেদমাতৃ (স্ত্রী) বেদনাং মাতা। গায়ত্রী, সাবিত্রী।

"যোঽধীতেঽহন্যহন্যেতাং সাবিত্রীং বেদমাতরম্।
বিজ্ঞায়ার্থং ব্রহ্মচারী স যাতি পরমাং গতিম্॥
গায়ত্রীং বেদজননীং গায়ত্রীং লোকপাবনীম্।
ন গায়ত্র্যাঃ পরং জপ্যং এতদ্বিজ্ঞায়মুচ্যতে॥"
(কৌর্ম্ম উপবি° ১৩অ°)

২ দুর্গা। (দেবী পু° ৪৫ অ°) ৩ সরস্বতী।

বেদমাতৃকা (স্ত্রী) বেদানাং মাতৃকা। সাবিত্রী।

বেদমালি (পুং) একজন ব্রাহ্মণকুমার।

বেদমিত্র (পুং) বৈদিক আচার্য্যভেদ। (ঋক্‌প্রাতি° ১।১১)

বেদমিত্র, ঋক্-প্রাতিশাখ্যভাষ্যপ্রণেতা বিষ্ণুমিত্রের পিতা। উবট ইহার নামোল্লেখ করিয়াছেন।

বেদমিশ্র, ১ পারস্করগৃহ্যপ্রকাশ ও বশিষ্ঠস্মৃতিটীকা-রচয়িতা। ২ শান্তিভাষ্য প্রণেতা।

বেদমুখ্যা (স্ত্রী) সপক্ষ মৎকুণ। (শব্দার্থচি°)

বেদমুণ্ড (পুং) অসুরভেদ।

বেদমূর্ত্তি (পুং) ১ সূর্য্যদেব। (মার্ক°পু° ১০২।২২) ২ বেদজ্ঞ ব্রাহ্মণগণের সম্মানসূচক উপাধি।

বেদমূল (ত্রি) বেদ যাহার ভিত্তি। বেদমূলক।

বেদযজ্ঞ (পুং) বেদাধ্যয়নরূপ যজ্ঞ, বেদপাঠ।

"বেদযজ্ঞৈরহীনানাং প্রশস্তানাং স্বকর্ম্মসু।" (মনু ২।১৮৩)

বেদয়িতৃ (স্ত্রী) বিদ-ণিচ্-তৃচ্। জ্ঞাপয়িতা, যিনি জানান।

বেদর, হিন্দুকবি সনাথ সিংহের মুসলমানী নাম। ইনি ১৭৫০ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন।

বেদর, একজন মুসলমান ঐতিহাসিক। আদি নাম ইমাম বক্স। ইনি অযোধ্যাবাসী ছিলেন। "তারিখ্ সআদৎ" নামক ইতিহাসগ্রন্থ ইহার রচিত। উক্ত গ্রন্থে ইনি অযোধ্যার সুপ্রসিদ্ধ নবাব সুজা-উদ্দৌলা হইতে সআদৎ আলী খাঁ পর্য্যন্ত শাসনকর্ত্তৃগণের বংশকাহিনী ও বীরত্ব কীর্ত্তন করিয়াছেন। ইনি অযোধ্যার নবাব নাসির-উদ্দীন্ হাইদারের শাসন কালে ১৮১২ খৃষ্টাব্দে উক্ত গ্রন্থখানি সমাধা করেন। ইহার রচিত "গুল্‌শান-ই সআদৎ" প্রভৃতি কতকগুলি মসনবী পাওয়া যায়।

বেদরকার (পারসী) অনাবশ্যকীয়।

বেদরক্ষণ (ক্লী) বেদরক্ষা। ব্রাহ্মণগণের বেদরক্ষা অবশ্যকর্ত্তব্য।

বেদর বখ্‌ত, দিল্লীশ্বর আদিল শাহের পুত্র। ১৭০৭ খৃষ্টাব্দের ৮ই জুন আজিম শাহের সিংহাসনাধিকার লইয়া সম্রাট্ বাহাদুর শাহের সহিত যুদ্ধ বাঁধে। আগ্রা ও ঢোলপুরের মধ্যবর্ত্তী জজোবান নামক স্থলে উভয় পক্ষ সসৈন্যে সম্মিলিত হয়। এই রণক্ষেত্রে বেদর ও তাঁহার ভ্রাতা বালাজা পিতৃসহ ধরাশায়ী হন।

বেদর বখ্‌ত, দিল্লীশ্বর আহ্মদশাহের পুত্র। ১৭৮৮ খৃষ্টাব্দে গুলাম কাদের শাহ আলমকে কারারুদ্ধ করিয়া বেদরকে ১লা সেপ্টেম্বর সম্রাট্‌পদে উন্নীত করেন। তিনি এক মাস বার দিন মাত্র রাজত্ব করিয়াছিলেন। উক্ত বর্ষের ১২ অক্টোবর তারিখে মহারাষ্ট্র-সেনা দিল্লীতে উপনীত হইলে বেদর বখ্‌ত ভয়ে পলাইয়া যান। পরে শাহ আলমের আদেশে তিনি ধৃত ও নিহত হন।

বেদরহস্য (ক্লী) বেদানাং রহস্যং। উপনিষদ্।

বেদরাশি (পুং) বেদানাং রাশিঃ। বেদসমূহ। (মনু ১।২১ কুল্লূক)

বেদরাজস্বামী, মহাভারত-তাৎপর্য্য-নির্ণয়-প্রণেতা।

বেদবৎ (ত্রি) বেদং জ্ঞানং অস্ত্যস্য মতুপ্ মস্য ব। ১ জ্ঞানযুক্ত। জ্ঞানবান্। ২ বেদবিশিষ্ট।

বেদবতী (স্ত্রী) বেদবৎ স্ত্রিয়াং ঙীষ্। কুশধ্বজরাজকন্যা।

ইনিই জন্মান্তরে সীতারূপে জন্মগ্রহণ করেন। ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে লিখিত আছে যে, রাজা কুশধ্বজ লক্ষ্মীকে কন্যারূপে পাইবার জন্য কঠোর তপস্যা করেন। এই তপোবলে কুশধ্বজ-পত্নী মালাবতী কালক্রমে লক্ষ্মীর অংশরূপিণী এক কন্যা প্রসব করিয়াছিলেন। এই কন্যা ভূমিষ্ঠ হইবামাত্র সূতিকাগৃহে বেদধ্বনি করিতে থাকেন, এই জন্য ইহার নাম বেদবতী হয়। বালিকা জাতমাত্রই স্নান করিয়া তপস্যার নিমিত্ত বনে গমনপূর্ব্বক পুষ্কর-তীর্থে এক মন্বন্তর কাল কঠোর তপস্যা করেন। এই তপস্যায় তাহার কিছুই ক্লেশ হয় নাই। বরং নবযৌবনসম্পন্না হইয়া তাহার শরীর পুষ্ট হইয়াছিল। তখন বেদবতী সহসা দৈববাণী শুনিতে পাইলেন যে, তুমি জন্মান্তরে হরিকে পতি পাইবে। এই দৈববাণী শুনিয়া বেদবতী গন্ধমাদন পর্ব্বতে যাইয়া পুনরায় কঠোর তপস্যায় প্রবৃত্ত হইলেন। এই অবস্থায় লঙ্কেশ্বর রাবণ একদিন অকস্মাৎ তাঁহার সমীপে উপনীত হইলে বেদবতী তাহাকে অতিথিজ্ঞানে পাদ্যাদির দ্বারা পূজা করেন। রাবণ বেদবতীপ্রদত্ত ফলমূলাদি ভোজন করিয়া তাহার সমীপে যাইয়া জিজ্ঞাসা করিলেন, 'কল্যাণি! তুমি কে? কাহার কন্যা?' এই বলিয়া পাপিষ্ঠ রাবণ কামবাণে পীড়িত ও মূর্চ্ছিতপ্রায় হইয়া সেই মনোহারিণী পীনোন্নত-পয়োধরা বেদবতীকে ধরিয়া সেই স্থলে বিহার করিতে উদ্যত হইলেন।

সতী বেদবতী কোপময় দৃষ্টিতে রাবণকে স্তম্ভিত করিলেন। ইহাতে রাবণের হস্ত, পদ মুখ প্রভৃতি সকলই জড়ীভূত হইল। তখন পাপিষ্ঠ রাবণ তাহাকে মনে মনে স্তব করিতে লাগিল। তখন দেবী তাহার স্তবে সন্তুষ্ট হইয়া তাহাকে পুনরায় প্রকৃতিস্থ করিয়া এই অভিশাপ দিলেন যে, 'তুমি আমার জন্য সবান্ধবে বিনষ্ট হইবে। তুমি আমার শরীর স্পর্শ করিয়াছ, আমি এ দেহ পরিত্যাগ করি, দর্শন কর।' এই বলিয়া সতী যোগবলে দেহ-পরিত্যাগ করিলে রাবণ তাহাকে গঙ্গাজলে নিক্ষেপ করিয়া স্বস্থানে প্রস্থান করিলেন।

কালান্তরে, এই সাধ্বী জনকাত্মজারূপে জন্মগ্রহণ করিয়া সীতা নামে খ্যাতা হন। রাবণ ইহার জন্য সবংশে বিনষ্ট হন। দেবগণের অভিপ্রায়ে প্রকৃত সীতা অগ্নির নিকট থাকিলেন এবং রাবণ ছায়া-সীতাকে হরণ করিয়া লঙ্কায় লইয়া গেলেন। রাবণবধের পর অগ্নিপরীক্ষাকালে অগ্নিদেব প্রকৃত-সীতাকে অর্পণ করেন।

রাম ও অগ্নির উপদেশানুসারে এই ছায়া-সীতাও পুষ্কর-তীর্থে তিন লক্ষ বৎসর তপস্যা করেন। এই তপোবলে তিনি যজ্ঞকুণ্ডে উদ্ভূতা হইয়া পাণ্ডবরমণী দ্রুপদাত্মজা দ্রৌপদী নামে খ্যাতা হন। (ব্রহ্মবৈবর্ত্তপু° প্রকৃতিখ° ১৩-১৪ অ°)

২ পারিপাত্রপর্ব্বতস্থ নদীবিশেষ। (মার্কণ্ডেয়পু° ৫৭।১৯)

৩ অপ্সরোভেদ।

বেদবতী, দক্ষিণভারতে প্রবাহিত একটী নদী। ইহার উত্তরে কারাষ্ট্র নামক বিস্তৃত জনপদ। এখানকার ব্রাহ্মণগণ কারাষ্ট্র-ব্রাহ্মণ নামে পরিচিত। (সহ্যা° ২।২।৩)

সম্ভবতঃ পুরাণবর্ণিত এই বেদবতী নদী বর্ত্তমানে বেদাবতী নামে প্রখ্যাত হইয়া তুঙ্গভদ্রার শাখারূপে বিরাজ করিতেছে। মহিসুর রাজ্যের কদুর জেলায় বাবাবুদন পর্ব্বতের পশ্চিম ঢালুদেশ দিয়া বেদ ও অবতী নামক দুইটী পর্ব্বতগাত্রবাহিনী স্রোতঃ-স্বিনী ধীর মন্থর গতিতে চলিয়াছে। উৎপত্তি-স্থান হইতে বেদ-নদী গৌরীহল্ল নামে পরিচিত। ইহা স্বীয় গর্ভদেশে অয্যঙ্করে নামক একটী সুবৃহৎ হ্রদাকার খাত গঠন করিয়া তাহা অতিক্রম করিবার পর, বেদ নদী নাম ধারণ করিয়াছে। এইরূপ অবতী শাখাও মধ্যস্থলে ঐরূপ হ্রদাকার খাত উৎপন্ন করিয়া উত্তর-পূর্ব্ব গতিতে আসিয়া পরস্পরে কদুর নগরের দক্ষিণে মিলিত হইয়াছে। সঙ্গমের পর বেদাবতী নামে এই নদী উত্তরপূর্ব্ব গতিতে প্রবাহিত হইয়া চিত্তলদুর্গ জেলার মধ্য দিয়া ক্রমে মাড়িকনিবে গিরিকন্দর ও হরিয়ুর নগর অতিক্রম করিয়া মান্দ্রাজ প্রেসিডেন্সীর বেল্লরী জেলায় আসিয়াছে। এখানে উভয় কুল হইতে নানা শাখা নদীতে পুষ্ট কলেবরা হইয়া বেদা-বতী অঘারী (পাপবন্ধ মুক্তকারিণী) নামে উত্তরমুখে প্রবাহিত হইয়া বেল্লরী নগরের ১০ মাইল পশ্চিমে হুচহল্লী গ্রামের নিকটে তুঙ্গভদ্রায় মিলিয়াছে।

বর্ষাঋতু ব্যতীত প্রায় সকল সময়েই এই নদী পার হওয়া যায়। হরিয়ুর যাইবার রাস্তার উপর এবং পরমদেবনহল্লী গ্রামে বেল্লরী ব্রাঞ্চ রেলে যাইবার জন্য নদীবক্ষে সেতু নির্ম্মিত হইয়াছে।

বেদবদন (স্ত্রী) বেদানাং বদনমিব। ব্যাকরণ।

"যো বেদবদনং সদনং হি সম্যগ্
ব্রাহ্ম্যাঃ স বেদমপি বেদ কিমন্যশাস্ত্রম্।
অস্মাদতঃ প্রথমমেতদধীত্য ধীমান্
শাস্ত্রান্তরস্য ভবতি শ্রবণেঽধিকারী॥" (গোলাধ্যায়)

(পুং) বেদা বদনে যস্য। ২ ব্রহ্মা। (দেবীভাগ° ৭।৩০।৮১)

বেদবাক্য (ক্লী) বেদস্য বাক্যং। বেদের বাক্য, বেদোক্তি।

বেদবাদ (পুং) বেদস্য বাদঃ। বেদবাক্য।

বেদবাদিন্ (ত্রি) বেদং বদতি বদ-ণিনি। বেদবিদ্, বেদজ্ঞ, যাহারা বেদোক্ত মত বলেন।

"অহং পুরাতীত ভবেঽভবং মুনে
দাস্যাশ্চ কস্যাশ্চন বেদবাদিনাম্।" (ভাগবত ১।৫।২৩)

বেদবাস (পুং) বেদানাং বাসো যস্মিন্। ব্রাহ্মণ। বেদ ব্রাহ্মণে অবস্থান করেন, এই জন্য ব্রাহ্মণের নাম বেদবাস।

বেদবাহ (ত্রি) বেদপাঠক। (নীলকণ্ঠ)

বেদবাহন (ত্রি) সূর্য্যদেব। (ভারত বনপর্ব্ব)

বেদবিত্ত্ব (ক্লী) বেদবিদো ভাবঃ ত্ব। বেদবিদের ভাব বা ধর্ম্ম, বেদজ্ঞান।

বেদবিদ্ (পুং) বেদান্ বেত্তীতি বিদ্-ক্বিপ্। ১ বিষ্ণুর নামভেদ। (বিষ্ণুর সহস্রনামস্তোত্র)

(ত্রি) ২ বেদজ্ঞ, যাহারা বেদ জানেন।

বেদবিদ্যা (স্ত্রী) বেদরূপা বিদ্যা। বেদরূপ বিদ্যা, বেদজ্ঞান।

বেদবিদ্যাবটী, প্রমেহরোগে উপকারী ঔষধভেদ। প্রস্তুত প্রণালী—পারদ, অভ্র, কান্তলৌহ, সীসা প্রত্যেক সমভাগে লইয়া ১ দিন ব্রাহ্মীরসে মর্দ্দন করিয়া বালুকাযন্ত্রে পাক করিবে। পরে উদ্ধৃত করিয়া চূর্ণ করিয়া লইবে। এবং অভ্র, শিলাজতু, স্বর্ণমাক্ষিক, মণ্ডুর, বৈক্রান্ত, হীরাকস প্রত্যেক পূর্ব্বোক্ত দ্রব্যের প্রত্যেকের সমান, এবং মুতা, রক্তচন্দন, পুন্নাগ, নারিকেল মূল, কয়েতবেল, হরিদ্রা, দারুহরিদ্রা, প্রত্যেক চূর্ণ পূর্ব্বোক্ত দিগের সমান। এই সমুদায় জামীরের রসে ২ প্রহর মর্দ্দন করিয়া বটিকা প্রস্তুত করিবে। অনুপান মধু, আমলকীর রস, গুলঞ্চরস। ইহা সেবন করিলে সকল প্রকার মেহ নষ্ট হয়।

(ভৈষজ্যরত্নাবলী)

বেদবিদ্বস্ (ত্রি) বেদং বিদ্বান্। বেদবিদ্, বেদজ্ঞ, যিনি বেদ জানেন।

বেদবিলাসিনী, একখানি তন্ত্রগ্রন্থ।

বেদবিহিত (ত্রি) বেদসিদ্ধ।

বেদবৃত্ত (ক্লী) বেদধর্ম্ম।

বেদবৃদ্ধ (পুং) বৈদিক আচার্য্যভেদ।

বেদবৈনাশিকা (স্ত্রী) নদীভেদ।

বেদব্যাস (পুং) বেদং ব্যাসতি পৃথক্করোতীতি বি-অস-অণ্। মুনিবিশেষ। কৃষ্ণদ্বৈপায়ন নামক প্রসিদ্ধ বেদবিভাগকর্ত্তা। ইহার নামনিরুক্তি—

"বেদমেকং চতুর্ভেদং কৃত্বা শাখাশতৈর্বিভুঃ।
করোতি বহুলং ভূয়ো বেদব্যাসস্বরূপধৃক্॥
দ্বাপরেতু যুগে বিষ্ণুর্ব্যাসরূপী মহামুনে।
বেদমেকং স বহুধা কুরুতে জগতো হিতঃ॥
যয়া চ কুরুতে তন্বা বেদমেকং পৃথক্ প্রভুঃ।
বেদব্যাসাভিধানা তু সা সা মূর্ত্তির্মধুদ্বিষঃ॥" (বিষ্ণুপুং)

একবেদকে যিনি শতশাখাযুক্ত চারিভাগে বিভাগ করিয়াছিলেন, তিনি বেদব্যাস নামে অভিহিত।

ইনি সাধারণতঃ মাঠর, দ্বৈপায়ন, পারাশর্য্য, কানীন, বাদরায়ণ, ব্যাস, কৃষ্ণদ্বৈপায়ন, সত্যভারত, পারাশরি, সাত্যব্রত, বাদরায়ণি, সত্যবতীসুত, সত্যরত নামেও পরিচিত।

মহাভারতে বেদব্যাসের জন্মবৃত্তান্ত এইরূপ লিখিত আছে। একদিন মৎস্যগন্ধা পিতার আজ্ঞাক্রমে নৌকাবাহনকার্য্যে নিযুক্ত আছেন, এমন সময় তীর্থযাত্রায় বহির্গত পরাশর ঋষি তাহাকে দেখিতে পাইলেন এবং অতিশয় রূপবতী মধুরহাসিনী মনোরমা সেই বসুকন্যাকে দেখিবামাত্র মুনিবর এককালে কামাভিভূত হইলেন এবং তাহাকে কহিলেন, কল্যাণি! আমার মনোরথ পূর্ণ কর। ইহাতে কন্যা কহিলেন, হে ভগবন্! দেখুন নদীর উভয় পারে ঋষিগণ আছেন, তাহারা আমাদিগকে দেখিতে পাইতেছেন, অতএব এখন কিরূপে আমাদিগের সমাগম হইতে পারে? মৎস্যগন্ধা এইরূপ আপত্তি করায় ভগবান্ পরাশর কুজ্ঝটিকা সৃষ্টি করিলেন, তখন সমুদয় দেশ অন্ধকারাবৃতের ন্যায় হইল। অনন্তর মহর্ষিকর্ত্তৃক সৃষ্ট নীহার দর্শন করিয়া তপস্বিনী কন্যা বিস্মিতা ও লজ্জাভিভূতা হইলেন এবং ধীরে ধীরে সত্যবতী ঋষিবরকে কহিলেন, ভগবন্! আমি পিতৃবশবর্ত্তিনী কন্যা, আমার বিবাহ হয় নাই, আপনার সহিত সমাগমে আমার কন্যাভাব দূষিত হইবে। কন্যাভাব দূষিত হইলে আমি কি প্রকারে গৃহে যাইব এবং কিরূপেই বা গৃহে বাস করিব? আপনি এই সকল বিবেচনা করিয়া যাহা কর্ত্তব্য হয় করুন!

সত্যবতী এইরূপ কহিলে পরাশর প্রীত হইয়া কহিলেন, আমার সহযোগে তোমার কন্যাভাব দূষিত হইবে না এবং তোমার যাহা অভিলাষ থাকে, সেইরূপ বর প্রার্থনা কর। আমার প্রসন্নতা কখন নিষ্ফল হয় নাই। পরাশর এই বাক্য কহিলে, মৎস্যগন্ধা স্বীয় গাত্রে সৌগন্ধ্য প্রার্থনা করিলেন এবং মুনিবর তথাস্তু বলিয়া সেই অভিলষিত বরপ্রদান করিলেন।

অনন্তর সত্যবতী ঋষিপ্রভাবে ঋতুমতী ও প্রার্থিত বরলাভে সন্তুষ্টচিত্ত হইয়া অদ্ভুতকর্ম্মা পরাশর ঋষির সহিত সঙ্গতা হইলেন। তদবধি তাহার নাম গন্ধবতী হইল। মানবগণ একযোজন দূর হইতেও তাহার গাত্রগন্ধ আঘ্রাণ করিত, এই জন্য তাহার অপর নাম যোজনগন্ধাও হইয়াছিল।

সত্যবতী এইরূপে উত্তম বরপ্রাপ্ত হইয়া প্রহৃষ্টান্তঃকরণে পরাশরের মনোরথ পূর্ণ করিয়াই সদ্যঃ গর্ভধারণ ও প্রসব করিলেন। তাহাতে বীর্য্যবান্ পরাশরনন্দন উৎপন্ন হইল। ঐ পুত্র কৃষ্ণকায় ছিল এবং যমুনাগর্ভস্থ দ্বীপে জন্মগ্রহণ করেন বলিয়া কৃষ্ণ ও দ্বৈপায়ন আখ্যা প্রাপ্ত হন। তিনি জন্মমাত্রই মাতার অনুমতি লইয়া তপস্যায় মনোনিবেশ করিলেন এবং তাঁহাকে ইহা

বলিয়া গেলেন যে, যখন আপনার কোন কার্য্য উপস্থিত হইবে, তখন আমাকে স্মরণ করিলে আমি আসিয়া উপস্থিত হইব।

দ্বৈপায়ন এইরূপে পরাশরের ঔরসে সত্যবতীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি দেখিলেন যে, যুগে যুগে ধর্ম্মের একপাদ করিয়া হ্রাস হইতেছে এবং যুগানুসারে মানবের শক্তি ও পরমায়ু ক্ষীণ হইয়া আসিতেছে, তখন তিনি বেদের রক্ষার নিমিত্ত ও ব্রাহ্মণগণের প্রতি অনুগ্রহপ্রকাশ করিয়া বেদ ব্যাস অর্থাৎ বিভাগ করিলেন; তন্নিমিত্ত তাহার নাম বেদব্যাস হইল। তিনি বেদ সকল বিভাগ করিয়া শিষ্য সুমন্ত, জৈমিনি, পৈল, বৈশম্পায়ন এবং পুত্র শুকদেবকে অধ্যয়ন করান এবং মহাভারতও ইঁহাদিগকে উপদেশ দেন। ইঁহারা সকলে মহাভারতের এক একখানি সংহিতা প্রকাশ করিয়াছিলেন।

(ভারত আদিপর্ব্ব ৬২ অ°)

কালক্রমে সত্যবতীর সহিত চন্দ্রবংশীয় রাজা শান্তনুর বিবাহ হয়। কুরুকুলপিতামহ ভীষ্মদেব কিরূপ স্বার্থত্যাগে পিতার সহিত সত্যবতীর বিবাহের সংঘটন করাইয়াছিলেন, তাহা মহাভারত পাঠক মাত্রেই অবগত আছেন। শান্তনু-তনয় বিচিত্রবীর্য্য লোকান্তর গত হইলে, সত্যবতী ব্যাসকে আহ্বান করিয়া বিধবা পুত্রবধূগণের গর্ভোৎপাদনে নিযুক্ত করেন। ঐ গর্ভে যথাক্রমে ধৃতরাষ্ট্র ও পাণ্ডুর জন্ম হয়। ধর্ম্মাত্মা বিদুরও ব্যাসনন্দন বলিয়া প্রথিত। [ভীষ্ম, পাণ্ডু ও শান্তনু দেখ।]

আমরা পুরাণ আলোচনা করিয়া জানিতে পারি যে, কৃষ্ণ-দ্বৈপায়নের পূর্ব্বে, ভিন্ন ভিন্ন কল্পে ভিন্ন ভিন্ন ব্যাস আবির্ভূত হইয়াছিলেন। কূর্ম্ম, বায়ু ও বিষ্ণুপুরাণে ২৮ জন ব্যাসের উল্লেখ আছে। তাঁহারা বিষ্ণু বা ব্রহ্মার স্বরূপ বলিয়া বর্ণিত। কল্পে কল্পে ধর্ম্মের অপলাপ দেখিয়া ধর্ম্মরক্ষার জন্য স্বয়ং ভগবান্ ব্রহ্মা ভিন্ন ভিন্ন ব্যাসরূপে অবতীর্ণ হইয়া বেদরক্ষা ও বিভাগ করিয়া জনসমাজে প্রচার করিয়াছিলেন। ব্যাস ব্যক্তি বিশেষের নাম নহে, উহা বেদবিভাগকারী ঋষিদিগের সম্মানজনক উপাধি।

আমাদের দেশে যেমন বেদবিভাগকারী ঋষিদিগের ব্যাস উপাধি দৃষ্ট হয়, গ্রীক্ জাতির মধ্যেও সেইরূপ জ্ঞানগরিমা-ব্যঞ্জক Homoros উপাধি বিদ্যমান আছে। কিন্তু অস্মদীয় ব্যাসগণ শাশ্বত। বেদান্তদর্শনকার, মহাভারতকার, অষ্টাদশ মহাপুরাণকার এবং চারিবেদবিভাগকর্ত্তা ব্যাসদেব যে এক ব্যক্তি এরূপ অনুমান ভিত্তিহীন। তবে এই মাত্র স্বীকার করা যায় যে, কোন এক কল্পে একজন ব্যাস যাহা সম্পাদন করিয়াছিলেন, ভিন্ন কল্পে তাহা লুপ্তপ্রায় দেখিয়া অপর একজন ঋষি সেই শাস্ত্রমর্য্যাদা রক্ষার প্রয়াসে ব্যাস উপাধিধারণপূর্ব্বক সেই শাস্ত্ররক্ষা করিয়াছিলেন। বেদান্ত, পুরাণ বা মহাভারত শাস্ত্র তাঁহাদের একজনের প্রণয়ন।

সাধারণের অবগতির জন্য নিম্নে ২৮ জন ব্যাসের নাম দেওয়া গেল। ইহারা প্রথমাদি দ্বাপরে পর পর সমুদ্ভূত হইয়াছিলেন। যথা—১ স্বয়ম্ভুর। ২ প্রজাপতি বা মনু। ৩ উশনা। ৪ বৃহস্পতি। ৫ সবিতৃ। ৬ মৃত্যু বা যম। ৭ ইন্দ্র। ৮ বসিষ্ঠ। ৯ সারস্বত। ১০ ত্রিধামন্। ১১ ঋষভ বা ত্রিবৃষন্। ১২ সুতেজা বা ভারদ্বাজ। ১৩ অন্তরিক্ষ বা ধর্ম্ম। ১৪ ষপৃবন্ বা সুচক্ষুঃ। ১৫ ত্রয্যারুণি। ১৬ ধনঞ্জয়। ১৭ কৃতঞ্জয়। ১৮ ঋতঞ্জয়। ১৯ ভরদ্বাজ। ২০ গৌতম। ২১ উত্তম বা হর্য্যাত্মন্। ২২ বাচিশ্রবস, বেণ বা নারায়ণ। ২৩ সোম-মুখ্যায়ন বা তৃণবিন্দু। ২৪ ঋক্ষ বা বাল্মীকি। ২৫ শক্তি। ২৬ পরাশর। ২৭ জাতূকর্ণ। ২৮ কৃষ্ণ-দ্বৈপায়ন। (কূর্ম্মপু° ১।৫১।১-১০) [ব্যাস দেখ।]

বেদব্যাস, অন্নপূর্ণাস্তোত্র, প্রণবকল্প, মাধবস্তবরাজ ও বক্রতুণ্ডাষ্টক নামক গ্রন্থ চতুষ্টয় প্রণেতা।

বেদব্যাসতীর্থ, মাধ্বসম্প্রদায়ের একজন গুরু, প্রথম নাম ব্যাসাচার্য্য। ইনি রঘূত্তমতীর্থের শিষ্য। ১৫৬০ খৃষ্টাব্দে ইঁহার তিরোধান হয়।

বেদব্যাস স্বামিন্, একজন স্মৃতিশাখাপ্রবর্ত্তক। স্মৃত্যর্থসাগরে ইহার উল্লেখ আছে।

বেদব্রত (ক্লী) বেদাধ্যয়নানুরক্ত।

বেদশর্ম্মন্, রাজপুতনাবাসী একজন কবি। (১২৭৪ খৃষ্টাব্দে) ইনি অর্ব্বুদপর্ব্বতস্থ রাণা সমরসিংহের শিলালিপি রচনা করেন।

বেদশব্দ (পুং) বেদোক্ত শব্দ, বেদধ্বনি।

"বেদশব্দেভ্য এবাদৌ পৃথক্‌সংস্থাশ্চ নির্ম্মমে।" (মনু ১।২১)

বেদশাখা (স্ত্রী) বেদস্য শাখা। বেদের শাখা।

বেদশাস্ত্র (ক্লী) বেদ এব শাস্ত্রং। বেদরূপ শাস্ত্র।

বেদশির (পুং) ১ কৃশাশ্বপুত্র। (ভাগবত ৬।৬।২০) ২ অস্ত্রবিশেষ। (লিঙ্গপু° ২৪।৬৮)

বেদশির, রাজপুতনার বিকানের রাজ্যের অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৬°৪৮´৫০´´ উঃ এবং দ্রাঘি° ৭৪°২২´১৫´´ উঃ। এখানে বহুসংখ্যক অশ্ববালবংশীয় শেঠ এবং আগরওয়ালা বণিক্‌সম্প্রদায়ের বাস আছে, এখানে ১০টী মন্দির ও কএকটী ছত্র দেখা যায়।

বেদশিরস্ (ক্লী) মার্কণ্ডেয় ও মূর্দ্ধন্যার গর্ভজাত পুত্র। ইহা হইতেই ভার্গবব্রাহ্মণগণের উৎপত্তি। ২ প্রাণের পুত্র। ৩ অস্ত্রভেদ।

বেদশিরা, পঞ্চদশ দ্বাপরে ভগবান্ রুদ্র ব্রাহ্মণকুমার বেদশিরারূপে অবতীর্ণ হন। (লিঙ্গপু° ২৪।৬৮)

বেদশীর্ষ (পুং) পর্ব্বতভেদ। (লিঙ্গপু° ২৪।৬৮)

বেদশ্রবস (পুং) ঋষিভেদ।

বেদশ্রী (পুং) ঋষিভেদ। (মার্কণ্ডেয়পু° ৭৫।৭৩)

বেদশ্রুত (পুং) বসিষ্ঠের পুত্র। (ভাগবত ৮।১।২৩)

বেদশ্রুতি (স্ত্রী) ১ বেদমন্ত্রের শ্রবণ। ২ বেদধ্বনি। ৩ নদীভেদ। (রামায়ণ ২।৪৯।৯)

বেদস্ (পুং) যজ্ঞভাগপ্রাপক কর্ম্মবিষয়ক জ্ঞান।

(ঋক্ ৩।৬০।১ সায়ণ)

বেদস (ক্লী) ধন। (ঋক্ ১।৭০।১০)

বেদসংস্থিত (ত্রি) বেদযুক্ত। (মার্কণ্ডেপু° ১০১।২০)

বেদসংহিতা (স্ত্রী) বেদস্য সংহিতা। বেদের সংহিতা, মন্ত্রব্রাহ্মণ।

"অরণ্যে বা ত্রিরভ্যস্ত প্রযতো বেদসংহিতাম্।
মুচ্যতে পাতকৈঃ সর্ব্বৈঃ পরাকৈঃ শোধিতস্ত্রিভিঃ॥"

(মনু ১১।২৫৯)

বেদসংন্যাসিক (ত্রি) বেদবিহিতাগ্নিহোত্রাদি কর্ম্মত্যাগী।

(মনু ৬।৮৬)

বেদসমাপ্তি (স্ত্রী) বেদাধ্যয়নশেষ। (আশ্ব°গৃহ্য° ১।২২।১৮)

বেদসম্মত (ত্রি) বেদোক্ত মতানুরূপ।

বেদসম্মিত (ত্রি) বেদানুরূপ পরিমাণবিশিষ্ট।

বেদসার (পুং) বিষ্ণু।

বেদসিনী (স্ত্রী) নদীভেদ। (বায়ুপুরাণ)

বেদসূত্র (ক্লী) বেদমন্ত্রানুরূপ সূত্র।

বেদস্তুতি (স্ত্রী) ব্রহ্মস্তুতি। ভাগবতের ১০।৮৭ অধ্যায় বেদস্তুতি বলিয়া প্রসিদ্ধ।

বেদস্পর্শ (পুং) বৈদিক আচার্য্যভেদ।

বেদস্মৃতা (স্ত্রী) নদীভেদ। (ভারত ভীষ্মপর্ব্ব)

বেদস্মৃতি (স্ত্রী) বেদস্মৃতা, নদীভেদ। (ভাগ° ৫।১৯।১৮)

বেদহীন (ত্রি) বেদেন হীনঃ। বেদরহিত, যাহারা বেদ জানে না বা যাহাদের বেদে অধিকার নাই।

বেদাগ্রণী (স্ত্রী) বেদানামগ্রণী। সরস্বতী। (রাজনি°)

বেদাঙ্গ (ক্লী) বেদস্য অঙ্গং। ১ শ্রুত্যবয়ব ষট্‌প্রকার শাস্ত্র; যথা শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ ও ছন্দ এই ৬টী বেদের অঙ্গ।

"শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং জ্যোতিষাং গণঃ।
ছন্দোবিচিতিরিত্যেতৈঃ ষড়ঙ্গো বেদ উচ্যতে॥" (শিক্ষা)

বেদের পাদ ছন্দ, কল্প হস্ত, জ্যোতিষ চক্ষু, নিরুক্ত শ্রোত্র, শিক্ষা ঘ্রাণ ও মুখ ব্যাকরণ।

"ছন্দঃ পাদৌতু বেদস্য হস্তৌ কল্পোঽথ পঠ্যতে।
জ্যোতিষাময়নং চক্ষুর্নিরুক্তং শ্রোত্রমুচ্যতে॥
শিক্ষা ঘ্রাণন্তু বেদস্য মুখং ব্যাকরণং স্মৃতম্।
তস্মাদ্ সাঙ্গমধীত্যৈব ব্রহ্মলোকে মহীয়তে॥" (শিক্ষা)

[বেদ দেখ।]

২ সূর্য্যদেব। (ভারত বনপর্ব্ব) ৩ দ্বাদশআদিত্যভেদ।

বেদাঙ্গতীর্থ, মধ্ববিজয়টীকা-প্রণেতা।

বেদাঙ্গরায়, ১ অশৌচচন্দ্রিকা-রচয়িতা। ২ মহারুদ্রপদ্ধতি-প্রণেতা। ৩ পারসীপ্রকাশ ও শ্রাদ্ধদীপিকা-রচয়িতা। ইনি গুজরাতপ্রদেশের শ্রীস্থলবাসী তিওলভট্টের পুত্র। মোগলসম্রাট্ শাহজহানের আদেশে ১৬৪৩ খৃঃ পারসীপ্রকাশ রচনা করেন।

বেদাচার্য্য (পুং) বেদশাস্ত্রোপদেষ্টা।

বেদাচার্য্য আবসথিক, স্মৃতিরত্নাকরপ্রণেতা।

বেদাত্মন্ (পুং) ১ বিষ্ণু। ২ সূর্য্যদেব।

বেদাদি (ক্লী) বেদানামাদি, ক্বচিদৌপচারিকাঃ শব্দাঃ স্বলিঙ্গমপি ত্যজন্তি ইতি ন্যায়াদস্য ক্লীবত্বং। প্রণব, ওঙ্কার।

"বেদাদি ভুবনেশীঞ্চ শ্রীবীজং ঙেযুতং ভৃগুম্।
কারয়িত্বা বদেন্মন্ত্রং শুক্রস্য চ ষড়ক্ষরম্॥" (রুদ্রযামল)

(পুং) ২ বেদের আদি, বেদের পূর্ব্ব।

বেদাদিবীজ (ক্লী) বেদস্য আদৌ প্রযুক্তং বীজম্। প্রণব।

বেদাদ্রি, মান্দ্রাজ প্রেসিডেন্সীর কৃষ্ণা জেলার নন্দীগ্রাম তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। কৃষ্ণা নদীতীরে অবস্থিত। এখানে একটী প্রাচীন দুর্গের ও অন্যান্য অট্টালিকাদির ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়।

বেদাধিগম (পুং) বেদস্য অভিগমঃ। বেদস্বীকরণ, বেদবিদ্যালাভ। (মনু ২।২)

বেদাধিদেব (পুং) ব্রাহ্মণ।

বেদাধিপ (পুং) বেদানামধিপঃ। চতুর্ব্বেদের অধিপতিগ্রহ। ঋগ্‌বেদের অধিপতি বৃহস্পতি, যজুর্ব্বেদের অধিপতি শুক্র, সামবেদের অধিপতি মঙ্গল এবং অথর্ব্ববেদের অধিপতি বুধ।

"ঋগ্‌বেদাধিপতির্জীবো যজুর্ব্বেদাধিপঃ সিতঃ।
সামবেদাধিপো ভৌমঃ শশিজোঽথর্ব্ববেদরাট্॥"(জ্যোতিস্তত্ত্ব)

বেদাধ্যক্ষ (পুং) শ্রীকৃষ্ণ। (হরিবংশ)

বেদাধ্যয়ন (ক্লী) বেদস্য অধ্যয়নং। বেদপাঠ, বেদের অধ্যয়ন।

বেদাধ্যায় (পুং) বেদোপদেশ।

বেদাধ্যায়িন্ (ত্রি) বেদমধ্যেতি বেদ-অধি-ই-ণিনি। বেদপাঠকারী।

বেদানুবচন (ক্লী) বেদবাক্য।

বেদান্ত (ক্লী) বেদানাং অন্তঃ বেদান্তঃ। বেদের অন্ত অর্থাৎ শেষভাগই বেদান্ত। এইরূপ অর্থ করিয়া কেহ কেহ বেদের অবশিষ্ট অংশকেই বেদান্ত বলিয়া থাকেন। তাঁহারা বলেন, ব্রাহ্মণ গ্রন্থের

সহিত যে উপনিষদ্ অংশ আছে উহাই বেদান্ত। আভিধানিক হেমচন্দ্রের ইহাই অভিপ্রায়। আবার বৈদান্তিকেরা বলেন "বেদস্যান্তঃ চরমোদ্দেশ্যঃ প্রদর্শিতা যত্র স এব বেদান্তঃ।" অর্থাৎ যাহাতে বেদের চরম উদ্দেশ্য প্রদর্শিত হইয়াছে তাহাই বেদান্ত। পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীসদানন্দ যোগীন্দ্র স্বরচিত সুবিখ্যাত বেদান্তসার গ্রন্থে লিখিয়াছেন "বেদান্তো নাম উপনিষৎপ্রমাণং তদুপকারিণি শারীরকসূত্রাদীনি চ।"

শ্রীমন্নৃসিংহ সরস্বতী এই বেদান্তসারের টীকায় উক্ত উদ্ধৃত অংশের যে ব্যাখ্যা করিয়াছেন, তাহার অর্থ এইরূপ ;—"উপনিষদই প্রমাণ" এই অর্থে উপনিষৎ প্রমাণ, অথবা উপনিষদ্‌ই প্রমাণস্বরূপ ব্যবহৃত হইয়াছে যে শাস্ত্রে, তাহাই উপনিষৎ প্রমাণ তদুপকারক শারীরকসূত্রাদিও বেদান্ত বলিয়া প্রসিদ্ধ। সুতরাং উপনিষদ্ ও শারীরকসূত্রই বেদান্তশাস্ত্র। সুতরাং বেদান্ত সম্বন্ধে আলোচনা করিতে হইলে উপনিষদ্ ও সভাষ্য ব্রহ্মসূত্রের আলোচনা করা কর্ত্তব্য। উপনিষৎ সম্বন্ধে স্থানান্তরে কিঞ্চিৎ আলোচনা করা হইয়াছে। তাহাতে উপনিষদের প্রতিপাদ্য বিষয়ের কিছু কিছু উল্লেখ আছে। ব্রহ্মবিদ্যাই উপনিষদের বিষয়। উপ পূর্ব্ব নি পূর্ব্ব বধ-গতি ও অবসাদনার্থ সদ্ ধাতুর উত্তর ক্বিপ্ প্রত্যয় করিয়া এই শব্দটী সাধিত হইয়াছে। ধাতুগত ব্যুৎপত্তি অনুসারে উপনিষৎ শব্দের নিম্নলিখিত অর্থ প্রতিপন্ন হয়। যথা—

(১) যাহারা ব্রহ্মবিদ্যায় আসক্ত নহে, উপনিষদ্ দ্বারা তাহাদের সংসারের সারত্ব বুদ্ধি বিনষ্ট হয়, এই জন্য ইহার নাম উপনিষদ্। এখানে "সদ" ধাতুর "বধ" অর্থ গৃহীত হইল।

(২) ইহা দ্বারা পরম শ্রেয়ঃস্বরূপ প্রত্যাগাত্ম ব্রহ্মপদার্থের উপলব্ধি হয়, এই নিমিত্ত এই শাস্ত্রের নাম উপনিষৎ। এই স্থানে গত্যর্থে (প্রাপ্ত্যর্থ) সদ ধাতুর অর্থ গৃহীত হইয়াছে।

(৩) এই শাস্ত্র দুঃখ-জন্ম-প্রবৃত্তিমূলক অজ্ঞানকে উন্মূলন করে, এই জন্য ইহার নাম উপনিষদ্। এখানে অবসাদন অর্থ গৃহীত হইয়াছে।

(৪) সদ্ ধাতুর অবসাদন অর্থে যাস্কৃত নিরুক্তের ভাষ্যে দুর্গাচার্য্যও উপনিষদ্ শব্দের এইরূপ একটী ব্যুৎপত্তিগত অর্থ করিয়াছেন। তদ্‌যথা—"যয়া জ্ঞানমুপগতস্য সতো গর্ভজন্মজরামৃত্যবো নিশ্চয়েন সীদন্তি সা রহস্যং বিদ্যা উপনিষদিত্যুচ্যতে।"

অর্থাৎ যে বিদ্যা দ্বারা তদধীত জ্ঞানীজনের গর্ভজন্মজরামৃত্যু দোষসমূহ নিশ্চয়রূপে অবসন্ন হয়, সেই বিদ্যা উপনিষদ্ নামে অভিহিত।

এই ঔপনিষদী বিদ্যা অতি প্রাচীনা ; কিন্তু পাশ্চাত্য পণ্ডিতগণের মধ্যে কেহ কেহ উপনিষৎসমূহকে পাণিনির পরবর্ত্তী কালের গ্রন্থ বলিয়া সিদ্ধান্ত করিতে প্রয়াসী হইয়াছেন। তাঁহাদের যুক্তি এই যে উপনিষৎ পদটী পাণিনির ব্যাকরণে সাধিত হয় নাই। সুতরাং পাণিনির সময়ে আদৌ উপনিষৎ বা বেদান্তসাহিত্যের প্রচলন ছিল না।

পাশ্চাত্যপণ্ডিতবিশেষের এই প্রকার অভিনব সিদ্ধান্ত আমাদের নিকট অতীব বিস্ময়কর বলিয়া প্রতিভাত হয়। যাঁহারা পাঁচখানি বৈদিকসংহিতা ও ব্রাহ্মণগ্রন্থগুলি অভিনিবেশ সহকারে অধ্যয়ন করিয়াছেন, তাঁহারা বিলক্ষণরূপেই লক্ষ্য করিয়াছেন, যে ঐ সকল সাহিত্যের স্থানে স্থানে উপনিষল্লক্ষণ বচনগুলি বিকীর্ণ রহিয়াছে। আরও জানা যায় যে, বহুল উপনিষদ্‌ই ব্রাহ্মণ ও আরণ্যগ্রন্থের অন্তর্ভুক্ত। ব্রাহ্মণ গ্রন্থগুলি যে পাণিনির পূর্ব্বতন, তাহা এই সকল পাশ্চাত্য পণ্ডিতগণও স্বীকার করিয়া থাকেন। কিন্তু একদেশদর্শিতার এমনই মহিমা, যে পাণিনির ব্যাকরণে উপনিষৎ পদ সাধিত না দেখিয়াই তাঁহারা সহসা সিদ্ধান্ত করিয়া রাখিয়াছেন যে, ভারতীয় আর্য্য ঋষিগণের ব্রহ্মতত্ত্ব জ্ঞানভাণ্ডার অধিক কালের প্রাচীন নহে! ঔপনিষদী বিদ্যা অতি প্রাচীন সময়ে ভারতবর্ষে প্রবর্ত্তিত হয় নাই! ভারতীয় বৈদিক ঋষিদের বৈদিক দেবপূজনতৎপর হৃদয়ে ব্রহ্মজ্ঞানের তীব্রজ্যোতিঃ প্রাচীন সময়ে উদ্ভাসিত হয় নাই! ইহারা এই পঙ্গু ও অতি দুর্ব্বল যুক্তি অবলম্বন করিয়া ঔপনিষদী বিদ্যার অপ্রাচীনত্ব প্রমাণ করিতে প্রয়াসী।

পাণিনি শব্দানুশাসন-শাস্ত্রের অন্যতম প্রবর্ত্তক। কিন্তু তিনি সূত্রকার। প্রত্যেক পদ সাধিবার নিমিত্ত, প্রত্যেক শব্দের নিমিত্ত, তিনি ভিন্ন ভিন্ন সূত্রের অবতারণা করিবেন, এরূপ আশা করা বিজ্ঞানের অনুমোদিত নহে। উপনিষৎ পদটী ব্যাকরণের সাধারণ নিয়মেই সাধিত হইতে পারে, এই নিমিত্ত বিশেষ ব্যক্তব্যের প্রয়োজন হয় নাই, সুতরাং স্বতন্ত্র সূত্রেরও অবতারণা করা হয় নাই।

কিন্তু পাণিনীয় গণপাঠে উপনিষৎ পদের উল্লেখ দেখিতে পাওয়া যায়—

(১) অনূগয়নাদিভ্যঃ (৪।৩।৭৩)

(২) বেতনাদিভ্যো জীবতি (৪।৪।১২)

এই দুই সূত্রীয় "ঋগয়নাদি" গণে ও "বেতনাদি" গণে উপনিষৎ শব্দের পাঠও দেখা যায়। এই গণপাঠ ইদানীং প্রচলিত, ইহা পাণিনীয়ের নহে এই কথা স্বীকার করিলেও পূর্ব্বে যে কোন পাণিনীয় গণপাঠ ছিল, তাহা অবশ্যই স্বীকার্য্য। অন্যথা "ঋগয়নাদিভ্যঃ" এবং "বেতনাদিভ্য" ইত্যাদি সর্ব্বত্রই যে "আদি" শব্দের ব্যবহার দৃষ্ট হয়, তাহার সার্থকতা থাকে না।

উপনিষৎ শব্দসাধনপ্রক্রিয়া যে কেবল পাণিনীয়ে নাই তাহা নহে, বার্ত্তিকে বা মহাভাষ্যেও এই শব্দটী নাই, এমন কি

আধুনিক অনেক ব্যাকরণেও এই শব্দটী উল্লিখিত হয় নাই, ইহাতে বুঝিতে হইবে কি যে উপনিষৎ শব্দ আধুনিক সময় অপেক্ষাও অপ্রাচীন ?

তবে একথা স্বীকার্য্য, অধুনা আমরা সর্ব্ব সাকল্যে যে ২৩৫ খানি উপনিষদ্ গ্রন্থের নাম জানিতে পাইতেছি, ইহার সকল গুলিই অবশ্য বেদোপনিষৎ নহে। কিন্তু তাহা না হইলেও বৈদজ্ঞগণ শিষ্যদের নিমিত্ত বেদার্থবোধক অনেকগুলি উপনিষৎ গ্রথিত করিয়া গিয়াছেন। পরবর্ত্তী সকল উপনিষৎ বেদোপনিষৎ না হইলেও উপনিষদ্ তুল্য বলিয়া ইহারা উপনিষদ্ নামে অভিহিত হইয়াছে। রামতাপনী প্রভৃতি কতকগুলি সাম্প্রদায়িক উপনিষদ্ তত্তৎ সম্প্রদায়েই গ্রাহ্য। অল্লোপনিষৎ নামে একখানি অতি আধুনিক উপনিষদের বিষয় অন্যত্র "উপনিষৎ" শব্দে সবিস্তারে আলোচিত হইয়াছে। উহা নিতান্তই অগ্রাহ্য।

[উপনিষদ্ শব্দ দেখ।]

পরন্তু মন্ত্ররূপা ও ব্রাহ্মণরূপা উপনিষৎসমূহ পাণিনীয়ের বহুপূর্ব্বে ছিল ইহা নিশ্চয়। অতঃপর উপনিষত্তুল্য অনেক গুলি উপনিষৎ গ্রথিত হয়। এই কথা পাণিনীয় সূত্রপাঠেও জানা যায়। যথা—

"জীবিকোপনিষদাবৌপম্যে।" (১।৪।৭৮)

ভট্টোজী দীক্ষিত এই সূত্রের যে ব্যাখ্যা করিয়াছেন, তাহাতে জানা যায় যে, পাণিনির সময়ের পূর্ব্বেও একশ্রেণীর বেদবিৎ পণ্ডিত উপনিষদ্গ্রন্থ গ্রথিত করিয়া জীবিকানির্ব্বাহ করিতেন। ভট্টোজী দীক্ষিত লিখিয়াছেন "উপনিষৎকৃত্য" ইহার অর্থ "উপনিষদ্গ্রন্থতুল্যগ্রন্থকরণান্তরং"। পাণিনির উক্ত সূত্রের এই অর্থ সর্ব্ববৈয়াকরণসম্মত। যিনি স্বীয় সূত্রে 'উপনিষত্তুল্য' আধুনিক উপনিষদ্গ্রন্থের কথা বলিয়াছেন, তিনি যে প্রাচীনতম উপনিষদের কথা বিলক্ষণরূপেই জানিতেন, তদ্বিষয়ে আপত্তি উত্থাপনা করা কেবলই কুতর্ক মাত্র।

পাণিনির আরও একটা সূত্র আছে যথা—

"পারাশর্য্যশিলালিভ্যাং ভিক্ষুনটসূত্রয়োঃ।" (৪।৩।১১০)

পাণিনি যে ভিক্ষুসূত্রের বিষয় অবগত ছিলেন, এই সূত্রই তাহার প্রমাণ। এই ভিক্ষুসূত্রই বেদান্তদর্শনের বীজভূত। ভিক্ষুসূত্র উপনিষদবলম্বনে গ্রথিত। সুতরাং উপনিষদ্ বিষয় পাণিনি যে সুবিদিত ছিলেন তাহা অতি সুস্পষ্ট।

যাস্ক পাণিনীয়ের পূর্ব্বতন ইহা সকলেরই স্বীকৃত। যাস্কের নিরুক্তি গ্রন্থেও আমরা "উপনিষৎ" শব্দ দেখিতে পাই। ঋগ্-বেদে "যত্রা সুপর্ণা" (ঋং সং ১।১৬৪।২০) ইত্যাদি একটী মন্ত্র আছে। এই মন্ত্রের অধিদেবতা-ব্যাখ্যানে যাস্ক লিখিয়াছেন—

"ইত্যুপনিষদ্বর্ণা ভবতি।" (নিরু ৩।২।৬)

নিরুক্তের ভাষ্যকার দুর্গাচার্য্য ইহারই ব্যাখ্যা করিতে যাইয়া উপনিষৎ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ লিখিয়াছেন। ইতঃপূর্ব্বে তাহার উল্লেখ করা হইয়াছে। সুতরাং বেদোপনিষদ্গ্রন্থসমূহের প্রাচীনতায় সন্দেহ করার কোনও কারণ নাই।

উপনিষদ্ যে আধুনিক বা অনতিপ্রাচীন নহে পূর্ব্বোল্লিখিত যুক্তিনিবহ দ্বারা তাহা বিলক্ষণ রূপেই বুঝিতে পারা যায়। আমাদের বিশ্বাস বৈদিক মন্ত্রযুগের সময়েও ঔপনিষদী শিক্ষা এবং ঔপনিষদী উপাসনা এদেশে প্রচারিত ছিল। আমাদের ধারণাতীত অতীতকাল হইতে ঋষিগণ ঋক্ মন্ত্রে উপাস্যদেবতার উপাসনা করিতেন। সংহিতাযুগের বহুপূর্ব্বে বৈদিক মন্ত্র প্রচলিত ও প্রচারিত ছিল। সেই সকল মন্ত্রেও উপনিষদের মূলবীজ নিহিত দেখিতে পাওয়া যায়। সুতরাং বেদান্তের উদ্ভবকাল বিনির্ণয় করা সহজ নহে। যাঁহারা বেদসংহিতার বহুপরে উপনিষৎ যুগের কালাবধারণ করিয়া ভারতীয় ব্রহ্মজ্ঞানের উদয়কালকে অপ্রাচীন করিতে প্রয়াস পান, তাঁহারা প্রকৃতই ভ্রান্ত। ঋক্সংহিতার পূর্ব্বেও কত শতাব্দ কাল উপাসনাকালে বৈদিক মন্ত্র পরিলক্ষিত হইত, তাহা কে বলিতে পারে? একটী ঋকে স্তোতা বলিতেছেন "আমাদের পিতৃপুরুষগণ যে স্তোত্রে তোমার স্তব করিতেন ইহা সেই স্তব।" যথা—

বৈদিক উপাসনা ও উপনিষৎ

"দিবশ্চিদা পূর্ব্যা জায়মানা বি জাগৃবির্ধিদয়ে শস্যমানা।
ভদ্রা বস্ত্রাণ্যর্জ্জুনা বসানা সেয়মস্য সনজা পিত্র্যাধীঃ।" (৩।৩৯।১)

অপিচ—

"যে চিদ্ধি তামৃষয়ঃ পূর্ব্বঃ উতয়ে জুহূরেবসে মহি।
সা নঃ স্তোম অভিগৃণীহি রাধশো শুক্রেণ শোচিষা॥"(১।৪৮।১৪)

"পুরাকালে আমাদের পূর্ব্ব পুরুষগণ ইন্দ্রের শরণ গ্রহণ করিতেন। তাঁহারা গূঢ় জ্যোতিঃ আবিষ্কার করিয়াছিলেন" এইরূপ মর্ম্মের বহুল মন্ত্র উদ্ধৃত করিয়া সপ্রমাণ করা যাইতে পারে যে বৈদিক মন্ত্রগুলি সংহিতা আকারে প্রবর্ত্তিত হওয়ার বহু পূর্ব্বে হইতেই প্রচলিত ছিল, আর্য্য ঋষিগণ এক দেবতারই বহু বহু প্রকাশ দেখিয়া বহু নামে বহুভাবে ও বহু প্রকার স্তোত্রে তাঁহার উপাসনা করিয়া গিয়াছেন। বৈদিক ঋষিগণ গবাদি পশু প্রাপ্তির জন্য, ঘোটকের জন্য, নবশস্যপূর্ণ ও গো-চারণের মাঠের জন্য, প্রচুরতর বৃষ্টির জন্য, পুষ্টিকর আহার্য্যের জন্য, ওজ, তেজ ও দীর্ঘ জীবনের জন্য, বহু পুত্র সন্তানের জন্য, এবং শত্রু ও বন্য পশু হইতে আত্ম-রক্ষার জন্য প্রার্থনা করিতেন। বৈদিক উপনিষদ্গুলি ব্রহ্মজ্ঞানের পূর্ণ-ভাণ্ডার হইলেও কোন কোন উপনিষদে প্রাগুক্ত প্রার্থনা গুলির ন্যায় বহুল প্রার্থনা দেখিতে পাওয়া যায়।

উষার উজ্জ্বল প্রফুল্ল কিরণ, সন্ধ্যার সুরঞ্জিত রক্তিম আভা, জ্যোৎস্নাপুলকিত যামিনীর শুভ্র শোভা, নিবিড় নীরদমালায় চঞ্চল চপলার চকমকি চমক প্রভৃতিতে আর্য্য ঋষিগণের চিত্ত আকৃষ্ট হইত, তাঁহারা সরল প্রাণে এই সকল পদার্থে প্রত্যক্ষ দেবতার প্রকাশ দেখিতে পাইয়া প্রগাঢ় বিশ্বাস সহকারে প্রাণ ভরিয়া প্রার্থনা করিতেন।

ঋক্‌সংহিতায় উষার স্তুতি প্রকৃত পক্ষেই কবিত্বময়ী। যাঁহারা বেদান্ত শাস্ত্রের উপনিষদংশ পাঠ করেন নাই, কেবল ব্রহ্মসূত্র মন্ত্র পাঠ করিয়াছেন, তাঁহাদের মনে হইতে পারে বেদান্তে বুঝি আদৌ উষা ও অগ্নি প্রভৃতি দেবতার নাম উল্লেখ হয় নাই, অথবা ইহারা দেবতা বলিয়া স্বীকৃত হন নাই। বস্তু বাহুল্য এরূপ সিদ্ধান্ত ভ্রমাত্মক। উপনিষদ্ বেদান্ত শাস্ত্র হইলেও ইহাতে বৈদিক দেবতাগণের মর্য্যাদা অস্বীকার করা হয় নাই। ব্রহ্মজ্ঞানলাভ জীবের মুক্তির উপায় বলিয়া নির্দ্দিষ্ট হইলেও উষা ও অগ্নির কথা উপনিষদেও অবতারিত হইয়াছে। উপনিষদ্ ও বেদের বাহ্যাবয়ব ভিন্ন হইলেও এই উভয়ের অভ্যন্তরেই এক মহান অখণ্ড উপাস্য পদার্থ স্বীকৃত হইয়াছেন, বেদের সহিত ইহা যে একই সম্বন্ধে সুক্রিত তাহাতে কোনও সন্দেহ নাই। বেদে যে সকল দেবতার বহুল স্তোত্র পরিলক্ষিত হয়, বেদান্তে বা উপনিষদেও এই সকল দেবতা বিস্মৃত হন নাই। প্রথমতঃ উষার কথাই বলিতেছি যথা—বৃহদারণ্যকোপনিষদে—

(১) "উষা বা অশ্বস্য মেধ্যস্য শিরঃ" (বৃঃ আঃ উঃ ১।১।১)

(২) "মধুনক্তমুতোষসঃ" (বৃঃ অঃ উঃ ৬।৩।৬)

বেদান্তে যে সূর্য্য গায়ত্রীতে স্তুত হইয়াছেন, বেদসংহিতাতেও তাঁহার শত শত স্তোত্র আছে। বেদের এই প্রধান দেবতাটীকে আমরা উপনিষদেও পূর্ণ আদরে পূজিত দেখিতে পাই। যথা—

১। দেবো বরুণঃ প্রজাপতিঃ সবিতা। (ছাঃ ১।১২।৫)

২। তৎসবিতুর্বৃণীমহ ইত্যাচামতি। (ছাঃ ৫।২।৭)

৩। তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি।

(বৃঃ আঃ ৬।৩।৬, মৈত্রা° ৬।৭)

শ্বেতাশ্বতর প্রভৃতি উপনিষদেও এই দেবতার উল্লেখ আছে। সূর্য্য প্রভৃতির অপরাপর পর্য্যায়ের উল্লেখ ছান্দোগ্য, বৃহদারণ্যক, তৈত্তিরীয়, কঠ, মুণ্ডক, মহানারায়ণ ও প্রশ্নোপনিষদে বহুত্র দৃষ্ট হয়। সামবেদীয় ব্রাহ্মণগণ সন্ধ্যাবন্দনের সময়ে পাঠ করেন—"সূর্য্যো জ্যোতিষি পরমাত্মনি স্বাহা।"

এই বৈদিক উপাস্যদেব উপনিষদেও উপাসিত হইয়াছেন। যথা—"সূর্য্যে জ্যোতিষে জুহোমি।" এই মন্ত্রদ্বারাও সূর্য্যমণ্ডলস্থিত পরমাত্মারই উপাসনা করা হইয়াছে।

বেদে যে অগ্নি সাক্ষাৎ সম্বন্ধে একটী পার্থিব দেবতা বলিয়া পূজিত হইতেন, বেদান্তের ব্রহ্মজ্ঞানের প্রবল প্রভাবের সময়েও সেই অগ্নি অনাদৃত বা পরিত্যক্ত হইলেন না। ঔপনিষদ্-জ্ঞানোজ্জ্বল ঋষিগণ সেই অগ্নিতেও ব্রহ্মসত্তা অনুভব করিয়া উচ্চৈঃস্বরে বিঘোষিত করিলেন—

(১) "এতদ্বৈ ব্রহ্ম দীপ্যতে সদগ্নির্জ্বলীত" (কৌষিতকী উপনি° ১২)

(২) "অগ্নির্বা অহমস্মি।" (কেন ১৭)

এস্থলে "অহং" শব্দটী পরমাত্মবাচক। কিন্তু আবার অন্যত্র দেখা যায় যে উপনিষৎপ্রবক্তারা অগ্নিতেই ব্রহ্মের সত্তা অনুভব করিয়া অগ্ন্যধিষ্ঠিত ব্রহ্মের উপাসনা করিয়াছেন। ঐতরেয়, কৌষিতকী, কেন, তৈত্তিরীয়, কঠ, শ্বেতাশ্বতর ও প্রশ্ন, বিশেষতঃ ছান্দোগ্য ও বৃহদারণ্যক উপনিষদে বহুত্র এইরূপে অগ্নিতে অধিষ্ঠিত ব্রহ্মের উল্লেখ করিয়া অগ্নিকেই আত্মা, অগ্নিকেই ব্রহ্ম বলিয়া অভিহিত করা হইয়াছে। অন্যান্য দেবতা সম্বন্ধেও উপনিষদে এইরূপ উল্লেখ দেখিতে পাওয়া যায়।

প্রকৃত কথা এই যে, বেদের মধ্যে ব্রহ্মতত্ত্ব বিকীর্ণ ভাবে ছিল, পরবর্ত্তী ঋষিগণ সেই বীজীভূত মন্ত্রগুলি অবলম্বন করিয়া অথচ বৈদিক দেবতা সকলের মধ্যে সেই "একমেবাদ্বিতীয়ম্" পদার্থের অধিষ্ঠান উদ্ঘোষণা করিয়া বেদান্তশাস্ত্রের প্রসার সুবিস্তৃত ও উহার কলেবর অভিনব ভাবে গঠিত ও সম্পুষ্ট করিয়া তুলিয়াছেন। আমরা ক্রমশঃ বেদান্তের উৎপত্তি, বিকাশ ও বিবর্ত্তনের ইতিহাস উপস্থাপিত করিতেছি।

বেদে একেশ্বরবাদ।

বৈদিক মন্ত্রের পর্য্যালোচনা করিলে দেখা যাইবে, বৈদিক যুগের ঋষিগণের উপাসনাতেও একেশ্বরবাদ। যখন যে দেবতার নিকট প্রার্থনা করা হইয়াছে তখন সেই দেবতাকেই প্রধানতম মনে করিয়া একনিষ্ঠভাবে তাঁহারই প্রার্থনার মন্ত্র ঋক্‌সংহিতায় দেখিতে পাওয়া যায়। ঋগ্বেদের ৭ মণ্ডলে ৩২ সূক্তে লিখিত আছে—

"ন ত্বাবাঁ অন্যো দিব্যো ন পার্থিবো ন জাতো ন জনিষ্যতে।
অশ্বায়ন্তো মঘবন্নিন্দ্র বাজিনো গব্যন্তস্ত্বা হবামহে। ২৩ ঋক্।

অর্থাৎ হে ইন্দ্র তুমি ভিন্ন আমাদের কোন বন্ধু নাই, আর সুখ নাই আর কোন জনয়িতা নাই। স্বর্গে বা পৃথিবীতে তোমার মত শক্তিশালী আর কেহই নাই।

"ইন্দ্র ক্রতুং ন আভর পিতা পুত্রেভ্যো যথা।
শিক্ষাণো অস্মিন্ পুরুহূত যামনি জীবা জ্যোতিরশীমহি। ইত্যাদি

অর্থাৎ হে শক্তিশালী ইন্দ্র, পিতা যেমন পুত্রকে জ্ঞান দান করেন, তুমি আমাদিগকে তেমনি জ্ঞান দান কর। আমরা যেন দুষ্টদের প্রভাবে বিনষ্ট না হই। আমরা তোমার, তুমি ব্যতীত আমাদের আর কেহই নাই। আর আমাদের কোনও

বল নাই। উপনিষদের ব্রহ্ম আর বেদের এই সকল স্তুতি-গ্রাহী দেবতা স্থানে স্থানে একই প্রকার স্তুত হইয়াছেন। ১ম মণ্ডলের দশম সূক্তের নবম ঋকে লিখিত হইয়াছে—

"আশ্রুৎকর্ণ শ্রধী হবং নূ চিদ্দধিষ্ব মে গিরঃ।
ইদং স্তোমমিমং মম কৃষ্বা যুজশ্চিদন্তরম্॥"

অর্থাৎ হে ইন্দ্র তোমার কর্ণ সকল বিষয় শ্রবণেই সমর্থ। তুমি আমার প্রার্থনা সমূহ তোমার সমীপে রক্ষা করিও।

আবার ১ম মণ্ডলের ১৬০ সূক্তে সূর্য্যের স্তোত্রে বলা হইয়াছে, "সূর্য্য দ্যুমণ্ডল ও পৃথিবী উৎপাদন করিয়াছেন, তিনি সর্ব্বজীবের উপকারী। তিনি অনন্ত ব্রহ্মাণ্ডের পরিমাপক, আমরা তাঁহার স্তব করি।"

এইরূপে অন্যান্য দেবতার স্তোত্রও ঋগ্‌বেদে দেখিতে পাওয়া যায়। বেদমন্ত্র পাঠে মনে হয় ঋষিরা জড়ের সহিত চিন্ময়তত্ত্ব ও চিন্ময়ের সহিত জড়তত্ত্ব বিজড়িত করিয়াই উপাসনা করিতেন। কিন্তু তাহা হইলেও তাঁহারা জড়ের উপাসক ছিলেন না। ঋক্‌গুলি "মন্ত্র" নামে অভিহিত হইত। যাস্ক বলেন, "মননাৎ মন্ত্রঃ" সুতরাং মন্ত্রগুলি মানসিক ব্যাপার। আর্য্যঋষিগণ এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ডের প্রত্যেক পদার্থেই চেতনা ও জ্ঞানের প্রভাব দেখিয়া বিস্মিত হইতেন এবং মন্ত্র-দ্বারা তাঁহাদের উপাসনা করিতেন। সুতরাং আমরা বৈদিক উপাসনাকে কেবল প্রাকৃত উপাসনা বলিতে পারি না, কেবল স্বার্থ বা অভাব পূরণের জন্যই যে তাঁহারা বৈদিক দেবতাগণের নিকট ভিক্ষা করিয়া বেড়াইতেন অথবা যজ্ঞে ঘৃতের আহুতিরূপ উৎকোচ প্রদান করিয়া যে তাহারা দেবতাদিগকে বশীভূত করিতে চেষ্টা করিতেন, নিবিষ্টভাবে বৈদিকস্তুতির পর্য্যালোচনা করিলে কোনক্রমেই মনে এরূপ ধারণার উদ্রেক হইতে পারে না। নীলাকাশে উষার উজ্জ্বল কিরণ দেখিলে তাঁহারা আনন্দে উৎফুল্ল হইয়া উঠিতেন, তাঁহাদের হৃদয় আনন্দে বিবশ হইয়া পড়িত, সেই আনন্দে বিগলিত হইয়া তাঁহারা কত স্তব করিতেন। তাঁহারা প্রকৃতির সৌন্দর্য্যে বিমুগ্ধ হইয়া আহ্লাদে নাচিয়া উঠিতেন। এইরূপে ঋষিদিগের হৃদয়ে ক্রমেই ঔপনিষদী প্রতিভার আবির্ভাবে একদিন তাঁহারা সমগ্র জগতের সমক্ষে এক মহাসত্য উদ্ঘোষিত করিয়া বলিলেন—

"ওঁ সত্যং শিবং সুন্দরম্"

ইহার স্বার্থ নাই, কামনা নাই, কোনও ইতররাগের

"সত্যং জ্ঞানমমৃতমানন্দরূপং যদ্‌বিভাতি।"

বেদের মন্ত্রে ও উপনিষদ্বাক্যে স্থানে স্থানে এইরূপ আন ধ্বনি পরিস্ফুটরূপে শুনিতে পাওয়া যায়।

প্রকৃত কথা বলিতে কি, বেদের স্তুতিগুলি পাঠ করিলে হয়, বৈদিক ঋষিগণ যে বহু দেবতার নাম করিতেন তাহা কেব নামমাত্র। কিন্তু সর্ব্বত্রই তাঁহারা দেবশক্তির অনুভব করিতে ভক্তি ও শ্রদ্ধার ভাব সর্ব্বত্রই তাঁহাদের হৃদয়ে জাগরূক থাকি সমগ্রপ্রকৃতি তাঁহাদের সমক্ষে সজীব ও সামর্থ্যশীল প্রতিভ হইত। এই মহাশক্তির ভিন্ন ভিন্ন প্রকাশ সন্দর্শন করি তাঁহারা কখন অগ্নি, কখন ইন্দ্র, কখন সূর্য্য, কখন বিষ্ণু, ব বা মরুৎ নামে অভিহিত করিয়া ভিন্ন ভিন্ন মন্ত্রে স্তব করিতে কিন্তু তাঁহাদের স্তোত্র-মন্ত্রের সর্ব্বত্রই একেশ্বরবাদ প্রভা থাকিত। অগ্নির নিকটেও ইঁহারা যে বিষয়ের প্রার্থনা করিতে সূর্য্য বায়ু ইন্দ্র প্রভৃতির নিকটেও সেই বিষয়েরই প্রার্থনা হইত। ইন্দ্রের প্রার্থনা সময়ে ইন্দ্রকে যেমন সর্ব্বে বলিয়া তাঁহার স্তুতি করিতেন, অপরাপর দেবতার গৌ কীর্ত্তনেও তথায় কোনও অংশে ত্রুটি হইত না।

কোন এক দেবতার প্রার্থনা সময়ে তাঁহারা অপর তার কথা ভুলিয়া যাইয়া এক মনে এক প্রাণে একই স্তূয়মান দেবতার গুণকীর্ত্তন করিতেন। তাঁহাদের উপা সকল দেবতাই সত্যসঙ্কল্প, সকলেই উদার, পরোপকারী, দর্শী ও সর্ব্বশক্তিমান, সকলেই ত্রাণদাতা ও জ্ঞানদাতা, সক সত্য, নিত্য, জগৎস্রষ্টা ও সমুজ্জ্বল। সকলেই জীবের হিতকা এমন কি যখন এক দেবতা অপর দেবতার প্রতিদ্বন্দ্বির প্রতিভাত হন, তখন জগতের জীবের হিতার্থ কার্য্যতঃ তাঁহা একত্বই সূচিত হয়। ইন্দ্র যখন মরুৎকে নিহত করিতেছে তখনও এই একত্বের ভাবই প্রদর্শিত হইয়াছে যথা—

"কিং ন ইন্দ্র জিঘাংসসি ভ্রাতরো মরুতস্তব" (১।১৭০।২

হে ইন্দ্র, মরুতেরা তোমারই ভ্রাতা, অতএব আমাদি প্রতি হিংসা কেন করিবে।

আবার অন্যত্র দেখুন। ঋষিরা বলিতেছেন, হে দেবতা তোমাদের মধ্যে কেহ ছোট বড় নাই, তোমরা সকলেই সমা সকলেই প্রধান।

আমরা যদিও বেদে বিভিন্নরূপে প্রধানতঃ তেত্রিশ দেবত পরিচয় পাই, কিন্তু উপাসনার মন্ত্র ও ভাব দেখিয়া সহ

"ত্বমগ্ন ইন্দ্রো বৃষভঃ সতামসি ত্বং বিষ্ণুরুরুগায়ো নমস্যঃ।
ত্বং ব্রহ্মা রয়িবিদ্ব্রহ্মণস্পতে ত্বং বিধর্ত্তঃ সচসে পুরন্ধ্যা ॥৩
ত্বমগ্নে রাজা বরুণো ধৃতব্রতস্ত্বং মিত্রো ভবসি দস্ম ঈড্যঃ।
ত্বমর্য্যমা সৎপতির্যস্য সম্ভুজং ত্বমংশো বিদথে দেব ভাজয়ুঃ ॥৪
ত্বমগ্নে ত্বষ্টা বিধতে সুবীর্য্যং তব গ্নাবো মিত্রমহঃ সজাত্যম্।
ত্বমাশুহেমা ররিষে স্বশ্ব্যং ত্বং নরাং শর্ধো অসি পুরূবসুঃ ॥৫
ত্বমগ্নে রুদ্রো অসুরো মহো দিবস্ত্বং শর্ধো মারুতং পৃক্ষ ঈশিষে।
ত্বং বাতৈররুণৈর্যাসি শঙ্গয়স্ত্বং পূষা বিধতঃ পাসি নু ত্মনা ॥৬
(ঋক্ ২।১।৩-৬)

অর্থাৎ হে অগ্নে, তুমি ইন্দ্র, তুমি বিষ্ণু, তুমি বরুণ, তুমি মিত্র, তুমিই রুদ্র ইত্যাদি। দ্বিতীয় মণ্ডলের ১ম সূক্তের সকল গুলি ঋকেই এইরূপে অগ্নির স্তব করা হইয়াছে। ইহা একেশ্বরবাদেরই প্রতিপাদক।

আবার এক অগ্নিই যে কার্য্য ভেদে ভিন্ন ভিন্ন দেবতার রূপে অভিহিত হইয়া থাকেন, এরূপ মন্ত্রেরও অভাব নাই। যথা—

"ত্বমগ্নে বরুণো জায়সে যত্ত্বং মিত্রো ভবসি যৎসমিদ্ধঃ।
ত্বে বিশ্বে সহসস্পুত্র দেবা স্বমিন্দ্রো দাশুষে মর্ত্ত্যায় ॥
ত্বমর্য্যমা ভবসি যৎ কনীনাং নাম স্বধাবন্গুহ্য বিভর্ষি।
অঞ্জন্তি মিত্রং সুধিতং ন গোভির্যদম্পতী সমনসা কৃণোষি ॥
তব শ্রিয়ে মরুতো মর্জ্জয়ন্ত রুদ্র যত্তে জনিম চারু চিত্রম্।
পদং যদ্বিষ্ণোরুপমং নিধায়ি তেন পাসি গুহ্যং নাম গোনাম্ ॥"
(ঋক্সং ৫। ৩। ১-৩)

ইহাতে আমরা "একো বহুস্যাম" এই ঔপনিষদী শ্রুতির স্পষ্ট ব্যাখ্যা প্রাপ্ত হইতেছি। বৈদিক মন্ত্রের সহিত উপনিষদের সম্বন্ধ কত ঘনিষ্ট ইহাতে সহজেই প্রতিপন্ন হইতেছে। নবম মণ্ডলের ৮৬ সূক্তেও সোমস্তুতিতে সোমকেও অদ্বিতীয় ব্রহ্মের পদে সমারূঢ় করা হইয়াছে। "সোমই অনন্ত জগতে স্রষ্টা, সোম হইতেই যে অন্যান্য দেবগণের উৎপত্তি হইয়াছে" এইরূপ ঋক্ও দেখিতে পাওয়া যায়।

ইহাতে বুঝা যাইতেছে যে বৈদিক ঋষিগণ যদিও ভিন্ন ভিন্ন দেবতার নাম উল্লেখ করিয়াছেন, কিন্তু যখন তাঁহারা ভক্তিভাবে কোন দেবতার উপাসনায় প্রবৃত্ত হইতেন, তখন বিশুদ্ধ একেশ্বরবাদেই তাঁহাদের উপাসনা কার্য্য সম্পাদিত হইত,সেই দেবতাকেই তাঁহারা "একমেবাদ্বিতীয়ম্" বলিয়া মনে করিতেন, সুতরাং বেদ বেদান্তের উপাসনাপ্রণালীর মধ্যে যে মূলতঃ বহুব্যবধানতা ছিল, ইহা অনুমিত হয় না। তবে অবান্তর রূপে উপাসনার প্রণালী ভেদ যথেষ্টই ছিল, তাহা অবশ্যই স্বীকার্য্য। কিন্তু বৈদিক মন্ত্রসমূহই যে উপনিষদ্ বাক্যের বীজীভূত এবং বৈদিক উপাসনার মূলসূত্র এ বিষয়ে সন্দেহের কোনও কারণ নাই। সূক্ষ্মভাবে বৈদিক উপাসনার আলোচনা করিলে দেখা যায় যে এক দেবতাই বহুনামে ও বহুভাবে উপাসিত হইয়াছেন। মহীধর গায়ত্রীর যে ব্যাখ্যা করিয়াছেন,তাহাতে পরব্রহ্মই গায়ত্রীর প্রতিপাদ্য বলিয়া ব্যাখ্যাত হইয়াছে।

এক উপাস্য দেবই যে বহুনামে পরিচিত এবং বহু প্রণালীতে উপাসিত ইহা আমাদের কল্পিত বা আনুমানিক কথা নহে। ঋক্সংহিতায় অতি স্পষ্টাক্ষরে ইহার প্রমাণ দেখিতে পাওয়া যায়, যথা—"ইন্দ্রং মিত্রং বরুণমগ্নিমাহুরথো দিব্যঃ স সুপর্ণো গরুত্মান্।
একং সদ্বিপ্রা বহুধা বদন্ত্যগ্নিং যমং মাতরিশ্বানমাহুঃ"।
(ঋক্ ১। ১৬৪। ৪৬)

অর্থাৎ সদ্বিপ্রগণ এক দেবতাকেই ইন্দ্র, মিত্র, বরুণ, বায়ু, যম প্রভৃতি বহু নামে অভিহিত করেন।

ঋগ্বেদের ১০ম মণ্ডলের ১২৯ সূক্তে ঠিক উপনিষদের শ্রুতির ন্যায় মন্ত্র দেখিতে পাওয়া যায়। তাহা গুহ্যতত্ত্ব ও চরমকারণতত্ত্ব সম্বন্ধে বৈজ্ঞানিক যুক্তি ও দার্শনিক তত্ত্বপ্রতিষ্ঠিত এবং গম্ভীর ভাবদ্যোতক। ইহা পণ্ডিত ব্যক্তিগণের অবিদিত নহে যে আমাদের দর্শনশাস্ত্রগুলি কেবল মনস্তত্ত্ব (Metaphysics) নহে, উহাতে পদার্থবিজ্ঞানেরও (Physics) আলোচনা আছে। যে হেতু প্রত্যেক দর্শনেই সৃষ্টিতত্ত্ব সম্বন্ধে ন্যূনাধিক পরিমাণে আলোচনা করা হইয়াছে। বেদান্তশাস্ত্রেও বৈজ্ঞানিক ও দার্শনিক তত্ত্বের সমাবেশ আছে। বেদান্তশাস্ত্রের বীজস্বরূপ বেদ সংহিতাতেও বৈজ্ঞানিক ও দার্শনিক তত্ত্বের মন্ত্র দেখিতে পাওয়া যায়। এস্থলে ঋগ্বেদের ১০ম মণ্ডলের ১২৯ সূক্তটী উদ্ধৃত করা যাইতেছে। যথা—

"নাসদাসীন্নো সদাসীত্তদানীং নাসীদ্রজো নো ব্যোমে পরো যৎ।
কিমাবরীবঃ কুহ কস্য শর্ম্মন্নম্ভঃ কিমাসীদ্গহনং গভীরম্ ।১
ন মৃত্যুরাসীদমৃতং ন তর্হি ন রাত্র্যা অহ্ন আসীৎপ্রকেতঃ।
আনীদবাতং স্বধয়া তদেকং তস্মাদ্ধান্যন্ন পরঃ কিং চ নাস ।২
তম আসীত্তমসা গূঢ়মগ্রেঽপ্রকেতং সলিলং সর্ব্বমা ইদম্।
তুচ্ছ্যেনাভ্বপিহিতং যদাসীত্তপসস্তন্মহিনাজায়তৈকম্ ।৩
কামস্তদগ্রে সমবর্ত্ততাধি মনসো রেতঃ প্রথমং যদাসীৎ।
সতো বন্ধুমসতি নিরবিন্দন্ হৃদি প্রতীষ্যা কবয়ো মনীষা ।৪॥
তিরশ্চীনো বিততো রশ্মিরেষামধঃ স্বিদাসীদুপরি স্বিদাসীৎ।
রেতোধা আসন্ মহিমান আসন্ স্বধা অবস্তাৎ প্রযতি পরস্তাৎ।৫
কো অদ্ধা বেদ ক ইহ প্রবোচৎ কুত আজাতা কুত ইয়ং বিসৃষ্টিঃ।
অর্বাগ্ দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আবভূব ।৬
ইয়ং বিসৃষ্টির্যত আবভূব যদি বা দধে যদি বা ন।
যো অস্যাধ্যক্ষঃ পরমে ব্যোমন্ত্সো অঙ্গবেদ যদি বা ন বেদ ।৭"

১। তৎকালে যাহা নাই, তাহাও ছিলনা, যাহা আছে,

তাহাও ছিল না। পৃথিবীও ছিল না, অতি দূরবিস্তার আকাশ ও ছিল না। আবরণ করে এমন কি ছিল? কোথায় কাহার স্থান ছিল? দুর্গম ও গম্ভীর জল কি তখন ছিল?

২। তখন মৃত্যুও ছিল না, অমরত্বও ছিল না, রাত্রি ও দিনের প্রভেদ ছিল না। কেবল সেই একমাত্র বস্তু বায়ুর সহকারিতা ব্যতিরেকে আত্মা মাত্র অবলম্বনে নিশ্বাস প্রশ্বাস-যুক্ত হইয়া জীবিত ছিলেন। তিনি ব্যতীত আর কিছুই ছিল না।

৩। সর্ব্বপ্রথমে অন্ধকারের দ্বারা অন্ধকার আবৃত ছিল। সমস্তই চিহ্নবর্জ্জিত ও চতুর্দ্দিকে জলময় ছিল। অবিদ্যমান বস্তু দ্বারা সেই সর্ব্বব্যাপী আচ্ছন্ন ছিলেন। তপস্যার প্রভাবে সেই একবস্তু জন্মিলেন।

৪। সর্ব্ব প্রথমে মনের উপর কামের আবির্ভাব হইল, তাহা হইতে সর্ব্ব প্রথম উৎপত্তি কারণ নির্গত হইল। বুদ্ধিমান্-গণ বুদ্ধি দ্বারা আপন হৃদয়ে পর্য্যালোচনাপূর্ব্বক অবিদ্যমান বস্তুতে বিদ্যমান বস্তুর উৎপত্তি স্থান নিরূপণ করিলেন।

৫। রেতোধা পুরুষেরা উদ্ভব হইলেন। উহাদিগের রশ্মি দুই পার্শ্বে ও নিম্নের দিকে এবং ঊর্দ্ধদিকে রহিলেন।

৬। কেই বা প্রকৃত জানে? কেই বা বর্ণনা করিবে? কোথা হইতে জন্মিল? কোথা হইতে এই সকল নানা সৃষ্টি হইল? দেবতারা এই সমস্ত নানা সৃষ্টির পর হইয়াছেন। কোথা হইতে যে হইল, তাহা কেই বা জানে?

৭। এই নানা সৃষ্টি যে কোথা হইতে হইল, কেহ সৃষ্টি করিয়াছেন, কি করেন নাই, তাহা তিনিই জানেন, যিনি ইহার প্রভু স্বরূপ পরমধামে আছেন। অথবা তিনিও নাও জানিতে পারেন।

পরমাত্মাই এই সূক্তের দেবতা বলিয়া উল্লিখিত হইয়াছেন। এই সূক্ত দেখিয়া মনে হয় অতি প্রাচীন ঋগ্‌বেদসংহিতাতেও উপনিষদের ভাবসমূহ বিস্তৃত রূপেই বিদ্যমান ছিল।

কেহ কেহ মনে করেন, ঋগ্‌বেদের দশম মণ্ডলের কোন কোন সূক্ত সংযোজিত হইয়াছে। এইরূপ আপত্তির খণ্ডন "বেদ" শব্দে দ্রষ্টব্য। বস্তুতঃ সমগ্র ঋগ্‌বেদেই ঔপনিষদী শ্রুতি বিকীর্ণ ভাবে দেখিতে পাওয়া যায়। এস্থলে ১ম মণ্ডলের ১৬৪ সূক্ত হইতে তিনটী ঋক্ উদ্ধৃত করিয়া বৈদিক ব্রহ্মতত্ত্বের নিদর্শন প্রদর্শন করা যাইতেছে—

"কো দদর্শ প্রথমং জায়মানমস্থন্বন্তং যদনস্থা বিভর্ত্তি
ভূম্যা অসুর সৃগাত্মা ক্ব স্বিৎকো বিদ্বাংসমুপগাৎ প্রষ্টুমেতৎ। ৪
পাকঃ পৃচ্ছামি মনসা বিজানন্দেবানামেনা নিহিতা পদানি।
বৎসে বষ্কয়েঽধি সপ্তন্তন্তবি তন্বিরে কবয় ওতবা উ।৫
অচিকিত্বাঞ্চিকিতুষশ্চিদত্র কবীন্ পৃচ্ছামি বিদ্মনে ন বিদ্বান্।
বি যস্তস্তম্ভ ষড়িমা রজাংস্যজস্য রূপে কিমপি স্বিদেকম্।৬

অর্থাৎ প্রথম জায়মানকে কে দেখিয়াছিলে? যখন অহিরহিতা অহিযুক্তকে ধারণ করিল। ভূমি হইতে প্রাণ ও শোণিত, কিন্তু আত্মা কোথা হইতে? কে বিদ্বানের নিকট এবিষয় জিজ্ঞাসা করিতে যায়? (৪)

আমি অপক্কমতি, মনে কিছু বুঝিতে না পারিয়া জিজ্ঞাসা করিতেছি। এই সকল সন্দেহপদ দেবতাগণের নিকটও নিগূঢ়। এক বৎসরের গোবৎসকে পরিবেষ্টনার্থ মেধাবীগণ যে সপ্ততন্তু পাতিয়াছেন তাহা কি? (৫)

আমি অজ্ঞান, কিছু না জানিয়াই জ্ঞানী মেধাবীগণের নিকট জানিবার জন্য জিজ্ঞাসা করিতেছি। যিনি এই ছয় লোক স্তম্ভন করিয়াছেন, তিনি কি সেই এক, যিনি জন্মরহিত রূপে নিবাস করেন? (৬)

এই স্থলেও আমরা উপনিষদের ভাবাপন্ন গূঢ়গভীর প্রশ্না-বলী দেখিতে পাইতেছি, এখানে সেই উপনিষদের ব্রহ্মের ন্যায় এক "একমেবাদ্বিতীয়ম্" বস্তুটীই ব্যক্ত হইয়াছেন।

দ্বিতীয় মণ্ডলের ১২ সূক্তে ইন্দ্রের স্তবকীর্ত্তনে ইন্দ্রকেই সূর্য্যের উৎপাদক বলা হইয়াছে এবং এই সূক্তের ২।৭।৯ ও ১০ ঋকে একেশ্বরবাদের ভাব প্রতিফলিত হইয়াছে।

তৃতীয় মণ্ডলের ৫৫ সূক্তটীতে সমস্ত দেবগণের মহৎ বল বা ঐশ্বর্য্য যে এক, তাহা পুনঃ পুনঃ উদ্ঘোষিত হইয়াছে। এই সূক্তটীও বেদান্তশাস্ত্রের বীজীভূত বলিয়া এস্থলে এতৎসম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে। এই সূক্তের ২২টী ঋকের প্রত্যেকের শেষেই "মহদ্দেবানামসুরত্বমেকম্" লিখিত হইয়াছে—

এই সূক্তে প্রাকৃতিক কার্য্য পরম্পরার মধ্যে যে এক ঈশ্বরের মঙ্গলময় ভাব অনুস্যূত রহিয়াছে তাহাই প্রদর্শিত হইয়াছে। অগ্নি বেদিতে বিরাজ করেন, বনে প্রজ্জ্বলিত হন, আকাশে উৎপন্ন হন, পৃথিবীতে বিকশিত হন (৪ ঋক্); তিনি উত্তমরূপে শস্য উৎপাদন করেন (৫ ঋক্); সূর্য্য-রূপে পশ্চিমদিকে অস্ত যাইয়া পূর্ব্বদিকে উদিত হয়েন, (৬ ঋক্) আকাশে বিচরণ করেন, ভূমিতে বাস করেন (৭ ঋক্) দিবা ও রাত্রি পরস্পর সঙ্গত হইয়া আসিতেছে ও যাইতেছে (১১ ঋক্) আকাশ ও পৃথিবী পরস্পরকে বৃষ্টি ও বাষ্পরূপে রস দান করিতেছে, (১২ ঋক্) যে নৈসর্গিক নিয়মে একদিকে বৃষ্টি হইতেছে, আবার সেই নৈসর্গিক নিয়মে অন্যদিকে বৃষ্টি হইতেছে, (১৭ ঋক্) একই নির্ম্মাণকর্ত্তা মনুষ্য ও পশু পক্ষীকে সৃষ্টি করিয়াছেন, (১৯ ও ২০ ঋক্) তিনিই শস্য উৎ-

পাদন করেন, বৃষ্টি দান করেন, ধন ধান্য উৎপাদন করেন (২২ ঋক্); প্রকৃতির অনন্তকার্য্য পরস্পরকেই ভিন্ন ভিন্ন দেবের নামে স্তুতি করা হইয়াছে। সেই কার্য্য-পরম্পরায় একতা দেখিয়া এই সূক্তে বলা হইয়াছে যে দেবগণের কার্য্যসমূহ ভিন্ন নহে, তাঁহাদের মহদৈশ্বর্য্য এক। প্রাকৃতিক কার্য্যের মধ্যে মঙ্গলময় স্রষ্টার এইরূপ এক উদ্দেশ্য ও এক ভাবের অস্তিত্ব অনুভব করা আধুনিক বিজ্ঞান ও দর্শনের স্থির সিদ্ধান্ত। এই সূক্ত বৈজ্ঞানিক তত্ত্বেরও বীজীভূত। আমরা পূর্ব্বেই বলিয়াছি, উপনিষদে একদিকে যেমন সৃষ্টিতত্ত্বের আলোচনা হইয়াছে, অপরদিকে এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ডের অনন্তদ্রব্য ও অনন্তকার্য্য-পরম্পরা দেখিয়া এই সকল দ্রব্য ও ক্রিয়ার কারণতত্ত্বের নিশ্চয় করা হইয়াছে। কিন্তু উপনিষৎশাস্ত্রের মুখ্য প্রয়োজন—জীবের অশেষ ক্লেশবীজ বিনাশ পূর্ব্বক চরমশ্রেয় সাধন।

ঋক্‌সংহিতায় যে বিশ্বকর্ম্মার কথা আছে, ঋক্‌মন্ত্রানুসারে তাঁহাকেও জগদীশ্বর বা পরমাত্মা বলিয়াই মনে করা যাইতে পারে। ঋগ্বেদের ১০ মণ্ডলের ৮১ ও ৮২ সূক্তে এই বিশ্বকর্ম্মার স্বরূপ ও কার্য্যাদি বিবৃত হইয়াছে। যিনি এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ডের কর্ত্তা ও নিয়ন্তা, যিনি পরমাত্মা ও পরব্রহ্ম তিনিই এই বিশ্বকর্ম্মা। ঋষি বলিতেছেন—

"য ইমা বিশ্বা ভুবনানি জুহ্বদৃষির্হোতা ন্যসীদৎপিতা নঃ।
স আশিষা দ্রবিণমিচ্ছমানঃ প্রথমচ্ছদবরাঁ আবিবেশ ॥ ১
কিং স্বিদাসীদধিষ্ঠানমারম্ভণং কতমৎস্বিৎকথাসীৎ।
যতো ভূমিং জনয়ন্বিশ্বকর্ম্মা বিদ্যামৌর্ণোন্মহিনা বিশ্বচক্ষাঃ ॥ ২
বিশ্বতশ্চক্ষুরুত বিশ্বতোমুখো বিশ্বতোবাহুরুত বিশ্বতস্পাৎ।
সং বাহুভ্যাং ধমতি সং পতত্রৈর্দ্যাবাভূমী জনয়ন্দেব একঃ ॥ ৩
কিং স্বিদ্বনং ক উ স বৃক্ষ আস যতো দ্যাবাপৃথিবী নিষ্টতক্ষুঃ।
মনীষিণো মনসা পৃচ্ছতেদু তদ্যদধ্যতিষ্ঠদ্ভুবনানি ধারয়ন্ ॥ ৪
যা তে ধামানি পরমাণি যাবমা যা মধ্যমা বিশ্বকর্ম্মন্নুতেমা।
শিক্ষা সখিভ্যো হবিষি স্বাধবঃ স্বয়ং যজস্ব তন্বং বৃধানঃ ॥ ৫
বিশ্বকর্ম্মন্হবিষা বাবৃধানঃ স্বয়ং যজস্ব পৃথিবীমুত দ্যাং।
মুহ্যন্তু অন্যে অভিতো জনাস ইহাস্মাকং মঘবা সূরিরস্তু ॥ ৬
বাচস্পতিং বিশ্বকর্ম্মাণমূতয়ে মনোজুবং বাজে অদ্যা হুবেম।
স নো বিশ্বানি হবনানি জোষদ্বিশ্বশম্ভূরবসে সাধুকর্ম্মা ॥ ৭"

(ঋক্ ১০।৮২।১-৭)

১। অর্থাৎ আমাদিগের পিতা সেই যে ঋষি, যিনি বিশ্বভুবনে হোম করিতে বসিয়াছিলেন, তিনি অভিলাষ সহকারে ধনের কামনা করিয়া প্রথমাগত ব্যক্তিদিগকে আচ্ছাদনপূর্ব্বক পশ্চাদাগতদিগের মধ্যে অনুপ্রবেশ করিলেন।

২। সৃষ্টিকালে তাঁহার অধিষ্ঠান, অর্থাৎ আশ্রয়স্থলে কি ছিল? কোন্ স্থান হইতে কিরূপে তিনি সৃষ্টিকার্য্য আরম্ভ করিলেন? সেই বিশ্বকর্ম্মা, বিশ্বদর্শনকারী দেব কোন্ স্থানে থাকিয়া পৃথিবী নির্ম্মাণপূর্ব্বক প্রকাণ্ড আকাশকে উপরে বিস্তারিত করিয়া দিলেন?

৩। সেই এক প্রভু, তাহার সকলদিকে চক্ষু, সকলদিকে মুখ, সকলদিকে হস্ত, সকলদিকে পদ, ইনি দুই হস্তে এবং বিবিধ পক্ষ সঞ্চালনপূর্ব্বক নির্ম্মাণ করেন, তাহাতে বৃহৎ দ্যুলোক ও ভূলোক রচনা হয়।

৪। সে কোন্ বন? কোন্ বৃক্ষের কাষ্ঠ? যাহা হইতে দ্যুলোক ও ভূলোক গঠন করা হইয়াছে? হে বিদ্বান্‌গণ! তোমরা একবার আপন আপন মনে জিজ্ঞাসা করিয়া দেখ, দেখ তিনি কিসের উপর দাঁড়াইয়া ব্রহ্মাণ্ড ধারণ করেন?

৫। হে বিশ্বকর্ম্মা! হে যজ্ঞভাগগ্রাহী! তোমার সে সকল উত্তম ও মধ্যম ও নিম্নবর্ত্তি ধাম আছে, যজ্ঞের সময় সেগুলি আমাদিগকে বলিয়া দাও, তুমি নিজে নিজের যজ্ঞ করিয়া নিজ শরীর পুষ্ট কর।

৬। হে বিশ্বকর্ম্মা! কি পৃথিবীতে, কি স্বর্গে, তুমি নিজে যজ্ঞ করিয়া নিজ শরীর পুষ্টি কর। চতুর্দ্দিকের তাবৎ লোক নির্ব্বোধ। ইন্দ্র আমাদিগের প্রেরণ কর্ত্তা হউন, অর্থাৎ বুদ্ধিস্ফূর্ত্তি করিয়া দিন।

৭। অদ্য এই যজ্ঞে সেই বিশ্বকর্ম্মাকে রক্ষার জন্য ডাকিতেছি, তিনি বাচস্পতি, অর্থাৎ বাক্যের অধিপতি, মন তাঁহাতে সংলগ্ন হয়, তিনি সকল কল্যাণের উৎপত্তিস্থান, তাঁহার কার্য্য মাত্রই চমৎকার, তিনি আমাদিগের তাবৎ যজ্ঞ স্বীকারপূর্ব্বক আমাদিগকে রক্ষা করুন।

এই স্তোত্রদ্বারাও আমরা বিশ্বের আদিকারণের তত্ত্ব জানিতে পাইতেছি। ঋগ্বেদের ঋষিরা প্রাকৃতিক কার্য্য পর্য্যবেক্ষণ করিতে করিতে জড় প্রকৃতিতে বিভিন্ন শক্তির লীলা পরিদর্শন করেন, অবশেষে এই সকল ভিন্ন ভিন্ন শক্তি যে একই পরম পুরুষের শক্তি, তাঁহাদের এই জ্ঞানবিজ্ঞানময়ী ধারণা জন্মে। তাঁহারা প্রাকৃত জগতের চমৎকার কার্য্য দেখিতে দেখিতে এই বিশ্বকার্য্যের পরম-কর্ত্তার অস্তিত্ব অনুভব করেন। ঋগ্বেদের ঋষিরা একদিন এ সম্বন্ধে যেরূপ তত্ত্বানুসন্ধান পাইয়াছিলেন, একজন আধুনিক পাশ্চাত্য কবি তাঁহার কাব্যে সেই কথারই দ্যোতনা করিয়াছেন,

"From Nature to Nature's God."

সূক্ত হইতে যে সকল ঋক্ উদ্ধৃত করা হইয়াছে উহার তৃতীয় ঋক্‌টীর অনুরূপ আর একটী ঋক্ ১০ম মণ্ডলের ৯০ সূক্তে আছে। ৯০ সূক্তটী পুরুষসূক্ত বলিয়া পরিচিত। এই

সূক্তটী কর্ম্মকাণ্ডে সমধিক আদরের সহিত ব্যবহৃত হইয়াছে। অহিন্দু সমালোচক ইহার অনাদর করিয়া ইহার প্রাচীনত্বে সন্দেহ করিলেও বেদাধিকারী বেদজ্ঞ ব্রাহ্মণসমাজ চিরদিনই উহার আদর ও ব্যবহার করিয়া আসিতেছেন। এই পুরুষ-সূক্তের প্রথম ঋক্, এবং ১০ম মণ্ডলের ৮১ সূক্তের তৃতীয় ঋক্ একই ভাবাত্মক; ইহাতে সগুণ ব্রহ্মের সবিশেষ তত্ত্ব আলোচিত হইয়াছে। এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ড যে তাঁহারই অবয়ব মাত্র এবং তিনি যে অসীম শক্তি ও অসীম প্রভাবশালী, এই সূক্ত পাঠে তাহা জানা যায়। ঋগ্‌বেদে যে একেশ্বরবাদের যথেষ্ট প্রমাণ আছে, এই সূক্তটীও তন্মধ্যে একটী। যথা—

"সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং বিশ্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্ ॥১॥
পুরুষ এবেদং সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভব্যং।
উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি ॥২॥
এতাবানস্য মহিমাতো জ্যায়াংশ্চ পূরুষঃ।
পাদোঽস্য বিশ্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি ॥৩॥
ত্রিপাদূর্দ্ধ উদৈৎপুরুষঃ পাদোঽস্যেহাভবৎ পুনঃ।
ততো বিষ্বঙ্ ব্যক্রামৎ সাশনানশনে অভি ॥৪॥
তস্মাদ্বিরাড়জায়ত বিরাজো অধিপূরুষঃ।
স জাতো অত্যরিচ্যত পশ্চাদ্ভূমিমথো পুরঃ ॥৫॥
ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্বাহূ রাজন্যঃ কৃতঃ।
উরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রো অজায়ত ॥১২॥
চন্দ্রমা মনসো জাতশ্চক্ষোঃ সূর্য্যো অজায়ত।
মুখাদিন্দ্রশ্চাগ্নিশ্চ প্রাণাদ্বায়ুরজায়ত ॥১৩॥
নাভ্যা আসীদন্তরিক্ষং শীর্ষ্ণো দ্যৌঃ সমবর্ত্তত।
পদ্ভ্যাং ভূমির্দ্দিশঃ শ্রোত্রাত্তথা লোকাঁ অকল্পয়ন্ ॥"১৪॥(১০।৯০)

১। পুরুষের সহস্র মস্তক, সহস্র চক্ষু ও সহস্র চরণ। তিনি পৃথিবীকে সর্ব্বত্র ব্যাপ্ত করিয়া দশ অঙ্গুলি পরিমাণ অতিরিক্ত হইয়া অবস্থিত থাকেন।

২। যাহা হইয়াছে, অথবা যাহা হইবে, সকলি সেই পুরুষ। তিনি অমরত্বলাভে অধিকারী হয়েন, কেন না, তিনি অন্নদ্বারা অতিরোহণ করেন।

৩। তাঁহার এতাদৃশ মহিমা, তিনি কিন্তু ইহা অপেক্ষাও বৃহত্তর। বিশ্বজীবসমূহ তাঁহার একপাদ মাত্র, আকাশে অমর অংশ তাঁহার তিন পাদ।

৪। পুরুষ আপনার তিন পাদ (বা অংশ) লইয়া উপরে উঠিলেন। তাঁহার চতুর্থ অংশ এই স্থানে রহিল। তিনি তদনন্তর ভোজনকারী ও ভোজনরহিত (চেতন ও অচেতন) তাবৎ বস্তুতে ব্যাপ্ত হইলেন।

৫। তাঁহা হইতে বিরাট্ জন্মিলেন, এবং বিরাট্ হইতে সেই পুরুষ জন্মিলেন। তিনি জন্মগ্রহণপূর্ব্বক পশ্চাদ্ভাগে ও পুরোভাগে পৃথিবীকে অতিক্রম করিলেন।

১২। ইঁহার মুখ ব্রাহ্মণ হইল, দুই বাহু রাজন্য হইল, যাহা উরু ছিল, তাহা বৈশ্য হইল, দুই চরণ হইতে শূদ্র হইল।

১৩। মন হইতে চন্দ্র হইলেন, চক্ষু হইতে সূর্য্য, মুখ হইতে ইন্দ্র ও অগ্নি, প্রাণ হইতে বায়ু।

১৪। নাভি হইতে আকাশ, মস্তক হইতে স্বর্গ, দুই চরণ হইতে ভূমি, কর্ণ হইতে দিক্ ও ভুবন সকল নির্ম্মাণ করা হইল।

ঋগ্‌বেদের এই পুরুষ কখনও "বিশ্বকর্ম্মা" নামে, কখনও হিরণ্যগর্ভ নামে, কখনও বা ইন্দ্র, অগ্নি ও বরুণ প্রভৃতি নামে অভিহিত হইয়াছেন। উপনিষদে যেরূপ সৃষ্টিবিবরণ-আছে,—ঋগ্‌বেদের কেবল এক সূক্তে নয়—বহু সূক্তেই সেইরূপ সৃষ্টির বিবরণ লিখিত হইয়াছে। এখানেও আমরা এসম্বন্ধে একটী ঋক্ উদ্ধৃত করিতেছি—

"চক্ষুষঃ পিতা মনসা হি ধীরো ঘৃতমেনে অজনন্নন্নমানে।
যদেদন্তা অদদৃহন্ত পূর্ব্ব আদিদ্দ্যাবাপৃথিবী অপ্রথেতাম্।১।
(১০ম। ৮২ সূক্ত।)

সেই সুধীর পিতা উত্তম রূপ দৃষ্টি করিয়া মনে মনে আলোচনা করিয়া জলাকৃতি পরস্পর সম্মিলিত এই দ্যাবা পৃথিবী সৃষ্টি করিলেন। যখন ইহার চতুঃসীমা ক্রমশঃ দূর হইয়া উঠিল, তখন দ্যুলোক ও ভূলোক পৃথক্ হইয়া গেল।

ইহাতে প্রগাঢ় বৈজ্ঞানিক সত্য নিহিত আছে সন্দেহ নাই। ইহার পরবর্ত্তী ঋকে এই পরম পুরুষের চিন্ময়ধাম নির্ণীত হইয়াছে। সেই ধামে তিনি একক বিরাজমান। এখানেও একেশ্বরবাদের তত্ত্ব পরিস্ফুট হইয়াছে। এই সূক্তের তৃতীয় ঋক্‌টীও তদ্বিষয়ে একটী প্রমাণ যথা—

"যো নঃ পিতা জনিতা যো বিধাতা ধামানি বেদ ভুবনানি বিশ্বা।
যো দেবানাং নামধা এক এব তং সংপ্রশ্নং ভুবনা যন্ত্যন্যা।৩

অর্থাৎ যিনি আমাদের জন্মদাতা পিতা, যিনি বিধাতা, যিনি বিশ্বভুবনের সকল ধাম অবগত আছেন, যিনি এক হইয়াও সকল দেবের নাম ধারণ করেন, অন্য তাবৎ ভুবনের লোকে তাঁহার বিষয় জিজ্ঞাসাযুক্ত হয়।"

"যিনি বহুদেবের বহু নাম ধারণ করিয়াও এক" তিনিই বেদান্তদিগের পরমব্রহ্ম। বেদান্তের মূল বৈদিক প্রমাণ সম্বন্ধে ইহা অপেক্ষা পরিস্ফুট বাক্য আর কি হইতে পারে? এই সূক্তের ৬ষ্ঠ ঋকে লিখিত আছে—

"অজস্য নাভাবধ্যেকমর্পিতং যস্মিন্ বিশ্বানি ভুবনানি তস্থুঃ।৬।

অর্থাৎ সেই "অজ" পুরুষের নাভিদেশে সমগ্র বিশ্বভুবন অবস্থান করিয়াছিল।

এইসকল ঋক্ সমস্বরে এক মহান্ বিরাট পুরুষের মহিমা ঘোষণা করিতেছে। এই মহান্ পদার্থটী "পক্ষী" নামেও অভিহিত হইয়াছেন যথা—

"একঃ সুপর্ণঃ স সমুদ্রমাবিবেশ স ইদং বিশ্বং ভুবনং বিচষ্টে।
তং পাকেন মনসাপশ্যমন্তিতস্তং মাতা রেলিহি স উ রেলিহি মাতরম্।
(১০।১১৪।৪।)

এক পক্ষী সমুদ্রে প্রবেশ করিল; সেই এই সমস্ত বিশ্বভুবন অবলোকন করে। পরিণত বুদ্ধি দ্বারা তাঁহাকে আমি দেখিয়াছি। সে নিকটবর্ত্তিনী মাতাকে লেহন করে, মাতাও উহাকে লেহন করেন।

এই পক্ষী যে এক তাহারও প্রমাণ ইহার পরে ১০।১১৪।৫ মন্ত্রে বর্ণিত আছে। যথা—

"সুপর্ণং বিপ্রা কবয়ো বচোভিরেকং সন্তং বহুধা কল্পয়ন্তি।

এই পক্ষী এক ভিন্ন দুই নহেন; কিন্তু পণ্ডিতগণ বাক্যদ্বারা ইহার বহুত্ব কল্পনা করেন।

এই সুপর্ণ বা পক্ষীর বিষয় উপনিষদ্ ও তৎপরবর্ত্তী সাহিত্যেও যথেষ্ট দেখিতে পাওয়া যায়। মুণ্ডকোপনিষদে লিখিত হইয়াছে—

"দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে।
তয়োরন্য পিপ্পলং স্বাদ্বত্য নশ্নন্নন্যো অভিচাকশীতি॥"
(মুণ্ডকোপনিষদ্ ৩।১।১)

শ্বেতাশ্বতরেও এই প্রমাণ বচনটী অবিকল মুণ্ডকের ভাষায় লিখিত আছে। বৃহদারণ্যকোপনিষদেও লিখিত হইয়াছে—

"তানিন্দ্রো সুপর্ণো ভূত্বা বায়বে প্রাযচ্ছৎ।" (৩।৩।২)

ইহার অর্থ এই যে ইন্দ্র (অশ্বমেধ যজ্ঞের অগ্নি) পক্ষীর রূপ ধারণ করিয়া পারীক্ষিতদিগকে বায়ুর নিকট সমর্পণ করিয়াছিলেন।

এই উপনিষদের "সুপর্ণ" পরমাত্মা অর্থবোধক বলিয়া মনে হয় না। এই উপনিষদের অপরস্থলেও (৪।৩।১০) "সুপর্ণ" শব্দের প্রয়োগ আছে। উহাও ঋগ্বেদের মতানুযায়ী মুণ্ডকে ও শ্বেতাশ্বতরে ব্যবহৃত সুপর্ণ শব্দের ন্যায় পরমাত্ম অর্থে ব্যবহৃত হয় নাই। কিন্তু মুণ্ডকের উক্ত শ্রুতিটী পরবর্ত্তীকালে শ্রীমদ্ভাগবতেও গৃহীত হইয়াছে। ঋগ্বেদে উহা কেবল পরমাত্মা অর্থেই ব্যবহৃত হইয়াছে। সুতরাং ঋক্‌মন্ত্রে "এক সুপর্ণ" বলা হইয়াছে। উপনিষদে পরমাত্মা জীবাত্মা উভয় অর্থেই "সুপর্ণ" শব্দের ব্যবহার আছে। এই "পক্ষী" শ্রুতিটী অতি কবিত্বপূর্ণ হউক অথবা অতি প্রাচীন ঋগ্বেদ হইতে আগত বলিয়াই হউক, বাঙ্গালা গানে পর্য্যন্ত এই "দুই পক্ষীর" কথা দৃষ্ট হয় যথা "এক শাখী পরে, দুবিহগবরে, সুখে বসবাস করিত"। বেদান্তবিদ্‌গণ বহুস্থানে এই পক্ষটী উদ্ধৃত করিয়া বাদবিচার করিয়াছেন। বিশিষ্টাদ্বৈতবাদী ও দ্বৈতবাদীরা এই শ্রুতিটী উদ্ধৃত করিয়া কেবলাদ্বৈতবাদীদের বিরুদ্ধে সিদ্ধান্ত সংস্থাপনে প্রয়াস পাইয়াছেন।

ঋগ্বেদসংহিতার দশম মণ্ডলের ১২১ সূক্তটী হিরণ্যগর্ভ স্তোত্রময়। 'ক' নামধারী প্রজাপতিই এই সূক্তের ঋক্‌সমূহের দেবতা। এই সূক্তে দশটী ঋক্ আছে। প্রত্যেকটী ঋকেই একেশ্বরবাদ সূচিত হইয়াছে, এবং সেই এক অদ্বিতীয় দেবতার মহিমা কীর্ত্তন করা হইয়াছে। উপনিষদের শ্রুতির ন্যায় এই সূক্তের ঋষি বলিতেছেন, সর্ব্বপ্রথমে কেবল হিরণ্যগর্ভই বিদ্যমান ছিলেন। তিনিই সর্ব্বভূতের অধীশ্বর। এই পৃথিবী ও আকাশ তাঁহাদ্বারাই স্ব স্ব স্থানে স্থাপিত হইল। তিনি "জীবাত্মা দিয়াছেন, মন দিয়াছেন, তাঁহার আজ্ঞা সকল দেবতারাই মান্য করেন। তাঁহার ছায়া অমৃতস্বরূপ। মৃত্যু তাঁহারই অধীন। তিনি নিজ মহিমায় দর্শনেন্দ্রিয়সম্পন্ন ও গতিসম্পন্ন যাবতীয় জীবদিগের 'অদ্বিতীয়' রাজা, তাঁহাদ্বারাই হিমবন্ত পর্ব্বতসকল উৎপন্ন হইয়াছে, সসাগরা ধরা তাঁহারই সৃষ্টি। দিক্ বিদিক্ সকল তাঁহার বাহুস্বরূপ। এই সমুন্নত আকাশ ও এই পৃথিবীকে তিনি যে স্থলে দৃঢ় করিয়া রাখিয়াছেন, স্বর্গলোক ও নাগলোক তাঁহাদ্বারাই স্তম্ভিত। তিনিই অন্তরীক্ষ লোকের পরিমাণ করিয়াছেন। ইহাকে আশ্রয় করিয়াই সূর্য্যাদি দীপ্তিযুক্ত হয়েন। এই সূক্তের হিরণ্যগর্ভই উপনিষদে ব্রহ্মপদ প্রাপ্ত হইয়াছেন।

ঋগ্বেদের অনন্তভাণ্ডারে বেদান্তশাস্ত্রের এইরূপ কত অসংখ্য বীজ লুক্কায়িতভাবে রহিয়াছে তাহা বেদাধ্যয়ননিপুণ সূক্ষ্মদর্শী সুপণ্ডিতগণেরও দুরনুসন্ধেয়। এ স্থলে অতি অল্প মাত্র উদাহরণই উদ্ধৃত হইল। অন্যান্য সংহিতা হইতেও বেদান্তের বীজীভূত বৈদিক শ্রুতি উদাহরণরূপে উদ্ধৃত করা যাইতে পারে। কিন্তু বাহুল্যভয়ে আমরা সে প্রয়াস পরিত্যাগ করিলাম।

বাস্তবিক কথা এই যে, সুপ্রাচীন বৈদিক যুগের ঋষিদের হৃদয়ে যে সকল পরম তত্ত্বের সূক্ষ্মজ্ঞান আবির্ভূত হইয়াছিল, উপনিষদে তাহাই বিবৃত হইয়াছে, তাহাই বহুপ্রকারে কথিত হইয়াছে ইন্দ্র, অগ্নি, বায়ু, বরুণ প্রভৃতি বিবিধ দেবতা ভিন্ন ভিন্ন নামে উপাসিত হইলেও উহাদের প্রত্যেকেই যে কার্য্য-ভেদে অপরাপর নামে অভিহিত হইতেন অর্থাৎ এক ইন্দ্রই কখনও বা বায়ু, কখনও বা অগ্নি ইত্যাদি নামে স্তুত বা সংজ্ঞিত হইতেন, ঋগ্‌বেদ হইতে তাহার যথেষ্ট প্রমাণ প্রদর্শিত হইয়াছে। বৃহদারণ্য-

কোপনিষদ্ প্রভৃতিতেও এইরূপ এক দেবতা অপর দেবতার নামে সংজ্ঞিত হওয়ার বিষয় দেখিতে পাওয়া যায়। এক পরম তত্ত্বই যে কার্য্য-ভেদে ভিন্ন ভিন্ন নামে অভিহিত হইতেন,ঋগ্‌বেদ হইতে উহারাও প্রমাণ প্রদর্শিত হইয়াছে। এই দেবতা যে অনন্ত শক্তিশালী এবং ইহা হইতে কি প্রকারে এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ড প্রাদুর্ভূত হইয়াছে, এই দুই তত্ত্বও ঋগ্‌বেদে আলোচিত হইয়াছে। জীবতত্ত্ব সম্বন্ধেও দশমমণ্ডলের ১২১ সূক্তে আমরা সংক্ষিপ্তভাব দুই একটী কথা উদ্ধৃত করিয়াছি। বলা বাহুল্য যে ব্রহ্মতত্ত্ব, সৃষ্টিতত্ত্ব ও জীবতত্ত্ব এই তিন তত্ত্বই বেদান্তের প্রতিপাদ্য এবং এই তিন তত্ত্বের বীজ অতি প্রাচীন কালে ঋক্‌সংহিতায় আলোচিত হইয়াছিল।

আর্য্যঋষিগণ বহু দেবতার মধ্যে এক পরমতত্ত্বস্বরূপ দেবতার অনুসন্ধান পাইয়াও তাঁহাকেই কখনও অগ্নি কখনও ইন্দ্র কখনও বায়ু বলিয়া অভিহিত করিতেন এবং কখনও বা যুগপৎ সকল দেবতারই স্তব স্তুতি করিতেন, পবিত্র হোমানলে পবিত্র বৈদিক মন্ত্রে ইঁহাদের নামগুণ লীলাদির উল্লেখে ঘৃতাহুতি প্রদান করিতেন। কতকাল এইরূপে চলিয়া গেল, তাহা বলা যায় না। কিন্তু পরবর্ত্তী সময়ে এক শ্রেণীর ঋষি অতীব প্রগাঢ়ভাবে "একমেবাদ্বিতীয়ম্" তত্ত্বের অনুসন্ধানে প্রবৃত্ত হইলেন। এই অনুসন্ধানের ফলে ঋষিগণের হৃদয়ে যে তত্ত্ব পরিস্ফুটরূপে প্রকাশিত হয়, উহাই ব্রহ্মতত্ত্ব; ঔপনিষদ্ জ্ঞানই ইহার সাধন। ঋষিগণের হৃদয়ে যখন এই জ্ঞান সমুজ্জ্বলভাবে সমুদিত হইল, তখন তাঁহারা জগৎ সমক্ষে এক বিশাল তত্ত্ব ব্যক্ত করিয়া বলিতে লাগিলেন—

১। "যদ্বাবানৈভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে। ৪।
২। যন্মনসা ন মনুতে যেনাহুর্মনোমতম্
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে। ৫।
৩। যচ্চক্ষুষা ন পশ্যতি যেন চক্ষুংষি পশ্যতি।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে। ৬।
৪। যচ্ছ্রোত্রেণ ন শৃণোতি যেন শ্রোত্রমিদং শ্রুতম্
তদেব ব্রহ্মত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে। ৭।
৫। যৎপ্রাণেন ন প্রাণিতি যেন প্রাণ প্রণীয়তে
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে। ৮।

(কেনোপনিষৎ প্রথম খণ্ড)

অর্থাৎ যিনি বাক্যদ্বারা সাফল্যরূপে উক্ত হন নাই, কিন্তু যাঁহা দ্বারা অভ্যুদিত হইয়া পুরুষ বাক্যোচ্চারণ করেন, তুমি তাহাকেই ব্রহ্ম বলিয়া জানিও, যাহার উপাসনা করা হইতেছে তাহা ব্রহ্ম নহে। (৪)

মন দ্বারা যাঁহার মনন হয় না, কিন্তু যাহা দ্বারা মনের বিষয় জানা যায়, তুমি তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জানিও, যাঁহার উপাসনা করা হইতেছে তাহা ব্রহ্ম নহে। (৫)

যাঁহাকে চক্ষু দ্বারা দেখা যায় না, কিন্তু যিনি চক্ষুরও স্রষ্টা, তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জানিও, যাঁহার উপাসনা হইতেছে তিনি ব্রহ্ম নহেন। (৬)

যিনি আমাদের শ্রবণেন্দ্রিয়ের বিষয় নহেন, কিন্তু যিনি শ্রবণশক্তির প্রেরয়িতা তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জানিও, যাঁহার উপাসনা হইতেছে তিনি ব্রহ্ম নহেন। (৭)

যিনি প্রাণের বিষয়ীভূত নহে, কিন্তু যিনি প্রাণের প্রেরয়িতা, তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জানিও, যাঁহার উপাসনা করা হইতেছে, তিনি ব্রহ্ম নহেন। (৮)

কেন উপনিষদে ব্রহ্মতত্ত্ব নিরূপিত হইয়াছে। এই উপনিষদেই ঋষি বলিয়াছেন "শ্রোত্রস্য শ্রোত্রং মনসো মনঃ যদ্বাচোহবাচম্, প্রাণস্য প্রাণ শ্চক্ষুস শ্চক্ষু রতিমুত্যধারাঃ প্রেত্যা স্মালোকাদমৃতা ভবন্তি" অর্থাৎ যিনি শ্রোতাদির প্রেরক ও প্রকাশক স্বরূপ, তাঁহাকে জানিতে পাইলে লোক এই মরধাম হইতে অমৃতলোকে গমন করে। বৃহদারণ্যক বলিতেছেন—

"যোহত এতৈকেকমুপাস্তে ন স বেদাকৃৎস্নো হ্যেষোহত এতৈকেকেন ভবত্যাত্মেত্যেবোপাসীতাত্র হ্যেতে সর্ব্ব একং ভবন্তি—তদেতৎপদনীয়মস্য সর্ব্বস্য যদয়মাত্মানেন হ্যেতং সর্ব্বং বেদ যথাহ বৈ পদেনানুবিন্দেদেবং কীর্ত্তিং শ্লোকং বিন্দতে য এবং বেদ।" ৭। (বৃঃ আঃ উঃ ১।৪।৭)

অর্থাৎ যিনি এক এক ক্রিয়াবিশিষ্ট প্রাণাদিকে এক এক সংজ্ঞায় অভিহিত করিয়া উপাসনা করেন, তিনি পরম তত্ত্ব সম্বন্ধে অনভিজ্ঞ। উপাধি সম্বন্ধবিশিষ্ট পরিচ্ছিন্ন আত্মা এক এক বিশেষণে বিশেষিত হয়েন। সুতরাং উপাধি নাম পরিত্যাগ করিয়া কেবল এক আত্মারই উপাসনা করা কর্ত্তব্য। আত্মাতে বহুত্ব নিরস্ত হইয়া যায়। এক আত্মার উপাসনা কর। আত্মাই সকলের বীজস্বরূপ। আত্মাতেই সকল প্রতিষ্ঠিত। যেমন পদচিহ্নের অনুসন্ধানে পশুকে জানা যায়, এইরূপ সর্ব্ব পদার্থের মধ্য দিয়া আত্মানুসন্ধান করিয়া লইতে হয়। আত্মাকে লাভ করিলেই সকল লাভ হয়। যিনি এইরূপ জানেন, তিনি কীর্ত্তি লাভ করেন ও কবিদের বর্ণনীয় হয়েন।

বৃহদারণ্যক আরও বলেন—"তদেতৎ প্রেয়ঃ পুত্রাৎ প্রেয়ো বিত্তাৎ প্রেয়োঽন্যস্মাৎ সর্ব্বস্মাদন্তরতরং যদয়মাত্মা স যোঽন্যমাত্মনঃ প্রিয়ং ব্রুবাণং ব্রূয়াৎ প্রিয়ং রোৎস্যতীতীশ্বরোহ তথৈব স্যাদাত্মানমেব প্রিয়মুপাসীত স য আত্মানমেব প্রিয়মুপাস্তে ন হাস্যপ্রিয়ং প্রমায়ুকং ভবতি।" (বৃঃ আঃ উঃ ১।৪।৮)

এই সমস্ত বস্তু হইতে অন্তরতর, অতএব ইহা পুত্র হইতে প্রিয়তর, বিত্ত হইতে প্রিয়তর এবং অপর সকল বস্তু হইতেই প্রিয়তর। যিনি অনাত্মাকে আত্মা হইতে প্রিয় বলিয়া থাকেন, যে ব্যক্তি বলেন, তোমার অভিমত এই প্রিয় বস্তু তোমার স্বরূপকে আবরণ অর্থাৎ নষ্ট করিবে, তিনি যথার্থবক্তা, উহা বলিবার তাঁহার অধিকার আছে। এই যথার্থবক্তা যাহা বলেন, তাহা সফলও হইয়া থাকে। আত্মাকেই প্রিয়বুদ্ধিতে উপাসনা করিবে। যিনি আত্মাকে প্রিয়বুদ্ধিতে উপাসনা করেন, তাঁহার প্রিয়বস্তু কখনই মরণশীল হইতে পারে না।

অতঃপর যাহা লিখিত হইয়াছে তাহার মর্ম্ম এইরূপ যে,—"ব্রহ্মবিষয়িণী ব্রহ্মবিদ্যা দ্বারা মনুষ্য সকল সফল হইবেন, অর্থাৎ সর্ব্বভূতে আত্মাকে দর্শন করিবেন, এইরূপ আচার্য্যগণ মনে করেন, সেই ব্রহ্ম কি? এবং তিনি কি সেই জ্ঞানলাভ করিয়াছেন, যে জ্ঞান হইতে তিনি সফল হইয়াছেন? ॥ ৯ ॥"

"সৃষ্টির পূর্ব্বে এই সমস্তই ব্রহ্মময় ছিল। ব্রহ্ম আপনাকে আমি ব্রহ্ম অর্থাৎ সর্ব্বশক্তিসমন্বিত বলিয়া জানিয়াছিলেন। তিনি আপনাকে তাদৃশ ব্রহ্ম জানেন বলিয়াই সর্ব্বময় হয়েন। দেবতাদিগের মধ্যেও যিনি আপনাকে ঐ ব্রহ্মের শক্তি বলিয়া বিদিত হয়েন, ঋষিদিগের ও মনুষ্যদিগের মধ্যেও আত্মতত্ত্বের সর্ব্বময়ত্ব সিদ্ধ হইয়া থাকে। অতএব ঐ ব্রহ্মকে দর্শন করিয়া তদায়ত্তবৃত্তিকত্ব প্রযুক্ত হইয়া থাকে। অতএব ঐ ব্রহ্মকে দর্শন করিয়া তদায়ত্তবৃত্তিকত্ব প্রযুক্ত অর্থাৎ নিজের নিখিলবৃত্তির তদধীনত্ববশতঃ তাঁহা হইতে অভেদজ্ঞানে বামদেব ঋষি 'আমি মনু হইয়াছিলাম আমি সূর্য্য হইয়াছিলাম' এই প্রকার বাক্য প্রয়োগ করিয়াছিলেন।

"অতএব ইদানীন্তন কালেও, যিনি ব্রহ্মশক্তিরূপ আমি-শক্তিমৎ ব্রহ্ম হইতে অভিন্ন, এই প্রকার বিদিত হয়েন, তিনি আপনাকে সর্ব্বময় দর্শন করিয়া থাকেন। তাঁহার পক্ষে দেবতারাও আর মহাবীর্য্য বলিয়া বিবেচিত হয়েন না, এবং তাঁহারা কোন বিঘ্ন বা অমঙ্গল সাধনে সমর্থ হয়েন না; কারণ, তিনি সর্ব্বাত্মার সহিত সঙ্গত হইয়া এই সকলের আত্মা হয়েন, যিনি, এই আমি, এই অপর, এই প্রকার ভেদদৃষ্টিতে দেবতান্তরের উপাসনা করেন, তিনি অতত্ত্বজ্ঞ ব্যক্তি, মনুষ্যের যেমন গবাদি, তদ্রূপ দেবতাদিগের নিকট অতত্ত্বজ্ঞ ব্যক্তি। পশু সকল যেমন মনুষ্যের কার্য্যসাধক, অতত্ত্বজ্ঞ ব্যক্তিও দেবতাদিগের তদ্রূপ কার্য্যসাধক। একটী পশু অপহৃত হইলে যেমন অনিষ্ট হয়, তদ্রূপ একজন মনুষ্যতত্ত্বজ্ঞ হইলে

যথাযোগ্য শ্রদ্ধা করেন, তাহা হইলে তাঁহারাও তাঁহার কোন বিঘ্ন না করিয়া, তত্ত্বজ্ঞানোপযোগী উপদেশ প্রদান দ্বারা তাঁ সিদ্ধির পক্ষে সাহায্য করিয়া থাকেন ॥ ১০ ॥"

"ব্রহ্ম বা ইদমগ্র আসীদেকমেব" ইত্যাদি বৃহদারণ্যক ভাব আমরা ইতঃপূর্ব্বে ঋগ্‌বেদ হইতে বহুবার উদ্ধৃত করিয়া আবার ইহার পরেই বলা হইয়াছে "আত্মৈবেদমগ্র আসীদেক সুতরাং যিনি ব্রহ্ম তিনিই আত্মা। আত্মতত্ত্ব ও ব্রহ্মতত্ত্ব বলিয়াই উপনিষদের সিদ্ধান্ত। "অহং ব্রহ্ম অস্মি" এই রূপ জ্ঞ আত্মা ও ব্রহ্মে অভেদদর্শনের মূল সাধন। উল্লিখিত ছত্র নি এই উপনিষদ্ তত্ত্বের সংক্ষিপ্ত ব্যাখ্যা করা হইয়াছে। বৃহদার উপনিষদ্ খানি শুক্ল যজুর্ব্বেদের অন্তর্গত। ইহার সবিশেষ প বেদ শব্দে দ্রষ্টব্য। আবার ঈশোপনিষদেও আমরা এই ভাব শ্রুতি দেখিতে পাই। এই উপনিষদের ষোড়শ মন্ত্র এই—

"পূষন্নেকর্ষে যম সূর্য্য প্রাজাপত্যব্যূহরশ্মীন্ সমূহ তেজো
যত্তে রূপকল্যাণতমন্তত্তে পশ্যামি যোঽসাবসৌ পুরুষঃ সোঽম

অর্থাৎ হে পূষন্ হে যম হে সূর্য্য হে প্রজাপতে আ বিস্তার কর, আমাকে সেই আলোকের মধ্যে প্রবিষ্ট কর, আমি তোমাদের মধ্যে প্রবিষ্ট হই, যেন আমি তোমার ম ময়ী মূর্ত্তি দেখিতে পারি। সেখানে যে পুরুষ আছেন সেই পু আমি।"

এস্থলে আত্মা বা ব্রহ্মের পরিবর্ত্তে পুরুষের কথা বলা হইয়া আমরা ঋগ্‌বেদের দশম মণ্ডলের ৯০ সূক্তে এই পুরুষের প পাইয়াছি। সুবিখ্যাত ভাষ্যকার রামানুজও এই উপনিষ ভাষ্যে ঋগ্‌বেদের পুরুষসূক্তের পুরুষের কথা ভূমিকায় উ করিয়াছেন। রামানুজ এই উপনিষদ্ খানিকে "ব্রহ্মবি বলিয়া উল্লেখ করিয়াছেন। তিনি বলিয়াছেন যদিও "ঈশাব উপনিষদে কোন মন্ত্রে ১৮টী শ্লোক আছে, সেই আঠারটী শ্লো শ্রীভগবদ্গীতার ১৮ অধ্যায়ের বীজ স্বরূপ। কি প্রকারে বেদে পরমপুরুষকে জানা যায় এবং কি প্রকারে তাঁহাকে লাভ করা এই উপনিষদে তাহার উপদেশ আছে। ঈশোপনিষদ্ বাজস সংহিতার অন্তর্ভুক্ত। উহা উক্ত সংহিতারই ৪০শ অধ্যায় ম ব্রহ্মতত্ত্ব, জীবতত্ত্ব এবং জগৎতত্ত্ব অপরাপর উপনিষদেরও প্রতিপাদ্য, এই উপনিষদে এই তিন বিষয়ের সেই রূপই আ চিত হইয়াছে। ঈশ্বর, জীব, প্রকৃতি, বিদ্যা, অবিদ্যা, ক জ্ঞান এই সকল বিষয়ের আলোচনাই উপনিষদের লক্ষ্য। সকল বিষয়ের তত্ত্বজ্ঞান দ্বারা জীবের কর্ম্ম বন্ধন মুক্ত হয়,

সে ব্যাখ্যা কষ্টকল্পনা প্রসূত বলিয়াই মনে হয়।

যদিও বেদান্ত বা ব্রহ্মবিদ্যার শিক্ষাস্থানই উপনিষদের লক্ষ্য, তথাপি বৃহদারণ্যক ও ছান্দোগ্য প্রভৃতি কতিপয় উপনিষদে বেদের ব্রাহ্মণ ভাগের যজ্ঞাদির কর্ত্তব্যতা সম্বন্ধেরও বহুল তথ্য আলোচিত হইয়াছে। এতদ্ব্যতীত কতিপয় ক্ষুদ্র ক্ষুদ্র উপনিষদ্ ব্যতীত অপরাপর বৈদিক উপনিষদে ক্ষুদ্র ক্ষুদ্র আখ্যানও যথেষ্ট পরিমাণে দৃষ্ট হয়। এই সকল উপাখ্যান রূপকের আকারে গঠিত হইয়াছে কিন্তু ইহাদের উদ্দেশ্য ঐ ব্রহ্মবিদ্যার উপদেশ। ছান্দোগ্য উপনিষদ্ খানিকে বেদান্ততত্ত্বের খনি বলিলেও অত্যুক্তি হয় না। ইহার প্রারম্ভে কেবলই ওম্ শব্দের মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। এ খানি সামবেদীয় উপনিষদ্, সুতরাং সামবেদের মহিমাও ইহাতে যথেষ্ট কীর্ত্তিত হইয়াছে। অতঃপর আকাশাদি পদার্থ তত্ত্ব সম্বন্ধে আলোচনা আছে। অতঃপরে যজ্ঞাদির বিষয় আলোচিত হইয়াছে। বৈদিক দেবতাগণের স্তুতি প্রভৃতিও বহুল পরিমাণে এই উপনিষদে দৃষ্ট হয়। ছান্দোগ্য উপনিষদে বৈদিক উপাসনার সম্মানও যথেষ্ট সংরক্ষিত হইয়াছে। আমরা এই গ্রন্থে গায়ত্রীর মাহাত্ম্য কীর্ত্তনও যথেষ্ট দেখিতে পাই। তৃতীয় প্রপাঠকের শেষাংশে ব্রহ্মতত্ত্ব সম্বন্ধে উপদেশ আছে। চতুর্থ প্রপাঠকের আরম্ভে গণশ্রুতিপ্রত্যায়নের প্রসঙ্গে বৈদান্তিক তত্ত্ব বিবৃত হইয়াছে। এইরূপে সত্যকাম, উপকোশল, কামলায়ন, ও শ্বেতকেতু আরুণেয় প্রভৃতির প্রস্তাবে বৈদিক যজ্ঞ ও ব্রহ্মতত্ত্বের মীমাংসা, ৪র্থ প্রপাঠকের ১৫ খণ্ডে মৃত্যুর পরে জীবাত্মার দেবপথে গমনের বিষয়, পঞ্চম প্রপাঠকে সগুণ ব্রহ্মতত্ত্বের নিরূপণ উদ্দেশ্যে এই প্রপাঠকের প্রথম খণ্ডে পঞ্চেন্দ্রিয়ের নিজ নিজ শ্রেষ্ঠতা কথন এবং তাহার মীমাংসার নিমিত্ত প্রজাপতির নিকট গমন ও প্রজাপতি কর্ত্তৃক তাহার মীমাংসার্থ মন্ত্রণা এবং তাহার ফলে প্রাণ বায়ুর মাহাত্ম্য ও শ্রেষ্ঠতা কীর্ত্তন প্রসঙ্গে একেশ্বরবাদের সমর্থন করা হইয়াছে। এই প্রপাঠকের দশম খণ্ডে কর্ম্মভেদে জীবের পারলৌকিক গতির ও জাত্যন্তর পরিণতির উপদেশ আছে; পঞ্চম প্রপাঠকের ১১ খণ্ডের প্রারম্ভে প্রকৃত বেদান্তের সূচনা করা হইয়াছে; যথা—

"প্রাচীনশাল উপমন্যবঃ সত্যযজ্ঞঃ পৌলুষিরিন্দ্রদ্যুম্নো ভাল্লবেয়ো জনঃ শার্করাক্ষো বুড়িল আশ্বতরাশ্বিস্তে হৈতে মহাশালা মহাশ্রোত্রিয়াঃ সমেত্য মীমাংসাং চক্রু, কো ন আত্মা কিং ব্রহ্মেতি। ১।"

করেন। ইহারা এই তত্ত্বের মীমাংসার নিমিত্ত আত্ম বৈশ্বানরের তত্ত্বাভিজ্ঞ উদ্দালকের নিকট গমন করেন। উ নিজকে এই প্রশ্নের মীমাংসায় অসমর্থ জানিয়া ইহাদিগকে অশ্বপতি কৈকেয়ের নিকট গমন করেন। পঞ্চপ্রাণের তৃ যে জগৎ তৃপ্ত হয়, এবং ইহা না জানিয়া অগ্নিহোত্র করি অগ্নিহোত্র যে আদৌ সিদ্ধ হয় না, অশ্বপতি ইহাদিগকে এই বুঝাইয়া দেন। ইহা হইতেই জগৎ যে আত্মময় তা আভাস দেওয়া হয়।

ইহার পরেই শ্বেতকেতু ও তাঁহার পিতার তত্ত্বজিজ্ঞ ষষ্ঠ প্রপাঠকের প্রথমকাণ্ড হইতেই এই প্রসঙ্গে প্রকৃত বেদ তত্ত্ব আলোচিত হইয়াছে।

এই প্রপাঠকের প্রথম অধ্যায়ে শ্বেতকেতুর প্রতি প্রশ্ন ক তদীয় পিতা বেদান্তের নিগূঢ়তত্ত্বের কথা উত্থাপন করেন। কেতুর পিতা বলেন, শ্বেতকেতো, তুমি দ্বাদশবর্ষকাল বেদ করিয়া সর্ব্ববেদবিদ্ বলিয়া অহঙ্কৃত হইয়া আসিয়াছ। তে একটী কথা জিজ্ঞাসা করিতেছি, তুমি কি তোমার গুরুর নি প্রকৃত শিক্ষা প্রাপ্ত হইয়াছ, যে শিক্ষাদ্বারা অশ্রুত শ্রুত অননুভূত বস্তু অনুভূত হন এবং অজ্ঞাত জ্ঞাত হন। যথা—

"যেনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মতমবিজ্ঞাতমিতি?"

ইহাতে শ্বেতকেতু বিস্মিত হইয়া বলিলেন "সে কি? বন্! সে শিক্ষা কি প্রকার?"

এই প্রশ্নের উত্তরে শ্বেতকেতুর পিতা বলেন, এক মৃৎ দেখিলেই মৃত্তিকাদ্বারা প্রস্তুত সকল দ্রব্যের তত্ত্ব জানা য মৃত্তিকাদ্বারা ভিন্ন ভিন্ন নামে যত দ্রব্যই হউক না কেন, ঐ স পদার্থ মৃত্তিকা ভিন্ন আর কিছুই নহে। নামগুলি বাচার বিকার মাত্র—কেবল মৃত্তিকাই সত্য।

"যথা সোম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং বাচাহ্যরম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্"

(ছাঃ উঃ ৬।১

এইরূপ আরও তিনটী উদাহরণ দিয়া পিতা পুত্রকে সার বুঝাইয়া দিতে প্রয়াস পাইলেন। পুত্র শ্বেতকেতু এ স আরও শুনিবার নিমিত্ত উৎসুক হওয়ায় তাঁহার পিতা তাঁ বলিলেন,—

"সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্।

তদৈক্ষত বহুস্যাং প্রজায়েয়েতি তত্তেজোঽসৃজত তেজ ঐক্ষত বহ্বস্যাং প্রজায়েয়েতি তদপোঽসৃজন্ত তস্মাদ

হইল। ইহার পরে বলা হইতেছে যে, ইহা কি প্রকারে সম্ভবপর, অসৎ হইতে কি প্রকার সতের উদ্ভব হয়। আসল কথা এই যে সৃষ্টির পূর্ব্বে এক অদ্বিতীয় পদার্থই বিদ্যমান ছিলেন, ইহাতে কোনও সন্দেহ নাই। অতঃপর এই "একমেবাদ্বিতীয়ম্" পদার্থ হইতে কি প্রকার এই বিশ্বের উৎপত্তি হইল? ছান্দোগ্য উপনিষদে তাহার আলোচনা করা হইয়াছে। যথা—

"তদৈক্ষত বহুস্যাং প্রজায়েয়েতি তত্তেজোঽসৃজত তত্তেজ ঐক্ষত বহুস্যাং প্রজায়েয়েতি তদপোঽসৃজত। তস্মাদ্যত্র বৃচা শোচতি স্বেদতে বা পুরুষস্তেজস এব তদধ্যাপো জায়ন্তে।"

৬ষ্ঠ প্রপাঠক হইতে আমরা এস্থলে যে শ্রুতি কয়টী উদ্ধৃত করিলাম, উহাই ব্রহ্মসূত্রের প্রথম কয়টী সূত্রের অবলম্বন। ইহাতে "জন্মাদ্যস্য যতঃ" এবং "ঈক্ষতের্নাশব্দম্" এই দুইটী সূত্রের সন্ধান পাওয়া যাইতেছে।

"আত্মা বা ইদমেক এবাগ্র আসীন্নান্যৎ কিঞ্চন মিষৎ স ঐক্ষত লোকান্নু সৃজা ইতি" এইরূপ শ্রুতি অপরাপর উপনিষদেও দৃষ্ট হয়। এই সকল শ্রুতি উপনিষৎসমূহে বিকীর্ণভাবে রহিয়াছে। ভগবান্ ব্রহ্মসূত্রকার এইসকল শ্রুতি সূত্রাকারে সংগ্রহ করিয়াছেন। অতঃপর এই বিষয়ে বাহুল্যরূপে আলোচিত হইবে। এই প্রপাঠকের অষ্টম খণ্ডের শেষে শ্বেতকেতুর পিতা বলিতেছেন—

"স য এষোঽনিমৈতদাত্মমিদং সর্ব্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি।"

ইহাই ঔপনিষদ ব্রহ্মতত্ত্ব, ইহাই ঔপনিষদ আত্মতত্ত্ব। ছন্দোগ্য ঔপনিষদে বেদান্তের গূঢ় গম্ভীর উচ্চতম তত্ত্বগুলি নিহিত আছে। নিম্নে কতিপয় শ্রুতি উদ্ধৃত করা যাইতেছে, যথা—

১। "যো বৈ ভূমা তৎসুখং নাল্পে সুখমস্তি ভূমৈব সুখম্"

(৭ম প্র ২৩ খণ্ড। ১)

অর্থাৎ ভূমাই সুখ স্বরূপ, অল্পে সুখ নাই, ভূমাই সুখ।

২। "যত্র নান্যৎ পশ্যতি নান্যৎ শৃণোতি নান্যৎ বিজানাতি, স ভূমাঽথ যত্রান্যৎ পশ্যত্যন্যৎ শৃণোত্যন্যদ্বিজানাতি তদল্পম্। যো বৈ ভূমা তদমৃত মথ যদল্পং তন্মর্ত্তম্।" (৭ম প্রপাঠক ২৪ খণ্ড ১)

অর্থাৎ যেখানে তদ্ভিন্ন অন্য কিছু দৃষ্ট হয় না, অন্য শব্দ শ্রুত হয় না, তদ্ভিন্ন অপর কিছুই জানা যায় না, তিনিই ভূমা। ইহার বিপরীতই অল্প। ভূমাই অমৃত, অল্পই মর্ত্ত্য।

৩। "স এবাধস্তাৎ স উপরিষ্টাৎ স পশ্চাৎ স পুরস্তাৎ স দক্ষিণতঃ স উত্তরতঃ স এবেদং সর্ব্বমিত্যথাতোঽহংকারাদেশ, এবাহমেবাধস্তাদাদহমুপরিষ্টাদহং পশ্চাদহং দক্ষিণতোঽহমুত্তরতোঽহমেবেদং সর্ব্বং সর্ব্বমিতি।" (৭মপ্র ১৫ খণ্ড।৩)

অর্থাৎ এই ভূমা অধোদেশে ঊর্দ্ধদেশে পশ্চাৎ দেশে, সম্মুখে দক্ষিণে উত্তরে সর্ব্বত্রই তিনি বিরাজমান, এইরূপ "আমি" ও সর্ব্বত্রই বিরাজিত। সুতরাং এতদ্দ্বারা আত্মারও সার্ব্বত্রিকত্ব সূচিত হইয়াছে।

৪। তদেষ শ্লোকো ন পশ্যো মৃত্যুং পশ্যতি নরোগং নোত দুঃখতাম্ সর্ব্বং হ পশ্যঃ পশ্যতি সর্ব্বমাপ্নোতি সর্ব্বশ ইতি।"

(৭ম প্রপাঠক ১৬ খণ্ড ২)

যে জ্ঞানী পুরুষ এইরূপে আত্মতত্ত্ব সন্দর্শন করেন, তিনি ক্লেশ, রোগ ও মৃত্যুর হস্ত হইতে অব্যাহতি পান, তিনি সর্ব্বদর্শিতা লাভ করেন, সকলই সর্ব্ব প্রকারে তাহার করতলগত হয়।

৫। "মঘবন্ মর্ত্ত্যং বা ইদং শরীরমাত্তং মৃত্যু না তদস্যামৃতস্য শরীরস্যাহস্যাত্মনোঽধিষ্ঠানমাত্তোবৈ স শরীরঃ প্রিয়াপ্রিয়াভ্যাং নবৈ শরীরস্য সতঃ প্রিয়াপ্রিয়য়োরপহতি রস্ত্যশরীরং বাব সন্ত ন প্রিয়াপ্রিয়ে স্পৃশতঃ।" (প্রপা ৮। ১২।১।)

অর্থাৎ হে ইন্দ্র, এই দেহ মৃত্যুর আয়ত্ত, ইহা অনশ্বর অশরীরী আত্মার আবাস স্থল মাত্র। এই দেহের সুখ দুঃখ আছে। কেননা ইহা সুখ দুঃখের অধীন। কিন্তু অশরীরী আত্মাকে সুখে দুঃখে স্পর্শ করিতে পারে না।

ছান্দোগ্য উপনিষদে আত্মতত্ত্ব সম্বন্ধে এইরূপ উচ্চতম শিক্ষা ও উপদেশ পরিলক্ষিত হয়। ব্রহ্মসূত্র যে প্রধানতঃ ছান্দোগ্য প্রভৃতি উপনিষদ্ অবলম্বনে সঙ্কলিত হইয়াছে, ঔপনিষদী শ্রুতিসমূহ নিবিষ্টভাবে অধ্যয়ন করিলে সহজেই তাহা প্রতিপন্ন হয়। এস্থলে ছান্দোগ্য উপনিষদ্ হইতে সংক্ষিপ্তভাবে যে সকল শ্রুতি উদ্ধৃত করা হইল, অপরাপর প্রধান প্রধান বেদোপনিষৎ গুলিতেও তাদৃশ শ্রুতি দৃষ্ট হয়। ভগবান্ সূত্রকার এই সকল শ্রুতির সার সংগ্রহ করিয়া সূক্ষ্মসূত্রে ঔপনিষদী শ্রুতির সার গ্রথিত করিয়াছেন। বিশ্বতত্ত্ব, জীবতত্ত্ব ও ব্রহ্মতত্ত্ব এই ত্রিবিধ তত্ত্বের অনুসন্ধানে ভারতীয় ঋষিদের চিত্ত কি পরিমাণে প্রগাঢ় স্পৃহা উপজাত হইয়াছিল। ছোট বড় প্রত্যেক উপনিষদেই তাহার যথেষ্ট পরিচয় পাওয়া যায়। হারবার্ট স্পেনসার প্রভৃতি শ্বেতকেতুর ন্যায় অপরা বিদ্যার অনুসন্ধান করিতে গিয়াছেন। এই নিমিত্ত তাঁহারা অজ্ঞাত বা অজ্ঞেয়কে (unknowable) জানিতে পারেন নাই। শ্বেতকেতুও এইরূপ বেদাদিশাস্ত্র পাঠ করিয়াও অশ্রুত, অননুভূত ও অজ্ঞাতকে কিছুমাত্র জানিতে পারিয়াছিলেন না। কিন্তু তাঁহার ব্রহ্মনিষ্ঠ পিতার কৃপায় অবশেষে তাঁহার ব্রহ্মতত্ত্বজ্ঞান বা সেই অজ্ঞেয় অজ্ঞাত তত্ত্বের জ্ঞান পরিস্ফুট হইয়া উঠে।

এই অজ্ঞাত বা অজ্ঞেয় পদার্থের (unknowable) বিশেষ জ্ঞানের উপদেশ করাই উপনিষৎশাস্ত্রের একটী প্রধান লক্ষ্য। এসম্বন্ধে ভারতবাসীরা যেরূপ অগ্রসর হইয়াছিলেন, মানব-

লাভেও সমর্থ হয় নাই। এইরূপ জ্ঞান লাভ করা যে বহুল সাধন সাপেক্ষ তাহা সকলেরই স্বীকার্য্য।

ঐতরেয় উপনিষদের যে কয়েকটী শ্রুতি বেদান্তশাস্ত্রের বীজ বলিয়া গৃহীত হইয়াছে তাহা এই—

১। "আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ নান্যৎ কিঞ্চনমিষৎ। স ইক্ষত লোকন্ন সৃজা ইতি। (১।১)

২। স ইক্ষতে মেন্থ লোকা লোকপালান্নু সৃজা ইতি। (১।৩)

৩। স এতেন প্রজ্ঞেনাত্মেনাহস্মাল্লোকাদুৎক্রম্যামুষ্মিন্ স্বর্গে লোকে সর্ব্বান্ কামানাপত্বাহমৃতঃ সমভবৎ সমভবৎ।' (৫।৮)

৪। স এবং বিদ্বানস্মাচ্ছরীর ভেদাদূর্দ্ধ্ব উৎক্রম্যামুষ্মিন্ স্বর্গে লোকে সর্ব্বান্ কামানাপ্ত্বাহমৃতঃ সমভবৎ সমভবৎ।" (৪।৬)

ছান্দোগ্য উপনিষদে যেমন প্রণব শব্দের বহুল মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে, তৈত্তিরীয় উপনিষদের অষ্টম অধ্যায়েও সেইরূপ প্রণবের মাহাত্ম্য সূচক একটী শ্রুতি দৃষ্ট হয়। এই একটী শ্রুতিতেই অধ্যায়টী পরিসমাপ্ত হইয়াছে। ভাষ্যকার ভগবান্ শঙ্করাচার্য্য বলিয়াছেন এই প্রণবই ব্রহ্মের স্বরূপ। এই একটী শব্দেই বিশ্বতত্ত্ব ও ব্রহ্মতত্ত্ব একাধারে গৃহীত হইয়াছে। এই উপনিষদ্‌খানির প্রারম্ভে নানাপ্রকার কর্ত্তব্য প্রতিপালনের নিমিত্ত "সত্যং বদ" "ধর্ম্মং চর" "মাতৃদেবো ভব" "পিতৃদেবো ভব" "অতিথিদেবো ভব" ইত্যাদি উপদেশ দেওয়া হইয়াছে। তদ্ভিন্ন "এষঃ আদেশঃ। এষঃ উপদেশঃ। এষা বেদোপনিষৎ ইত্যাদি"। নানাপ্রকার গৃহ্যাচারের উপদেশর দৃঢ়তা প্রদর্শিত হইয়াছে।

এই উপনিষদে আমরা সর্ব্বত্রশ্রুত সুপ্রসিদ্ধ অনেকগুলি ব্রহ্মনিরূপণলক্ষণশ্রুতি দেখিতে পাই যথা—

"যতো বাচা নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।
আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কদাচন॥"

বাহুল্যভয়ে অধিক উদ্ধৃত করা হইল না। ফলতঃ তৈত্তিরীয় উপনিষদের ব্রহ্মানন্দবল্লী ও ভৃগুবল্লী এই উভয় অংশই উচ্চতম ঔপনিষদী শ্রুতিতে পরিপূর্ণ। এই উপনিষদের আনন্দতত্ত্ব শ্রুতি মতি উপাদেয়। আমরা দুইটী মাত্র শ্রুতি এখানে উদ্ধৃত করিয়া এই উপনিষৎখানির বিশেষত্ব প্রদর্শন করিতেছি।

১। "রসো বৈ সঃ। রসং হ্যে বায়ং লব্ধ্বাহনন্দো ভবতি।"

২। "আনন্দো ব্রহ্মেতি ব্যজনাৎ। আনন্দাদ্ধেব খল্বিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্রত্যভিসংবিশন্তীতি।"

রসিকশেখর আনন্দময় শ্রীভগবান্, ইহা হইতেই তাঁহা রস, ইহা হইতেই তাঁহাদের রাস, আর ইহা হইতেই তাঁহা আনন্দলীলার শত শত উত্তাল তরঙ্গ! বেদান্তসূত্রের বৈ ভাষ্যকারগণ বহুস্থলে এই দুইটী উপনিষদ্‌বাক্য উদ্ধৃত করি ছেন। মূলতত্ত্বাভিব্যঞ্জক প্রণবের মাহাত্ম্যকীর্ত্তনে এই উ নিষদের প্রারম্ভ, কিন্তু ঋষি, অনুভবানন্দের গম্ভীর, গম্ভীরতর গম্ভীরতম স্তরে যতই প্রবেশ করিয়াছেন, ততই সাঙ্কে অভিব্যক্তি হইতে প্রগাঢ়তর ভাবরসে নিমজ্জিত হইয়া আন লীলারসের চির সুধাস্বাদের আস্বাদনে বিভোর হইয়াছেন। অবস্থায় ব্রহ্মপৃচ্ছা স্বভাবতঃই তিরোহিত হইয়া যায়, কে আনন্দ-আস্বাদনের নিমিত্তই প্রাণ ব্যাকুল হইয়া উঠে। স নার অনুসারেই সিদ্ধি। ব্রহ্মানন্দবল্লীতে ঋষি প্রকৃতই আন সাগরে নিমজ্জিত। অন্যান্য স্থানে আমরা ব্রহ্মকে বি নামে অভিহিত দেখিতে পাই, কোথাও তিনি পুরুষ, কো তিনি হিরণ্যগর্ভ, কোথাও বা বৈশ্বানর ইত্যাদি বিবিধ ন অভিহিত হইয়াছেন। কিন্তু ঋষিগণ যখন ব্রহ্মতত্ত্বের গভীর উপনীত হইলেন, তখন তাঁহারা "ব্রহ্মৈব সুখম্" "আনন্দং ব্র "রসো বৈ সঃ" ইত্যাদি অনুভূতিময়ী শ্রুতিদ্বারা ব্রহ্মস্ব অভিব্যক্ত করিতে প্রয়াস পাইলেন। বাহ্য জগৎ হইতে প্রকারে অন্তর্জগতের গভীরতর প্রদেশে প্রবেশ করিয়া ব্রহ্মা উপভোগ করিতে হয়, কি প্রকারে ঐহিক জগতের সুখভে কামনা পরিত্যাগ করিয়া রসসুধানিধির আনন্দরসে নিমজ্জি হইতে হয়, বৈদিক সাহিত্যের আলোচনার পরে ঔপনিষদ সা ত্যের আলোচনা-ক্ষেত্রে প্রবেশ করিলে সেই ব্রহ্মানন্দে বিমল প্রতিচ্ছবি সহসাই মানসনেত্রের সমক্ষে প্রতিভাত হই থাকে। বৈদিক উপাসনা হইতে বেদান্তের উপাসনার বিশ আকাশে আমরা উপাস্যের যে অভিনব বস্তু দেখিতে পাই, উ অভিনববৎ প্রতীয়মান হইলেও বৈদিক মন্ত্রের অভ্যন্তরে আম উহার অতি সূক্ষ্ম বীজ দেখিতে পাইয়াছি, একেশ্বরবাদের বি তত্ত্ব বৈদিক ঋষিগণের হৃদয়ে নিত্য প্রতিষ্ঠিত ছিল। সুত বৈদিক উপাসনা ও বেদান্তের উপাসনায় এই পার্থক্য আকস্মি নহে। বহুকাল হইতেই তত্ত্বজ্ঞ ঋষিদের হৃদয়ে ব্রহ্মতত্ত্বে প্রতিচ্ছবি ধীরে ধীরে সমুদ্ভাসিত হইতেছিল, উপনিষদ্ যুগে উ প্রাকৃতিক নিয়মের ন্যায় ক্রমবিকাশের প্রণালী ক্রমে ভারতী ঋষিসমাজে ধীরে ধীরে অভিব্যক্ত হইতেছিল। আমরা তৈত্তিরী

যাহা কিছু আছে, সকল অপেক্ষা ইনি আমাদের প্রিয়।" মুণ্ডক বলিতেছেন, "সত্যেরই জয়, ব্রহ্ম সেই সত্যেরই পরম নিধান। সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতর, দূর হইতেও দূর, অথচ নিকট হইতেও সন্নিকট, তিনি আত্মারূপে আমাদের অতি নিকটবর্ত্তী, তাঁহার ন্যায় নিকটবর্ত্তী আর কিছুই নহে"। মুণ্ডক সত্যের মহিমা উদ্‌ঘোষণ করিয়া বলিতেছেন—

"সত্যমেব জয়তি নানৃতং সত্যেন পন্থা বিততো দেবযানঃ।
যেনা ক্রমন্ত্যৃষয়ো হ্যাপ্তকামা যত্র তৎসত্যস্য পরমং নিধানম্॥"
(৩।১।৬)

এই উপাস্য পদার্থের অচিন্ত্য মহিমার কথা প্রকটন করিয়া ঋষি বলিয়াছেন—

"বৃহচ্চ তদ্দিব্যমচিন্ত্যরূপং সূক্ষ্মাচ্চ তৎসূক্ষ্মতরং বিভাতি।
দূরাৎ সুদূরে তদিহান্তিকে চ পশ্যাৎস্বিদেব নিহিতং গুহায়াম্॥"
(৩।১।৭)

মহানারায়ণ উপনিষদে আমরা সত্যের প্রগাঢ় সম্মান দেখিতে পাই। এই উপনিষৎকার বলেন, সত্যেই বায়ু প্রবাহিত হয়, সত্যেই সূর্য্য কিরণ দান করেন, সত্যেই এই বিশ্ব বিধৃত রহিয়াছে, সত্যই সর্ব্বোপরি। যথা "সত্যেন বায়ুরাবাতি, সত্যেনাদিত্যোরোচতে দিবি, সত্যং বাচঃ প্রতিষ্ঠা, সত্যে সর্ব্বং প্রতিষ্ঠিতং, তস্মাৎ সত্যং পরমং বদন্তি।" (মহানারায়ণোপনিষৎ ২২।১)

"ঋতং সত্যং পরং ব্রহ্ম" ইহাও মহানারায়ণোপনিষদেরই উক্তি (১।৬)। মহানারায়ণোপনিষৎ ঋগ্‌বেদের দশমমণ্ডলের ১৯০ সূক্তের "ঋতং চ সত্যং চাভীদ্ধাৎ তপসোঽধ্যজায়তে" মন্ত্রটীও গ্রহণ করিয়াছেন। ছান্দোগ্য বহুস্থলে লিখিয়াছেন "তৎসত্যং আত্মা" "ব্রহ্মণো নাম সত্যমিতি।" বৃহদারণ্যক উপনিষৎখানিতেও বহুস্থলে ব্রহ্মের সত্যস্বরূপত্বের উল্লেখ দৃষ্ট হয়—"সত্যং সর্ব্বেষাং ভূতানাং মধু" "সত্যং ব্রহ্ম" ইত্যাদি উক্তি সর্ব্বত্রই দৃষ্ট হয়। সর্ব্বোপনিষদের সার কথা—"সত্যং জ্ঞানমনন্তমানন্দংব্রহ্ম" শ্রীভাগবত প্রভৃতি পুরাণের উপক্রম হইতে উপসংহার পর্য্যন্ত প্রতিধ্বনিত হইয়াছে। বেদান্তশাস্ত্র এই সত্যতত্ত্ব লইয়া গভীর সাধনা করিয়াছেন। ফলতঃ "সত্যজ্ঞান আনন্দ ও ব্রহ্ম" এই কথাটী মহাবাক্যরূপে চলিয়া আসিতেছে, আমরা এখন কথায় কথায় বেদান্তের উচ্চতম তত্ত্বময় "সচ্চিদানন্দ" বাক্যের ব্যবহার করিয়া থাকি। ফলতঃ এদেশে এইরূপে বেদান্তের বহুল মূল তত্ত্ব ঘরে ঘরে প্রচারিত হইয়াছে। মুণ্ডকোপনিষদের সম্বন্ধে দুই একটী কথা বলা যাইতেছে।

মুণ্ডকোপনিষদের বাক্যগুলি এক দিকে যেমন ভাবগম্ভীর অপর দিকে তেমনই সুগম্ভীর ভাষায় গ্রথিত। গ্রন্থে ব্রহ্মধাম ও উহার প্রাপ্তির উপায় বর্ণিত হইয়াছে। ঋষি বলিতেছেন—

১। স বেদৈতৎ পরমং ব্রহ্মধাম যত্র বিশ্বং নিহিতং ভাতি শুভ্রম্।
উপাসতে পুরুষং যে হ্যকামা স্তে শুক্র মেতদতি বর্ত্তন্তি ধীরাঃ॥
(৩ মুণ্ড। ২য় খণ্ড।১)

২। "তত্র ন সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং
নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ।
তমেব ভান্তি মনুভাতি সর্ব্বং
তস্য ভাসা সর্ব্ব মিদং বিভাতি॥" (২য়মু ২।১০)

৩। "নায়মাত্মা প্রবচনেন লভ্যো
ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমৈবৈষ বৃণুতে তেন লভ্য
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনূ স্বাম্॥" (২য়মু ৩।৩)

আমরা পূর্ব্বে বলিয়াছি, বৈদিক ঋষিগণ প্রাকৃতিক পদার্থে দেবমূর্ত্তির প্রত্যক্ষ করিতেন, তাঁহারা সাক্ষাৎ সম্বন্ধে দেবতাদিগকে আহ্বান করিতেন, আপন জ্ঞানে আবদার করিয়া অভাবের কথা জানাইতেন, বেদান্তের যুগে ঋষিদের বালক স্বভাব দূর হয়, সে আবদারের ভাষা আর পরিলক্ষিত হয় না। এই সময় ঋষিদের ভাব ও ভাষা প্রসন্ন ও প্রশান্ত গাম্ভীর্য্যে পরিণত হইয়াছিল। তাঁহাদের আকাঙ্ক্ষা আব্দার তিরোহিত হইয়া গিয়াছিল, বহির্বিষয়ে সুখানুসন্ধান বিদূরিত হওয়ায় ব্রহ্মানুসন্ধান উপজাত হইয়াছিল। উপাস্য দর্শনে তাঁহাদের চর্ম্মচক্ষুর ক্রিয়া রোধ হইয়া গিয়াছিল, কিন্তু তাহাতেও তাঁহাদের প্রত্যক্ষের হানি হয় নাই, তাঁহারা চর্ম্মচক্ষে আকাশের দিকে চাহিয়া সূর্য্যকে দেখিতে পাইতেন, মরুদ্গণের অস্তিত্ব উপলব্ধি করিতেন, পার্থিব অগ্নি প্রজ্বলন করিয়া অগ্নিহোত্রাদি কার্য্যে নিরত হইতেন, কিন্তু বেদান্তের যুগে ঋষিগণের অপর প্রকার দিব্য দৃষ্টি ফুটিয়া উঠিল, তাঁহারা সাধকদিগকে উপদেশ দিয়া বলিতে লাগিলেন—

"ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচনান্যৈ র্দেবৈ স্তপসা কর্ম্মণা বা।
জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধসত্ত্ব স্ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানা॥"

অর্থাৎ চক্ষু তাঁহাকে খুজিয়া পায় না, বাক্য তাঁহাকে প্রকাশ করিয়া বলিতে পারে না, তিনি অন্যান্য ইন্দ্রিয়সমূহেরও অগ্রাহ্য, তপ ও কর্ম্ম দ্বারাও তাঁহাকে লাভকরা যায় না। তিনি কেবল জ্ঞানপ্রসন্ন বিশুদ্ধ ধ্যায়মান চিত্তেরই জ্ঞেয়।

সেই সর্ব্বভূতে বিরাজমান কূটস্থ পুরুষ চর্ম্মচক্ষের অগোচর হইলেও ধীর প্রশান্ত ধ্যায়মান ঋষিগণ জ্ঞানচক্ষে তাঁহার প্রত্যক্ষ সাক্ষাৎ পাইলেন, এইরূপ প্রত্যক্ষ করিয়া তাঁহারা শিষ্যদিগকে উপদেশ দিলেন —

"তদ্বিজ্ঞানেন পরিপশ্যন্তি ধীরাঃ
আনন্দরূপমমৃতং যদ্বিভাতি।" (মুণ্ডক ২।২।৭)

ধীরগণ বিজ্ঞান-নেত্রে দেখিতে পান যে সেই আনন্দ রূপ

অমৃত বস্তু ঊর্দ্ধে, অধে, দক্ষিণে, বামে, সম্মুখে ও পশ্চাতে সততই বিরাজ করিতেছেন। এইরূপে ব্রহ্মদর্শন হইলেই হৃদয়গ্রন্থি ভিন্ন হয়, সর্ব্ব সংশয় ছিন্ন হয়, কর্ম্ম রাশি ক্ষয় হয়, এমন কি অবিদ্যা বা কর্ম্মবীজ চির দিনের নিমিত্ত বিনষ্ট হইয়া যায়।

উপনিষদ্ মাত্রেই আমরা এইরূপ শিক্ষা প্রাপ্ত হই। উপনিষদের এই সকল সারতত্ত্ব-অবলম্বনেই বেদান্তসূত্র গ্রথিত হইয়াছে। ব্রহ্মসূত্র সম্বন্ধে আলোচনা করিতে হইলে উহার মূলাবলম্বন উপনিষৎ শাস্ত্রের আলোচনা সর্ব্বাগ্রে কর্ত্তব্য। আমরা ইতঃপূর্ব্বে কয়েক খানি সুপ্রসিদ্ধ উপনিষদের কথা উল্লেখ করিয়াছি। এক্ষণে কঠোপনিষদের দুই একটী কথার আলোচনা করা যাইতেছে। মৃত্যু ও নাচিকেত সংবাদপ্রসঙ্গে কঠোপনিষদের উপদেশ প্রদত্ত হইয়াছে। অচিন্ত্যকৈশ্বর্য্য ব্রহ্মের অদ্ভুত প্রভাবের বিষয় এই উপনিষদে দেখিতে পাওয়া যায়, ঋষি বলিতেছেন—

"আসীনো দূরং ব্রজতি শয়ানো যাতি সর্ব্বতঃ
কস্তং মদামদং দেবং মদন্যো জ্ঞাতু মর্হসি।" (২।২১)

তিনি উপবিষ্ট থাকা সত্ত্বেও সুদূরে প্রস্থিত, শয়নে থাকিয়াও সর্ব্বত্রই তাঁহার গতিবিধি,তিনি হর্ষাহর্ষ উভয় ভাববিশিষ্ট, "অহং" ভিন্ন, কে তাহাকে জানিবে? এই শরীরে যিনি অশরীরী, অনবস্থিত অনিত্য পদার্থে যিনি অবস্থিত ও নিত্য, এতাদৃশ ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইলে আর কাহারও শোক থাকিতে পারে না। পাশ্চাত্য দার্শনিক পণ্ডিত হারবার্ট স্পেন্সার বহু বৈজ্ঞানিক যুক্তির সাহায্যে প্রতিপন্ন করিতে প্রয়াস পাইয়াছেন যে এই অনন্ত পরিবর্ত্তনময় বিশ্বের অন্তরালে অবশ্যই এক অদ্বিতীয় অপরিবর্ত্তনীয় মহাশক্তি আছেন, সেই শক্তিকে অবলম্বন করিয়াই এই বিশ্বের অস্তিত্ব, এই বিশ্ব জগৎ সেই শক্তিরই প্রকাশ এবং সেই শক্তিতেই বিশ্বের বিশ্রাম। হারবার্ট স্পেনসার এই কথা বলিয়া অজ্ঞাতসারে কঠোপনিষদের বাক্য গুলিই প্রতিধ্বনি করিয়াছেন। আমরা কঠোপনিষদে এই বাক্যগুলির পরিস্ফুট শ্রুতি উদ্ধৃত করিয়া বেদান্তশাস্ত্রকারদের গভীর গবেষণার উদাহরণ প্রকটন করিতেছি। ঋষি বলিতেছেন—

"একোবশী সর্ব্বভূতান্তরাত্মা একং রূপং বহুধা যঃ করোতি।
তমাত্মস্থং যোহনু পশ্যন্তি ধীরা স্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্॥"

"নিত্যোঽনিত্যানাং চেতনশ্চেতনানা-
মেকো বহূনাম্ যো বিদধাতি কামান্।
তমাত্মস্থং যোঽনু পশ্যন্তি ধীরাঃ
স্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্॥" (৫।৩০-৩১)

আধুনিক বিজ্ঞান সর্ব্বত্রই শক্তির একত্ববাদ সংস্থাপনে প্রয়াসী। আমরা এই উপনিষদ্বাক্যে ইহার সুদৃঢ় সিদ্ধান্ত সূত্রাকারে দেখিতে পাইতেছি। এই বালুকার অণুতে যে শক্তির অস্তিত্ব নিত্যরূপে প্রতিষ্ঠিত ঐ বিশাল হিমগিরিও সেই শক্তিরই অভিব্যক্তি; এক বিন্দু জলে যাঁহার সত্ত্বা বিদ্যমান,উত্তালতরঙ্গমালাময় অসীম অনন্ত মহাসাগরও তাঁহারই সত্ত্বার সাক্ষ্যপ্রদান করে,লতায় পাতায় গ্রহ নক্ষত্রে কীটে মাতঙ্গে জড়ে ও চেতনে সর্ব্বত্রই এই একই শক্তির ভিন্ন ভিন্ন প্রকাশ। কোকিলের কল কূজনে, শিশুর কোমল কল ধ্বনিতে যে শক্তির শ্রবণহারি মাধুর্য্যে আমরা বিমুগ্ধ হই,বজ্র গর্জ্জনেও সেই শক্তিরই লীলা প্রকটিত হইয়া থাকে। যে শক্তি কুসুমে কোমলতা বলিয়া অনুভূত হয়, সেই শক্তি বজ্রেরও কঠিনতার হেতু। যিনি "আনন্দমমৃতরূপং বিভাতি" তিনিই আবার "মহদ্ভয়ং বজ্রমুদ্যতম্"; ভীত শিশুর অন্তরে যিনি ভয়ের সঙ্কোচ মূর্ত্তির রূপে প্রত্যক্ষ হন, তিনি আবার "ভয়ানাং ভয়ম্" "ভয়াদগ্নির্জ্বলতি, ভয়াত্তপতি সূর্য্যঃ। ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ।" প্রস্তরে যিনি অচেতন রূপ,—মানব হৃদয়ে তিনি আবার জ্ঞানভক্তিরূপে বিরাজমান। দার্শনিক পণ্ডিত হারবার্ট স্পেনসার এই ব্রহ্মবিভুত্বজ্ঞানের লেশাভাস প্রাপ্ত হইয়া বলিয়াছেন, যে শক্তি জড় বিশ্বের সমস্ত পদার্থে বিরাজিত, যে শক্তি সাধারণতঃ "জড় শক্তি" বলিয়া অভিহিত, সেই শক্তিই আমাদের চিদ্বৃত্তি রূপে প্রকটিত।* অভিব্যক্তি অনন্ত, কিন্তু ব্রহ্ম এক; এবং এই সকলই ব্রহ্মেরই অভিব্যক্তি। চেতনাচেতনোদ্ভিদ্ময় এই বিশাল বিশ্ব ব্রহ্মাণ্ড অনন্ত অগণ্য দৃশ্যের বিপুল রঙ্গালয়, কিন্তু ইহার প্রত্যেক পদার্থই এক অদ্বিতীয় শক্তির ক্রীড়া-পুত্তলী। সমগ্র বিশ্ব তাঁহারই মূর্ত্তি, কিন্তু তিনি ইহা হইতে পৃথক্। শিষ্য এই পদার্থের তত্ত্ব জানিবার নিমিত্তই শ্রীগুরুর চরণতলে বসিয়া প্রার্থনা করিয়াছিলেন—

"অন্যত্র ধর্ম্মাদন্যত্রা ধর্ম্মাদন্যত্রাস্মাৎ কৃতাকৃতাৎ।
অন্যত্র ভূতাচ্চ ভব্যাচ্চ যৎ পশ্যসিতদ্বদ॥ (কঠবল্লী ২।১৪)

এই পদার্থই বেদান্তের আলোচ্য এবং ইহাই বেদান্তের উপাস্য। "ইহাতেই অনন্ত বিশ্ব প্রতিষ্ঠিত। ইহা হইতে কোন পদার্থই স্বতন্ত্র থাকিতে পারে না। সূর্য্য যেমন আমাদের নয়নের নয়ন, কিন্তু নেত্রের ত্রুটি বা দোষে যেমন সূর্য্য কলুষিত হন না, সেইরূপ বিশ্বের মালিন্যও বিশ্বেশ্বরকে স্পর্শ করিতে পারে না।" আমরা শ্বেতাশ্বতর উপনিষদেও এইরূপ ব্রহ্মতত্ত্ব দেখিতে পাই। শ্রীভগবদ্গীতায় এইরূপ বেদান্তবিজ্ঞানাত্মক সারসত্য বহুল পরিমাণে পরিলক্ষিত হয়।

* "The Power manifested throughout the universe, distinguished as material, is the same Power which in ourselves wells up under the form of consciousness" (Religion A Retrospect and Prospect.)

বস্তুতঃ স্বরে যেরূপ শব্দ, ও তিলে যেরূপ তৈলের অস্তিত্ব বিদ্যমান, ব্রহ্মও এই বিশ্বে সেইরূপ ভাবে বিদ্যমান আছেন। জগতে প্রতিমুহূর্ত্তে অনন্ত পরিবর্ত্তন সাধিত হইতেছে, কিন্তু তিনি চির অপরিবর্ত্তনীয়। কিপ্রকারে এই নিয়ত পরিবর্ত্তনের শাসন-দণ্ডের হস্ত হইতে জীব পরিত্রাণ পাইতে পারে, কিপ্রকারে জীব শোক ও মৃত্যু হইতে অব্যাহতি পাইতে পারে, উপনিষদ্-যুগে ভারতীয় আর্য্য নরনারীগণের হৃদয়ে এই বাসনা অতীব বলবতী হইয়াছিল। এই সময়ে জীবন-মরণের রহস্য জানিবার নিমিত্ত কৌতূহল জ্ঞানীদের হৃদয় অধিকার করিয়া বসিয়াছিল। মৃত্যু কি, মৃত্যুর পরে জীবের কি গতি হইয়া থাকে, ইত্যাদি বিষয়ে জ্ঞান লাভ করার জন্য গার্গী প্রভৃতি মহিলারাও উপনিষদের প্রশ্ন উত্থাপন করিতেন। উপনিষদে আমরা এই সকল প্রশ্নেরই সুমীমাংসা দেখিতে পাই।

উপনিষদ্‌ই ব্রহ্মবিদ্যা। এই বিদ্যা সকল বিদ্যার সার। মুণ্ডকোপনিষদে ঋষি বলিতেছেন, দুইই বিদ্যা আমাদের জ্ঞাতব্য—একটী অপরা, অন্যটী পরা। বেদ বেদাঙ্গ প্রভৃতি অপরা বিদ্যা। বেদান্ত বা ব্রহ্মবিদ্যাই পরা নামে অভিহিত। এই ব্রহ্মবিদ্যাতে সকল বিদ্যাই নিহিত আছে। এই নিমিত্ত আর্য্যগণ বেদান্তের এত আদর করিয়া গিয়াছেন। উপনিষৎ-কারগণ এই ব্রহ্মবিদ্যার শিক্ষাপ্রচারের নিমিত্ত বেশী কথা বলেন নাই,—উপনিষদ্‌বাক্য সূত্রাকারে রচিত না হইলেও ইহা সূত্রের ন্যায় সারগর্ভ, সূত্রের ন্যায় বিশ্বতোমুখ। বেদান্তের শিক্ষা অতীব উদার। শিষ্য বিনীতভাবে গুরুর নিকট বলিতেছেন,—"গুরুদেব আপনি উপনিষৎ বলুন"। পরম কারুণিক গুরুদেব তৎক্ষণাৎ বলিলেন, "তোমাদের নিকট ব্রহ্মবিষয়িণী উপনিষৎ বলিতেছি"—এই বলিয়া ব্রহ্মতত্ত্ব বুঝাইতে প্রবৃত্ত হইলেন, অতি অল্প কথাতেই শিষ্যদের চিত্তে ব্রহ্মজ্ঞান স্ফুরিত হইল, শিষ্যগণের হৃদয় প্রসন্ন হইল, সর্ব্বভূতেই ব্রহ্মজ্ঞান বিস্তৃত হইয়া পড়িল, শিষ্য বুঝিলেন এই বিশাল বিশ্ব-ব্রহ্মাণ্ড একবারেই ব্রহ্মময়; তাঁহার পক্ষে মহৎ ক্ষুদ্র ব্রাহ্মণ শূদ্র প্রভৃতি ভেদজ্ঞান, ব্রহ্মজ্ঞানের সমুজ্জ্বল আলোকে একত্বে পরিণত হইল। গুরুদেব বুঝাইয়া দিলেন—

"যস্তু সর্ব্বাণি ভূতানি আত্মন্যেবানুপশ্যতি।
সর্ব্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে॥
যস্মিন্ সর্ব্বানি ভূতানি আত্মৈবাভূদ্‌বিজানতঃ।
তত্র কো মোহঃ কঃ শোকঃ একত্ব মনুপশ্যতঃ॥"

(ঈশোপনিষৎ ৬।৭)

যিনি সর্ব্বভূত নিজ আত্মায় দর্শন করেন, এই জগতের কোন পদার্থই তখন তাহার নিকট ক্ষুদ্র বলিয়া হেয় হয় না। সকলকে যিনি আত্মজ্ঞানে দর্শন করেন এবং সর্ব্বত্রই যিনি একত্ব অনুভব করেন, তাহার শোক মোহাদি কোথায়?

ব্রহ্ম বা আত্মার স্বরূপ

বাজসনেয় উপনিষৎ বলেন,—আত্মা প্রকাশরূপ অখণ্ড, অশরীরী, বিশুদ্ধ, অপাপবিদ্ধ, কবি, ত্রিকালজ্ঞ, মনীষী, অন্তর্যামী, বিভূ, সর্ব্বোত্তম ও স্বয়ম্ভূ। বৃহদারণ্যক উপনিষৎ বলেন, ইনি সর্ব্বাপেক্ষা প্রিয়তম, জ্যোতির জ্যোতিঃ, বিশ্ব ব্রহ্মাণ্ড তাহাতেই বিধৃত। মুণ্ডক বলেন—ইনি অশব্দ, অস্পর্শ, অরূপ, অব্যয়, অরস, নিত্য অগন্ধবৎ, অনাদি অনন্ত, ও পরাৎপর, ইহাকে জানিলে মানুষ মৃত্যুমুখ হইতে পরিত্রাণ পায়। শ্বেতাশ্বতর উপনিষৎ বলেন,—তিনি বৃহৎ হইতেও বৃহত্তর, মহৎ হইতেও মহত্তর, পূর্ণ আনন্দময়, বিশ্বের কর্ত্তা ও গোপ্তা। বিশ্বে কিছুই তাঁহা অপেক্ষা বড় নহে, কিছুই তাঁহার সমান নহে। তিনি চর্ম্ম চক্ষুর অদৃশ্য। তাঁহার হস্ত পদ নাই, কিন্তু তিনি গ্রহণ করিতে ও গমন করিতে পারেন। তিনি অকর্ণ, অথচ শুনিতে পান, অচক্ষু অথচ দেখিতে পান, তিনি সর্ব্বজ্ঞ অথচ তাঁহাকে কেহ দেখিতে পায় না। তিনি অক্ষয় অজ ও সর্ব্বব্যাপী। যাঁহারা তাঁহাকে জানেন, তাহারাই অনন্তশান্তি লাভ করেন, অপর কেহ শান্তি পাইতে পারে না।"

অন্যান্য বেদোপনিষদে ইহার যে স্বরূপ বর্ণনা করা হইয়াছে এবং ইহাকে লাভ করার যে উপায় প্রদর্শিত হইয়াছে ইতঃপূর্ব্বে তাহার আলোচনা করা হইয়াছে। কি প্রকারে মনুষ্য বিমল আনন্দপথের পথিক হইবে, তজ্জন্য কি উপায় অবলম্বন করা উচিত, বৃহদারণ্যকে তাহার একটী উপদেশবাক্য বলা হইয়াছে। ঋষি বলিতেছেন, পবিত্র কার্য্য দ্বারাই মানুষ পবিত্র হয়, কুৎসিত কার্য্যে অন্তরাত্মা কুৎসিত ও কদর্য্য হইয়া পড়ে। যাহার যেমন বাসনা, তাহার তেমনই সঙ্কল্প; যেমন সঙ্কল্প তেমনই কার্য্য, আর যেমন কার্য্য তেমনই ফল; যথা—"যথাকারী যথাচারী তথা ভবতি কামময় এবায়ং পুরুষ ইতি, স যথাকামো ভবতি তৎক্রতুর্ভবতি তৎ কর্ম্ম কুরুতে। যৎ কর্ম্ম কুরুতে। তদভি সম্পদ্যতে।" (৪অঃ ৪ব্রাঃ ৫)। কঠোপনিষদে লিখিত হইয়াছে—

সাক্ষাৎকারের সাধন

"নাবিরতো দুশ্চরিতান্নাশান্তো না সমাহিতঃ।
না শান্তমানসো বাপি প্রজ্ঞানেনৈন মাপ্নুয়াৎ।" (২।২৪)

অর্থাৎ কুকর্ম্ম হইতে অনিবৃত্ত, অশান্ত, অসমাহিত, অশান্তমানস (সকামদ্বারা উদ্বিগ্নচিত্ত) ব্যক্তিরা আত্মজ্ঞান লাভ করিতে পারে না।

ব্রহ্মদর্শনই জীবের পুরুষার্থ—উপনিষদ্ জ্ঞান তাহার সাধন। কিন্তু সূর্য্যের কিরণ অন্ধকার দূর করিতে সমর্থ হইলেও যেমন

প্রতিবন্ধকতার নিমিত্ত আমাদিগকে অন্ধকার ভোগ করিতে হয়, এইরূপ উপনিষদ্‌বাক্যাবলম্বনে সাধনপথে পদার্পণ করিতে গেলেও পদে পদে উহার বিঘ্ন আসিয়া আমাদের সম্মুখে অনন্ত বাধা বিস্তার করে। চিত্ত কুৎসিত কর্ম্মের বাসনা পরিত্যাগ না করিলে, ব্রহ্মসাধনায় একাগ্র না হইলে, কেবল শাস্ত্রপাঠে বিমল ব্রহ্মজ্ঞান লাভ অসম্ভব। এই নিমিত্ত সাধন-প্রিয় ঋষিগণ সরল প্রাণে দেবতার নিকট কাতরকণ্ঠে প্রার্থনা করিয়া বলিতেন,—

"অসতো মা সদ্‌গময়, তমসো মা
জ্যোতির্গময় মৃত্যুমামৃতং গময়।" (বৃহদা° উ° ১।৩।৮)

অর্থাৎ "হে দেব, তুমি আমায় অসৎ পথ হইতে সৎপথে লইয়া যাও। অন্ধকার হইতে আলোকে লইয়া যাও এবং মরণের শাসন হইতে অমৃতের পথে লইয়া যাও।" ফলতঃ বেদান্তের সচ্চিদানন্দময় রাজ্যে প্রবেশলাভের পক্ষে এইরূপ বিষয়বৈরাগ্য-জনিত আকুল প্রার্থনাই প্রধানতম প্রথম সাধন। শিষ্যগণ এই প্রার্থনা অবলম্বন করিয়াই গমনপথে অগ্রসর হইতেন।

উপাস্যের স্বরূপ অনুসারেই উপাসনাপদ্ধতি বিহিত হয়। উপাসকের ভাব ও আত্মোৎকর্ষের অনুপাতে উপাস্যদেব উপাসকের হৃদয়ে প্রকটিত হইয়া থাকেন। উপনিষদ্ যুগের ঋষিগণের জ্ঞাননেত্র সমক্ষে যে উপাস্য প্রতিভাত হইলেন, তাঁহার উপাসনাবিধি স্বতন্ত্র হইয়া উঠিল। নানাপ্রকার বলিদান, হোমাগ্নির পবিত্র আহুতি, অথবা কণ্ঠযন্ত্রের স্তুতিময় বাক্যাবলী আর উপাসনার উপযুক্ত বলিয়া গৃহীত হইল না। এক শ্রেণীর ঋষি তাঁহাকে একবারেই "অবাঙ্‌মনসগোচরঃ" বলিয়া নীরব হইয়া পড়িলেন, তাঁহাদের কণ্ঠ স্তম্ভিত হইল, নেত্র নিমীলিত হইল, দেহ নিস্পন্দ হইয়া পড়িল, তাঁহারা ব্রহ্মানন্দের ধ্যানসাগরে নিমজ্জিত হইয়া গেলেন, তদাকারকারিত চিত্তবৃত্তি দ্বারা ব্রহ্ম-মহাসাগরে আত্মনির্ঝরিণীকে একবারে বিমিশ্রিত করিয়া দিলেন। নির্ঝরিণী যেমন গিরিচরণ-প্রান্তে আপনরূপ অভিব্যক্ত করিয়া ক্রমেই বিশাল আয়তন ধারণ করে এবং তরঙ্গ-রঙ্গে কুলুকুল-কলকল নিনাদে সাগর অভিমুখে প্রধাবিত হয়, অবশেষে আপন নামরূপ পরিত্যাগ করিয়া অনন্তঅসীম সাগরের সহিত একবারে বিমিশ্রিত হয়, এই শ্রেণীর সাধকগণও উপাসনার রসে দিন দিন সংপুষ্ট হইয়া অবশেষে ব্রহ্মসাগরে আত্মবিসর্জ্জন করেন এবং স্বীয় নিখিল উপাধি বিরহিত হইয়া ব্রহ্মে লয় প্রাপ্ত হন। তাই ঋষি বলিতেছেন—

উপনিষদী উপাসনা

যথা নদ্যঃ স্পন্দমানাঃ সমুদ্রে স্তং গচ্ছন্তি নামরূপে বিহায়।
তথা বিদ্বান্ নামরূপাদ্ বিমুক্তঃ পরাৎপরং পুরুষমুপৈতি দিব্যম্॥
(তৃতীয় মুণ্ডক ২।৮)

অর্থাৎ যেরূপ স্পন্দমান নদীসমূহ নামরূপ ত্যাগ করিয়া সমুদ্রে মিশ্রিত হয়, সেইরূপ ব্রহ্মসাধক বিদ্বান্ পুরুষ নামরূপাদি উপাধি পরিত্যাগ করিয়া পরাৎপর ব্রহ্মে বিলীন হন। ইহার পরেই বলা হইয়াছে—

"স যোহ বৈতৎ পরমং ব্রহ্মবেদ
ব্রহ্মৈব ভবতি নাস্যাহব্রহ্মবিৎকুলে ভবতি।
তরতি শোকং তরতি পাপ্মানং গুহাগ্রন্থিভ্যো
বিমুক্তোহমৃতো ভবতি॥"

ইহাতে জানা যাইতেছে যে এই ব্রহ্মবিদ্ ব্রহ্মত্ব প্রাপ্ত হন, ইনি শোকমোহপাপাদি হইতে বিমুক্ত হইয়া অমৃতধামে গমন করেন। ইনি পুনঃ পুনঃ জন্মমৃত্যুর শাসন হইতে একবারে মুক্তিলাভ করেন, কেবল ধ্যানই তাঁহার প্রাপ্তির সাধন। যথা—

"ন সন্দৃশ্যং তিষ্ঠতি রূপমস্য ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনম্।
হৃদা মনীষা মনসাভিক্লৃপ্তো য এতদ্ বিদুরমৃতাস্তে ভবন্তি।"
(কঠবল্লী ৬।৯)

অর্থাৎ ইনি চক্ষুর অগোচর, ইহাকে চক্ষে দেখা যায় না, বুদ্ধিপূর্ব্ব চিত্তসংযম নিয়ত ধ্যানদ্বারা তিনি মানসনেত্রের সমক্ষে প্রকাশিত হন। যিনি ইহাকে জানেন, তিনি অমরত্ব লাভ করেন।

যিনি যেরূপেই ব্রহ্মলাভ করুন না কেন, উপাসনা সকলের পক্ষেই প্রয়োজনীয়। উপাসনা ভিন্ন সেই অপাপবিদ্ধ বিশুদ্ধ পদার্থের ধারণার নিমিত্ত চিত্তভূমি আদৌ প্রস্তুত হয় না। নির্ব্বিশেষে ব্রহ্মবাদীদের মতে যদিও সোঽহং" ধ্যানেই ব্রহ্মোপাসনা সাধিত হইয়া থাকে, কিন্তু অপর এক শ্রেণীর বেদান্তী সেই ব্রহ্মকে "সত্যং শিবং সুন্দরম্" বলিয়াই বিশ্বাস করেন।

শতপথব্রাহ্মণেও আমরা দ্রব্যাদিবিবর্জ্জিত অধ্যাত্মভাবের শ্রেষ্ঠতা কীর্ত্তন দেখিতে পাই। দ্রব্যসম্ভারে উপাসনা শতপথ-ব্রাহ্মণে বৈশ্যবৃত্তির প্রণোদিত কার্য্য বলিয়া উক্ত হইয়াছে। চিত্তসংযম, চিত্তের সদ্‌বৃত্তির উৎকর্ষ সাধন ও শম দম প্রভৃতির দ্বারা চিত্তকে উপাসনার উপযুক্ত করার উপদেশ প্রায় সকল উপনিষদেই দেখিতে পাওয়া যায়। নৈতিক বৃত্তিসমূহের উৎকট সাধন দ্বারা চিত্তকে পাপপ্রলোভনের আক্রমণ হইতে সুরক্ষিত করা যে কর্ম্মকাণ্ডীয় কার্য্যপ্রণালী অপেক্ষা অধিকতর প্রয়োজনীয়, উপনিষদ্‌মুখে ঋষিগণ তাহার যথেষ্ট উপদেশ প্রদান করিয়াছেন। ক্ষমা, সত্য, দম ও শম দ্বারা চিত্তবৃত্তির উৎকর্ষ সাধনের সম্বন্ধে শ্রীভগবদ্গীতোপনিষদে বহুল ভগবদ্বাক্য আছে। মুণ্ডকে স্পষ্টতঃই লিখিত আছে—

"নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহূনাং শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুস্বাম্॥"

—নায়মাত্মা বলহীনেন লভ্যো ন চ প্রমাদাত্তপসো বাপ্যলিঙ্গাৎ।
এতৈরুপায়ৈর্যততে যস্তু বিদ্বান্ স্তস্যৈষ আত্মা বিশতি ব্রহ্মধাম॥"
(মুণ্ডক,৩।১।৩-৪)

ফলতঃ এই আত্মাকে বক্তৃতা দ্বারা ও মেধা (গ্রন্থার্থধারণা-শক্তি), বা বহু শ্রুত (অধ্যয়ন) দ্বারা এই আত্মাকে লাভ করা যায় না। এই আত্মা কেবল জ্ঞানাদিপরত্বময় নিষ্কাম তপস্যা দ্বারা এবং অনাত্ম বাসনা ত্যাগ দ্বারা একনিষ্ঠ ভজনেই লভ্য। জ্ঞানতৃপ্ত বীতরাগ কৃতাত্মা প্রশান্তচিত্ত যুক্তাত্মা বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থ সন্ন্যাসীরাই ব্রহ্মলাভের অধিকারী। তদ্যথা—

"সংপ্রাপ্যৈনমৃষয়ো জ্ঞানতৃপ্তাঃ কৃতাত্মানো বীতরাগা প্রশান্তা।
তে সর্ব্বগং সর্ব্বতঃ প্রাপ্য ধীরা যুক্তাত্মানঃ সর্ব্বমেবা বিশন্তি॥
বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ সন্ন্যাসযোগাদ্যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ
তে ব্রহ্মলোকেষু পরান্তকালে পরামৃতাঃ পরিমুচ্যন্তি সর্ব্বে।"
(তত্রৈব ৫।৬)

মুণ্ডকোপনিষদের বহুপূর্ব্বেও যে "বেদান্ত" শাস্ত্র ছিল, এখানে তাহা জানা যাইতেছে। বস্তুতঃ প্রাচীন বেদান্তীরা কিরূপে ব্রহ্ম-সাধন করিতেন এবং ব্রহ্মসাধনার নিমিত্ত তাঁহারা তাঁহাদের চিত্তভূমিকে কি প্রকারে উপযুক্ত করিতেন। এই দুইটী শ্রুতিবাক্যে তাহার সুস্পষ্ট প্রমাণ পাওয়া যায়। মুণ্ডকোপনিষদের প্রথম মুণ্ডকের দ্বিতীয় কাণ্ডে জ্ঞানিগণের কর্ম্মকাণ্ডীয় বিধি-পরিত্যাগের উপদেশ দেখিতে পাওয়া যায়। এই কাণ্ডের একটী শ্রুতিতে এই সকল কার্য্যের যজমানকে "অদৃঢ়নীয়মান অদৃঢ়" বলিয়া অভিহিত করা হইয়াছে। ব্রহ্মচর্য্য, সত্য, শান্তি, বৈরাগ্য, ঔদার্য্য, শম, দম, ত্যাগস্বীকার, শ্রদ্ধা, ব্রহ্মনিষ্ঠতা ও ধ্যান ধারণা প্রভৃতি দ্বারা ব্রহ্মোপাসনার নিমিত্ত চিত্ত উপযুক্ত হইয়া উঠে। শ্রদ্ধা ও নিষ্ঠাদি যে ব্রহ্মসাধনার সবিশেষ অঙ্গ, ছান্দোগ্য উপনিষদে তাহা স্পষ্টরূপেই লিখিত হইয়াছে।

আমরা পূর্ব্বেই বলিয়াছি যে ঈশ, কেন, কঠ, প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য, তৈত্তিরীয়, ঐতরেয়, ছান্দোগ্য, বৃহদারণ্যক, কৌষিতকী ও শ্বেতাশ্বতর এই কয়েকখানি উপনিষদ্‌ই এদেশে অধিকতর প্রচারিত হইয়াছিল। এই কয়েকখানি উপনিষদ্‌ই বেদান্তীদিগের অধিকতর সমাদৃত। এই কয়েক খানি উপনিষদ্‌ই "প্রস্থানত্রয়ের" অন্তর্গত। "প্রস্থানত্রয়" কাহাকে বলে এস্থলে তাহার কিঞ্চিৎ আভাষ দেওয়া প্রয়োজনীয়। উপনিষদ্, বেদান্তসূত্র ও শ্রীমদ্ভগবদ্গীতা এই তিনের সমষ্টিই বেদান্তশাস্ত্র নামে অভিহিত। ইহারা "প্রস্থানত্রয়" নামেও অভিহিত হইয়া থাকে। উপনিষৎসমূহ "শ্রুতিপ্রস্থান", ব্রহ্মসূত্র "ন্যায়প্রস্থান" এবং শ্রীভগবদ্গীতা "স্মৃতিপ্রস্থান" নামে সংজ্ঞিত হয়। ভিন্ন ভিন্ন বেদান্তি-সম্প্রদায় এই "প্রস্থানত্রয়ের" ভিন্ন ভিন্ন ভাষ্য করিয়াছেন। এই তিন শ্রেণীর গ্রন্থ ভিন্ন বেদান্তের পূর্ণতা হয় না। সুতরাং ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের পণ্ডিতগণ স্বীয় স্বীয় সিদ্ধান্ত অনুযায়ী উপনিষৎ বা "শ্রুতিপ্রস্থান", ব্রহ্মসূত্র বা "ন্যায়প্রস্থান" এবং ভগবদ্গীতা বা "স্মৃতিপ্রস্থানের" ভাষ্য করিয়াছেন। একই ব্রহ্ম যেমন উপাসকদের সাধনানুসারে ভিন্ন ভিন্ন রূপে প্রকাশ পান, সেইরূপ একই বেদান্ত ভিন্ন ভিন্ন সম্প্রদায়-প্রবর্ত্তকগণের জ্ঞান বুদ্ধি ও পাণ্ডিত্য-কৌশলে ভিন্ন ভিন্ন রূপে ব্যাখ্যাত হইয়াছে এবং ভিন্ন ভিন্ন দার্শনিক সিদ্ধান্তোদ্ভাবনায় বেদান্ত-বৈচিত্রীর ভিন্ন ভিন্ন প্রতিচ্ছবি ঐতিহাসিক দ্রষ্টার নয়ন সমক্ষে প্রতিভাত হইতেছে। উপনিষদ্, ব্রহ্মসূত্র ও ভগবদ্গীতার বহু ভাষ্য আছে। অতি প্রাচীন ভাষ্যকারদের নাম মাত্র শুনিতে পাওয়া যায়, কিন্তু তাঁহাদের কৃত ভাষ্য এখনও আমাদের নয়নগোচর হয় নাই। এই সকল ভাষ্যকারদের মধ্যে আমরা ভগবান্ শ্রীরামানুজ কৃত বেদার্থসংগ্রহ গ্রন্থে বৌধায়ন, টঙ্ক, দ্রমিড়, গুহদেব, কপর্দ্দী ও ভারুকী প্রভৃতি পূর্ব্বাচার্য্যগণের নাম দেখিতে পাই। এতদ্ব্যতীত যাদবভাষ্যের কথাও শুনা যায়। এইসকল ভাষ্যকার প্রস্থানত্রয়ের ভাষ্য করিয়াছিলেন কিংবা এক ব্রহ্মসূত্রেরই ভাষ্য করিয়াছিলেন, তাহা নিশ্চয়রূপে বলা যায় না। কিন্তু পরবর্ত্তী ভাষ্যকারগণ পূর্ব্বভাষ্য দেখিয়া "প্রস্থানত্রয়ের" ভাষ্য করিয়া রাখিয়াছেন, ইহাতে মনে হয়, ইহারাও সম্ভবতঃ পূর্ব্বাচার্য্যগণেরই পদানুসরণ করিয়াছিলেন। ভিন্ন ভিন্ন বেদান্তি-সম্প্রদায়-প্রবর্ত্তকগণ বেদান্তভাষ্য করিয়া আপনাদের সম্প্রদায়ের সিদ্ধান্ত বেদান্তসম্মত করিয়া লইয়াছেন। আমরা যে কয়েকজন পূর্ব্বাচার্য্যের নামোল্লেখ করিলাম, ইহাদের ভাষ্য ব্যতীত অপর কোন পূর্ব্বাচার্য্য ছিলেন কি না বলা যায় না। গৌড়পাদমুনি ও শঙ্করাচার্য্য শ্রীরামানুজের পূর্ব্ববর্ত্তী। ইহাদের অভেদবাদের সহিত শ্রীমদ্-রামানুজের মতের ঐক্য নাই, এই জন্যই হয়ত শ্রীমদ্-রামানুজ ইহাদিগকে পূর্ব্বাচার্য্য বলিয়া অভিহিত করেন নাই। কেহ কেহ বলেন, সূত্রকারের সময় হইতে শঙ্করের সময় পর্য্যন্ত বেদান্ত একই ভাবে ব্যাখ্যাত হইয়া আসিতেছিল, একথা যে যুক্তিযুক্ত নহে, তাহার প্রমাণ শ্রীরামানুজকৃত বেদান্তসারসংগ্রহ। এই গ্রন্থেই ভিন্ন মতাবলম্বী অপরাপর ভাষ্যকার ও বৃত্তিকারগণের নাম দেখিতে পাওয়া যায়, শঙ্করের পূর্ব্বে যে সকল ভাষ্যকার ছিলেন, তাহারা অধিকাংশই যে শঙ্করের মতাবলম্বী ছিলেন না, রামানুজাচার্য্য তাহা সপ্রমাণ করিতে যথেষ্ট প্রয়াস পাইয়াছেন। ফলতঃ শঙ্করেরও বহুপূর্ব্বে, এমন কি ব্রহ্মসূত্রের

প্রস্থান-ত্রয়ভাষ্য

সংগ্রহেরও বহুপূর্ব্বে বেদান্ত শাস্ত্র লইয়া ঋষিদের মধ্যে ঘোরতর মতভেদ ছিল, ব্রহ্মসূত্রেও তাহার সুস্পষ্ট প্রমাণ আছে। যে সকল বিষয়ে ঋষিদের মতভেদ ছিল, তাহা কেবল অবান্তর বিষয় লইয়া নহে, প্রধান প্রধান বৈদান্তিক সিদ্ধান্ত সম্বন্ধেও মতদ্বৈধের যথেষ্ট পরিচয় পাওয়া যায়। আত্রেয়ী, আশ্মরথ্য, ঔড়ুলোমি, কাষ্ণাজিনি, কাশকৃৎস্ন, জৈমিনি, ও বাদরি প্রভৃতি ঋষিদের বৈদান্তিক সিদ্ধান্তে প্রচুর মতভেদ দৃষ্ট হয়।

চতুর্থ অধ্যায়ের চতুর্থপাদ হইতে এই স্থলে এই বিষয়ের দুই একটী উদাহরণ দেওয়া হইল—

১। "ব্রাহ্মেণ জৈমিনিরুপন্যাসাদিভ্যঃ।৫।

২। চিতিতন্মাত্রেণ তদাত্মকত্বাদিত্যৌড়ুলোমিঃ।৬।

৩। এবমপ্যুপন্যাসাৎ পূর্ব্বভাবাদবিরোধং বাদরায়ণঃ"।৭।

এই স্থলে মুক্তাত্মার লক্ষণ সম্বন্ধে ঔড়ুলোমি বলেন, মুক্তাত্মা চিতিতন্মাত্রে অবস্থান করেন, কেননা জীবাত্মা তদাত্মক। জৈমিনি বলেন, মুক্তাত্মার সর্ব্বজ্ঞত্ব প্রভৃতি কতকগুলি উচ্চতম গুণ থাকে। বাদরায়ণ বলেন, মুক্তাত্মা চিন্ময় বটেন, আবার ঐশ্বর্য্যময়ত্বাদি জনিত গুণময়ও বটেন।

বেদান্তিগণের মধ্যে এইরূপ মতভেদের বিষয় ব্রহ্মসূত্রে আরও দেখিতে পাওয়া যায়;—যথা ৪ অধ্যায়ের তৃতীয় পাদে (৭-১৪ সূত্রে) জৈমিনি বলেন, সগুণব্রহ্মজ্ঞানীরা পরব্রহ্মকে লাভ করিয়া থাকেন; ("পরং"—জৈমিনির্মুখ্যত্বাৎ ৪।৩।১২—"স এতান্ ব্রহ্মপ্রাপয়তি" জৈমিনিরাচার্য্যঃ) কিন্তু বাদরি বলিতেন, ইহার কার্য্য ব্রহ্মপ্রাপ্তি। শঙ্কর বাদরির সিদ্ধান্তই গ্রহণ করিয়াছেন।

"স এতান্ ব্রহ্ম গময়তি" উপনিষদের এই শ্রুতির বিচারেই এই দুইটী পরস্পর বিরুদ্ধমতের অবতারণা করা হইয়াছে।

প্রাচীন বৈদান্তিকগণের আরও একটি বিবাদস্থলে ব্রহ্মসূত্রের প্রথম অধ্যায়ের চতুর্থ পাদে দৃষ্ট হয়।

১। প্রতিজ্ঞা সিদ্ধে লিঙ্গমাশ্মরথ্যঃ। (১।৪।২০)

২। উৎক্রমিষ্যত এবম্ভাবাদিত্যৌড়ুলোমিঃ। (১।৪।২১)

৩। অবস্থিতেরিতি কাশকৃৎস্নঃ। (১।৪।২২)

জীব ও ব্রহ্মের সম্বন্ধ নির্ণয়ে এই স্থানে তিনজন প্রাচীন বেদান্তীর মতভেদ প্রদর্শিত হইয়াছে। ইহাদের নাম—আশ্মরথ্য, ঔড়ুলোমি এবং কাশকৃৎস্ন। শঙ্কর বলেন, আশ্মরথ্যের মতে ব্রহ্মের সহিত জীবের ভেদাভেদ সম্বন্ধ অর্থাৎ জীব ব্রহ্ম হইতে একবারে অভিন্নও নহে। অর্থাৎ অগ্নির সহিত অগ্নির স্ফুলিঙ্গের যেরূপ সম্বন্ধ ব্রহ্মের সহিত জীবের সেইরূপ সম্বন্ধ। ঔড়ুলোমি বলেন, যে পর্য্যন্ত জীব মোক্ষপ্রাপ্ত হইয়া ব্রহ্মে একবারে বিমিলিত না হন, ততদিন জীব ব্রহ্ম হইতে অবশ্যই পৃথক্। কাশকৃৎস্ন বলেন, জীব ব্রহ্ম হইতে একবারেই অভিন্ন, কিন্তু কি জানি কি কারণে জীব ব্রহ্ম হইতে পৃথক্ বলিয়া প্রতীয়মান হয়।

ইহা দ্বারা স্পষ্টতঃই প্রতিপন্ন হইতেছে যে, বেদান্তসূত্র রচিত হওয়ার বহুপূর্ব্ব হইতেই উপনিষদের ব্যাখ্যা লইয়া ঋষিদের মধ্যে ভিন্ন ভিন্ন সিদ্ধান্ত প্রচলিত ছিল, এবং ভিন্নরূপে উপনিষদের ব্যাখ্যা করা হইত। শঙ্কর নিজেও স্বীয় ভাষ্যের স্থানে স্থানে তাঁহার স্বীকার্য্যসিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদিদের অভিপ্রায়ের কথা স্বীকার করিয়া গিয়াছেন। যথা—"অপরে তু বাদিনঃ পারমার্থিকমেব জৈবং রূপমিতি মন্যন্তে অস্মদীয়াংশ্চ কেচিৎ।" (১।৩।১৯ সূত্রের ভাষ্য)। আরও বহুস্থানে শঙ্কর প্রাচীন বেদান্তীদিগের এইরূপ মতভেদের প্রমাণ প্রদর্শন করিয়াছেন। সুতরাং শঙ্কর বা রামানুজকে ভিন্ন ভিন্ন বৈদান্তিক সম্প্রদায়ের আদিপ্রবর্ত্তক বলা যাইতে পারে না। তবে শঙ্করাচার্য্য উহার বিস্তার ও বহুল প্রচার করিয়াছিলেন মাত্র।

শ্রীরামানুজের বহুপূর্ব্বে এক শ্রেণীর প্রাচীন বেদান্তী যে সকল সিদ্ধান্ত সূত্ররূপে অতি সংক্ষেপে প্রচার করিয়াছিলেন, রামানুজও শঙ্করের ন্যায় সেই প্রাচীন সিদ্ধান্তেরই প্রচার করিয়াছিলেন। রামানুজ ব্রহ্মসূত্রের বৌধায়নবৃত্তি অবলম্বন করিয়া ভাষ্য লিখিয়াছিলেন। তিনি নিজেই লিখিয়াছেন, "ভগবদ্ বৌধায়নকৃতং বিস্তীর্ণং ব্রহ্মসূত্রবৃত্তিং পূর্ব্বাচার্য্যাঃ সংচিক্ষিপুঃ তন্মতানুসারেণ সূত্রাক্ষরাণী ব্যাখ্যাস্যন্তে" অর্থাৎ ভগবদ্ বৌধায়ন কৃত বিস্তীর্ণ ব্রহ্মসূত্রবৃত্তি খানিকে পূর্ব্বাচার্য্যগণ সংক্ষেপ করিয়াছিলেন। তদনুসারে সূত্রাক্ষরসমূহ ব্যাখ্যা করা হইতেছে। শ্রীভাষ্যের স্থানে স্থানে বৌধায়নবৃত্তির স্থলবিশেষ উদ্ধৃত হইয়াছে। শঙ্কর বৃত্তিকারের মত খণ্ডন করিতে প্রয়াস পাইয়াছেন, সে বৃত্তিকার কে? তিনি কি বৌধায়ন না উপবর্ষাচার্য্য? কেহ বলেন তিনি বৌধায়নের খণ্ডন করিতেই প্রয়াসী হইয়াছিলেন। বেদার্থসংগ্রহ নামক গ্রন্থে শ্রীরামানুজাচার্য্য যে বৌধায়ন, টঙ্ক প্রভৃতি পূর্ব্বাচার্য্যগণের নামোল্লেখ করিয়াছেন, ইতঃপূর্ব্বেই তাহা বলা হইয়াছে। শ্রীভাষ্যের বহুস্থানে দ্রমিড়াচার্য্য ভাষ্যকার ও টঙ্ক বাক্যকার বলিয়া অভিহিত হইয়াছেন। দ্রমিড়াচার্য্য যে শঙ্করাচার্য্যর পূর্ব্ববর্ত্তী শঙ্করশিষ্য আনন্দগিরির কথায় তাহা জানা যাইতে পারে। শঙ্করাচার্য্য ছান্দোগ্য উপনিষদের যে ভাষ্য করিয়াছেন, উহার ৩।১০।৭ ভাষ্যের টীকায় আনন্দগিরি লিখিয়াছেন, শ্রীমৎশঙ্করাচার্য্য উপনিষদের সৃষ্টিতত্ত্ব ও স্মৃতির সৃষ্টিতত্ত্বের সামঞ্জস্য করিতে প্রয়াসী হইয়াছেন। তাঁহার পূর্ব্বে দ্রমিড়াচার্য্য এই প্রণালী অবলম্বন করেন। শ্রীমৎশঙ্করাচার্য্য তাঁহার প্রণালীই অনুসরণ করিয়া-

ছেন। ইহাতে স্পষ্টতঃ জানা যাইতেছে যে রামানুজ বা শঙ্করের পূর্ব্বে অনেকেই উপনিষদ্‌গুলির ভাষ্য করিয়াছিলেন, কিন্তু অধুনা আমরা সেই সকল ভাষ্য আর দেখিতে পাইতেছি না। শঙ্কর, রামানুজ ও মধ্বাচার্য্যের প্রস্থানত্রয়ের ভাষ্য দেখিতে পাওয়া যায়। এই তিন জনই উপনিষদ্, ব্রহ্মসূত্র ও ভগবদ্গীতার ভাষ্যকার। গীতা ও ব্রহ্মসূত্রের ভাষ্যকারের সংখ্যাও অনেক। শ্রীগৌরাঙ্গ সম্প্রদায়ের সুবিখ্যাত দার্শনিক পণ্ডিত বলদেব বিদ্যাভূষণ মহাশয়ও প্রস্থানত্রয়ের ভাষ্য করিয়াছেন। নিম্বার্ক সম্প্রদায়ের এবং বল্লভাচার্য্য সম্প্রদায়ের ও প্রস্থানত্রয়ের ভাষ্য আছে। কিন্তু ইহাদের উপনিষদ্‌ভাষ্য অতীব বিরলপ্রচার, কেবল ব্রহ্মসূত্রভাষ্য ও গীতাভাষ্য সর্ব্বত্র প্রচলিত। রামানুজের ব্রহ্মসূত্রভাষ্য "শ্রীভাষ্য", বল্লভাচার্য্যের ভাষ্য "অণুভাষ্য", নিম্বার্কাচার্য্যের ভাষ্য "বেদান্তপারিজাতসৌরভ" এবং বলদেব বিদ্যাভূষণের ভাষ্য "গোবিন্দভাষ্য" নামে পরিচিত। এতদ্ব্যতীত বিজ্ঞানভিক্ষুরও ব্রহ্মসূত্রভাষ্যে আছে। এ খানিতে কর্ম্মপ্রাধান্য কীর্ত্তিত হইয়াছে। শ্রীকান্তাচার্য্যের আর একখানি ভাষ্য আছে, উহা শৈবমতের পোষক। এই সকল ভাষ্যাদির সবিশেষ পরিচয় "ব্রহ্মসূত্রভাষ্য" প্রকরণে আলোচিত হইবে।

বেদান্তগ্রন্থের সূত্রযুগের গ্রন্থের মধ্যে কেবল এক ব্রহ্মসূত্রের নামই সুপ্রসিদ্ধ। কিন্তু ইহার পূর্ব্বেও বেদান্ত সম্বন্ধীয় সূত্রগ্রন্থ প্রচলিত ছিল। ফলতঃ ব্রহ্মসূত্রের আলোচনায় জানা যায় যে প্রাচীনেরা বেদান্ত শাস্ত্র সম্বন্ধে বহুল ভিন্ন ভিন্ন সিদ্ধান্ত করিয়াছিলেন। ব্রহ্মসূত্রকার অবশ্যই সাক্ষাৎ সম্বন্ধে তাঁহাদের মুখে সেই সকল অভিপ্রায় সংগ্রহ করেন নাই।

ভিক্ষুসূত্র

সম্ভবতঃ এ সম্বন্ধে ক্ষুদ্র ক্ষুদ্র অনতি প্রচারিত বহুল সূত্র গ্রন্থ ছিল। যেমন সূর্য্যোদয়ে আকাশের অগণ্য তারকানিচয় একবারে অদৃশ্য হইয়া যায়, হয়ত ব্রহ্মসূত্ররূপ বেদান্ত-সূর্য্যোদয়ে সেই সকল ক্ষুদ্র ক্ষুদ্র সূত্র সেইরূপে অদৃশ্য হইয়া গিয়াছে। কিন্তু "ভিক্ষুসূত্র" নামে একখানি "বেদান্তসূত্র" গ্রন্থের নাম এখনও বিদ্যমান। ভিক্ষুসূত্রের একখানি টীকাও আছে। ভিক্ষুসূত্র যে প্রাচীন গ্রন্থ তাহার প্রমাণ আছে। পাণিনি বলেন—

"পারাশর্য্যশিলালিভ্যাং ভিক্ষুনটসূত্রয়োঃ" (৪।৩।১৪০)

কাশিকাবৃত্তিতে লিখিত হইয়াছে—"সূত্রশব্দঃ প্রত্যেকমভিসম্বধ্যতে।"

অর্থাৎ ভিক্ষু ও নট এই উভয় শব্দের সহিতই সূত্র শব্দের সম্বন্ধ আছে। সুতরাং "ভিক্ষুসূত্র" যে প্রাচীন গ্রন্থ, তাহাতে আর সন্দেহ নাই। ভিক্ষুর অপর পর্য্যায়—পরিব্রাট্, কর্ম্মন্দী, মস্করী, ও পারাশরী। যথা অমরকোষে—

"ভিক্ষুঃ পরিব্রাট্ কর্ম্মন্দী পারাশর্য্যপি মস্করী"

অমরকোষ-টীকাকার রঘুনাথ চক্রবর্ত্তী লিখিয়াছেন—"পরাশরোক্তং সূত্রমধীয়তে যিনি" পরাশরোক্ত সূত্র অধ্যয়ন করেন এই নিমিত্ত ইহারা "পারাশরী"।

মহাভাষ্যকার পাণিনির সূত্রভাষ্যে (৪।২।৬৬) লিখিয়াছেন—

"পরাশরিণো ভিক্ষবঃ"

সুপদ্ম ব্যাকরণেও লিখিত হইয়াছে—

"কর্ম্মন্দপারাশর্য্যাভ্যামিন্ ভিক্ষুসূত্রে"

ইহার বৃত্তিতে লিখিত হইয়াছে—"কর্ম্মন্দেন প্রোক্তং ভিক্ষুসূত্রং কর্ম্মন্দি, তদধীতে কর্ম্মন্দীং"

এইরূপে "পরাশরেণ প্রোক্তং ভিক্ষুসূত্রং পারাশরি, তদধীতে পারাশরী।"

এতদ্দ্বারা জানা যাইতেছে যে, পরাশর ও কর্ম্মন্দ উভয়েই পৃথক্ পৃথক্ ভিক্ষুসূত্র রচনা করিয়াছিলেন। শ্রীমদ্ভগবদ্গীতার ১৩ অধ্যায়ের ৪ শ্লোকের টীকায় রামানুজ লিখিয়াছেন "ঋষিভিঃ পরাশরাদিভির্বহুপ্রকারং গীতং" পরাশরাদিও যে বহু প্রকারে ব্রহ্মতত্ত্বের আলোচনা করিয়াছিলেন, ইহাতেও তাহা বুঝা যাইতেছে।

কেহ মনে করিতে পারেন এই ভিক্ষুসূত্র বৌদ্ধ গ্রন্থ। কেন না বৌদ্ধেরাই ভিক্ষু নামে অভিহিত। এই যুক্তি গৃহীত হইতে পারে না। কেননা হিন্দুস্মৃতিশাস্ত্রানুসারে সন্ন্যাসাশ্রমের অপর পর্য্যায় "ভিক্ষু আশ্রম" যথা অমরে—"ব্রহ্মচারী গৃহী বানপ্রস্থো ভিক্ষুশ্চতুষ্টয়ে"।

সন্ন্যাসাশ্রমই ভিক্ষু আশ্রম। পরাশর ও কর্ম্মন্দ এই দুই নাম বৌদ্ধাচার্য্যগণের নামের তালিকায় দৃষ্ট হয় না। সুতরাং ভিক্ষুসূত্রখানি হিন্দুদেরই শাস্ত্র গ্রন্থ। চতুরাশ্রমের শেষ আশ্রমই ভিক্ষু আশ্রম, সন্ন্যাসীই ভিক্ষু। বেদান্তই সন্ন্যাসীদের শাস্ত্র। অতএব "ভিক্ষুসূত্র" যে বেদান্তসূত্র তাহাতে বিন্দুমাত্রও সন্দেহ হইতে পারে না।

ব্রহ্মপ্রতিপাদক শাস্ত্রাদি পাঠ করা ভিক্ষুদের পক্ষে বিহিত, বানপ্রস্থাশ্রম হইতেই ইহার আরম্ভের কথা। মনুসংহিতায় লিখিত আছে যথা—

"এতাশ্চান্যাশ্চ সেবেত দীক্ষা বিপ্রো বনে বসন্।
বিবিধাশ্চৌপনিষদীরাত্মসংসিদ্ধয়ে শ্রুতীঃ॥" (মনু ৬।২৯)

কুল্লুক ইহার টীকা করিয়া লিখিয়াছেন—

"ঔপনিষদীশ্চ শ্রুতীঃ উপনিষৎপঠিতব্রহ্মপাদকবাক্যানি বিবিধাত্মনো ব্রহ্মত্বসিদ্ধয়ে গ্রন্থতোঽর্থতশ্চাভ্যসেৎ।"

মেধাতিথি স্বীয় ভাষ্যে আরও স্পষ্ট করিয়া লিখিয়াছেন—

"চতুর্থো হ্যাশ্রমে মোক্ষং বক্ষ্যতি,—ন কেবলং কর্ম্মকৃতো মোক্ষ ইত্যাহুঃ। নন্থ চাপ্যুক্তং বিবিধাশ্চাসৌপনিষদীরাত্ম-

সংসিদ্ধয়ে শ্রুতীরিতি, আত্মসংসিদ্ধিশ্চ আত্মোপাসনয়া তদ্ভাবাপত্তিঃ নহন্যঃ সংসিদ্ধিশব্দস্যার্থ উপপদ্যতে। ঔপনিষদীষু শ্রুতিষু তদ্ভাব্যং যোগিনামাত্মানং ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতীতি চ।"

শ্রীভাগবতেও ভিক্ষু আশ্রমের কর্ত্তব্যতা সম্বন্ধে বহুল উপদেশ আছে। যথা—

"এক এব চরেদ্ভিক্ষুরাত্মারামো নিরাশ্রয়ঃ।
সর্ব্বভূতসুহৃচ্ছান্তো পারায়ণপরায়ণঃ॥ (৭।১৩।৩)
"নাসচ্ছাস্ত্রেষু সজ্জেত নোপজীবেত জীবিকাম্।
বাদবাদাংস্ত্যজেত্তর্কান্ পক্ষং কংচন সংশ্রয়েৎ॥"
(তত্রৈব ৭ শ্লোকঃ)

ভিক্ষুর লক্ষণ এবং বেদান্তশাস্ত্রের অধিকারিলক্ষণ সমান। অসৎশাস্ত্র পাঠ করা ভিক্ষুর অকর্ত্তব্য। বেদান্তই সারগর্ভ সৎশাস্ত্র। সুতরাং বেদান্তই ভিক্ষুগণের অধীতব্য। ভিক্ষুগণ উপনিষৎশাস্ত্র অধ্যয়ন করিতেন, কিন্তু উপনিষদে উপদেশ বাহুল্যে সংক্ষেপতঃ সারগর্ভ উপদেশ প্রাপ্ত হওয়া সুকঠিন হইয়াছিল, এই নিমিত্ত ভিক্ষুসূত্র গ্রথিত হইয়াছিল। আমরা কেবল পূর্ব্বোক্ত দুইখানি মাত্র ভিক্ষুসূত্রের নাম জানিতে পারিয়াছি, এতদ্ব্যতীত আরও ভিক্ষুসূত্র ছিল বলিয়াই আমাদের ধারণা। এই সকল ভিক্ষুসূত্রে ভিন্ন ভিন্ন বেদান্তি-সম্প্রদায় স্ব স্ব সম্প্রদায়ের নিমিত্ত বেদান্তের উপদেশ সূত্রাকারে লিপিবদ্ধ করিয়াছিলেন। কালে অন্যান্য বহু মূল্যবান্ গ্রন্থের ন্যায় এই সকল সূত্রগ্রন্থও কালগর্ভে বিলীন হইয়া গিয়াছে। কিন্তু শাস্ত্রোক্ত ভিক্ষুগণ যে বেদান্তপ্রতিপাদ্য ব্রহ্মসাধনায় প্রবৃত্ত থাকিতেন, এবং বেদান্তই যে তাঁহাদের অধীতব্য শাস্ত্র ছিল ইহা সুনিশ্চয়। শ্রীভাগবতের একাদশ স্কন্ধের অষ্টাদশ অধ্যায়ে ভিক্ষু আশ্রমের কর্ত্তব্যতা বিশেষরূপে বর্ণিত হইয়াছে। টীকাকারগণ উপনিষৎ হইতে যতিধর্ম্মের বহু প্রমাণের উল্লেখ করিয়াছেন। সন্ন্যাসাশ্রমের অপর নাম যতি আশ্রম ও ভিক্ষু আশ্রম। ব্রহ্মসূত্র রচিত হওয়ার বহু পূর্ব্বে ভিক্ষুগণ উপনিষদ্ ও ভিক্ষুসূত্র অধ্যয়ন করিয়া স্বীয় আশ্রমের ধর্ম্মোপদেশ শিক্ষা করিতেন, উপনিষদ্ বাক্য তখনও সংক্ষিপ্ত ভাবে সূত্রাকারে রচিত হইত। ভিক্ষুগণ এই সকল সূত্রেই বেদান্তের উপদেশ প্রাপ্ত হইতেন। কিন্তু এখন ব্রহ্মসূত্রের প্রবল প্রভাবে ভিক্ষুসূত্র বিরল বা বিলুপ্তপ্রায় হইয়া গিয়াছে।

আমরা পূর্ব্বেই বলিয়াছি ব্রহ্মসূত্র বেদান্তের "ন্যায়প্রস্থান"। বেদান্তি-সমাজে এই গ্রন্থখানির অত্যধিক সমাদর। সুতরাং

ব্রহ্মসূত্র

ব্রহ্মসূত্র সম্বন্ধে আমরা কিঞ্চিৎ বিস্তৃতরূপে আলোচনা করিব। ইহা বলা বাহুল্য যে ব্রহ্মসূত্র ভারতবর্ষের এক চির গৌরবস্তম্ভ। ভারতবর্ষই বা বলি কেন, ইহা সমগ্র মানব-সমাজেরই গৌরব কীর্ত্তিস্বরূপ। মানুষের আত্মা চিন্ময় রাজ্যের অনুধ্যান করিতে করিতে কত উচ্চতম প্রদেশে বিচরণ করিতে সমর্থ এবং সেই সূক্ষ্মতম অনুধ্যানের ফল অতীব সুপ্রণালীতে সারগর্ভ সংক্ষিপ্ত ভাষায় গ্রথিত করিয়া পরবর্ত্তী মানবগণের শিক্ষাবিধানে কিরূপ প্রযত্নবান্, ব্রহ্মসূত্র তাহারই চিরজ্যোতিষ্মান্ শাশ্বতী প্রতিচ্ছবি। ব্রহ্মসূত্র "বেদান্ত দর্শন" নামে অভিহিত। ইহার আরও বহু পর্য্যায় আছে। আমরা এক একটী করিয়া এই নামগুলির আলোচনা করিতেছি—

১। "ব্রহ্মসূত্র,"—"ব্রহ্মসূত্র" পদের ব্যুৎপাদনের পূর্ব্বে সূত্র কাহাকে বলে তাহার লক্ষণ বলা যাইতেছে, তদ্ যথা

"অল্পাক্ষরমসন্দিগ্ধং সারবৎ বিশ্বতোমুখং।
অস্তোভমনবদ্যঞ্চ সূত্রং সূত্রবিদোর্ব্বিদুঃ॥"

অর্থাৎ অসন্দিগ্ধ, সারবান্, বিশ্বতোমুখ, অবাধ, নির্দ্দোষ ও স্বল্পাক্ষরগ্রথিত বাক্যই সূত্র নামে অভিহিত। উক্ত লক্ষণাক্রান্ত ব্রহ্মপ্রতিপাদক বাক্যই ব্রহ্মসূত্র। "ব্রহ্মসূত্র" পদটীর বিবিধ প্রকার ব্যুৎপাদনপ্রণালী দেখিতে পাওয়া যায়—

(ক) কেহ বলেন "ব্রহ্মণঃ সূত্রম্—ব্রহ্মসূত্রম্" ব্রহ্মসূত্র্যতে সূচ্যতে এভিরিতি ব্রহ্মসূত্রাণি তদাত্মকো গ্রন্থো ব্রহ্মসূত্রম্" অর্থাৎ যদ্দ্বারা ব্রহ্মসূত্রিত বা সূচিত হন, তাহাই ব্রহ্মসূত্র। শ্রীধর স্বামী ভগবদ্গীতার টীকায় এইরূপ ব্যুৎপত্তি স্বীকার করিয়া লিখিয়াছেন—

"ব্রহ্মসূত্রাণি 'যতোবা ইমানি ভূতানি জায়ন্তে' ইত্যাদীনি তটস্থলক্ষণপরাণি উপনিষদ্বাক্যানি তথা ব্রহ্ম পদ্যতে সাক্ষাৎ জ্ঞায়তে এভিরিতি পদানি স্বরূপলক্ষণপরাণি "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যাদীনি তৈশ্চ বহুধাগীতম্। কিঞ্চ হেতুমদ্ভিঃ "সদৈব সোম্যেদমগ্র আসীৎ" "কথমতঃ সহায়েত" ইতি। "কোহ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ * * অন্যাৎ অপানচেষ্টাং কঃ কুর্য্যাৎ? প্রাণ্যাৎ প্রাণব্যাপারং কঃ কুর্য্যাদিতি প্রতিপাদয়োরর্থঃ। বিনিশ্চিতে রূপক্রমোপসংহারৈকবাক্যতয়া অসন্দিগ্ধার্থপ্রতিপাদকৈরিত্যর্থঃ। যদ্বা অথাতো ব্রহ্মজিজ্ঞাসেত্যাদীনি ব্রহ্মসূত্রাণি গৃহ্যন্তে তান্যেব ব্রহ্ম পদ্যতে নিশ্চীয়তে এভিরিতি পদানি তৈর্হেতুমদ্ভি "রীক্ষতের্নাশব্দম্" "আনন্দময়োঽভ্যাসাদিত্যাদি"যুক্তমদ্ভিবিনিশ্চিতার্থৈরিতি।"

ইহার ভাবার্থ এই যে তটস্থ ও স্বরূপ লক্ষণ দ্বারা যে গ্রন্থে ব্রহ্মনিরূপণ করার সূত্রসমূহ আছে, তাহাই "ব্রহ্মসূত্র।"

(খ) শ্রীমদ্ভগবদ্গীতার ত্রয়োদশ অধ্যায়ের ৪র্থ শ্লোকের টীকায়ও স্বামী লিখিয়াছেন—

"ব্রহ্মসূত্রপদৈশ্চৈব—ব্রহ্মসূত্র্যতে সূচ্যতে। কিঞ্চিদ্ব্যবধানেন

প্রতিপাদ্য অতিরিক্ত ব্রহ্মসূত্রাণি "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎ প্রযন্ত্যভি সংবিশন্তি" ইত্যাদীনি তটস্থলক্ষণপরাণ্যুপনিষদ্বাক্যানি তথা পদ্যতে ব্রহ্মসাক্ষাৎ প্রতিপদ্যতে এভিরিতি পদানি-স্বরূপলক্ষণপরাণি "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যাদীনি তৈ র্ব্রহ্মণঃ সূত্রৈঃ পদৈশ্চ হেতুমদ্ভিঃ "সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" ইত্যুপক্রম্য * * "তস্মাদসত সজ্জায়তেতি" নাস্তিকমত উপন্যস্য * * কথমসতঃ সজ্জায়েত" ইত্যাদি যুক্তিযুক্তিং প্রতিপাদয়ন্তি বিনিশ্চিতৈরূপক্রমোপসংহারৈকবাক্যতয়া সন্দেহশূন্যার্থপ্রতিপাদকৈর্বহুধা গীতশ্চ"

মধুসূদন সরস্বতী মহাশয়ও শ্রীধরস্বামীর ব্যাখ্যানুসরণ করিয়া ব্রহ্মসূত্র পদের ব্যুৎপত্তিসাধন ও ব্যাখ্যা করিয়াছেন। "ব্রহ্মসূত্র" পদটী যে সুবিখ্যাত বেদান্তসূত্রার্থবাচক, শ্রীধর গীতাটীকায় স্পষ্টরূপেই তাহা বলিয়াছেন।

(গ) জৈমিনির সূত্র "ধর্ম্মসূত্র" নামে খ্যাত। উহা কর্ম্মকাণ্ডপ্রধান। কর্ম্মের পরবর্ত্তী জ্ঞানকাণ্ডই এই সূত্রগ্রন্থের আলোচিত বিষয়, সুতরাং ধর্ম্মসূত্রের সহিত পার্থক্য সূচিত করিবার নিমিত্তই ইহা "ব্রহ্মসূত্র" নামে অভিহিত হইয়াছে।

২। "বেদান্ত-সূত্র"—বেদান্তবাক্যসমূহের সূত্রস্বরূপ বলিয়াই এই গ্রন্থখানিকে বেদান্তসূত্র বলা হয়।

৩। "বাদরায়ণসূত্র"—বাদরায়ণ এই সূত্রগ্রন্থের প্রণেতা এই অর্থে এই গ্রন্থখানি "বাদরায়ণসূত্র" নামেও অভিহিত।

৪। "ব্যাসসূত্র"—ব্যাস বাদরায়ণেরই নামান্তর।

৫। "শারীরক-মীমাংসা"—শঙ্করভাষ্যের টীকাকার গোবিন্দানন্দ "রত্নপ্রভা" টীকায় লিখিয়াছেন—

"শরীরমেব শরীরকং কুৎসিতত্বাৎ, তন্নিবাসো শারীরকো জীবস্তস্য ব্রহ্মত্ববিচারো মীমাংসা তস্যামিত্যর্থঃ।"

অর্থাৎ শরীর ও শরীরক একই কথা। শরীর শব্দের উত্তর কুৎসিত অর্থে "ক", শরীরে বাস করেন "জীব"ই শারীরক শব্দের বাচ্য। জীবের ব্রহ্মত্ববিচার যে গ্রন্থে প্রতিপাদ্য তাহাই "শারীরক-মীমাংসা" নামে খ্যাত। এই নিমিত্ত ইহার অপর নাম "শারীরকসূত্র।"

৬। "উত্তর-মীমাংসা"।—জৈমিনিকৃত মীমাংসাগ্রন্থের নাম "পূর্ব্ব মীমাংসা", কর্ম্মকাণ্ডপ্রোক্ত ক্রিয়ানুশীলনের পরেও ব্রহ্মপ্রাপ্তির জন্য বাসনা হয়। এই নিমিত্ত ব্রহ্মবিচারাত্মক সূত্র উত্তরমীমাংসা নামে অভিহিত হইয়াছে। শ্রীরামানুজ সম্প্রদায়ের অভিপ্রায় অবলম্বনে এক শ্রেণীর বেদান্তী এইরূপে "উত্তরমীমাংসা" পদের ব্যাখ্যা করেন,—"অথাতো ব্রহ্মজিজ্ঞাসা" এই সূত্রের ব্যাখ্যায় শঙ্কর যাহা বলিয়াছেন, তাহা রামানুজী ব্যাখ্যার সম্পূর্ণ বিপরীত, কিন্তু তাহা হইলেও শ্রীরামানুজের ব্যাখ্যাই সূত্রীয় শব্দবিন্যাসের বিচারে অধিকতর সুসঙ্গত বলিয়া বোধ হয়। সুতরাং কর্ম্মপ্রতিপাদিকা পূর্ব্ব মীমাংসার পরে ব্রহ্মপ্রতিপাদিকা মীমাংসার অধ্যয়ন করা বা আলোচনা করা কর্ত্তব্য। এই নিমিত্ত ব্রহ্মসূত্র উত্তরমীমাংসা নামে অভিহিত হইয়াছে। বৈদিক কর্ম্ম কাণ্ডের অনুষ্ঠান ব্যতিরেকেও কেবল শম দম বৈরাগ্য প্রভৃতির দ্বারা হৃদয় বিমলীকৃত হইলেও ব্রহ্মোপাসনায় অধিকার জন্মে, ইহাই শঙ্করের অভিপ্রায়। কিন্তু "উত্তরমীমাংসা" নামের সম্বন্ধে রামানুজী ব্যাখ্যা অবলম্বনে ইহাতেও কোন অসঙ্গতি হইতে পারে না। পূর্ব্বমীমাংসা পদের আকাঙ্ক্ষা-নিবৃত্তির নিমিত্তই ব্রহ্মসূত্র "উত্তরমীমাংসা" নামে অভিহিত হইয়াছে।

৭। "বেদান্তদর্শন"—শারীরক সূত্র বা ব্রহ্মসূত্রের অপর নাম বেদান্তদর্শন। বেদান্তদর্শন বলিলে উপনিষদের দার্শনিক তত্ত্বের আলোচনাপূর্ণ গ্রন্থ মাত্রই বুঝায়। এইরূপ বিচারে ব্রহ্মসূত্রের শঙ্করভাষ্য, রামানুজভাষ্য ও অপরাপর ভাষ্যসমূহও "বেদান্তদর্শন" নামে অভিহিত হইয়া থাকে। "বেদান্ত" বলিলেই "বেদান্তদর্শন" বুঝায় না। উপনিষদের শ্রুতিগুলি বেদান্তশ্রুতি নামে অভিহিত। এই সকল শ্রুতি অবলম্বনে যুক্তি দ্বারা যে বিচার বা মীমাংসা ও সিদ্ধান্ত প্রদর্শিত হইয়াছে, তদাত্মক গ্রন্থগুলি বেদান্তদর্শন নামে পরিচিত। কিন্তু সাধারণতঃ ব্রহ্মসূত্র গ্রন্থখানি বেদান্তদর্শন বলিয়া অভিহিত হইয়া থাকে।

সূত্রকার।

মহর্ষি বাদরায়ণ শারীরক মীমাংসার সূত্রকার বলিয়া প্রসিদ্ধ। এই নিমিত্ত শারীরক-মীমাংসার অপর নাম "বাদরায়ণসূত্র"। বাদরায়ণের অপর নাম "ব্যাস" এই জন্য ব্রহ্মসূত্র "ব্যাসসূত্র" নামেও পরিচিত। কিন্তু "বাদরায়ণ" ও "ব্যাস" কোন ব্যক্তি বিশেষের নাম নহে। বিষ্ণুপুরাণে দেখা যায়, প্রতি মন্বন্তরে দ্বাপর যুগে এক একটী ব্যাস প্রাদুর্ভূত হইয়া বেদ বিভাগ করেন, এই নিমিত্ত উহারা বেদব্যাস নামে অভিহিত হন। বাদরায়ণও ব্যক্তি বিশেষের নাম নহে। "বদরে বদরিকাশ্রমে অয়নং বাসো যস্য সঃ বাদরায়ণঃ" অর্থাৎ বদরে বদরিকাশ্রমে যাঁহার বাস তিনিই বাদরায়ণ। বাদরায়ণই বেদব্যাস তাহাতে কোনও সন্দেহ নাই। কিন্তু এইরূপ বাদরায়ণ ও বেদব্যাসের সংখ্যা অনেক। এমন কি এই ব্রহ্মসূত্রেও বহু স্থানে "বাদরায়ণ" নামের উল্লেখ দেখিতে পাওয়া যায়।

(১) তদুপর্য্যপি বাদরায়ণসম্ভবাৎ (১।৩।২৬)

(২) পূর্ব্বন্তু বাদরায়ণো হেতুব্যপদেশাৎ। (৩।২।৪২)

(৩) পুরুষার্থতঃ শব্দাদিতি বাদরায়ণঃ। (৩।৪।৪২)

(৪) অধিকোপদেশাত্তু বাদরায়ণস্যৈবং তদ্দর্শনাৎ। (৩।৪।৮)

(৫) অনুষ্ঠেয়ং বাদরায়ণঃ সাম্যশ্রুতে। (৩।৪।১৯)

(৬) অপ্রতিকালম্বনান্নয়তীতি বাদরায়ণ উভয়থাহদোষাৎ তৎ ক্রতুশ্চ। (৪।৩।১৫)

(৭) এবমপ্যুপন্যাসাৎ পূর্ব্বভাবাদবিরোধং বাদরায়ণঃ (৪।৪।৭)

এই রূপে ব্রহ্মসূত্রকার বিবিধ স্থলে বাদরায়ণের অভিমত উদ্ধৃত করিয়াছেন। বলা বাহুল্য যে এই বাদরায়ণ তাঁহার পূর্ব্ববর্ত্তী অতি প্রাচীন সুপ্রসিদ্ধ বেদান্তী ছিলেন। বাদরায়ণ বা বেদব্যাস যে ব্যক্তি বিশেষের নাম নহে কেবল উপাধি মাত্র ইহা সুনিশ্চয়। ইহাও হইতে পারে যে "বাদরায়ণ" পদটী বংশবিশেষের পরম্পরাগত উপাধি মাত্র। আমরা সামবিধানব্রাহ্মণে "বাদরায়ণ" শব্দের উল্লেখ দেখিতে পাই। সামবিধানব্রাহ্মণের বংশপ্রকরণে এই নাম দ্রষ্টব্য। এই বাদরায়ণ পারাশরায়ণের শিষ্য। ইনি ব্যাস-পারাশর্য্যের চারিপুরুষের অধস্তন। জৈমিনি-সূত্রে ও শাণ্ডিল্যসূত্রে বাদরায়ণ শব্দের উল্লেখ আছে। এখন কথা এই যে কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাসই ব্রহ্মসূত্রের প্রণেতা বাদরায়ণ কি না, এবং যিনি এই বাদরায়ণ তিনিই শুকদেবের পিতা কৃষ্ণদ্বৈপায়ন কি না তাহাই নির্ণেয়। আমরা শাঙ্করভাষ্যে বেদব্যাস কৃষ্ণদ্বৈপায়ন সম্বন্ধে একটী কাহিনী দেখিতে পাই, তাহা এই যে অপান্তরতমা নামক এক জন পুরাণর্ষি ছিলেন। তিনিই বিষ্ণুর নিয়োগে কলি ও দ্বাপরের সন্ধিতে কৃষ্ণদ্বৈপায়ন নামে আবির্ভূত হইয়াছিলেন, তদ্‌যথা—

"অপান্তরতমা নাম বেদাচার্য্যঃ পুরাণঋষির্বিষ্ণু-নিয়োগাৎ কলিদ্বাপরয়োঃ সন্ধৌ কৃষ্ণদ্বৈপায়ন সংবভূবেতি স্মরণম্।"

(ব্রহ্মসূত্র-ভাষ্য ৩।৩।৩২)

এই কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস ব্রহ্মসূত্রকার বাদরায়ণ কি না এ কথায় তাহার কোনও প্রমাণ পাওয়া যায় না। ইহাতে কেহ কেহ মনে করেন ব্যাস বাদরায়ণ ও ব্যাস কৃষ্ণদ্বৈপায়ন এই উভয়ে পৃথক্ ব্যক্তি। মহাভারতপাঠে জানা যায়, যে যিনি ব্যাস পারাশর্য্য, তিনিই কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস এবং শুকদেব ইহারই পুত্র। ব্যাস্ বাদরায়ণ স্বতন্ত্র ব্যক্তি। কিন্তু শ্রীভাগবতে ও অন্যান্য গ্রন্থে "শুকদেব" বাদরায়ণের অপত্য এই অর্থে "বাদরায়ণি" নামে অভিহিত হইয়াছেন। এই বাদরায়ণের নাম শ্রীভাগবতে বহুত্র দেখিতে পাওয়া যায়। কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস ও বাদরায়ণ যে একই ব্যক্তি পৌরাণিকগণের এই সিদ্ধান্ত অপ্রামাণিক নহে। যিনি মহাভারত ও শ্রীমদ্ভাগবতপুরাণ ও মহাভারতরচয়িতা, তিনিই ব্রহ্মসূত্রের প্রণেতা—ইহাই আমাদের বিশ্বাস।

ব্রহ্মসূত্র গ্রন্থখানি চারিটী অধ্যায়ে বিভক্ত। প্রত্যেকটী অধ্যায় আবার চারিটী করিয়া "পাদে" বিভক্ত হইয়াছে।

ব্রহ্মসূত্র গ্রন্থের বিভাগ

সূত্রসংখ্যা এইরূপ—

১ম অধ্যায়	১ম পাদ	৩১ সূত্র
	২য় "	৩২ "
	৩য় "	৪৩ "
	৪র্থ "	২৮ "
২য় "	১ম "	৩৭ "
	২য় "	৪৫ "
	৩য় "	৫৩ "
	৪র্থ "	২২ "
৩য় "	১ম "	২৭ "
	২য় "	৪১ "
	৩য় "	৬৬ "
	৪র্থ "	৫২ "
৪র্থ "	১ম "	১৯ "
	২য় "	২১ "
	৩য় "	১৬ "
	৪র্থ "	২২ "
		৫৫৫

সমগ্র সূত্রের সংখ্যা পাঁচশত পঞ্চান্ন। কেহ কেহ আরও তিনটী সূত্র বৃদ্ধি করিয়া মোট সংখ্যা ৫৫৮ পাঁচশত আটান্নে পরিণত করেন। কিন্তু আমরা কয়েকখানি মুদ্রিত গ্রন্থ মিলাইয়া দেখিলাম সূত্রের এইরূপ সংখ্যাই নির্দ্দিষ্ট আছে।

অধিকরণ

বেদান্তসূত্রগুলিকে "অধিকরণ" সংজ্ঞায় অপর এক প্রকারে শ্রেণীবদ্ধ করা হইয়াছে। উহা দার্শনিক বিচার-সম্মত। অধিকরণ সম্বন্ধে কিঞ্চিৎ বিস্তৃতরূপে আলোচনা করা যাইতেছে। পাঠকগণের অবিদিত নাই যে ন্যায়দর্শনে পঞ্চাবয়ব দ্বারা বিচারপদ্ধতি নির্দ্দিষ্ট আছে। অনুমিতি ব্যাপারে এই পঞ্চাবয়ব অতি প্রয়োজনীয়। প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন এই পাঁচটীই ন্যায়ের পঞ্চাবয়ব। এই পঞ্চাবয়ব দ্বারা অনুমান সিদ্ধ হইয়া থাকে যথা—

১। প্রতিজ্ঞা—পর্ব্বতো বহ্নিমান্।

২। হেতু—ধূমাৎ; যত্র যত্র ধূম স্তত্র তত্র বহ্নিঃ।

৩। উদাহরণ—যথা মহানসি।

৪। উপনয়—বহ্নিব্যাপ্যপর্ব্বতোহয়ং ধূমবান্।

৫। নিগমন—পর্ব্বতো বহ্নিমান্।

এই পাঁচটী ন্যায়ের পঞ্চাবয়ব। বেদান্ত বিচারেও পঞ্চাবয়ব আছে। আমরা পূর্ব্বেই বলিয়াছি বেদান্তসূত্র বেদান্তশাস্ত্রের ন্যায়-প্রস্থান নামে অভিহিত। এই সূত্র-গ্রন্থ, বিচারপদ্ধতিতে গ্রথিত। ন্যায়ের পঞ্চাবয়বের ন্যায় ইহার যে পঞ্চাবয়ব আছে, তাহাই অধিকরণ নামে প্রসিদ্ধ। তদ্‌যথা—

"একো বিষয়সন্দেহপূর্ব্বপক্ষাবভাসকঃ।
শ্লোকোঽপরস্তু সিদ্ধান্তবাদী সঙ্গতয়ঃ স্ফুটাঃ॥"

অর্থাৎ, অধিকরণ পঞ্চাবয়ববিশিষ্ট যথা বিষয়, সন্দেহ, সঙ্গতি,

পূর্ব্বপক্ষ ও সিদ্ধান্ত। সাধারণতঃ দুই শ্লোকে এক অধিকরণ সংগৃহীত হইয়া থাকে। উহাদের আদ্য শ্লোকের পূর্ব্বার্দ্ধ দুইটী অবয়ব, উত্তরার্দ্ধে এক অবয়ব, দ্বিতীয় শ্লোকে এক অবয়ব, এই চারি অবয়বের অনুসন্ধানের পরে সঙ্গতি দ্রষ্টব্য। এই সঙ্গতি ত্রিবিধ যথা শাস্ত্র-সঙ্গতি, অধ্যায়সঙ্গতি, পাদ-সঙ্গতি। এই অবয়ব দ্বারা সূত্রার্থের বিচার করা হয়। বেদান্ত সূত্র পাঠ করিতে হইলে সর্ব্ব প্রথমে এই অধিকরণ-মালার জ্ঞানসঞ্চয় করা সর্ব্বাগ্রে কর্ত্তব্য। ভারতীতীর্থকৃত ব্যাসাধিকরণমালা নামক এক খানি গ্রন্থে বেদান্ত সূত্রের অধিকরণ সম্বন্ধে অতি পরিস্ফুট আলোচনা পরিদৃষ্ট হয়।

বেদান্ত সূত্রের প্রতিপাদ্য

ব্রহ্মসূত্রের প্রত্যেক সূত্রের প্রতিপাদ্য এক একটী বিষয় আছে এবং কোন সূত্র কোন অধিকরণের অন্তর্গত তাহারও সুস্পষ্ট নিরূপণ করা হইয়াছে। উহার সংক্ষিপ্ত মর্ম্ম তালিকাকারে প্রকাশ করা যাইতেছে।

সমন্বয়ভাষ্য প্রথম অধ্যায় প্রথম পাদ।

	প্রতিপাদ্য বিষয়	সূত্রাঙ্ক	অধিকরণ
১।	ব্রহ্মের বিচার্য্যত্ব	১	১
২।	ব্রহ্মের লক্ষ্যত্ব	২	২
৩।	ব্রহ্মের বেদকর্ত্তৃত্ব (২ বর্ণক) ব্রহ্মের বেদৈকময়তা (২ বর্ণক)	৩	৩
৪।	বেদান্তের ব্রহ্মবোধকত্ব (১ বর্ণক) ব্রহ্মেই বেদান্তের অবসিতত্ব (২ বর্ণক)	৪	৪
৫।	প্রধানের জগৎকর্ত্তৃত্বের অভাব	৫-১১	৫
	(ইহা সাঙ্খ্যদর্শনের প্রতিবাদ)		
৬।	আনন্দময় কোষের পরমাত্মত্ব (২ বর্ণক) ব্রহ্মের আনন্দময় জীবাধারত্ব (২ বর্ণক)	১২-১৯	৬
৭।	আদিত্বের অন্তর্গত হিরণ্ময় পুরুষের ঈশ্বরত্ব	২০-২১	৭
৮।	পরব্রহ্মের আকাশ শব্দবাচ্যত্ব	২২	৮
৯।	ব্রহ্মের আকাশ শব্দবৎ প্রাণশব্দ বাচকত্ব	২৩	৯
১০।	পরব্রহ্মের জ্যোতিশব্দ বাচ্যত্ব	২৪-২৭	১০
১১।	ব্রহ্মের প্রাণশব্দ বাচ্যত্ব	২৮-৩১	১১

প্রথম অধ্যায়ের দ্বিতীয় পাদ।

১।	ব্রহ্মের উপাস্যত্ব	১-৮	১
২।	ব্রহ্মের জগৎকর্ত্তৃত্ব	৯-১০	২
৩।	চেতনজীবেশ্বরের হৃদ্‌গুহাগতত্ব	১১-১২	৩
৪।	ছায়া জীবাদি অদেবসমূহ ত্যাগপূর্ব্বক পরব্রহ্মেরই		

প্রতিপাদ্য বিষয় সূত্রাঙ্ক অধি

৭।	ব্রহ্মের বৈশ্বানর শব্দ বাচ্যত্ব	২৪-৩২

প্রথম অধ্যায়ের তৃতীয় পাদ।

১।	আত্ম হিরণ্যগর্ভ প্রধান ভোক্তৃজীব ও ঈশ্ব মধ্যে কেবল ঈশ্বরেরই সর্ব্বাধিষ্ঠান-ভূতত্ব	১-৭
২।	প্রাণ ও পরেশ এই দুই শব্দের মধ্যে সত্য শব্দ পরেশেরই শ্রেষ্ঠত্ব	৮-৯
৩।	প্রণব ও ব্রহ্মের মধ্যে ব্রহ্মেরই অক্ষর- শব্দবাচিত্ব	১০-১২
৪।	অপর ও পরব্রহ্মের মধ্যে ত্রিমাত্র প্রণব দ্বারা পরব্রহ্মেরই ধেয়ত্ব	১৩
৫।	দহরাকাশ রূপে প্রতীয়মান বিয়জ্জীব ও ব্রহ্মের ম ব্রহ্মেরই তদাকাশ বাচ্যত্ব	১৪-১৮
৬।	অক্ষিপুরুষরূপে আপাততঃ প্রতীয়মান জীব পরেশের মধ্যে পরেশেরই অক্ষিপুরুষ- শব্দের বাচ্যত্ব	১৯-২১
৭।	জগৎ প্রকাশত্বরূপে উপলব্ধ সূর্য্যাদি তেজ পদার্থ চৈতন্যের মধ্যে চৈতন্যেরই তৎপ্রকাশত্ব	২২-২৩
৮।	জীবাত্মা ও পরমাত্মার মধ্যে পরমাত্মারই অঙ্গুষ্ঠ পুরুষ বলিয়া প্রতিপাদন	২৪-২৫
৯।	দেবতাগণের নির্গুণ বিদ্যায় অধিকার- নিরূপণ	২৬-৩৩
১০।	শূদ্রদের বেদে অনধিকারকথনপূর্ব্বক শোকাকুল ব্যুৎপত্তি দ্বারা শূদ্রনামধারীর জানশ্রুতির বিদ্যাধিগম	৩৪-৩৮
১১।	প্রাণত্বরূপে আখ্যাত বজ্র বায়ু ও পরেশের ম পরেশেরই তাদৃশ প্রাণশব্দ বাচ্যত্ব	৩৯
১২।	ব্রহ্মের পরত্ব জ্যোতিস্ত্ব	৪০
১৩।	ব্রহ্মের আকাশ শব্দ বাচ্যত্ব	৪১
১৪।	ব্রহ্মের বিজ্ঞানময় শব্দ বাচ্যত্ব	৪২-৪০

প্রথম অধ্যায়ের চতুর্থ পাদ।

১।	কারণাবস্থাপন্ন স্থূল শরীরের অব্যক্ত- শব্দ বাচ্যত্ব	১-৭
২।	শ্রুতিপ্রমিত প্রকৃতি ও স্মৃতিসম্মত প্রধানের ম তাদৃশ প্রকৃতিরই অজা শব্দ বাচ্যত্ব	৮-১০
৩।	প্রাণ, চক্ষু শ্রোত্র, মন ও অন্নের পঞ্চ শব্দ বাচ্যত্ব	১১-১৩
৪।	ব্রহ্মপ্রতিপাদক বেদান্তবাক্য সমন্বয়ের যুক্তিযুক্তত্ব	১৪-১৫
৫।	প্রাণ জীব ও পরমাত্মার মধ্যে পরমাত্মারই কৃৎস্ন জ কর্ত্তৃত্ব নিমিত্ত বালাকি কর্ত্তৃক ব্রহ্ম বলিয়া উক্ত যো	

প্রতিপাদ্য বিষয়	সূত্রাঙ্ক	অধিকরণ
৮। শ্রুত্যুক্ত পরমাণু ও শূন্যাদির জগৎকারণত্ব পরিহার পূর্ব্বক ব্রহ্মেরই প্রতিনিয়ত জগৎকারণত্ব	২৮	৮
(অবিরোধ আখ্য দ্বিতীয় অধ্যায় প্রথম পাদ)		
১। সাঙ্খ্য স্মৃতি দ্বারা বেদ সংক্ষেপের অযুক্ততা	১-২	৮
২। কোন স্মৃতির দ্বারা বেদ সঙ্কোচের অযুক্ততা	৩	২
৩। বৈলক্ষণ্য আখ্য যুক্তি দ্বারা বেদান্ত-বাক্যের অবাধ্যত্ব	৪-১১	৩
৪। কাণাদ বৌদ্ধ প্রভৃতির স্মৃতিযুক্তি দ্বারা বেদ বাক্যের অবাধ্যতা	১২	৪
৫। ভোক্তৃ ভোগ্য ভেদবিশিষ্ট হইলেও পরব্রহ্মের অদ্বৈত ভাবের সাধ্যত্ব।	১৩	৫
৬। ব্রহ্মে ভেদাভেদের ব্যবহারিকত্ব এবং অদ্বিতীয়ত্বের তাত্ত্বিকত্ব	১৪-২০	৬
৭। ঈশ্বর সর্ব্বজ্ঞ, তিনি জীব সংসারের মিথ্যাত্বদর্শী ও নির্লেপ, সুতরাং তাঁহার হিতাহিতভাগ্ দোষ নাই	২১-২৩	৭
৮। অদ্বিতীয় ঈশ্বরের ক্রমানুসারে নানা কার্য্যের সৃষ্টি-সম্ভাবনা	২৩-২৫	৮
৯। ঈশ্বরের উপাদানরূপ পরিণামকারণত্বরূপে ব্যবস্থাপন	২৬-২৯	৯
১০। ঈশ্বর অশরীরী হইলেও মায়া-শরীরী	৩০-৩১	১০
১১। নিত্যতৃপ্ত ঈশ্বরের প্রয়োজনব্যতিরেকেও অশেষ জগদুৎপাদন	৩২-৩৩	১১
১২। কর্ম্মনিয়ন্ত্রিত জীবসমূহের সুখ দুঃখের নিমিত্তমাত্র-স্বরূপ জগৎসংহারী ঈশ্বরের নৈঘৃণ্য দোষাভাব	৩৪-৩৬	১২
১৩। নির্গুণ ব্রহ্মেরও বিবর্ত্ত রূপে প্রকৃতিত্ব সিদ্ধি	৩৭	১৩
দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় পাদ		
১। সাঙ্খ্যানুমত প্রধানের জগৎহেতুত্ব খণ্ডন	১-১০	১
২। অসদৃশ উদ্ভবে কাণাদ দৃষ্টান্তের অস্তিত্ব	১১	২
৩। পরমাণুসংযোগে জগৎ উৎপত্তির বিরুদ্ধযুক্তি	১২-১৭	৩
৪। ঈশ্বর হইতে ভিন্ন বাহ্যবস্তুর অস্তিত্ববাদী বৌদ্ধ-বিশেষের সম্মত পরমাণুসমূহের জগদুৎপাদক মত-খণ্ডন	১৮-২৭	৪
৫। বিজ্ঞানবাদী বৌদ্ধসম্মত বিজ্ঞানের জগৎ কর্তৃত্বাদি-খণ্ডন	২৮-৩২	৫
৬। জীবাদিসপ্তপদার্থবাদী বৌদ্ধ বিশেষের মত খণ্ডন	৩৩-৩৬	৬
৭। তটস্থ ঈশ্বরবাদের অযুক্ততা	৩৭-৪১	৭
৪। কার্য্যকারণাভেদে বায়ুভূত ব্রহ্মের তেজ সৃষ্টি	১০	
৫। বেদোক্ত তেজরূপ ব্রহ্ম হইতে জগৎ সিদ্ধি	১১	
৬। ছান্দোগ্যাপনিষদুক্ত জলোৎপন্ন অন্নের পৃথি অর্থকত্ব	১২	
৭। পূর্ব্ব পূর্ব্ব কার্য্যোপাধি হইতে ব্রহ্মের উত্তর উ কার্য্যোৎপত্তি সিদ্ধি	১৩	
৮। লয়কালে পৃথিব্যাদির বিপরীত ক্রমকল্পন	১৪	
৯। প্রাণাদির ভূতসমূহে অন্তর্ভাব নিবন্ধন উহাদের সৃষ্টির ক্রম ভঙ্গ হয় না	১৫	
১০। দেহের জন্ম মরণে মুখ্যত্বরূপে জীবের সম্বন্ধে উভয়ের ভাক্তত্ব	১৬	
১১। জীবের জন্ম উপাধিক, সুতরাং বস্তুতঃ নিত্য	১৭	
১২। জীবের অচিদ্রূপত্ব খণ্ডন এবং উহার চিদ্রূ সিদ্ধি	১৮	
১৩। জীবের অণুত্ব খণ্ডনপূর্ব্বক উহার সর্ব্বগত্ব প্র পাদন	১৯-৩২	
১৪। জীবের অকর্তৃত্ব নিরসনপূর্ব্বক তৎ কর্তৃত্ব প্র পাদন	৩৩-৩৯	
১৫। জীবকর্তৃত্ব অধ্যাসজনিত সুতরাং অবাস্তবিক	৪০	
১৬। জীবের ঈশ্বরপ্রবৃত্তত্বই সিদ্ধ, জীবের রাগপ্রবৃ সিদ্ধ নহে	৪১-৪২	
১৭। উপাধিক কল্পনাসমূহই জীব ও ঈশ্বরের এবং সমূহের পরস্পর ব্যবহার-ব্যবস্থা	৪৩-৫৩	
দ্বিতীয় অধ্যায়ের চতুর্থপাদ		
১। ইন্দ্রিয়গণের অনাসিত্ব-নিরাকরণ এবং উহাদের অ সমুৎপন্নত্ব-মত সংস্থাপন	১-৪	
২। ইন্দ্রিয়গণের সংখ্যা যে একাদশটী ইহা বে সম্মত	৫-৬	
৩। সাংখ্যসম্মত ইন্দ্রিয়গত্ব মত নিরাকরণ ও তাহা পরিচ্ছিন্নত্ব কথন	৭	
৪। প্রাণের অনাদিত্ব খণ্ডন এবং উহার উৎপ সমাধান	৮	
৫। প্রাণবায়ুর স্বতন্ত্রতা কথন	৯-১২	
৬। প্রাণের সমাধিরূপে অধিদৈবিকত্ব প্রভৃ আলোচনা	১৩	
৭। ইন্দ্রিয়গণের দেবতাধীনত্ব কথন	১৪-১৬	
৮। প্রাণ হইতে ইন্দ্রিয়াদির পৃথক্ত্ব	১৭-১৯	
৯। সর্ব্বজগতের সৃষ্টিবিষয় জীব অশক্ত এবং ঈশ্বরই স শক্তিমান্ এই নিমিত্ত জগৎ ঈশ্বরে নির্ম্মিত	২০-২২	

	প্রতিপাদ্য বিষয়	সূত্রাঙ্ক	অধিকরণ
৩।	পাপীদের যমলোকে গমন	১২-২১	৩
৪।	অবরোহী জীবের বিয়দাদি সমানত্ব	২২	৪
৫।	স্বর্গ হইতে অবতরণকালে স্বর্গ, বৃষ্টি, যোষিৎ প্রভৃতি জনিষ্যমান জীবের অতি সত্বরেই জন্ম হইয়া থাকে। জন্মবিষয় বিলম্বে ঘটে	পৃথিবী, পুরুষ, স্বর্গে ও বৃষ্টিতে তদিতর পদার্থে ২৩	৫
৬।	শস্যাদিতে জীবের মুখ্য জন্ম নাই। মাত্র	উহা সংশ্লেষ- ২৪-২৭	৬

তৃতীয় অধ্যায়ের দ্বিতীয়পাদ

১।	স্বপ্নদৃষ্টির মিথ্যাত্ব কথন	১-৬	১
২।	সুষুপ্তি স্থানরূপ হৃৎস্থ ব্রহ্মের একত্ব স্থাপন	৭-৮	২
৩।	স্বপ্নাবস্থিত জীবের তাহা হইতে সমুদ্বোধ	৯	৩
৪।	মূর্চ্ছা জাগ্রদাদি অবস্থান্তর হইতে ভিন্ন	১০	৪
৫।	নিরূপভাব ব্রহ্ম বেদান্তসম্মত	১১-২১	৫
৬।	নিষেধাতাত ব্রহ্মের সত্যত্ব স্থাপন	২২-৩০	৬
৭।	"ব্রহ্ম অন্যোন্য বস্তু নহেন" এই মত স্থাপন	৩১-৩৮	৭
৮।	কর্ম্মফলোৎপত্তি সম্বন্ধে ঈশ্বরেরই কর্তৃত্ব, অপূর্ব্বের কর্তৃত্ব নাই	৩৮-৪১	৮

তৃতীয় অধ্যায়ের তৃতীয়পাদ

১।	ছান্দোগ্য বৃহদারণ্যক শ্রুত্যুক্ত পঞ্চাগ্নি বিদ্যোপাসনার বিধিঅনুষ্ঠানফলসাম্যে একত্ব	১-৪	১
২।	গুণোপসংহারে কর্ত্তব্যতা	৫	২
৩।	ছান্দোগ্য ও কাণ্বশাখার উদ্গীথবিদ্যা ভেদ কথন	৬-৮	৩
৪।	অক্ষর ও উদ্গীথের একত্ব সম্পাদন	৯	৪
৫।	বশিষ্ঠত্বাদিগুণের উপসংহর্ত্তব্যত্ব	১০	৫
৬।	আনন্দসত্যত্বাদি ব্রহ্মগুণসমূহ সকল শাখাতেই প্রতিপত্তি বিষয়ে সমান এবং উহাদের ব্যবস্থাপক বিধিরও অভাব নাই,এই নিমিত্ত উহাদের উপসংহর্ত্তব্যত্ব	১১-১৩	৬
৭।	পুরুষজ্ঞান সংসারের কারণ, এই হেতু পুরুষ বেদ্য	১৪-১৫	৭
৮।	ঈশ্বর আত্মশব্দ বাচ্য, কিন্তু বিরাজ্‌শব্দ বাচ্য নহেন	১৬-১৭	৮
৯।	কাণ্ব ও ছান্দোগ্যের বস্তু একত্ব	১৮	৯
১০।	প্রাণোপসন সম্বন্ধে প্রাণবিদ্যাপ্রাপ্তির অনগ্নতা বুদ্ধি আচমনের অনগ্নতা বুদ্ধিরই বিধেয়তা	১৯	১০
১১।	কাণ্বশাখীয়দের অগ্নিরহস্যব্রাহ্মণ ও বৃহদারণ্যকের পঠিত শাণ্ডিল্য বিদ্যার একবিষয়ত্ব	২০-২২	১১
১২।	"অহঃ" আদিত্যগত এবং "অহং" অক্ষিগত এই বেদ্য পুরুষ এক হইলেও স্থানবিশেষে ইহাদের নাম বিশেষের		

	প্রতিপাদ্য বিষয়	সূত্রাঙ্ক	অধিকরণ
১৬।	পাপ পুণ্যের বিচার (৩ বর্ণকে)	২৭-২৮	১৬
১৭।	অর্চ্চিরাদিমার্গ কেবল উপাসকের জন্য, জ্ঞানীদের জন্য নহে	২৯-৩০	১৭
১৮।	সকল প্রকার উপাসনাতেই উত্তর মার্গের বিধান	৩১	১৮
১৯।	ব্রহ্মতত্ত্বজ্ঞানীর মুক্তির নিত্যতা	৩২	১৯
২০।	আত্মস্বরূপ লক্ষণ নিষেধ সমূহের পরস্পর উপসংহর্ত্তব্যতা	৩৩	২০
২১।	"ঋতং পিবন্তৌ" এবং "দ্বা সুপর্ণা" শ্রুতিদ্বয়ের একবেদ্যত্ব	৩৪	২১
২২।	এক শাখাস্থ উষস্ত কহোল ব্রাহ্মণদ্বয়ের বিদ্যৈক্য-প্রতিপাদন	৩৫-৩৬	২২
২৩।	উপাসনার নিমিত্ত উপাস্যের দ্বৈধজ্ঞান	৩৭	২৩
২৪।	সত্যবিদ্যার একত্ব প্রতিপাদন	৩৮	২৪
২৫।	দহরাকাশ ও হার্দাকাশের রূপ সংহর্ত্তব্যত্ব	৩৯	২৫
২৬।	উপাসকের ভোজনে প্রাণাহুতির লোপাপত্তি	৪০-৪১	২৬
২৭।	উদ্গীথ কর্ম্মাঙ্গীভূত দেবতা উপাসনার অনিয়তত্ব	৪২	২৭
২৮।	সংবর্গ বিদ্যোক্ত আধিদেবাদি অধ্যাত্ম ও প্রাণের অনুচিন্তনের পৃথকত্ব	৪৩	২৮
২৯।	মন ও চিদাদির স্বতন্ত্র বিদ্যাত্ব স্বীকার	৪৪-৫২	২৯
৩০।	ভৌতিকের আত্মত্ব নিরাকরণ পূর্ব্বক তদন্যের আত্মত্ব প্রতিপাদন	৫৩-৫৪	৩০
৩১।	ঐতরেয় উক্ত উকৃথ উপাসনায় ও কৌষীতকীর উকৃথ উপাসনায় সমানত্ব	৫৪-৫৩	৩১
৩২।	বিরাট্‌রূপ বৈশ্বানরের সমগ্রত্বই ধ্যেয়, অংশ মাত্র ধ্যেয় নহে	৫৭	৩২
৩৩।	অনুষ্ঠাতব্য শাণ্ডিল্য দহরাদি বিদ্যাসমূহের বেদ্য ব্রহ্ম ভিন্নত্ব নিবন্ধন ভিন্নত্ব	৫৮	৩৩
৩৪।	উপাসনাবাহুল্যে আত্মার বৈকল্পিক নিয়ম কথন	৫৯	৩৪
৩৫।	বিকল্প বা সমুচ্চয় প্রতীক উপাসনার ঐচ্ছিকত্ব	৬০	৩৫
৩৬।	বিকল্পও সমুচ্চয়ের যথাকামতা	৬১-৬৬	৩৬

তৃতীয় অধ্যায়ের চতুর্থ পাদ

১।	আত্মজ্ঞানের স্বতন্ত্রত্ব, উহা ক্রতু অর্থ মূলক নহে	১-১৭	১
২।	ঊর্দ্ধরেতা উপাশ্রমণদের অস্তিত্ব ব্যবস্থাপন ও লোককামী আশ্রমীদের ব্রহ্মনিষ্ঠায় অযোগ্যতা	১৮-২০	২
৩।	উদ্গীথার অবয়ব স্বরূপ ওঙ্কারের ধ্যেয়ত্ব	২১-২২	৩

	প্রতিপাদ্য বিষয়	সূত্রাঙ্ক	অধিকরণ
৮।	বিদ্বার্থী ও আশ্রমধর্ম্মীদিগের যজ্ঞাদির সকৃদনুষ্ঠান	৩২-৩৫	৮
৯।	অনাশ্রমীর জ্ঞান-সম্ভাবন	৩৬-৩৯	৯
১০।	আশ্রমীদের অবরোহ-অভাব নিরূপণ	৪০	১০
১১।	ভ্রষ্ট ঊর্দ্ধরেতাদের প্রায়শ্চিত্ত বিধান	৪১-৪২	১১
১২।	ভ্রষ্টরেতাদের প্রায়শ্চিত্ত কেবল আমুষ্মিক শুদ্ধিজনক, উহারা ব্যবহারের অনর্হ	৪৩	১২
১৩।	উপাসনার ঋত্বিক কর্ম্মত্ব	৪৪-৪৬	১৩
১৪।	মৌনের বিধেয়তা	৪৭-৪৯	১৪
১৫।	বাল্যভাব শুদ্ধির প্রয়োজনীয়তা	৫০	১৫
১৬।	ইহকালে বা জন্মান্তরে জ্ঞানোৎপত্তি	৫১	১৬
১৭।	সালোক্যাদি মুক্তির জন্যত্ব বিধায় সাতিশয়ত্ব, নির্ব্বাণ-মুক্তির নিরতিশয়ত্ব	৫২	১৭

ফলাখ্যং চতুর্থ অধ্যায়ের প্রথম পাদ।

১।	শ্রবণাদির আবর্ত্তনীয়ত্ব	১-২	১
২।	জ্ঞাতা জীবের ব্রহ্ম গ্রাহ্যত্ব	৪	২
৩।	প্রতীকে অহং দৃষ্ট্যভাব	৪	৩
৪।	ব্রহ্মেতর প্রতীকে ব্রহ্ম জ্ঞানের কর্ত্তব্যতা	৫	৪
৫।	কর্ম্মাঙ্গে আদিত্যাদিদৃষ্টীদের কর্ত্তব্যতা	৬	৫
৬।	উপাসনায় আসনের নিত্যত্ব	৭-২০	৬
৭।	একাগ্র ধ্যান সাধনের প্রাধান্যে দিগ্ দেশ ও কালাদির নিয়ম নাই	১১	৭
৮।	উপাস্তিদিগের আমরণ আবৃত্তির ব্যবস্থা	১২	৮
৯।	জ্ঞানীদের পাপলেপাভাব	১৩	৯
১০।	জ্ঞানীদের পুণ্যলেপাভাব	১৪	১০
১১।	সঞ্চিত ও আরব্ধ পাপপুণ্যের জ্ঞানোদয় সময়ে বিনাশাভাব	১৫	১১
১২।	অগ্নিহোত্রাদি নিত্য কর্ম্মের বিদ্যোপযোগি অংশের বিনাশ	১৬-১৭	১২
১৩।	উপাসনাশীল ও নিরুপাসন ব্যক্তির নিত্য কর্ম্মের তারতম্যে বিদ্যাসাধনত্ব	১৮	১৩
১৪।	অধিকারীদের মুক্তির নিশ্চয়তা	১৯	১৪

৪র্থ অধ্যায়ের দ্বিতীয় পাদ

১।	মনে রাগাদির বৃত্তি-প্রবিলয় স্বরূপতঃ নহে	১-২	১
২।	বৃত্তিদ্বারা প্রাণে মনের প্রবিলয়	৩	২
৩।	জীবে প্রাণের লয়, পুনর্ব্বার ভূতে লয়	৪-৬	৩
৪।	উৎক্রান্ত জ্ঞানী ও অজ্ঞানীর সাম্য	৭	৪
৫।	তেজঃ প্রভৃতি ভূত সমূহের পরমাত্মায় বৃত্তি দ্বারা লয়	৮-১১	৫
৬।	দেহ হইতে প্রাণ উৎক্রান্তির নিষেধ	১২-১৪	৬
৭।	তত্ত্বজ্ঞানী ব্যক্তির রাগাদির পরমাত্মায় লয়	১৫	৭
৮।	তত্ত্ববিদের রাগাদির নিঃশেষ রূপে পরমাত্মায় লয়	১৬	৮
৯।	উপসকের উৎক্রান্তি বিশেষত্ব	১৭	৯
১০।	নিশিতে মৃতদিগেরও রশ্মিপ্রাপ্তি	১৮-১৯	১০
১১।	দক্ষিণায়নে মৃত উপাসকের জ্ঞানফল-প্রাপ্তি	২০-২১	১১

চতুর্থ অধ্যায়ের তৃতীয়পাদ

১।	ব্রহ্মলোকমার্গানুসন্ধানতৎপর অর্চ্চিরাদিকের একত্ব	১	১
২।	সংবৎসর ও আদিত্যের মধ্যে দেবলোক ও বায়ুলোক সন্নিবেশয়িতব্য	২	২
৩।	বরুণাদির সন্নিবেশ হইতে অর্চ্চিরাদি মার্গের ব্যবস্থাপিত্ব	৩	৩
৪।	অর্চ্চিরাদির আতিবাহিকত্ব	৪-৬	৪
৭।	উত্তরমার্গে কার্য্যব্রহ্মে গমন	৭-১৪	৫
৬।	প্রতীকোপাসকদিগের ব্রহ্মলোকের অপ্রাপ্তি	১৫-১৬	৬

চতুর্থ অধ্যায়ের চতুর্থপাদ

১।	মুক্তিরূপ বস্তুর পুরাতনত্ব	১-৩	১
২।	মুক্তের ও ব্রহ্মের একত্ব	৪	২
৩।	মুক্তস্বরূপভূতব্রহ্মের যুগপৎ সবিশেষত্ব ও নির্বিশেষত্ব	৫-৭	৩
৪।	অর্চ্চিরাদিমার্গে ব্রহ্মলোকপ্রাপ্ত উপাসকের ভোগ্যবস্তুর সৃষ্টিতে মানস সঙ্কল্পই কারণ	৮-৯	৪
৫।	এক পুরুষেরই দেহের ভাব ও অভাব সম্বন্ধে ঐচ্ছিকত্ব	১০-১৪	৫
৬।	সকল দেহীই সাত্মক	১৫-১৬	৬
৭।	ব্রহ্মলোকগত উপাসকগণের জগৎসৃষ্টিবিষয়ে স্বাতন্ত্র্যের অভাবেও ভোগমোক্ষক্ষয়ে তাঁহাদের স্বাতন্ত্র্য-সিদ্ধি	১৭-২২	৭

এতদ্ব্যতীত আর একটী স্থূল তালিকাও প্রদত্ত হইতেছে। এই তালিকায় প্রত্যেক অধ্যায়ের প্রত্যেক পাদের প্রতিপাদ্য বিষয় জানা যাইবে। যথা—

প্রথম অধ্যায়

১ম পাদে—সুস্পষ্ট ব্রহ্মবোধক শ্রুতিবাক্যের সমন্বয়।
২য় পাদে—উপাস্য ব্রহ্মবাচক অস্পষ্ট শ্রুতিবাক্যের সমন্বয়।
৩য় পাদে—জ্ঞেয় ব্রহ্মপ্রতিপাদক অস্পষ্ট শ্রুতিবাক্যের সমন্বয়।
৪র্থ পাদে—অব্যক্তাদি সন্দিগ্ধ পদসমূহের সমন্বয়।

দ্বিতীয় অধ্যায়

১ম পাদে—সাংখ্যযোগকাণাদাদি স্মৃতি দ্বারা সাংখ্যাদি প্রযুক্ত তর্ক দ্বারা বেদান্ত সমন্বয়ের বিরোধ-পরিহার।
২য় পাদে—সাংখ্যাদি মতের দুষ্টত্ব প্রদর্শন।
৩য় পাদে—পূর্ব্বভাগে পঞ্চমহাভূতশ্রুতিসমূহের এবং উত্তরভাগে জীবশ্রুতিসমূহের পরস্পর বিরোধ-পরিহার।
৪র্থ পাদে—লিঙ্গশরীর শ্রুতির বিরোধ পরিহার।

তৃতীয় অধ্যায়

১ম পাদে—জীবের পরলোকগমনাগমন বিচারপূর্ব্বক বৈরাগ্য নিরূপণ।

২য় পাদে—পূর্ব্বভাগে ত্বং পদার্থের এবং উত্তরভাগে তৎপদার্থের শোধন।

৩য় পাদে—সগুণবিদ্যাসমূহে গুণোপসংহারের এবং নির্গুণ-ব্রহ্মে অপুনরুক্তপদোপসংহারের নিরূপণ।

৪র্থ পাদে—নির্গুণ জ্ঞানের বহিরঙ্গসাধনভূত আশ্রম যজ্ঞাদির এবং অন্তরঙ্গ সাধনভূত শম দম শ্রবণ মননাদির নিরূপণ।

চতুর্থ অধ্যায়

১ম পাদে—শ্রবণাদিবৃত্তিদ্বারা নির্গুণব্রহ্ম, উপাসনাদ্বারা সগুণ ব্রহ্মসাক্ষাৎকৃতবান্ জীবের পুণ্যপাপলেপবিনাশ-লক্ষণা মুক্তির অভিধান।

২য় পাদে—ম্রিয়মাণের উৎপত্তিপ্রকার দর্শন।

৩য় পাদে—সগুণ ব্রহ্মবিদ্মৃতের উত্তরমার্গাভিগমন।

৪র্থ পাদে—পূর্ব্বভাগে নির্গুণব্রহ্মবিদের বিদেহকৈবল্যপ্রাপ্তি এবং উত্তরভাগে সগুণব্রহ্মবিদের ব্রহ্মলোকে স্থিতি নিরূপণ।

শ্রীমৎ শঙ্করাচার্য্যের ভাষ্যানুমোদিত প্রতিপাদ্য বিষয়সমূহেই এই তালিকা প্রদর্শিত হইল। শ্রীমৎ শঙ্করাচার্য্য কেবলাদ্বৈতবাদী বা মায়াবাদী ছিলেন। তিনি যে ভাবে ব্রহ্মসূত্রের ভাষ্য করিয়াছেন, তাহা যদিও বহুল প্রচারিত হইয়াছে কিন্তু উহাই যে ব্রহ্মসূত্রের সর্ব্বসম্মত তাৎপর্য্য এবং তাঁহার ভাষ্যই যে অবিসম্বাদিত যথাযথ ভাষ্য, এরূপ মনে করা অসঙ্গত। সুতরাং প্রাগুক্ত তালিকায় আমরা বেদান্তের প্রতিপাদ্য বলিয়া যে তালিকা প্রদান করিলাম উহা শাঙ্কর ভাষ্যের অনুমোদিত বলিয়াই বুঝিয়া লইতে হইবে। পাঠকগণের অবশ্যই সুবিদিত যে, শাঙ্কর ভাষ্যই বেদান্তসূত্রের একমাত্র ভাষ্য নহে এবং কেবল এক শাঙ্কর ভাষ্যই বেদান্তশাস্ত্রের চূড়ান্ত তাৎপর্য্য বলিয়া গৃহীত হইতে পারে না। বেদান্তসূত্র অবলম্বনে শঙ্কর যে পথে চলিয়াছেন, তাহা একবারে অদৃষ্টপূর্ব্ব না হইলেও শঙ্করাচার্য্যই যে উহাকে প্রসরতর সুবিস্তৃত এবং লক্ষ লক্ষ লোকের সুগম্য করিয়া তুলিয়া গিয়াছেন এবং আজও যে সহস্র সহস্র লোক শাঙ্কর ভাষ্যকেই বেদান্ত মনে করিয়া অধ্যয়ন করেন তাহাতে বিন্দুমাত্রও সন্দেহ নাই। কিন্তু তাহা হইলেও শ্রীমদ্‌রামানুজের ভাষ্যপাণ্ডিত্য ও তর্কবিচার কোন ক্রমেও শাঙ্কর ভাষ্য অপেক্ষা লঘু নহে, প্রত্যুত অনেকানেক বিষয়ে শঙ্কর অপেক্ষা শ্রীমদ্‌রামানুজেরই পাণ্ডিত্য-গৌরব অধিকতর; শ্রীমদ্ রামানুজের ভাষ্যই ব্রহ্মসূত্রের অধিকতর নিকটবর্ত্তী। সুতরাং রামানুজীয় মতের প্রতিপাদ্য বিষয়ের একটি তালিকাও এখানে অতি সংক্ষিপ্তভাবে প্রকাশ করা যাইতেছে। তদ্‌যথা—

শ্রীরামানুজমতে ব্রহ্মসূত্রের বিষয়

স্বতন্ত্রপ্রধান কারণবাদনিরাস, আনন্দময়াদি বাক্যসমূহের ব্রহ্মপরত্ব, ব্রহ্মের স্মৃতিসমূহের ব্রহ্মপরত্ব, ব্রহ্মোপাসনাসমূহে দেবতাদিগের অধিকার সম্পাদন, ব্রহ্মোপাসনায় শূদ্রের অনধিকার, অঙ্গুষ্ঠ মাত্র প্রভৃতি শ্রুতির ব্রহ্মপরত্ব, প্রকৃতিবাদ নিরসন, হিরণ্যগর্ভাদি জীবসমূহের পরমেশ্বরত্বনিরাস, যোগমত নিরাস, ব্রহ্মের প্রপঞ্চ-উপাদানত্ব, সকল বিরুদ্ধমত নিরাস উপসংহার, সাংখ্য স্মৃতির অপ্রামাণ্য, যোগ স্মৃতির অপ্রামাণ্য, প্রকৃতির প্রপঞ্চ-উপাদানত্ব-নিরাস, সকল প্রপঞ্চের পরমাত্মকায়ত্ব, পরমাত্মকায়ত্ব প্রতিপাদন, প্রপঞ্চের ব্রহ্মণ্যত্ব, অন্য কারককলাপ-অনপেক্ষ ব্রহ্মের স্রষ্টৃত্ব, নিরংশ পরমাত্মার পরিণাম উপপাদন, কর্ম্মাপেক্ষায় সৃষ্ট বিষয়বৈষম্য, প্রকৃতি-কারণ-বাদনিরাস, পরমাণুকারণ-বাদ-নিরাস, ক্ষণিকবাদ নিরাস, বিজ্ঞানবাদ নিরাস, শূন্যবাদ নিরাস, জৈনমত নিরাস, পশুপতিমত নিরাস, ভাগবতমত সংস্থাপন, আকাশের উৎপত্তি নিরূপণ, বায়ুরাদির উৎপত্তিক্রম নিরূপণ, জীবের উৎপত্তি নিরাস, জীবের জ্ঞাতৃত্ব ও অণুত্বের প্রতিপাদন, জীবের কর্ত্তৃত্ব নিরূপণ, জীবের কর্ত্তৃত্ব পরমাত্মার অধীন তদ্‌বিষয় নিরূপণ, জীবের ব্রহ্মাংশত্ব নিরূপণ, ইন্দ্রিয়সমূহের একাদশত্বকথন, ইন্দ্রিয়সমূহের অণুত্ব নিরূপণ, প্রাণের অণুত্বকথন, প্রাণেন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী সমূহের অধিষ্ঠাত্রীত্ব ব্রহ্মাধীন, ব্যষ্টি সৃষ্টি সম্বন্ধে চতুর্ম্মুখের কর্ত্তৃত্ব নিরাস, সূক্ষ্মভূতস্বরূপ জীবের প্রয়াণ, বিহিত প্রতিসিদ্ধ কর্ম্মসমূহের অকরণে নরক প্রাপ্তি, জীবের আকাশাদি ভাব তৎ সদৃশমাত্র, আদিত্যের স্থিতি, নিয়ম, সুষুপ্তি উত্থান-বিচার, পরমাত্মায় জীবদোষের অসম্বন্ধ, অচিদ্বর্গের ব্রহ্মাংশত্ব, জগৎকারণ স্বরূপ পরমাত্ম হইতে পরতত্ত্বের পরবোধ, পরমাত্মাই কর্ম্মফল প্রদান করেন, বিদ্যাসমূহের ভেদাভেদ বিচার, ব্রহ্মগুণ-চিন্তনকালে ব্রহ্মচিন্তনের আবশ্যক, অন্তরাত্মরূপে জীবচিন্তন, বৈশ্বানর বিদ্যা, ব্রহ্মবিদ্যাসমূহ পরস্পর অভিন্ন ব্রহ্মপ্রাপক বিদ্যা-সমূহের মধ্যে একের উপাদান, বিদ্যা দ্বারায় পুরুষার্থলাভ, গৃহস্থানুষ্ঠেয় বিদ্যাসমূহের কর্ম্মাপেক্ষত্ব, গৃহস্থের পক্ষেও শমদমাদির অপেক্ষা, অমুমুক্ষুদিগেরও যজ্ঞাদির কর্ত্তব্যতা, আশ্রমভ্রষ্টের বিদ্যায় অনধিকার, বিদ্যাসিদ্ধি বিচার, নিদিধ্যাসনের বিহিতত্ব, জীবাত্মার আত্মত্ব স্বীকার ব্রহ্মোপাসনা নহে, প্রতীক উপাসনা বিচার, ব্রহ্মোপাসনায় দেশকালাদি বিচার, মরণকালে ইন্দ্রিয়াদি-লয় বিচার, ভূতসমূহের পরমাত্ম-সম্পত্তি, পরমাত্ম সম্পত্তির অবিভাগরূপতা, অর্চ্চিরাদি মার্গনিরূপণ, আত্মা ও পরমাত্মা উভয়ের উপাসকের মুক্তি, মুক্তের স্বীয় অসাধারণ আবির্ভাব, আবির্ভূতমুক্তস্বরূপবিচার, মুক্তের স্বসংকল্প হইতে সমীহিত প্রাপ্তি, মুক্তের স্বেচ্ছানিবন্ধন শরীরাদি সমস্তা, স্বর্গাদিব্যাপার-হীন মুক্তের ঐশ্বর্য্য, ইত্যাদি বিষয় শ্রীরামানুজের ভাষ্যমতে

বেদান্তসূত্রের প্রতিপাদ্য। শাঙ্করভাষ্যের অনুমোদিত যেমন অধিকরণ-মালা আছে, সেইরূপ রামানুজভাষ্যের অনুমোদিত অধিকরণমালাও দেখিতে পাওয়া যায়। শ্রীরামানুজের মতে বেদান্তসূত্রের প্রত্যেক সূত্রের প্রতিপাদ্য বিষয় অধিকরণের সহিত প্রদর্শন করা যাইতে পারে কিন্তু তাহাতে অতি বাহুল্যের আশঙ্কা আছে।

শ্রীরামানুজভাষ্য অতি বিস্তৃত, শঙ্কর ভাষ্যের পরে এই ভাষ্য রচিত হওয়ায় ইহাতে শঙ্করভাষ্যের বহুল সিদ্ধান্ত খণ্ডনের প্রয়াস পরিলক্ষিত হয়। শ্রীরামানুজ বৌধায়ন বৃত্তি অবলম্বনে মূল বেদান্তসূত্রের প্রতি লক্ষ্য রাখিয়াই ভাষ্য করিয়া গিয়াছেন। ভগবান্ শঙ্করাচার্য্যের ভাষ্যে উচ্চতম অভিনব দার্শনিক-সিদ্ধান্ত সংস্থাপনের নিমিত্ত যেরূপ বিপুল প্রয়াস পরিলক্ষিত হয়, বেদান্তসূত্রের প্রকৃত তাৎপর্য্য প্রকাশের নিমিত্ত সেরূপ চেষ্টা দেখিতে পাওয়া যায় না। শঙ্কর কেবলঅদ্বৈতবাদ সংস্থাপক,—তিনি বেদান্তকে দর্শনের উচ্চতম চিন্তাক্ষেত্ররূপে প্রতিষ্ঠিত করিয়াছেন। রামনুজ বিশিষ্টাদ্বৈতবাদের প্রবর্ত্তক। ইনি উপাস্য উপাসকের পার্থক্য বজায় রাখিয়াছেন। রামানুজীয় ভাষ্য অতীব পাণ্ডিত্যপূর্ণ, ইহার তর্কপ্রণালী শঙ্করের তর্কপ্রণালী অপেক্ষা অধিকতর যুক্তিসঙ্গত। অপিতু রামানুজ মূলসূত্রের দিকে তীব্র লক্ষ্য রাখিয়া বেদান্তের প্রাচীন বৃত্তিকার বৌধায়নের বৃত্তি অবলম্বন করিয়া শ্রীভাষ্য প্রণয়ন করিয়াছেন। সুতরাং বেদান্তসূত্রের প্রকৃত মর্ম্ম বুঝিতে হইলে শাঙ্করভাষ্য পাঠ যেমন প্রয়োজনীয়, রামানুজের শ্রীভাষ্য পাঠ করা এবং তাঁহার অনুমোদিত প্রতিপাদ্য বিষয়ের আলোচনা করা কোনও অংশে তুচ্ছের বিষয় নহে। প্রত্যুত শ্রীরামানুজ বেদান্তসূত্র অবলম্বনে একটী স্বতন্ত্র দার্শনিক প্রণালী গঠিত করিতে প্রয়াস পান নাই। শাঙ্করভাষ্যের পদে পদেই সে রূপ স্বতন্ত্র অভিনব প্রয়াস দেখিতে পাওয়া যায়। শঙ্কর বহুস্থলেই মূলসূত্রের তাৎপর্য্যের দিকে লক্ষ্য রাখেন নাই, কিন্তু শ্রীরামানুজ সে বিষয়ে সততই সতর্ক। এই নিমিত্ত বেদান্তসূত্রের মূল তাৎপর্য্য বুঝিতে হইলে শ্রীভাষ্যই বিশিষ্টরূপে আলোচ্য।

ব্রহ্মসূত্রের অপরাপর ভাষ্যকারগণের ব্যাখ্যাবলম্বনে প্রত্যেক সূত্রের ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের মতপোষক প্রতিপাদ্য বিষয়ের তালিকা করা যাইতে পারে। বাহুল্য ভয়ে এস্থলে কেবল প্রধান দুইখানি ভাষ্যাবলম্বনে সূত্র প্রতিপাদ্য বিষয়ের তালিকা প্রদত্ত হইল।

আমরা পূর্ব্বেই বলিয়াছি বেদান্তশাস্ত্র তিন প্রস্থানে সম্পূর্ণ। শ্রুতি ও ন্যায় প্রস্থানের পরিচয় প্রদত্ত হইয়াছে। অপর প্রস্থানের নাম স্মৃতিপ্রস্থান। শ্রীমদ্ভগবদ্গীতাই বেদান্তশাস্ত্রের স্মৃতিপ্রস্থানের অন্তর্গত। শ্রীমদ্ভগবদ্গীতার সবিশেষ পরিচয় দিবার প্রয়োজন নাই। এই সার্ব্বভৌম গ্রন্থখানি সর্ব্বজনপরিচিত, জগতের বহুল ভাষায় এই গ্রন্থখানি অনূদিত এবং বহু স্থানে সুপ্রচারিত। এই গ্রন্থখানিরও বহুল ভাষ্য ও টীকা আছে। শ্রীমচ্ছঙ্করাচার্য্য হইতে শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ও শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ পর্য্যন্ত বহুল আচার্য্য ও পণ্ডিতগণ ইহার ভাষ্য ও টীকা করিয়াছেন, এস্থলে আমরা ভাষ্যকার ও টীকাকারগণের মধ্যে কতিপয় প্রধান প্রধান ব্যক্তির নামোল্লেখ করিতেছি। তদ্‌যথা—শঙ্কর, আনন্দগিরি, রামানুজ, মধ্বাচার্য্য, শ্রীধর স্বামী, শ্রীমন্ মধুসূদন সরস্বতী, বিশ্বনাথ চক্রবর্ত্তী, বলদেব বিদ্যাভূষণ। এতদ্ব্যতীত নিম্বার্ক ও বল্লভাচার্য্য সম্প্রদায়েরও গীতা-ভাষ্য আছে। গীতাভাষ্য ও টীকার সংখ্যা সমষ্টিতে কুড়িখানির কম হইবে না।

স্মৃতিপ্রস্থান বা ভগবদ্গীতা

এই বিশাল বিশ্ব ব্রহ্মাণ্ডের যাবতীয় পদার্থকে তিন প্রধান ভাগে বিভক্ত করিয়া বেদান্তদর্শনে তত্ত্বনিরূপণ করা হইয়াছে—ব্রহ্ম জীব ও বিশ্ব এই ত্রিবিধ পদার্থের আলোচনাই বেদান্তদর্শনের প্রতিপাদ্য। ভিন্ন ভিন্ন আচার্য্যগণ বেদান্তদর্শন সম্বন্ধে আলোচনায় প্রবৃত্ত হইয়া এই তিন বিষয়েরই আলোচনা করিয়াছেন, কিন্তু বেদান্তী আচার্য্যগণের এই ত্রিবিধ বস্তু নিরূপণে পরস্পর যথেষ্ট পরিমাণে পার্থক্য দৃষ্ট হয়। সে পার্থক্য কেবল অবান্তর নহে, মূল বিষয়েও যথেষ্ট মতভেদ পরিলক্ষিত হয়। শঙ্করাচার্য্য কেবলাদ্বৈতবাদী, তাঁহার মতের একটা সার কথা এই যে ব্রহ্মই একমাত্র অদ্বিতীয় বস্তু, জীব ব্রহ্মবস্তু ব্যতীত অপর বস্তু নহে, জগৎ মায়ার প্রহেলিকা। ব্রহ্ম জীব ও মায়া এই তিনের সম্বন্ধে শঙ্করাচার্য্য অতীব পাণ্ডিত্য প্রতিভার সহিত দার্শনিক বিচার করিয়াছেন। একমাত্র ব্রহ্মই সত্য, আর সকলই মায়াকল্পিত ও মিথ্যা। জীব ও ব্রহ্মে কোনও বিভিন্নতা নাই। অবিদ্যা বিনষ্ট হইলেই জীব ও ব্রহ্মের পার্থক্যজ্ঞান বিনষ্ট হয়। ব্রহ্ম নির্গুণ। তিনি জ্ঞানময় নহেন, কিন্তু জ্ঞানস্বরূপ, চিন্মাত্র স্বরূপ। এই চিন্মাত্র জ্ঞান স্বগতাদি ত্রিবিধ ভেদরহিত। এই চিদেকবস্তু ও জীবাত্মা একই পদার্থ। অবিদ্যার আবরণী ও বিক্ষেপিকা শক্তিই জীববৈচিত্রীর হেতু। এই অবিদ্যা মায়া হইতেই পঞ্চতন্মাত্রার উৎপত্তি, পঞ্চতন্মাত্রা হইতে স্থূল পঞ্চভূতের উদ্ভব। পঞ্চদশী ও বেদান্তসার গ্রন্থে বেদান্তসম্মত পঞ্চীকরণ প্রণালী লিখিত হইয়াছে। এতদ্ব্যতীত অন্নময়াদি পঞ্চকোষের বিবরণও এই দুই গ্রন্থে বিস্তারিতরূপে আলোচিত হইয়াছে। মায়ার সবিশেষ বিবরণ পঞ্চদশী পাঠে জানা যায়। কোথাও প্রকৃতি নামে, কোথাও অবিদ্যা নামে, কোথাও বা ব্রহ্মশক্তি নামে মায়ার সম্বন্ধে আলোচনা

শঙ্করের বস্তুবিচার

করা হইয়াছে। এই মায়া গুণময়ী, কার্য্যানুমেয়া, সদসদ্‌বিলক্ষণা (অর্থাৎ মায়া সদ্‌বস্তু নহেন, অসদ্‌বস্তুও নহেন। বেদান্ত জ্ঞানোদয়ের পূর্ব্বে মায়ার অস্তিত্বে মায়ার কার্য্যগুলি প্রকৃত বলিয়াই মনে হয়, এই নিমিত্ত মায়া সৎ। আবার যখন বিজ্ঞানের উদয়ে মায়ার বিনাশ হয়, এই জগৎ প্রপঞ্চের জ্ঞান বিনষ্ট হইয়া যায় তখন মায়া অসৎ। এই নিমিত্ত মায়া অনির্ব্বচনীয়া)। মায়া অব্যক্তা। ভগবদ্গীতায় এই মায়াই প্রকৃতি বলিয়া কথিত হইয়াছেন—

"বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্।" (১৩।১৯)

অপিতু "মায়াং তু প্রকৃতিং বিদ্যান্ মায়িনন্তু মহেশ্বরম" এই শ্লোকার্দ্ধ অনেকেই উদ্ধৃত করিয়াছেন। পঞ্চদশী গ্রন্থের চিত্রদীপে মায়া ও ঈশ্বরের সবিশেষ আলোচনা দৃষ্ট হয়। এই মায়াই জগতের উপাদান। এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ড কেবল মায়ারই বৈচিত্র্যময় ইন্দ্রজাল। জীব তুরীয়চৈতন্যেরই অবিদ্যোপহত অংশবৎ। মায়া উপাধি-নাশে এ বিশ্বব্রহ্মাণ্ডের ইন্দ্রজালময় দৃশ্যজাল যেমন তিরোহিত হয়, জীবের অনন্তত্ব জ্ঞানেরও সেই প্রকার তিরোধান ঘটে। মায়াসহ প্রতিভাত ব্রহ্মই ঈশ্বর বলিয়া খ্যাত। জ্ঞানকাণ্ডের প্রণালী মত তত্ত্বজ্ঞান লাভ করিলেই মায়া অপসারিত হইয়া বিশুদ্ধ জ্ঞান প্রকাশ পায়, তখন চিদৈকজ্ঞান প্রকাশ পায়। শাঙ্কর দর্শনের সংক্ষিপ্ত তাৎপর্য্যসূচক একটী শ্লোক আছে যথা—

"শ্লোকার্দ্ধেন প্রবক্ষ্যামি যদুক্তং গ্রন্থকোটিভিঃ।
ব্রহ্ম সত্যং জগন্মিথ্যা জীবো ব্রহ্মৈব নাপরঃ॥"

অর্থাৎ কোটিগ্রন্থে যাহা বলা হইয়াছে শ্লোকার্দ্ধে তাহা বলা যাইতেছে,—ব্রহ্ম-সত্য, জগৎ মিথ্যা, জীব ব্রহ্ম হইতে ভিন্ন নহে, জীব ও ব্রহ্ম একই বস্তু। "শঙ্করাচার্য্য" শব্দে এ সম্বন্ধে সবিস্তার আলোচনা দ্রষ্টব্য।

অতঃপর শ্রীরামানুজ দর্শনের সংক্ষিপ্ত মর্ম্ম বলা যাইতেছে। রামানুজও অদ্বৈতবাদী। এক অখণ্ড অদ্বিতীয় ব্রহ্মই রামানুজেরও প্রতিপাদ্য। সুতরাং রামানুজ অদ্বৈতবাদী। কিন্তু অদ্বৈতবাদী হইলেও রামানুজ শঙ্করের ন্যায় কেবলাদ্বৈতবাদী নহেন। ইনি বিশিষ্টাদ্বৈতবাদী। রামানুজের ব্রহ্ম "চিন্মাত্র" নহেন। রামানুজের ব্রহ্ম চিদচিৎ বিশেষপদার্থ সমন্বিত। এই বিশেষ পদার্থও ব্রহ্মেরই শরীরবৎ। শঙ্কর মায়া দ্বারা বিশ্বপ্রপঞ্চকে ইন্দ্রজালের ন্যায় অলীকরূপে প্রদর্শিত করেন রামানুজ জীবকে চিৎ এবং ব্রহ্মজীবাতিরিক্ত পদার্থসমূহকে অচিৎ আখ্যায় অভিহিত করিয়াছেন। এই সকল পদার্থ তাঁহার মতে নিত্য এবং ব্রহ্মের অঙ্গস্বরূপ। যথা—প্রকৃতিপুরুষমহদহঙ্কারতন্মাত্রভূতেন্দ্রিয়চতুর্দ্দশভুবনাত্মকব্রহ্মাণ্ডতদন্তর্বহির্দেবতির্য্যঙ্মনুষ্যস্থাবরাদিসর্ব্বপ্রকারসংস্থানসহিতং কার্য্যমপি সর্ব্বং ব্রহ্মৈব ইতি।

রামানুজদর্শনের সিদ্ধান্ত

রামানুজ এই নিখিলকল্যাণ দ্রব্যগুণকর্ম্মবিশিষ্ট ব্রহ্মকে বাসুদেব নামে অভিহিত করিয়াছেন যথা—

"বাসুদেবঃ পরং ব্রহ্ম কল্যাণগুণসংযুতঃ
ভুবনানামুপাদানং কর্ত্তা জীবনিয়ামকঃ।"

পরমব্রহ্ম বাসুদেব বহুল কল্যাণগুণযুক্ত, ইনি চতুর্দ্দশ ভুবনের কর্ত্তা ও উপাদান এবং জীবসমূহের অন্তর্য্যামী ও নিয়ামক। ইনি পরমব্রহ্ম পরমকারুণিক ভক্তবৎসল পরমপুরুষ সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্ এবং সর্ব্বব্যাপী। নিখিল চিৎ অচিৎ পদার্থ ইহারই প্রকার। এই সকল পদার্থ নিত্য। ইহারা ব্রহ্মে লীন হইয়াও কখন আপন আপন অস্তিত্ব ত্যাগ করে না। ইহারা দুই অবস্থায় অবস্থান করে। প্রলয়ে ইহাদের সমরূপগুণাদি অভিব্যক্ত হইতে পারে না, তখন উহারা অব্যক্ত অবস্থায় থাকে, জীবাত্মাগুলিও সঙ্কোচভাবে অবস্থান করে। ব্রহ্ম তখন কারণাবস্থায় থাকেন। এই নিমিত্ত শ্রুতি বলেন—

"সদেব সৌম্যমিদমগ্রমাসীদেকমেবাদ্বিতীয়মিতি"

কিন্তু এই অবস্থাতেও ব্রহ্ম বিশেষবিবর্জ্জিত নহেন। বিশেষপদার্থসমূহ তখন অব্যক্তাবস্থায় থাকে বলিয়া তাহাদের স্ফূর্ত্তি হয় না। প্রলয়ের অবসানে ব্রহ্মের ইচ্ছায় আবার তাহার অব্যক্ত প্রকৃতি হইতে অনন্ত ব্রহ্মাণ্ডের আবির্ভাব হয়।

রামানুজ তদীয় বেদান্তদীপে লিখিয়াছেন জীব অচিৎ পদার্থ হইতে ভিন্ন, ব্রহ্ম জীব হইতে ভিন্ন। ব্রহ্ম এই বিশ্বের স্রষ্টা। এই বিশ্ব চিদচিদাত্মক। চিদচিদাত্মিকা প্রকৃতি ব্রহ্মেরই শরীর। অচিৎ পদার্থ চিৎপদার্থের সঞ্চারে উহা সজীব হইয়া উঠে। ব্রহ্ম চিদচিৎপদার্থে প্রকাশ পাইয়া উহাদিগকে শক্তিপ্রদান করেন। ব্রহ্ম যাবতীয় পদার্থের মধ্যে অন্তর্য্যামিরূপে বিদ্যমান। বিশ্বব্রহ্মাণ্ডের সকল পদার্থের অন্তরালে তিনি সর্ব্বব্যাপিরূপে বিরাজ করিতেছেন। তাহার প্রভাবেই অন্যান্য সকল পদার্থ প্রকাশ পাইতেছে। বিশ্ব—ব্রহ্মেরই কার্য্যাবস্থা—ব্রহ্মেরই পরিণাম। গীতায় শ্রীভগবান্ বলিয়াছেন—

"ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্।
হেতুনানেন কৌন্তেয় জগদ্বিপরিবর্ত্ততে॥"

ধ্যান ও ভক্তিদ্বারাই এই পুরুষোত্তম লভ্য। শ্রীমদ্‌রামানুজ যে ধ্যানের লক্ষণ করিয়াছেন তাহা এই—

"ধ্যানঞ্চ—তৈলধারাবদবচ্ছিন্নস্মৃতিসন্তানরূপা বা স্মৃতিঃ"

শ্রীমদ্ রামানুজ গীতা হইতে ভগদ্বাক্য উদ্ধৃত করিয়া ব্রহ্মপ্রাপ্তির উপায় দেখাইয়াছেন। যথা—

"তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকং।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপয়ান্তি তে।
পুরুষঃ স পরঃ পার্থ! ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।

ভক্তি কাহাকে বলে রামানুজ তাহারও ব্যাখ্যা করিয়া লিখিয়াছেন—

ভক্তিস্তু—"নিরতিশয়ানন্দপ্রিয়ানন্যপ্রয়োজনসকলেতরবীতৃষ্ণ্য-বদ্ জ্ঞানবিশেষ এব।"

কি প্রকারে ভক্তিলাভ হয়, তাহার উপায়ও প্রদর্শিত হইয়াছে। এই সকল বিষয়ের সুবিস্তর আলোচনা "রামানুজাচার্য্য ও পূর্ণপ্রজ্ঞ" শব্দে দ্রষ্টব্য।

শঙ্কর ও রামানুজ মতের পার্থক্য

শঙ্কর ও রামানুজ উভয়েই অদ্বৈতবাদী। ইঁহারা সাংখ্যের ন্যায় প্রকৃতিপুরুষবাদী নহেন, ন্যায় বৈশেষিক আচার্য্যগণের ন্যায় বহুপদার্থবাদীও নহেন। ইঁহারা একমাত্র অদ্বয় ব্রহ্মবাদী। কিন্তু তথাপি এই উভয়ের মধ্যে বহুল পার্থক্য আছে। শঙ্কর চিন্মাত্র ব্রহ্মবাদী। রামানুজের ব্রহ্ম নির্ব্বিশেষ নহেন—বিশেষ (চিৎ ও অচিৎ) সম্বলিত।

শঙ্করের মতে চিন্মাত্র ব্রহ্ম ভিন্ন অপর সকল পদার্থ মায়িক ইন্দ্রজালবৎ প্রতীয়মান। রামানুজও "সর্ব্ব ব্রহ্মময়" বলিয়া স্বীকার করেন, কিন্তু এই ব্রহ্ম স্বজাতীয় বিজাতীয় ও স্বগত ভেদ-বিবর্জ্জিত নহেন। বিশ্বব্রহ্মাণ্ডের অনন্ত সৃষ্ট পদার্থ এই ব্রহ্মেরই অন্তর্গত,—এই ব্রহ্মেরই শরীরস্বরূপ। এই অনন্ত জগৎ শঙ্করের মতে মায়াকল্পিত, সুতরাং মিথ্যা, কিন্তু রামানুজের মতে ইহারা অবাস্তব নহে—প্রকৃত পক্ষেই বাস্তব। শঙ্করের ব্রহ্ম নির্গুণ, নির্ব্বিশেষ এবং চিদেকমাত্র। কিন্তু রামানুজের ব্রহ্ম সৃষ্ট অসৃষ্ট জীব ও যাবতীয় বস্তুসমন্বিত গুণময় পুরুষ। শঙ্কর যে ঈশ্বর স্বীকার করেন, তাহা মায়াবিলসিত সুতরাং উহা মায়িক ও অলীক। রামানুজের ব্রহ্ম সর্ব্বশক্তিমান্, সর্ব্বস্রষ্টা ও সর্ব্বকর্ত্তা। শঙ্করের মতে কেবল মায়া উপাধি ভিন্ন জীব ও ব্রহ্মে কোনও পার্থক্য নাই। রামানুজের মতে প্রত্যেক জীবই চিৎকণ এবং ব্রহ্মেরই অংশস্বরূপ। কিন্তু তাহা হইলেও ইহার স্বতন্ত্র সত্তা আছে এবং এই পৃথক্ সত্তা চিরদিনই বর্ত্তমান থাকে। শঙ্করের মতে মুক্তি—ব্রহ্মনির্ব্বাণ অর্থাৎ জীব ও ব্রহ্মের ভেদজ্ঞানের অত্যন্ত তিরোধান। রামানুজের মতে জীবের ভগবদ্ধামে নিত্য প্রতিষ্ঠাই পরমা মুক্তি। রামানুজ শঙ্করের ন্যায় নির্গুণ সগুণভেদে দুই প্রকার ব্রহ্ম স্বীকার করেন না। শঙ্কর বিবর্ত্তবাদী, রামানুজ পরিণামবাদী। এ সম্বন্ধে আরও অনেক কথা বলা যাইতে পারে কিন্তু বাহুল্যের আশঙ্কায় এই কয়েকটী প্রয়োজনীয় কথা বলিয়াই উভয় মতের পার্থক্য প্রদর্শনের উপসংহার করা হইল।

মধ্বাচার্য্যের দ্বৈতভাষ্য

বেদান্তদর্শনের চিরবৈচিত্রীময় বিশাল আকাশে সহসা আর একটী সমুজ্জ্বল গ্রহ উদিত হয়েন। ইঁহার যুক্তিতর্ক সম্পূর্ণ স্বতন্ত্র। ইনি শুষ্ক জ্ঞানী নহেন, শুষ্ক তার্কিকও নহেন, শ্রীভগবানে ইঁহার প্রগাঢ় আস্থা অথচ ইনি ষড়্দর্শনে অতি শ্রেষ্ঠ পণ্ডিত। শ্রীভগবৎ সাধনাতেই ইনি জীবন অতিবাহিত করিয়া পূর্ণপ্রজ্ঞ নামে প্রসিদ্ধি লাভ করেন। ইনি মধ্বাচার্য্য বলিয়াও পরিচিত। ইহাঁর সন্ন্যাস নাম আনন্দতীর্থ। ইহাঁর পরিচয় "মধ্বাচার্য্য" শব্দে দ্রষ্টব্য। ইহাঁর প্রকৃত নাম বাসুদেব। ইনিই দ্বৈতভাষ্যের প্রবর্ত্তক। ইহাঁর দার্শনিক অভিমত পূর্ণপ্রজ্ঞদর্শন বলিয়া খ্যাত। ইহাঁর উপনিষদ্ভাষ্য, ব্রহ্মসূত্রভাষ্য ও গীতাভাষ্য পণ্ডিতসমাজে সবিশেষ সমাদৃত। ভাষ্য ভিন্নও বেদান্তসূত্র সম্বন্ধে ইনি আরও তিনখানি গ্রন্থ লিখিয়া গিয়াছেন। ইহাঁর বেদান্তসূত্রভাষ্যে দার্শনিক তত্ত্বের প্রগাঢ় আলোচনা দৃষ্ট না হইলেও ইহার কৃত অণুভাষ্য খানিতে পাণ্ডিত্যের পরাকাষ্ঠা প্রদর্শিত হইয়াছে। ন্যায়সুধা নামক এই গ্রন্থখানির একখানি টীকা আছে। ইহাঁর কৃত গ্রন্থের সংখ্যা,—৩৭ খানি। সম্ভবতঃ ইনি দ্বাদশ খৃষ্টাব্দের প্রারম্ভে প্রাদুর্ভূত হইয়াছিলেন।

শ্রীমদ্আনন্দতীর্থ শ্রীমদ্রামানুজের ন্যায় বিশিষ্টাদ্বৈতবাদী নহেন। যদিও জীবের অণুত্ব, দাসত্ব, বেদের অপৌরুষেয়ত্ব, স্বতঃপ্রামাণ্যত্ব, প্রমাণত্রিত্ব ও পঞ্চরাত্র উপজীব্যত্ব প্রভৃতি বিষয়ে শ্রীরামানুজ সিদ্ধান্তের সহিত এই দার্শনিক মতের কিছু কিছু সাম্য পরিলক্ষিত হয়, কিন্তু রামানুজের সিদ্ধান্তানুযায়ী পরস্পর ভেদাদি পঞ্চত্রয়ের সহিত অর্থাৎ শ্রীরামানুজ যে ব্রহ্ম জীব ও অচিৎ এই তিন পদার্থত্রয়কে অদ্বৈততত্ত্বের নামে খ্যাপিত করিয়াছেন, শ্রীমদ্আনন্দতীর্থ এই সিদ্ধান্ত হইতে সম্পূর্ণ ভিন্ন প্রস্থানাবলম্বী হইয়াছেন। তাঁহার মতে তত্ত্বপদার্থ দুইটী—

"স্বতন্ত্রমস্বতন্ত্রঞ্চ দ্বিবিধং তত্ত্বমিষ্যতে।
স্বতন্ত্রো ভগবান্ বিষ্ণুর্নির্দ্দোষোঽশেষসদ্গুণঃ॥"

অর্থাৎ তত্ত্ব দ্বিবিধ—স্বতন্ত্র ও অস্বতন্ত্র। নির্দ্দোষ অশেষ সদ্গুণ, ভগবান্ বিষ্ণুই স্বতন্ত্র পদার্থ, তদতিরিক্ত আর সকলই অস্বতন্ত্র। সর্ব্বদর্শনসংগ্রহকার পূর্ণপ্রজ্ঞ দর্শননিবন্ধের প্রারম্ভেই এই দর্শনসম্মত ভেদতত্ত্ব নিরূপণের বিশুদ্ধ বিচার প্রণালীর আলোচনা করিয়া সিদ্ধান্ত করিয়াছেন—

"পরমেশ্বরো জীবাদ্ভিন্নঃ, তং প্রতিসেব্যত্বাৎ যো যং প্রতিসেব্যঃ স তস্মাদ্ভিন্নো যথা ভৃত্যাদ্রাজা।"

অর্থাৎ পরমেশ্বর জীব হইতে ভিন্ন। কেননা, পরমেশ্বর সেব্য। যিনি যাহার সেব্যবস্তু, তিনি তাহা হইতে ভিন্ন। যেমন ভৃত্য হইতে রাজা ভিন্ন। ভৃত্য রাজপদের আশা করিলে পদে পদেই তাহার বিপদ্ ঘটে। ভৃত্য রাজাকে মানিয়া চলিলেই সুখী হয় যথা—

"বাতয়ন্তি হি রাজানো রাজাহমিতি বাদিনঃ।
দদত্যখিলমিষ্টঞ্চ স্বগণেৎকর্ষবাদিনাম্॥"

যাহারা রাজার নিকট রাজা বলিয়া আত্মখ্যাপন করিতে প্রয়াসী হয়, তাদৃশ ভৃত্যগণকে রাজা নিহত করেন, অপরপক্ষে যাহারা তাহার গুণোৎকীর্ত্তন করেন, তিনি তাহাদিগকে অখিল সুখপ্রদান করেন।

এই প্রকারে অদ্বৈততত্ত্বের নিরসনের নিমিত্ত সাধারণ লোকের উপযোগী বিচার-প্রথমে প্রদর্শিত হইয়াছে। অতঃপর শাকল্যসংহিতা-পরিশিষ্ট হইতে এবং তৈত্তিরীয় উপনিষদ্ হইতে দ্বৈতবাদের সমর্থক শ্রুতি উদ্ধৃত করা হইয়াছে। অতঃপর অগ্নিপুরাণ হইতে স্বসম্প্রদায়ে ব্যবহৃত চক্রাদিধারণের নিয়মের উল্লেখ করিয়া ভেদপ্রমাপক শ্রুতির উল্লেখ করা হইয়াছে—

"সত্যমেতমনুবিশ্বে মদন্তিরাতিং দেবস্য গৃণতো মঘোনঃ সত্যাসো অস্য মহিমাগৃণে শবোথজ্ঞেষু বিপ্ররাজ্যে সত্য আত্মা সত্য জীবঃ সত্যংভিদা সত্যংভিদা ময়িব্রারুণ্যো ময়ি বারুণ্যো ময়ি বারুণ্য ইতি।"

এই শ্রুতি ভেদবাদের সমর্থক। শ্রীভগবদ্গীতাও বলেন :—

"ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সামর্থ্যমাগতাঃ।
সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়েন ব্যথন্তি চ॥"

দ্বৈতপোষক একটী ব্রহ্মসূত্র এই যে—

"জগদ্ব্যাপারবর্জ্জপ্রভুকরণাসন্নিহিতত্বাৎ" অপর পক্ষে "ব্রহ্মবিদ্ ব্রহ্মৈব ভবতি" এই শ্রুতির বলে জীব কখনও পারমৈশ্বর্য্যের অধিকার খ্যাপন করিতে পারে না। ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণসেবী শূদ্রও ব্রাহ্মণ বলিয়া পূজ্য হইতে পারেন, এই বাক্যের ন্যায় উক্ত শ্রুতি কেবল অর্থবাদপরই বুঝিতে হইবে।

এই সম্প্রদায়ের মতে ভেদ পাঁচপ্রকার—(১) জীবেশ্বরভেদ, (২) জড়েশ্বরভেদ, (৩) জীবে জীবে ভেদ, (৪) জড়ে জীবে ভেদ এবং জড়ে জড়ে ভেদ। এই ভেদপঞ্চক অনাদি ও নিত্য যথা—পরমা শ্রুতি—

"জীবেশ্বরভিদাচৈব জড়েশ্বরভিদা তথা।
জীবভেদো মিথশ্চৈব জড়জীবভিদা তথা॥
মিথশ্চ জড়ভেদো যঃ প্রপঞ্চো ভেদপঞ্চকঃ।
সোঽয়ং সত্যোঽপ্যনাদিশ্চ সাদিশ্চেন্নাশমাপ্নুয়াৎ॥"

ইহাদের নাশ নাই, ইহারা ভ্রান্তিকল্পিতও নহে। সুতরাং দ্বৈত নাই ইহা অজ্ঞানীদের সিদ্ধান্ত। সকল শ্রুতিই ভগবানের শ্রেষ্ঠতা কীর্ত্তন করেন যথা :—

"ন চ নাশং প্রযাত্যেষ ন চাসৌ প্রাপ্তিকল্পিতঃ।
কল্পিতশ্চেন্নিবর্ত্তেত ন চাসৌ বিনিবর্ত্ততে॥
দ্বৈতং ন বিদ্যতে ইতি তস্মাদজ্ঞানিনাং মতং।
মতং হি জ্ঞানিনামেতদিদং ততং হি বিষ্ণুনা॥
তস্মান্মাত্রমিতি প্রোক্তং পরমো হরিরেব তু॥

শ্রীভগবদ্গীতাতেও লিখিত আছে—

"দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ।
ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে। ইত্যাদি

"তত্ত্বমস্যাদি" শ্রুতিও তাদাত্ম্যের সমর্থক নহে। এ সম্বন্ধে শ্রীমদানন্দতীর্থের আপত্তি এইরূপ—

আহ নিত্যপরোক্ষস্তু তচ্ছব্দোঽবিশেষিতঃ।
ত্বং শব্দশ্চাপরোক্ষার্থং তয়োরৈক্যং কথং ভবেৎ॥"

এই শ্রুতিতে "আদিত্য যূপবৎ" সাদৃশ্যমাত্র প্রদর্শিত হইয়াছে, তাদাত্ম্য সমর্থিত হয় নাই।

জীবের পরম ঐক্য হয়ত বুদ্ধিসারূপ্যমাত্র, অথবা একস্থান সন্নিবেশমাত্র, অথবা ব্যক্তিস্থানসম্বন্ধীয়। উহা প্রকৃত একতা নহে, এমন কি জীব যখন মুক্ত হয়, তখনও এই পার্থক্য থাকিয়া যায় যথা—

"জীবস্য পরমৈক্যঞ্চ বুদ্ধিসারূপ্যমেব বা।
একস্থাননিবেশো বা ব্যক্তিস্থানমপেক্ষ্য বা॥
ন স্বরূপৈকতা তস্য মুক্তস্যাপি বিরূপতঃ।
স্বাতন্ত্র্যপূর্ণান্নত্বাপারতন্ত্রে বিরূপতা॥" ইত্যাদি

মহোপনিষদেও ভেদশ্রুতি পরিলক্ষিত হয় যথা—

"যথা পক্ষী চ সূত্রঞ্চ নানাবৃক্ষরসা যথা।
যথা নদ্যঃ সমুদ্রাশ্চ শুদ্ধোদলবণে যথা॥
চারাপহার্য্যৌ চ যথা পুংবিষয়াবপি।
তথা জীবেশ্বরৌ ভিন্নৌ সর্ব্বদৈববিলক্ষণৌ॥
তথাপি সূক্ষ্মরূপত্বান্নজীবাৎ পরমোহরিঃ।
ভেদেন মন্দদৃষ্টীনাং দৃশ্যতে প্রেরকোঽপি সন্॥"

পূর্ণপ্রজ্ঞ বলেন, জগৎ যে মিথ্যা কুত্রাপি ইহার প্রমাণ পাওয়া যায় না। দ্বৈতবাদের প্রবর্ত্তক শ্রীমদানন্দ তীর্থ ও তৎপরবর্ত্তী তৎসম্প্রদায়ের পণ্ডিতগণ ন্যায়দর্শনের সাহায্যে দ্বৈতবাদের যুক্তিনিবহের পুষ্টিসাধন করিয়াছেন। ইহাঁরা বলেন, এই জগৎকে মিথ্যা বলা যাইতে পারে না। ইহাঁরা ন্যায়নির্ব্বাণ হইতে একটী নিত্যানিত্যের বিচার সিদ্ধান্ত দ্বারা এই উক্তির সপ্রমাণ করেন যথা—

"নিত্যমনিত্যভাবাদনিত্যনিত্যত্বোপপত্তের্নিত্যসম ইতি"

অর্থাৎ অনিত্যপদার্থ যে নিত্য ও অনিত্য এইরূপ অনিত্যের নিত্যতার প্রমাণ নিত্যসম। তর্করক্ষা নামক গ্রন্থ হইতেও এ বিষয়ের প্রমাণ উদ্ধৃত হইয়াছে যথা—

"ধর্ম্মস্য তদতদ্রূপবিকল্পানুপপত্তিতঃ।
ধর্ম্মিণস্তদ্বিশিষ্টত্বভঙ্গো নিত্যসমো ভবেৎ॥"

এইরূপ বহুল যুক্তিদ্বারা জগতের নিত্যত্ব ও অনিত্যত্ব

সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। ফলতঃ নৈয়ায়িকদের ন্যায় জগতের নিত্যতা প্রদর্শন করাই যে ইহাঁদের উদ্দেশ্য তাহাও মনে হয় না, কেননা ইহারা জগৎকে "ক্ষর" বা ক্ষয়শীল বলিয়া মনে করেন, কিন্তু তাহা হইলেও উহা যে মিথ্যা বা ব্রহ্ম হইতে অভিন্ন ইহা ইহাঁদের স্বীকৃত নহে। ইহাদের সিদ্ধান্তের সার কথা এই যে—

"সদাগমৈকবিজ্ঞেয়ং সমতীতক্ষরাক্ষরম্।
নারায়ণং সদা বন্দে নির্দ্দোষাশেষসদ্‌গুণম্॥"

নারায়ণ স্বতন্ত্র পদার্থ, নারায়ণ ভিন্ন অপর সকল পদার্থই অস্বতন্ত্র। এইরূপে ইহাঁরা দুই তত্ত্ব স্বীকার করেন। শ্রীরামানুজ সম্প্রদায় চিৎ ও অচিৎ এই উভয় জাতীয় পদার্থ-সমূহকেই ব্রহ্মতত্ত্বের অন্তর্ভূত বলিয়া মনে করেন। ইহাই তাঁহাদের তত্ত্বজ্ঞানের বিশিষ্টতা। এই উভয় সম্প্রদায়ই বৈষ্ণব। উপাসনা ও সাম্প্রদায়িক চিহ্নাদির যথেষ্ট পার্থক্য আছে। মায়াবাদশতদূষণী বা তত্ত্বমুক্তাবলী প্রভৃতি গ্রন্থে দ্বৈতবাদের সমর্থন ও অদ্বৈতবাদের খণ্ডন সম্বন্ধে বহুযুক্তি প্রদর্শিত হইয়াছে।

শৈবমত-সমর্থক একখানি ব্রহ্মসূত্রভাষ্য আমাদের দৃষ্টিগোচর হইয়াছে। এই ভাষ্যখানি শ্রীকণ্ঠাচার্য্যের প্রণীত। শ্রীকণ্ঠাচার্য্য শ্রীমৎশঙ্করাচার্য্যের পরবর্ত্তী সময়ের লোক। এমন কি শ্রীরামানুজের পরবর্ত্তী বলিয়াই আমাদের ধারণা। শ্রীকণ্ঠ রামানুজের বিচার-প্রণালী অবলম্বন করিয়াছেন। ইহাঁর সিদ্ধান্ত বিশিষ্টাদ্বৈত সিদ্ধান্ত অবলম্বনে সংস্থাপিত। ইহাঁর কৃত বেদান্তসূত্রভাষ্যের প্রথম সূত্রভাষ্যে ইনি যে ব্রহ্মতত্ত্বনিরূপণ করিয়াছেন, তাহা শ্রীমদ্‌রামানুজের সিদ্ধান্তেরই সুস্পষ্ট প্রতিধ্বনি। তদ্ যথা—

শ্রীকণ্ঠভাষ্য

"সকলচিদচিৎপ্রপঞ্চাকারপরশক্তিবিশিষ্টাদ্বিতীয়বৈভবস্য সকল-নিগমসাররহস্যনিধানস্য ভবশিবশর্ব্বপশুপতিপরমেশ্বরমহাদেব-রুদ্রশম্ভু প্রভৃতিপর্য্যায়বাচকশব্দসারপ্রকাশিতপরমমহিম-বিলাসস্য অশেষভূতনিখিলচেতনসমুপাসনানুগুণসমুদিতনিজপ্রসাদসমর্পিত-পুরুষার্থসার্থস্য পরব্রহ্মণঃ।"

ইহাতে স্পষ্টতঃই দেখা যাইতেছে যে ইনি বিশিষ্টাদ্বৈতবাদী, ভক্তিই এই মতের সাধনোপায়। ফলতঃ দক্ষিণভারতে শ্রীরামানুজের ভাষ্যের যথেষ্ট প্রাধান্য পরিলক্ষিত হয়। শ্রীকণ্ঠাচার্য্য শৈবসম্প্রদায়ের পণ্ডিত ছিলেন। তিনি শৈব-সম্প্রদায়ের বেদান্তসূত্রের ভাষ্যের অভাব অনুভব করিয়াই এই ভাষ্য রচনা করিয়াছেন। অনেকের মনে হইতে পারে যে শৈবসম্প্রদায়ের ভাষ্যে শঙ্করের অদ্বৈতবাদেরই সমর্থন হওয়া উচিত ছিল। শ্রীকণ্ঠ সে পথ অবলম্বন না করিলেন কেন? বলা বাহুল্য যে শঙ্করের অদ্বৈতবাদ মায়াবাদমাত্র। এই পথ অবলম্বন করিলে উপাস্য উপাসক সম্বন্ধ বিনষ্ট হইয়া যায়। সুতরাং পঞ্চোপাসকের সম্বন্ধে মায়াবাদ কেবল বিরুদ্ধ সিদ্ধান্ত উপস্থাপিত করে। শৈবভাষ্যকার শ্রীকণ্ঠ এইজন্য গ্রন্থাবতরণিকায় স্পষ্টতঃই বলিয়াছেন—

"ব্যাসসূত্রমিদং নেত্রং বিদুষাং ব্রহ্মদর্শনে।
পূর্ব্বাচার্য্যৈঃ কলুষিতং শ্রীকণ্ঠেন প্রসাদ্যতে॥"

আমরা শ্রীমাধবাচার্য্যবিরচিত সর্ব্বদর্শনসংগ্রহে যে শৈবদর্শন দেখিতে পাই, তাহা বিশিষ্টাদ্বৈত না হইলেও শঙ্করের অদ্বৈত-বাদের বিরোধী। উহাতে চিৎ ও অচিৎ পদার্থের নিত্যত্ব ও সত্যত্ব স্বীকৃত হইয়াছে। শৈবদর্শনে সাধারণতঃ তিন পদার্থ স্বীকৃত হইয়াছে—পতি (ঈশ্বর), পশু (আত্মা) ও পাশ (অচিৎ বা জড়)। জ্ঞানরত্নাবলীগ্রন্থেও ছয়পদার্থের উল্লেখ দেখিতে পাওয়া যায় যথা—

"পতিবিদ্যে তথাবিদ্যা পশুঃ পাশশ্চ কারণম্।
তন্নিবৃত্তাবিতি প্রোক্তাঃ পদার্থাঃ ষট্ সমাসতঃ॥"

অর্থাৎ ঈশ্বর, বিদ্যা, অবিদ্যা, আত্মা, পাশ ও কারণ।

শৈববেদান্তীরা বলেন—

"ত্রিপদার্থং চতুষ্পাদং মহাতন্ত্রং জগদ্‌গুরু।
সূত্রেণৈকেন সংক্ষিপ্য প্রাহ বিস্তরতঃ পুনঃ॥"

অর্থাৎ পতি, পশু ও পাশ এই ত্রিবিধ পদার্থ, এবং বিদ্যা-ক্রিয়া, যোগ ও চর্য্যা এই চারিটী পাদ। পশু বা জীবসমূহ অস্বতন্ত্র, পাশ বা জড়পদার্থগুলি অচিৎ সুতরাং পতি এই দুই প্রকার পদার্থ হইতে ভিন্ন। কিন্তু ভিন্ন হইলেও শৈববেদান্তীরা দ্বৈতবাদীর ন্যায় পৃথক্‌ত্ব সূচিত করেন নাই। বৈষ্ণবদের ন্যায় শৈববেদান্তীরাও ভগবদ্‌বিগ্রহের নিত্যত্ব মানিয়া থাকেন। ভগ-বদ্‌বিগ্রহ যে অপ্রাকৃত ইহা শৈববেদান্তিগণেরও স্বীকার্য্য যথা—

"পরমেশ্বরস্য হি মনঃকর্ম্মাদিপাশজালসম্ভবেন প্রাকৃতং শরীরং ন ভবতি কিন্তু শাক্তং শক্তিরূপৈরীশানাদিভিঃ পঞ্চভির্মন্ত্রৈর্মন্ত্র-কাদি কল্পনয়া স্বেচ্ছানির্ম্মিতং তচ্ছরীরং—ন চাস্মচ্ছরীরসদৃশম্। তদুক্তং মৃগেন্দ্রৈঃ—

"মনাদ্যসম্ভবাচ্ছক্তং বপুর্নৈতাদৃশং বিভোঃ।"

(সর্ব্বদর্শনসংগ্রহে শৈবদর্শন)

অর্থাৎ শ্রীভগবদ্দেহ মনকর্ম্মাদিপাশজাল দ্বারা উৎপন্ন নহে। উহা শক্তি ও মন্ত্ররূপ। কিন্তু উপাসনার জন্য তাঁহার আকারের প্রয়োজন। এই স্থলে তাহারও প্রমাণ প্রদত্ত হইয়াছে। যথা—

"আকারবাংস্ত্বং নিয়মাদুপাস্যো।
ন বস্ত্বনাকারমুপৈতি বুদ্ধিঃ॥"

অর্থাৎ আকার ভিন্ন তোমার উপাসনা চলে না। কেননা "নিরাকার", বুদ্ধির ধারণার অতীত।

ইতঃপূর্ব্বে শৈবমতে ব্রহ্মতত্ত্ব নিরূপিত হইয়াছে। জীবতত্ত্বের সম্বন্ধে এখন কিছু বলা প্রয়োজনীয়। শৈবদর্শন মতে জীব "পশু" বলিয়া উক্ত হইয়াছে। এই জন্যই শিব "পশুপতি" নামে খ্যাত। জীব অনণু ও ক্ষেত্রজ্ঞ।

বৃহদারণ্যক মতে ব্রহ্ম অনণু। শৈব দার্শনিক জীবকে অনণু আখ্যা প্রদান করিয়াছেন। ইহাঁরা চার্ব্বাকাদির ন্যায় দেহাত্মবাদী নহেন। নৈয়ায়িকগণের ন্যায় ইহাঁরা আত্মাকে প্রকাশ্য বলিয়াও মনে করেন না। কেননা তাহা হইলে অনবস্থাদোষ ঘটিয়া থাকে। ইহাঁরা আত্মাকে জৈনদের ব্যাপক বা বৌদ্ধদের ন্যায় ক্ষণিক বলিয়াও মনে করেন না। ইহাঁদের মতে জীবাত্মার লক্ষণ এইরূপ—

"চৈতন্যং দৃক্‌ক্রিয়ারূপং তদস্যাত্মনি সর্ব্বদা।
সর্ব্বতশ্চ যতো মুক্তৌ শ্রূয়তে সর্ব্বতোমুখম্॥"

শ্রীকণ্ঠভাষ্য হইতে শৈবদর্শনের বহুল তথ্য সংগৃহীত করা যাইতে পারে। শৈব সম্প্রদায়ের লোকেরা শ্রীকণ্ঠভাষ্য গ্রন্থখানিকে অতি প্রাচীন ভাষ্য বলিয়া মনে করেন। কেহ কেহ ইহাঁকে প্রাচীনতম ভাষ্য বলিয়াও প্রকাশ করিয়াছেন। কিন্তু গ্রন্থ পাঠ করিয়া আমাদের সেরূপ ধারণা হইল না। এই গ্রন্থখানি যে সুপ্রসিদ্ধ শ্রীরামানুজ আচার্য্যের পরে প্রণীত হইয়াছে, ইহাই আমাদের ধারণা। ইহার লিপি প্রণালী অতি প্রাঞ্জল ও পাণ্ডিত্যপূর্ণ। যুক্তি, শাস্ত্রীয় প্রমাণ ও সিদ্ধান্ত পরিপক্ক পণ্ডিতের পাণ্ডিত্যসম্মত। শ্রীমদ্দপ্যয়দীক্ষিতের শিবার্কমণিদীপিকা নাম্নী ইহার একখানি ব্যাখ্যা আছে। উহার ভাষা প্রাঞ্জল এবং গভীর গবেষণাসম্বলিত। শাঙ্করভাষ্যে গোবিন্দানন্দ,রামানুজভাষ্যে সুদর্শন, মধ্বভাষ্যে জয়তীর্থ, শ্রীকণ্ঠভাষ্যে অপ্যয়দীক্ষিত এবং নিম্বার্কভাষ্যে শ্রীশ্রীনিবাসাচার্য্য ভাষ্যব্যাখ্যা লিখিয়া দার্শনিক জগতে উচ্চস্থান অধিকার করিয়াছেন।

বৈষ্ণব সম্প্রদায়ের বেদান্তীদিগের মধ্যে নিম্বার্ক সম্প্রদায় ভেদাভেদবাদী। ইহাদের বেদান্তব্যাখ্যান দ্বৈতাদ্বৈতপর।

নিম্বার্ক সম্প্রদায় ভাষ্য

শ্রীরামানুজ যেমন বৌধায়ন বৃত্তি অবলম্বনে শ্রীভাষ্য করেন, চতুঃসন সম্প্রদায়ী প্রাচীন বৈষ্ণবাচার্য্য শ্রীমন্নিম্বার্কও সেইরূপ ঔড়ুলোমি প্রণীত বেদান্তসূত্রবৃত্তি অবলম্বনে বেদান্তপারিজাত সৌরভাষ্য ব্রহ্মসূত্রের এক বাক্যার্থ গ্রন্থ প্রণয়ন করেন। নিম্বার্ক সম্প্রদায়ের প্রকৃতভাষ্যগ্রন্থ শ্রীশ্রীনিবাস-আচার্য্য কৃত বেদান্তকৌস্তুভ। শ্রীনিবাস শ্রীমন্নিম্বার্কের শিষ্য। শ্রীনিবাসের বেদান্তকৌস্তুভ গ্রন্থখানি অসাধারণ পাণ্ডিত্যপূর্ণ। কেশবকাশ্মীরীর কৃত কৌস্তুভপ্রভা বৃত্তিখানি আরও বিস্তৃত এবং বহুল বিচারপূর্ণ গ্রন্থ। নিম্বার্ক সম্প্রদায়ের পরপক্ষগিরিবজ্র প্রভৃতি আরও বহুল পাণ্ডিত্যপূর্ণ বেদান্ত গ্রন্থ আছে। ইনি ইহার ব্যাখ্যারম্ভে লিখিয়াছেন ঃ—

"ভগবান্ বাসুদেবঃ পুরুষোত্তমঃ শ্রীকৃষ্ণঃ * * ভ্রান্তান্ স্বভক্তিজ্ঞানহীনান্ সঙ্কীর্ণমতীন্ জীবান্ বীক্ষ্য তেষু স্বজ্ঞানভক্তী দৃঢ়য়িতুম্ কৃষ্ণদ্বৈপায়নরূপেণ পরতত্ত্বপ্রকাশকং সমন্বয়াবিরোধসাধনফলাখ্যাধ্যায়চতুষ্টয়াত্মকং শারীরকমীমাংসাখ্যবেদান্তশাস্ত্রং সূত্রয়ামাস। তস্য ব্যাখ্যানং সুদর্শনাবতারঃ শ্রীনিম্বার্কাচার্য্যো বাক্যার্থরূপেণ বেদান্তপারিজাতসৌরভাখ্যং সংগৃহীতবান্। তদপি শঙ্করাবতারশ্রীশ্রীনিবাসাচার্য্যো বেদান্তকৌস্তুভাখ্যভাষ্যরূপেণ বিশদয়ামাস।"

অর্থাৎ ভগবান্ বাসুদেব পুরুষোত্তম শ্রীকৃষ্ণ ভ্রান্ত স্বভক্তিবিবর্জ্জিত জীবদিগের হৃদয়ে স্বীয়ভক্তি দৃঢ় করিবার জন্য কৃষ্ণদ্বৈপায়নরূপে পরতত্ত্বপ্রকাশক, সমন্বয়, অবিরোধসাধন ও ফল এই চতুরধ্যায়াত্মক বেদান্তসূত্র প্রকাশ করেন। সুদর্শনাবতার শ্রীমন্নিম্বার্ক বেদান্তপারিজাত নামে ইহার এক বাক্যার্থ প্রকাশ করেন। অতঃপর শঙ্করাবতার শ্রীশ্রীনিবাস আচার্য্য তাহার এক ভাষ্য রচনা করেন।

এই সম্প্রদায়ের গ্রন্থ পাঠে জানা যায়, ভগবান্ ঔড়ুলোমি ঋষিই দ্বৈতাদ্বৈতবাদের প্রবর্ত্তক। আমরা শ্রীনিবাস আচার্য্যের বেদান্তকৌস্তুভে দ্বৈতাদ্বৈতবাদের উল্লেখ দেখিতে পাই।

ইহাদের মতে তত্ত্ব ত্রিবিধ চিৎ, অচিৎ ও ব্রহ্ম। কিন্তু চিৎ ও অচিৎ ব্রহ্ম হইতে ভিন্ন হইয়াও অভিন্ন। যথা—

"ভোক্তা ভোগ্যং প্রেরিতারং চ মত্বা।
সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্ম এতৎ॥

ব্রহ্মের স্বরূপ এই যে, অচিন্ত্য, অনন্ত, নিরতিশয় স্বাভাবিক, বৃহত্তম, স্বরূপগুণাদির আশ্রয়ভূত, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তি, সর্ব্বেশ্বর, সর্ব্বকারণরূপ, সমানাতিশয়শূন্য, সর্ব্বব্যাপক, সর্ব্ববেদৈকবেদ্য শ্রীকৃষ্ণই পরম ব্রহ্ম। ইনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বেশ্বর। শ্রুতি বলেন—"পরাঽস্য শক্তি র্বিবিধৈব শ্রূয়তে। স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ॥" শ্রুতি আরও বলেন—

"তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং
তং দেবতানাং পরমঞ্চ দৈবতং।
ন তস্য কার্য্যং করণং চ বিদ্যতে
ন তৎ সমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে॥"

ইত্যাদি বহুতর শ্রুতির উল্লেখ করিয়া ভাষ্যকার পরব্রহ্মের স্বরূপ নির্দ্ধারণ করিয়া শ্রীকৃষ্ণকে উক্ত সংজ্ঞায় অভিহিত করিয়াছেন। বেদান্ত মতে জ্ঞানই এই ব্রহ্মসাক্ষাৎকারের উপায়। ধ্যান ধ্রুবাস্মৃতি ও পরাভক্তি প্রভৃতিই জ্ঞান শব্দের পর্য্যায়। শ্রবণ, মনন ও নিদিধ্যাসন তৎ প্রাপ্তির উপায়।

অতঃপর জীবের লক্ষণ বলা যাইতেছে। অচিদ্ বর্গ ভিন্ন জ্ঞানস্বরূপ, জ্ঞাতৃত্ব কর্তৃত্বাদি ধর্ম্মবিশিষ্ট, ভগবদায়ত্তস্বরূপস্থিতিপ্রকৃতিশীল, অণুপরিমাণ, প্রতিশরীরে ভিন্ন, মোক্ষার্হ চিৎপদার্থই জীব। যথা—

"জ্ঞানস্বরূপং চ হরেরধীনং
শরীরসংযোগবিয়োগযোগ্যম্।
অণুং হি জীবং প্রতিদেহভিন্নং
জ্ঞাতৃত্ববন্তং যদনন্তমাহুঃ॥
অনাদিমায়াপরিযুক্তরূপং
ত্বেনং বিদুর্বৈ ভগবৎ প্রসাদাৎ।
মুক্তং চ ভক্তং কিল বদ্ধমুক্তং
প্রভেদবাহুল্যমথাদি বোধ্যম্॥"

শ্রুতি বলেন—

"অণুর্হ্যেষ আত্মাহয়ং বা এতে সি নীতাঃ পুণ্যং পাপম্।"

ভাষ্যকার জীবসম্বন্ধে এইরূপ বহুল প্রমাণ উদ্ধৃত করিয়া জীবতত্ত্ববিনির্ণয় করিয়াছেন।

অতঃপর অচিৎ পদার্থের কথা বলিতেছেন—

অচিৎ পদার্থ ত্রিবিধ—প্রাকৃত, অপ্রাকৃত ও কাল। এই সকল অচেতন পদার্থ মায়া ও প্রধানাদি নামেও অভিহিত হইয়া থাকে। গুণত্রয়াশ্রয়ভূত দ্রব্য প্রাকৃত, ইহা নিত্য ও পরিণামাদিবিকারী। "অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং" শ্রুতিটীও গৃহীত হইয়াছে। ইত্যাদি প্রাকৃত অচিৎ পদার্থ। অপ্রাকৃত অচিৎ পদার্থের লক্ষণ এই যে, ইহা ত্রিগুণ প্রকৃতি ও কাল হইতে অত্যন্ত ভিন্ন ও অচেতন। প্রকৃতিমণ্ডলভিন্নদেশবৃত্তি, নিত্যবিভূতিবিশিষ্ট পরব্যোম, পরমপদ, ব্রহ্মলোকাদিই অপ্রাকৃত অচিৎ পদার্থ। এ সম্বন্ধে বহুল শ্রুতিস্মৃতিপ্রমাণ ভাষ্যকার শ্রীনিবাসাচার্য্য তদীয় গ্রন্থে উল্লেখ করিয়াছেন। এই সকল ধাম অপ্রাকৃত এবং কালের প্রভাবাতীত।

প্রাকৃত অপ্রাকৃত ভিন্ন আরও যে একটী অচিৎ দ্রব্যের উল্লেখ আছে, তাহার নাম কাল। এই কাল নিত্য ও বিভু। শ্রুতি বলেন, "অথ নিত্যানি হ বৈ পুরুষঃ, প্রকৃতিঃ, কালঃ॥"

এই ভাষ্যে কালের নিত্যতা সম্বন্ধে শ্রুতি ও স্মৃতির বহুল প্রমাণ প্রদত্ত হইয়াছে। ন্যায়দর্শনেও কাল নিত্য পদার্থরূপে আলোচিত হইয়াছে। সকল প্রাকৃত পদার্থই কালতন্ত্র।

এক্ষণে ভেদাভেদবাদের শ্রুতি প্রমাণ প্রদর্শিত হইতেছে।

ভেদাভেদ বাদের যুক্তি

ইহারা বলেন, ব্রহ্ম যে চিদচিৎ হইতে অভিন্ন শ্রুতিতে তাহারও যেমন প্রমাণ আছে, আবার ব্রহ্ম যে এই সকল হইতে ভিন্ন, তাহারও সেইরূপ প্রমাণ আছে। প্রথমতঃ অভিন্নতার প্রমাণ উদ্ধৃত করা হইয়াছে; যথা—

(১) সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্।
(২) আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ।
(৩) তত্ত্বমসি।
(৪) অয়মাত্মা ব্রহ্ম।
(২) ত্বং বা অহমস্মি ভগবো দেবতে।
(৬) তদাত্মানমেব বেদাহং ব্রহ্মাস্মি।

এই সকল বাক্য চিৎ ও অচিৎ পদার্থসমূহের ব্রহ্মতাদাত্ম্যেরই প্রমাণ। অর্থাৎ চিদচিৎ পদার্থসমূহ যে ব্রহ্ম হইতে অভিন্ন, এই সকল শ্রুতি দ্বারা তাহাই সপ্রমাণ হইতেছে। আবার অপর পক্ষে চিৎ ও অচিৎ পদার্থসমূহ যে ব্রহ্ম হইতে ভিন্ন, তন্নির্দ্দেশক শ্রুতিরও অভাব নাই। তাহা পূর্ব্বেও বলা হইয়াছে, যথা—

(১) অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণামিত্যাদি।
(২) ত্রিগুণং তজ্জগদ্‌যোনিরনাদিপ্রভবোঽপ্যয়ম্।
অচেতনা পরার্থা চ নিত্যা সততবিক্রিয়া।
(৩) তদধীনত্বাদর্থবৎ।
(৪) আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।
(৫) অণুর্হ্যেষ আত্মা।
(৬) অস্তি ত্বেব পরো ভূতাত্মা।
যোঽয়ং সিতাসিতৈঃ কর্ম্মফলৈরভিভূয়মানঃ॥
(৭) অথ নিত্যানি হ বৈ পুরুষঃ, প্রকৃতিঃ, কালঃ।

এইরূপ উভয়বিধ বাক্যসমূহের প্রামাণ্যে চিৎ ও অচিতের ভিন্নস্বরূপ হইলেও প্রাগুক্ত শ্রুতিসমূহের দ্বারা চিদচিৎ ও ব্রহ্মের অভিন্নত্বই সপ্রমাণ হইয়াছে। এই সকল উভয়বিধ শ্রুতিবাক্যের প্রতি দৃষ্টি রাখিয়া শ্রীমন্নিম্বার্কসম্প্রদায় নিম্নলিখিত সিদ্ধান্ত করিয়াছেন যথা :—

"এবং চোভয়বিধ-বাক্যানাং স্বার্থে প্রামাণ্যাৎ চিদচিদোর্ভিন্নস্বরূপয়োরপীন্দ্রিয়াণাং ভিন্নস্বরূপাণামপি "ন বৈ বাচো ন চক্ষূংষি ন মন ইত্যাচক্ষতে প্রাণ ইত্যেবাচক্ষতে" ইতি ছান্দোগ্যে প্রাণেন্দ্রিয়সংবাদে প্রসিদ্ধানাং প্রাণায়ত্তত্বাদেব প্রাণাভিন্নত্ববদ্‌ব্রহ্মায়ত্তস্থিতিপ্রবৃত্তিমত্ত্বেন ব্রহ্মাভিন্নত্বাচ্চিদচিদ্ "ভিন্নাভিন্নং জিজ্ঞাস্যং" ব্রহ্মসূত্রকারাভিমতম্।"

ইহার মর্ম্ম এই যে, ছান্দোগ্যের প্রাণেন্দ্রিয়সংবাদের প্রমাণে ব্রহ্ম ও চিদচিৎ পদার্থের ভিন্নত্ব ও অভিন্নত্ব উভয়বিধ প্রমাণই দেখিতে পাওয়া যায়। সুতরাং "ভিন্নাভিন্নজিজ্ঞাস্যই" ব্রহ্মসূত্রকারের অভিমত। ভাষ্যকার শ্রীনিবাসআচার্য্য বেদান্তের যে "বিষয়" নির্দ্দেশ করিয়াছেন, তাহাতেও এই ভেদাভেদ সূচিত হইয়াছে, তদ্‌যথা—

"বিষয়শ্চাস্য—ব্রহ্মাদিশব্দাভিধেয়ঃ সর্ব্বজ্ঞঃ স্বাভাবিকাচিন্ত্যা-

নন্তযাবদাত্মবৃত্তিগুণশক্ত্যাশ্রয়ো ব্রহ্মরুদ্রেন্দ্রপ্রকৃতিপরমাণুকাল-কর্ম্মস্বভাবাদিনিয়ন্তা দোষাস্পৃষ্টাসীমচিদচিৎস্বাভাবিকঃ"ভেদাভেদাশ্রয়ো"ভগবান্ বাসুদেবঃ শ্রীপুরুষোত্তমঃ।" অপিচ পরব্রহ্মনারায়ণ-বাসুদেবাদিশব্দাভিধেয়ঃ শ্রীকৃষ্ণঃ।"

এই সম্প্রদায়ের মতে ভেদাভেদাশ্রয় শ্রীকৃষ্ণই বেদান্তের বিষয় এবং শ্রীভগবদ্ভাবলক্ষণ মোক্ষই বেদান্তশাস্ত্রের প্রয়োজন। এই সম্প্রদায়ের গ্রন্থগুলির মধ্যে বহুল পাণ্ডিত্যপূর্ণ গ্রন্থ আছে, তন্মধ্যে "পরপক্ষগিরিবজ্র" গ্রন্থের নাম সবিশেষ উল্লেখযোগ্য। এই সম্প্রদায়ী শ্রীমৎশুকদেব নামক একজন মহাত্মা শ্রীমদ্ভাগবতের টীকা করিয়াছেন।

অতঃপর বিশুদ্ধাদ্বৈত সিদ্ধান্তের কথা বলা যাইতেছে। শ্রীমদ্‌বল্লভাচার্য্য স্বীয় মতে বেদান্তের ভাষ্য করেন। তাঁহার বেদান্তমত "বিশুদ্ধাদ্বৈতবাদ" নামে খ্যাত। তাঁহার কৃত ভাষ্যখানি "অণুভাষ্য" নামে পরিচিত।

বিশুদ্ধাদ্বৈতভাষ্য

কেবলাদ্বৈতবাদী শ্রীমৎ শঙ্করাচার্য্য, ব্রহ্মকে অত্যন্ত নির্ধর্ম্মক, নির্ব্বিশেষ, নিরাকার ও নির্গুণ বলিয়া সিদ্ধান্ত করেন। শ্রীবল্লভাচার্য্যসম্প্রদায়ীরা বলেন, কেবলাদ্বৈতবাদ বেদান্তসূত্রের শুদ্ধসিদ্ধান্ত নহে। কেননা, ব্রহ্মসূত্রকার ব্রহ্ম-স্বরূপ লক্ষণে লিখিয়াছেন, "সর্ব্বধর্ম্মোপপত্তেশ্চ" "সর্ব্বোপেতা চ তদ্দর্শনাৎ"। এইরূপ সূত্রসমূহে জানা যায় যে ব্রহ্ম নির্ধর্ম্মক, নির্ব্বিকার ও নির্ব্বিশেষ নহেন। কেবলাদ্বৈতবাদ ব্রহ্মসূত্রের বিশুদ্ধ সিদ্ধান্ত হইতে পারে না। ব্রহ্ম যে এক ও অদ্বৈত তাহাতে এই সম্প্রদায়ের কোন মতদ্বৈধ নাই, কিন্তু শঙ্করাচার্য্যের অদ্বৈত-বাদ সূত্রসম্মত নহে, তাঁহার অদ্বৈতবাদও শুদ্ধ নহে, সুতরাং শঙ্করের অশুদ্ধ কেবলাদ্বৈতবাদ খণ্ডন করিয়া বিশুদ্ধাদ্বৈতবাদ সংস্থাপন করাই এই সম্প্রদায়ের অভিপ্রায়। শ্রীমদ্‌বল্লভাচার্য্য স্বীয় ভাষ্যে ব্রহ্মের সর্ব্বধর্ম্মবত্ত্ব, বিরুদ্ধসর্ব্বধর্ম্মাশ্রয়ত্ব, ব্রহ্মসর্ব্বকর্তৃত্ব, ব্রহ্মগতবৈষম্য, নৈর্ঘৃণ্যদোষপরিহার, ব্রহ্ম হইতে জগতের অনন্যত্ব, অক্ষর ব্রহ্মরূপ, জীবস্বরূপ, জীবের নিত্যতা, জীবের জ্ঞাতৃত্ব, জীবের পরিণাম, জীবের কর্তৃত্ব ভোক্তৃত্ব, জীবের অংশত্ব, জীবব্রহ্মের অভেদত্ব, জগৎসত্যত্ব, জগৎ-সংসারভেদ, অবিকৃত পরিণামবাদ, আবির্ভাব-তিরোভাববাদ, ভক্তিসাধনত্ব ও পুষ্টিমার্গ প্রভৃতি বিষয়ের আলোচনা করিয়াছেন।

ইহাঁদের মতে পরব্রহ্ম সর্ব্বধর্ম্মবিশিষ্ট, সচ্চিদানন্দ, ব্যাপক, অব্যয়, সর্ব্বশক্তিমৎ, স্বতন্ত্র, সর্ব্বজ্ঞ, নির্গুণ (অর্থাৎ প্রাকৃত ধর্ম্মরহিত) দেশকাল-বস্তু-স্বরূপ এই চারি-প্রকার পরিচ্ছেদরহিত। 'স্বজাতি-বিজাতীয়-স্বগতভেদ-বিবর্জ্জিত, অন্তর্য্যামী, অনন্ত স্বাভাবিকগুণবিশিষ্ট মায়াধীশ। অভিন্ননিমিত্তকারণোপাদানস্বরূপ, নিরাকার (লৌকিক-প্রাকৃতআকাররহিত, কিন্তু সচ্চিদানন্দমূর্ত্তি, আনন্দাকার, রসাকার, (শ্রুতি বলেন—"আনন্দমাত্রকরপাদ-মুখোদরাদি") বিরুদ্ধসর্ব্ব-ধর্ম্মাশ্রয়, যেমন শ্রুতি একবার বলিতেছেন "যতো বাচা নিবর্ত্তন্তে, অপ্রাপ্য মনসা সহ", আবার অপরপক্ষে বলিতেছেন, "আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন"। ব্রহ্ম নির্ধর্ম্মক হইয়াও সধর্ম্মক, নিরাকার হইয়াও সাকার, নির্ব্বিশেষ হইয়াও সবিশেষ, নির্গুণ হইয়াও সগুণ, আত্মারাম হইয়াও রমণ, শিশু হইয়াও রসিকশেখর, ইত্যাদি; তাঁহার সমান বা অধিক কেহই নাই, অথচ তিনি "সমো মশকেন সমো নাগেন"), ব্রহ্ম সর্ব্বময়। শুদ্ধাদ্বৈতসিদ্ধান্ত মতে ঈশ্বরের কর্তৃত্ব মায়াকৃত নহে, আরোপিতও নহে—উহা স্বকীয় পূর্ণ-মাহাত্ম্যপ্রদর্শনমাত্র। নির্গুণ ব্রহ্মের জগৎকর্তৃত্ব অসম্ভব, সগুণব্রহ্ম পরতঃ, পর-তন্ত্রেরও কর্তৃত্ব থাকিতে পারে না। উহাতে ব্রহ্মের স্বতন্ত্রতার হানি হয়।

ব্রহ্মলক্ষণ.

"বহু স্যাম্ প্রজায়েয়" "সহ এতাবান্ আস" "তৎ আত্মানং স্বয়মকুরুত" "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" প্রভৃতি শ্রুতি দ্বারা সপ্রমাণ হইতেছে যে, ব্রহ্মের সর্ব্বকর্তৃত্ব আছে, বেদান্তও তাহাই বলিতেছেন "জন্মাদ্যস্য যতঃ"। শ্রীভগবদ্গীতায় লিখিত হইয়াছে, "অহং সর্ব্বস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা" এই সকল প্রমাণেই ব্রহ্মের কর্তৃত্ব উপদিষ্ট হইয়াছে।

বিশুদ্ধাদ্বৈত ভাষ্যে জীবকে চিৎকণ বলিয়া অভিহিত করা হইয়াছে। জীব অতি সূক্ষ্ম, পরিচ্ছিন্ন, চিৎপ্রধান, ও আনন্দ স্বরূপ। কিন্তু মায়ার অনাদিপ্রভাবে বদ্ধজীব আনন্দস্বরূপত্ব হারাইয়া সংসারক্লেশে নিপতিত। ইহা হইতেই জীবের দীনতা,

জীবতত্ত্ব

ইহা হইতেই জীবের দুঃখ, ইহা হইতেই জীবের দেহাদিতে অহংবুদ্ধি ঘটিয়াছে। জীব নিত্য, ইহার অনিত্যতা অলীক। শ্রুতি বলেন,"অয়মাত্মা অজড়ঃ অমরঃ" জীব জ্ঞাতা। "জ্ঞঃ অতঃ এবচ" এই সূত্রে আত্মার জ্ঞাতৃত্ব আলোচিত হইয়াছে। মায়াবাদীরা জীবকে ব্রহ্ম বলিয়া মনে করেন, ইঁহাদের মতে জীব বিভু। কিন্তু বিশুদ্ধাদ্বৈতবাদিগণ জানেন যে জীব অণু। জীবের উৎক্রান্তি, গতি, আগতি প্রভৃতির কথা শাস্ত্রে বহুল আলোচিত হইয়াছে। জীবের কর্তৃত্ব ভোক্তৃত্ব ও জীবাংশত্ব প্রভৃতি বিশুদ্ধাদ্বৈতবাদে সুস্পষ্টরূপে স্বীকৃত হইয়াছে। কিন্তু মনে রাখিতে হইবে যে বিশুদ্ধাদ্বৈতবাদ বৈষ্ণব-সম্প্রদায়ের বেদান্তসিদ্ধান্ত হইলেও ইহা প্রকারান্তরে অদ্বৈতবাদ। ইহাতে জীব ও ব্রহ্মের অভেদ কল্পিত হইয়াছে। ব্রহ্ম চিৎ ও পূর্ণপ্রকটানন্দ, আর জীব তিরোহিতানন্দ। তিরোহিতানন্দ হইলেও শুদ্ধজীব ও ব্রহ্ম বস্তুতঃ একই পদার্থ। বিশুদ্ধাদ্বৈত মতে জীবব্রহ্মে অভেদ স্বীকৃত হইয়াছে।

শ্রীমৎ শঙ্করের মায়াবাদে জগৎ মিথ্যা বলিয়া প্রকল্পিত হইয়াছে। বিশুদ্ধাদ্বৈতবাদের সিদ্ধান্ত এপক্ষে তাহার বিপরীত।

জগৎসত্যত্ব

বিশুদ্ধাদ্বৈতবাদীরা বলেন জগৎ সত্য ও নিত্য। জগৎ ভগবদ্রূপ ও ভগবান্ হইতে অনন্য। এ সম্বন্ধে ইহারা "ভাবে চ উপলব্ধেঃ" এই ব্রহ্মসূত্র প্রমাণস্বরূপ গ্রহণ করেন। এতদ্ব্যতীত উঁহাদের আরও অনেকগুলি শ্রৌত প্রমাণ আছে যথা—

(১) সদেব সৌম্য ইদমগ্র আসীৎ।

(২) যদিদং কিঞ্চ তৎ সত্যমিতি আচক্ষতে।

(৩) অসদ্বা ইদমগ্র আসীৎ।

(৪) পূর্ণমিদং পূর্ণমদঃ ইত্যাদি।

(৫) তদেতদক্ষয়ং নিত্যং জগৎ।

এই সকল শ্রুতিদ্বারা জগৎ নিত্য ও সত্য বলিয়া স্থিরীকৃত হইয়াছে। ইঁহাদের মতে ভক্তিই পরমতত্ত্ব শ্রীকৃষ্ণ সাক্ষাৎকারের সাধন। ফলতঃ শ্রীমদ্রামানুজের বিশিষ্টাদ্বৈতবাদের সহিত এই সম্প্রদায়ের মতপার্থক্য এই যে বিশিষ্টাদ্বৈতবাদীরা স্থূল ও সূক্ষ্ম অচিৎ পদার্থগুলিকে অচিৎ বলিয়া স্বীকার করিয়া থাকেন এবং প্রলয়েও উহারা সূক্ষ্মাকারে অচিদ্ভাবেই বর্ত্তমান থাকে, স্থূল ও সূক্ষ্ম জীব সম্বন্ধেও সেই কথা। কিন্তু বিশুদ্ধাদ্বৈতবাদ এই দুই পদার্থকেও ব্রহ্মের অভেদ বলিয়াই মানেন। শ্রীরামানুজীয়গণের কেবল ব্রহ্মের পূর্ণত্ব ও অখণ্ডত্ব গ্রাহ্য নহে। কিন্তু বিশুদ্ধাদ্বৈতবাদীদের জীব ও জগৎ পৃথক্‌রূপে নিত্যও সত্য বলিয়া প্রকল্পিত হইলেও ব্রহ্ম হইতে অভিন্ন বলিয়াই স্বীকৃত হইয়া থাকে। ইঁহারা রামানুজীয়গণের ন্যায় জীব ও জগৎকে ব্রহ্মের শরীর বলিয়া মনে করেন না, ব্রহ্মের অভেদ এক এক প্রকার নিত্য সত্য পদার্থ বলিয়া মনে করেন। বিশিষ্টাদ্বৈতবাদীরা সালোক্যাদি চতুর্ব্বিধ ভেদাত্মক মোক্ষ স্বীকার করেন। কিন্তু বিশুদ্ধাদ্বৈতবাদীরা অভেদাত্মক সাযুজ্যমোক্ষও অস্বীকার করেন।

এইরূপে ভারতবর্ষের ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের সুপণ্ডিতাগ্রগণ্য সম্প্রদায়-প্রবর্ত্তক আচার্য্যগণ ব্রহ্মসূত্রের ভাষ্য প্রণয়ন করিয়া স্বীয় স্বীয় সম্প্রদায়ের দার্শনিকভিত্তি প্রতিষ্ঠিত করিলেন। বিশুদ্ধাদ্বৈত মত প্রবর্ত্তনের প্রায় সমসময়েই বঙ্গদেশে ধর্ম্মভাবের এক অভিনব বিশাল তরঙ্গের আবির্ভাব হইল। নদীয়ার

অচিন্ত্য ভেদাভেদবাদ ও গোবিন্দভাষ্য।

শ্রীগৌরচন্দ্র নিমাই এই তরঙ্গের প্রবর্ত্তক। পুরাতনে ও নূতনে, একেতে ও বহুতে, অনুকূলে ও প্রতিকূলে এক অচিন্ত্য অদ্ভুত সামঞ্জস্য বিধান সংস্থাপন করেন। পাঠকবর্গ শ্রীশঙ্করের অদ্বৈতবাদ, শ্রীরামানুজের বিশিষ্টাদ্বৈতবাদ, শ্রীমন্মধ্বমুনির দ্বৈতবাদ, শ্রীমন্নিম্বার্কের ভেদাভেদবাদ ও শ্রীমদ্‌বল্লভাচার্য্যের বিশুদ্ধাদ্বৈতবাদের কথা শুনিয়াছেন। এখন এস্থলে আমরা শ্রীগৌরাঙ্গমহাপ্রভুর অচিন্ত্য-ভেদাভেদবাদের যৎকিঞ্চিৎ পরিচয় প্রদান করিয়া এ প্রবন্ধের উপসংহার করিতেছি। অবতারী শ্রীগৌরাঙ্গমহাপ্রভু সম্প্রদায়-প্রবর্ত্তক অন্যান্য আচার্য্যদের ন্যায় নিজে বেদান্তভাষ্য প্রণয়ন করেন নাই, সে কার্য্যও তাঁহার নহে, ভাষ্য-প্রণয়ন করার প্রয়োজনীয়তাও তৎকালের ভক্ত-সমাজে অনুভূত হয় নাই। শ্রীমহাপ্রভুর মতে শ্রীমদ্ভাগবতই বেদান্তসূত্রের অকৃত্রিম ভাষ্য বলিয়া গৃহীত।

গরুড়পুরাণে লিখিত আছে :—

"অর্থোঽয়ং ব্রহ্ম-সূত্রাণাং ভারতার্থবিনির্ণয়ঃ।
গায়ত্রীভাষ্যরূপোঽসৌ বেদার্থপরিবৃংহিতঃ॥

শ্রীপাদ শ্রীজীব গোস্বামী শ্রীমদ্ভাগবতের ক্রমসন্দর্ভটীকায় উক্ত শ্লোকের ব্যাখ্যায় লিখিয়াছেন—

"ব্রহ্মসূত্রাণামর্থঃ—তেষামকৃত্রিমভাষ্যভূতঃ ইত্যর্থঃ, তস্মাৎ তদ্‌ভাষ্যভূতে স্বতঃসিদ্ধে তস্মিন্ সত্যর্ব্বাচীনমন্যদন্যদ্ভাষ্যং স্বস্বকপোলকল্পিতং, তদনুগতমেবাদরণীয়মিতি গম্যতে।"

অর্থাৎ শ্রীভাগবতই ব্রহ্মসূত্রসমূহের অকৃত্রিম ভাষ্যভূত। সুতরাং এই স্বতঃসিদ্ধ ভাষ্যভূত শ্রীমদ্ভাগবতের সমক্ষে অন্যান্য ভাষ্য স্বকপোলকল্পিতমাত্র, কিন্তু শ্রীভাগবতের অনুগত ভাষ্যমাত্রই আদরণীয়।

এই নিমিত্ত শ্রীমহাপ্রভুর পার্শ্বচর ভক্তগণ বেদান্তসূত্রের ভাষ্য প্রণয়ন করিতে প্রয়াসী হন নাই। কিন্তু শ্রীমহাপ্রভু তৎসময়ের প্রধানতম বেদান্তিগণের সমক্ষে সর্ব্বত্রই বেদান্তের অভিনব সিদ্ধান্ত অচিন্ত্য-ভেদাভেদবাদ প্রচার করিয়াছিলেন। কাশীধামে মায়াবাদী পণ্ডিতগণের সর্ব্বপূজ্যগুরু শ্রীমৎপ্রকাশানন্দ সরস্বতী, নবদ্বীপের অদ্বিতীয় সর্ব্বদর্শনবিৎ নৈয়ায়িক পণ্ডিত শ্রীমদ্বাসুদেব সার্ব্বভৌম প্রভৃতি সকলেই বেদান্তসূত্রের অভিনব ব্যাখ্যা ও সিদ্ধান্ত শ্রবণ করিয়া শ্রীগৌরাঙ্গের অমানুষী প্রতিভার মহামন্ত্রে বিমুগ্ধ হইয়াছিলেন এবং তাঁহার শ্রীচরণে আত্মসমর্পণ করিয়া জীবনের সাফল্যানুভব করিয়াছিলেন।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের স্বীকৃত বেদান্তসিদ্ধান্ত শ্রীবৃন্দাবনে শ্রীপাদ সনাতনাদি গোস্বামিবর্গ স্বীয় স্বীয় গ্রন্থে সামান্যাকারে সন্নিবিষ্ট করিয়া রাখিয়াছেন। শ্রীপাদ শ্রীজীব গোস্বামিকৃত শ্রীভাগবতের ক্রমসন্দর্ভটীকায় এবং তৎকৃত ষট্‌সন্দর্ভে কিয়ৎ-

জনশ্রুতি এই যে অবশেষে বাঞ্ছাকল্পতরু স্বয়ং ভগবান্ শ্রীগোবিন্দ এই অভাব পূরণ করিয়া একশ্রেণীর ভক্তবিশেষের চিত্ত পরিতৃপ্ত করেন। কিরূপে এই সম্প্রদায়ের পণ্ডিত বৈষ্ণবগণের আকাঙ্ক্ষা পূর্ণ হয়, তৎসম্বন্ধে একটা জনশ্রুতি আছে তদ্‌যথা—

শ্রীমদ্‌বলদেব বিদ্যাভূষণ মহাশয়ের সহিত পশ্চিমাঞ্চলে কোনও সময়ে মায়াবাদী জনৈক পণ্ডিতের বেদান্ত বিচার হয়। বিদ্যাভূষণ মহাশয়ের যুক্তিতে উক্ত পণ্ডিত পরাস্তপ্রায় হইয়া পড়িলেন। তখন তিনি জয়লাভের কোনও আশা না দেখিয়া একটী অকিঞ্চিৎকর আপত্তি উত্থাপন করিলেন। তিনি বলিলেন আপনার এই যুক্তি কোন্ সম্প্রদায়সম্মত? আপনি কি আমাকে ভাষ্য দেখাইতে পারেন? ভাষ্য না দেখাইলে আপনার মুখের কথায় আমি এই সকল যুক্তি স্বীকার করিয়া লইতে পারি না। শ্রীমদ্‌বলদেব বলিলেন, আমি এক মাসের মধ্যে আপনাকে আমাদের সম্প্রদায়ের ভাষ্য দেখাইব। এই বলিয়া তিনি শ্রীবৃন্দাবনের অধিষ্ঠাতৃদেব শ্রীশ্রীগোবিন্দজীউর নিকটে প্রাণপণে ভাষ্য ভিক্ষা করেন। শ্রীগোবিন্দজীউ স্বপ্নযোগে শ্রীমদ্‌বলদেবকে "বিদ্যাভূষণ" উপাধি দিয়া একমাসের মধ্যে ভাষ্য প্রণয়ন করান। শ্রীমদ্‌বলদেব একমাসের মধ্যে শ্রীগোবিন্দের কৃপায় ভাষ্য রচনা করিয়া উক্ত পণ্ডিতকে ভাষ্য দেখাইয়া স্বীয় অঙ্গীকার রক্ষা করেন। এই নিমিত্ত এই ভাষ্য শ্রীগোবিন্দভাষ্য নামে খ্যাত। ভাষ্যারম্ভে গ্রন্থকার সর্ব্বপ্রথমে শ্রীগোবিন্দকে প্রণাম করিয়াছেন এবং গ্রন্থোপসংহারে লিখিয়াছেন—

"বিদ্যারূপং ভূষণং মে প্রদায়
খ্যাতিং নিন্যে তেন যো মামুদারঃ।
শ্রীগোবিন্দঃ স্বপ্ননির্দ্দিষ্টভাষ্যো
রাধাবন্ধুর্বন্ধুরঙ্গঃ স জীয়াৎ॥"

অর্থাৎ যে উদার পুরুষ আমাকে বিদ্যারূপ ভূষণ প্রদান করিয়া তদ্দ্বারা জগতে আমাকে প্রখ্যাত করিয়াছেন এবং যিনি স্বপ্নে এই ভাষ্য নির্দ্দেশ করিয়াছেন, সেই ত্রিভঙ্গভঙ্গিম শ্রীরাধাবন্ধু শ্রীগোবিন্দ জয়যুক্ত হউন। এই পদ্যের ব্যাখ্যায় এই ভাষ্যের টীকাকার (সম্ভবতঃ স্বয়ং গ্রন্থকারই টীকাকার) লিখিয়াছেন—

"গোবিন্দনিরূপকত্বাৎ গোবিন্দেন প্রয়োজকেন সিদ্ধত্বাদ্বা গোবিন্দভাষ্যমিত্যুক্তমিতি।"

অর্থাৎ এই ভাষ্য শ্রীগোবিন্দতত্ত্বনিরূপক, অথবা গোবিন্দই ইহার প্রয়োজক এইরূপ অর্থে এই গ্রন্থ গোবিন্দভাষ্য নামে খ্যাত। টীকাকার গ্রন্থারম্ভেও লিখিয়াছেন—

"ভাষ্যমেতদ্বিরচিতং বলদেবেন ধীমতা।
শ্রীগোবিন্দনিদেশেন গোবিন্দাখ্যমগাত্ততঃ॥

অপিচ—

ভাষ্যং যস্য নিদেশাদ্‌রচিতং বিদ্যাভূষণেনেদম্।
গোবিন্দঃ সঃ পরমাত্মা মমাপি সূক্ষ্মং করোত্বস্মিন্॥"

কি প্রকারে শ্রীগোবিন্দভাষ্য প্রণীত ও প্রকাশিত হইল এই সকল শ্লোক দ্বারা তাহার কিঞ্চিৎ পরিচয় দেওয়া হইয়াছে। এই ভাষ্যে বেদান্ত-তাৎপর্য্য কিরূপ প্রণালীতে আলোচিত হইয়াছে তাহার কিঞ্চিৎ সংক্ষিপ্ত বিবরণ প্রকাশ করা যাইতেছে।

শ্রীগোবিন্দভাষ্যে ঈশ্বর, জীব, প্রকৃতি, কাল ও কর্ম্ম এই পঞ্চতত্ত্ব স্বীকৃত হইয়াছে। এই ভাষ্যের সিদ্ধান্তানুসারে (১) শ্রীকৃষ্ণই পরতম বস্তু যথা—

"হেতুত্বাদ্বিভুচৈতন্যানন্দত্বাদিগুণাশ্রয়াৎ।
নিত্যলক্ষ্ম্যাদিমত্তাচ্চ কৃষ্ণঃ পরতমো মতঃ॥"

এই শ্রীকৃষ্ণ মূর্ত্তিমান্ বিগ্রহ, অশেষ কল্যাণগুণ ও শক্তিশালী। ইনি মূর্ত্তিমান্ হইলেও ইহার বিভুত্বের কোন হানি হয় না। যেহেতু তিনি সচ্চিদানন্দবিগ্রহ। মুণ্ডক উপনিষৎ হইতে ইহার প্রমাণ প্রদর্শিত হইয়াছে। (২) তিনি নিখিলনিগমবেদ্য, (৩) এই বিশ্বসত্য, (৪) ব্রহ্ম ও বিশ্বে ভেদ ও সত্য (৫) জীব অণু-চৈতন্যবিশেষ; জীব সত্য, নিত্য ও শ্রীকৃষ্ণের দাস, (৬) জীবের সাধনগত ভেদ অর্থাৎ জীবে জীবভেদ অবশ্য স্বীকার্য্য, (৭) শ্রীকৃষ্ণ চরণপ্রাপ্তিই মোক্ষ, (৮) পরা ভক্তিই শ্রীভগবৎপ্রাপ্তির উপায়, (৯) প্রত্যক্ষ অনুমান ও শব্দ এই তিনটীই ইহাঁদের প্রমাণরূপে স্বীকৃত।

শ্রীগোবিন্দভাষ্যে উক্ত পাঁচটী তত্ত্ব এবং এই ৯টী প্রমেয় স্বীকৃত হইয়াছে। শ্রীমদ্‌বলদেব যদিও মধ্বাচার্য্যের দার্শনিক মতেরই অনুসরণ করিয়াছেন, কিন্তু ইহাঁর ভাষ্যেও ভেদাভেদবাদের নিদর্শন প্রদর্শিত হইয়াছে। জীব চিদংশে ব্রহ্ম-বস্তুর অভিন্ন; আবার অপরপক্ষে শ্রুতিশাস্ত্রের উপক্রমে উপসংহার প্রভৃতির পর্য্যালোচনায় জীবে ও ঈশ্বরে যে যথেষ্ট ভেদ আছে তাহাও সপ্রমাণ করা হইয়াছে। জগৎ সম্বন্ধেও এইরূপ ভেদাভেদ প্রদর্শিত হইয়াছে। শ্রীমন্নিম্বার্ক সিদ্ধান্তে যে ভেদাভেদবাদ স্বীকৃত হইয়াছে ইতঃপূর্ব্বেই তাহার উল্লেখ করা হইয়াছে। কিন্তু শ্রীগৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের ভেদাভেদবাদ নিম্বার্ক সম্প্রদায়ের ভেদাভেদবাদ হইতে পৃথক্। এই ভেদাভেদবাদ "অচিন্ত্য ভেদাভেদবাদ" বলিয়া অভিহিত হইয়াছে। শ্রীমদ্‌বলদেব শ্রীগোবিন্দভাষ্যে লিখিয়াছেন—

"অথ জগজ্জন্মাদিহেতুঃ পুরুষোত্তমোঽবিচিন্ত্যত্বাদ্‌বেদান্তেনৈব বোধ্যো নতু তর্কৈঃ"

পুরুষোত্তম যেমন অবিচিন্ত্য, ভেদাভেদও তেমনি অচিন্ত্য। শ্রীমদ্‌বলদেব নিম্নলিখিত বেদান্তসূত্রগুলি হইতে ভেদবাদের বিচার করিয়াছেন, যথা (১।১।১৬), (১।১।১৭), (১।১।২১), (১।৩।৫),

(১।৩২) ইত্যাদি। এই সকল সূত্রে দ্বৈতমতের সমর্থন করা হইলেও গৌড়ীয় বৈষ্ণবগণ দ্বৈতমতাবলম্বী নহেন। ইঁহারা অচিন্ত্য ভেদাভেদবাদী। গৌড়ীয় বৈষ্ণবগণের বেদান্তসিদ্ধান্তের সার মর্ম্ম শ্রীচৈতন্যচরিতামৃতের স্থানে স্থানে স্পষ্টরূপে প্রকাশিত হইয়াছে। উক্ত গ্রন্থের আদি লীলার সপ্তম অধ্যায়ে, মধ্যলীলার ষষ্ঠ অধ্যায়ে এবং বিংশ অধ্যায়ে এ সম্বন্ধে সবিশেষ আলোচনা দেখিতে পাওয়া যায়। শ্রীজীবগোস্বামিকৃত ষট্‌সন্দর্ভে এই সিদ্ধান্ত সম্বন্ধে ভূয়সী আলোচনা পরিলক্ষিত হয়।

শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিত আছে—

"জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস।
কৃষ্ণের তটস্থা শক্তি ভেদাভেদ প্রকাশ॥
সূর্য্যাংশ কিরণ যৈছে অগ্নিজ্বালাচয়।
স্বাভাবিক কৃষ্ণের তিন শক্তি হয়॥"

সূর্য্য ও উহার কিরণ এবং অগ্নিও উহার স্ফুলিঙ্গ ভেদাভেদবাদের উদাহরণ স্বরূপ গৃহীত হইয়াছে। এই শক্তি সকল অচিন্ত্য যথা বিষ্ণুপুরাণে—

"শক্তয়ঃ সর্ব্বভাবনামচিন্ত্যজ্ঞানগোচরাঃ"

এই অচিন্ত্যশক্তির প্রভাব এবং কার্য্যাদিও প্রকৃত পক্ষেই অচিন্ত্য। শ্রীভগবানের অচিন্ত্যশক্তিই পরিণামবাদের হেতু। এই পরিণামবাদই গৌড়ীয় বৈষ্ণবগণের স্বীকার্য্য সিদ্ধান্ত। জীব নিত্য ও ভগবদ্দাস, শ্রীকৃষ্ণপ্রেমলাভই জীবের প্রয়োজন। পরাভক্তি বা প্রেমভক্তি উহার সাধন।

এই সম্প্রদায়ের বেদান্ত-মতের উল্লিখিত কথাগুলি আরও একটু প্রস্ফুট করা যাইতেছে। শ্রদ্ধালু ব্যক্তিই বেদান্ত অধিকারী, সচ্চিদানন্দময় শ্রীকৃষ্ণই ইহার উদ্দেশ্য, ভক্তিই তৎপ্রাপ্তির উপায়, সর্ব্ববেদান্তসার শ্রীমদ্ভাগবতাদি উহার বাচক গ্রন্থ, শ্রীকৃষ্ণসাক্ষাৎকারজনিত প্রেমই উহার মুখ্য প্রয়োজন। ইহাই বেদান্তশাস্ত্রের অনুবন্ধ চতুষ্টয়। শ্রীভগবৎসন্দর্ভ বা ক্রমসন্দর্ভে লিখিত হইয়াছে যে পরব্রহ্ম উপাসকের যোগ্যতা অনুসারে আবির্ভাব ভেদে ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্ শব্দে অভিহিত হন। ব্রহ্ম নির্ব্বিশেষ, অর্থাৎ বিশেষণপ্রকাশশূন্যসত্তামাত্র আবির্ভাব, পরমাত্মা, মায়া-শক্তি প্রচুর বিচ্ছক্ত্যংশবিশিষ্ট সবিশেষ আবির্ভাব। ক্রমোৎকর্ষদ্যোতনের নিমিত্তই "ব্রহ্ম আত্মা ও ভগবান্" ইত্যাকার পদবিন্যাস করা হইয়াছে। শ্রীভগবানেই আবির্ভাবের চরমোৎকর্ষ ও পরমবিকাশ। শ্রীকৃষ্ণই স্বয়ং ভগবান্। অপর সমস্তই শ্রীকৃষ্ণের বিভূতি বা ঐশ্বর্য্য। শ্রীকৃষ্ণাখ্য পরম ব্রহ্ম, স্বরূপে, স্বরূপবৈভবরূপে, তটস্থ বৈভবরূপে ও মায়া বৈভবরূপে বিরাজ করেন। অন্তরঙ্গা, বহিরঙ্গা ও তটস্থাভেদে শ্রীকৃষ্ণশক্তি ত্রিবিধা। শ্রীকৃষ্ণের যে শক্তি নিজ স্বপ্রকাশতালক্ষণ বৃত্তিবিশেষ দ্বারা শ্রীভগবৎস্বরূপকে, শ্রীভগবানের স্বরূপ সকলকে এবং শ্রীভগবানের স্বরূপঅংশসমূহকে প্রকাশিত করেন, তাহাই অন্তরঙ্গা শক্তি। তাঁহার যে শক্তি নিজ মায়া প্রকাশ্যতালক্ষণ বৃত্তিবিশেষ দ্বারা আপনাকে প্রকাশ করে, উহাই শক্তি নামে অভিহিত। তাঁহার যে শক্তি জীবমোহকতালক্ষণ বৃত্তিবিশেষদ্বারা আপনাকে প্রকাশ করে, তাহাই বহিরঙ্গা শক্তি। শ্রীকৃষ্ণ পরিপূর্ণ সর্ব্বশক্তিসমন্বিত।

জীব সকল স্বরূপতঃ সচ্চিদানন্দময় হইয়াও নিজের অণুত্বনিবন্ধন অনাদি বৃহৎ পরতত্ত্ববিষয়ক অজ্ঞানতানিমিত্ত পরতত্ত্ববিমুখ। এই বৈমুখ্যই জীবের পতন বা দুর্গতির কারণ। মায়া এই ছিদ্রাবলম্বনে জীবে স্বীয় অধিকার বিস্তার করেন। ইহাতে জীবের স্বরূপজ্ঞান আবৃত হইয়া পড়ে। ইহা হইতেই জীব ত্রিতাপে তাপিত হয়। জীবাশ্রিতা মায়ার দুইটী অংশ—জীবমায়া ও গুণমায়া। এই জীবমায়াই জীবের কারণোপাধি। এই উপাধি স্বত্বগুণপ্রধান ও নির্ম্মল। গুণমায়ার কার্য্য—জীবের ভোগ-সাধন ইন্দ্রিয়, প্রাণ স্থূল শরীর এবং ইন্দ্রিয় ভোগ্য বিষয় সকল। কারণ উপাধি স্থূল উপাধি ও সূক্ষ্মোপাধিই জীবের বন্ধন বা পাশ। জীব চিন্ময়, উপাধি জড়, এই উপাধি নিবৃত্তির নিমিত্ত সাধনের প্রয়োজন। অধিকারিভেদে সকামকর্ম্ম, নিষ্কামকর্ম্ম, জ্ঞান, জ্ঞানমিশ্রভক্তি, শুদ্ধাভক্তি ও পরাভক্তি প্রভৃতিই সাধন। শ্রীহরিভক্তিবিলাস ও শ্রীভক্তিরসামৃতসিন্ধু প্রভৃতি গ্রন্থে সাধনার বহু প্রকার বিধান বিহিত হইয়াছে।

[এই বিষয়ের সবিস্তার আলোচনা "বৈষ্ণব" শব্দে দ্রষ্টব্য।]

ব্রহ্মসূত্রের অপর একখানি ভাষ্য গ্রন্থ আমাদের নেত্রগোচর হইয়াছে। ইহার নাম বিজ্ঞানামৃতভাষ্য। বিজ্ঞানভিক্ষু এই গ্রন্থের রচয়িতা। যিনি সাংখ্যপ্রবচন ভাষ্য লিখিয়া জগতে খ্যাতিলাভ করিয়াছেন, সম্ভবতঃ ইনি সেই বিজ্ঞানভিক্ষু। এই ভাষ্যখানিকে স্বয়ং গ্রন্থকার "ঋজুব্যাখ্যা" বলিয়া অভিহিত করিয়াছেন। যোগসাংখ্য ও কর্ম্মকাণ্ডীয় মতের দৃঢ়তাপ্রতিষ্ঠাই এই ভাষ্যের উদ্দেশ্য। ইহাতে বিবর্ত্তবাদ ও পরিণামবাদ নিরাকরণের প্রতিজ্ঞা ও প্রয়াস পরিলক্ষিত হয়।

বিজ্ঞানামৃত ভাষ্য

এই ভাষ্যখানির অধিকাংশ স্থলেই স্মৃতিবচনই প্রমাণরূপে গৃহীত হইয়াছে। স্মার্ত্তসাংখ্য ও যোগমতের সমর্থনেই এই গ্রন্থকারের যুক্তিতর্ক ব্যবহৃত হইয়াছে। প্রাচীন ভাষ্যের মধ্যে ভাস্কর মত প্রভৃতি আরও অনেক প্রকার বেদান্তসিদ্ধান্ত এখনও প্রচাররূপে দেখিতে পাওয়া যায়। আমরা অনন্ত-কল্লোল-কোলাহলময় বেদান্তশাস্ত্রসিন্ধুর কণামাত্র স্পর্শ করিয়া এ প্রস্তাবের উপসংহার করিলাম।

এ পর্য্যন্ত দ্বিসহস্রাধিক বেদান্ত গ্রন্থ আবিষ্কৃত হইয়াছে ; তন্মধ্যে উৎকৃষ্ট কয়েকখানি গ্রন্থ ও তাহার গ্রন্থকর্ত্তার নাম যত-দূর পাওয়া গিয়াছে, নিম্নে অকারাদি বর্ণানুক্রমে উদ্ধৃত হইল।

অংশুমদ্ভেদসংগ্রহ—কাশ্যপ
অখণ্ডবিষয়
অখণ্ডাত্মদীপিকা
অখণ্ডাত্মপ্রকাশ
অখণ্ডার্থনিরূপণ
অণুভাষ্য [মাধ্ব]
অদ্ভুতগীতা—দত্তাত্রেয়
অদ্বৈতকামধেনু—উমামহেশ্বর
অদ্বৈতকালানল—মাধবনারায়ণ
অদ্বৈতকালামৃত—নারায়ণ পণ্ডিত
অদ্বৈতকৌস্তুভ—ভট্টোজিদীক্ষিত
অদ্বৈতকৌস্তুভ—মহাদেব সরস্বতী
অদ্বৈতচন্দ্রিকা—অনন্তভট্ট
অদ্বৈতচন্দ্রিকা—নরসিংহভট্ট
অদ্বৈতচিন্তাকৌস্তুভ—মহাদেবানন্দ
অদ্বৈতচিন্তামণি—রঙ্গনাথ
অদ্বৈতজলজাত—পাণ্ডুরঙ্গ
অদ্বৈতজ্ঞানসর্ব্বস্ব—মুকুন্দমুনি
অদ্বৈততত্ত্বদীপ
অদ্বৈততরঙ্গিণী—রামেশ্বর শাস্ত্রী
অদ্বৈতদর্পণ—ভজনানন্দ
অদ্বৈতদীপিকা—বিদ্যারণ্য
অদ্বৈতদীপিকা—নৃসিংহাশ্রম
অদ্বৈতনির্ণয়—অপ্পয়দীক্ষিত
অদ্বৈতনির্ণয়সংগ্রহ—তীর্থস্বামী
অদ্বৈতপঞ্চদশী
অদ্বৈতপঞ্চপদী—শঙ্করাচার্য্য
অদ্বৈতপঞ্চরত্ন—নরসিংহ মুনি
অদ্বৈতপরিশিষ্ট—কেশব
অদ্বৈতপ্রকাশ—রামানন্দতীর্থ
অদ্বৈতপ্রকাশ—বাসুদেবজ্ঞান
অদ্বৈতব্রহ্মসিদ্ধি—মধুসূদন সরস্বতী
অদ্বৈতব্রহ্মসিদ্ধি—মদানন্দ কাশ্মীর
অদ্বৈতব্রহ্মসিদ্ধিবিনিয়োগসংগ্রহ
অদ্বৈতব্রহ্মসুধা
অদ্বৈতভূষণ
অদ্বৈতমকরন্দ—লক্ষ্মীধর কবি
অদ্বৈতমকরন্দসংগ্রহ
অদ্বৈতমকরন্দসার
অদ্বৈতমতসার
অদ্বৈতমুক্তাসার
অদ্বৈতমুখর—রঙ্গরাজ)
অদ্বৈতরত্ন
অদ্বৈতরত্নকোশ—অখণ্ডানন্দ
অদ্বৈতরত্নকোষ—নৃসিংহাশ্রম
অদ্বৈতরত্নকোশপূরণী
অদ্বৈতরত্নকোশবিবরণ—ভট্টোজি
অদ্বৈতরত্নতত্ত্বদীপিকা
অদ্বৈতরত্নরক্ষণ—মধুসূদন সরস্বতী
অদ্বৈতরসমঞ্জরী—নল্লাপণ্ডিত
অদ্বৈতরহস্য—রামানন্দতীর্থ
অদ্বৈতরীতি—নরসিংহ পদ্মাশ্রমী
অদ্বৈতবাদ—নৃসিংহাশ্রম
অদ্বৈতবিদ্যাবিচার—বেঙ্কটাচার্য্য
অদ্বৈতবিদ্যাবিনোদ
অদ্বৈতবিবেক—আশাধরভট্ট
অদ্বৈতবিবেক—রামকৃষ্ণ
অদ্বৈতবেদান্তসার—নরসিংহ
অদ্বৈতশাস্ত্রসারোদ্ধার—রঙ্গোজিভট্ট
অদ্বৈতসংগ্রহ
অদ্বৈতসার
অদ্বৈতসিদ্ধান্ত
অদ্বৈতসিদ্ধান্তচন্দ্রিকা
অদ্বৈতসিদ্ধান্তবিদ্যোতন—ব্রহ্মানন্দ সরস্বতী
অদ্বৈতসিদ্ধি—সহজানন্দতীর্থ
অদ্বৈতাদিত্য—গোবিন্দ বক্ষঃ
অদ্বৈতাধিকরণচিন্তামণি
অদ্বৈতানন্দ—ব্রহ্মানন্দ
অদ্বৈতানন্দলহরী—বেঙ্কটশাস্ত্রী
অদ্বৈতানন্দসাগর—রঘুত্তমতীর্থ
অদ্বৈতানুভূতি
অদ্বৈতানুভূষণ
অদ্বৈতানুসন্ধান
অদ্বৈতামৃত—জগন্নাথ সরস্বতী
অধিকরণচিন্তামণি—বেদান্ত নয়নাচার্য্য
অধিকরণমালা—ভারতীতীর্থ
অধিকরণমালা—দেবরামভট্ট
অধিকরণযুক্তিবিলাস
অধিকরণবাক্যার্থ
অধিকরণার্থসংগ্রহ
অধিকারমালা
অধিকারসম্প্রদায়ব্যাখ্যা
অধ্যাত্মকল্পদ্রুম
অধ্যাত্মচন্দ্রিকা—অদ্বৈতানন্দ
অধ্যাত্মচিন্তামণি—সৌম্যজামাতৃ
অধ্যাত্মপ্রকাশ—শঙ্করাচার্য্য
অধ্যাত্মপ্রদীপিকা
অধ্যাত্মবাসুদেব—রামমণি দাস
অধ্যাত্মবিন্দু—রামানন্দতীর্থ
অধ্যাত্মবোধ—শঙ্করাচার্য্য
অধ্যাত্মমীমাংসা
অধ্যায়পঞ্চপাদিকা—বাচস্পতি
অধ্যারোপপ্রকরণ
অনুত্তরতত্ত্ববিমর্শিনী
অনুবন্ধদর্শন—হরিযশাঃ
অনুভবপ্রকাশ
অনুভবাদর্শার্য্যা
অনুভূতিপ্রকাশ—সায়ণাচার্য্য
অনুভূতিরত্নমালা
অনুষাগপদ্ধতি—আনন্দতীর্থ
অনুষাগপ্রয়োগ
অনুবেদান্ত—আনন্দতীর্থ
অনুব্যাখ্যান ঐ
অনেকার্থধ্বনি
অন্তর্ভাষপ্রকাশিকা
অপরোক্ষচূড়ামণি
অপরোক্ষানুভব—বাসুদেবেন্দ্র
অপরোক্ষানুভূতি—শঙ্করাচার্য্য
অপরোক্ষানুশ্রুতি—শঙ্করাচার্য্য
অপ্পয্যকপোলচপেটিকা
অভিনবগদা—সত্যনাথ
অভিনবচন্দ্রিকা—সত্যনাথ যতি
অভিনবতর্কতাণ্ডব—সত্যনাথ
অভিনবতাণ্ডবষট্‌কণ্ঠ
অভিন্ননিমিত্ত—অনন্তাচার্য্য
অভেদখণ্ডন
অভ্যাগতাচার
অরণী
অর্থদীপিকা
অর্থসংগ্রহ
অবধূতগীতা—দত্তাত্রেয়
অবধূতগ্রন্থ
অবধূতযোগিলক্ষণ

অবধূতষট্‌ক—শঙ্করাচার্য্য
অবধূতার্য্যা
অবিদ্যাপ্রকরণ
অবিদ্যালক্ষণোপপত্তি—ত্র্যম্বকশাস্ত্রী
অষ্টব্রহ্মবিবেক
অষ্টাদশসংবাদ
অষ্টাবক্রগীতা—অষ্টাবক্র
অষ্টাবক্রদীপিকা বা বেদান্তরহস্যদীপিকা
অষ্টোত্তরশতমহাবাক্যরত্নাবলী—
রামচন্দ্র সরস্বতী
অনঙ্গাত্মপ্রকরণ ও তট্টীকা—
শঙ্করভারতীতীর্থ
আকাশাধিকরণবাদ—অনন্তাচার্য্য
আকাশোপন্যাস—চিৎসভেশানন্দতীর্থ
আক্ষেপসার—বর্খড়ি তিম্মণ্ণ
আগমপ্রামাণ্য—যামুনাচার্য্য
আচার্য্যব্যাখ্যা—সচ্চিদানন্দ সরস্বতী
আত্মতত্ত্ব—রামানন্দতীর্থ
আত্মতত্ত্বপ্রকাশ—নন্দরাম
ঐ টীকা—কাশীরাম
আত্মতত্ত্বপ্রদীপ—ভূদেবশুক্ল
আত্মনিরূপণ—শঙ্করাচার্য্য
আত্মনির্ণয়
আত্মপুরাণ বা উপনিষদ্‌রত্ন—শঙ্করানন্দ
আত্মপূত
আত্মপ্রকাশব্যাখ্যা—চিদানন্দ সরস্বতী
আত্মপ্রকাশিকাবিবরণ
আত্মবোধ—শঙ্করাচার্য্য
ঐ—মুকুন্দমুনি
আত্মবোধসার—বাসুদেবেন্দ্র
আত্মলিঙ্গপূজাপদ্ধতি
আত্মবাদ—পাপেশ্বর
আত্মবিদ্যাবলি—সদাশিবব্রহ্ম
আত্মবিদ্যাবিলাস—শম্ভুরাম
ঐ—সদাশিবব্রহ্ম
আত্মবিবেক
আত্মশুদ্ধি
আত্মষট্‌ক—শঙ্করাচার্য্য
আত্মসিদ্ধি
আত্মানাত্মবিবেক—শঙ্করাচার্য্য
ঐ—পদ্মপাদ
আত্মানাত্মবিবেক—সায়ণ
ঐ—স্বয়ংপ্রকাশযতীন্দ্র
আত্মানুভাষ
আত্মার্কবোধ—গোবিন্দভট্ট
আত্মাববোধ বা আত্মবোধটীকা—
পূর্ণানন্দ
আত্মোপদেশবিধি—শঙ্করাচার্য্য
আত্মোপদেশশক্তিবিচার
আত্মোল্লাস
আদেশকৌমুদী—রঙ্গাচার্য্য
আদেশকৌমুদীখণ্ডন—গোপালাচার্য্য
আনন্দকলিকা
আনন্দতারতম্য
আনন্দতারতম্যখণ্ডন—সুরপুর বেঙ্কটাচার্য্য
আনন্দতারতম্যবাদ—বিজয়েন্দ্রভিক্ষু
আনন্দদীপিকা ভূষণটীকা—বাসুদেবেন্দ্র
আনন্দাধিকরণ—বল্লভাচার্য্য
আম্নায়ক্রিয়ার্থত্বাদিসূত্রবিচার
আর্য্যাপঞ্চাশৎ
আর্য্যাপঞ্চাশীতি বা পরমার্থসার—শেষ
আবির্ভাবতিরোভাববাদ—পুরুষোত্তম
ইষ্টসিদ্ধি—বিমুক্তাচার্য্য
ঈশ্বরসিদ্ধি
উত্তমশ্লোকচন্দ্রিকা
উত্তরপরিভেদ্য
উত্তরপারাশর্য্যভাষ্য
উত্তরষট্‌ক
উত্তরসারাস্বাদিনী—রামানুজস্বামী
উপদেশবিধি
উপদেশব্যাখ্যান—অষ্টাবক্র
উপদেশষোড়শক
উপদেশসহস্রক্রতুব্যাখ্যা—নামতীর্থ
উপদেশসার—বিশ্বনাথ
উপদেশসাহস্রী—শঙ্করাচার্য্য
উপদেশসূত্রব্যাখ্যা
উপনিষৎকলা
উপনিষৎপ্রকাশিকা—রঙ্গরামানুজ
উপনিষৎপ্রস্থান—আনন্দতীর্থ
উপশমপ্রকরণ
উপসংহারবিজয়—বিজয়েন্দ্রভিক্ষু
উপাদানত্বসমর্থন—সুরপুর শ্রীনিবাস
উপাধিখণ্ডন—আনন্দতীর্থ
উপাধিখণ্ডনপরশু
ঋভুগীতা
ঋষ্যশৃঙ্গসংহিতা
একশ্রুত্যুপাদেশ—শঙ্করাচার্য্য
একশ্লোকব্যাখ্যা—স্বয়ংপ্রকাশমুনি
একশ্লোকীব্যাখ্যা—শঙ্করাচার্য্য
ঐশ্বর্য্যবিবরণ—হরিদাস
ওঁকারবাদ—অনন্তাচার্য্য
কণ্টকোদ্ধার—রামানুজ
কথালক্ষণ—আনন্দতীর্থ
কমলাপূর্ব্বপক্ষ
কমলাসিদ্ধান্ত
করণপ্রকাশিকা
করণপ্রবোধ—গোকুলনাথ
কর্ম্মনির্ণয়—আনন্দতীর্থ
কল্পলতা—ভবানন্দ
কারিকা—হরিরায়
কারিকাদর্পণ—বরদকবি
কারিকাবলী—শ্রীনিবাস
কালতত্ত্বনিরূপণ
কালতত্ত্বনিরূপণপ্রকরণ
কালবঞ্চন—যোগিনাঃ
কাশীমোক্ষ—বিশ্বেশ্বরাচার্য্য
কাশ্মীরপুষ্পাঞ্জলি
কিরণবোধ
কুলতত্ত্বনিরূপণ
কুলরহস্য
কূরেশবিজয়—শ্রীবৎসাঙ্ক
কৃশীশবিজয় ঐ
কেবলাদ্বৈতবাদকুলিশ—কৃপাপাত্র
কৈবল্যসৌধনিঃশ্রেণিকা
কৌশরত্নপ্রকাশ—অনুভবানন্দ
কৌস্তুভদূষণ—ভাস্করদীক্ষিত
খণ্ডন—ভীষ্মমিশ্র
খণ্ডনভূষামণি—রঘুনাথ
খণ্ডব্যাখ্যানমালা—নারায়ণ
গীতাত্রয়
গুণত্রয়বিবরণ
গুরুশিষ্যসংবাদ
গোপীরসবিবরণ—ঘনশ্যাম
চকারসমর্থন
চণ্ডভাস্কর—অমরেশ্বর শাস্ত্রী
চণ্ডমারুত—রামানুজদাস
চণ্ডাতপ
চতুর্ম্মতসার
চতুর্ম্মতসারসংগ্রহ—অপ্পয্যদীক্ষিত
চতুর্বর্গচিন্তামণি—গঙ্গেশমিশ্র
চতুর্ব্বেদতত্ত্বার্থসারসংগ্রহ
চতুর্ব্বেদতাৎপর্য্য

চতুর্ব্বেদতাৎপর্য্যপ্রকাশ—হরদত্ত
চতুর্ব্বেদসার
চন্দ্রিকা (লঘু)—গৌড় ব্রহ্মানন্দ
চন্দ্রিকাখণ্ডন
চিত্তানুবোধটীকা—ভাস্করকণ্ঠ
চিত্ররত্নপট
চিৎসুধা
চিদ্‌চিদ্বিবেক
চিদদ্বৈতকল্পবল্লি—প্রধানী বেঙ্কট
চিদম্বরকলা
চিদ্বিলাস
চিন্মাত্রকাশিকা
ছলারীয়—ছলারি
জগদুৎপত্তিপ্রকরণ
জলজ্ঞান
জলভেদ—বল্লভাচার্য্য
জীবন্মুক্তলক্ষণ
জীবন্মুক্তিবিলাস
জীবন্মুক্তিবিবেক—সায়ণ
জ্ঞানতিলক
জ্ঞানদীপিকা
জ্ঞানপ্রকাশিকা
জ্ঞানপ্রবোধ
জ্ঞানপ্রবোধমঞ্জরী
জ্ঞানপ্রভাষ
জ্ঞানবোধ—শুকযোগী
জ্ঞানবোধিনী
জ্ঞানময়ুখ
জ্ঞানমুদ্রা
জ্ঞানরত্নপ্রকাশিকা
জ্ঞানরত্নাবলী
জ্ঞানশাস্ত্র
জ্ঞানষট্‌ক
জ্ঞানসংন্যাস—শঙ্করাচার্য্য
জ্ঞানাঙ্কুশ
জ্ঞানানন্দতরঙ্গিণী—হেমকর মৈথিল
টিপ্পন্যাশয়—হরিদাস
তত্ত্বগুরুকাণ্ডীয়
তত্ত্বচন্দ্রিকা—উমামহেশ্বর
তত্ত্বচন্দ্রিকা—মহাদেব সরস্বতী
তত্ত্বচন্দ্রিকা—পঞ্চীকরণবিবরণটীকা (জগন্নাথাশ্রমশিষ্য)
তত্ত্বটীকা
তত্ত্বত্রয়গীর্ব্বাণপ্রতিপদ
তত্ত্বদীপ—কবিরাজ ভিক্ষু
তত্ত্বদীপ—বল্লভাচার্য্য
তত্ত্বদীপ—সৌম্যজামাতৃমুনি
তত্ত্বদীপন—জগন্নাথসরস্বতী
ঐ—অমৃতানন্দ
ঐ—নৃসিংহ
তত্ত্বদীপন=পঞ্চপাদিকাবিবরণ (অখণ্ডানন্দমুনি)
তত্ত্বদীপিকা—রামদেব
তত্ত্বনবনীত
তত্ত্বনিরূপণ—বরদনায়ক
তত্ত্বনির্ণয়—বরদরাজ
তত্ত্বপদবী
তত্ত্বপদার্থবিভাগ
তত্ত্বপরিশুদ্ধি—জ্ঞানঘনাচার্য্য
তত্ত্বপাদ
তত্ত্বপ্রকাশিকা
তত্ত্বপ্রকাশিকা-তত্ত্বালোকটীকা—প্রজ্ঞানানন্দ
তত্ত্বপ্রকাশিকাবিবরণ
তত্ত্বপ্রক্রিয়া
তত্ত্ববিন্দু—বাচস্পতিমিশ্র
তত্ত্ববোধ—বাসুদেবেন্দ্র
তত্ত্বমঞ্জরী
তত্ত্বমাতৃকা
তত্ত্বমার্গসন্দর্শনী
তত্ত্বমার্ত্তণ্ড—বেঙ্কটাচার্য্য
তত্ত্বমার্ত্তণ্ড—শ্রীনিবাসাচার্য্য
তত্ত্বমুক্তাকলাপ
তত্ত্বমুক্তাকলাপকান্তি—নৈনারাচার্য্য
তত্ত্বমুক্তাবলি—অপ্পয্যদীক্ষিত
তত্ত্বমুক্তাবলী—গৌড়পূর্ণানন্দ
তত্ত্বরত্নপ্রকাশিকা
তত্ত্বরত্নাবলি
তত্ত্বরত্নাবলিসংগ্রহ
তত্ত্ববাক্যসুধা
তত্ত্ববিচারমালা
তত্ত্ববিবেক—আনন্দতীর্থ
তত্ত্ববিবেক—নৃসিংহাশ্রম
তত্ত্ববিবেক—বিদ্যারত্ন
ঐ টীকা—রামকৃষ্ণ
তত্ত্ববিবেক—পূর্ণানন্দ সরস্বতী
তত্ত্ববিবেকটীকা—জয়তীর্থ
ঐ—ব্যাসরাজস্বামী
ঐ—ভট্টোজি
তত্ত্ববিবেকসার—ক্রতুভূষণ
ঐ—ব্রজভূষণ
তত্ত্ববিবেচন—অদ্বৈতরত্নকোশটীকা—অগ্নিহোত্র স্যার
তত্ত্বশিক্ষোপন্যাস
তত্ত্বশিখামণি—চূড়ামণি দীক্ষিত
তত্ত্বসংখ্যান—আনন্দতীর্থ
ঐ টীকা—জয়তীর্থ
ঐ টীকা—যদুপতি
তত্ত্বসমীক্ষা-ব্রহ্মসিদ্ধিটীকা—বাচস্পতি মিশ্র
তত্ত্বসংগ্রহ—শঙ্করাচার্য্য
ঐ রাধামোহন গোস্বামী
তত্ত্বসার—চৈতন্য মুনি
ঐ রঘুনাথ যতীন্দ্র
তত্ত্বসারটীকা—নন্দদাস
তত্ত্বসূত্ররত্ন (ঐ টীকা)—রামানন্দ তীর্থ
তত্ত্বসূত্র
তত্ত্বাদিলক্ষণ
তত্ত্বানুসন্ধান—মহাদেব সরস্বতী
তত্ত্বাভরণ—রামচন্দ্র ভট্ট
তত্ত্বার্থপরিশুদ্ধি
তত্ত্বার্থাধিগম
তত্ত্বালোক—জনার্দ্দন
তত্ত্বচন্দ্রিকাচপকীকরণপ্রক্রিয়া টীকা
তত্ত্ববোধিনী পঞ্চদশীটীকা
তত্ত্বোদ্যোতপঞ্জিকা
তত্ত্বোপনিষৎ
তন্ত্রসার—ভগবৎপাদাচার্য্য
ঐ টীকা—জনার্দ্দনসুত ব্যাস
তন্ত্রসার—আনন্দতীর্থ
ঐ টীকা—মধুমাধবসহায়
ঐ টীকা—নৃসিংহাচার্য্যশিষ্য
ঐ ঐ—বলারিশেষাচার্য্য
ঐ ঐ—শ্রীনিবাসতীর্থ
তরঙ্গিণী—রামাচার্য্য
তর্কতাণ্ডব[দ্বৈত]—ব্যাসতীর্থ
তাৎপর্য্যচন্দ্রিকা—ব্যাসতীর্থ
তাৎপর্য্যদর্পণ—বেঙ্কটাচার্য্য
তাৎপর্য্যদীপিকা—অমৃতানন্দতীর্থ
তাৎপর্য্যদীপিকা (রামানুজের বেদার্থসংগ্রহ-টীকা)—সুদর্শনসূরি
তাৎপর্য্য-নির্ণয়
তাৎপর্য্যবোধিনী [পঞ্চদশীটীকা]—রামকৃষ্ণ
তাৎপর্য্যরত্নাবলী

তাৎপর্য্যসংগ্রহ—শ্রীশৈলতাতাচার্য্য
তারকনির্ণয়
তারতম্যস্তব—বিট্‌ঠলাচার্য্য
তিরুমন্ত্রকারিকা [দ্বৈত]
ত্র্যক্ষরিভাষ্য
দত্তাত্রেয়—গোরক্ষা
দশপ্রকরণ—ত্রিবিক্রমাচার্য্য
দশশ্লোকী বা চিদানন্দদশশ্লোকী
দশশ্লোকী বা সিদ্ধান্তরত্ন—নিম্বার্ক
ঐ টীকা—পুরুষোত্তমআচার্য্য
ঐ ঐ—হরিব্যাস
দুর্গাপূর্ব্বপক্ষ
দুর্মতখণ্ডন
দ্বাদশসিদ্ধান্ত
দ্বাদশান্ত প্রকরণ
দ্বৈতসিদ্ধি—তিরুমল্লাচার্য্য
নয়দ্যমণি
নয়নপ্রসাদিনী—প্রত্যেকস্বরূপ ভাগবত
নয়মার্ত্তণ্ড
নামচন্দ্রিকা—রঘুনাথ
নামধেয় পাদকৌস্তুভ
নামরত্নবিবরণ—দেবকীনন্দন
নামসিদ্ধান্ত
নারায়ণ শব্দার্থ
নিকামভাম-ভাষ্য—নিকামভাম
নিক্ষেপ-চিন্তামণি—গোপালদেশিকাচার্য্য
নিক্ষেপদীপ
নিক্ষেপরক্ষা—বেঙ্কটনাথ
নিগমান্তার্থরত্নাকর
নিগূঢ়ার্থমঞ্জুষিকা
নিরালম্ব
নিরুক্তিলক্ষণ
নিরোধলক্ষণ—রঘুনাথ
ঐ বল্লভাচার্য্য
নির্গুণতত্ত্ব
নির্ব্বিশেষনিরাস
ন্যায়কল্পলতা—প্রমাণলক্ষণটীকা জয়তীর্থ
ন্যায়তত্ত্ববিবরণ—নরসিংহ যতীন্দ্র
ন্যায়দীপাবলী—আনন্দবোধ
ন্যায়পরিশুদ্ধি—রামানুজ
ন্যায়ভাস্কর—অনন্তাচার্য্য
ন্যায়মকরন্দ—আনন্দবোধ পরমহংস
ন্যায়মকরন্দ—লক্ষ্মীধর
ন্যায়মহোদধি
ন্যায়বিবরণ—আনন্দতীর্থ
ন্যায়সিদ্ধাঞ্জন—বেদান্তাচার্য্য
ঐ—রামানুজ
ঐ—রামকৃষ্ণাচার্য্য
ন্যায়স্বরূপ নিরূপণ
ন্যায়ামৃত—ব্যাসতীর্থ
ন্যায়ার্থদীপিকা
ন্যাসখণ্ডন
ন্যাসতুলিকা
ন্যাসবিদ্যাদর্পণ
ন্যাসবিদ্যাবিলাস
পক্ষধর-ব্যাখ্যা
পঞ্চগ্রন্থী—অপ্পয্য দীক্ষিত
পঞ্চদশী—সায়ণ (বিদ্যারণ্য)
পঞ্চদশীটীকা—সদানন্দ
পঞ্চদশীপ্রকরণ—ধর্ম্মরাজাধ্বরিন্
পঞ্চপ্রকরণ
পঞ্চপ্রকরণদীপিকা
পঞ্চপ্রকরণী—শঙ্করাচার্য্য
পঞ্চমিথ্যাত্বটীকা
পঞ্চরক্ষা
পঞ্চরত্নকলা
পঞ্চরত্নকিরণাবলী
পঞ্চরত্নপ্রকাশ—পাণ্ডুরঙ্গ
পঞ্চবিজয়
পঞ্চবিধনামভাষ্য
পঞ্চশর-ব্যাখ্যা—মাধবাচার্য্য
পঞ্চশ্লোকী
পঞ্চসার—শঙ্করভট্ট
পঞ্চাশিকা
পঞ্চাশীতি
পঞ্চীকরণ—মুকুন্দরাজ
পঞ্চীকরণপ্রক্রিয়া—শঙ্করাচার্য্য
পঞ্চীকরণপ্রক্রিয়া-বিবরণ—স্বয়ং প্রকাশমুনি
ঐ—আনন্দতীর্থ
পঞ্চীকরণ-ভাষ্যপ্রকাশিকা
পঞ্চীকরণতাৎপর্য্য-চন্দ্রিকা—রামানন্দ সরস্বতী
পঞ্চীকৃত টীকা
পত্রাবলম্বন—বল্লভ দীক্ষিত
ঐ টীকা—পুরুষোত্তম
পদপঞ্চক
পদযোজন—রামচন্দ্র সরস্বতী
পদ্ধতিপ্রকাশিকা—প্রমাণপদ্ধতিটীকা (অনন্তভট্ট)
পদ্যমালা—জয়তীর্থ
পরতত্ত্বনির্ণয়—বরদাচার্য্য
পরব্রহ্মানন্দবোধ
পরমতখণ্ডন-সংগ্রহ
পরমতত্ত্বপ্রকাশিকা
পরমতভঞ্জন
পরমপদনির্ণায়ক—অযুতানন্দতীর্থ
পরমপদসোপান
পরমরহস্যবাদ
পরমহংসনির্ণয়
পরমহংসপদ্ধতি—জ্ঞানসাগর
পরমহংসসংহিতা—লক্ষ্মণ
পরমাত্মগতিপ্রকাশ—নঞ্জগুড়ু রামপ্প
পরমার্থপ্রকাশ
পরমার্থবোধ
পরমার্থবিবেক—গোবিন্দ
পরমুখচপেটিকা—কৃষ্ণতাতাচার্য্য
পরিভাষার্থসংগ্রহ—বৈদ্যনাথ শাস্ত্রী
পরিভাষাসার
পরিমল—পদ্মপাদাচার্য্য
পল্লবীটীকা
পুচ্ছব্রহ্মবাদ
পুচ্ছব্রহ্মবাদখণ্ডন—বেঙ্কটাচার্য্য
পুরুষার্থকার
পুরুষার্থকৌমুদী—রঘুপতি
পুরুষার্থপ্রবোধ—ব্রহ্মানন্দ
পুরুষার্থরত্নাকর
পুরুষার্থসূত্রবৃত্তি—রাম জ্যোতিষিক
পুরুষোত্তমবাদ
পূর্ণাশ্রমীয়—পূর্ণাশ্রম
প্রকাশসপ্ততি-সূত্রাণি
প্রচ্ছন্নব্রহ্মবাদনিরাকরণ
প্রত্যকৃতত্ত্বচিন্তামণি—সদানন্দ
প্রত্যক্-তত্ত্বদীপিকা বা চিৎসুখী—চিৎসুখ
ঐ টীকা—সুখপ্রকাশ মুনি
প্রপঞ্চ-মিথ্যাত্বানুমান
প্রপঞ্চ-মিথ্যাত্বানুমান-খণ্ডন—আনন্দতীর্থ
ঐ টীকা—জয়তীর্থ
প্রপঞ্চমিথ্যাত্বানুমান-খণ্ডন-পরশু
প্রপঞ্চসার—শঙ্করাচার্য্য
ঐ টীকা—সিদ্ধরাজ
প্রপত্তি-পরিশীলন
প্রপন্নগতি-দীপিকা
প্রবোধ—বিট্‌ঠলেশ
প্রবোধচন্দ্রোদয়হস্তামলক—প্রহ্লাদ
প্রবোধমঞ্জরী—বৈকুণ্ঠ বিষ্ণু
প্রবোধমানসোল্লাস
প্রবোধ-রত্নাকর
প্রমাণপদ্ধতি—জয়তীর্থ
ঐ টীকা—বিট্‌ঠল ভট্ট
ঐ টীকা—বেদেশতীর্থ
ঐ টীকা—সত্যনাথ
প্রমাণভাষ্যটীকা
প্রমাণলক্ষণ—আনন্দতীর্থ
প্রমাণলক্ষণপরীক্ষা
প্রমাণসংগ্রহ
প্রমাণসার—শঠারি মুনি
প্রমেয়মালা—বরদাচার্য্য
প্রমেয়সংগ্রহ—বিষ্ণুচিত্ত
প্রমেয়সার
প্রমেয়সারসংগ্রহ—বিদ্যারণ্য
প্রশ্নোত্তরমালিকা—মেঘবর্ষ
প্রশ্নোত্তর-রত্নাবলী
প্রস্থান-রত্নাকর—পুরুষোত্তম
প্রহস্তবাদ—পুরুষোত্তম

প্রাকৃত-পঞ্চীকরণ
প্রাগুদ্ধারসংগ্রহ—রামানন্দ তীর্থ
প্রৌঢ়ব্যঞ্জক—কৃষ্ণাচার্য্য
বালবোধ—দেবকীনন্দন
বালাববোধ—ত্র্যম্বক
বিম্বতত্ত্বপ্রকাশিকা—দেবরাজ
বিম্বপ্রতিবিম্ববাদ—পুরুষোত্তম
বুদ্ধিপ্রদীপ
বৃহদীশ্বর দীক্ষিতীয়—ঈশ্বরদীক্ষিত
বোধপ্রক্রিয়া—দিগম্বরানুচর
বোধসার—নরহরি
বোসসার—নিত্যমুক্তি
ব্রহ্মকারণবাদ
ব্রহ্মচন্দ্রিকা—ভৈরবদত্ত
ব্রহ্মচিন্তন-নিরাকরণ
ব্রহ্মজীবনির্ণয়—মনোহর
ব্রহ্মজ্ঞানবিপ্রতিপত্তি
ব্রহ্মজ্ঞানোপদেশ
ব্রহ্মতত্ত্ব প্রশ্নোত্তর-রত্নাবলী
ব্রহ্মতত্ত্ববিবরণ
ব্রহ্মতত্ত্বসংহিতোদ্দীপনী—বাচস্পতি মিশ্র
ব্রহ্মতত্ত্বসুবোধিনী
ব্রহ্মতর্কস্তব—অপ্পয়দীক্ষিত
ব্রহ্মনিরূপণ
ব্রহ্মনির্ণয়
ব্রহ্মবোধ—রঘুনাথ
ব্রহ্মবোধিনী—যোগেশ্বর
ব্রহ্মরহস্যসংহিতা
ব্রহ্মবিদ্যামহোদধি
ব্রহ্মবিদ্যাবিজয়
ব্রহ্মবিদ্যাবিলাস
ব্রহ্মশব্দবাদ—অনন্তাচার্য্য
ব্রহ্মশব্দশক্তিবাদ—অনন্তাচার্য্য
ব্রহ্মশব্দার্থবাদ
ব্রহ্মশব্দার্থবিচার—কৃষ্ণতাতাচার্য্য
ব্রহ্মসিদ্ধি—মণ্ডনমিশ্র
ব্রহ্মসূত্র
ব্রহ্মসূত্রকারিকা
ব্রহ্মসূত্রতন্ত্রদীপিকা
ব্রহ্মসূত্রপ্রদীপ—রামানুজ
ব্রহ্মসূত্রলঘুবার্ত্তিক
ব্রহ্মসূত্রবৃত্তিবার্ত্তিক
ব্রহ্মসূত্রসঙ্গতি
ব্রহ্মসূত্রাণুভাষ্য—বল্লভাচার্য্য
ব্রহ্মসূত্রাণুভাষ্য—আনন্দতীর্থ
ব্রহ্মসূত্রাণুব্যাখ্যান—আনন্দতীর্থ
ব্রহ্মানন্দ—আনন্দতীর্থ
ব্রহ্মানন্দ—রামকৃষ্ণ
ব্রহ্মানন্দীয়খণ্ডন—ঘনশ্যামমিশ্র
ব্রহ্মামৃত—রামভট্ট
ব্রহ্মামৃতবর্ষিণী—ব্রহ্মসূত্রটীকা—রামানন্দ সরস্বতী
ব্রহ্মাববোধ—রঘুনাথ শেষ
ব্রহ্মাববোধবিবেকসিন্ধু
ব্রহ্মাবলী ভাষ্য
ভগবদ্গীতাসার—কৈবল্যানন্দ সরস্বতী
ভঞ্জন
ভাবদীপিকা—বিজয়ধ্বজ
ভাবদ্যোতনিকা—সুখপ্রকাশমুনি
ভাবপ্রকাশিকা—রঙ্গরামানুজাচার্য্য
ভাবপ্রকাশিকা—প্রপঞ্চসিদ্ধান্তানুমানখণ্ডন টীকা-বিবৃতি—ব্যাসযতি
ভাবপ্রকাশাত্মবোধটীকা
ভাববিবেক
ভাবসারবিবেক—গঙ্গাধর
ভাষ্যচন্দ্রিকা—দেশিক
ভাষ্যটীপ্পনী—শিবপণ্ট
ভাষ্যটীকা—শঙ্করাচার্য্য
ভাষ্যদীপিকা
ভাষ্যপ্রত্যয়
ভাষ্যপ্রত্যয়োদ্বোধ
ভাষ্যপ্রদীপ
ভাষ্যপ্রদীপোদ্দ্যোতন
ভাষ্যভানুপ্রভা
ভাষ্যরত্নপ্রকাশিকা
ভাষ্যরত্নপ্রভা—বেদান্তসূত্রভাষ্য—গোবিন্দানন্দ
ভাষ্যরত্নাবলী
ভাষ্যবার্ত্তিক
ভাষ্যবিষয় বাক্যদীপিকা
ভাষ্যব্যাখ্যা
ভাষ্যাবতারিকা
ভাস্করভাষ্য—অনন্তাচার্য্য
ভৃগুগীতা
ভেদখণ্ডন
ভেদদর্পণ
ভেদদীপিকা—মাধব মিশ্র
ভেদধিক্কার—নৃসিংহাশ্রম
ভেদধিক্কার-ন্যক্কার-নিরূপণ—নরসিংহদেব
ভেদধিক্কার-ন্যক্কার-হংকৃতি
ভেদধিক্কৃতিতত্ত্ববিবেচন—নরসিংহমুনি
ভেদপ্রকার
ভেদপ্রকাশ—শঙ্করমিশ্র
ভেদবিভীষিকা
ভেদাভেদবাদ—ভণসি দাস
ভেদোক্তিজীবন
ভেদোজ্জীবন—ব্যাসতীর্থ
ভ্রষ্ট বৈষ্ণবখণ্ডন—শ্রীধরমিশ্র
মঙ্গলবাদ—বল্লভাচার্য্য
মণিদর্পণ—রামানুজাচার্য্য
মণিমঞ্জরী—নারায়ণ
মণিরত্নমালা—তুলসীদাস
মণিরত্নমালা—শঙ্করাচার্য্য
মতভেদন
মধ্বতন্ত্রচপেটাপ্রদীপ—রামকৃষ্ণভট্ট
মধ্বতন্ত্রদূষণ
মধ্বমতখণ্ডন
মধ্বমতপ্রকরণ
মধ্বমতবিধ্বংসন—শ্রীনিবাস
মধ্বমুখমর্দ্দন—নিম্বার্ক
মধ্বমুখমর্দ্দন—অপ্পয় দীক্ষিত
মধ্বসিদ্ধান্ত—আনন্দতীর্থ
মননগ্রন্থ—বাসুদেব যতিশিষ্য
মনীষাপঞ্চক—সদাশিব
মনোদূতিকা
মনোরঞ্জিনী (বেদান্তসারটীকা)—রামতীর্থ
মনোলক্ষণ
মন্ত্রশারীরক—নীলকণ্ঠ
মন্দারমঞ্জরী প্রপঞ্চমিথ্যাত্বানুমানখণ্ডনটীকা-বিবৃতি—ব্যাসতীর্থ
মানসদীপিকা
মানস বৈরাগ্য
মানসনয়নপ্রসাদিনী(চিৎসুখীটীকা)—প্রত্যক্‌স্বরূপ
মানসোক
মানসোল্লাস—গোবিন্দ
মানসোল্লাস—কৃষ্ণানন্দ
মানসোল্লাস—সুরেশ্বর
মায়ালীলামত
মায়াবাদখণ্ডন—আনন্দতীর্থ
মায়িমতখণ্ডন
মিতপ্রকাশিকা
মিতভাষিণী—আনন্দতীর্থ
মুক্তাবলী—(ব্রহ্মসূত্রবৃত্তি)
মুক্তাবলী—কল্যাণরায়
মুক্তিত্রয়ভেদনিরূপণ
মুক্তিসপ্তশতী
মুক্তিসার
মুনিভাবপ্রকাশিকা—কৃষ্ণগুরু
মুমুক্ষুজনকল্প
মূলভাবপ্রকাশিকা—রঙ্গরামানুজ
মূলমন্ত্রসার
মূলমন্ত্রার্থসার
মোক্ষনির্ণয়—শিবযোগীন্দ্র
মোক্ষলক্ষ্মীবিলাস—বল্লভ
মোক্ষরাজ—অনন্তাচার্য্য
মোক্ষসাধনোপদেশ
মোক্ষসাম্রাজ্যসিদ্ধি—গঙ্গাধর সরস্বতী
যতিরাজীয়
যতীন্দ্রমতভাস্কর—শ্রীনিবাস দাস
যথার্থমঞ্জরী—রামানন্দ তীর্থ
যমক রত্নাকর—বেদান্তদেশিক
যুক্তিমল্লিকা—বাদিরাজ
যোগদীপিকা—ত্রিবিক্রমশিষ্য
যোগিনাং কালবঞ্চনং
রত্নকোষ—অখণ্ডানন্দ যতি

রত্নপরীক্ষা
রত্নাবলী—ব্রহ্মানন্দ স্বামী
রসসংগ্রহ
রসাদ্বৈত
রহস্যনবনীত
রহস্যপদবী
রহস্যমঞ্জরী
রহস্যমাতৃকা
রহস্যষোড়শীটীকা
রহস্যসন্দেশবিবরণ
রহস্যসার
রাজমার্ত্তণ্ড—ভোজ
রামানন্দীয়—রামানন্দ
রামায়ণতাৎপর্য্যদীপিকা
লক্ষ্মীপুরুষকার
লঘুবিন্দুশেখর
লঘুভাবপ্রকাশিকা—লক্ষ্মী-কুমার তাতাচার্য্য
লঘুমঞ্জুষা—নিম্বার্ক
লঘুবিমর্শিনী
ললিতত্রিভঙ্গ—ব্রজনাথ
লোকায়তিকপক্ষনিরাস
বচনভূষণ—লক্ষ্মীদণ্ডাচার্য্য
বজ্রসূচী—সিদ্ধাচার্য্য ঘোষপাদ
বাক্যদীপিকা
বাক্যপ্রকরণ—শিবযোগীন্দ্র
বাক্যসংগ্রহ
বাক্যসুধা—ভারতীতীর্থবিদ্যারণ্য-স্বামীর শিষ্য
বাক্যার্থচন্দ্রিকা
বাক্যার্থদর্পণ—রামতীর্থ
বাক্যার্থদীপিকা
বাক্যার্থবোধ
বাচারম্ভণ—নৃসিংহাশ্রম
বাণীপূর্ব্বপক্ষ
বাদকথা—গোপেশ্বর
বাদনক্ষত্রমালাসূর্য্যোদয়
বাদাবলী—জয়তীর্থ
বাদিখণ্ডন
বাদিভূষণ—পুরুষোত্তমাচার্য্য
বার্ত্তিকসার—মহেশ্বর তীর্থ
বার্ত্তিকসার—সুরেশ্বর
বার্ত্তিকসারসংগ্রহ—সুরেশ্বর
বাসিষ্ঠসার—রামানন্দ তীর্থ
বাসিষ্ঠসারগূঢ়ার্থ ঐ
বাসুদেবমনন—বাসুদেব যতি
বিচারমালা—নরোত্তমপুরী
বিচারার্কসংগ্রহ—রামানন্দতীর্থ
বিজয়েন্দ্র পরাভব
বিজ্ঞানতরঙ্গিণী—মহারুদ্র সিংহ
বিজ্ঞাননৌকা—শঙ্করাচার্য্য
বিজ্ঞানবিলাস
বিজ্ঞানশাস্ত্র
বিজ্ঞানশিক্ষা
বিজ্ঞানসংজ্ঞাপ্রকরণ
বিদ্যাগীতা—দত্তাত্রেয়
বিদ্যামাধবীয়
বিদ্যাসাগরপার
বিদ্বৎসন্ন্যাসলক্ষণ
বিদ্বদ্বিনোদমঞ্জুষা
বিদ্বদ্বিবাদ
বিদ্বন্মনোরঞ্জিনী—রামতীর্থকৃতবেদান্ত-সারটীকা
বিরোধবরুথিনী
বিরোধবরুথিনী টীকা
বিরোধবরুথিনীনিরোধ—শ্রীনিবাস ভট্ট
বিরোধবরুথিনী ভঞ্জনী
বিরোধিপুরুষকার
বিরোধোদ্ধার
বিলক্ষণ মোক্ষাধিকার
বিবরণ—বিদ্যারণ্য
বিবরণদর্পণ
বিবরণপ্রমেয়সংগ্রহ—ভারতীতীর্থ বিদ্যারণ্য
বিবরণ প্রস্থান
বিবরণভাবপ্রকাশিকা—পরিব্রাজকাচার্য্য
বিবরণব্রণ—বাদিরাজ
বিবরণসংগ্রহ
বিবরণসারসংগ্রহ
বিবরণোপন্যাস—বিদ্যারণ্য
বিবেকফল
বিবেকমকরন্দ—বাসুদেবেন্দ্র
বিবেকমার্ত্তণ্ড—ষড়্গুণাচার্য্য
বিবেকশতক—প্রবোধানন্দ সরস্বতী
বিবেকসার—রামেন্দ্র যতি
বিবেকসার—সায়ণ
বিবেকসারসিন্ধু বা বেদান্তার্থবিবেচন-মহাভাষ্য—মুকুন্দ মুনি
বিবেকামৃত—গোপাল
বিশিষ্টাদ্বৈত চন্দ্রিকা
বিশিষ্টাদ্বৈতবার্থ
বিশিষ্টাদ্বৈতবিজয়বাদ—নরহরি
বিশিষ্টাদ্বৈতসমর্থন
বিশিষ্টাদ্বৈতসিদ্ধান্ত—শ্রীনিবাস দাস
বিজয়বাক্যসংগ্রহ
বিষয়াসিদ্ধদীপিকা
বিষ্ণুসিদ্ধান্ত
বীতমহোপাখ্যান
বীর মহেশ্বরাচার—নীলকণ্ঠ নাথ
বীর মহেশ্বরীয়
বৃত্তিপ্রভাকর—পঞ্চদশীটীকা (নিশ্চলদাস স্বামী)
বেদদীপিকা—রামানুজাচার্য
বেদানুস্মৃতি
বেদান্ত—স্বাত্মানন্দোপদেশ
বেদান্তকতক—নীলকণ্ঠ
বেদান্তকথারত্ন—গোবিন্দ শর্ম্মা
বেদান্তকল্পতরু—অমলানন্দ
বেদান্তকল্পতরুপরিমল—অপ্পয়দীক্ষিত
বেদান্তকল্পলতিকা—মধুসূদন সরস্বতী
বেদান্তকারিকাবলি—বরদদেশিকাচার্য্য
বেদান্তকৌমুদী—রামাদ্বর বা রামপণ্ডিত
বেদান্ত কৌস্তুভ—শ্রীনিবাস
বেদান্ত কৌস্তুভ—বেঙ্কটাচার্য
বেদান্তকৌস্তুভপ্রভা—কেশবদত্ত
বেদান্তগ্রন্থ—সদানন্দ সরস্বতী
বেদান্তচন্দ্রিকা—সদানন্দ সরস্বতী
বেদান্তচন্দ্রিকা—রামেশ্বর দত্ত
বেদান্ত চিন্তামণি—গোবর্দ্ধন
বেদান্ত চিন্তামণি—শুদ্ধভিক্ষু
বেদান্ত চিন্তামণিপ্রকাশ—শুদ্ধভিক্ষু
বেদান্ত ডিণ্ডিম
বেদান্ততত্ত্ব
বেদান্ততত্ত্বকৌমুদী—বাচস্পতি মিশ্র
বেদান্ততত্ত্বদীপন—অমৃতানন্দ নাথ
বেদান্ততত্ত্ববোধ—নিম্বার্ক
বেদান্ততত্ত্ববোধ—শঙ্করাচার্য্য
বেদান্ততত্ত্বসার—রামানুজ
বেদান্ততত্ত্বসার—বিদ্যেন্দ্র সরস্বতী
বেদান্ততত্ত্বোদয়—আনন্দমন্ত্রাচার্য্য
বেদান্তদীপ বা বেদান্ত প্রদীপ—রামানুজ
বেদান্তদীপ—বনমালী
বেদান্তদীপিকা—গঙ্গাদাস
বেদান্তদীপিকা—ব্রহ্মদত্ত
বেদান্তনয়নভূষণ—স্বয়ম্প্রকাশানন্দ
বেদান্ত-নামসহস্রব্যাখ্যান-স্বরূপানুসন্ধান—শিবেন্দ্র সরস্বতী
বেদান্তনির্ণয়
বেদান্তন্যায়মালা—রামানুজ
বেদান্তন্যায়রত্নাবলী ব্রহ্মাদ্বৈতামৃত প্রকাশিকা (পুরুষোত্তমানন্দতীর্থ).
বেদান্তপদার্থসংগ্রহ—নঞ্জগুড়ু রামপ্প
বেদান্ত পরিভাষা—ধর্ম্মরাজ অধ্বরীন্দ্র
বেদান্ত পরিভাষা—কাশীনাথ শাস্ত্রী
বেদান্ত পরিভাষা—নৃসিংহ যতীন্দ্র
বেদান্ত পরিভাষা—ব্রহ্মেন্দ্র সরস্বতী
বেদান্তপারিজাতসৌরভ—নিম্বার্ক
বেদান্তপ্রকরণ
বেদান্তপ্রকরণ বাক্যামৃত
বেদান্তপ্রক্রিয়া—শঙ্করাচার্য্য
বেদান্তভাষ্য
বেদান্তভূষণ
বেদার্থমঙ্গলদীপিকা
বেদান্ত মনন—সংখ্যেয়াচার্য্য
বেদান্তমন্ত্রবিশ্রাম—শঙ্করাচার্য্য
বেদান্তমালা—পুরুষোত্তম
বেদান্তমুক্তাবলী—ব্রহ্মানন্দ সরস্বতী
বেদান্তরত্নকোষ—নৃসিংহ মুনি
বেদান্তরত্নমঞ্জুষা—পুরুষোত্তমাচার্য্য
বেদান্তরহস্য—বেদান্তবাগীশ ভট্টাচার্য্য
বেদান্তব্যাক্যার্থ
বেদান্তপদাবলী—জয়তীর্থ
বেদান্তবার্ত্তিক—আনন্দতীর্থ
বেদান্তবার্ত্তিক—বিদ্যারণ্য
বেদান্তবিলয়—মাধবাচার্য্য
বেদান্তবিজয়—রামানুজ দাস
বেদান্তবিজ্ঞাননৌকা—শঙ্করাচার্য্য
বেদান্তবিভাবনা—নারায়ণাচার্য্য
বেদান্তবিভাবনা—নারায়ণ তীর্থ
বেদান্তবিবেক—নৃসিংহাশ্রম
বেদান্ত বিবেক চূড়ামণি—শঙ্করাচার্য্য
বেদান্তশাস্ত্র সংক্ষিপ্ত প্রক্রিয়া—শঙ্করাচার্য্য
বেদান্তশাস্ত্রাম্বুধিরত্ন—রামেশ্বর
বেদান্তশিখামণি—রামকৃষ্ণ
বেদান্তশ্রুতিসারসংগ্রহ—গঙ্গাধর
বেদান্তসংগ্রহ—শিবরাম ভট্ট
বেদান্তসংগ্রহ—শ্রীনিবাস রাঘবাচার্য্য
বেদান্তসংগ্রহ—স্বয়ম্প্রকাশ
বেদান্তসংগ্রহটীকা—যোগীন্দ্র
বেদান্তসংজ্ঞা—টীকাকার আদিত্যপুরী
বেদান্তসংজ্ঞানিরূপণ
বেদান্তসংজ্ঞাপ্রক্রিয়া
বেদান্তসপ্তসূত্র
বেদান্তসম্মত কর্ম্মতত্ত্ব
বেদান্তসার—নীল
বেদান্তসার—রামানুজ
বেদান্তসার—শঙ্করাচার্য্য
বেদান্তসার—সদানন্দ যোগীন্দ্র
বেদান্তসারপদামালা
বেদান্তসারসংগ্রহ—ভট্টগোবর্দ্ধন
বেদান্তসারসংগ্রহ—সদানন্দ স্বামী
বেদান্তসারসংগ্রহ—ধর্ম্মশাস্ত্রী কাণ্ড-দ্বয়াতীত যোগী
বেদান্তসারসার
বেদান্তসারসিদ্ধান্ততাৎপর্য্য
বেদান্তসিদ্ধান্ত—টীকাকার শঙ্করাচার্য্য
বেদান্তসিদ্ধান্তচন্দ্রিকা—রামানন্দ সরস্বতী
বেদান্তসিদ্ধান্তদীপিকা—বৈকুণ্ঠশিষ্য
বেদান্তসিদ্ধান্তপ্রদীপ—নিয়মানন্দ
বেদান্তসিদ্ধান্ত মুক্তাবলী—প্রকাশানন্দ
বেদান্তসিদ্ধান্তরত্নাঞ্জলি—হরিব্যাসদেব
বেদান্তসিদ্ধান্তসূক্তিমঞ্জরী—গঙ্গাধর সরস্বতী
বেদান্তসুধারহস্য—শিবকোপ মুনি
বেদান্তসূত্র
বেদান্তসূত্রবৃত্তি
বেদান্তস্তম্ভমন্তক—রাধাদামোদর
বেদান্তাধিকরণমালা—বিদ্যারণ্য
বেদান্তামৃত
বেদান্তামৃতচিদ্রত্নচষক—গোপালেন্দ্র সরস্বতী
বেদান্তার্থবিবেচনমহাভাষ্য
বেদান্তার্থসংগ্রহ—রামশর্ম্মা
বেদান্তার্থসারসংগ্রহ—ধর্ম্মশাস্ত্রী
বেদান্তালোক
বেদান্তোপনিষদ্
বেদান্তোপন্যাস
বৈকুণ্ঠদীক্ষিতীয়—বৈকুণ্ঠদীক্ষিত
বৈকুণ্ঠদীপিকা
বৈজয়ন্তী—ত্র্যম্বকশাস্ত্রী

বৈদিকবিজয়
বৈদ্যকসিদ্ধান্ত—ব্রহ্মানন্দ যোগী
বৈরাগ্যপঞ্চাশীতি—কাশীনাথ
বৈষ্ণবকর্ণাভরণসংগ্রহ
বৈষ্ণবশরণাগতি
ব্যবহারিকতত্ত্বখণ্ডন
ব্যামোহবিদ্রাবণ—গোবর্দ্ধনাচার্য্য
ব্যাসদর্শনপ্রকার—বিদ্যারণ্য
ব্যাসাদ্রিতরঙ্গিণী—ব্যাসাদ্রি
শঙ্করপাদভূষণ—রঘুনাথ
শঙ্করভাষ্যন্যায়সংগ্রহ
শতদূষণী—রামানুজ
শতদূষণী—বেঙ্কটাচার্য্য
শতদূষণী—শ্রীনিবাস
শতদূষণী—মুদ্গলাচার্য্য
শতদূষণী খণ্ডন
শরচ্চন্দ্রিকা
শরীরবাদ—অসন্তাচার্য্য
শান্তনবষট্‌সূত্র
শারীরকন্যায়
শারীরকমীমাংসা
শারীরক মীমাংসা ন্যায়সংগ্রহ—প্রকাশাত্মন্
শাস্ত্রদর্পণ—শঙ্করাচার্য্য
শাস্ত্রদর্পণ—অমলানন্দ
শাস্ত্রসিদ্ধান্তলেশ সংগ্রহ বা সিদ্ধান্তলেশ—অপ্পয়দীক্ষিত
শাস্ত্রারম্ভসমর্থন—অনন্তাচার্য্য
শাস্ত্রারম্ভ সমর্থন—ত্র্যম্বক
শিবাদ্বিত্যপ্রকাশিকা
শিবাদিত্যমণিদীপিকা—অপ্পয়দীক্ষিত
শিবোৎকর্ষ
শুকোর্ব্বশীসংবাদ
শুষ্কজ্ঞাননিরাদর—শ্রীধরমিশ্র
শেষত্ববিচার
শেষবাক্যার্থচন্দ্রিকা
শৈবনবদশপ্রকরণ
শৈবপঞ্চক
শৈবভাষ্য—শ্রীকণ্ঠশিবাচার্য্য
শৈববৈষ্ণব
শৈববৈষ্ণববাদ
শৈববৈষ্ণববাদার্থ
শ্রীকণ্ঠনাথীয়
শ্রীখণ্ডী বেদান্তসার
শ্রীধরী পঞ্চদশী
শ্রীভাষ্য—রামানুজ
শ্রীহর্ষখণ্ডন
শ্রুতদীপ
শ্রুতপ্রকাশিকা বেদার্থসংগ্রহ
শ্রুতপ্রকাশিকা—সুদর্শনাচার্য্য কৃত শ্রীভাষ্যটীকা
শ্রুতপ্রকাশিকাখণ্ডন সিদ্ধান্তসিদ্ধাঞ্জন
শ্রুতপ্রকাশিকা সংগ্রহ
শ্রুতপ্রদীপ
শ্রুতপ্রদীপিকা
শ্রুতভাবপ্রকাশিকা—রঙ্গরামানুজ স্বামিন্
শ্রুতিকল্পদ্রুম—হরিদাস
শ্রুতিকল্পলতা—শ্রীপতি
শ্রুতিগীতা
শ্রুতিচিকিৎসা
শ্রুতিতত্ত্বনির্ণয়
শ্রুতিতাৎপর্য্য নির্ণয়
শ্রুতিপ্রকাশিকা
শ্রুতিমতানুমান—ত্র্যম্বকশাস্ত্রী
শ্রুতিমিতপ্রকাশিকা—ত্র্যম্বকশাস্ত্রী
শ্রুতিবাক্যসার সংগ্রহ
শ্রুতিসংক্ষিপ্তবর্ণন—সুব্রহ্মণ্য
শ্রুতিসংগ্রহ
শ্রুতিসার—তৌটকাচার্য্য
শ্রুতিসার—পূর্ণানন্দ
শ্রুতিসার—বল্লভাচার্য্য
শ্রুতিসারসমুচ্চয়—পূর্ণানন্দ
শ্রুতিসারসমুদ্ধরণপ্রকরণ—তৌটকাচার্য্য
শ্রুতিস্মৃত্যাদিতাৎপর্য্য
শ্লোকদ্বয় ব্যাখ্যা
শ্লোকপঞ্চক বিবরণ—হরিদাস
ষট্‌পদার্থ বিবরণ
ষড়্‌দর্শনীপ্রকরণ
ষোড়শ মহাবাক্যানি
ষোড়শবর্ণ—বাসুদেবেন্দ্রশিষ্য
সম্বিৎপ্রকাশ—বামনদত্ত
সম্বিৎসিদ্ধি—যমুনাচার্য্য
সগুণ নির্গুণবাদ
সংক্ষেপ শারীরক—সর্ব্বজ্ঞাত্মম্ মহামুনি
সংক্ষেপ শারীরিকভাষ্য—শঙ্করাচার্য্য
সংক্ষেপাধ্যাত্মসার—রামানন্দতীর্থ
সংগ্রহ—বীরমহেশ্বরাচার্য্য
সংগ্রহবিবরণ
সংজ্ঞাপ্রকরণ
সচ্চিদানন্দানুভবদীপিকা [পঞ্চপ্রকরণী টীকা]—শঙ্করাচার্য্য
সৎতত্ত্বরত্নমালা—তাম্রপর্ণ্যাচার্য্য
সৎসিদ্ধান্তমার্ত্তণ্ড
সৎসুখানুভব—ইচ্ছারাম স্বামী
সদাশিব ব্রহ্মন্
সদ্বিদ্যাবিজয়—দোড্ডয্যাচার্য্য
সদ্‌ভূত্তরত্নাবলী
সনকসংহিতা—গৌরীকান্ত
নন্ধানকল্পবল্লী—সচ্চিদানন্দ ভারতী
সন্ন্যাসাশ্রমবিচার
সপর্য্যাসপুক
সপ্তগ্রন্থী
সপ্তভঙ্গীতরঙ্গিণী
সমাধিপ্রকরণ
সমীচীনভাষ্যটীকা
সম্প্রদায়চন্দ্রিকা
সম্প্রদায় পরিশুদ্ধি
সম্বন্ধোদ্যোত—রভসনন্দী
সরস্বতীয়—স্বয়ম্প্রকাশ সরস্বতী
সর্ব্বলিঙ্গসন্ন্যাস
সর্ব্বসার
সর্ব্বসিদ্ধান্তসংগ্রহ
সর্ব্বাঙ্গযোগদীপিকা—সুন্দরদাস
সর্ব্বার্থসিদ্ধি—বেদান্তাচার্য্য
সহস্রকিরণাবলী
সহস্রাখ্যা—বোধিসিদ্ধি
সাত্বতসিদ্ধান্ত শতক
সাম্রাজ্যসিদ্ধি—গঙ্গাধর সরস্বতী
সারচুলুক—ত্রৈয়ননারাচার্য্য
সারদীপিকা—শ্রীনিবাসাচার্য্য
সারপ্রকাশিকা—শ্রীনিবাসাচার্য্য
সারভোগ
সারসমুচ্চ
সারাসারবিবেক
সারাস্বাদিনী—গোপালদেশিকাচার্য্য
সারাস্বাদিনী—রামানুজ স্বামী
সিদ্ধান্তকল্পলতা
সিদ্ধান্তকল্পবল্লী—ষড়্‌গুরুশিষ্য
সিদ্ধান্তগীতা
সিদ্ধান্তগ্রন্থ
সিদ্ধান্তচন্দ্রিকা—অনন্ত ভট্ট
সিদ্ধান্তচন্দ্রিকা—রামানন্দ
সিদ্ধান্তচন্দ্রিকা—শিবচন্দ্র সিদ্ধান্ত)
সিদ্ধান্তচন্দ্রিকা খণ্ডন
সিদ্ধান্তচিন্তামণি—কৃষ্ণভট্ট
সিদ্ধান্তচূড়ামণি
সিদ্ধান্তজাহ্নবী—শ্রীদেবাচার্য্য
সিদ্ধান্ততত্ত্ব—অনন্তদেব
সিদ্ধান্ততত্ত্বদীপ
সিদ্ধান্ততত্ত্বপ্রকাশিকা
সিদ্ধান্তদীপ—বিশ্বদেব
সিদ্ধান্তদীপে তত্ত্বপ্রকাশ—হয়গ্রীব
সিদ্ধান্তদীপিকা—নানা দীক্ষিত কৃত বেদান্তসিদ্ধান্তমুক্তাবলী টীকা)
সিদ্ধান্তন্যায়চন্দ্রিকা
সিদ্ধান্তমকরন্দ
সিদ্ধান্তমঞ্জরী
সিদ্ধান্তমঞ্জুষা—শিবভারতী
সিদ্ধান্তমুক্তাবলী
সিদ্ধান্তরত্ন (নিম্বার্ক)
সিদ্ধান্তরত্নমালা—শ্রীবৎস শর্ম্মন্
সিদ্ধান্তরত্নাকর
সিদ্ধান্তরত্নাবলী—বেঙ্কটাচার্য্য
সিদ্ধান্তরহস্য—কল্যাণ রায়
সিদ্ধান্তরহস্যবৃত্তিকারিকা—হরিদাস
সিদ্ধান্তবেদ
সিদ্ধান্তশতক
সিদ্ধান্তশিরোমণি—রাঘবেন্দ্র সরস্বতী
সিদ্ধান্তসংগ্রহ—অপ্পয্যদীক্ষিত
সিদ্ধান্তসংগ্রহ—বেঙ্কটাচার্য্য
সিদ্ধান্তসারসংগ্রহ
সিদ্ধান্তসারাবলী—আনন্দ ভট্ট
সিদ্ধান্তসিদ্ধাঞ্জন—অনন্তাচার্য্য
সিদ্ধান্তসিদ্ধাঞ্জন—কৃষ্ণানন্দ
সিদ্ধান্তসিন্ধু
সিদ্ধান্তস্মৃতিমঞ্জরী
সিদ্ধান্তসেতুকা—সুন্দর ভট্ট
সিদ্ধান্তার্ণব—রঘুনাথ সার্ব্বভৌম
সিদ্ধিত্রয়—যমুনাচার্য্য
সিদ্ধিসাধক
সুজ্ঞানবিংশতি—মুকুন্দ কবি
সুবোধপঞ্জিকা—মাতৃসূনু
সুবোধিনী—গঙ্গাধর
সুবোধিনী—নৃসিংহসরস্বতী
সুবোধিনী—পুরুষোত্তম
সূত্রপাদ—কাশীনাথ
সূত্রপ্রকাশিকা
সূত্রার্থ
সূত্রার্থচন্দ্রিকা—কেশব শেষ
সূত্রোপন্যাস
সেশ্বরমীমাংসা
সোপদেশধারণ
সোপানপঞ্চরত্ন
স্থূলপ্রকরণ—শঙ্করাচার্য্য
স্থূলসূক্ষ্মপ্রকরণ
স্ফুটবোধ
স্বপ্রভা—প্রত্যক্‌তত্ত্ব চিন্তামণি টীকা সদানন্দ
স্বমার্গমর্ম্মবিবরণ—হরিদাস
স্বয়ংবোধ
স্বরূপনিরূপণ
স্বরূপনির্ণয়
স্বরূপপ্রকাশ—সদানন্দ কাশ্মীর
স্বল্পাদ্বৈতপ্রকাশ ব্রহ্মসূত্রটীকা—রামানন্দতীর্থ
স্বাত্মনিরূপণ বা স্বাত্মানন্দপ্রকাশ—শঙ্করাচার্য্য
স্বাত্মপূজা—শঙ্কর
স্বাত্মপ্রয়োগপ্রদীপ—অমরেন্দ্র যোগীন্দ্র
স্বাত্মসংবিত্ত্যুপদেশ—দত্তাত্রেয়
স্বাত্মানন্দোপদেশ
স্বানন্দচন্দ্রিকা
স্বানুভবাদর্শ—মাধবাশ্রম
স্বানুভূতিপ্রকাশ—দেবেন্দ্র
স্বারাজ্যসিদ্ধি
হংসমৌন—সত্যজননানন্দতীর্থ
হংসবিবেক—সত্যজননানন্দতীর্থ
হরিগুণমণিদর্পণ—সুরপুর শ্রীনিবাস
হরিহরধিকার—বোধেন্দ্র
হরিহরোপাধিবিবেচন—অমৃতানন্দতীর্থ
হস্তামলকস্তোত্র বা হস্তামলক-সংবাদস্তোত্র

বেদান্তচূড়ামণি, দাক্ষিণাত্যবাসী একজন সুপণ্ডিত ব্রাহ্মণ।

বেদান্তদেশিক, অচ্যুতশতক ও যমকরত্নাকররচয়িতা।

বেদান্তনয়ন আচার্য্য, অধিকরণচিন্তামণি প্রণেতা।

বেদান্তবাগীশ ভট্টাচার্য্য (পুং) ১ বেদান্তরহস্য ও বেদান্তসারভাবার্থদীপিকাপ্রণেতা। ২ হরিতোষণ নামক ভক্তিগ্রন্থরচয়িতা।

বেদান্তাচার্য্য, কএকজন গ্রন্থ রচয়িতার উপাধি। সংস্কৃত সাহিত্যে লক্ষ্মণ, বেঙ্কটনাথ, শ্রীনিবাস প্রভৃতি পণ্ডিতের বেদান্তাচার্য্য উপাধি দেখিতে পাই, কিন্তু নিম্নোক্ত গ্রন্থগুলি কোন্ বেদান্তাচার্য্যের তাহা অনুসন্ধান করিবার উপায় নাই। নিম্নে কএকজন গ্রন্থকর্ত্তা বেদান্তাচার্য্যের উল্লেখ করা গেল :—

১ অধিকরণ-সারাবলী, তত্ত্বমুক্তাকলাপ, ন্যায়পরিশুদ্ধি, ন্যায়রত্নাবলী, পঞ্চরাত্ররক্ষা, ভগবদ্গীতা-তাৎপর্য্যচন্দ্রিকা, রঙ্গনাথপাদুকাসহস্র, রহস্যত্রয়সার, শতদূষণী, সচ্চরিত্ররক্ষা, সর্ব্বার্থসিদ্ধি ও হংসসন্দেশ-রচয়িতা।

২ অভয়প্রদানসার, দশশ্লোকীনিঘণ্টু ও যতিরাজসপ্ততি-প্রণেতা।

৩ গুণরত্নকোষটীকাপ্রণেতা।

৪ প্রমেয়টীকা ও বহুব্রীহিবাদরচয়িতা।

৫ যাদবাভ্যুদয়কাব্য-রচয়িতা।

৭ "অনুমানস্য পৃথক্ প্রামাণ্যখণ্ডনম্" রচয়িতা। ইনি বল্লভ নৃসিংহের পুত্র।

বেদান্তিন্ (পুং) বেদান্তোঽস্যাস্তীতি বেদান্ত-ইনি। বেদান্তশাস্ত্রবেত্তা। পর্য্যায়—ব্রহ্মবাদী। (জটাধর)

বেদাপ্তি (স্ত্রী) বেদজ্ঞানপ্রাপ্তকাম।

বেদাভ্যাস (পুং) বেদস্য অভ্যাসঃ। বেদপাঠ, বেদানুশীলন। শাস্ত্রে লিখিত আছে যে, বেদাভ্যাস পাঁচ প্রকার। ব্রাহ্মণের বেদাভ্যাসই পরম তপস্যা। দিবসের দ্বিতীয়ভাগে বেদাভ্যাস করিতে হয়। প্রথম ষড়ঙ্গ সহিত বেদস্বীকরণ, পরে বেদবিচার, বেদাভ্যাস, বেদজপ ও বেদদান এই পাঁচপ্রকার বেদাভ্যাস।

"দ্বিতীয়ে চ তথা ভাগে বেদাভ্যাসো বিধীয়তে।
বেদাভ্যাসো হি বিপ্রাণাং পরমং তপ উচ্যতে॥
ব্রহ্মযজ্ঞপরং জ্ঞেয়ঃ ষড়ঙ্গ সহিতঞ্চ যঃ।
বেদস্বীকরণং পূর্ব্বং বিচারোঽভ্যসনং জপঃ।
তদ্দানঞ্চৈব শিষ্টেভ্যো বেদাভ্যাসোহি পঞ্চধা॥" (আহ্নিকতত্ত্ব)

বেদাম, মান্দ্রাজ প্রেসিডেন্সীর গঞ্জাম জেলার একটী ক্ষুদ্র সামন্তরাজ্য। বেদাম গ্রাম দুই বর্গ মাইল বিস্তৃত।

বেদার (পুং) কৃকলাস, কাঁকলাস। (ত্রিকা°)

বেদার (বিদার), একটী প্রাচীন জনপদ। প্রাচীন বিদর্ভরাজ্য ক্রমে বিদর বা বেদার নামে আখ্যাত হইয়াছে। এই স্থান মহিসুর, হায়দরাবাদ ও মহারাষ্ট্র প্রদেশের মধ্যস্থলে অবস্থিত ছিল। বিদর্ভরাজ নলের পর এই স্থানের সমৃদ্ধি বা বিশেষ ইতিহাসের পরিচয় পাওয়া যায় না। দাক্ষিণাত্যের হিন্দুরাজগণের প্রভাবকালেও এই স্থান সুপ্রতিষ্ঠিত হইতে পারে নাই। অতঃপর মুসলমান-অভ্যুদয়ে ইহা ইতিহাসে স্থান লাভ করে। এখনও এতদ্দেশে যে সুদূর বিস্তৃত স্থান ব্যাপিয়া বেদারী জাতির বাস রহিয়াছে, তাহা দেখিয়া অনুমান হয়, প্রাচীন বেদার জনপদ বহুবিস্তৃত ছিল।

১৮৩৯ খৃষ্টাব্দের পূর্ব্বপর্য্যন্ত বেদারীগণ ক্ষুদ্র ক্ষুদ্র কতকগুলি হিন্দু ও মুসলমান নরপতির শাসনাধীনে ছিল। তন্মধ্যে বঙ্গনপল্লীর সৈয়দ বংশীয় নবাব "সিডেড্ ডিষ্ট্রীক্টের" পূর্ব্বাংশে, কর্ণুলের পাঠান নবাব তুঙ্গভদ্রার দক্ষিণকূল পর্য্যন্ত দেশে এবং পশ্চিমভাগে গড়বালের রেড্ডীগণ, সন্দুরের ঘোড়পড়ে বংশীয় মহারাষ্ট্র সর্দ্দার ও আনগুণ্ডির ক্ষত্রিয়রাজ রাজত্ব করিতেন। রাজা নরপতি বিজয়নগররাজ রামচন্দ্রের বংশধর। গোলকোণ্ডা, কুলবর্গা, বিজাপুর ও আহ্মদনগরের মুসলমান-রাজগণের অভ্যুদয়ে বিজয়নগর শ্রীভ্রষ্ট হইলে তদ্বংশীয়েরা সন্দুরে আসিয়া বাস স্থাপন করেন।

এতদ্ভিন্ন শাহনূরের পাঠান সর্দ্দার, গজন্ধর-(গদাধর) গড়ের ঘোড়পড়ে বংশীয় মহারাষ্ট্র সামন্ত এবং অকালকোট, ঘোরঘণ্টের ও বেদার জোরাপুরের সামন্তগণ এই রাজ্যের এক এক অংশ গ্রহণ করিয়াছিলেন। শেষোক্ত সামন্তত্রয় পীড় নাএক নামক একজন বেদারবাসীর সৈনিকের বংশধর। বিজাপুর অবরোধ কালে এই ব্যক্তি মোগল সম্রাট্ অরঙ্গজেবের সহায়তা করায় পুরস্কার স্বরূপ রায়চূড় নামক অন্তর্ব্বেদী জাগীর পান। এখনও ঐ বংশীয়েরা বেদার-রাজ্যের দুই স্থানে রাজত্ব করিতেছে।

বেদার রাজ্যের অধিবাসিরা বেদার বা বেদারী আখ্যায় অভিহিত। জোরাপুরের বেদারীরা দৃঢ়কায় ও বলিষ্ঠ। ইহারা এবং ঘোরঘণ্টবাসী বেদারীরা মদ্যপায়ী এবং শূকর, কুম্ভীর, গোরু, মহিষ, ইন্দুর প্রভৃতি মাংসভোজী। অন্যান্য মাংসভক্ষণেও ইহাদের রুচি আছে।

ইহারা সাহসী এবং শিকার ও দস্যুবৃত্তিতে বিলক্ষণ পটু। যে পেন্ধারী দস্যুদল এক সময়ে ৫০ বৎসর কাল মধ্যভারত উত্যক্ত করিয়াছিল, তাহাতে বেদারী জাতির সংখ্যাই বলবৎ ছিল এবং তাহা হইতে এই দলের পেন্ধার নাম হয়। জোরাপুর নগর পর্ব্বতের উপত্যকামধ্যে স্থাপিত হওয়ায় উহা তজ্জাতীয় দস্যুদলের আবাসের বিশেষ উপযোগী হইয়াছিল।

মহিসুর রাজ্যেও অনেক বেদারীর বাস আছে। তাহাদের মধ্যে অনেকেই শিকার করিয়া অথবা পাখী ধরিয়া জীবিকা

অর্জ্জন করে। অনেকেই ছোট ছোট ঘোটক রাখে এবং তাহার পৃষ্ঠে শস্যাদি চাপাইয়া স্থানান্তরে লইয়া যায়। খৃষ্টীয় ১৯শ শতাব্দের মধ্যকালে বেল্লরী জেলায় যে বৈদার-বান্লু অর্থাৎ বেদার জাতির বসতি ছিল, তাহারাও ঐরূপ অশ্বাদির পৃষ্ঠে মালপত্র লইয়া স্থানান্তরে যাইত। অনেক সময়ে যুদ্ধ ক্ষেত্রে রসদাদি লইয়া যাইবার জন্য সামরিক বিভাগ হইতে ইহাদিগকে নিযুক্ত করা হইত। রমণমল্ল পর্ব্বতেও এইরূপ একদল বেদারীর বাস আছে। এই সকলের মধ্যে মহিসুরবাসী বেদারীরাই সর্ব্বাপেক্ষা উন্নত। তাহাদের মধ্যে অনেকেই পোলিগার পদ লাভ করিয়াছে।

মহিসুর ও বেল্লরী-বাসী বেদারীর অধিকাংশ লোকেই ইস্‌লাম ধর্ম্মে দীক্ষিত হইয়াছে।

হিন্দু বেদারীদিগের মধ্যে কন্যা জন্মিলে তাহারা ঐ কন্যাকে কোন দেবতার নামে উৎসর্গ করে এবং ঐ কন্যা দেবরক্ষিতা জানাইবার জন্য তাহারা কন্যার গায়ে মুদ্রা বা ছাপ বিশেষ লাগাইয়া দেয়; তদবধি ঐ কন্যা বসবী বা মুরলী নামে পরিচিত হইয়া থাকে। পুরুষেরা "দশারী" হইয়া ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক ভিক্ষায় জীবনযাত্রা নির্ব্বাহ করে।

বেদার, দাক্ষিণাত্যের প্রাচীরদ্বারা পরিবেষ্টিত একটী প্রাচীন নগর। ইহা হাইদরাবাদ নগর হইতে ৭৫ মাইল উত্তর-পশ্চিমে মঞ্জিরা নদীর দক্ষিণকূলে (অক্ষো° ১৭° ৫৩´ ৬´´ উঃ এবং দ্রাঘি° ৭৭° ৩৪´ পূঃ) অবস্থিত। নগরভাগ সমুদ্রপৃষ্ঠ হইতে ২২৫০ ফিট্ এবং তোরণচূড়া ২৩৫০ ফিট্ উচ্চ। খৃষ্টীয় ১৬শ শতাব্দের মধ্যকালে ইহা বাহ্মণী-রাজবংশের রাজধানীরূপে গণ্য ছিল। তৎকালে ইহার শ্রীবৃদ্ধিও যথেষ্ট ছিল, যে প্রকাণ্ড প্রাচীর ও বুরুজাদি ইহার চতুর্দ্দিকে একসময়ে নির্ম্মিত হইয়াছিল, তাহা এক্ষণে ধ্বস্ত প্রায় নিপতিত রহিয়াছে।

মোগল সম্রাট্ বাবরশাহের ভারতাক্রমণ কালে বেদার রাজ্য পার্শ্ববর্ত্তী রাজগণের করতলগত থাকে। ১৫৭২ খৃষ্টাব্দে নিজামশাহী রাজগণ এতৎপ্রদেশে আপন শাসন বিস্তার করেন। ১৭৫১ খৃষ্টাব্দে পেশবা বাজীরাও ও সলাবৎজঙ্গের সহিত এই নগরে সন্ধি হইয়াছিল।

বেদারে একপ্রকার সুন্দর বাসন ও বিভিন্ন ধাতব পাত্রাদি প্রস্তুত হইত। য়ুরোপীয় বাণিজ্য পণ্যে তাহা "বেদার-ওয়ার" (Beder-Ware) নামে প্রসিদ্ধ। ডাঃ হাইন, বুকানন হামিল্টন, স্মিথ এবং কাপ্তেন নিউবোল্ট এই মিশ্রধাতুর প্রস্তুত প্রণালী নিরীক্ষণ করিয়া যেরূপ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহা পরস্পর স্বতন্ত্র। নিম্নে তাহা উদ্ধৃত হইল—

ডাঃ হাইনের মত— ১৬ ঔন্স তাম্র, ৪ ঔন্স সীসক ও ২ ঔন্স টীন একত্র গলাইয়া তাহার প্রত্যেক ৩ ঔন্সে ১৬ ঔন্স হিসাবে রঙ্গ (Zinc) মিশাইয়া পুনরায় অগ্ন্যুত্তাপে দ্রব করিলে এই ধাতুপাত্রাদি নির্ম্মাণের উপযোগী হয়, ইহার বর্ণ পিউটার বা জিঙ্কের ন্যায় সাদা, কিন্তু কারিগরেরা বাসনাদি প্রস্তুত করিয়া উহার উপরে একপ্রকার মসৃণ কালরঙ্গ লাগাইয়া দেয়। উহা (Sal ammoniac), শোরা, লবণ ও তুঁতে (Blue Vitriol) যোগে প্রস্তুত। ডাঃ হামিল্টন পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে, ১২৩৬০ গ্রেণ জিঙ্ক, ৪৬০ গ্রেণ তামা ও ৪১৪ গ্রেণ সীসক একত্র মুচিতে দিয়া দ্রব করে। ঐ সকল পাছে অগ্নিযোগে নষ্ট হইয়া যায়, এই কারণে তাহারা গলাইবার সময় খানিক মোম ও রজন দেয়। তারপর সেই গলিত ধাতু ছাঁচে ঢালে। ঠাণ্ডা হইয়া গেলে আস্তে আস্তে মাটীর ছাঁচ ভাঙ্গিয়া পাত্রটী বাহির করে এবং তাহার বহির্গাত্র পরিষ্কার করিবার জন্য কুঁদযন্ত্রে (lathe) দিয়া সাফ করিয়া আনে। তারপর পাত্রটীকে তুঁতে ভিজান জলে ডুবাইয়া রাখে, তাহাতে পাত্রের উপর একটী কালরঙের ছোব্ পড়ে। খোদাইকরগণ তাহাতে খোদাই করিবার সুবিধা পায়। যেহেতু তাহারা তদুপরে যে চারুচিত্র অঙ্কিত করে, তাহা কালপৃষ্ঠে রূপার ন্যায় সাদাভাবে ফুটিয়া উঠে। কখন কখন রূপার বা সোণার স্বতন্ত্র ফুল প্রস্তুত করিয়া তাহারা তাহার গায় বসাইয়া নাচি করিয়া দেয়। এই সকল বাসন সাধারণতঃ বেদারী বাসন নামে পরিচিত।

উপরে যে বাসনের কথা বিবৃত হইল, তাহা প্রধানতঃ তিন শ্রেণীর লোকে প্রস্তুত করিয়া থাকে। এক শ্রেণীর লোক ছাঁচ প্রস্তুত করে। ঐ ছাঁচ সুন্দর প্রথায় নির্ম্মিত হয়। তাহারা দুই পার্শ্বে মৃত্তিকার ছাঁদ করিয়া মধ্যস্থলে মোম ও রজন দেয়। দ্রব ধাতু ঢালিবার সময় ঐ ছাঁচ অল্প উত্তাপে গরম করিয়া লয়। তাহাতে ধীরে ধীরে মোম বাহির হইয়া ভিতরে একটী শূন্য স্থান রাখিয়া যায়, তখন গলাইকর ধাতু দ্রব করিয়া দিলে ঢালাইকর মুচী আনিয়া সেই তরল পদার্থ ছাঁচে ঢালিয়া দেয়। এই ধাতুতে কখন মরিচা পড়ে না। হাতুড়ীর আঘাতে ইহাকে পিটিয়া বাড়াইবার উপায় নাই। বেশী জোরে আঘাত করিলে উহা খণ্ড খণ্ড হইয়া যায়। ডাঃ হামিল্টন বলেন, এই মিশ্র ধাতু অগ্নিসংস্পর্শে রঙ্গ বা সীসকের ন্যায় শীঘ্র গলে না, কিন্তু তামার অপেক্ষা শীঘ্র গলিয়া যায়। এখন প্রায় এই কারবার কারিগরের অভাবে লোপ পাইতেছে, দু-এক ঘর লিঙ্গায়ত বা জৈন এখনও পূর্ব্বস্মৃতি রাখিয়া আসিতেছে মাত্র।

বেদারণ্য, মান্দ্রাজ প্রেসিডেন্সীর নাগপত্তনের নিকটবর্ত্তী একটী প্রাচীন তীর্থ। ব্রহ্মাণ্ডপুরাণের অন্তর্গত বেদারণ্যমাহাত্ম্য ও স্কন্দপুরাণের সনৎকুমার-সংহিতায় ইহার বিষয় লিখিত আছে।

বেদার্ণ, তীর্থভেদ।

বেদার্থ (পুং) বেদস্য অর্থঃ অভিধেয়ঃ প্রয়োজনং বা। ১ বেদ-প্রতিপাদ্য বিষয়, বেদে যে সকল বিষয় প্রতিপন্ন হইয়াছে, বেদবোধিত বিষয়। ২ বেদের প্রয়োজন, বেদের আবশ্যকতা। ৩ বেদের নিমিত্ত, বেদের কারণ।

বেদা বেদৌনা, যুক্ত প্রদেশের আলাহাবাদ বিভাগের কাণপুর জেলার অন্তর্গত একটী গ্রাম। এখানে নানা শিল্পপূর্ণ একটী প্রাচীন ইষ্টকনির্ম্মিত মন্দির বিদ্যমান আছে।

বেদাশ্বা (স্ত্রী) নদীভেদ। (ভারত ভীষ্মপর্ব্ব)

বেদি (স্ত্রী) বিদ্যতে পুণ্যং অস্যামিতি বিদ-ইন্ (উণ্ ৪।১১৮) ১ পরিষ্কৃতা ভূমি। (অমর) 'পরিষ্কৃতা যজ্ঞার্থং পশুবন্ধনায় যজ্ঞ-পাত্রাসাদনায় চ অতিসংস্কারা ভূমির্ব্বেদিরুচ্যতে। সা চ ডমরু-কাস্থাকারাপিণ্ডিকা। বেদয়তি নিবারয়তি দ্রব্যজাতং বেদিঃ। বিদ্ ঙ ক ঞ চেতনাস্থানে বাসবাদের্নলীতি ইঃ। বেদিঃ স্ত্রী বেদী চ।' (ভরত) যজ্ঞের পশুবন্ধন ও যজ্ঞীয় পাত্রাদি আসাদনের জন্য সাতিশয় সংস্কৃত ভূমি। ইহার আকারাদি দেশ ও কার্য্যভেদে বিভিন্ন প্রকার; যেমন দেশভেদে—অন্তর্বেদি, উত্তরবেদি, দক্ষিণবেদি ইত্যাদি। কার্য্যভেদেও অনেক বিভিন্নতা, তবে প্রায়ই ডমরুর ন্যায় আকার ও চতুরস্রাদি বিশিষ্ট বেদীই দেখা যায়।

তুলাদানাদির অঙ্গযজ্ঞের মণ্ডপস্থ বেদীর লক্ষণ—

"মধ্যমোত্তময়োর্বেদী মণ্ডপস্য ত্রিভাগতঃ।
চতুর্থাংশোচ্ছ্রিতিস্তস্যাস্ত্রিসপ্তপঞ্চতোঽপি বা।
নবৈকাদশহারা বা ইষ্টকাভিঃ প্রকল্পয়েৎ॥" (হেমাদ্রি)

মণ্ডপের তৃতীয়াংশপরিমিত দীর্ঘপ্রস্থ নিরূপণ করিয়া তাহার তৃতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, নবম বা একাদশ ভাগ পরিমাণে উচ্ছ্রায়বিশিষ্ট বেদি তুলাদানাদি কার্য্যে ব্যবহারের নিমিত্ত মণ্ডপ-মধ্যে ইষ্টকাদি দ্বারা প্রস্তুত করিতে হয়।

নিম্নে কাত্যায়নশ্রৌতসূত্রোক্ত বৈদিক কর্ম্মাঙ্গে আবশ্যকীয় কতিপয় বেদির লক্ষণ বলা যাইতেছে,—

"ত্র্যঙ্গুলখাতাং" (কাত্যা° শ্রৌ° ২।৬।১)

তিন অঙ্গুলি পরিমিত খাত করিয়া আহবনীয় বেদি প্রস্তুত করিবে।

"ত্র্যরত্নিং প্রাচীম্" "অপরিমিতাং বা"

বেদিমণ্ডপের পূর্ব্বপার্শ্বে মুটুম হাত পরিমিত তিনটী রেখা দ্বারা ত্রিকোণাকার ক্ষেত্র অঙ্কিত করিয়া তৎসদৃশ বেদি নির্ম্মাণ করিতে হয়। মতান্তরে ক্ষেত্রাঙ্কিত করিবার সময় কোনরূপ নির্দ্দিষ্ট পরিমাণ না দিয়া কেবলমাত্র উক্ত আকারে আবশ্যক মত কিঞ্চিদধিক পরিমাণে প্রস্তুত করিলেও চলে।

"প্রাক্প্রবণামুদগ্বা"

কোন কোন বেদির পূর্ব্বদিক্, কোন কোনটীর বা উত্তরদিক্ নিম্ন অর্থাৎ ঢালু রাখিতে হয়।

২ অঙ্গুলিমুদ্রাবিশেষ। (মেদিনী)

৩ গৃহোপকরণবিশেষ। (ভাগবত ১০।৪১।২১)

৪ গৃহমধ্যস্থিত মৃত্তিকা স্তূপবিশেষ। (পুং) ৫ পণ্ডিত। (মেদিনী) (ক্লী) ৬ অম্বষ্ঠা। (শব্দচন্দ্রিকা) ৭ নামাঙ্কিত আংটী। ৮ বোলতা।

বেদিকা (স্ত্রী) বেদি-রক্ স্বার্থে কন্। ১ মঙ্গল কর্ম্মার্থ নির্ম্মিত বেদি। পর্য্যায়—বিতর্দ্দি, বিতর্দ্দী, বেদি, বেদী। [বেদি দেখ] ২ নদীভেদ। (জৈনহরি° ৫৩।২।৫)

বেদিজা (স্ত্রী) বেদ্যা জায়তে ইতি জন-ড। দ্রৌপদী। (হেম)

বেদিত (ত্রি) বিদ-ণিচ্-ক্ত। জ্ঞাপিত, যাহা জানান হইয়াছে। জানান, নিবেদিত। ২ সাক্ষাৎকৃত, দর্শিত।

বেদিতব্য (ত্রি) বিদ-তব্য। বেদ্য, জ্ঞাতব্য।

বেদিতৃ (ত্রি) বিদ-তৃচ্। জ্ঞাতা। পর্য্যায়—বিদুর, বিন্দু। (হেম)

"ন বেদানাং বেদিতা কশ্চিদস্তি
বেত্তেন বেদং ন বিদুর্নবেদ্যম্॥" (ভারত ৫।৪৩।৫২)

বেদিত্ব (ক্লী) বেদিনো ভাবঃ ত্ব। বেত্তার ভাব, জ্ঞান।

বেদিন্ (পুং) বেত্তীতি বিদ্-ণিনি। ১ পণ্ডিত। (শব্দরত্না°) ২ ব্রহ্ম। (ত্রি) ৩ জ্ঞাতা। ৪ পরিণেতা, বিবাহকারী।

বেদিমতী (স্ত্রী) রাজপুরাঙ্গণাভেদ। (দশকুমার ১১৮।৩)

বেদিমেখলা (স্ত্রী) উত্তরবেদীর সীমাসূত্র। (ভাগবত ৪।৫।১৫)

বেদিয়া, ছোটনাগপুরবাসী কৃষিজীবী জাতিবিশেষ। ইহারা কুর্ম্মীজাতির মাসাউৎ (মাসতুতা) ভাই বলিয়া বিদিত। ইহাদের অস্থিগঠন পর্য্যবেক্ষণ করিয়া পাশ্চাত্যজাতিবিদ্গণ বলেন যে এই জাতি দ্রাবিড়ীয় বংশসম্ভূত। এই দুই শ্রেণীর বর্ত্তমান পার্থক্য সম্বন্ধে এইরূপ একটী কিংবদন্তী আছে। পূর্ব্বে কুর্ম্মী ও বেদিয়া-দিগের মধ্যে আদান প্রদান চলিত, কিন্তু যখন কুর্ম্মীরা দেখিল যে বেদিয়ারা গো-মাংস ভক্ষণ করে, তখন তাহারা নিকৃষ্টজ্ঞানে বেদিয়াদিগের সংস্রব ত্যাগ করিল। ইহাদের মধ্যেও শ্রেণীগত বিভাগ আছে। ঐ বিভাগগুলি সাধারণতঃ জীবজন্তু ও বৃক্ষাদির নাম হইতে গৃহীত।

ইহাদের বিবাহে নাপিতেরাই পৌরোহিত্য করে। ইহারা কুর্ম্মীদের নিকট হইতে "কাচ্চি" খাদ্য গ্রহণ করে এবং খান্‌ঘড় মুণ্ডারা ইহাদের প্রস্তুত "কাচি" খাদ্য খায়।

চম্পায় পরিত্যক্ত ১২ ঘর সাঁওতাল মূলজাতি হইতে পৃথক্ থাকিয়া বেদিয়া আখ্যায় পরিচিত হয়। ছোটনাগপুরের এই বেদিয়ারা তাহারই একটী শাখা। উহারা আদিবাস হইতে

পূর্ব্বাভিমুখে না আসিয়া এই দিকে গিয়া বাস করিতেছে। এই বেদিয়া জাতির সহিত বাঙ্গালার বেদিয়া জাতির কোন সম্পর্ক নাই।

বেদিয়া[বেদে], বাঙ্গালাদেশবাসী জাতিবিশেষ। প্রকৃতপক্ষে ইহারা একটী জাতি নহে, নিম্নশ্রেণীর হিন্দু, অর্দ্ধ সভ্য আদিম এবং বাবাজিয়া, লাবা, পাতুয়া প্রভৃতি কতকগুলি নিকৃষ্ট জাতি বেদিয়া বলিয়া সাধারণে পরিচিত। এই শেষোক্তদিগের মধ্যে অনেকেই আপনাদিগকে মুসলমান বলিয়া জানে। আহার বিহারে তাহারা প্রায়ই মুসলমানের আচার পালন করে এবং যদৃচ্ছা মাংসাদি ভক্ষণ করিয়া থাকে। আবার স্থলবিশেষে তাহারা ফলমূলাদি বিক্রয় জন্য ফড়িয়া বলিয়া পরিচিত। কোন কোন হিন্দু শাখা উদ্ভিজ্জ মূলাদি, ওষধি,মন্ত্রৌষধি এবং নানা দ্রব্য যোগে হাতুরিয়া বৈদ্যের ন্যায় রোগের ঔষধাদি প্রয়োগ করিয়া থাকে। অনেকে বলেন, চিকিৎসাতত্ত্বজ্ঞ বৈদ্য জাতির অনুকরণে ঔষধাদি প্রয়োগ করে বলিয়া ইহারা বেদিয়া নামে আখ্যাত হয়।

ইহাদের মধ্যে অনেকেরই বাসস্থান নির্দ্দিষ্ট নাই। সময় সময় ইহারা এক গ্রাম হইতে গ্রামান্তরে যায় এবং কাহারও বাগানে বা মাঠের জঙ্গলাদির পার্শ্বে তাম্বুর আকারে ছাউনী করিয়া পুত্রপরিবার লইয়া বাস করে। শীতের দারুণ হিমে ইহাদের যে বিশেষ কষ্ট বা রোগাদি হয়, এরূপ দেখা যায় না। ইহারা কখন একটী পরিবার এক গ্রাম হইতে অন্য গ্রামে যায় না, অনেক সময়েই পাঁচ বা সাত ঘর একত্র হইয়া এইরূপে এক জেলা হইতে অন্য জেলায় গমন করে।

ইহাদের মধ্যে কৃষিজীবীর সংখ্যা অতি কম। দুএক ঘর সভ্যতার আলোকে সভ্যজাতির অনুকরণে ঘর বাঁধিয়া জমি চাস করে বটে, কিন্তু তাহারা জাতিগত ব্যবসা বিসর্জ্জন দিয়াছে, এরূপ বোধ হয় না। যাহারা ঐরূপ গ্রামে গ্রামে টঙ্ বাঁধিয়া বাস করে, তাহাদের মধ্যে পুরুষেরা দিবাভাগে প্রায়ই রাম-লক্ষ্মণের কীর্ত্তিগাথা গান করিয়া গ্রামবাসীর নিকট ভিক্ষা অর্জ্জন করে এবং কেহ কেহ বন্যপ্রদেশজাত ঔষধাদিও সংগ্রহ করিয়া গ্রামবাসীকে যথাযথ রোগে ঔষধ দিয়া তাহার মূল্য অথবা তদুপযোগী ধান্যাদি লইয়া আইসে। রমণীরাও ঐরূপে গ্রামের স্ত্রী মহলে যাইয়া হনুমান্ ও অপরাপর পৌরাণিক চিত্র দেখাইয়া পয়সা উপার্জ্জন করিয়া থাকে।

এতদ্ভিন্ন স্নায়বিক দৌর্ব্বল্যনাশ, বাতের ব্যথা বিদূরিতকরণ ও বাল-রোগনিবারণ বিষয়ে এই জাতীয় রমণীগণের বিশেষ দক্ষতা আছে। কলিকাতার পথে পথে বেদে-রমণীরা ডাক দিয়া চিকিৎসা করিয়া বেড়ায়। "দাঁতের পোকা" "বাতের ব্যথা" ভাল করিবার জন্য তাহারা যে ঔষধ ও মন্ত্রপ্রক্রিয়া দেখাইয়া থাকে তাহা চমৎকার। দুঃখের বিষয়, অনেক সময়ে উহাতে কোন ফল হয় না।

ইহারা উল্কি পরাইতেও জানে, কিন্তু নটজাতীয় রমণীরা এই কার্য্যে যেরূপ সুনিপুণ ইহারা তাদৃশ নহে। ইহাদের কোন কোন শ্রেণী ব্যায়াম ও ঐন্দ্রজালিক ক্রিয়া দ্বারা সাধারণের নিকট হইতে অর্থ গ্রহণ করে, ঐ সকল শ্রেণী সাধারণতঃ বাজীকর, কবুতরী, ভানুমতী ও দড়িবাজ প্রভৃতি আখ্যায় অভিহিত। হিন্দুস্থানের কাঁজর ও নটদিগের সহিত এতদ্বিষয়ে ইহাদের সৌসাদৃশ্য আছে। বেদিয়া রমণীরা ও বালিকারা ভূমির উপরে নানা প্রকারের ডিগ্‌বাজী ও কাঁধাকাঁধি খেলা দেখায়। পুরুষেরা গোলক অথবা ৫।৬ খানি ছুরি লইয়া ক্রীড়া করে ও শূন্যমার্গে দুইটী বিভিন্ন বংশদণ্ডের উপর দড়ি লাগাইয়া তাহার উপর চড়িয়া নানা প্রকার খেলা করিয়া থাকে। পশ্চিম বাঙ্গালায় মালেরাই সাধারণতঃ এই সকল ব্যায়ামকৌশল দেখাইয়া অর্থোপার্জ্জন করে।

ইহাদের মধ্যে কোন কোন শ্রেণী চিড়িয়ামার বা মীর-শীকার বলিয়া খ্যাত। বস্তুতঃ পাখীমারাই ইহাদের ব্যবসা। সাধারণতঃ ইহারা আটা, ফাঁস বা সাতনলা দিয়া পাখী ধরে। ঐ সকল পাখীর মধ্যে যেগুলি সৌখিন লোকে পুষিয়া রাখে বা খায়, তাহা তাহারা বাজারে বিক্রয় করে, কিন্তু যেগুলির অস্থি বা মাংস ঔষধার্থে ব্যবহৃত হয়, তাহা তাহারা আপনাপন নিকটে রাখে এবং রোগবিশেষে উপকার করে জানিয়া তাহা গ্রামস্থ গৃহস্থ রোগীকে দিয়া অর্থ লয়। কোন কোন অস্থি ঐরূপ ভৌতিক বা ঐন্দ্রজালিক ক্রীড়াসম্পাদনের বিশেষ উপযোগী। যেমন বানরাহু বা বজ্রকীট *(manis pentadactyla)*। ইহার আঁইস ধারণীরূপে ধারণ করিলে হৃদ্‌রোগ *(palpitation of the heart)* আরোগ্য হয়। অঙ্গুলে অঙ্গুরীরূপে ধারণ করিলে ইহা উপদংশজনিত রোগের প্রতিষেধক হয়। মঙ্গল বা শনিবারে পানকৌড়ি মারিয়া মাংস ভক্ষণ করিলে প্লীহা ও সূতিকা রোগ বিদূরিত হয়। পেচকের চক্ষু, নখ বা মল মানবের অনেক কার্য্যে লাগে। পেচকবিষ্ঠা সুপারিচূর্ণের সহিত পেষণ করাইয়া বশী-করণৌষধরূপে এবং ডাকপাখীর শুষ্কমাংস বাতনাশকরূপে ইহারা ব্যবহার করে। সাঁপুড়িয়ারা আর এক শ্রেণীর বেদিয়া। তাহারা মন্ত্রবলে বা কৌশলে সর্প ধরিয়া বেড়ায়। গোখুরা বা কেউটে সাপ ধরিতে তাহারা ভয় করে না। বিষধর সর্প ধরিয়া তাহারা বিষদাঁত ভাঙ্গিয়া বিষের থলি বাহির করিয়া লয় এবং তাহা আয়ুর্ব্বেদবিৎ কবিরাজগণের নিকট বিক্রয় করে। সাপের চক্রের মধ্যে এক প্রকার ক্ষুদ্র কীট জন্মে। ঐ কীটও তাহারা বিক্রয় করে, প্রবাদ, ঐ কীট সঙ্গে থাকিলে সর্পাঘাতের ভয় থাকে না।

ইহারা সাপও পালন করে। মাছ, ইন্দুর, বেঙ প্রভৃতি ধরিয়া সাপদিগকে খাওয়ায় এবং মেলা ও কোন দেবদেবী পূজা উপস্থিত হইলে তথায় সাপ লইয়া খেলা করে। ঐ সময়ে পুরুষেরা বংশী বাজাইয়া এবং স্ত্রীলোকেরা এক প্রকার গান করিয়া সাপগুলিকে নাচায় এবং সাপগুলি সেই সময়ে তর্জ্জন গর্জ্জন করিতে করিতে কামড়াইতে থাকে। সর্পাঘাত হইলে ইহারা হিন্দুস্থানী মন্ত্র পাঠ করিয়া বিষ নামাইতে চেষ্টা পায়। কখন সেই দষ্ট স্থান চুষিয়া রক্তসহ বিষ বাহির করে। তারপর সেই স্থানে ভাটরাজ লতার পাতা ছেচিয়া দেয় ও ক্ষত স্থানের উপরে ও নিম্নে লতার ছড় দিয়া উত্তমরূপে বাঁধিয়া রাখে। ইহারা মাছ ধরে এবং পশু পক্ষী শীকার করে, কিন্তু সকলই আপনারা খায়, বাজারে প্রায়ই বিক্রয় করে না।

রসিয়া-বেদিয়ারা রঙ্গ দ্বারা মল, বালা, হাসুলী প্রভৃতি প্রস্তুত করে। ঐ সকল অল্প মূল্যের অলঙ্কার নিঃস্ব হিন্দু ও মুসলমানেরা আপনাদের কন্যাদের পরাইয়া থাকে। রসের (পারদ) ন্যায় রঙ্গের আকৃতি বলিয়া ইহারা রসিয়া নামে বিভক্ত হইয়াছে। ইহারা প্রায়ই কৃষিজীবী। উত্তর-পশ্চিমের এই শ্রেণীর বেদিয়ারা প্রায়ই মুসলমান এবং ফরাজীমতাবলম্বী। ইহাদের অনেকেই নৌকা বাহে। ঐ সকল নৌকার আকৃতি স্বতন্ত্র। যদি কেহ আলস্য করিয়া গৃহকার্য্য না করে ও বাহিরে দিন কাটায় বা নৌকা বাহিতে চাহে না,তাহা হইলে তাহারা তাহাকে সমাজ হইতে বাহির করিয়া দেয়।

বেদিয়া জাতির অপর সকল থাকের মধ্যে সান্দারেরাই সর্ব্বাংশে সভ্য ও শিক্ষিত। তাঁতি ও জোলারা তাঁত বাধিবার সময় বাঁশের যে সানা ব্যবহার করে, ইহারা প্রধানতঃ সেই সানা প্রস্তুত করে বলিয়া সান্দার নামে পরিচিত। ইহারা ডুবুরির কার্য্য করে এবং পশু পক্ষী প্রভৃতিও রাখে। কিছু দিন হইল ইহারা ইস্‌লামধর্ম্মে দীক্ষিত হইয়াছে, কিন্তু মুসলমানেরা ইহাদের সহিত আদান প্রদান করে না বা একত্র খায় না অথবা একসঙ্গে ভজনা করে না।

বেদিলমীর্জ্জা, মুসলমান কবি সাইদাই গিলানীর উপাধি। মোগল-সম্রাট্ জাহাঙ্গীর বাদশাহের রাজত্বকালে তিনি ভারতে আইসেন এবং সম্রাটের অনুগ্রহে জার্গার-খানার দারোগা নিযুক্ত হন। এই কার্য্যেই তিনি বেদিল্ উপাধি পান। ইহার পর তিনি নুকাৎ বেদিল রুকায়াৎ বেদিল ও চাহার আনসুর নামে দুইখানি দিবান্ কাব্য রচনা করেন। ১১১৬ হিজিরায় কবির মৃত্যু ঘটে।

বেদিষদ্ (ত্রি) ১ বেদিতে উপবেশনকারী। ২ অগ্নি। (ঋক্ ১।১৪০।১) ৩ প্রাচীনবর্হিঃ। (ভাগবত ৪।২৪।২৭)

বেদিষ্ঠ (ত্রি) সর্ব্বজ্ঞ। "অতিশয়েন বেদিতা কৃতস্য স্তোত্রস্য জ্ঞাতা।" (ঋক্ ৮।২।২৪ সায়ণ)

বেদী (স্ত্রী) কৃদিকারাদিতি-ঙীষ্। ১ বেদি। (ভরত) ২ সরস্বতী।

বেদী, গুরু নানকের বংশধরগণ শিখ সম্প্রদায়ের মধ্যে "বেদী" নামে সম্মানিত। তাঁহারা প্রথমে নানকের বেদীতে (গদিতে) উপবেশন করিতেন বলিয়া বেদী আখ্যা পান অথবা তাঁহারা গুরু নানকপ্রবর্ত্তিত ধর্ম্মমত সম্যক্ পরিজ্ঞাত ছিলেন বলিয়া সকলে তাঁহাদিগকে বেদী বলিত। এক্ষণে তাহারা বংশপরম্পরায় শিখদিগের মধ্যে বেদী নামে পুরোহিতরূপে পূজিত। কেবল যে নানকের বংশধরেরাই বেদী নামে সাধারণে সম্মানিত ছিলেন তাহা নহে। নানক যে বংশে জন্মগ্রহণ করেন সেই বংশ বা জাতির নামও বেদী। পরবর্ত্তী কালে নানকবংশীয় বেদীরাই শিখসমাজে বিশেষ ভাবে আদৃত হইয়া প্রতিষ্ঠালাভ করে, কিন্তু তাঁহাদের অন্যান্য শাখার বেদীরা মর্য্যাদাহীন হইয়া সমাজে লুপ্তপ্রায় থাকে। এই শেষোক্ত থাকের মধ্যে অনেকেই শিখ-সম্প্রদায় ভুক্ত নহে।

বর্ত্তমান সময়ের পঞ্জাবের প্রায় সর্ব্বত্র বেদীরা ছড়াইয়া পড়িয়াছে। কাঙরা পর্ব্বতের পাদদেশস্থ ভূভাগে, রেক্না দোয়াবের গুজরান্‌বালা বিভাগে, ইরাবতী তীরবর্ত্তী গোগৈরা নগরে, ঝিলম্‌তীরস্থ শাহপুরে এবং রাবলপিণ্ডিতে তাঁহাদের বাস দেখা যায়, কিন্তু শতদ্রুর দক্ষিণে বড় একটী বেদীদিগের বাস নাই। ইরাবতী তীরস্থিত ভতালা নগরের নিকটবর্ত্তী দেরাবালি নামক নাম স্থানই তাঁহাদের আদি বাসস্থান।

বেদীরা পূর্ব্বে কন্যাহত্যা করিত বলিয়া "কুমারীমার" নামে বিদিত ছিল। রাজপুতের ন্যায় কন্যার বিবাহের ব্যয় সঙ্কুলনে দরিদ্র হইয়া পড়িবে ভাবিয়া যে তাঁহারা এইরূপ দুষ্কার্য্যে ব্রতী হইতেন তাহা নহে। পুরোহিত বা গুরুবংশধর-স্বরূপে তাঁহারা শিখদিগের নিকট হইতে যথেষ্ট ধন ও নানা রকমের উপঢৌকনাদি পাইতেন এবং তদ্দ্বারা তাঁহারা যে স্বচ্ছন্দে কন্যার বিবাহকার্য্য সম্পন্ন করিতে পারিতেন, তাহাতে সন্দেহ নাই, কিন্তু তাঁহারা সেই দোষস্খালনের জন্য বলিত যে পূর্ব্বপুরুষগণের অনুজ্ঞার বশবর্ত্তী হইয়া তাঁহারা এই কাজ করিয়া আসিতেছেন। ইহা তাঁহাদের একটী কৌলিক নিয়ম।

প্রবাদ আছে, এই বংশের ধরমচাঁদ নামক কোন আদি-পুরুষের কন্যার বিবাহে যখন বর ও বরযাত্রী কন্যা লইয়া গৃহাভিমুখে ফিরিতেছে, তখন ধরমচাঁদের দুই পুত্র সৌজন্যতা দেখাইবার জন্য কিছু দূর তাঁহাদের সঙ্গে যায়। ঐ সময়ে দারুণ গ্রাম্য ছিল। বরযাত্রীরা বিবাহের আমোদে ও মদ্যপানে আত্মহারা হইয়া নীচ প্রকৃতির আমোদ দেখাইতে বালক বেদীকে

নিয়মিত স্থানে বিদায় না দিয়া তাহাকে বৃথা কষ্ট দিয়া অধিক দূর হাঁটাইয়া লইয়া যায়। তাঁহারা ক্ষত পদে গৃহে ফিরিয়া আসিলে পিতা ধরমচাঁদ পুত্রগণের দুর্দ্দশা ও কষ্ট দেখিয়া ক্লিষ্ট হন। তিনি তখন স্বীয় পুত্রগণকে জিজ্ঞাসা করিলেন, কেন বর-কর্ত্তা তোমাদিগকে শীঘ্র ফিরিতে আদেশ করেন নাই? পুত্র-গণের মুখে যথাযথ বিবরণ অবগত হইয়া তিনি ক্রুদ্ধ হইলেন এবং বলিলেন, "আজ হইতে কোন বেদীই আপন কন্যা জীবিত রাখিতে পারিবে না। জন্মমাত্রেই তাহাকে শমন সদনে প্রেরণ করিতে হইবে।"

পিতার এইরূপ কঠোর আদেশ শুনিয়া পুত্রগণ ভয়বিহ্বল হইলেন এবং তাঁহারা পিতাকে কহিলেন "শাস্ত্রে পুত্রহত্যা মহাপাতক বলিয়া বর্ণিত আছে," সুতরাং এই নিয়ম প্রতিপালন করিতে বেদীদিগকে চিরজন্ম পাপপঙ্কে নিমজ্জিত থাকিতে হইবে। তাহাতে ধরমচাঁদ উত্তর করিলেন, যদি বেদীগণ সত্য-ধর্ম্ম আশ্রয় করিয়া কালাতিপাত করে এবং মিথ্যা কথা বা প্রবঞ্চনা অথবা মদ্যপান দ্বারা আপনাদিগকে কলুষিত না করে, তাহা হইলে তাহাদিগের কখনই পুত্রসন্তান ব্যতীত কন্যাসন্তান জন্মিবে না। কিন্তু বর্ত্তমান কালে ঐ পাপ আমি আমার স্কন্ধে লইতেছি।" এই কথা বলিবামাত্র ধরমচাঁদের মস্তক স্কন্ধচ্যুত হইয়া তাহার বক্ষস্থলে আসিয়া পড়ে। তদবধি পাপের ভীষণ-ভারে তাঁহার স্কন্ধদ্বয় প্রপীড়িত হইতে থাকে, সে যাহা হউক, এই-রূপ কর্ত্তব্য জ্ঞানের বশবর্ত্তী হইয়া বেদীরা প্রায় ৩ শত বর্ষকাল কন্যাহত্যা করিয়া আসিতেছিল, এক্ষণে রাজশাসনে তাহা নিবারিত হইয়াছে। তৎকালে যদি কোন বেদী স্নেহের বশে আপন কন্যাকে না মারিয়া গোপনে প্রতিপালন করিত, তাহা জানিতে পারিলে তাহাকে সমাজ হইতে তাড়াইয়া দেওয়া হইত এবং সকলে তাহাকে ভাঙ্গীর সমতুল্য জ্ঞান করিত।

বেদীতীর্থ (ক্লী) তীর্থভেদ। (ভারত বনপর্ব্ব)

বেদীয়স্ (ত্রি) অতিশয় বিদ্বান্। (ঋক্ ৭।৯৮।১)

বেদীশ (পুং) বেদানাং পণ্ডিতানামীশঃ। ব্রহ্মা। (ত্রিকা°)

বেদুক (ত্রি) ১ বেত্তা। যে জানে। (তৈত্তিরীয় সং ৫।১।৫।৩) ২ প্রাপক। ৩ প্রাপ্ত। (তৈত্তিরীয়ব্রা° ৩।৯।২২।২)

বেদুর, (বেড়ুর) মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণ আর্কট ও পুঁদিচেরী জেলার বিল্লুপুরম্ তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। বিল্লুপুরম্ সদর হইতে ১১ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। এখানে একটী জৈনমন্দির বিদ্যমান আছে।

বেদুরাল্লপাড়ু, মান্দ্রাজ প্রেসিডেন্সীর নেল্লুর জেলার পোদিলে তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। পোদিলে নগর হইতে ১১ মাইল পশ্চিমোত্তরে অবস্থিত। এই গ্রামের উত্তরে এবং গড়িপল্লী যাইবার পথের পূর্ব্বে একখানি শিলাফলক বিদ্যমান আছে, উহার লিপি অতি প্রাচীন।

বেদুরুরু, (বেদ্দরুর) মান্দ্রাজ প্রেসিডেন্সীর কড়াপা জেলার কড়াপা তালুকের অন্তর্গত একটী গ্রাম। কড়াপাসদর হইতে ১৫ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। এখানে পেন্নেরু ও পাপঘ্নার সঙ্গমস্থলে সঙ্গমেশ্বর স্বামীর মন্দির বিদ্যমান। ঐ মন্দিরটী সহস্র বৎসরের প্রাচীন।

বেদুল্লবলস, মান্দ্রাজ প্রেসিডেন্সীর বিজাগাপাটম জেলার জগ-পতিনগরম্ তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে একটী প্রাচীন দেবমন্দির আছে, দেবপূজার ব্যয়ভার বহনার্থ রাজপ্রদত্ত একখানি তাম্রশাসন মন্দিরে রক্ষিত রহিয়াছে।

বেদুবালা, যুক্ত প্রদেশের বারাণসী বিভাগের বালিয়া জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। বালিয়া সদরের ১ মাইল উত্তরে অবস্থিত। এখানে একটী প্রাচীন নগরের ধ্বস্তস্তূপ নিপতিত রহিয়াছে।

বেদেশ (ত্রি) ১ বেদধর। ২ ব্রহ্মা।

বেদেশভিক্ষু (পুং) গ্রন্থকারভেদ। ব্যাস তীর্থের শিষ্য। ইনি আনন্দ তীর্থকৃত ঐতরেয়োপনিষদ্ ভাষ্যের টীকা, কাঠকোপনিষ-দ্ভাষ্য-টীকা, কেনোপনিষদ্ভাষ্য-টীকা, পদার্থকৌমুদী নামে ছান্দো-গ্যোপনিষদ্ভাষ্যটীকা, তত্ত্বোদ্যোতবিবরণটীকা ও প্রমাণপদ্ধতি টীকা-রচয়িতা। ইঁহার অপর নাম বেদেশ তীর্থ।

বেদেশ্বর (পুং) ব্রহ্মা।

বেদোজীপুরম্, মান্দ্রাজপ্রেসিডেন্সীর উত্তর আর্কট জেলার আর্ণি জায়গীরের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। আর্ণি হইতে ৮ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। এখানকার রাজনাথেশ্বর স্বামীর মন্দির প্রায় ৫০০ বৎসরের প্রাচীন। মন্দিরগাত্রে কতকগুলি শিলালিপি আছে।

বেদোক্ত (ত্রি) বেদে উক্তঃ। শ্রুতি-কথিত, বেদে যাহা উক্ত হইয়াছে।

"বেদোক্তমেব কুর্ব্বাণো নিঃসঙ্গোঽপি তুমীশ্বরে।" (মলমাসতত্ত্ব)

বেদোদয় (পুং) বেদঃ বিষয়জ্ঞানমুদয়ে যস্য। সূর্য্য। (ত্রিকা°)

বেদোদিত (ত্রি) বেদে উদিতঃ। বেদোক্ত। বেদমূলত্ব হেতু স্মৃতিবচনও বেদোদিত। (মনু ৪।১৪)

"বেদোদিতানাং নিত্যানাং কর্ম্মণাং সমতিক্রমে।"(মলমাসতত্ত্ব)

বেদোপকরণ (পুং) বেদাঙ্গ। (মনু ২।১০৫)

বেদোপগ্রহণ (ক্লী) বেদ পরিশিষ্ট। (রামায়ণ ১।৪।৪)

বেদোপনিষদ্ (স্ত্রী) উপনিষদ্ ভেদ। (তৈত্তিরীয় উপ° ১।১১।৪)

বেদোপবৃংহণ (ক্লী) বেদ পরিশিষ্ট। (বেদান্ত)

বেদোপস্থানিকা (স্ত্রী) বেদরক্ষার স্থান। (হরিবংশ)

বেদৌয়িন্, (বেদাবী), আরবজাতির একটী শাখা। মেসেন, হেজাজ্, পালেস্তিন্, সিরিয়া, য়ুফ্রেতিস ও নাজ্দ্ নদী-তীরবর্ত্তী প্রদেশ এবং মধ্য আরবের প্রদেশসমূহে ইহাদের বাস দেখা যায়। ইহারা প্রায়ই এক স্থানে থাকে না। প্রায়ই বাস পরিবর্ত্তন করিয়া বেড়ায়। এতদ্ভিন্ন উষ্ট্র পৃষ্ঠে মরুপ্রদেশ অতিবাহন করিয়া পণ্যদ্রব্যাদি দেশান্তরে লইয়া যাওয়াই ইহাদের প্রধান কর্ম্ম।

বিভিন্ন স্থানে বাস নিবন্ধন ইহাদের মধ্যেও নামপার্থক্য ঘটিয়াছে। জব্ল-সম্মার বাসীরা সম্মার নামে পরিচিত। তাহারা খৃষ্টীয় ১৭ শ শতাব্দে আদি বাসভূমি পরিত্যাগ করিয়া উত্তর মরুতে বাস করে, পরে তথা হইতে আনাজা জাতিকর্ত্তৃক তাহারা য়ুফ্রেতিস নদীর অপর পারে বিতাড়িত হয়। তাহাদের মধ্যে জের্বা, ফদাঘা, সালামা ও এস্সাকুর্ক নামে চারিটী বংশ আছে।

বেদৌয়িন্দিগের মধ্যে আনাজারাই বিশেষ প্রবল ও সংখ্যায় অধিক। ইহারা মরুদেশে উষ্ট্রাদি পশু চরাইয়া থাকে এবং আবশ্যক বোধ করিলে একদেশ হইতে অন্যদেশে বাস পরিবর্ত্তন করে। পূর্ব্বে ইহারা নাজ্দ প্রদেশে বাস করিত। খৃষ্টীয় ১৯শ শতাব্দের প্রথমে ওহাবীগণ ইহাদিগকে উক্ত প্রদেশ হইতে তাড়াইয়া দেয়। তদবধি ইহারা গ্রীষ্মের সময় সিরীয়া ও য়ুফ্রেতিসের মধ্যবর্ত্তী মরুপ্রদেশে যাইয়া বাস করে এবং শীতকালে দক্ষিণে নাজ্দ পর্য্যন্ত নামিয়া আইসে। ঐ সময়ে ইহারা দামাস্কাস, হামা, হোম্স্, আলেপো প্রভৃতি সিরীয়া প্রান্তবর্ত্তী নগরবাসী বণিকগণের সহিত পণ্যদ্রব্যাদির বিনিময় করিয়া থাকে।

ইহাদের মধ্যেও কতকগুলি শাখা আছে। ঐ শাখাগুলি বিশার এবং ওয়ালাদ ও জেলাস নামক দুইটী বৃহৎ বিভাগের অন্তর্ভুক্ত। মেক্রান্ বংশসম্ভূত ধর্ম্মসংস্কারক আবদ্ উল্ ওহাব মেসালিক্ আনাজা শাখাভুক্ত ছিলেন। তাহারা উত্তর দেশে যাইয়া সম্মারদিগের সহিত যুদ্ধবিগ্রহে লিপ্ত হয় এবং ঘোরতর যুদ্ধের পর তাহাদিগকে য়ুফ্রেতিস নদীর পর পারে তাড়াইয়া দেয়। কতকগুলি নাজ্দ প্রদেশে এবং কতকাংশ দক্ষিণ সিরিয়া ও পালেস্তিনের পূর্ব্বাংশে বাস করে। ওয়ালাদ আলীরা খাইবারে বাস করে। সিরিয়া দিয়া যে সকল "হাজ্" পথ আছে তাহারই তাহারা অধিকারী। অনেক সময়ে তাহারা বণিকদিগের অর্থ সামগ্রী লুণ্ঠন করিয়া থাকে। তাহারা স্বভাবতঃ বীরপ্রকৃতি ও সাহসী। ফরাসী সেনাপতি ক্লেবার (Kleber) তাহাদের নিকট পরাভূত হইয়াছিলেন। তাহারা অশ্বারোহণে যুদ্ধ করিতে বিলক্ষণ পটু; এই জন্য তাহারা অনেক সুন্দর সুন্দর অশ্বও রাখে।

বাণীসহর, আমুর, অমরাহ্, এরফুদ্দী, রুউল্লা ও জেলাস, শেমিলাৎ, হ্রিসসা, আদ্জাদ্জারা, আল্ঘাবুন্, জেদাআ, সপ্ত সাবাআ জাতি, ফাদান্, আবাদাৎ, হুয়াম্ প্রভৃতি শাখাও আনাজা শাখার সংশ্লিষ্ট।

ওবৈদ ও তাই শাখা বহু প্রাচীন ও অতিশয় শক্তিশালী যোদ্ধা। ইহারা মোসলের নিকট বাস করে এবং পশম বিক্রয়ের জন্য ছাগাদি রাখে। অই জাতি মেসেন হইতে তাইগ্রীস তীরে আসিয়া বাস করিয়াছে। ইহাদের মধ্যে ৭টী স্বতন্ত্রবংশ আছে। হাতেম জাতি দানশীলতার জন্য বিখ্যাত। মন্তিফিতস, অল্-হিন্দি ও শ্লাদ্ জাতি ইরাক্ প্রদেশে বাস করে। তাহারা আরবে থাকে না। মন্তিফিতসগণ মৎস্যজীবী, ইহারা অশ্বাদিও পালন করে। অল্হিন্দিরা কৃষিজীবী। শস্যাদি বপন ও কর্ত্তন এবং গোচারণ ইহাদের এক মাত্র কার্য্য। ইহারা ধনবান্। শ্লাদজাতি কৃষিজীবী। ইহারা পণ্যদ্রব্যাদি বহনের জন্য শ্বেতকায় গর্দ্দভ পালন করে।

উত্তর মরুভাগের মওয়ালীরা হেজাজ হইতে আসিয়াছে। ইহাদের শেখেরা আপনাদিগকে আব্বাসী খলিফাদের বংশধর বলিয়া থাকে। সম্মার ও মওয়ালীদিগের বাসভূমির মধ্যবর্ত্তী দেশভাগ লইয়া ইহাদের মধ্যে ৫০।৬০ বৎসর বিবাদ চলিয়াছিল।

রাদাদিনেরা ধনবান্ ও মেষপালক। ইহারা শান্তিপ্রিয়। য়ুফ্রেতিসের তীরবর্ত্তী বেল্দীজাতি কৃষিজীবী। পূর্ব্বে ইহারা মিসোপোটেমিয়ায় ছিল, আব্বেদাৎগণ কৃষিজীবী, ধনশালী ও মেষপালক। ইহারা তাম্বুতে বাস করে। বেণীখালিদ্গণ হাস্সা হইতে মরুভূমির বিভিন্ন স্থানে ছড়াইয়া পড়িয়াছে। সোহণীরা সোডা নামক ক্ষার প্রস্তুত করে। ফার্হুন্, ঘেস্ ও লাহেপ কৃষিকার্য্য করিয়া শস্য উৎপাদন করে বটে, কিন্তু একস্থানে তাহারা চিরস্থায়ী নহে, জমির উর্ব্বরতা কমিয়া আসিলে সে স্থান পরিত্যাগ করিয়া চলিয়া যায়। বাণু সৈয়দেরা অশ্বপৃষ্ঠে আরোহণ করিয়া কেবল দস্যুবৃত্তি দ্বারা জীবিকা অর্জ্জন করে। য়ুফ্রেতিস নদীর দক্ষিণকূলে ইহাদের বাস। ইহারা কোনরূপ বাণিজ্য বা অশ্বাদি পালন করে না। সুভাগণ ছাগ, উষ্ট্র ও অশ্বাদি পালন করে। ইহারা যুদ্ধবিদ্যায়ও সুপটু। আল্জাজিরাবাসী সম্মারগণের সহিত ইহাদের নিরন্তর যুদ্ধবিগ্রহ চলিয়া থাকে। আল্-গ্লাৎ, আল্-মেদ্জাদামা, আল্-বালা, আল্মেষাদা, আল্-বাসোখ্, আল্-বাসালিম প্রভৃতি শাখা অপেক্ষাকৃত অল্প সংখ্যক। ইহারা যুদ্ধাবগ্রহে সুনিপুণ নহে। এতদ্ভিন্ন কোরেশজাতীয় হেরনন্দি এবং আঘেলজাতিকে বেদৌয়িন্ জাতিভুক্ত গণ্য করা যায়। প্রথমোক্ত শাখার লোকেরা সিরিয়ায় বাস করিয়া অশ্বারোহী সেনাদলে নিযুক্ত রহিয়াছে। আঘেলগণ আরবের

সর্ব্বত্র বাস করিয়া বণিকদিগের এজেণ্টের কার্য্য করে এবং পণ্য-দ্রব্য বহনের জন্য উষ্ট্রাদি রাখে।

পার্ব্বত্য প্রদেশে যে সকল বেদৌয়িন্ বাস করে, তাহারা ছাগ পোষে। যাহারা শাবকার্থে উষ্ট্র পালন করে, তাহারা উপযোগী ঋতু অনুসারে একস্থান হইতে অন্য স্থানে সরিয়া যায়।

ইহারা মাথায় বড় বড় চুল রাখে। বাল্যকাল হইতে কখন মস্তক মুণ্ডন করে না। মধ্য স্থান হইতে আঁচড়াইয়া রাখে। ইহারা ধূমপান করে। কেহ লেখা পড়া করে না এবং ফেজ্ ধারণও করে না।

বেদ্দদনোল, মান্দ্রাজ প্রেসিডেন্সীর গোদাবরী জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। নিজামরাজ্য সীমা হইতে ৪ মাইল দূরে এবং রাজমহেন্দ্রী হইতে ৩৮ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। ইহার চারিদিকে কয়লার খাত ও বেলেপাথরের পাহাড়। মধ্যস্থলের গ্রাম-পরিমাণ ৫৷৷০ বর্গমাইল।

বেদ্ধব্য (ত্রি) বেধনযোগ্য। বেধ্য।

"প্রাণো ধনুঃ শরো হ্যাত্মা ব্রহ্ম বেধ্যমনুত্তমম্।
অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবত্তন্ময়োভবেৎ॥" (মার্ক০ পু০ ৪২।৭)

বেদ্ধৃ (ত্রি) বেধকারী। (ভারত আদিপর্ব্ব)

বেদ্‌নোর, রাজপুতনার উদয়পুর রাজ্যের অন্তর্গত একটী নগর। উদয়পুর রাজধানী হইতে ৯৩ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। নগরাধিপতি একজন প্রধান সামন্ত। ইনি ৬০ খানি গ্রামের উপসত্ব ভোগ করিয়া থাকেন।

বেদ্য (ত্রি) বিদ-ণ্যৎ। বেদিতব্য।

"ধর্ম্মঃ প্রোজ্‌ঝিতকৈতবোঽত্র পরমো নির্ম্মৎসরাণাং সতাং
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্।" (ভাগবত ১।১।২)

২ ধন বিষয়ে হিতকর। "রথমিব বেদ্যং
শুক্রশোচিষমগ্নিং" (ঋক্ ২।২।৩)
'বেদ্যং বেদো ধনং তস্মৈ হিতম্' (সায়ণ)
৩ স্তুত্য। "প্রবেধাসি কবয়ে বেদ্যায় গিরং" (ঋক্ ৫।২৫।১)
'বেদ্যায় স্তুত্যায়' (সায়ণ)
৪ লব্ধব্য। "বিত্তঞ্চ মে বেদ্যঞ্চ মে" (শুক্লযজু° ১৮।১১)
'বেদ্যং লব্ধব্যং' (মহীধর)
বেদায় হিতমিতি বেদ-যৎ। ৫ বেদহিত, বেদপ্রতিপাদ্য।
"বেদ্যঞ্চ যৎ বেদয়তে চ বেদ্যং
বিধিশ্চ যশ্চাশ্রয়তে বিধেয়ম্।" (ভারত ১০।১৫৮।৩৬)

বেদ্যত্ব (ক্লী) বেদনীয়ের ভাব। জ্ঞাতৃত্ব। জ্ঞান।

বেদ্যা (স্ত্রী) বেদিতব্যা বিদ্যা। "বেদ্যাভিরোহব্রহ্মাণঃ" (ঋক্ ১০।৭১।৮) 'বেদ্যাভিঃ বেদিতব্যাভিঃ বিদ্যাভিঃ' (সায়ণ)

বেদ্‌লা, রাজপুতনার উদয়পুর রাজ্যের অন্তর্গত একটী নগর। উদয়পুরের ৩ মাইল উত্তরে অবস্থিত। এখানকার সামন্ত ৬১ খানি গ্রামের উপসত্বভোগী।

বেধ (পুং) বিধ-ঘঞ্। ১ বেধন। ছিদ্রকরণ, চলিত বেঁধা। পর্য্যায়—ব্যধ। ২ গভীরতা, চলিত গহরা বা চাড়া। ৩ যন্ত্রাদি দ্বারা গ্রহাদি নিরূপণ। ৪ জ্যোতিষোক্ত গ্রহসংস্থানভেদ, যথা—সপ্তশলাকাবেধ, যুতবেধ, পতাকীবেধ ইত্যাদি।

[বিশেষ বিবরণ তত্তদ্‌শব্দে দ্রষ্টব্য]

বেধক (ক্লী) বিধ-ণ্বুল্। ১ ধান্যক। (রাজনি°) ২ কর্পূর। (ত্রিকা°) ৩ অম্লবেতস। ৪ মণিমুক্তাদি বেধোপজীবী, যাহারা মণিমুক্তাদি বিদ্ধ করিয়া জীবিকা নির্ব্বাহ করে।

"মায়ূরিকাঃ ক্রাকচিকাঃ বেধকা রেচকাস্তথা।" (রামা° ২।৮৪।১৩)

(ত্রি) ৩ বেধকর্ত্তা, বেধকারী। [বেধশালা দেখ।]

বেধনিকা (স্ত্রী) বিধ্যতেঽনয়েতি বিধ-করণে-ল্যুট্, ততঃ স্বার্থে-কন্। মণিশঙ্খাদি বেধনোপকরণ; যাহা দ্বারা মণি ও শঙ্খাদি বেধ করা যায়। চলিত ভোমর, পর্য্যায়—আস্ফোটিনী, লাস্ফোটনী, স্ফোটনী, বৃষদংশিকা। সূচী, তুপুন।

বেধনী (স্ত্রী) বিধ্যতেঽনয়েতি বিধ-ল্যুট্, স্ত্রিয়াং ঙীষ্। ২ বেধনিকা। ২ হস্তিকর্ণবেধনাস্ত্র। (ত্রিকা°) ৩ মেধিকা।

বেধময় (ত্রি) ছিদ্রযুক্ত।

বেধমুখ্য (পুং) বেধে বেধনে মুখ্যঃ শ্রেষ্ঠঃ। কর্চ্চূর। (রাজনি°)

বেধমুখ্যক (পুং) বেধমুখ্য স্বার্থে-কন্। হরিদ্রাবৃক্ষ, কাঁচাহলদি, পর্য্যায়—কর্ব্বূরক, দ্রাবিড়ক, কাল্পক, কাল্যক। (অমর)

বেধমুখ্যা (স্ত্রী) বেধে মুখ্যা। কস্তুরী। (রাজনি°)

বেধশালা, গ্রহনক্ষত্রাদির গতিবিধি পর্য্যবেক্ষণ ও অবস্থান নির্ণয়ের জন্য দেশে দেশে স্থাপিত মানমন্দির বিশেষ। ইংরাজীতে ইহাকে Observatory বলে। [মানমন্দির ও বেধালয় দেখ।]

বেধস্ (পুং) বিদধাতীতি বি-ধা (বিধাঞ্চো বেধচ। উণ্ ৪।২২৪) ইতি অসি, বেধাদেশশ্চ। ১ ব্রহ্মা।

"তং বেধা বিদধে নূনং মহাভূতসমাধিনা।" (রঘু ১।২৯)

২ বিষ্ণু। (অমর) ৩ শিব। ৪ সূর্য্য। (শব্দরত্না°) ৫ পণ্ডিত। (বিশ্ব) ৬ শ্বেতার্ক বৃক্ষ। (শব্দচ°) ৭ অনন্তপুত্র। (অগ্নিপু° সাগরোপাখ্যান নামাধ্যায়) ৮ প্রজাপতি দক্ষ প্রভৃতি।

"পরতোঽপি পরশ্চাপি বিধাতা বেধসামপি।" (কুমার-২।১।৪)

(ত্রি) ৯ মেধাবী। (নিঘণ্টু) ১০ বিবিধ কর্ত্তা।

"আ বেধসং নীলপৃষ্ঠং বৃহন্তং" (ঋক্ ৫।৪২।১২)
'বেধসং বিবিধকর্ত্তারং' (সায়ণ)

বেধস (ক্লী) ব্রহ্মতীর্থ, অঙ্গুষ্ঠমূল। আচমন করিবার সময় ব্রাহ্মতীর্থে অর্থাৎ অঙ্গুষ্ঠ মূলে জল লইয়া আচমন করিতে হয়।

বেধসী (স্ত্রী) তীর্থভেদ।

বেধস্যা (স্ত্রী) যাগবিধানেচ্ছা। (ঋক্ ৯।৮২।২)

বেধালয়, (Observatory) এক খানি শলাকা কিম্বা যষ্টি অথবা অপর কোন পদার্থে সূর্য্যাদি আকাশ-মণ্ডলস্থ গ্রহাদিকে ধরাকে বেধ বলা যায়। উক্ত শলাকাদিতে যত্ন পদার্থের বিম্ব বিদ্ধ হয় বলিয়া বেধ সংজ্ঞা হইয়াছে। যষ্টি,বা শলাকাদি যন্ত্র দ্বারা নক্ষত্রাদির সংস্থান ও গতি নির্ণয়কেই বেধ (observation) এবং যে গৃহে ঐরূপ যন্ত্রাদি রক্ষিত ও কার্য্য সাধিত হয়, তাহাকে প্রাচীনেরা বেধশালা বা বেধালয় বলিতেন, এখন সাধারণে 'মানমন্দির' (observatory) নামেই পরিচিত।

য়ুরোপীয়গণের বিশ্বাস যে 'এদেশে বহু পূর্ব্বকাল হইতে জ্যোতিষের চর্চ্চা থাকিলেও এখানকার লোকের বেধজ্ঞান ছিল না, সুতরাং প্রাচীন কালে কোন বেধশালাও ছিল না। গ্রীকদিগের নিকট হইতেই ভারতবাসী বেধজ্ঞান শিক্ষা করিয়াছে।' এ কথা কিন্তু প্রকৃত নহে। ভারতবাসী যে খৃষ্ট জন্মের বহু সহস্র বর্ষ পূর্ব্ব হইতে বেধোপায় জানিতেন, তাহাতে সন্দেহ নাই। জগতের আদিগ্রন্থ ঋক্‌সংহিতা হইতেই ২৭টী নক্ষত্র ও সপ্তর্ষির সন্ধান পাওয়া গিয়াছে। তৈত্তিরীয় সংহিতায় নক্ষত্র-তারা মধ্যে রোহিণীর প্রতিই চন্দ্রের অতিশয় প্রীতি বা চন্দ্র রোহিণীর নিকটযুতি বলিয়া বর্ণিত হইয়াছে। আশ্বলায়ন শ্রৌতসূত্রে ধ্রুব ও অরুন্ধতীর শনিকৃত রোহিণীশকটভেদ, রামায়ণ ও মহাভারতে নানা নক্ষত্র ও তিথি বর্ণনা ও নানা প্রাচীন স্মৃতিতে নক্ষত্রবীথির উল্লেখ হইতে বেশ জানা যায় যে, ভারতীয় আর্য্যগণ সেই ঋক্‌সংহিতার সময় হইতেই অর্থাৎ সাত হাজার বর্ষেরও পূর্ব্ব হইতেই বেধশিক্ষা করিয়াছিলেন। বরাহমিহির বৃহৎসংহিতায় কেতুচার প্রসঙ্গে লিখিয়াছেন,—

"গার্গীয়ং শিখিচারং পরাশরমসিতদেবলকৃতং চ।
অন্যাংশ্চ বহূন্ দৃষ্ট্বা ক্রিয়তেয়মনাকুলাচারঃ॥"

উক্ত প্রমাণে জানা যাইতেছে যে গর্গ,পরাশর, অসিত, দেবল প্রভৃতি বহু ঋষি কেতুচার নির্ণয় করিয়াছিলেন। উক্ত বৃহৎসংহিতার টীকায় ভট্টোৎপলও এইরূপ পরাশরের কথা প্রকাশ করিয়াছেন—

"পৈতামহশ্চলকেতুঃ পঞ্চবর্ষশতং প্রোষ্য উদিতঃ। ... অথোদ্দালকঃ শ্বেতকেতুর্দশোত্তরং বর্ষশতং প্রোষ্য দৃশ্যঃ। ... শূলাগ্রাকারাং শিখাং দর্শয়ন্ ব্রাহ্মনক্ষত্রমুপসৃত্যমনাক্ ধ্রুবং ব্রহ্মরাশিং সপ্তর্ষীন্ সংস্পৃশ্য ... ... কাশ্যপঃ শ্বেতকেতুঃ পঞ্চদশং বর্ষশতং প্রোষ্যৈন্দ্র্যাং পদ্মকেতোশ্চারান্তে ... ... নভস্ত্রিভাগমাক্রম্যাপসব্যং নিবৃত্যার্দ্ধপ্রদক্ষিণজটাকারশিখঃ স যাবন্তো মাসান্ দৃশ্যতে তাবদ্বর্ষাণি সুভিক্ষমাবহতি॥ অথ রশ্মিকেতুর্বিভাবসুজ প্রোষ্য

অর্থাৎ পৈতামহ কেতু পাঁচ শত ষষ্ঠ বর্ষ প্রবাসে থাকিয়া উদিত হয়, এইরূপ উদ্দালক শ্বেতকেতু ১১০ বর্ষ, শূলাগ্রাকার শিখাধারী কাশ্যপ শ্বেতকেতু ১৫০০ বর্ষ এবং বিভাবসুজ রশ্মিকেতু ১০০ বর্ষ প্রবাসের পর কৃত্তিকাতে ধূমশিখবৎ উদিত হইয়া থাকে।

এখন যেমন য়ুরোপীয়দিগের আবিষ্কর্ত্তার নামানুসারে Halley's Comet প্রভৃতি বিভিন্ন কেতুর নাম শুনা যায়, অতি প্রাচীন কালে এই ভারতবর্ষে যে সকল ঋষি বেধজ্ঞানবলে বিভিন্ন কেতুচার আবিষ্কার করিয়াছিলেন, তাঁহাদের নামানুসারেই সেই সকল কেতুর নামকরণ হইয়াছিল, তাহা ভট্টোৎপলধৃত পরাশরোক্তি হইতে জানা যাইতেছে।

আর্য্যভট, ব্রহ্মগুপ্ত প্রভৃতি প্রাচীন জ্যোতিষাচার্য্যগণ স্বাধীন ভাবে নিজ নিজ উদ্ভাবিত যন্ত্রসাহায্যে অতি পূর্ব্বকাল হইতে অধুনা পর্য্যন্ত বেধ করিয়া আসিতেছেন, আটগড়ের রাজকুমার চন্দ্রশেখর সিংহের জীবনী হইতে তাহার বিলক্ষণ পরিচয় পাওয়া যায়। [চন্দ্রশেখর সিংহ শব্দ দ্রষ্টব্য]

বেধের জন্য বেধশালা আবশ্যক। বরাহমিহিরাদির জ্যোতির্গ্রন্থ হইতে জানিতে পারি যে রাজনির্দ্দেশে কত নক্ষত্রদ্রষ্টা দিবারাত্র নিভৃত কক্ষে বসিয়া নক্ষত্রাদির গতিবিধি পর্য্যবেক্ষণ এবং তাঁহাদের দর্শনের ফলাফল লিপিবদ্ধ করিতেন। ভোজরাজকৃত রাজমৃগাঙ্ককরণ এবং বলভবংশীয় দশবলরাজের করণকমলমার্ত্তণ্ডগ্রন্থ ঐরূপ রাজজ্যোতিষীর পর্য্যবেক্ষণের ফল। কেবল রাজজ্যোতিষী বলিয়া নহে, অনেক স্থলে বহু স্বাধীন জ্যোতির্ব্বিদ্ আপন ক্ষুদ্র কুটীরে বসিয়াও বেধজ্ঞানের পরিচয় দিয়া গিয়াছেন। নানা বৈদেশিক আক্রমণে ও শত শত রাষ্ট্রবিপ্লবে ভারতের কত প্রাচীন বেধশালা বিলুপ্ত হইয়াছে, কিন্তু ভারতের উত্তরসীমার বাহিরে চীনদেশে এরূপ রাষ্ট্রবিপ্লব ও ধ্বংসকাণ্ড ঘটিতে না পারায় এখনও তথায় সহস্রাধিক বর্ষের প্রাচীন বেধালয় দৃষ্ট হয়, তন্মধ্যে চীনরাজধানী পেকিং সহরের বেধালয় জগৎপ্রসিদ্ধ। পূর্ব্বে এখানে একটী ক্ষুদ্র বেধালয় থাকিলেও কো-সৌউ-কিং ১২৭৯ খৃষ্টাব্দে বর্ত্তমান বৃহৎ বেধালয়টী প্রতিষ্ঠিত করেন। ১৬৭৩ খৃষ্টাব্দে উক্ত মানমন্দিরেই বার্বিএষ্ট্ (Verbiest) প্রমুখ জেসুইট্-ধর্ম্মপ্রচারকগণের যত্নে বহু নূতন যন্ত্র নির্ম্মিত হয়। এখনও তাহাতে কাজ চলিতেছে।

ভারতবর্ষে যখনই কোন শ্রেষ্ঠ জ্যোতির্বিদের আবির্ভাব হইয়াছে, তিনিই বেধদ্বারা পূর্ব্ববর্ত্তী জ্যোতিষিক মত শোধন করিতে যত্নবান্ হইয়াছেন। বেশী দিনের কথা নহে, গ্রহলাঘব নামক প্রসিদ্ধ জ্যোতির্গ্রন্থপ্রণেতা গণেশ দৈবজ্ঞের পিতা কেশবার্য্য খৃষ্টীয়

করিলে বিস্মিত হইতে হয়। তাঁহার গ্রহকৌতুকের স্বরচিত মিতাক্ষরা টীকায় বর্ণিত হইয়াছে—

"ব্রাহ্মার্য্যভটসৌরাদ্যেষ্বপি গ্রহকরণেষু বুধশুক্রয়োর্মহদন্তরং অঙ্কতয়া দৃশ্যতে। মন্দে আকাশে নক্ষত্রগ্রহযোগে উদয়েঽস্তে পঞ্চভাগা অধিকাঃ প্রত্যক্ষমন্তরং দৃশ্যতে।...এবং ক্ষেপেষ্বন্তরং বর্ষভোগেষ্বপি অন্তরমস্তি। এবং বহুকালে বহ্বন্তরং ভবিষ্যতি। যতো ব্রাহ্মাদ্যেষ্বপি ভগণানাং সাবনাদীনাং চ বহ্বন্তরং দৃশ্যতে এবং বহুকালে বহ্বন্তরং ভবত্যেব।... এবং বহ্বন্তরং ভবিষ্যৈঃ সুগণকৈঃ নক্ষত্রযোগগ্রহযোগোদয়াস্তাদিভির্বর্ত্তমানঘটনামবলোক্য ন্যূনাধিকভগণাদ্যৈর্গ্রহগণিতানি কার্য্যাণি। যদ্বা তৎকালক্ষেপক-বর্ষভোগান্ প্রকল্প্য লঘুকরণানি কার্য্যাণি।... এবং ময়া পরম-ফলস্থানে গ্রহণতিথ্যন্তাদ্বিলোমবিধিনা মধ্যশ্চন্দ্রো জ্ঞাতঃ তত্র ফল-হ্রাসবৃদ্ধ্যভাবাৎ। কেন্দ্রগোলাদিস্থানে গ্রহণতিথ্যন্তাদ্বিলোম-বিধিনা চন্দ্রোচ্চমাকলিতং। তত্র ফলস্য পরমহ্রাসবৃদ্ধিত্বাৎ। তত্র চন্দ্রঃ সূর্য্যপক্ষাৎ পঞ্চকলো নো দৃষ্টঃ। উচ্চং ব্রহ্মপক্ষাশ্রিতং। সূর্য্যঃ সর্ব্বপক্ষেষ্বীষদন্তরঃ স সৌরো গৃহীতঃ। অন্যে গ্রহা নক্ষত্র-গ্রহযোগগ্রহযোগাস্তোদয়াদিভির্বর্ত্তমানঘটনামবলোক্য সাধিতাঃ। তত্রেদানীং ভৌমেজ্যৌ ব্রাহ্মপক্ষাশ্রিতৌ ঘটতঃ। ব্রাহ্মো বুধঃ। ব্রাহ্মার্য্যমধ্যে শুক্রঃ। শনিঃ পক্ষত্রয়াৎ পঞ্চভাগাধিকো দৃষ্টঃ। এবং বর্ত্তমানঘটনামবলোক্য লঘুকর্ম্মণা গ্রহগণিতং কৃতং।"

'ব্রাহ্ম, আর্য্যভট ও সৌরাদির সিদ্ধান্তগ্রন্থে গ্রহকরণে বুধ ও শুক্রের মহদন্তর দৃষ্ট হয়। মন্দাকাশে নক্ষত্র গ্রহযোগে, উদয় ও অস্তে পঞ্চভাগ অন্তর অধিক, ইহা প্রত্যক্ষরূপে দৃষ্ট হয়। এই প্রকার বর্ষভোগ ক্ষেপেও বিশেষ অন্তর আছে, এবং এইরূপে বহুকালে বহু অন্তর হইয়া থাকে। যেহেতু ব্রাহ্মাদিতে ও সাবনাদি ভগণের বহু অন্তর দৃষ্ট হয় এবং ইহারও বহুকালে বহু অন্তর হইয়া থাকে। সুগণকগণ নক্ষত্রযোগ, গ্রহযোগ এবং উদয়াস্তাদি বর্ত্তমান ঘটনা অবলোকন করিয়া ন্যূনাধিকভাবে ভগণাদি দ্বারা গ্রহগণিত করা বিধেয়, ইহা স্থির করিয়াছিলেন। অথবা তৎকাল-ক্ষেপক বর্ষভোগ কল্পনা করিয়া লঘুকরণ করিবেন।

'পরমফলস্থানে চন্দ্রগ্রহণ তিথির অন্ত হইতে বিলোমবিধি দ্বারা মধ্যচন্দ্র দ্বারা মধ্যচন্দ্র জ্ঞাত হইবে। ইহাতে ফলের হ্রাস বৃদ্ধি হয় না। কেন্দ্রগোলাদি স্থানে ও গ্রহণতিথির অন্ত হইতে বিলোমবিধি দ্বারা চন্দ্রোচ্চ কল্পিত হইয়াছে। তাহাতে ফলের পরম, হ্রাস ও বৃদ্ধি হয় এবং চন্দ্রসূর্য্যপক্ষ হইতে পঞ্চ কলা কম ভাবে দৃষ্ট হয়। ইহা ব্রহ্ম পক্ষাশ্রিত জানিতে হইবে। সূর্য্য সকল পক্ষেই ঈষদন্তর থাকে এবং ইহা সৌর বলিয়া গৃহীত হয়। অন্য গ্রহসকল নক্ষত্রগ্রহযোগ ও নক্ষত্রগ্রহ-যোগাস্ত ও উদয়াদি বর্ত্তমান ঘটনা অবলোকন করিয়া সাধন করা উচিত। অধুনা ভৌম ও ইজ্য ব্রাহ্মপক্ষাশ্রিত আছে। ব্রাহ্ম অর্থাৎ বুধ, ব্রহ্মার্য্য মধ্যে শুক্র, শনি পক্ষত্রয় হইতে পঞ্চভাগ অধিক দৃষ্ট হয়। এইরূপ বর্ত্তমান ঘটনা অবলোকন করিয়া লঘুকর্ম্মা দ্বারা গ্রহগণনা বিধেয়।'

এইরূপে প্রসিদ্ধ জ্যোতিষী কমলাকরও তাঁহার সিদ্ধান্ততত্ত্ব-বিবেক নামক গ্রন্থে পূর্ব্বাচার্য্যগণের সিদ্ধান্ত খণ্ডন করিয়া ধ্রুবনক্ষত্রের গতি প্রকাশ করেন। মহামহোপাধ্যায় চন্দ্রশেখর সিংহের কথা পূর্ব্বেই লিখিয়াছি, অতি অল্প দিন হইল তিনি ইহ-লোক পরিত্যাগ করিয়াছেন। তিনি নিজ চেষ্টায় ও নিজরচিত যন্ত্রসাহায্যে কিরূপ বেধ-দক্ষতা দেখাইয়াছেন, তাঁহার সিদ্ধান্ত-দর্পণ নামক গ্রন্থ পাঠ করিলে তাহার যথেষ্ট পরিচয় পাই; ইঁহার অসাধারণ শক্তি দর্শন করিয়া এ দেশীয় ও বিদেশীয় জ্যোতিষীগণ ইঁহাকে ভারতের "তাইকো ব্রাহী" বলিয়া পরিচিত করিয়াছেন।

এ দেশে এমনও অনেক জ্যোতিষী দেখা গিয়াছে, যে তিনি সংস্কৃত ও ইংরাজী উভয় ভাষাই জানেন না, অথচ নক্ষত্র দেখিয়া এমন জ্ঞান জন্মিয়াছে যে কোন্ কোন্ তারা পশ্চিম হইতে পূর্ব্বে এবং কোন্ কোন্ তারা পূর্ব্ব হইতে পশ্চিমে অস্ত গেল, তাহা তিনি অনায়াসেই বলিতে পারেন।

পূর্ব্বকালে ভারতবর্ষে বেধশালায় বেধার্থ কি কি যন্ত্র ব্যবহৃত হইত, ভাস্করাচার্য্য তাঁহার যন্ত্রাধ্যায়ে সেই সকল যন্ত্রের এইরূপ নামোল্লেখ করিয়াছেন, ১ চক্রযন্ত্র, ২ চাপ, ৩ তুর্য্যগোল, ৪ গোলযন্ত্র, ৫ নাড়ীবলয়, ৬ ঘটিকা, ৭ শঙ্কু, ৮ ফলকযন্ত্র, ৯ যষ্টি-যন্ত্র ও ১০ স্বয়ংবহযন্ত্র। ভারতীয় জ্যোতির্বিদ্‌গণ লল্লাচার্য্য ও ব্রহ্মগুপ্তের সময় হইতে ইদানীন্তনকাল পর্য্যন্ত ঐ সকল যন্ত্রের সাহায্যেই বেধকার্য্য সাধন করিয়া আসিতেছেন। খৃষ্টীয় ১৮ শ শতাব্দীতে জয়পুরাধিপ সবাই জয়সিংহ তৎকালীন ভারতের প্রধান নগরসমূহে বেধশালা বা মানমন্দির প্রতিষ্ঠা করিয়া তন্মধ্যে ঐ সকল যন্ত্র সন্নিবেশ করিয়া গিয়াছেন। কিরূপে ঐ সকল যন্ত্র এবং তাঁহার নবোদ্ভাবিত যন্ত্র ব্যবহার করিতে হয়, তাহারও বিবরণ তিনি পারসী ভাষায় লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

যখন য়ুরোপীয়গণ জ্যোতিষ শাস্ত্রের আলোচনায় এবং যন্ত্রাদি সাহায্যে জ্যোতিষ্কমণ্ডলী অর্থাৎ গ্রহনক্ষত্রাদি গতিস্থিতিনির্ণয়ের বিষয়ে জগতে অভিনব পন্থার প্রসারবৃদ্ধি করিতেছিলেন, যখন কোপর্ণিকাসের (১৪৭৩-১৫৪৩ খৃঃ) আলোকিত জ্যোতি-র্ম্মার্গে বিচরণ করিয়া হর্সেল (Sir William Herschel 1738-1822 A D) প্রভৃতি জ্যোতির্ব্বিদ্‌গণ গ্রহনক্ষত্রাদি আবি-ষ্কার ও গতি নির্ণয় দ্বারা জগতে অশেষ খ্যাতি উপার্জ্জন করিতে-ছিলেন, তাহারও কিছু পূর্ব্বে অর্থাৎ খৃষ্টীয় ১৮শ শতাব্দের প্রথমে

ভারতবর্ষেও জ্যোতিষশাস্ত্রবিশারদ এক অদ্বিতীয় পুরুষ জন্মগ্রহণ করিয়াছিলেন। কেশব দৈবজ্ঞ ও গণেশদৈবজ্ঞ জ্যোতিঃশাস্ত্র-সাগর মন্থন করিয়া তাহার সরোদ্ধার ও সর্ব্বাংশে তদ্‌গ্রন্থনিচয়ের বিশুদ্ধিতা সম্পাদন করিলেও, বাস্তবিক পক্ষে তাঁহারা জয়সিংহের ন্যায় জ্যোতিষশাস্ত্রালোচনার পথ উন্মুক্ত করিতে পারেন নাই।

রাজপুতনার অন্তর্গত অম্বররাজ্যের অধীশ্বর জয়সিংহ ১৭৫০ বিক্রম সম্বতে (১৬৯৩ খৃষ্টাব্দে) জন্মগ্রহণ করেন। বয়োবৃদ্ধি সহকারে তিনি ভারতীয়, মুসলমানী, যাবনী ও য়ুরোপীয় নানা জ্যোতিগ্রন্থ আলোচনা করিয়াছিলেন। ঐ সকল জ্যোতিষগ্রন্থ পাঠে যখন তিনি বুঝিতে পারিলেন যে হিপার্কাস্, টলেমি, ইউক্লিড্, জাম্‌সেদ্ কাসি ও নাসিরতুষি প্রভৃতির গ্রন্থ প্রমাণে দিক্‌প্রত্যয় করিবার যখন সুস্পষ্ট সুবিধা দেখা যায় না, তখন তাঁহাদের এই পরিশ্রম যে বৃথা হইয়াছে তাহা সহজেই অনুমান করা যায়। তদ্ভিন্ন গ্রহনক্ষত্রাদির স্থিতিগণনায় তৎকালে সৈয়দ গুর্গানীর ও থাকানীর প্রবর্ত্তিত যে গণনা-তালিকা, তুষিলাৎ মুলচাঁদ আক্‌বরশাহী, সংস্কৃত-জ্যোতিগ্রন্থ ও য়ুরোপীয় গণনা-তালিকাদি প্রচলিত ছিল, তাহার সহিত প্রকৃত গণনার অনেক বৈষম্য থাকায় তিনি স্বতঃ প্রবৃত্ত হইয়া বেধ-যন্ত্র স্থাপনপূর্ব্বক প্রাচীন পদ্ধতির সংস্কার দ্বারা নূতন গ্রন্থ ও তালিকা প্রণয়নে যত্নশীল হন।

এই সময়ে দিল্লীশ্বর মহম্মদ শাহ তাঁহার জ্যোতিষ বিষয়ক জ্ঞানের পরিচয় পাইয়া এবং বেধশালাস্থাপনে তাঁহার উদ্যম ও আগ্রহ জানিতে পারিয়া তাঁহাকে দিল্লীদরবারে আসিতে আহ্বান করেন এবং স্বয়ং ব্যয়ভার বহন করিতে প্রতিশ্রুত হন। তদনুসারে জয়সিংহ দিল্লীরাজদরবারে আসিয়া মুসলমান জ্যোতির্ব্বিদ্ ও জ্যামিতিজ্ঞগণকে, জ্যোতিশাস্ত্রাভিজ্ঞ ব্রাহ্মণপণ্ডিতদিগকে এবং কএকজন য়ুরোপীয় জ্যোতির্ব্বিদের সাহায্যে কএকটী গ্রহের গতিকাল প্রত্যক্ষ করিয়া পরস্পরে বিচার সহকারে গণনার ভ্রম সংশোধন করিয়া লন। এই সময়ে সুশৃঙ্খলে কার্য্য-নিষ্পাদনের জন্য বৈদেশিক যন্ত্রাদির অনুকরণে তাঁহাকেও কতক-গুলি যন্ত্রও প্রস্তুত করিয়া লইতে হইয়াছিল।

রাজা জয়সিংহ মুসলমানী গ্রন্থানুসারে সমরকন্দে প্রতিষ্ঠিত মানমন্দিরের অনুকরণে দিল্লীতে সেই সকল যন্ত্রাদি স্থাপন করিয়া সর্ব্বপ্রথমে বেধশালার পত্তন করেন। সমর্কন্দে ঐ সময়ে তিন গজ পরিমিত ব্যাসবিশিষ্ট জাৎ-উল্-হল্‌ক এবং জাৎ-উল্-সোবেতিন্, জাৎ-উল্-ফস্‌বেতিন, সাদস্-ফকেরি ও শাম্‌লা প্রভৃতি কতকগুলি পিত্তলনির্ম্মিত যন্ত্র ছিল। ঐ সকল যন্ত্র ক্ষুদ্রাকার হওয়ায় তাহাতে মিনিট বিভাগের সুবিধা ছিল না। অনেক সময় গণনায় বিভ্রাট্ উপস্থিত হইত। কখন বা মধ্যদণ্ড (axes) ক্ষয়প্রাপ্ত হইয়া বা কম্পিত হইয়া বৃত্ত-গুলির কেন্দ্র স্থানচ্যুত হইয়া পড়িত, তাহাতেও অনেক সময় গণনা নিখুঁৎ হইবার অন্তরায় ঘটিত। এই সকল কারণে হিপার্কাস প্রভৃতি প্রাচীন জ্যোতির্ব্বিদ্‌গণের গণনা সর্ব্বাঙ্গ-সুন্দর হয় নাই বিবেচনা করিয়া তিনি নিজমতে রাজধানীর নামানুসারে "দর্-উল্-খলিফাৎ শাহ-জাহানাবাদ," "জয়প্রকাশ," "রামযন্ত্র" ও "সম্রাট্‌যন্ত্র" নির্ম্মাণ করিলেন। ইহার ব্যাসার্দ্ধ প্রায় ১৮ হাত; ১ মিনিট নিরূপণের অংশাংশ-পরিমাণ ১॥ যব। যন্ত্রটী প্রস্তর ও চূণাদিযোগে নির্ম্মিত। বিস্তৃতায়তন হওয়ায় ইহাতে গতি ও দূরত্বের পরিমাণ নির্দ্দেশের বিশেষ সুবিধা আছে।

এইরূপ প্রণালীতে বেধশালা স্থাপিত হইল বটে, কিন্তু নিরূপিত গ্রহনক্ষত্রাদির স্থান এবং বর্ত্তমান যন্ত্রের সাহায্যে অধঃপতিত ঐ সকল স্থানের প্রকৃত স্থিতিনির্ণয়দ্বারা তদুভয়ের মধ্যে দূরত্ব বা কালের ব্যবধান করিবার জন্য জয়সিংহ বিশেষ অধ্যবসায় সহকারে সবাই জয়পুর, মথুরা, বারাণসী ও উজ্জয়িনীনগরীতে আরও চারিটী স্বতন্ত্র বেধালয় স্থাপন করেন। এই সকল স্থানে স্বতন্ত্রভাবে গ্রহনক্ষত্রাদির সঞ্চালন ও গণনা করা হইয়াছিল। সেই গণনার ফল লইয়া তিনি নক্ষত্রদ্বয়ের অক্ষাংশের ব্যবধান বাদ দিয়া সামঞ্জস্য দ্বারা ঐ সকল গণনা ভ্রমবিহীন ও সর্ব্বাঙ্গসুন্দর বলিয়া সিদ্ধান্ত করিয়াছিলেন। এখনও ঐ সকল স্থানে বেধালয় বিদ্যমান আছে। কিন্তু তাহা আলো-চনার অভাবে অনাদৃত অবস্থায় নিপতিত ও ধ্বস্তপ্রায়। সাধারণের অবগতির জন্য একে একে ঐ কয়েকটী বেধালয়ের যন্ত্রাদির উল্লেখ করা গেল।

দিল্লীনগর-প্রাচীরের বহির্ভাগে ১।০ মাইল দূরে জুম্মা-মসজিদের ৩২° দক্ষিণপশ্চিমে দিল্লীর মানমন্দির অবস্থিত। ইংলণ্ডের গ্রীণবীচ (Greenwich) মানমন্দির হইতে এই স্থান অক্ষা° ২৮°৩৭´৩৭´´ উঃ এবং দ্রাঘি° ৭৭°২´২৭´´ পূঃ দূরবর্ত্তী। ইহা কয়েকটী খণ্ড খণ্ড অট্টালিকায় বিভক্ত। এক একটী অট্টালিকায় এক বা ততোধিক যন্ত্রবিন্যস্ত আছে। ঐ সকল যন্ত্রের কতক বিবরণ যন্ত্রশব্দে বিবৃত হওয়ায় এখানে আর লিখিত হইল না, কেবল তাহাদের নাম ও পরিমাণ নির্দ্দেশ করিয়া সংক্ষেপে পরিচয় দেওয়া গেল—

(১) সম্রাট্-যন্ত্র (Equatorial dial) বা নাড়ীবলয়। ইহার শঙ্কু ১১৮ ফুট ৭ ইঞ্চ লম্বা, মূলদেশ ১০৪ ফুট ১ ইঞ্চ এবং খাড়াই ৫৬ ফুট ৯ ইঞ্চি। ইহা প্রস্তরগ্রথিত, কিন্তু স্থানে স্থানে ভগ্ন হইয়া গিয়াছে।

একটী অপেক্ষাকৃত ক্ষুদ্রাকার নাড়ীবলয়। ইহার মধ্যস্থলে শঙ্কু। ইহার উপরে উঠিবার সিঁড়ি আছে। ইহার শঙ্কুর উভয় পার্শ্বেই সমকেন্দ্রক অর্দ্ধবৃত্ত। শঙ্কুটী বহির্বৃত্তের ব্যাস স্বরূপ ৩৫ ফিট্ ৪ ইঞ্চি লম্বা। বহির্গোলকের এক একটী অংশ ভাগ ৩$\frac{৭}{১০}$ ইঞ্চি। বহির্বৃত্ত হইতে মধ্যবৃত্তের ব্যবধান-রেখা ২ ফুট ৯ ইঞ্চ। প্রত্যেক অংশ ১০ ভাগে এবং প্রত্যেক ভাগ ৬ কলায় (minute) বিভক্ত।

এই গৃহের উত্তর প্রাচীরে এবং পশ্চিম দিকের একটী স্বতন্ত্র অট্টালিকায় খগোলস্থ নক্ষত্রনিচয়ে উচ্চতানিরূপণার্থ যাম্যোত্তররেখাবিলম্বিত একটী যন্ত্র আছে। ইহা দ্বিবৃত্তপাদ (Double Quadrant)। ইহার এক এক অংশ ২$\frac{৫}{৬}$ ইঞ্চ এবং তাহাতে কলাবিভাগ আছে।

(৪) বৃহন্নাড়ীবলয়-যন্ত্রের দক্ষিণে কিছুদূরে "উসতুরানা" নামক অট্টালিকাদ্বয়। ইহাতে খগোলস্থ নক্ষত্রনিচয়ের উন্নতাংশ ও দিগংশ (azimuth) নিরূপণ করা হয়।

(৫) এই দুইটী গৃহ এবং বৃহন্নাড়ীবলয়ের মধ্যস্থলে শাম্লা নাম যন্ত্র প্রতিষ্ঠিত। ইহা কুব্জ (concave)-পৃষ্ঠ অর্দ্ধবৃত্ত। ইহাতে খগোলের নিম্নার্দ্ধের রেখা অঙ্কিত। যাম্যোত্তররেখাগুলি ১৫ অংশ ব্যবধানে স্থাপিত।

জয়পুরনগরে বর্ত্তমান কালে যে কয়টী জ্যোতিষিক যন্ত্র বিদ্যমান আছে, তন্মধ্যে নিম্নলিখিত যন্ত্রগুলি প্রধান—

১, যাম্যোত্তরভিত্তিযন্ত্র (Meridianal Wall)। এই যন্ত্রের দ্বারা জ্যোতিষ্কগণের যাম্যোত্তর অতিক্রমকালীন (Transit on the meridian) উন্নতাংশে, সূর্য্যের মহত্তম ক্রান্তি (greatest declination) এবং স্থানীয় অক্ষাংশ (latitude) নিণীত হয়। বর্ত্তমানকালে য়ুরোপ প্রভৃতি স্থানে Mural Circle নামক যন্ত্রের দ্বারা ঐ সকল উদ্দেশ্য সাধিত হইয়া থাকে। পর্য্যবেক্ষণিকা ভূমির উপরভাগে একটী প্রাচীর। এই প্রাচীরটী সম্পূর্ণরূপে যাম্যোত্তর রেখায় অবস্থিত। প্রাচীরের পূর্ব্বগাত্রে ২০ ফুট্ ব্যাসার্দ্ধবিশিষ্ট দুইটী বৃত্তপাদ (Quadrant) এবং পশ্চিম গাত্রে ১৯ ফুট্ ১০ ইঞ্চ ব্যাসার্দ্ধ-বিশিষ্ট একটী বৃত্তার্দ্ধ চিত্রিত আছে। পরিধিগুলি মর্ম্মর-প্রস্তরে নির্ম্মিত এবং অংশ (Degree), কলা (Minute) প্রভৃতিতে বিভক্ত। প্রস্তর খোদিত করিয়া তাহার মধ্যে সীসক প্রবিষ্ট করাইয়া বিভাগের রেখাগুলি অঙ্কিত হইয়াছে। বৃত্তের কেন্দ্রস্থানে একটী কীলক প্রোথিত আছে। তাহাতে সূতা বাঁধিয়া সমস্ত বিভাগাংশের উপর সেই সূতার অগ্রভাগ ঘুরাইতে পারা যায়। যখন কোন জ্যোতিষ্কের উন্নতাংশ নির্ণয় করার আবশ্যক হয়, তখন তাহার যাম্যোত্তর রেখা অতিক্রম করিবার সময়ের প্রতীক্ষা করিতে হয়। পার্শ্বে প্রদত্ত যন্ত্রচিত্রের পশ্চিমগাত্রস্থ চিত্রের প্রতি মনোযোগ করিলে সহজেই জানা যাইবে। যখন জ্যোতিষ্কটি যাম্যোত্তর রেখায় উপস্থিত হয়, তখন সূত্রের অগ্রভাগটী যে বিভাগাংশে ধরিলে কীলক এবং ঐ জ্যোতিষ্ক সমসূত্রপাতে অবস্থিত দৃষ্ট হইবে, তখন ঐ বিভাগাংশ বৃত্তার্দ্ধের নিকটস্থ সীমা হইতে কয় অংশ দূরে আছে দেখিয়া লইবে। ঐ অংশ সংখ্যা উক্ত জ্যোতিষ্কের উন্নতাংশদ্যোতক।


[পরপৃষ্ঠায় যাম্যোত্তরভিত্তির চিত্র দেখ।]

নিম্নলিখিত উপায়ে জয়পুরে অক্ষাংশ নির্ণীত হইয়াছে। প্রতিদিন মধ্যাহ্নকালে যাম্যোত্তররেখা অতিক্রমকালীন সূর্য্যের উন্নতাংশ দেখিয়া লইতে হয়। ৯০ অংশ হইতে সেইটী বাদ দিলে খস্বস্তিক হইতে দূরত্ব অর্থাৎ নতাংশ (Zenith distance) পাওয়া যায়। কয়েকমাস ধরিয়া এইরূপ উন্নতাংশ নির্ণয় করিতে করিতে সর্ব্বাপেক্ষা যেটি কম এবং সর্ব্বাপেক্ষা যেটি অধিক এই উভয়ের অন্তর লইয়া তাহার অর্দ্ধ গ্রহণ করিতে হইবে। ইহাই বিষুবরেখার এবং রাশিবলয়ের অন্তর্গত কোণের (Obliquity of ecliptic) পরিচায়ক অর্থাৎ বিষুবরেখা লঘুতম নতাংশে অবস্থিত এবং মহত্তম নতাংশে অবস্থানের মধ্যবিন্দু দিয়া গিয়াছে।

১৭২৭ খৃষ্টাব্দে মহারাজ জয়সিংহ জয়পুরের রবিপরমাক্রান্তি (Obliquity of the ecliptic) ২৩ ডিগ্রী ২৮ মিনিট নির্ণয় করিয়াছেন। ঐ সময়ে উহা প্রকৃতপক্ষে ২৩ ডিগ্রী ২৮ মিনিট ২৯ সেকেণ্ড (বিকলা) ছিল। অতএব ইহা গণনার সামান্য ব্যতিক্রম মাত্র জানিতে হইবে। পরমাক্রান্তিতে সূর্য্যের লঘুতম নতাংশ যোগ করিলে জয়পুরের অক্ষাংশ (latitude) পাওয়া যায়। লঘুতম নতাংশ কিঞ্চিদধিক সার্দ্ধতিন অংশ মাত্র। এই জন্য জয়পুরের অক্ষাংশ ২৭ ডিগ্রী। ইহাতে পাঠক বুঝিতে পারিবেন যে, সূর্য্য জয়পুরের খস্বস্তিকে অর্থাৎ মাথার উপর কখনই উপস্থিত হয় না। তাহার চূড়ান্ত উত্তরপ্রবৃত্তি জয়পুরের খ-মধ্য হইতে ৩৷৷০ ডিগ্রী দক্ষিণেই থাকিয়া যায়। অতএব জয়পুর সমকটিবন্ধে (Temperate zone) অবস্থিত।

ভিত্তিযন্ত্রের উচ্চতা প্রায় ১৪ হস্ত, এবং দৈর্ঘ্য উহার দ্বিগুণেরও কিঞ্চিদধিক। অতএব পর্য্যবেক্ষণের সুবিধার জন্য সমস্ত বৃত্তপরিধির পার্শ্বে সিঁড়ি গাঁথা আছে। ঐ সিঁড়ি দিয়া উপর পর্য্যন্ত উঠিতে পারা যায়।

২, "নাড়ীবলয়যন্ত্র"—ইহার বিষয় পূর্ব্বে কিছু বর্ণিত হইয়াছে; জয়পুরস্থ নাড়ীবলয়ের পৃষ্ঠলিখিত কবিতা হইতে যন্ত্রালয়ের আরম্ভকাল নির্ণীত হয় বলিয়া তাহা এখানে উদ্ধৃত হইল—



জয়পুরের যাম্যোত্তরভিত্তিযন্ত্র।

মহারাজ জয়সিংহ কর্ত্তৃক ইন্দ্র প্রস্থে (দিল্লীতে) স্থাপিত ভিত্তিযন্ত্র দ্বারা যেরূপাকার অক্ষাংশ ২৮ ডিগ্রী ৪৯ মিনিট নির্ণীত হইয়াছিল।

"ধর্ম্মগ্লানিমধর্ম্মবৃদ্ধিমবলোক্যাত্মা জগত্তুষ্যেঃ
রাজেন্দ্রো জয়সিংহ ইত্যভিধয়াবির্ভূয় বংশে রঘোঃ।
লুপ্তং ধর্ম্মবিরোধিনোঽব্বরমুথৈশ্চাচীর্ণবেদাধ্বভি-
র্ধর্ম্মং ন্যস্য ধরাতলে রচিতবান্ যন্ত্রান্ সুবোধান্ বহূন্॥
গোলপ্রবৃত্তের্গগনে চরাণাং জিজ্ঞাসয়া শ্রীজয়সিংহদেবঃ।
আজ্ঞাপ্তবান্ যন্ত্রবিদঃ পুনস্তে চক্রুর্হি যাম্যোত্তরভিত্তিসংজ্ঞম্॥
ধ্রুবপ্রলম্বাংশু-বিলম্বদ্ধ-পার্শ্ব-দ্বয়স্থ-নাড়ীবলয়ৈক-কেন্দ্রম্।
ধ্রুবাভিকেন্দ্রশ্রুতিমার্গকীলং কীলাগ্রভাগূচিতনাড়ীকাঢ্যম্॥
পিতামহোচ্ছিষ্ট-ময়াংশ্চ ভার্কা রোহাবরোহান্ নবনন্দবৃত্তান্।
প্রতাপসিংহশ্চ বিবুধ্য বিদ্যাস্তান্ কারয়ামাস সুপার্শ্বযুগ্মে॥
ভারোপমন্লেচ্ছগণস্য বৃদ্ধ-ভূভারশান্ত্যৈ পুনরাদিদেবঃ।
ইক্ষ্বাকুবংশেঽপ্যবতীর্য্য পূর্ব্বাবতারিতান্ দেবগণানযুঙ্ক্ত॥
ধর্ম্মাধিকারী বিধিদেবকৃষ্ণঃ প্রাযুক্তি সংরোহিতধর্ম্মপাদঃ।
যন্ত্রেষু বেদাঙ্গবিভূষণেষু দ্বিতীয়যন্ত্রোদ্ধরণঞ্চকার॥
যস্মিন্নহ্নি চতুর্ষু পক্ষতিথিবারর্ক্ষেষু পক্ষোপরিঘ্ন-
শ্চাদ্যৈস্ত্রিভিরন্বিতঃ স্থিতিলবঃ স্যাৎ সাষ্টিশাকস্য সঃ

নন্দন্নস্থিতিরণ্যযুক্ সচলবো বিশ্বরবারোণ্যযুক্
বাতত্বঘ্নভমন্ত্যযুক্তমথবৈষাহস্তোদ্ধৃতস্তোথিতিঃ॥"

এক্ষণে যন্ত্রস্থাপনের পক্ষ, তিথি, বার এবং নক্ষত্র দ্বারা সিদ্ধ হয় যে, ঐ দিন কৃষ্ণপক্ষ, নবমী, শুক্রবার ও কৃত্তিকানক্ষত্র বিশিষ্ট এবং ঘটনার সময়ে ১৬৪০ শকাব্দ (অর্থাৎ ১৬১৮ খৃষ্টাব্দ) ছিল।

উপরিউক্ত কবিতা হইতে বুঝা যাইতেছে যে যন্ত্রালয়স্থ বর্ত্তমান যন্ত্রসকল একা জয়সিংহ করেন নাই। তাঁহার পৌত্র প্রতাপসিংহ অনেকগুলি যন্ত্র নির্ম্মাণ করেন। জয়সিংহের সময় হইতে বর্ত্তমান মহারাজ শ্রীমান্ মাধোসিংহের সময় পর্য্যন্ত প্রত্যেক রাজাই অল্পাধিক পরিমাণে যন্ত্রালয়ের শ্রীবৃদ্ধি এবং উন্নতিসাধনকল্পে অর্থব্যয় করিয়াছেন। উক্ত যন্ত্রালয়ে যে উদ্দেশ্যে যে যন্ত্র নির্ম্মিত এবং যে রাজার সময়ে স্থাপিত বা সংস্কারপ্রাপ্ত তাহা নিম্নে বিবৃত করা গেল।

বেধালয়স্থ যন্ত্র-তালিকা

সংখ্যা	নাম	কিসে নির্ম্মিত	কোথায় অবস্থিত	কি ব্যবহার	কোন্ রাজার সময়ে স্থাপিত	কোন্ রাজার সময়ে পুনঃসংস্কৃত বা সংবর্দ্ধিত।
১	যাম্যোত্তর ভিত্তিযন্ত্র	ইমারৎ	জ্যোতিষিক যন্ত্রালয়	উন্নতাংশনির্ণয়	সবাই জয়সিংহ	সবাই রামসিংহ
২	ষষ্ঠাংশ যন্ত্র	ঐ	ঐ	ঐ	ঐ	
৩	রামযন্ত্র	ঐ	ঐ	উন্নতাংশ এবং দিগংশনির্ণয়	ঐ	সবাই মাধোসিংহ (২য়)
৪	দিগংশযন্ত্র Azimuth circle	ঐ	ঐ	দিগংশনির্ণয়	ঐ	
৫	সম্রাট্ যন্ত্র	ঐ	ঐ	কালনিরূপণ, নতকাল, (hour angle) ক্রান্তি	ঐ	
৬	নাড়ীবলয় Equatorial dial	ঐ	ঐ	কালনিরূপণ, নতকাল	ঐ	সবাই প্রতাপসিংহ
৭	রাশিবলয়	ঐ	ঐ	খগোলীয় শর, দ্রাঘিমা	ঐ	
৮	ক্রান্তিবৃত্ত	ঐ এবং পিত্তল	ঐ	ঐ ঐ	ঐ	সবাই মাধোসিংহ (২য়)
৯	কপালীযন্ত্র Clepsydra	ইমারৎ	ঐ	ঐ ঐ	ঐ	
১০	জয়প্রকাশ	ঐ	ঐ	ঐ ঐ	ঐ	
১১	উন্নতাংশ যন্ত্র	পিত্তল	ঐ	উন্নতাংশ নির্ণয়	ঐ	
১২	চক্রযন্ত্র Vertical circle	ঐ	ঐ	ক্রান্তি নতকাল	ঐ	
১৩	যন্ত্ররাজ	ঐ	ঐ এবং যাদুঘর	উন্নতাংশ এবং অন্যান্য গণনা	ঐ	
১৪	যষ্টিযন্ত্র Graduated staff	ঐ অথবা কাষ্ঠ	জ্যোতির্ব্বিদ্‌গণের বাটীতে	কালনিরূপণ	সবাই মাধোসিংহ (১ম)	
১৫	ধ্রুবভ্রমযন্ত্র ও তুরীয় যন্ত্র Quadrant	পিত্তল	যাদুঘর	ঐ এবং ক্রান্তিবৃত্তের অবস্থান	পণ্ডিতগণ	
১৬	গোলবন্ধ (Armillary sphere)	ঐ	ঐ	ঐ	সবাই মাধোসিংহ (১ম)	

অতিরিক্ত যন্ত্রসকল যথা—জয়সিংহের চতুর্ব্বভা, পলভাযন্ত্র বা ধূপঘড়ী, অগ্রযন্ত্র [শেষোক্ত দুইটী এক্ষণে উৎপাটিত।]

তালিকায় যে কয়টী যন্ত্রের নাম উল্লেখ করা গেল, সেগুলি ব্যতীত আরও অনেকগুলি পিত্তল বা কাষ্ঠনির্ম্মিত যন্ত্র, যাদুঘরে এবং জ্যোতির্ব্বিদ্‌গণের গৃহে রক্ষিত আছে। তালিকানির্দ্দিষ্ট উদ্দেশ্য ব্যতীত আরও অনেক বিষয়ের গণনা একটী যন্ত্রের দ্বারা সাধিত হইয়া থাকে। উক্ত যন্ত্রাদি ভিন্ন জয়সিংহ 'জীজ মহম্মদ' তালিকা সঙ্কলন করিয়াছেন, তাহা গ্রহনির্ণয় সম্বন্ধে বিশেষ ফলপ্রদ। [অপর বিবরণ যন্ত্রশব্দে দ্রষ্টব্য।]

জয়পুর-রাজবাটীর ত্রিপোলিয়া দরজা নামক তোরণদ্বার অতিক্রম করিয়া কয়েকপদ উত্তরাভিমুখে গমন করিলে প্রাচীর-বেষ্টিত একটী চত্বর দৃষ্ট হয়। উহা দৈর্ঘ্যে চাল্লিশতহস্ত এবং প্রস্থে দুইশত ষাট হস্ত হইবে। এই স্থানেই জ্যোতিষিক যন্ত্রসকল নির্ম্মিত হয়। ইহার উত্তর দিকে রাজবাড়ী এবং কাছারী-বাড়ী, পশ্চিমদিকে কয়েকটী দেবালয়, পূর্ব্বদিকে অশ্বশালা এবং দক্ষিণদিকেও কয়েকটী মন্দির। ঐ অশ্বশালা এবং মন্দিরের পরেই বাজার। কোলাহলপূর্ণ নগরের কেন্দ্রভাগেই ইহা অবস্থিত, কিন্তু চত্বরটীর মধ্যে প্রবেশ করিলে কোন প্রকার কোলাহল শ্রুত হয় না; নীরব—নিস্তব্ধ। রাত্রিকালে মহারাজ জয়সিংহ রাজকার্য্যের ঝঞ্ঝাট হইতে অবসর গ্রহণ করিয়া এই বিবুধ-সেব্যস্থানে সমাগত হইয়া গভীর গবেষণায় সময়াতিপাত করিতেন।

মহারাজ সবাই জয়সিংহ জয়পুর নগর নির্ম্মাণ ও জ্যোতিষিক যন্ত্রালয়-প্রতিষ্ঠা বিষয়ে শিল্পনৈপুণ্যের (Engineering skill)

যথেষ্ট পরিচয় দিয়াছেন। জ্যোতিষ সম্বন্ধে জগন্নাথ প্রভৃতি পণ্ডিতগণ গণনাদি এবং যন্ত্রপ্রণয়নাদি কার্য্যে আদিষ্ট থাকিলেও যন্ত্রালয়ের তত্ত্বাবধানভার তিনি স্বয়ং নির্ব্বাহ করিতেন। কথিত আছে, তাঁহার বাঙ্গালী দেওয়ান বিদ্যাধর এ বিষয়ে বিশেষ উদ্যোক্তা ছিলেন। জয়পুরের জ্যোতিষিক যন্ত্রালয় ভারতবর্ষের মধ্যে একটী অদ্বিতীয় কীর্ত্তি।

মহারাজ জয়সিংহ জয়পুর ব্যতীত দিল্লী, মথুরা, বারাণসী ও উজ্জয়িনী নগরেও অল্পাধিক পরিমাণে জ্যোতিষিক যন্ত্রাদি নির্ম্মাণ করেন। কাশীর মানমন্দিরস্থ যন্ত্রাদি জয়সিংহ কর্ত্তৃক স্থাপিত। অনেকে মনে করেন যে কাশীর মানমন্দিরস্থ যন্ত্রাদি মহারাজ মানসিংহের স্থাপিত, কিন্তু তাহা ঠিক নহে। মানমন্দির নামক প্রাসাদটী মহারাজ মানসিংহ তীর্থযাত্রী এবং বিদ্যার্থীর সুবিধার জন্য প্রস্তুত করান, মহারাজ জয়সিংহ তাহাতেই যন্ত্রস্থাপন করেন। জয়সিংহের পূর্ব্বে জয়পুর হইতে বেদবেদান্তাদিশাস্ত্র অধ্যয়নার্থিগণ ঐ বাটীতে আসিয়া বাস করিতেন।

পাশ্চাত্য বেধালয়।

জ্যোতিষ্কমণ্ডলীর গতিবিধি পর্য্যালোচনা বিষয়ে পাশ্চাত্য জগৎবাসী প্রাচীনকালে বিশেষভাবে অগ্রসর হইতে পারেন নাই। ইতিহাস আলোচনা করিলে দেখা যায় যে, খৃষ্টপূর্ব্ব ৩০০ অব্দে য়ুরোপখণ্ডের কোথাও বেধালয় প্রতিষ্ঠিত ছিল না। তবে দুএকজন দার্শনিক সর্ব্বসাধারণকে জগতের গঠন সম্বন্ধে জ্যোতিষ্কতত্ত্ব বিতরণ মানসে সময় সময় গ্রহনক্ষত্রাদির গতি ও স্থিতি লক্ষ্য করিয়া তদ্বিষয় লিপিবদ্ধ করিয়া রাখিতেন। তাঁহারা গতিনির্ণয়ের জন্য অতি সামান্যভাবের যন্ত্রাদি ব্যবহার করিতেন। তদনন্তর এই সকল খণ্ড খণ্ড বিষয় একত্র করিয়া জগতের গঠন ও গ্রহস্থান নির্ণয়বিষয়ে সাধারণের প্রয়াস বৃদ্ধি হয় এবং ধীরে ধীরে জ্যোতিষশাস্ত্রের জ্ঞানোন্নতি হইতে থাকে। এই উদ্দেশ্যসিদ্ধির জন্য আলেকজান্দ্রিয়ায় সর্ব্বপ্রথমে বেধালয় প্রতিষ্ঠিত হয়। প্রায় চারি শতাব্দকাল বিশেষ উদ্যমের সহিত ঐ মানমন্দিরে গ্রহস্থাননিরূপণ কার্য্য চলিতে থাকে। তার পর অর্থাৎ ২য় শতাব্দের মধ্যকালের কোন সময়ে উহা বিলুপ্ত হয়।

এইখানে য়ুরোপীয় জ্যোতিষশাস্ত্রের প্রতিষ্ঠাতা হিপার্কাস্ (Hipparchus) পূর্ব্ববর্ত্তী দার্শনিকগণের আলোচিত গ্রহবেধাদি আলোচনা করিয়া তাহাদের যাথার্থ্য নির্ণয় করিয়াছিলেন। তাঁহার পর আরও কএকজন জ্যোতির্ব্বিদ্ এই সকল গ্রহের পর্য্যায়িক তত্ত্ব উদ্ঘাটন করিয়া জ্যোতিঃশাস্ত্রালোচনার আরও উন্নতি ও প্রসারবৃদ্ধি করেন। খৃষ্টীয় ২য় শতাব্দে ভৌগোলিক টলেমীর গবেষণার ফলে আলেকসান্দ্রিয়ার বেধালয় উন্নতির চরম সীমায় আরোহণ করে।

এই সময় হইতে প্রকৃত প্রস্তাবে জ্যোতিষশাস্ত্র আলোচনার পথ পরিষ্কৃত হয়। তাহারই ফলে, আরবজাতীয় রাজন্যবর্গের উৎসাহে প্রথমে বোগদাদনগরে ও দামাস্কসে বেধালয় স্থাপিত হইয়াছিল। খৃষ্টীয় ৯ম শতাব্দের প্রারম্ভে খলিফা আল্‌মামুন্ বহু অর্থব্যয়ে ঐ দুইটী অট্টালিকা নির্ম্মাণ করেন। তাহার পর আনুমানিক ১০০০ খৃষ্টাব্দে প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্ ইবন্‌খুনিশের জ্যোতির্ব্বিষয়ক জ্ঞানচর্চ্চার জন্য খলিফা হাকীম কায়ারোনগরের সন্নিকটে মোকট্টম উপরে একটী বেধমন্দির নির্ম্মাণ করান। ঐ মন্দিরেই সূর্য্য, চন্দ্র ও গ্রহগণের গতি ও দূরত্ব পরিমাপক তালিকা (Hakimite table) সঙ্কলিত হইয়াছিল।

আরবদিগকে জ্যোতিষবিষয়ে অগ্রবর্ত্তী দেখিয়া মোগলবংশীয় খান্‌গণ তৎপদানুসরণ করেন এবং তাঁহাদের যত্নে পারস্যের উত্তরপশ্চিমে মেরাঘানগরে ১২৬০ খৃষ্টাব্দে একটী সর্ব্বোৎকৃষ্ট বেধশালা নির্ম্মিত হয়। হলাকুখাঁ ঐ বেধমন্দিরের প্রতিষ্ঠাতা এবং প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্ নাশির-উল্-দিন্ তূষী উহার পরিদর্শক। তূষীর যত্নে এখানে "ইলোহ্‌খানিক" তালিকা (Ilohkhanic tables) প্রস্তুত হয়। অতঃপর খৃষ্টীয় ১৫শ শতাব্দে রাজৈশ্বর্য্যপরিত্যাগী মোগলরাজকুমার মীর্জ্জা উলঘ্‌বেগ সমর্কন্দে একটী বেধমন্দির প্রতিষ্ঠা করিয়া গ্রহসম্বন্ধীয় একটী নূতন তালিকা (Planetary tables) ও নক্ষত্রতালিকা (Catalogue of stars) প্রস্তুত করেন। অম্বররাজ জয়সিংহের সঙ্কলিত "জীজ মহম্মদ" নামক গ্রহগণনার তালিকা এ বিষয়ে বিশেষ উপযোগী।

খৃষ্টীয় ১৫শ শতাব্দে য়ুরোপখণ্ডে বিজ্ঞানচর্চ্চার সূত্রপাত হয়। ঐ সময়ে নক্ষত্রপুঞ্জের গতিনির্ণয়ের জন্য জ্যোতিষোক্ত গ্রহবেধ নিরূপণের (astronomical observations) আবশ্যকতা অনুভূত হয়। যদিও ইহার দ্বিশতাব্দ কাল পূর্ব্ব হইতে কোন কোন লোক স্বতঃপ্রবৃত্ত হইয়া গ্রহগতি পরিদর্শন করিতেন এবং বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যাপকেরাও তদ্বিষয়ে বক্তৃতা দিতেন, তথাপি সে সময়ে স্বতন্ত্র বেধশালা নির্ম্মাণ সহকারে জ্যোতিষ্কমণ্ডলীর পর্য্যবেক্ষণকার্য্য নির্ব্বাহ হইত না। ১৪৭২ খৃষ্টাব্দে নুরেম্বার্গ নগরে য়ুরোপের সর্ব্বপ্রথম বেধশালা নির্ম্মিত হয়। বার্ণহার্ড ওয়াল্‌থার নামক জনৈক ধনী সন্তান উহার প্রতিষ্ঠাতা। ১৫০৪ খৃষ্টাব্দে প্রতিষ্ঠাতার মৃত্যুকাল পর্য্যন্ত এই বেধমন্দিরে বিশেষ উদ্যমে পরিদর্শন কার্য্য চলিয়াছিল। বিখ্যাত জ্যোতিষী রেজিওমণ্টানাস্

সহযোগে ওয়াল্‌থার গ্রহগতিগণনাবিষয়ে অনেক অভিনব তত্ত্ব আবিষ্কারে সমর্থ হইয়াছিলেন। প্রকৃত প্রস্তাবে এই বেধালয়ের প্রতিষ্ঠা হইতেই য়ুরোপে প্রাকৃত জ্যোতিষ (Practical Astronomy) আলোচনার পুনরভ্যুদয় কাল।

ইহার পর খৃষ্টীয় ১৬শ শতাব্দে য়ুরোপে দুইটী প্রসিদ্ধ বেধমন্দিরের প্রতিষ্ঠা হয়। তন্মধ্যে একটী তাইকো-ব্রাহি (Tycho Brahe) কর্ত্তৃক দিনেমারদিগের অধিকৃত হিউএন দ্বীপে (১৫৭৬-১৫৯৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত বিশেষ উদ্যমে পরিদর্শন চলিয়াছিল) এবং অপরটী কাশেল নগরে ৪র্থ ল্যাণ্ডগ্রেভ উইলিয়ম কর্ত্তৃক (১৫৬১-১৫৯৭ খৃঃ) প্রতিষ্ঠিত হইয়াছিল। ঐ দুইটী বেধমন্দিরের বেধোপলক্ষে য়ুরোপে নূতন যুগের অবতারণা হয়। ঐ সময়ে কতকগুলি নূতন যন্ত্রের আবিষ্কার হইল তজ্জন্য স্বয়ং তাইকো ব্রাহি ও ল্যাণ্ডগ্রেভের জ্যোতির্ব্বিদ্ বুর্গীই (Burgi) বিশেষ প্রশংসার পাত্র। তাইকোব্রাহির বেধশালার নাম ইউরানিবার্গাম্। ঐ স্থান বর্ত্তমান অনেক বেধালয় হইতেও উৎকৃষ্ট ছিল। তাইকোব্রাহির গবেষণার ফলে জ্যোতিষশাস্ত্র বিজ্ঞানের দৃঢ় ভিত্তিতে সুপ্রতিষ্ঠিত হইয়াছিল এবং তাহাতেই উহা বিশ্ববিদ্যালয়ের আলোচ্য বলিয়া গৃহীত হয়। লিন্‌ডেন্ ও কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষগণ জ্যোতিষশিক্ষার উদ্দেশ্য সাধনের জন্য সর্ব্বপ্রথমে বিদ্যালয় সংসৃষ্ট এক একটী বেধমন্দির সংগঠন করিয়াছিলেন।

ইহার পর ধীরে ধীরে নানা স্থানে বেধমন্দির প্রতিষ্ঠা হইতে থাকে। খৃষ্টীয় ১৭শ শতাব্দের মধ্যভাগে ডান্‌জিক্ নগরে জোহানেস্ হেভেলিয়াস নামক এক ব্যক্তি একটী বেধশালা স্থাপন করেন। তাহার পরই, রাজানুগ্রহে পারিস্ নগরে ও গ্রীণবীচ (Greenwich) সহরে জগতের বিখ্যাত বেধশালা প্রতিষ্ঠিত হয়। তদনন্তর প্রাচ্য ও প্রতীচ্যজগতে বহু বেধালয় প্রতিষ্ঠিত হইয়াছিল।

পাশ্চাত্য ও প্রাচ্যজগতে সকল প্রধান সহরেই এখন য়ুরোপীয় প্রণালীতে বেধশালা দৃষ্ট হয়। কোন্ স্থানে কোন্ সময়ে বেধশালা প্রতিষ্ঠিত হইয়াছে, নিম্নে তাহার অকারাদিক্রমে তালিকা দেওয়া হইল :—

বেধশালা যে সহরে	যে রাজ্যে	প্রতিষ্ঠাকাল খৃঃ
অক্সফোর্ড	ইংলণ্ড	১৭৭১
অন্নপোলিস্	আমেরিকার মেরিলণ্ড	
অন্ন আরবোর	ঐ মিচিগান	১৮৫৪
আদেলেড	দক্ষিণ অষ্ট্রেলিয়া	১৮৬১
আথেন্স	গ্রীস	১৮৪৫
আপ্‌সলা	স্বন্দনাভ	১৭৩০
আবো	রুষিয়ার ফিন্‌লণ্ড	১৮১৯
আম্‌হার্ষ্ট	আমেরিকার মাসাচুসেট্	খৃঃ ১৮৫৫
আলজিয়ার্স্	আফ্রিকার আলজিরিয়া	১৮৭২
আলবাণী	আমেরিকার নিউইয়র্ক	১৮৫১
আলতোনা	জর্ম্মণী	১৮২৩
আলীঘেনী	আমেরিকার পেনসিলবানিয়া	১৮৬০
ইলিং	ইংলণ্ডে লণ্ডনের পশ্চিমাংশে	১৮৭৯
উইণ্ডসর্	নিউসাউথ ওয়েল্‌স্	১৮৬১
উইলিয়াম্‌স্‌টাউন্	আমেরিকার মাসাচুসেট্‌স্	১৮৩৮
উইলেন্‌সাফেন	রুষিয়া	১৮৭৪
ওরারসা	রুষিয়া	১৮২০
ওয়াসিংটন্	আমেরিকার ইউনাইটেড্‌ষ্টেটস্	১৮৩৮
এডিনবর্গ	স্কটলণ্ড	১৮১১
এটনা	ইতালী	১৮৭৯
উত্তমাশা অন্তরীপ	আফ্রিকার কেপ্‌টাউনের নিকট	১৮২০
ওগিলা	হাঙ্গেরী	১৮৭১
ওডেসা	রুষিয়া	১৮৭২
ওরমেলপার্ক	ইপস্‌উইচ্	১৮৭৪
কর্ক	ইংলণ্ড	১৮৭৮
কর্দোভা	দক্ষিণ আমেরিকা	১৮৭১
কলোক্‌জা	অষ্ট্রো-হাঙ্গেরী	১৮৭৮
কসান	রুষিয়া	১৮১৪
কাকফিল্ড	ইংলণ্ড	১৮৬০
কাডিজ	স্পেন	১৭৯৭
কির্ষ্	রুষিয়া	১৮৪০
কিল	জর্ম্মণী	১৮৭২
কেউ	রিচমণ্ড	১৮৪২
কেম্ব্রিজ	ইংলণ্ড	১৮২০
কেম্ব্রিজ	আমেরিকার যুক্তরাজ্য	১৮৩৯
কোইম্বা	পর্ত্তুগাল	১৭৯২
কোলিপ্‌স্‌বার্গ	জর্ম্মণী	১৮১৩
কোপেনহাগেন	ডেন্‌মার্ক	১৬৪১
ক্লিণ্টন	নিউইয়র্ক	১৮৫৪
ক্রেমস্‌মুন্‌ষ্টার	উত্তর অষ্ট্রিয়া	১৭৪৮
খারকফ্	রুষিয়া	
গটিঙ্গেন	জর্ম্মণী	১৮১১
গল্লরেত	ইতালী	১৮৬০
গেট্‌স্‌হেড্	ইংলণ্ড	১৮৭০
গোথা	জর্ম্মণী	১৭৭৯
গ্রীণবীচ্	ইংলণ্ড	১৬৭৫
গ্লাস্‌গো	ইংলণ্ড	১৮৪০
গ্লাসগো	আমেরিকার যুক্তরাজ্য	১৮৭৬
চাপুলতেপেক	মেক্সিকো	১৮৭৭
জর্জটাউন	আমেরিকার যুক্তরাজ্য	১৮৪৯
জুরিচ	সুইজরলণ্ড	১৭৫৯

জেনিভা	ঐ	খৃঃ ১৭৭৩
টিউরিন্ (তুরিন্)	ইতালী	১৭৯০
টিফ্লিস্	রুষিয়া	১৮৬৩
ডব্লিন্	আয়র্লণ্ড	১৭৮৫
ডরহাম্	ইংলণ্ড	১৮৪১
ডান্এক্ট	স্কট্লণ্ড	১৮৭২
ডোরপাট	রুষিয়া	১৮০৮
ড্রেস্ডন্	জর্ম্মণী	১৮৮০
তাসকেন্দ	তুর্কিস্থান	১৮৭৪
তোলোস্	ফ্রান্স	১৮৪০
ত্রিবন্দরম্	ভারতে ত্রিবাঙ্কুররাজ্য	১৮৩৬
দশেলদফ	জর্ম্মণী	১৮৪০
দরবান্	আফ্রিকা	১৮৮৫
নর্থফিল্ড	আমেরিকার যুক্তরাজ্য	১৮৭৮
নাইস্	ফ্রান্স	১৮৮০
নিউইয়র্ক	আমেরিকার যুক্তরাজ্য	
নিউহেবেন	ঐ	১৮৩০
নিউসাটেল্	সুইজর্লণ্ড	১৮৫৮
নিকোলেফ্	রুষিয়া	১৮২৪
নেপল্স্	ইতালী	১৮১৫
পাদুয়া	ইতালী	১৭৬১
পারামত্তা	অষ্ট্রেলিয়া	১৮২১
পারিস্	ফ্রান্স	১৬৬৭
পালকোবা	রুষিয়া	১৮৩৯
পালের্মো	ইতালী	১৭৯০
পেকিং	চীন	১২৭৯
পোটস্ডাম্	জর্ম্মণী	১৮৭৪
পোলা	অষ্ট্রিয়া	১৮৭১
প্রিন্সটন্	আমেরিকার যুক্তরাজ্য	১৮৭৭
প্রেগ	অষ্ট্রো-হাঙ্গেরী	১৭৫১
প্লন্স্ক	পোলণ্ড	১৮৭৫
ফ্লোরেন্স	ইতালী	১৭৭৪
বন (Bonn)	জর্ম্মণী	১৮৪৫
বার্লিন্	ঐ	১৭০৫
বার্মার্সাইড্	ইংলণ্ড	১৮৭১
বীরকাস্ল্	আয়র্লণ্ড	১৮৩৯
বুদাপেস্ত	অষ্ট্রো-হাঙ্গেরী	১৭৭৭
বোথকাম্প	জর্ম্মণী	১৮৭০
বোলোগ্না	ইতালী	১৭২৪
ব্রুসেল্স্	বেলজিয়াম্	১৮২৯
ব্রেমেন	জর্ম্মণী	১৮৩৫
ব্রেস্লউ	ঐ	
মস্কাউ	রুষিয়া	১৮২৫
মাউণ্ট হামিল্টন্	আমেরিকার যুক্তরাজ্য	১৮৭৯
মাদিসন্	ঐ	খৃঃ ১৮৭৮
মাদ্রিদ্	স্পেন	
মান্দ্রাজ	ভারতবর্ষ	১৮৩১
মানহিম	জর্ম্মণী	১৭৭২
মারক্রি কাস্ল্	আয়র্লণ্ড	১৮৩৩
মিউনিক	জর্ম্মণী	১৮০৯
মিলান	ইতালী	১৭৬৩
মীউদন	ফ্রান্স	১৮৭৫
মেলবোরণ	অষ্ট্রেলিয়া	১৮৫৩
মোদেনা	ইতালী	১৮১৯
মোনপুলিস্	ফ্রান্স	১৮৭৫
রাগ্বি	ইংলণ্ড	১৮৭২
রিওডিজানিরো	দক্ষিণ আমেরিকায় ব্রজিল	১৮৪৫
রোচেষ্টার	আমেরিকার যুক্তরাজ্য	১৮৭৬
রোম	ইতালী	১৮৪৮
লখ্নৌ	ভারতবর্ষ	১৮৪১
লান্দ্	নরওয়ে	১৭৬০
লিওনস্	ফ্রান্স্	১৮৭৭
লিপ্জিক্	জর্ম্মণী	১৭৮৭
লিবারপুল	ইংলণ্ড	১৮৩৮
লিমা	দক্ষিণ আমেরিকায় পেরু	১৮৬৬
লিলিএন্থল	জর্ম্মণী	১৭৯৯
লেডেন	হলণ্ড	১৬৩২
বিএনা (ভায়েনা)	অষ্ট্রীয়া	১৭৫৬
বিল্না	রুষিয়া	১৭৫৩
ষ্টক্হলম্	সুইডেন	১৭৫০
ষ্টোনী-হার্ষ্ট	ইংলণ্ড	১৮৬৭
ষ্ট্রাসবার্গ	জর্ম্মণী	১৮৮১
সান্তিআগো	দক্ষিণ আমেরিকায় চিলি	১৮৪৯
সিড্নি	অষ্ট্রেলিয়া	১৮৫৫
সেণ্ট হেলেনা	আফ্রিকা	১৮২৯
সেণ্টপিটার্সবার্গ	রুষিয়া	১৭২৫
স্পিরেস্	জর্ম্মণী	১৮২৭
স্যুফ্ (হর্শেলমন্দির)	ইংলণ্ড, উইণ্ডসরের নিকট	১৭৮৬
হংকং	চীন	১৮৮৩
হনোবার	আমেরিকার যুক্তরাজ্য	১৮৫৩
হামবার্গ	জর্ম্মণী	১৮২৫
হেরিণি	হাঙ্গেরী	১৮৮১
হেল্সিংফোর্স	ফিন্লণ্ড	১৮৩২
হেষ্টিংস্	আমেরিকার যুক্তরাজ্য	১৮৬০

য়ুরোপের বেধালয়সমূহে গ্রহবেধার্থ যে সকল যন্ত্র ব্যবহৃত হইয়া থাকে, তন্মধ্যে তাইকো ব্রাহির আবিষ্কৃত Mural-quadrant ও Sextant নামক যন্ত্রদ্বয় প্রধান। পরবর্ত্তী-

কালে গণনার ও পরিদর্শনের সুবিধার্থ সেক্সটাণ্ট যন্ত্রের সহিত টেলিস্‌কোপ ও মাইক্রোমিটার নামক যন্ত্রদ্বয় সংযোগ করিয়া দেওয়া হয়। তারপর যখন পাশ্চাত্য জগদ্বাসী মাধ্যাকর্ষণ-তত্ত্ব অবগত হন, তখন সৌর জগতের গ্রহনক্ষত্রাদি গতির সূক্ষ্মতা অবগত হইবার জন্য উত্তরোত্তর যন্ত্রাদির উন্নতি ও পরিশুদ্ধি আবশ্যক হইয়া পড়ে এবং ট্রান্‌জিট্ নামক যন্ত্র সেক্সটাণ্টের অপেক্ষা অধিক উপযোগী বলিয়া গৃহীত হয়। এই যন্ত্রের সাহায্যে নিরক্ষোদয়ের (right ascension) বিভিন্নতা সহজেই উপলব্ধি হইয়া থাকে। ঐ সময়েই ঘটিকার (clocks) ও ক্রণমিটার (chronometer) যন্ত্রেরও সংস্কার হয়। তার পর, ১৯শ শতাব্দে সূক্ষ্মগণনায় ভ্রমনিবারণের জন্য যখন উত্তরোত্তর পরিদর্শনফল অনুশীলন আবশ্যক হইয়া পড়ে, তখন মিউরাল কোয়াড্রাণ্টের সহিত ট্রান্‌জিট যন্ত্র মিলাইয়া একটী নূতন যন্ত্র গঠন করা হয়। উহা "ট্রান্‌জিট বা মেরিডিয়ান সার্কল" নামে কথিত।

অনন্তর যখন স্থির তারকাগুলিরও (fixed stars) প্রকৃত গতি অবধারিত হয়, তখন দূরবীক্ষণ যন্ত্রের এবং যাম্যোত্তর ভিত্তিমূলক যন্ত্রনিচয়ের (Meridian Instruments) উন্নতির চেষ্টা হয় এবং তাহাতেই ঐ সকল যন্ত্রের নানারূপ সংস্কার-সাধন আবশ্যক হইয়া পড়ে।

য়ুরোপীয় বেধালয়-নিচয়ে পরিদর্শন কার্য্যে নিযুক্ত একএক জন সহকারী এক একটী যন্ত্রের নিকটে থাকিয়া স্ব স্ব কর্ত্তব্য পালন করিয়া থাকেন। তাঁহারা সকলেই একজন জ্যোতিষরাজের (Astronomer Royal) অধীন। আমাদের দেশে সবাই জয়সিংহ স্থাপিত বেধালয়-সমূহের অধ্যক্ষরূপেও এক এক জন পণ্ডিত জ্যোতিষ-রাজ বরাবর নিযুক্ত। আমেরিকার যুক্ত ওয়াসিংটন ও ফুলকেবা বেধালয়ে এক একটী যন্ত্রের পরিদর্শন-ব্যবস্থা এক একজন জ্যোতিষির উপর ন্যস্ত এবং তাঁহাদের ইচ্ছানুসারেই কার্য্য পরিচালিত হয়। অনেক ছোট ছোট বেধশালায় এইরূপ শেষোক্ত ব্যবস্থাই দৃষ্ট হয়।

বেধিত (পুং) বিধ-ণিচ্-ক্ত। কারিত বিদ্ধ, যাহা বিদ্ধ করান হইয়াছে, ছিদ্রিত।

বেধিত্ব (ক্লী) বেধনের ভাব বা ধর্ম্ম।

বেধিন্ (ত্রি) বিধতীতি বিধ-ছিদ্রীকরণে ণিনি। বেধকর্ত্তা, যিনি বেধ করেন। ২ বেধবিশিষ্ট। (পুং) ৩ অম্লবেতস। (রাজনি°)

বেধিনী (স্ত্রী) বেধিন্-ঙীষ্। ১ রক্তপা, জলৌকা, জোঁক। (শব্দরত্না°) ২ মেথিকা। (রাজনি°) ৩ বেধকর্ত্রী।

বেধ্য (ক্লী) বিধ-ণ্যৎ। ১ লক্ষ্য, বেধ করিবার বিষয়, শরব্য। (ত্রি) ২ বেধনীয়, বেধ করিবার উপযুক্ত।

"ষট্‌কর্ণোৎপত্তিমাশঙ্ক্য ভানোঃ শুদ্ধ্যা সমেঽপিচ।
কর্ণৌ বেধ্যৌ ন দোষঃ স্যাদন্যথা মরণং ভবেৎ॥" (মলমাসতত্ত্ব)

বেন্, ভ্বাদি উভ° সক° অক সেট। গতি, জ্ঞান, চিন্তা, চাক্ষুষজ্ঞান, বাদনার্থ বাদিত্রগ্রহণ। (ধাতুপাঠ) লট্ বেনতিতে।

বেন (পুং) অজতীতি অজ-গতৌ (ধাপূবস্তজ্যতিভ্যো নঃ। উণ্ ৩৬) ইতি ন, অজতের্বীভাবঃ। ১ প্রজাপতি। পৃথুরাজ-পিতা। ইহার বিষয় হরিবংশে এইরূপ লিখিত আছে—পুরাকালে অত্রিবংশে অত্রিতুল্য গুণশালী অঙ্গ নামে এক প্রজাপতি ছিলেন। ধর্ম্মরাজদুহিতা সুনীথার গর্ভে ঐ মহাত্মার বেণ নামে এক দুরাত্মা পুত্র জন্মে। বেন কালক্রমে এরূপ লুব্ধ কামাসক্ত ও ধর্ম্মবিদ্বেষী হইয়া উঠিল, যে তাহার শাসনকালে বৈদিক কার্য্যকলাপ একবারে তিরোহিত হইল। ধর্ম্মবিগর্হিত লোকনিন্দিত অসদনুষ্ঠানই গৌরবের আস্পদ ও পুরুষকার বলিয়া সংকৃত হইতে লাগিল। তাহাতে ব্রাহ্মণগণকে স্বাধ্যায় ও বষট্‌কার অর্থাৎ বেদাধ্যয়ন ও যাগানুষ্ঠানে পরাঙ্মুখ করিল। ইতঃপূর্ব্বে যে সোমরসপিপাসু হইয়া দেবগণ যজ্ঞভূমিতে আহূত হইতেন, ইহার রাজত্বকালে তাহার আর নাম গন্ধও রহিল না। বিনাশকাল উপস্থিত হইলে দুরাত্মাদিগের এইরূপ দুর্ম্মতিই স্বতঃ প্রবৃত্ত হইয়া থাকে। বেনের ভাগ্যে তাহাই ঘটিল, বেন মনে করিতে লাগিলেন, এ ত্রিভুবনে আমি ভিন্ন আর কেহ পূজ্য নাই; সুতরাং দেবোদ্দেশে যাগযজ্ঞ নিষ্ফল আড়ম্বর মাত্র। তথাপি ঐরূপ অনুষ্ঠানে যদি কাহার প্রবৃত্তি জন্মে, তবে আমাকেই উদ্দেশ করিয়া করিবে। কারণ আমি উহার অদ্বিতীয় পাত্র ও লক্ষ্য, আমি যষ্টা ও যজ্ঞ।

একদা মরীচিপ্রমুখ মহর্ষিগণ ইহার দুর্বৃত্ততায় নিতান্ত অসহিষ্ণু হইয়া সেই অতিক্রান্তমর্য্যাদ অনুচিতকার্য্যপ্রবর্ত্তয়িতা বেণকে কহিতে লাগিলেন, বেণ! আমরা বহুবৎসরসাধ্য যজ্ঞ করিব, অভিলাষ করিয়াছি, তুমি নিরস্ত হও, অতঃপর আর তুমি অধর্ম্মাচরণ করিও না, উহা সনাতন ধর্ম্মও নহে। তুমি অত্রিবংশে জন্ম গ্রহণ করিয়া প্রজাপতি হইয়াছ, তাহার আর সংশয় নাই। অতএব যথাধর্ম্ম প্রজাপালন করিবে বলিয়া প্রতিশ্রুতও হইয়াছ। দুর্বুদ্ধি বেণ মহর্ষিগণের ঈদৃশ বাক্যে হাস্য করিয়া উত্তর করিলেন, ঋষিগণ! আমি ভিন্ন ধর্ম্মের সৃষ্টিকর্ত্তা আর কে আছে, আমি কাহার কাছেই বা ধর্ম্মকথা শ্রবণ করিব। এই পৃথিবীতে জ্ঞান, বীর্য্য, তপোবল ও সত্য দ্বারা আমার সমান কে হইতে পারে? তোমরা নিতান্ত মূর্খ ও হীনতেজাঃ, সেই জন্যই আমাকে নিখিল প্রাণীর, বিশেষতঃ সর্ব্ব ধর্ম্মের স্রষ্টা বলিয়া জানিতে পারিতেছ না। আমি ইচ্ছা করিলে পৃথিবীকে দগ্ধ বা জল দ্বারা প্লাবিত করিতে পারি, স্বর্গ ও মর্ত্ত্যলোক অবরুদ্ধ করিতে পারি।

মহর্ষিগণ মোহান্ধ ও নিতান্ত গর্ব্বিত বেণকে এইরূপ বিবিধ মধুর অনুনয় বাক্যেও যখন শান্ত করিতে পারিলেন না, তখন তাঁহাদের ক্রোধানল একেবারে প্রজ্বলিত হইয়া উঠিল। জাত-ক্রোধ মুনিগণ সমবেত হইয়া ঐ মহাবলগর্ব্বিত বেণকে নিগ্রহ করিয়া উহার বাম উরু মন্থন করিতে আরম্ভ করিলেন। ঐ মথ্যমান উরু হইতে এক কৃষ্ণবর্ণ হ্রস্বাকার পুরুষের জন্ম হইল। এইরূপে কৃষ্ণবর্ণ পুরুষ জন্মপরিগ্রহ করিয়া শঙ্কিত হৃদয়ে কৃতাঞ্জলি পুটে ঋষিগণের পুরোভাগে দণ্ডায়মান রহিল। তখন ঋষিশ্রেষ্ঠ অত্রি তাহাকে ভয়ে বিহ্বল দেখিয়া 'নিষীদ' উপবেশন কর, এই বাক্যে তাহার ভয় নিবারণ করিলেন। এই পুরুষই নিষাদ বংশের আদি পুরুষ, ইহা হইতে ধীবর সম্প্রদায় সৃষ্ট হইয়াছে। ইহা ভিন্ন বিন্ধ্যগিরিতে যে সকল অধর্ম্মরতি তুম্বুরু ও তুম্বার নামে অসভ্য জাতি বাস করে, তাহারাও এই বেণবংশসম্ভূত।

অনন্তর মহাত্মা ঋষিগণ জাতমন্যু হইয়া বেণের দক্ষিণকর অগ্নিমন্থনকাষ্ঠের ন্যায় সংবদ্ধ করিয়া মন্থন করিতে আরম্ভ করিলেন। ঐ মথ্যমান বাহু হইতে তৎক্ষণাৎ সাক্ষাৎপ্রদীপ্ত হুতাশনের ন্যায় তেজঃপুঞ্জশরীর আশ্রয় করিয়া পৃথু উদ্ভূত হইলেন। এইরূপে পৃথুর উৎপত্তি হইলে জগতীতলস্থ প্রাণী সমুদয় অতীব প্রীতি লাভ করিল। পরে বেণ সৎপুত্র পৃথু কর্ত্তৃক পুন্নাম নরক হইতে পরিত্রাণ পাইয়া ত্রিদিব ধামে প্রস্থান করিলেন। (হরিবংশ ৫ অ°)

২ দেববিশেষ। (নিঘণ্টু। ৫।৪।২৪) "অয়ং বেনশ্চোদয়ন-পৃশ্নিগর্ভা"। (ঋক্ ১০।১২৩।১) 'এতৎসংজ্ঞো মধ্যমস্থানো দেবঃ' (সায়ণ) অজতি গচ্ছত্যনেন স্বর্গমিতি। ৩ যজ্ঞ। (নিঘণ্টু ৩।১৭২) (ত্রি) ৪ মেধাবী। "সীদতঃ সুরুচো বেন আবঃ" (শুক্লযজুঃ ১৩।৩) 'বেনঃ কামনীয় মেধাবী বা' (মহীধর) ৫ কাময়মান। "আয়ন্ মা বেনা অরুহন্ মৃতস্য" (ঋক্ ৮।৮৯।৪) 'বেনাঃ কাময়মানাঃ' (সায়ণ)

বেনকূলেন, ইংরাজের একটী প্রধান উপনিবেশ। ১৮২৫ খৃষ্টাব্দে মলাক্কা-প্রণালী তীরে কিছু স্থান লাভ করিয়া ইংরাজগণ এই স্থান ওলন্দাজদিগকে ছাড়িয়া দেন।

বেনবংশ, রাজপুত-জাতির একটী শাখা। মীর্জ্জাপুর ও রীবা অঞ্চলে ইহাদের বাস আছে। দুই পুরুষ পূর্ব্বে ইহারা খারবাড় বলিয়া পরিচিত ছিল, কিন্তু অবস্থার পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে তাহাদের জাতিগত ও সামাজিক অনেক উন্নতি হয়। খারবাড়-গণ দ্রাবিড়ীয় বংশসম্ভূত ছিলেন। ঐ বংশের এক জন অদৃষ্ট ক্রমে উক্ত প্রদেশের সর্দ্দার হইয়া পড়েন। তাহার পর হইতেই এই বংশের ক্রমিক উন্নতি। বর্ত্তমান সর্দ্দার রাজ-উপাধিধারী। ইনি এক সম্ভ্রান্ত চন্দেল-বংশের কন্যা বিবাহ করেন।

বেনাকা, মুসলমান ফকির সম্প্রদায়বিশেষ। ইহারা বেসারা অর্থাৎ সারা মানিয়া কোন কার্য্য করে না। খ্বাজা হসন বস্‌রী এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। ভিক্ষাই ইহাদের এক মাত্র উপজীবিকা। ইহারা যখন ভিক্ষা করিতে যায়, তখন গৃহস্থকে অভদ্রজনোচিত বাক্য প্রয়োগ করিয়া থাকে। প্রত্যেক বেনাবাই কোমরে চামড়ার তসমা ধারণ করে। ঐ তসমা খুলিয়া দেওয়া তাহাদের পক্ষে লজ্জার বিষয়।

বেনুন, আলাহাবাদ বিভাগের ফতেপুর জেলার গাজিপুর তহ-শীলের অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। এখানে একটী প্রাচীন ধ্বস্ত স্তূপ নিপতিত আছে। স্থানীয় লোক উহাকে প্রাচীন রাজবংশের প্রতিষ্ঠিত দুর্গ বলিয়া থাকে।

বেনূর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণ কণাড়া জেলার মঙ্গলূর তালুকের অন্তর্গত একটী নগর। মঙ্গলূর হইতে ২৪ মাইল পূর্ব্বোত্তরে এবং মূদবিদ্রি (মৈসুন) হইতে ১০ মাইল পূর্ব্বে অব-স্থিত। এখানে একটী ৩৫ ফুট উচ্চ জৈনমূর্ত্তি উচ্চ চত্বরোপরি দণ্ডায়মান ভাবে গ্রথিত আছে। ঐ মূর্ত্তি কারকলের মূর্ত্তি অপেক্ষা ক্ষুদ্রায়তন হইলেও মূর্ত্তিশিল্প সম্বন্ধে যে তদপেক্ষা প্রাচীন ও শ্রেষ্ঠ তাহাতে সন্দেহ নাই। নিকটে একটী মন্দির, মন্দিরদ্বার ও তাহার সম্মুখস্থ একটী প্রস্তর স্তম্ভ ভাস্কর শিল্পে পূর্ণ। মূল মন্দিরের পার্শ্বে আরও একটী জৈন মন্দির আছে, উহার চারি দিকে স্তম্ভ বিরাজিত। ইহার মূলদেশে কতকগুলি নাগকল ও একটী বীরকল আছে। এখানকার বিমন্নর বস্তি নামক জৈনমন্দিরে, ১৫২৬ শকে উৎকীর্ণ একখানি ফলকলিপি সংলগ্ন আছে। গোমতেশ্বর দেব নামক উক্ত সুবৃহৎ প্রতিমূর্ত্তি গাত্রে একখানি ফলক আছে। এতদ্ভিন্ন বেনূরের গোমতেশ্বর বস্তি, অক্কঙ্গল বস্তি ও তীর্থঙ্কর বস্তিতে ১৬০৪ হইতে ১৬২৪ খৃষ্টাব্দ মধ্যে প্রদত্ত কএক খানি শিলালিপি দৃষ্ট হয়। ঐ সকল গুলিই মন্দিরের ব্যয়ভারবহনের জন্য দান উপলক্ষে প্রদত্ত।

বেনোবিশালে (ক্লী) সামভেদ।

বেন্তিপুর, উত্তর ভারতের কাশ্মীর রাজ্যের একটী গণ্ডগ্রাম। ইহা কাশ্মীর উপত্যকার প্রাচীন রাজধানী বলিয়া বিবেচিত হয়। এখনও এখানে সেই প্রাচীন কীর্ত্তির পরিচয় স্বরূপ অনেক ভগ্ন অট্টালিকাদি দেখিতে পাওয়া যায়। এই নগর ঝিলাম্ নদীর তীরে শ্রীনগর হইতে ১৬ মাইল দক্ষিণপূর্ব্বে ইস্‌লামাবাদ যাইবার রাস্তার ধারে অবস্থিত। অক্ষা° ৩৩°৫৪´ উঃ এবং দ্রাঘি° ৭৫°৯´ পূঃ। কাশ্মীরের ইতিহাসে জানা যায় যে, রাজা অবন্তিবর্ম্মা (৮৭৬ খৃষ্টাব্দে) স্বনামে অবন্তিপুর নগর প্রতিষ্ঠা করেন। তাহাই ক্রমে বন্তিপুর নামে পর্য্যবসিত হইয়াছে। এখানে বেঙ্কদাতী দেবী ও বেন্তিমদাতী নামে দুইটী সুবৃহৎ

অট্টালিকার ধ্বংসাবশেষ দেখা যায়। সম্ভবতঃ ঐ দুইটী দেবমন্দির সংলগ্ন প্রাচীন কোন অট্টালিকা হইবে। উহা একবারে নষ্ট প্রায় হইলেও তাহাতে কাশ্মীরের প্রাচীন স্থাপত্য-শিল্পের অদ্ভুত নিদর্শন দেখিতে পাওয়া যায়।

বেনৌধা, উত্তর ভারতের প্রাচীন দেশবিভাগ। বেনাবৎ নামেও প্রসিদ্ধ। জৌনপুরের পশ্চিমাংশ, আজিমগড়, বারাণসী ও অযোধ্যা প্রদেশের দক্ষিণাংশ লইয়া ইহা গঠিত। কেহ কেহ বলেন, রাইশবাড় হইতে বিজাপুর এবং গোরখপুর হইতে ভোজপুর পর্য্যন্ত স্থান এই নামে পরিচিত। ইহাতে ৫২ খানি পরগণা। এই স্থান ১২ জন দেশীয় রাজার অধীনে পরিচালিত। তন্মধ্যে বীজাপুরের গহরবাড়গণ, খানজাদে ও বৎসগোতী প্রভৃতি ভূম্যধিকারীরাই প্রসিদ্ধ।

বেন্দকার, উড়িষ্যাবাসী শবর জাতির একটী শাখা। কেঁউঝর, বামড়া ও দক্ষিণগড়জাত মহলের নানা স্থানে এই জাতির বাস আছে। কেঁউঝরের ও জামদাপীরের উত্তরাংশে কোলহান্ পার্ব্বত্য প্রদেশের নিবিড় বনে এবং বেন্দকার-বুরু নামক শৈলশৃঙ্গের বন মধ্যে বেন্দকার জাতি বাস করে। শবরেরা সাধারণতঃ পর্ব্বতপাদ হইতে গোদাবরী নদীর তীরভূমি পর্য্যন্ত বিস্তৃত স্থানে বাস করে বটে, কিন্তু তাহা বেন্দকারদিগের বাসভূমির ন্যায় নিবিড় জঙ্গলাবৃত নহে। শবরেরা তাহাদের আদি ভাষায় কথা কয়, কিন্তু বেন্দকার-শবরদিগের নিজস্ব কোন ভাষা নাই এবং তাহাদের মধ্যে কোনরূপ বংশগত কিংবদন্তী নাই। তাহাদের ভাষা কতকটা উড়িষ্যাবাসীর মত। যাহারা সমতল ক্ষেত্রে অথবা অপেক্ষাকৃত বনহীন প্রদেশের গ্রামাদিতে অন্যান্য জাতির সহিত বাস করে, তাহারা আচার ব্যবহার বিষয়ে অনেকাংশে নিম্ন শ্রেণীর উড়িয়াদিগের অনুকরণ করিয়াছে। তাহারা বাশুলী বা বাশুরি দেবী নামে এক স্ত্রীমূর্ত্তির উপাসনা করে এবং ঠাকুরাণী বলিয়া তাঁহাকে বিশেষ ভক্তি করে। প্রতি বৎসর তাহারা ঐ দেবীমূর্ত্তি-সমক্ষে ভেড়া ও মুরগী বলি দিয়া থাকে। কিন্তু দশ বৎসর অন্তর প্রত্যেক বেন্দকার থাক আপনাদের বংশগত মঙ্গলের জন্য এই দেবী-সমক্ষে মহিষ, বন্যশূকর, ছাগ ও ১২টী মুরগী বলি দেয়।

বিবাহের সময় কন্যার আত্মীয়েরা তাহাকে লইয়া বরের বাড়ীতে আসে। তার পর সেই খানে নব দম্পতি আম্র পল্লব সমাচ্ছাদিত পূর্ণ কুম্ভকে ২।৩ পাক প্রদক্ষিণ করিলে স্নান করাইতে লইয়া যাওয়া হয়। স্নানের পর বর ও কন্যার হাত একত্র বাঁধিয়া দেওয়া হয়। উহাই বিবাহবন্ধনের সমাপ্তি।

বেন্দকারেরা গাছের ডাল, পাতা ও তৃণাদির আচ্ছাদন দ্বারা বাসগৃহ প্রস্তুত করে। বন্য ফল মূলাদিই তাহাদের প্রধান খাদ্য, কখন কখন তাহারা বনে পশু শিকার করিয়া মহাসমারোহে ভোজ দিয়া থাকে। কোন কোন নদীর বা ঝোরার ধারে বেন্দকারেরা অতি সামান্য ভাবে মৃত্তিকা উৎখাত করিয়া তাহাতে ধান্য, ভুট্টা প্রভৃতি শস্য ছড়াইয়া দেয়। এই স্বল্প ফসল তাহাদের উপজীবিকা। এতদ্ভিন্ন বনজাত দ্রব্য আহরণ করিয়া তাহারা নিকটবর্ত্তী গ্রামবাসীদিগের সহিত বিনিময় করিয়া থাকে।

বেন্দামূলঙ্কা, মান্দ্রাজপ্রেসিডেন্সীর গোদাবরী জেলার অন্তর্গত একটী নগর। গোদাবরীর কৌশিকী শাখার তীরে অবস্থিত অক্ষা° ১৬°৩৫´ উঃ এবং দ্রাঘি° ৮২°২´ পূঃ।

বেন্দী, মান্দ্রাজপ্রেসিডেন্সীর গঞ্জাম্ জেলার তেক্কলি-রাজ্যের অন্তর্গত একটী নগর। মুব্বলুবন্দর হইতে ৪ মাইল উত্তরে অবস্থিত। এখানে নানা শিল্প সমন্বিত একটী প্রাচীন শিবমন্দির আছে।

বেন্ন, কোণমণ্ডলের একজন সামন্ত। মুম্মড়ী ভীম ১ম এর পুত্র।

বেন্না (স্ত্রী) বন শব্দে সংভক্তৌ বা (বনে বিচ্ছোপধায়াঃ। উণ্ ৩।৮) ইতি ন উপধায়া ইত্বং। নদীবিশেষ। (উজ্জ্বল) এই নদীতে স্নান করিলে পাপ বিনাশ হয়।

"বেন্না ভীমরথী চোভৌ নদৌ পাপভয়াপহৌ।" (ভারত ৩।৮৮।৩)

বেন্য (ত্রি) ১ কমনীয়। (ঋক্ ২।২৪।১০) ২ বেন নামক ঋষিপুত্র। (ঋক্ ১০।১৪৮।৫)

বেপ, কম্পন। ভ্বাদিঃ আত্মনেঃ অকঃ সেট্। লট্ বেপতে। লোট্ বেপতাং। লুঙ্ অবেপিষ্ট।

বেপ, কম্পন। ভ্বাদিঃ আত্মনেঃ অকঃ সেট্। লট্ বেপতে। লোট্ বেপতাং। লুঙ্ অবেপিষ্ট।

বেপথু (পুং) বেপনমিতি বেপ (টিতোঽথুচ্। পা ৩।৩।৮৯) ইতি অথুচ্। কম্প। (অমর)

বেপথুমৎ (ত্রি) বেপথু অস্ত্যর্থে মতুপ্। কম্পযুক্ত।

বেপন (ক্লী) বেপ-ল্যুট্। কম্পন। (শব্দচ°) ২ বাতব্যাধি।

বেপমান (ত্রি) বেপ-শানচ্। কম্পমান।

বেপস্ (ক্লী) বেদ কম্পনে (সর্ব্বধাতুভ্যোঽসুন্। উণ্ ৪।১৮৮) ইত্যসুন্। ১ অনবদ্য।

"স্যাদ্বলজ্যোতিষোঃ ক্লীবং বচো বাচ্যথ ধাতুষু।
মেদো বেপোঽনবদ্যেঽথ সভায়াঞ্চ সদো ন না॥" (উণাদিকোষ)

২ বিরেপ। (উজ্জ্বল) ৩ কর্ম্ম। (নিঘণ্টু ২।১।৫)

"প্রজিহ্বয়া ভরতে বেপো অগ্নিঃ" (ঋক্ ১০।৪৬।৮)

'বেপঃ কর্ম্ম নামৈতৎ' (সায়ণ)

বেপারি, (ব্যাপারি), শস্যাদি পণ্যদ্রব্য কিনিয়া বা আমানতে আমদানী করিয়া খুচরা ভাবে দোকানদারকে বিক্রয় করাই ইহাদের

কার্য্য। ইহা কতকটা ক্ষুদ্র আড়ৎদারীর মত। যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ক্রেতা টাকা না দিতে পারে,তাহা হইলে বেপারিরা ক্রেতার নিকট হইতে সুদ আদায় করিয়া থাকে। বাণিজ্য পণ্যের ক্রয়বিক্রয় কার্য্য বেপারিরা যে স্থানে সমাধান করে, সেই স্থানগুলি বেপারিটোলা, বেপারিপাড়া প্রভৃতি নাম প্রাপ্ত হইয়াছে। বাঙ্গালার স্থানে স্থানে ঐরূপ পল্লী অনেক আছে।

বেপিষ্ঠ (ত্রি) অতিশয় স্তুতিকারী।

'বেপিষ্ঠোঽতিশয়েন স্তুতেঃ প্রেরয়িতা' (ঋক্ ৬।১১।৩ সায়ণ)

বেপুর, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর মলবার জেলার অন্তর্গত একটী ক্ষুদ্র নগর ও বন্দর। কালিকটের ৭ মাইল দক্ষিণে বেপুর নদীতীরে অবস্থিত। অক্ষা° ১১°১০´ উঃ এবং দ্রাঘি° ৭৫°৫০´৩০´´ পূঃ। ১৮৫৮ খৃষ্টাব্দে এই নগরে মান্দ্রাজ রেলপথের টার্মিনাস স্থাপিত হওয়ায়, বাণিজ্য-সমৃদ্ধির সঙ্গে সঙ্গে এই স্থানের অনেক শ্রীবৃদ্ধি সাধিত হইয়াছে। পর্ত্তুগীজেরা এখানকার কল্যাণ নামক স্থানে একটী কুঠী নির্ম্মাণ করেন; কিন্তু এই কুঠীর কার্য্য অধিক দিন সুশৃঙ্খলে চলে নাই। টিপু সুলতান এই স্থানকে মলবারের রাজধানী মনোনীত করিয়া 'সুলতানপত্তনম্' নাম রাখেন। এখনও তাহার কতক নিদর্শন দৃষ্টিগোচর হয়।

১৭৯৭ খৃষ্টাব্দে এখানে করাত কল (Sawmill), ১৮০৫ খৃষ্টাব্দে ক্যাম্বিস নির্ম্মাণের কারখানা, ১৮৪৮ খৃষ্টাব্দে লোহার কারখানা, তৎপরে জাহাজ নির্ম্মাণের ডক্ এবং পরে ১৮৫৮ খৃষ্টাব্দে রেল স্থাপিত হওয়ায় উত্তরোত্তর স্থানের উন্নতি হয়। ভাঁটার সময়েও এই নদীতে ১২ বা ১৪ ফুট জল থাকে, সুতরাং নদীবক্ষে সকল সময়েই ৩ শত টন বোঝাই নৌকাগুলি অনায়াসে গমনাগমন করিতে পারে।

অক্টার্লোনী উপত্যকার ও বৈনাদের দক্ষিণপূর্ব্বে উৎপন্ন যাবতীয় কফি ও চাউলাদি এই বন্দরে আসিয়া থাকে। এতদ্ভিন্ন ঘাট-পর্ব্বতমালা হইতে শালকাষ্ঠ আনিয়া এখানে চেরাই হইয়া অন্য স্থানে বিক্রয়ার্থ প্রেরিত হয়। এখানে লৌহ ও লিগ্‌নাইট নামক খনিজ পদার্থ পাওয়া যায়।

নগরের অদূরে ফেরোখ নগরের পরিত্যক্ত বাসভবনাদি বিদ্যমান আছে। টিপু সুলতান ঐ নগরের শ্রীবৃদ্ধিসাধনে যত্নবান্ ছিলেন। নগরের ৫ মাইল পূর্ব্বে "ছাতপরম্বা" (মৃতক্ষেত্র) নামক ময়দান। এখানে বহুসংখ্যক প্রাচীন প্রস্তরস্তম্ভ এবং স্থানে স্থানে বৃত্তাকারে সজ্জিত প্রস্তরখণ্ডবেষ্টিত ভূমি আছে। উহা সমাধিক্ষেত্র বলিয়া বিবেচিত হয়। দেশীয় লোকে ঐ প্রস্তরবেষ্টিত স্থানগুলিকে কুদকল্লু বলিয়া থাকে।

এখানে একটী প্রাচীন দুর্গ ছিল। নিকটবর্ত্তী চালিয়াম নামক স্থানে আলি আবদল্লা কর্ত্তৃক ১৩০২ খৃষ্টাব্দে প্রতিষ্ঠিত একটী মসজিদ্ এবং পর্ত্তুগীজদিগের একটী দুর্গ ছিল। ১৫৭০ খৃষ্টাব্দে কালিকটের সামরী ঐ দুর্গ অধিকার করিয়া লয়েন। পর্ত্তুগীজ গবর্মেণ্টের আদেশে ঐ দুর্গাধ্যক্ষ ডি'ক্যাষ্ট্রোর শিরশ্ছেদ হইয়াছিল।

বেপুর, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর মলবার জেলায় প্রবাহিত একটী নদী। ইহা পুণ্যপয়ঃ বা পৌনপুয় নামে তদ্দেশবাসীর নিকট পরিচিত। নেড্ডিবত্তম্ গিরিসঙ্কটের দক্ষিণস্থ শৈলমালা হইতে সমুদ্ভূত হইয়া ইহা অক্টর্লোনী উপত্যকার মধ্য দিয়া আসিয়াছে। পরে কার্কুর সঙ্কটের উত্তরে ঘাটপর্ব্বতপৃষ্ঠে বহুসংখ্যক প্রপাতাকারে পতিত হইয়া ইহা সমতল ক্ষেত্রে আসিয়া পড়িয়াছে। পর্ব্বতপৃষ্ঠে নদীতীরের ক্রমনিম্ন বনশোভা, রজতাকার প্রপাতনিচয়, কোন স্থানের বা পর্ব্বতভেদী নদীগতি স্বভাবতঃই মনোরম ও নিবিড় বনের গভীর গাম্ভীর্য্যে পূর্ণ।

পার্ব্বত্যবক্ষঃ অতিক্রম করিয়া ধীরে ধীরে সমতল ক্ষেত্রে আসিলে অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র স্রোতস্বিনী মিশিয়া ইহার কলেবর পুষ্ট করিয়াছে; তন্মধ্যে করীমপুয়া প্রধান। এখানে নদীবক্ষে একটী কাষ্ঠনির্ম্মিত সেতু আছে। অতঃপর এই নদী ধীরে ধীরে আরিক্কোদ নগর পর্য্যন্ত আসিলে কোদিয়াতুর নামক আর একটী শাখানদী ইহার সহিত মিশিয়াছে। বেপুর নগরের পার্শ্ব দিয়া এই নদী যেখানে সমুদ্র মুখে পড়িয়াছে, সেই মোহানায় কদলবন্দী নামক আর একটী শাখা মিলিত হওয়ায় প্রবাহসঞ্চালিত বালুকা সঞ্চয়ে উভয়ের সঙ্গমস্থলে চালিয়াম দ্বীপ উৎপন্ন হইয়াছে। এই স্থানেই মান্দ্রাজ রেলপথের দক্ষিণ-পশ্চিম শাখার "টার্মিনাস" স্থাপিত।

সকল ঋতুতেই এই নদীবক্ষে বড় বড় নৌকা লইয়া আরিক্কোদ পর্য্যন্ত গমনাগমন করা যায়। বর্ষাকালে নদীর জল অধিক বৃদ্ধি হওয়ায় আরও অনেক দূর পর্য্যন্ত নৌকা যাইতে পারে। মোহানার বালুচর জোয়ারের সময় ১৮ ফিট্ এবং ভাঁটায় ১২ ফিট্ নিম্নে থাকে।

বেপেরি (ভেপেরি), মান্দ্রাজ সহরের উপকণ্ঠস্থিত একটী নগর। এখন মান্দ্রাজের সহিত সংশ্লিষ্ট। অক্ষা° ১৩°৫´২৫´´ উঃ এবং দ্রাঘি° ৮০°১৮´৪০´´ পূঃ। [মান্দ্রাজ দেখ]

বেপ্পত্তুর, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর তাঞ্জোর জেলার কুম্ভকোনম্ তালুকের একটী নগর। নগরটী হিন্দুপ্রধান, প্রায় পঞ্চ সহস্রাধিক হিন্দুর বাস আছে।

বেপ্পু, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর কোচীন রাজ্যের একটী উপবিভাগ। কতকগুলি নদী দ্বারা পরিচালিত বালুকাপলি সমুদ্র তীরে স্রোতোঘাতে সঞ্চিত হইয়া ক্রমে চর হইতে দ্বীপাকারে পরিণত হইয়াছে। মলয়ালম্ ভাষায় ঐরূপ পলিজাত দেশকে

বপ্পু বলে। পর্ত্তুগীজগণ ইহাকে বাইপিন্ (Vypin) শব্দে উল্লেখ করেন। তদবধি ঐ স্থান ইতিহাসে বাইপিন্ নামেই লিখিত হইতেছে। এক্ষণে নদীর মোহানা ও সমুদ্রকূলের স্থির জলে বেপ্পু একটী ক্ষুদ্র দ্বীপরূপে বিরাজ করিতেছে। খাস-কোচীন হইতে ইহা সমুদ্র জল দ্বারা বিচ্ছিন্ন। অক্ষা° ৯°৫৮´৩০´´ উঃ এবং দ্রাঘি° ৭৬°১৮´২০´´ পূঃ।

কোচীন রাজসরকারের প্রাচীন নথিপত্রে জানা যায় ১৩৪১ খৃষ্টাব্দে এই পুতুবেপ্পু সমুদ্র পৃষ্ঠ হইতে উন্নত হইয়া দেশরূপে গণ্য হয়। ইহার দক্ষিণাংশ ইংরাজের অধিকৃত এবং উত্তরে আয়কোট্ট দুর্গ স্থাপিত। ১৬৬৬ খৃষ্টাব্দে এখানে একটী ক্ষুদ্র রোমান্ কাথলিক গীর্জ্জা স্থাপিত হইয়াছিল। কালিকটের সামরী-রাজ এখানে ১৫০৩ খৃষ্টাব্দে পরাজিত হইয়াছিলেন এবং মহিসুররাজের সহিত ত্রিবাঙ্কোড়-বিজয়কালীন যুদ্ধেও এই স্থানা-ধিকার একতম কারণ ছিল।

বেপ্পুর, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর উত্তর আর্কট জেলার গুড়িয়াতম্ তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। গুড়িয়াতম্ হইতে ৩৷৷০ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এখানে একটী প্রাচীন গণেশ-মন্দির আছে।

বেপ্পূর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর উত্তর আর্কট জেলার আর্কট তালু-কের অন্তর্গত একটী প্রাচীন নগর। আর্কট সদর হইতে ২ মাইল পশ্চিমে অবস্থিত। এখানে চোলরাজগণের প্রতিষ্ঠিত আরু-কাড়ু বা ষড়্বন মন্দিরের একটী বিদ্যমান আছে। উহা বশিষ্ঠ মন্দির নামে পরিচিত। মন্দিরগাত্রে বহু সংখ্যক শিলালিপি দেখা যায়।

বেপ্পমবট্টু, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর সালেম জেলার উত্তঙ্করাই তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম, বেলুরের সন্নিকটে অবস্থিত। বিজয়নগররাজ বীর প্রতাপ বুক্ক ২য় (১৪০৬ খৃঃ) এখানকার একটী মন্দিরে দানকল্পে শিলাফলক উৎকীর্ণ করিয়াছিলেন।

বেভার (Beaver) স্বনামপ্রসিদ্ধ জলচর পশু। দেখিতে ভোদড়ের মত, আকৃতিতে কিছু বড়, কিন্তু পুচ্ছে আঁইস আছে। ইহারা চতুষ্পদ। জলে ডুব দিয়া সাঁতার কাটিয়া মাছ ধরে।

বেভারিজ, ভারতবর্ষের সুপ্রসিদ্ধ ইংরাজী ইতিহাস লেখক।

বেম, কোণ্ডবিড়ুর রেড্ডীবংশীয় একজন রাজা।

বেম (পুং) বে-মন্ ন আত্বং। বাপদণ্ড।

'বাপদণ্ডঃ পুংসি-বেমোনা বেমনদ্বয়োঃ।' (শব্দরত্না°)

বেমক (পুং) স্বর্গস্থিত ঋষিভেদ। (হরিবংশ)

বেমচিত্র (পুং) অসুররাজ-পুত্রভেদ। (ললিতবিস্তর)

বেমন (পুং) বয়ত্যনেনেতি-বে (বেঞঃ সর্ব্বত্র। উণ্ ৪।১৪৯) ইতি ইমনিন্। বাপদণ্ড। অর্দ্ধর্চাদিত্বহেতু এই শব্দ ক্লীবলিঙ্গও হইয়া থাকে। "নগ্নহুর্ধীরস্তসরং ন বেম" (শুক্লযজুঃ ১৯।৮৩)

বেমনা (দেশজ) বিমনা, আনমনা।

বেমপল্লী, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর কড়াপা জেলার পুলিবেণ্ডলা তালুকের অন্তর্গত একটী নগর। পাপঘ্নী নদীতটে অবস্থিত। অক্ষা° ১৪°২১´৩০´´ উঃ এবং দ্রাঘি° ৭৭°৫০´ পূঃ। এখানে বৃষভাচলেশ্বর স্বামী নামে একটী প্রাচীন শিব বা নন্দীর উদ্দেশে স্থাপিত মন্দির আছে, প্রবাদ রাজা জনমেজয় ঐ মন্দির স্থাপন করেন। মন্দিরটী নদীতীরস্থ একটী গণ্ডশৈলের শিখরদেশে স্থাপিত হওয়ায় সাধারণের নয়নমনোমুগ্ধকর হইয়াছে। মন্দির-গাত্রে কএকখানি শিলালিপি আছে। এখানকার অধিবাসীর অধিকাংশই হিন্দু।

বেমপল্লী, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর কড়াপা জেলার মদনপল্লী তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। মদনপল্লী হইতে ৩ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। গ্রামস্থ একটী মন্দিরে ১৬৭৬ শকে উৎকীর্ণ এক খানি শিলাফলক দৃষ্ট হয়। অপর এক খানি শিলালিপির পাঠ অস্পষ্ট থাকায় পাঠোদ্ধারের সুবিধা হয় নাই।

বেমরবিল্লি, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর গঞ্জাম জেলার শ্রীকাকোল তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। শ্রীকাকোল হইতে ১৫ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। প্রায় ৩ শত বৎসর গত হইল, একটী সুবৃহৎ উইঢিপি হইতে এখানে পঞ্চাশটী ক্ষুদ্রা-কার দেবপ্রতিমূর্ত্তি পাওয়া যায়। পরে ঐ স্থান পরিষ্কার করিয়া সেই প্রতিমূর্ত্তিগুলি ছাদাচ্ছাদনে রাখা হইয়াছে। পুত্তল-গুলির মধ্যে দুইটী বড়। প্রতি বৎসর ঐ দেবমূর্ত্তিগুলির উদ্দেশে অন্নকোট হয় এবং বহুসংখ্যক লোক দেবপ্রসাদ প্রাপ্তির আশায় ঐ স্থানে আসিয়া থাকে।

বেমরাজ, ১ দাক্ষিণাত্যের রেড্ডীবংশীয় এক জন সর্দ্দার। প্রোলের পুত্র। ২ শৃঙ্গারদীপিকা নাম্নী অমরুশতকটীকা-প্রণেতা। ইনি বৈমভূপাল নামেও উল্লিখিত হন।

বেমবরম্, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর কৃষ্ণা জেলার নরসবাবুপেট তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে একটী সুপ্রাচীন বিষ্ণুমন্দির বিদ্যমান আছে।

বেমবরম্, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর গোদাবরী জেলার তনুকু-তালুকের অন্তর্গত একটী নগর। এখানে রেড্ডী সর্দার-গণের (১৩২৮-১৪২৭ খৃঃ) প্রতিষ্ঠিত একটী প্রাচীন মন্দির আছে।

বেমানভৈরবার্য্য, বর্ণক্রমদর্পণ-রচয়িতা।

বেমুলা, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর কড়াপা জেলার পুলিবেণ্ডলা তালুকের অন্তর্গত একটী নগর। পুলিবেণ্ডলা হইতে ৭ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এখানে পোলিগারদিগের একটী দুর্গ বিদ্যমান আছে।

বেম্বকোট্টই, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর তিন্নেবল্লী জেলার সতুর তালুকের অন্তর্গত একটী নগর। সতুর সদর হইতে ১০ মাইল পশ্চিমে অবস্থিত। অক্ষা° ৯°২০´ উঃ এবং দ্রাঘি° ৭৭°৫০´ পূঃ।

বেয়ত, বোম্বাই প্রেসিডেন্সীর কচ্ছোপসাগরস্থ একটী দ্বীপ। অক্ষা° ২২°২৫´ হইতে ২২°২৯´ উঃ, দ্রাঘি° ৬৯°৮´ হইতে ৬৯°১২´ পূঃ মধ্য। এই দ্বীপটী উত্তরপূর্ব্ব হইতে দক্ষিণপশ্চিমে ৫ মাইল লম্বা, কিন্তু প্রকৃত দৈর্ঘ্য তদপেক্ষা অনেক কম। ইহার দক্ষিণপশ্চিমাংশ প্রায় ৬০ ফিট্ উচ্চ একটী পার্ব্বত্য অধিত্যকা ভূমি। ইহার পূর্ব্বাংশ পগা নামক বালুকাচর হইতে ৩ মাইল ব্যবধান। এই স্থান হনূমান্-পয়েন্ট বা হনূমৎ অন্তরীপ নামে খ্যাত। অন্তরীপের মুখ হইতে প্রায় এক পোয়া পথ দূরে স্থাপিত হনূমানের মন্দির হইতে এই স্থানের নামকরণ হইয়াছে। এখানকার দুর্গ পতাকাস্তম্ভ অক্ষা° ২২°২৭´৩০´´ উঃ দ্রাঘি° ৬৯°৫´ পূঃ অবস্থিত। এখানে কৃষ্ণোপাসনার প্রাদুর্ভাব অধিক। বহু সংখ্যক মন্দির এখনও কানাইলালের মাধুর্য্যময়ী মূর্ত্তিশোভিত। পাণ্ডা ব্রাহ্মণগণ এখানকার প্রধান অধিবাসী। যাত্রিগণের প্রদত্ত পূজোপহারে তাহাদের জীবিকা-নির্ব্বাহ হইয়া থাকে। প্রতি বৎসর বহু সংখ্যক তীর্থযাত্রী দ্বারকা সন্নিধিস্থ ভগবানের এই লীলাক্ষেত্রে সমাগত হইয়া থাকে।

১৮৫৯ খৃষ্টাব্দে ইংরাজরাজ যখন বাঘিরদিগের নিকট হইতে এই দ্বীপ কাড়িয়া লন, তখন উভয় পক্ষের যুদ্ধে এখানকার দুর্গ ও প্রধান প্রধান মন্দিরগুলি ধ্বংস হইয়া যায়।

বের (ক্লী) অজ-রন্ অজের্বীভাবঃ। ১ শরীর। ২ বার্ত্তাকু। ৩ কুঙ্কুম। (মেদিনী)

বেরক (ক্লী) কর্পূর। (হারাবলী)

বেরকরা (দেশজ) বাহিরকরণ।

বেরট (পুং) ১ মিশ্রীকৃত। ২ নীচ। (ক্লী) ৩ বদরীফল।

বেরদ, বোম্বাই প্রেসিডেন্সীর কোল্হাপুর জেলার অন্তর্গত একটী নগর। পঞ্চগঙ্গা নদীতটে কোল্হাপুর সদর হইতে ৯ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। অক্ষা° ১৬°৩৯´ উঃ এবং দ্রাঘি° ৭৪°১১´ পূঃ। এই নগর বীড় নামেও প্রসিদ্ধ। এক সময়ে এই নগরে কোল্হাপুর ও পনালার অধীনস্থ কোন সর্দ্দারের রাজধানী ছিল, এখন শ্রীভ্রষ্ট হইয়া একটী ক্ষুদ্র গ্রামে পরিণত হইয়াছে। গ্রামের ইতস্ততঃ প্রাচীন অট্টালিকাদির ধ্বস্ত স্তূপ দেখিতে পাওয়া যায়। গ্রামমধ্যে একটী প্রস্তর-নির্ম্মিত প্রাচীন মন্দির আছে। উহার ইতস্ততঃ বিক্ষিপ্ত ভগ্ন-স্তম্ভ ও প্রাচীর প্রভৃতির শিল্পকার্য্য পর্য্যালোচনা করিলে ঐ সকল সমৃদ্ধিকে খৃষ্টীয় ১২০০ শতাব্দের বলিয়া মনে হয়। নগরে যে প্রাচীন মৃত্তিকানির্ম্মিত কেল্লা আছে, তাহার মধ্যে এখনও সময় সময় প্রাচীন মুদ্রা দেখিতে পাওয়া যায়। উক্ত মন্দিরস্থ দেবমূর্ত্তির পাদদেশে এক খানি প্রাচীন প্রস্তরফলক উৎকীর্ণ আছে।

বেরনাগ, উত্তর ভারতের কাশ্মীর রাজ্যের অন্তর্গত একটী প্রস্রবণ। শ্রীনগর উপত্যকার দক্ষিণপূর্ব্ব প্রান্তে অবস্থিত। অক্ষা° ২৯´ উঃ এবং দ্রাঘি° ৭৫°১৫´ পূঃ। ১২০ গজ পরিধি-যুক্ত ভূমি মধ্য হইতে এই জলরাশি নির্গত হইয়া ধীরে ধীরে ঝিলাম নদীর কলেবর পুষ্ট করিতে অগ্রসর হইয়া চলিয়াছে। মোগলসম্রাট্ জাহাঙ্গীর এই প্রস্রবণের চতুষ্পার্শ্ব বাঁধাইয়া দেন।

বেরবাড়, (বীরবাড়), রাজপুত জাতির একটী শাখা। গাজিয়াবাদ, আজমগড় ও ফৈজাবাদ প্রভৃতি জেলায় ইহাদের বাস। গাজিয়াবাদের বেরবাড়েরা বলে যে, শুভক্ষণে নরৌলিয়া-গণের সাহায্যার্থ আপনাদের বাসভূমি দিল্লী সমীপস্থ বেরনগর পরিত্যাগ করিয়াছিল এবং চেরো জাতিকে পরাজিত করিয়া এতৎ প্রদেশের অধিবাসী হয়। আজমগড়ের বেরবাড়েরা বলে যে তাহারা রাজপুত সত্য, কিন্তু ভূমিহারদিগের সহিতও তাহাদের সংস্রব আছে। দুঃখের বিষয় উক্ত উভয় জাতি কোন্ পুরুষ হইতে তাহাদিগের উৎপত্তি তাহা তাহারা স্থির করিতে পারে না। ভূমিহারদিগের বংশাখ্যান হইতে কেবল এই মাত্র জানা যায় যে, তাহারা পশ্চিমাঞ্চল হইতে এ দেশে আসিয়াছে। ছত্রিরা বলে যে তাহারা দিল্লীর নিকটবর্ত্তী বের-নগরে বাস করিত। তাহারা তোমরবংশীয়, স্বদেশ পরিত্যাগ করিয়া সর্দ্দার গোরক্ষদেবের অধীনে আজিমগড়ে আসিয়াছে। ১৩৯৩-১৫১২ খৃষ্টাব্দের মধ্যে গোরক্ষদেব জীবিত ছিলেন। ফৈজাবাদবাসী বেরবাড়গণ বলিয়া থাকে যে, তাহারা ধুণ্ডিয়া-খেরাবাসী বাঙ্গী বংশোদ্ভব।

ছত্রি ও ভুঁইহারগণ এক শাখা সমুৎপন্ন। বিবাহ বা অন্যান্য ভোজের সময় ইহারা পরস্পরের নিকট ডাইলের বড়া ভক্ষণ করে না। প্রবাদ আছে, উপরোক্ত শাখার গৃহে কএক জন বেরবাড় নিমন্ত্রিত হইয়া আইসে। নিমন্ত্রণকর্ত্তা তখন আতি-থেয়তার পরাকাষ্ঠা দেখাইবার জন্য আহ্লাদে বলে যে, "বড়া খণ্ডা চালাও" অর্থাৎ খণ্ড খণ্ড বড়াগুলিও দাও। কিন্তু গৃহস্থ কোন ব্যক্তি খণ্ডা শব্দের অর্থ খাঁড়া বিবেচনা করিয়া দীর্ঘাকার এক খাঁড়া লইয়া বেরবাড়দিগকে নিহত করে। তদ-বধি তাহাদের অন্নগ্রহণ বেরবাড়দিগের নিষিদ্ধ হইয়াছে। এই জাতির পূর্ব্বপুরুষগণের ক্রিয়াকর্ম্মে যে ব্রাহ্মণ যাজকতা করিতেন তাঁহারা কনোজাগত বলিয়া প্রসিদ্ধ। কিন্তু তাঁহাদের ভিন্ন ভিন্ন বংশের কুলজী স্বতন্ত্র।

বেরসোবা, বোম্বাই প্রেসিডেন্সীর ঠানা জেলার অন্তর্গত একটী

নগর ও বন্দর। বেসাবা নামেও পরিচিত। বোম্বাই সহর হইতে ১২ মাইল উত্তরে সমুদ্রের একটী খাড়িমুখে অবস্থিত। অক্ষা° ১৯°৮′৪৫″ উঃ এবং দ্রাঘি° ৭২°৫১′ পূঃ। ইহার সন্নিকটে মাধ নামক দ্বীপ। এই দ্বীপ দুর্গদ্বারা সুরক্ষিত। বেরসোবা গ্রাম ও মাধদ্বীপের মধ্যস্থলে খাড়ীমুখে অগ্রবর্ত্তী অন্তরীপাকার প্রস্তরময় ভূমির উপর বেসাবা দুর্গ। পর্ত্তুগীজগণ সমুদ্রকূলে প্রতিপত্তি বিস্তারের জন্য সম্ভবতঃ এই দুর্গ নির্ম্মাণ করিয়া থাকিবেন। তদনন্তর মহারাষ্ট্রগণ এই দুর্গ পুনঃ সংস্কার করিয়া তাহাতে সেনাসন্নিবেশ করেন। এখানকার সামুদ্রিক বাণিজ্য এখনও অপ্রতিহত রহিয়াছে।

বেরাচার্য্য (পুং) রাজপুত্রভেদ।

বেরানিলে, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর মদুরা জেলার মালুর তালুকের অন্তর্গত একটী নগর। এখানে প্রায় ৬ হাজার লোকের বাস আছে।

বেরাপোলি, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর ত্রিবাঙ্কোড় রাজ্যের অন্তর্গত একটী নগর। কোচীন হইতে ৯ মাইল উত্তরে অবস্থিত। অক্ষা° ১০°৪′ উঃ এবং ৭৬°১৯′২০″ পূঃ। এই স্থান কার্ম্মেলাইট্ মিশনের প্রধান কেন্দ্র। এইস্থানে খৃষ্টতন্ত্রের একটী ভিকার এপষ্টলিক্ আছে। ১৬৫৯ খৃষ্টাব্দে ঐ এপস্টোলিক্ (Vicariate Apostolic of Verapoli) প্রতিষ্ঠা হইতেই বেরাপোলির প্রসিদ্ধি। এই খৃষ্টীয় মঠ বহু দূর বিস্তৃত। তদনন্তর ১৬৭৩ খৃষ্টাব্দে এখানে একটী গীর্জ্জা নির্ম্মিত হয়। তখন এই দ্বীপভাগে আদৌ জনমানবের বাস ছিল না এবং এই দ্বীপ কোচীন রাজের অধিকৃত ছিল।

গীর্জ্জা ব্যতীত মঠ-বাটিকার দৃশ্যটী মনোরম। ইহা ইষ্টক নির্ম্মিত এবং তিন খণ্ডে বিভক্ত। স্থানে স্থানে দ্বিতল ও ত্রিতল। এই অট্টালিকানিচয়ের নিম্নদেশ দিয়া উত্তরদক্ষিণে একটী সুবিস্তৃত রাস্তা আছে। ঐ পথ দিয়া সকল অট্টালিকাতেই গমনাগমন করা যায়। এই মঠবাটিকার উত্তর প্রান্তে গীর্জ্জা নির্ম্মিত। উহার আকৃতি ক্ষুদ্রাকার হইলেও সর্ব্বাংশে বেরম রাজধানীস্থ সেণ্টপিটর গীর্জ্জার অনুরূপ। ইহার বিভিন্ন ভজন-মন্দির (Chapel) মধ্যে খৃষ্টান সাধুদিগের ও নানা পৌরাণিক চিত্রের প্রতিমূর্ত্তি গ্রথিত ও রক্ষিত আছে। এরূপ ধরণের খৃষ্টান গীর্জ্জা এতদঞ্চলে আর নাই।

ভারতের অন্যান্য স্থানের প্রতিষ্ঠিত ১৭টী খৃষ্টীয় মঠ হইতে কাথলিক্ খৃষ্টানদিগের মধ্যে দশ আনা ভাগ এবং পুরোহিত দলের বার আনা প্রায়ই সিরিয়-মতানুসরণ করিয়া চলে। ইঁহাদের মধ্যে দুই জন বিশপ ও ১৪ জন প্রিষ্ট্ আছেন, ইহারা য়ুরোপীয় এবং কার্ম্মালাইট্ মতানুসরণকারী। উপরি বর্ণিত রোমান্‌কাথলিক ব্যতীত এখানে সাইরো-নেষ্টোরিয়ান্ বা জেকোবাইট্ মতাবলম্বী আরও বহু সংখ্যক লোকের বসতি আছে। ইহারা সাধারণতঃ সিরিয়ান্ খৃষ্টান নামে পরিচিত।

বেরামপুর, (বহরমপুর), বাঙ্গালার দিনাজপুর জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম।

বেরার, মধ্যভারতের অন্তর্গত একটী স্বতন্ত্র প্রদেশ। বেরার রাজ্য নামে প্রসিদ্ধ ছিল। হায়দরাবাদরাজ নিজাম যখন এই প্রদেশের কর্ত্তৃত্ব ইংরাজ করে সমর্পণ করেন, তৎকালাবধি ইহা হায়দরাবাদ এসাইণ্ড ডিষ্ট্রীক্ট নামে খ্যাত হয় এবং হায়দরাবাদের রেসিডেণ্ট বেরারের চীফ্ কমিসনর পদে থাকিয়া শাসনকার্য্য-নির্ব্বাহ করিতেন। ঐ সময় হইতে বেরাররাজ্য আকোলা, বুলদানা, বাসিম, অমরাবতী, ইলিচপুর ও বুন নামক ৬য়টী জেলায় বিভক্ত হয়। ইহার উত্তর ও পূর্ব্ব সীমায় মধ্যপ্রদেশ, দক্ষিণে নিজাম রাজ্য এবং পশ্চিমে বোম্বাই প্রেসিডেন্সী। ভূপরিমাণ ১৭৭১১ বর্গ মাইল। অক্ষা° ১৯°২৬′ হইতে ২১°৪৬′ উঃ এবং দ্রাঘি° ৭৫°৫৮′৪৫″ হইতে ৭৯°১৩′১৩″ পূঃ মধ্য।

সমগ্র বেরাররাজ্য পূর্ব্বপশ্চিমে বিস্তৃত একটী সুদীর্ঘ উপত্যকা ভূমি। ইহার উত্তর ভাগে সাতপুরা পর্ব্বতমালা এবং দক্ষিণে অজণ্টা শৈলশ্রেণী। স্থানীয় লোকে সাতপুরের সন্নিহিত উপত্যকা দেশকে বেরার-পয়ানঘাট এবং অজণ্টা শৈল ও তদন্তর্গত অধিত্যকা দেশকে বেরার-বালাঘাট বলিয়া থাকে। এই দুই ভাগের মধ্যে উত্তরাংশই অপেক্ষাকৃত উর্ব্বর ও শস্যশালী। এখানে তাপ্তীর শাখা পূর্ণা প্রভৃতি কতকগুলি পার্ব্বত্য ঝোরা সাতপুরা শৈল ও অজণ্টা শৈল হইতে ধীরে ধীরে অবতীর্ণ হইয়া মূল নদীতে মিলিত হইয়াছে। এখানে নিয়মিত ভাবে ও যথেষ্ট পরিমাণে বৃষ্টিপাত হয়। এই সকল কারণে এখানে কখনও জলাভাব হয় না ও শস্যাদির অজন্মা দেখা যায় না। শরৎকালে শস্যপূর্ণ ক্ষেত্রসমূহের শ্রীশোভা বড়ই আনন্দপ্রদ। প্রায় অধিকাংশ স্থানই চাসবাসের উপযোগী এবং উদ্যমশীল কৃষিজীবী অধিবাসিবৃন্দ বিশেষ পরিশ্রম সহকারে ভূমিকর্ষণ ও বীজ বপন করিয়া থাকে। কুর্‌মি, ভীল প্রভৃতি দৃঢ়কায় পার্ব্বত্য জাতীয়েরাই

সাধারণ প্রস্থ প্রায় ১৪৪ মাইল। এখানে সর্ব্ব সমেত ৫৫৮৫ গ্রাম আছে। জন সংখ্যা তাহাতেই বাস করে। তাপ্তী, পূর্ণা, বর্দ্ধা ও পেনগঙ্গা বা প্রাণহিতা নদীই এখানকার প্রধান, কিন্তু ঐ সকলের মধ্যে বর্দ্ধা দিয়া বেরার উপত্যকার অধিকাংশ জল নিষ্কাশিত হইয়া থাকে। বুলদানা জেলার লোণার নামক লবণ জলযুক্ত হ্রদ পার্ব্বতীয় সৌন্দর্য্যে পূর্ণ। এই হ্রদের চারি দিকেই পাহাড়, যেন গোলাকারে হ্রদটীকে বেষ্টন করিয়া আছে। ঐ পর্ব্বত গাত্র নানা জাতীয় বৃক্ষে পরিশোভিত। হ্রদের জলভাগ ৩৪৫ একর, কিন্তু তীরভূমির পরিধি ৫॥০ মাইল।

১৮৮৩ খৃষ্টাব্দে মার্চ্চ মাসের জরিপ অনুসারে এখানকার বনভাগ ৪৩৪৪ বর্গ মাইল অবধারিত হয়। তন্মধ্যে ১১°৬ বর্গ মাইল রাজরক্ষিত, ২৮৩ বর্গ মাইল জেলা হইতে রক্ষিত এবং ২৯৫৫ মাইল অরক্ষিত অবস্থায় পতিত রহিয়াছে। ঐ সকল বনমালার মধ্যে গাবিলগড় শৈলের বনই উৎকৃষ্ট। এখানে বেরারবাসীর নিত্যব্যবহার্য্য এবং গৃহনির্ম্মাণের বিশেষ সাহায্যকারী কাষ্ঠ ও বাঁশ পর্য্যাপ্ত পরিমাণে জন্মে। দক্ষিণ বেরারের গাঙ্‌রা উপত্যকার মেলঘাট নামক পার্ব্বত্য দেশে সেগুণ কাষ্ঠ, জ্বালানিকাষ্ঠ ও ঘাস পর্য্যাপ্ত পাওয়া যায়। অমরাবতীর উত্তর দেশবাসী এবং পূর্ণানন্দীর উত্তর তীরস্থ গ্রামবাসী লোকেরা ঐ কাষ্ঠ ও তৃণ গৃহকার্য্যে ব্যবহার করে।

বেরাররাজ্যের পূর্ব্বাংশে এবং তথাকার করঞ্জ পর্ব্বতে প্রচুর পরিমাণে খনিজ লৌহ পাওয়া যায়। দুর্ভাগ্যের বিষয় দেশীয় লোকে ঐ সকল লৌহ গলাইয়া কোন কার্য্য করে না; অথবা কোন ধাতুবিদ্ বৈজ্ঞানিক পরীক্ষা দ্বারা উহার লৌহাংশ নিরূপণ করেন নাই। বুন জেলার বর্দ্ধার উপত্যকা দেশে উত্তর দক্ষিণে বিস্তৃত একটী কয়লার খনি (Coal field) পাওয়া গিয়াছে। অনুমান উত্তরে বর্দ্ধা হইতে দক্ষিণে পেনগঙ্গা পর্য্যন্ত ঐ ক্ষেত্র বিস্তৃত। ১৮৭৫ খৃষ্টাব্দে ঐ কয়লার ক্ষেত্রে কি পরিমাণ কয়লা আছে তাহা নির্দ্ধারণের জন্য ভূগর্ভ খনন করিয়া পরীক্ষা করা হয়। ঐ সময়ে অনেক স্থলে কয়লা উত্তোলিত হইয়াছিল, কিন্তু উপস্থিত কয়লা বিক্রয়ের সুবিধা না থাকায় ঐ কার্য্য স্থগিত রাখা হয়। নাগপুর হইতে ভুষাবল ও বোম্বাই সহর যাইবার রেলপথ এই প্রদেশের মধ্য দিয়া পূর্ব্ব পশ্চিমে গমন করায় এখানকার কার্পাসাদি বাণিজ্যের বিশেষ উন্নতি হইয়াছে। ভারতের অন্যান্য স্থানের তূলা অপেক্ষা এখানকার তূলা উৎকৃষ্ট এবং এখানে প্রভূত পরিমাণে তূলার চাষ হইয়া থাকে।

এখানকার জলবায়ু নিতান্ত মন্দ নহে। দাক্ষিণাত্যের সর্ব্বত্রই যেরূপ নাতিপ্রখর গ্রীষ্ম ও মলয়ানিল সঞ্চালিত মৃদুমন্দ শৈত্য অনুভূত হয়, এখানেও প্রায় তাহাই। তবে পয়ানঘাট উপত্যকায় গ্রীষ্ম ঋতুতে ভয়ানক গ্রীষ্ম অনুভূত হয়। মার্চ্চ মাসের শেষ হইতেই এখানে গ্রীষ্মের আরম্ভ, এপ্রিল মাস পর্য্যন্ত উহা কোন প্রকারে সহনীয় থাকে, কিন্তু মে হইতে জুন মাসের মধ্যভাগ পর্য্যন্ত উহা এক বারে অসহ্য হয়। তৎপরে বৃষ্টিপাত আরম্ভ হইলে বসুন্ধরা পুনরায় শীতল ভাব ধারণ করে, রাত্রিতে এস্থান স্বভাবতঃই শীতল। চারি দিকে পর্ব্বত এবং উপত্যকা সূর্য্যোত্তাপে দারুণ উত্তপ্ত হইলেও কৃষ্ণবর্ণ মৃত্তিকা থাকায় তাপ অধিক ক্ষণ স্থায়ী হয় না। বর্ষার সময় চারি দিক্ বেশ ঠাণ্ডা থাকে। অজন্টা শৈলের উপরিস্থ বালাঘাট শৈলদেশে সমতল ক্ষেত্রাপেক্ষা উত্তাপ অনেক কম। সর্ব্বোচ্চ গাবিলগড় শৈলের তাপপ্রভাব নাতিশীতোষ্ণ; এই পর্ব্বতের পৃষ্ঠে ৩৭৭৭ ফুট উচ্চে চিকাল্‌দা নামক স্বাস্থ্যাবাস, ইলিচপুর হইতে ইহা ২০ মাইল।

বেরার রাজ্যের ইতিহাস বেশী প্রাচীন নহে। নর্ম্মদাতট পর্য্যন্ত সমগ্র দাক্ষিণাত্য যখন যে ভাবে যে রাজার অধীনে শাসিত হইয়াছে, এই বেরার রাজ্যও তাহার কোন না কোন একটী রাজার অধীনে শাসিত হইয়াছিল, কিন্তু তাহার প্রাচীনতম ইতিহাস উদ্ধার করা দুরূহ। শিলালিপি প্রমাণে জানা যায় যে, এতৎ প্রদেশে অনেক সামন্তরাজ ছিলেন, কিন্তু তাঁহারা কোন্ কোন্ রাজার অধীন ছিলেন তাহার বিশেষ প্রমাণ পাওয়া যায় না।

ঐতিহাসিক তত্ত্বালোচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, খৃষ্টীয় ১১শ ও ১২শ শতাব্দে এখানে কল্যাণের চালুক্য রাজগণ রাজত্ব করিতেন। খৃষ্টীয় ১৩শ শতাব্দে এতদ্দেশে দেবগিরির (দৌলতাবাদ) যাদববংশীয় রাজগণের প্রভাব বিস্তৃত হয় বলিয়া অনুমান করা যায়। কেন না, উক্ত শতাব্দের শেষ ভাগে পাঠানরাজ আলাউদ্দীন দেবগিরির হিন্দু নরপতি রামদেবকেই রণে পরাস্ত ও নিহত করেন। রামদেব এক জন বিখ্যাত ও প্রবল প্রতাপান্বিত রাজা ছিলেন। তৎকালে এই দেশে যাদববংশীয়গণ যে প্রভূত ক্ষমতাশালী হইয়াছিলেন, শিলালিপি ও ইতিহাস তাহার প্রমাণ।

কল্যাণের চালুক্যরাজ ও দেবগিরির যাদব নরপতিগণ এখানে একাদিক্রমে রাজত্ব করিলেও আমরা প্রাচীন দেবকীর্ত্তির ধ্বংসাবশেষাদি হইতে অনুমান করিতে পারি যে, বেরার প্রদেশের দক্ষিণপূর্ব্ব জেলাসমূহ বরঙ্গুলের প্রাচীন হিন্দুরাজবংশের অধীনে শাসিত ছিল।

স্থানীয় কিংবদন্তী এই যে, ইলিচপুর রাজধানীর স্বাধীন নরপতিগণ এখানকার অধিপতি ছিলেন; ঐ বংশে ইল নামে

এক জন রাজা ছিলেন, তাঁহারই নামানুসারে ইলিচপুরের নামকরণ হইয়াছে। ঐ রাজবংশ দাক্ষিণাত্যে মুসলমান প্রভাবের অভ্যুদয়ের পূর্ব্বে বেরারের শাসনকর্ত্তা ছিলেন। স্থানীয় স্থাপত্য কীর্ত্তির আলোচনা দ্বারা জানা যায় যে, তাঁহারা জৈন-ধর্ম্মাবলম্বী, কিন্তু এখনও ঐ সকল ধ্বস্তকীর্ত্তির পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান না হওয়ায়, উক্ত ঐতিহাসিক তত্ত্বের ভিত্তি সুদৃঢ়রূপে স্থাপিত হইতেছে না।

১২৯৪ খৃষ্টাব্দে দিল্লীশ্বর ফিরোজ খিল্‌জির ভ্রাতুষ্পুত্র ও জামাতা আলাউদ্দীন্ প্রথম দাক্ষিণাত্য বিজয়ে আগমন করেন। তিনি দেবগড়ে যাদবরাজ রামদেবকে যুদ্ধে পরাজিত ও বন্দী করেন। কেহ কেহ বলেন, রামদেব বন্দী হইয়া নিহত হন, আবার কাহারও কাহারও মতে আলাউদ্দীন্ বহু অর্থ লইয়া রামদেবকে মুক্তিদান করিয়াছিলেন। কিন্তু তিনি ইলিচপুর রাজ্য তাঁহাকে দেন নাই অথবা অর্থের সহিত ইলিচপুর রাজ্য অধিকার করিয়া লইয়াছিলেন।

আলাউদ্দীন্ দিল্লীতে প্রত্যাবৃত্ত হইয়া স্বীয় খুল্লতাতকে নিহত করিয়া দিল্লীর সিংহাসন হস্তগত করেন। তাঁহার রাজত্ব কালে উত্তরভারত হইতে মুসলমান সেনাদল উপর্য্যুপরি দক্ষিণ-ভারতে আসিয়া দেশীয় রাজ্যগুলি লণ্ডভণ্ড করিয়া দিয়াছিল। আলাউদ্দীনের মৃত্যুর পর, দেবগিরির অধীনস্থ দাক্ষিণাত্য প্রদেশ পুনরায় স্বাধীনতা অর্জ্জন করিতে সমর্থ হয়, কিন্তু সে স্বাধীনতা তাহারা অধিক দিন রাখিতে পারে নাই। ১৩১৮-১৯ খৃষ্টাব্দে মুবারক খিলজি সেই হিন্দুবিদ্রোহ দমন করেন। তিনি মুসলমানের কঠোর প্রভাব দেখাইবার জন্য দেবগিরির শেষ হিন্দুনরপতির দেহ ত্বক্‌নির্ম্মুক্ত করিয়াছিলেন। এই সময় হইতে ১৯০৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত বেরার মুসলমানের অধিকারে থাকে। উক্ত বর্ষে ভারতের রাজপ্রতিনিধি লর্ড কর্জ্জন রাজনৈতিক কারণে নিজামকে বলিয়া কহিয়া বেরারকে নিজামের অধীনতা হইতে বিচ্ছিন্ন করিয়া লন। তদবধি হায়দরাবাদ এসাইণ্ড ডিষ্ট্রিক্ট স্বতন্ত্ররূপে "বেরার-প্রদেশ" বলিয়া বিঘোষিত হয়।

মুসলমান শাসনকর্ত্তাদিগের অধীনে বেরার স্বতন্ত্র নামেই পরিচিত থাকে, কিন্তু শাসকদিগের সামর্থ্যানুসারে সময় সময় উহার সীমার হ্রাসবৃদ্ধি ঘটিয়াছিল। ১৩২০ খৃষ্টাব্দে দিল্লীর মুসলমান সম্রাট্ মহম্মদ তোগলকের মৃত্যুর পর বেরার রাজ্য দিল্লীর তোগলক বংশের অধীনতা হইতে বিচ্যুত হয় এবং তৎপরে প্রায় ২৫০ বৎসর কাল এখানকার মুসলমান শাসনকর্ত্তৃগণ দিল্লীশ্বরের প্রভুত্ব অগ্রাহ্য করিয়া স্বাধীন নরপতির ন্যায় রাজ্যশাসন করিতে থাকেন। উহার পর, প্রায় ১৩০ বৎসর ইহা দাক্ষিণাত্যের বাহ্মণী রাজবংশের করতলগত থাকে। আলাউদ্দীন্ হুসেন শাহ স্বীয় রাজ্যকে ৪প্রদেশে বিভক্ত করেন। তন্মধ্যে মাহুর, রামগড় ও বেরারের কতকাংশ লইয়া একটী প্রদেশ গঠিত হইয়াছিল।

১৫২৬ খৃষ্টাব্দে উক্ত বাহ্মণী বংশের অধঃপতন সাধিত হইলে দাক্ষিণাত্য প্রকৃতপক্ষে পাঁচটী মুসলমান রাজবংশের অধীনে শাসিত হইয়াছিল। ঐ সময়ে ইমাদশাহী রাজগণ বেরার রাজ্যের অধীশ্বর ছিলেন, ইলিচপুরে তাঁহাদের রাজধানী ছিল। প্রবাদ, এই রাজবংশের অধিষ্ঠাতা একজন কণাড়ী হিন্দু, তিনি যুদ্ধে বন্দী হইয়া বেরারের শাসনকর্ত্তা খাঁ জহানের নিকট আনীত হন। খাঁ জহান তাঁহার বুদ্ধি ও শক্তির পরিচয় পাইয়া তাঁহাকে রাজকীয় উচ্চপদে নিযুক্ত করেন। ক্রমে তিনি ইমাদ্ উল্‌মুলক উপাধি সহ সেনানায়কের পদে অধিষ্ঠিত হন। ইমাদশাহ পরে বেরারের স্বাধীন রাজা হইয়াছিলেন। ইমাদের বংশধরগণ তাদৃশ শক্তিশালী ও সৌভাগ্যবান্ ছিলেন না। তাঁহাদিগকে রাজ্যরক্ষায় অসমর্থ জানিয়া ১৫৭২ খৃষ্টাব্দে বিজাপুর ও আহ্মদনগররাজ উভয়ে একত্র বেরার আক্রমণ করেন এবং বেরার রাজ্য আহ্মদনগরের করতলগত হয়। কিন্তু আহ্মদনগররাজ অধিক কাল এই রাজ্য উপভোগ করিতে পারেন নাই। ১৫৯৬ খৃষ্টাব্দে আহ্মদনগররাজ আত্মরক্ষার জন্য বেরার প্রদেশ মোগল সম্রাট্ অকবর শাহের করে সমর্পণ করেন। ১৫৯৯ খৃষ্টাব্দে দাক্ষিণাত্যের লব্ধরাজ্য সমূহের বন্দোবস্ত করিবার জন্য সম্রাট্ স্বয়ং বুর্হান্‌পুর নগরে উপস্থিত হন। তিনি স্বীয় তনয় কুমার দানিএলকে বেরার ও অন্যান্য প্রদেশে প্রতিনিধি নিযুক্ত করিয়া এতদঞ্চলের শাসন ব্যবস্থা করেন। আইন-ই-অকবরী গ্রন্থে বেরার সুবার রাজস্ব ও পরিমাণাদি নির্দ্ধারিত আছে।

১৬০৫ খৃষ্টাব্দে সম্রাট্ অকবর শাহের মৃত্যু ঘটিলে মোগল রাজসরকারে রাজ্যব্যবস্থার বিভ্রাট ঘটে এবং মোগল দরবার উত্তর ভারতের শৃঙ্খলা স্থাপনে ব্যস্ত থাকায় দক্ষিণভারতের নবাধিকৃত প্রদেশ শাসনে তাঁহারা বিশেষ মনোযোগী হইতে পারেন নাই। এই সময়ে বেরার অরক্ষিত দেখিয়া দৌলতাবাদের স্বাধীনতাপ্রয়াসী নিজামশাহী রাজা মালিক অম্বর বেরারের কতকাংশ অধিকার করিয়া লন। ১৬২৮ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যুকাল পর্য্যন্ত বেরার নিজামশাহী বংশের অধিকারে থাকে। তারপর ১৬৩০ খৃষ্টাব্দে মোগলেরা উহা অধিকার করিয়া তথায় দিল্লীশ্বরের শাসনশক্তি বিস্তার করেন। মোগল সম্রাট্ শাহ জহান তাঁহার দাক্ষিণাত্য-রাজ্যকে দুইভাগে বিভক্ত করিয়া দুইটী পৃথক্ শাসনকর্ত্তার অধীনে রাখেন। তৎকালে বেরার, পয়ানঘাট, জালনা ও খান্দেশ একটী বিভাগে ছিল। কিন্তু এই ব্যবস্থা

বিশেষ সুবিধাজনক না হওয়ায়, তিনি উহা পুনরায় একজন শাসনকর্ত্তার অধীনে রাখেন, ১৬১২ খৃষ্টাব্দে এখানে প্রথম কর-ধার্য্যের ব্যবস্থা হয়, পরে শাহ জহানের সময় উহার অনেক সংস্কার হইয়াছিল। ১৬৩৭-৩৮ খৃষ্টাব্দে এখানে ফস্‌লী সাল প্রবর্ত্তিত হয়।

অতঃপর ১৬৫০ খৃষ্টাব্দ পর্য্যন্ত বেরারের প্রাদেশিক স্বতন্ত্র কোন ইতিহাস পাওয়া যায় না। ঐ সময়ে দক্ষিণভারতে মোগল, মরাঠা ও মুসলমান রাজগণের মধ্যে নানাস্থানে যুদ্ধ বিগ্রহ চলিতে ছিল। ১৬৫০-১৭০৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত মোগল বাদশাহ অরঙ্গজেব দাক্ষিণাত্যাভিযানে লিপ্ত ছিলেন। ঐ সময়ের বেরারের ইতিহাস অরঙ্গজেবের দাক্ষিণাত্যবিজয়ে সংশ্লিষ্ট। ১৭০৭ খৃষ্টাব্দে আহ্মদনগরে অরঙ্গজেবের মৃত্যু হয়। তদনন্তর বেরার প্রদেশ মরাঠা ও মোগল সেনাদের লুণ্ঠন ও অগ্নিদহনাদির অত্যাচারের কেন্দ্রস্থল হইয়াছিল। ঐ সময় হইতেই বাস্তবপক্ষে এ দেশে মহারাষ্ট্রগণ সরদেশমুখী ও চৌথ আদায় করিতেন। ১৭১৭ খৃঃ সম্রাট্ ফরুখশিয়ারের সৈয়দ বংশীয় মন্ত্রিগণও উক্ত কর দিতে বাধ্য হইয়াছিলেন। ১৭২০ খৃষ্টাব্দে দাক্ষিণাত্যের মোগল রাজপ্রতিনিধি চীন্ কিলিচ্ খাঁ নিজাম উল্-মুল্‌ক নাম ধারণ করিয়া স্বাধীনতা প্রয়াসী হন; এই সংবাদে সৈয়দ মন্ত্রিদ্বয় তাঁহার বিরুদ্ধে সেনাদল প্রেরণ করেন। তিনি ঐ সেনাদলকে তিনটী যুদ্ধে পরাজিত করিয়া স্বীয় প্রভুত্ব বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন। এই সময় বেরারের সুবাদার তাঁহার সঙ্গে যোগদান করেন। ১৭২১ খৃষ্টাব্দে বুর্হানপুরে প্রথম যুদ্ধ এবং উহার অব্যবহিত পরেই বালাপুরে দ্বিতীয় যুদ্ধ হয়। তদনন্তর ১৭২৪ খৃষ্টাব্দে বুলদানা জেলার সখর-খেল্‌দা নামক স্থানে তৃতীয় যুদ্ধ বা শেষ যুদ্ধ ঘটে। তদবধি সখর-খেলদা "ফতে-খেল্‌দা" নামে আখ্যাত হইয়াছে। এই যুদ্ধ হইতে বেরার প্রদেশ ১৯শ শতাব্দ পর্য্যন্ত নামমাত্র হায়দারাবাদ রাজবংশের অধীন থাকে।

খৃষ্টীয় ১৭শ শতাব্দের শেষ ভাগ হইতেই বেরার রাজ্যের পূর্ব্বসমৃদ্ধির হ্রাস হইতে থাকে। ১৫৬৭ খৃষ্টাব্দে ফরাসী ভ্রমণকারী M. de Thevenot এই দেশ পরিদর্শন করিয়া লিখিয়াছেন যে, মোগল-সাম্রাজ্যের মধ্যে এই স্থান ধন-ধান্যে ও জল সংখ্যায় পূর্ণ ছিল। তারপর, স্থানীয় রাজস্ব সংগ্রাহকের বিদ্রোহ হইতেই এ স্থান শস্যশূন্য ও জলহীন হয়। তদনন্তর রাজন্যগণের যুদ্ধ বিগ্রহে এই স্থান শ্রীভ্রষ্ট হইয়া পড়ে। এই সময়ে মহারাষ্ট্রগণ দুর্ব্বল ও অরক্ষিত বেরার রাজ্য লুণ্ঠন করিয়া নষ্ট করে। তাহাদের দস্যুতার ভয়ে স্থানীয় বাণিজ্যের লোপ হয়। কাজেই লোক জন দেশ ছাড়িয়া পলাইয়া যায়। মোগল সম্রাট্ এখানে একজন জায়গীরদার নিযুক্ত করিয়া রাজস্ব সংগ্রহের ব্যবস্থা করিলে মহারাষ্ট্রগণও রাজস্ব আদায়ের জন্য স্বতন্ত্র জায়গীরদার নিযুক্ত করিয়া প্রজাদিগকে পীড়ন করিয়াছিলেন। প্রজাগণ এইরূপে উভয় পক্ষের করপীড়ায় উত্যক্ত হইয়া জমি ছাড়িয়া দেয়। নিরন্তর লুণ্ঠন ও অপরের সর্ব্বনাশ চক্ষে নিরীক্ষণ করিতে করিতে তাহাদের অন্তরও কলুষিত হইতে থাকে, সুতরাং তাহারা আর স্থায়ী বন্দোবস্তের পক্ষপাতী হয় নাই।

১৮০৪ খৃষ্টাব্দে হায়দরাবাদের সন্ধি সর্ত্তে বর্দ্ধানদীর পূর্ব্ববর্ত্তী জেলা সমেত সমগ্র বেরার রাজ্য (কতকাংশ নাগপুর ভোঁসলে বংশের ও পেশবাদিগের অধীন থাকে।) নিজামের করতলগত হয়। গাবিলগড় নরনালা দুর্গ নাগপুরের মহারাষ্ট্র সর্দ্দারের অধিকারে ছিল। পুনরায় ১৮২২ খৃষ্টাব্দে আর একটী সন্ধি হয়। তাহাতে বেরারের সীমা নির্দ্দেশ হইয়া বর্দ্ধার পশ্চিমস্থ সমগ্র প্রদেশ নিজামের অধিকৃত হয় এবং নাগপুররাজ উক্ত নদীর পূর্ব্বস্থিত দেশভাগ নামমাত্র প্রাপ্ত হন। ১৭৯৫ খৃষ্টাব্দে পেশবা যে সকল জেলা রাখিয়াছিলেন এবং ১৮০৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত নাগপুররাজ যে সকল স্থান অধিকার করিয়াছিলেন, তৎসমুদায় নিজামকে প্রত্যর্পণ করা হইয়াছিল।

উপরি উক্ত কারণে অনেক রাজাকেই সৈন্যসংখ্যার হ্রাস করিতে হয়। ঐ সকল সেনাদল অন্নোপার্জ্জনের অন্যতর উপায় গ্রহণ না করিয়া দস্যুবৃত্তি অবলম্বন করে। ঐ সকল দস্যুর অত্যাচার হইতে রাজ্যরক্ষা করিতে নিজামকে বহু কষ্ট সহ্য ও অর্থ ব্যয় করিতে হয়। এই অযথা অর্থ ব্যয়ে নিজামকে ঋণজালে আবদ্ধ হইতে হয় এবং ইংরাজরাজ ১৮০০ খৃষ্টাব্দের সন্ধি অনুসারে বৃটিশ রাজকোষ হইতে সেনাদলের বেতন দান করিতে থাকেন। এইরূপ উত্তরোত্তর বিপ্লবে নিজামের অধিকৃত প্রদেশ নষ্টপ্রায় হইলে ইংরাজগণ শান্তি বিধানের জন্য অগ্রসর হন এবং ১৮৪৯ খৃষ্টাব্দে অপ্পাসাহিবকে বন্দী করিয়া তদধীন সেনাদলকে তাড়াইয়া দেন।

নিজাম ইংরাজের সাহায্যের জন্য 'হায়দারাবাদ কন্টিঞ্জেণ্ট' নামক সেনাদল পোষণ করিতেছিলেন, স্বয়ং সেই সেনাদলের ব্যয়ভার বহনে অশক্ত থাকায় তিনি তাহার ভার ইংরাজহস্তে অর্পণ করিয়াছিলেন। এতাবৎ কাল ইংরাজরাজ সে অর্থ পরিশোধের কোন পন্থা অবলম্বন করিতে পারেন নাই। এই কারণে এবং উপরি বর্ণিত যুদ্ধবিগ্রহে হায়দরাবাদ রাজ্য দেউলিয়া হইয়া পড়ে; সুতরাং উপায়ান্তরের অভাবে ১৮৫৩ খৃষ্টাব্দে ইংরাজের সহিত নিজামের এক সন্ধি হয়, তাহাতে ইংরাজগণ পূর্ব্বপ্রদত্ত ঋণের পরিশোধকল্পে এবং হায়দরাবাদ

কণ্টিঞ্জেণ্ট সেনাদলের পোষণার্থ ব্যয়বহনের জন্য নিজামের নিকট হইতে ৫০ লক্ষ টাকা আয়ের কয়েকটী জেলা প্রাপ্ত হন। ঐ প্রদত্ত জেলা সমূহ (ধরাশিও ও রায়চুড় দোয়াব বাদে) "হায়দরাবাদ এসাইণ্ড ডিষ্ট্রীক্ট" নামে ইংরাজরাজের অধীনে তদবধি পরিচালিত হয়। ঐ সেনাদলের মূলাংশ ইলিচপুরে এবং আকোলা ও অমরাবতীতে কতকগুলি পদাতিক মাত্র রক্ষিত হয়।

ঐ সন্ধি সর্ত্তে আরও লিখিত থাকে যে ইংরাজগণ নিজামকে বর্ষে বর্ষে হিসাব নিকাশ দিবেন এবং রাজস্ব যাহা উদ্বৃত্ত হইবে তাহাও নিজাম পাইবেন। তাঁহাকে আর যুদ্ধকালে ইংরাজের সাহায্যার্থ সেনা প্রেরণ করিতে হইবে না। ঐ সেনাদল আর তাঁহার সেনাবিভাগের অধীন থাকিল না, কেবল তাঁহারই কার্য্যের জন্য ইংরাজের অধীন সেনাদলরূপে রক্ষিত হইল।

পরে ১৮৫৩ খৃষ্টাব্দের সন্ধি অনুসারে বাৎসরিক হিসাব দাখিল করা অসুবিধাজনক বোধ হইল। তাহার উপর ১৮০২ খৃষ্টাব্দের সন্ধি সর্ত্তে শতকরা ৫ টাকা যে শুল্ক আদায় দিবার কথা ছিল, তাহা লইয়া উভয়পক্ষে গোলযোগ উপস্থিত হইতে লাগিল। তখন ইংরাজ-রাজ এই বিপত্তি হইতে অব্যাহতি পাইবার মানসে এবং ১৮৫৭ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের সময় নিজামের কৃত সাহায্যের পুরস্কার দিবার জন্য ১৮৬০ খৃষ্টাব্দের ডিসেম্বরে আর একটী সন্ধি হইল, তাহাতে ইংরাজগণ নিজামের নিকট প্রাপ্য আরও ৫০ লক্ষ টাকার দাবী ছাড়িয়া দিলেন। সুরপুরের বিদ্রোহী রাজার রাজ্য কাড়িয়া লইয়া নিজামকে অর্পণ করিলেন, এবং ধরাশিও ও রায়চুড় দোয়াব তাঁহাকে ফিরাইয়া দিলেন। নিজাম ইংরাজের নিকট সম্পত্তি পাইলেন বটে, কিন্তু তাহার বিনিময়ে তাহাকেও গোদাবরী নদীর বামকূলে অবস্থিত কয়েকটি জেলা এবং ঐ নদীতে বাণিজ্যের জন্য যে শুল্ক আদায় হইত, তাহা ছাড়িয়া দিতে হইল।

এইরূপ বিনিময়ে ইংরাজ নিজামের নিকট হইতে বেরার ও অন্যান্য জেলায় যে সম্পত্তি প্রাপ্ত হইলেন, তাহার মোট রাজস্ব ১২ লক্ষ টাকা। ইংরাজ-গবমেণ্ট ঐ টাকায় ১৮৫৩ খৃষ্টাব্দের সন্ধি সর্ত্তানুসারে কার্য্য করিবেন। নিজাম সরকারে তাঁহাদিগকে আয় ব্যয়ের হিসাব দিতে হইবে না। উক্ত এসাইণ্ড ডিষ্ট্রিক্টের মধ্যে সেনাগণের বেতন জন্য নিজামপ্রদত্ত যে সকল জায়গীর এবং নিজামের নিজ ব্যয়ার্থ যে সকল সম্পত্তি ছিল তাহা ইংরাজ শাসনাধীন করিবার অভিপ্রায়ে ইংরাজগণ অন্য স্থলে সম্পত্তি দিয়া বিনিময় করিয়া লইবেন।

১৮৬১ খৃষ্টাব্দের এই পরিবর্ত্তন ব্যতীত ১৮৫৩ খৃষ্টাব্দ হইতে বেরারের আর কিছু রাজনৈতিক-সংক্রান্ত পরিবর্ত্তন সাধিত হয় নাই। ১৮৫৭ খৃঃ সিপাহী-বিদ্রোহের সময়েও এখানে বিপ্লবের বিশেষ সূচনা হয় নাই। ১৮৫৮ খৃষ্টাব্দে তাঁতিয়া তোপী সদলবলে সাতপুরা শৈলে আসিয়া উপস্থিত হইয়াছিলেন বটে; কিন্তু তিনি বেরার উপত্যকায় প্রবেশ করিতে পারেন নাই।

ইংরাজ শাসনে বেরারের উন্নতি ব্যতীত অবনতি হয় নাই। যে বেরার এক সময়ে মহারাষ্ট্র ও মোগল অত্যাচারে জনশূন্য হইয়া পড়িয়াছিল, সেই বেরার ইংরাজের শান্তিময় শাসনে লোকসমাগমে পূর্ণ হইয়াছিল। বঙ্গের ভূতপূর্ব্ব ছোট লাট সর্ রিচার্ড টেম্পল্ এ স্থানের রাজকীয় বিবরণীতে এ দেশের বর্ত্তমান সমৃদ্ধির আভাস দিয়া গিয়াছেন। আমেরিকার যুদ্ধের সময় এখানকার তূলার বাণিজ্যের প্রসার বৃদ্ধি হয়। এমন কি, তখন অর্থ দিয়াও লোক মিলিত না। লোকে অসম্ভব মূল্য আদায় করিয়া তবে কার্য্যে লিপ্ত হইত। গ্রেট্ ইণ্ডিয়ান্ পেনিন্সুলা ও নিজামস্ ষ্টেট্ রেলওয়ে স্থাপিত হইবার পর এখানকার বাণিজ্য ও শ্রীসমৃদ্ধির যথেষ্ট উন্নতি হইয়াছে।

এখানে নানা জাতি ও নানা বর্ণের লোকের বাস আছে, তন্মধ্যে হিন্দু প্রায় ২৪॥০ লক্ষ, মুসলমান ন্যূনাধিক ২ লক্ষ এবং ভীল গোঁড়, কুর্ক প্রভৃতি অসভ্য জাতির সংখ্যা ১ লক্ষ ৭০ হাজার হইবে। জৈন, খৃষ্টান্, শিখ এবং পার্শী আছে, কিন্তু তাহাদের সংখ্যা তুলনায় অনেক কম। ঐ সকল লোকের অধিকাংশই কৃষিজীবী। এখানে জোয়ার, গম, ছোলা, বজরা, ধান্য, মসিনা, তিল, পাট, শণ, তামাকু, ইক্ষু, তূলা, তৈলকর বীজ, গাঁজা, আফিম ও পোস্ত প্রভৃতির চাস হয়। এখানকার অধিবাসিগণ কায়িক পরিশ্রমে নানা দ্রব্য উৎপন্ন করে এবং তাহারই বিনিময়ে তাহারা অন্য দেশজাত দ্রব্যাদি আমদানী করিয়া থাকে। তাহারা শিল্পী নহে, সুতরাং কোন দ্রব্যই সুচারুরূপে সম্পন্ন করিতে পারে না এবং এমন কারখানা বা কারবার নাই যদ্দারা তাহারা আপনাদের ব্যবহার্য্য বস্ত্রাদি প্রস্তুত করিয়া লইতে সমর্থ হয়। অধিবাসীরা মোটা রকমের কার্পাসবস্ত্র, গালিচা ও চার্জামা প্রস্তুত করিয়া বিক্রয় করে বটে, কিন্তু তাহা আদরে গৃহীত হয় না। রেশমী বস্ত্র বয়নের সামান্য কারবার আছে। স্থানে স্থানে বস্ত্র বয়নের ব্যবসাও চলিতেছে এবং বুলদানার নিকটবর্ত্তী দেবলঘাটে ইস্পাত দ্বারা অস্ত্রাদি নির্ম্মাণের সামান্য কারবার আছে। নাগপুর হইতে সূক্ষ্ম বস্ত্র এবং অন্যান্য আবশ্যকীয় আসবাবাদি বোম্বাই অঞ্চল হইতে এদেশে আনীত হইয়া থাকে।

অমরাবতী, আকোলা, আকোট, অঞ্জনগাঁও, বালাপুর, বাসিম, দেবলগাঁও, ইলিচপুর, হিবারখেদ, জালগাঁও, করিঞ্জা, খামগাঁও, করাসগাঁও, মাল্‌কাপুর, পরাতবাড়া, পাথুর, সেন্দুর-

জনা, সেগাঁও ও যেওটমল নগর বেরার প্রদেশের সমৃদ্ধির পরিচায়ক। অমরাবতী, আকোলা, খামগাঁও, সেগাঁও, ও বাসিম নগরে মিউনিসিপালিটী আছে।

ভারত রাজ-প্রতিনিধি লর্ড কর্জ্জনের রাজনৈতিক কৌশলে ১৯০৬-৭ খৃষ্টাব্দে বেরার প্রদেশ নিজামের স্বাধিকার চ্যুত হইবার পূর্ব্বে, এই প্রদেশ এক জন চীফ্ কমিসনরের দ্বারা শাসিত হইত। তাহার অধীনে এক জন জুডিসিয়াল কমিসনর এবং এক জন রাজস্ব বিভাগীয় কমিসনর, ৬ জন ডেপুটী কমিসনর, ১৭ জন এসিস্টাণ্ট কমিসনর ও ৯ জন ইন্স্পেক্টার জেনারল অব্ পুলিস, জেল ও রেজিষ্ট্রেসন, ৬ ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট অব্ পুলিস, ২ আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট অব্ পুলিস, ১ সানিটারি কমিসনর (ইনি ইন্স্পেক্টার জেনারল অব ডিস্পেন্সারি ও ভাক্সিনেসন পদেও কার্য্য করিতেন), ৬ সিভিল-সার্জ্জন, ১ ডিরেক্টার অব পাবলিক্ ইন্সট্রাক্সন, ১ কঞ্জারভেটর অব ফরেষ্ট ও আসিষ্টাণ্ট কঞ্জারভেটার ছিলেন। ১৮৮৩ খৃষ্টাব্দে এখানে ৬৯ মাজিষ্ট্রেট ছিল। তাঁহাদের সকলেরই দেওয়ানী ও রাজস্ব আদায় সংক্রান্ত মকর্দ্দমার বিচার করিবার ক্ষমতা ছিল।

বেরাবল, (বলাবল, ভেরোল), বোম্বাই প্রেসিডেন্সীর কাটিয়াবাড় বিভাগের জুনাগড় সামন্ত রাজ্যের অন্তর্গত একটী নগর ও বন্দর। মঙ্গরোল হইতে ২০ মাইল দক্ষিণপূর্ব্বে, সূত্রপাড়া হইতে ৮॥০ মাইল এবং সোমনাথ মন্দির হইতে ২ মাইল উত্তর-পশ্চিমে অবস্থিত। অক্ষা° ২০°৫৩´ উঃ এবং দ্রাঘি° ৭২°২৬´ পূঃ। মস্কট, বোম্বাই ও করাচী নগরের সহিত এখানকার প্রচুর বাণিজ্য চলিয়া থাকে। বর্ত্তমান কালে ঐ বন্দরের যথারীতি উন্নতি সাধিত হইয়াছে। বিভিন্ন স্থান হইতে প্রচুর পরিমাণে মালপত্র এখানে আনীত হয়।

এই স্থান অতি প্রাচীন। এখানে প্রাচীন কীর্ত্তির অনেক নিদর্শন আছে। প্রাচীন শিলালিপিতে ইহা বেরাবল পত্তন বলিয়া লিখিত। নিকটেই সোমনাথ পত্তনের সুবিখ্যাত মন্দির, এই প্রাচীন মন্দির সমুদ্র তীরে অবস্থিত। ইহার ধ্বস্ত স্তূপের প্রস্তরাদি লইয়া লোকে গৃহাদি নির্ম্মাণ করিয়াছে। অবশিষ্ট যে দুইটী গৃহ আছে, তাহার গম্বুজের ছাদে নানা পৌরাণিক চিত্র অঙ্কিত দেখা যায়। প্রথম গম্বুজ ৬৫টী স্তম্ভের উপর স্থাপিত। দ্বিতীয় গম্বুজ একটী শিখর। যাহা এখন আছে তাহার লম্বা ৯০॥০ ফিট, প্রস্থ ৬৮ ফিট্ এবং উচ্চ ৪৮ ফিট্। প্রবাদ ৮৫০ বলভী অব্দে এই মন্দির নির্ম্মিত হইয়াছিল।

সোমনাথের বর্ত্তমান মন্দির ইন্দোর রাজপত্নী অহল্যাবাই কর্ত্তৃক ১৮০৯ সম্বতে পুনর্নির্ম্মিত হয়। ইহার প্রাঙ্গণ লম্বা ১২২৭ ফিট্ প্রস্থ ৮২ ফিট্ কিন্তু মূলমন্দির লম্বে ও প্রস্থে ৩৯ ফিট্ এবং উচ্চতায় ৪২ ফিট্। এই মন্দির মধ্যে গাইকোবাড়ের দেওয়ান বিঠল দেবাজী একটী ধর্ম্মশালা নির্ম্মাণ করিয়াছেন। অন্যত্র অন্নপূর্ণা ও গণপতি মন্দির আছে। মূল মন্দিরের অভ্যন্তরে প্রথমে শঙ্কেশ্বর লিঙ্গ এবং তন্নিম্নে ১২ ফুট লম্বা চওড়া গর্ত্ত মধ্যে সোমনাথ লিঙ্গ স্থাপিত। উহার উপরের গম্বুজ ৩২টী স্তম্ভের উপর রক্ষিত। এই পত্তন পবিত্র তীর্থ বলিয়া পরিগণিত। নানা দেশের লোক এই মন্দিরে দেবদর্শনে এবং ত্রিবেণীতে স্নান করিতে আইসে। সরস্বতী, হিরণ্যা ও কপিলা নদীর সঙ্গমই এখানকার ত্রিবেণী।

পত্তনের বাজারের ধারে যে জম্ম মসজিদ আছে তাহা একটী সুপ্রাচীন হিন্দু মন্দিরের উপর স্থাপিত। এখনও মন্দিরগাত্রে প্রস্তরখোদিত সুন্দর সুন্দর মূর্ত্তি সংলগ্ন দেখা যায়। ইহা ১১১ ফিট × ১৭১ ফিট্ এবং ইহার ছাদ ২৫১টী স্তম্ভের উপর রক্ষিত। প্রাচীন সূর্য্যকুণ্ড এখন হৌজে পরিণত হইয়াছে।

ঐ মস্‌জিদের সন্নিকটে যে মুসাফির খানা আছে তাহাও একটী জৈনমন্দিরের ভগ্ন নিদর্শন। ইহার ছাদের গম্বুজভাগ এবং স্তম্ভাদি ভাস্কর শিল্প সমন্বিত। ঐ অট্টালিকার নিম্নভাগে ৩৫ × ৪৭॥০ ফিট্ একটী গুহা আছে। উহা প্রস্তর দ্বারা ছয়টী গৃহে বিভক্ত।

পত্তন ও বেরাবলের মধ্যে সমুদ্রকুলে ভিদিয়া মন্দির। অধিক সম্ভব, ভিড়ঞ্জন মহাদেবের নাম হইতে সংক্ষেপে ভিদিয়া মন্দির বলা হয়। ঐ মন্দিরটী ৪০ ফিট্ উচ্চ এবং ১৩৭ ফিট্ লম্বা ও ২২ ফিট্ চওড়া। ইহা প্রস্তর নির্ম্মিত এবং ইহার গম্বুজ ২০টা স্তম্ভোপরি স্থাপিত।

বেরাবল ও পত্তনের মধ্যে ভাল্কাকুণ্ড। পরিমাণ ২৫ × ৩৭ ফিট্। ভালোদা বা ভুলু (তীরযষ্টি) শব্দ হইতে ইহার নাম হইয়াছে। এখানে বাল নামে এক জন ভীল শ্রীকৃষ্ণকে তীর দ্বারা নিহত করিয়াছিলেন।

পত্তন হইতে ১০ মাইল দূরে দুইটী প্রাচি কুণ্ড। ঐ কুণ্ড হইতে সরস্বতী নদী প্রবাহিত। কুণ্ডতীরে প্রাচি-পিপ্পল নামক একটী প্রাচীন পিপ্পল গাছ। কুণ্ডদ্বয়ের উত্তর সরস্বতীগর্ভে তীরস্থ জম্বু বৃক্ষের ছায়াতলে মাধবরায়জী মূর্ত্তি প্রতিষ্ঠিত।

পত্তনের ৩০০ গজ পূর্ব্বে হিঙ্গলাজ-মাতা নামক গুহা। ঐ গুহা লম্বে ৩৯॥০ ফিট, প্রস্থে ২৮ ফিট এবং গভীরতায় ১০ ফিট উহা অতি প্রাচীন এবং দুইটী প্রকোষ্ঠে বিভক্ত। একটীতে হিঙ্গলাজ দেবীমূর্ত্তি স্থাপিত আছে। বেরাবলের হরসদ্ মন্দিরে শ্রীধবলেশ্বর মূর্ত্তির পূজা ও গৃহাদি নির্ম্মাণের ব্যয়বিষয়ক এবং শ্রীগোবর্দ্ধনমূর্ত্তিতে (৯২৭ বলভী সম্বতে) ও ১৪৪২ সম্বতে সঙ্গমেশ্বর মূর্ত্তি স্থাপনসম্বন্ধীয় শিলাফলক উৎকীর্ণ আছে।

চোরবাড়ের নিকটবর্ত্তী নাগনাথ মন্দিরেও ১৪৪৯ সম্বতে উৎকীর্ণ এক খানি শিলালিপি আছে। উহাতে এতদ্দেশে রাণী বিমলা দেবী কর্ত্তৃক চারি চরণীয় বিপ্র প্রতিষ্ঠার কথা আছে।

বেরাশেরুণ, মান্দ্রাজ-প্রেসিডেন্সীর গোদাবরী জেলার ভীমবরম্ তালুকের অন্তর্গত একটী নগর। প্রকৃত নাম "বীরবাসরম্"। এই নগরটী অতি প্রাচীন, প্রাচীন ঐতিহাসিকগণ এই নগরকে বেরাশেরুণ বলিয়া উল্লেখ করিয়াছেন। ১৬৩৪ খৃষ্টাব্দে এখানে ইংরাজদিগের একটী কুঠী ও উপনিবেশ স্থাপিত হয়। ১৬৬২ খৃষ্টাব্দে ইংরাজগণ তাহা ত্যাগ করিয়া যান বটে, কিন্তু আবার ১৬৭৭ খৃঃ এখানে আসিয়া পুনঃ প্রতিষ্ঠিত হন। ৭০২ খৃষ্টাব্দ হইতে উহা এক বারে ইংরাজগণকর্ত্তৃক পরিত্যক্ত হইয়াছে।

এখানকার বিশ্বেশ্বর স্বামীর মন্দির সন্নিকটে একটী ধ্বজস্তম্ভ আছে, তাহারই পার্শ্বে নন্দীমূর্ত্তি। মন্দির গাত্রস্থ শিলাফলক অস্পষ্ট। এতদ্ভিন্ন এখানে আর একটী অতিপ্রাচীন মন্দির ও স্থানীয় পূর্ব্বতন ভূম্যধিকারিগণের প্রতিষ্ঠিত একটী পুরাতন দুর্গ বিদ্যমান রহিয়াছে।

বেরি, (বেহ্‌রি) মধ্যভারত এজেন্সীর বুন্দেলখণ্ডের অন্তর্গত একটী ক্ষুদ্র সামন্ত রাজ্য। অক্ষা° ২৫° ৫৩´ হইতে ২৫° ৫৭´ ৪৫´´ উঃ দ্রাঘি ৭৯° ৫৪´ ১৫´´ হইতে ৮০° ৪´ পূঃ মধ্য। ভূপরিমাণ ৩০ বর্গ মাইল।

২ উক্ত রাজ্যের প্রধান নগর। বেত্‌বা নদীর বামকূলে কাল্পী হইতে ২০ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এখানকার সরদারগণ পুয়ার বংশীয় রাজপুত। রাজ্যাধিকার ও দত্তক গ্রহণের জন্য ইহাঁরা ইংরাজ গবর্মেণ্টের নিকট হইতে সনদ প্রাপ্ত হইয়াছেন।

বেরি, পঞ্জাবের রোহতক জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৮° ৪২´ উঃ এবং দ্রাঘি° ৭৬° ৩৬´ ১৫´´ পূঃ। ৯৩০ খৃষ্টাব্দে দোগরাবংশীয় বণিক্‌দিগের দ্বারা এই নগর প্রতিষ্ঠিত হয়। এখানে প্রতিবৎসর আশ্বিন ও মাঘ মাসে দেবীর উদ্দেশে দুইটী মেলা বসিয়া থাকে। শেষোক্ত মেলায় গো, অশ্ব ও গর্দ্দভাদি বিক্রীত হয়। জর্জ্জ টমাস নামক জনৈক ইংরাজপুঙ্গব জাট ও রাজপুত সেনাদিগের নিকট হইতে এই স্থান অধিকার করেন। মহারাষ্ট্রগণ উক্ত জর্জ্জ টমাসকে যে জায়গীর প্রদান করেন, ঐ বেরিনগর তাহারই অন্তর্ভুক্ত।

বেরি-বেরি, রোগবিশেষ (Beri-Beri)। এই রোগ দুশ্চিকিৎস্য। কালাজ্বরের ন্যায় সময় সময় দেখা দেয়। মান্দ্রাজ প্রেসিডেন্সীর অনেক অস্বাস্থ্যকর স্থানে এই রোগের প্রাদুর্ভাব। ডেঙ্গুজ্বরের ন্যায় ইহা ১৯০৭-০৮ খৃষ্টাব্দে কলিকাতা ও তন্নিকটবর্ত্তী স্থানবাসীকে আক্রমণ করে। অনেক ভুগিয়া অনেকেই আরোগ্যলাভ করিয়াছে, কিন্তু আর পূর্ব্ববৎ স্বাস্থ্য ও বল পায় নাই। ইহাতে অল্প অল্প জ্বর হয়। সূর্য্যোদয় হইতে পাদাগ্র উত্তরোত্তর ফুলিতে থাকে এবং সেই সঙ্গে জ্বরের মাত্রাও অধিক হয়। সন্ধ্যার সময় ফুলাও কমিতে থাকে এবং জ্বরও হ্রাস হয়।

বেরিদি, মান্দ্রাজ প্রেসিডেন্সীর গঞ্জাম জেলার অন্তর্গত ভূসম্পত্তি ও তদন্তর্গত একটী নগর।

বেরিয়া, মধ্যপ্রদেশের নিমার জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। মালবের ঘোরিবংশীয় রাজগণ দ্বারা প্রতিষ্ঠিত। খৃষ্টীয় চতুর্দ্দশ হইতে ষোড়শ শতাব্দ মধ্যে উক্ত রাজগণ নগরের দক্ষিণাংশে ২ মাইল বিস্তৃত একটী চৌবাচ্চা নির্ম্মাণ করান। ১৮৪৬ খৃষ্টাব্দে তাহার জীর্ণসংস্কার হয়। নগর মধ্যে একটী সুন্দর জৈন-মন্দির ও জৈন ধর্ম্মাবলম্বী বণিক্ সম্প্রদায়ের বাস আছে।

বেরুয়া, পূর্ব্ব বঙ্গবাসী নিম্নশ্রেণীর জাতি বিশেষ। ইহারা কৃষিজীবী, ধীবরের কার্য্যও করে। চণ্ডালদিগের সহিত ইহারা একত্র পান ও ভোজন করে, এজন্য ইহাদিগকে উক্ত জাতিরই একটী শাখা বলিয়া মনে হয়, কিন্তু উহাদের পরস্পরের মধ্যে আদান প্রদান নাই। ইহারা জেলে-কৈবর্ত্তের ন্যায় জাল ফেলিয়া মাছ ধরে না।

বাঁশ বা শর দিয়া "বেরা" (চাঁদ) প্রস্তুত করিয়া তদ্দ্বারা খালের বা স্রোতের জলে বাঁধ দেয়। তাহাতে মৎস্যাদি ঐ বাঁধ ভেদ করিয়া যাইতে পারে না, বরং বেড়ার সেই পার্শ্বে জমা হইয়া থাকে। তখন বেরুয়ারা একটী ভেলা বা মাচা বাঁধিয়া স্রোতের উপর ভাসিয়া সেই বাঁধের দিকে আসে এবং মাছ তাড়া দেয়। মৎস্যগণ তখন ইতস্ততঃ লাফাইতে থাকে, কতক বা তাহাদের সেই ভেলার উপর উঠিয়া পড়ে। তখন তাহারা তাহা ধরিয়া বাজারে বিক্রয় করে।

সমগ্র বেরুয়ারাই কাশ্যপ গোত্র। ইহাদের দলপতি বা মণ্ডল পাত্র বেরুয়া নামে পরিচিত। চণ্ডালদের পুরোহিতেরাই ইহাদের যাজকতা করে। ইহারা মুখে সগোত্রে বিবাহ করে না বলে, কিন্তু কার্য্যতঃ তদ্ভিন্ন আর উপায় নাই।

বেরুর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর মলবার জেলার পোনানি তালুকের অন্তর্গত একটী প্রাচীন নগর। কুট্টিপুরম্ রেল ষ্টেসন হইতে ৩ মাইল দক্ষিণে অবস্থিত। এখানকার একটী প্রাচীন-মন্দির সম্মুখস্থ স্তম্ভে শিলালিপি উৎকীর্ণ আছে।

বেরোন্দা, মধ্যভারত এজেন্সী বুন্দেলখণ্ডের অন্তর্গত একটী সামন্ত রাজ্য। [বরৌণ্ডা দেখ]

বেৰ্ণি, যুক্তপ্রদেশে মুরাদাবাদ জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে একটী বিস্তৃত স্তূপ আছে। স্থানীয় লোকে উহাকে রাজা বেনের প্রাসাদাবশেষ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকে।

২ যুক্তপ্রদেশে ইটা জেলার অন্তর্গত একটী নগর। ইহা স্থানীয় বাণিজ্য-কেন্দ্র বলিয়া পরিগণিত।

বেৰ্দ্দি, মধ্যপ্রদেশে ছিন্দবাড়া জেলার অন্তর্গত একটী নগর।

বেল, ১ চালন। ভ্বাদি০ পরস্মৈ০ সক০ সেট্। লট্ বেলতি। লুট্ অবেলীৎ। বেল—২ কালোপদেশ, কালার্থ। অদন্ত চুরাদি০ পরস্মৈ০ অক০ সেট্। লট্ বেলয়তি। লুঙ্ অবিবেলৎ।

বেল (ক্লী) উপবন।

'অপোপাভ্যাং বনং বেলমারামঃ কৃত্রিমে বনে।' (হেম)

বেল, (ইংরাজী) Bell শব্দজ, ঘণ্টা। বেল্-লণ্ঠন শব্দে ঘণ্টাকার বা বেলফলের ন্যায় গোলাকার লণ্ঠন বুঝায়।

বেল, স্বনাম প্রসিদ্ধ ফল বিশেষ, শ্রীফল। [বিল্ব শব্দ দেখ]

বেলকা, বাঙ্গালার রঙ্গপুর জেলার অন্তর্গত একটী বাণিজ্য প্রধান গ্রাম। এখানে পাট ও সরিষার বিস্তৃত বাণিজ্য আছে।

বেলকুচি, বাঙ্গলার পাবনা জেলার অন্তর্গত একটী নগর, যমুনা নদীর তীরে অবস্থিত। অক্ষা° ২৪° ১৯´ ৩৫´´ উঃ এবং দ্রাঘি ৮৯° ৪৭´ ১০´´ পূঃ। এখানে পাট, কার্পাস বস্ত্র, চাউল এবং অন্যান্য দ্রব্যের বিস্তৃত বাণিজ্য আছে।

বেলখার, যুক্তপ্রদেশে মির্জ্জাপুর জেলার অন্তর্গত একটী গণ্ড-গ্রাম। অহরৌয়া নগরের দক্ষিণ উপকণ্ঠে অবস্থিত। গ্রামের নিকটের একটী ময়দানে ১১ ফিট্ লম্বা ও ১৫ ইঞ্চ ব্যাসযুক্ত একটী প্রস্তরস্তম্ভ আছে। ঐ স্তম্ভের উপরে একটী ক্ষুদ্রাকার গণেশমূর্ত্তি স্থাপিত। স্তম্ভগাত্রে দুইখানি শিপালিপি দৃষ্ট হয়, তন্মধ্যে উপরের খানি ১২৫৩ সম্বতে কনোজরাজ লক্ষ্মণদেবের রাজ্যকালে উৎকীর্ণ; ইহা হইতে জানা যায়, কনোজের রাঠোর-রাজ জয়চন্দ্রের মুসলমান কর্ত্তৃক পরাভব ও মৃত্যুর ৩ বৎসর পরে ঐ স্তম্ভটী স্থাপিত হইয়াছিল। স্তম্ভলিপি মুসলমান অভ্যুদয়ের উল্লেখ না করিয়া হিন্দুরাজত্বের গরিমাই কীর্ত্তন করিতেছে।

বেলখেরা, মধ্যপ্রদেশের জব্বলপুর জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। ইহা একটী স্থানীয় বাণিজ্যকেন্দ্র।

বেলগাঁও, (বেলগাম) বোম্বাই প্রেসিডেন্সীর দক্ষিণবিভাগের একটী জেলা। অক্ষা° ১৫° ২২´ হইতে ১৬° ৫৬ উঃ এবং দ্রাঘি ৭৪° ৪´ হইতে ৭৫° ৩৫´ পূঃ মধ্যে। ভূপরিমাণ ৪৬৫৭ বর্গমাইল। ইহার উত্তর সীমা মিরাজ ও জাট রাজ্য, উত্তরপূর্ব্বে কলাদগি জেলা, পূর্ব্বে জামখণ্ডি ও মুধোল রাজ্য, দক্ষিণ ও দক্ষিণপূর্ব্বে ধারবাড়, উত্তর কণাড়া ও কোল্হাপুর রাজ্য; দক্ষিণ-পশ্চিমে গোয়ারাজ্য এবং পশ্চিমে সাবন্তবাড়ী ও কোল্হাপুর রাজ্য। উত্তরপূর্ব্ব হইতে দক্ষিণ-পশ্চিমকোণে ইহা ১২০ মাইল বিস্তৃত এবং প্রস্থ ৫০ হইতে ৮০ মাইল।

এই জেলা গণ্ডশৈল মালায় বিভূষিত হইয়া স্থানে স্থানে উপত্যকা, অধিত্যকা ও অত্যুচ্চ শৃঙ্গাবলীতে পরিশোভিত রহিয়াছে। একদিকে যেমন শস্যপূর্ণ সমতল প্রান্তরবক্ষে নদীমালার অপূর্ব্ব শান্তিময়ী শোভা, অপরদিকে অত্যুন্নত শৈল শৃঙ্গসমূহে দুর্ভেদ্য গিরিদুর্গ সকলের ধীর গম্ভীর দৃশ্য। এই শৈলশ্রেণী পশ্চিমঘাট বা সহ্যাদ্রিশৈলের অন্যতর শাখা। জেলার পশ্চিম ও দক্ষিণাংশের পার্ব্বত্যপ্রদেশ অপেক্ষাকৃত উন্নত এবং তাহা ক্রম-নিম্নভাবে পূর্ব্বাভিমুখে কলাদগী জেলা পর্য্যন্ত আসিয়াছে। দক্ষিণে সহ্যাদ্রি-শৈলের সশিখর শাখা প্রশাখাগুলি ইতস্ততঃ বিস্তৃত থাকিলেও মধ্যে মধ্যে নিবিড় বনমালা ও জনহীন সমতল ভূমি দৃষ্ট হয়। এই দক্ষিণভাগে বড় বড় নদীর কূলে আম, জাম, কাঁটাল, তিন্তিড়ী প্রভৃতি বৃক্ষসকল ফলভারে অবনত হইয়া সেই জনহীনতার মধ্যেও স্থানীয় সৌন্দর্য্যবৃদ্ধি করিতেছে। জেলার উত্তর ও পূর্ব্ব অংশ শস্যপূর্ণ শ্যামল প্রান্তরময় এবং তাহার মধ্যে মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র কৃষকপল্লী।

এই জেলার উত্তরে কৃষ্ণা, মধ্যভাগে ঘাটপ্রভা এবং দক্ষিণে মানপ্রভা নদী সহ্যাদ্রিপাদ হইতে প্রসৃত হইয়া পূর্ব্বাভিমুখে ধীরমন্থরগতিতে বঙ্গোপসাগরে পতিত হইয়াছে। এই নদী-ত্রয়ের পশ্চিমাংশের জলরাশি সুমিষ্ট, কিন্তু পূর্ব্বাংশের জল সমুদ্র-স্রোতের সহিত মিশ্রিত হওয়ায় কতকপরিমাণে লবণাক্ত হইয়াছে।

এই পার্ব্বতীয় প্রদেশে স্থানে স্থানে লৌহ, অভ্র, বেলেপাথর, দানাদার ও স্ফটিকপ্রস্তর প্রভৃতি পাওয়া যায়। বনভাগে শাল, শ্বেতশাল, হল্দি, হরীতকী ও কাঁটাল প্রভৃতির গাছ এবং জীব জন্তুর মধ্যে নানাজাতীয় হরিণ, বন্যবরাহ, ব্যাঘ্র, হায়না, চিতাবাঘ ও নানা রকম পক্ষী দৃষ্ট হয়।

এখানকার ইতিহাস মহারাষ্ট্র ইতিহাসের সহিত সংশ্লিষ্ট থাকায় স্বতন্ত্রভাবে লিখিত হইল না। ১৮১৮ খৃষ্টাব্দে পুনার সন্ধি অনুসারে পেশোবা ইংরাজকরে ধারবাড় বিভাগের সহিত এই জেলা দান করিয়াছিলেন। তদবধি ইহা ধারবাড় জেলা নামে গণ্য হইয়া ইংরাজের দ্বারা শাসিত হইতেছিল। পরে শাসনকার্য্যের সুবিধার জন্য ১৮৩৬ খৃষ্টাব্দে উক্ত বিভাগের দক্ষিণাংশে ধারবাড় ও উত্তরাংশে বেলগাঁও নামে দুইটী স্বতন্ত্র জেলারূপে বিভক্ত হয়। ১৮৪৮।৪৯ খৃষ্টাব্দে প্রথমে এবং ১৮৮১।৮২ খৃষ্টাব্দে এখানে ২য় বার বন্দোবস্ত হইয়াছিল। এই

জেলার মধ্যে বেলগাঁও ও তৎসংলগ্ন সেনা-নিবাস, গোকক্, আথনি, নিপাণি, সৌন্দত্তি ও যমকণমর্দ্দী প্রধান নগর। এখানকার অধিবাসীরা সাধারণতঃ লিঙ্গায়ত শৈব। এতদ্ভিন্ন অন্যান্য ধর্ম্মাবলম্বীও আছে। কৈকারী নামক দস্যু জাতিই এখানে প্রসিদ্ধ।

এই জেলা আথনি, বেলগাঁও, বিদি, চিকোড়ি, গোকক্ পরেশগড় ও সাম্পগাঁও নামক কয়েকটী উপবিভাগে বিভক্ত। পরেশগড় উপবিভাগের পর্ব্বতপৃষ্ঠে যল্লমা দেবীর প্রসিদ্ধ-তীর্থ। এখানে প্রতিবৎসর কার্ত্তিক ও চৈত্র মাসে দেবীর উদ্দেশে মহাসমারোহে পূজা ও তিন দিন স্থায়ী মেলা বসিয়া থাকে; এই সময়ে এখানে প্রায় ৪০ হাজার তীর্থযাত্রী সমাগত হয়। কার্ত্তিকে যল্লমা দেবীর স্বামীর মৃত্যুপর্ব্ব ও চৈত্রে তাঁহার পুনর্জ্জীবন সমাধান। কার্ত্তিকমাসে মূলমন্দির হইতে কিছু দূরে একটী ক্ষুদ্র পীঠে যাইয়া মারণ-ক্রিয়াবোধক পূজাদি হইয়া থাকে। কিছুকাল অতিবাহিত হইলে সমাগত স্ত্রীলোকেরা যল্লমা দেবীর স্বামিবিয়োগ-জনিত দুঃখে সমবেদনা জানাইবার জন্য ক্রন্দনের স্বরে ভীষণ চিৎকার করিয়া উঠে। বিংশতি বা ত্রিংশৎ সহস্র নারীকণ্ঠে এই শোকজ্ঞাপক চিৎকারধ্বনি যে হৃদয়দ্রবকর তাহা সহজেই অনুমেয়, তৎপরে ঐ রমণীরা দেবীর বৈধব্যের সমবেদনায় আপনাপন হাতের বালা, চূড়ি প্রভৃতি অলঙ্কার খুলিয়া বা ভাঙ্গিয়া ফেলে।

২ বোম্বাইপ্রেসিডেন্সীর বেলগাম্ জেলার একটী উপবিভাগ। ভূপরিমাণ ৬৬২ বর্গমাইল।

এই উপবিভাগের মধ্যে নিম্নোক্ত গিরিদুর্গ বিদ্যমান আছে—

১ বেলগাম্ দুর্গ। ২ মহীপৎগড় গিরিদুর্গ, বেলগাঁও হইতে ৯ মাইল পশ্চিমোত্তরে সুন্দি নামক স্থানে অবস্থিত। ৩ কলানিধি-গড়—বেলগাম হইতে ১৭ মাইল পশ্চিমে কলিবড়ে নামক স্থানে। ৪ গন্ধর্ব্বগড়—বেলগাঁও হইতে ১৯ মাইল পশ্চিমোত্তরে কোরাজ নামক স্থানে। ৫ পারগড়—বেলগাঁও হইতে ৩২ মাইল পশ্চিম-দক্ষিণে পারগড় শৈলশৃঙ্গে। ৬ চাঁদগড়—বেলগাঁও হইতে ২২ মাইল পশ্চিমে। (অক্ষা° ১৫°৫৬´ উঃ এবং দ্রাঘি° ৭৪°১৫´ পূঃ) এখানে রেবলনাথের মন্দির বিদ্যমান।

৩ উক্ত জেলার প্রধান নগর। সমুদ্রপৃষ্ঠ হইতে ২৫০০ ফিট্ উচ্চে বেল্লরীনালা নামক মার্কণ্ডী নদীর একটী শাখাস্রোতের উপর স্থাপিত। মার্কণ্ডী-ঘাট-প্রভায় সম্মিলিত হইয়া কৃষ্ণানদীর কলেবর পুষ্ট করিয়াছে। অক্ষা° ১৫°৫১´৩৭´´ উঃ এবং দ্রাঘি° ৭৪°৩৩´৫৯´´ পূঃ। নগরটীর পূর্ব্বে দুর্গ এবং পশ্চিমাংশে সেনা-নিবাস, আকৃতি অসমবৃত্ত। এখানে প্রচুর বাঁশ জন্মে। এই কারণে কণাড়ী ভাষায় এই নগরের নাম বেল্ল গ্রাম হয় এবং তাহা হইতেই বেণু, বেলু বা বেলগ্রামে রূপান্তরিত হইয়াছে। এখানকার গিরিদুর্গ ক্ষুদ্রাকার হইলেও সুরক্ষিত। আয়তন লম্বে ১০০০ গজ, প্রস্থে ৭০০ গজ। প্রস্তরবক্ষ কাটিয়া এই দুর্গের চারিধারে পরিখা প্রস্তুত হইয়াছে। ১৮১৪ খৃষ্টাব্দে পেশবার পতনে ইংরাজসৈন্য এই দুর্গ অধিকার করে। ২১ দিন অবরোধের পর, দুর্গস্থসৈন্যগণ ইংরাজকরে আত্মসমর্পণ করিয়াছিল।

কিংবদন্তী এই, ১৫১৯ খৃষ্টাব্দে এই দুর্গ নির্ম্মিত হয়। ইহার মধ্যে আসদ্‌খাঁর দরগা বা মস্‌জিদ সফা এবং খৃষ্টীয় ১২শ ও ১৩শ শতাব্দ মধ্যে স্থাপিত দুইটী জৈনমন্দির। মস্‌জিদসফার প্রবেশদ্বারে ১৫৩০ খৃষ্টাব্দের একখানি শিলাফলক আছে।

ইংরাজ অধিকারে আসিবার পর হইতে বেলগাঁও নগরের নানা বিষয়ে শ্রীবৃদ্ধি সাধিত হইয়াছে। বাণিজ্যপ্রভায় নগর ধনে জনে পূর্ণ হইয়াছে। সেনা-নিবাস স্থাপনের সঙ্গে সঙ্গে দেশীয় বালকদিগের শিক্ষার ব্যবস্থা হয়। বিনগুরলা বন্দর এখানকার প্রধান বাণিজ্যকেন্দ্র। ঐ স্থানেই এখানকার আমদানী রপ্তানী। এখানে কার্পাসবস্ত্র বয়নের বিস্তৃত কারবার আছে।

বেলগাবি (বেলগামী), মহিসুর রাজ্যের শিমোগা জেলার অন্তর্গত একটী গ্রাম। অক্ষা° ১৪°২৪´ উঃ এবং দ্রাঘি° ৭৫°১৮´ পূঃ। পূর্ব্বে এই নগর কাদম্ববংশীয় রাজগণের রাজধানী ছিল এবং খৃষ্টীয় দ্বাদশ শতাব্দ পর্য্যন্ত ইহা শ্রীসমৃদ্ধিতে দাক্ষিণাত্যের সমগ্র নগরের শীর্ষস্থানীয় ছিল। দাক্ষিণাত্যবাসীরা ইহাকে "নগরমাতা" বলিত। এখানে অনেক ধ্বস্ত দেবমন্দির ও তৎসংলগ্ন খোদিত স্তম্ভাদি দৃষ্টিগোচর হয়। সমগ্র মহিসুর রাজ্যে এরূপ ভাস্করশিল্পপূর্ণ কীর্ত্তি-নিদর্শন আর নাই। এস্থান হইতে বহু সংখ্যক শিলালিপি পাওয়া গিয়াছে, তাহার কতকাংশের পাঠোদ্ধারও হইয়াছে। ঐ সকল শিলাফলক প্রাচীন রাজবংশের গৌরবব্যঞ্জক। বল্লালবংশীয় রাজগণের অধিকার কালেও এস্থানের সমৃদ্ধি অক্ষুণ্ণ ছিল, পরে ১৩১০ খৃষ্টাব্দে মুসলমান কর্ত্তৃক উক্ত রাজবংশের অধঃপতন সাধিত হইলে হিন্দুকীর্ত্তির বিলোপ ঘটিতে থাকে। বর্ত্তমান সময় ঐ ভগ্নাবশেষের কতকগুলি মহিসুর-যাদুঘরে রক্ষিত হইয়াছে।

বেলগাছ (দেশজ) বিল্ববৃক্ষ। [বিল্ব দেখ।]

বেলঘরিয়া, বাঙ্গালার ২৪ পরগণা জেলার অন্তর্গত একটী গণ্ড-গ্রাম। কলিকাতা হইতে ৭ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। এখানে ইষ্টারণ বেঙ্গল রেলওয়ের একটী ষ্টেসন আছে।

বেলজিয়ম, য়ুরোপের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য, হলণ্ডের দক্ষিণে অবস্থিত। ইহার উত্তরপশ্চিমে উত্তরসাগর, দক্ষিণপশ্চিম ও দক্ষিণে ফ্রান্স, পূর্ব্বে লাক্সেম্বার্গ, লিম্বার্গ ও রেনিস্ প্রুষিয়া। ইহা দৈর্ঘ্যে ১৭৪ মাইল এবং প্রস্থে ১০৬ মাইল।

ব্রুসেলস্ নগরী ইহার রাজধানী। এতদ্ভিন্ন এণ্টোয়ার্স, ঘেণ্ট, লিজ, ব্রুজেস্, ভার্ভিয়ার, টুর্ণে, মালিন্স, লৌভেন, আর্লোন্ ও নামুর নগর বাণিজ্যের জন্য প্রসিদ্ধ। এই ক্ষুদ্র রাজ্য মধ্যে প্রায় ২ হাজার মাইল রেলপথ বিস্তৃত আছে। ঐ রেলপথে এবং স্কেল্ড, মিউজ্, ও য়েজার নদী দিয়া এখানকার বাণিজ্য নির্ব্বাহ হইয়া থাকে। এখানে সূতা, কার্পাসবস্ত্র, কার্পেট, পশমীবস্ত্র, লিনেন, ফিতা, তুলা, লৌহদ্রব্য ছুরিকাঁচি, ঝালর রিবণফিতা, টুপী, মোজা, চামড়া, অয়েলক্লথ, কাগজ, কাচদ্রব্য, পোর্সিলেন দ্রব্য, ব্রোঞ্জপুত্তলী, কাঁটাপেরেক, রাসায়নিক দ্রব্য, বিয়রমদ্য, ভিনিগার, অন্যান্য স্পিরিট, চিনি এবং বৈজ্ঞানিক ও বাদ্যযন্ত্রাদি এখানে প্রস্তুত হইয়া নানা স্থানে বিক্রয়ার্থ প্রেরিত হইয়া থাকে।

এখানকার সাধারণ লোকে বলুন (wallon) বা প্রাচীন ফরাসী, ফ্লেমিশ ও ওলন্দাজ ভাষায় কথা বলে, কিন্তু শিক্ষিত লোকেরা সাধারণতঃ ফরাসী ভাষায় লেখা পড়া করে।

প্রাচীন বেল্জী (Belgæ) জাতির বাসভূমি বলিয়া এই স্থানের বেলজিয়ম নাম হইয়াছে। খৃষ্টীয় ১৫শ শতাব্দ হইতে বিভিন্ন সময়ে বেলজিয়ম রাজ্য অষ্ট্রীয়া ও স্পেন্‌রাজ্যের শাসনাধীন থাকে। ১৭৯৫ খৃষ্টাব্দে ফরাসীরা ইহা অধিকার করে এবং ১৮১৪ খৃষ্টাব্দের সন্ধি অনুসারে ইহা হলণ্ডের সহিত যুক্ত হইয়া নেদারলাণ্ডস্-রাজ্য নামে প্রথিত হয়। বর্ত্তমান বেলজিয়মের অন্তর্গত ফ্লাণ্ডার্স নামক প্রদেশ, যাহা এক সময়ে স্বাধীন ভাবে একটী ক্ষুদ্র রাজ্যরূপে শাসনকার্য্য পরিচালনা করিয়াছিল, তাহা য়ুরোপীয় ইতিহাসে "The Cockpit of Europe" নামে লিখিত আছে। ১৮৩০ খৃষ্টাব্দের ২৫এ আগষ্ট ব্রুসেল্‌স নগরে একটী রাজবিদ্রোহ উপস্থিত হয়, তাহারই ফলে উক্ত বর্ষের ৪ঠা অক্টোবর তারিখে উক্ত প্রদেশের বিচ্যুতি ঘটিয়াছিল। ১৮৩২ খৃষ্টাব্দের ৪ঠা জুন এখানে একটী জাতীয় মহাসমিতির অনুষ্ঠান হয়। তাহাতে সাক্সেকোবর্গের যুবরাজ লিও পোল্ড বেলজিয়ানদিগের রাজা বলিয়া মনোনীত হন। ১২ই জুলাই তিনি রাজপদ স্বীকার করিয়া ২১এ তারিখে সিংহাসনে আরোহণ করেন। ইতিপূর্ব্বে ফরাসীরাজ লুই ফিলিপের দ্বিতীয় পুত্র ডিউক ডি নিমুরকে উক্ত রাজপদ দান করিতে অভিলাষ জ্ঞাপন করা হয়, কিন্তু তিনি উক্ত পদ লইতে স্বীকৃত হন নাই। সে যাহা হউক, ১৮৩৯ খৃষ্টাব্দের ১৯এ এপ্রিলে লণ্ডন নহরের সন্ধি অনুসারে রাজা ১ম লিও-পোল্ড ও লেদারলাণ্ডের রাজার সহিত শান্তি ও সৌহার্দ্দ স্থাপিত হয় এবং য়ুরোপের অপরাপর রাজগণ বেলজিয়মকে একটী স্বতন্ত্র রাজ্য বলিয়া ঘোষণা করেন।

বেলডাঙ্গা, বাঙ্গালার মুর্শিদাবাদ জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৩° ৫৬´ ১৫´´ উঃ এবং দ্রাঘি° ৮৮° ১৮´ পূঃ।

বেলদার (দেশজ) সূচী কর্ম্মদ্বারা উত্তোলিত ফুলাদি যুক্ত বস্ত্র বিশেষ।

বেলদার, হিন্দুরাজাদিগের অধীনে রক্ষিত একশ্রেণীর সেনাবিশেষ। ইহারা কোদাল প্রভৃতি যন্ত্র লইয়া রণক্ষেত্রে গমন করে এবং আবশ্যকমত মৃত্তিকা খনন করিয়া পথ পরিষ্কার দুর্গ প্রাচীরাদি ভগ্ন করিবার জন্য সুড়ঙ্গাদি খনন করে।

বেলদার, বিহার ও পশ্চিম বাঙ্গালাবাসী নিম্নশ্রেণীর জাতিবিশেষ। 'বেল' (কুদালীর ন্যায় অস্ত্র) লইয়া মৃত্তিকা খননাদি করে বলিয়া ইহারা বেলদার নামে পরিচিত। রাণীগঞ্জ ও বরাকরের কয়লার খনিতে ইহারা কার্য্য করে। পশ্চিম বঙ্গে ইহারা বাউরী ও কোড়া জাতির সহিত সমশ্রেণীর বলিয়া গণ্য হয়।

এই জাতির উৎপত্তির কোন ইতিবৃত্ত পাওয়া যায় না। বিন্দ ও বুনিয়াগণের সহিত ইহাদের অনেক বিষয়ে সৌসাদৃশ্য আছে। অঙ্গের গঠন পর্য্যালোচনা করিলে ইহাদিগকে দ্রাবিড়ীয় বংশোদ্ভব এবং আদিম জাতিরই শাখা বলিয়া মনে হয়। কাহার কাহার মতে বনে বনে শীকারকারী বিন্দ্ জাতিই আদি। এই জাতি হইতে উৎপন্ন বেলদার ও নুলিয়ারা স্বতন্ত্র বৃত্তি অবলম্বনপূর্ব্বক কতকাংশে সভ্য জাতিত্বে পরিণত হইয়াছে। [নুলিয়া ও বিন্দ দেখ।]

বিহারবাসী বেলদারদিগের মধ্যে বৌহান এবং কথৌসিয়া বা কথাবা নামে দুইটী বংশ বা থাক এবং কাশ্যপ গোত্র প্রচলিত আছে। ইহাদের মধ্যে বাল্যবিবাহ প্রচলিত, কিন্তু অনেকস্থলে বর্ষীয়সী কন্যারও বিবাহ হইতে দেখা যায়। মামেরা, চাচেরা প্রথামতে ঐ বিবাহ নিষ্পন্ন হইয়া থাকে। বিবাহের নিয়ম নিম্নশ্রেণীর অপর সাধারণের ন্যায়। প্রথমস্ত্রী বন্ধ্যা হইলে দ্বিতীয় দার পরিগ্রহ করিতে পারে। সাগাইমতে বিধবার বিবাহ হয়। পঞ্চায়তের বিচারে বিবাহবন্ধন উচ্ছিন্ন হইবে এবং বন্ধন ছেদনের পর ঐ রমণী পুনরায় বিবাহ করিতে পারে।

মৈথিল ব্রাহ্মণেরা ইহাদের পৌরোহিত্য করে, ধর্ম্ম কর্ম্ম, শ্রাদ্ধ ও অন্ত্যেষ্টিক্রিয়াদি নিম্নশ্রেণীর হিন্দুদের অনুকরণে নির্ব্বাহিত হয়। মাঘ মাসের তিলসংক্রান্তি পর্ব্বে ইহারা লোড়া পূজা করে। ইহাদের মধ্যে অনেকে কৃষিকার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করিয়া থাকে, কেহ বা রোজ লইয়া অপরের কার্য্য করে। হিন্দু ব্যতীত পূর্ব্ববঙ্গে মুসলমান বেলদারও দেখিতে পাওয়া যায়। ইহারা সাধারণতঃ গ্রামের আবর্জ্জনা দূরে লইয়া ফেলে, মৃত জীবদেহাদি ভাগাড়ে লইয়া যায়, বন কাটে এবং হিন্দু বা

মুসলমানের বিবাহে মসালচীর কার্য্য করিয়া যাহা কিছু পায় তদ্দ্বারা জীবিকা অর্জ্জন করে।

উত্তরপশ্চিম ভারতে ও দাক্ষিণাত্যে বেলদার দেখিতে পাওয়া যায়। ইহাদের কোন নির্দ্দিষ্ট বাসস্থান বা গৃহাদি নাই, সাধারণতঃ তাম্বুতেই বাস করে। যখন যেখানে ইহারা কাজের সংবাদ পায়, তখন সেই দেশে চলিয়া যায়। কোথাও কোথাও মৃত্তিকার পরিবর্ত্তে ইহারা পাথর কাটে, পাতকুয়া বা পুষ্করিণী খনন করে এবং পাকা প্রাচীর গাথে। পুণাবাসী বেলদারেরা হিন্দু ও মরাঠী ভাষায় কথা কয়। ইহারা মাথায় প্রায় ১৬০ হাত বস্ত্র খণ্ড দিয়া টুপী বাঁধে। ইহারা মড়ী আই বা শীতলা মাতার পূজা করে এবং ইহাকে মৃত্যুর অধিষ্ঠাত্রী জানিয়া মড়ী-আই বলে। এতদ্ভিন্ন মাতা, আই, দেবী, ভবানী প্রভৃতি বিভিন্ন শক্তি মূর্ত্তিরও উপাসনা করে। দেবী পূজায় ইহারা ছাগ বলি দেয়।

অর্থসংগ্রহ হইলে ইহারা বিবাহ করে। মৃত শিশুকে মাটীতে পুতিয়া ফেলে এবং তৃতীয় দিবসে সেই কবরের উপর জল ও চাল দিয়া পিণ্ড দেয়।

হিন্দুরাজগণেরও বেলদার সৈন্য থাকিত। রাজা সীতারামের বেলদার সৈন্যেরা মাটী কাটিত এবং আবশ্যক হইলে যুদ্ধ করিত। তৎকালে ইহারা নিম্নশ্রেণীর হিন্দু ও বুনোদিগের মধ্য হইতে সংগৃহীত হইত।

উত্তরপশ্চিমের বেলদারদিগের মধ্যে বাছল, চৌহান ও খরোৎ বংশ বিদ্যমান। প্রথম দুইটী রাজপুত জাতির অনুকরণে গৃহীত। খর বা খড় নামক তৃণ বিশেষ লইয়া মাদুর প্রস্তুত করায় শেষোক্ত শাখা খরোৎ নামে বিদিত হইয়াছে। এতদ্ভিন্ন বেরেলীতে মাহুল এবং ওরা; গোরখপুরে দেশী, খারেবিন্দ ও সর্ব্বরিয়া, বস্তি জেলায় খারেবিন্দ ও মাসখাউয়া প্রভৃতি থাক দৃষ্ট হয়। বর্ত্তমান সময়ে সুসভ্য হিন্দুর সহবাসে থাকিয়া তাহারা বছগোতি, বাছল, বাহেলিয়া, বিন্দবার, চৌহান, দীক্ষিত, গহরবাড়, গৌড়, গৌতম, ঘোষী, কুর্ম্মী, লুনিয়া, ওরা, রাজপুত, ঠাকুর প্রভৃতি বংশগত নাম এবং আগরবালা, অগ্রবংশী, অযোধ্যাবাসী, ভদৌরিয়া, দিল্লীবালা, গঙ্গাপারী, গোরখপুরী, কনৌজিয়া, কাশীবালা, সর্ব্বরিয়া (সরযূতীরবাসী) ও উত্তরাহ প্রভৃতি স্থানীয় নামের অনুকরণে বিভক্ত হইবার চেষ্টা পাইতেছে।

ইহাদের বংশ আখ্যান কিছু নাই। তবে সাধারণে পরিচয় দিবার সময় বলে যে, তাহারা পূর্ব্বে রাজপুত ছিল, কোন রাজা কর্ত্তৃক বলপূর্ব্বক নাবিকের কার্য্যে নিযুক্ত হওয়ায় সমাজে এইরূপ নিগৃহীত হইয়াছে। ইহাদের মধ্যে সাগাই প্রথায় বিধবার বিবাহ হয়। স্বামিপরিত্যক্তা স্ত্রী উপপতিকে বিবাহ করিতে পারে। ইহারা পাঁচপীরকে পূজা দেয়। শিবরাত্রিপর্ব্বে মহাদেবের পূজা ও উপবাস করে।

উড়িয়া বেলদারেরা কেবল পুষ্করিণী খনন করে। ইহাদের মধ্যে একজন জমাদার থাকে, তাহারই অধীনে কএকজন নাএক ও ঐ নাএকদিগের অধীনে দলে দলে বিভক্ত হইয়া ইহারা কার্য্য করে। ইহাদেরও কোন নির্দ্দিষ্ট বাস নাই। যখন যেখানে কার্য্য পায়, সেই জেলায় চলিয়া যায়।

বেলন (ক্লী) হিঙ্গু। (জয়দত্ত)

বেলন (দেশজ) উলন। লুচি বা রুটী বেলিয়া পাতলা গোলাকার করিবার গোলকাষ্ঠদণ্ডবিশেষ।

বেলনাড়, দাক্ষিণাত্যবাসী তৈলঙ্গী ব্রাহ্মণের একটী শাখা। ইহাদের সংখ্যা অন্যান্য সম্প্রদায়ের অপেক্ষা অনেক অধিক। খৃষ্টীয় ১৫শ শতাব্দে যে বল্লভাচার্য্যের প্রতিভা সমগ্র ভারতকে উজ্জ্বলীকৃত করিয়াছিল, যিনি একদিন বৈষ্ণবসমাজে ভগবদবতার বলিয়া পূজিত হইয়াছিলেন, যাহার বংশধরগণ আজিও রাজপুতনা, গুজরাত ও বোম্বাই প্রদেশে বিশেষ সম্মানে আদৃত হইয়া থাকেন, তাঁহারাই এই ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়াছেন, মহিসুরের প্রায় সর্ব্বত্র এবং গোদাবরী ও কৃষ্ণা জেলায় বহুসংখ্যক বেলনাড় ব্রাহ্মণের বাস দেখা যায়।

বেলপুর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর গোদাবরী জেলার তনুকু তালুকের অন্তর্গত একটী নগর। অক্ষা° ১৬°৪১´ উঃ এবং দ্রাঘি° ৮১°৪৫´ পূঃ।

শিলালিপিতে হোয়শাল রাজধানী বেলপুরের উল্লেখ আছে। পরমর্দ্দিদেব ১ম দ্বারসমুদ্র ও বেলপুর রাজধানী অধিকার করিয়াছিলেন।

বেলফুল, স্বনামপ্রসিদ্ধ গন্ধপুষ্প ও বৃক্ষভেদ। এই পুষ্পসার হইতে সুপ্রসিদ্ধ "বেলা" নামক আতর ও গন্ধতৈল প্রস্তুত হইয়া থাকে। সুগন্ধ থাকায় লোকে ইহার মালা গাঁথিয়া গলায় পরিয়া থাকে। যুঁই বা বেলফুলের গোড়ে সৌখিনদিগের আদরের জিনিষ।

বেলবতী, বোম্বাই প্রেসিডেন্সীর ধারবাড় জেলার হাঙ্গল তালুকের অন্তর্গত একটী নগর, হাঙ্গল হইতে ৮ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। অক্ষা° ১৪°৫১´ উঃ এবং দ্রাঘি° ৭৫°১৫´ পূঃ। ইহা প্রাচীন লীলাবতী নাম্নী নগরের একাংশ বলিয়া সাধারণে বিদিত। এখানে গোলকেশ্বর শিবমূর্ত্তি বিদ্যমান। মন্দিরটী কৃষ্ণবর্ণ প্রস্তরে নির্ম্মিত, ইহা বৃহদাকার ও নানা শিল্পযুক্ত। মন্দির গাত্রে ৫ খানি শিলালিপি আছে।

বেলবা, মহিসুরবাসী জাতিবিশেষ। তাল ও খেজুরের রস

সংগ্রহ করিয়া বিক্রয় করা ইহাদের ব্যবসা। ইহারা মলয়ালম্-ভাষায় কথা কয়।

বেলবাটগী, বোম্বাই প্রেসিডেন্সীর ধারবাড় জেলার নবলগুণ্ড তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। নবলগুণ্ড হইতে ৩ মাইল উত্তর-পূর্ব্বে অবস্থিত। এখানে রামলিঙ্গদেবের ভগ্ন মন্দির বিদ্যমান। মন্দির-গাত্রে শিলালিপি দৃষ্ট হয়।

বেলবাড়ী, বোম্বাই প্রেসিডেন্সীর বেলগাম্ জেলার সাঁপ্‌গাঁও তালুকের অন্তর্গত একটী নগর। সাঁপগাঁও হইতে ১২ মাইল দক্ষিণ-পূর্ব্বে অবস্থিত। অক্ষা° ১৫°৪২´ উঃ এবং দ্রাঘি° ৭৪°-৫৯´ পূঃ। এখানে বীরভদ্রদেবের একটী অতি প্রাচীন মন্দির বিদ্যমান। স্থানীয় লোকে উহার গঠনপ্রণালীকে "জখনাচার্য্য-প্রথা" বলিয়া থাকে। কিত্তুর দেশাই'র সময়ে উহা সংস্কৃত হয়। এখানে ৯৯২ শকে উৎকীর্ণ পশ্চিমচালুক্য রাজবংশের একখানি শিলাফলকাংশ দৃষ্ট হয়।

বেলবার, অযোধ্যাবাসী কৃষিজীবী জাতিবিশেষ, ইহাদের মধ্যে সনাঢ, বাঘেল, ভোণ্ডা ও গৌড় নামে কয়টী শ্রেণীবিভাগ দৃষ্ট হয়।

বেলা (স্ত্রী) বেল্যতেঽনয়েতি বেল 'গুরোশ্চ হলঃ' ইতি অ, তত টাপ্। কাল। পর্য্যায় সময়, ক্ষণ, বার, অবসর, প্রস্তাব, প্রক্রম। ২ মর্য্যাদা। ৩ সমুদ্রকূল। ৪ সমুদ্রজল বিকার। ৫ অক্লিষ্টমরণ। ৬ রাগ। ৭ ঈশ্বরের ভোজন। (মেদিনী) ৮ হোরাত্মক কালভেদ।

"চতুর্বিংশতিবেলাভিরহোরাত্রং প্রচক্ষতে।" (অগ্নিপু°) ২৪ বেলায় এক অহোরাত্র হয়। ৯ বাক্। ১০ বুধস্ত্রী। (বিশ্ব) ১১ দন্তমাংস। (হারাবলী) ১১ সময়ভোজন। ১৩ সময়। ১৪ ভোজন। (ত্রিকা)

বেলা, অযোধ্যাপ্রদেশের প্রতাপগড় জেলার অন্তর্গত একটী নগর। আলাহাবাদ হইতে (ফৈজাবাদ যাইবার পথে) ৩৬ মাইল এবং প্রতাপগড় হইতে ৪ মাইল দূরে অবস্থিত। অক্ষা° ২২°৫৫´৩০´´ উঃ এবং দ্রাঘি° ৮২°২´৩০´´ পূঃ। এই নগরসংলগ্ন ম্যাক্‌এণ্ড্রুগঞ্জনামক সহরভাগে জেলার বিচার সদর প্রতিষ্ঠিত। এখানে দুইটী দেবমন্দির ও একটী মস্‌জিদ্ আছে।

বেলা, মধ্যপ্রদেশের নাগপুর জেলার অন্তর্গত একটী নগর। বোরি হইতে ১০ মাইল দক্ষিণে অবস্থিত। অক্ষা° ২০°৪৬´৩৫´´ উঃ এবং দ্রাঘি° ৭৯°৩´৫৪´´ পূঃ। গৌলী ভূম্যধিকারীদিগের আধিপত্যকালে এই নগর স্থাপিত হয়। রায়সিংহচৌধুরী নামক জনৈক ভূম্যধিকারী এখানে একটী দুর্গ নির্ম্মাণ করিয়াছিলেন। এক্ষণে উহা ভগ্নাবস্থায় নিপতিত। উক্ত রায়সিংহের বংশধরেরা এখনও বেলার মালগুজারী করিয়া থাকেন। পেণ্ডারী-বিপ্লবের সময় এই নগর উক্ত দস্যুদলের উপদ্রবে দুইবার নষ্টপ্রায় হইয়াছিল। এখনও এখানে মোটা কার্পাসবস্ত্র ও চট বয়নের কারবার আছে। ঐ দেশী চট হইতে থলে প্রস্তুত হয় এবং বঞ্জারা বণিক্‌গণ ঐ থলিতে মাল বোঝাই করিয়া এখান হইতে স্থানান্তরে লইয়া যায়। এখানে স্থানীয় উৎপন্ন দ্রব্যবিক্রয়ের একটী বিস্তৃত হাট আছে।

বেলা, বেলুচিস্থানের লাস-বিভাগের প্রধান নগর। পুরলী নদী-তীরবর্ত্তী পার্ব্বত্য অধিত্যকাভূমিতে এই নগর স্থাপিত। প্রাচীন আরবী কবিগণ এই স্থানকে আর্মা-বেল বা কাড়া-বেল নামে উল্লেখ করিয়াছেন। এই নগর ধ্বস্ত ও জনশূন্য অবস্থায় নিপতিত থাকিলেও এখনও ইহার অতীত স্মৃতি বিলুপ্ত হয় নাই। প্রাচীন মুদ্রা, নানা অলঙ্কার, খেলনা ও নানা পাত্রাদি এই জনপদের অতীত সমৃদ্ধি জ্ঞাপন করিতেছে। ইহার পার্শ্ববর্ত্তী শৈলশ্রেণীতে এখনও অসংখ্য গুহা এবং পর্ব্বতগাত্রখোদিত দেবমন্দিরসমূহ দেখা যায়। ঐ সকল কীর্ত্তি এখানকার হিন্দুপ্রাধান্যের পরিচায়ক; কিন্তু মুসলমানগণ বলেন যে, উহা ফরহাদ্ ও পরীদিগের কীর্ত্তি ও বাসভূমি। বাস্তবিক উহা যে এক সময়ে স্থানীয় প্রাচীনতন শাসনকর্ত্তাদের বা বিভিন্ন সর্দ্দারগণের বিশ্রামভূমি ছিল, তাহাতে কোন সন্দেহ নাই। মুসলমান প্রভাবে এই স্থান মুসলমানদিগের করায়ত্ত হয়, তৎকালে এখানে অনেক মুসলমান-সমাধিমন্দিরও নির্ম্মিত হইয়াছিল। এখনও এখানকার অধিবাসীদিগের একতৃতীয়াংশ হিন্দু।

বেলা, (হিন্দী) স্বনাম প্রসিদ্ধ শ্বেতবর্ণ পুষ্পবৃক্ষ। বাঙ্গালায় বেলফুল (Jasminum Zambac) নামে খ্যাত।

[বেলফুল দেখ।]

বেলা, যুক্তপ্রদেশের আগ্রাবিভাগের এতাবা জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। বর্ত্তমান সামান্য গণ্ডগ্রামে পরিণত হইয়াছে। এখনও নানাস্থানে ধ্বস্তকীর্ত্তি ও নগরের তোরণাদি ভগ্নাবস্থায় নিপতিত দেখা যায়।

বেলাউর, ভোজ প্রদেশের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে দর্ভমূল হইতে এক মুনির জন্ম হয়। (ভবিষ্য ব্রহ্মখ° ৩০।২১)

বেলাকূল (ক্লী) বেলা এব কূলং যস্য। ১ তাম্রলিপ্তদেশ।

"বেলাকূলং তাম্রলিপ্তং তামলিপ্তী তমালিকা।" (ত্রিকা°)

২ সমুদ্রকূল।

বেলাজ্বর (পুং) জ্বরবিশেষ। লক্ষণ—শোক, ক্রোধ, অজীর্ণ সন্তাপ বা বলহানি হেতু অন্তকালে মানবদিগের যে দারুণ জ্বর হয়, তাহাকে বেলাজ্বর কহে।

"শোকাৎ ক্রোধাত্তথাজীর্ণাৎ সন্তাপাদ্বলহানিতঃ।
অন্তকালে চ মর্ত্ত্যানাং জায়তে দারুণাঃ জ্বরাঃ॥" (জ্বরনি°)

বেলাজলপান (ক্লী) বেলায়াং জলপানং। বেলাতে বারিপান। রাজনিঘণ্টুমতে ইহা অতি স্বাস্থ্যকর, এই জলপানে পানদোষ, কফ ও অরুচি বিনষ্ট ও ভুক্ত অন্নের পরিপাক হয়। (রাজনি॰)

বেলাধিপ (পুং) বেলায়াঃ অধিপঃ। বেলার অধিপতি। জ্যোতিষমতে দিনমানের আট ভাগের এক ভাগের নাম বেলা। রবিবারে প্রথমাদিক্রমে রবি, শুক্র, বুধ, চন্দ্র, শনি, বৃহস্পতি, মঙ্গল ও রবি বেলাধিপতি হইয়া থাকেন। অন্যান্য বারেও তন্নামক গ্রহই ১ম বেলার এবং ঐ গ্রহ হইতে গণনায় ষষ্ঠগ্রহ ২য় বেলার, তদীয় ৬ষ্ঠ গ্রহ ৩য় বেলার, ইত্যাদিরূপে অধিপতি হইবেন।

বেলাপুর, বোম্বাই প্রেসিডেন্সীর ঠানা জেলার একটী বন্দর।

বেলামারপলবলাস, মান্দ্রাজ প্রেসিডেন্সীর গঞ্জাম জেলার অন্তর্গত একটী ভূ-সম্পত্তি। গ্রামের ভূপরিমাণ ৩ বর্গমাইল।

বেলায়নি (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ।

বেলাবলি (পুং) রাগিণীভেদ।

বেলাবিত্ত (পুং) রাজকর্ম্মচারিভেদ। (রাজতরঙ্গিণী ৬।৭৩)

বেলি (দেশজ) ১ থালা। ২ বর্গমাইল।

বেলি (Sir Stuart Colvin Bayley), বাঙ্গালার ইংরাজ শাসনকর্ত্তা। সাধারণতঃ ছোটলাট বা লেপ্টেনাণ্ট গবর্ণর নামে খ্যাত। ইনি মাননীয় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্ম্মচারী ও ভারতের অস্থায়ী গবর্ণর জেনারল উইলিয়ম বাটারওয়ার্থ বেলীর পুত্র। ইটন ও হেলিবারি কলেজে শিক্ষালাভ করিয়া ইনি ১৮৫৬ খৃষ্টাব্দে ৪ঠা মার্চ্চ ভারতে আসিয়া ২৪ পরগণার এসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট্ কলেক্টার হন। তৎপরে তিনি যথাক্রমে নিম্নলিখিত পদে বিশেষ দক্ষতার সহিত কার্য্য করিয়া বাঙ্গালার ছোটলাট পদে উন্নীত হইয়াছিলেন। ১৮৫৮-৫৯ কলরোয়া বারুই উপবিভাগের কলেক্টর; ১৮৬২-৬৩ জুনিয়র সেক্রেটারী বেঙ্গল গবর্ণমেণ্ট; ১৮৬৫ ও ১৮৬৭ গবর্মেণ্টের অস্থায়ী সেক্রেটারী; ১৮৬৭ খৃঃ শাহাবাদের দেওয়ানী ও সেসন জজ ও মুঙ্গেরের মাজিষ্ট্রেট্ কালেক্টর; ১৮৬৮ খৃঃ বেঙ্গলগবর্মেণ্টের অতিরিক্ত সেক্রেটারী, পাটনার কলেক্টার, ১৮৭০ খৃঃ সিভিল সেসন জজ ত্রিহুত; ১৮৭১ খৃঃ চট্টগ্রামের কমিসনর ও বেঙ্গলগবর্মেণ্টের অস্থায়ী সেক্রেটারী, উক্ত বর্ষের নবেম্বরে স্পেসিয়াল ডিউটীতে; ১৮৭২ খৃঃ প্রেসিডেন্সী কমিসনর, চট্টগ্রামের কমিসনর ও পাটনা বিভাগের কমিসনর; C. S. I. উপাধি প্রাপ্তি (১৮৭৫ সেপ্টেম্বর হইতে ১৮৭৬ খৃঃ অক্টোবর ছুটী), পুনরায় পাটনায় কর্ম্মে নিয়োগ; ১৮৭৭ খৃঃ বেঙ্গল গবর্মেণ্টের সেক্রেটারী পদ, ভারতগবর্মেণ্টের আয়ব্যয় বিভাগের অতিরিক্ত সেক্রেটারী, দুর্ভিক্ষ জন্য ভারত প্রতিনিধি লর্ড লিটনের পার্সনেল এসিষ্টাণ্ট এবং ঐ কার্য্যের উপরে ভারতগবর্মেণ্টের পূর্ত্তবিভাগের দুর্ভিক্ষ শাখার অতিরিক্ত সেক্রেটারী; ১৮৭৮ খৃঃ ভারতগবর্মেণ্টের হোম ডিপার্টমেণ্টের সেক্রেটারী, K.C.S.I. উপাধি, আসামের অস্থায়ী চীফ্ কমিসনর ও বাঙ্গালার অস্থায়ী ছোটলাট (১৫ই জুলাই—১লা ডিসেম্বর ১৮৭৯), পুনরায় আশামের চীফ্ কমিসনর; ১৮৮১ খৃঃ হায়দরাবাদের রেসিডাণ্ট E. C. I. উপাধি; ১৮৮২ খৃঃ মে বড়লাটের সভার মেম্বর এবং ১৮৮৭ খৃষ্টাব্দে ২রা এপ্রিল বাঙ্গালার ছোটলাট পদপ্রাপ্ত হন।

ইঁহার শাসনকালে চট্টগ্রামের পার্ব্বতীয় সীমান্তের উপদ্রব নিবারণের জন্য সীমান্তদেশে সিপাহীরক্ষার ব্যবস্থা হয়। এতদ্ভিন্ন লুসাই ও সিকিম-বিজয়াভিলাষে তদ্দেশে সেনাভিযান প্রেরণ করা হয়। ১৮৮৮ খৃষ্টাব্দে ৭ই এপ্রিল ঢাকার সুপ্রসিদ্ধ টর্নাডো ও হুগলীতীরবর্ত্তী টর্নাডো নামক ঝড় উঠিয়া উভয় স্থানবাসীর বিস্তর ক্ষতি করে ইহারই শাসনকালে ৩রা জানুয়ারী ১৮৯০ খৃঃ হিজ্ রয়েল হাইনেশ প্রিন্স আলবার্ট ভিক্টর কলিকাতায় পদার্পণ করেন।

আবকারী ও পুলিশ বিভাগের সংস্কার, লোকাল ট্রাঙ্ক, কলিকাতা পোর্ট ও অন্যান্য বিষয়ের রাজনৈতিক অনেক পরিবর্ত্তন সাধন করিয়া বেলি ১৮৯০ খৃষ্টাব্দে কার্য্য হইতে অবসর গ্রহণ করেন। তাঁহার প্রতি কৃতজ্ঞতা দেখাইবার জন্য কলিকাতার বৃটিশ ইণ্ডিয়ান সভা তাঁহার এক মূর্ত্তি স্থাপন করিয়াছে।

অতঃপর তিনি Secretary in the Political and secret department of the India Office পদে কর্ম্ম করেন। ১৮৯৫ খৃষ্টাব্দে তিনি ইণ্ডিয়া কৌন্সিলের (Council of India) মেম্বর হন।

বেলিকা (স্ত্রী) ১ বেলাভূমি। ২ উপকূলদেশ। ৩ তাম্রলিপ্তি।

বেলিকেরি, বোম্বাই প্রেসিডেন্সীর উত্তর কণাড়া জেলার অন্তর্গত একটী বন্দর ও গণ্ডগ্রাম। কাড়বাড় নগর হইতে ১৩ মাইল দক্ষিণে অবস্থিত। অক্ষা॰ ১৪° ৪২´ ৪৫´´ উঃ এবং দ্রাঘি॰ ৭৪° ১৯´ পূঃ। গ্রামটী স্থানীয় স্বাস্থ্যনিবাস মধ্যে পরিগণিত। এখানে ঐ কারণে সমুদ্রতীরে অনেকগুলি বাঙ্গালা গৃহ আছে।

বেলিভুকৃপ্রিয় (পুং) সৌরভযুক্ত আম্র, সুগন্ধ বিশিষ্ট আম্র।

"মহাকালশ্চ কিম্পাক উর্ব্বটো বেলিভুকৃপ্রিয়" স্থলে 'বলিভুকৃপ্রিয়' পাঠই সাধু।

বেলিয়ানারায়ণপুর, বাঙ্গালার মুর্শিদাবাদ জেলার অন্তর্গত একটী প্রসিদ্ধ গ্রাম। পাগ্‌লা নদীর দক্ষিণকূলে অবস্থিত। পূর্ব্বে ইহা বীরভূম জেলার অন্তর্ভুক্ত ছিল। ১৮৫৭ খৃষ্টাব্দে এখানে খনিজ লৌহ গালাই জন্য ৬২টী হাপড় স্থাপিত হইয়াছিল।

বেলিয়াপাটম্ (বলারপত্তনম্) মান্দ্রাজ প্রেসিডেন্সীর মলবার জেলায় প্রবাহিত একটী নদী। ভারতীয় মানচিত্রে বিল্লিপটম্ নামে লিখিত। কুর্গ সীমান্তে ঘাটপর্ব্বতমালার কতকগুলি স্রোতঃ এবং উত্তরপূর্ব্বে মনন্তান হইতে একটী সুবৃহৎ শাখা একত্র মিলিত হইয়া পুষ্টকলেবর ধারণ পূর্ব্বক ইরিকুড় হইতে পশ্চিমাভিমুখে ইরবপুরে পৌঁছিয়াছে। এখানে আর একটী শাখা মিলিত হওয়ায় এই সঙ্গমস্থল হইতে বিস্তৃতায়তন হইয়া বেলিয়াপাটম্ নগর অতিক্রমপূর্ব্বক উক্ত নগরের ৪ মাইল দক্ষিণপশ্চিমে সমুদ্রে মিশিয়াছে। অক্ষা° ১১°৫৬´ উঃ এবং দ্রাঘি° ৭৫° ২১´ পূঃ। সমুদ্রসন্নিহিত নদীকূলে প্রচুর নারিকেল ও সুপারিবৃক্ষ উৎপন্ন হইয়া থাকে।

বেলিয়াপাটম্, মান্দ্রাজপ্রেসিডেন্সীর মলবার জেলার একটী নগর। মোহানা হইতে ৪ মাইল দূরে বেলিয়াপাটম্ নামক নদীর বামকূলে অবস্থিত। অক্ষা° ১১°৫৫´ উঃ এবং দ্রাঘি° ৭৫°২৫´ পূঃ। মলয়ালম্ ভাষায় ইহা বলারপত্তনম্ নামে খ্যাত। ভৌগোলিক ইবন্‌বতুতা এই নগরকে "জরফত্তন" নামে উল্লেখ করিয়াছেন।

১৭৩৫ খৃষ্টাব্দে কোলগিরি (চিরক্কল) রাজ ইংরাজ-কোম্পানীকে এই নগর সন্নিধানে মাদক্কর দুর্গ স্থাপনের অনুমতি দেন। রাজার ছাড়পত্রে লিখিত আছে, "বিশেষ সাবধানে দেখিবে যেন আমাদের শত্রু কণাড়ারাজের কোন লোক এই নদী প্রবেশ করিতে না পারে।" সুপ্রসিদ্ধ মুসলমান-সৈনিক হায়দারআলী মলবার-বিজয়ে আসিয়া এই স্থানে প্রথম জয়লাভ করিয়াছিলেন। নগরের দক্ষিণাংশে একটী দেবমন্দির আছে।

[শ্রীকুণ্ডপুরম্ দেখ।]

বহু প্রাচীনকাল হইতে এই নগর বাণিজ্যসমৃদ্ধির জন্য প্রসিদ্ধ। এখন সে বাণিজ্য-প্রভাবের স্মৃতিমাত্র নদীমুখে চালিত হইতেছে। কোন্নুর সেনা-নিবাস হইতে এই স্থান ৪ মাইল দূরবর্ত্তী।

বেলুড়, কলিকাতার উত্তর উপকণ্ঠে গঙ্গার পশ্চিমকূলে অবস্থিত একটী গণ্ডগ্রাম। এখানে পরমহংস শ্রীশ্রীরামকৃষ্ণ দেবের একটী মঠ বিদ্যমান আছে। [রামকৃষ্ণ দেব দেখ।]

বেলুন, (ইংরাজী Baloon শব্দার্থ)। ব্যোমযান। এই যান দ্বারা আকাশমার্গে উড্ডীয়মান হইয়া অনায়াসে তথাকার বিভিন্ন বায়ুস্তর, খগোলস্থ নক্ষত্রনিচয়পরিদর্শন এবং ভূমণ্ডলস্থ বহুদূর-দেশ পর্য্যন্ত দৃষ্টিগোচর করা যায়।

ইহা সাধারণতঃ কাগজ, রেশমী মোটাবস্ত্র বা গটাপার্চ্চা নামক রবারসংযুক্ত বস্ত্র দ্বারা প্রস্তুত হয়। ইহার আকৃতি পলাণ্ডু থলি দড়িরজাল মধ্যে সন্নিবেশিত করিয়া তাহার মধ্যে বাষ্প পূরিতে হয়, বাষ্পদ্বারা পূর্ণ হইয়া ঐ থলি ক্রমশঃ স্ফীত এবং বাষ্পের স্বাভাবিক ধর্ম্মানুসারে ঊর্দ্ধে উঠিয়া থাকে। ঐ থলির বন্ধনী দড়িগুলি একত্র করিয়া তন্নিম্নে নৌকা বাঁধা হয় এবং সেই নৌকায় আরোহী কখন একক, কখন বহু বন্ধুবান্ধব লইয়া বায়ু-মণ্ডলে আরোহণ করিয়া থাকেন।

কি বৈজ্ঞানিক কারণে বেলুন বায়ুমার্গে উঠে, তাহার বিবরণ নিম্নে প্রদত্ত হইল :—

উষ্ণ বায়ু সামান্য বায়ু অপেক্ষা লঘু, এ কারণে বেলুন উষ্ণ বায়ুপূর্ণ হইলে ঊর্দ্ধে উঠিতে থাকে। বালকেরা দীপালী পর্ব্বে বা অন্যান্য সময়ে কাগজের ফানুস বা বেলুন উড়াইয়া থাকে, তাহার মধ্যে দীপাদি প্রজ্বলিত থাকায় তন্মধ্যস্থিত বায়ু উষ্ণ হইয়া চতুঃপার্শ্বস্থ বায়ু অপেক্ষা লঘু হয় এবং তাহা স্বতঃই উপরে উঠিতে থাকে। বৃহৎ বৃহৎ ব্যোমযানও এইরূপ প্রণালীতে উষ্ণ বায়ু দ্বারা ঊর্দ্ধে নীত হয়। অঙ্গনক বাষ্প ও আর্দ্রভৌমিক প্রভৃতি যে সকল বায়বীয় পদার্থ বায়ুরাশি অপেক্ষা লঘু, তদ্দ্বারাও বেলুনযন্ত্র উড়াইতে পারা যায়। উদজন বাষ্প দ্বারা ছোট ছোট রবরের বেলুন ও বড় বড় বেলুনও উড়ান যায়, কিন্তু তাহা বিশেষ ব্যয়-সাধ্য। এক্ষণে ব্যয়ের সুবিধার জন্য বৃহৎ বৃহৎ বেলুন উড়াইতে হইলে পাথুরিয়া কয়লা-বিনিঃসৃত কোলগ্যাস নামক যে বায়বীয় পদার্থ দ্বারা রাত্রিকালে মহানগরাদিকে আলোকিত করা হইয়া থাকে, তাহাই ব্যবহৃত হইয়া থাকে। কয়লার বাষ্প বায়ুরাশি অপেক্ষা লঘু; সুতরাং কোন বেলুনের মধ্যে কোলগ্যাস পূর্ণ থাকিলে উহা বায়ুরাশির ভিতর দিয়া ঊর্দ্ধদেশে উত্থিত হয়। যদি উহাতে একখানি বেত্রাদি নল নির্ম্মিত ক্ষুদ্র নৌকা সংযুক্ত করিয়া দেওয়া যায়, তাহা হইলে নৌকা ও নৌকাস্থ লোকজন সহজেই দ্রব্যাদি লইয়া ঊর্দ্ধদেশে গমন করিতে পারে। নিম্নস্থ বায়ু অপেক্ষা উপরিস্থ বায়ু ক্রমশঃ লঘু, এই নিমিত্ত যতদূর উঠিলে বেলুনের ভার ঊর্দ্ধদেশস্থিত লঘু বায়ুর সমান হয়, সেই পর্য্যন্ত উঠিয়া আর ঊর্দ্ধে উত্থিত হয় না। উপরে যে দিকে বাতাস বহিতে থাকে বেলুনও সেই দিকে চলিয়া যায়। বেলুনের অন্তর্গত লঘু বায়ু কিয়ৎ-পরিমাণে বাহির করিয়া দিলে বেলুন নিম্নগামী হয়, আর বেলুন সংযুক্ত নৌকাস্থিত ভারী দ্রব্য ফেলিয়া দিলে বেলুন ঊর্দ্ধগামী হয়। ফলতঃ ব্যোমযানারোহীরা ইচ্ছামত ঊর্দ্ধে উঠিতে ও নিম্নে অবতরণ করিতে কিয়ৎ পরিমাণে সমর্থ হন বটে, কিন্তু ইচ্ছামত একদেশ হইতে অন্যদেশে যাইতে পারেন না। বায়ু-প্রভাবে তাঁহাদিগকে যে দিকে লইয়া যায়, তাঁহারা সেই

জলমধ্যে নিমজ্জিত হইলে দ্রব্যাদি যেরূপ সমায়তনসম্পন্ন স্থানান্তরিত জলের ভারের সমান বলে সমুদ্ভাসিত হইয়া থাকে, বায়ুরাশির মধ্যেও দ্রব্যসকল তাহাদের সমায়তন স্থানান্তরিত বায়ুর ভারের তুল্য বলে উদ্ভাসিত হইয়া থাকে। যেরূপ যে সকল বস্তুর আপেক্ষিক গুরুত্ব জলের আপেক্ষিক গুরুত্ব অপেক্ষা অধিক, তাহারা জলমধ্যে নিমজ্জিত হইলে নীচে পতিত হয়, যাহাদের আপেক্ষিক গুরুত্ব জলের আপেক্ষিক গুরুত্ব অপেক্ষা অল্প, তাহারা জলের উপরিভাগে ভাসিতে থাকে এবং যাহাদের আপেক্ষিক গুরুত্ব জলের আপেক্ষিক গুরুত্বের সমান তাহাদিগকে জল মধ্যে যেখানে নিমজ্জিত রাখা যায়, সেইখানেই স্থির হইয়া থাকে, তদ্রূপ যে সকল বস্তুর আপেক্ষিক গুরুত্ব বায়ুর আপেক্ষিক গুরুত্ব অপেক্ষা অধিক, তাহারা বায়ুরাশির অধোদেশে পতিত হয়; যাহাদের আপেক্ষিক গুরুত্ব বায়ুর আপেক্ষিক গুরুত্ব অপেক্ষা অল্প, তাহারা বায়ুরাশির ঊর্দ্ধদেশে উত্থিত হয় এবং যাহাদের আপেক্ষিক গুরুত্ব যে স্থানের বায়ুর আপেক্ষিক গুরুত্বের সমান, তাহারা সেই স্থানের বায়ুতে ভাসিতে থাকে, কখন ঊর্দ্ধে উত্থিত হয় না বা নিম্নে পতিত হয় না। জলের সমুদ্ভাসকতাগুণ-নিবন্ধন যেরূপ অর্ণবযান সহকারে জলরাশি পার হইয়া এক দেশ হইতে দেশান্তরে অনায়াসে যাইতে পারা যায়, সেইরূপ বায়ুরাশির সমুদ্ভাসকতা-গুণ থাকায় ব্যোমযান সহকারে আকাশ-মার্গ অবলম্বন করিয়া একস্থান হইতে স্থানান্তরে গমন করিতে পারা যায়।

পূর্ব্বকালে এতদ্দেশে ব্যোমযানের বহুল ব্যবহার ছিল। প্রাচীন আর্য্যগণ পুষ্পকাদি রথে চড়িয়া আকাশমার্গের যেখানে ইচ্ছা সেখানে অনায়াসে গমন করিতে পারিতেন। এ বিষয়ের প্রমাণ পুরাণাদিতে প্রাপ্ত হওয়া যায়। কিন্তু যে বিদ্যাপ্রভাবে তাঁহারা ব্যোমযানরূপ রথকে ইচ্ছা মত দিকে চালাইতে পারিতেন তাহা এক্ষণে লুপ্ত হইয়াছে। পশ্চিম য়ুরোপখণ্ডবাসী শিল্পবিজ্ঞান-বিশারদ পণ্ডিতগণ ব্যোমযানকে যে দিকে ইচ্ছা সেই দিকে চালাইবার জন্য যথেষ্ট যত্ন করিতেছেন, কিন্তু এ পর্য্যন্ত কেহ সে বিষয়ে পারদর্শিতা লাভ করিতে পারেন নাই।

১৮০৪ খৃষ্টাব্দে বিও ও গে-লুসাক্ নামক পণ্ডিতদ্বয় উপরিস্থ বায়ুর শৈত্য ও উষ্ণত্বাদি গুণাগুণ ও অন্যান্য অনেক বিষয় পরীক্ষা করিবার নিমিত্ত নানাবিধ যন্ত্র, পক্ষী, পতঙ্গ প্রভৃতি কতকগুলি জন্তু ও অপরাপর উপকরণ সঙ্গে লইয়া উঠিয়াছিলেন। উক্ত বৎসর ১৩ই আগষ্ট প্রাতে ১০ ঘটিকার সময়ে ফরাসী রাজ্যের রাজধানী পারি-নগরীতে তাঁহারা ব্যোম-যানে আরোহণ করেন। তাঁহারা মেঘরাজ্য ভেদ করিয়া প্রায় ৮,৭০০ হাত উত্থিত হন ও বিবিধ বিষয়ের পরীক্ষা করিতে করিতে ৩৷৷০ ঘণ্টা কাল আকাশ পথে পরিভ্রমণপূর্ব্বক পারী নগর হইতে প্রায় ২২ ক্রোশ দূরে মেরিমিল্ গ্রামে অবতরণ করেন। উপরের বায়ু যে পৃথিবীর নিকটবর্ত্তী বায়ু অপেক্ষা শীতল, তাহা পূর্ব্বপ্রমাণ দৃষ্টে অবধারিত হইলেও এক্ষণে প্রত্যক্ষ অনুভূত হইল।

ইহার পর, গে-লুসাক্ অন্যান্য পণ্ডিতগণ কর্ত্তৃক অনুরুদ্ধ হইয়া ঐ বৎসর ১৫ই সেপ্টেম্বর আর একবার একাকী অন্তরীক্ষে উঠিয়াছিলেন। সেবার তিনি ১৫,৩৬০ হাত অর্থাৎ প্রায় দুই ক্রোশ পর্য্যন্ত উঠিয়াছিলেন এবং উপরকার বায়ুর শৈত্য, উষ্ণত্ব, লঘুত্ব, গুরুত্ব প্রভৃতি বহুতর বিষয়ের পরীক্ষা করিয়াছিলেন। তিনি বলেন, তথাকার বায়ু এত শীতল যে তাহাতে হস্তদ্বয় অবশ হইয়া আইসে, এবং এত লঘু যে নিশ্বাস পরিত্যাগে কষ্ট হয়। এমন কি ঐ পরিশুষ্ক বায়ু সেবন করাতে তাঁহার গলদেশ নীরস ও খাদ্য দ্রব্য গলাধঃকরণে অনুপযোগী হইয়াছিল। তিনি ১৪,৩০৭ ও ১৪,৫২৭ হাত ঊর্দ্ধ হইতে দুই বোতল বায়ু পূরিয়া আনিয়াছিলেন। তাহা পরে পরীক্ষা করিয়া দেখা গেল যে, পৃথিবীর নিকটবর্ত্তী বায়ুতে যে যে পদার্থ যে যে পরিমাণে মিশ্রিত আছে, উপরিস্থিত বায়ুতেও সেই সেই পদার্থ সেই পরিমাণে মিশ্রিত আছে।

এই সময়ে গ্রান্ নামক এক ব্যক্তিও বেলুনে আরোহণ করিয়াছিলেন। তিনি ১৮৩৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত ২২৬ বার ব্যোম-যানারোহণে আকাশ-পথে পরিভ্রমণ করেন। শেষোক্ত বৎসর নবেম্বর মাসে হলণ্ড ও ইঙ্কমেসন্ সাহেব তাঁহার সমভিব্যাহারে ছিলেন। অধিক দূর গমনে বাসনা থাকায় তাঁহারা এক পক্ষের উপযুক্ত ভক্ষ্য ও ব্যবহার্য্য দ্রব্য সঙ্গে লইয়া ৭ই নবেম্বর বেলা ১৷৷০ টার সময়ে লণ্ডন নগর হইতে উত্থিত হইলেন তাঁহারা পূর্ব্ব-দক্ষিণাভিমুখে গমনপূর্ব্বক একে একে অনেক গ্রাম ও নগরশোভা সন্দর্শন করিতে করিতে চলিলেন। ৪ ঘণ্টা ৪৮ মিনিটের সময়ে ইংলণ্ড-ভূমি পরিত্যাগ করিয়া তাঁহারা সমুদ্রবক্ষে উপনীত হইলেন। সায়ংকাল অতীত হইলে পর, সমুদ্র উত্তীর্ণ হইয়া ফরাসী রাজ্যে আসিলেন। সেই তিমিরাবৃত রজনীতে তাঁহারা স্বর্গলোকনিবাসীর ন্যায় কত কত রাজ্য, রাজ-ধানী, নগর, নদী, গ্রামাদি নিরীক্ষণ করিতে করিতে শূন্যমার্গে সমস্ত রাত্রি ভ্রমণ করিলেন। নিশা অবসানে তাঁহারা এক বার কিছুদূর ঊর্দ্ধে উঠিয়া সূর্য্যোদয় ও তৎসংক্রান্ত আশ্চর্য্য শোভা দর্শন করিলেন, আবার অধোদিকে অবতরণপূর্ব্বক অন্ধকারে আবৃত হইলেন। ফল কথা সে দিবস তাঁহারা দিবাকরকে তিন বার উদয় ও দুইবার অস্তগত হইতে দেখিয়াছিলেন। এই যাত্রায় তাঁহারা অন্যূন ২২০ ক্রোশ শূন্যমার্গে সঞ্চরণপূর্ব্বক

পরদিন প্রাতঃকালে জর্ম্মণীর অন্তঃপাতী নাসো উইলবর্গ নামক স্থানে অবতরণ করিয়াছিলেন।

১৭৮৩ খৃষ্টাব্দে মোণ্ট গলফিয়ার যুদ্ধের জন্য প্রথম বেলুনারোহণ ব্যবস্থা হয়। ১৭৮৯ খৃষ্টাব্দে ফরাসী রাজ্যে রাজ্য-বিপ্লব সংক্রান্ত যে ঘোরতর যুদ্ধ ঘটে, তাহাতে সাধারণতন্ত্রীদল ব্যোম-যানে আরোহণ করিয়া উপর হইতে বিপক্ষীয় সৈন্যদিগের গতি বিধি পর্য্যবেক্ষণ করিয়াছিলেন। এই রাজবিপ্লব উপলক্ষে ১৭৯৪ খৃঃ ফ্লিউরস্ নামক স্থানে অস্ত্রিয়ার সৈন্যদিগের সহিত ফরাসী সৈন্যাধ্যক্ষ জোর্ডান্ সাহেবের যুদ্ধ হয়। তাহাতে কর্ণেল কুতেল্ সাহেব একজন সামরিক কর্ম্মচারীকে সমভিব্যাহারে করিয়া ব্যোম-যানে আরোহণপূর্ব্বক যুদ্ধের সময়ে ও তাহার পূর্ব্বে উপর হইতে বিপক্ষদিগের যুদ্ধসংক্রান্ত সমস্ত ব্যাপার দৃষ্টি করিয়া জোর্ডান্ সাহেবকে ইঙ্গিত দ্বারা তৎসমুদায় অবগত করেন, এবং তিনিও তদনুযায়ী কার্য্য করিয়া শত্রুদিগকে পরাজয় করেন। কর্ণেল্ কুতেল্ ও তাঁহার সমভিব্যাহারী কর্ম্মচারী ১ এক দিবসে ২ দুই বার ঊর্দ্ধে ৮৬৬ হাত উত্থিত হইয়াছিলেন। বিপক্ষীয়েরা দ্বিতীয়-বারে দেখিতে পাইয়া কামান দ্বারা তাঁহাদিগকে নষ্ট করিবার চেষ্টা পান। ইহার পর কুতেল্ ১৭৯৯ খৃঃ মাইনির যুদ্ধেও এই অসমসাহসিক কর্ম্মে নিযুক্ত হইয়াছিলেন। তদনন্তর এবেন্‌বৃটষ্টিন্ বন, ফ্রাঙ্কফোর্ট, উর্জবর্গ ও লিজের অবরোধেও সামরিক বিভাগের আদেশে বেলুন দ্বারা বিপক্ষের গতিবিধি পরিদর্শন চলিয়াছিল। ১৮১৫ খৃষ্টাব্দে আন্তোয়ার্প অবরোধ সময়ে এবং ১৮৫৯ খৃঃ সোলফেরিণো রণক্ষেত্রে বেলুনে উঠিয়া উপায় নির্দ্ধারণে চেষ্টা পান। ১৮৬১ খৃঃ আমেরিকার অন্তর্বিপ্লবের যুদ্ধে (Civil wars) বেলুনের সাহায্যে রিচমণ্ড ও অন্যান্য স্থানের অনেক গোপনীয় সংবাদ পাওয়া গিয়াছিল।

১৮৭০ খৃষ্টাব্দে ফরাসিদের সহিত প্রুসিয়দিগের যে তুমুল যুদ্ধ হয়, তাহাতে বহু পরিমাণে ব্যোমযানের ব্যবহার ছিল। শত্রুপক্ষীয় সেনাদলের অবস্থা ও উদ্যোগ পর্য্যবেক্ষণ, অবরুদ্ধ নগর হইতে সংবাদপ্রেরণ ও ইতস্ততঃ গমনাগমন এবং বিপক্ষীয় বেলুনযাত্রীদিগকে আক্রমণজন্য বহু বার ব্যোমযান ব্যবহৃত হইয়াছিল। এমন কি, সে সময়ে বেলুনে বেলুনে যুদ্ধও সংঘটিত হয়।

এইরূপে বিভিন্ন সময়ে যুদ্ধকালে বেলুন ব্যবহৃত হইলেও প্রকৃতপক্ষে ১৮৮২-৮৪ খৃষ্টাব্দে ইহা সামরিক বিভাগের আবশ্যকীয় উপকরণ বলিয়া পরিগণিত হয়। ১৮৮৪-৮৫ খৃষ্টাব্দে ফরাসীরা টোঙ্কিং যুদ্ধে এবং বৃটিশ গবর্ণমেণ্ট বেচুয়ানালাণ্ড যুদ্ধাভিযানে বেলুনের বিশেষ উপযোগিতা অনুভব করিয়াছিলেন। ১৮৯৯-১৯০২ খৃষ্টাব্দের দক্ষিণ-আফ্রিকার বুয়র যুদ্ধেও বেলুন ব্যবহৃত হইয়াছিল।

নৌকাদির ন্যায় ইচ্ছানুসারে সকলদিকে ব্যোমযান চালনা করিবার চেষ্টা-ফলে ১৮৬৯ খৃষ্টাব্দের জুলাই মাসে উত্তর আমেরিকার অন্তঃপাতী সান্‌ফ্রান্‌সিস্‌কো নগরে ঐ নিয়মের সুচারুরূপ পরীক্ষা হয়। আদর্শ স্বরূপ একখানি বাষ্পীয় বিমান নির্ম্মিত হয়। ঐ বিমান বাষ্পীয়-পোতাদির ন্যায় বাষ্পের শক্তিবলে ও কর দ্বারা বিভিন্ন দিকে পরিচালিত হয়। বৈজ্ঞানিক আলোচনায় বেলুনের স্থানে উহাই aereonaut ও aeroplane নামক যন্ত্রে রূপান্তরিত হইয়াছে।

বাঙ্গালায় প্রায় ৩০ বর্ষ পূর্ব্বে রবর্টসন্ ও কাইট্ নামক দুই জন ইংরাজপুঙ্গব ব্যোমযান সহকারে আকাশপথে উড্ডীয়মান হইয়াছিলেন। কিন্তু য়ুরোপে এক একজন এ বিষয়ে এরূপ পটুতা প্রকাশ করিয়াছেন, যে তাঁহাদের আকাশযাত্রার ব্যাপার অতীব বিস্ময়কর। অতঃপর স্পেন্সার নামে একজন ইংরাজ বেলুনে আরোহণপূর্ব্বক "পারাচুট্" নামক ছত্রযোগে ভূ-পৃষ্ঠে অবতরণ করিবার কৌশল দেখাইয়া জনসাধারণকে চমৎকৃত করেন। তাঁহার সঙ্গে বৈজ্ঞানিক তত্ত্বাবিষ্কারের অভিপ্রায়ে Mr. J. Chowdhury প্রভৃতি কএকজন বিজ্ঞানবিদ্ অবরোহণ করেন। প্রসিদ্ধ ব্যায়ামশিক্ষক রামচন্দ্র চট্টোপাধ্যায় তাঁহার শিক্ষায় পারাচুট ধারণপূর্ব্বক কলিকাতায় নামিয়াছিলেন।

বেলুন, বাঙ্গালার একটী গণ্ডগ্রাম। এখানে গোপীনাথের মন্দির বিদ্যমান আছে। (দেশাবলী)

বেলুব, উচ্চ সংখ্যাভেদ।

বেলুবাই, মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণ-কণাড়া জেলার মঙ্গলোর তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে একটী ক্ষেত্রে প্রাচীন কণাড়ী ভাষায় উৎকীর্ণ শিলালিপি দৃষ্ট হয়। উহা স্থানের প্রাচীনত্বজ্ঞাপক।

বেলুর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর মহিসুর রাজ্যের হসন জেলার অন্তর্গত একটী তালুক। ভূপরিমাণ ২৩৬ বর্গ মাইল।

২ উক্ত তালুকের একটী নগর। বর্ত্তমানকালে শ্রীভ্রষ্ট অবস্থায় পতিত থাকিলেও উহার প্রাচীন গৌরবের অনেক নিদর্শন এখনও বর্ত্তমান আছে। এই নগর হসন হইতে ২৩ মাইল উত্তরপশ্চিমে যগাছি নদীর দক্ষিণকূলে অবস্থিত। অক্ষা° ১৩°৯´৪৫´´ উঃ এবং দ্রাঘি° ৭৫°৫৪´৪০´´ পূঃ। পুরাণাদিতে এবং প্রাচীন শিলালিপিতে এই স্থান বেলপুর নামে বিবৃত। স্থানীয় লোকে ইহাকে দক্ষিণ বারাণসী জ্ঞানে ভক্তিনেত্রে দেখিয়া থাকেন। এই স্থানে ছিন্নকেশবের পবিত্র মন্দির প্রতিষ্ঠিত। এই কারণে ইহা দাক্ষিণাত্যবাসীর পবিত্র তীর্থরূপে গণ্য হইয়াছে। প্রসিদ্ধ ভাস্কর শিল্পবিদ্ জখনাচার্য্য ঐ মন্দিরের শিল্পনৈপুণ্যপূর্ণচিত্রাদি খোদিত করিয়াছিলেন। খৃষ্টীয় দ্বাদশ

শতাব্দের মধ্যভাগে হোয়শাল বল্লাল বংশীয় কোন নরপতি পূর্ব্ব-পুরুষের আচরিত জৈনধর্ম্ম ত্যাগ করিয়া বৈষ্ণব ধর্ম্ম আশ্রয় করেন। তিনিই স্বীয় ইষ্টদেবের প্রতিষ্ঠার জন্য বিষ্ণুমন্দির স্থাপন করিয়াছিলেন। এখানে প্রতি বৎসর বৈশাখ মাসে ৫ দিন স্থায়ী একটী মেলা হয় এবং তদুপলক্ষে বহু লোক সমাগত হইয়া থাকে।

বেলুর তালুকের বিচার সদর এই নগরেই স্থাপিত।

বেলুর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর সালেম জেলার হোসুর তালুকের অন্তর্গত একটী নগর। হোসুর হইতে ১১ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। এখানে মহিসুররাজ দোড্ডদেবের (চিক্কদেবরাজ নামান্তর) রাজ্যকালে কুমার রায় দলবায় কর্ত্তৃক ১৬৭৩ খৃষ্টাব্দে নির্ম্মিত একটী আনিকট আছে।

বেলুর, বোম্বাই প্রেসিডেন্সীর কালাদগী জেলার বাদামী তালুকের অন্তর্গত একটী নগর। বাদামী হইতে ৭ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এখানে দুর্গ মধ্যে নরনারায়ণ মন্দির স্থাপিত আছে।

বেলুর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণ আর্কট ও পুঁদীচেরী জেলার তিরুবন্নমলয় তালুকের অন্তর্গত একটী প্রাচীন নগর। এখানে একটী ভগ্নপ্রায় দুর্গ ও প্রাচীন দেবমন্দির আছে।

বেলুরু, মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণকণাড়া জেলার উড়িপি তালুকের অন্তর্গত একটী নগর। উড়িপি সদর হইতে ১৭ মাইল উত্তরে অবস্থিত। এখানে একটী প্রাচীন শিবমন্দির আছে। মন্দিরের ভিতরের প্রাকারে মহাদেব উদৈয়ার কর্ত্তৃক উৎকীর্ণ একখানি শিলালিপি হইতে জানা যায় যে, ১৫৬১ খৃষ্টাব্দে তিনি মন্দিরের ব্যয়নির্ব্বাহার্থ সম্পত্তি দান করিয়াছিলেন।

বেলো, বোম্বাই প্রেসিডেন্সীর সিন্ধুবিভাগের করাচী জেলার সুজাবল তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। সিন্ধুতীর ও তালুকের বিচার সদর হইতে ৪ মাইল দূরে অবস্থিত। অক্ষা° ২৪°৪৪′ উঃ এবং দ্রাঘি° ৬৮°৮′৩০″ পূঃ। এখানে লোহানা ও ভাটিয়া নামক হিন্দু এবং সৈয়দ ও মুহানা নামক মুসলমান শ্রেণীর বাস আছে।

বেলোনা, মধ্যপ্রদেশের নাগপুর জেলার কতোল তালুকের অন্তর্গত একটী নগর। মোবার নগর হইতে ৪ মাইল উত্তর-পশ্চিমে বর্দ্ধা নদীর একটী ক্ষুদ্র শাখার উপর অবস্থিত। এখানে স্থানীয় উৎপন্ন দ্রব্যের বাণিজ্য আছে।

বেল্ল, চালন। ভ্বাদি° পরস্মৈ° সক° সেট্। লট্ বেল্লতি। লুঙ্ অবেল্লীৎ।

বেল্ল (পুং ক্লী) বেল্লতীতি বেল্ল চলনে পচাদ্যচ্। ১ বিড়ঙ্গ। (অমর) বেল্ল ভাবে ঘঞ্। (পুং) ২ গমন।

বেল্লক (ক্লী) বিড়ঙ্গ। (অমর)

বেল্লকোবিল, মান্দ্রাজ প্রেসিডেন্সীর কোয়ম্বাতুর জেলার অন্তর্গত একটী প্রাচীন গণ্ডগ্রাম। ধারাপুরম্ হইতে ১৮ মাইল উত্তর-পূর্ব্বে অবস্থিত। অক্ষা ১০° ৫৬′ ৪৫″ উঃ দ্রাঘি ৭৭° ৪৬′ ৪০″ পূঃ। এখানে একটী প্রাচীন শিবমন্দির এবং শিব-মন্দিরে প্রাচীন শিলালিপি আছে। গ্রামের পার্শ্বে একটী প্রাচীন স্মৃতিস্তম্ভ দৃষ্ট হয়।

বেল্লঙ্কোবিল, মান্দ্রাজ প্রদেশের কোয়ম্বাতুর জেলার একটী প্রাচীন গণ্ডগ্রাম। সত্যমঙ্গলম্ হইতে ১৮৷৷০ মাইল দক্ষিণ-পূর্ব্বে অবস্থিত। এখানকার প্রাচীন মঠের প্রাচীরগাত্রে একটী প্রাচীন তামিল শিলালিপি আছে।

বেল্লজ (ক্লী) বেল্লবৎ জায়তে ইতি জন-ড। মরিচ। (অমর)

বেল্লতঙ্গড়ি, মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণকণাড়া জেলার উল্লিনঙ্গড়ি তালুকের অন্তর্গত একটী প্রাচীন নগর। মঙ্গলোর হইতে ৩২ মাইল উত্তর-পূর্ব্বে অবস্থিত। বঙ্গার রাজগণের প্রতিষ্ঠিত দুর্গ ও জৈনমন্দির বিদ্যমান আছে। এই নগর যে একসময়ে রাজধানী ছিল, তাহারও যথেষ্ট নিদর্শন দেখা যায়।

বেল্লন (ক্লী) বেল্ল-ল্যুট্। ১ ভূমিতে অশ্বের লুণ্ঠন। পর্য্যায় লুণ্ঠন। (ত্রি) ২সঞ্চলন। (ক্লী) ৩ রোটিকাদি প্রস্তুতের জন্য স্থূল-বর্ত্তুল কাষ্ঠবিশেষ, চলিত বেলন, ইহাতে রুটী লুচি বেলা হয়।

বেল্লনী (স্ত্রী) বেল্লতি লুঠতি অশ্বাদি রত্রেতি বেল্ল-ল্যুট্ ঙীষ্। মালা দূর্ব্বা, বল্লীদূর্ব্বা। (রাজনি°)

বেল্লন্তর (পুং) বীরতরু, বিল্বান্তর বৃক্ষ, চলিত বরবেল।

এই বেল্লন্তর বৃক্ষ জগতে বীরতরু নামে প্রসিদ্ধ। ইহার পুষ্প শ্বেতমিশ্রিত কৃষ্ণারুণবর্ণ, আকৃতি জাতি ফুলের ন্যায়, পত্র শমী পত্রের ন্যায় সূক্ষ্ম, এই বৃক্ষ কণ্টকাবৃত এবং জলবিরহিত স্থানে জন্মে। গুণ—তিক্তরস, কটু বিপাক, ধারক, তৃষ্ণা, কফ, মূত্রাঘাত, অশ্মরী, যোনিরোগ, মূত্ররোগ ও বায়ুরোগনাশক। (ভাবপ্র°)

বেল্লন্তরাদিগণ (পুং) বেল্লন্তর আদি করিয়া দ্রব্য বর্গ। বাভটের সূত্রস্থানে ইহার উল্লেখ আছে। গুণ—বাতরোগনাশক, অশ্মরী, শর্করা, মূত্রকৃচ্ছ্র ও মূত্রাঘাতনাশক। (বাভট সূত্র° ১৫ অ°)

বেল্লভব (ক্লী) মরিচ। (বৈদ্যকনি°)

বেল্লম্‌কোণ্ডা, মান্দ্রাজ প্রেসিডেন্সীর কৃষ্ণা জেলার অন্তর্গত একটী পর্ব্বত। সমুদ্রপৃষ্ঠ হইতে ১৫৬৯ ফিট্ উচ্চ। তেলগু ভাষায় ইহা বিল্লমকোণ্ডা (গুহা-গিরি) নামে কথিত। এই পর্ব্বতের উপরিভাগে ধ্বস্তপ্রায় একটী গিরিদুর্গ। অনুমান ১৫১৫ খৃষ্টাব্দে কৃষ্ণদেব রায় এবং ১৫৩১ ও ১৫৭৮ খৃষ্টাব্দে গোলকোণ্ডাধীশ্বর সুলতান কুলীকুতব শাহ ইহা অধিকার করেন।

গুণ্টুর হইতে নেলকোণ্ডা যাইবার পথে এই পর্ব্বতপাদমূলে

যেল্লমকোণ্ডা নগর অবস্থিত। অক্ষা° ১৬° ৩০´ ৪০´´ উঃ এবং দ্রাঘি° ৮০° ৩´ ৩০´´ পূঃ।

বেল্লর, (বশিষ্ঠ নদী) মান্দ্রাজ প্রদেশে প্রবাহিত একটী নদী। সালেম জেলার পার্ব্বত্যপ্রদেশ হইতে বাহির হইয়া পত্তুর গিরিসঙ্কট অতিক্রম করিয়া দক্ষিণ আর্কটের সমতলক্ষেত্রে পড়িয়াছে; তৎপরে এই জেলা বাহিয়া পোর্টোনবোর পার্শ্বে সমুদ্রে মিলিত হইয়াছে। এই নদীর দৈর্ঘ্য প্রায় ১৩৫ মাইল। বৃদ্ধাচলমের নিকট মণিমুক্তা নামে একটী নদী আসিয়া ইহার সহিত মিলিত হইয়াছে। এই নদীর সালেম জেলায় ১৩টী এবং দক্ষিণ আর্কট জেলায় ২টী আনিকট বাঁধ আছে; এ ছাড়া গ্রাণ্টট্রাঙ্ক রোডে যাইবার পথে এবং পোর্টনবোর নিকট সাউথ ইণ্ডিয়ান্ রেলওয়ে যাইবার জন্য অপর একটী সেতু আছে।

বেল্লরি, (বল্লারি, প্রাচীন নাম বলহরি), মান্দ্রাজ প্রেসিডেন্সীর একটী জেলা। অক্ষা° ১৪°১৪´ হইতে ১৫°৫৭ উঃ এবং দ্রাঘি° ৭৫°৪৫´ হইতে ৭৭°৪০´ পূঃ মধ্য। ইহার মধ্যগত সন্দূর সামন্তরাজ্য লইয়া ভূপরিমাণ ৫৯০৪ বর্গমাইল।

উত্তরে খরপ্রবাহা তুঙ্গভদ্রা নদী নিজাম রাজ্যকে পৃথক্ রাখিয়াছে। পূর্ব্বে অনন্তপুর ও কর্ণূল জেলা, দক্ষিণে মহিসুর রাজ্যের অন্তর্গত চিত্তলদুর্গজেলা এবং পশ্চিমে তুঙ্গভদ্রা বোম্বাই প্রেসিডেন্সীর ধারবাড় জেলাকে এই জেলা হইতে বিচ্ছিন্ন করিয়াছে। ইহার কতকাংশ লইয়া অনন্তপুর জেলা গঠিত। তাহার পূর্ব্বে ইহার আয়তন আরও বিস্তৃত ছিল। এক্ষণে মান্দ্রাজ প্রেসিডেন্সীতে যতগুলি জেলা আছে, লোকসংখ্যা হিসাবে ইহা ১৮শ এবং ভূপরিমাণে ১২শ বলিয়া গণ্য।

ইহা ৮টী তালুকে ও সন্দূর নামক একটী সামন্তরাজ্যে বিভক্ত। এখানে সর্ব্বসমেত ১১৭৪টী গ্রাম ও ১০টী নগর আছে।

জেলার অধিকাংশ স্থানই তুলাচাষের উপযুক্ত কৃষ্ণবর্ণ মৃত্তিকাপূর্ণ। বৃক্ষলতাদি না থাকায় এবং মধ্যে মধ্যে গণ্ডশৈলরাজি উন্নতমস্তকে দণ্ডায়মান থাকায় সমগ্র দেশ যেন মরুময় প্রান্তর বলিয়া প্রতীয়মান হয়। ইহার পশ্চিমাংশ ঘাটপর্ব্বতমালার অধিত্যকাভূমি এবং পূর্ব্বাংশ ক্রমশঃ নিম্ন হইতে নিম্ন প্রান্তরে পরিণত হইয়াছে। পশ্চিমে বেলগাঁও জেলার সীমান্তদেশে ইহার অধিত্যকাদেশ সমুদ্রপৃষ্ঠ হইতে ২৫৮৬ ফিট্, কিন্তু পূর্ব্বদিকে মান্দ্রাজ রেলপথের গেমটকল জংসন স্থানের উচ্চতা ১৪৫১ ফিট্।

অধিত্যকাভূমি এইরূপে সমুন্নত হওয়ায় এখানে বিশেষরূপ জলাভাব এবং সেই কারণেই অন্যান্য বৃক্ষের উৎপত্তি সম্ভাবনাও অনেক কম। জেলার উত্তর সীমায় একমাত্র তুঙ্গভদ্রা-নদী। বর্ষার প্লাবনে অনেক সময় উভয়কূল বন্যায় ভাসাইয়া প্রজাবর্গকে বিপদ্‌গ্রস্ত করে। দক্ষিণভাগে ঐ নদীর হাগরী, বেদবতী প্রভৃতি শাখা। উহাদের তীরে হম্পসাগর, হোসপেট, শ্রীগূপা, হাম্পি ও কাম্পিলী নগর। রামপুরের নিকট বেদবতীর উপর ৫২টী স্তম্ভের একটী বিস্তৃত সেতু আছে। ঐ সেতুর উপর দিয়া রেলপথ। ১৮৫১ খৃষ্টাব্দে বেদবতীর বন্যায় গুলিয়েম নগর ভাসিয়া গিয়াছিল। বেদবতী এই জেলার মধ্যে ১২৫ মাইল অতিবাহন করিয়া হলিকোটার নিকট তুঙ্গভদ্রায় মিলিয়াছে।

[বেদবতী দেখ।]

সন্দূর ও কাম্পিলীর মধ্যবর্ত্তী শৈলশ্রেণী এবং পূর্ব্বাঞ্চলের লঙ্কামল্লপর্ব্বত এখানকার মধ্যে উল্লেখযোগ্য। সকলগুলিই দানাদার পাথরে গঠিত। এই সকল স্থানে লৌহ, তাম্র, রসাঞ্জন, সীস, মাঙ্গানীজ, চূণ ও ফটকিরি পাওয়া যায়। কোন কোন স্থান হইতে সোরা ও লবণ উত্তোলিত হয়। বনভাগে জন্তু ও পক্ষীর অভাব নাই। বাবলা, বট ও বনখেজুর প্রচুর দেখিতে পাওয়া যায়। স্থানে স্থানে আম্র, তিন্তিড়ী, নারিকেল, তাল, অশ্বত্থ ও নিম্ববৃক্ষ রোপণ করিয়া উদ্যানশোভা বর্দ্ধন করা হইয়াছে।

অনন্তপুর জেলা বিভাগের পূর্ব্বে সমগ্র জেলা যে ভাবে ছিল, এই জেলার পূর্ব্বতন ইতিহাস সেই সকল স্থানের সহিত বিশেষভাবে সম্বদ্ধ। হোসপেট তালুকের মধ্যে বিজয়নগর রাজ্যের প্রাচীন রাজধানী প্রতিষ্ঠিত ছিল; সুতরাং তদ্দেশের ইতিহাস খৃষ্টীয় ১৪শ শতাব্দে প্রথম মুসলমান আক্রমণের পূর্ব্ববর্ত্তী। [বিজয়নগর দেখ।]

অতঃপর মহারাষ্ট্রকেশরী শিবাজীর অভ্যুদয়ের সঙ্গে এই জেলার ইতিহাস মহারাষ্ট্র ইতিহাসের সহিত যুক্ত হয়। ১৬৪০ খৃষ্টাব্দে শিবাজী বিজাপুরের সুলতানের নিকট হইতে বেল্লরী দুর্গ, আদোনীদুর্গ ও তৎসন্নিহিত প্রদেশ জায়গীর প্রাপ্ত হন। গুটীর চতুষ্পার্শ্বস্থ প্রদেশ গোলকোণ্ডা রাজার অধীন থাকে। রায়দুর্গ, অনন্তপুর ও হর্পণহল্লীর পলিগার সর্দ্দারগণ মহারাষ্ট্রদিগের অধীন সামন্ত ছিলেন। ১৬৮০ খৃষ্টাব্দে শিবাজীর মৃত্যুর পর, মোগল সম্রাট্ অরঙ্গজেব দাক্ষিণাত্যবিজয়ে আসিয়া এই জেলা জয় ও লুণ্ঠন করিয়াছিলেন বটে, কিন্তু প্রকৃত প্রস্তাবে মোগলশাসন প্রতিষ্ঠা করিতে পারেন নাই। তিনি বাধ্য হইয়া পলিগার-রাজগণের উপর এতদ্দেশের রাজস্ব আদায় ও শাসনভার অর্পণ করিয়াছিলেন। উক্ত পলিগার সর্দ্দারগণ স্বেচ্ছায় দিল্লীরাজকোষে যে রাজস্ব সরবরাহ করিতেন, দিল্লীশ্বরকে তাহা লইয়াই সন্তুষ্ট থাকিতে হইয়াছিল।

অরঙ্গজেবের মৃত্যুর পর, দাক্ষিণাত্যে নিজামের শক্তি প্রতিষ্ঠিত হয়। এই সময়ে গুটী, সন্দূর প্রভৃতি বেল্লরীর সর্দ্দারগণ অর্দ্ধ-স্বাধীনভাবে রাজ্যশাসন করিতে থাকেন। অনতিকাল

পরেই মহিসুর-রাজ প্রবল হইয়া উঠেন এবং বেল্লরি কিছু দিনের জন্য তাঁহার কবলিত হয়। নিজামের মৃত্যুর পর, হায়দার আলী মহিসুর অধিকার করেন। তিনি আদোনীর শাসনকর্ত্তা বসালৎজঙ্গের আমন্ত্রণে বেল্লরি লুণ্ঠনপূর্ব্বক মহারাষ্ট্রদিগকে পরাজিত করিলেন। মহারাষ্ট্রগণ প্রস্তুত ছিলেন না। এই অতর্কিত আক্রমণে আপনারা দুর্গ রক্ষা করিতে সমর্থ হইলেন না বটে, কিন্তু অচিরেই দলবল সংগ্রহ করিয়া তাঁহারা রণক্ষেত্রে দেখা দিলেন। রট্টিহল্লীরণক্ষেত্রে হায়দার পরাস্ত হইয়া লব্ধরাজ্য পরিত্যাগ পূর্ব্বক পলায়ন করিলেন। কেবল রায়দুর্গ, চিত্তলদুর্গ ও হর্পণহল্লীদুর্গ তাঁহার অধিকারে রহিল।

১৭৬৭ খৃষ্টাব্দে প্রসিদ্ধ মহিসুর-যুদ্ধ আরম্ভ হয়। এই সময়ে হায়দার আলী অর্থসংগ্রহমানসে নিকটবর্ত্তী জেলাসমূহ হইতে বলপূর্ব্বক চাঁদা আদায় করিয়াছিলেন। গুটীর সর্দ্দার তাঁহার এই অন্যায় প্রার্থনা পূরণ করিতে স্বীকৃত হন নাই। আদোনী-রাজের অধীন হইলেও বেল্লরি হইতে তিনি বিশেষ কিছুই সংগ্রহ করিতে পারেন নাই।

১৭৭৪ খৃষ্টাব্দে বেল্লরির পলিগার বসালৎজঙ্গ নিজামকে কর দিতে বিরত হওয়ায় নিজামের আদেশে তাঁহার বিরুদ্ধে মুসোঁলালী সসৈন্যে যাত্রা করেন। এ সময়ে উপায়ান্তর না দেখিয়া বসালৎজঙ্গ হায়দারের নিকট সাহায্য প্রার্থনা করিলেন। হায়দার শঠতা করিয়া আদোনীসেনাদলকে পরাজয়পূর্ব্বক বেল্লরি নিজ অধিকারভুক্ত করিয়া লইলেন।

অতঃপর হায়দার তৃতীয়বার গুটী আক্রমণ করেন। এবার যুদ্ধে তিনি গুটীবিজয়ে সমর্থ হইয়াছিলেন। গুটীতে হায়দার স্বীয় রাজ্যকেন্দ্র স্থাপন করিয়া দুই বৎসর কাল মহারাষ্ট্র ও নিজামের বিরুদ্ধে দণ্ডায়মান হইতে প্রয়াস পান। এই সময়ে চিত্তলদুর্গ, রায়দুর্গ, হর্পণহল্লী ও জেলার অপরাপর অংশের পলিগারগণ মহিসুররাজের সামন্তরূপে কার্য্য করিয়াছিলেন।

হায়দারের মৃত্যুর পর এই সকল পলিগার সর্দ্দারেরা স্বাধীনতা অবলম্বন করে। হায়দার-বংশধর দুর্দ্ধর্ষ টিপু সামন্তগণের এবম্বিধ ব্যবহারে ক্রুদ্ধ হইয়া তাহাদিগের বিরুদ্ধে অস্ত্রধারণ করেন। তিনি একে একে পলিগারদিগের রক্ষিত সমুদায় দুর্গ হস্তগত করিয়া রায়দুর্গ ও হর্পণহল্লীর সামন্তদ্বয়কে যমসদনে প্রেরণ করিয়াছিলেন। ইহাতে অন্যান্য সর্দ্দারেরা ভীত হইয়া আর টিপু সুলতানের বিরুদ্ধাচরণ করে নাই। টিপু তাঁহাদের অধিকৃত অস্ত্রশস্ত্র, ধনরত্ন ও রসদাদি সংগ্রহ করিয়া থাকেন। সেই সূত্রে ১৭৮৯ খৃষ্টাব্দে ইংরাজের সহিত টিপুর যুদ্ধ বাঁধে। যুদ্ধের পর উভয় পক্ষে সন্ধি স্থাপিত হয়। সেই সন্ধি অনুসারে টিপু শেষলব্ধ রাজ্যসমূহ অন্যকে দিতে বাধ্য হন। তাহারই ফলে বেল্লরি জেলা নিজামের রাজ্যভুক্ত হইয়াছিল।

অতঃপর পুনরায় যুদ্ধের সূচনা হয়। শ্রীরঙ্গপত্তন রণক্ষেত্রে টিপু বন্দী ও নিহত হন (১৭৯৯ খৃঃ)। তাহাতে পুনরায় বেল্লরি জেলা নিজাম ও পেশবার উভয়ে ভাগ করিয়া লইলেন। ১৮০০ খৃষ্টাব্দে ইংরাজরাজ পেশবার নিকট হইতে বেল্লরি গ্রহণ করেন। ১৭৯২ ও ১৭৯৯ খৃষ্টাব্দের সন্ধিতে নিজাম আদোনী ও বেল্লরির অবশিষ্টাংশ যাহা প্রাপ্ত হইয়াছিলেন, তাহা তিনি ইংরাজ-রাজের সাহায্যকারী সেনাদলের ব্যয়বহনের জন্য দান করেন।

এইরূপে সমগ্র বেল্লরি জেলা ইংরাজ কোম্পানীর হস্তগত হয়। ইংরাজগণ এখানকার রাজস্ব আদায়ের প্রয়াস পাইলে পলিগার সর্দ্দারেরা একযোগে ইংরাজের বিদ্রোহিতাচরণ করিতে প্রয়াস পায়। তখন ইংরাজরাজ বাধ্য হইয়া জেনারল কাম্বেলকে সেনাদল সহ প্রেরণ করেন। দুর্দ্ধর্ষ পলিগারগণ ইংরাজ সৈন্যের বলবিক্রম দেখিয়া ভয়ে ইংরাজের পদানত হয়।

এই সময়ে ইংরাজরাজ পলিগারদিগের হস্ত হইতে এতৎ প্রদেশের রাজস্ব আদায়ভার কাড়িয়া লন এবং তাহাদিগকে সেনাদল রক্ষা করিতে নিষেধ করিয়া দেন। তাহারই ফলে পলিগারেরা ক্রমে হীনবল হইয়া পড়ে। এদিকে ইংরাজরাজ রাজস্ব আদায়ের সুবিধার জন্য প্রাপ্ত জেলাগুলিকে একজন কমিসনরের শাসনাধীনে রাখেন। ১৮০০ খৃষ্টাব্দে কর্ণেল মন্‌রো এখানকার প্রথম কলেক্টার নিযুক্ত হন, কিন্তু ১৮০৭ খৃষ্টাব্দে তিনি কার্য্য হইতে অবসর গ্রহণ করিলে উক্ত দেশভাগ কড়াপা ও বেল্লরি জেলায় বিভক্ত করিয়া দুইজন কলেক্টারের হস্তে ন্যস্ত করা হয়। তদবধি এখানে আর রাজস্ব আদায়ের কোন বিভ্রাট্ উপস্থিত হয় নাই।

ইংরাজ অধিকারে বেল্লরিতে শান্তি স্থাপিত হইলেও ১৮১৪ খৃষ্টাব্দে পেন্ধারি দস্যুদল হর্পণহল্লী লুণ্ঠন করে। সেই সঙ্গে তাহারা রায়দুর্গ ও কুদলিঘী আক্রমণ করিয়াছিল, কিন্তু বিশেষ কোন ক্ষতি করিতে পারে নাই। বেল্লরি হইতে একদল ইংরাজ সেনা দস্যুদিগের বিরুদ্ধে প্রেরিত হয় এবং তাহারা অনায়াসে দস্যুদিগকে তাড়াইয়া দিতে সমর্থ হইয়াছিল। ১৮৫৭ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের বিদ্বেষবহ্নি ধারবাড় জেলায় বিস্তৃত হয় এবং ক্রমশঃ ধূমায়মান হইয়া চতুষ্পার্শ্বে ব্যাপ্ত হইয়া পড়ে।

তাহাদিগকে পরাজিত ও বিধ্বস্ত করিয়া দেশে পুনরায় শান্তি আনয়ন করেন।

১৮৮২ খৃষ্টাব্দে প্রাচীন বেল্লরি জেলা পুনরায় দুই ভাগে বিভক্ত হইয়া অনন্তপুর ও বেল্লরি নামে প্রথিত হয় এবং বিচারকার্য্যের সুবিধার্থ নববিভক্ত বেল্লরি জেলা আদোনী, অল্লূর, বেল্লরি, হর্পণহল্লী, হবিন্‌হুডগল্লি, হোসপেট, কুদলিঘি ও রায়দুর্গ নামে ৮টী উপবিভাগে বিভক্ত করা হইয়াছিল।

এখানকার ১০টী নগরের মধ্যে বেল্লরি, আদোনী, হোসপেট কাম্পতী, রায়দুর্গ, যেমিগনূর ও হর্পণহল্লী লোকসংখ্যায় সর্ব্বাপেক্ষা বড়। এখানে নানা শ্রেণীর লোকের বাস আছে। কৃষকেরা ছোলা, রাগী ও কোড়া নামক ফসল উৎপাদন করে। তাহাতেই জনসাধারণের অন্ন হয়। জলাভূমিতে ধান্য ও ইক্ষুর চাসই অধিক হইয়া থাকে। জলাভাব হইলে তাহারা অন্যস্থান হইতে নালা কাটিয়া জল আনয়ন করে এবং তাহাতেই শস্য ক্ষেত্রসমূহে জল দেয়। উচ্চভূমিতে কেবল নারিকেল, পর্ণ, সুপারী, কদলী, তামাকু, লঙ্কা, হরিদ্রা এবং নানাপ্রকার শাক সবজী ও ফলবৃক্ষের চাস হইয়া থাকে। এখানে তূলা পর্য্যাপ্ত পরিমাণে উৎপন্ন হয়।

অনাবৃষ্টি ও জলাভাবে এখানে প্রায়ই দুর্ভিক্ষ ও সেই সঙ্গে মহামারী উপস্থিত হইয়া থাকে। ১৭৯২-৯৩ খৃষ্টাব্দে এখানে যে দুর্ভিক্ষ হয় তাহাতে টাকায় ৪ সের চাউল এবং ১২ সের ছোলা বিক্রীত হয়। ১৮০৩ খৃষ্টাব্দে শস্যের মূল্য ৩০ গুণ বর্দ্ধিত হইয়াছিল, তাহাতে সমস্ত লোক দেশ ছাড়িয়া পলায়ন করে। ১৮৩৩ খৃষ্টাব্দে গুন্টূরে দুর্ভিক্ষ হয়, তাহাতে ৫ লক্ষ অধিবাসীর মধ্যে প্রায় ১৷৷০ লক্ষ লোক অনাহারে প্রাণত্যাগ করে। সেই সঙ্গে বিসূচিকার প্রাদুর্ভাব হয়, তাহাতে বেল্লরি ও গুটীনগরের প্রায় ১২ হাজার লোক ইহলোক পরিত্যাগ করিয়াছিল। ১৮৫১ খৃষ্টাব্দে বেল্লরিতে ভীষণ ঝটিকা হয়, তাহাতে বাঁধ পুষ্করিণী ও জলনালী সমূহ নষ্ট হইয়া যায়। সময়ে ঐ সকলের সংস্কার না হওয়ায় এবং ১৮৫২ খৃষ্টাব্দে অত্যধিক বারিপতন হওয়ায় জলপ্লাবনে শস্যাদি নষ্ট হইয়া যায়। প্রজাগণ সেই জলে অনাহারে বিশেষ কষ্ট পায়। তৎপরে মোটে ৬ ইঞ্চ বৃষ্টি হয়, তাহাতে শস্যক্ষেত্রাদি শুষ্ক হইয়া ধান্যাদি জ্বলিয়া যায়। উপর্য্যুপরি তিন বৎসর এইরূপ শস্যের ক্ষতি হওয়ায় এখানে পুনরায় দুর্ভিক্ষ দেখা দেয়। এবার ইংরাজরাজের সাহায্যে বেশী লোক ক্ষয় হয় নাই বটে, কিন্তু গবাদি পশু প্রায় সমস্তই মরিয়া গিয়াছিল। ১৮৬৬ খৃষ্টাব্দের দুর্ভিক্ষে রাজসাহায্য পাইবার প্রত্যাশায় ২১ হাজার লোক একত্র সমবেত হয়। ঐ সময়ে কলেরা রোগের এতাদৃশ প্রাদুর্ভাব হইয়াছিল যে লোক আত্মীয় স্বজনের সৎকার করিবার অবসর পায় নাই; ভয়ে সকলে শব ফেলিয়া পলাইয়াছিল।

১৮৫১ খৃষ্টাব্দে এখানে যে ভীষণ ঝটিকা উত্থিত হয়, তাহাতে মুসলধারে বৃষ্টি পাত হওয়ায় এখানকার নানাদেশ ভাসিয়া যায়। গুলিয়েম ও নাগরদোনা নগর ও অন্যান্য অনেক গ্রাম সেই জলস্রোতে ভাসিয়া গিয়াছিল। লোকজন ও গো-মহিষাদি সেই জলে নিমজ্জিত হইয়া প্রাণ হারাইয়াছিল। কত লোকের যথাসর্ব্বস্ব নষ্ট হইয়াছিল। রাস্তা, খাল ও বাঁধ ভাঙ্গিয়া লোকের বিস্তর ক্ষতি করিয়াছিল। বালুকাপাতে অনেক উর্ব্বরাক্ষেত্র মরুভূমি সদৃশ হইয়াছিল। এ সকল দৃশ্য বর্ণনাতীত, যাঁহারা স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াছেন তাঁহারাই কেবল এই বন্যার ভীষণ প্রবাহের ব্যাপার অবগত আছেন। একবার স্মরণ হইলেই চক্ষে জল আইসে। ১৮৭৬-৭৭ খৃষ্টাব্দে পুনরায় বেল্লরিতে ভয়ানক দুর্ভিক্ষ উপস্থিত হয়। পূর্ত্ত বিভাগের কর্ম্ম করিয়া এবার অনেক লোক উদরপূরণ করিতে সমর্থ হইয়াছিল।

২ উক্ত জেলার একটী তালুক। ভূপরিমাণ ৯২৫ বর্গমাইল। অক্ষা° ১৪° ৫৭´ হইতে ১৫°৪২´ উঃ এবং দ্রাঘি° ৭৬°৪৪´ হইতে ৭৭° ১৬´ পূঃ মধ্য।

৩ উক্ত জেলার প্রধান নগর ও বিচার সদর। অক্ষা° ১৫° ৮´ ৫১´´ উঃ এবং দ্রাঘি° ৭৬° ৫৭´ ১৫´´ পূঃ। নগরটী ৪৪০ফিট্ উচ্চ একটী দানাদার পাথরের পাহাড়ের পাদমূলে অবস্থিত। ইহার পরিধি প্রায় দুই মাইল। চারি পার্শ্বেই বৃক্ষহীন প্রান্তর। ঐ পর্ব্বতের উপর একটী দুর্গ এবং সমতল দেশেও একটী কেল্লা আছে। গিরিদুর্গটী ক্ষুদ্রাকার হইলেও প্রাচীরাদির দ্বারা এরূপ সুরক্ষিত যে শত্রুপক্ষীয়েরা সহজে দুর্গ আক্রমণ বা জয় করিতে পারে না। পূর্ব্ব প্রান্তের সমতল ক্ষেত্রে যে দুর্গটী আছে, তাহার সন্নিকটে অস্ত্রাগার (Arsenal), সেনা-রসদের গুদাম ও অন্যান্য রাজকীয় অট্টালিকা আছে। দক্ষিণভাগে দেশীয়গণের বাসভূমি। উহা কাউলীবাজার, ক্রষপেট্টা ও মেল্লরপেট্টা নামক তিনটী পল্লীতে বিভক্ত। পশ্চিমভাগে সুবিস্তৃত সেনাবাস। এখানে দুইটী য়ুরোপীয় এবং দুইটী দেশীয় সেনাদলের বাসযোগ্য স্থান আছে। কখন কখন এখানে কামানবাহী সেনাদলও রক্ষা করা হয়। নগরের উত্তরভাগে য়ুরোপীয়গণের বাস। এখানে গীর্জ্জা, রেল ষ্টেসন, স্কুল, টেলিগ্রাফ অফিস প্রভৃতি আছে। পূর্ব্বোক্ত গণ্ডশৈলের তলদেশে একটী বাঁধ আছে। বর্ষার সময় উহার বেড় প্রায় ৩ মাইল হয়, অন্যান্য সময় জল অনেক কম থাকে। মান্দ্রাজ হইতে রেলপথে বেল্লরি সদর ৩৫ মাইল।

এখানকার জলবায়ু বিশেষ স্বাস্থ্যপ্রদ। বায়ু শুষ্ক হওয়ায় গ্রীষ্মের প্রকোপ অধিক হয়। চৈত্র বৈশাখে তাপ প্রায় ৯৩°

F থাকে। এখানে দুইটী প্রস্রবণ ছিল, এখন প্রায় তাহা শুষ্ক হইয়া আসিয়াছে। উহার জল অঙ্গারীয় চূণ ও ক্লোরিণক্ষার মিশ্রিত।

বিজয়নগররাজ কৃষ্ণরায়ের সময় হইতে এইস্থানের শ্রীবৃদ্ধি। উক্ত রাজবংশের অধীনে একজন সামন্ত এখানে একটী দুর্গ নির্ম্মাণ করেন, তাঁহার বংশধরগণ রাজসরকারে কর দিয়া বহুকাল ঐ দুর্গ রক্ষা করিয়াছিলেন। তালিকটের যুদ্ধের পর, ইহা বিজাপুরের মুসলমানরাজের শাসনাধীন হয়, কিন্তু উক্ত সামন্তগণ মুসলমান শক্তিকে উপেক্ষা করিয়া স্বাধীনভাবে রাজ্যশাসন করিতে থাকেন। ১৬৫০ খৃষ্টাব্দে বিজয়নগরপতি বেল্লরিরাজের নিকট পূর্ব্বমত কর চাহিলেন, বীরগর্ব্বে মত্ত বেল্লরিরাজ হীনশক্তি বিজয়নগরাধিপকে কর দিতে সম্মত হইলেন না। সেই সূত্রে উভয়ে যুদ্ধ হইল। বিজয়নগররাজ পরাজিত হইলেন। ইহার পরও উভয় রাজ্যের মধ্যে কিছুকাল যুদ্ধবিগ্রহ চলিয়াছিল।

অতঃপর এ দেশে নিজামের প্রভাব বিস্তৃত হয়। উভয় রাজ্যেই নিজাম নিজ রাজ্যভুক্ত করিয়াছিলেন এবং নিজ ভ্রাতা বসালৎজঙ্গকে আদোনীসহ বেল্লরি রাজ্য দান করেন। কিন্তু নিজাম রাজকর চাহিয়া পাঠাইলে, আদোনীরাজ স্বীয় দুর্ব্বুদ্ধিতা বশতঃ হায়দারের সাহায্য প্রার্থনা করিলেন। সুযোগ বুঝিয়া হায়দার সদল বলে অগ্রসর হইলেন। তিনি নিজামসৈন্য পরাভূত করিলেন বটে, কিন্তু নিজে দুর্গ অধিকার করিয়া লইলেন। হায়দার ফরাসী-স্থপতিদিগের সাহায্যে ঐ দুর্গ পুনঃসংস্কার করেন। প্রবাদ, দুর্গ সমাপ্ত হইলে হায়দার স্থপতিদিগকে নিহত করিয়াছিলেন। ১৭৯২ খৃষ্টাব্দ পর্য্যন্ত উহা টিপুর অধিকারে থাকে। উক্ত বর্ষের সন্ধি (Partition treaty) অনুসারে উহা নিজামের অঙ্কগত হয়। ১৮০০ খৃষ্টাব্দে নিজাম উহা ইংরাজকরে সমর্পণ করেন।

বেল্লহল (পুং) কেলিনাগর, লম্পট, লোচ্চা। (জটাধর)

বেল্লি (স্ত্রী) বেল্লতি সঞ্চলতীতি বেল্ল-ইন্। লতা। (শব্দরত্না°)

বেল্লিক (দেশজ) নির্ব্বোধ, দুষ্ট চরিত্র।

বেল্লিকা (স্ত্রী) ইন্দুপোদকী, পুঁই বিশেষ। (রাজনি°)

বেল্লিকাখ্যা (স্ত্রী) বেল্লিকা আখ্যা যস্যাঃ। ১ বৃক্ষবিশেষ।

'মরুন্মালা বেল্লিকাখ্যা বিল্বপত্রী জরাপহা।' (শব্দচ°)

২ বিল্বশলাটু, বেলশুঁটা।

বেল্লিত (ত্রি) কম্পিত, দোলিত। ২ লুণ্ঠিত। ৩ বক্র, কুটিল। (ক্লী) ৪ চলন, দোলন, লুণ্ঠন। (মেদিনী)

বেল্লিতক (পুং) বৈকরঞ্জ সর্প বিশেষ।

বেল্ল্যা, বেলে (দেশজ) ১ বালুকাযুক্ত। ২ মৎস্য বিশেষ, বেলে মাছ।

বেলেমাটী, বালুকার ন্যায় দানাবিশিষ্ট মৃত্তিকা। সাধারণত পলিজাত ভূমিখণ্ডের মৃত্তিকাকেই বেলেমাটীর জমিবলে উহা আটাল মাটীর বিপরীত। ইহা ধান্যাদি চাষের উপযোগী।

বেল্লূর, (বেলুর বা রায় এল্লুরু) মান্দ্রাজপ্রদেশের উত্তর আর্কট জেলার অন্তর্গত বেল্লূর তালুকের অধীন একটী প্রসিদ্ধ সহর। অক্ষা° ১২°৫৫´১৭´´ উঃ, দ্রাঘি° ৭৯°১০´১৭´´ পূঃ। পালার নদীর তীরে মান্দ্রাজ হইতে ৮০ মাইল এবং আর্কট হইতে ১৫ মাইল পশ্চিমে অবস্থিত। এখানে সেনা-নিবাস, সব্‌কলেক্টরের কাছারি, আদালত, সেনাবিভাগীয় কার্য্যালয়, জেল, গির্জ্জা, হাসপাতাল, ডাকঘর, তারঘর ও গবর্মেণ্টের নানাবিভাগীয় কার্য্যালয় এবং মিউনিসিপালিটী ও মান্দ্রাজ রেলওয়ের একটী ষ্টেসন আছে। এই কারণে সহরটী বহুজনাকীর্ণ; লোকসংখ্যা প্রায় ৫০ হাজার। এখানকার দুর্গ অতি প্রাচীন। প্রবাদ এইরূপ—ভদ্রাচলবাসী এক ব্যক্তি খৃষ্টীয় ১২৭৪ হইতে ১২৮৩ খৃষ্টাব্দের মধ্যে উক্ত দুর্গ নির্ম্মাণ করিয়া বিজয়নগররাজবংশকে অর্পণ করেন। প্রায় খৃষ্টীয় সপ্তদশ শতাব্দের মধ্যভাগে বিজাপুরের সুলতান ঐ দুর্গ আক্রমণ করেন। ১৭৭৬ খৃষ্টাব্দে মহারাষ্ট্রনায়ক তুকাজিরাও ৪৷৷০ মাস অবরোধের পর বেল্লূর অধিকার করিয়াছিলেন। ১৭০৮ খৃষ্টাব্দে দিল্লী হইতে দাউদ খাঁ আসিয়া মার্হাট্টাদিগকে তাড়াইয়া দেন। এই সময় কর্ণাটকের মধ্যে বেল্লূর দুর্গই সর্ব্বাপেক্ষা দুর্ভেদ্য দুর্গ বলিয়া পরিচিত ছিল। দোস্তআলি জামাতাকে পরে এই দুর্গ অর্পণ করেন। তৎপুত্র মুর্ত্তিজা আলী এখানে ১৭৪১ খৃষ্টাব্দে সব্‌দর আলীকে হত্যা করেন। মুর্ত্তিজা তাঁহার অধিনায়ক আর্কটের নবাবের আদেশ অমান্য করিয়া এখানে স্বাধীনভাবে রাজত্ব করিতে থাকেন। এ সময়ে ইংরাজেরা আর্কটের নবাবের মিত্র। তাঁহারা ১৭৫৬ খৃষ্টাব্দে মুর্ত্তিজাকে শাসন করিবার জন্য বেল্লূরে উপস্থিত হন, কিন্তু অকৃতকার্য্য হইয়া প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হইয়াছিলেন। ১৭৬০ খৃষ্টাব্দে ইংরাজেরা পুনরায় বেল্লূর দুর্গ অধিকার করিতে আসেন, এবারেও কিন্তু তাঁহাদিগকে ফিরিয়া যাইতে হয়। যাহা হউক কএক বর্ষ পরে ইংরাজেরা বেল্লূর দখল করিয়া বসিলেন। ১৭৬৮ খৃষ্টাব্দে হায়দার আলী বেল্লূর দুর্গাবরোধের আয়োজন করেন। অবশেষে তিনি ১৭৮০ খৃষ্টাব্দে বহুসংখ্যক সৈন্য সামন্ত লইয়া উক্ত দুর্গাবরোধ করিয়া বসেন। প্রায় দুই বর্ষ কাল অবরোধ চলিয়াছিল। তাহাতে দুর্গস্থ ইংরাজসৈনিকগণের দুর্দ্দশার একশেষ হইয়াছিল। এমন কি সৈন্যগণ আত্মসমর্পণ করিবার উপক্রম করিয়াছিল, কিন্তু হায়দার আলীর মৃত্যু হওয়ায় এবং মান্দ্রাজ হইতে ইংরাজসৈন্য আসিয়া পড়ায় সে যাত্রা ইংরাজেরা মানে মানে রক্ষা পাইলেন। ১৭৯১ খৃষ্টাব্দে লর্ড কর্ণওয়ালিস্

এই দুর্গকে কেন্দ্র করিয়া রঙ্গপুর অভিযান করেন। ১৭৯৯ খৃষ্টাব্দে শ্রীরঙ্গপত্তনের পতনের পর টিপু সুলতানের পরিবারবর্গ এই বেল্লূর দুর্গে আবদ্ধ থাকেন। ১৮০৬ খৃষ্টাব্দে এখানে যে সিপাহী-বিদ্রোহ ঘটে, তাহাতে উক্ত সুলতান পরিবারের হস্ত ছিল বলিয়া অনেকের বিশ্বাস। এই বিদ্রোহে সকল ইংরাজরাজ-পুরুষ ও য়ুরোপীয়গণ বিদ্রোহী হস্তে প্রাণবিসর্জ্জন করিয়াছিলেন। কর্ণেল জিলেসপির চেষ্টায় সত্বরেই বিদ্রোহিগণ শাসিত হইল এবং টিপুর পরিবারবর্গ কলিকাতায় স্থানান্তরিত হইলেন।

উক্ত দুর্গ ব্যতীত এখানে একটী চমৎকার বিষ্ণুমন্দির আছে। এই মন্দিরের কারুকার্য্য ও শিল্পনৈপুণ্য দেখিয়া অনেকেই বিমুগ্ধ হইয়াছেন। মন্দিরের অলিন্দে অশ্বারোহী মূর্ত্তিতে যেরূপ ভাস্কর্য্য দৃষ্ট হয়, তাহার তুলনা অন্যত্র দুর্লভ; উক্ত মন্দির ছাড়া এখানকার চাঁদ সাহেবের মস্‌জিদ্‌ও দেখিবার জিনিষ।

এই সহর গরম হইলেও স্বাস্থ্যকর। এখানে যথেষ্ট সুগন্ধি পুষ্পের কৃষি হইয়া থাকে। প্রত্যহ রেলযোগে এখান হইতে ঝোড়া ঝোড়া ফুল মান্দ্রাজে রপ্তানী হইয়া থাকে।

বেবী, ১ কান্তি। ২ গতি। ৩ ব্যাপ্তি। ৪ ক্ষেপ। ৫ ভোজন। ৬ প্রজনন। ভ্বাদিঁ আত্মনেঁ সকঁ প্রজননার্থে অকঁ সেট্। লট্ বেবীতে। লুঙ্ অবেবিষ্ট। এই ধাতু বৈদিক।

বেবুর, বোম্বাই প্রদেশে কলাদ্‌গি জেলার অন্তর্গত একটী গণ্ড-গ্রাম। বাগলকোট হইতে ১২ মাইল পূর্ব্বে অবস্থিত। এখানে রামেশ্বর, নারায়ণ ও কালিকা-ভবানীর সুন্দর মন্দির আছে। প্রবাদ, ঐ সকল দেবালয় প্রসিদ্ধ স্থপতি যখনাচার্য্যের গঠিত।

বেশ (পুং) বিশন্তি নয়নমনাংস্যত্রেতি বিশ অধিকরণে ঘঞ্। যদ্বা বিশতি অঙ্গমিতি (পদরুজ বিশ স্পৃশো ঘঞ্। পা ৩।৩।১৬) ইতি ঘঞ্। অলঙ্কার রচনাদিকৃত শোভা, সজ্জা, বস্ত্র অলঙ্কারাদি পরিধান। পর্য্যায়—আকল্প, নেপথ্য, প্রতিকর্ম্ম, প্রসাধন, বেষ, (ভরত) বিশন্তি কামুকা যত্রেতি, অধিকরণে ঘঞ্। ২ বেশ্যাগৃহ। ৩ গৃহমাত্র। (মেদিনী) ৪ বস্ত্রগৃহ, চলিত তাঁবু। ৫ প্রবেশ। ৬ পণ্যস্ত্রী প্রভৃতি। (মনু ৪।৮৫)

বেশক (পুং) বেশ এব স্বার্থে কন্। গৃহ। (শব্দরত্না°) বেশ শব্দার্থ (ত্রি) ২ বেশকারক, যিনি বেশ করান।

বেশকুল (ক্লী) বেশ্যা, কুলটা স্ত্রী। (দশকুমার ৮২।৬)

বেশত্ব (ক্লী) বেশস্য ভাবঃ ত্ব। বেশের ভাব বা ধর্ম্ম।

বেশদান (পুং) সূর্য্য-শোভা। (শব্দচ°)

বেশধর, (ত্রি) ছদ্মবেশী। (পুং) ২ জৈনসম্প্রদায়ভেদ। ১৫৩৩ সংবতে এই সম্প্রদায় প্রবর্ত্তিত হয়। [জৈন দেখ।]

বেশধারিন্ (পুং) বেশং তাপসলিঙ্গং ধরতীতি ধৃ-ণিনি। ছলতপস্বী, কপট তপস্বী, যাহারা তপস্যার চিহ্ন ধারণ করে, অথচ তপস্বী নহে। (শব্দরত্না°) ২ সঙ্কর জাতিবিশেষ।

"গঙ্গাপুত্রস্য কন্যায়াং বীর্য্যেণ বেশধারিণঃ।
বভূব বেশধারী চ পুত্রো জুঙ্গী প্রকীর্ত্তিতঃ॥"

(ব্রহ্মবৈবর্ত্তপু° ব্রহ্মখ° ১০ অ°)

গঙ্গাপুত্রের কন্যার গর্ভে বেশধারীর ঔরসে বেশধারী জাতির মতান্তরে বর্ণকের উৎপত্তি হয় এবং তৎপুত্রেরা জুঙ্গী নামে প্রসিদ্ধ। ৩ (ত্রি) বেশধারক।

বেশন (ক্লী) বিশ ল্যুট্। প্রবেশ। (ভাগবত ১০।১২।২৬)

বেশনদ (পুং) নদীভেদ।

বেশান্ত (পুং) বিশন্ত্যত্র ভেকাদয় ইতি বিশ (জৃ বিশিভ্যাং ঝচ্। উণ্ ৩।১২৬) ইতি ঝচ্। ১ ক্ষুদ্র সরোবর। ২ পল্বল, কর্দ্দম। ৩ অগ্নি।

বেশভাব (পুং) বেশসজ্জার পরিপাটী। বেশ্যার কার্য্য। (মৃচ্ছকটিক ১২০।৯)

বেশযুবতী (স্ত্রী) বেশ্যা-রমণী।

বেশযোষিৎ (স্ত্রী) বেশ্যা।

বেশর (পুং) অশ্বতর, ঘোটকীতে গর্দ্দভজাত বা গর্দ্দভীতে ঘোটক জাত অশ্ব, খচ্চর।

বেশবধূ (স্ত্রী) বেশযোষিৎ, বেশ্যা।

বেশবনিতা (স্ত্রী) বেশস্ত্রী, বেশযোষিৎ।

বেশবৎ (ত্রি) বেশ অস্ত্যর্থে মতুপ্ মস্য বঃ। যাহারা বেশ্যার অর্থে জীবিকা নির্ব্বাহ করে।

"ন রাজ্ঞঃ প্রতিগৃহ্ণীয়াদরাজন্যপ্রসূতিতঃ।
সূনাচক্রধ্বজবতাং বেশেনৈব চ জীবতাম্॥" (মনু ৪।৮৪)

'বেশঃ পণ্যস্ত্রিয়া ভূতিঃ তয়া যো জীবতি স্ত্রী পুমান্ বা স বেশবান্' (কুল্লূক) বেশবানের নিকট প্রতিগ্রহ করিতে নাই। ২ বেশবিশিষ্ট।

বেশবার (পুং) বেসবার। (অমরটীকায় রায়মু°)

বেশবাস (পুং) বেশ্যার গৃহ।

বেশস্ (পুং) বেশ-অসুন্। ১ বেশ। (অথ° ২।৩।১৫) ২ বল।

বেশস্ত্রী (স্ত্রী) বেশযোষিৎ। বেশস্ত্রী, বেশকুলস্ত্রী।

বেশান্ত (পুং) বেশন্ত শব্দার্থ। স্ত্রিয়াং টাপ্।

বেশি (ক্লী) সূর্য্যের অবস্থানগৃহ। (লঘুজাতক ৯।৬)

বেশিক (ক্লী) শিল্পবিদ্যা। (ললিতবিস্তর)

বেশিন্ (ত্রি) ১ বেশধারী। ২ আবেশকারী।

বেশী (স্ত্রী) ১ সূচী। (ঋক্ ৭।১৮।১৭) (দেশজ) ২ অনেক, বহু।

বেশীজাতা (স্ত্রী) পুত্রদাত্রীলতা। (রাজনি°)

বেশোক, সদুক্তিকর্ণামৃত ধৃত একজন প্রাচীন সংস্কৃত কবি।

বেশোভগীন (ত্রি) বেশো বলং অস্ত্যস্ত বেশস্-খ (পা ৪।৪।১৩২) বলবান্।

বেশোভগ্য (ত্রি) বেশোঽস্ত্যস্তীতি বেশস্-যৎ। (পা ৪।৪।১৩১) বলশালী।

বেশ্ম (ক্লী) গৃহ।

বেশ্মক (ত্রি) গৃহসম্বন্ধীয়।

বেশ্মকলিঙ্গ (পুং) বেশ্মনঃ কলিঙ্গঃ। চটক, চড়াই পাখী। ইহার মাংসগুণ—সন্নিপাতনাশক এবং অতিশয় শুক্রবর্দ্ধক।

বেশ্মকুলিঙ্গ (পুং) গৃহকুলিঙ্গ। (সুশ্রুত)

বেশ্মকূল (পুং) বেশ্ম গৃহং কুলয়তীতি-কুল-ক। চচেণ্ডা। চলিত চিচিঙ্গা। (রাজনি°)

বেশ্মন্ (ক্লী) বিশন্ত্যত্রেতি বিশ-মনিন্। ১ গৃহ। (অমর)

বেশ্মনকুল (পুং) বেশ্মনো গৃহস্য নকুলঃ। গন্ধমূষিক, ছুছুন্দরী, ছুচা। (শব্দরত্না°)

বেশ্মভূ (স্ত্রী) বেশ্মনো ভূঃ। গৃহকরণযোগ্য ভূমি, পর্য্যায়—বাস্তু, যে জমিতে বাড়ী নির্ম্মাণ করা যায়। (অমর)

বেশ্মবাস (পুং) বাসবেশ্ম, বাসগৃহ, বাসঘর।

(কথাসরিৎসা° ৫৫।২৩৩)

বেশ্মস্ত্রী (স্ত্রী) বেশস্ত্রী, বেশ্যা।

বেশ্মান্ত (ত্রি) গৃহান্তঃপুর।

বেশ্য (ক্লী) বেশে ভবং বেশ (দিগাদিত্বাৎ যৎ। পা ৪।৩।৫৪) যদ্বা বেশ্যায়ৈ হিতং বেশ্যা-যৎ। ১ বেশ্যালয়। (মেদিনী) (ত্রি) ২ প্রবেশার্হ। "শততমং বেশ্যং সর্ব্বতাতা" (ঋক্ ৪।২৬।৩)

'বেশ্যং প্রবেশার্হং' (সায়ণ)

বেশ্যা (স্ত্রী) বেশমর্হতি বেশেন দীব্যতি আচরতি, বেশেন পণ্য-যোগেন জীবতি বা বেশ-যৎ-টাপ্। স্বনামখ্যাতা নারী, চলিত খানকী, পর্য্যায়—বারস্ত্রী, গণিকা, রূপাজীবা, বেষ্যা, ক্ষুদ্রা, শীলভঞ্জিকা, ঝর্ঝরা, শূলা, বারবিলাসিনী, বারবাণি, ভণ্ডহাসিনী, লজ্জিকা, বন্ধুরা, কুম্ভা, কামরেখা, বর্ব্বটী, সাধারণস্ত্রী, পণ্যাঙ্গনা, পণাঙ্গনা, ভুজিষ্যা, বারবধূ, ভোগ্যা, স্মরবীথিকা। (রাজনি°)

পরপুরুষগামিনী স্ত্রী, সাধারণতঃ বেশ্যা নামে অভিহিতা। কিন্তু শাস্ত্রে ইহার ভেদ কল্পিত হইয়াছে—

"পতিব্রতা চৈকপত্নী দ্বিতীয়ে কুলটা স্মৃতা।
তৃতীয়ে বৃষলী জ্ঞেয়া চতুর্থে পুংশ্চলী মতা॥
বেশ্যা তু পঞ্চমে ষষ্ঠে যুঙ্গী চ সপ্তমেঽষ্টমে।
তত ঊর্দ্ধং মহাবেশ্যা সাংস্পৃশা সর্ব্বজাতিষু॥"

(ব্রহ্মবৈবর্ত্তপু° প্রকৃতিখ° ৩১ অ°)

যে স্ত্রী একপতিরই সেবা করে, তাহাকে পতিব্রতা, পুরুষদ্বয়সেবিনী স্ত্রী কুলটা, পুরুষত্রয়গামিনী স্ত্রী বৃষলী, চতুর্থ পুরুষগামিনী স্ত্রী পুংশ্চলী, পঞ্চম বা ষষ্ঠ পুরুষসেবিনী বেশ্যা, সপ্তম ও অষ্টম পুরুষসেবিনী স্ত্রী যুঙ্গী এবং এতদতিরিক্ত পুরুষ-সংসর্গিণীকে মহাবেশ্যা কহে। ঐ মহাবেশ্যা সকল জাতির অস্পৃশ্যা। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে আরও লিখিত আছে,

যে দ্বিজ কুলটা, বৃষলী, পুংশ্চলী প্রভৃতিতে উপগত হয়, সে অবটোদ নামক নরকে গমন করে। কিন্তু ইহাদের মধ্যে কুলটাগামী শতবর্ষ, বৃষলীগামী তদপেক্ষা চতুর্গুণকাল, পুংশ্চলী-গামী তদপেক্ষা ষড়্গুণকাল, বেশ্যাগামী তাহা হইতে ৮ গুণ-কাল, যুঙ্গীগামী তদধিক দশগুণকাল এবং মহাবেশ্যাগামী তদপেক্ষা শতগুণকাল ঐ নরকে বাস করে। কুলটাদি সমুদয় গমনেও মহাবেশ্যাগামীর তুল্যকাল নরকভোগ হয়।

উক্তরূপে নরকভোগের পর কুলটাগামী তিত্তিরী, বৃষলীগামী কাক, পুংশ্চলীগামী কোকিল, বেশ্যাগামী বক, যুঙ্গীগামী শূকর, ও মহাবেশ্যাগামী শ্মশানের শাল্মলী বৃক্ষরূপে জন্মগ্রহণ করে।

বেশ্যা মৃত্যুর পর বেধন-নরকে, যুঙ্গী দণ্ডতাড়ন-নরকে, মহাবেশ্যা জলবন্ধ-নরকে, কুলটা দেহচূর্ণক-নরকে, পুংশ্চলী দলন নামক নরকে, ও বৃষলী শোষক-নরকে বাস করিয়া অশেষ যন্ত্রণা ভোগ করিয়া থাকে। সেইস্থানে মন্বন্তর পর্য্যন্ত বিষ্ঠামূত্র ভোজন করিয়া পরে লক্ষবর্ষ বিষ্ঠার কৃমি হইয়া ভোগাবসানে শুচি হয়।

ব্রাহ্মণী শূদ্রের ভোগ্যা হইলে চতুর্দ্দশ ইন্দ্র পর্য্যন্ত তপ্ত-শৌচোদকপূর্ণ গাঢ় অন্ধকারযুক্ত অন্ধকূপ নরকে নিমগ্না হইয়া দিবানিশি অনাহারে অশেষ প্রকার যন্ত্রণা সহ্য করিয়া থাকে। পরে সহস্র জন্ম কাকী, শতজন্ম শূকরী, শতজন্ম কুক্কুরী, সপ্তজন্ম শৃগালী, সপ্তজন্ম পারাবতী ও সপ্তজন্ম বানরী হইয়া পরিশেষে চাণ্ডালীদেহ ধারণের পর যক্ষ্মা বা কুষ্ঠরোগগ্রস্তা হইয়া পাপ-ভোগের পর শুদ্ধা হয়। (ব্রহ্মবৈবর্ত্তপু° প্রকৃতিখ° ৩১ অ°)

প্রায়শ্চিত্তবিবেকে লিখিত আছে যে, বেশ্যাগমনে প্রাজাপত্য ব্রতানুষ্ঠান করিলে পাপ ক্ষয় হয়। ইহাতে অশক্ত হইলে একটী ধেনুদান করিবে। এই প্রায়শ্চিত্ত সকৃৎ অর্থাৎ একবার গমনে জানিতে হইবে। অভ্যাসে নহে, অর্থাৎ ক্রমাগত বেশ্যাগমন করিলে এই প্রায়শ্চিত্তে পাপ ক্ষয় হইবে না, তখন কৃচ্ছ্রসাধ্য চান্দ্রায়ণ ব্রতানুষ্ঠান করিতে হইবে। চান্দ্রায়ণে ঐ পাপ ধ্বংস হইবে।

"বেশ্যাগমনপাপং প্রকীর্ণকং, তস্য প্রায়শ্চিত্তং তত্র সম্বর্ত্তঃ পশু-বেশ্যাভিগমনে প্রাজাপত্যং বিধীয়তে॥"

"তেন বেশ্যাগমনে প্রাজাপত্যং। তদশক্তৌ ধেনুরেকা। এতৎসকৃদ্গমনে, অভ্যাসে তু চান্দ্রায়ণেন চৈকেন সর্ব্বপাপক্ষয়ো ভবেদিতি আপস্তম্ববচনাচ্চান্দ্রায়ণং" (প্রায়শ্চিত্তবি°)

বেশ্যার অন্নভোজন করিতে নাই, যে দ্বিজ বেশ্যার অন্নভোজন করে, সে কালসূত্র নরকে গমন করে, এবং শতবর্ষকাল নরক ভোগ করিয়া শূদ্ররূপে জন্মগ্রহণ করে ও সেই জন্মে নানাবিধ রোগ ভোগ করিয়া শুদ্ধিলাভ করিয়া থাকে।

"পুংশ্চল্যন্নঞ্চ যো ভুঙ্‌ক্তে বেশ্যান্নঞ্চ পতিব্রতে!
তদ্‌ব্রজেত্তু দ্বিজো যো হি কালসূত্রং প্রযাতি সঃ॥
শতবর্ষং কালসূত্রে স্থিত্বা শূদ্রো ভবেদ্ ধ্রুবম্।
তত্র জন্মনি রোগী চ ততঃ শুদ্ধো ভবেদ্দ্বিজঃ॥"
(ব্রহ্মবৈবর্ত্তপু° প্রকৃতিখ° ৩১ অ°)

বেশ্যাদর্শন করিয়া যাত্রা করিলে শুভ হয়।

"ধেনুর্বৎসপ্রযুক্তা বৃষগজতুরগা দক্ষিণাবর্ত্তবহ্নিঃ
দিব্যস্ত্রী পূর্ণকুম্ভা দ্বিজনৃপগণিকাঃ পুষ্পমালা পতাকা।
সদ্যোমাংসং ঘৃতং বা দধি মধু রজতং কাঞ্চনং শুক্লবাস্ত্রং
দৃষ্ট্বা শ্রুত্বা পঠিত্বা ফলমিহ লভতে মানবো গন্তুকামঃ॥"

বেশ্যাগণ (পুং) বেশ্যানাং গণঃ। বেশ্যাসমূহ। পর্য্যায়, বেশ্যাবার।

বেশ্যাঙ্গনা (স্ত্রী) কুলটা স্ত্রী।

বেশ্যাচার্য্য (পুং) বেশ্যানামাচার্য্যঃ। পীঠমর্দ্দ। ভেড়ুয়া।

বেশ্যাজনসমাশ্রয় (পুং) বেশ্যাজনানাং সমাশ্রয়ঃ আশ্রয়স্থানং। বেশ্যালয়। পর্য্যায়—বেশ, বেশ্যাশ্রয়, পুর, বেশ্ম। (জটাধর)

বেশ্বর (পুং) অশ্বতর, খর, গর্দ্দভ। (ভূরিপ্র°)

বেষ (পুং) বেবেষ্টি ব্যাপ্নোতি অঙ্গং বেষঃ, পচাদিত্বাদন্। ১ নেপথ্য, বেশরচনাস্থান। ২ বেশ্যাজনাশ্রয়, বেশ্যাগৃহ।

"গৃহমাত্রে গণিকায়াঃ সদ্মনি বেশো ভবেত্তু তালব্যঃ।
তালব্যো মূর্দ্ধন্যোঽলঙ্করণে আচার্য্যেঃ॥" (উদ্ভটবিবেক)

৩ সংস্থান বিশেষ।

"যস্য দেবস্য যদ্রূপং বেষো যশ্চ পরাক্রমঃ।" (রামা°-১।১৭।১৯)

বেবেষ্টি ব্যাপ্নোতি কর্ত্তৃনিতি, পচাদ্যচ্। ৪ কর্ম্ম। (নিঘণ্টু ২।১) বিষ ব্যাপ্তৌ ঘঞ্। ৫ ব্যাপ্তি। "কর্ম্মণে বাং বেষায় বাং" (শুক্লযজু° ১।৬) 'বেষায় চ বিষ ব্যাপ্তৌ ঘঞ্, বেষো ব্যাপ্তিঃ' (মহীধর) (ত্রি) ৬ কার্য্যপরিচালন।

বেষকার (পুং) বেষ্টন।

বেষণ (পুং) বিষ ব্যাপ্তৌ ল্যু। ১ কাসমর্দ্দ। (হারাবলী) (ক্লী) বিষ-ল্যুট্। ২ প্রবেষণ। ৩ পরিচর্য্যা। "অব স্মযস্য বেষণে থেদং" (ঋক্ ৫।৭।৫) 'যস্যাগ্নের্বেষণে পরিচর্য্যায়াং' (সায়ণ)

বেষণা (স্ত্রী) বেবেষ্টি ব্যাপ্নোতীতি বিষ-ল্যু-টাপ্। বিতুন্নক বৃক্ষ, ধন্যা। (রত্নমালা)

বেষদান (পুং) সূর্য্যশোভা।

বেষধারিন্ (ত্রি) বেষ-ধৃ-ণিনি। কপটতপস্বী। বেশধারক।

জাতি বিশেষ।

বেষবৎ (ত্রি) বেষ-মতুপ্ মস্য ব। বেশযুক্ত, বেশবিশিষ্ট।

বেষবার (পুং) বেসবার। (রায়মুকুট)

বেষশ্রী (ত্রি) সুললিত বাক্যযুক্ত (মন্ত্র)। (শতপথব্রা° ৮।৫।৮৩)

বেষিন্ (ত্রি) বেশধারী।

বেস্ক (পুং) জীবননাশক ফাঁস। (শতপথব্রা° ৩।৮।১।১৫)

বেষ্ট, বেষ্টন। ভ্বাদিঁ আত্মনেঁ সকঁ সেট্। লট্ বেষ্টতে। লিট্ বিবেষ্টে। লুট্ বেষ্টিতা। লৃঙ্ অবেষ্টিষ্ট, অবেষ্টিষাতাং অবেষ্টিষত। সন্ বিবেষ্টিষতে। যঙ্ বেবেষ্ট্যতে। যঙ্লুক্ বেবেষ্টি। ণিচ্ বেষ্টয়তি। লুঙ্ অবিবেষ্টৎ, অববেষ্টৎ।

বেষ্ট (পুং) বেষ্ট-ঘঞ্। ১ বেষ্টন। (শব্দমালা)

২ শ্রীবেষ্ট নামক সুগন্ধকাষ্ঠ, সরলকাষ্ঠ। (রাজনি°)

৩ নির্য্যাস, আটা। (বৈদ্যক) ৪ মুখরোগবিশেষ।

"দন্তাশ্চলন্তি বেষ্টেভ্যস্তালু চাপ্যবদীর্য্যতে।" (সুশ্রুত ২।১৬)

এই রোগে দন্ত বিচলিত এবং তালুর অবদারণ হয়।

বেষ্টক (ক্লী) বেষ্টতে ইতি বেষ্ট-ণ্বুল্। ১ উষ্ণীষ। (শব্দরত্না°) ২ নির্য্যাস, আটা। ৩ শ্রীবেষ্ট। (পুং) ৪ প্রাচীর। ৫ কুষ্মাণ্ড। (ত্রি) ৬ বেষ্টন-কারক। ৭ বল্কল। (রত্নমালা)

বেষ্টকাপথ প্রাচীন শিবস্থান। "শ্রেষ্ঠং কোটেশ্বরে তীর্থে বরিষ্ঠং বেষ্টকাপথে।" (সহ্যাদ্রি ১।২৯।১৪)

বেষ্টন (ক্লী) বেষ্টতে ইতি বেষ্ট-ল্যু। ১ বর্শশঙ্কুলী। ২ উষ্ণীষ। ৩ মুকুট। ৪ বৃতি, বেড়া। (মেদিনী) ৫ গুগ্‌গুলু। (শব্দচ°) ৬ বলয়ন। (রঘু ৪।৪৮) ৭ খর্পর-পোলিকা। (বৈদ্যকনি°)

বেষ্টনক (পুং) বেষ্টনেন কায়তীতি কৈ-ক। রতিবন্ধবিশেষ। লক্ষণ—"ঊর্দ্ধগং পাদমেকঞ্চ ভুজান্তর্বেষ্টয়েদ্ যদি।
কান্তকক্ষাশ্রিতাং নারীং বন্ধো বেষ্টনকঃ স্মৃতঃ॥" (রতিমঞ্জরী)

বেষ্টনবেষ্টক (পুং) বেষ্টনেন বেষ্টতে ইতি বেষ্ট-ণ্বুল্। রতিবন্ধ বিশেষ।

"ঊর্দ্ধং পাদদ্বয়ং নার্য্যা ভুজাভ্যাং বেষ্টয়েদ্ যদি।
করাভ্যাং কণ্ঠমালিঙ্গ্য বন্ধো বেষ্টনবেষ্টকঃ॥" (রতিমঞ্জরী)

বেষ্টপাল (পুং) বৌদ্ধভেদ। (তারনাথ)

বেষ্টবংশ (পুং) বেষ্টঃ বেষ্টনকারী বংশঃ। কণ্টকিন, চলিত বেউড়বাঁশ বা বেড়ুবাঁশ। (শব্দচ°)

বেষ্টব্য (ত্রি) বেষ্টনযোগ্য।

বেষ্টসার (পুং) বেষ্টানাং সারো যত্র। শ্রীবেষ্ট। (রাজনি°)

বেষ্টা (স্ত্রী) হরীতকী। (বৈদ্যকনিঃ)

বেষ্টিত (ত্রি) বেষ্ট-ক্ত। নদী বা প্রাচীরাদি দ্বারা কৃতবেষ্টন, চলিত বেড়া, পর্য্যায় বলয়িত, সংবীত, রুদ্ধ, আবৃত। (অমর) (ক্লী) ২ রুদ্ধ। ৩ লাসক। ৪ করণান্তঃ। (মেদিনী)

বেষ্টিতক (ত্রি) বেষ্টিত স্বার্থে কন্। বেষ্টিত শব্দার্থ।

বেষ্প (পুং) বেবেষ্টীতি বিষ ব্যাপ্তৌ (পানীবিষিভ্যঃ পঃ। উণ্ ৩।২৬) ইতি প। পানীয়। (উজ্জ্বল)

বেস, গতি। ভ্বাদি পরস্মৈ সক সেট্। লট্ বেসতি। লুঙ্ অবেসীৎ। ণিচ্ বেসয়তি। লুঙ্ অবিবেশৎ।

বেসন (ক্লী) বেস-ল্যুট্। দ্বিদলচূর্ণ,ডাইলের গুড়া,চলিত ব্যাসন।

"দালয়শ্চণকানাস্তু নিস্তুষা যন্ত্রপেষিতাঃ ঃ।
তচ্চূর্ণং বেসনং প্রোক্তং পাকশাস্ত্রবিশারদৈঃ॥" (ভাবপ্র°)

নিস্তুষ চণকাদির ডাইল যন্ত্রপেষিত হইলে তাহার চূর্ণকে বেসন কহে। গুণ রুচিকর, বিষ্টম্ভজনক, বল ও পুষ্টিকর।

২ গমন।

বেসর (পুং) অশ্বতর। (হেম)

বেসর, (দেশজ) চলিত ব্যাসোর। নাসালঙ্কারভেদ।

বেসবার (পুং) ধন্যাকসর্ষপাদি পিষ্ট, চলিত বেসার বা বাটনা। ধনে জিরামরিচ প্রভৃতি পেষণ করিলে তাহাকে বেসবার কহে। পর্য্যায় উপস্কর, বেষবার, বেশবার। (মুকুট) ২ ব্যঞ্জন বিশেষ। ৩ পক্কমাংসভেদ।

"নিরস্থিপিশিতং পিষ্টং স্নিগ্ধং গুড়ঘৃতান্বিতং।
কৃষ্ণামরিচসংযুক্তং বেসবার ইতি স্মৃতং॥" (পরিভাষাপ্র°)

মাংস হইতে হাড়গুলি বাছিয়া সেই মাংস উত্তমরূপে পেষণ করিতে হইবে, পরে ঐ পিষ্ট মাংস গুড়, ঘৃত, পিপুল ও মরিচের সহিত মিশ্রিত করিয়া সম্যক্ রূপে সিদ্ধ করিলে বেসবার প্রস্তুত হয়। গুণ—গুরু, স্নিগ্ধ ও বলোপচয়কারক। (রাজব°)

বেসবারগণ—

"অজাজী মরিচং শুণ্ঠী গ্রন্থিধান্যনিশাদ্বয়ম্।
পিপ্পলী দাড়িমশ্চেতি বেসবারগণোমতঃ॥" (রাজনি°)

জীরা, মরিচ, শুঁঠ, পিপুলমূল, ধনে, হরিদ্রা, দারুহরিদ্রা, পিপ্পলী ও দাড়িম এই সকল দ্রব্য বেসবারগণ।

বেসবারীকৃত (ত্রি) বেসবারগণদ্বারা সংস্কৃত।

বেসারা, রঙ্গপুরবাসী মুসলমান সম্প্রদায়ভেদ।

বেসুক, বেসুগি, দেবগিরির যাদববংশীয় একজন রাজা।

[দেবগিরি ও যাদবরাজবংশ দেখ।]

বেসেড়া (দেশজ) ১ যাহারা ভিন্ন দেশে বাসা করিয়া একত্র বাস করে। ২ বাসি ও এড়া, পর্য্যুষিত।

বেহ, যত্ন। ভ্বাদিঁ আত্মনেঁ অকঁ সেট্। লট্ বেহতে। লিট্ বিবেহে। লুঙ্ অবেহিষ্ট। লুট্ বেহিতা। লৃট্ বেহিষ্যতে। সন্ বিবেহিষতে। যঙ্ বেবেহ্যতে। ণিচ্ বেহয়তি। অবিবেহৎ।

বেহৎ (স্ত্রী) বিশেষেণ হন্তি গর্ভমিতি বি-হন-অতি সংশ্চত্বং-পদ্বেহৎ (উণ্ ২।৮৫) গর্ভোপঘাতিনী গৌঃ। (অমর) 'অনৃতৌ বৃষোপগমনাদিবশাৎ যস্যা গর্ভপাতো ভবতি সা। বিহন্তি গর্ভং শশ্বৎ বেহৎ হন্ গতৌ বধে ক্বিপ্ নিপাতঃ।' (ভরত) গর্ভোপঘাতিনী গৌঃ। যে গোরু ঋতুকাল ভিন্ন অন্য সময়ে বৃষের সহিত সঙ্গত হইয়া গর্ভ নষ্ট করে।

"বশা চ মে ঋষভশ্চ মে বেহচ্চ মেঽনড্বাংশ্চ মে"(শুক্লযজুঁ°১৮।২৭)

জাতিবাচক শব্দের সহিত সমাস হইলে ইহার পরনিপাত হয়। যেমন "বেহচ্চ সা গৌশ্চেতি" বেহৎ এমন গো= গোবেহৎ (কর্ম্মধা)। (পা ২।১।৬৫)

৩ ঝিলম্ বা বিতস্তা নদী (Hydaspes)। [বিতস্তা দেখ।]

বেহাই (দেশজ) বৈবাহিক, কন্যা বা পুত্রের শ্বশুর।

বেহায়া (পারস্য, বে বিহীন হায়া লজ্জা) নির্লজ্জ, লজ্জাহীন।

বেহার (পুং) স্বনামখ্যাত দেশ বিশেষ। (মৎস্যসূক্ত ৫০ পটল)

[বিহার দেখ]

বেহারা (দেশজ) যানবাহক, কাহার।

বাগ্দী, বাউরি, চণ্ডাল, রব্বাণী কাহার, ওড় প্রভৃতি নিম্ন শ্রেণীর হিন্দুদিগের মধ্যে এই উপাধি প্রচলিত আছে। সচরাচর ঐ সকল জাতি পাল্কী বহন করে বলিয়া 'বেহারা' নাম হইয়া থাকিবে। কাহারও মতে 'ব্যবহার' শব্দ হইতে 'বেহারা' হইয়াছে। উড়িষ্যায় নিম্ন শ্রেণীর ব্রাহ্মণ, তেলি, গন্ধবণিক, ঝাঙ্কয়া, কুম্ভার, ভুঁয়া ও কেওট প্রভৃতি জাতির প্রধান বা মণ্ডলের 'বেহারা' উপাধি আছে। ইহা 'ব্যবহর্ত্তা' শব্দের অপভ্রংশ বলিয়া সাধারণের বিশ্বাস। গৌড়জাতির মধ্যে 'বেহারা' বিশেষ সম্মানিত।

বেহারিনাথ, বঙ্গের একটী শৈলশৃঙ্গ।

বেহালা ২৪ পরগণার অন্তর্গত একটী বর্দ্ধিষ্ণু গ্রাম। এখানে সবরেজেষ্টরী, ডাকঘর ও স্কুল আছে।

বেহালা, বাদ্যযন্ত্রবিশেষ। ইংরাজী Violin, ইতালী Vialo; সম্ভবতঃ এই শব্দটী ভিয়ালো শব্দ হইতে বাঙ্গালায় ব্যবহৃত হইয়াছে। বাদ্যযন্ত্রবিশেষ।

বেহির মধ্যপ্রদেশের বালাঘাট জেলার অন্তর্গত একটী তহসীল। পরিমাণ ১৪৫১ বর্গ মাইল।

২ উক্ত তহসীলের অধীন একখানি গণ্ডগ্রাম। বালাঘাট সহর হইতে ৪১ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। এখানে অধিকাংশ গোঁড় ও প্রধানের বাস। এখন সেরূপ সমৃদ্ধিশালী না হইলেও এক সময়ে যে এই স্থানে বহুলোকের বাস ছিল, তাহার যথেষ্ট পরিচয় রহিয়াছে। দানাদার পাথরে নির্ম্মিত সুদৃশ্য ভাস্করশিল্পসমন্বিত অতি প্রাচীন ও অতি বৃহৎ ১৩টী মন্দিরের ভগ্নাবশেষ বিদ্যমান। দেখিলেই প্রাচীন বৌদ্ধকীর্ত্তি বলিয়া মনে হয়।

বেহিস্তুন (বেহিস্তান) পারস্য দেশের সীমান্তে কিরমাণসাহ

হইতে ২১ মাইল পশ্চিমে অবস্থিত একটী প্রাচীন গ্রাম। নানা ভাস্করশিল্পযুক্ত প্রস্তরখোদিত একটী গিরিশৈলের পাদদেশে এই গ্রামটী। এই গ্রামে নানাস্থানে সুদৃশ্য মর্ম্মর-প্রস্তরের স্তম্ভ সকল ইতস্ততঃ বিক্ষিপ্ত রহিয়াছে। এ ছাড়া অখমনী-বংশের সময়ে উৎকীর্ণ বহু কীলরূপা শিলালিপি বিদ্যমান। উহাতে বাহ্লিক-মদ্র (Bactro-Medo)-বাসী দারয়বুসের অধিকারভুক্ত বহুতর ইরাণীয় জাতির নাম দৃষ্ট হয়। এখানকার দুইখানি ফলকলিপি বিশেষ উল্লেখযোগ্য, উহার এক খানিতে গোতার্য্যের (Gotarzes) সময়কার ভগ্ন গ্রীকলিপি এবং অপর খানিতে পার্লিপোলিসের ভাস্কর্য্যশিল্প সমলঙ্কৃত! এই ২য় ফলকে ১০০০ পংক্তিযুক্ত কীললিপি আছে, ইহাতে দারয়বুস্ বিস্তাস্পের (Darius Hystaspes) ধর্ম্মমত, বাবেরুধ্বংসের কথা, এবং তাঁহার হস্তে উদপতি বা শাসনকর্ত্তা নেবুনেতের পুত্র নেবুকাদ নেজারের শাসনকাহিনী বিবৃত হইয়াছে।

কীলরূপা শিলালিপিতে এইস্থান 'বগিস্থান' নামে খ্যাত। প্রবাদ, এই স্থানেই রাণী সেমিরামিসের প্রমোদ-উদ্যান ছিল।

এখানে দারয়বুস্ বিস্তাস্পের যে সুবৃহৎ শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তাহা তিনভাষার লিখিত—প্রাচীন পারস্য, বাবেরু (Babylonian), ও শাক। কিরূপে তিনি নিজ সাম্রাজ্যে জরথুস্ত্রধর্ম্ম পুনঃ প্রতিষ্ঠিত করেন, কিরূপে তিনি অবস্তা শাস্ত্র ও তাহার টীকা উদ্ধার করেন, তাহার পরিচয় উক্ত লিপিতে বিবৃত হইয়াছে।

ভাষাবিদ্‌গণ উক্ত শাকলিপির ভাষাকে খৃষ্টপূর্ব্ব ৫ম শতাব্দে ব্যবহৃত মদ্রদিগের ভাষা বলিয়া গণ্য করিলেও ঐ ভাষার সহিত দ্রাবিড়ীয় ভাষার উগ্রশ্রেণীর সহিত যথেষ্ট সৌসাদৃশ্য আছে। একারণ অনেকে মনে করেন মদ্র-পারস্য (Medo-Persians) জাতির অভ্যুদয়ের পূর্ব্বে উগ্রায় ভাষাতেই শাকেরা কথা বলিত, তুর্কী বা মোঙ্গলীয় ভাষায় নহে।

বেহোশ, (পারস্য বে বিহীন হোশ জ্ঞান) অজ্ঞান, সংজ্ঞাহীন, অচৈতন্য, মত্ত।

বেহ্ল, চলন, গতি। ভ্বাদিঁ পরস্মৈঁ সকঁ সেট্। লট্ বেহ্লতি। লিট্ বিবেহ্ল। লুট্ বেহ্লিতা। লুঙ্ অবেহ্লীৎ। সন্ বিবেহ্লিষতে। যঙ্ বেবেহ্লতে। ণিচ্ বেহ্লয়তি। অবিবেহ্লৎ।

বৈ, শোষণ। ভ্বাদিঁ পরস্মৈঁ অকঁ অনিট্। লট্ বায়তি। লিট্ ববৌ। লুট্ বাতা। লুঙ্ অবাসীৎ। লৃট্ বাস্যতি। সন্ বিবাসতি। যঙ্ বাবায়তে। ণিচ্ বাপয়তি। ক্ত বানঃ, নির্ব্বাণঃ।

বৈ, (অব্যয়) এ অব্যয় পাদপূরণ, সম্বোধন, অনুনয় ও নিশ্চয়ার্থবোধক।

বৈংশতিক (ত্রি) বিংশত্যা ক্রীত=বিংশতিক-অণ্ (পা ৫।১।২৭) বিংশতিদ্বারা ক্রীত, যাহা বিংশতিদ্বারা ক্রয় করা হইয়াছে।

বৈঁচি, বাঙ্গালার হুগলী জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। কলিকাতা হইতে ৪৪ মাইল দূরে গ্রাণ্ডট্রাঙ্করোড নামক রাস্তার উপর অবস্থিত। অক্ষা° ২৩°৭´ উঃ এবং দ্রাঘি° ৮৮° ১৫´ ৩৫´´ পূঃ। এখানে ইষ্ট-ইণ্ডিয়া রেলওয়ের ষ্টেসন আছে। এক সময়ে এখানে প্রসিদ্ধ ডাকাতের দল ছিল।

বৈকংসেয় (পুং) বিকংসা-ঢক্ অপত্যার্থে (পা ৪।১।১২৩)

বৈকক্ষ, (ক্লী) বিশেষেণ কক্ষতি ব্যাপ্নোতি বি-কক্ষ-অণ্। তির্য্যক্‌ভাবে কক্ষাবলম্বী হার বা মাল্য ভেদ; অর্থাৎ যে হার বা মাল্য যজ্ঞোপবীতের ন্যায় বক্ষঃ ও কক্ষা অবলম্বন করিয়া অবস্থিত থাকে।

বৈকক্ষ (পুং) পর্ব্বত ভেদ। (ভাগবত ৫।১৬।২৬)

বৈকক্ষক (ক্লী) বৈকক্ষ-কন্ স্বার্থে। বৈকক্ষ শব্দার্থ।

বৈকঙ্কত (পুং) ১ বৃক্ষ বিশেষ, চলিত বৈঁচ। পর্য্যায় বৃতিক্ষর, শ্রুবাবৃক্ষ, গ্রন্থিল, স্বাদুকণ্টক, ব্যাঘ্রপাৎ, কণ্টিকারী, বিকঙ্কত। (ত্রি) বিকঙ্কতস্যাবয়বো বিকারো বা বিকঙ্কত-অণ্ পলাশাদিভ্যো বা (পা ৪।৩।১৪১) ২ বিকঙ্কত নির্ম্মিত শ্রুবাদি। "স পালাশে বা শ্রুবে বৈকঙ্কতে বা"। (শতপথব্রা° ৫।২।৩।১৫)

বৈকটিক (পুং) ১ বিকট সম্বন্ধীয়, বিভীষিকা সম্বন্ধীয়। ২ মণিকার, জহুরী।

বৈকট্য (ক্লী) বিকটের ভাব বা ধর্ম্ম, বিকটতা।

বৈকতিক (পুং) মণিকার, জহুরী। (হেমচন্দ্র)

বৈকথিক (ত্রি) বিকথায়াং সাধুঃ। যে মিথ্যাশ্লাঘায় পটু।

বৈকয়ত (পুং) জাতিবিশেষ।

বৈকয়তবিধ (পুং) বৈকয়তানাং বিষয়োদেশঃ ইতি বিধল্। বৈকয়তদিগের দেশ। (পা ৫।২।৫৪)

বৈকর (ত্রি) বিকরাৎ প্রাক্‌দীব্যতি বিকর-অঞ্ (পা৪।১।৮৬) বিকরের পূর্ব্বে ক্রীড়িত প্রভৃতি।

বৈকরঞ্জ (পুং) সঙ্করজাতীয় সর্পবিশেষ। দর্ব্বীকর (ফণাযুক্ত), মণ্ডলী (ফণাহীন) ও রাজিমান্ (রেখাযুক্ত), এই তিন প্রকারের পরস্পর মিশ্রণে উৎপন্ন সর্পসমূহ বৈকরঞ্জ নামে অভিহিত হয়। ইহারা আবার মাকুলি, পোটগল ও স্নিগ্ধরাজি ভেদে তিন প্রকার। কৃষ্ণসর্প ও গোনসের সঙ্গমে মাকুলি, রাজিল ও গোনসের সঙ্গমে পোটগল এবং কৃষ্ণসর্প ও রাজিমানের সঙ্গমে স্নিগ্ধরাজি উৎপন্ন হয়। মাকুলির বিষ পিতৃবংশের ন্যায় এবং পোটগল ও স্নিগ্ধরাজির বিষ মাতৃবৎ হইয়া থাকে। ইহারা আবার দিব্যলেপ, রোধ্রপুষ্প, রাজিচিত্রক, পোটগল, পুষ্পা-

ভিকীর্ণ, দর্ভপুষ্প ও বেল্লিতক ভেদে সাত প্রকার; তন্মধ্যে আদ্য তিনটী রাজিমানের ন্যায়, অবশিষ্টগুলি মণ্ডলীর ন্যায়।

বৈকর্ণ (পুং) বিকর্ণস্যাপত্যমিতি বিকর্ণ-অণ্ (বিকর্ণশুঙ্গচ্ছগণাৎ বৎসভরদ্বাজাশ্রিষু। পা ৪।১।১১৭) ১ বাৎস্যমুনি। (সিদ্ধান্তকৌ°) ২ জনপদবিশেষ।

"বৈকর্ণয়োর্জনান্ রাজা ন্যস্তঃ" (ঋক্ ৭।১৮।১১)

'বৈকর্ণয়োর্জনপদয়োর্বিদ্যমানান্'। (সায়ণ)

৩ অক্ষচক্র।

"হিরণ্যপর্ণো বৈকর্ণঃ স ত্বা মন্মনসাং করোতু।' (পার°গৃহ্য° ২।৪)

বৈকর্ণায়ন (পুং) বিকর্ণের গোত্রাপত্য।

বৈকর্ণি (পুং) বিকর্ণের অপত্য। বাৎস। (পা ৪।১।১১৭)

বৈকর্ণেয় (পুং) কাশ্যপের বংশধর ইত্যর্থে বিকর্ণ শব্দের উত্তর ঢক্ প্রত্যয়ে নিষ্পন্ন। (পা ৪।১।১২৪)

বৈকর্ত্ত (ক্লী) প্রৌঢ় মাংসখণ্ড। (ঐত° ব্রা° ৭।১)

বৈকর্ত্তন (ত্রি) ১ সূর্য্যের পুত্র। ২ কর্ণ। ৩ সূর্য্যসম্বন্ধীয়। ৪ সূর্য্যবংশীয়। ৫ সুগ্রীবের পূর্ব্বপুরুষ।

বৈকর্ম্ম (পুং) বিকর্ম্মের ভাব, অপকর্ম্ম।

বৈকর্ম্য (ক্লী) বিকরের ভাব বা ধর্ম্ম, করহীনতা।

বৈকল্প (ত্রি) বিকল্প বা বিকৃতভাব।

বৈকল্পিক (ত্রি) বিকল্পেন প্রাপ্তঃ তত্র ভবো বা বিকল্প-ঠক্। ১ পক্ষপ্রাপ্ত, যাহা এক পক্ষে হয়। ২ সন্দেহযোগ্য।

বৈকল্য (ক্লী) ১ বিকলতা, বিকলের ভাব বা ধর্ম্ম। ২ কাতরতা। ৩ বিকৃতভাব। ৪ খঞ্জতা। ৫ অঙ্গহীনতা। ৬ ন্যূনতা। ৭ অভাব। ৮ অসম্পূর্ণ।

বৈকায়ন (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। (সংস্কারকৌ°)

বৈকারিক (ত্রি) ১ বিকারপ্রাপ্ত, রূপান্তরিত, অন্যথাভাব প্রাপ্ত, এক প্রকার হইতে অন্য প্রকারে পরিণত। (ক্লী) বিকার এব বিকার-ঠক্। ২ বিকার।

বৈকারিমত (ক্লী) বিকারপ্রাপ্ত মত, মতের বিকার ভাব। (পা ২।২।৩১)

বৈকার্য্য (ক্লী) ১ বিকারের ভাব বা ধর্ম্ম। ২ বিকারের যোগ্য, যাহা বিকার প্রাপ্ত হইতে পারে।

বৈকাল (পুং) বিকাল, অপরাহ্ণ, শেষবেলা।

বৈকাল, রুষাধিকৃত এসিয়ার মঙ্গোলিয়া বিভাগে অবস্থিত একটী বিস্তৃত হ্রদ। ইহা লম্বে ৪০০ মাইল এবং প্রস্থে সর্ব্বত্রই প্রায় ৪৫ মাইল। সমুদ্রপৃষ্ঠ হইতে ইহা ১৭১৫ ফিট উচ্চ। এখানে শীল প্রভৃতি নানা জাতীয় মৎস্য পাওয়া যায়। ঐ কারণে কএকখানি বাষ্পীয় পোত ইহার তীরে সর্ব্বদা যাতায়াত করিতেছে। বিগত রুষ-জাপানে যুদ্ধের সময় এই হ্রদের বরফের উপর দিয়া রুষগণ রেলপথ বিস্তার করেন। দুঃখের বিষয়, বরফ ভাঙ্গিয়া একখানি সৈন্যপূর্ণ গাড়ী ঐ জলগর্ভে নিমজ্জিত হয়। ইহার সন্নিকটে ধাতব জলপূর্ণ কয়েকটী প্রস্রবণ আছে। হ্রদের উত্তর পূর্ব্বকোণে ওলিওহন নামক দ্বীপ। এখানে ভ্রমণকারী মঙ্গোল ও পুলাতে জাতিরা প্রায়ই আসিয়া থাকে।

বৈকালিক (ত্রি) বিকালে ভবঃ বিকাল-ঠক্। ১ বিকালে জাত, অসময়ে উৎপন্ন। ২ বিকাল সম্বন্ধীয়।

বৈকালিক (দেশজ) বৈকালে অর্থাৎ অপরাহ্ণ বা সায়াহ্নে দেবতাদিগের উদ্দেশে যে ফলাদি উপহার উৎসর্গ করা হয়।

বৈকাশেয় (পুং) বিকাশের অপত্যাদি। (পা ৪।১।১২৩) (ত্রি) বিকাশের উপযুক্ত, প্রকাশের যোগ্য।

বৈকি[ঙ্কি] (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। (প্রবরাধ্যায়)

বৈকির (ত্রি) বিকির বা প্রস্রবণাদির জল। (সুশ্রুত)

বৈকুট্যাসীয় (ত্রি) বিকুট্যাস সম্বন্ধীয়। (পা ৪।২।৮০)

বৈকুণ্ঠ (পুং) ১ কৃষ্ণ। (ভাগবত ১।১৫।৪৬)

এই শব্দের ব্যুৎপত্তি যথা—চাক্ষুস মন্বন্তরে পুরুষোত্তমদেব বৈকুণ্ঠে বিকুণ্ঠের গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন, এইজন্য বৈকুণ্ঠ নাম হইয়াছে।

বিকুণ্ঠায়া অপত্যং বৈকুণ্ঠঃ শিবাদিত্বাৎ ষ্ণঃ।

"চাক্ষুষান্তরে দেবো বৈকুণ্ঠঃ পুরুষোত্তমঃ।
বিকুণ্ঠায়ামসৌ জজ্ঞে বৈকুণ্ঠৈ দেবতৈঃ সহ॥" (বিষ্ণুপুরাণ)

আরও লিখিত আছে যে কুণ্ঠা শব্দে মায়া, যাহার বিবিধ প্রকার মায়া বিদ্যমান আছে, তিনি বৈকুণ্ঠ নামে অভিহিত। কুণ্ঠত্যনয়া, কুণ্ঠা মায়া বিবিধা কুণ্ঠা মায়া বিদ্যতেঽস্য বৈকুণ্ঠঃ (বিষ্ণুর সহস্রনামটীকায় শঙ্করাচার্য্য)

ব্রহ্মবৈবর্ত্ত মতে, বিষ্ণুর রাম, নারায়ণ ও বৈকুণ্ঠ প্রভৃতি একাদশ নাম নিজে পাঠ করিলে বা কাহার দ্বারা পাঠ করাইলে জন্মকোটি সহস্র বর্ষের পাপ হইতে মুক্ত হওয়া যায়।

"রাম নারায়ণানন্ত মুকুন্দ মধুসূদন।
কৃষ্ণ কেশব কংসারে হরে বৈকুণ্ঠ বামন॥
ইত্যেকাদশনামানি পঠেদ্বা পাঠয়েদ্যদি।
জন্মকোটিসহস্রাণাং পাতকাদ্বমুচ্যতে॥"

(ব্রহ্মবৈবর্ত্ত পু° শ্রীকৃষ্ণজন্ম খ° ১১০ অ°)

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বৈকুণ্ঠ নামের ব্যুৎপত্তি এইরূপ লিখিত আছে, কুণ্ঠ শব্দে জড় বা বিশ্বসমূহ, ইহাদিগকে যিনি বিশিষ্ট করেন, বেদচতুষ্টয় তাঁহাকেই বিকুণ্ঠা বা প্রকৃতি বলিয়াছেন। ভগবান্ নির্গুণ হইলেও গুণ আশ্রয়পূর্ব্বক নিজ সৃষ্টি সংস্থাপনার্থে তাহাতে উৎপন্ন হন বলিয়া পণ্ডিতগণ পরিপূর্ণতম ঈশ্বরকে বৈকুণ্ঠনামে উল্লেখ করেন।

"কুণ্ঠং জড়ঞ্চ বিশ্বৌঘং বিশিষ্টঞ্চ করোতি যঃ।
বিকুণ্ঠাং প্রকৃতিং বেদাশ্চত্বারশ্চ বদন্তি তাম্॥
গুণাশ্রয়েণ ভগবান্ তস্যাং জাতঃ স্বসৃষ্টয়ে।
পরিপূর্ণতমং তেন বৈকুণ্ঠঞ্চ বিদুর্বুধাঃ॥"

(ব্রহ্মবৈবর্ত্ত পু° শ্রীকৃষ্ণজন্ম° ১১১ অ°)

শ্রীমদ্ভাগবতে অজামিলোপাখ্যানে লিখিত আছে যে বৈকুণ্ঠ এই নাম করিলে অশেষ পাপ বিনষ্ট হয়।

২ বিষ্ণুধাম বিশেষ, বিষ্ণুলোক। ভগবান্ যে স্থানে অবস্থান করেন, তাহার নাম বৈকুণ্ঠধাম।

এই লোকের বিষয় পদ্মপুরাণে স্বর্গখণ্ডে এইরূপ লিখিত আছে, ক্ষিতিতলের উপরিভাগে ৮ কোটি যোজন ঊর্দ্ধে সত্যলোক প্রতিষ্ঠিত; সত্যলোকের উপরি বৈকুণ্ঠলোক। এই লোক ভূলোক প্রমাণে অষ্টাদশ কোটি অধিক। এই লোকে স্বয়ং ভগবান্ বিষ্ণু বিরাজিত আছেন। বৈকুণ্ঠের উত্তরদিকে শৈবলোক।

"উপরিষ্টাৎক্ষিতেরষ্টৌ কোটয়ঃ সত্যমীরিতম্।
সত্যাদুপরি বৈকুণ্ঠো যোজনানাং প্রমাণতঃ॥
ভূর্লোকাৎ পরিসংখ্যাতঃ কোটিরষ্টাদশ প্রভো।
যত্রাহস্তে শ্রীপতিঃ সাক্ষাৎ সর্ব্বেষামভয়প্রদঃ॥
বৈকুণ্ঠাদুত্তরে শৈবো লোকঃ ষোড়শকোটয়ঃ॥
তির্য্যগেব মহারাজ কৈলাসাখ্যস্ত পর্ব্বতঃ॥"

(পদ্মপু° স্বর্গখ° ৬ অ°)

বিষ্ণুর এই ধাম শাশ্বত, নিত্য, অনন্ত, ব্রহ্মানন্দ, সুখ ও মোক্ষপ্রদ। শতকোটিকল্পেও এই স্থান বর্ণনা করিতে পারা যায় না। এই স্থান নানা জনাকীর্ণ, রত্নময় প্রাকার, সিংহাসন ও সৌধযুক্ত। এই বৈকুণ্ঠ লোকে অযোধ্যা নামে দিব্য এক নগরী ও এই নগরীতে হেমগোপুর প্রভৃতি মণিযুক্ত চারিটী দ্বার আছে। এই দ্বারের মধ্যে পূর্ব্ব দ্বারে চণ্ড ও প্রচণ্ড নামে প্রহরীদ্বয়, দক্ষিণ দ্বারে ভদ্র ও সুভদ্রক, পশ্চিম দ্বারে জয় ও বিজয় এবং উত্তর দ্বারে ধাতা ও বিধাতা নামে প্রহরী সকল অবস্থিত আছেন। (পদ্মপু° উত্তরখ° ২৯ অ°) পদ্মপুরাণের উত্তরখণ্ডে ২৯ ও ৩০ অধ্যায়ে বৈকুণ্ঠের বর্ণনা আছে।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে যে, বৈকুণ্ঠধাম সকল ধাম অপেক্ষা শ্রেষ্ঠ। এই ধাম ব্রহ্মাণ্ডের ঊর্দ্ধে বায়ুকর্ত্তৃক ধার্য্যমাণ ও জরামৃত্যুনিবারক। ঐ নিত্যধাম ব্রহ্মলোক হইতে কোটি যোজন ঊর্দ্ধে অবস্থিত, বিচিত্র রত্ননির্ম্মিত এবং কবিগণেরও বর্ণনাতীত, উহার রাজমার্গ পদ্মরাগ ও ইন্দ্রনীলমণি দ্বারা ভূষিত। এই ধামে স্বয়ং বিষ্ণু পীতবস্ত্র পরিধান করিয়া রত্নকেয়ুর, রত্নবলয়, রত্ননূপুর ও রত্নালঙ্কার ভূষিত হইয়া রত্নসিংহাসনে অবস্থিত আছেন। চতুর্ভুজ ভগবান্ সহাস্যবদনে কোটি কন্দর্পের শোভা ধারণ করিয়া বিরাজিত আছেন। কমলা তাঁহার চরণকমল সেবা করিতেছেন। এই ধামে গমন করিলে আর পুনরাবৃত্তি হয় না। (ব্রহ্মবৈবর্ত্তপু° শ্রীকৃষ্ণজন্মখ° ৪ অ°)

অন্যান্য পুরাণে বৈকুণ্ঠের বৈভ্র নামও পাওয়া যায়। কেহ কেহ এই পুরীকে মেরু শিখরে, কেহ বা উত্তরসাগরে অবস্থিত বলিয়া উল্লেখ করিয়াছেন।

(পুং) ৩ বৈকুণ্ঠে স্থিত দেবগণ। ৪ ইন্দ্র। ৫ শ্বেতপত্রতুলসী। ৬ ক্ষুদ্রতুলসী। (রাজনি°)

বৈকুণ্ঠ, কবিরাজ ভিক্ষুর গুরু। [বৈকুণ্ঠশিষ্য দেখ।]

বৈকুণ্ঠত্ব (ক্লী) বৈকুণ্ঠের ভাব বা ধর্ম্ম। বিষ্ণুত্ব প্রভৃতি।

বৈকুণ্ঠনাথ আচার্য্য, গৃহ্যপরিশিষ্টপ্রণেতা।

বৈকুণ্ঠপুর, বাঙ্গালার পাটনা জেলার অন্তর্গত একটী নগর। পোনপুণা সঙ্গমের ৫ মাইল দক্ষিণে গঙ্গাতীরে অবস্থিত। এই নগর একটী শৈবতীর্থ। শিবরাত্রি পর্ব্বে এখানে বহুলোক সমাগত হয়। বাড় ও ফতুয়ার মধ্যে এখানে ইষ্ট-ইণ্ডিয়া রেলপথের একটী ষ্টেসন এবং সহরে মিউনিসিপালিটী আছে। পূর্ব্বে এই নগর অপেক্ষাকৃত বড় ও ধনজনপূর্ণ ছিল। এখানকার তন্তুবায়সমিতি উৎকৃষ্ট বস্ত্র বয়ন করিত। এখন সে কারবার নষ্ট হইয়াছে।

বৈকুণ্ঠপুরী, একজন গ্রন্থকার। [বিষ্ণুপুরী দেখ।]

বৈকুণ্ঠবিষ্ণু, প্রবোধমঞ্জরী নামক বেদান্তগ্রন্থরচয়িতা।

বৈকুণ্ঠশিষ্য, অপর নাম কবিরাজ ভিক্ষু। বিদ্বচ্চিত্তপ্রসাদিনী নাম্নী ষট্‌পদীটীকা ও সাংখ্যতত্ত্বপ্রদীপ নামক গ্রন্থরচয়িতা।

বৈকুণ্ঠাশ্রমিন্ (পুং) বৈষ্ণবল্লভ নামক গ্রন্থকার।

বৈকুণ্ঠীয় (ত্রি) বৈকুণ্ঠ সম্বন্ধীয়।

বৈকৃত (ক্লী) বিকৃতমেব (সান্নায়ান্মুজেতি। পা ৫।৪।৩৬) ইত্যস্য বার্ত্তিকোক্ত্যা অণ্। ১ বিকার।

"প্রায়েণ গতসত্ত্বানাং পুরুষাণাং গতায়ুষাং।
দৃশ্যমানেষু বক্ত্রেষু পরং ভবতি বৈকৃতম্॥" (রামায়ণ ৬।৪৮।৩২)

২ দুর্নিমিত্ত, দুর্লক্ষণ। (ভারত ৩।১৩৭।৩)

৩ বীভৎস রস। (ত্রি) ৪ বীভৎসরসাবলম্বনে মাংস শোণিতাদি। (অমরটীকা ভরত)

৫ বিকারজাত। (ভাগবত ২।১০।৪৫) ৬ বিকৃতিসম্পন্ন। ৭ দুঃসাধ্য।

বৈকৃতজ্বর (পুং) অপ্রকৃত কালজাত বাতজ্বর। ইহার লক্ষণ—

"প্রায়েণানিলজো দুঃখং কালেষ্বন্যেষু বৈকৃতঃ।
হেতবো বিবিধাস্তস্য নিদানে সম্প্রদর্শিতাঃ॥ (চরক চি° ৩ অ°)

'বর্ষাদিষু বাতাদ্যাঃ ক্রমাদ্ যো জ্বরঃ স প্রাকৃতঃ, বর্ষাসু

বাতিকঃ শরদি পৈত্তিকঃ বসন্তে শ্লৈষ্মিকঃ অতোঽন্যো বৈকৃতঃ, তথা বর্ষাসু পৈত্তিক' ইত্যাদি। (মাধবনি॰) সাধারণতঃ বর্ষাকালে বায়ু, শরৎকালে পিত্ত এবং বসন্তকালে শ্লেষ্মা কুপিত হয়, সুতরাং বর্ষাকালে বায়ু কুপিত হইয়া যে জ্বর হয়, তাহাকে প্রাকৃত জ্বর, ইহার অন্যথা হইলে বৈকৃত জ্বর হয়, অর্থাৎ বর্ষাকালে যদি পিত্ত কুপিত হইয়া জ্বর হয়, তাহাকে বৈকৃত জ্বর কহে। এইরূপ যে কালে যাহা স্বাভাবিক, সেই কালে তাহা না হইয়া অন্য রকম হইলে তাহা বৈকৃত বলিয়া কথিত হয়।

বৈকৃতবৎ (ত্রি) বিকৃত অস্ত্যর্থে মতুপ্ মস্য ব। বৈকৃত বিশিষ্ট, বৈকৃতযুক্ত।

বৈকৃতিক (ত্রি) নৈমিত্তিক।

বৈকৃত্য (ক্লী) বিকৃতমেব স্বার্থে-ষ্যঞ্। ১ বীভৎসরস। (ত্রি) ২ তদালম্বন।

'ত্রিষু বীভৎসবিকৃতং বৈকৃত্যং বিততস্তথা।' (শব্দরত্না॰)

বৈক্রান্ত (ক্লী) বিক্রান্ত্যা দীব্যতি বিক্রান্তি-অণ্। স্বনামখ্যাত মণিবিশেষ, চলিত চুণী। পর্য্যায় বিক্রান্ত, নীচবজ্র, কুবজ্রক, গোনায়, ক্ষুদ্রকুলিশ, জীর্ণবজ্র, গোনস। ইহা বজ্রের (হীরকের) ন্যায়গুণবিশিষ্ট। (রাজনি॰)

বৈক্রান্তক (ক্লী) বৈক্রান্ত-স্বার্থে কন্। বৈক্রান্ত শব্দার্থ।

বৈক্রিয় (ত্রি) বিক্রিয়া সম্বন্ধীয়।

বৈক্লব (ক্লী) বিক্লব-অণ্। বিক্লব সম্বন্ধীয়।

বৈক্লব্য (ক্লী) বিক্লব-ষ্যঞ্। বিক্লবতা, জড়তা।

বৈক্লব্যতা (ক্লী) বৈক্লব্যস্য ভাবঃ তল্-টাপ্। বৈক্লব্য। জড়তা।

বৈখরী (স্ত্রী) বুদ্ধ্যুত্থিত কণ্ঠগত নাদরূপ বর্ণ, কণ্ঠ হইতে শব্দোৎপত্তির ব্যাপার বিশেষ।

"মূলাধারাৎ প্রথমমুদিতো যস্তু তারঃ পরাখ্যঃ
পশ্চাৎ পশ্যন্ত্যথ হৃদয়গো বুদ্ধিযুগ্মধ্যমাখ্যঃ।
বক্ত্রে বৈখর্য্যথ রুরুদিষোরস্য জন্তোঃ সুষুম্না-
বদ্ধস্তস্মাদ্ভবতি পবনপ্রেরিতো বর্ণসংঘঃ॥" (অলঙ্কারকৌস্তভ)

বৈখানস (পুং) বিখনসং ব্রহ্মাণং বেত্তি তপস্যা, বিখনস্-অণ্। ১ বানপ্রস্থ। ২ বনচারী ব্রহ্মচারী বিশেষ। (লিঙ্গপু॰ ১০।৯) (ত্রি) বৈখানসস্যেদমিত্যণ্। ২ বৈখানস সম্বন্ধী।

"বৈখানসং কিমনয়া ব্রতমাপ্রদানাৎ
ব্যাপাররোধি মদনস্য নিষেবিতব্যম্॥" (শকুন্তলা)

বৈখানস, ১ একজন আয়ুর্ব্বেদবিৎ। টোডরানন্দে ইহার উল্লেখ আছে। ২ জনৈক শিল্পশাস্ত্ররচয়িতা। ৩ শ্রৌতসূত্র, গৃহ্যসূত্র ও ধর্ম্মসূত্র নামক গ্রন্থত্রয় প্রণেতা।

বৈখানসতন্ত্র, তন্ত্রগ্রন্থভেদ।

বৈখানসীয়োপনিষদ্, একখানি উপনিষদ্গ্রন্থ। গোপালপূর্ব্বতাপনীয়োপনিষদের সহিত ইহার অধিকতর সাদৃশ্য দেখা যায়।

বৈখানসি (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। (প্রবরাধ্যায়)

বৈগ, ছোটনাগপুরবাসী ধানুয়ার জাতির একটী শাখা। ইহারা ভেল্কী-খেলা দেখাইয়া অর্থ উপার্জ্জন করে। তদ্দেশের খরবাড়েরাও বৈগ বা বৈরাগ উপাধিতে পরিচিত। ইহারা ভৌতিক প্রক্রিয়া দ্বারা স্থানীয় দেবতাদিগের শান্তিবিধান করিতে সমর্থ বলিয়া সাধারণে প্রসিদ্ধ। অনেকে ইহাদিগকে স্থানীয় আদিম অধিবাসী বলিয়াও মান্য করে।

মণ্ডলার আদিম অধিবাসীরাও বৈগ বা বৈগা নামে পরিচিত। কোন কোন স্থানে ইহারা গৌড় জাতির পৌরোহিত্য করে। ইহারা সাধারণতঃ ভূমিজ উপাধিধারী। বিঞ্জকার, মুণ্ডিয়া ও ভিরোটিয়া নামক তিনটী থাকে ইহারা বিভক্ত। ঐ তিনটী থাকে আবার সাতটী বংশবিভাগ আছে। ইহারা এক গ্রামে গৌড়দিগের সহিত বাস করে বটে, কিন্তু কখন তাহাদের সংস্পর্শে থাকে না। সদা পৃথক্ ভাবেই থাকে। ইহাদের ভাষা বিশুদ্ধ হিন্দী। ইহারা নির্ভীক, বিশ্বাসী, স্বাধীনচেতা, কর্ম্মঠ, কার্য্যতৎপর ও দৃঢ়কায়।

বৈগন্ধিক (পুং) গন্ধক। (বাভট উ॰ ২৬ অ॰)

বৈগলেয় (পুং) ভূতগণবিশেষ। (হরিবংশ)

বৈগুণ্য (ক্লী) বিগুণস্য ভাবঃ বিগুণ-ষ্যঞ্। বিগুণত্ব, বিগুণের ভাব; গুণরাহিত্য, বিকৃততা। ২ অপরাধ, দোষ। ৩ গুণবিসম্বাদ। ৪ নীচতা।

পূজাদি কার্য্যে ভ্রমক্রমে যদি কোন বৈগুণ্য হয়, তাহা হইলে পূজাদির শেষে বৈগুণ্য সমাধান করিতে হয়। পূজার শেষে ভগবান্ বিষ্ণুর নাম স্মরণ করিলে সকল দোষ বিনষ্ট হয়।

বৈগ্রহিক (ত্রি) শরীরসম্বন্ধীয়। (পা ৪।২।৮০)

বৈগ্রেয় (পুং) বিগ্রের অপত্য। (পা ৪।১।১২৩)

বৈঘস (পুং) হরিবংশ বর্ণিত একজন ব্যাধ। (হরিবংশ)

বৈঘাত্য (ক্লী) বিঘাতের যোগ্য। যাহাকে হনন করা যাইতে পারে।

বৈঙ্কি (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। (পা ১।৪।৬১)

বঙ্গি (পুং) প্রাচ্যগোত্রের অপত্য। বহুবচনে বৈঙ্গীয়া।

বৈঙ্গেয় (ক্লী) বঙ্গদেশ।

বৈচক্ষণ্য (ক্লী) বিচক্ষণস্য ভাবঃ। বিচক্ষণত্ব, নৈপুণ্য, দক্ষতা।

বৈচিত্ত্য (ক্লী) চিত্তভ্রান্তি, অতিভ্রম।

বৈচিত্র (ক্লী) বিচিত্রস্য ভাবঃ অণ্। বৈচিত্র্য।

বৈচিত্রবীর্য্য (পুং) বিচিত্রবীর্য্যের অপত্য। ধৃতরাষ্ট্র, পাণ্ডু ও বিদুরাদি।

বৈচিত্রবীর্য্যক (ত্রি) বিচিত্রবীর্য্য সম্বন্ধীয়।

বৈচিত্রবীর্য্যিন্ (পুং) বিচিত্রবীর্য্যবংশীয়। বৈচিত্রবীর্য্য।

বৈচিত্র্য (ক্লী) বিচিত্রস্য ভাবঃ ণ্য। বিচিত্রতা, চমৎকারিত্ব। ২ বিভিন্নতা। ৩ নানারূপতা। ৪ সৌন্দর্য্য।

"বৈচিত্র্যং বিতনোতি বাচকবিধৌ বাচস্পতেরন্তিকে।
দেব ত্বদ্‌গুণবর্ণনায় কুরুতে কিং কিং ন বাগ্‌দেবতা॥"
(রাজেন্দ্রকর্ণপুর ২৮)

বৈচ্ছন্দস (ত্রি) বিচ্ছন্দঃ সম্বন্ধীয়। (লাট্যা° ৭।৭।৩৩)

বৈচ্যুত (পুং) মুনিভেদ।

বৈচ্যুতি (স্ত্রী) স্খলন। ভ্রংশন, পতন।

বৈজগ্ধ (ত্রি) বিজগ্ধের ভাব। যাহা ভক্ষিত হইয়াছে।

বৈজনন (পুং) বিজায়তেঽস্মিন্নিতি জন আধারে ল্যুট্, ততঃ স্বার্থে অণ্। প্রসবমাস, পর্য্যায় সূতিমাস, যে মাসে সন্তান ভূমিষ্ঠ হয়। (অমর)

বৈজন্য (ক্লী) জনশূন্য।

বৈজয়ন্ত (পুং) বৈজয়ন্তী অস্ত্যত্রেতি অর্শ আদ্যচ্। ১ ইন্দ্রপ্রাসাদ। ইন্দ্রপুরী। (অমর) ২ ইন্দ্রধ্বজ। (মেদিনী) ৩ ইন্দ্র। ৪ গৃহ। (শব্দচ°) ৫ অগ্নিমন্থবৃক্ষ।

বৈজয়ন্তিক (ত্রি) বৈজয়ন্ত্যস্ত্যস্যেতি ব্রীহ্যাদিভ্যশ্চেতি ঠন্, যদ্বা বৈজয়ন্ত্যা চরতীতি ঠক্। পতাকাধারী।

বৈজয়ন্তিকা (স্ত্রী) বৈজয়ন্তী স্বার্থে কন্। জয়ন্তীবৃক্ষ। ২ পতাকা।

"নির্ধনং নিধনমেতয়ো র্দ্বয়োস্তারতম্যবিধিমুগ্ধচেতসা।
বোধনায় বিধিনা বিনির্ম্মিতা রেফ এব জয়বৈজয়ন্তিকা॥"
(উদ্ভট)

৩ অগ্নিমন্থ। (রাজনি°)

বৈজয়ন্তী (স্ত্রী) ১ পতাকা। (অমর) ২ জয়ন্তীবৃক্ষ। (হেম) ৩ জানু পর্য্যন্ত লম্বিত পঞ্চবর্ণময়ী মালা।

"উপপীয়মান উদ্গায়ন্ বনিতাশতযূথপঃ।
মালাং বিভ্রদ্বৈজয়ন্তীং ব্যচরন্ মণ্ডয়ন্ বনম্॥"
(ভাগবত ১০।২৯।৪৪)

বৈজয়ন্তী, দাক্ষিণাত্যের একটী গণ্ডগ্রাম। প্রত্নতত্ত্ববিদ্‌গণের মতে ইহাই গ্রীক ভৌগোলিকদিগের বাণিজ্যপ্রধান Buzantion নগরী। আবার কেহ কেহ গুজরাতের বলভীকে Byzantium বলিয়া থাকেন।

বৈজয়ি (পুং) ১ মঘবা। ২ জিন চক্রবর্ত্তী বিশেষ।

বৈজয়িক (ত্রি) বিজয়স্য নিমিত্তং বিজয়িনা সংযোগ ইতি বা বিজয় (তস্য নিমিত্তমিতি। পা ৫।১।৩৮) ইতি ঠঞ্। বিজয়সম্বন্ধীয়, বিজয়সূচক।

"রণে প্রবেশসদৃশং কর্ম্ম বৈজয়িকং কৃতম্।"(হরিবং ২৪২।৩১)

বৈজয়িন (ত্রি) বিজয়ী এব স্বার্থে অণ্। বিজয়ী।

বৈজর[ব] (পুং) ঋষি প্রবর্ত্তিত শাখাভেদ।

বৈজল, প্রবোধচন্দ্রিকা নামক ব্যাকরণপ্রণেতা। ইঁহার আশ্রয়ে সংস্কৃত রাজাবলি রচিত হয়।

বৈজবন, বৈদিক শাখাপ্রবর্ত্তক ঋষিভেদ। পৈজবন, বৈজন ইত্যাদি পাঠও দেখা যায়।

বৈজাত্য (ক্লী) বি-জাতি ভাবে ণ্য। ১ বিজাতীয়তা, বৈলক্ষণ্য। (সর্ব্বদর্শনসংগ্রহ ১১৪।১) ২ স্বভাবের প্রভেদ। ৩ লাম্পট্য।

বৈজান (পুং) বৃষের অপত্য ঋষিভেদ।

বৈজাপক (ত্রি) বিজাপক দেশভব।

বৈজাবাই, মহারাষ্ট্র-সর্দ্দার মহারাজ দৌলতরাও সিন্ধের মহিষী। ইনি মহারাষ্ট্র-মন্ত্রী শ্রীজীরাও ঘাটগের কন্যা, খৃষ্টীয় ১৮শ শতাব্দের শেষ ভাগে জন্মগ্রহণ করেন। ইঁহার ভ্রাতার নাম হিন্দুরাও।

অতি বাল্যকাল হইতেই বৈজার প্রকৃতি দাম্ভিকতাপূর্ণ ছিল। তিনি একবার যাহা আদেশ করিতেন, তাহা পূর্ণ না হইলে তাঁহার হৃদয়ে ক্রোধের উদয় হইত। পিতার আদরে লালিত পালিত এবং স্বীয় প্রবৃত্তিবশে পরিচালিত হইয়া ক্রমে তাঁহার চরিত্র পুরুষোচিত বুদ্ধি ও বিক্রমে পূর্ণ হইয়াছিল। স্বামীর ঐশ্বর্য্য ও বীরত্ব তাঁহার হৃদয়ে রাজশক্তির প্রভুত্ব প্রভাব সম্পূর্ণরূপে অঙ্কিত করিয়া দিয়াছিল।

১৮২৭ খৃষ্টাব্দে স্বামীর মৃত্যু ঘটিলে তিনি স্বহস্তে রাজ্যভার গ্রহণ করেন। কিছুকাল পরে জনকজী নামা স্বামীর জনৈক আত্মীয়কে তিনি দত্তকরূপে গ্রহণ করিয়া রাজসিংহাসনের ভাবী উত্তরাধিকারী স্থির করিয়াছিলেন। জনকজী নাবালক থাকায় বালকের পক্ষ হইতে তিনিই রাজকার্য্য পর্য্যালোচনা করিতেন। কিন্তু নাবালকের উপর কঠোর ব্যবহার ও অত্যাচার করিতে তিনি কখনই কাতর ছিলেন না। এইরূপে উপর্য্যুপরি মাতার প্রপীড়ন জনকজীর অসহ্য হইয়া দাঁড়াইল। তিনি এই সকল অত্যাচার হইতে অব্যাহতি পাইবার মানসে ইংরাজরাজের শরণাপন্ন হইলেন। তাহাতে ইংরাজরাজ ১৮৩৩ খৃষ্টাব্দে জনকজীকে সিন্ধেরাজের গদিতে বসাইলেন। ইহাতে বৈজাবাইর প্রভুত্বের হ্রাস হইল। তিনি হীনভাবে রাজপ্রাসাদে বাস করিতে চাহিলেন না। আগ্রায় আসিয়া নির্ব্বিবাদে বাস করাই তাহার অভিপ্রেত হইল। এখানে কিছুদিন থাকিয়া তিনি ফরুখাবাদে গমন করিলেন। অবশেষে দাক্ষিণাত্যে নিজ জায়গীরে যাইয়া তিনি মনের দুঃখে জীবন অতিবাহিত করিয়াছিলেন।

বৈজাবী (কাজী), একজন মুসলমান ঐতিহাসিক। সিরাজের নিকটবর্ত্তী বৈজা নামক গ্রাম ইহার জন্মভূমি বলিয়া ইনি বৈজাবি নামে পরিচিত। পূর্ণ নাম নাসির উদ্দীন্ আবুল ঘৈর আবদুল্লা ইবন্ উমার অল বৈজাবি। ইনি কিছুকাল সিরাজ নগরীর কাজীপদে অধিষ্ঠিত ছিলেন। পরে ১২৮৬ খৃষ্টাব্দে (মতান্তরে ১২৯২ খৃষ্টাব্দে) তাব্রিজে জীবলীলা পরিসমাপ্তি করেন। তফ্‌শির বৈজাবি বা আন্‌বার উল্ তাঞ্জিল নামক কোরাণের টীকা এবং আস্‌বার উল্ তাবিল নামক দুইখানি গ্রন্থ ইঁহার রচিত।

নিজামৎ তবারিখ নামক একখানি ইতিহাস গ্রন্থ ইঁহার রচিত বলিয়া প্রকাশ। ঐ গ্রন্থে আদম হইতে তাতার জাতির হস্তে খলিফাদিগের পতনকাহিনী লিপিবদ্ধ আছে। কেহ কেহ বলেন, আবু সৈয়াদ বৈজাবি এই শেষোক্ত গ্রন্থের রচয়িতা।

বৈজিক (ক্লী) বীজাদ্যুৎপন্নং বীজ-ঢক্। ১ শিগ্রু তৈল। ২ হেতু। (মেদিনী) ৩ আত্মা। (শব্দমালা) (পুং) ৩ সদ্যোঽঙ্কুর (ত্রি) ৪ বীজ সম্বন্ধী। ৫ বীর্য্যসম্বন্ধী।

"গার্ভৈ র্হোমৈর্জাতকর্ম্মচৌড়মৌঞ্জীনিবন্ধনৈঃ।
বৈজিকং গার্ভিকঞ্চৈনো দ্বিজানামপমৃজ্যতে॥" (মনু ২।২৭)

বৈজু, ভারতের একজন প্রসিদ্ধ সঙ্গীতবেত্তা। তৎকালে নাএক গোপাল ও তান্‌সেন্ নামে তাঁহার সমকক্ষ আরও কএকজন গায়ক ছিল।

বৈজ্ঞানিক (ত্রি) বিজ্ঞানে যুক্তঃ বিজ্ঞান (তত্র নিযুক্তঃ। পা ৪।৪।৬৯) ইতি ঢক্। ১ নিপুণ, দক্ষ। ২ বিজ্ঞান সম্বন্ধীয়। ৩ বিজ্ঞানবিদ্।

বৈটপ (পুং) বিটপের অপত্য। (পা ৪।১।১১২)

বৈট্টালিক (পুং) রুদ্রপূজক বিশেষ।

"যে রুদ্রমুপজীবন্তি কলৌ বৈট্টালিকা নরাঃ।"

বৈড়ব, বীড়ুর অপত্য। (পঞ্চবিংশব্রা০ ১১।৮।৬)

বৈড়ালব্রত (ক্লী) বৈড়ালং বিড়ালসম্বন্ধি ব্রতম্। দুষ্টাচার বিশেষ, কপটাচার, ভিতরে ভিতরে পাপানুষ্ঠান করিয়া সাধুতা দেখান।

"যস্য ধর্ম্মধ্বজো নিত্যং শক্রধ্বজ ইবোচ্ছ্রিতঃ।
প্রচ্ছন্নানি চ পাপানি বৈড়ালং নাম তদ্ব্রতম্॥"

(দানসাগরোদ্ধৃত যমবচন)

বৈড়ালব্রতি (পুং) অঙ্গনাদির অভাব হেতু কৃতব্রহ্মচর্য্য। যাহারা স্ত্রী না থাকাপ্রযুক্ত ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া থাকে।

বৈড়ালব্রতিক (পুং) বিড়ালব্রতেন চরতীতি বিড়ালব্রত-ঢক্। ছদ্মতপস্বী, পর্য্যায় ছদ্মতাপস, সর্ব্বাভিসন্ধী। (ত্রিকা০) ভণ্ড-তপস্বী। শাস্ত্রে লিখিত আছে যে, ইহাদের সহিত বাক্যালাপ পর্য্যন্ত করিতে নাই।

"পাষণ্ডিনো বিকর্ম্মস্থান্ বৈড়ালব্রতিকান্ শঠান্।
হেতুকান্ বকবৃত্তীংশ্চ বাঙ্‌মাত্রেণাপি নার্চ্চয়েৎ॥"

(বিষ্ণুপু° ২।১৮ অ০)

বৈড়ালব্রতিন্ (পুং) বৈড়ালব্রতমস্ত্যস্যেতি ইনি। ভণ্ড-তাপস, বিড়ালতপস্বী। ইহারা অতিশয় পাপী ও সকল ধর্ম্ম-নাশক। মৃত্যুর পর ইহাদের তির্য্যক্‌যোনিতে জন্ম হয়।

"ছদ্মনা চরিতং তচ্চ ব্রতং রক্ষসি গচ্ছতি।
অলিঙ্গী লিঙ্গবেশেন যো লিঙ্গমুপজীবতি॥
স লিঙ্গিনাং হরেদেনস্তির্য্যগ্‌যোনৌ চ জায়তে।
বৈড়ালব্রতিনঃ পাপাঃ সর্ব্বধর্ম্মবিনাশকাঃ।
সদ্যঃ পতন্তি পাপেষু কর্ম্মণস্তস্য তৎফলম্॥" (কূর্ম্ম° উপ° ৫অ)

বৈড়ূর্য্য, (ক্লী) বৈদূর্য্যমণি। বিড়ালাক্ষি।

বৈড়ূর্য্যকান্তি (ত্রি) বৈদূর্য্যের ন্যায় কান্তিবিশিষ্ট।

বৈড়ূর্য্যপ্রভ (পুং) নাগভেদ।

বৈড়ূর্য্যমণিমৎ (ত্রি) বৈদূর্য্যমণি সদৃশ।

বৈড়ূর্য্যময় (ত্রি) বৈদূর্য্য স্বরূপ।

বৈড়ূর্য্যশিখর (পুং) পর্ব্বতভেদ। (ভারত বনপর্ব্ব)

বৈড়ূর্য্যশৃঙ্গ (ক্লী) নগরভেদ। (কথাসরিৎসা° ৬৫।৫৭)

বৈণ (পুং) বেণু-অণ্ উকারস্য লোপঃ। বেণু সম্বন্ধী।

"বৈণাভিশস্তবার্দ্ধুষিগণিকাগণদীক্ষিণাম্।" (যাজ্ঞবল্ক্য ১।১৬১)

বৈণব (ক্লী) বেণোরিদং বেণু-অণ্। ১ বেণুফল। (অমর) (পুং) বেণোরবয়বো বিকারো বা বেণু (বিল্বাদিভ্যোঽণ্। পা ৪।৩।১৩৬) ইত্যণ্। ২ উপনয়নে বেণুদণ্ড, উপনয়ন কালে বাঁশের যে দণ্ড দিতে হয় তাহাকে বৈণব কহে। পর্য্যায় রাম্ভ। (অমর) ৩ বেণু। (ভারত ৫।৫০।১৬) (ত্রি) ৪ বেণুসম্বন্ধী।

বৈণবিক (ত্রি) বৈণবো বেণু স্তদ্‌বাদনং শীলমস্য বৈণব ঠক্। (পা ৪।৪।৫৫) বেণুবাদক, পর্য্যায় বেণুঘ্ন, বেণুক।

বৈণবিন্ (ত্রি) ১ বেণুবাদক। ২ শিব। (ভারত ১৩ পর্ব্ব)

বৈণবী (স্ত্রী) বেণোর্বিকৃতিঃ বেণু (বিল্বাদিভ্যোঽণ্। পা ৪। ৩। ১৩৬) ইত্যণ্-ততো-ঙীষ্। ১ বংশলোচন। (রাজনি°) ২ বেণু-সম্বন্ধিনী।

"বৈণবীং ধারয়েদ্‌যষ্টিং সোদকঞ্চ কমণ্ডলুম্।" (মনু ৪।৩৬)

বৈণসোমক্রতবীয় (ক্লী) সামভেদ।

বৈণহোত্র (পুং) ১ বেণুহোত্রের বংশ। ২ ধৃষ্টকেতুর সন্ততি-পরম্পরা।

বৈণাবত (ত্রি) ধনুকের ন্যায় বক্রতাবিশিষ্ট। "বৈণাবতায় প্রতিধৎস্বশঙ্কুম্।" (লাট্যা° ৩।১০।৯)

বৈণিক (ত্রি) বীণাবাদনং শিল্পমস্য, বীণা (শিল্পং। পা ৪।৪।৫৫) ইতি ঢক্। বীণাবাদক। (অমর)

বৈণুক (পুং) বেণুনা কায়তি শব্দায়তে ইতি কৈ-ক, ততঃ স্বার্থে অণ্। ১ বেণুবাদক। (শব্দরত্না°) (ক্লী) ২ গজের তোদনদণ্ড, হস্তিচালনের জন্য লৌহমুখ যে বংশদণ্ড তাহাকে বৈণুক কহে। পর্য্যায় তোত্র। (অমর)

বৈণুকীয় (ত্রি) বেণুকস্যায়মিতি (বেণুকাদিভ্যশ্ছণ্। পা ৪।২। ১২৮) ইত্যস্য বার্ত্তিকোক্ত্যাচ্ছণ্। বেণু সম্বন্ধীয়।

বৈণুকেয় (পুং) বেণুবংশ সম্বন্ধীয়।

বৈণেয় (পুং) বৈদিক শাখাভেদ।

বৈণ্য (পুং) বেণোরপত্যমিতি বেণ-ষ্যঞ্। পৃথু, বেণরাজপুত্র। ইনি সূর্য্যবংশীয় পঞ্চম রাজা।

"আদিরাজঃ পৃথুর্বৈণ্যো মান্ধাতা যৌবনাশ্বকঃ।" (জটাধর)

বৈতংসিক (ত্রি) বীতংসো মৃগপক্ষাদি বন্ধনোপায়স্তেন চরতীতি বিতংস (চরতি। পা ৪।৪।৮) ইতি ঠক্। মাংসবিক্রেতা, পর্য্যায় কৌটিক, মাংসিক। (অমর)

"ইমান্ শকুনকান্ রাজন্ হন্তি বৈতংসিকো যথা।
এতদ্রূপমধর্ম্মস্য ভূতেষু হি বিহিংসতা॥" (ভারত ৩।৩৩।৩৩)

বৈতণ্ডিক (ত্রি) বিতণ্ডায়াং সাধুঃ বিতণ্ডা (কথাদিভ্যষ্ঠক্। পা ৪।৪।১০২) ইতি ঠক্। বিতণ্ডাবিষয়ে সাধু, অতিশয় বিতণ্ডাবাদী।

বৈতণ্ডিন্ (পুং) ঋষিভেদ। (হরিবংশ)

বৈতণ্ড্য (পুং) আপের পুত্রভেদ। (বিষ্ণুপুরাণ)

বৈতথ্য (ক্লী) বিতথ-ষ্যঞ্। বিফলত্ব, বৈফল্য। (ভাগবত ৫। ১৪।১০) ২ উপনিষদ্‌ভেদ, বৈতথ্যোপনিষদ্।

বৈতনিক (ত্রি) বেতনেন জীবতি বেতন (বেতনাদিভ্যো জীবতি। পা ৪।৪।১২) ইতি ঠক্। বেতনভোগী ভৃত্য, যাহারা বেতন লইয়া জীবিকা নির্ব্বাহ করে। পর্য্যায় ভৃতক, ভৃতিভুক্, কর্ম্মকর। (অমর)

"বীরো বৈতনিকঃ সন্ বিরাটনগরোষিতঃ কুমারীণাং।
নর্ত্তয়িতার্জুন আসীৎ ভজেদবস্থোচিতাং বৃত্তিম্॥"
(উপদেশশতক ২০)

বৈতরণা, দাক্ষিণাত্যের কোঙ্কণপ্রদেশে প্রবাহিত একটী নদী। পর্ত্তুগীজদিগের অধিকৃত বসাই ও দমন প্রদেশের উত্তর ও দক্ষিণ সীমা দিয়া গিয়াছে। ইহার তীরে সায়বান্ নামক স্থানে শিবাজি কর্ত্তৃক একটী দুর্গ প্রতিষ্ঠিত হইয়াছিল।

বৈতরণী (স্ত্রী) বিতরণেন দানেন তীর্য্যতে বিতরণ-ষ্ণ, ষিত্বাদীপ্, ষ্ণৌ বৈতরণিশ্চ। অটবিপটিষাটীবৈতরণ্যর্চ্চিশুণ্ডীরিতি হ্রস্বান্তেষু, ততোঽপি পাচ্ছোণাদীতি বা ঙীপ্। বিরুদ্ধং তরণং বিতরণং তদস্যামস্তীতি বৈতরণী। বিতরণৌ বিসূর্য্যে পাতালে ভবা বৈতরণী ইত্যন্যে। বিতরণি র্বিনৌকা, তরণশূন্যেত্যর্থঃ, স্বার্থে ষ্ণে বৈতরণীত্যেকে। (ভরত)। নরকসিন্ধু। নরকদ্বারস্থিত নদী, এই নদীর বেগ অতি প্রবল, জল অতিশয় তপ্ত ও অতি দুর্গন্ধ এবং ইহা অস্থি, কেশ ও রক্তে পরিপূর্ণ। যমদ্বারে এই নদী আছে। মৃত্যুর পরে এই নদী পার হইয়া যমভবনে গমন করিতে হয়।

"নদী বৈতরণী নাম দুর্গন্ধা রুধিরাবহা।
উষ্ণতোয়া মহাবেগা অস্থিকেশতরঙ্গিণী॥"
(প্রায়শ্চিত্তবিবেকধৃত জমদগ্নি বচন)

কালিকাপুরাণে এই নদীর উৎপত্তি বিবরণ এইরূপ লিখিত আছে। মহাদেব সতীর বিয়োগে রোদন করিতে থাকিলে তাহার নয়ন হইতে নেত্রজল পতিত হইতে লাগিল। দেবগণ মহাদেবের এই নয়নজল পতিত হইতে দেখিয়া অতিশয় ভাবিত হইলেন, কারণ যদি এই নেত্রজল পৃথিবীতে পতিত হয়, তাহা হইলে তৎক্ষণাৎ সমস্ত পৃথিবী দগ্ধ হইয়া যাইবে। এখন কি করা যায়, ইহা চিন্তা করিয়া সকল দেবগণ শনির স্তবে প্রবৃত্ত হইলেন। হে শনৈশ্চর! তুমি সুপ্রসন্ন হও, শিবের শোকসম্ভূত নয়ন জল হইতে পৃথিবীকে রক্ষা কর, যেমন তুমি পূর্ব্বে একশত বর্ষ মেঘের জল গ্রহণ করিয়া অনাবৃষ্টি করিয়াছিলে, সেইরূপ শিবের নয়নজলও গ্রহণ কর। তুমি জল গ্রহণ করিতেছ দেখিয়া পুষ্করাদি মেঘদল ইন্দ্রের অনুমতিক্রমে সতত বৃষ্টি করিয়াছিল. কিন্তু সেই সকল বৃষ্টিজল তুমি আকাশেই নষ্ট করিয়াছিলে, সেইরূপ এখন শূলপাণির বাষ্প বিনষ্ট কর। তুমি ভিন্ন ইহা নিবারণ করিতে পারে, এরূপ কেহ নাই। অথচ এই অশ্রু পতিত হইলে দেবলোক, গন্ধর্ব্বলোক, ব্রহ্মলোক, এবং পর্ব্বতসহ পৃথিবী দগ্ধ হইবে। অতএব তুমি ইহা নিজ মায়াবলে ধারণ কর। দেবগণ এইরূপ বলিলে শনি কহিলেন, হে দেবগণ! আমি যথাশক্তি তোমাদিগের কার্য্য করিব, কিন্তু দেবাদিদেব মহাদেব যাহাতে আমাকে জানিতে না পারেন, তাহা আপনাদিগকে করিতে হইবে, আমি নিকটে থাকিয়া দুঃখ শোকাকুল এই মহাদেবের নয়নজল ধারণ করিলে তাহার কোপে নিশ্চয়ই আমার শরীর বিনষ্ট হইবে।

অনন্তর ব্রহ্মাদি দেবগণ সকলে শঙ্করসমীপে গমন করিয়া যোগমায়া দ্বারা তাহাকে সম্মোহিত করিলেন। শনি ভূতনাথের সমীপবর্ত্তী হইয়া তাঁহার অশ্রুবৃষ্টি মায়াবলে গ্রহণ করিলেন। যখন শনি তদীয় অশ্রু ধারণ করিতে সমর্থ হইলেন না, তখন তিনি জলধর নামক মহাগিরিতে তাহা নিক্ষেপ করিলেন। জলধরগিরি লোকালোক পর্ব্বতের নিকটে পুষ্করদ্বীপের পশ্চাদ্ভাগে এবং জলসাগরের পশ্চিমে অবস্থিত। এই পর্ব্বত সর্ব্বতোভাবে সুমেরুর তুল্য। এই পর্ব্বতও উহা ধারণে অসমর্থ

হইলেন এবং তাঁহার তেজে গিরির মধ্যভাগ অবিলম্বে বিদীর্ণ হইল। অনন্তর সেই নয়নাম্বু গিরি ভেদ করিয়া জলসমুদ্রে প্রবিষ্ট হইল। সমুদ্র ঐ জলরাশি ধারণে অসমর্থ হইলেন। অতঃপর তাহা সাগরমধ্যভেদ করিয়া সাগরের পূর্ব্বকূলে আসিল এবং স্পর্শমাত্রে তাহা ভেদ করিয়া ফেলিল। সেই পুষ্করদ্বীপমধ্যগত অশ্রুজল বৈতরণী নদী হইয়া পূর্ব্বমুখে গমন করিল। এই জলধারা গিরিভেদ এবং সাগরসংসর্গবশতঃ কিঞ্চিৎ সৌম্যতাপ্রাপ্ত হইয়াছিল বলিয়া পৃথিবী ভেদ করিতে পারে নাই। এই নদীর বিস্তার দুই যোজন।

নৌকা, দ্রোণী, রথ বা বিমান ইহার কিছু দ্বারাই সেই প্রতপ্ত জলপূর্ণা অতিভীষণা নদী পার হওয়া যায় না। ভয়ে ঐ নদীর উপর দিয়া কোন দেবতাও গমন করিতে পারেন না। ঐ নদী যমদ্বার বেষ্টন করিয়া আছে। (কালিকাপু° ১৮ অ°)

পাপী সকল মৃত্যুর পর এই নদী পার হইবার সময় অশেষ প্রকার কষ্ট পাইয়া থাকে। এই জন্য শাস্ত্রে লিখিত আছে যে যমদ্বারে অবস্থিত বৈতরণী নদী সুখে সন্তরণ কামনায় মুমূর্ষু ব্যক্তি সবৎসা কৃষ্ণা গাভীদান করিবে, সেই দানপুণ্যফলে মৃত ব্যক্তি এই নদী সুখে পার হইয়া থাকে। যদি মুমূর্ষু কালে বৈতরণী অর্থাৎ ঐরূপে গাভীদান ও তণ্ডুলাদি দান কার্য্য না করা যায়, তাহা হইলে মৃত্যুর পর শ্রাদ্ধাধিকারী অশৌচান্ত দ্বিতীয় দিনে প্রথমে বৈতরণী করিয়া তৎপরে তিলদানাদি করিবেন। ফলে এ কার্য্যটী অবশ্যকর্ত্তব্য।

"আসন্নমৃত্যুনা দেয়া গৌঃ সবৎসা চ পূর্ব্ববৎ।
তদভাবে চ গৌরেকা নরকোদ্ধারণায় বৈ॥
তদা যদি ন শক্নোতি দাতুং বৈতরণীঞ্চ গাম্।
শক্তোঽন্যোঽরুক্ তদা দত্ত্বা শ্রেয়ো দদ্যান্মৃতস্য চ॥"
(শুদ্ধিতত্ত্ব)

আসন্নমৃত্যু ব্যক্তি বৈতরণীর জন্য সবৎসা গাভী দান করিবেন, অশক্ত হইলে একটী মাত্র গাভী দান করা যায়, গোরুর অভাবে গোমূল্য দানের ব্যবস্থাও আছে। মুমূর্ষু ব্যক্তি বৈতরণী করিলে নিম্নোক্ত রূপ বাক্য করিবেন—

"বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বা দাসঃ যমদ্বারাবস্থিততপ্তা বৈতরণী নদী সাবৎসাং কৃষ্ণাং গাং রুদ্রদেবতাকামর্চ্চিতং যথাসম্ভবব্রাহ্মণায়াহং দদে।"

মৃত্যুর পর প্রেতের উদ্দেশে বৈতরণী করিলে এইরূপ বাক্য হইবে—

"বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য-প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ বা দাসস্য অশৌচান্তদ্বিতীয়েঽহ্নি অমুক গোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ বা দাসস্য যমদ্বারাবস্থিততপ্তা বৈতরণীনদীসুখসন্তরণকামোঽহং সবৎসাং কৃষ্ণাং গাং রুদ্রদেবতাকামর্চ্চিতাং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদামি।"

এই রূপ বাক্যে দান করিয়া এই মন্ত্র পড়িতে হয়।

"যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদী।
তাঞ্চ তর্ত্তুং দদাম্যেনাং কৃষ্ণাং বৈতরণীঞ্চ গাম্॥" (শুদ্ধিতত্ত্ব)

পরে দক্ষিণান্ত করিবে।

২ পিতৃকন্যা।

"অযজ্ঞানশ্চ যজ্ঞানঃ পিতরো ব্রহ্মণঃ স্মৃতাঃ।
অগ্নিস্বাত্তা বর্হিষদো দ্বিধা তেষাং ব্যবস্থিতিঃ।
তেভ্যঃ স্বধা সুতাং জজ্ঞে এনাং বৈতরণীং তথা॥"
(কূর্ম্মপু° ১৩ অ°)

৩ কলিঙ্গদেশস্থিত নদীবিশেষ। (ভারত ৩।১১৪।৪)

[পরে বৈতরণী দেখ।]

বৈতরণী, উড়িষ্যারাজ্যে প্রবাহিত একটী নদী। যমদ্বারস্থ তপ্তস্রোতা বৈতরণীর ন্যায় ইহাও পাপমোচনকারিণী এবং তাহার ন্যায় ইহলোকে পবিত্রতীর্থ বলিয়া গণ্য।

উড়িষ্যা প্রদেশের কেউঞ্চর রাজ্যের উত্তরপশ্চিমে লোহারডগা জেলার শৈলপাদ হইতে (অক্ষা° ২৩°২৯´ উঃ এবং দ্রাঘি° ৮৪°৫৫´ পূঃ) উদ্ভূত হইয়া দক্ষিণ-পূর্ব্ব ও পরে পূর্ব্বাভিমুখগতিতে কেউঞ্চর, ময়ূরভঞ্জরাজ্য, কটক ও বালেশ্বর জেলার সীমারূপে প্রবাহিত হইয়া শেষোক্ত জেলায় ব্রাহ্মণীতে মিলিত হইয়াছে। মূলনদী অক্ষা° ২৪°৪৪´৪৫´´ হইতে ২১°২৭´৪৫´´ উঃ ও দ্রাঘি° ৮৫°৩৫´ হইতে ৮৬°৫১´১৫´´ পূঃ মধ্যে অবস্থিত। বালেশ্বর জেলায় ব্রাহ্মণী ও বৈতরণী-সঙ্গমের পর এই নদী ধামরা নামে প্রখ্যাতা হইয়া বঙ্গোপসাগরে মিশিয়াছে। সমগ্র নদীর গতি প্রায় ৩৪৫ মাইল।

নদীর মোহানা হইতে ওলোথ পর্য্যন্ত প্রায় ১৫ মাইল নদীবক্ষে পণ্যবাহী নৌকা লইয়া যাতায়াত করা যায়। গ্রীষ্মঋতুতে এই নদীতে অধিক জল থাকে না, হাটিয়া পার হওয়া যায়।

এই নদী হিন্দুর অতি পবিত্র তীর্থ। সুপ্রসিদ্ধ বিরজাক্ষেত্র ইহার সন্নিকটে অবস্থিত। [যাজপুর দেখ] প্রবাদ আছে, অযোধ্যাপতি রামচন্দ্র যখন সীতাদেবীর উদ্ধার মানসে লঙ্কাপুরে যাত্রা করেন, তখন তিনি কেউঞ্চরের অন্তর্গত বৈতরণীতীরে বিশ্রাম করিয়াছিলেন। সেই ঘটনা স্মরণ করিয়া বহুলোক মাঘ মাসে এখানে আসিয়া স্নান করে ও পিতৃপুরুষের উদ্দেশে পিণ্ড দেয়।

ইহার অন্যান্য শাখার মধ্যে বালেশ্বর জেলার শালনদী ও

মলয় উল্লেখযোগ্য। শঙ্খ নামক শাখা ৯৫ মাইল পথ অতিবাহন করিয়া ইহার সহিত মিলিত হইয়াছে। বৈতরণীতীরে আনন্দপুর, ওলখ ও চাঁদবালী নামক প্রসিদ্ধ বন্দর ও নগর অবস্থিত।

গরুড়পুরাণে এই নদী গয়াক্ষেত্রের অন্তর্ভুক্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছে। উহার ভৌগোলিক বিবরণ সর্ব্বমতসম্মত না হইলেও এই স্থানকে গয়াতীর্থের ন্যায় তুল্যফলপ্রদ বলিয়া গণ্য করা যায়। এখানে পিণ্ডদান করিলে পিতৃলোক স্বর্গবাসী ও আনন্দিত হন।

"ব্রহ্মারণ্যং মহানদ্যঃ পশ্চিমোভাগ উচ্যতে।
পূর্ব্বো ব্রহ্মসদোভাগো নাগাদ্রির্ভরতাশ্রমঃ॥
ভরতস্যাশ্রমে শ্রাদ্ধী মতঙ্গস্য পদে ভবেৎ॥
গয়াশীর্ষাদ্দক্ষিণতো মহানদ্যাশ্চ পশ্চিমে।
তৎস্থতং চম্পকবনং তত্র পাণ্ডুশিলাস্তি হি॥
শ্রাদ্ধী তত্র তৃতীয়ায়াং নিশ্চিরায়াশ্চ মণ্ডলে।
মহাহ্রদে চ কৌশিক্যামক্ষয়ং ফলমাপ্নুয়াৎ॥
বৈতরণ্যাশ্চোত্তরতস্তৃতীয়াখ্যো জলাশয়ঃ।
পদানি তত্র ক্রৌঞ্চস্য শ্রাদ্ধী স্বর্গং নয়েৎ পিতৃন্॥
ক্রৌঞ্চপাদাদুত্তরতো নিশ্চিরাখ্যজলাশয়ঃ।
সকৃদ্‌গয়াভিগামিনং সকৃৎ পিণ্ডপ্রপাতনম্।
দুর্ল্লভং কিং পুনর্নিত্যমস্মিন্নেব ব্যবস্থিতিঃ॥
মহানদ্যামপঃ স্পৃস্ত তর্পয়েৎ পিতৃদেবতাঃ।
অক্ষয়ান্ প্রাপ্নুয়াল্লোকান্ কুলঞ্চাপি সমুদ্ধরেৎ॥"

(গরুড়পু° ৮৩।৪৪-৪০)

এইরূপে পিণ্ডক্ষেত্র কীর্ত্তন করিতে করিতে মহর্ষি ব্যাস বলিয়াছেন :—

"পুণ্ডরীকং বিষ্ণুলোকং প্রাপ্নুয়াৎ কোটিতীর্থগঃ।
যা সা বৈতরণী নাম ত্রিষু লোকেষু বিশ্রুতা।
সাবতীর্ণা গয়াক্ষেত্রে পিতৃণাং তারণায় হি॥
শ্রাদ্ধদঃ পিণ্ডদস্তত্র গোপ্রদানং করোতি যঃ।
একবিংশতিবংশ্যান্ স তারয়েন্নাত্র সংশয়ঃ॥"

(গরুড়পু° ৮৩।৬১-৬২)

উপরিবর্ণিত শ্লোকসমূহ আলোচনা করিলে বৈতরণীকে গয়াক্ষেত্রের তুল্য মুক্তিফলদ তীর্থ বলিয়াই জ্ঞান হয়। পুরুষোত্তমক্ষেত্রের সমুদ্রতীরও পিণ্ডদানকল্পে গয়া তুল্য বলিয়া কীর্ত্তিত হইয়াছে।

বৈতস (পুং) বেতস এব স্বার্থে-অণ্। ২ অম্লবেতস। (রাজনি°) ২ পুংস্প্রজনন, শিশ্নদণ্ড, লিঙ্গ। (নিঘণ্টু ৩।২৯) "দিবানক্তং শ্লথিতা বৈতসেন" (ঋক্ ১০।৯৫।৪) 'বৈতসেন শেফো বৈতস ইতি পুংস্প্রজননস্যেতি নিরুক্তং (৩।২১) 'পুংস্প্রজননেন শ্লথিতা তাড়িতা' (সায়ণ) বেতসস্যায়মিতি তস্যেদমিতি অণ্। (ত্রি) ৩ বেতস সম্বন্ধী।

"আত্মা সংরক্ষিতঃ সুহৃদ্ধে র্বৃত্তিমাশ্রিত্য বৈতসীম্।"(রঘু ৪।৩৫)

বৈতসক (ত্রি) বৈতসসম্বন্ধীয়। (পা ৬।৪।১৫৬)

বৈতসকীয় (ত্রি) বৈতসসম্বন্ধীয়। (পা ৬।৪।১৫৩)

বৈতসেন (পুং) ১ বীতসেনার অপত্য, পুরূরবা।

বৈতস্ত (ত্রি) বিতস্তদেশ ভব।

বৈতস্তিক (ত্রি) বিতস্তি পরিমাণসম্বন্ধীয়।

বৈতহব্য (পুং) বীতহব্যের অপত্য বেদমন্ত্রদ্রষ্টা অরুণ ঋষি।

বৈতাঢ্য (পুং) পর্ব্বতভেদ।

বৈতান (ত্রি) বিতান-অণ্। বিতান সম্বন্ধী, বৈতানিক।

বৈতানিক (পুং) বিতানে ভবঃ, বিতান-ঠক্। শ্রৌতহোম।

"মরণাদেব কর্ত্তব্যং সংযোগো যস্য নাগ্নিনা।
দাহাদূর্দ্ধমশৌচং স্যাদ্ যস্য বৈতানিকো বিধিঃ॥" (শুদ্ধিতত্ত্ব)

(ত্রি) বিতান সম্বন্ধীয়। যজ্ঞাদি কার্য্যকারী। (ভাগবত ১০।৪০।৫) বিতানেন নির্ব্বৃত্তঃ ঠক্। ৪ বিতান সাধ্য অগ্ন্যাধেয় প্রভৃতি। "অগ্ন্যাধেয়ে প্রভৃতীন্যাহ বৈতানিকানি" (আশ্ব° গৃ° শ্রৌ° ২সূ°) ৫ অগ্নিহোত্রাদি কর্ম্মসাধন অগ্নি। "বিততাঃ অগ্নয়ো যস্মিন্নিতি শ্রৌতকর্ম্মজাতাগ্নিহোত্রাদি বিতানশব্দেনোচ্যতে তত্র সাধু ঠক্। বৈতানিকঃ অগ্নিহোত্রাদিকর্ম্মসাধনে অগ্নৌ" (আশ্ব° গৃ° সূ° ১ নারা°)

বৈতায়ন (পুং) বৈতানের অপত্য।

বৈতাল (ত্রি) বেতাল-অণ্। ১ বেতালসম্বন্ধীয়। ২ স্তুতিপাঠক, বোধকর।

বৈতালকি (পুং) ঋগ্বেদশাখাপ্রবর্ত্তক আচার্য্যভেদ।

বৈতালরস, জ্বরাধিকারোক্ত রসৌষধভেদ। প্রস্তুত প্রণালী—রস, গন্ধক, বিষ, মরিচ, ও হরিতাল সমভাগে একত্র লইয়া জল দ্বারা উত্তমরূপে মর্দ্দন করিবে। মর্দ্দিত দ্রব্যসমূহ কজ্জলবৎ হইলে ২ রতিপ্রমাণ বটী প্রস্তুত করিবে। সান্নিপাতিক জ্বরে মূর্চ্ছা ও ঘর্ম্মাদি উপদ্রব থাকিলে ইহা প্রয়োগ করা যায়। গ্রন্থবিশেষে ইহা শ্রীবেতালরস নামেও লিখিত হইয়াছে।

(ভৈষজ্যরত্না° জ্বরাধিকার)

বৈতালিক, সহ্যাদ্রিবর্ণিত রাজভেদ। (সহ্যা° ৩৬।৫১)

বৈতালিক (পুং) বিবিধেন তালেন চরতীতি বিতাল-ঠক্। ১ বোধকর, স্তুতিপাঠক, যাহারা স্তুতিদ্বারা রাজাকে জাগায়। 'বিবিধো মঙ্গলগীতিবাদ্যাদিকৃতস্তালশব্দঃ তেন ব্যবহরন্তি বৈতালিকাঃ' (ভরত)

বিবিধ প্রকার মঙ্গলগীতি ও বাদ্যাদিকে বিতাল কহে, ইহা

দ্বারা যাঁহারা জীবিকা নির্ব্বাহ করেন, তাহাদিগকে বৈতালিক বলা যায়।

"বৈতালিকাঃ স্ফুটপদপ্রকটার্থমুচ্চৈ-
র্ভোগাবলীঃ কলগিরোঽবসরেষু পেঠুঃ॥" (মা° ৫।৬৭)

২ খেট্টিতাল।

'বৈতালিকঃ পুমান্ খেট্টিতালে বোধকরে ত্রিষু।' (মেদিনী)

হেমচন্দ্রে ইহার পাঠান্তর খেট্টিতাল স্থলে খড়্জতাল লিখিত হইয়াছে।

'বৈতালিকঃ খড়্জতালে মঙ্গলপাঠকেঽপি চ।' (হেম)

বৈতালিন্ (পুং) স্কন্দানুচরভেদ। (ভারত ৯ পর্ব্ব)

বৈতালি ভাট, বারাণসীবাসী ভাটদিগের একটী স্বতন্ত্র শাখা। ইহারা গোঁসাই উপাধিধারী। প্রবাদ, রাজা বিক্রমাদিত্যের সভায় বেতাল নামে এক ভাট ছিল। রাজবংশানুকীর্ত্তনে সে অতিশয় সুদক্ষ থাকায় রাজ-ভাট বলিয়া খ্যাতিলাভ করে। পরে সে রাজার আচরিত হিন্দুধর্ম্ম ও রাজকর্ম্ম পরিত্যাগ করিয়া গোঁসাই সম্প্রদায়ভুক্ত হয়। তদবধি তাহার বংশধরগণ গোঁসাই আখ্যায় অভিহিত হইয়া আসিতেছে। বেতালের বংশধর বলিয়া তাহারা ভাটসমাজে বৈতালি ভাট নামে পরিচিত।

ইহারা ভিক্ষা করিয়াই জীবিকানির্ব্বাহ করে, কিন্তু কখন বৈষ্ণব গোঁসাই ভিন্ন অপর কাহারও দান গ্রহণ করে না এবং ঐ গোঁসাইদিগের বংশকীর্ত্তন ইহাদের কার্য্য।

বৈতালীয় (পুং) মাত্রাবৃত্ত ভেদ। লক্ষণ—

"ষড়্ বিষমেঽষ্টৌ সমে কলাস্তাশ্চ সমে স্যুর্নৌ নিরন্তরাঃ।
ন সমাত্র পরাশ্রিতা কলা বৈতালীয়েঽন্তে রলৌ গুরুঃ॥"

(বৃত্তরত্নাকর)

যাহার প্রথম ও তৃতীয় পাদে চতুর্দ্দশ মাত্রা এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে ষোড়শমাত্রা থাকে, তাহাকেই বৈতালীয় বৃত্ত কহে। কিন্তু ইহাতে বিশেষ এই যে, ইহার মাত্রা গুলি কেবল লঘু বা কেবল গুরু হইলে হইবে না, পরন্তু মিশ্র হইবে। আর যুগ্মমাত্রা সকল পরাশ্রিতা হইবে না অর্থাৎ ৩, ৫, ৭ ইত্যাদি মাত্রা যুক্তবর্ণ হইয়া পূর্ব্বমাত্রাকে গুরু করিবে না, আর ইহার চরণের শেষে র, ল, ও গগণ অবশ্যই থাকিবে। (ত্রি) ২ বেতাল সম্বন্ধীয়। (বৃহৎস° ১০৪।৫৪)

বৈতুল (ক্লী) বিতুলসম্বন্ধীয়। (পা ৬।২।১২৫)

বৈতৃষ্ণ্য (ক্লী) বিতৃষ্ণা-ষ্যঞ্। তৃষ্ণারাহিত্য, লোভরাহিত্য।

"আপঃ শুদ্ধা ভূমিগতা বৈতৃষ্ণ্যং যাসু গোর্ভবেৎ।" (মনু ৫।১২৮)

বৈত্তপাল্য (ত্রি) বিত্তপাল বা কুবেরসম্বন্ধীয়।

বৈত্রক (ত্রি) বেত্র-কন্। বেত্রসম্বন্ধী।

বৈত্রকীয়বন (ক্লী) একচক্রা। (ভারত বনপ°)

বৈত্রকেয় (ত্রি) বেত্র সম্বন্ধীয়।

বৈত্রাসুর (পুং) বৃত্রাসুরের অপত্য অসুরভেদ।

বৈদ (ত্রি) ১ পণ্ডিত সম্বন্ধী। ২ বিদের পুত্র মুনিভেদ। (ঐতরেয়ব্রা° ৩।৬)

বৈদগ্ধ (ক্লী) বিদগ্ধস্য ভাবঃ অণ্। ১ বিদগ্ধত্ব, পাণ্ডিত্য। ২ পটুতা। ৩ চতুরতা। ৪ রসিকতা। ৫ শোভা।

"বাগ্‌বৈদগ্ধপ্রধানেঽপি রস এবাত্র জীবিতম্।" (সাহিত্যদ° ১অ°)

৬ ভঙ্গি।

বৈদগ্ধক (ত্রি) বৈদগ্ধ স্বার্থে কন্। বিদগ্ধসম্বন্ধীয়।

বৈদগ্ধী (স্ত্রী) বিদগ্ধস্যেয়মিতি বিদগ্ধ-অণ্ স্ত্রিয়াং ঙীপ্। ভাঙ্গ।

'ছলং মিষঞ্চ বৈদগ্ধী ভঙ্গিশ্চেভনিমীলিকাঃ।' (ত্রিকা°)

বৈদগ্ধ্য (ক্লী) বিদগ্ধ-ষ্যঞ্। বিদগ্ধের ভাব, পাণ্ডিত্য, চাতুর্য্য।

"বৈদগ্ধ্যখ্যাতিলোভায় মম নৈবায়মুদ্যমঃ।"

(কথাসরিৎসা° ১।১২)

বৈদত (ত্রি) বিদৎ (প্রজ্ঞাদিভ্যশ্চ। পা ৫।৪।৩৮) ইতি স্বার্থে অণ্। বিদৎ, জ্ঞাতা, যিনি জানেন।

বৈদথিন (পুং) বিদথীর অপত্য ঋষি। (ঋক্ ৪।১৬।১৩)

বৈদদশ্বি (পুং) বিদদশ্বের অপত্য ঋষিভেদ। (ঋক্ ৫।৬১।১০)

বৈদনৃত (ক্লী) সামভেদ।

বৈদন্বত (ক্লী) বিদন্বতের অপত্য। (পঞ্চবিংশব্রা° ১৩।১১।৯)

বৈদভৃত (পুং) বিদভৃতের অপত্য। স্ত্রিয়াং ঙীপ্ বৈদভৃতী।

বৈদভৃতীপুত্র (পুং) বৈদিকআচার্য্যভেদ। (শতপথব্রা° ১৪।৯।৪৩২)

বৈদভৃত্য (পুং) বিদভৃতের গোত্রাপত্য। (পা ৫।৩।১০৪)

বৈদন্ত (পুং) শিবের নামান্তর। (ভারত ১৩ পর্ব্ব)

বৈদর্ভ (পুং) বিদর্ভো নিবাসোঽস্যেতি বিদর্ভ-অণ্। ১ বিদর্ভদেশীয়রাজা। ২ দময়ন্তীপিতা ভীমসেন। ৩ রুক্মিণীর পিতা ভীষ্মক। ৩ বাক্যের বক্রতা। ৪ বাক্‌চাতুর্য্য। (ধরণি) ৫ বিদর্ভদেশ সম্বন্ধীয়। ৬ বিদর্ভদেশজাত। ৭ দন্তশূলরোগ, দাঁতের গোড়া ফোলা। ইহার লক্ষণ—

"স্পৃষ্টেষু দন্তমূলেষু সংরম্ভো জায়তে মহান্।
চলন্তি চ রদা যস্মিন্ স বৈদর্ভোঽভিঘাতজঃ॥"

(সুশ্রুত নি° ১৬ অ°)

যে রোগে দন্তমাংস ঘর্ষণহেতু শোথ এবং দন্তসমূহ চালিত হয়, তাহাকে বৈদর্ভ রোগ কহে। এই রোগ অভিঘাতজ।

বৈদর্ভক (পুং) বিদর্ভদেশবাসী।

বৈদর্ভি (পুং) বিদর্ভের অপত্য। (প্রবরাধ্যায়)

বেদর্ভী (স্ত্রী) বৈদর্ভ-ঙীষ্। বাক্যরীতিভেদ, কাব্যের রীতি বিশেষ, কাব্য রচনা করিতে হইলে কোন একটী রীতি অবলম্বন করিয়া করিতে হয়। চলিত পদযোজনাকেই রীতি কহা যায়

বৈদর্ভী, গৌড়ী, পাঞ্চালী প্রভৃতি রীতি আছে। কাব্যরচনা-কালে ইহার কোন একটী রীতি অবলম্বন করিয়া করিতে হয়।

ইহার লক্ষণ—

"মাধুর্য্যব্যঞ্জকৈর্বর্ণৈ রচনা ললিতাত্মিকা।
অবৃত্তিরল্পবৃত্তির্বা বৈদর্ভীরীতিরিষ্যতে॥" (সাহিত্যদ° ৯ পরি০)

মাধুর্য্যপ্রকাশক বর্ণ দ্বারা অতিশয় সুমধুর রচনা হইলে তাহাকে বৈদর্ভী রীতি কহে। ইহা অল্পবৃত্তি বা অবৃত্তি হইলেও হইবে। অতি সুমধুর রচনাই বৈদর্ভী রীতি। [রীতি দেখ]

২ অগস্ত্যপত্নী। (শব্দরত্না°) ৩ দময়ন্তী। ৪ রুক্মিণী।

বৈদর্য্য (ক্লী) বালকের ক্রীড়া। (পার° গৃহ্য° ২।১৪)

বৈদল (ক্লী) ভিক্ষুকের মৃন্ময়াদি পাত্র।

'পাত্রস্তদারবালাবুমৃন্ময়াস্তপি বৈদলম্।' (জটাধর)

(পুং) বিদলো দালিস্তস্মাজ্জাতঃ, বিদল-অণ্। ২ পিষ্টকভেদ, দাইলের পিঠা। গুণ—গুরু, বিষ্টম্ভী ও বায়ুকর। (রাজনি° ১০)

"পূপোঽপূপঃ পিষ্টকঃ স্যাদ্বৈদলো বিদলেঽপি চ।"
'বিদলো দালিস্তন্নির্ম্মিতপিষ্টকো বৈদলঃ।' (শব্দচন্দ্রিকা)

বৈদলান্ন (ক্লী) বৈদলযুক্ত ভক্ত, চলিত ডালিয়া। ইহা রুচি-কারক ও গুরু।

"বৈদলান্নং রুচিকরং গুরুদ্রব্যগুণৈঃ সমম্।" (বৈদ্যকনি°)

বৈদলিকশিল্প (পুং) বৈদলকশিল্পী। রুচিপ্রদ ও দুর্জর।

বৈদায়ন (পুং) বিদের অপত্য। (পা ৪।১।১১০)

বৈদারিক (পুং) সন্নিপাত জ্বর বিশেষ। ইহার লক্ষণ—হীনবাত, পিত্তমধ্য ও কফাধিক্য প্রযুক্ত যে সন্নিপাত জ্বর উৎপন্ন হয়, তাহাতে বাতাদিজনিত উপদ্রব সকলের বলাবল, দোষের আধিক্য ও ন্যূন অনুসারে হইয়া থাকে। অর্থাৎ বায়ুর উপদ্রব অল্প, পিত্তের উপদ্রব মধ্যম এবং কফের উপদ্রব অধিক হয় এবং অস্থি ও কটিদেশে বেদনা, অন্তর্দাহ, সাধারণতঃ সমস্ত শরীরেই বেদনাবোধ, ভ্রম, অতিশয় ক্লান্তি, মস্তক, বস্তি, মন্যা (গ্রীবার পশ্চাদ্‌ভাগস্থিত শিরা) ও হৃদয়বেদনা এবং বাক্যের জড়তা হয়, চক্ষুঃ মুদ্রিত থাকে, শ্বাস, কাশ, হিক্কা, শরীরের জড়তা ও অজ্ঞানতা উৎপন্ন হয়। এই বৈদারিক জ্বর হইলে কদাচিৎ সাধ্য হয়।

যদি কখন এই রোগ নিবৃত্তি হয়, তাহা হইলে কর্ণমূলে অতি ভয়ানক ব্রণশোথ জন্মে, এ শোথ জন্মিলে অতি কষ্টে রোগীর জীবন রক্ষা হয়। এই দারুণ সন্নিপাতের নাম বৈদারিক। এই রোগে তিন রাত্রির পর ঔষধাদির কল্পনা সকল ব্যর্থ হয় অর্থাৎ রোগী মৃত্যুগ্রাসে পতিত হইয়া থাকে।

(ভাবপ্র° জ্বররোগাধি°)

বৈদি (পুং) বিদঋষির অপত্য। (পা ৪।১।১০৪)

বৈদিক (পুং) বেদং জানাতীতি বেদ-ঠঞ্। ১ বেদজ্ঞ ব্রাহ্মণ, বেদবিদ্ ব্রাহ্মণ। (ত্রি) ২ বেদোক্ত। ৩ বেদোক্ত ক্রিয়াকাণ্ডের অনুষ্ঠাতা।

"বৈদিকী তান্ত্রিকী সন্ধ্যা যথানুক্রমযোগতঃ।" (তন্ত্রসার)

একসময়ে ব্রাহ্মণ বলিলেই বৈদিক বুঝাইত। কারণ পুরাকালে বেদপাঠ ও বেদোক্ত ক্রিয়াদি করিতে না পারিলে কেহই ব্রাহ্মণ হইতেই পারিতেন না। ভারতবর্ষে যখন নানা অবৈদিক সম্প্রদায়ের অভ্যুদয় হইল, তখন হইতেই ব্রাহ্মণগণের মধ্যেও তাঁহাদের ধর্ম্মমত ও ক্রিয়ানুসারে নানা আখ্যা হইতে চলিল, যথা—বৌদ্ধ, শ্রাবক, নির্গ্রন্থ, শাক্ত, আজীবক ও কাপিল প্রভৃতি।* এই সময়ে যাঁহারা বেদপাঠ ও বেদোক্ত ক্রিয়াদি করিতেন, তাঁহারাই কেবল বৈদিক বলিয়া অভিহিত হইলেন। এই সময় হইতেই গৌড়বঙ্গে বৈদিক শব্দ পারিভাষিক হইয়া দাঁড়াইল। কাহাকে প্রকৃত বৈদিক বলা যাইবে এ সম্বন্ধে সুপ্রসিদ্ধ ধর্ম্মাধিকারী হলায়ুধ তাঁহার ব্রাহ্মণসর্ব্বস্বে এইরূপ বিচার করিয়াছেন—

"বেদঃ কৃৎস্নোঽধিগন্তব্যঃ সরহস্যো দ্বিজন্মনেতি তদিথং ইত্যনেন কৃৎস্ন এব বেদো ব্রাহ্মণেনার্থতো গ্রন্থতশ্চাধ্যেতব্য ইতি স্থিতে বেদাধ্যয়নবেদার্থজ্ঞানমন্তরেণ গার্হস্থ্যাশ্রমাধিকার এব ন স্যাৎ। তদনধিকারে চ সকলকর্ম্মানধিকার এব। যতঃ,—

'যোঽনধীত্য দ্বিজো বেদমন্যত্র কুরুতে শ্রমং।
স জীবন্নেব শূদ্রত্বমাশু গচ্ছতি সান্বয়ঃ॥'

ইতি বদতা মনুনা বেদোঽধ্যেতব্য ইত্যনেন বেদার্থজ্ঞানপরা-ঙ্মুখব্রাহ্মণস্য শূদ্রত্বমেব প্রতিপাদিতং। অত্র চ কলৌআয়ুঃপ্রজ্ঞোৎ-সাহ-শ্রদ্ধাদীনামল্পত্বাৎ তৎকেবলোৎকল-পাশ্চাত্যাদিভির্ব্বেদা-ধ্যয়নমাত্রং ক্রিয়তে। রাঢ়ীয়বারেন্দ্রৈস্তু অধ্যয়নং বিনা কিয়দেব বেদার্থস্য কর্ম্মমীমাংসাদ্বারেণ যশ্চেতিকর্ত্তব্যতাবিচারঃ ক্রিয়তে। ন চৈতেনাপি মন্ত্রার্থকবেদার্থজ্ঞানং। মন্ত্রার্থজ্ঞানস্যৈব চ প্রয়োজনং। যতস্তৎপরিজ্ঞান এব শুভফলং তদজ্ঞানে চ দোষঃ শ্রূয়তে। তথা চ যোগিযাজ্ঞবল্ক্যঃ—

'যস্তু জানাতি তত্ত্বেন আর্ষং ছন্দশ্চ দৈবতম্।
বিনিয়োগং ব্রাহ্মণঞ্চ মন্ত্রার্থজ্ঞানকর্ম্ম চ॥
একৈকস্যা ঋচঃ সোঽভিবন্দ্যো হ্যতিথিবত্তবেৎ।
দেবতায়াশ্চ সাযুজ্যং গচ্ছত্যত্র ন সংশয়ঃ।
পূর্ব্বোক্তেন প্রকারেণ ঋষ্যাদীন্ বেত্তি যো দ্বিজঃ।
অধিকারো ভবেৎ তস্য রহস্যাদিষু কর্ম্মসু॥

* "বৌদ্ধশ্রাবকনির্গ্রন্থশাক্তাজীবককাপিলান্।
যে ধর্ম্মানুবর্ত্তন্তে তে বৈ নগ্নাদয়ো জনাঃ॥"
(হেমাদ্রি পরিশেষ খণ্ডে শ্রাদ্ধকল্পে ৭ অ°)

মন্ত্রে মন্ত্রে প্রযত্নেন জ্ঞাতব্যং ব্রাহ্মণেন চ।
বিজ্ঞানে পরিপূর্ণস্ত স্বাধ্যায়ফলমশ্নুতে।
ছন্দাংস্যযাতযামানি ভবন্তি ফলদান্যপি।'

তথা ব্যতিরেকে যোগিযাজ্ঞবল্ক্যঃ—

'অবিদিত্বা তু যঃ কুর্য্যাদ্‌যাজনাধ্যাপনে জপং।
হোমমন্তর্জলাদীনি তেভ্যোঽল্পাল্পফলং ভবেৎ॥
আপদ্যতে স্থাণুগর্ত্তে স্বয়ং বাপি প্রমীয়তে।' তথা—

"অন্তর্জলাদিকে জপ্যে ইতরেষামজানতাং।
নাধিকারোঽস্তি মন্ত্রাণামেবং স্মৃতিনিদর্শনমিতি।

অতো বেদাধ্যয়নে বেদমন্ত্রার্থজ্ঞানে হি তাৎপর্য্যং। এতৈস্তু রাঢ়ীয়বারেন্দ্রৈরর্থবিচার এব কেবলঃ ক্রিয়তে। এবং চোভয়োরপি গ্রন্থার্থতো বেদজ্ঞানং নাস্ত্যেব। তদ্বরং বেদৈকদেশস্যাপি যথাবিধ্যধ্যয়নং কৃত্বার্থবিচারঃ ক্রিয়তে। ইত্যুচিতং ভবতি। তথা চ যমঃ—

'ন শূদ্রো বৃষলো নাম বেদো হি বৃষ উচ্যতে।
তস্য বিপ্রস্য তেনালং স বৈ বৃষল উচ্যতে॥
তস্মাদ্‌বৃষলভীতেন ব্রাহ্মণেন প্রযত্নতঃ॥
একদেশোঽপ্যধ্যেতব্যো যদি সর্ব্বো ন শক্যতে॥'

তথা ব্যাসঃ—'অধীত্য যৎকিঞ্চিদপি বেদার্থাধিগমে রতঃ।
স্বর্গলোকমবাপ্নোতি ধর্ম্মানুষ্ঠানবিদ্দ্বিজঃ।
তথা—সমুচিতং স্তোকমপি শ্রুতাধীতং বিশিষ্যতে।
চতুর্ণামপি বেদানাং কেবলাধ্যয়নাদ্দ্বিজঃ॥'

'ততশ্চৈকদেশস্যাপ্যধ্যয়নেন গার্হস্থ্যাশ্রমাধিকারো ভবত্যেব। ইত্থমেকদেশাধ্যয়নে কর্ত্তব্যে সংশয়ঃ। কিং তৃতীয়ো ভাগশ্চতুর্থো ভাগো বা অধ্যেতব্য উভানুষ্ঠানোচিতভাগো বা। তত্র চ যদি পাঠক্রমানুরোধেন প্রথমো ভাগএকোঽধীয়তে। তদা তস্মিন্ ভাগে সন্ধ্যাস্নানাদ্যাহ্নিকগর্ভাধানাদিকসংস্কারাগ্ন্যাধানাদিক্রিয়াকাণ্ডোপযুক্তমন্ত্রাণাং সর্ব্বেষামসম্ভবাত্তদনুষ্ঠানং ন সম্ভবতি। তদ্বরং সন্ধ্যাস্নানাদ্যাহ্নিকগর্ভাধানাদিসংস্কারাগ্ন্যাধানাদিক্রিয়াকাণ্ডোপযুক্তমন্ত্রভাগ এবাধ্যেতুং যুজ্যতে। অন্যৈবাধ্যয়নেন বেদৈকদেশাধ্যয়নং পর্য্যবস্যতি॥

যত্তু কেচিৎ—'গায়ত্রীমাত্রসারোঽপি বরং বিপ্রঃ সুযন্ত্রিতঃ।
নাযন্ত্রিতস্ত্রিবেদোঽপি সর্ব্বাশী সর্ব্ববিক্রয়ী॥'

ইতি মনুবচনদর্শনাদেকদেশশব্দেন গায়ত্রীমাত্রমেবেচ্ছন্তি। তদযুক্তং। স্নানাদ্যনুষ্ঠানসন্ধ্যানভিজ্ঞস্য স্নানাদিষ্বেবাযোগ্যত্বাৎ তেষাং গায়ত্রীজপাধিকারিতৈব ন ভবতীতি সুদূরং নিরস্তং গায়ত্রীমাত্রসারত্বং। 'গায়ত্রীমাত্রসার' ইতি বচনস্তু নিন্দিতপ্রতিগ্রহাদ্যসৎক্রিয়ানিবৃত্তস্য স্নানসন্ধ্যাদ্যনুষ্ঠানশালিনো বিজ্ঞাতার্থগায়ত্রীজপনিরতস্য নিন্দিতপ্রতিগ্রহাদ্যসৎক্রিয়াযুক্তত্রিবেদবিদ্ব্রাহ্মণাচ্ছ্রেষ্ঠত্বপ্রতিপাদনে তাৎপর্য্যং॥ ন তু সকলবেদানুষ্ঠানরহিতস্য গায়ত্রীমাত্রসারত্বে তাৎপর্য্যমিতি॥

তথা কাত্যায়নঃ—

'বেদে তথার্থজ্ঞানে চ ব্রাহ্মণো যত্নবান্ ভবেৎ।
এষ ধর্ম্মস্য সর্ব্বস্য চতুর্ব্বর্গস্য সাধকঃ॥'

তথা ব্যাসঃ— 'অতঃ স পরমো ধর্ম্মো যো বেদাদবগম্যতে।
অধরঃ স তু বিজ্ঞেয়ো যঃ পুরাণাদিষু স্থিতঃ॥'

তথা "একদেশোঽপ্যধ্যেতব্যো" অত্রৈকদেশশব্দেন যাবদনুষ্ঠানোপযুক্তবেদভাগোঽপেক্ষিতঃ।

মনুঃ—'যথা কাষ্ঠময়ো হস্তী যথা চর্ম্মময়ো মৃগঃ।
যশ্চ বিপ্রো নাধীয়ানস্ত্রয়স্তে নাম বিভ্রতি॥'

তথা—'যোঽনধীত্য দ্বিজো বেদমন্যত্র কুরুতে শ্রমং।
স জীবন্নেব শূদ্রত্বমাশু গচ্ছতি সান্বয়ঃ॥'

মনুঃ—'ব্রহ্ম যস্ত্বননুজ্ঞাতমধীয়ানাদবাপ্নুয়াৎ।
স ব্রহ্মস্তেয়সংযুক্তো নরকং প্রতিপদ্যতে॥'

ব্যাসসংহিতায়াং কূর্ম্মপুরাণে চ—

'যোঽধীত্য বিধিবদ্দ্বিপ্রো বেদার্থং ন বিচারয়েৎ।
স সান্বয়ঃ শূদ্রসমঃ পাত্রতাং ন প্রপদ্যতে॥...
যথা পশুর্ভারবাহী ন তস্য ভজতে ফলং।
দ্বিজস্তথার্থানভিজ্ঞো ন বেদফলমশ্নুতে॥" (ব্রাহ্মণসর্ব্বস্ব)

অর্থাৎ—'সরহস্য সমস্ত বেদই যে ব্রাহ্মণের অধ্যয়ন করা কর্ত্তব্য' এই বাক্যানুসারে 'রহস্য' শব্দ থাকায় সমস্ত বেদই যে ব্রাহ্মণের অর্থানুসারে ও গ্রন্থানুসারে অধ্যয়ন করা কর্ত্তব্য, তাহাই স্থিরীকৃত হইয়াছে। সুতরাং বেদাধ্যয়ন বা বেদার্থজ্ঞান ব্যতীত ব্রাহ্মণের গার্হস্থ্যাশ্রমে কখনই অধিকার হয় না। গার্হস্থ্যাশ্রমে অধিকারী না হইলে সমস্ত কর্ম্মেই অনধিকারী থাকিতে হয়; কোন কর্ম্মেই অধিকার জন্মে না। যে হেতু শাস্ত্রে উক্ত হইয়াছে যে, যে দ্বিজ বেদ অধ্যয়ন না করিয়া শাস্ত্রান্তর অধ্যয়ন করেন, তিনি জীবদ্দশাতেই অতি শীঘ্র সবংশে শূদ্রত্ব প্রাপ্ত হইয়া থাকেন।

এই মনু-বাক্যানুসারে বেদ অধ্যয়ন করিতেই হইবে, এইরূপ অনুশাসন দ্বারা বেদার্থজ্ঞানপরাঙ্মুখ ব্রাহ্মণদিগের শূদ্রত্বই প্রতিপাদিত হইয়াছে। এরূপ অবস্থায় এই কলিতে আয়ু, প্রজ্ঞা, উৎসাহ ও শ্রদ্ধা প্রভৃতির হ্রাসতাপ্রযুক্ত কেবল উৎকল ও পাশ্চাত্যাদি ব্রাহ্মণগণই বেদাধ্যয়ন মাত্র করিয়া থাকেন। কিন্তু রাঢ়ীয় এবং বারেন্দ্রগণ অধ্যয়ন ব্যতীত কেবল কিয়দংশ বেদার্থের কর্ম্মমীমাংসানুসারে যে ইতিকর্ত্তব্যতা বিচারমাত্র করিয়া থাকেন, তাহাতে মন্ত্রার্থ বা বেদার্থজ্ঞান কিছুই হয় না। অথচ মন্ত্রার্থ-

জ্ঞানেরই বিশেষ প্রয়োজন। যেহেতু তৎপরিজ্ঞানেই শুভ ফল, আর তাহার অপরিজ্ঞানে দোষই শুনা যায়।

'এ বিষয়ে যোগিযাজ্ঞবল্ক্য বলিয়াছেন, যে ব্যক্তি প্রত্যেক মন্ত্রের দৈবত, আর্ষ, ছন্দঃ, বিনিয়োগ, ব্রাহ্মণ, মন্ত্রার্থজ্ঞান ও কর্ম্ম যথার্থরূপে জানেন, তিনি গুরুবৎ পূজ্য এবং নিঃসন্দেহে তাঁহার দেবতার সাযুজ্য লাভ হয়। পূর্ব্বোক্ত প্রকারে যে দ্বিজ ঋষি প্রভৃতি অবগত, তাঁহার রহস্যাদি সমস্ত কর্ম্মেই অধিকার হইয়া থাকে। ব্রাহ্মণ যদি প্রযত্নের সহিত প্রত্যেক মন্ত্রে জ্ঞান প্রাপ্ত হন, তাহা হইলে সর্ব্ববিজ্ঞানে পরিপূর্ণ হইয়া তিনি স্বাধ্যায়জনিত ফল লাভ করিতে সমর্থ। অযাতযাম ছন্দঃ সকল তাঁহার পক্ষেই ফলদায়ক হয়। ইহার ব্যতিরেক বিষয়ে যোগিযাজ্ঞবল্ক্য বলিয়াছেন,—যে না জানিয়া না বুঝিয়া যাজন, অধ্যাপন, জপ, হোম ও অন্তর্জল প্রভৃতির অনুষ্ঠান করে, তাহার এই সকল কর্ম্মানুষ্ঠানজনিত ফল অতি অল্পই সংঘটিত হয় এবং সে ব্যক্তি ঊর্দ্ধ বা অধঃপতনে বিপন্ন হয় অথবা স্বয়ংই আত্মহত্যা করে। বচনান্তরে প্রকাশ,—অন্তর্জলাদি বিষয়ে যে সকল মন্ত্র আছে, তাহাতে ইতর বেদানভিজ্ঞ ব্যক্তিগণের অধিকার নাই। এই রূপই স্মৃতিনিদর্শন আছে।

'সুতরাং দেখা যাইতেছে,—বেদাধ্যয়ন বিষয়ে বেদমন্ত্রার্থজ্ঞানই তাৎপর্য্য। কিন্তু রাঢ়ীয় ও বারেন্দ্রগণ কেবল অর্থবিচারই করেন। এরূপ অর্থবিচারে রাঢ়ীয় ও বারেন্দ্র এই উভয় শ্রেণীর ব্রাহ্মণেরই গ্রন্থার্থানুসারে বেদজ্ঞান একেবারেই নাই। এরূপ স্থলে বেদের একদেশেরও যথাবিধি অধ্যয়ন করিয়া যদি অর্থবিচার করা হয়, তবে তাহাও বরং ভাল এবং এরূপ করা অনুচিত বা অশাস্ত্রীয়ও নহে। এ সম্বন্ধে যম বলিয়াছেন, শূদ্রকেই কেবল বৃষল বলা যায় না, বেদই বৃষ বলিয়া অভিহিত। যে বিপ্র সেই বেদ বা বৃষহীন হন, তিনিও বৃষল নামে খ্যাত। সুতরাং এই বৃষলত্বভীতির জন্য ব্রাহ্মণ সর্ব্বপ্রযত্নে যদি সমস্ত বেদ অধ্যয়ন করিতেও না পারেন, তবে অন্ততঃ একদেশেরও অধ্যয়ন করা তাঁহার পক্ষে বিধেয়। এ সম্বন্ধে স্মৃতিকার ব্যাসও বলিয়াছেন, যৎকিঞ্চিৎ অধ্যয়ন করিয়াই দ্বিজ যদি বেদার্থাধিগমবিষয়ে অভিনিবিষ্ট হন, তবে ধর্ম্মানুষ্ঠানবিষয়ে অভিজ্ঞতাবশতঃ তাঁহার স্বর্গলোক প্রাপ্তি ঘটে। আর চতুর্ব্বেদের কেবল অধ্যয়ন অপেক্ষা সমুদায় অথবা অত্যল্পশ্রুতাধ্যয়নও সমীচীন বলিয়া নির্দ্দিষ্ট।

'আর এক কথা, বেদের একদেশ অধ্যয়ন দ্বারা গার্হস্থ্যাশ্রমেও অধিকারী হইবার পক্ষে কোন বাধা নাই। সে অধিকার অবশ্যই ঘটে। কিন্তু এইরূপ একদেশ অধ্যয়নের কর্ত্তব্যতা বিষয়ে সংশয় হইতে পারে। সে সংশয় এই, অর্থাৎ বেদের কোন্ ভাগ অধ্যয়ন করা কর্ত্তব্য? তৃতীয়ভাগ, চতুর্থভাগ অথবা উভয় ভাগের অনুষ্ঠানোচিত ভাগ, এ সকলের কোন্ ভাগ বা কোন্ অংশ অধ্যয়ন করা উচিত? এ সকলের মধ্যে যদি পাঠের ক্রমানুরোধে এক মাত্র প্রথম ভাগ অধ্যয়ন করা যায়, তাহা হইলে সে ভাগে সন্ধ্যাস্নানাদি আহ্নিক, গর্ভাধানাদি সংস্কার ও অগ্ন্যাধানাদি ক্রিয়াকাণ্ডের উপযোগী সমস্ত মন্ত্রের অসদ্ভাব হওয়ায় তত্তৎ সমস্তের অনুষ্ঠান সম্ভব হয় না। সুতরাং ইহা অপেক্ষা সন্ধ্যাস্নানাদি আহ্নিক, গর্ভাধানাদি সংস্কার ও অগ্ন্যাধানাদি ক্রিয়াকাণ্ড এ সমুদায়ের মন্ত্রভাগই অধ্যয়ন করা যুক্তিযুক্ত। এই মন্ত্রভাগের অধ্যয়ন করিলেই বেদের একদেশ অধ্যয়নের ফল হয়। কিন্তু কেহ কেহ বলিয়া থাকেন, বাহ্য ও অভ্যন্তর এই উভয়বিধ শৌচ ও নিয়মাদিসম্পন্ন ব্রাহ্মণ কেবল গায়ত্রী অধ্যয়নে রত থাকিলেও তাঁহার ব্রাহ্মণত্বের শ্রেষ্ঠতাহানি হয় না। আর নিয়মাদি শূন্য বিপ্র ত্রিবেদজ্ঞ হইলেও ব্রাহ্মণত্বলাভে সমর্থ নহেন। মনুবচনেও যে একদেশ শব্দে মাত্র গায়ত্রী গ্রহণের ইচ্ছা প্রকাশিত হইয়াছে, ফল তাহা নহে। স্নানাদির অনুষ্ঠান ও সন্ধ্যাদি বিষয়ে অনভিজ্ঞ হইলে প্রথমতঃ স্নানাদিতেই অধিকার হয় না, সুতরাং গায়ত্রীজপের অধিকারিতা ত একেবারেই অসম্ভব। কাজেই গায়ত্রীমাত্রসারত্ব-কথার এইখানেই নিরাস হইল। তবে গায়ত্রীমাত্রসার এই বচনের তাৎপর্য্য এই যে, যে সকল ব্রাহ্মণ নিন্দিত-প্রতিগ্রহ হইতে নিবৃত্ত, স্নান-সন্ধ্যাদির অনুশালনে নিরত ও অর্থজ্ঞানপূর্ব্বক গায়ত্রীজপে তৎপর, তাঁহারা নিন্দিত-প্রতিগ্রহাদি অসৎক্রিয়ান্বিত ত্রিবেদজ্ঞ হইতে শ্রেষ্ঠরূপে প্রতিপন্ন। অর্থাৎ ত্রিবেদজ্ঞ হইয়াও যিনি অসৎকার্য্যে লিপ্ত হন, সৎকর্ম্মপরায়ণ ব্রাহ্মণ সম্পূর্ণ বেদজ্ঞ না হইয়াও মাত্র গায়ত্রীজপকারী হইলে তাঁহা অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া গণ্য হন। উক্ত বচনের এরূপ তাৎপর্য্য নহে যে, নিখিল অনুষ্ঠানবর্জ্জিত ব্রাহ্মণের গায়ত্রীমাত্র থাকিলেই হইল। কাত্যায়ন বলিয়াছেন—বেদে ও তাহার অর্থজ্ঞান বিষয়ে ব্রাহ্মণ যত্নবান্ হইবেন। সমস্ত ধর্ম্ম ও চতুর্ব্বর্গের ইহাই সাধক।

'ব্যাস বলিয়াছেন,—যাহা বেদ হইতে অবগত হওয়া যায়, তাহাই পরম ধর্ম্ম। আর যাহা পৌরাণিক তাহা অধম ধর্ম্ম। "বেদের একদেশও অধ্যয়ন করা উচিত" এরূপ বচনে অনুষ্ঠানোপযোগী সমস্ত বেদভাগেরই প্রয়োজনীয়তা উল্লিখিত হইয়াছে।

'মনু বলিয়াছেন,—যেমন কাষ্ঠময় হস্তী ও চর্ম্মময় মৃগ, সেইরূপ বেদানধ্যায়ী ব্রাহ্মণ, এই তিনটী কেবল নামমাত্রই ধারণ করে। বাস্তবিক যে দ্বিজ বেদাধ্যয়ন না করিয়া শাস্ত্রান্তরে যত্নবান্ হয়, সে জীবিতাবস্থায় পুত্রপৌত্রাদি সহ শূদ্রত্ব

প্রাপ্ত হইয়া থাকে। বেদ যাহার অনুমোদিত নহে, যে বেদাধ্যায়ীর নিকট হইতে বেদাভ্যাস না করে, সেই বেদচৌর ব্রাহ্মণের নরকে স্থান হয়।

'ব্যাসসংহিতায় ও কূর্ম্মপুরাণে বিবৃত হইয়াছে, যে বিপ্র বিধিবৎ অধ্যয়ন করিয়া বেদার্থ বিচার না করে, সে সবংশে শূদ্রতুল্য হইয়া প্রকৃত ব্রাহ্মণত্বলাভে বঞ্চিত হয়। পশু যেমন ভারই বহন করে, কিন্তু তাহার ফল পায় না; বেদাধ্যয়ন করিয়া তাহার অর্থানভিজ্ঞ হইলে ব্রাহ্মণকেও তৎফলে সেইরূপ বঞ্চিত হইতে হয়।' (ব্রাহ্মণসর্ব্বস্ব)

হলায়ুধের উক্তি হইতে কি আমরা বুঝিতে পারিতেছি না যে, তৎকালে রাঢ়ীয় ও বারেন্দ্রসমাজ হইতে বেদলোপের সহিত ব্রাহ্মণত্বলোপের সম্ভাবনা হইয়াছিল। বৈদিক কুলগ্রন্থসমূহ আলোচনা করিলেও হলায়ুধের উক্তির যাথার্থ্য অনায়াসেই নির্ণয় করিতে পারা যায়।

রাঢ়ীয় ও বারেন্দ্র-সমাজ হইতে বেদমর্ম্ম ও বৈদিক অনুষ্ঠানাদি একপ্রকার বিলুপ্ত হইলে, পুনরায় বৈদিক কার্য্য সমাধা করিবার জন্য যে সকল ব্রাহ্মণ পরে বঙ্গে আহূত হইয়াছিলেন, কালে তাঁহারাই "বৈদিক" বলিয়া বঙ্গদেশে খ্যাত হইয়াছিলেন।

পাশ্চাত্য বৈদিককুল-পঞ্জিকায় লিখিত আছে,—

"বেত্তি যো বিবিধান্ বেদানধীতে বা যথাবিধি।
স্বধর্ম্মনিরতো বিপ্রো বৈদিকঃ পরিকীর্ত্তিতঃ॥"

যিনি নানা বেদ জানেন বা যথাবিধি অধ্যয়ন করিয়াছেন, (এরূপ) স্বধর্ম্মনিরত ব্রাহ্মণই বৈদিক বলিয়া গণ্য।

"যে সাঙ্গবেদান্ বিধিবদ্বিদন্তি তে ব্রাহ্মণা বৈদিকনামধেয়াঃ।
বেদেন হীনা যদি কেঽপি সন্তি তে শূদ্রতুল্যা ভুবি সঞ্চরন্তি॥"

যাঁহারা ষড়ঙ্গবেদ বিধিবৎ জানিয়াছেন, সেই ব্রাহ্মণগণ বৈদিক নামে খ্যাত। যদি কেহ কেহ বেদহীন হইয়া থাকেন, তাঁহারা শূদ্রতুল্য সংসারযাত্রা নির্ব্বাহ করেন।

বাঙ্গালা দেশে এখন দুইপ্রকার বৈদিক ব্রাহ্মণ দৃষ্ট হয়, তাঁহারা পাশ্চাত্য ও দাক্ষিণাত্য নামে খ্যাত। প্রথমতঃ এই দুইশ্রেণী "বৈদিক" নামে পরিচিত ছিলেন কি না সন্দেহ। কারণ হলায়ুধের সময়েও "পাশ্চাত্য বৈদিকগণ" কেবল "পাশ্চাত্য" নামেই প্রসিদ্ধ ছিলেন, তাহা পূর্ব্ববর্ণিত ব্রাহ্মণসর্ব্বস্ব হইতেই জানা গিয়াছে। যখন রাঢ়ী ও বারেন্দ্রশ্রেণী বৈদিক ক্রিয়াকলাপ পরিত্যাগ করিলেন, কেবল পাশ্চাত্য ও দাক্ষিণাত্যেরাই শ্রাদ্ধাদি বৈদিক কার্য্য সকল সম্পন্ন করিতে লাগিলেন, তখন হইতে এই দুইশ্রেণী "বৈদিক" নামে বঙ্গ-সমাজে প্রথিত হইলেন। উভয়শ্রেণী বৈদিক-আখ্যায় ভূষিত হইলেও পরস্পর কাহারও সহিত কাহারও সম্বন্ধ নাই।

হলায়ুধের উক্তি হইতে প্রতিপন্ন হইতেছে যে ব্রাহ্মণমাত্রেরই বেদাধ্যয়ন ও বেদের অর্থ গ্রহণ উভয়ই একান্ত কর্ত্তব্য। যদি সাঙ্গ চতুর্বেদাধ্যয়নে সুবিধা না ঘটে, তাহা হইলে অন্ততঃ একদেশও অধ্যয়ন করিতে হইবে। সন্ধ্যাস্নানাদি আহ্নিক, গর্ভাধানাদি দশবিধ সংস্কার, এবং অগ্ন্যাধানাদি ক্রিয়াকাণ্ডে যে সকল মন্ত্র প্রয়োগ করা হইয়া থাকে, সেই সকল মন্ত্রভাগ অর্থতঃ ও গ্রন্থতঃ অধ্যয়ন করাকেই একদেশ অধ্যয়ন বলা হয়।

উপরি উক্ত প্রমাণ অনুসারে যদিও পাশ্চাত্যগণই বৈদিক বলিয়া গণ্য হইতেছেন; কিন্তু তৎপূর্ব্বে অর্থাৎ গৌড়েশ্বর আদিশূরের সময়ে পঞ্চসাগ্নিক বিপ্র প্রভৃতি বৈদিক বলিয়া গণ্য ছিলেন। [কুলীন, রাঢ়ীয় ও বারেন্দ্র শব্দ দেখ।]

গৌড়ে আদি বৈদিক সমাজ।

মহেশ-মিশ্রের নির্দ্দোষ কুল-পঞ্জিকায় লিখিত আছে—

"দামোদরো হি বরেন্দ্রদেশে বসতিত্বাদ্বারেন্দ্র ইতি বিখ্যাতঃ, শৌরির্দাক্ষিণাত্যঃ, বিশ্বম্ভরো বেদবিহিতত্বাৎ বৈদিকঃ, শঙ্করো হি পাশ্চাত্যঃ, ভট্টনারায়ণো রাঢ়ী রাঢ়দেশবসতিত্বাৎ।"

অর্থাৎ গৌড়াগত শাণ্ডিল্য গোত্রজ ক্ষিতীশের পঞ্চপুত্রের মধ্যে দামোদর বরেন্দ্রদেশে বাসহেতু বারেন্দ্র, শৌরি দাক্ষিণাত্য, বিশ্বম্ভর বেদবিহিত আচরণ হেতু বৈদিক, শঙ্কর পাশ্চাত্য এবং ভট্টনারায়ণ রাঢ়দেশে বাসহেতু রাঢ়ী বলিয়া পরিচিত হন।

৭৩২ খৃষ্টাব্দে ক্ষিতীশাদি পঞ্চ সাগ্নিক গৌড়রাজসভায় আগমন করেন। সুতরাং এ সময়েও যে দাক্ষিণাত্য পাশ্চাত্য প্রভৃতি সমাজের অস্তিত্ব ছিল, তাহারও আভাস পাওয়া যাইতেছে।

খৃষ্ট পূর্ব্ব ৭ম শতাব্দীতে গৌড়বঙ্গে শাকদ্বীপী ব্রাহ্মণ সংস্রব ঘটিলেও প্রকৃত বৈদিক ব্রাহ্মণগণ এই স্থান পতিত মনে করিয়া তীর্থযাত্রা ব্যতীত এখানে উপনিবেশ স্থাপন করিতে পারেন নাই। বাস্তবিক খৃষ্ট জন্মের দুই শতাব্দ পূর্ব্ব পর্য্যন্ত গৌড়বঙ্গে অবৈদিকের প্রাধান্যই ছিল। খৃষ্ট পূর্ব্ব ২য় শতাব্দে শুঙ্গমিত্র বংশের অভ্যুদয়ের সহিত আবার বৈদিকাচার প্রতিষ্ঠিত হইতে ছিল। এই সময়েই গৌড়ের পশ্চিমাংশে রাজগৃহে বৈদিক ব্রাহ্মণপ্রতিষ্ঠার সন্ধান পাই।

বায়ুপুরাণীয় রাজগৃহ-মাহাত্ম্যে বর্ণিত হইয়াছে—

"বসুনামা পুরা দেবী বভূব নৃপসত্তমঃ।
ব্রহ্মযোনির্মহাসত্ত্বস্ত্রৈলোক্যে খ্যাতপৌরুষঃ॥২৩
তেনেষ্টং বাজিমেধেন সম্যগ্ রাজগৃহে বনে।
তেনানীতা গুণাদগ্র্যা দাক্ষিণাত্যা দ্বিজোত্তমাঃ॥২৪
নানাদেশাৎ সুশীলাশ্চ বেদবেদাঙ্গপারগাঃ।
শতং পঞ্চোত্তরাঃ বিপ্রাঃ সপ্তসাহস্রসংখ্যকাঃ॥২৫

দ্রাবিড়াচ্চ মহারাষ্ট্রাৎ কর্ণাটাৎ কোঙ্কণাদপি।
তৈলঙ্গাচ্চ মহাভাগাস্তে চতুর্দ্দশগোত্রিণঃ ॥২৬
নাম তেষাং প্রবক্ষ্যামি গোত্রাণাস্তু যথাযথম্।
বৎসোপমন্যু-কৌণ্ডিণ্য-গর্গ-হারীত-গৌতমাঃ ॥২৭
শাণ্ডিল্যোঽথ ভরদ্বাজঃ কৌশিকঃ কাশ্যপস্তথা।
বশিষ্ঠশ্চ পুনর্বৎস্যঃ সাবর্ণিশ্চ পরাশরঃ ॥২৮
চতুর্দ্দশৈতে কথিতা গোত্রাস্তেষাং মহাত্মনাম্।
ঋগ্বেদাবীতিনঃ সর্ব্বে হ্যাশ্বলায়নশাখিনঃ ॥২৯
যজ্ঞান্তে শাসনং দত্তং তেভ্যো রাজগৃহং পুরম্।
অত্রিঃ পঞ্চদশো যেষাং গোত্রাস্তেষাং গিরিব্রজে ॥৩০
দ্বিজানাং শাসনং দেবি! দত্তবান্ মনুজাধিপঃ।
তৎসংখ্যাতোঽধিকানাং বৈ বৈকুণ্ঠপদসন্নিধৌ ॥
দক্ষিণা চ তথা দত্তা ব্রাহ্মণ্যেভ্যঃ পৃথক্ পৃথক্।
ততঃ প্রভৃতি তে বিপ্রা জাতাস্তীর্থে প্রপূজিতাঃ ॥৩৬"

(রাজগৃহমাহাত্ম্য ২ অ°)

'বসুনামে পুরাকালে একজন রাজা ছিলেন,তিনি ব্রাহ্মণবংশীয় ও মহাবীর; তাঁহার পৌরুষ ত্রিভুবনে বিখ্যাত, রাজগৃহবনে তিনি অশ্বমেধযজ্ঞ করিয়াছিলেন। তিনি দ্রাবিড়, মহারাষ্ট্র, কর্ণাট, কোঙ্কণ,তৈলঙ্গ প্রভৃতি নানা দেশ হইতে শ্রেষ্ঠগুণসম্পন্ন, সুশীল ও বেদবেদাঙ্গপারগ দাক্ষিণাত্য বিপ্রগণকে আনাইয়াছিলেন। তাঁহাদের গোত্রনাম যথাযথ বলিতেছি—১ বৎস, ২ উপমন্যু ৩ কৌণ্ডিণ্য, ৪ গর্গ, ৫ হারীত, ৬ গৌতম, ৭ শাণ্ডিল্য, ৮ ভরদ্বাজ, ৯ কৌশিক, ১০ কাশ্যপ, ১১ বশিষ্ঠ, ১২ বাৎস্য, ১৩ সাবর্ণি ও ১৪ পরাশর; এই ১৪টী গোত্র। উক্ত মহাত্মা সকলেই ঋগ্বেদী আশ্বলায়ন-শাখাধ্যায়ী; রাজা যজ্ঞাবসানে তাঁহাদিগকে রাজগৃহপুর শাসন দিয়াছিলেন। এ ছাড়া নরপতি তাঁহাদিগের মধ্যে অত্রিগোত্রদিগকে গিরিব্রজে ও তাঁহাদিগের মধ্যে অধিকাংশকে বৈকুণ্ঠপদের নিকট ব্রাহ্মণ-শাসন দান করেন। এ ছাড়া নরপতি তাঁহাদিগকে পৃথক পৃথক দক্ষিণাও দিয়াছিলেন। সেই পর্য্যন্ত উক্ত বিপ্রগণ এই তীর্থে পূজিত হইয়া আসিতেছেন।'

এখন জিজ্ঞাস্য, উক্ত ব্রাহ্মণবংশীয় বসুরাজ কে? ভারতে ও পুরাণে জরাসন্ধের পিতামহ গিরিব্রজপ্রতিষ্ঠাতা যে বসুরাজের উল্লেখ আছে, তিনি জাতিতে ক্ষত্রিয়, ব্রাহ্মণ নহেন। এরূপস্থলে ব্রাহ্মণ বসুরাজ যে স্বতন্ত্র ব্যক্তি, তাহাতে সন্দেহ নাই।

পূর্ব্বেই বলিয়াছি যে খৃঃ পূর্ব্ব ২য় শতাব্দে শুঙ্গবংশের অভ্যুদয় ঘটে। বিষ্ণু ও ভাগবত পুরাণ মতে—মৌর্য্যবংশীয় শেষ নৃপতি বৃহদ্রথকে নিহত করিয়া পুষ্পমিত্র শুঙ্গবংশের প্রতিষ্ঠা করেন। পুষ্পমিত্র দারুণ বৌদ্ধবিদ্বেষী ছিলেন। দিব্যাবদান নামক প্রাচীন বৌদ্ধগ্রন্থ হইতে জানা যায় যে, রাজা পুষ্পমিত্র অশোক প্রতিষ্ঠিত ৮৪০০০ ধর্ম্মরাজিকা ধ্বংস করিবার অনুমতি করিয়াছিলেন। তাঁহার পুত্রই কালিদাসের "মালবিকাগ্নিমিত্র" নাটকের নায়ক অগ্নিমিত্র। অগ্নিমিত্রও অশ্বমেধ-যজ্ঞ এবং বৈদিক ক্রিয়াকাণ্ড উদ্ধার করিয়া প্রসিদ্ধ হইয়াছিলেন। এই অগ্নিমিত্রের পৌত্র বসুমিত্র। এই বসুমিত্রই রাজগৃহমাহাত্ম্যবাগত বসুরাজ। দাক্ষিণাত্যে বিদিশায় শুঙ্গবংশের রাজধানী প্রতিষ্ঠিত হইলে ব্রাহ্মণভক্ত বসুমিত্র দাক্ষিণাত্য বিপ্রগণকে রাজগৃহনগরী দান করিয়া পূর্ব্বভারতে ব্রাহ্মণ্য-ধর্ম্মপ্রচার করিবার জন্য তাঁহাদিগকে প্রতিষ্ঠিত করিয়াছিলেন। বসুমিত্রের পর আরও ৫ জন শুঙ্গবংশীয় নৃপতি রাজত্ব করিলে পর কণ্বগোত্র বাসুদেব নামে শুঙ্গ-সেনাপতি নিজ প্রভুকে বিনাশ করেন। এই বাসুদেব হইতেই কাণ্বায়নবংশের প্রতিষ্ঠা। শাকদ্বীপীয় ব্রাহ্মণ-বিবরণ-প্রসঙ্গে আমরা দেখাইয়াছি যে শুঙ্গ ও কাণ্বায়নগণ শাকদ্বীপী ব্রাহ্মণ ছিলেন।* তাই শুঙ্গ বসুরাজ রাজগৃহমাহাত্ম্যে "ব্রহ্মযোনি" বলিয়া পরিকীর্ত্তিত। অধিক সম্ভব, এই বসুরাজের দানের কাহিনীই চীনপরিব্রাজক অশোকরাজের উপর আরোপ করিয়াছেন।† বাস্তবিক অশোকাবদান প্রভৃতি কোন বৌদ্ধগ্রন্থে অশোকের এরূপ দানের প্রসঙ্গ নাই। যাহা হউক, খৃষ্ট জন্মের পূর্ব্বে যে গৌড়রাজ্যের পশ্চিমে বহুসংখ্যক দাক্ষিণাত্য বৈদিকবিপ্রের উপনিবেশ হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই।

খৃষ্টীয় ৪র্থ শতাব্দে গুপ্তরাজগণের অভ্যুদয়ে বঙ্গে বৈষ্ণব ও শৈবমতাবলম্বী ব্রাহ্মণগণের প্রতিষ্ঠা হইয়াছিল। গুপ্ত সম্রাট্ সমুদ্রগুপ্ত অশ্বমেধ যজ্ঞ করিয়া ভারতে বৈদিকমার্গ পুনঃপ্রবর্ত্তনের চেষ্টা করিয়াছিলেন। পাটলীপুত্রে তাঁহার রাজধানী ছিল। তাঁহার আত্মীয় স্বজন বাঙ্গালার নানা স্থানে শাসনবিস্তার করিয়াছিলেন; তাঁহাদের সময়ে গৌড়-বঙ্গে নানা শ্রেণীর ব্রাহ্মণ দেখা দিয়াছিলেন, ঐ সকল ব্রাহ্মণের মধ্যে যিনি যেরূপ উচ্চ নীচ কার্য্য করিতেন, সমাজে তাঁহার সেইরূপ আসন স্থির হইয়াছিল।

গৌড়বাসী গুপ্তরাজগণের মধ্যে অনেকের মুদ্রায় তান্ত্রিক দেবদেবীর মূর্ত্তি লক্ষিত হয়। বলিতে কি, খৃষ্টীয় ৫ম শতাব্দীতে গুপ্তরাজগণের আধিপত্য-কালেই গৌড় ও বঙ্গে তান্ত্রিকগণের নিকটে হিন্দু ও বৌদ্ধধর্ম্মের সমন্বয় সাধিত হইয়াছিল। তান্ত্রিকগণের প্রভাবে বৈদিক মত আবার কোথায় ভাসিয়া গেল!

* বঙ্গের জাতীয় ইতিহাস ব্রাহ্মণকাণ্ড ২য় ভাগ ৪র্থ অংশ ১৮ ও ৫৬ পৃষ্ঠা দ্রষ্টব্য।

† Siyuki, translated by S. Beal. Vol II. p. 167.

খৃষ্টীয় ৭ম শতাব্দীর আরম্ভে গৌড়ের গুপ্তরাজগণ কিছুদিনের জন্য ব্রাহ্মণ্য ধর্ম্মানুরক্ত হইয়া পড়েন। তন্মধ্যে কর্ণসুবর্ণরাজ শশাঙ্ক নরেন্দ্রগুপ্ত প্রধান। তিনি গ্রহশান্তি ও পৌষ্টিক কর্ম্মাদি সম্পাদনের জন্য বহু শাকদ্বীপী ব্রাহ্মণ আনাইয়া গৌড়ে বাস করাইয়াছিলেন।* তিনি বড়ই বৌদ্ধবিদ্বেষী ছিলেন, তিনিই গয়ার সুপ্রসিদ্ধ বোধিদ্রুম কাটিয়া ফেলেন। অবশেষে কনৌজপতি হর্ষবর্দ্ধনের প্রকোপে তাঁহার রাজ্যধ্বংস ও তিনি নিহত হন। হর্ষের আধিপত্য বিস্তারের সহিত ব্রাহ্মণ্যপ্রভাব কিছু দিনের জন্য এদেশ হইতে অন্তর্হিত হইয়াছিল। এমন কি, তৎকালে এদেশে বেদবিৎ কর্ম্মঠ ব্রাহ্মণ ছিলেন না। তাই ত্রিপুরপতি ধর্ম্মপালকে ৬৪১ খৃষ্টাব্দে মিথিলা হইতে বেদবিদ্ ব্রাহ্মণ আনাইতে হইয়াছিল।†

খৃষ্টীয় ৮ম শতাব্দীর প্রাক্‌কালে কান্যকুব্জের সিংহাসনে কমলায়ুধ-যশোবর্ম্মা অধিষ্ঠিত হইলেন। তিনি ব্রাহ্মণ-ভক্ত ও বৈদিক ক্রিয়ানুরক্ত ছিলেন। তাঁহার উৎসাহে উত্তর ভারতে সনাতন বৈদিকমার্গ পুনঃ প্রবর্ত্তিত হইয়াছিল। সেই সময়ের ধর্ম্মাভ্যুদয়ের সরল আলেখ্য যশোবর্ম্মদেবের সভাসদ্ মহাকবি ভবভূতির নাটকসমূহে উজ্জ্বল বর্ণে চিত্রিত হইয়াছে। তাঁহার প্রিয়কবি বাক্‌পতির 'গৌড়বধ' নামক প্রাকৃত কাব্যে যশোবর্ম্ম-কর্ত্তৃক একজন গৌড়রাজবধের প্রসঙ্গ আছে। গৌড়রাজ্য-বিজয়-কালে তিনি বিহারের নিকট নিজ নামানুসারে "যশোবর্ম্মপুর" স্থাপন করিয়া ব্রাহ্মণকে প্রদান করেন। কিন্তু তাঁহার প্রত্যাবর্ত্তনের সহিত যশোবর্ম্মপুর বৌদ্ধ কবলিত ও তথায় বৌদ্ধবিহার প্রতিষ্ঠিত হইয়াছিল। ইহারই অনতিপরে কাশ্মীরপতি ললিতাদিত্য গৌড়-রাজ্য জয় করিয়া সে সময়ের গৌড়পতিকে সমাদরপূর্ব্বক নিজ রাজধানীতে আনয়ন করেন এবং গুপ্তঘাতক দ্বারা তাঁহার প্রাণসংহার করিয়া বিশ্বাসঘাতকতার উজ্জ্বল দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছিলেন। রাজভক্ত কয়েকজন গৌড়বাসী রাজহত্যার প্রতিশোধ লইবার জন্য সুদূর কাশ্মীরে গিয়া অদ্বিতীয় সাহস ও বীরত্বের পরিচয় দিয়া গিয়াছেন। কাশ্মীরের ইতিহাসে কহ্লণ কর্ত্তৃক ওজস্বিনী ভাষায় সেই অপূর্ব্ব বীরত্বকথা ঘোষিত হইয়াছে। ললিতাদিত্য কর্ত্তৃক গৌড় আক্রমণ এবং তৎপরে তৎকর্ত্তৃক গৌড়রাজবধ প্রভৃতি কারণে অরাজকতা ঘটিবার সময়ে গৌড়াধিপ জয়ন্তের অভ্যুদয় হয়। তাঁহার পিতা ও পিতামহ একজন সামান্য নৃপতি ছিলেন বটে, কিন্তু জয়ন্তই শূরবংশীয় রাজগণের মধ্যে সর্ব্ব-প্রথম পরাক্রান্ত স্বাধীন রাজা হইয়া "আদিশূর" উপাধি গ্রহণ করেন। রাঢ়ীয় ও বারেন্দ্র কুলগ্রন্থ মতে তিনি ৬৫৪ শকে বা ৭৩২ খৃষ্টাব্দে সিংহাসনে অভিষিক্ত হন* এবং ঐ সময়েই তিনি নিজ গৌড়মণ্ডলে বৈদিকধর্ম্ম প্রচার করিবার জন্য কনোজপতি যশোবর্ম্মের নিকট হইতে সাগ্নিক ব্রাহ্মণ আনাইবার আয়োজন করেন। কিন্তু গৌড়পতির উদ্দেশ্য প্রথমে সফল হয় নাই। রাজা যশোবর্ম্মদেব বৌদ্ধ-বিপ্লাবিত গৌড়ভূমে সাগ্নিক বিপ্র পাঠাইতে সম্মত হন নাই।

মহারাজ আদিশূরের অভ্যুদয়কালে তাঁহার অধিকার মধ্যে নানাবিধ ব্রাহ্মণের বাস ছিল, তন্মধ্যে রাঢ়দেশবাসী সপ্তশতী ব্রাহ্মণেরাই প্রধান ছিলেন। পূর্ব্বে বিভিন্ন সময়ে যে সকল সারস্বত ব্রাহ্মণ আসিয়া এদেশে "সপ্তশতী" নামক জনপদে বাস করেন, তাঁহারাই বাসভূমির নামানুসারে সপ্তশতী নামে প্রসিদ্ধ হন। বারেন্দ্র-কুলপঞ্জিকার মতে, তাঁহারা "বেদবিধানবঞ্চিত" অর্থাৎ সর্ব্বপ্রকার বৈদিক সংস্কার ও আচারবর্জ্জিত হইলেও সকলে কুলাচারী, আভিচারিক ক্রিয়ায় চতুর, শান্তিকার্য্যে পটু ও গুণবান্ ছিলেন।† রাঢ়ীয় প্রধান কুলাচার্য্য বাচস্পতি মিশ্র তৎকালে "দ্বিজবেদযজ্ঞরহিত" বলিয়া গৌড়মণ্ডলের পরিচয় দান করিয়াছেন। তিনি লিখিয়াছেন যে, ঐ সকল নিরগ্নিক বেদযজ্ঞ-রহিত সপ্তশতী ব্রাহ্মণেরাই বৃষে আরোহণ পূর্ব্বক সাগ্নিক ব্রাহ্মণ আনিবার জন্য "বীরসিংহপুর" (সম্ভবতঃ যশোবর্ম্মপুরে) গিয়াছিলেন এবং রাজা আদিশূর তাঁহাদিগকে প্রায়শ্চিত্ত করাইয়া ও বহুগ্রাম দান করিয়া সম্মানিত করেন। ধ্রুবানন্দমিশ্রের গৌড়বংশাবলীতেও বর্ণিত হইয়াছে যে, আদিশূরের সেনাপতি সাতশত ব্যক্তিকে গলায় পৈতা দিয়া ও ষাঁড়ে চড়াইয়া প্রতিপক্ষ নৃপতির কৌশল ব্যর্থ করিয়াছিলেন। অবশেষে তাঁহারাই আদিশূর কর্ত্তৃক সপ্তশতী ব্রাহ্মণ বলিয়া পরিচিত হন।

উক্ত কুলগ্রন্থসমূহের আখ্যায়িকা হইতে সুদূর অতীতের একটী অস্ফুট স্মৃতি পাইতেছি। বলিতে কি, সেই সময় গৌড়-দেশে বৈদিক সংস্কার এককালে বিলুপ্ত হইয়াছিল। যে সকল ব্রাহ্মণ এদেশে বাস করিতেন, তাঁহারা সকলেই তান্ত্রিক বৌদ্ধ-ধর্ম্মাক্রান্ত, এ কারণ কুলাচারী ও শান্তিকর্ম্মে পারদর্শী হইলেও উঁহারা 'বেদবিধানবঞ্চিত' এবং ঐ দেশ 'দ্বিজবেদযজ্ঞরহিত' বলিয়া

* বঙ্গের জাতীয় ইতিহাস (ব্রাহ্মণ কাণ্ড) ২য় ভাগ (৪র্থ অংশ) শাকদ্বীপি-ব্রাহ্মণ-বিবরণ দ্রষ্টব্য।

† বঙ্গের জাতীয় ইতিহাস (ব্রাহ্মণকাণ্ড) ৩য়াংশ ১৮৬ পৃষ্ঠা দ্রষ্টব্য।

* সাহিত্য-পরিষৎ-পত্রিকা ১১শ ভাগ ১১৭ পৃঃ ও বঙ্গের জাতীয় ইতিহাস ব্রাহ্মণকাণ্ড প্রথমাংশ ১০২-১০২ পৃষ্ঠা।

† "বিপ্রান্ বেদবিধানবঞ্চিতহৃদো বিজ্ঞায় বিজ্ঞো বিভু-
গৌড়স্থান্ সকলান্ কলিপ্রকলিতান্ বিঘ্নোপশান্তক্ষমান্।
স্বাচারী সুষ্ঠিচারচারুচতুরশ্চারক্রিয়াচারকঃ
শাকে বেদকলম্বষট্‌কবিমিতে রাজাদিশূরঃ স চ॥" (বারেন্দ্রকুলপঞ্জী)।

পরিকীর্ত্তিত। বৈদিক সংস্কারের দ্বারাই মানব দ্বিজ হয়, "সংস্কারৈর্দ্বিজ উচ্যতে"। বৌদ্ধপ্রভাবে তৎকালে এ দেশীয় ব্রাহ্মণদিগের মধ্য হইতে বৈদিক সংস্কার বিলুপ্ত হওয়ায় প্রথমে তাঁহারা 'দ্বিজ' বলিয়াই পরিগণিত হন নাই। পরে মহারাজ আদিশূরের অনুগ্রহে প্রায়শ্চিত্তাদি দ্বারা পুনঃ সংস্কৃত হইয়া তাঁহারাই হিন্দু-রাজসভায় দ্বিজ বলিয়া সম্মানিত হইয়াছিলেন।

প্রায় ৭৫১ খৃষ্টাব্দে কাশ্মীরপতি ললিতাদিত্যের পৌত্র জয়াদিত্য দিগ্বিজয় উপলক্ষে কান্যকুব্জ জয় করিয়া ছদ্মবেশে গৌড়ের রাজধানী পৌণ্ড্রবর্দ্ধনে আসিয়া উপস্থিত হইলেন। ভস্মাচ্ছাদিত বহ্নি সহজেই প্রকাশ হইয়া পড়িল। আদিশূর জয়ন্ত পরম সমাদরে কাশ্মীরপতি জয়াদিত্যের করে আপনার একমাত্র কন্যা কল্যাণদেবীকে সম্প্রদান করিলেন। রাজতরঙ্গিণীতে বর্ণিত হইয়াছে,—জয়াদিত্য পঞ্চগৌড়ের রাজন্যবর্গকে পরাজয় করিয়া শ্বশুরকে তাঁহাদের অধীশ্বর করিয়াছিলেন। এ সময়েও কাশ্মীর-সৈন্য আসিয়া জয়াদিত্যের সহিত যোগদান করে নাই, সুতরাং কাশ্মীরপতি এদেশীয় সৈন্যসাহায্যে যে শ্বশুরের সেনাপতিত্ব গ্রহণ করিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। দেশীয় কুলজ্ঞ ধ্রুবানন্দ কাশ্মীরপতি স্থলে হেরম্বপতিকে বসাইয়াছেন। এস্থলে রাজতরঙ্গিণীর উক্তি সমধিক প্রাচীন ও প্রামাণিক বলিয়া গ্রাহ্য।

রাজতরঙ্গিণী, এখানকার কুলগ্রন্থসমূহ এবং গৌড়ের তৎকালীন বৌদ্ধপ্রভাব আলোচনা করিলে মনে হইবে যে, সে সময়ে গৌড়-সমাজের শীর্ষস্থানে বৌদ্ধাচার্য্যগণ অধিষ্ঠিত ছিলেন, প্রতি গণ্ডগ্রামে মঠ বা বিহার ছিল। বৌদ্ধাচার্য্যগণই ঐ সকল মঠের অধিপতি ও গ্রামবাসীর উপদেষ্টা ছিলেন। জনসাধারণ সকলেই তাঁহাদের অনুগত ও অনুরক্ত ছিল।

বুদ্ধদেব-মতানুবর্ত্তী পূর্ব্বতন বৌদ্ধাচার্য্যগণ বিষয়ে নিস্পৃহ, সর্ব্বজীবে দয়ালু ও অহিংসা-পরমধর্ম্মপালনে নিরত ছিলেন, কিন্তু আদিশূরের সমসাময়িক বৌদ্ধাচার্য্যগণ সেই সাত্ত্বিকভাব হারাইয়াছিলেন। দুই এক জনের কথা ধরিতেছি না, তৎকালে অধিকাংশ বৌদ্ধাচার্য্যই তান্ত্রিকতায় আচ্ছন্ন ও বিষয়সুখে কতকটা নিমগ্ন হইয়া পড়িয়াছিলেন। তবে আভিচারিক ও শান্তিকার্য্যে বিশেষ পটু ছিলেন বলিয়া তাঁহাদিগকে উচ্চ নীচ সকলেই ভয় ভক্তি করিত। এইরূপ আভিচারিক ও কুলাচারী তান্ত্রিকগণকে হস্তগত করিয়া, তাঁহাদিগকে নানা শাসন গ্রাম দান করিয়া এবং তাঁহাদিগকে হিন্দু-সমাজে গ্রহণপূর্ব্বক সম্মানিত করিয়া মহারাজ আদিশূর পঞ্চগৌড়ের অধীশ্বর হইয়াছিলেন। সেই জাতীয় অভ্যুত্থানে—সেই অসাধ্য কার্য্যসংসাধনে কাশ্মীরপতি জয়াদিত্য গোড়াধিপ আদিশূরের প্রধান মন্ত্রী ও প্রধান সেনাপতির কার্য্য করিয়াছিলেন।

গৌড়রাজকন্যা লইয়া জয়াদিত্যের স্বরাজ্যে প্রস্থানকালে কনোজপতি যশোবর্ম্মার সিংহাসন তাঁহার হস্তগত হইয়াছিল। সেই সঙ্গে আদিশূরের বহুদিনের আশাও সফল হইল। সাগ্নিক ব্রাহ্মণাগমনের আর কোন প্রতিবন্ধক রহিল না। বেদবিদ্ পঞ্চ সাগ্নিক ব্রাহ্মণ সস্ত্রীক ও পরিজন সহিত গৌড়রাজধানীতে আহূত হইলেন। তাঁহাদের পদার্পণে গৌড়ভূমি ধন্য ও পবিত্র হইল। আবার তাঁহাদের প্রভাবে ও কর্ম্মকুশলতায় গৌড়মণ্ডলে বৈদিক ক্রিয়াকলাপ চলিতে লাগিল। যে সকল সপ্তশতী ও পূর্ব্বতন গৌড়বাসী বিপ্র আদিশূরের অভ্যুদয়ে ও সাম্রাজ্য-গঠনে সাহায্য করিয়াছিলেন, গৌড়পতি তাঁহাদিগের সহিত বেদবিদ্ সাগ্নিক বিপ্রগণের বৈবাহিক সম্বন্ধ স্থাপন করিয়া তাঁহাদিগকে চিরদিনের জন্য গৌড়বাসী করিলেন। কনৌজের সেই বৈদিক ব্রাহ্মণগণের বংশধরেরাই রাঢ় ও বরেন্দ্রভূমে বাসহেতু পরবর্ত্তিকালে রাঢ়ীয় ও বারেন্দ্রনামে পরিচিত হইলেন।

তান্ত্রিকতার প্রভাবে দক্ষিণদেশাগত ও কনোজাগত আদি বৈদিক বিপ্রগণ প্রকৃত বৈদিকাচার পরিত্যাগ করিয়া তান্ত্রিকাচারী হইয়া পড়িয়াছিলেন, একারণ পরবর্ত্তিকালে তাঁহারা আর বৈদিক বলিয়া গণ্য হইলেন না। গৌড়াধিপ লক্ষ্মণসেনের সময় উক্ত সাগ্নিক বিপ্রবংশধর রাঢ়ীয় ও বারেন্দ্র ব্রাহ্মণগণ এককালে সম্পূর্ণ বৈদিকমার্গ হইতে ভ্রষ্ট হইয়া পড়িয়াছিলেন, একারণ হলায়ুধ তাঁহার "ব্রাহ্মণসর্ব্বস্বে" রাঢ়ীয় ও বারেন্দ্র বিপ্রগণকে শূদ্রভাবাপন্ন বলিয়া গণ্য করিয়াছেন। প্রকৃত প্রস্তাবে সেই সময় হইতেই 'বৈদিক' শব্দ গৌড়বঙ্গে পারিভাষিক হইয়া দাঁড়ায়। সে সময় হইতে বৈদিক বলিলে আর রাঢ়ী বারেন্দ্র ব্রাহ্মণকে বুঝাইত না। পরে পশ্চিম ও দক্ষিণদেশ হইতে যে সকল বেদোক্ত ক্রিয়াশীল ব্রাহ্মণ এ দেশে আসিয়া বাস করিতে থাকেন, তাঁহারাই কেবল বৈদিক বলিয়া পরিচিত হইলেন।

বঙ্গের পাশ্চাত্য-বৈদিক সমাজ।

এ দেশের সাধারণের বিশ্বাস এবং বৈদিক-সমাজের অনেকেই বলিয়া থাকেন যে, রাজা শ্যামলবর্ম্মার সময়েই সর্ব্বপ্রথমে যশোধর মিশ্র বঙ্গদেশে আগমন করেন, তাহা হইতে পাশ্চাত্য-বৈদিক-সমাজের সূত্রপাত। কিন্তু সম্প্রতি একখানি তাম্রশাসন, শিলালিপি ও গৌতমগোত্রজ রাঘবেন্দ্র-কবিশেখর কর্ত্তৃক ১৫৮২ শকে রচিত কোটালিপাড়-সমাজের বিবরণ হইতে জানিতে পারিতেছি যে, রাজা শ্যামলবর্ম্মদেব অথবা যশোধর মিশ্রের অভ্যুদয়ের পূর্ব্বে কান্যকুব্জ হইতে ঋগ্বেদী বৎসগোত্র, ঋগ্বেদী শুনক এবং সামবেদী গৌতম গোত্রীয় প্রভৃতি পাশ্চাত্য বৈদিক ব্রাহ্মণ এদেশে আগমন করিয়াছিলেন। মহারাজ হরিবর্ম্মদেবের তাম্রশাসনে পঞ্চপ্রবরবিশিষ্ট ঋগ্বেদী বৎসগোত্রের পরিচয় পাওয়া

যায়। লক্ষ্মীকান্ত বাচস্পতির পাশ্চাত্য-বৈদিক-কুলপঞ্জিকায় এই পঞ্চপ্রবর-বিশিষ্ট বৎসগোত্রের প্রসঙ্গ আছে। তাঁহার মতে, এই বৎস গোত্র পঞ্চ গোত্রের বহু পরে বঙ্গদেশে আগমন করেন। কিন্তু হরিবর্ম্মদেবের রাজ্যকাল আলোচনা করিলে, পঞ্চ গোত্রের বহু পূর্ব্বে যে পঞ্চ-প্রবরবিশিষ্ট ঋগ্বেদী বৎসগোত্রের আগমন হইয়াছিল, তাহা স্বীকার করা যায়। দুঃখের বিষয়, এই বংশের কুলপরিচয় লিপিবদ্ধ করিবার জন্য, কোন কবিশেখর আবির্ভূত হন নাই। সৌভাগ্যক্রমে সামবেদী গৌতমবংশে প্রায় আড়াইশত বর্ষ পূর্ব্বে রাঘবেন্দ্র কবিশেখর আবির্ভূত হইয়াছিলেন। তিনি প্রাচীন লোকদিগের মুখে শুনিয়া ও প্রাচীন কুলগ্রন্থ সকল দেখিয়া সামবেদী গৌতমবংশের সবিশেষ পরিচয় এবং তদুপলক্ষে পরবর্ত্তিকালে সমুপাগত অপরাপর কএকটী গোত্রের সংক্ষিপ্ত পরিচয় সংস্কৃত ভাষায় লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। নিম্নে তাহার মূল ও অনুবাদ প্রদত্ত হইল ;—

"স্বস্তি সমস্ত-নরপতিকুলললামপ্রোদ্দণ্ডভুজদণ্ডসম্মণ্ডিত-বিকরালকরবালভয়প্রকম্পিতদক্ষিণাপথাগতাশেষরিপুরাজন্যজৈনবৌদ্ধাদি-বিধর্ম্মিশর্ম্মসম্মর্দ্দনখর্ব্বীকৃত-সর্ব্বোর্ব্বীপতিগর্ব্বগৌরবো নাগেন্দ্রপত্তনাদ্যনেকদেশ-বিজয়লব্ধোদ্দামজয়-শ্রীরেকাম্রকানন-প্রতিষ্ঠাপিত হরিহর-বিরিঞ্চি-বৈদেহী-রাঘবলক্ষ্মণ-হনূমদাদ্যষ্টোত্তর-শতাদ্ভুতবৈজয়ন্তী-বিভাসিতামন্দগন্ধ-প্রসূ-প্রসূন-পটল-সৌন্দর্য্যাদিদ্যুকৃত-নন্দনকানন-বৈভব-পরমামোদময়োদ্যান-সমলঙ্কৃতসুর-পথসংস্পর্শিসুন্দর-মন্দির-মন্দাকিনী-বিমলকীলাল-কমল-কহ্লারেন্দীবর-শোণারবিন্দবৃন্দ-সংশোভিতসুবিশাল-সরোবরসংহতিঃ.....দেশনিবাসনিখিল শাস্ত্রাস্ত্র-নিপুণপরিজ্ঞান-লব্ধানন্য বৈচক্ষণ্যবালভট্টভট্টাচার্য্যগর্গবাচস্পতি-প্রমুখ-বিশ্ববিখ্যাত-সপ্তসচিব-সাহচর্য্য-নির্ব্বর্ত্তিতসম্যক্-স্বপর-রাষ্ট্রসর্ব্বব্যাপারো বারাণসীশ্বরবিশ্বেশ্বরপাদারবিন্দসন্দর্শনার্থসমুদ্যতস্বজননী-স্বচ্ছন্দপরিচারকৃতে প্রবর্ত্তিতপ্রশস্তবর্ত্মাসদনুমতপ্রতিনিয়তসন্নীতিপরিসেবনসম্প্রাপ্তপরমশর্ম্মা বঙ্গাঙ্গকলিঙ্গাদ্যশেষজনপদবহুমতাদ্ভুতকর্ম্মা ধর্ম্মানুগতাখিলকর্ম্মা দিগন্তসন্ততকীর্ত্তিসন্ততিরত্যন্তদয়ার্দ্রচেতা ভূদেবভূদানার্জ্জিতাশেষধর্ম্মা জয়তাচ্চিরং রাজাধিরাজো দেবশ্রীহরিবর্ম্মা। যস্য হি কৃপয়াস্মদূর্দ্ধতনঃ সুখমিহ ন্যবাস।"

'যিনি নরপতিগণের মধ্যে শ্রেষ্ঠতা লাভ করিয়াছিলেন। যাঁহার প্রচণ্ড-ভুজদণ্ডালঙ্কৃত করাল করবালভয়ে দক্ষিণাপথ হইতে সমাগত বহুসংখ্যক শত্রুরাজগণ প্রকম্পিত হইত, জৈন ও বৌদ্ধ প্রভৃতি বিধর্ম্মিগণের যিনি শান্তিসুখ বিদূরিত করিয়াছিলেন, যাঁহার প্রভাবে সমস্ত রাজন্যবর্গের গর্ব্ব ও গৌরব খর্ব্ব হইয়াছিল, যিনি নাগেন্দ্রপত্তন প্রভৃতি নানাদেশ জয় করিয়া অত্যন্ত যশস্বী হইয়াছিলেন, যিনি একাম্রকাননে হরি হর ব্রহ্মা সীতা রাম লক্ষ্মণ হনূমান্ প্রভৃতি অষ্টোত্তর শত দেববিগ্রহ এবং চারিদিকে অপূর্ব্ব পতাকা-পরিশোভিত, সুরভি-কুসুমসমূহাদির সৌন্দর্য্যে নন্দনকানন অপেক্ষা মনোহর অত্যুত্তম আমোদময় উদ্যানসমূহে পরিবেষ্টিত অত্যুচ্চ সুন্দর মন্দিরসকল, এবং মন্দাকিনীর ন্যায় স্বচ্ছতোয়, কমল-কহ্লার ইন্দীবর ও কোকনদবৃন্দে সমুদ্ভাসিত বিস্তৃত সরোবরসমূহ প্রতিষ্ঠিত করিয়াছিলেন, যিনি নানা শাস্ত্র ও অস্ত্রবিদ্যায় বিলক্ষণ সুদক্ষ, অসাধারণ বিচক্ষণতাসম্পন্ন বালভট্ট, গর্গ, ভট্টাচার্য্য ও বাচস্পতিপ্রমুখ বিশ্ববিখ্যাত সাত জন সচিবের সাহায্যে স্বীয় এবং পরকীয় রাষ্ট্রের সর্ব্বকার্য্য সুসম্পন্ন করিতেন, যিনি, নিজ জননীর বারাণসীশ্বর বিশ্বেশ্বরের পাদারবিন্দদর্শনে যাইবার অভিপ্রায় অবগত হইয়া, তাঁহার স্বচ্ছন্দগমনের জন্য নূতন একটী প্রশস্ত পথ প্রস্তুত করাইয়া দিয়াছিলেন ; যিনি প্রতিনিয়ত সাধুজন-সেবিত সুনীতির অনুসরণ করিয়া সর্ব্ববিষয়ে শুভফল প্রাপ্ত হইয়াছিলেন ; অঙ্গ বঙ্গ কলিঙ্গ প্রভৃতি নানা দেশে যাঁহার অদ্ভুত কর্ম্মকাহিনী বিঘোষিত হইয়াছিল, যাঁহার কর্ম্ম সকল ধর্ম্মানুগত, যাঁহার কীর্ত্তিকলাপ দিগ্‌দিগন্তরে বিস্তৃত, যিনি পরম দয়ালু, যিনি ব্রাহ্মণদিগকে ভূসম্পত্তি দান করিয়া অশেষ পুণ্য সঞ্চয় করিয়াছিলেন, যাঁহার কৃপায় আমাদিগের (অর্থাৎ সাম-গৌতমের) পূর্ব্বপুরুষগণ এই কোটালিপাড়ে আসিয়া সুখে বাস করিয়াছেন, সেই নৃপকুল-শিরোমণি রাজাধিরাজ শ্রীহরিবর্ম্মদেবের জয় হউক।'

রাজা হরিবর্ম্মদেবের পরিচয়

তৎপরে কবিশেখর নিজ পিতৃ-পুরুষগণের এইরূপ পরিচয় দিয়াছেন, 'আমাদিগের পূর্ব্বপুরুষেরা সেই সরস্বতীতীর আশ্রয় করিয়া নিয়ত বেদাধ্যয়ন ও যজ্ঞাদি সদনুষ্ঠানে নিরত থাকিতেন। তাঁহাদিগের অনুষ্ঠিত যজ্ঞানলোত্থিত পবিত্র ধূমরাশির সুগন্ধে জীবমাত্রেরই পাপরাশি দূরীভূত হইত। তাঁহাদিগের কোন প্রকার সংসারচিন্তা ছিল না, তাৎকালিক রাজার প্রতিই তাঁহাদের ভরণপোষণের ভার ন্যস্ত ছিল।

'উক্ত ব্রাহ্মণগণের মধ্যে যে সকল জ্যোতিঃশাস্ত্রবিৎ ব্রাহ্মণ ছিলেন, তাঁহারা রাজার অত্যন্ত বিঘ্ন উপস্থিত বুঝিতে পারিয়া, সেই কান্যকুব্জ রাজ্য পরিত্যাগপূর্ব্বক ক্রমশঃ বিভিন্ন রাজ্যে গমন করিলেন। তখন যে সকল ব্রাহ্মণ সরস্বতীতীরে বাস করিতেছিলেন, তাঁহারা গণকদিগের নিকট রাজার উপস্থিত বিষম বিঘ্নের কথা শুনিয়া স্বদেশানুষ্ঠিত ধর্ম্মজন্য সুখশান্তি ও তাঁহাদিগের প্রতি রাজার অত্যধিক অনুরাগের বিষয় চিন্তা করিতে লাগিলেন।

'এই সময় তাঁহারা রাজ্যনাশ, যবনগণের আগমন, চারিদিকে দস্যুভয়, এবং সর্ব্বত্র দাবানলের প্রকোপ দেখিয়া ধন, ধর্ম্ম, দেহ-প্রাণাদি রক্ষা করিবার নিমিত্ত সেই স্থান হইতে প্রস্থান করাই যুক্তিযুক্ত বলিয়া স্থির করিলেন।

(সাম গৌতম) 'গঙ্গাগতি-বৈষ্ণবানন্দ-মিশ্র, নিজ পুত্র প্রজাপতি, কনিষ্ঠ ভ্রাতা শ্রীপতিরত্নমিশ্র, এবং বন্ধু যাদবানন্দ মিশ্র এই তিন জনের সহিত তৎকালে জন্মভূমি হইতে প্রস্থান করিলেন। প্রস্থানকালে তিনটী কর্ম্মকুশল ভৃত্য, একজন রজক, পাঁচটী অশ্ব, পাঁচটী গর্দ্দভ, একটী বপনক, আটখানি মৃগচর্ম্ম, তদ্ভিন্ন স্ব স্ব বেদ, বহু মন্ত্রযুক্ত অনেক গ্রন্থ, আপন স্ত্রীপুত্র ও কুশ প্রভৃতি দ্রব্য ইঁহাদের সঙ্গে ছিল। গঙ্গাগতি এবং যাদবানন্দ উভয়েই অত্যন্ত শুভ্রবর্ণ ছিলেন। উভয়েরই শ্মশ্রুসমূহ নাভি পর্য্যন্ত বিলম্বিত ছিল। তাঁহাদিগের ললাট ও নাসিকা উন্নত, বিশাল নয়নদ্বয় আকর্ণ বিস্তৃত বাহু, উদর, জানু ও বক্ষঃ বিশাল, পৃষ্ঠবিলম্বিত জটাসমূহ, সুদীর্ঘ, স্কন্ধদ্বয় কম্বল ও কন্থা দ্বারা আবৃত এবং মেখলা দ্বারা কটিতট আবদ্ধ।

'তাঁহারা নির্দ্দিষ্ট পথ ধরিয়া বহুদেশ অতিক্রমপূর্ব্বক ক্রমে বারাণসী ধামে আসিয়া সর্ব্বপ্রথমে বিশ্বেশ্বর ও তৎপরে অন্যান্য দেবমূর্ত্তি সকল সন্দর্শন করিলেন। তথায় ভক্তিযুক্ত হইয়া বিশ্বেশ্বর, অন্নপূর্ণা, উত্তরবাহিনী গঙ্গা, মহাশ্মশান, মণিকর্ণিকা ও বিবিধ দেবালয় ইত্যাদি দর্শন করিতে লাগিলেন। এই সময় যাদবানন্দ মিশ্র গঙ্গাগতি-বৈষ্ণবানন্দ-মিশ্রকে বলিলেন,—'বন্ধো! এই বারাণসীধামে আমি কিয়দ্দিন বাস করিব। তুমি এস্থান হইতে গিয়া যেখানে স্বচ্ছন্দে বসতি স্থাপন করিবে, আমিও তথায় আসিয়াছি বলিয়াই জানিবে। যাদবানন্দ মিশ্র এই বলিয়া কাশীতেই বাস করিতে লাগিলেন। তখন গঙ্গাগতি কাশী হইতে বহির্গত হইয়া গয়াধামে আগমন করিলেন। গয়াধামে আসিয়া তিনি গদাধরের পদারবিন্দে পিণ্ডদানপূর্ব্বক পিতৃগণের পরিতৃপ্তিসাধনান্তে আত্মীয়গণ সহ পুনর্ব্বার তথা হইতে প্রস্থান করিলেন।

'এইরূপে যাহাঁরা অন্যত্র বাস করিবার জন্য কান্যকুব্জ হইতে বহির্গত হইয়াছিলেন, তাঁহাদিগের মধ্যে কেহ প্রয়াগে কেহ কাশীধামে কেহ কেহ বা গয়ায় বাস করিতে লাগিলেন। কেহ কেহ বা পুনর্ব্বার নিজ দেশে ফিরিয়া গিয়াছিলেন। কেবল গঙ্গাগতিই বঙ্গদেশাভিমুখে আসিলেন। গঙ্গাগতি বঙ্গে আসিয়া সর্ব্বপ্রথমে নকুলেশসংজ্ঞক শিবলিঙ্গ, গঙ্গা ও মহাপীঠগতা দেবীর দর্শন ও পূজা করিয়া ক্রমশঃ অগ্রসর হইতে লাগিলেন। বঙ্গদেশের তাৎকালিক প্রাকৃতিক শোভা দেখিয়া তাঁহাদিগের মনে আনন্দের সঞ্চার হইল। তাঁহারা দেখিলেন,—বঙ্গের পাদপশ্রেণী ফলফুলে লতায় পাতায় পরিশোভিত, নানা জাতীয়-বিহঙ্গমকুলকূজিত, ভূমি সকল শস্যে পরিপূর্ণ এবং সকল স্থানই সুমিষ্ট সলিলসুলভ।

গঙ্গাগতির বঙ্গাগমন।

'তিনি নানাবিষয়ে চিন্তাকুল হইয়া তথা হইতে পূর্ব্বদিগভিমুখে প্রস্থান করিলেন। ক্রমে কোটালিপাড় স্থান নিকটবর্ত্তী হইল। তিনি দেখিলেন—স্থানটী বহু শস্যে পরিপূর্ণ ও অতীব রমণীয়। তখনও সে স্থানে বহুলোকের সমাগম হয় নাই। স্থানীয় বৃক্ষসকল ফলভরে বিনম্র। বানর, শূকর, ভল্লুক ও ব্যাঘ্র প্রভৃতি দুষ্ট বন্যজন্তুগণের উপদ্রব বা দস্যুতস্করাদির ভয় তথায় নাই। সাধু সন্ন্যাসিগণও সেস্থান আশ্রয় করিয়া থাকেন। এইরূপ দেখিয়া তাঁহারা সেই স্থানেই বাস করিতে অভিলাষ করিলেন। কোটালিপাড়ের মধ্যে যে স্থান দিয়া ঘর্ঘরনদ প্রবাহিত এবং যে নদকে কেহ কেহ ব্রহ্মপুত্র বলিয়াও নির্দ্দেশ করিয়া থাকেন, তাহার তীরভূমির পূর্ব্বদিকে এক অত্যুন্নত ভূভাগে তখন তাঁহারা ঔৎসুক্যযুক্ত হইয়া নয়খানি পর্ণশালা নির্ম্মাণ করিলেন। তাঁহাদিগের পর্ণশালার উভয়দিকে ধাত্রী, হিজ্জল, প্লক্ষ, কদম্ব, ভল্লাতক, আম্রাতক, বিল্ব, বারুণ, অশোক, জম্বু, আম্র ও বংশ প্রভৃতি বহু বৃক্ষ বিদ্যমান ছিল। বৈষ্ণবানন্দ গঙ্গাগতি আত্মীয়গণ সহ সেই সকল পর্ণশালায় অবস্থানপূর্ব্বক তাহার অদূরবর্ত্তী এক সুপ্রশস্ত অশ্বত্থ তরুর মূলদেশে নিশাচোর নামক এক ভীষণ দানবকে সংস্থাপন করেন। অনন্তর গঙ্গাগতি কিয়দ্দিন সেইস্থানে অবস্থানের পর আপন গর্ভবতী স্ত্রী, পুত্র ও বন্ধুবর্গকে গৃহে রাখিয়া সেই দানবেন্দ্রের উপর তাহাদিগের রক্ষণাবেক্ষণের ভার সমর্পণপূর্ব্বক চন্দ্রনাথদর্শনার্থ ভৃত্য সহ তথা হইতে উত্তরাভিমুখে প্রস্থান করিলেন। চন্দ্রনাথে গিয়া তিনি ফল, ফুল ও বস্ত্র প্রভৃতি দ্বারা শঙ্কর ও শঙ্করীর সন্দর্শন, পূজা এবং স্তবাদি করিয়া তথা হইতে যাত্রা করিলেন। ক্রমে তিনি ব্রহ্মপুত্রে আগমন করেন। এই সময় চৈত্র মাসে বুধাষ্টমী যোগ প্রাপ্ত হইয়া ব্রহ্মপুত্রজলে দেব ও পিতৃগণের তর্পণান্তে তথায় স্নানপূজাদি নির্ব্বাহপূর্ব্বক পুনরায় তথা হইতে অগ্রসর হইলেন। ক্রমে তিনি সুবর্ণগ্রামে আগমন করিলেন। এই স্থানে বিষুবরেখা পতিত হয় বলিয়া, তিনি পৃথিবীর মধ্যভাগ, এবং নক্ষত্রের উদয় অস্ত ও স্থিতি সন্দর্শনপূর্ব্বক হৃষ্টচিত্তে তথা হইতে নিজ নবনির্ম্মিত কোটালিপাড়স্থ বাসগৃহে আসিয়া উপস্থিত হইলেন। গৃহে আসিয়াই শুনিতে পাইলেন,—তাঁহার একটী কন্যা-সন্তান জন্মিয়াছে। সংবাদ শুনিয়া তিনি পরম পরিতুষ্ট হইলেন এবং আত্মীয়-বান্ধবদিগকে বলিলেন,—আমি ব্রহ্মপুত্রে বাস করিবার সময় যখন আমার এই কন্যা জন্মগ্রহণ করিয়াছে, তখন আমি ইহার নাম রাখিলাম ব্রহ্মাণী। আমার এই ব্রহ্মাণী কন্যা দ্বারা উভয় কুলেরই উন্নতি সাধিত হইবে।

'এই সময়ের পরই বর্ষাকাল উপস্থিত হইল। বর্ষাগমে সমস্ত পথ ঘাট জলপ্লাবিত এবং প্রায় সমস্ত দেশই জলমগ্ন দেখিয়া তাঁহারা গমনাগমনের নিমিত্ত কদলীবৃক্ষ দ্বারা ক্ষুদ্র ও দীর্ঘ দ্বিবিধ ভেলা প্রস্তুত করিলেন। অনন্তর সকলেই নিজ নিজ বাসগৃহ

-মুঞ্জা, কন্দুল, কাশ, বংশ ও বেত্রাদি দ্বারা অতি দৃঢ়ভাবে নূতন করিয়া নির্ম্মাণ করিলেন।'

'এই ভাবে ক্রমে প্রায় আটবর্ষ অতীত হইল। গঙ্গাগতি-বৈষ্ণব মিশ্র কন্যা ব্রহ্মাণীকে বিবাহ দিবার জন্য বঙ্গাগত বিশিষ্ট বন্ধুবর্গের সহিত তৎকালে নানা স্থান অনুসন্ধান করিতে লাগিলেন; কিন্তু কোন স্থানেই পাত্রের সন্ধান না পাইয়া, তিনি তৎকার্য্য হইতে বিরত হইলেন। অতঃপর তিনি পাত্রের জন্য চিন্তিত হইয়া ভৃত্য সহ বঙ্গদেশ হইতে দেশান্তরে যাত্রা করিলেন। গঙ্গাগতি বহু দেশ দেশান্তর পার হইয়া অনেক দিনের পর পুনরায় কান্যকুব্জে অসিয়া উপস্থিত হইলেন। এইখানে আসিয়া তিনি কৌলীন্যসম্পন্ন শুনকশ্রেষ্ঠ যশস্বী যশোধরকে নিজ কন্যার বর স্থির করিলেন। এই ব্রাহ্মণযুবক যশোধরের বয়ঃক্রম তখন ত্রিশ বৎসর। ইনি সর্ব্বগুণে বিভূষিত, ইহার নেত্রদ্বয় ও বুদ্ধি প্রশস্ত। ইনি ধনী অথচ অগ্নিহোত্রী এবং সাম ঋক্ ও যজুঃ এই বেদত্রয়েই পারদর্শী। ইহারও উপাধি ছিল মিশ্র। পুরোহিতগণ ও মিশ্র যশোধরের বন্ধুবর্গকে আহ্বান করিয়া, কন্যা ও বর উভয় পক্ষের সকলেই সম্বন্ধাদির বিষয় বিবেচনাপূর্ব্বক উক্ত সম্বন্ধই করণীয় বলিয়া স্থির করিলেন। তখন পুরোহিত উভয় পক্ষকেই সম্বোধনপূর্ব্বক বলিলেন,—আপনারা উভয়েই অনন্য-চেষ্ট হউন। এই সম্বন্ধই স্থির হইল। পুরোহিতের এই কথার পর গঙ্গাগতি তাঁহাদিগকে চণক, দধি, লড্ডুক ও ফলাদি ভোজন করাইলেন।

'বৈষ্ণব মিশ্র এইরূপে কন্যার সম্বন্ধ স্থির করিয়া কান্যকুব্জ হইতে যাত্রা করিলেন। তিনি স্বদেশে আসিবার সময় রাজা হরিবর্ম্মদেবের রাজধানীতে আসিয়াছিলেন। এখানে তিনি রাজসভাপতি বাচস্পতি মিশ্রের সহিত রাজভবনে প্রবেশ করিয়াছিলেন।

'গঙ্গাগতি রাজার নিকট উপস্থিত হইয়া আশীর্ব্বাদ-বাক্যে তাঁহাকে সম্বর্দ্ধিত করিলেন এবং নিজেও তত্রত্য ব্রাহ্মণগণ দ্বারা সম্মানিত হইলেন। অনন্তর তিনি মিশ্র বাচস্পতির সহিত সম্মিলিত হইয়া পরস্পর পরস্পরের মঙ্গলাদি জিজ্ঞাসা করিলেন। রাজা হরিবর্ম্মদেবও এই সময় বৈষ্ণবমিশ্রকে নমস্কার করিয়া জিজ্ঞাসিলেন,—হে বিপ্রবর! আপনি কোথা হইতে কি নিমিত্ত আগমন করিয়াছেন; আপনার অভিলষিত বিষয় প্রকাশ করিয়া বলুন। আপনি যথাযোগ্য সমস্তই আমার নিকট প্রাপ্ত হইতে পারিবেন।

'বৈষ্ণবমিশ্র রাজার প্রশ্ন শুনিয়া বলিলেন,—রাজন্! আমার নাম গঙ্গাগতি-বৈষ্ণবানন্দ। আমি আপনার অধিকৃত কোটালীপাড় নামক স্থানে বাস করিতেছি। সম্প্রতি আমি কান্যকুব্জ হইতে সমাগত হইয়াছি। আপনার নিকট আমার বক্তব্য এই যে, আমি আপনার অধিকৃত স্থানে বাসস্থান করিয়াছি, অতএব আপনি আমার প্রতি যথাযোগ্য কর নির্দ্দেশ-পূর্ব্বক পুত্রের ন্যায় আমাদিগকে প্রতিপালন করুন, তাহা হইলে তথায় বাস করিতে আমাদিগের আর কোন ভয়ের সম্ভাবনা থাকিবে না।

'রাজা এই কথা শুনিয়া উত্তর করিলেন—আমি ব্রাহ্মণগণের নিকট হইতে কর গ্রহণ করিব না। অতএব আপনার বাসস্থান এবং তাহার চতুষ্পার্শ্বে যে সকল ভূমি আছে, আপনি কর ব্যতীত বৃত্তিস্বরূপ তাহা গ্রহণ করুন।

'বৈষ্ণবমিশ্র রাজার কথায় পরিতুষ্ট হইয়া তথা হইতে পুনরায় কোটালিপাড়স্থ স্বগৃহে আগমন করিলেন। গৃহে আসিয়া তিনি কন্যার বিবাহযোগ্য সমস্ত বস্তু আয়োজনপূর্ব্বক বিবাহের উদ্যোগ করিতে লাগিলেন।

'এদিকে যশোধর তাঁহার গুরু, পুরোহিত, কয়েকজন আত্মীয়, একজন নাপিত ও একজন রজকের সহিত শুভদিন দেখিয়া ফাল্গুন মাসের শেষে কান্যকুব্জ হইতে যাত্রা করিলেন। গঙ্গাগতি যেরূপ পথ নির্দ্দেশ করিয়া আসিয়াছিলেন, তাঁহারা সেই পথ অনুসারে বহুদেশ অতিক্রমপূর্ব্বক ক্রমে বঙ্গদেশস্থ কোটালিপাড়ে আসিয়া উপস্থিত হইলেন। ভগবান্ শিব যেমন হিমালয়গৃহে গমন করিয়াছিলেন, যশোধরও তদ্রূপ গঙ্গাগতি বৈষ্ণবমিশ্রের গৃহে আগমন করিলেন।

'অনন্তর গঙ্গাগতি যশোধর ও তাঁহার বন্ধুবর্গকে স্বগৃহে সমাগত দেখিয়া উদার বাক্যালাপে তাঁহাদিগকে পরিতুষ্ট করিলেন এবং তাঁহাদিগের বাসের নিমিত্ত গৃহ ও আহারার্থ অন্ন পানীয় ও ফলাদি দান করিলেন। চৈত্রমাস শেষ হইল। বৈশাখের প্রারম্ভে গুর্ব্বাদি-শুদ্ধ অতি বিশুদ্ধ লগ্নে বৈষ্ণবমিশ্র যশস্বী যশোধরের করে যথাবিধি স্বীয় কন্যা সম্প্রদান করিলেন। এই বিবাহে তিনি স্বদেশজাত নানাবিধ বস্ত্র ও অলঙ্কার এবং কিঞ্চিৎ ভূসম্পত্তি যৌতুক স্বরূপ বরকন্যাকে সমর্পণ করেন। ভূসম্পত্তি কেবল কন্যাকেই প্রদত্ত হইয়াছিল। উক্ত ভূমি বা স্থান ক্রমে একটী প্রশস্ত পথরূপে পরিণত হয়। বিবাহকালে যশোধরের সমভিব্যাহারে যে সকল আত্মীয়গণ আসিয়াছিলেন, গঙ্গাগতি তাঁহাদিগকে রম্ভা, আম্র প্রভৃতি ফল এবং দধি ও গুড় মিশ্রিত খৈ ভোজন করাইলেন। অনন্তর বিবাহের পরদিন তিনি যশোধরের সহিত সমাগত ব্রাহ্মণদিগকে এবং গ্রামস্থ অন্যান্য সকলকেও উত্তম অন্ন পানীয় পরমান্নাদি দ্বারা পরিতোষরূপে ভোজন করাইলেন। সমাগত ব্রাহ্মণগণ এক মাস পর্য্যন্ত বৈষ্ণবানন্দের আবাসে অবস্থানপূর্ব্বক চারিদিকে ঘুরিয়া ফিরিয়া স্থানীয় জল-

বায়ু অতি উৎকৃষ্ট দেখিয়া বলিলেন,—আমরা বন্ধু বান্ধবের সহিত আসিয়া অতঃপর সকলেই এই স্থানে বাস করিব। যশোধর ভার্য্যাকে শ্বশুরগৃহে রাখিয়া পুরোহিত, গুরু, অন্যান্য বন্ধুবর্গ ও নাপিতাদি ভৃত্যবর্গের সহিত পুনরায় কান্যকুব্জে গমন করিলেন। পরে পাঁচ বৎসর অতীত হইলে পুষ্যানক্ষত্রে শুক্রবার নবমী তিথিতে যশোধরমিশ্র পুনর্ব্বার কনৌজ হইতে বঙ্গাগমনে সমুদ্যত হইলেন। যশোধরের সহিত তাঁহার মাতা, পুরোহিত, বন্ধু ও অন্যান্য আত্মীয় স্বজন সকলেই স্ব স্ব পুত্রকন্যাদি সহ প্রস্থান করিলেন। রজক ও নাপিতাদি কয়েকজন ভৃত্যও এই সঙ্গে চলিল। যাঁহার যাঁহার গৃহে যে যে দ্রব্য ছিল, তাঁহারা সকলেই সেই সেই দ্রব্য লইয়া চলিতে লাগিলেন। এই প্রস্থিত ব্রাহ্মণগণের মধ্যে সকলেরই কণ্ঠে বিষ্ণুচক্র বিলম্বিত ছিল। তাঁহাদিগের মধ্যে কেহ কেহ নিজেই নিজের দ্রব্য বহন করিয়া পদব্রজে চলিতে লাগিলেন। কেহ কেহ গর্দ্দভে এবং কেহ কেহ বা অশ্বের উপর আপন আপন ভার স্থাপনপূর্ব্বক চলিলেন। সঙ্গে যে সকল স্ত্রীলোক ছিল, তাহারা নিজ নিজ পুত্রকন্যাদিগকে কক্ষে লইয়া চলিতে লাগিলেন। এই প্রস্থানপরায়ণ ব্যক্তিগণের মধ্যে যশোধরই অগ্রণী হইলেন। তাঁহার নেতৃত্বে সকলেই তাঁহার সঙ্গে সঙ্গে যাইতে লাগিলেন। যশোধর ক্রমে সেই সকল অনুযাত্রীদিগের সহিত বহু দেশ ও বহু নদ-নদী অতিক্রমপূর্ব্বক পুনর্ব্বার কোটালিপাড়ে আসিয়া উপস্থিত হইলেন। অনন্তর ক্রমশঃ যশোধর যাহাকে যে যে রূপ তুঙ্গস্থানে বাস করিতে আদেশ করিয়াছিলেন, অল্পদিনের মধ্যেই তিনি সেই সেই স্থানে স্ব স্ব গৃহাদি নির্ম্মাণপূর্ব্বক পৃথক্ পৃথক্ ভাবে অবস্থান করিতে লাগিলেন। এইরূপে কোটালিপাড় একটী বিশিষ্ট জনপদ বা বহু লোকপূর্ণ নগররূপে পরিণত হইল।

'অনন্তর যশোধরের আগমনের অষ্টমবর্ষে তাঁহার মাতৃবিয়োগ হয়। এই বর্ষের অগ্রহায়ণ মাসে তাঁহার মাতৃশ্রাদ্ধ উপলক্ষে কান্যকুব্জ এবং অন্যান্য দেশ হইতে যে সকল ব্রাহ্মণ আগমন করিয়াছিলেন, পরবর্ত্তিকালে তাঁহারাও ক্রমে কোটালিপাড়ে বাস করিলেন।' (কবিশেখর)*

কবিশেখরের বর্ণনায় আমরা বৈদিক সমাজের সরল ও সুস্পষ্ট গ্রাম্যচিত্র দর্শন করিতেছি। পরবর্ত্তিকালে সমাগত পঞ্চগোত্রের পরিচয়দাতা কুলজ্ঞগণ যেরূপ আড়ম্বর ও জাঁক জমকের পরিচয় দিয়া স্ব স্ব কাহিনী অতিরঞ্জিত করিয়াছেন, আমরা দেখিতেছি, কবিশেখর সে পথ অবলম্বন করেন নাই। তিনি কনোজাগত বৈদিক ব্রাহ্মণগণের গতিবিধি, আহার ব্যবহার এবং বসবাসের যেরূপ পরিচয় দিয়াছেন, তাহা কুটীরবাসী সরলহৃদয় পুণ্যচেতাঃ মুনি ঋষিগণেরই যেন উপযুক্ত। সেই প্রাচীনকালে কুটীরবাসী ব্রাহ্মণ-সমাজ কিরূপ গঠিত হইয়াছিল, তাঁহারা কতদূর আড়ম্বর-শূন্য ছিলেন এবং কিরূপ স্থানে বাস করিতে ভাল বাসিতেন, কবিশেখরের রচনায় তাহার প্রকৃত আলেখ্য প্রকটিত হইয়াছে। তিনি স্বীয় পূর্ব্বপুরুষগণের আশ্রয়দাতা মহারাজ হরিবর্ম্মদেবের যেরূপ পরিচয় দিয়াছেন, তাহা প্রত্নতত্ত্ববিদ্ ও ঐতিহাসিকগণের বিশেষ অনুধাবনযোগ্য। কবিশেখর প্রারম্ভেই যেরূপ হরিবর্ম্মদেবের প্রশস্তি কীর্ত্তিত করিয়াছেন, তাহা কবিকল্পনার জিনিষ নহে, সেই হরিবর্ম্মদেব একজন প্রকৃতই ঐতিহাসিক মহাপুরুষ ছিলেন। কবিশেখর তাঁহার যে সপ্ত সচিবের উল্লেখ করিয়াছেন, তাঁহারা সকলেই এক একজন খ্যাতনামা মহাপণ্ডিত। উৎকলের দ্বিতীয় কাশী সদৃশ ভুবনেশ্বরের অনন্ত বাসুদেবের মন্দিরে উৎকীর্ণ প্রশস্তিতে বঙ্গাধিপ হরিবর্ম্মদেবের নামোল্লেখ পাইয়াছি,* তিনিই কবিশেখর বর্ণিত প্রথম পাশ্চাত্য বৈদিকের আশ্রয়দাতা হরিবর্ম্মদেব। তাঁহার প্রধান সচিব বাচস্পতিমিশ্রই পূর্ব্বোক্ত ভবদেব-ভট্টের কুলপ্রশস্তি রচনা করেন। কবিশেখর 'বালভট্ট' নামে যে সচিবের উল্লেখ করিয়াছেন, বাচস্পতিমিশ্র-রচিত অনন্ত বাসুদেবের প্রশস্তিতে তিনিই 'বালবলভী ভুজঙ্গ ভট্ট ভবদেব' নামে পরিচিত।

কবিশেখর লিখিয়াছেন যে, কান্যকুব্জে "যবনাগম" ও "রাজ্যনাশ" দেখিয়া গঙ্গাগতি প্রভৃতি বহু ব্রাহ্মণ জন্মভূমি পরিত্যাগ করাই যুক্তিযুক্ত মনে করেন। আমরা মুসলমান ইতিহাস হইতে জানিতে পারি যে, দেবদ্বেষী ভারতবিজেতা সুলতান মাহ্মূদ ১০১৯ খৃষ্টাব্দে অর্থাৎ ৯৪১ শকে কনোজ জয়ে অগ্রসর হন। প্রায় ৯৪২ শকে মহাসমৃদ্ধিশালী কনোজরাজ্য তৎকর্ত্তৃক আক্রান্ত হইয়াছিল। তৎকালে জয়পাল (কুলগ্রন্থোক্ত জয়চন্দ্র) কনোজের অধিপতি। সেই যবনবিপ্লব-কালেই যে গঙ্গাগতি প্রাণ ও মানসম্ভ্রম-রক্ষার জন্য পরিবারসহ বঙ্গে পলাইয়া আসিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। এরূপস্থলে প্রায় ৯৪৩ শকে গঙ্গাগতি-বৈষ্ণব-মিশ্র বঙ্গে আসিয়া উপস্থিত হইয়াছিলেন।

পূর্ব্বেই লিখিয়াছি, তৎকালে গৌড়োড্রবঙ্গাধিপ পরমবৈষ্ণব মহারাজাধিরাজ হরিবর্ম্মদেব বিক্রমপুরে অধিষ্ঠিত। সেই সময়ের মুসলমান ইতিহাসে লিখিত আছে যে, কনোজাধিপতি জয়পাল চাঁদরায় প্রভৃতি বহু রাজার সহিত সম্বন্ধসূত্রে আবদ্ধ ছিলেন। অধিক সম্ভব, পরম ধার্ম্মিক মহারাজ হরিবর্ম্মদেব কনোজপতি

* রাঘবেন্দ্র কবিশেখরের মূলগ্রন্থ বঙ্গের জাতীয় ইতিহাস (ব্রাহ্মণকাণ্ড) ২য় ভাগ ৩য়াংশে সম্পূর্ণ উদ্ধৃত হইয়াছে, উক্ত গ্রন্থ দ্রষ্টব্য।

* বঙ্গের জাতীয় ইতিহাস ব্রাহ্মণকাণ্ড ১ মাংশ ৩৪৩, ৩৪৭ পৃষ্ঠা দ্রষ্টব্য।

জয়পাল বা জয়চন্দ্রের কন্যার পাণিগ্রহণ করিয়াছিলেন। গঙ্গাগতির আগমনকাহিনী ছাড়িয়া দিয়া এই হরিবর্ম্মদেবের সহিত জয়চন্দ্র-কন্যার বিবাহপ্রসঙ্গ সামন্তসারের কুলজ্ঞগণ কর্ত্তৃক রাজা শ্যামলবর্ম্মার স্কন্ধে আরোপিত হইয়াছে। প্রকৃত প্রস্তাবে, কনোজপতি জয়পাল বা জয়চন্দ্রের অনেক পরে শ্যামলবর্ম্মার অভ্যুদয়। সুলতান মাহ্মূদের কনোজাক্রমণের বহু পূর্ব্বে কনোজপতি জয়পালের পুত্র ভীমপাল রাজা চাঁদরায়ের কন্যাকে বিবাহ করিয়াছিলেন। যখন সুলতান মাহ্মূদ কনোজ জয় করিয়া মহাপরাক্রমশালী ও বহুধনবান্ চাঁদরায়কে আক্রমণ করিতে যান, তৎকালে চাঁদরায় জামাতা ভীমপালের পরামর্শেই রণক্ষেত্র পরিত্যাগ করিতে বাধ্য হন। মহাতেজস্বী চাঁদরায় একজন অপরিণত-বয়স্কের কথানুসারে কখনই পৃষ্ঠপ্রদর্শন করিতে উদ্যত হন নাই। কুমার ভীমপালকে তখন প্রৌঢ় যুবক মনে করিলেও তাঁহার পিতাকে অন্ততঃ ৫০।৫৫ বর্ষীয় রাজা বলিয়া স্বীকার করিতে হয়। মুসলমান ইতিহাসেও তিনি বর্ষীয়ান্ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন। ৯৪১ শকে কনোজপতি জয়পালের খুব কম ৫০।৫৫ বর্ষ বয়ঃক্রম হইলে ১০০১ শকে শ্যামলবর্ম্মার সময়ে তাঁহার ১১০।১১৫ বর্ষ বয়স হইয়া পড়ে, আর এই বৃদ্ধবয়সের কন্যার সহিত শ্যামল-বর্ম্মার বিবাহ স্বীকার করিতে হয়, কিন্তু তাহা কখনই সম্ভবপর নহে। সুতরাং জয়চন্দ্র (জয়পাল) ও শ্যামলবর্ম্মাকে আমরা এক সময়ের লোক বলিয়া স্বীকার করিতে পারিলাম না,—হরিবর্ম্মদেব ও জয়পাল এক সময়ের লোক।

বাচস্পতিমিশ্র "বস্বঙ্কবসুবৎসরে" অর্থাৎ ৮৯৮ শকে 'ন্যায়-সূচীনিবন্ধ' রচনা করেন। এই গ্রন্থরচনাকালে সম্ভবতঃ তিনি রাজা হরিবর্ম্মদেবের সচিবপদ লাভ করেন নাই, তাহা হইলে অবশ্যই তিনি সে কথা উল্লেখ করিতেন। সাধারণতঃ হিন্দু-রাজসভায় বৃদ্ধ ব্রাহ্মণ-পণ্ডিতই প্রধান মন্ত্রী হইতেন। অন্ততঃ ৬০ বর্ষ বয়সে বাচস্পতি মিশ্র প্রধান মন্ত্রিত্ব পাইয়া থাকিলে ৩০ বর্ষ বয়ঃক্রম-কালে 'ন্যায়সূচীনিবন্ধ'-গ্রন্থের রচনাকাল মোটামোটি ধরিয়া লওয়া যায়। তাহা হইলে প্রায় ৯৩০ শকের নিকটবর্ত্তী-সময়ে হরিবর্ম্মদেবের রাজ্যকাল গণ্য হইতে পারে।* বাচস্পতি মিশ্র যৎকালে তাঁহার প্রিয় মিত্র ভবদেবভট্টের কুলপ্রশস্তি রচনা করেন, তৎকালে তিনি ভবদেবকে হরিবর্ম্মদেবের "সচিব" বলিয়া পরিচয় দিলেও আত্ম-পরিচয় গোপন রাখিয়াছেন। ভবদেবভট্ট কর্ত্তৃক ভুবনেশ্বরের অনন্ত বাসুদেবের মন্দির-প্রতিষ্ঠা উপলক্ষে বাচস্পতি-মিশ্র কর্ত্তৃক ভবদেবভট্টের কুলপ্রশস্তি রচিত হয়। প্রথম যখন আমরা এই কুলপ্রশস্তির পাঠোদ্ধার করি, তখন মনে করিয়াছিলাম যে, একজন রাঢ়দেশের বাঙ্গালী ব্রাহ্মণ সুদূর উৎকলক্ষেত্রে পরদেশ মধ্যে কিরূপে এই বিশাল কীর্ত্তি স্থাপন করিলেন? কিন্তু এখন রাঘবেন্দ্রের বর্ণনা হইতে জানিতে পারিলাম যে, মহারাজ হরিবর্ম্মদেব জৈন-বৌদ্ধদিগকে পরাজয় করিয়া সুদূর উড়িষ্যায় একাম্রকাননে অর্থাৎ ভুবনেশ্বর-ক্ষেত্রে বহু দেবদেবীর মন্দিরপ্রতিষ্ঠা করিয়াছিলেন। সুতরাং তাঁহার আধিপত্যকালে তাঁহার একজন প্রধান সচিব কর্ত্তৃক অনন্ত বাসুদেবের প্রতিষ্ঠা হইবে, তাহাতে আর বিচিত্রতা কি? হরিবর্ম্মদেবের তাম্রশাসন হইতে জানা যায় যে, বঙ্গান্তর্গত বিক্রমপুরে তাঁহার রাজধানী ছিল। কোটালিপাড় প্রাচীন বিক্রমপুরের অন্তর্গত। এই বিক্রমপুরে গিয়া গঙ্গাগতি হরিবর্ম্মদেবের সাক্ষাৎ লাভ করেন, তাহা ঐতিহাসিক কথা।

এখন কথা হইতেছে যে, রাজা শ্যামলবর্ম্মার বহু পূর্ব্বে গৌতমগোত্রীয় গঙ্গাগতি এদেশে আগমন করিলেও পাশ্চাত্য কুলপঞ্জীসমূহে এ সম্বন্ধে কোন কথা নাই কেন? পরবর্ত্তী কুলগ্রন্থকারগণ এক বাক্যে বলিতেছেন যে, মহারাজ শ্যামলবর্ম্মার সময়েই ১০০১ শকে সর্ব্বপ্রথম পাশ্চাত্যবৈদিক আগমন করেন। যশোধর-মিশ্রই তাঁহাদের অগ্রণী। বঙ্গে বৈদিক ক্রিয়াকলাপ পুনরায় লোপ পাইবার সূত্রপাত হইলে বেদোক্ত ক্রিয়াকাণ্ড-সম্পাদনার্থই যশোধরপ্রমুখ পাশ্চাত্য বৈদিকগণের সমাগম হইয়াছিল। কবিশেখরের বর্ণনাপাঠে বোধ হয় যে, গঙ্গাগতি বৈষ্ণবমিশ্র কোন বৈদিক ক্রিয়া নির্ব্বাহ করিবার জন্য এদেশে বাসস্থাপন করেন নাই; কিন্তু পরবর্ত্তী শুনক যশোধর মিশ্র রাজা শ্যামলবর্ম্ম কর্ত্তৃক বৈদিক ক্রিয়া নির্ব্বাহার্থ আহূত ও সম্মানিত হইয়া এদেশে শাসন লাভ করিয়াছিলেন। তিনি বঙ্গাধিপের নিকট সসম্মান তাম্রশাসন লাভ করেন বলিয়া কুলগ্রন্থকারগণ তাঁহা হইতেই বঙ্গে পাশ্চাত্য বৈদিকের আবির্ভাব কল্পনা করিয়া থাকিবেন। কিন্তু বাস্তবিক বলিতে কি তৎপূর্ব্বেও এদেশে পাশ্চাত্য বৈদিকের সমাগম হইয়াছিল।

পূর্ব্বেই বলিয়াছি, সুলতান মাহ্মূদের কনোজাক্রমণের পর প্রায় ৯৪৩ শকে গঙ্গাগতি বঙ্গে আগমন করেন। কবিশেখর লিখিয়াছেন, তাঁহার আগমনের পর ৭ বর্ষ গত হইলে পরে যশোধর মিশ্র এখানে আসিয়া উপস্থিত হইয়াছিলেন। এরূপস্থলে ৯৪৩+৭=৯৫০ শকে যশোধরের বঙ্গবাস স্বীকার করিতে হয়।

* হরিবর্ম্মদেবের যে তাম্রশাসন পাওয়া গিয়াছে, তাহাতে ৪২ রাজ্যাঙ্ক আছে। এরূপ স্থলে রাজা হরিবর্ম্মা যে বহুকাল রাজ্যশাসন করেন, তাহাতে সন্দেহ নাই।

* বঙ্গের জাতীয় ইতিহাস ২য় ভাগ ৩য়াংশের পরিশিষ্টে মহারাজ হরিবর্ম্মদেবের তাম্রশাসনের প্রতিলিপি ও প্রতিকৃতি উদ্ধৃত হইয়াছে।

বৈদিকগণের মধ্যে দৃঢ় বিশ্বাস আছে যে, যশোধর-মিশ্রই প্রথম আগমন করেন, অতএব তিনিই প্রথমাগত পাশ্চাত্য বৈদিক। কিন্তু এখন কবিশেখরের বর্ণনা ও হরিবর্ম্মদেবের তাম্র-শাসন* হইতে প্রমাণিত হইল যে, শুনক যশোধরের পূর্ব্বে সামবেদী গৌতম ও ঋগ্বেদী বৎসগোত্রের আগমন হইয়াছিল।

পঞ্চগোত্র-বিবরণ।

কুলীন ও পাশ্চাত্য বৈদিক শব্দে লিখিত হইয়াছে যে মহারাজ শ্যামলবর্ম্মার শাকুনসত্র সম্পাদনার্থ অথবা তাঁহার আহ্বানে যে শুনক বা শৌনক, শাণ্ডিল্য, বশিষ্ঠ, সাবর্ণ ও ভরদ্বাজ গোত্র আগমন করেন, তাঁহারাই পঞ্চগোত্র এবং রাজদত্ত শাসন লাভ করিয়াছিলেন বলিয়া কুলীন বলিয়া বৈদিক সমাজে তাঁহাদের বংশধরগণ পরবর্ত্তী কালে মহাসম্মানিত হন।

উক্ত উভয় শব্দে শুনক ও শৌনক যশোধর লইয়া একটী বিষম তর্ক উত্থাপিত হইয়াছে। কোটালিপাড় ও মধ্যভাগের শুনক বংশধরগণ আপনাদিগকে শ্যামলবর্ম্মার সভায় সমাগত শুনক যশোধর মিশ্রের অনন্তরবংশ বলিয়া পরিচয় দিতেছেন, অপর-দিকে সামন্তসারের সমাজদারগণও আপনাদিগকে শ্যামলরাজ-সম্মানিত সামন্তসারগ্রহীতা শৌনক যশোধরের বংশধর বলিয়া পরিচয় দিতেছেন। তাঁহাদের উভয় পক্ষের আধুনিক কুলগ্রন্থ-গুলি আলোচনা করিয়া ও আদি পুরুষগণের নামসাদৃশ্য দেখিয়া কোটালিপাড়ের শুনক, মধ্যভাগ বা ধূল্লার শুনক এবং সামন্ত-সারের শৌনক বংশকে এক পিতার বংশধর বলিয়া মনে করা হইয়াছে।*

কিন্তু পরিশেষে উভয় পক্ষের প্রাচীন ও অপ্রাচীন কুলগ্রন্থ গুলি সমালোচনা করিয়া দেখা গেল যে, বহুকাল হইতেই উভয় পক্ষে প্রাধান্য লইয়া বিবাদ থাকায় ইদানীন্তন কালে কুলগ্রন্থ রচনা দ্বারা একপক্ষ অপর পক্ষকে উড়াইয়া দিবার চেষ্টা করিয়া আসিতেছেন। কোটালিপাড় ও ধূল্লার শুনকবংশ শুনক যশোধর মিশ্রকেই শ্যামলবর্ম্মার শাকুনসত্রকারী বলিয়া পরিচয় দিয়া থাকেন; এদিকে সামন্তসারের সমাজদারেরা তাঁহাদের পূর্ব্বপুরুষ শৌনক যশোধরকেই শাকুনসত্র-সম্পাদনকারী বলিয়াই পরিচিত করিতেছেন। এমন কি উভয় পক্ষ হইতে যে তাম্র-শাসনের প্রতিলিপি প্রদর্শিত হইয়া থাকে, তাহাতে সামন্তসার-গ্রহীতা যশোধরমিশ্র, শুনকবংশের প্রতিলিপিতে "শুনক" ও শৌনক-সমাজদারগণ প্রদত্ত প্রতিলিপিতে "শৌনক" বলিয়া লিখিত। যাহা হউক এইরূপ সামাজিক বিদ্বেষ হইতে যে সকল কুলগ্রন্থ রচিত হইয়াছে, তাহা দ্বারা প্রকৃত ঐতিহাসিক সত্যোদ্ধারের সুবিধা হইবে না ভাবিয়া নিরপেক্ষ ভাবে ভিন্ন গোত্রের লিখিত কুলগ্রন্থ গুলির আশ্রয় লইতে বাধ্য হইলাম। তাহা হইতে আমরা কোটালিপাড়ের শুনক যশোধর,মধ্যভাগ বা ধূল্লার শুনক-দিগের বীজপুরুষ যশোধর এবং সামন্তসারের সমাজদারদিগের পূর্ব্বপুরুষ শৌনক যশোধর, এই তিনজনকে পৃথক্ পৃথক্ ব্যক্তি বলিয়াই স্থির করিয়াছি। পূর্ব্বেই লিখিত হইয়াছে যে,

কোটালিপাড়ের ১ম শুনক যশোধর

কোটালিপাড়ের গোষ্ঠীপতিবংশীয় শুনকগণের বীজপুরুষ যশোধরমিশ্র মহারাজ হরিবর্ম্মদেবের সময়ে কোটালিপাড়ে আসিয়া সামগৌতম গঙ্গাগতি বৈষ্ণ-বানন্দ মিশ্রের কন্যার পাণিগ্রহণ করেন; রাঘবেন্দ্র কবিশেখর নিজ পূর্ব্বপুরুষ গঙ্গাগতির সম্মানবর্দ্ধনার্থ যশোধর মিশ্রকে তৎ-কর্ত্তৃক আনীত বলিয়া প্রকাশ করিয়াছেন, কিন্তু সামগৌতম-গৃহের অপর পাতড়ায় যশোধর মিশ্রের আগমন কারণ অন্যরূপ লিখিত হইয়াছে—

"বর্ম্মবংশাবতংসোঽয়ং হরিবর্ম্মনৃপেশ্বরঃ।
প্রশাসতি মহীমিমাং অঙ্গবঙ্গকলিঙ্গকান্॥
তেন রাজ্ঞা সমাহূয় শুনকশ্রীযশোধরঃ।
আনীতঃ অগ্নিহোত্রার্থং বিক্রমপুরপত্তনে॥"

অর্থাৎ বর্ম্মবংশাবতংস রাজাধিরাজ হরিবর্ম্মা অঙ্গ বঙ্গ কলিঙ্গ রাজ্য শাসন করিতেন। সেই নৃপতি কর্ত্তৃক আহূত হইয়া শুনক গোত্রীয় শ্রীযশোধর অগ্নিহোত্র যজ্ঞ নির্ব্বাহার্থ বিক্রমপুর নগরে আনীত হইয়াছিলেন। সম্ভবতঃ অগ্নিহোত্র সম্পাদনার্থ এখানে আসিলে পর তিনি গঙ্গাগতির প্রার্থনায় তাঁহার কন্যার পাণিগ্রহণ করিয়া কোটালিপাড়ে অবস্থিত হন। রাঘবেন্দ্র কবিশেখর স্পষ্ট লিখিয়াছেন—

"যশোধরাদিষ্টধরাবিভাগে স্বতুঙ্গভূমৌ ক্রমতোঽচিরেণ।
চক্রুঃ স্বগেহানি পৃথক্ পৃথক্ তে তেনৈব তস্মিন্নগরং বভুব॥
অথাষ্টবর্ষে কিল মার্গশীর্ষে যশোধরস্যাপি চ মাতৃকৃত্যে।
তৎকান্যকুব্জাদপি চান্যদেশাদ্ যেঽভ্যাগতাস্তেঽভ্যবসন্ পরস্মিন্॥"

অর্থাৎ যশোধর যাঁহাদিগকে যে যে রূপ তুঙ্গ স্থানে বাস করিতে নির্দ্দেশ করিয়াছিলেন, অল্প দিনের মধ্যেই তাঁহারা সেই সেই স্থানে স্ব স্ব গৃহাদি নির্ম্মাণপূর্ব্বক পৃথক্ পৃথক্ ভাবে অবস্থান করিতে লাগিলেন। এইরূপে কোটালিপাড় একটী বিশিষ্ট জনপদ বা বহু লোকপূর্ণ নগররূপে পরিণত হইল। অনন্তর যশোধরের আগমনের অষ্টম বর্ষে তাঁহার মাতৃবিয়োগ হয়, এই বর্ষের অগ্র-হায়ণ মাসে তাঁহার মাতৃশ্রাদ্ধ উপলক্ষে কান্যকুব্জ এবং অন্যান্য দেশ হইতে যে সকল ব্রাহ্মণ আগমন করেন, পরে তাঁহারাও ক্রমে কোটালিপাড়ে বাস করিয়াছিলেন।

* বঙ্গের জাতীয় ইতিহাস ব্রাহ্মণকাণ্ড ২য় ভাগ ৩য়াংশের ১০৫-১০১ পৃষ্ঠা (১ম সংস্করণে) দ্রষ্টব্য।

* কুলজ্ঞ রাঘবেন্দ্রের উক্তি হইতে স্পষ্টই বুঝা যাইতেছে যে যশোধরমিশ্র তাঁহার শ্বশুর গঙ্গাগতির জীবনকালেই কোটালিপাড়ে প্রাধান্য লাভ করিয়াছিলেন। গঙ্গাগতি রাজসম্মানিত হন নাই, কিন্তু যশোধরমিশ্র রাজসম্মান লাভের সহিত সম্ভবতঃ মহারাজ হরিবর্ম্মদেবের নিকট হইতে কোটালিপাড় শাসন লাভ করিয়াছিলেন।* এই কারণে তাঁহার অধিকারভুক্ত স্থানে তিনি অপর বৈদিককেও বাস করাইয়াছিলেন। এ সময়ে নানা স্থান হইতে যে সকল বৈদিক আসিয়া কোটালিপাড়ে উপনিবেশ করেন, যশোধরমিশ্র তাঁহাদের নিকট গোষ্ঠীপতি বা তাঁহাদের সকলের প্রধান বলিয়া সম্মানিত ছিলেন, সন্দেহ নাই। এই যশোধর মিশ্রের ঋগ্বেদী আশ্বলায়নশাখী শুনক গোত্র এবং শুনক,সৌহোত্র ও গৃৎসমদ প্রবর। প্রায় ৯৪৯-৫০ শকে ইনি মহারাজ হরিবর্ম্মদেবের সভায় আগমন করেন।

মধ্যভাগবাসী ২য় শুনক যশোধর.

বশিষ্ঠবংশীয় সুপ্রসিদ্ধ ঈশ্বর বৈদিকের প্রাচীন কুলগ্রন্থে এই শুনক যশোধরের পরিচয় সবিস্তার লিখিত আছে—

"ত্রিবিক্রমমহারাজসেনবংশসমুদ্ভবঃ।
আসীৎ পরমধর্ম্মজ্ঞঃ কাশীপুরসমীপতঃ॥
স্বর্ণরেখা নদী যত্র স্বর্ণষন্ত্রময়ী শুভা।
স্বর্গঙ্গাসলিলৈঃ পূতা সল্লোকজনতারিণী॥
অসৌ তত্র মহীপালো মালত্যাং নামতঃ স্ত্রিয়াং।
আত্মজং জনয়ামাস নাম্না বিজয়সেনকং॥
আসীৎ স এব রাজা চ তত্র পূর্য্যাং মহামতিঃ।
পত্নী তস্য বিলোলা চ পূর্ণচন্দ্রসমদ্যুতিঃ॥
স্ত্রিয়াং তস্যাং হি পুত্রৌ দ্বৌ মল্লশ্যামলবর্ম্মকৌ।
স এব জনয়ামাস ক্ষৌণীরক্ষাকরাবুভৌ॥
মল্লস্তত্রৈব প্রথিতঃ শ্যামলোঽত্র সমাগতঃ।
জেতুং শত্রুগণান্ সর্ব্বান্ গৌড়দেশনিবাসিনঃ॥
বিজিত্য রিপুশার্দ্দূলং বঙ্গদেশনিবাসিনং।
রাজাসীৎ পরমধর্ম্মজ্ঞো নাম্না শ্যামলবর্ম্মকঃ॥ * * *
নীলকণ্ঠো মহারাজস্তস্মৈ কন্যাং সুদক্ষিণাং।
দদৌ দক্ষিণয়া সার্দ্ধং হেমালঙ্কারভূষিতাং॥
গোবৎসতুরগৈঃ সার্দ্ধং যৌতুকেন নিয়োজিতাং।
দাসীদাসগণৈর্যুক্তাং কন্যাং দত্ত্বা যশস্করঃ॥
দদৌ পুরোহিতং তস্মৈ ব্রাহ্মণং বেদবাদিনং।
নাম্না যশোধরাখ্যং বৈ তেজসা সূর্য্যসন্নিভং॥
যশোধরোঽসৌ হুতবহ্নিবক্ত্রো নিত্যং পিতৃংস্তর্পয়তীহ যত্নাৎ
বেদৈশ্চতুর্ভিঃ পরিপূর্ণমূর্ত্তির্বাগ্মী পুনর্ব্রহ্মকুলাবতারঃ।
যশোধরস্য শুনকস্য সম্ভবঃ কনৌজবাসী কলিপাপনাশকঃ
আচারপূতঃ খলু বেদবিৎ স্বয়ং সুতেজসা প্রজ্বলিতানলপ্রভঃ॥
পুরোহিতং প্রাপ্য মনোগতং যতঃ স কৌতুকী চেতসি বেদবাদিনং।
যথাভবেত্তেন চ যৌতুকেন সঃ সুস্ত্রীযুতঃ শ্যামলবর্ম্মভূপতিঃ॥"

'মহারাজ পরম ধর্ম্মজ্ঞ ত্রিবিক্রম কাশীপুরী সমীপে বাস করিতেন। তাঁহার রাজধানীর নিকট দিয়া প্রসন্নসলিলা স্বর্ণরেখা নদী প্রবাহিত ছিল। এই নদী গঙ্গা-সলিলসংসর্গে পবিত্র হইয়া সাধুজনগণের উদ্ধারের উপায় হইয়াছিল। মহীপাল ত্রিবিক্রম সেই স্থানে অবস্থান করিয়া তাঁহার মহিষী মালতীর গর্ভে বিজয়সেন নামক এক পুত্র উৎপাদন করেন। কালে মহামতি বিজয়সেনই সেই পুরে রাজা হন। বিজয়সেনের পত্নীর নাম ছিল বিলোলা। বিলোলা পূর্ণচন্দ্রের ন্যায় শোভাশালিনী ছিলেন। এই বিলোলার গর্ভে রাজা বিজয়সেন দুইটী পুত্র উৎপাদন করেন। পুত্রদ্বয়ের মধ্যে একজনের নাম মল্ল এবং অপর জনের নাম শ্যামল। মল্ল ও শ্যামল ইহাঁরা উভয়েই রাজ্যরক্ষায় দক্ষ। মল্ল পৈতৃক রাজ্যে থাকিয়াই খ্যাতি লাভ করেন। শ্যামল গৌড়দেশবাসী শত্রুগণকে জয় করিবার জন্য তথায় সমাগত হন। অতি ধর্ম্মজ্ঞ শ্যামল এইস্থানে আসিয়া অত্রত্য বঙ্গদেশীয় প্রধান শত্রুকে জয় করিয়া এখানেই রাজা হইয়াছিলেন।

'রাজা নীলকণ্ঠ নিজ কন্যা সুদক্ষিণাকে স্বর্ণালঙ্কারে বিভূষিত করিয়া দক্ষিণাদির সহিত রাজা শ্যামলবর্ম্মাকে সমর্পণ করেন। এই বিবাহে কনৌজরাজ জামাতাকে গো, বৎস, অশ্ব, দাস, দাসী প্রভৃতি বহুতর যৌতুক দান করেন। এই যৌতুকদানের সহিত তিনি একজন বেদবাদী ব্রাহ্মণ-পুরোহিত জামাতার সঙ্গে প্রেরণ করিয়াছিলেন। সেই সূর্য্যসদৃশ তেজস্বী ব্রাহ্মণের নাম শ্রীযশোধর।

এই ব্রহ্মকুলাবতার যশোধর প্রত্যহ অগ্নিতে হোম ও পিতৃগণেরতর্পণ করিতেন। তিনি চতুর্বেদে পারদর্শী ও সুবক্তা ছিলেন। তাঁহার কনৌজে বাস ছিল। তিনি শুনক-গোত্রে উৎপন্ন, কলির পাপনাশে সমর্থ, আচারদ্বারা পূত, বেদে অভিজ্ঞ ও তেজে প্রজ্বলিত অনলতুল্য ছিলেন।

'উক্ত বিবাহের পর রাজা শ্যামল পত্নী ও যশোধর মিশ্র সহ বিক্রমপুর রাজধানীতে আগমন করেন। কিছুদিন পরে তাঁহার প্রাসাদে একটী শকুনি পতিত হয়, তাহাতে রাজ্যমধ্যে

* হরিবর্ম্মদেব যশোধর মিশ্রকে যে তাম্রশাসন দান করেন, তাহা পাওয়া না গেলেও, তিনি ঋগ্বেদী বৎসগোত্রীয় কৃষ্ণধর মিশ্রকে বেজগিসার গ্রাম দান উপলক্ষে যে তাম্রশাসন দান করিয়াছিলেন, তাহা পাওয়া গিয়াছে। (বঙ্গের জাতীয় ইতিহাস, ব্রাহ্মণ কাণ্ড ২য় ভাগ ৩য়াংশ ২১৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।)

যথেষ্ট অমঙ্গলের সূচনা হইতে থাকে। এই উৎপাত-শান্তির জন্য শ্যামলবর্ম্মা বিক্রমপুরে শাকুনসত্রের অনুষ্ঠান করেন। এই শাকুনসত্র উপলক্ষ করিয়া ঈশ্বর বৈদিক স্বরচিত কুলপঞ্জীতে লিখিয়াছেন—

"এতস্মিন্নন্তরে পক্ষী শকুনিঃ পাটমন্দিরে।
পপাত সত্যং কস্মাদমঙ্গলপ্রকাশকঃ॥
অমঙ্গলং বিচিন্ত্যাশু আত্মনশ্চেতসা পুনঃ।
রাজা চ চিন্তাসন্তাপঃ প্রাহ তৎপণ্ডিতানিদং॥
কিমস্য কারণং কিংবা শান্ত্যর্থং কর্ম্ম সাম্প্রতং।
বিধেয়ং তদ্ভবদ্ভিশ্চ শাস্ত্রমাদিশ যত্নতঃ॥
শান্ত্যর্থং তস্য সম্ভারং কুরু যজ্ঞং শুভপ্রদং।
তদা ভবেন্মহারাজ শান্তিস্তে পক্ষিদোষতঃ॥
শ্রুত্বা বাক্যং দ্বিজাতিভ্যো রাজাসৌ ষষ্টমানসঃ।
অত্রত্য ব্রাহ্মণাঃ সর্ব্বে যজ্ঞং কুর্ব্বন্তি যত্নতঃ॥
বেদজ্ঞানবিহীনাস্তে যাগকর্ম্মানুকারিণঃ।
তত্রৈব যজ্ঞশালায়াং দ্রষ্টুং যজ্ঞং স ভূপতিঃ।
আজগাম পুরস্কৃত্য বেদজ্ঞং তং যশোধরং।
অকালস্য তদা যজ্ঞমাহ তত্রৈব যাজ্ঞিকান্।
যশোধরোঽসৌ কালজ্ঞো ব্রাহ্মণো বেদগানকৃৎ॥
কিমিদং ক্রিয়তে সর্ব্বে ব্রাহ্মণৈঃ স্নানকারিতৈঃ।
কিমস্য কারণং তেভ্যঃ শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ॥
আচক্ষুস্তে তদা সম্যগেতস্য তু বিশেষতঃ।
শ্রুত্বা তৎকারণং তেভ্যো বিপ্রোঽসৌ বিস্ময়ং গতঃ॥
পুনস্তানাহ বিপ্রোঽসাবিতি বেদবিচারকৃৎ।
শাকুনেন তমাহূয় শাকুনং বেদমাহবঃ॥
মেধেন তস্য কর্ম্মেদং যদি পূর্ণং ভবেদিতি।
অমঙ্গলং তদা রাজ্ঞো হানিঃ স্যাদিতি নিশ্চিতং॥
শ্রুত্বা তে যাজ্ঞিকাঃ সর্ব্বে তমূচুঃ সংশিতব্রতং।
দিগম্বরং গতঃ পক্ষী কুতস্তস্য সমাগমঃ॥
ঈষৎপ্রহাসবদনঃ শ্রুত্বেদং স যশোধরঃ।
ব্রাহ্মণস্যৈব শক্তিস্তু মম চৈবাবদৎ পুনঃ॥
শ্রুত্বেদং রাজশার্দ্দূলশ্চিন্তাবিকলমানসঃ।
পপ্রচ্ছ তং দ্বিজশ্রেষ্ঠং বেদজ্ঞং যজ্ঞকর্ম্মণি।
এতৎ সুদারুণং কর্ম্ম কর্ত্তুং কো বা বিদো ভবেৎ।
তদা যশোধরঃ প্রাহ অহমেব বিশারদঃ॥
রাজা চ হর্ষসম্পন্নং প্রাহ বিপ্রং পুনঃ পুনঃ।
কর্ম্মেদং কুরু বিপ্র ত্বং সুপ্রকাশান্মহামতে॥
ততোঽসৌ বেদবিপ্রেন্দ্রঃ শাকুনং সূক্তমাপঠেৎ।
কারণহস্তবচনৈঃ সর্ব্বেষাঞ্চ মনোহরৈঃ॥
শাকুনেন তমাহূয় সমানীতো দিগন্তরাৎ।
শকুনির্নৃপতেরগ্রেঽপতৎ সর্ব্বমনোহরঃ॥
তুষ্টাসৌ ক্ষিতিপালস্তু চিত্তসন্দেহমাকরোৎ।
কো বা ন স্যাদ্ভবেদ্বাপি কোঽবাস্য পরিচায়কঃ॥
ততো যশোধরঃ প্রাহ রাজানং সংশয়াকুলং।
অদ্য হিত্বানয়িষ্যামি পুনঃ পূর্ণাদিনেঽপি চ॥
রাজা চ তৎপরীক্ষার্থং শকুনিত্যাগমাকরোৎ।
অঙ্গুরীলক্ষণীকৃত্য তঞ্চ যজ্ঞে ন্যযোজয়ৎ॥
যে প্রবৃত্তা পুরা বিপ্রা নিবৃত্তাস্তে নিয়োগতঃ।
যজ্ঞকর্ম্মসু সত্যঞ্চ হোতৃকর্ম্মপরাঙ্মুখাঃ॥
রাঢ়ীয়া যে চ বারেন্দ্রা বেদবন্তো দ্বিজাতয়ঃ।
ভূসুরৈঃ কৃতসংস্কারাঃ পাশ্চাত্যব্রাহ্মণৌরসাঃ॥
ততঃ—
যশোধরোঽসৌ হুতবহিধূমৈঃ পুরীং পবিত্রামকরোৎ স্বতেজসা।
বিদূর্য্য রাজ্ঞোঽশুভমিন্দ্রতুল্যঃ পূর্ণং দিনং প্রাপ্য চকার দীপ্তিং॥
তথৈব বেদপ্রভাবাৎ পপাত পূর্ণে ক্ষণেঽসৌ শকুনিঃ সুনিশ্চিতং।
ততোঽপি পূর্ণাহুতিরেব দত্তা যশোধরেণৈব বিশোকহেতুঃ॥
পূর্ণাং বিধায় বিনয়েন স যাজ্ঞিকায়
বিপ্রায় বেদবিদুষে ক্ষিতিপঃ প্রহৃষ্টঃ।
গ্রামং দদৌ সকলপূগরসালতালং
সামন্তসারমধুনা কৃতযজ্ঞহেতোঃ॥
গ্রামং ধনং রজতকাঞ্চনসঞ্চয়ঞ্চ দত্ত্বা তুরঙ্গমতিচঞ্চলমীশতুল্যং।
নিত্যং দদৌ সুজনভূপগণেষু রাজা দুর্ব্বারবেশেষু কৃতযজ্ঞবিসৃষ্টভূমৌ॥
কনৌজাদাগতং বিপ্রং বেদবেদাঙ্গপারগং।
নিযোজ্য পশুযজ্ঞেষু তথৈব নিত্যকর্ম্মণি॥
গ্রামং দদৌ শ্যামলবর্ম্মরাজো বশিষ্ঠতুল্যায় দ্বিজায় সত্যং। * ত্ব

'এই সময় সত্য সত্যই কোথা হইতে এক অমঙ্গলকর শকুনি আসিয়া রাজপ্রাসাদে পতিত হইল। রাজা এই ব্যাপারে মনে মনে নিজের অমঙ্গলের বিষয় চিন্তা করিয়া কিঞ্চিৎ উদ্বেগের সহিত একজন পণ্ডিতকে এই সম্বন্ধে জিজ্ঞাসা করিলেন যে, এই অশুভকর শকুনিপাতের কারণ কি এবং ইহার শান্তির জন্য কি কর্ম্মেরই বা সম্প্রতি অনুষ্ঠান করা উচিত? আপনারা শাস্ত্রানুসারে তাহার ব্যবস্থা করিয়া দিন।

'রাজার প্রশ্নে তথাকার শাস্ত্রদর্শী ব্রাহ্মণগণ সকলেই তাঁহাকে এই পক্ষিপাতদোষ-প্রশমনের জন্য একটী শুভপ্রদ যজ্ঞানুষ্ঠানের ব্যবস্থা দিলেন। রাজা পণ্ডিতগণের পরামর্শে অবিলম্বে যজ্ঞের আয়োজন করিলেন। যজ্ঞে তথাকার বেদজ্ঞানহীন ব্রাহ্মণগণই ব্রতী হইলেন। যথা সময়ে রাজা সেই বেদজ্ঞ যশোধরকে অগ্রবর্ত্তী করিয়া স্বয়ং সেই যজ্ঞশালায় উপনীত হইলেন। যশোধর

বেদগান ও যাগযজ্ঞাদির অনুষ্ঠানাদি বিষয়ে বিলক্ষণ পারদর্শী ছিলেন। তিনি সেই ব্রতী ব্রাহ্মণদিগের যজ্ঞানুষ্ঠানপ্রণালী দেখিয়া তাঁহাদিগকে জিজ্ঞাসিলেন,—আপনারা কি কারণে কিরূপভাবে যজ্ঞানুষ্ঠানের সঙ্কল্প করিয়াছেন? আমি তাহা শুনিতে ইচ্ছা করি।

'এই প্রশ্নের পর ব্রাহ্মণগণের উত্তরে যজ্ঞ-কারণাদি জানিতে পারিয়া তিনি অত্যন্ত বিস্মিত হইলেন এবং বেদ আলোচনা করিয়া কহিলেন,—শাকুন-যজ্ঞ সমাধা করিতে হইলে শাকুনমন্ত্রে সেই শকুনিকে আকর্ষণ করিয়া যজ্ঞশালায় আনয়ন করিতে হয়। পরে তাহার মেদদ্বারা এই কর্ম্ম যদি সম্পূর্ণ হয়, তবেই যজ্ঞকারী রাজার অমঙ্গল দূর হইবে, নচেৎ অন্যরূপে তাহার সম্ভাবনা নাই।

'যশোধরের কথায় সেখানকার যাজ্ঞিকগণ উত্তর করিলেন,—মহাশয়! সেই পক্ষী রাজপ্রাসাদে পতিত হইবার পর কোথায় কোন্ দিগ্‌দিগন্তরে চলিয়া গিয়াছে, সে কিরূপে পুনরায় এস্থানে আসিবে? এইবার যশোধর ঈষৎ হাস্য সহকারে কহিলেন,—এ কার্য্যসাধনে ব্রাহ্মণমাত্রেরই ক্ষমতা আছে; আমি ব্রাহ্মণ, আমিও ইহা সম্পন্ন করিতে পারি। রাজা নিকটে ছিলেন, তিনি এই কথা শুনিয়া তাঁহার শান্তিযজ্ঞ যথারীতি সম্পূর্ণ হইবে কি না, তৎপক্ষে চিন্তিত হইয়া দ্বিজশ্রেষ্ঠ যশোধরকে জিজ্ঞাসিলেন,—এ মহৎ কর্ম্ম তবে কে করিতে জানেন? যশোধর কহিলেন,—এ কার্য্য সমাধা করিতে আর অন্য লোক খুঁজিতে হইবে না, আমিই ইহা যথারীতি সমাধা করিতে পারিব। তখন রাজা হৃষ্ট হইয়া মহামতি যশোধরকে সেই যজ্ঞানুষ্ঠানের জন্য বার বার অনুরোধ করিলেন। যশোধর রাজার অনুরোধে সম্মত হইয়া তখন শাকুন-সূক্ত পাঠ করিতে আরম্ভ করেন। মন্ত্রপ্রভাবে দিগন্তর হইতে পক্ষী তথায় ছুটিয়া আসিল। দেখিতে দেখিতে শকুনি শূন্য হইতে রাজার সম্মুখেই পতিত হইল। রাজা দেখিয়া বিস্মিত ও সন্তুষ্ট হইলেন; কিন্তু তাঁহার ভাবনা হইল,—এই যে পক্ষী আসিয়াছে, এই পক্ষীই যে আমার প্রাসাদে পড়িয়াছিল, তাহার কি প্রমাণ আছে এবং তাহা আমি কেমন করিয়া জানিব? সুব্রাহ্মণ যশোধর রাজাকে সংশয়াকুল দেখিয়া তাঁহার মনের ভাব বুঝিতে পারিলেন এবং তাঁহার সংশয় দূর করিবার জন্য কহিলেন,—রাজন্! আজ ইহাকে ছাড়িয়া দিতেছি, যজ্ঞের পূর্ণাহুতির দিন পুনর্ব্বার ইহাকে আনয়ন করিব।

'রাজা তাহা শুনিয়া এবিষয়ের প্রকৃত পরিচয় জানিবার জন্য একটী অঙ্গুরি দ্বারা পক্ষীটীকে চিহ্নিত করিয়া ছাড়িয়া দিলেন। পূর্ব্বে যে সকল ব্রাহ্মণ যজ্ঞে ব্রতী হইয়াছিলেন, তাঁহারা এখন রাজার আদেশে যজ্ঞ হইতে বিরত হইলেন। বাস্তবিকই তখন যাগযজ্ঞাদি হোতৃকর্ম্মে তদানীন্তন পাশ্চাত্য ব্রাহ্মণগণের বংশধর রাঢ়ীয় ও বারেন্দ্রগণ পরাঙ্মুখ ছিলেন। সুতরাং একাকী যশোধরই স্বীয় অসামান্য ক্ষমতায় যজ্ঞ-কার্য্য সমাধা করিতে ব্রতী হইলেন। হোমবহ্নি-সমুত্থিত-ধূমজালে রাজপুরী পবিত্র হইল। রাজার সমস্ত অশুভ অমঙ্গল কাটিয়া গেল। তিনি আনন্দে ইন্দুতুল্য কান্তি ধারণ করিলেন।

'অনন্তর যজ্ঞের পূর্ণাহুতির সময় যশোধরের মন্ত্র বলে সেই শকুনি তথায় নিপতিত হইল। রাজা হৃষ্ট হইলেন। যশোধর শান্তিযজ্ঞের পূর্ণাহুতি দিয়া দক্ষিণান্ত করিলেন। রাজা যজ্ঞের দক্ষিণাস্বরূপ সামন্তসার গ্রাম ও প্রচুর ধনদানে যশোধরকে পরিতুষ্ট করিলেন।

'অতঃপর যশোধর সেই রাজপ্রদত্ত গ্রামেই বাস করিতে লাগিলেন। এই সামন্তসার গ্রামে তখন যশোধর ব্যতীত আরও বহু শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ বাস করিতেন। কিয়ৎকাল পরে যশোধর তাঁহার ধর্ম্মপত্নীর গর্ভে কয়েকটী পুত্র উৎপাদন করেন। ক্রমে পুত্রগণ যখন বয়ঃপ্রাপ্ত হইয়া উঠিল, তখন তাঁহাদিগের বিবাহাদির জন্য তাঁহার ভাবনা হইল। তিনি ভাবিলেন,—এ দেশীয় ব্রাহ্মণগণের সহিত আমার ক্রিয়াকর্ম্ম চলিবে না; সুতরাং পুত্র-পরিবারাদি সহ আমার এস্থান ত্যাগ করাই উচিত। এইরূপ ভাবিয়া তখন রাজার নিকট নিজ অভিপ্রায় ব্যক্ত করিলেন। রাজা তৎশ্রবণে যশোধর মিশ্রের ন্যায় একজন অকৃত্রিম ব্রাহ্মণ তাঁহার দেশ হইতে চলিয়া যাইবেন ভাবিয়া কিঞ্চিৎ মনঃক্ষুণ্ণ হইলেন। তিনি মনে মনে আলোচনা করিয়া দেখিলেন,—তাঁহার বঙ্গরাজ্যে তখন প্রকৃত বেদবিদ্ ব্রাহ্মণ নাই। বেদজ্ঞানসম্পন্ন বিশুদ্ধ ব্রাহ্মণ-বর্জ্জিত দেশে ক্ষত্রিয় রাজার বাস করা অযুক্ত। অতএব যশোধরের ন্যায় আরও কয়েকজন বৈদিক ব্রাহ্মণকে যাহাতে এইখানে আনাইয়া বাস করাইতে পারি, তাহারই চেষ্টা করা যাউক।

'রাজা এইরূপ চিন্তা করিয়া তাঁহার পুরোহিত যশোধর মিশ্রের সহিত এ সম্বন্ধে পরামর্শ করিলেন। যশোধর রাজার প্রস্তাবে সম্মত হইয়া তাঁহাকে জানাইলেন যে, যদি আপনি কনৌজবাসী বেদজ্ঞ ব্রাহ্মণদিগকে আনাইতে পারেন, তাহা হইলে আর আমি এস্থান হইতে যাইব না। তখন রাজা কনৌজ হইতে কোন্ কোন্ ব্রাহ্মণকে আনয়ন করা যায়, পুরোহিত যশোধর মিশ্রের নিকট তাহা জানিয়া লইলেন এবং তাঁহার নিকট হইতে এ সম্বন্ধে একখানি লেখ্য-পত্রও চাহিলেন।

"যথাকুলং যথাগোত্রং যথানাম বিবিচ্য চ।
যথাস্থানং লিখিত্বাসৌ রাজানং শ্রাবয়েৎ পুনঃ॥

বেদগর্ভশ্চ গোবিন্দঃ পদ্মনাভস্ত ব্রহ্মবিৎ।
বিশ্বজিচ্চৈব চত্বার এতে ব্রাহ্মণপুঙ্গবাঃ॥
তত্রাদৌ তেষাং গোত্রাণি নামধেয়ঞ্চ লিখ্যতে—
বেদগর্ভশ্চ শাণ্ডিল্যো গোবিন্দো বশিষ্ঠগোত্রজঃ
পদ্মনাভশ্চ সাবর্ণো ভরদ্বাজস্ত বিশ্বজিৎ॥
এতানানয় রাজেন্দ্র! চতুরো বিপ্রপুঙ্গবান্।
তদা দেশেঽত্র তিষ্ঠামি যদি স্যাদ্‌ব্রাহ্মণাগমঃ॥ * * *
বেদগর্ভাদিসম্ভূতাঃ সূনবশ্চ ত্রয়োদশ।
সস্ত্রীকাঃ শস্ত্রসংযুক্তাস্তরঙ্গারূঢ়শালিনঃ॥
হরিকরিপরিরূঢ়াঃ সর্ব্বশাস্ত্রাস্ত্র ধীরা
দলিতদহনজিহ্বা বেদমন্ত্রপ্রভাবৈঃ।
নিরবধিপরিগাতাঃ সামবেদঞ্চ সত্যং
খলু ভুবি বিচরন্তো দীপ্তিমন্তস্ত এব॥
ক্ষিতিপতিপুরবৃক্ষং পুষ্পিতং চাবলোক্য
সপদি ললিতপত্রং তত্র তৈর্নির্ম্মিতঞ্চ।
ইহ হি ভুরিসুবৃষ্টির্ব্রহ্মবীর্য্যপ্রতাপাৎ;
মঘবদিব সমাসীদ্রাজধানী চতুর্ভিঃ॥
ততো রাজা সমানীয় চতুরঃ সামগান্ দ্বিজান্।
যশোধরং তমাহূয় সমানীয় যথাক্রমম্॥
তান্ দৃষ্ট্বাসৌ প্রীতমনাঃ পূর্ণকামান্ সমন্ততঃ।
রাজা চ কৃতিনং মন্যে চাত্মানং ক্ষত্রিয়ং পুনঃ॥
শাকে বেদরসেন্দুচন্দ্রগণিতে সত্যং কনৌজস্থিতান্
বিপ্রান্ পঞ্চ সমাদরেণ ক্ষিতিপশ্চানীয় দেশেঽত্র বৈ॥
দত্ত্বা হেমধনং বিচিত্রবসনং গ্রামঞ্চ সংস্থাপয়েৎ।
বস্ত্রালঙ্কৃতিভূষিতান্ খলু পুনর্বেদজ্ঞবিপ্রোৎসুকঃ॥
শাণ্ডিল্যবশিষ্ঠসাবর্ণ্যভরদ্বাজৈকশৌনকাঃ।
তপনস্যাত্মজশ্চৈকো গোবিন্দোঽসৌ মহাতপাঃ॥
ঈশপুত্রো বেদগর্ভঃ পদ্মনাভো রবেঃ সুতঃ।
কমলাসনপুত্রোঽসৌ বিশ্বজিচ্চ মহামতিঃ॥
যশোধরো মনোঃ পুত্রঃ সর্ব্ব এতে সপুত্রকাঃ।
এতান্বানীয় রাজেন্দ্র এতেভ্যঃ স্থানমাদদৌ।
যথাযোগ্যং বিচিত্রং হি গ্রামং শাসনভূষিতঃ॥"

পুরোহিত পত্রে শাণ্ডিল্যগোত্রীয় বেদগর্ভ, বশিষ্ঠ গোবিন্দ, সাবর্ণ পদ্মনাভ এবং ভরদ্বাজ বিশ্বজিতের নাম লিখিয়া দিলেন। আর বলিলেন, এইসকল ব্রাহ্মণেরা এই স্থানে আসিয়া বসবাস করিলেই আমি এখানে থাকিব।

'এইরূপ কথাবার্ত্তার পর পুরোহিতের পত্র লইয়া স্বয়ং রাজা ব্রাহ্মণ আনয়নার্থ কনৌজে যাত্রা করিলেন। তিনি যথাকালে কনৌজে পৌঁছিয়া পত্রের লিখিত নামানুসারে সেই সেই ব্রাহ্মণকে যত্নপূর্ব্বক সঙ্গে লইয়া আসিলেন। বেদগর্ভাদিসম্ভূত ১৩ জন ব্রাহ্মণ কেহ সস্ত্রীক অশ্বারোহণে কেহ বা গজারোহণে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাদের সকলের হস্তেই এক একখানি তরবারি ছিল। তাঁহারা অপূর্ব্ব ব্রাহ্মশ্রী ধারণ করিতেছিলেন, তাঁহাদের শরীর হইতে বেদজ্ঞানের পূর্ণ নিদর্শন স্বরূপ অলৌকিক ব্রাহ্মজ্যোতিঃ বাহির হইতেছিল। এই সকল ব্রাহ্মণেরা রাজপুরীর প্রান্তসীমায় পদার্পণ করিবামাত্র সেখানকার শুষ্ক বৃক্ষ ফলে ফুলে ললিত পল্লবে ভূষিত হইয়া উঠিল। দেশমধ্যে নানা প্রকার মঙ্গলচিহ্নের সূত্রপাত হইল। রাজা সাদরে তাঁহাদিগের অভ্যর্থনা করিলেন, যশোধর মিশ্র আলাপ পরিচয়ে আপ্যায়িত ও প্রীত হইলেন। রাজা সমানীত প্রত্যেক ব্রাহ্মণকেই যথাযোগ্য পূজা ও অভ্যর্থনা করিলেন। এই সকল ব্রাহ্মণকে পাইয়া এখন তিনি আপনাকে প্রকৃত ক্ষত্রিয় রাজা বলিয়া মনে করিতে লাগিলেন। এইরূপে রাজা শ্যামলবর্ম্মা ১১৬৪ বিক্রম শাকে (১১০৭ খৃষ্টাব্দে) কনৌজস্থিত বিশুদ্ধ ব্রাহ্মণদিগকে সমাদর পূর্ব্বক এ দেশে আনিয়া ধনরত্ন, বসন ভূষণ, ও গ্রাম প্রভৃতি দিয়া এখানে বাস করাইয়াছিলেন। শাণ্ডিল্য, বশিষ্ঠ, সাবর্ণ, ভরদ্বাজ ও শৌনক এই পঞ্চগোত্র একত্র আসিয়াছিলেন। তপনের পুত্র মহাতপাঃ গোবিন্দ, ঈশ পুত্র বেদগর্ভ, রবির পুত্র পদ্মনাভ, কমলাসনের পুত্র বিশ্বজিৎ এবং মনুর পুত্র যশোধর, ইঁহারা সকলে সপুত্র আগমন করিলে রাজা শ্যামলবর্ম্মা ইঁহাদিগকে তখন তাম্রশাসন দ্বারা যথাযোগ্য বিচিত্র গ্রাম দান করিয়া বঙ্গে বাস করাইলেন।'

নীলকণ্ঠ বৈদিক রচিত যশোধরবংশমালা নামক কুলগ্রন্থে লিখিত আছে—

"আসীদ্ গৌড়ে মহারাজঃ শ্যামলো ধর্ম্মতৎপরঃ।
প্রচণ্ডাশেষভূপালৈরর্চ্চিতঃ স মহীপতিঃ॥
বেদগ্রহগ্রহমিতে স বভূব রাজা
গৌড়ে স্বয়ং নিজবলৈঃ পরিভূয় শত্রূন্।
শূরান্বয়ানতিমদান্ বিজিতান্তরাত্মা
শাকে পুনঃ শুভতিথৌ বিজয়স্ত সূনুঃ॥
তস্মৈ দদৌ সুতাং ভদ্রাং কাশীরাজো মহাবলঃ।
গজাশ্বরথরত্নাদ্যৈ রাজ্যৈরপি পুরস্কৃতঃ॥
বেদবেদাঙ্গতত্ত্বজ্ঞং যাচে বেদবিদাম্বরং।
যশোধরং মহাত্মানং শাখোপশাখপারগম্॥
তস্মৈ সমাদিশদ্রাজা গৌড়ানাং পাবনায় সঃ।
প্রাসাদং রত্নঘটিতং শাকুনপাতদূষিতম্॥
দৃষ্ট্বা সুবিস্মিতো রাজা যজ্ঞং কর্ত্তুং মনো দদৌ।
বব্রে যশোধরং তত্র স রাজা যজ্ঞকর্ম্মণি॥

শাকুনেন চ সূক্তেন সমাহূতং পতত্রিণং।
জুহাব খণ্ডশশ্ছিন্নং সংস্কৃতেঽগ্নৌ যথাবিধি॥
তমেবাদ্ভুতকর্ম্মাণং দৃষ্ট্বা প্রীতো মহামতিঃ।
রাজ্যমর্দ্ধঞ্চ রত্নানি দক্ষিণার্থেন কল্পিতম্॥
ভূমিং প্রতিগ্রহে পাপং নাস্তীতি স দ্বিজাগ্রণীঃ।
প্রত্যগ্রহীৎ সমস্তানাং গ্রামাণাং দ্বাদশৈব চ॥
ব্রহ্মচর্য্যব্রতস্যাস্য বিবাহায় স ভূপতিঃ।
আনীতবান্ দ্বিজান্ পঞ্চ পঞ্চগোত্রসমুদ্ভবান্॥
শৌনকশ্চৈব শাণ্ডিল্যো বশিষ্ঠশ্চ তথাপরঃ।
সাবর্ণোঽথ ভরদ্বাজঃ পঞ্চগোত্রাঃ প্রকীর্ত্তিতাঃ॥
আদৌ শৌনকশাণ্ডিল্যৌ বশিষ্ঠো মধ্যমস্তথা।
সাবর্ণোঽথ ভরদ্বাজঃ কনিষ্ঠঃ পরিকীর্ত্তিতঃ॥
ধনুর্দ্ধরঃ শাণ্ডিল্যশ্চ বশিষ্ঠঃ শাস্ত্রভৃদ্বরঃ।
সাবর্ণোঽথ ভরদ্বাজো দেবতাং দোলয়ানয়ৎ॥
পঞ্চগোত্রদ্বিজৈঃ সার্দ্ধং বেদাধ্যয়নতৎপরঃ।
যশোধরো বঙ্গদেশে কুন্তলাত্তু সমাগতঃ॥
শৌনকশ্চৈব শাণ্ডিল্যঃ সুসিদ্ধঃ পরিকীর্ত্তিতঃ।
ভরদ্বাজো বশিষ্ঠশ্চ সাবর্ণঃ সিদ্ধ এব হি॥
পঞ্চগোত্রাদ্বহিঃ সাধ্যা বৎসবাৎস্যাশ্চ কাশ্যপাঃ।
ভট্টো যশোধরশ্চৈব ততশ্চাবটু র্বেদবিৎ॥
শ্রীকৃষ্ণো বেদগর্ভশ্চ বেদাধ্যায়ী চ শঙ্করঃ।
রাজ্ঞঃ সমাজ্ঞয়া বিপ্রা আগতাঃ কুন্তলাত্ততঃ॥"

'গৌড়দেশে প্রবলপ্রতাপান্বিত-অশেষভূপালবৃন্দপূজিত স্বধর্ম্ম-তৎপর শ্যামলবর্ম্মা নামে মহীপতি ছিলেন। তাঁহার পিতার নাম বিজয়। তিনি ৯৯৪ শকে অতি দুর্দ্ধর্ষ শূরবংশীয় রাজগণকে পরাভূত করিয়া শুভতিথি নক্ষত্রে উক্ত গৌড়সিংহাসনে অধিরোহণ করেন। মহাবল কাশীরাজ তাঁহাকে রাজ্য, ধন, গজ, বাজী, রথ রত্নাদির সহিত ভদ্রানাম্নী স্বীয় কন্যা সম্প্রদান করেন। কিয়দ্দিবসান্তে ইহার রত্নসমন্বিত রাজপ্রাসাদে শকুনপাতদোষ ঘটায় রাজা সেই দোষপ্রশমনের জন্য যজ্ঞাদি করিতে মনঃস্থ করিয়া উক্ত কাশীরাজের নিকট একটী কৃতকর্ম্মা সুব্রাহ্মণ যাচ্ঞা করিলে তিনি বেদবেদাঙ্গতত্ত্বজ্ঞ শাখোপশাখপারগ বৈদিকশ্রেষ্ঠ মহাত্মা যশোধরকে গৌড়রাজের হিতকামনায় তথায় যাইতে আদেশ করেন। গৌড়রাজও যথাসময়ে আগত যশোধরকে সাদরে সসম্মানে যজ্ঞকার্য্যে ব্রতী করিলেন।

'এইরূপে যজ্ঞকর্ম্মে ব্রতী হইয়া যশোধর শাকুনসূক্ত পাঠ দ্বারা পতত্রিগণকে আকর্ষণপূর্ব্বক তাহাদিগকে খণ্ডে খণ্ডে বিভক্ত করিয়া সুসংস্কৃত যজ্ঞাগ্নিতে যথাবিধি আহুতি প্রদান করিলেন। মহামতি শ্যামলবর্ম্মা যশোধরের এতাদৃশ অত্যদ্ভুত ব্যাপার সন্দর্শনে পরম আহ্লাদিত হইয়া যজ্ঞের দক্ষিণাস্বরূপ তাঁহাকে রাজ্যের অর্দ্ধেক ও বহু ধনরত্নাদি দিতে সঙ্কল্প করিলেন। যশোধরও ভূমি প্রতিগ্রহে কোন দোষ নাই বিবেচনা করিয়া সন্নিহিত গ্রাম-সমূহ হইতে দ্বাদশখানি গ্রাম গ্রহণ করিয়াছিলেন।

'অনন্তর মহীপতি ব্রহ্মচর্য্যাবলম্বী যশোধরের বিবাহের জন্য সচেষ্ট হইলেন এবং শৌনক, শাণ্ডিল্য, বশিষ্ঠ, সাবর্ণ ও ভরদ্বাজ এই পঞ্চগোত্রসমুদ্ভূত পঞ্চ ব্রাহ্মণ আনয়ন করিলেন। ইঁহাদের মধ্যে শৌনক এবং শাণ্ডিল্য প্রথমে, বশিষ্ঠ মধ্যে, সাবর্ণ ও ভরদ্বাজ শেষে আগমন করেন এবং কুলশ্রেষ্ঠশাণ্ডিল্য, শাস্ত্রজ্ঞ-প্রবর বশিষ্ঠ, সাবর্ণ ও ভরদ্বাজ, ইঁহারা সকলে দোলায় করিয়া স্ব স্ব গৃহে প্রতিষ্ঠিত দেবতাসকলও সঙ্গে লইয়া আসেন। এই শৌনক ও শাণ্ডিল্য সুসিদ্ধ এবং ভরদ্বাজ, বশিষ্ঠ ও সাবর্ণ সিদ্ধ বলিয়া কথিত হন। এতদ্ভিন্ন বৎস, বাৎস্য ও কাশ্যপ প্রভৃতি পঞ্চগোত্রেতর গোত্রগুলি সাধ্য বলিয়া প্রখ্যাত হইয়াছিলেন।

'বেদাধ্যয়নতৎপর যশোধর ঐ সকল পঞ্চগোত্র সঙ্গে লইয়া কুন্তল হইতে বঙ্গদেশে আগমন করেন; ইহার পর রাজার আজ্ঞায় অবটু যশোধর ভট্ট, বেদবিৎ শ্রীকৃষ্ণ, বেদগর্ভ এবং বেদাধ্যায়ী শঙ্কর কুন্তল হইতে বঙ্গে আগমন করেন।'

বশিষ্ঠ, ঈশ্বর বৈদিক ও নীলকণ্ঠ বৈদিকের রচনানুসারে বেশ জানা যাইতেছে—রাজা শ্যামলবর্ম্মার সময়ে প্রথমে শুনক যশোধর মিশ্র এবং তৎপরে শৌনক, শাণ্ডিল্য, বশিষ্ঠ, সাবর্ণ ও ভরদ্বাজ এই পঞ্চগোত্র তাঁহারই সুবিধার জন্য কুন্তলদেশ হইতে এ দেশে আগমন করেন। ঈশ্বর বৈদিকের মতে শুনক যশোধর মিশ্রের আগমনের বহু পরে অর্থাৎ তাঁহার পুত্রকন্যা বিবাহযোগ্য হইলে ১১৬৪ বিক্রমশকে=১০২৯ শকে উক্ত শৌনকাদি পঞ্চ-গোত্র বঙ্গরাজ-সভায় সমানীত হইয়াছিলেন। এদিকে নীলকণ্ঠের মতে, শুনক যশোধর মিশ্র ব্রহ্মচারী ছিলেন, তাঁহার বিবাহের সুবিধা হইবে বলিয়াই পঞ্চগোত্র পরে রাজপ্রার্থনায় এদেশে আগমন করেন।

এই উভয় মতের মধ্যে ঈশ্বর বৈদিকের মতই প্রামাণ্য বলিয়া মনে করা যায়, কারণ ঈশ্বর বৈদিক যেরূপ প্রাচীন তাম্র-শাসন ও প্রাচীন কুলতত্ত্ব আলোচনা করিয়া নিজ গ্রন্থ রচনা করিয়াছিলেন অপরের ভাগ্যে সেরূপ সুবিধা ঘটিয়াছিল বলিয়া প্রকাশ নাই। নীলকণ্ঠ যশোধর মিশ্রের সঙ্গে পঞ্চগোত্রের আগমন কথা লিপিবদ্ধ করিয়াছেন; কিন্তু তাহা সঙ্গত বলিয়া মনে হয় না। শুনক যশোধর মিশ্রের পরে শ্যামলবর্ম্মার প্রার্থনায় শৌনকাদি পঞ্চগোত্র একত্র আগমন করেন। এই পঞ্চগোত্র সম্বন্ধে ঈশ্বর বৈদিক লিখিয়াছেন—

"শাণ্ডিল্যবশিষ্ঠসাবর্ণভরদ্বাজৈকশৌনকাঃ।
তপনস্যাত্মজশ্চৈকো গোবিন্দঽসৌ মহাতপাঃ॥
ঈশপুত্রো বেদগর্ভঃ পদ্মনাভো রবেঃ সুতঃ।
কমলাসনপুত্রোঽসৌ বিশ্বজিচ্চ মহামতিঃ॥
যশোধরো মনোঃ পুত্রঃ সর্ব্ব এতে সপুত্রকাঃ।
এতানানীয় রাজেন্দ্র এতেভ্যঃ স্থানমাদদৌ॥
যথাযোগ্যং বিচিত্রং হি গ্রামং শাসনভূষিতম্।"

শাণ্ডিল্য, বশিষ্ঠ, সাবর্ণ, ভরদ্বাজ ও এক শৌনক এই পঞ্চ-গোত্র। এই পঞ্চগোত্র মধ্যে বশিষ্ঠ তপনের পুত্র গোবিন্দ, শাণ্ডিল্য ঈশপুত্র বেদগর্ভ, সাবর্ণ রবির পুত্র পদ্মনাভ, ভরদ্বাজ কমলাসনের পুত্র বিশ্বজিৎ এবং শৌনক মনুর পুত্র যশোধর ইঁহারা সকলেই সপুত্রক আসিয়াছিলেন। ইঁহাদিগকে আনিয়া রাজা শ্যামল তাঁহাদিগকে যথাযোগ্য তাম্রশাসন দ্বারা বিচিত্র গ্রাম দান করিয়াছিলেন।

ধূল্লার শুনকগৃহ হইতে প্রাপ্ত কারিকায় এবং অপরাপর স্থান হইতেও যে সকল বংশপত্রিকা পাওয়া গিয়াছে, ঐ সকলের মতে—

"শাকেন্দুশূন্যখবিধৌ গতেঽব্দে বৈশাখমাসস্য সিতে দশম্যাম্।
প্রহর্ষিতস্তেন নৃপেণ সার্দ্ধং যশোধরঃ কুন্তলদেশতোঽগাৎ॥"

অর্থাৎ ১০০১ বা ১০১০ শকাব্দ* গত হইলে বৈশাখমাসে শুক্লদশমী তিথিতে শ্যামল নৃপতি সহ যশোধর কুন্তলদেশ হইতে আগমন করেন। এরূপস্থলে শুনক যশোধরের আগমনের ২৮ বা ১৮ বর্ষ পরে শৌনকাদির আগমন ঘটিয়া থাকিবে।

শৌনকাদি পঞ্চগোত্রকে রাজা শ্যামলবর্ম্মা; ১৪ খানি গ্রাম দান করেন। যথা—

"আলাধীতি জয়াড়ীতি গৌরালীতি সুনিশ্চিতম্।
কুমারহট্টগ্রামস্ত পানিকুণ্ডস্তথৈব চ॥
আখোরা সাতৌরাশ্চৈব ব্রহ্মপুরস্তথৈব চ।
মরীচস্য প্রসারস্ত দধিবামন এব চ॥
চন্দ্রদ্বীপো নবদ্বীপঃ কোটালিপাড় এব চ।
সামন্তসারস্বেতে বৈ গ্রামাঃ সিদ্ধাশ্চতুর্দ্দশ॥
রাজাসৌ শ্যামলো বর্ম্মা পঞ্চ ব্রাহ্মণপুঙ্গবান্।
পুরস্কৃত্য দদৌ স্থানং চতুর্দ্দশ সুশাসনম্॥
আলাধীতি জয়াড়ীতি গৌরালীতি সুনিশ্চিতং।
বশিষ্ঠস্য সমাজস্ত গ্রামাশ্চৈব ত্রয়ঃ স্মৃতাঃ॥
কুমারহট্ট-পানিকুণ্ড-আখোরা-সাতৌরাস্তথা।
অন্তে ব্রহ্মপুরশ্চৈব শাণ্ডিল্যস্য সমাজকাঃ॥
মরীচস্য প্রসারস্ত দধিবামন এব চ।
সাবর্ণস্য সমাজৌ দ্বৌ স্মৃতৌ তৌ সুপ্রশস্তকৌ॥
চন্দ্রদ্বীপো নবদ্বীপঃ কোটালিপাড় এব চ।
ভরদ্বাজস্য নিয়তা গ্রামাশ্চৈতে সমাজকঃ॥
সামন্তসারগ্রামস্ত শৌনকস্য সমাজকাঃ।
ক্রমেণৈব স্মৃতাশ্চৈতে চতুর্দ্দশ-সমাজকাঃ॥"
(ঈশ্বরের বৈদিক কুলপঞ্জী)

রাজা শ্যামলবর্ম্মা সেই পঞ্চব্রাহ্মণ-পুঙ্গবকে ১৪ খানি গ্রাম দান করিয়াছিলেন। রাজপ্রদত্ত সেই সকল স্থানের নাম আলাধি, জয়াড়ী, গৌরালী, কুমারহট্ট, পানিকুণ্ড, আখোড়া, সাতৌরা, ব্রহ্মপুর, মরীচির প্রসার, দধিবামন, চন্দ্রদ্বীপ, নবদ্বীপ, কোটালিপাড় ও সামন্তসার।

এই সকল গ্রামের মধ্যে আলাধি, জয়াড়ী ও গৌরালী এই তিন গ্রাম বশিষ্ঠের; কুমারহট্ট, পানিকুণ্ড, আখোরা ও সাতৌরা এই চারি স্থান শাণ্ডিল্যের; মরীচের প্রসার ও দধিবামন এই দুই গ্রাম সাবর্ণের; চন্দ্রদ্বীপ, নবদ্বীপ ও কোটালিপাড় এই তিন গ্রাম ভরদ্বাজের এবং শুধু সামন্তসার গ্রাম শুনকের সমাজ; পাশ্চাত্য বৈদিকগণের এই ১৪টী সমাজ।'

এখানে একটী কথা উঠিতে পারে যে, ঈশ্বর বৈদিক এবং নীলকণ্ঠ বৈদিক উভয়েই শ্যামল প্রদত্ত তাম্রশাসনের সারাংশ উদ্ধৃত করিয়াছেন, তাহাতে দেখা যায় যে, শুনক যশোধর মিশ্র শ্যামলের নিকট শাকুনসূত্রের দক্ষিণাস্বরূপ সামন্তসার গ্রামপ্রাপ্ত হন। এদিকে ঈশ্বর বৈদিকই আবার শেষে লিখিয়াছেন যে, রাজা শ্যামলবর্ম্মা শৌনককে সামন্তসার দান করেন এবং সামন্ত-সার শৌনকের সমাজ। এক ব্যক্তির রচনায় এরূপ মত বিরোধ ঘটিবার কারণ কি? সম্ভবতঃ প্রথমে শুনক যশোধর সামন্তসার পাইয়াছিলেন, কিন্তু ঐ স্থান রাজধানীর বহু দূরবর্ত্তী হওয়ায় এবং তৎকালে এ অঞ্চলে তাঁহার কেহ আত্মীয় স্বজন না থাকায় তিনি সে স্থানে বাস করা সুবিধাজনক মনে করেন নাই। ধূল্লার শুনক বংশের গৃহে রক্ষিত সদ্বৈদিককুলপঞ্জিকায় এইরূপ আছে—

"পুরস্কৃতঃ সর্ব্বগুণোপপন্নস্তেভ্যো দদৌ ভূমিমতীব তুষ্টঃ।
স রাজসিংহঃ পরমার্থদর্শী বস্তুং চিরং তত্র চ মধ্যভাগে॥"

ঐ কুলপঞ্জিকার অন্যত্রও এইরূপ দৃষ্ট হয়—

"আশাস্তে ক্ষিতিপালদত্তধরণীং মান্যাগ্রগণ্যঃ সুধীঃ।
রাজ্ঞঃ শ্যামলবর্ম্মণঃ কৃতিসভাসম্পূজিতঃ সন্মতিঃ॥
ত্যক্ত্বা কুন্তলরাষ্ট্রমেবমুষিতং শ্রীশ্যামলস্যাধ্বরে।
যত্র শ্রীল যশোধরঃ সমগমল্লৌহিত্যতীরস্থলে॥
মন্দারীয়কনামধামবিদিতং ধূল্লান্তরালং সত্—
স্ত দিচ্যান্দিশি মধ্যভাগমিতি বৈ লোকে জগৌ চাখিলে।

* ধূল্লার শুনক গৃহে রক্ষিত সদ্বৈদিক কুলপঞ্জিকায় "শাকেতু শূন্যেন্দুনভঃ সুধাংশৌ" এইরূপ পাঠ আছে, এতদনুসারে ১০১০ শক হয়।

পরিজনসুখভোগী সর্ব্বশাস্ত্রপ্রমোদী
প্রবসতি কুললক্ষ্মীঃ সর্ব্বদা যস্ত বংশে ॥"

উক্ত প্রমাণ অনুসারে দেখা যাইতেছে যে, শুনক যশোধর মিশ্র সুবিধাজনক ভাবিয়া রাজধানীর নিকট ও ধূল্লার নিকটবর্ত্তী মধ্যভাগে বাস করিয়াছিলেন। এই স্থানও তিনি নৃপতির নিকট প্রাপ্ত হইয়াছিলেন। সামন্তসার গ্রাম তাঁহার উদ্দেশ্যে তাম্রশাসনীকৃত হইলেও তিনি তাহা গ্রহণ করেন নাই, পরে মনুর পুত্র শৌনক যশোধর মিশ্রই ঐ স্থান লাভ করিয়াছিলেন। তাই পরে মধ্যভাগ শুনকের সমাজ এবং সামন্তসার শৌনকের সমাজ বলিয়া গণ্য হইল।

কোন কোন কুলগ্রন্থে কোটালিপাড় ও সামন্তসার শুনকের সমাজ বলিয়া পরিকীর্ত্তিত হইয়াছে। প্রকৃত প্রস্তাবে এ সকল আধুনিক কুলগ্রন্থ প্রামাণিক বলিয়া মনে হয় না। নীলকণ্ঠের শুনকযশোধর বংশমালামতে, শ্যামলবর্ম্মসভায় আগত শুনক যশোধর মিশ্রের পুত্র হরি, তৎপুত্র বৎসরাজ, তৎপুত্র দিনকর, তৎপুত্র পশুপতি, তৎপুত্র সিদ্ধেশ্বর লোকাচার্য্য। সিদ্ধেশ্বরের তিন পুত্র, বাচস্পতি, শ্রীপতি ও কংসারি। বাচস্পতি সামন্তসারে ও শ্রীপতি কোটালিপাড়ে গিয়া বাস করেন। ইহা হইতে বাচস্পতির সন্তানগণের সমাজ সামন্তসার ও শ্রীপতির সন্তানগণের সমাজ কোটালিপাড় হওয়া কিছু বিচিত্র নহে। আশ্চর্য্যের বিষয়, কোটালিপাড়ের (রাজা হরিবর্ম্মের সময়ে আগত) যশোধরবংশীয় শুনকগণের মধ্যে কেহ কেহ আপনাদিগকে উক্ত শ্রীপতির সন্তান বলিয়া পরিচয় দিয়া আসিতেছেন। বাস্তবিক শুনকবিদ্বেষী শৌনকেরা কোটালিপাড়ের আদি শুনকবংশীয় বৈদিক সমাজের গোষ্ঠীপতি হরিহরকে কাল্পনিক বৈদিক ও তদ্বংশধরগণকে হীনমর্য্যাদ করিবার অভিপ্রায়ে ঐরূপ মিথ্যা বংশাবলীর সৃষ্টি করিয়া থাকিবেন। কৌশলে যে মধ্যভাগের শুনকবংশতালিকাটী কোটালিপাড়ের গোষ্ঠীপতিবংশের স্কন্ধে আরোপিত হইয়াছে, তাহা বশিষ্ঠ নীলকণ্ঠ বৈদিকের যশোধরবংশাবলী এবং শুনকবিদ্বেষী রূপরাম ও শৌনক লক্ষ্মীকান্ত বাচস্পতির সদ্বৈদিককুলপঞ্জিকা মিলাইয়া জানিতে পারিয়াছি। সমাজদারেরাই বৈদিক কুলপরিচয় লিপিবদ্ধ করিয়া রাখিতেন, সমাজে কাহারও কুলপরিচয় জানিতে হইলে তাঁহাদের আশ্রয় লইতে হইত, এই কারণেই সম্ভবতঃ তাঁহারা 'সমজদার' বা "সমাজদ্বার" উপাধি লাভ করেন।

তিনশত বর্ষের অধিক হইল, আখোড়ায় চতুর্দ্দশ বৈদিক সমাজের সম্মিলন হয়। এই সভাতেই শুনক হরিহর চক্রবর্ত্তী গোষ্ঠীপতিত্ব লাভ করেন এবং সেই সময় হইতেই শুনক ও শৌনকে বিবাদের সূত্রপাত ঘটে। সে সময়ে সমাজদ্বারেরা অবশ্যই জানিতেন যে হরিহর কোটালিপাড়ের সমাজপতি শুনক যশোধর মিশ্রের বংশধর হইলেও রাজা শ্যামলবর্ম্মার সম্মানিত নহেন, অথচ পূর্ব্বাপর কোটালিপাড় সমাজে ঐ বংশের যেরূপ অসাধারণ প্রতিপত্তি ও সম্মান ছিল, তাহা লোপ করিবার কাহারও শক্তি ছিল না। তৎকালে বোধ হয় পঞ্চগোত্রের মধ্যে সমাজদ্বারেরাই গোষ্ঠীপতিত্বের দাবী করিতেছিলেন, এই কারণেই তাঁহারা আখোড়ায় হরিহর চক্রবর্ত্তীকে কল্পিত বৈদিক প্রতিপন্ন করিবার চেষ্টা করেন, কিন্তু তখনও প্রাচীন কুলগ্রন্থগুলি এককালে বিলুপ্ত হয় নাই। বৈদিক সমাজে যাঁহারা রাজসম্মানিত বা তাম্রশাসন পাইয়া ছিলেন, তাঁহারাই "কুলীন" বলিয়া সমাজে মর্য্যাদা পাইতেন। হরিহরের বীজপুরুষ যশোধর মিশ্র রাজসম্মানিত, সুতরাং চতুর্দ্দশ বৈদিকসমাজ হরিহরকে পঞ্চগোত্র ও কুলীন বলিয়া স্বীকার করিতে কেন আপত্তি করিবেন? তথায় শৌনক সমাজদারদিগের প্রতিবাদে বিশেষ ফল হয় নাই। কিন্তু সেই জাতিগত বিদ্বেষ শুনক ও শৌনক মধ্যে চিরদিন রহিয়া গেল। এই বিদ্বেষিতা হইতেই নানা কল্পিত বংশলতা ও আখ্যায়িকা বৈদিক সমাজে প্রচারিত হইয়াছে। যাহা হউক কান্তুর গাঁর বশিষ্ঠ নীলকণ্ঠ আখোড়ার বৈদিক সভার অল্পকাল পরেই 'যশোধর-বংশাবলী' লিপিবদ্ধ করিয়া সাধারণের সন্দেহ দূর করেন। কারণ এ সময়ে শৌনকদিগের কল্পিত, অভিনব বংশলতা হইতে কোটালিপাড় ও ধূল্লার শুনক সম্বন্ধে বৈদিক সমাজে দারুণ সন্দেহ উপস্থিত হইয়াছিল। মাতামহসগোত্রে বিবাহ নিষিদ্ধ; সুতরাং তাহা হইলে এই সমাজে অবিবাহ্য দোষ ঘটে; কোটালিপাড়ের শুনকের দৌহিত্র আবহমান কাল অপর শুনক ও শৌনকদিগের ঘরে বিবাহ সম্বন্ধ করিয়া আসিতেছেন। শৌনকেরা হরিহরের যে কল্পিত বংশলতা প্রকাশ করেন, তদ্দ্বারা ধূল্লা ও কোটালিপাড়ের শুনকেরা এক বংশীয় বলিয়া প্রতিপন্ন হন, কিন্তু তাহা হইলে সমস্ত পাশ্চত্য বৈদিক সমাজে অবিবাহ্যদোষ সংক্রামিত হইয়া পড়ে। যাহা হউক নীলকণ্ঠ স্বতন্ত্র বংশাবলী প্রকাশ করিয়া অবিবাহ্য দোষ হইতে বৈদিক সমাজকে রক্ষা করেন। কোটালিপাড়ের গোষ্ঠীপতিবংশ পূর্ব্বাপর কখন স্ব স্ব বংশপরিচয় রক্ষা করিয়া আসেন নাই; কোটালিপাড়ে প্রথমাগত সাম গৌতম গঙ্গাগতির বংশধরেরাই বরাবর কুলপরিচয় রক্ষা করিয়া আসিতেছিলেন, আখোড়ায় চতুর্দ্দশ বৈদিক সমাজের সম্মিলনে পঞ্চগোত্র ও ষষ্ঠগোত্র অর্থাৎ কুলীন ও অকুলীন এই দুই প্রকার শ্রেণি বিভাগ হইলে অনেক ষষ্ঠ গোত্রই ক্ষুণ্ণ হইয়াছিলেন। এইরূপে ষষ্ঠগোত্রমধ্যে গণ্য ও সমাজে প্রতিপত্তির অনেকটা হ্রাস হওয়ায় সামগৌতমগণ পূর্ব্বাপর যে কুল পরিচয় লিপিবদ্ধ করিতেছিলেন, তাহাতে অনেকটা

শিথিলপ্রযত্ন হইলেন! তাঁহাদের নিকট হরিহর চক্রবর্ত্তীর পূর্ব্ব-পুরুষগণের প্রকৃত কুলপরিচয় রক্ষিত থাকিলেও শুনক ও শৌনকে বিবাদ উপস্থিত হইলে, যে কোন কারণেই হউক কোটালিপাড়ের সাম গৌতমেরা শুনকবংশের আদিবংশাবলী গোপন করিলেন, তাহাতেই এখানকার শুনকগণ আদি বংশাবলী অনেকটা অজ্ঞাত রহিয়াছেন।

যাহা হউক এখন স্থির হইল যে, কোটালিপাড় ও ধুল্লার শুনক এবং সামন্তসারের শৌনকগণ যশোধর মিশ্রের সন্তান হইলেও এক যশোধর মিশ্রের সন্তান নহেন, তিন সমাজের শুনক ও শৌনকগণ তিন যশোধরের সন্তান। ইঁহারা যে এক ব্যক্তির সন্তান নহেন, তাহা ইঁহাদের গোত্রপ্রবর আলোচনা করিলেও জানা যায়। যথা—

১। ৯১০ শকে রাজা হরিবর্ম্মদেব কর্ত্তৃক আহূত কোটালি-পাড়ের যশোধরের গোত্র শুনক; এবং শুনক, সৌহোত্র ও গৃৎ-সমদ প্রবর।

২। ১০০১ বা ১০১০ শকে শ্যামল রাজসভায় প্রথমাগত মধ্যভাগবাসী যশোধরের গোত্র শুনক এবং শুনক, শৌনিহোত্র ও গৃৎসমদ এই তিন প্রবর।

৩। ১১৬৪ বিক্রমাব্দে বা ১০২৯ শকে শ্যামলবর্ম্ম কর্ত্তৃক বশিষ্ঠাদি অপর চারিগোত্রের সহিত সমানীত শৌনক যশোধরের শৌনক, শৌনিহোত্র ও গৃৎসমদ এই তিন প্রবর।

উক্ত তিন বংশের সন্তানেরাই পাশ্চাত্য বৈদিক সমাজে পঞ্চ-গোত্র ও কুলীন বলিয়া অতি সম্মানিত। উক্ত বংশীয় শুনক ও শৌনকদিগের মধ্যে বংশমর্য্যাদায় পরস্পরে কেহ হীন নহেন, উক্ত যশোধরত্রয়ের বংশধর ব্যতীত পাশ্চাত্য বৈদিক সমাজে অপর শুনক ও শৌনকগোত্রও দৃষ্ট হয়, কিন্তু তাঁহারা প্রকৃত প্রস্তাবে পঞ্চগোত্র নহেন।

পঞ্চগোত্রের সমাজ।

উক্ত চতুর্দ্দশ সমাজের অবস্থান সম্বন্ধেও ঈশ্বর এইরূপ নির্দ্দেশ করিয়াছেন,—

'কোটালিপাড় ও চন্দ্রদ্বীপ এই দুইটী স্থান পূর্ব্ববঙ্গে। এই স্থানদ্বয় নারিকেল ও গুবাকাদি দ্বারা বেষ্টিত। নবদ্বীপ গঙ্গাতীরে, এই সমাজে চৈতন্য মহাপ্রভু জন্মলাভ করেন। সামন্তসার ব্রহ্মপুত্রের নিকট ও নবদ্বীপ হইতে বহুপূর্ব্বে অবস্থিত। ইহার ভূভাগ খর্জ্জুর পনসাদি তরু ও কএকটী ক্ষুদ্র ক্ষুদ্র নদী দ্বারা বেষ্টিত। আলাধি আত্রেয়ী ও প্রাচী নদীর পার্শ্বে অবস্থিত। এই স্থানে বহুতর বেদবিদ্ বৈদিক ব্রাহ্মণগণের বাস। জয়াড়ী অতি সমৃদ্ধ স্থান। এই স্থান দেবপুরী তুল্য। এখানে পুরস্ত্রী, দেবস্ত্রী ও হরিহর-বিরিঞ্চিপ্রভৃতির বহুতর মন্দির বিদ্যমান। গৌরালী সর্ব্বগুণসম্পন্ন সুরম্য স্থান। এখানে অনেক গুণসম্পন্ন ব্রাহ্মণের বাস। কুমারহট্ট গঙ্গাতীরে, এই স্থানে বেদজ্ঞ বহু ব্রাহ্মণের বাস। গঙ্গার পবিত্র বারিস্পর্শে এই নির্দ্দোষ স্থান সদাই পবিত্র। আখরা পূর্ব্বদেশীয় বৈদিক সমাজের সন্নিকট। পানিকুণ্ড ভাগ্যদহ হ্রদের নিকট। ব্রহ্মপুর আখড়ার অন্তে। এই স্থান শাণ্ডিল্যগোত্রীয় বৈদিকগণের সমাজ।"*

সামন্তসার—সামন্তসার এক্ষণে ফরিদপুর জেলায় মেঘনা নদীর পশ্চিম ধারে, গোঁসাইহাট পোষ্টাফিসের অন্তর্গত। ইহার পূর্ব্বসীমা নাগরকুণ্ডা গ্রাম, এখন নদীগর্ভশায়ী, দক্ষিণসীমায় ধীপুর, পশ্চিমে চোঁয়া ও উত্তরে কুলকুণ্ডী গ্রাম। এই সমাজের বৈদিকেরা নিকটবর্ত্তী বেজিনীসার, সিঙ্গারডাহা, কাকৈসার, শীতলবুড়িয়া টেঙ্গরা প্রভৃতি স্থানেও বাস করিতেছেন।

কোটালিপাড়—কোটালিপাড় পূর্ব্বে চন্দ্রদ্বীপ রাজ্যের অন্ত-র্গত ছিল, এখন ফরিদপুর জেলায়। এই সাম্রাজ্যের লোকেরা মুখ্যকোটালিপাড়, পশ্চিমপাড়, মদনপাড়, ডহরপাড়া প্রভৃতি গ্রামে বাস করিতেছেন।

চন্দ্রদ্বীপ—বরিশাল জেলার বাকলা পরগণায়। এই সমাজের বৈদিকেরা চন্দ্রদ্বীপের অন্তর্গত উজীরপুর, শিকারপুর, রামচন্দ্রপুর প্রভৃতি স্থানে অবস্থান করিতেছেন।

---

* "চন্দ্রদ্বীপ ইতি খ্যাতঃ কোটালিপাড়সংজ্ঞকঃ।
নারিকেলগুবাকাদ্যৈর্বেষ্টিতঃ পূর্ব্বদেশকঃ॥
গঙ্গাতীরে নবদ্বীপো যত্র চৈতন্যসম্ভবঃ।
সামন্তসারস্তৎপূর্ব্বে ব্রহ্মপুত্রসমীপতঃ॥
সরিদ্বেষ্টিতভূখণ্ডা খর্জ্জূরপনসাবৃতাঃ।
আলাধীতি পুরাখ্যাতা ভূদেবগণসেবিতা॥
যত্র প্রাচী বহতি বিমলৈরাত্রেয়ীপুণ্যতোয়ৈঃ।
ছন্দোগানাং পরমকৃতিনাং যত্র বাসো বিশেষঃ॥
জয়াড়ীগ্রামে সুরপুরসমানে সম্প্রতি পুনঃ।
পুরস্ত্রী দেবস্ত্রীহরিহরবিরিঞ্চিস্থিতিরিতি॥
গৌরালী গুণসম্পন্না গুণবদ্ব্রাহ্মণস্থিতিঃ।
গুণাতিরিক্তজয়িনী গুণাকরমনোহরা॥
গ্রামঃ কুমারহট্টোঽসৌ গঙ্গাসলিলনির্ম্মলঃ।
বেদজ্ঞানাং স্থিতির্যত্র বসতাং দোষবর্জ্জিতা॥
আখোড়াগ্রামসামীপ্যে পূর্ব্বদেশসমাজকম্।
পানিকুণ্ডং বিজানীয়াৎ যত্র ভাগ্যদহো হ্রদঃ।
আখোড়া অন্তে ব্রহ্মপুরশ্চৈব শাণ্ডিল্যস্য সমাজকাঃ॥"

(ঈশ্বরকৃত বৈদিককুলপঞ্জী)

মধ্যভাগ—মধ্যভাগসমাজের বৈদিকের মতে, ফরিদপুর জেলার অন্তর্গত পাটগাঁওএর নিকটবর্ত্তী মাদারিয়া গ্রামই প্রাচীন মধ্যভাগ, এখন এই গ্রাম পদ্মাগর্ভে। এই সমাজের লোকেরা ধূল্লা এবং কতক ইদিলপুরে ও কতক পাটগাঁওএ বাস করিতেছেন।

আখোড়া—ঢাকা জেলার মাণিকগঞ্জ মহকুমার অধীন। এখন এই গ্রাম পদ্মাগর্ভে। এই সমাজের লোকেরা পার্শ্ববর্ত্তী নয়াকান্দি, দুলারডাঙ্গী প্রভৃতি গ্রামে বাস করিতেছেন।

পানিকুণ্ড—ঢাকা জেলার মাণিকগঞ্জ মহকুমার অধীন বলিয়া অনেকে উল্লেখ করেন, কিন্তু ঈশ্বর বৈদিকের মতে ভাগ্যদহের নিকট এবং পাশ্চাত্য কুলপঞ্জিকামতে গঙ্গাতীরে অবস্থিত।

জোয়ারি—(জয়াড়ী) রাজসাহী জেলায়, নাটোর হইতে প্রায় ৯ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। পূর্ব্বে এই গ্রামের পার্শ্বে আত্রেয়ী নদী ছিল, এখন আত্রেয়ী বহুদূরে সরিয়া গিয়াছে।

গৌরালি বা গৌরাইল—ঢাকা জেলার রাজনগরের নিকট। এই সমাজের লোকেরা পার্শ্ববর্ত্তী মসুড়া, আকসা, ধানুকা প্রভৃতি স্থানেও বাস করিতেছেন।

আলাধি—রাজসাহী জেলার আত্রেয়ী ও প্রাচীনদীর পার্শ্বে জালালপুরের নিকট অবস্থিত ছিল। এখন নদীগর্ভশায়ী, চিহ্নমাত্র নাই।

দধীচি ও মরীচি—নবদ্বীপের পূর্ব্বোত্তরদিকে অবস্থিত। এখন আর এই দুই স্থানে পাশ্চাত্য বৈদিকের বাস নাই।

নবদ্বীপ—সুবিখ্যাত প্রাচীন নদীয়াই পাশ্চাত্য বৈদিকগণের নবদ্বীপসমাজ, কিন্তু সেই প্রাচীন স্থানের অধিকাংশই গঙ্গাগর্ভে। যেখানে এখন লোকে বল্লালবাড়ী দেখাইয়া থাকে, তাহারই কিছু দূরে এই সমাজ অবস্থিত ছিল। এখন নবদ্বীপে বৈদিকের বাস থাকিলেও পঞ্চগোত্রের শ্রেষ্ঠ পাশ্চাত্য বৈদিকগণের সহিত প্রায় তাঁহাদের সম্বন্ধ ঘটে না।

শান্তরু বা সাতৈর—এখন সাঁতৈর নামে খ্যাত, ফরিদপুর জেলায় ভূষণার নিকট, সুবিস্তৃত 'হাবেলী সাঁতৈরা' নামক পরগণার অন্তর্গত। এক সময় এই স্থান একটী প্রধান বৈদিকসমাজ বলিয়া গণ্য ছিল।

ব্রহ্মপুর—এখন বরিশাল জেলার অন্তর্গত।

ষষ্ঠগোত্র বিবরণ।

ষষ্ঠগোত্রের মধ্যে কোটালিপাড়ের সামবেদী গৌতম গোত্রের পরিচয় প্রথমেই লিখিত হইয়াছে। এই বংশের এক শাখা হৃদয়ানন্দের বংশধর মাদারিপুরে গিয়া বাস করিতেছেন। এই বংশে বাণেশ্বর নামে এক সিদ্ধপুরুষ আবির্ভূত হন। এই ষষ্ঠগোত্রের পর অপরাপর ষষ্ঠগোত্রের আগমন ঘটে।

রাঘবেন্দ্র-কবিশেখররচিত কোটালিপাড়-সমাজের পরিচয়-গ্রন্থে বিবৃত হইয়াছে—

"অনন্তর শ্রীরামমিশ্র কোটালিপাড়ে আগমন করেন। ইনি কাশ্যপগোত্রীয় যজুর্ব্বেদী, কাশ্যপের ন্যায়প্রভাবসম্পন্ন এবং যজুর্ব্বেদবিৎ জ্ঞানিগণের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন। যশোধরমিশ্রের আগমনের সাত বর্ষ পরে ইহার আগমন হয়। (তাহার বহু পরে) অতঃপর তন্ত্রশাস্ত্রজ্ঞ শার্ঙ্গধর শক্তিধরের সহিত আগমন করেন। ইহারা উভয়ে পরস্পর সহোদর ছিলেন, ইহারা ভরদ্বাজগোত্রীয়, যজুর্ব্বেদী এবং উভয়েই জ্ঞানীদিগের অগ্রণী। অনন্তর সুব্রাহ্মণমিশ্র নামক এক ব্যক্তি আগমন করেন। ইনি কৃষ্ণাত্রেয়গোত্রীয়, যজুর্ব্বেদী ও কাণ্বশাখাধ্যায়ী ছিলেন। ইঁহার কণ্ঠে বিষ্ণুর রঘুনাথচক্র ছিল।*

'যশোধরের শিবরাম নামক যে একজন শ্রেষ্ঠ বংশধর ছিলেন, তিনি বেদাধ্যয়নার্থ কাশীধামে বাস করিতেন। এই সময় রঘুনাথমিশ্র নামক জনৈক ব্রাহ্মণ-যুবকের সহিত তাঁহার সাক্ষাৎ হয়। শিবরাম দেখিলেন,—বিশিষ্ট বিদ্যাধ্যয়ন করিয়া রঘুনাথ প্রকৃষ্টজ্ঞান লাভ করিয়াছেন, তাঁহার দেহোত্থিত ব্রাহ্মী শ্রীদ্বারা যেন পাঠগৃহ প্রদীপিত হইয়াছে। দ্বিজবর রঘুনাথের আকৃতি গৌরবর্ণ, তিনি দেখিতে অতি সুন্দর, তাঁহার নেত্র সুবিশাল এবং তিনি তরুণবয়স্ক হইয়াও জ্ঞানে প্রবীণ। শিবরাম রঘুনাথকে এইরূপ রূপ ও বিদ্যা-ব্রহ্মণ্য-সম্পন্ন দেখিয়া নিজ গুরুর নিকট তাঁহার পরিচয় জিজ্ঞাসা করিয়া জানিলেন, পূর্ব্বে বৈষ্ণব মিশ্রের বন্ধু যাদবানন্দ মিশ্র নামক যে এক ব্রাহ্মণপ্রবর ছিলেন, এই রঘুনাথমিশ্র তাঁহারই বংশধর। শিবরাম সেই ব্রাহ্মণ-যুবকের এইরূপ পরিচয় পাইয়া কাশী হইতে তাঁহাকে নিজালয়ে (কোটালিপাড়ে) লইয়া আসিলেন।

'শিবরাম গৃহে আসিয়া প্রিয়ংবদা নাম্নী স্বীয় কন্যা রঘুনাথ মিশ্রকে সম্প্রদান করেন। কন্যাদানের পর তাঁহার বাসের জন্য স্থান এবং তদ্ভিন্ন কুড়ি বিঘা জমিও তাঁহাকে দান করিলেন। জলধি যেমন হরির করে লক্ষ্মীকে দান করিয়া পরম পরিতৃপ্ত হইয়াছিলেন, শিবরামও সেইরূপ উপযুক্ত পাত্রে কন্যা সম্প্রদান করিয়া আনন্দিত হইলেন।

* "শ্রীরামমিশ্রস্তত আজগাম স গোত্রতঃ কাশ্যপঃ কশ্যপাভঃ।
যজুর্ব্বিদাং জ্ঞানবতাঞ্চ নাগো যশোধরাৎ সপ্ত সমাঃ সমাপ্তৌ॥
ততশ্চ শারঙ্গধরোঽতিতন্ত্রী সমাগতঃ শক্তিধরেণ সাকম্।
ভরদ্বাজৌ গোত্রতস্তৌ সগর্ভৌ যজুর্ব্বিদৌ জ্ঞানবতাং গরিষ্ঠৌ॥
ততশ্চ সুব্রাহ্মণমিশ্রনামা কৃষ্ণাত্রেয়ো গোত্রতশ্চাজগাম।
স কাণ্বশাখী যজুষাং সুধীরঃ কণ্ঠেঽস্য বিষ্ণো রঘুনাথচক্রম্॥

'রঘুনাথ মিশ্র অসাধারণ পণ্ডিত ছিলেন। ইনি গৌতম গোত্রীয় যজুর্ব্বেদী কাণ্বশাখী এবং যজুর্ব্বেদবিৎ ও জ্ঞানবিদ্‌গণের শ্রেষ্ঠ ছিলেন। ইহাঁর পত্নী প্রিয়ংবদাও এক জন বিদুষী ছিলেন। রঘুনাথ যেরূপ বিদ্বান্, ইহাঁর ব্রহ্মণ্যও তদনুরূপ ছিল। ইহাঁর ব্রহ্মণ্যের কথা অধিক কি বলিব, এই বৃহস্পতি তুল্য কর্ম্মকাণ্ড-পারদর্শী রঘুনাথ রুদ্রাধ্যায় পাঠ করিয়া দূরদূরান্তর হইতেও গো আহ্বান করিতেন।*

'ইনি বিবাহ করিয়া কিয়দ্দিন শ্বশুরগৃহে অবস্থান করিলেন; কিন্তু হিমালয়গৃহস্থিত শিবের অবমাননার কথা স্মরণ করিয়া ইনি আর অধিক দিন তথায় থাকিতে ইচ্ছা করিলেন না। রঘুনাথ শ্বশুরের সান্নিধ্যবাস ত্যাগ করিয়া তথা হইতে কিঞ্চিৎদূরে তাঁহারই প্রদত্ত মৎস্যবাটী বা মাজবাড়ী গ্রামে গিয়া বাস করিতে লাগিলেন। এই স্থানে কিয়দ্দিন অবস্থানের পর পত্নী প্রিয়ংবদাকে শ্বশুরগৃহে রাখিয়া পিতামাতার দর্শনার্থ পুনরায় তিনি কাশীধামে যাত্রা করেন। কাশীধামে আসিয়া রঘুনাথ পিতা-মাতার নিকট সকল কথা নিবেদন করেন এবং তাঁহাদিগের অনুমতি গ্রহণ না করিয়া বঙ্গদেশে গিয়াছিলেন বলিয়া তাঁহা-দিগের নিকট ক্ষমা প্রার্থনা করিলেন। কিন্তু পিতা তাঁহাকে ক্ষমা করিলেন না, তিনি ক্রুদ্ধ হইয়া এইরূপ অভিসম্পাত করি-লেন,— তুমি যখন আমাকে না জানাইয়া বঙ্গদেশে গিয়াছ, তখন তোমার দ্বারা আমার কোন প্রয়োজন নাই। তুমি বঙ্গ-দেশে গিয়াই বাস কর, আমার শাপে চতুর্দ্দশ পুরুষের অধিক তোমার বংশ থাকিবে না।

'পিতার বাক্যবাণে বিদ্ধ হইয়া রঘুনাথ মিশ্র তৎকালে কয়েকজন শিষ্যসহ কাশী হইতে পুনরায় বঙ্গদেশান্তর্গত কোটালি-পাড়ে আগমন করিলেন। এখানে আসিয়া এবার তিনি সেই শ্বশুর-প্রদত্ত স্থানে অন্য কয়েকখানি গৃহনির্ম্মাণ, দুইটী জলাশয় এবং সমস্ত বাস্তুদোষশান্তির জন্য বাস্তুযাগ করেন। জলাশয় প্রতিষ্ঠা এবং বাস্তুযাগ এই উভয় ক্রিয়াতেই গঙ্গাগতি বৈষ্ণব-মিশ্রের বংশধরগণ ঋত্বিক্ হইয়াছিলেন। †

'অনন্তর মৌদ্‌গল্য, বাৎস্য, অত্রি ও বশিষ্ঠ প্রভৃতি বহুগোত্র এবং ঋগ্বেদী জনৈক গৌতমগোত্রীয় ব্রাহ্মণ কোটালিপাড়ে আগমন করেন, ইহাঁরা সকলেই শুনকগণের আশ্রয়ে বাস করিয়াছিলেন।

'ভরদ্বাজগোত্রীয় মাননীয় শক্তিধর সর্ব্বদা দেবারাধনে তৎপর ছিলেন। ইহার বংশে নরসিংহ নামক জনৈক কৃতী পুরুষ জন্মগ্রহণ করেন। ইনি একজন অসাধারণ পণ্ডিত ছিলেন। ইহার উপাধি পঞ্চানন। নরসিংহ পঞ্চানন দিগ্বিজয় উপলক্ষে বহু পণ্ডিতকে শাস্ত্রবিচারে পরাজয় করেন। কিন্তু বিজিত পণ্ডিতগণের মধ্যে একজন তাঁহাকে অভিসম্পাত করেন যে, সপ্ত পুরুষ পর্য্যন্ত তোমার বংশীয়েরা মূর্খ হইবে। তারাসিনিবাসী নরসিংহ-পঞ্চানন ব্রাহ্মণশাপে দুঃখিত হইয়া শঙ্করীর আরাধনা করেন। কিন্তু ব্রহ্মবাক্য কখন মিথ্যা হইবার নহে, সুতরাং তাঁহার পুত্র পণ্ডিত হইয়াও অকালে কালগ্রাসে পতিত হইলেন। ‡

'শ্রীরামমিশ্রের বংশে পুরন্দরাচার্য্য নামে এক প্রসিদ্ধ ব্যক্তি জন্মগ্রহণ করেন। তিনি এক সুদীর্ঘ দীর্ঘিকা খনন করিয়া-ছিলেন। কিন্তু তাঁহার খাত অতি গভীর হইলেও কিছুতেই

* "যশোধরস্যাপি তথান্বয়ে বৈ য আসীদেকঃ শিবরামনামা।
কাশ্যাং স বেদাধ্যয়নেঽধ্যবাৎসীৎ তদাপ্যপশ্যদ্রঘুনাথমিশ্রম্॥
বিশিষ্টবিদ্যাধ্যয়নাপ্তবোধং ব্রাহ্ম্যা শ্রিয়া দীপিতপাঠগেহম্।
গৌরং সুরূপং সুবিশালনেত্রং জ্ঞানপ্রবীণং তরুণং দ্বিজেন্দ্রম্॥
আসীচ্চ বৈ বৈষ্ণবমিশ্রবন্ধুর্যো যাদবানন্দমিশ্রাভিধানঃ।
তদ্বংশ্যমেনং গুরুভির্বিদিত্বা সমানয়চ্চাত্মনিকেতনঞ্চ॥
প্রিয়ংবদাখ্যাং তনুজাং স তস্মৈ দত্ত্বানয়োর্বাসগৃহাণি বস্তম্।
ভূমেস্তু দত্ত্বা কুড়বঞ্চ বিংশং সিন্ধুর্যথা মাং হরয়ে মুমোদ॥
যোঽসৌ সুধীরো রঘুনাথমিশ্রঃ স গোত্রতো গৌতমঃ কাণ্বশাখী।
যজুর্বিদাং জ্ঞানবতাঞ্চ সিংহঃ প্রিয়ংবদা বিদুষী চাস্য পত্নী।
য এব গামাহ্বয়তীতি রুদ্রাধ্যায়স্য পাঠেন স কর্ম্মশূরঃ॥"

† "হিমালয়স্থস্য শিবস্য কিঞ্চিদ্‌জ্ঞাত্বাবমানং রঘুনাথমিশ্রঃ।
সান্নিধ্যবাসং শ্বশুরস্য হিত্বা দূরেঽধ্যবাৎসীৎ কিল মৎস্যবাট্যাং॥
নিধায় ভার্য্যাং শিবরামগেহে পুনঃ স কাশীং রঘুনাথমিশ্রঃ।
আগত্য পিত্রে বিনিবেদ্য সর্ব্বং ক্ষমাং যযাচে হ্যনিবেদ্য যানাৎ॥
ক্রুদ্ধেন পিত্রা রঘুনাথমিশ্রঃ শপ্তো দ্বিসপ্তান্তকুলং ভবাহস্ত।
যতোঽপ্যবিজ্ঞায় চ মাং গতস্ত্বং তথা ন কার্য্যং ব্রজ বঙ্গভূমিং॥
তাতস্য তদ্বাক্যশরাভিবিদ্ধঃ কাশ্যাঃ স শিষ্যৈ রঘুনাথমিশ্রঃ।
কোটালিপাটং পুনরেত্য সম্যক্ চকার বেশ্মানি জলাশয়ে দ্বে॥
স চাত্মনো বাস্তুসমস্তদোষপ্রশান্তয়ে বাস্তুসবং চকার।
জলাশয়োৎসর্জ্জনবাস্তুযাগে গঙ্গাগতের্বংশজা ঋত্বিজো বৈ॥"

‡ "অন্যেঽত্র গোত্রা বহবঃ সমীয়ুর্মৌদ্‌গল্য-বাৎস্যাত্রিবশিষ্ঠকাণ্ডাঃ।
ঋগ্বেদবিৎ কশ্চন গৌতমোঽপি সর্ব্বেঽবসন্ শৌনকসংশ্রয়েণ॥
মান্যঃ শক্তিধরঃ সদামরপরস্তদ্বংশ্য একঃ কৃতী
নাম্না শ্রীনরসিংহপণ্ডিতবরঃ পঞ্চাননোপাধিমান্।
ধীরান্ দিগ্বিজয়ে বিজিত্য বহুশঃ শপ্তোঽথ কেনাপ্যসা-
বাসপ্তান্তমিতস্তবান্বয়ভবা মূর্খা ভবিষ্যন্তি বৈ॥
তারাসিবাসী স বরো মনীষী শপ্তঃ সুদুঃখেন শিবাং নুনাব।
ন ব্রহ্মবাক্যং তদহো বৃথাঽভূৎ ধীরোঽপি তৎপুত্র ইয়ায় মৃত্যুং॥

তাহাতে জলসঞ্চার হইল না। তখন পুরন্দরাচার্য্য অতিদুঃখিত মনে দীর্ঘিকায় জলাগমনের নিমিত্ত এক মাস পর্য্যন্ত বরুণমন্ত্র জপ করেন। এই মন্ত্রজপকালে রাত্রিযোগে স্বপ্নাদেশ হইল, 'তোমার কনিষ্ঠ পুত্রটী যদি অশ্বারোহণে দীর্ঘিকার খাতে প্রবেশ করে, তাহা হইলেই উহাতে জলসঞ্চার হইবে।' পিতার নিকট স্বপ্নাদেশ শুনিয়া কনিষ্ঠ-পুত্র অশ্বারোহণ পূর্ব্বক সেই দিনই দীর্ঘিকা-খাতে প্রবেশ করিল। পুত্র প্রবিষ্ট হইবামাত্র তৎক্ষণাৎ প্রচুর জল উৎপন্ন হইল এবং সেই জলোচ্ছ্বাসের সঙ্গে সঙ্গে অশ্বসহ সেই পুত্রটীও মৃত্যুমুখে পতিত হইল।*

'পুরন্দরাচার্য্যের এক কনিষ্ঠ সহোদর ছিলেন, তাঁহার নাম মধুসূদন সরস্বতী। মধুসূদন অসার সংসারের প্রতি বিরক্ত হইয়া কাশীধামে গমনপূর্ব্বক দণ্ড্যাশ্রমে প্রবেশ করেন। মধুসূদন শাস্ত্রজ্ঞানে প্রধান ছিলেন। তিনি পরমার্থজ্ঞান লাভ করিয়াছিলেন। শিষ্যপ্রশিষ্যগণ সর্ব্বদা তাঁহাকে উপাসনা করিত। তিনি বহু গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন এবং যথাকালে যোগাবলম্বন পূর্ব্বক পরব্রহ্মে বিলীন হইয়াছিলেন।†

'পুরন্দরাচার্য্য ভরদ্বাজগোত্রীয় জনৈক যজুর্ব্বেদী ব্রাহ্মণকে নিজ নিত্য নৈমিত্তিক ক্রিয়ার সমিধ্ কুশ প্রভৃতি আহরণের জন্য নিযুক্ত রাখিয়াছিলেন, উক্ত ব্রাহ্মণ করঙ্গ নামে পরিচিত হন বলিয়া তাঁহার বংশধরগণও অদ্যাপি করঙ্গ নামেই পরিচিত।

'কৃষ্ণাত্রেয়গোত্রীয় জনৈক সম্মানার্হ ব্রাহ্মণ এই স্থানে অবস্থান করিতেছেন, তিনি ধনবান্, বহুতর শিষ্য তাঁহার নিকট দীক্ষিত।

লক্ষ্মীকান্ত বাচস্পতির কুলপঞ্জিকায় লিখিত আছে,—

"অধুনা সংপ্রবক্ষ্যামি পশ্চাদ্‌গৌড়ং কনুজতঃ।
সমাগতানাং গোত্রাণি যথোত্তরলঘূনি হি॥
শুনকঃ কাশ্যপস্ত্রেধা বশিষ্ঠো দ্বিবিধোঽপরঃ।
যজুর্ব্বেদী ভরদ্বাজো বাৎস্যো বৎসস্তথৈব চ॥
গৌতমঃ পাণিনিশ্চৈব কৃষ্ণাত্রেয়স্ত্রিধা ততঃ।
ঘৃতকৌশিক আত্রেয়শ্চাতথ্যো শিককৌশিকৌ॥
অগ্নিবেশ্য উতথ্যশ্চ গার্গশ্চৈব রথীতরঃ।
সঙ্কর্ষণশ্চ কৌণ্ডিন্যো গোত্রমৌঞ্জ-ঋষিস্তথা॥
পরাশরঃ পৌতিমাস্য ঔত্তমাস্যো ভৃগুস্তথা।
জাতুকর্ণস্তথা মৈত্রায়ণো ভার্গব এব চ॥
বিশ্বামিত্রশ্চোপমন্যুর্বৈশম্পায়ন এব চ।
এতানি চৈব গোত্রাণি প্রাসতে গৌড়মণ্ডলে॥
যেঽন্যগোত্রাস্ত বর্ত্তন্তে বৈদিকা গৌড়মণ্ডলে॥
তে দাক্ষিণাত্যাঃ পাশ্চাত্যবন্মান্যা গণ্যা ন তে ততঃ॥
কুলং শুনকগোত্রেণ দৃষ্টং সৃষ্টিধরার্থতঃ।
বিশেষতস্তু তদ্বৃত্তমগ্রে ব্যক্তীভবিষ্যতি॥
ঋক্‌যজুঃসামভেদেন কাশ্যপো ভিদ্যতে ত্রিধা।
বেদপ্রবরভেদেন কৃষ্ণাত্রেয়স্ত্রিধা স্মৃতঃ॥
বশিষ্ঠশ্চ যজুর্ব্বেদী দ্বিধা প্রবরভেদতঃ।
বৎসস্তু পঞ্চপ্রবরো জ্ঞেয়স্ত্রিপ্রবরোঽপরঃ॥
বাৎস্যশ্চদ্বিবিধঃ প্রোক্তোঃ বেদমাত্রপ্রভেদতঃ।
তয়োরেকস্তু ঋগ্বেদী যজুর্ব্বেদী দ্বিতীয়কঃ॥
শুনকঃ সপ্তবিংশত্যা মাননীয়ো নিসর্গতঃ।
অন্যস্য কুলসম্বন্ধবলতঃ পূজ্যতা স্মৃতা॥"

(লক্ষ্মীকান্ত-বাচস্পতির কুলপঞ্জিকা)

'পশ্চাৎ যে সকল ব্রাহ্মণ কনৌজ হইতে গৌড়ে আগমন করেন, পরস্পর তাহাদিগের গোত্র বলা যাইতেছে। শুনক ও কাশ্যপ তিন প্রকার; বশিষ্ঠ দ্বিবিধ; যজুঃ ভরদ্বাজ, বাৎস্য, বৎস, গৌতম, পাণিনি, ত্রিবিধ কৃষ্ণাত্রেয়, ঘৃতকৌশিক, আত্রেয়, আতথ্য, কুশিক, কৌশিক, অগ্নিবেশ্য, উতথ্য, গার্গ্য, রথীতর, সঙ্কর্ষণ, কৌণ্ডিন্য, মৌঞ্জ-ঋষি, পরাশর, পৌতিমাস্য, ঔত্তমাস্য, ভৃগু, জাতুকর্ণ, মৈত্রায়ণ, ভার্গব, বিশ্বামিত্র, উপমন্যু ও বৈশম্পায়ন এই সকল গোত্রীয় ব্রাহ্মণগণ পরে গৌড়ে আসিয়া বাস করেন। উক্ত গোত্রসমূহের মধ্যে কাশ্যপ—যজুঃ, সাম ও ঋগ্বেদী। বশিষ্ঠ—সাম ও যজুর্ব্বেদী এবং কৃষ্ণাত্রেয় সাম ও যজুর্ব্বেদী। এতদ্ভিন্ন বৈদিকগণের মধ্যে অপর যে সকল গোত্র আছেন, তাঁহারা দাক্ষিণাত্য বলিয়া গণ্য। আখরাবাসী সৃষ্টিধরের সহায়তায় শুনক-গোত্র কুলপতি হইয়াছেন। এই সম্বন্ধে বিশেষ বিবরণ ক্রমে ব্যক্ত হইবে।

'ঋক্, যজুঃ ও সাম এই বেদত্রয়ানুসারে কাশ্যপ তিন প্রকারে বিভক্ত। বেদ এবং প্রবরভেদে কৃষ্ণাত্রেয় ত্রিবিধ। যজুর্ব্বেদী

---

* "শ্রীরামমিশ্রান্বয়সম্ভবো যঃ পুরন্দরাচার্য্য ইতি প্রসিদ্ধিঃ।
স দীর্ঘিকাং দীর্ঘতয়া চখান সা চাতিখাতা ন পয়োঽন্বিতাসীৎ॥
সুদুঃখিতঃ সংক্রমতোঽধমাসং জজাপ মন্ত্রং বরুণস্য বিদ্বান্।
স্বপ্নাগমস্তেঽবরজঃ সুতো যস্তস্যাগমে বারি ভবিষ্যতীহ।
স্বপ্নং নিশম্যাথ পিতুশ্চ পুত্রো হয়াভিরূঢ়ঃ কিল দীর্ঘিকায়াং॥
বিবেশ সদ্যো বহুজীবনোঽভূত্তেনৈব তজ্জীবনমাপ নাশং॥"

† "পুরন্দরস্যানুজ এক আসীৎ সরস্বতী শ্রীমধুসূদনাখ্যঃ॥
অসারসংসাররিরক্তবুদ্ধিঃ কাশ্যাং স দণ্ড্যাশ্রমমাবিবেশ।
জ্ঞানপ্রবীণঃ পরমার্থবেত্তা শিষ্যপ্রশিষ্যৈঃ সমুপাস্যমানঃ।
গ্রন্থানেকান্ বিরচয্য কালে স যোগযুগ্ ব্রহ্মনি সংবিলিল্যে॥
পুরন্দরেণাপি পুরা নিযুক্তঃ সমিৎকুশাদ্যাহরণে করঙ্গঃ।
ভরদ্বাজঃ স কিলাসীদ্‌যজুর্বিদস্যাপি তদ্বংশধরাঃ করঙ্গাঃ॥"

বশিষ্ঠ প্রবরভেদে দুই প্রকার। কতিপয় বশিষ্ঠ পঞ্চ প্রবরযুক্ত এবং তদ্ভিন্ন অপর সকলেই তিন প্রবরবিশিষ্ট। বেদভেদে বাৎস্য দুই প্রকার। ইহার মধ্যে একজন ঋগ্বেদী এবং অপর যজুর্ব্বেদী।

মহাদেব শাণ্ডিল্য-কৃত সম্বন্ধতত্ত্বার্ণবে লিখিত আছে,—

"ততো ভরদ্বাজকুলপ্রদীপঃ সুকীর্ত্তিধৃক্ শক্তিধরাভিধানঃ।
কোটালিপাটে স বটুঃ স্বদেশাৎ তারাসিকগ্রামমুবাস তৎস্থঃ॥
ততো নবদ্বীপনিবাসতো দ্বিজঃ পুরন্দরাচার্য্যসমাখ্যকাশ্যপঃ।
কোটালিপাটে শুনকাবলম্বনাৎ আগত্য তস্থৌ বিনয়ী প্রিয়ংবদঃ॥
আয়াদ্ ভরদ্বাজকৃষ্ণজীবনঃ স্বস্থানতষ্ঠাকুরচক্রবর্ত্তী।
কোটালিপাটে শুনকাদিকাশ্রয়াৎ স কর্ম্মরূপী ধৃতধীরধর্ম্মঃ॥
এষাং ত্রয়াণাং সুতপোঽতিকারিণাং শুদ্ধান্তরাঃ সন্ততয়ঃ সুরীতয়ঃ
সম্বন্ধভাবং শুনকৈর্বিধীয়তে তত্রৈব মান্যা অভবন্ পরস্পরং॥
মৌদ্গল্যগোত্রজোঽপ্যেকো নারায়ণপুরে পরঃ।
রচয়িত্বা সুখী তস্থৌ ভরদ্বাজাশ্রমং স্মরন্॥
অতঃপরং নবদ্বীপাদেত্য তস্থুশ্চ শিষ্যতঃ।
ব্রহ্মপুরসমাজাত্তে শ্রীপাশাগ্রাম এব তে॥
পরাশরকুলোদ্ভূতো ঘৃতকৌশিকগোত্রজঃ।
কৌশিকবংশজাতশ্চ ঋগ্বেদিনৌ দ্বিজৌ ইমে॥
মৃত্যুঞ্জয়াভিধস্তস্মাৎ শ্রীপাশাতঃ পরাশরঃ।
ধানুকায়াং সমাগত্য তত্র তস্থৌ দ্বিজাশ্রয়াৎ॥
ঘৃতকৌশিকগোত্রীয়ঃ কৌশিকবংশজস্তথা।
তৎস্থানাদগমদ্গ্রামে গঙ্গানগরসংজ্ঞকে॥
অগ্নিবেশ্যকুলোদ্ভূতো যজ্ঞেশনামধেয়কঃ।
সমাজদ্বারমাশ্রিত্য সামন্তসারমাগমৎ॥
কৃষ্ণাত্রেয়াখ্যগোত্রোঽপি যজুর্ব্বেদী স্বদেশতঃ।
কোটালিপাটমেত্যাসীৎ শুনকৈঃ স্থাপিতস্তদা॥
আত্রেয়শ্চৈব মাণ্ডব্যঃ সঙ্কর্ষণস্ত্বিতি ত্রয়ঃ।
এতদ্বংশভবাঃ কেচিদাজগ্মুরিহ পশ্চিমাৎ॥
যজুর্ব্বেদিবরশিষ্টৈকো নবদ্বীপাৎ সুখাশয়ঃ।
শাণ্ডিল্যাশ্রয়মাশ্রিত্য আলাধিগ্রামমাগমৎ॥
রূপনারায়ণস্তস্মাৎ মেদিনীমণ্ডলাখ্যকং।
গ্রামং প্রাপ্য নিবাসায় তত্রোবাস স্বশিষ্যতঃ॥
এতে দ্বাদশগোত্রীয়াঃ পূর্ব্বগৌড়সমাজকে।
বিখ্যাতাঃ ষষ্ঠগোত্রত্বেনৈব পঞ্চাম্রবদ্দ্বিজাঃ॥
বিদ্যন্তে যত্র তত্রৈব পঞ্চগোত্রা হি বৈদিকাঃ।
ষষ্ঠগোত্রেতি বাক্যন্তু তত্র তত্রৈব গীয়তে॥
অন্যত্র বৈদিকেত্যাখ্যাং লভমানস্তু কেবলাং।
পাশ্চাত্যব্রাহ্মণাঃ সর্ব্বে সর্ব্বত্র ভান্তি তে তথা॥"

(মহাদেব শাণ্ডিল্যকৃত সম্বন্ধতত্ত্বার্ণব)

'ভরদ্বাজগোত্রীয় শক্তিধর নামক জনৈক যশস্বী ব্রাহ্মণ কোটালিপাড়স্থ তারাসি গ্রামে আসিয়া বাস করেন। অনন্তর পুরন্দরাচার্য্য নামক জনৈক কাশ্যপগোত্রীয় নবদ্বীপ হইতে কোটালিপাড়ে আগমনপূর্ব্বক তথাকার শুনকদিগের আশ্রয়ে বিনীতভাবে বাস করিতে থাকেন। তৎপরে ভরদ্বাজ কৃষ্ণজীবন ঠাকুর চক্রবর্ত্তীও কোটালিপাড়ের শুনকদিগের আশ্রয়ে আসিয়া বাস করেন। এই ব্যক্তিত্রয়ের সন্তানগণ সুরীতি ও শুদ্ধান্তঃকরণে শুনকদিগের সহিত সম্বন্ধাদি স্থাপন করিয়া সেই স্থানে পরস্পর মান্য হইয়াছিলেন।

'মৌদ্গল্যগোত্রীয় জনৈক বিপ্র ভরদ্বাজাশ্রম স্মরণপূর্ব্বক নারায়ণপুরে পুরী নির্ম্মাণ করিয়া তথায় বাস করেন। পরে পরাশর, ঘৃতকৌশিক ও কৌশিক এই তিন গোত্রীয় তিনজন ঋগ্বেদী ব্রাহ্মণ নবদ্বীপ হইতে আসিয়া ব্রহ্মপুর-সমাজের নিকট শ্রীপাশা গ্রামে বাস করিতে লাগিলেন। পরাশরগোত্রীয় মৃত্যুঞ্জয় নামক এক ব্যক্তি শ্রীপাশা হইতে ধানুকায় গিয়া তথাকার ব্রাহ্মণগণের আশ্রয়ে অবস্থিতি করেন। ঘৃতকৌশিক ও কৌশিকগোত্রীয় দুই ব্যক্তি ধানুকা হইতে গঙ্গানগর গ্রামে গিয়া বসতি লইলেন। অগ্নিবেশ্যগোত্রীয় যজ্ঞেশ সমাজদ্বারগণের আশ্রয় পাইয়া সামন্তসারে আসিয়া উপস্থিত হন। কৃষ্ণাত্রেয়গোত্রীয় জনৈক যজুর্ব্বেদী ব্রাহ্মণ নিজদেশ হইতে কোটালিপাড়ে আসিয়া সেখানকার শুনকগণ কর্ত্তৃক প্রতিষ্ঠিত হন। আত্রেয়, মাণ্ডব্য ও সঙ্কর্ষণ এই গোত্রত্রয়সম্ভূত কতিপয় ব্রাহ্মণ পশ্চিম দেশ হইতে বঙ্গে আগমন করেন। নবদ্বীপ হইতে জনৈক যজুর্ব্বেদীয় ব্রাহ্মণ শাণ্ডিল্যগণের আশ্রয়ে আলাধি গ্রামে উপস্থিত হইয়াছিলেন। রূপনারায়ণ নামক জনৈক ব্যক্তি আলাধি হইতে মেদিনীমণ্ডল গ্রামে আসিয়া নিজ শিষ্যাদি সহ তথায় বাস করেন।

অশ্বত্থাদি বৃক্ষ যেমন পঞ্চাম্র বলিয়া খ্যাত, এই দ্বাদশগোত্রীয় ব্রাহ্মণগণ পূর্ব্ব-গৌড়সমাজে সেইরূপ ষষ্ঠগোত্র বলিয়া প্রসিদ্ধ হন। যে যে স্থানে পঞ্চগোত্রীয় বৈদিকগণের বাস, সেই সেই স্থানেই ষষ্ঠগোত্র এইরূপ আখ্যা শুনা যায়। যে সকল স্থানে পঞ্চ বা ষষ্ঠ গোত্রের বাস নাই, সেই সেই স্থানের সকলেই মাত্র বৈদিক নামে প্রসিদ্ধ।'

ধানুকার সামবেদী কৃষ্ণাত্রেয়-বংশই বৈদিকসমাজে ষষ্ঠ গোত্রের মধ্যে প্রধান। ইহাঁরা স্বনামপ্রসিদ্ধ কবি ময়ূরভট্টের বংশধর বলিয়া পরিচিত। ময়ূরভট্টের জন্মবিবরণ সম্বন্ধে ইহাঁদিগের মধ্যে এইরূপ প্রবাদ প্রচলিত আছে,—

"ময়ূরভট্টের পিতা কএকজন যাত্রীসহ তীর্থপর্য্যটনে বহির্গত হন। সঙ্গে তাঁহার স্ত্রী ছিলেন। স্ত্রী গর্ভবতী। অন্যান্য তীর্থদর্শনান্তে পুরীধাম অভিমুখে যাত্রাকালে পথিমধ্যে তিনি

আসন্নপ্রসবা হইয়া পড়েন। নিকটে লোকালয় নাই; সুতরাং অগত্যা পার্শ্ববর্ত্তী একটী অরণ্য মধ্যেই তাঁহাকে প্রসব করিতে হইল।

জননী প্রসবান্তে তাকাইয়া দেখিলেন—একটী পুত্র সন্তান ভূমিষ্ঠ হইয়াছে। পুত্রের মুখ দেখিয়া জননীর সকল ক্লেশ দূর হইল, স্নেহমমতায় তাঁহার হৃদয় গলিয়া গেল। কিন্তু ঘটনাক্রমে সেই সদ্যঃপ্রসূত সন্তানের মমতা তখনই তাঁহাকে ত্যাগ করিতে হইল। চারিদিকে দস্যুসঙ্কুল ভীষণ অরণ্য। সঙ্গের যাত্রিগণ কাল বিলম্ব করিতে অনিচ্ছুক। নবজাত শিশুটীকে লইয়া পথ চলাও দুঃসাধ্য। কাজেই মাতাপিতা নির্দ্দয়ের ন্যায় সন্তানটীকে অরণ্যে পরিত্যাগ করিয়া অনিচ্ছা সত্ত্বেও সঙ্গিগণের সমভিব্যাহারে চলিয়া গেলেন।

যথাকালে তাঁহারা পুরীধামে প্রবেশ করিলেন। পর দিন জগন্নাথ দর্শন করিবেন স্থির করিয়া সকলেই রাত্রিযোগে একস্থানে অবস্থান করিতে লাগিলেন। ময়ূরভট্টের পিতা এই দিন গভীর রাত্রে স্বপ্ন দেখিলেন,—"এক জন বৃদ্ধ ব্রাহ্মণ আসিয়া বলিতেছেন,—রে পাপিষ্ঠ! তুই শীঘ্র আমার পুরীধাম হইতে বহির্গত হ; তুই নিজ সন্তান অরণ্যে পরিত্যাগ করিয়া এস্থানে আসিয়াছিস, শীঘ্র গিয়া তাহাকে লইয়া আয়, নচেৎ তোর পুরুষোত্তম দর্শন কিছুতেই ঘটিবে না।"

পিতা স্বপ্ন দেখিয়া পরদিন প্রত্যূষেই বালকের উদ্দেশে সেই অরণ্যাভিমুখে ধাবিত হইলেন। কএক দিনের পর তিনি সেই অরণ্য মধ্যে উপস্থিত হইয়া দেখিলেন,—একটী ময়ূর পক্ষ বিস্তার করিয়া সেই বালকটীকে ঢাকিয়া রাখিয়াছে। পিতা তদ্দর্শনে ব্যগ্রতার সহিত একেবারে তাহার নিকটবর্ত্তী হইলেন। তখন ময়ূরটী সেস্থান হইতে উড়িয়া গেল। তিনি শিশুটীকে লইয়া অরণ্য হইতে ফিরিয়া আসিলেন। এই কারণেই পিতা পুত্রের নাম রাখিলেন—ময়ূর। জনকজননী পুত্র ময়ূরকে লইয়া জগন্নাথ দর্শনান্তে যথাকালে স্বদেশে প্রত্যাবর্ত্তন করিলেন।

ময়ূরভট্ট পিতার যত্নে বয়োবৃদ্ধির সঙ্গে বহু শাস্ত্র অধ্যয়ন করিলেন, ক্রমে তিনি অদ্বিতীয় পণ্ডিত হইলেন। নানা দেশস্থ বহু ছাত্র আসিয়া তাঁহার নিকট শাস্ত্রাধ্যয়ন করিতে লাগিলেন।

ময়ূরভট্ট ক্রমে বার্দ্ধক্যদশায় উপনীত হইলে কর্ম্মফলে তিনি কুষ্ঠরোগে আক্রান্ত হইলেন। তাঁহার অনুরোধে কতিপয় ছাত্র কনৌজ হইতে তাঁহাকে আনিয়া কাশীধামে রাখিয়া গেলেন। ময়ূরভট্ট কাশীধামে সূর্য্যমন্দিরের পার্শ্বে থাকিয়া ব্যাধি হইতে আরোগ্যলাভ করিবার জন্য প্রত্যহ সূর্য্যের আরাধনা করিতে লাগিলেন। প্রবাদ, এই সময়েই তাঁহার "সূর্য্যশতক" রচিত হয়। সূর্য্যের কৃপায় তিনি কুষ্ঠরোগ হইতে মুক্ত হন। শেষে পুনরায় স্বীয় জন্মভূমি কনৌজে আসিয়াই বাস করিতে থাকেন। এই প্রবাদের মূলে ঐতিহাসিক সত্য আছে বলিয়া মনে করি না। কারণ সূর্য্যশতকপ্রণেতা ময়ূরভট্ট সম্রাট্ হর্ষবর্দ্ধনের সভাসদ খৃষ্টীয় ৭ম শতাব্দের লোক। আর ধানুকার কৃষ্ণাত্রেয়-বংশলতা আলোচনা করিলে তাঁহাকে খৃষ্টীয় ১৪ শতাব্দের শেষভাগের লোক বলিয়া মনে হইবে।

শুনা যায়—ঐ ময়ূর ভট্টের অধস্তন ৫ম পুরুষ লক্ষ্মণ মিশ্র নামক একজন ব্রাহ্মণ বঙ্গে আসিয়া বাস করেন। সেই লক্ষ্মণ মিশ্র হইতেই ধানুকার কৃষ্ণাত্রেয়-বংশের প্রতিষ্ঠা। এই বংশীয়গণ বিদ্যা, ব্রাহ্মণ্য, বিনয়, সৌজন্য, সদাচার, সৎসঙ্গ, সৎকীর্ত্তি ও বিষয়সম্পদে বৈদিকসমাজের সকলেরই শ্রদ্ধার পাত্র হইয়াছেন। পঞ্চগোত্রীয়গণের সম্মান প্রকৃতপক্ষে ইহাঁরাই রাখিয়া থাকেন। পঞ্চগোত্র ও ষষ্ঠগোত্র বলিয়া যে একটু স্বতন্ত্রভাব, তাহা ইহাঁদিগের মধ্যে যেরূপ আছে, অন্য কোথাও সেরূপ দেখিতে পাওয়া যায় না।

বর্ত্তমান সময়ে এই বংশীয়গণের বংশগত মর্য্যাদা সকলের সমান না হইলেও ইহাঁদিগের পূর্ব্বপুরুষগণের প্রতিষ্ঠিত দেবমন্দির প্রভৃতি অদ্যাপি সেই পূর্ব্বতন কীর্ত্তিপ্রভাবের সাক্ষ্যদান করিতেছে। এই বংশীয় বলরাম বাচস্পতি ১৬৭৫ শকাব্দে পিতার মুক্তিকামনায় ছয়টী দেবমন্দির প্রতিষ্ঠিত করিয়া একটী মণিময় গৃহে পার্ব্বতীসহ শিবমূর্ত্তি স্থাপন করিয়া গিয়াছিলেন। সেই মন্দিরে এই শ্লোকটী উৎকীর্ণ আছে—

"শাকে পঞ্চসমুদ্রতর্করজনীনাথে ধরিত্রীতলে
দুর্গাপাদবলাভিরামবলরামোঽহং ভবান্যাত্মজঃ।
কৃত্বা ষট্ সুরমন্দিরং মণিগৃহে শ্রীপার্ব্বতীসঙ্গতং
শ্রীকাশীশ্বরমর্পয়ামি নিতরাং তাতস্য নিঃশ্রেয়সে॥"

আর একটী মন্দিরগাত্রে একটী শ্লোক দেখিতে পাওয়া যায়—

"আজন্মসঞ্চিততপঃফলমেতদেব
যন্মূর্ত্তিমান্ স্মরহরো মম মন্দিরেঽপি।
যাচে বরং তদপি লোকসুখায় দেব-
পাদারবিন্দবসতিশ্চিরমত্র ভূয়াৎ॥"

ধানুকা গ্রামে মন্দির বা দেবগৃহ অনেক নির্ম্মিত হইয়াছিল, তন্মধ্যে বর্ত্তমান সময়ে শ্যামাঠাকুরাণী, অন্নপূর্ণা, লক্ষ্মীগোবিন্দ, শিব ও অম্বিকা-মন্দিরই বিশেষ উল্লেখযোগ্য। ধানুকিয়ার শ্যামাঠাকুরাণী প্রত্যক্ষদেবতা বলিয়া অনেকের বিশ্বাস। এই শ্যামাঠাকুরাণী সম্বন্ধে অনেক প্রত্যক্ষ ঘটনার কথা এখনও তথাকার অধিবাসীদিগের মুখে শুনিতে পাওয়া যায়। এই শ্যামামূর্ত্তি প্রস্তরময়ী এবং দেখিতে অতি সুন্দর। প্রবাদ, মালখানগরের জমীদার কুলীনপ্রবর বসুগণ পূর্ব্বে একটী দীর্ঘিকা

খনন করিবার সময় ভূগর্ভে এই শ্যামাঠাকুরাণীর মূর্ত্তি প্রাপ্ত হন। শেষে স্বপ্নে আদিষ্ট হইয়া ধানুকিয়ার ভট্টাচার্য্য বাটীতে পাঠাইয়া দেন। শ্যামাঠাকুরাণীর সেবার জন্য গোপালধর নামক একটী বিস্তৃত তালুক তাঁহারা দান করেন। ধানুকার ভট্টাচার্য্যগণ এই শ্যামাঠাকুরাণী প্রাপ্তির পর হইতেই নানা-রূপ বিষয় সম্পদ ভোগ করিতে থাকেন।

শ্যামাঠাকুরাণী এবং নিম্নস্থ শবরূপে শায়িত মহাদেব মূর্ত্তির মাঝখানে এক খানি প্রস্তরফলক আছে। তাহাতে অস্পষ্ট প্রাচীন বঙ্গাক্ষরে অনেক কথা লিখিত রহিয়াছে।

ধানুকার কৃষ্ণাত্রেয়গণের মধ্যে কয়েক ঘর কাকৈসার গ্রামে গিয়া বাস করিতেছেন।

কোটালিপাড়ের প্রসিদ্ধ হরিহর চক্রবর্ত্তীর বংশধর মহাত্মা কৃষ্ণনাথ সার্ব্বভৌম ধানুকার কৃষ্ণাত্রেয় জগদানন্দ তর্কবাগীশের মন্ত্রশিষ্য হইলেও উক্ত জগদানন্দের আদেশে উভয় বংশই ধারাবাহিকক্রমে উভয় বংশে মন্ত্র দিয়া আসিতেছেন। এরূপ গুরুশিষ্য ভাব আর কোথাও দেখা যায় না। পরে জগদা-নন্দের অসাধারণ নিষ্ঠার পরিচয় পাইয়া কানুর গাঁ, জপ্‌সা ও মেদিনীমণ্ডলের বশিষ্ঠ, মানগাঁ ও আমতলীর শুনক, চাঁদসীর সাবর্ণ, উজীরপুর ও পরাণপুরের কাশ্যপ, আমতলী ও তুলা-সারের ভরদ্বাজ, কাওলীপাড়ার বাৎস্য, কোটালিপাড়ের বাৎস্য, কোটালিপাড়ের গৌতম প্রভৃতি পাশ্চাত্য বৈদিক, এ ছাড়া বহু রাঢ়ী ও বারেন্দ্র ব্রাহ্মণও জগদানন্দের শিষ্যত্ব গ্রহণ করেন। মালখানগরাদ স্থানের অনেক কায়স্থ কুলীনসন্তান, ইদিলপুরের কায়স্থচৌধুরী বংশ এবং রাজা বসন্তরায়ের পুত্র কচুরায়ের সমস্ত বংশধরও ধানুকার কৃষ্ণাত্রেয়গণের শিষ্য।

নবদ্বীপের বৈদিক সমাজ।

সেনরাজগণের সময় হইতে নবদ্বীপে পাশ্চাত্য বৈদিকের বাস। এখানে সেনরাজধানী প্রতিষ্ঠিত হওয়ায় বৈদিকাগমনের প্রয়োজন হইয়াছিল। পাশ্চাত্য বৈদিক কুলগ্রন্থেও নবদ্বীপ চতুর্দ্দশ বৈদিক সমাজের একতম বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। চতুর্দ্দশ বৈদিক সমাজের সহিতই এখানকার বৈদিকগণের সম্বন্ধ ছিল। মুসলমান কর্ত্তৃক নবদ্বীপ আক্রমণ ও সেনরাজগণের অধঃপতনের সহিত এখানকার বৈদিক সমাজও অবসন্ন হইয়া পড়ে। অনেকেই নবদ্বীপ পরিত্যাগ করিয়া পূর্ব্ববঙ্গে গিয়া আশ্রয় লইয়াছিলেন। এখনও পূর্ব্ববঙ্গে তাঁহাদের বংশধরগণ বাস করিতেছেন।

খৃষ্টীয় ১৫শ শতাব্দের শেষভাগে নবদ্বীপে বিদ্যাচর্চ্চা ও গঙ্গাবাস উপলক্ষে নানাগোত্রীয় বৈদিক আসিয়া বাস করিতে থাকেন। এই সময়ে শ্রীহট্টের সহিত নবদ্বীপের সম্বন্ধ স্থাপিত হয়। এখানে অনেক দাক্ষিণাত্য ও পাশ্চাত্য বৈদিক এক হইয়া পড়েন। এই কারণেই শ্রীচৈতন্য মহাপ্রভুকে পাশ্চাত্যগণ পাশ্চাত্যবৈদিক ও দাক্ষিণাত্যগণ দাক্ষিণাত্য বৈদিক বলিয়া গ্রহণ করিয়া থাকেন। ঈশ্বর বৈদিকের বৈদিককুলপঞ্জীমতে, নবদ্বীপ সামবেদী ভরদ্বাজের সমাজ, কিন্তু এখন আর নবদ্বীপে সামবেদী ভরদ্বাজের নাম গন্ধ নাই।

এখন নবদ্বীপে ও পূর্ব্বস্থলীতে কাশ্যপ, অগ্নিবেশ্য, গৌতম, কাণ্বায়ন, উতথ্য প্রভৃতি গোত্র দৃষ্ট হয়।

মহাপ্রভুর অন্তর্ধানের পর অসৎপ্রতিগ্রহ ও দুরত্বাদি অপরাপর নানাকারণে কোটালিপাড় ও সামন্তসার প্রভৃতি প্রধান সমাজ হইতে এই সমাজ বিচ্ছিন্ন হইয়া পড়ে। তৎকালে নবদ্বীপ সমাজ নিতান্ত সীমাবদ্ধ হইয়া পড়িয়াছিল। এমন কি এখানকার বৈদিকগণ স্ব- সমাজ মধ্যেই আদান প্রদান করিতে থাকেন। কিন্তু অল্প দিন হইল পাত্রাভাব ঘটায় ভিন্ন সমাজের বৈদিকের সহিত পুনরায় আদান প্রদান চলিতেছে। সুপ্রসিদ্ধ নৈয়ায়িক জগদীশ তর্কালঙ্কারের বংশ এখনও নবদ্বীপে বিদ্যমান। কোটালিপাড় হইতে প্রায় ৬ মাইল দূরে মাণিক্যহার গ্রাম অবস্থিত। এখানে কএক ঘর কাশ্যপ ও কৃষ্ণাত্রেয়ের বাস আছে। মাণিক্যহারের কাশ্যপগণ বলিয়া থাকেন যে জগদীশ তর্কালঙ্কার এই মাণিক্যহারে কাশ্যপবংশে জন্ম গ্রহণ করেন। তাঁহাদের মতে তিনি নবদ্বীপে ন্যায় পড়িতে আসেন এবং এখানেই পরিশেষে টোল করিয়া অধ্যাপনার জন্য থাকিয়া যান। তাঁহার বংশীয়গণ সকলেই চৈতন্য-সম্প্রদায়ভুক্ত হইয়া "গোস্বামী" উপাধি লাভ করিয়াছেন। জগদীশ তর্কালঙ্কার ও তাঁহার ভ্রাতৃবংশে অধস্তন ৮।৯ পুরুষ হইতেছে। এখানকার উতথ্য, অগ্নিবেশ্য, গৌতম প্রভৃতি বংশে ১১।১২ পুরুষের অধিক দৃষ্ট হয় না।

উতথ্য গোত্রজগণ মথুরানাথ চক্রবর্ত্তীর সন্তান ও অগ্নিবেশ্য-গণ মিথিলা হইতে নবদ্বীপে আগত ভারতাচার্য্য অর্জ্জুনমিশ্রের সন্তান বলিয়া পরিচয় দিয়া থাকেন। পূর্ব্বস্থলীতে উতথ্য ও অগ্নিবেশ্যের প্রধানতঃ বাস।

দাক্ষিণাত্য বৈদিক।

পাশ্চাত্য বৈদিকগণের কুলবিবরণ ও সম্বন্ধনির্ণয়ার্থ যেরূপ বহু কুলগ্রন্থ পাওয়া যায়, দাক্ষিণাত্য বৈদিকসমাজের পরিচায়ক সেরূপ বহু গ্রন্থ পাওয়া যায় না, এই সমাজের একখানি মাত্র কুলগ্রন্থ আমাদের হস্তগত হইয়াছে, তাহা হরিনাভি নিবাসী প্রাণকৃষ্ণ বিদ্যাসাগর-রচিত "দাক্ষিণাত্য-বৈদিক-কুল-রহস্য"— এই কুলগ্রন্থখানি ১৭৪৫ শকে রচিত হয়। এই গ্রন্থের প্রারম্ভে লিখিত আছে—

"সিদ্ধানাং দাক্ষিণাত্যানাং বঙ্গগৌড়াদিবাসিনাম্।
বৈদিকানাং কুলগ্রন্থঃ শ্রূয়তে ন চ দৃশ্যতে ॥
আসীদ্বা কুত্রচিৎ কালে কুতঃ কৈশ্চিন্মহাত্মভিঃ।
স তু চর্চ্চাপথভ্রষ্টঃ কালে লয়মুপেয়িবান্ ॥"

অর্থাৎ বঙ্গগৌড়াদিবাসী সিদ্ধ দাক্ষিণাত্য বৈদিকগণের কুলগ্রন্থের কথা শুনা যায়, কিন্তু কখন দেখা যায় না। কোন কালে কোন মহাত্মার রচিত গ্রন্থ থাকিতে পারে, কিন্তু তাঁহার চর্চ্চা না থাকায় কালে সমস্তই লয় প্রাপ্ত হইয়াছে। প্রাণকৃষ্ণের উক্তি হইতে মনে হইতেছে যে, প্রায় শতাধিক বর্ষ পূর্ব্বে দাক্ষিণাত্য বৈদিকসমাজে কোন প্রকার কুলগ্রন্থের অস্তিত্ব ছিল না, থাকিলেও সম্ভবতঃ পণ্ডিত প্রাণকৃষ্ণের দৃষ্টিগোচর হয় নাই। বাস্তবিক আমরা যথেষ্ট অনুসন্ধান করিয়াও অপর কোন কুলগ্রন্থের সন্ধান পাইলাম না। সুতরাং প্রাণকৃষ্ণের কুলরহস্যই আমাদের প্রধান অবলম্বন।

প্রাণকৃষ্ণ লিখিয়াছেন, পুরাণাদিতে কান্যকুব্জাদি যে সকল দশবিধ ব্রাহ্মণের উল্লেখ আছে, তন্মধ্যে দ্রাবিড়শ্রেণি একটী। বঙ্গদেশে যে সকল দাক্ষিণাত্য বৈদিক ব্রাহ্মণ দৃষ্ট হয়, ইহাঁরা সকলেই সেই দ্রাবিড়ের শ্রেণিভুক্ত। দক্ষিণদেশ হইতে আগত বলিয়া দাক্ষিণাত্য। বেদ পাঠ করেন ও বেদার্থ জানেন বলিয়াও বৈদিক নামে বিখ্যাত।

প্রবাদ আছে, কালবশে এ প্রদেশে বেদাদি চর্চ্চা ও বৈদিক ক্রিয়াকলাপ লোপ হইলে দ্রাবিড় দেশ হইতে এই শ্রেণীর ব্রাহ্মণগণ আনীত হন। ইহারা রাঢ়ী ও বারেন্দ্র শ্রেণীর পরে আসেন বলিয়াই বোধ হয় উক্ত শ্রেণির ব্রাহ্মণগণ ইহাদিগকে গুরু ও পুরোহিতের পদে অভিষিক্ত করিয়াছেন। দাক্ষিণাত্য বৈদিকগণের মধ্যে অনেকেই কৃতবিদ্য ও গ্রন্থপ্রণেতা ছিলেন। স্মার্ত্ত রঘুনন্দন ভট্টাচার্য্য স্বপ্রণীত মলমাসতত্ত্বে 'কালাদর্শকাল-মাধবীয়-প্রভৃতি দাক্ষিণাত্যবৈদিকগ্রন্থেষু" বলিয়া যে পাঠ ধৃত করিয়াছেন, তাহাতে সায়ণাচার্য্য, শঙ্করাচার্য্য প্রভৃতি মহাত্মাগণও দাক্ষিণাত্য বৈদিক হইতেছেন।

দাক্ষিণাত্য বৈদিকগণ ঠিক কোন্ সময়ে এ দেশে আসেন, তাহা কুলগ্রন্থে উল্লেখ নাই। রাঢ়ীয় ও বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণের পর ইহারা আসিয়াছেন, এই মাত্র প্রবাদ শুনা যায়। আবার

ভ্রান্ত মত

অনেকের অভিমত যে, উৎকলের সূর্য্যবংশীয় রাজগণ যে সময়ে ত্রিবেণী পর্য্যন্ত অধিকার বিস্তার করেন, সেই সময় বৈতরণীতীরস্থ যাজপুরাদি ব্রাহ্মণশাসনসমূহের বিশিষ্ট বেদপারগ সাগ্নিক বৈদিকগণ বঙ্গদেশে সর্ব্বদা আগমন করিতেন। ক্রমে বঙ্গীয় ব্রাহ্মণের নিকট সম্মান লাভ করিয়া তাঁহাদের মধ্যে কেহ কেহ এখানে বাস স্থাপন করিলেন।* এইরূপে উৎকলের বৈদিক এদেশে বাস করিয়া দাক্ষিণাত্য বৈদিক নামে খ্যাত হইলেন।

উৎকলের ইতিহাসে বর্ণিত হইয়াছে যে, সূর্য্যবংশীয় রাজা মুকুন্দ দেব ত্রিবেণী পর্য্যন্ত রাজ্য বিস্তার করিয়াছিলেন, ইনি, ১৫৫০ খৃষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন।† উক্ত প্রবাদবাক্য স্বীকার করিলে কিঞ্চিদূর্দ্ধ সাড়ে তিন শত বর্ষ পূর্ব্বে বঙ্গে দাক্ষিণাত্যবৈদিকাগম স্বীকার করিতে হয়। কিন্তু তাহার বহু পূর্ব্বে উৎকল হইতে যে বৈদিক ব্রাহ্মণ আসিয়া এদেশে বাস করিয়াছিলেন, তাহার প্রমাণের অভাব নাই। সাড়ে তিন শত বর্ষ পূর্ব্বে বৈষ্ণব কবি জয়ানন্দ (মহাপ্রভুর যাজপুর আগমন উপলক্ষে) তাঁহার চৈতন্যমঙ্গলে (উৎকলখণ্ডে) লিখিয়াছেন,—

"চৈতন্য গোসাঞির পূর্ব্বপুরুষ আছিলা যাজপুরে।
শ্রীহট্টদেশেরে পলাঞা গেলা রাজা ভ্রমরের ডরে ॥
সেই বংশে পরম বৈষ্ণব কমলুলোচন তার নাম।
পূর্ব্ব জন্মের তপে চৈতন্য গোসাঞি তার ঘরে করিলা বিশ্রাম ॥"

সুতরাং চৈতন্যদেবের আবির্ভাবের বহু পূর্ব্বে তাঁহার পূর্ব্বপুরুষ যাজপুরবাসী। বৈদিক মধুকরমিশ্র রাজা ভ্রমর-বরের ভয়ে শ্রীহট্টে পলায়ন করেন; কিন্তু মহাপ্রভু যখন যাজপুরে পদার্পণ করেন, তখনও এখানে তাঁহার জ্ঞাতিগণের বাস ছিল। শ্রীহট্টবাসী প্রদ্যুম্নমিশ্রের মনঃসন্তোষণী ও চৈতন্যোদয়াবলী প্রভৃতি গ্রন্থানুসারে চৈতন্যদেবের প্রপিতামহ মধুকরমিশ্র শ্রীহট্টবাসী হইয়াছিলেন। এ দিকে উড়িষ্যার ইতিহাসে ও গোপীনাথপুরের শিলালিপিতে উৎকলপতি কপিলেন্দ্র দেবের 'ভ্রমরবর' উপাধি দৃষ্ট হয়।‡ ১৪৫১ খৃষ্টাব্দে তাঁহার রাজ্যাভিষেক সম্পন্ন হইলেও তাহার বহু পূর্ব্ব হইতেই তাঁহার অভ্যুদয় ঘটিয়াছিল। এরূপ স্থলে খৃষ্টীয় ১৫শ শতাব্দীর প্রথম ভাগে তাঁহার উৎপাতে মধুকরমিশ্র পুত্রপরিজনসহ শ্রীহট্টবাসী হইয়াছিলেন। ১৪৭২ খৃঃ অব্দে বাঙ্গালায় শান্তি স্থাপিত হইয়াছিল।¶ ইহার অনতিকাল পরে মধুকর মিশ্রের গৌত্র ও চৈতন্য দেবের পিতা জগন্নাথ মিশ্র নবদ্বীপবাসী হইয়া এখানকার বৈদিকসমাজভুক্ত হইয়াছিলেন।§

* সম্বন্ধনির্ণয় (২য় সংস্করণ) ৩৫ পৃষ্ঠা।

† Sterling's Orissa (in Asiatic Researches, Vol. XV. p. 287)

‡ Asiatic Researches. Vol. XV. p. 275 ও বিশ্বকোষ ৫ম ভাগ "গোপীনাথপুর" শব্দে দ্রষ্টব্য।

¶ বঙ্গের জাতীয় ইতিহাস (ব্রাহ্মণকাণ্ড ১ম ভাগ, ১ অংশ, ১৯৬-১৯৭ পৃষ্ঠা দ্রষ্টব্য।

§ জাতীয় ইতিহাস (ব্রাহ্মণকাণ্ড) ২য় ভাগ ৩য়াংশ ৯২ পৃষ্ঠায় জগন্নাথ মিশ্রের জ্ঞাতিবংশ দ্রষ্টব্য।

জগন্নাথ মিশ্রের বহু পূর্ব্বেই যে বঙ্গে দাক্ষিণাত্য-সংস্রব ঘটিয়াছিল, পাশ্চাত্য বৈদিককুলগ্রন্থ হইতে তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। সামন্তসারীয় শৌনক পণ্ডিত দুর্গাচরণ সমাজদারের ১৪শ পুরুষ উর্দ্ধতন বংশীবদনের সহোদর শ্যামসুন্দর দাক্ষিণাত্য-কন্যা গ্রহণ করিয়াছিলেন। এইরূপ শাণ্ডিল্যবংশেও দাক্ষিণাত্যসংস্রব ঘটিয়াছিল।* শৌনক শ্যামসুন্দরের বহু পূর্ব্বে এ দেশে দাক্ষিণাত্য বৈদিকের বাস ছিল। গৌড়াধিপতি লক্ষ্মণসেনের ধর্ম্মাধিকারী হলায়ুধ ব্রাহ্মণসর্ব্বস্বে লিখিয়াছেন—"উৎকলপাশ্চাত্যাদিভির্ব্বেদাধ্যয়নমাত্রং ক্রিয়তে।" এই উক্তি দ্বারা গৌড়াধিপ লক্ষ্মণসেনের সময়ও যে এ দেশে উৎকলশ্রেণী বৈদিকের বাস ছিল, তাহাতে সন্দেহ থাকিতেছে না।

এখন কথা হইতেছে যে, উৎকলশ্রেণীর ব্রাহ্মণ গৌড়াধিপ লক্ষ্মণসেনের সময়ে এ দেশে ছিলেন, তাহার যেন সন্ধান পাইলাম, কিন্তু এ দেশীয় দাক্ষিণাত্য বৈদিকগণ উৎকলশ্রেণি বলিয়া কখন পরিচয় দেন না। উপরে যে প্রাণকৃষ্ণের 'কুলরহস্য' উদ্ধৃত হইল, তাহাতে এ দেশীয় দাক্ষিণাত্য-বৈদিকগণ দ্রাবিড়-শ্রেণি বলিয়া পরিচিত হইয়াছেন। বাস্তবিকই উৎকল ও দ্রাবিড়শ্রেণি এক নহে। উৎকলশ্রেণি পঞ্চগৌড়ের অন্তর্গত অর্থাৎ তাঁহারা আর্য্যাবর্ত্তের বিরাট ব্রাহ্মণ-সমাজের অন্তর্ভুক্ত।† আর দ্রাবিড়শ্রেণি দাক্ষিণাত্য ব্রাহ্মণ বলিয়া পরিচিত। স্কন্দপুরাণীয় সহ্যাদ্রিখণ্ড-মতে যে সকল ব্রাহ্মণ অতিপূর্ব্বকালে আর্য্যাবর্ত্তের অহিচ্ছত্রা নগরী হইতে পরশুরাম আহ্বানে দাক্ষিণাত্যে গিয়া উপনিবিষ্ট হন, তাঁহাদের বংশধরগণই দ্রাবিড়শ্রেণি। দাক্ষিণাত্যের বিভিন্ন স্থানে বাসনিবন্ধন তাঁহাদের বংশধরগণ আন্ধ্র, কর্ণাটক, গুর্জ্জর, দ্রাবিড় ও মহারাষ্ট্র আখ্যা লাভ করিয়াছেন।‡ সুতরাং উৎকল ও দ্রাবিড় ব্রাহ্মণ যে এক নহে, উভয় শ্রেণির আচার ব্যবহারও যে ভিন্ন ভিন্ন, তাহা বলাই বাহুল্য।§

উৎকল ও দ্রাবিড়ে ভেদ।

অনেকের বিশ্বাস, আদি উৎকলশ্রেণি বিলুপ্ত হইয়াছে। গঙ্গবংশীয় রাজাদিগের সময়ে বহু ব্রাহ্মণ কান্যকুব্জ হইতে আসিয়া যাজপুরে বাস করেন; তাঁহারাই বর্ত্তমানকালে উৎকলশ্রেণি বলিয়া গণ্য। ইহারা আবার উত্তরশ্রেণি ও দক্ষিণশ্রেণিতে বিভক্ত। যাজপুর অঞ্চলে যাঁহাদের বাস তাঁহারা উত্তরশ্রেণি এবং পুরী জেলায় যাঁহাদের বাস, তাঁহারা দক্ষিণশ্রেণি। উভয় শ্রেণীর মধ্যে বৈদিক বা শ্রোত্রিয় এবং অশ্রোত্রিয় বা অবৈদিক ব্রাহ্মণ আছেন। বৈদিক ব্রাহ্মণেরাই এ দেশে পূর্ব্বতন হিন্দুরাজগণের নিকট তাম্রানুশাসন দ্বারা বহুতর গ্রাম লাভ করিয়াছিলেন, এ কারণ তাঁহারা 'শাসনী' ব্রাহ্মণ নামেও খ্যাত। আর্য্যাবর্ত্তে বা পঞ্চগৌড়ের মধ্যে অথর্ব্ববেদী ব্রাহ্মণ পাওয়া যায় না, কিন্তু এখানকার দক্ষিণশ্রেণীর মধ্যে ঋক্, যজুঃ, সাম, ও অথর্ব্ব এই চতুর্ব্বেদী ব্রাহ্মণই দৃষ্ট হয়। যদিও উত্তর ও দক্ষিণশ্রেণী এক বংশ-শাখা হইতে উদ্ভূত এই মত অনেকে পোষণ করেন, কিন্তু উভয়শ্রেণির আচার ব্যবহার পর্য্যালোচনা করিলে অভিন্ন বংশসম্ভূত বলিয়া যেন মনে হয় না। তবে যে জগন্নাথরূপ মহাতীর্থ-স্থানে উৎকলবিজেতা চোড়গঙ্গ কর্ত্তৃক পুরুষোত্তমমন্দিরপ্রতিষ্ঠা উপলক্ষে উত্তর হইতে বেদবিদ্ ব্রাহ্মণ আহূত ও পরে এখানে বাসস্থাপন করিয়া দাক্ষিণাত্য-শ্রেণির সহিত মিলিত হইয়া থাকিবেন, তাহাও কিছু অসম্ভব নহে। দক্ষিণ শ্রেণির আচার ব্যবহারে দাক্ষিণাত্য প্রভাব লক্ষিত হয়, এ কারণ আমরা উৎকলের দক্ষিণ শ্রেণিকে দাক্ষিণাত্যের দ্রাবিড়শ্রেণি এবং উত্তর শ্রেণিকে পঞ্চগৌড়ের অন্তর্গত বলিয়া মনে করি। চৈতন্যদেবের পূর্ব্বপুরুষ যাজপুরবাসী; সুতরাং তাঁহারা উত্তরশ্রেণি বা পঞ্চগৌড় ব্রাহ্মণের অন্তর্গত হইতেছেন। গঙ্গবংশীয় রাজকর্ত্তৃক কনোজ হইতে ব্রাহ্মণ আনয়ন প্রবাদ যদি প্রকৃত হয়, তাহা হইলে যশোধরাদির ন্যায় মহাপ্রভুর পূর্ব্বপুরুষও পাশ্চাত্য-বৈদিক হইতেছেন। আবার উৎকল বা 'দক্ষিণদেশ' হইতে শ্রীহট্টে আগমনপ্রযুক্ত তাঁহারা দাক্ষিণাত্য বৈদিক বলিয়াও গণ্য হইতে পারেন। এই কারণেই মহাপ্রভুর জীবনী-লেখকগণ তাঁহার পূর্ব্বপুরুষকে কেহ 'পাশ্চাত্য বৈদিক' কেহ বা 'দাক্ষিণাত্য-বৈদিক' বলিয়া অভিহিত করিয়াছেন। এইরূপে উভয় সমাজে কোন সময়ে সম্বন্ধ স্থাপন হওয়াও কিছু বিচিত্র নহে। কটক ও মেদিনীপুর জেলায় উভয় শ্রেণির সংমিশ্রণ দৃষ্ট হয়। তথায় ষট্‌কুলই বা ষড়্‌গোত্র বৈদিকই সম্মানিত। যথা—

"করশর্ম্মা ভরদ্বাজো ধরশর্ম্মা চ গৌতমঃ।
আত্রেয়ো রথশর্ম্মা চ নন্দিশর্ম্মা চ কাশ্যপঃ॥
কৌশিকো দাসশর্ম্মা চ পতিশর্ম্মা চ মুদ্গলঃ।"

ভরদ্বাজ গোত্রে করশর্ম্মা, গৌতমগোত্রে ধরশর্ম্মা, কাশ্যপ গোত্রে নন্দিশর্ম্মা, কৌশিক গোত্রে দাসশর্ম্মা এবং মুদ্গল গোত্রে পতিশর্ম্মা (এই ছয় ঘর)। এতদ্ভিন্ন উৎকলশ্রেণির কুলগ্রন্থে ঘৃতকৌশিক ও কাণ্বায়ন গোত্রাদিও বৈদিক বলিয়া নির্দ্দিষ্ট হইয়া-

* বঙ্গের জাতীয় ইতিহাস ২য় ভাগ ৩য়াংশ ১০৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।

† "সারস্বতাঃ কান্যকুব্জাঃ গৌড়মৈথিলিকোৎকলাঃ।
পঞ্চগৌড়াঃ ইতিখ্যাতাঃ বিন্ধ্যস্যোত্তরবাসিনঃ॥" (সহ্যাদ্রিখণ্ড)

‡ "আন্ধ্রাঃ কর্ণাটকাশ্চৈব গুর্জ্জরা দ্রাবিড়াস্তথা।
মহারাষ্ট্রা ইতি খ্যাতাঃ পঞ্চৈতে দ্রাবিড়াঃ স্মৃতাঃ॥" (বজ্রসূচী)

§ "ব্রাহ্মণা দশধা প্রোক্তা পঞ্চগৌড়াশ্চ দ্রাবিড়াঃ।...
দেশে দেশবিধাচারা এবং বিস্তারিতা মহী॥" (সহ্যাদ্রিখণ্ড ২।১।১৫)

ছেন। রাজপুরের পাণ্ডারা বলেন যে, উৎকল, দ্রাবিড়, তাম্রপর্ণী, কামরূপ (যোনিপীঠ), সাগরসঙ্গম, চন্দ্রনাথ ও সুহ্মদেশে যে সকল বৈদিক আছেন, তাঁহারা দাক্ষিণাত্য বলিয়া গণ্য।*

যাহা হউক, উৎকল ছাড়িয়া এখন বঙ্গের অনুসরণ করা যাউক। এদেশে কোন্ সময়ে দাক্ষিণাত্য বৈদিক আগমন করিলেন? তাহাই আলোচ্য।

বঙ্গে দাক্ষিণাত্য বৈদিকাগমনকাল

১৪৩২ শকে রচিত আনন্দভট্টের বল্লাল-চরিতে লিখিত আছে, গৌড়াধিপ বল্লালসেন গৌতম-গোত্রীয় অনন্তশর্ম্মা নামক এক দ্রাবিড় শ্রেণির ব্রাহ্মণকে সুবর্ণভুক্তির অন্তর্গত সর্ব্বশস্যসমন্বিত 'কাসার' গ্রাম দান করেন। সেই সুধাধবলিত সর্ব্বোপস্করসংযুত বাতায়নাদি পরিশোভিত গৃহপূর্ণ রাজদত্ত ব্রাহ্মণ-শাসন মধ্যে দাক্ষিণাত্য বিপ্রগণ বাস করিতে থাকেন।†

দাক্ষিণাত্য বৈদিকের প্রকৃত আগমন কাল

বল্লালচরিত-রচয়িতা আনন্দ-ভট্ট উক্ত অনন্তশর্ম্মার বংশধর ও 'দাক্ষিণাত্য' ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিয়াছেন। তাঁহার মতে দাক্ষিণাত্যেরাই দ্রাবিড়শ্রেণী।‡ অতএব বল্লালসেনের সময়ে এদেশে দাক্ষিণাত্য বৈদিক ছিলেন, তাহা প্রমাণিত হইল। গৌড়াধিপ বল্লাল-পিতা বিজয়সেনের শিলাফলকে তাঁহার পূর্ব্বপুরুষ "দাক্ষিণাত্যক্ষৌণীন্দ্র" বলিয়া প্রখ্যাত হইয়াছেন এবং তিনি গৌড়, কামরূপ ও কলিঙ্গ জয় করিয়া রাজচক্রবর্ত্তী হইয়াছিলেন।§ বরেন্দ্রভূমিস্থ "প্রদ্যুম্নেশ্বর" মন্দির-প্রতিষ্ঠা উপলক্ষে মহাকবি উমাপতিধর উক্ত 'বিজয়প্রশস্তি' রচনা করেন। ইহাই দেওপাড়াস্থ বিজয়সেনের শিলালিপি বলিয়া প্রসিদ্ধ।

উমাপতিধর ব্যতীত অপর কোন কবি সেনবংশীয় আদি নৃপতিগণকে 'দাক্ষিণাত্যক্ষৌণীন্দ্র' বলিয়া গৌরব প্রকাশ করেন নাই। ইহাতেও যেন তাঁহার দাক্ষিণাত্য-সংস্রব সূচিত হইতেছে। আমরা পূর্ব্বে দেখাইয়াছি যে, কটক, মেদিনীপুর প্রভৃতি স্থানের দাক্ষিণাত্য-বৈদিকগণের মধ্যে ধর, কর, নন্দী, পতি প্রভৃতি উপাধি প্রচলিত রহিয়াছে। এ দেশীয় দাক্ষিণাত্য-বৈদিকগণের মধ্যেও ঐ সকল উপাধির অভাব নাই। বর্ত্তমানকালে এ দেশীয় দাক্ষিণাত্য-বৈদিকগণের মধ্যে ঘৃতকৌশিক ও ও গৌতমগোত্রই শ্রেষ্ঠ কুলীন, ইহাঁদের মধ্যে 'ধর' উপাধি দৃষ্ট হয়। বহুদিন হইল, ঘৃতকৌশিক গোত্রীয় একজন পণ্ডিতের মুখে শুনিয়াছিলাম যে, তাঁহাদের পূর্ব্বপুরুষ উমাপতিধর, অথচ তিনি কোন প্রমাণ দেখাইতে পারেন নাই, এ কারণ তাঁহার কথা সে সময় বিশ্বাস করিতে পারি নাই। কিন্তু এ দেশীয় ব্রাহ্মণদিগের মধ্যে দাক্ষিণাত্য বৈদিক ব্যতীত অপর কোন শ্রেণীর ব্রাহ্মণের 'ধর' উপাধি না থাকায় ও আনুসঙ্গিক নানা কারণে এখন উমাপতিধরকে দাক্ষিণাত্য-বৈদিক স্থির করিলাম। বঙ্গদেশের প্রাচীন ইতিহাস প্রসঙ্গে লিখিয়াছি যে, বিজয়সেনের পিতা হেমন্তসেন দক্ষিণদেশ হইতে আসিয়া মেদিনীপুর ও পরে দক্ষিণরাঢ়ে আধিপত্য বিস্তার করেন। তাঁহার দক্ষিণদেশীয় আচারানুষ্ঠান-নির্ব্বাহের জন্য যে তাঁহার সহিত দাক্ষিণাত্য ব্রাহ্মণও আসিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। এরূপস্থলে বিজয়পিতা রাজা হেমন্তসেনের সময়ে খৃষ্টীয় ১১শ শতাব্দে এ দেশে দাক্ষিণাত্য ব্রাহ্মণ প্রথম আগমন করিয়াছিলেন, স্বীকার করিতে হয়। কিন্তু তাহারও বহুপূর্ব্বে খৃষ্টপূর্ব্ব ২য় শতাব্দে বসু মিত্রের যত্নে পশ্চিম গৌড়ে দাক্ষিণাত্য বিপ্রাগমন ঘটিয়াছিল, তাহা বৈদিকপ্রসঙ্গের প্রথমেই বর্ণিত হইয়াছে।

প্রাণকৃষ্ণের বৈদিককুলরহস্যে লিখিত আছে, কোন কারণে কতকগুলি বৈদিক দ্রাবিড় দেশ হইতে উৎকল দেশে আসিয়া বাস করেন। এখানে কিছুদিন তাঁহারা সুখেই বাস করিয়াছিলেন। অনন্তর বিরূপাক্ষ নামে একজন বীরাচারী সিদ্ধপুরুষ আসিয়া দারুণ অনিষ্ট ঘটাইলেন। তিনি যোগবলে সমস্ত দেশ মদিরাময় করিয়া ফেলিলেন। নদে, হ্রদে, কূপে, পল্বলে, সরোবরে সর্ব্বত্রই মদিরা ভিন্ন জল পাওয়া গেল না। এইরূপে বিপদে পড়িয়া কএকজন প্রধান বৈদিক উৎকল হইতে বঙ্গভূমিতে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাদের সদাচার, বিদ্যা-বুদ্ধি ও ক্রিয়াদি অবলোকন করিয়া বঙ্গজ কায়স্থ বিক্রমাদিত্যসুত রাজা প্রতাপাদিত্য ১৫৪২ শাকে তাঁহাদিগকে সম্বর্দ্ধনা করিলেন। তিনিই দাক্ষিণাত্যদিগকে নানা সুখৈশ্বর্য্য প্রদান করিয়া বঙ্গে বাস করাইলেন। তাঁহারা যে স্থানে প্রথম বাস করেন, তাহার

* "উৎকলী তাম্রপর্ণী চ যোনিপীঠী তু সাগরী।
চন্দ্রনাথী তথা সুহ্মী দাক্ষিণ্যা বৈদিকাঃ স্মৃতাঃ॥"

† ততঃ সর্ব্বগুণোৎকর্ষশুদ্ধবুদ্ধির্নৃপোত্তমঃ।
তাম্রপট্টে কারয়িত্বা শাসনং পরশাসনম্॥
সুবর্ণভুক্তিকস্যান্তর্গ্রামং কাসারকং দদৌ।
কর্ষবৃদ্ধৌ মহারাজো গৌতমানন্তশর্ম্মণে॥
উপকৃপ্ত ভোক্ষ্য-ভোজ্য-সর্ব্বধান্য-সমন্বিতং।
দাসদাসীসমাযুক্তং সর্ব্বোপস্কর-সংযুতং॥
সুধাধবলিপ্তং সুদৃঢ়ং কপাটার্গল-যন্ত্রিকম্।
শুভপ্রবেশ-নিষ্কাশং জালাদিপরিশোভিতং॥
এবংবিধং কারয়িত্বা বহুশো ভবনং নৃপঃ
দাক্ষিণাত্যাংস্ততস্তেষু বাসয়ামাস ভূসুরান্॥"

‡ "কেচিৎ বিপ্রা আগতাশ্চ বৈদিকা বেদপারগাঃ।
পাশ্চাত্যা দাক্ষিণাত্যাশ্চ শেষোক্তা দ্রাবিড়াঃ স্মৃতাঃ॥"(বল্লালচরিত-পূর্ব্বখণ্ড)

§ Epigraphia Indica, Vol. I. p. 308. ও জাতীয় ইতিহাস ৩য় অংশে ১০-২২ পৃষ্ঠা দ্রষ্টব্য।

নাম হোম্‌ড়া, দাক্ষিণাত্য বৈদিকদিগের ইহাই বৃত্তিভূমি। দাক্ষিণাত্য কুলীনাদির বীজ-পুরুষগণ সদাচার ও স্বধর্ম্মনিষ্ঠ হইয়া তথায় বহুকাল বাস করিয়াছিলেন। গঙ্গা, যমুনা ও সরস্বতীর ত্রিধারা একত্র হইয়া প্রয়াগ যেমন পুণ্যময় হইয়াছে, এখানে সেইরূপ বৈদিক-বংশীয়দিগের তিনটী ধারা বর্দ্ধিত হইয়াছিল। কিন্তু চিরদিন কখন সমান যায় না। এখানে বন্যজন্তুর উপদ্রব আরম্ভ হইল, কেহই আর তিষ্ঠিতে সমর্থ হইলেন না। সেই বাসস্থান বন্যভূমিতে পরিণত হইল। কেহ বঙ্গে, কেহ অঙ্গে, কেহ গৌড়ে, কেহ রাঢ়ে, এইরূপে নানাস্থানে দাক্ষিণাত্যগণ ছড়াইয়া পড়িলেন।*

এখন জানা গেল, সেনবংশীয় নৃপতিগণের সময়ে কএক ঘর দাক্ষিণাত্য বঙ্গে আসিয়া বাস করিলেও, আবার বহুকাল পরে যশোরাধিপ প্রতাপাদিত্যের সময়েও তিন ঘর বৈদিক আসিয়া রাজপ্রদত্ত "হোম্‌ড়া" গ্রামে বাস করেন। এই তিন ঘরের পরিচয় কুলরহস্যে নাই, সুতরাং কোন্ কোন্ গোত্র ও কোন্ কোন্ ব্যক্তি এ সময় আসিয়াছিলেন, তাহা স্থির করিতে পারিলাম না।

গোত্র ও উপাধি নির্ণয়—কুলরহস্যের মতে, ১ গৌতম, ২ কাশ্যপ, ৩ বাৎস্য, ৪ কাণ্বায়ন, ৫ ঘৃতকৌশিক, ৬ কৃষ্ণাত্রেয়, ৭ ভরদ্বাজ, ও ৮ কুশিক এই আটটী গোত্রই মহাকুল। ইহার মধ্যে এক্ষণে ছয় গোত্র মাত্র দৃষ্ট হয়, কৃষ্ণাত্রেয় ও ভরদ্বাজ এই দুই গোত্র এখন আর দেখা যায় না।†

আবার পাশ্চাত্য বৈদিক-কুলপঞ্জিকায় লিখিত আছে,—১ জাতুকর্ণ, ২ সাবর্ণ, ৩ কাশ্যপ, ৪ ঘৃতকৌশিক, ৫ বাৎস্য, ৬ কাণ্বায়ন, ৭ কৌশিক, ও ৮ গৌতম দাক্ষিণাত্য মধ্যে এই ৮টী গোত্র খ্যাত। ইহাদের মধ্যে আবার দুইপ্রকার যজুর্ব্বেদী ও দুই প্রকার সামবেদী আছে।‡ প্রাণকৃষ্ণ জাতুকর্ণ ও সাবর্ণ এই গোত্রের উল্লেখ করেন নাই, আবার তাঁহার মতে কৃষ্ণাত্রেয় ও ভরদ্বাজ এই দুই গোত্র বিলুপ্ত হইয়াছে। কিন্তু বর্ত্তমানকালে দাক্ষিণাত্য বৈদিক মধ্যে ঘৃতকৌশিক, গৌতম, কৌশিক, কাশ্যপ, কাণ্বায়ন, বাৎস্য, ভরদ্বাজ, কৃষ্ণাত্রেয় ও জাতুকর্ণ এই ৯টী গোত্রই দৃষ্ট হয়।

এই শ্রেণীর মধ্যে যজুর্ব্বেদীর সংখ্যাই অধিক। সামবেদীর সংখ্যা অপেক্ষাকৃত অল্প, ঋগ্বেদীর সংখ্যা তদপেক্ষা কম। অথর্ব্ববেদী যৎসামান্য, এমন কি আজ কাল এই বেদী প্রায় দেখা যায় না।

---

* "অতঃপরং দাক্ষিণাত্য-বৈদিকানাং মহাত্মনাম্।
অবস্থানক্রমং বচ্‌মি যথাদৃষ্টং যথাশ্রুতং। ১।
কেনচিৎ কারণেনৈব পুরা দ্রাবিড়দেশতঃ।
নিবাসমুৎকলে দেশেঽকুর্ব্বন্ কেচন বৈদিকাঃ। ২।
অথ কালান্তরে তত্র তেষাং নিবসতাং সুখং।
বিরূপাক্ষকৃতানিষ্টং সুমহৎ সমুপস্থিতং। ৩।
বিরূপাক্ষো হি সিদ্ধেশো বীরাচারী কুতশ্চন।
হেতোশ্চকার যোগেন তং দেশং মদিরাময়ং। ৪।
নদে হ্রদে তথা কূপে পল্বলে চ সরোবরে।
নাদৃশ্যত তদা তত্র সুরাভিন্নং জলং ক্বচিৎ। ৫।
এবমাপদমাসাদ্য তস্মাদুৎকলদেশতঃ।
বঙ্গভূমৌ সমায়াতাঃ কতিচিদ্বৈদিকোত্তমাঃ। ৬।
অথ তেষাং সদাচারবিদ্যাবুদ্ধিক্রিয়াদিকং।
প্রতাপাদিত্যভূপেন দৃষ্ট্বা সম্বর্দ্ধনা কৃতা। ৭।
স তু বঙ্গজকায়স্থ-বিক্রমাদিত্যভূভৃতঃ।
তনয়ঃ মৃতিবেদেষুক্ষৌণীমানাংশকে শকে। ৮।
অস্য রাজ্ঞোঽধিকারে তু কস্মিংশ্চিদ্বৎসরে শুভং।
বঙ্গদেশং সমাজগ্মুর্দাক্ষিণাত্যা মহৌজসঃ। ১৪।
তেন ভূপতিনা তে চ সম্বর্দ্ধিতমহোদয়াঃ।
নানাভোগসুখৈশ্বর্য্যাদ্বঙ্গবাসমকুর্ব্বত। ১৫।
তেষান্তু প্রথমং বাস-স্থানং হোম্‌ড়া ইতি শ্রুতং
অদ্যাপি যত্র বর্ত্তন্তে বৈদিকা বৃত্তিভূময়ঃ। ১৬
সর্ব্বেষাং দাক্ষিণাত্যানামেতদ্দেশনিবাসিনাং।
কুলীনাদিপ্রভেদেন বীজভূতাস্ত এব হি। ১৭।
নিবসন্তশ্চ তে তত্র যথোক্তনিয়মাস্থিতাঃ।
ধর্ম্মানিব সদাচারৈঃ স্বান্ স্বান্ বংশানবর্দ্ধয়ন্। ১৮।
তে বর্দ্ধিতাস্তু তদ্ধর্ম্মনিয়মাচারবর্ত্তিনঃ।
তথৈব স্বৈরশাত্যাদ্যৈঃ পুনস্তানন্বকুর্ব্বত। ১৯।
এবং সমৃদ্ধং ক্রমশঃ পবিত্রং ধারাত্রয়ং বৈদিকসন্ততীনাং।
বহন্নভূৎ পুণ্যময়ঃ স দেশো যথা প্রয়াগঃ সরিতাম্বরাণাং। ২০।
অথ কালে বহুতিথে চক্রবৎপরিবর্ত্তিনি।
আসীদুপদ্রবস্তত্র জন্তূনাং শৃঙ্গিদংষ্ট্রিণাং। ২১।
তদুপদ্রবমালোক্য বিদ্রুতানাং ততস্ততঃ।
অভবদ্দাক্ষিণাত্যানাং যুক্তবেণীব সা স্থলী। ২২।
বৈদিকাস্তে চ তং দেশং বিহায় বিপিনাত্মকং।
যত্র যেষামভূত্তুষ্টির্ন্ত বসংস্তেষু তেষু চ। ২৩।
কেচিদ্বঙ্গে কেচিদঙ্গে গৌড়ে রাঢ়ে চ কেচন।
এবম্বিধেষু চান্যেষু প্রস্থিতাস্তে মহৌজসঃ। ২৪।" (বৈদিককুলরহস্য ৪)

† "গৌতমঃ কাশ্যপো বাৎস্যঃ কাণ্বায়নঘৃতকৌশিকৌ।
ইত্যষ্টগোত্রে স্বধুনা গোত্রষট্‌কং প্রবর্দ্ধতে।
কৃষ্ণাত্রেয়ভরদ্বাজৌ দৃশ্যতে ন চ কুত্রচিৎ॥" (কুলরহস্য ১।৩৬-৫৭)

‡ "জাতুকর্ণশ্চ সাবর্ণঃ কাশ্যপো ঘৃতকৌশিকঃ।
বাৎস্যঃ কাণ্বায়নশ্চৈব কৌশিকো গৌতমস্তথা॥
অষ্টাবেতে দাক্ষিণাত্যে গোত্রাঃ সংপরিকীর্ত্তিতাঃ।
দ্বৌ যজুঃসামবেদৌ চ তেষাং জ্ঞেয়ৌ বিশেষতঃ॥"
(পাশ্চাত্য-বৈদিক-কুলপঞ্জিকা ৬।২-৬৩)

এই শ্রেণীর মধ্যে আচার্য্য, ভট্টাচার্য্য, চক্রবর্ত্তী, মিশ্র, ভদ্র, ধর, কর, নন্দী, পতি প্রভৃতি পদবীগুলি দৃষ্ট হয়। ইহাদের মধ্যে আবার মর্য্যাদা অনুসারে কুলীন, বংশজ ও মৌলিক, এই ত্রিবিধ ভেদ আছে।

কুলপ্রথা—আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি, তপঃ ও দান এই নয়টী কুলীনের লক্ষণ। কন্যার জন্মমাত্রই যাঁহারা বাগ্‌দান করেন অর্থাৎ যাঁহাদের মধ্যে এইরূপ বাগ্‌দানপ্রথা প্রচলিত, তাঁহারাই কুলীন। কুল কন্যাগত, সুতরাং কন্যার আদান প্রদান দ্বারাই কুলের হ্রাস-বৃদ্ধি হয়। কুলীনগণ মধ্যে যাঁহারা কুলীন-দৌহিত্রে কন্যার বাগ্‌দান করিতে পারেন এবং যাঁহাদের ক্রমাগত সপ্তম পুরুষ পর্য্যন্ত বংশজ ও মৌলিক সংস্রব ঘটে নাই, তাঁহারাই মুখ্য বা প্রধান কুলীন। বংশজাদি সংস্রব ঘটিলেও প্রধান কুলীনদিগের সহিত যাঁহাদের কুটুম্বসংস্রব আছে, তাঁহারা মধ্যম কুলীন। বাগ্‌দত্তা কন্যার সহিত যাহার বিবাহ হইবার কথা, তাহার সহিত বিবাহ না হইয়া যদি দ্বিতীয় কুলীনপাত্রে ঐ কন্যা দেওয়া হয়, তাহাকে অন্যপূর্ব্বা কহে*; এইরূপ অন্যপূর্ব্বার গর্ভজাত কন্যাকে যিনি বিবাহ করেন, সেই কুলীন অধম বলিয়া গণ্য। এইরূপে আদান-প্রদানের গুণদোষ অনুসারে ঢক্কাকৃতি, মৃদঙ্গাকৃতি ও ধুস্তূরাকৃতি এই ত্রিবিধ ভাবও লক্ষিত হয়।† এতদ্ভিন্ন কুলসম্বন্ধ অনুসারে ক্ষম্য, উচিত ও আর্ত্তি এই তিনপ্রকার ভেদও শুনা যায়। স্বঘর হইতে উৎকৃষ্ট পাত্রে কন্যার বাগ্‌দান করিলে আর্ত্তি, সমান সমান ঘরে সম্বন্ধ হইলে উচিত এবং স্বঘর অপেক্ষা নিকৃষ্ট পাত্রে কন্যার বাগ্‌দান হইলে তাহা ক্ষম্য সম্বন্ধ। আর্ত্তি সম্বন্ধই প্রশস্ত, আর্ত্তি পাইলে আর উচিত সম্বন্ধ করা কর্ত্তব্য নহে। ক্ষম্য সম্বন্ধ কুলদূষক। অকুলীন কখন কুলীন হইতে পারে না। কিন্তু কুলীন কুলধর্ম্মবিরোধী কার্য্য করিলে অকুলীন হইতে পারেন। যদি কোন কুলীন নিজ পুত্র বা কন্যার বাগ্‌দান-সম্বন্ধ প্রথা তুলিয়া দিয়া বিবাহ দেন বা অন্যপূর্ব্বাকে বিবাহ করেন, তাহা হইলে তাঁহার কৌলীন্য নষ্ট হইবে এবং তিনি অতিশয় নিন্দিত হইবেন। বাগ্‌দত্তা কন্যার মৃত্যু ঘটিলে বংশজ-কন্যার পাণিগ্রহণ প্রশস্ত। কিন্তু মৌলিককন্যা-গ্রহণ কর্ত্তব্য নহে, মৌলিককন্যা গ্রহণ করিলে কুল দুর্ব্বল হইয়া পড়িবে। যাহার সাত পুরুষ পর্য্যন্ত অবিরোধে কুলক্রিয়া চলিতেছে ও মৌলিক সম্বন্ধ নাই, সেই কুলই পবিত্র। যদি

* "আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনং।
নিষ্ঠাবৃত্তিস্তপোদানং নবধা কুললক্ষণং। ২১
ইতি সাধারণী গাথা গীয়তে কুলকোবিদৈঃ।
বিশেষলক্ষণং তত্র ব্যবহারেণ সিধ্যতি। ২২
তত্রেদং পঠ্যতে প্রাজ্ঞৈর্বৈদিকানাং মহাত্মনাং।
প্রসূতিমাত্রে কন্যায়া বাগ্‌দানং কুললক্ষণং। ২৩
এতাভ্যাং গুণকৃতাভ্যাং খ্যাতো যাতি কুলীনতাম্।
গুণাভাবেঽপি তদ্বংশ্যাঃ কুলীনাঃ কৃত্যতঃ পরঃ। ২৪
কুলং কন্যাগতং প্রোক্তং কন্যা কুলময়ী মতা।
তদাদানপ্রদানাভ্যাং কুলং হ্রসতি বর্দ্ধতে। ২৫
অতো বাগ্‌দানকালে চ কার্য্যং পাত্রপরীক্ষণং।
পাত্রাপাত্রবিবেকো হি কুলরক্ষায় কল্পতে।২৬
অপবাদানবভ্রাতং যুক্তঞ্চ কুলকর্ম্মণা।
মাতাপিতৃকুলং যস্য পাত্রং তন্মুখ্যমুচ্যতে।২৭
যদি চান্যতমো দোষো দ্বৌ বা সমুদিতোঽথবা।
তৎক্রমেণৈব তৎপাত্রং মধ্যমং পরিকীর্ত্তিতং।২৮
নিরুক্তগুণযোগেঽপি বাক্‌প্রদানান্তরং যদি।
দ্বিতীয়পাত্রং যৎ খ্যাতং তত্তৃতীয়ং নিগদ্যতে।২৯
এবং ত্রিধা ব্যবস্থানং পাত্রাপাত্রপরীক্ষণং।
অনেন ক্রমযোগেন কুলীনাস্ত্রিবিধা মতাঃ। ৩০।
তত্রাপ্যুদীরিতাঃ কেচিদ্‌ঢক্কাকৃতিকুলান্বিতাঃ।
মৃদঙ্গাকৃতয়স্ত্বন্যে ধুস্তূরাকৃতয়ঃ পরে।" ৩১।
"অথ বাগ্‌দানতঃ পশ্চাদ্বিবাহাং পূর্ব্বমেবহি।
অন্যপূর্ব্বা ভবেৎ কন্যা যদি পাত্রস্য বিপ্লবঃ॥" ১।৪২।

† "ক্ষম্যোচিতার্ত্তিভেদেন সম্বন্ধাস্ত্রিবিধাস্তথা।
নিকৃষ্টপাত্রে বাগ্‌দানং ক্ষম্যসম্বন্ধ ঈরিতঃ। ৩২।
সমানেষু সমানানামুচিতঃ পরিকীর্ত্তিতঃ।
উৎকৃষ্টেষু চ যদ্দানং স আর্ত্তিঃ সমুদাহৃতঃ॥ ৩৩।
যতেত চার্ত্তয়ে নিত্যং নোচেদুচিতমাচরেৎ।
ন কুর্য্যাৎ ক্ষম্যসম্বন্ধং যতঃ স কুলদূষণঃ। ৩৪।
নাকুলীনাঃ কুলীনাঃ স্যুঃ কৃতেঽপি কুলকর্ম্মণি।
কুলীনশ্চাকুলীনাঃ স্যুঃ কুলধর্ম্মবিরোধতঃ। ৩৫।
যদি বাগ্‌দানবিচ্ছিত্তিরন্যপূর্ব্বাপ্রতিগ্রহঃ।
ইতি কৌলীন্যনাশস্য দ্বিধা কারণমুচ্যতে। ৩৬
অথ কন্যাবিপত্তিশ্চেদ্বিবাহাৎ পূর্ব্বতোঽপি বা।
তদা বংশজবংশীয়াকন্যোদ্বাহো প্রশস্যতে। ৩৭
ন কার্য্যা মৌলিকী ভার্য্যা কুলছিদ্রকরী হি সা।
কুলে ছিদ্রসমাযোগে দুর্ব্বলত্বং প্রসজ্জতে। ৩৮।
সপ্তমং পুরুষং যাবৎ কুলধর্ম্মাবরোধতঃ।
ন যত্র মৌলিকাসঙ্গস্তৎকুলং পাবনং স্মৃতং। ৩৯
যদি সপ্তমপর্য্যন্তং ক্রমিকী মৌলিকী ক্রিয়া।
বিপদ্যতে কুলং তচ্চ শূদ্রকন্যাবিবাহবৎ। ৪০
অন্যপূর্ব্বা-গর্ভজাতা ধনক্রীতা রজস্বলা।
রোগিণী দোষ্কলেয়া চ কন্যাঃ পঞ্চ কুলাধমাঃ। ৪১
সা দীয়তে মৌলিকায় ব্যবহারপ্রমাণতঃ।
তদন্নগ্রহণে দোষো দানে দোষো ন দৃশ্যতে।" ৪৩ (কুলরহস্যে ১ম রহস্য)

সাত পুরুষ পর্য্যন্ত ক্রমাগত মৌলিক ক্রিয়া চলে, তাহা হইলে শূদ্রকন্যা-বিবাহবৎ কুল নষ্ট হয়। অন্যপূর্ব্বার গর্ভজাতা, টাকা দিয়া যে কন্যা কেনা হইয়াছে, রজস্বলা, রোগিণী ও নীচকুলজাতা এই পঞ্চবিধ কন্যা কুলাধমা। অন্যপূর্ব্বা-কুলীনকন্যা মৌলিককে দান করিবে, এরূপ দানে কোন দোষ হয় না। কিন্তু কুলীন এরূপ কন্যার হস্তে অন্ন গ্রহণ করিতে পারিবেন না।

বংশজ—যাঁহারা কুলীনের দ্বিতীয় পুত্রে কন্যা দান করেন এবং মৌলিকের কন্যা গ্রহণ করেন তাঁহারা বংশজ। কুলরহস্যে লিখিত আছে, 'বংশজেরা কুলীনের আশ্রয়স্বরূপ। সৎকুলীনে কন্যাসম্প্রদান ও শ্রেষ্ঠ মৌলিক হইতে কন্যাগ্রহণ, এইরূপ কন্যাগত ভাব থাকাই বংশজের লক্ষণ। কুলীন-বংশে জন্ম ও কুল-বিপ্লব হেতু বংশমাত্রে প্রতিষ্ঠিত থাকায় "বংশজ" খ্যাতি। বংশজের নবগুণের অপেক্ষা নাই, তাঁহাকে বাগ্‌দানের যন্ত্রণা ভোগ করিতে হয় না, কুলীনকে কন্যা দান করিলেই তাঁহাদের স্বর্গের দ্বার মুক্ত হয়। বংশজ কখনই মৌলিককে কন্যা দান করিবেন না। যদি বংশজ মৌলিককে কন্যা দেন, তাঁহার পূর্ব্ব ও পরবর্ত্তী সকল পুরুষই পতিত হইবেন। অন্যপূর্ব্বা-কন্যা-গ্রহণ ও মৌলিককে কন্যাদান এই দুই প্রকারেই বংশজ-ধর্ম্ম নষ্ট হয়।*

বংশজ আবার দুই প্রকার—প্রকৃত ও বিকৃত। কুলবিধি-স্থাপনকালে যাঁহাদের পূর্ব্বপুরুষ বংশজ হইয়াছেন, তাঁহারা প্রকৃত বা আদিবংশজ এবং বাগ্‌দান না করায় যাঁহাদের কুলচ্যুতি ঘটিয়াছে, তাঁহারা বিকৃত বংশজ। বিষ্ণুধর, বৎসধর, শেষপতি ও শূলপাণি এই চারিজনই 'পূর্ব্বজ' অর্থাৎ প্রথমে বংশজ বলিয়া গণ্য হন, ইঁহাদের বংশধরেরাই আদিবংশজ। বিষ্ণুধর ও বৎসধরের সন্তানেরা ঘৃতকৌশিক এবং শেষ-পতি ও শূলপাণির বংশধরেরা বাৎস্য। রাঢ় অঞ্চলেই ইহাঁরা প্রসিদ্ধ। বিকৃত বংশজের নানাগোত্র ও নানাস্থানে বাস। ইহাঁদের মধ্যে যাঁহারা পুরুষানুক্রমে কুলীনে কন্যাদান করেন, তাঁহারাই শ্রেষ্ঠ ভাবাপন্ন।†

মৌলিক—যাঁহারা অন্যপূর্ব্বাকন্যা গ্রহণ করেন, তাঁহারাই মৌলিক। মৌলিক ভিন্ন কুলীনের গত্যন্তর নাই। মৌলিক-কেই অন্যপূর্ব্বাকন্যা দান করিতে হয়। এ কারণ সন্মৌলিকেরা কুলীনের নিকটও সম্মানিত। মূল বা আদি হইতেই ইহারা অন্যপূর্ব্বা গ্রহণ করিয়া আসিতেছেন, এজন্য ইহাদের মৌলিক নাম হইয়াছে। মৌলিকেরা অর্থ লইয়া কখন বিবাহসম্বন্ধ করিবেন না। যিনি অর্থ গ্রহণ করিবেন বা অর্থ দান করিবেন, তাঁহারা উভয়েই পতিত হইবেন। কন্যা দিয়া কন্যাগ্রহণকে পরিবর্ত্ত কহে। দাক্ষিণাত্য-সমাজে ইহাও কন্যা-বিক্রয়ের ন্যায় নিন্দিত কর্ম্ম; তবে অর্থ লইয়া কন্যা-বিক্রয়ের মত পাপ জনক নহে। কিন্তু পরিবর্ত্ত ও শুক্রবিক্রয় উভয়ই গর্হিত কার্য্য ভাবিয়া পরিত্যাগ করা উচিত। মৌলিকদিগের মধ্যেও আর্ত্তি, উচিত, ও ক্ষম্য ভেদে দান তিন প্রকার। কুলীনে কন্যাদানের নাম 'আর্ত্তি', বংশজে কন্যাদান 'উচিত' এবং মৌলিকে মৌলিকে কন্যাদানের নাম 'ক্ষম্য'। আর্ত্তিদানে যশঃ উচিতদানে সমুচিত মান এবং ক্ষম্যদান সর্ব্বত্র গর্হিত বলিয়া নিন্দিত। সপ্তমপুরুষ

* "অতঃপরং বংশজানাং বংশধর্ম্মো নিরূপ্যতে।
যদাশ্রয়েণ জীবন্তি কুলীনা অপি ধর্ম্মতঃ। ১
প্রদানং সৎকুলীনায় চাদানং মৌলিকোত্তমাৎ।
ইতি কন্যাগতত্বেন জ্ঞেয়ং বংশজলক্ষণং। ২
কুলীনবংশে জাতত্বাত্তদ্ধর্ম্মস্য চ বিপ্লবাৎ।
বংশমাত্রপ্রতিষ্ঠানাদ্বংশজা ইতি কথ্যতে। ৩
বংশজত্বং কুলীনত্বমন্যোন্যং ব্যতিরক্ষতি।
বংশজাঃ কুলজাঃ শ্লিষ্টাঃ কুলীনাশ্চ তদাশ্রিতাঃ। ৪
বংশজা যদি ব ন স্যুর্ন স্যুর্বা কুলজা যদি।
কৌলীন্যং বংশজত্বং বা নশ্যেতাং দেহিদেহবৎ। ৫
একান্তমাশ্রয়ং কুর্য্যুঃ কুলীনানেব বংশজাঃ।
দানপাত্রতয়া তে হি তেষাং তারণকারণং॥ ৬
নৈষাং নবগুণাপেক্ষা ন চ বাগ্‌দানযন্ত্রণা।
কন্যাদানাৎ কুলীনায় স্বর্গদ্বারো নিরর্গলঃ। ৭
নার্পয়েন্মৌলিকে কন্যাং কদাচিদপি বংশজঃ।
স তস্যা নৈব পাত্রং স্যাদিতি ধর্ম্মব্যবস্থিতিঃ। ৮
যস্যাঃ পাত্রং সৎকুলীনঃ সর্ব্বমান্যোত্তমোত্তমঃ।
অন্যপূর্ব্বাপ্রতিগ্রাহী তস্যাঃ পাত্রং কথং ভবেৎ ৯
যদি ভুক্তা মৌলিকেন কন্যা বংশজবংশজা।
তদা তস্যাঃ পিতুর্বংশ ঊর্দ্ধাদিব পততাধঃ।১০
অন্যপূর্ব্বাপ্রতিগ্রাহো মৌলিকে কন্যকার্পণং।
ইতি বংশজধর্ম্মস্য নাশে হেতু দ্বিধা মতৌ।"১১

† "বংশজা দ্বিবিধা জ্ঞেয়াঃ প্রকৃতা বিকৃতাস্তথা।
পূর্ব্বজাঃ প্রকৃতাঃ প্রোক্তাঃ পরজা বিকৃতা মতাঃ। ১২।
বিষ্ণুধরো বৎসধরস্তথাচোক্তৌ শেষপতিশূলপাণী।
ইতি চত্বারঃ পূর্ব্বজাঃ পরজাস্ত্বন্যেঽপ্যবাগ্‌দানাৎ। ১৩।
এতেষাং বংশজানান্তু বংশজাতা অনেকশঃ।
বিখ্যাতাস্তেন তেনৈব প্রকৃতা বিকৃতা ইতি। ১৪।
প্রকৃতানান্তু গোত্রে দ্বে ঘৃতকৌশিকবাৎস্যকে।
তত্রাদিমান্ত্যয়োরাদ্যমন্তিমং মধ্যবর্ত্তিনোঃ। ১৫।
এষামিদানীমাহানাং নানাদেশে ব্যবস্থিতং।
তত্র প্রসিদ্ধা মহতী পুরী রাঢ়াপুরী মতা। ১৬।
বিকৃতানান্তু গোত্রাণি নিবাসাশ্চ পৃথক্ পৃথক্।
বিভক্তবহুদেশেষু কার্য্যকারণগৌরবাৎ॥"১৭ (কুলরহস্যে ২য় রহস্য)

পর্য্যন্ত যাঁহাদের আর্ত্তিদান, তাঁহারাই প্রকৃত মৌলিক। মৌলিকও আবার দুই প্রকার—সন্মৌলিক ও অসন্মৌলিক বা পচা মৌলিক। গঙ্গাধর রায়বার, জটাধর ভাণ্ডারি, কবি সুড়ঙ্গ ও গাঢ়মিশ্র এই চারিজনই আদি মৌলিক। এই চারিজনের বংশধরগণই সন্মৌলিক বলিয়া খ্যাত। এ ছাড়া অপর যাঁহারা অন্যপূর্ব্বাকন্যা গ্রহণ করিয়া মৌলিক হইয়াছেন, তাঁহারাই অসন্মৌলিক।*

সমাজস্থান—পূর্ব্বে গঙ্গা কালীঘাট দিয়া পূর্ব্বদক্ষিণাভিমুখী হইয়া রাজপুর, হরিনাভি, কোদালিয়া, চিংড়িপোতা, মালঞ্চ, মাইনগর, শাসন, বারুইপুর, ময়দা, বারাসত, জয়নগর, মজিলপুর, বিষ্ণুপুর প্রভৃতি গ্রাম দিয়া সাগরে মিলিত হইয়াছিলেন ;—তাই গঙ্গাবাস উপলক্ষে ঐ সকল গ্রামেই দাক্ষিণাত্য বৈদিকগণ বাস করিয়াছিলেন। বর্ত্তমানকালে গঙ্গা ঐ সকল স্থান হইতে অন্তর্হিতা হইলেও ঐ সকল গ্রাম আজও দাক্ষিণাত্য-বৈদিকগণের সমাজ বলিয়া খ্যাত। এই সকল স্থানের দাক্ষিণাত্য বৈদিকগণ বঙ্গদেশের সর্ব্বত্র সম্মানিত। বলিতে কি রাঢ়ী, বারেন্দ্র, পাশ্চাত্য বৈদিক প্রভৃতি ব্রাহ্মণগণের নিকট এই দাক্ষিণাত্য-বৈদিক-শ্রেষ্ঠগণই আচার্য্য বরণ পাইতেন। অদ্যাপি ঢাকা, বিক্রমপুর প্রভৃতি স্থানে অনেক ব্রাহ্মণগৃহেও এই বৈদিক ভিন্ন বৃষোৎসর্গাদি বৈদিক কর্ম্ম সম্পন্ন হয় না।

উপরে যে সকল সমাজ-স্থানের উল্লেখ করিলাম, ঐ সকল স্থানের বৈদিকবংশই শ্রেষ্ঠ ও সম্মানিত। তাঁহাদের আত্মীয় কুটুম্বগণ নানা স্থানে বিস্তৃত হইয়া পড়িয়াছেন।

চাংড়িপোতা ও তন্নিকটস্থ কোদালিয়া গ্রামে কএক ঘর মুখ্যকুলীন ঘৃতকৌশিকের বাস আছে ; তাঁহারা স্বসমাজে বিশেষ সম্মানিত। ইহারা সুপ্রসিদ্ধ সার্ব্বভৌম ভট্টাচার্য্যের কনিষ্ঠ বিদ্যাধর বাচস্পতির সন্তান বলিয়া পরিচয় দিয়া থাকেন। ইহারা আরও বলেন যে, চৈতন্য মহাপ্রভু প্রভৃতির তিরোধানের পর ক্ষুব্ধচিত্ত হইয়া বিদ্যাধর ৺পুরীধাম পরিত্যাগ পূর্ব্বক কলিকাতার দক্ষিণপূর্ব্ব বাঁশড়ার নিকটবর্ত্তী নদীতীরে সুজলা সুফলা ব্রহ্মোত্তর ভূমি পাইয়া তথায় বাস করেন। কুলরহস্যবর্ণিত দাক্ষিণাত্যগণের বৃত্তিভূমি "হোমড়া" বাঁশড়া হইতে বেশী দূর নহে। বিদ্যাধর-বংশের বিশ্বাস যে, বাঁশড়ার পার্শ্ব দিয়া যে প্রকাণ্ড নদী প্রবাহিত হইয়া সাগরে মিশিয়াছে, ঐ নদী উক্ত বিদ্যাধর বিদ্যাবাচস্পতির নামানুসারে অদ্যাপি "বিদ্যাধরী" নামে খ্যাত। বিদ্যাধরের পরবর্ত্তী বংশধরেরা উক্ত স্থান পরিত্যাগ করিয়া কোদালিয়া ও ইহার অনতিদূরবর্ত্তী চাংড়িপোতা গ্রামে আসিয়া বাস করেন। এই বংশে রামনারায়ণ তর্কগঞ্চানন নামে ন্যায় ও অন্যান্য শাস্ত্রবিদ্ একজন অসাধারণ পণ্ডিত জন্মগ্রহণ করেন। তিনি রাজপুর ও তৎসন্নিহিত বৈদিক সমাজের দলপতি ছিলেন।

সুপ্রসিদ্ধ সোমপ্রকাশ সম্পাদক দ্বারিকানাথ বিদ্যাভূষণও উক্ত বিদ্যাধরবংশে জন্ম গ্রহণ করেন। তিনি নৈয়ায়িক হরচন্দ্র ন্যায়রত্নের পুত্র। এই অসাধারণ গুণশালী নানা শাস্ত্রে সুপণ্ডিত "বিশ্বেশ্বরবিলাস," "গ্রাস" ও "রোমের ইতিহাস" প্রভৃতি বহুগ্রন্থ প্রণেতা বিদ্যাভূষণ মহাশয়ের সম্যক্ পরিচয় এখানে অসম্ভব। তিনি বঙ্গীয় সংবাদপত্রসমূহের আদর্শ সম্পাদক বলিলেও অত্যুক্তি হয় না। গবর্মেণ্ট সর্ব্বদাই সোমপ্রকাশের মত গ্রহণ করি-

---

* "অতঃপরং মৌলিকানাং ব্যবস্থানং নিয়ম্যতে।
কুলীনৈরপি পূজ্যন্তে যেঽন্যপূর্ব্বা-প্রদানতঃ ।১
কন্যাদানং বংশজেভ্যশ্চান্যপূর্ব্বাপ্রতিগ্রহঃ।
ইতি মৌলিকবংশ্যানাং লক্ষণং সমুদাহৃতং ।২।
আমূলাদন্যপূর্ব্বায়াঃ প্রতিগ্রহবশাদিমে।
মৌলিকা ইতি বিখ্যাতাস্তেষাং তদ্ধর্ম্মমিষ্যতে ।৩।
ন কুর্য্যাদর্থসম্বন্ধং কন্যাদানে কদাচন
বদন্তনর্থমত্যর্থমর্থসম্বন্ধতো বুধাঃ ।৪
বংশং কন্যা পাতয়তি ক্রেতুর্ব্বিক্রেতুরেব বা।
মৌলিকো বংশজো বাপি যঃ কশ্চিদপি বা ভবেৎ ।৫
ন বিক্রয়ে বিনিময়ে কন্যাং যুঞ্জীত কশ্চন।
দৃশ্যতে ব্যবহারে হি তাবুভাবর্থতঃ সমৌ ।৬।
প্রদায় কন্যামাদাতুঃ প্রতিগৃহ্লাতি যৎপরাং।
পরিবর্ত্ত ইতি খ্যাতো ধত্তে বিক্রয়বৎ ফলং ।৭।
ন পাপং দৃশ্যতে তাদৃগ্ যদ্ভবেচ্ছুল্কবিক্রয়াৎ।
অতস্তৌ পরিহর্ত্তব্যৌ গর্হিতাবপি গর্হিতৌ ।৮।
মৌলিকানাময়ং ধর্ম্মঃ পরমঃ পরিকীর্ত্তিতঃ।
পরিবর্ত্তার্থসম্বন্ধৌ যদ্দানে বর্জ্জিতাবুভৌ ৯।
ক্ষম্যোচিতার্ত্তয়ো নাম্না তেষাং দানানি চ ত্রিধা।
স্বজাতৌ বংশজস্তদ্বৎ কুলীনেঽপি যথাক্রমং ।১০।
আর্ত্তিদানাদ্যশোলাভো উচিতাদুচিতাস্পদং।
ক্ষম্যদানাত্ত সর্ব্বত্র গর্হিতাদ্যাতি নিন্দ্যতাং ।১১
সপ্তমং পুরুষং যাবদার্ত্তিদানং ভবেদ্যদি।
তদন্যপূর্ব্বাবৈমুখ্যে মৌলিকো বংশজায়তে ।১২
সদসাদ্ভেদতস্তে চ মৌলিকা দ্বিবিধাঃ স্মৃতাঃ।
সন্মৌলিকাস্তু প্রাচীনা অসন্তোঽর্ব্বাক্তনাস্তথা ।১৩
গঙ্গাধরো রায়বারো ভাণ্ডারিশ্চ জটাধরঃ।
কবিসুড়ঙ্গগাঢ়মিশ্রা ইমে চত্বার আদিমাঃ (?) ।১৪
এতেষাং বংশজাতা যে তে বৈ সন্মৌলিকা মতাঃ
অন্যপূর্ব্বাগ্রহাদন্যে ত্বসন্মৌলিকনামকাঃ ।১৫
তেষাং গোত্রাণি বাসাশ্চ পৃথক্ পৃথগুদাহৃতাঃ।
লেখ্যং প্রসঙ্গ-সঙ্গত্যা তৎসর্ব্বং পরতো ময়া ।"১৬। (কুলরহস্যে ৩য় রহস্য)

তেন। এক সময়ে বঙ্গবাসী মাত্রই নবপ্রকাশিত সোমপ্রকাশ পাঠ করিবার জন্য উৎসুক হৃদয়ে অপেক্ষা করিতেন। বিদ্যাভূষণ মহাশয়ের জ্যেঠ্‌তুতা ভাই ৺কৈলাসচন্দ্র বিদ্যারত্নও এক জন সুপণ্ডিত ছিলেন, তিনি "স্বরূপার্থবোধিনী" নামে সপ্তশতী চণ্ডীর এক অতি সরল টীকা রাখিয়া গিয়াছেন। আদিব্রাহ্মসমাজের উপাচার্য্য সুপ্রসিদ্ধ পণ্ডিত আনন্দচন্দ্র বেদান্তবাগীশ কোদালিয়ার ঘৃতকৌশিকবংশেই জন্মগ্রহণ করেন। তিনি কাশীতে গিয়া বেদবেদান্ত অধ্যয়ন করিয়া আসিয়াছিলেন।

রাজপুর, লাঙ্গলবেড় প্রভৃতি স্থানের ঘৃতকৌশিকগণও অতিসম্মানিত। তাঁহাদের পূর্ব্বপুরুষ মধ্যেও বহুখ্যাতনামা পণ্ডিত জন্মগ্রহণ করিয়াছিলেন। তন্মধ্যে অনন্তরাম কণ্ঠাভরণের পুত্র শ্যামসুন্দর ন্যায়পঞ্চাননের নাম প্রথম করা যাইতে পারে। তাঁহার পাণ্ডিত্যপ্রভাবে রাজপুর এক সময়ে "দক্ষিণ নবদ্বীপ" বলিয়া খ্যাত হইয়াছিল। তাঁহারই বংশে সংস্কৃত কলেজের প্রসিদ্ধ অধ্যাপক গিরিশচন্দ্র বিদ্যারত্ন জন্মগ্রহণ করেন। 'শব্দসার' নামক সংস্কৃত অভিধান বিদ্যারত্ন মহাশয়ের রচিত। তিনি জন্মভূমির অনাথ প্রতিপালনার্থ বিশ হাজার টাকা দান করিয়া গিয়াছেন। একজন অধ্যাপকের পক্ষে ইহা সামান্য প্রশংসার কথা নহে। মালঞ্চের নিকটবর্ত্তী লাঙ্গলবেড়ের ঘৃতকৌশিকগণ রাজপুরের ঘৃতকৌশিকগণেরই জ্ঞাতি, তাঁহারা মণিরামের প্রপৌত্র মহাদেবের সন্তান বলিয়া পরিচিত।

লাঙ্গলবেড়ের গৌতম গোত্রে সুপ্রসিদ্ধ স্মার্ত্ত পণ্ডিত ভরত শিরোমণি জন্মগ্রহণ করেন, বঙ্গদেশের পণ্ডিতসমাজে সর্ব্বত্রই তাঁহার প্রতিপত্তি ছিল। তিনি বিষ্ণ্বাদিশতক ও দত্তকচন্দ্রিকাদির টীকা রচনা করিয়া গিয়াছেন। হরিনাভির গৌতমগণও তাঁহাদের জ্ঞাতি। এখানকার গৌতমবংশে বাসুদেব বেদান্তবাগীশ, দুর্গারাম ন্যায়ালঙ্কার, হরিপ্রসাদ তর্কপঞ্চানন, দীননাথ বিদ্যালঙ্কার (ন্যায়রত্ন), গোবিন্দ তর্কপঞ্চানন, মধুসূদন বাচস্পতি, শিবশতক ও বৈদিক-কুলরহস্যপ্রণেতা প্রাণকৃষ্ণ বিদ্যাসাগর, তাঁহারই কনিষ্ঠ (কুলীনকুলসর্ব্বস্ব, নব-নাটক প্রভৃতি প্রণেতা) রামনারায়ণ তর্করত্ন প্রভৃতি পণ্ডিতগণ জন্মগ্রহণ করেন।

রাজপুর, হরিনাভি ও কোদালিয়ার কাশ্যপায়নবংশেও বহুপণ্ডিত জন্মগ্রহণ করেন। তন্মধ্যে জয়কৃষ্ণ বিদ্যাসাগর, ঈশান চূড়ামণি প্রভৃতি পণ্ডিতগণের নাম করা যাইতে পারে।

এতদ্ভিন্ন মুড়াগাছার দাক্ষিণাত্যবৈদিকবংশে প্রদ্যুম্নবিজয়প্রণেতা প্রসিদ্ধ পণ্ডিত রামতারণ শিরোমণির জন্ম। মজিলপুরের বাৎস্যবংশে "নলোপাখ্যান" প্রভৃতি গ্রন্থরচয়িতা হারানন্দ ভট্টাচার্য্য জন্মগ্রহণ করেন; সাধারণ ব্রাহ্মসমাজের প্রসিদ্ধ আচার্য্য শিবনাথ শাস্ত্রী উক্ত ভট্টাচার্য্য মহাশয়ের পুত্র।

দাক্ষিণাত্য বৈদিকসমাজের বিদ্যা ও ব্রাহ্মণ্যের জন্য যেরূপ খ্যাতি ও প্রতিপত্তি ছিল, এখন ক্রমেই তাহার অভাব লক্ষিত হইতেছে!

এই বৈদিক-সমাজের কুলগ্রন্থ ও সম্বন্ধনির্ণায়ক গ্রন্থাভাবে সকল গোত্রের বংশাবলি পাওয়া যায় না।

দাক্ষিণাত্য বৈদিকের বর্ত্তমান বাসস্থান—২৪ পরগণা ও নদীয়াজেলায়—১ রাজপুর ২ হরিনাভি ৩ মালঞ্চ ৪ মল্লিকপুর ২টী, ৬ গোবিন্দপুর ৭ লাঙ্গলবেড় ৮ শ্রীরামপুর ৯ বারদ্রোণ ১০ বোলসিদ্ধি, ১১ বারকুঁজী ১১ বুড়ুন ১৩ পাকুড়তলা ১৪ পাইকান ১৫ হাঁসুড়া ১৬ সেওড়দহ ১৭ মোল্লার চক ১৮ নিতরা ১৯ খনাৎপুর ২০ রঙ্গিলাবাদ ২১ বিষ্ণুপুর ২২ ঘাটেশ্বরা ২৩ বনমালিপুর ২৪ জয়নগর ২৫ মজিলপুর ২৬ দুর্গাপুর ২৭ বড়ু ২৮ বারাসত ২৯ গোকর্ণী ৩০ বেলেচণ্ডী ৩১ তসরলা ৩২ বারুইপুর ৩৩ ধবধবি ৩৪ রামনগর ৪৫ ময়দা ৩৬ কোদালিয়া ৩৭ চিংড়িপোতা ৩৮ গাজীপুর ৩৯ সোনারপুর ৪০ বোড়াল ৪১ জগদ্দল ৪২ সাপুর ৪৩ খিদিরপুর ৪৪ কালীঘাট।

শ্রীহট্ট বৈদিকসমাজ।

বৈদিক পুরাবৃত্ত ও "বৈদিক সংবাদিনী"-নামক কুলগ্রন্থ হইতে জানা যায়, ত্রিপুরার রাজাসনে আদি-ধর্ম্মপা নামক এক নৃপতি অধিষ্ঠিত ছিলেন। তাঁহার রাজপ্রাসাদোপরি একটী অশুভপক্ষী উপবেশন করিয়াছিল, ইহা অমঙ্গলকর জ্ঞান করিয়া তাহার শান্তির জন্য তিনি মন্ত্রিবর্গের সহিত পরামর্শ করেন। তখন শ্রীহট্টে বৈদিক ব্রাহ্মণ ছিলেন না। বৈদিক ব্রাহ্মণই অমঙ্গল দূর করিতে সমর্থ জানিয়া তাঁহার মন্ত্রিগণ উপদেশ দিলেন যে, মিথিলা হইতে চতুর্দ্দশ গুণোপেত ক্রিয়াবান্ বেদবিৎ পঞ্চগোত্রীয় পাঁচজন ব্রাহ্মণ আনয়ন করিয়া তাঁহাদিগের দ্বারা 'শাকুনিক' ও 'অগ্নিষ্টোম-যজ্ঞ' সম্পন্ন করিলে আপনার সর্ব্বাঙ্গীন মঙ্গল হইবে। ব্রাহ্মণদিগের নিকট এইরূপ উপদেশ পাইয়া মহারাজ আদিধর্ম্মপা অতি বিনীতভাবে মিথিলাধিপতির নিকট পাঁচজন বৈদিককর্ম্মতৎপর ব্রাহ্মণের জন্য অনুরোধপত্র প্রেরণ করিলেন।

মিথিলাদেশে তখন বলভদ্র নামক নৃপতি বর্ত্তমান ছিলেন। তিনি ত্রিপুরাধিপতির সবিনয় প্রার্থনাপত্র প্রাপ্তে সাতিশয় সন্তুষ্ট হইয়া বৎসগোত্রীয় শ্রীনন্দ, বাৎস্যগোত্রীয় আনন্দ, ভরদ্বাজগোত্রীয় গোবিন্দ, কৃষ্ণাত্রেয়গোত্রীয় শ্রীপতি ও পরাশরগোত্রীয় পুরুষোত্তম এই পাঁচজন বেদজ্ঞ ব্রাহ্মণকে ত্রিপুরায় গমন করিতে আদেশ করেন। নৃপাদেশ শুনিয়া সেই ব্রাহ্মণগণ সদাচারবহির্ভূত দেশ বলিয়া তথায় যাত্রা করিতে প্রথমে ইতস্ততঃ করেন, পরে লোকতঃ এবং শাস্ত্রতঃ অনুসন্ধান করিয়া যখন জানিলেন যে, সেই দেশ নীলপর্ব্বতের সিদ্ধক্ষেত্র কামরূপ-সীমান্তর্ব্বর্ত্তী এবং তথাকার

রাজা চন্দ্রবংশসম্ভূত ও বিবিধ গুণশালী, তখন তাঁহারা তথায় গমন করিতে সম্মত হইলেন এবং শুভদিন শুভলগ্নে দেশ হইতে যাত্রা করিয়া যথাসময়ে ত্রিপুরা-রাজধানীতে উপস্থিত হইয়া যথারীতি যজ্ঞ সমাপন করিলেন। শ্রীহট্টের অন্তর্গত ভানুগাছ পরগণার অধীন মঙ্গলপুর গ্রামে সেই প্রাচীনতম যজ্ঞকুণ্ডের চিহ্ন এখনও পরিলক্ষিত হইয়া থাকে।

যজ্ঞসমাপনান্তে ব্রাহ্মণগণ স্বদেশগমনোন্মুখ হইলে আদিধর্ম্মপা কৃতাঞ্জলিপূর্ব্বক প্রার্থনা করিলেন যে, আপনারা স্থায়িরূপে এই স্থানে বসতি করিলে আমি নিতান্ত কৃতার্থ হইব। রাজার বিনয়ে সন্তুষ্ট হইয়া ব্রাহ্মণগণ এদেশে চিরবাস করিতে সম্মত হইলেন। তখন ত্রিপুরাধিপতি অতিশয় আনন্দিত হইয়া ৫১ ত্রৈপুরাব্দে (৬৪১ খৃঃ অব্দে)* তাঁহাদিগকে নিজ রাজ্যে ব্রহ্মত্র দান করিলেন। এই প্রদত্ত ভূমিখণ্ডের পশ্চিম ও উত্তরসীমায় ক্রোশিরা নদী, দক্ষিণে হাঙ্কালা ও পূর্ব্বে কৌকিকাপুরী। টেঙ্গরী কুকি জাতির কর্ষিত স্থান বলিয়া ইহার পূর্ব্বনাম টেঙ্গরী বা টঙ্কারী ছিল।*

উক্ত শ্রীনন্দাদি ব্রাহ্মণপঞ্চক এক বৎসর কাল উক্ত স্থানে অবস্থিতি করিয়া স্বদেশে গমন করেন এবং তথা হইতে স্ত্রীপুত্রাদি ও আত্মীয় কুটুম্বগণসহ পুনর্ব্বার শ্রীহট্টস্থ নিজ নিজ অধিকৃত স্থানে আগমন করেন। বিপ্রগণ স্বদেশ হইতে আপনাপন ভার্য্যাকে আনয়নপূর্ব্বক টঙ্কারীপর্ব্বতে বাস করিতে থাকেন। টঙ্কারী পর্ব্বতস্থ স্ব স্ব অধিকৃত স্থান পাঁচভাগে বিভক্ত করায় উহা "পঞ্চখণ্ড" নামে খ্যাত হইল। শাস্ত্রীয় ক্রিয়াকাণ্ডে ও আদান প্রদানে অসুবিধা ঘটে বলিয়া তাঁহারা স্বদেশবাসী কাত্যায়ন, কাশ্যপ, মৌদ্গল্য, স্বর্ণকৌশিক ও গৌতম এই পঞ্চগোত্রীয় ব্রাহ্মণকে পরে আনয়ন করেন। কিন্তু নবাগত পঞ্চগোত্র অভিমানে পূর্ব্বাগত পঞ্চগোত্রীয়দিগের দানপ্রাপ্ত ভূমিতে বাস বা রাজার নিকট পৃথগ্‌ভাবে বাসভূমি গ্রহণ না করিয়া স্বয়ং ত্রিপুরারাজের প্রজাস্বরূপ উক্ত পঞ্চখণ্ডের অব্যবহিত পূর্ব্বদিগ্বর্ত্তী স্বতন্ত্র স্থানে বাস করিতে লাগিলেন। তাঁহাদের সকলেরই ক্রিয়াকলাপ মৈথিল কুলাচারে ও প্রাচীন প্রথানুসারে নির্ব্বাহ হইত এবং অদ্যাপি হইতেছে। বঙ্গের অন্যান্য স্থানের ন্যায় শ্রীহট্টে রঘুনন্দনের স্মৃত্যুক্ত ব্যবস্থা তেমন প্রচলিত নাই; কারণ এখানে মৈথিল বিপ্রগণেরই সম্যক্ প্রাধান্য।

শ্রীহট্টে উক্ত দশগোত্রীয় ব্রাহ্মণগণের এইরূপ স্থায়িভাবে অবস্থিতির ৫৫৩ বৎসর পরে বাৎস্যগোত্রীয় পূর্ব্বোক্ত আনন্দের বংশে নিধিপতি নামে এক ব্যক্তি অতি প্রসিদ্ধ হন।

৬০৪ ত্রিপুরাব্দে (১১৯৫ খৃষ্টাব্দে) ত্রিপুরেশ্বর স্বধর্ম্মপা, বাৎস্য-গোত্রীয় অগ্নি-হোত্রী নিধিপতি তপস্বীকে একখণ্ড বিস্তীর্ণ-ভূমিদান করেন। ইহা পূর্ব্বোক্ত ধর্ম্মপা-প্রদত্ত ভূমির শত গুণ পরিমিত হইবে। এই ভূমি-খণ্ডে—পাথারিয়া, ছোটলেখা, বড়লেখা, লঙ্গলা, কানিহাটি, ব্রহ্মচাল, ভাটেরা, ঘিলাছড়া, মণ্ডরাপুর, ইন্দানগর, ইন্দেশ্বর, ইটা, আলিনগর, সমসের নগর, ছয়চিরি, ভানুগাছ, বালিশিরা, চৌতলী এবং চৌয়ালিশ ও সায়েস্তা নগর এই কুড়িটী পরগণা বর্ত্তমান আছে। প্রবাদ এই যে, নিধিপতি সুপ্রসিদ্ধ চন্দ্রনাথ-তীর্থ-দর্শন মানসে স্বীয় পুরোহিত বিদ্যাবিনোদ চক্রবর্ত্তী সহ ত্রিপুরায় উপনীত হইলেন। তৎকালে চন্দ্রনাথ-তীর্থে যাওয়া সহজব্যাপার ছিলনা। ত্রিপুরাধিপতির নামাঙ্কিত অনুমতিপত্র সঙ্গে না লইলে সমীপবর্ত্তী অসভ্য-জাতিরা যাত্রীর উপরে বড়ই দৌরাত্ম্য করিত। এই জন্য অনুমতি-পত্র-গ্রহণাভিলাষে নিজ পুরোহিত সহ নিধিপতি ত্রিপুরা রাজধানীতে উপস্থিত হইলেন। তখন রাজা স্বধর্ম্মপা অন্তঃপুরে ছিলেন; নিধিপতি অনেকক্ষণ প্রতীক্ষা-করিয়াও রাজদর্শন পাইলেন না। ক্ষুণ্ণ নিধিপতি রাজার জন্য নীত-আশীর্ব্বাদ-পুষ্প তত্রস্থ আলান-স্তম্ভে স্থাপনপূর্ব্বক প্রস্থান করেন। আশীর্ব্বাদ-পুষ্প-মাহাত্ম্যে মুহূর্ত্ত-মধ্যে সেই শুষ্ক-কাষ্ঠের স্তম্ভ অঙ্কুরিত ও শাখা-প্রশাখায় শোভিত হইল দেখিয়া প্রহরীগণ ভীতচিত্তে এই বিস্ময়কর ব্যাপার মহারাজকে নিবেদন করিল। রাজা স্বয়ং বহির্ব্বাটীতে গমনপূর্ব্বক এই আশ্চর্য্যজনক ঘটনা দেখিয়া বুঝিতে পারিলেন যে, আগন্তুকগণ সামান্য ব্রাহ্মণ নহেন। যদি তাঁহারা কুপিত হইয়া থাকেন, তবে ব্রহ্ম-শাপে বিনষ্ট হইতে হইবে। উঁহাদের সন্তোষ জন্মাইতে না পারিলে রক্ষার আর কোন উপায়ই নাই ভাবিয়া অশ্বারোহণপূর্ব্বক দ্বিজগণের সমীপবর্ত্তী হইয়া সাষ্টাঙ্গ প্রণিপাত সহ স্বীয় অপরাধ মার্জ্জনার জন্য ভিক্ষা চাহিলেন। ক্ষমাশীল তপস্বিদ্বয় রাজার এবম্বিধ কাতরতা ও বিনীত ব্যবহারে প্রসন্ন ও চন্দ্রনাথতীর্থ হইতে প্রত্যাগমন কালে ত্রিপুরা রাজ-

* এইরূপ দান-পত্রের প্রতিলিপি দেখান হইয়া থাকে যথা—

"ত্রিপুরাপর্ব্বতাধীশঃ শ্রীশ্রীযুক্তাদিধর্ম্মপাঃ।
সমাজ্ঞং দত্তপত্রঞ্চ মৈথিলেষু তপস্বিষু॥
বৎস-বাৎস্য-ভরদ্বাজ-কৃষ্ণাত্রেয়-পরাশরাঃ।
শ্রীনন্দানন্দগোবিন্দ-শ্রীপতি-পুরুষোত্তমাঃ॥
প্রতীচ্যামুত্তরস্যাঞ্চ বক্রগা ক্রোশিরা নদী।
দক্ষিণস্যাঞ্চ পূর্ব্বস্যাং হাঙ্কলা-কৌকিকাপুরী॥
এতন্মধ্যাৎ সশস্যা যা টেঙ্গরি-কুকিকর্ষিতা।
প্রাগ্‌লব্ধা তদ্ভূমির্দত্তা তেষু পঞ্চতপস্বিষু॥
মকরস্থে রবৌ শুক্লে পক্ষে পঞ্চদশীদিনে।
ত্রিপুরা চন্দ্রবাণাব্দে প্রদত্তা দত্তপত্রিকা॥"

ধানীতে যাইতে প্রতিশ্রুত হইলেন। বিপ্র-গণের নিরাপদে তীর্থ-দর্শনের-জন্য ত্রিপুরাধিপতি তাঁহাদের সঙ্গে কতিপয় রক্ষী-সৈন্য পাঠাইলেন। যথাকালে তীর্থকার্য্য সমাপনপূর্ব্বক নিধিপতি পুরোহিত সহ রাজধানীতে আসিলে, ত্রিপুরেশ্বর অমাত্য-বর্গের সহিত প্রত্যুদ্গমনপূর্ব্বক তাঁহাদের সম্বর্দ্ধনা করিলেন। রাজা কায়মনোবাক্যে তাঁহাদের সেবা করিতে লাগিলেন। রাজা স্বধর্ম্মপার ঐকান্তিক প্রার্থনায় এবং স্বীয় জ্ঞাতি-বন্ধুগণও এদেশেই বাস করিতেছেন দেখিয়া নিধিপতি এই দেশে বাস করিতে স্বীকৃত হইলেন। ত্রিপুরেশ্বর সানন্দ মনে নিধিপতিকে ৬০৪ ত্রিপুরাব্দে (খৃঃ অঃ ১১৯৫) বৈশাখী শুক্লা তৃতীয়ায় বিস্তীর্ণ একখণ্ড ভূমিদান পূর্ব্বক এই দেশে স্থাপন করিলেন। চন্দ্র-বংশীয় রাজার প্রদত্ত বিশেষতঃ ভূমিদান গ্রহণ শাস্ত্র-মতে দূষণীয় নয় বলিয়া নিধিপতি তাহা গ্রহণ করিলেন। রাজা যে দানপত্র দ্বারা ভূমি দিলেন তাহার প্রতিলিপি এইরূপ,—

"ত্রিপুরাপর্ব্বতাধীশঃ শ্রীশ্রীযুক্তস্বধর্ম্মপাঃ।
সমাজ্ঞং দত্তপত্রঞ্চ মৈথিলায় তপস্বিনে ॥ ১।
শ্রীনিধিপতি-বিপ্রায় বাৎস্য-গোত্রায় ধর্ম্মিণে।
প্রাচ্যাং লংলাই কুকিস্থানং প্রতীচ্যাং গোপলা নদী ॥ ২।
চন্দ্রসিংহত্রিপুরস্য দক্ষিণস্যামরণ্যকং।
ক্রোশিরা-নদ্যুত্তরস্যাং প্রাগুক্তস্থানমেব হি ॥ ৩।
এতন্মধ্যা সশস্যা যা মনু-কুলপ্রদেশিনী।
সাপি প্রদত্তা তস্মৈ তদ্বৈদিকায় তপস্বিনে ॥ ৪।
শুক্ল-পক্ষে তৃতীয়ায়াং দিনে মেষগতে রবৌ।
চতুঃষষ্ঠ শতাব্দে তু ত্রৈপুরে দত্তপত্রিকা ॥ ৫।"

নিধিপতি স্বীয় দান-প্রাপ্ত-ভূমির অন্তর্গত ইটা পরগণায় বাস-স্থান-মনোনীত করিলেন। পূর্ব্বে এই স্থানের কি নাম ছিল, তাহা জানিবার উপায় নাই। নিধিপতি ইটাপরগণার ভূমিউড়া গ্রামে এওলাতলী খণ্ডে আবাস-বাটিকা নির্ম্মাণ করিয়াছিলেন। এই সময়ে তাঁহার পুত্র খ্যাতনামা পণ্ডিত ভূধর জন্ম গ্রহণ করেন।

ইটা জনপূর্ণ নগরে পরিণত হইলে, নিধিপতি রাজনগরে রাজধানী স্থাপন ও অব্যবহিত-পূর্ব্বদিগ্বর্ত্তী পর্ব্বতে দুর্গ নির্ম্মাণ করেন। আজও সেই রাজ-বাটীর ও দুর্গের ধ্বংসাবশিষ্ট চিহ্ন বর্ত্তমান আছে। নিধিপতির অধস্তন সপ্তম পুরুষে নানা গুণবান্ শুভরাজখান জন্ম গ্রহণ করেন। ইনি স্বীয় গুণ-গৌরবে দিল্লী-শ্বরের নিকট হইতে "খান" উপাধি লাভ করেন। তাঁহার শাসন-গুণে দেশে চোর বা দস্যুভয় মাত্র ছিল না। শুভরাজ খান একটী দীর্ঘিকা খনন করাইয়াছিলেন; সেই দীর্ঘিকার পশ্চিম-তীরে রাজধানী স্থাপন করাই তাঁহার ইচ্ছা ছিল, কিন্তু কি কারণে তাঁহার সেই ইচ্ছা পূর্ণ হয় নাই তাহা বলা যায় না। অদ্যাপি দীর্ঘিকাটী "শুভ রাজখাঁর দীঘী" বলিয়া খ্যাত।

শুভরাজ খানের কীর্ত্তিমান্ পুত্রই সুবিখ্যাত রাজা ভানু-নারায়ণ। ইঁহার বীরত্ব অদ্যাপি লোক-মুখে কীর্ত্তিত হয়। কথিত আছে যে, কমলপুরের রাজা চন্দ্রসেন, ত্রিপুরেশ্বরের অধীনতা অস্বীকারপূর্ব্বক রাজ-কর দেওয়া বন্ধ করিলে তাঁহাকে ধৃত করিবার জন্য তিনি সৈন্য প্রেরণ করেন। কিন্তু তদীয় সেনা-পতি নিজে সেই যুদ্ধে পরাস্ত হইয়া অবশিষ্ট সৈন্য সহ রাজা ভানুনারায়ণের শরণাপন্ন হন। তেজস্বী ভানুনারায়ণের বীর-হৃদয়ে ত্রিপুরাপতির এ অপমান শেলের ন্যায় বিদ্ধ হইল। তিনি ত্রিপুরাধিপের পরাজিত সেনাপতি ও সেনাগণকে উৎসাহ-দানপূর্ব্বক স্বীয় সেনাগণ সহ চন্দ্রসেনকে আক্রমণ করেন, তাহাতে চন্দ্রসেন ধৃত ও শৃঙ্খলাবদ্ধ হইলেন। শৃঙ্খলিত চন্দ্রসেন রাজধানীতে নীত হইলেন এবং কাতরভাবে বারংবার প্রার্থনা করিয়া প্রাণমাত্র ভিক্ষা পাইলেন। বলা বাহুল্য যে, উন্নত-হৃদয় ভানুনারায়ণের দয়াতেই চন্দ্রসেন মৃত্যু-দণ্ড হইতে অব্যাহতি লাভ করেন।

সেনাপতির মুখে ভানুনারায়ণের বীরত্ব-কাহিনী শুনিয়া ত্রিপুরাপতি অতিশয় আনন্দিত হইলেন। কেবল ভানু নারায়ণের বীরত্ব-বলেই-ত্রিপুরার গৌরব রক্ষিত হইয়াছে জানিয়া, ত্রিপুরাপতি চন্দ্রসেনের রাজ্যসহ তাঁহাকে "রাজা" উপাধি দান করিলেন্। যথাকালে, ত্রিপুরেশ্বর রাজনগরে শুভাগমনপূর্ব্বক মহাড়ম্বরে ভানুনারায়ণের অভিষেকক্রিয়া সম্পাদন করেন। রাজা ভানুনারায়ণের সুবিদ্ (সুবুদ্ধি) নারায়ণ, ধর্ম্মনারায়ণ, রামচন্দ্রনারায়ণ ও রূপচন্দ্রনারায়ণ নামে চারি পুত্র ছিলেন। পিতার মৃত্যুর পর জ্যেষ্ঠ সুবিদ্নারায়ণ সিংহাসনাধিরূঢ় হইলেন। ইঁহার শাসনে প্রজাবর্গের সুখ-সৌভাগ্য বর্দ্ধিত হয়। ইনি দুষ্টের শাসক ও শিষ্টজনের পালক এবং অল্প বয়সেই নানা গুণযুক্ত হইয়াছিলেন। ফলতঃ রাজা সুবিদ্ নারায়ণ নিরুপদ্রবে কাল যাপন করিতেছিলেন। রাজ-কার্য্যে, কনিষ্ঠ ধর্ম্মনারায়ণ তাঁহার সহায় ছিলেন। ধর্ম্মনারায়ণ পিতার ন্যায় অতীব তেজস্বী ছিলেন। একদা কোনও সামান্য বিষয়ে মতভেদ হওয়ায়, ধর্ম্মনারায়ণ বাটী পরিত্যাগ করিলে, ভ্রাতৃবৎসল সুবিদ্নারায়ণ মিষ্ট বাক্যে তাঁহাকে শান্ত করেন। ইনি রাজনগরের উত্তর দিকে নূতন বাটী নির্ম্মাণের অভিপ্রায়ে "সাগরদীঘী" নামক জলাশয় খনন করাইয়া চতুর্দ্দিকে গড় প্রস্তুত করাইতেছিলেন। কিন্তু এই সময়ে এক প্রতিকূল ঘটনায় তাঁহার সমস্ত আশা নির্ম্মূল করিল।

রাজা মানসিংহের তাড়নায় পাঠানেরা উড়িষ্যা পরিত্যাগ-পূর্ব্বক বাঙ্গালায় প্রবেশ করে। মোগল-সেনা কর্ত্তৃক অনুসৃত

হইয়া পাঠানেরা সুদূর শ্রীহট্টে আশ্রয় গ্রহণ করিল। খাজা ওসমান পাঠানদিগের দলপতি ছিলেন। তিনি শ্রীহট্টে আসিয়া রাজনগরের পূর্ব্বদিকে "বাড়ুয়া পাহাড়ে" এক দুর্গ নির্ম্মাণ করেন। অদ্যাপি তাহা "ওস্মানের গড়" নামে প্রসিদ্ধ। রাজ্য স্থাপনাপেক্ষা লুণ্ঠনই পাঠানদের স্পৃহণীয় ছিল। সহসা একদিন পাঠানেরা দিবা দ্বিপ্রহরের সময় রাজনগর আক্রমণ করিল। রক্ষিসেনাগণ অপ্রস্তুত ছিল, যবনসেনার গতিরোধ করিতে না পারিয়া তাহারা পলায়ন করিল। পাঠানেরা প্রথমেই লুণ্ঠনে প্রবৃত্ত হইল। রাজা সুবিদ্ নারায়ণ ইষ্ট-পূজায় ছিলেন; আত্ম-রক্ষায় নিরুপায় হইয়া বিষ-পানে প্রাণত্যাগ করিলেন। রাজ-পরিবার-বর্গ সকলেই ধর্ম্মনাশ ভয়ে পলায়ন করিলেন; কেবল শিশু-রাজকুমার চতুষ্টয় যবন হস্তে পতিত হইয়া মুসলমানধর্ম্মে দীক্ষিত হইলেন।

ধর্ম্মনারায়ণ দক্ষিণাভিমুখে গিয়া ছয়চিরি পরগণার পশ্চিমস্থ পাহাড়ে আশ্রয় গ্রহণ করিলেন; এই পর্ব্বতে ধর্ম্মনারায়ণ কর্ত্তৃক নির্ম্মিত ক্ষুদ্র কেল্লা আছে। তিনি পর্ব্বতের পাদদেশে বাটী নির্ম্মাণ ও একটী বৃহৎ জলাশয় খনন করাইয়া কিছুদিন তথায় বাস করেন। পরে বিষ্ণুপুর গ্রামে একটী সুবৃহৎ দীর্ঘিকা খনন করাইয়া তথায় বাটী নির্ম্মাণ ও চতুর্দ্দিকে ২টী করিয়া ৮টী মৃন্ময় গড় প্রস্তুত করাইলেন। ধর্ম্মনারায়ণ বিষ্ণুপুরের বাটীতেই বাস করিতে লাগিলেন; অদ্যাপি তাঁহার বংশধরগণ বিষ্ণুপুরের বাটী-তেই বাস করিতেছেন। আজিও ধর্ম্মনারায়ণের "সাগরদীঘী" ও নষ্টপ্রায় গড়গুলি তাঁহার কীর্ত্তি ঘোষণা করিতেছে। সুবিদ্-নারায়ণের রাজত্ব মোগলসাম্রাজ্যভুক্ত হইলে, তাঁহার ও ধর্ম্ম নারায়ণের বংশধরেরা "চৌধুরাই" সনন্দ প্রাপ্ত হন। সুবিদ্-নারায়ণের পুত্রগণ ইটা পরগণা ও ধর্ম্ম-নারায়ণের পুত্র মাধবরায় ছয়চিরি পরগণা প্রাপ্ত হইলেন; অবশিষ্ট সম্পত্তি সরকারে জব্দ হইল।

রাজা সুবিদ্নারায়ণই শ্রীহট্টের ব্রাহ্মণদের শ্রেণী-বিভাগ পূর্ব্বক সমাজ-বন্ধন করেন। তিনি সমাজ-পতি ছিলেন; আজ পর্য্যন্তও তদ্বংশীয়গণ শ্রীহট্টের ব্রাহ্মণ-সমাজের উচ্চতম স্থানে অধিষ্ঠিত আছেন। রাজ-বংশীয় বলিয়া ইঁহাদের সামাজিক সম্মান সর্ব্বাপেক্ষা অধিক। এখনও এই বংশীয়গণ যাজন ও মন্ত্রদানাদি ব্যবসায় বা কোনরূপ প্রতিগ্রহ করেন না। ইঁহারা এরূপ অপ্রতিগ্রাহী যে, কুটুম্ব ভিন্ন অন্যের নিমন্ত্রণও গ্রহণ করেন না। এ বংশের বিপ্রহরি যোগ-সিদ্ধ উদাসীন পুরুষ ছিলেন। প্রবাদ আছে যে, ইনি বাঘে চড়িয়া সর্ব্বত্র যাতায়াত করিতেন।

নিধিপতি-বংশীয় গুড়াভূই ও নন্দনগরবাসিগণের উপাধি "রায় চৌধুরী"। সিঙ্গুরবাসিগণের উপাধি ভট্টাচার্য্য ও শিকদার আর মথুরা-নগর বাসিগণের উপাধি ভট্টাচার্য্য। রায় চৌধুরীরা সাধারণতঃ মিরাশদার। ইঁহারাও যাজনাদি ব্যবসায় বা কোনরূপ প্রতিগ্রহ করেন না; ফলতঃ ধর্ম্ম নারায়ণের বংশধরগণ ও ইঁহারা সর্ব্বাংশে তুল্য। ভট্টাচার্য্য ও শিকদারগণের ব্যবসায় গুরুতা ও মিরাশদারী।

বৎসগোত্র-শ্রীনন্দবংশ—এই বংশীয়গণ ঢাকা-দক্ষিণ পর-গণার রায়গড়, দক্ষিণ ভাগ (নওয়াই), রেঙ্গা পরগণার কান্দিয়ার চর এবং বুরুঙ্গায় (পূর্ব্ব নাম বরগঙ্গা) বাস করিতেছেন। উঁহা-দের সাধারণ উপাধি চৌধুরী, ভট্টাচার্য্য, পুরকায়স্থ, চক্রবর্ত্তী, গোস্বামী। পুরকায়স্থ ও চক্রবর্ত্তীগণ যাজন ও চাকরী ইত্যাদি ব্যবসায়ী। গোস্বামী ও ভট্টাচার্য্যদের ব্যবসায় মন্ত্র ও ব্যবস্থা দান। প্রবাদ এইরূপ, চৈতন্যদেব এই বংশে জন্মগ্রহণ করেন। বৈদিক কুলমঞ্জরী, কুলপঞ্জিকা, ৺রামশরণ দে কৃত চৈতন্য-বিলাস, প্রদ্যুম্ন মিশ্রের চৈতন্যোদয়াবলী ও বংশতালিকাই প্রমাণ স্বরূপ উদ্ধৃত হইয়া থাকে।

বাৎস্যগোত্র—আনন্দ বংশ। এখন এই বংশের নির্ণয় করা যায় না। জয়পুরের ভট্টাচার্য্যগণ এই বংশীয় বলিয়া বোধ হয়।

নিধিপতিবাৎস্য—নিধিপতির পুত্র ভূধরের বংশ বহু-বিস্তৃত। ব্রহ্মচাল ও ছয়চিরি ভিন্ন আর কোনও স্থানেই ভানু-নারায়ণের বংশধর নাই। ভূধরের বংশজগণের অধিকাংশই ইটার ভিন্ন ভিন্ন গ্রামে আছেন। যাঁহারা মহাদেবী-বড়-কাফনে বাস করেন, তাঁহাদের উপাধি শিকদার; ব্যবসায় যাজন ও মন্ত্রদান। ইটার পঞ্চেশ্বরে, ব্রহ্মাণে ও বনভাগ পরগণার কালী-জুরী গ্রামে ভানুনারায়ণের বংশীয় চৌধুরী উপাধিধারিগণের বাস; ইঁহাদের ব্যবসায় মিরাশদারী ও মন্ত্রদান। কালীজুরী-বাসিগণ কোনও নির্ব্বাসিতা রাজ-মহিষীর গর্ভ-জাত বলিয়া প্রবাদ আছে।

বিদ্যা-বিনোদ-বাৎস্য—কেবলমাত্র ইটার ভূমিউড়া গ্রামে এই বংশীয়দের বাস; ইঁহারা নিধিপতিপুরোহিত বিদ্যাবিনোদ চক্রবর্ত্তীর বংশধর। পুরুষানুক্রমে এই বংশীয়গণ ধর্ম্মনারায়ণের বংশজগণের পুরোহিত। সাম্প্রদায়িক সমাজেই ইঁহাদের আদান প্রদান ছিল।

ভরদ্বাজ-গোবিন্দ-বংশ—ইটা পরগণার টেঙ্গরা, বালি-সহস্র, বালিশিরা পরগণার রাজাপুর ও লঙ্গলা পরগণার নর্ত্তন এবং ভট্টাচার্য্য গ্রামে এই গোত্রীয়গণের বাস দেখিতে পাওয়া যায়। ইঁহাদেরও পূর্ব্ব বাসস্থান পঞ্চখণ্ড। বালিশিরাবাসিগণের উপাধি শিকদার এবং আর সকলের উপাধি ভট্টাচার্য্য। টেঙ্গরার ভরদ্বাজবংশীয় রামভদ্র ভট্টাচার্য্য মুর্শিদাবাদের নবাবের সভা-

পণ্ডিত ও জগন্নাথ ন্যায়বাগীশ জয়ন্তীয়ার রাজসভা-পণ্ডিত ছিলেন। নর্ত্তনের উমাকান্ত বিশারদ বিখ্যাত পণ্ডিত ছিলেন; আজিও সেই বংশীয়গণ "বিশারদ" উপাধিধারী। ভট্টাচার্য্যের গ্রামের সুবিখ্যাত জগন্নাথ শিরোমণি অসামান্য প্রতিভাশালী পণ্ডিত ছিলেন। ইনি স্বীয় পাণ্ডিত্যগুণে নবাব হইতে বিস্তীর্ণ লাখেরাজ ভূমি প্রাপ্ত হন। বর্ত্তমানেও নর্ত্তন ও ভট্টাচার্য্যের গ্রামের ভরদ্বাজবংশে নানাশাস্ত্রবিশারদ পণ্ডিত বর্ত্তমান আছেন।

কৃষ্ণাত্রেয়গোত্র শ্রীপতি বংশ—এই বংশীয়গণ, পঞ্চখণ্ড পরগণার নয়াগ্রাম, খাসা, সুপাতলা ও অনিপণ্ডিত, চুড়খাই পরগণার কলিশাসন, ইটা পরগণার টেঙ্গরা, মহাদেবী-বড় কাফন, দাসপাড়া, লঙ্গলার নর্ত্তন, ব্রহ্মচাল পরগণার সিঙ্গুর, ছয়চিরি পরগণার শ্রীনাথপুর, ঢাকা দক্ষিণ পরগণার কানিশাইল ও তরফ পরগণার জয়পুর, ও কচুয়াদি গ্রামে বাস করেন। এই গোত্রে অনেক খ্যাতনামা পণ্ডিত ও সিদ্ধপুরুষ জন্ম গ্রহণ করেন। মহাদেবী-বড়-কাফন গ্রামে রামভদ্র বাচস্পতি, কৃষ্ণরাম ন্যায়ালঙ্কার, রামশরণ বিদ্যাবাগীশ প্রভৃতি অনেক খ্যাতনামা পণ্ডিত ও সিদ্ধপুরুষ ছিলেন। লক্ষ্মীকান্ত তর্কালঙ্কারের "তন্ত্র কৌমুদী", "তন্ত্ররত্ন" নামক গ্রন্থদ্বয়, ৺শ্রীধর ভট্টাচার্য্য মহাশয় কৃত "অন্তর্যাগসপর্য্যা" ও "দিনকৃতসপর্য্যা" এবং মহেশ্বর তর্কালঙ্কারের কৃত "ন্যায়প্রদীপ", "কৃত্যপ্রদীপ", "ধর্ম্মপ্রদীপ", "কালপ্রদীপ", "বর্ষপ্রদীপ", "আহ্নিকপ্রদীপ", "দেশপ্রদীপ" প্রভৃতি ২৮ খানা প্রদীপাভিধেয় গ্রন্থ আছে। এই বংশীয়গণের বিশ্বাস, ভারতবিখ্যাত ন্যায়শাস্ত্রবিশারদ রঘুনাথ শিরোমণি এই বংশেই জন্ম গ্রহণ করেন। কেহ কেহ আবার তাঁহাকে কাত্যায়ন গোত্রজ বলেন। কাত্যায়ন গোত্রজবাদীরা বলেন, রঘুনাথ শিরোমণি খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে জন্ম গ্রহণ করিয়া ষোড়শ শতাব্দীর মধ্য ভাগে পরলোকগমন করেন। কাত্যায়ন বংশতালিকা দৃষ্টে জানা যায়, রঘুনাথ রাজা সুবিদ্‌নারায়ণের দুহিতৃপতি রঘুপতির সহোদর ভ্রাতা। পক্ষান্তরে পূর্ব্বেই বলা হইয়াছে যে, ষোড়শ শতাব্দীর শেষভাগে সুবিদ্‌নারায়ণ রাজাসনে অধিষ্ঠিত ছিলেন। ১৬০৫-১৬১০ খৃষ্টীয় অব্দে তাঁহার রাজত্ব যায়। আর যখন পাঠানেরা রাজনগর অধিকার করে, তখনও সুবিদ্‌নারায়ণ বৃদ্ধ হন নাই; সম্ভবতঃ অর্দ্ধবয়স্ক ছিলেন। এই হিসাবে সুবিদ্‌নারায়ণের জন্ম খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর শেষার্দ্ধভাগের প্রথম অংশে (১৫৫১-১৫৬০ খৃঃ অঃ)। রঘুনাথ হইতে বর্ত্তমান বংশধর নবম পুরুষ অধস্তন মাত্র। কাজেই এ রঘুনাথকে খৃষ্টীয় সপ্তদশ শতাব্দীর পূর্ব্বতন বলা যাইতে পারে না। কিন্তু কৃষ্ণাত্রেয় গোত্রীয় রঘুনাথ শিরোমণি হইতে অধস্তন চতুর্দ্দশ পুরুষ বিদ্যমান। সুতরাং এ রঘুনাথকে চারিশত বৎসরের পুরাতন অর্থাৎ খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর বলা যাইতে পারে। তাহা হইলে ইনিই চৈতন্যদেবের সমকালবর্ত্তী হইতেছেন। যাহা হউক নৈয়ায়িক শিরোমণি রঘুনাথের প্রকৃত বংশপরিচয় সম্বন্ধে এখনও আমরা নিঃসন্দেহ হইতে পারি নাই।

এই গোত্রের পঞ্চখণ্ডনিবাসী রামেশ্বর ভট্টাচার্য্যের সহধর্ম্মিণী জ্যোতিষে দ্বিতীয় খনা ছিলেন। এখানকার বৈদিকেরা মনে করেন, নবদ্বীপের ন্যায়শাস্ত্রের গৌরব শ্রীহট্টের সাম্প্রদায়িক সমাজ হইতেই প্রতিষ্ঠিত ও বিস্তৃত হয়।

নর্ত্তনের চক্রবর্ত্তি বংশীয় সুপ্রসিদ্ধ তান্ত্রিক কামদেব চক্রবর্ত্তী সিদ্ধপুরুষ ছিলেন। নবাব সরকারে ইঁহার অতিশয় প্রতিপত্তি ছিল।

পরাশরগোত্র পুরুষোত্তম বংশ—এই গোত্রীয় ব্রাহ্মণগণ পঞ্চখণ্ড পরগণার অনিপণ্ডিত গ্রামে এবং ইটা পরগণার দেবীপুর ও কাছাড়ি গ্রামে বাস করিতেছেন। এই গোত্রেও অনেক পণ্ডিত জন্মগ্রহণ করিয়াছেন।

শ্রীহট্টের সাম্প্রদায়িক সমাজভুক্ত পরবর্ত্তিকালে আগত কাশ্যপাদি পঞ্চগোত্রের আগমন কাল নিশ্চয়রূপে বলা যায় না। নিম্নে এই পাঁচগোত্রের সংক্ষিপ্ত বিবরণ দেওয়া গেল।

কাশ্যপ—ত্রিপুরেশ্বর আদি-ধর্ম্মপার যজ্ঞের সদস্য গদাধর মিশ্রের পৌত্র হলধর ও দামোদর মিশ্র শ্রীহট্টে আসিয়া বাস করেন। ইঁহাদের আদি বাসস্থান মিথিলা। ধর্ম্মপ্রচারার্থ হলধর ও তৎপর দামোদর এদেশে আসেন। হলধরের বংশধরগণ ডলা, হংসখলা, গোবিন্দবাটী, সাতখাঁও পরগণার পাথারিকুল ও রঙ্গপুর জেলার ভিতরবন্দে বাস করিতেছেন। দামোদরের সন্তানেরা ইটার মহাসহস্র গ্রামে বাস করিতেছেন। এই গোত্রেই সুপ্রসিদ্ধ পণ্ডিত "বৈদিক পুরাবৃত্ত"-প্রণেতা জগদানন্দ তর্কবাগীশ, ভবানীপ্রসাদ ভট্টাচার্য্য, ও মহাসহস্র-নিবাসী হরবল্লভ তর্কভূষণ প্রভৃতি মহাপুরুষ ও সিদ্ধগণ জন্মগ্রহণ করিয়া কুলকে গৌরবান্বিত করিয়াছেন। অনেকেই বিশেষতঃ হরবল্লভ তর্কভূষণ মুর্শিদাবাদের নবাব সরকারে যোগ-বল প্রদর্শনে খ্যাতি, লাখেরাজ ভূমি ও রাজসভাপণ্ডিতের পদ লাভ করিয়াছিলেন। ৺ভবানীপ্রসাদ ভট্টাচার্য্য অল্প বয়সে ন্যায়, স্মৃতি, কাব্য, ও ব্যাকরণাদি শাস্ত্রে অলৌকিক পাণ্ডিত্য লাভ করিয়া মানবলীলা সংবরণ করেন।

স্বর্ণকৌশিক—এই গোত্রীয়েরা পঞ্চখণ্ড পরগণার খাসা গ্রামে বাস করেন।

মৌদ্গল্য—এই বংশের আদি পুরুষ বোধ হয় সর্ব্বশেষে শ্রীহট্টে আসেন। ইঁহারা যে, কান্যকুব্জাগত, তাঁহাদের "পশ্চিমা" কুলোপাধিই সে বিষয়ের প্রমাণ। ঢাকা দক্ষিণপরগণার

কানিশাইল গ্রামে এই বংশজগণের বাস। এই বংশের ৺কৃষ্ণচন্দ্র সিদ্ধান্তবাগীশ মহাশয় ন্যায়শাস্ত্রে অদ্বিতীয় ও প্রতিভাবান্ পণ্ডিত ছিলেন। নবদ্বীপে ইঁহার চতুষ্পাঠী ছিল। আরও অনেক মহাপুরুষ এই বংশকে স্বীয় স্বীয় গৌরবে উজ্জ্বল করিয়াছেন।

কাত্যায়ন—এই বংশীয়গণ প্রথমে শ্রীহট্টের বাণিয়াচঙ্গ পরগণায় ছিলেন; পরে তথা হইতে ইটার ভূমি-উড়ায় আসেন। ভূমি-উড়া হইতে একটী শাখা পাঁচগাঁও এবং একটী শাখা পঞ্চখণ্ডে গিয়া বাস করেন। ইঁহারাও মৈথিল বটেন, তবে বঙ্গদেশ হইতে শ্রীহট্টে আসিয়াছেন বলিয়া জানা যায়।

এই বংশীয় দিব্যসিংহ বাণিয়া-চঙ্গের রাজা ছিলেন, এবং বিখ্যাত গোবিন্দসিংহ লাউড়ে নূতন রাজধানী স্থাপন করেন। ইনিই ইতিহাসে "লাউড়িয়া গোবিন্দ" নামে প্রসিদ্ধ। একই সময়ের লাউড় ও গৌড়পতিদ্বয়ের নাম "গোবিন্দ" থাকায় লোকে লাউড়পতিকে "লাউড় গোবিন্দ" এবং গৌড়ের অধিপতিকে "গৌড়গোবিন্দ" বলিত। লাউড় গোবিন্দ দিল্লীতে গিয়া মুসলমান ধর্ম্মাবলম্বন করেন। অদ্যাপি তাঁহার বংশীয় "দেওয়ান' উপাধিধারিগণ বাণিয়াচঙ্গে বাস করিতেছেন।

প্রবাদ আছে যে, পূর্ব্বকালে—যখন বাণিয়াচঙ্গ পরগণা ও তচ্চতুষ্পার্শ্ববর্ত্তী ভূমিখণ্ড জলময় ছিল, তখন জনৈক বঙ্গদেশীয় বেণে (বণিক্) নৌকারোহণপূর্ব্বক বাণিজ্যার্থ এদেশে আসিতেছিল। শাক্তবেণের নৌকায় ইষ্টদেবী কালিকার পাষাণমূর্ত্তি ছিলেন; বণিক্ প্রত্যহ দেবীর পূজা না করিয়া জলগ্রহণও করিত না। দৈব বশতঃ অহোরাত্র মধ্যে স্থলভূমি না পাওয়ায় বেণে মার পূজাদি করিতে পারিল না; সুতরাং তাহার বা মাঝিরও আহারাদি হইল না। ক্রমাগত নৌকাচালনে মাঝি অতিশয় ক্লান্ত ও অবসন্ন হইল। এই বিপদে পড়িয়া বেণে ও মাঝি অশ্রুবিসর্জ্জনপূর্ব্বক উচ্চৈঃস্বরে মা! মা! বলিয়া কাতর কণ্ঠে রোদন করিতে লাগিল। দেখিতে দেখিতে সন্ধ্যা হইল; নৌকা যথেচ্ছভাবে চলিল। ভক্তবৎসলা মার কৃপায় নৌকা ক্ষুদ্র একখণ্ড স্থলভূমিতে লাগিয়া স্থির হইল। বেণে ও মাঝি নৌকার বাহিরে গিয়া দেখিল যে ক্ষুদ্র স্থলভূমিতেই নৌকা লাগিয়াছে। তাহারা সানন্দে এই ভূমিখণ্ডে অবতরণপূর্ব্বক মা-র পূজান্তে আহার করিল। রাত্রে সেই ক্ষুদ্রতম দ্বীপেই তাহারা নিদ্রিত হইল। প্রভাতে যখন বেণে দেবীকে নৌকায় আনিতে গেল, তখন বিস্তর যত্ন করিয়াও তাহারা মা-র পাষাণ-মূর্ত্তি উত্তোলনে সমর্থ হইল না; যেন কতই ভারী! ভক্ত বেণে বুঝিল, ইহা দেবীর ছলনা মাত্র, নতুবা প্রত্যহ যে মূর্ত্তিকে অনায়াসে স্থানান্তরিত করে, আজ কেন সেই মূর্ত্তিকে অতি চেষ্টায়ও নিতে পারিতেছে না? বেণে নিরুপায় হইয়া নিরাহারে শয়ন ও দেবীর ধ্যান করিতে করিতে নিদ্রিতাবস্থায় স্বপ্ন দেখিল, যেন মা বলিতেছেন, "বৎস! এখানে থাকিয়াই আমার সেবা কর—তোমার মঙ্গল হইবে।" প্রভাতে বেণে ও মাঝি দেখিল, যে বিস্তীর্ণ স্থান পূর্ব্ব দিনেও গভীর জলমগ্ন ছিল, আজ তাহা শ্যামল দূর্ব্বাদল-শোভিত স্থল-ভূমিতে পরিণত হইয়াছে। বেণের ও মাঝির আনন্দের সীমা রহিল না; তাহারা সেখানে থাকিয়াই মার সেবা করিতে লাগিল। অল্পদিন মধ্যেই সেই সুন্দর ভূমি-খণ্ডে নানা স্থান হইতে লোক আসিয়া বাস করায় উহা একটী জনপূর্ণ লোকালয়ে পরিণত হইল। বেণে ও চঙ্গ (চণ্ডাল) মাঝির অধ্যুষিত স্থান বলিয়া লোকে এই নব প্রদেশকে "বেণে-চঙ্গ" (বাণিয়া চঙ্গ) নামে অভিহিত করিল। পণ্য-জীবী বেণে দেবীর কৃপায় বাণিয়া-চঙ্গের রাজা হইল বটে, কিন্তু তাহার স্ত্রী-পুত্রাদি কেহই ছিল না। মৃত্যুর কিয়দ্দিন পূর্ব্বে সে দেবীমন্দিরস্থ কাত্যায়ন গোত্রীয় জনৈক ব্রহ্মচারীকে স্বীয় রাজত্ব সহ দেবীর সেবার ভারার্পণ করিল। ব্রহ্মচারী রাজত্ব পাইয়া গার্হস্থ্যাশ্রমে বাসপূর্ব্বক দেবীর সেবার বন্দোবস্ত করিয়া দিলেন। পরবর্ত্তীকালে এই ব্রহ্মচারীর বংশেই রাজা দিব্যসিংহের জন্ম হয়। সেই দেবীমূর্ত্তি অদ্য পর্য্যন্ত বাণিয়া-চঙ্গের অধিষ্ঠাত্রী আছেন; মাহাত্ম্যও চতুর্দ্দিকে ব্যাপ্ত। বেণে-চঙ্গ সমভূমি, শত্রু পক্ষ সহজে আক্রমণ করিতে পারে ভাবিয়া গোবিন্দ সিংহ দুরাক্রম্য পর্ব্বতসঙ্কুল লাউড়ে রাজধানী স্থাপন করেন।

রঘুপতি—রাজনগরের রাজা সুবিদ্‌নারায়ণের রম্ভাবতী নাম্নী কন্যা খঞ্জা থাকায় যথাকালে যোগ্য-পাত্রে বিবাহ দিতে না পারিয়া ক্ষুব্ধ-রাজা একদিন প্রতিজ্ঞা করিলেন যে, আগামী কল্য প্রত্যূষে প্রথমে যে ব্রাহ্মণকে দেখিব, তাঁহাকেই কন্যা দান করিব। কাত্যায়ন গোত্রীয় হরিহর ব্রহ্মচারীর বংশধর রঘুপতি ভট্টাচার্য্য প্রাতে রাজবাড়ীর নিকট দিয়া যাইতেছিলেন, সেই সময়ে রাজা সুবিদ্‌নারায়ণও দেবতা প্রণাম করিবার জন্য ঠাকুরবাড়ীতে আসিতেছিলেন। সহসা রাজার চক্ষুঃ রঘুপতির প্রতি নিক্ষিপ্ত হইল। রাজা স্বীয় প্রতিজ্ঞারক্ষার্থ রঘুপতির সহিতই খঞ্জা কন্যার বিবাহ দিলেন এবং জামাতার গ্রাসাচ্ছাদনার্থ পাঁচ খানা গ্রাম ও আবাসবাটী দান করিলেন। তদবধি সেই যৌতুকপ্রদত্ত ভূমি "উঢ়া-ভূমি" এই অর্থে ভূমি-উঢ়া নামে খ্যাত হইয়াছে। রঘুপতির সহোদরের নাম রঘুনাথ, ইহারও শিরোমণি উপাধি ছিল; কেহ কেহ ইহাকেই সেই ভারতবিখ্যাত রঘুনাথ শিরোমণি মনে করেন।

কাত্যায়ন বংশে হরিকান্ত ন্যায়বাগীশ, রাজগোবিন্দ সার্ব্ব-

ভৌম প্রভৃতি অনেক পণ্ডিত জন্মগ্রহণ করিয়া বংশকে পবিত্র করিয়াছেন। সার্ব্বভৌম মহাশয় তৎকালে শ্রীহট্টের সর্ব্বপ্রধান পণ্ডিত ছিলেন।

গৌতম—কেবল মাত্র ইটা পরগণার কায়স্থ গ্রামে এই গোত্রীয়গণ আছেন। কি কারণে, বলা যায় না যে, পূর্ব্বাবধিই ইহারা সাম্প্রদায়িক সমাজের নিম্নস্তরে অবস্থিত।

মহামহোপাধ্যায় শূলপাণি ও স্মার্ত্তচূড়ামণি বাচস্পতি মিশ্র কৃত স্মৃতিগ্রন্থাবলীই শ্রীহট্টের বৈদিক চতুষ্পাঠী সমূহে অধীত হয়, এবং এই সকল গ্রন্থোক্ত ব্যবস্থানুসারেই এখানকার সমস্ত কার্য্য সম্পন্ন হয়। এখানে পাঁচ গোত্রীয় ব্রাহ্মণেরই প্রাধান্য। কামরূপের কোন কোন আচার ইঁহাদের মধ্যে সংক্রামিত হইয়াছে। ইঁহাদিগকে মাঙ্গল্যকর্ম্মের পূর্ব্বে শক্তিপূজা, বলিদান, শাখাটবৃক্ষে রূপেশ্বরী এবং মহাদেবের পূজা করিতে হয়। প্রসূত বালকের জন্মদিন হইতে ষষ্ঠ দিবসে ভূতদৈত্যাদি পূজাপূর্ব্বক সূতিকাষষ্ঠী ও তদন্তে বকুলপত্রাদি দ্বারা হোম করিতে হয়। যে সকল বংশ বীরাচারে সিদ্ধিলাভ করিয়াছিলেন, তাঁহারা পুরুষপরম্পরায় মৎস্য ও বেদবোধিত মাংসাহার করেন। বরাহ মাংস কামরূপান্তর্গত দেশের জন্য ব্যবস্থা থাকিলেও পাশ্চাত্য বৈদিক-সমাজ এ ব্যবস্থার অনুগামী নহেন। এখানে বেদোক্ত স্ত্রী-ধর্ম্ম, আশ্রম-ধর্ম্ম, ব্রহ্মচর্য্য ও সন্ন্যাসাদি সমস্ত প্রচলিত আছে। সংসর্গপাতকী কামরূপী ব্যবস্থার দোহাই দিয়া এখানে অব্যাহতি পায় না। এখন যাঁহারা কামরূপে ৺ কামাখ্যা-দেবীর মন্দিরের পুরোহিত, তাঁহারাও পাশ্চাত্য বৈদিক, কিন্তু ইঁহাদের মধ্যে বৃদ্ধা-বিধবাদের পর্য্যন্ত অলঙ্কার (চুড়ী বালা, মাকড়ী, ফুল ইত্যাদি) দৃষ্ট হয়। সম্ভবতঃ তাঁহারা "ব্রহ্মচর্য্যব্রতং নচ" বচনের অনুগমন করিয়াছেন। শ্রীহট্টের বৈদিক সমাজে এরূপ ব্যবহার কোথাও দেখা যায় না। এখানকার সাম্প্রদায়িকগণের সাধারণতঃ ব্যবস্থাদান, যাজন ও গুরুতাই উপজীবিকা। অল্পলোকেই চাকরী করিয়া থাকেন।

শ্রীহট্টের সাম্প্রদায়িকগণের মধ্যে চৈতন্যমহাপ্রভুর পিতা জগন্নাথ মিশ্রের পিতামহ মধুকর মিশ্র নামান্তর শিবরাম মিশ্র বৈদিকশ্রেণির বৎস গোত্রীয়। এই বংশে অধুনা প্রবাদ এইরূপ যে, মধুকর মিশ্র কবি বিদ্যাপতির সময়ে শ্রীহট্টের বুরুঙ্গা নামক স্থানে আসিয়া বাস করেন। কিন্তু এ প্রবাদ প্রামাণিক বলিয়া মনে হয় না। মহাপ্রভুর পূর্ব্বপুরুষ যাজপুরবাসী ছিলেন। তাহা পূর্ব্বেই লিখিত হইয়াছে।*

খৃষ্টীয় ১৫শ শতাব্দে উৎকলপতি ভ্রমরবরের উৎপীড়নে মধুকর শ্রীহট্ট দেশে পলাইয়া আসেন। এ সময়ে বিদ্যাপতির খ্যাতি সর্ব্বত্র প্রচারিত হইতেছিল। মধুকর বিদ্যাপতির "দুর্গাভক্তি-তরঙ্গিণী" অনুসারে দুর্গাপূজা করিয়াছিলেন বলিয়া প্রবাদ আছে। বুরুঙ্গাবাসী মধুকরবংশীয়গণ মাত্র বিদ্যাপতির মতানুসারে আজও দুর্গাপূজা করিয়া থাকেন। ইহা হইতেই বোধ হয় মধুকরকে কেহ কেহ মিথিলাবাসী বলিয়া মনে করিয়া থাকিবেন। এই মধুকরের বংশ অতি বিস্তৃত। ইঁহাদের মধ্যে অনেক বিখ্যাত পণ্ডিত জন্মগ্রহণ করিয়াছেন।

মধুকর ও অপরাপর প্রসঙ্গ হইতে জানা যায় যে নানাস্থান হইতে বৈদিকগণ আসিয়া শ্রীহট্টের পাশ্চাত্য বৈদিক সমাজের পরিপুষ্টি সাধন করিয়াছেন। আবার এখানকার কোন কোন বৈদিকসন্তান পূর্ব্ববঙ্গের পাশ্চাত্য বৈদিক সমাজেও পরে সম্মিলিত হইয়া এখন পাশ্চাত্য বৈদিক বলিয়াও গণ্য হইতেছেন।

যাহা হউক,—শ্রীহট্টে বৈদিকগণের মধ্যে বৎস, বাৎস্য ভরদ্বাজ, কৃষ্ণাত্রেয়, পরাশর, কাত্যায়ন, কাশ্যপ, মৌদ্গল্য, স্বর্ণকৌশিক, ও গৌতম এই দশ গোত্রই সাম্প্রদায়িক বলিয়া গণ্য।*

মিথিলা হইতে প্রথমাগত দশগোত্রের প্রথম ব্যক্তি হইতে জীবিত বংশধরগণ মধ্যে প্রায় ৩৯।৪০ পুরুষ দৃষ্ট হয়।

বৈদিকা (স্ত্রী) ভূমিজম্বুবৃক্ষ, চলিত বনজাম। (বৈদ্যকনি°)

বৈদিশ (পুং) ১ বিদিশার অধিবাসী। ২ বিদিশার নিকটবর্ত্তী নগর। বর্ত্তমান নাম বেশনগর।

বৈদিশ্য (ত্রি) বিদিশার অদূরভব (নগর)। (সিদ্ধান্তকৌ°)

বৈদু (বৈদ্য), বোম্বাই প্রেসিডেন্সীবাসী এক শ্রেণীর বৈদ্য। হাতুড়িয়া বৈদ্যের ন্যায় বা বেদে জাতির মত চিকিৎসা করাই ইহাদের ব্যবসা। ইহারা পথে ঘাটে এবং গ্রাম হইতে গ্রামান্তরে যাইয়া ভেষজ ও নানাবিধ ঔষধাদি বিক্রয় করিয়াও জীবিকা নির্ব্বাহ করে। প্রকৃত পক্ষে ইহাদিগকে ভ্রমণশীল তেলগু ভিক্ষুক বলিলেও চলে। আন্ধ্রাদনগরবাসী বৈদুদিগের মধ্যে ভোইবেদু, ধাঙ্গড়বৈদু, কোলিবৈদু ও মালী বৈদু নামে চারিটী স্বতন্ত্র থাক আছে। উহারা স্ব স্ব শ্রেণীতে প্রধান। এক শ্রেণীর লোকে অন্য শ্রেণীর কন্যা গ্রহণ করে না। অথবা একত্র আহার বিহার করে না। ইহাদের মধ্যে বংশগত কোন উপাধি

* দাক্ষিণাত্য বৈদিক প্রসঙ্গে প্রমাণ দেখ।

* "বৎস-বাৎস্য-ভরদ্বাজকৃষ্ণাত্রেয়পরাশরাঃ।
কাত্যায়নাঃ কাশ্যপাশ্চ মৌদ্গল্যাঃ স্বর্ণকৌশিকাঃ।
গৌতমা বৈদিকাঃ সর্ব্বে মৈথিলে সাম্প্রদায়িকাঃ।
চতুর্দ্দশগুণৈর্মিশ্রা মহামান্যাস্তপস্বিনঃ॥
এষাং দশ গোত্রীয়াণাং বংশজা বর্ত্তমানজাঃ।
যে যত্রাপ্যুষিতা মান্যা প্রধানাঃ সদ্গুণাশ্রয়াঃ॥"
(বৈদিক সংবাদিনী)

নাই। একই বংশে নিকট সম্বন্ধ ও স্বর্য্য কুটুম্বিতা পরিত্যাগ করিয়া ইহারা পরস্পরে আদান প্রদান করে। উপরি বর্ণিত কয়টী থাকের মধ্যে আকৃতিগত, আহার্য্য সম্বন্ধীয়, স্বভাবগত, আচারগত ও জাতীয় ব্যবসাগত বিশেষ কোন পার্থক্যই নাই।

পুণার বৈদুদিগের মধ্যে ঝুলিবালে, চটেবালে ও দাড়িবালে নামে তিনটী স্বতন্ত্র থাক আছে। উহারাও পরস্পরের মধ্যে আদানপ্রদান বা আহারবিহারাদি করে না। ঝুলিবালেদিগের মধ্যে আকপ্পা, আম্বিলে, চিৎকল, কোড়ঘণ্টি, মানপাতি, মেট-কল, পরকাঁটী ও সিদ্ধাড়ে নামে কয়টী বংশগত উপাধি দৃষ্ট হয়। ইহাদের অন্তর্গত এক উপাধিধারী ব্যক্তিগণের মধ্যে বিবাহাদি চলে না। দাক্ষিণাত্যের অন্যান্য স্থানের বৈদুদিগের মধ্যে ইহাদের আচার-ব্যবহারই অনেকটা উচ্চ শ্রেণীর হিন্দুর মত, তবে তাহার সহিত জাতি-গত অনেক আচারবৈষম্যেরও সন্নিবেশ দেখা যায়।

ইহারা গৃহে তেলগু ও বাহিরে ভাঙ্গা মরাঠিভাষায় কথা কয়। উত্তর আর্কট জেলাস্থ তিরুপতির বেঙ্কট-রমণ এবং পুণার চতুঃশৃঙ্গী দেবতাকে ইহারা বিশেষ ভক্তি করে। তদ্ভিন্ন ইহাদের স্বতন্ত্র কুলদেবতা আছেন। প্রতি বৎসর আশ্বিন মাসে দশেরা উৎসবের সময় ইহারা ভেড়ার মাংস রন্ধন করিয়া কুলদেবতাকে ভোগ দেয় এবং তাহার পর প্রসাদ গ্রহণ করে। এ ছাড়া আর কোন পর্ব্বেই ইহাদের উপবাস বা পারণ নাই। নিষিদ্ধ মাংস (গো ও শূকর) ব্যতীত ইহারা অন্য সকল পশু-পক্ষীর মাংসই খাইয়া থাকে। অভাবে শাক সবজীর ব্যঞ্জন, অন্ন ও যবের রুটী ইহাদের প্রধান খাদ্য। ইহারা স্ত্রীপুরুষে মদ্য গাঞ্জা ও তামাকু পান করে, কিন্তু ভাঙ্ বা অহিফেন সেবন করে না।

ইহারা সাধারণতঃ মাথায় শিখা ও দাড়ি রাখে। যদি কেহ দাড়ি কামায় বা ছাটিয়া ফেলে, তাহা হইলে সে জাতি-চ্যুত হয়। পুরুষেরা মাথায় পাগড়ী, গায় জামা ও ইজার বা কাপড় এবং পায় জুতা ও খড়ম পরে। রমণীরা ঘাঘরা কাঁচলী গায় দেয়। অলঙ্কারের মধ্যে হাতে কাচের বা টিনের চুড়ী ও গলায় প্রবালের মালা ধারণ করে।

ইহারা কৃষ্ণবর্ণ দৃঢ়কায় ও বলিষ্ঠ; অন্য কোন কর্ম্মই করে না। কেবল বন্য প্রদেশে যাইয়া গাছগাছড়া খুজিয়া আনে এবং গ্রাম বা নগরে গৃহস্থের বাড়ী বাড়ী ঘুরিয়া ঔষধ বিক্রয় করিয়া বেড়ায়। আমাদের দেশে বেদেরা যেমন "দাঁতের পোকা ভাল করি, বাত ভাল করি," বলিয়া রাস্তায় রাস্তায় ঘুরিয়া বেড়ায়, ইহারাও তদ্রূপ "মন্দুর মাত্র বৈদ, নাড়ী পরীক্ষা বৈদ, গর্ম্মি বৈদ, পিত্তবৈদ, স্ত্রী ও পুরুষের নানারোগ ভাল করা বৈদ" বলিয়া ডাকিয়া যায়। আবশ্যক হইলে ইহারা জলৌকা বসাইয়া বা তামার কোণাকার চোঙ্গ বসাইয়া রোগীর রক্তমোক্ষণ করে, কখন বা মন্ত্র পাঠ দ্বারা উপস্থিত সাধারণকে কৌশলে মোহাভি-ভূত করিয়া অর্থ উপার্জ্জন করে। ঔষধবিক্রয়কালে ইহারা বিশেষ চতুরতার সহিত লোককে ছলনা করিয়া প্রবঞ্চনা করে। ইহারা মলিন স্বভাব; ইহাদের পুরুষেরা কখন ঔষধবিক্রয় কখন বনে বনে শিকার করিয়া বেড়ায়। রমণী ও বালকেরা ঐ সময়ে পথে পথে নাচিয়া গাইয়া ভিক্ষা করিয়া থাকে।

ইহারা সদাই আনন্দে কালযাপন করে। সঞ্চয়ের ভাবনা রাখেনা। সমস্ত দিনে যাহা সংগ্রহ করিতে পারে, তাহা আনিয়া রাঁধাবাড়া করে ও মহানন্দে ভোজন করিয়া থাকে। পয়সা অধিক পাইলেই স্ত্রীপুরুষে মদ্যপান ও গীতবাদ্যে লিপ্ত হয়। কখন কখন পুরুষেরা বনভাগে যাইয়া পশু পক্ষী শিকার করিয়া এবং রমণী ও বালকেরা পথে পথে ভিক্ষা করিয়া কালযাপন করে, তখন তাহারা আর ঔষধাদি বিক্রয় করিতে যায় না।

স্থানীয় সমাজে তাহারা কৃষক জাতির নিম্নে আসন পাইয়া থাকে। ধর্ম্মকর্ম্মে তাহাদের বিশেষ আস্থা নাই। গিরি বা তিরুপতি নামক স্থানের ব্যাঙ্কোরা মূর্ত্তিই তাহাদের প্রধান উপাস্য। তাহারা কখন তীর্থযাত্রা করে না বা কেহ কোন দেবমূর্ত্তি পূজার জন্য সঙ্গে লইয়া বেড়ায় না। দশেরা ভিন্ন অপর পর্ব্বে তাহারা দেবোদ্দেশে উপবাস বা পারণ করে না। বিবাহ বা অন্যান্য ক্রিয়া কর্ম্মে তাহারা কখন কখন স্থানীয় জোষীদিগকে পৌরোহিত্যে নিযুক্ত করে। তাহাদের কোন গুরু বা আচার্য্য নাই। ভূতযোনি, ভবিষ্যদ্বাণী বা ডাইন পাওয়া সম্বন্ধে তাহাদের বিশ্বাস নাই।

ইহাদের মধ্যে বাল্যবিবাহ, বহুবিবাহ ও বিধবাবিবাহ প্রচলিত আছে। প্রসবের পর প্রসূতিকে কাঁচা যবের চূর্ণ সিদ্ধ করিয়া গুড় সহ খাইতে দেওয়া হয়। জাত বালককে দ্বাদশ কি ত্রয়োদশ দিনেই সকলে কোলে লয় এবং সেই বালকের নামকরণ করে। পুত্র সন্তান হইলে ঐ দিনে নাপিত আসিয়া মস্তক মুণ্ডন করিয়া স্নান করাইয়া দেয়।

সাধারণতঃ যুবকের ২৫ বৎসরে এবং বালিকাগণ যৌবনে পদার্পণ করিলেই তাহাদের বিবাহ হয়। সেব গাঁওর মাধি নামক স্থানে প্রতি বৎসর ফাল্গুন মাসে বৈদুরা সমবেত হয়। ঐ স্থানে বরের পিতা কন্যার পিতাসমক্ষে বিবাহের প্রস্তাব উত্থাপন করে। তাহাতে যদি কন্যার পিতা সম্মত হয়, তাহা হইলে বরের বাপ কন্যার পিতা, কন্যা ও তাহার আত্মীয়গণকে নিজ গৃহে নিমন্ত্রণ করিয়া আনে এবং কন্যাকে যৌতুক স্বরূপ একটী মুদ্রা ও অভ্যা-গতগণকে পাণ দিয়া তুষ্ট করে। ইহাই তাহাদের বিবাহবন্ধন।

যদি সেই পাণ দানের পর, বিবাহ সম্বন্ধ ভঙ্গ করে, তাহা হইলে সে সমাজচ্যুত হয়। সাধারণতঃ পুত্রকন্যার শৈশবকালেই সম্বন্ধ স্থির হয়, কিন্তু বিবাহ কন্যা বয়স্থা না হইলে হয় না।

বিবাহের কালে কন্যার পিতা যদি বরের পিতার নিকট হইতে কন্যাপণ আদায় করে, তাহা হইলে সে সমাজ কর্ত্তৃক বহিষ্কৃত হয়। তাহাদের বিবাহে মন্ত্র বা দেবপূজাদির ব্যবহার নাই; কেবল বিবাহের দিনে বর ও কন্যাপক্ষীয়েরা স্ব স্ব গ্রামের মারুতিমন্দিরে আসিয়া সেই সেই মূর্ত্তিকে তৈল ও সিন্দুর মাখাইয়া থাকে এবং একটী নারিকেল ভাঙ্গিয়া দেবতার পদদ্বয় ধৌত করে। তার পর বর বংশবাদ্য সহকারে বরযাত্রী লইয়া কন্যার বাড়ীতে যায়। তখন বর ও কন্যাকে একটী মাদুরের উপর বশাইয়া দেওয়া হয়। অতঃপর নাপিত আসিয়া প্রথমে চিমটা দিয়া বরের কপালের কয়েক গাছি চুল তুলিয়া পরে শিখা ব্যতীত মস্তক মুণ্ডন ও শ্মশ্রু বপন করে। তারপর দম্পতীকে উষ্ণ জলে স্নান করান হয়। তদনন্তর ব্রাহ্মণ বা গৃহের কোন বিবাহিত পুরুষ আসিয়া উভয়ের বস্ত্রাগ্র পরস্পরে বাঁধিয়া দেয়, ইহাকে গাইট বন্ধন বলে। ইহার পর বরের গলায় পুষ্পমালা ও কন্যার গলায় পবিত্রসূত্র মালাকারে পরাইয়া দেওয়া হয়।

পুরোহিত গাঁইট-বন্ধন সমাপনান্তে দক্ষিণা লইয়া চলিয়া গেলে, বালিকার গণ্ডদ্বয়ে হরিদ্রা ও কপালে সিন্দুর দেওয়া হয়। তৎপরে জ্ঞাতিকুটুম্বের ভোজ ও কন্যাকে লইয়া বরের স্বগৃহে আগমন। কন্যা ঋতুমতী হইলে তিনদিন অশৌচ অবস্থায় এক স্বতন্ত্র স্থানে অবস্থান করে। চতুর্থ দিনে তাহাকে স্নান করান ও তদন্তে সিন্দুর পরান হয়।

তাহারা শবদেহ সমাহিত করে। ঐ সময়ে দুই ব্যক্তি একটী বংশদণ্ডের ঝোলায় শব বসাইয়া সমাধিক্ষেত্রে আনে ও কবরে শবদেহ স্থাপন করিয়া লবণ ও মৃত্তিকা দ্বারা ঐ গর্ত্ত পূর্ণ করিয়া দেয়, তারপর শবের উদ্দেশে আম্বিল্ (ভাতের পিণ্ড) প্রস্তুত করিয়া কবরের উপর রাখিয়া সকলে গৃহে প্রত্যাগত হয়। কেহ কেহ মৃতের জন্য অশৌচ পালন করে, কাহারাও বা আত্মীয়ের মৃত্যুর জন্য আদৌ অশৌচ স্বীকার করে না। তাহাদের প্রেতোদ্দেশে কোন শ্রাদ্ধাদি ক্রিয়া বা মানসিক তর্পণাদি নাই। দ্বাদশ কি ত্রয়োদশ দিনে তাঁহারা স্বজাতিকে ভাত খাওয়াইয়া থাকে। বৈদুদের মধ্যে যাহারা জাঁতা ভাঙ্গে অথবা গদী শেলাই করে, তাহারা অচিরে স্বজাতি কর্ত্তৃক পরিত্যক্ত হয়। তাহাদের মধ্যে জাতীয়তা বিশেষভাবে বর্ত্তমান আছে। প্রতিবৎসর ফাল্গুন মাসে সেব গাঁওর মাধিনগরে ইহাদের যে সামাজিক বৈঠক বসে তাহাতে পাতিল (মোড়ল) আসিয়া উপস্থিত হন। নিজাম রাজ্যে তাঁহার বাস, তিনি আসিয়া সামাজিক বিবাদের মীমাংসা করিয়া দেন।

বৈদুঁখা একজন মোগল বীর। হলাকু খাঁর পৌত্র ও তুরাখাই খাঁর পুত্র। ১২৯৫ খৃষ্টাব্দে কৈখাতুর মৃত্যুর পর তিনি পারস্যের সিংহাসনে অভিষিক্ত হন এবং ৭ মাস কাল রাজত্ব করেন। আঘুন খাঁর পুত্র ঘাজান খাঁ তাঁহার ভ্রাতুষ্পুত্র ছিলেন। ঘাজান আত্মরক্ষার জন্য ষড়যন্ত্র করিয়া রাজা ও খুল্লতাত বৈদুকে রাজ্যচ্যুত ও নিহত করিয়াছিলেন।

ইংরাজী ইতিবৃত্ত নিচয়ে বৈদু 'বাতু' নামে বর্ণিত হইয়াছেন। ১২৩৫ খৃষ্টাব্দে বৈদু ৫ লক্ষ কপ্‌চক্ মোগলের দলপতি হইয়া রুষসাম্রাজ্যের পূর্ব্বাংশ অধিকার করেন এবং রাইজান, মস্‌কো, ব্লাডিমীর প্রভৃতি সমৃদ্ধ নগর লুণ্ঠনপূর্ব্বক ধ্বংস করিয়া দেন।

বৈদুরিক (ত্রি) বিদুর কর্ত্তৃক কৃত। (ভাগবত° ১।১০)

বৈদুল (ক্লী) বেতসমূল। (সুশ্রুত)

বৈদুষ (ত্রি) বিদ্বস্ (প্রজ্ঞাদিভ্যশ্চ। পা ৫।৪।৩৮) ইতি স্বার্থে অণ্। বিদ্বান্, পণ্ডিত।

বৈদুষ্য (ক্লী) বিদুষঃ কর্ম্ম ভাবো বা বিদ্বস্-ষ্যঞ্। পণ্ডিতের ভাব বা কর্ম্ম।

বৈদূর, মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণকণাড়া জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ১৩° ৫২´ ১৫´´ উঃ এবং দ্রাঘি° ৭৪° ৩৯´ ৩´´ পূঃ।

বৈদূরপতি (পুং) বৈদূর জনপদের অধিপতি।

বৈদূর্য্য (ক্লী) বিদূরাৎ প্রভবতীতি বিদূর (বিদূরাৎ ঞ্যঃ। পা ৪।৩।৮৪) ইতি ঞ্য। মণি বিশেষ, এই মণি কৃষ্ণপীতবর্ণ, এই মণির অধিষ্ঠাত্রী দেবতা কেতু। কেতুগ্রহ বিরুদ্ধ থাকিলে এই মণিধারণ করায় শুভ হয়। পর্য্যায়—বালবায়জ, কেতুরত্ন, কৈতব-প্রাবৃষ্য, অভ্ররোহ, খরাজাঙ্কুর, বিদূররত্ন, বিদূরজ। গুণ—অম্ল, উষ্ণ, কফ ও বায়ুনাশক, গুল্ম ও শূলপ্রশমক। ইহা ধারণেও শুভ ফল হইয়া থাকে। (রাজনি°)

বৈদূর্য্য রত্ন মহারত্ন মধ্যে গণনীয়। কাহারও কাহারও মতে, এই রত্ন বিদূর পর্ব্বতে উৎপন্ন হয় বলিয়া ইহার নাম বৈদূর্য্য হইয়াছে। 'বিদূরে ভবং বৈদূর্য্যং' এই ব্যুৎপত্তি অনুসারেও বিদূর-জাত মণিই বৈদূর্য্য নামে খ্যাত।

শুক্রনীতিতে দেখিতে পাওয়া যায়, "বৈদূর্য্যং কেতুপ্রীতিকৃৎ" "বৈদূর্য্যং মধ্যমং স্মৃতং" এই রত্ন কেতুগ্রহের প্রীতিকারী এবং হীরকাদি শ্রেষ্ঠ রত্নাপেক্ষা মধ্যম রত্ন বলিয়া গণ্য। রাজবল্লভে ইহার গুণ এইরূপ লিখিত আছে—

"মুক্তাবিদ্রুমবজ্রেন্দ্রবৈদূর্য্যস্ফাটকাদিকম্।
মণিরত্নং সরং শীতং কষায়ং স্বাদু লেখনম্।
চাক্ষুষ্যং ধারণাত্তচ্চ পাপালক্ষ্মীবিনাশনম্॥" (রাজবল্লভ)

মুক্তা, বিদ্রুম ও বৈদূর্য্য প্রভৃতি রত্ন সারক গুণবিশিষ্ট, শীতল,

কষায় রস, স্বাদু পাকী, উল্লেখনকর, চক্ষুর হিতকারী; এই রত্ন ধারণে পাপ ও অলক্ষ্মী বিনষ্ট হয়। হিন্দী ভাষায় এই রত্ন লহসুনীয়া বা লশনীয় নামে খ্যাত।

রাজনির্ঘণ্ট, গরুড়পুরাণ ও যুক্তিকল্পতরু প্রভৃতি গ্রন্থে এই রত্নের ছায়া, বর্ণ ও পরীক্ষা প্রভৃতির বিষয় বর্ণিত হইয়াছে, সংক্ষিপ্তভাবে তাহা আলোচনা করা যাইতেছে।

রাজনির্ঘণ্টের মতে এই রত্ন সাধারণতঃ কৃষ্ণপীতবর্ণ, কিন্তু শুক্রনীতির মতে এই রত্ন নীলরক্তবর্ণ।

"নীলরক্তন্তু বৈদূর্য্যং শ্রেষ্ঠং হীরাদিকং ভবেৎ।" (শুক্রনীতি)

এই রত্ন কৃষ্ণপীত বা নীলরক্ত যেরূপই হউক না কেন, ইহার ছায়া বা কান্তিগত বিশেষ বৈলক্ষণ্য আছে, তাহাতে সন্দেহ নাই। রাজনির্ঘণ্ট লিখিয়াছেন যে,

"একং বেণুপলাশকোমলরুচা মায়ুরকণ্ঠত্বিষা
মার্জ্জারেক্ষণপিঙ্গলচ্ছবিজুষা জ্ঞেয়ং ত্রিধা চ্ছায়য়া।
যদ্‌গাত্রং গুরুতাং দধাতি নিতরাং স্নিগ্ধন্তু দোষোজ্ঝিতং
বৈদূর্য্যং বিশদং বদন্তি সুধিয়ঃ স্বচ্ছঞ্চ তচ্ছোভনম্॥" (রাজনি°)

বৈদূর্য্যমণি তিন প্রকার, একপ্রকার বেণুপলাশ অর্থাৎ বাঁশের পাতার রং, দ্বিতীয় ময়ূরকণ্ঠের তুল্য, তৃতীয় মার্জ্জার চক্ষুর ন্যায়। ইহার মধ্যে যাহা বিশদ, স্বচ্ছ, স্নিগ্ধ, ওজনে ভারী ও নির্দ্দোষ তাহাই শ্রেষ্ঠ।

যাহা বিচ্ছায় অর্থাৎ বিবর্ণ এবং যাহার অভ্যন্তরে মৃত্তিকা বা শিলা চিহ্ন দৃষ্ট হয়, যাহা ওজনে হালকা, রুক্ষ, অস্নিগ্ধ, ক্ষতযুক্ত, ত্রাস চিহ্নে চিহ্নিত, কর্কশ, ও কৃষ্ণাভ; এইরূপ বৈদূর্য্য নিন্দিত, ইহা দূরে নিক্ষেপ করা উচিত, এইরূপ নিন্দিত বৈদূর্য্য ধারণ করিলে অশুভ হইয়া থাকে।

"বিচ্ছায়ং মৃচ্ছিলাগর্ভং লঘু রুক্ষঞ্চ সক্ষতম্।
সত্রাসং পরুষং কৃষ্ণং বৈদূর্য্যং দূরতাং নয়েৎ॥" (রাজনি°)

ইহার পরীক্ষা—কষ্টি পাথরে বৈদূর্য্য ঘর্ষণ করিলে যাহার স্বচ্ছতা ও ছায়া পরিস্ফুট হয়, সেই বৈদূর্য্যই উত্তম।

"ঘৃষ্টং যদাত্মনা স্বচ্ছং স্বচ্ছায়াং নিকষাশ্মনি।
স্ফুটং প্রদর্শয়েদেতদ্বৈদূর্য্যং জাড্যমুচ্যতে॥" (রাজনি°)

গরুড়পুরাণে লিখিত আছে যে, দৈত্যদিগের মহাপ্রলয় ক্ষুভিত সমুদ্র গর্জ্জনের ন্যায় অথবা বজ্র নিষ্পেষ শব্দ হইতে অনেক রঙের বৈদূর্য্যের উৎপত্তি হইয়াছিল। ঐসকল বৈদূর্য্য শোভাযুক্ত, মনোহর আভা ও বর্ণবিশিষ্ট। বিদূর নামক পর্ব্বতের উচ্চ প্রদেশের নিকটে অর্থাৎ প্রান্তদেশে কামভূতি নামক স্থানে এই রত্নের আকর আছে। দৈত্যধ্বনিসমুখ বলিয়া তাহার আকার সুন্দর ও মহাগুণবিশিষ্ট হইয়াছিল। সেই মহাগুণ আকর হইতে উদ্ধৃত বা উৎপন্ন হওয়ায় ইহা ত্রিলোকের ভূষণ হইয়াছে। সেই দানবরাজের গর্জ্জনের অনুরূপ বর্ষাকালের মেঘরাজের ন্যায় বিচিত্র মনোহর বর্ণবিশিষ্ট ও নানাপ্রকার ভাস অর্থাৎ দীপ্তিযুক্ত বৈদূর্য্যমণি সেই সকল আকর হইতে অগ্নিস্ফুলিঙ্গসমূহের ন্যায় আবির্ভূত হইয়াছিল।

বৈদূর্য্য বহুপ্রকার হইলেও ময়ূরকণ্ঠরঙের এবং বংশপত্র বর্ণের বৈদূর্য্যই প্রধান বা উৎকৃষ্ট। যাহার বর্ণ চাষ বা বাণীকণ্ঠ পক্ষীর পক্ষাগ্রভাগের ন্যায় সেই বৈদূর্য্যমণি ধারণকর্ত্তার ও প্রভুর সৌভাগ্য আনয়ন করে, আর দোষযুক্ত বৈদূর্য্য দোষ আনয়ন করে, এই হেতু বিশেষরূপে ইহার পরীক্ষা বিধেয়।

গিরিকাচ, শিশুপাল, কাচ ও স্ফটিক ভূমি ভেদ করিয়া এই কএকপ্রকার বৈদূর্য্যমণিসদৃশ মণি আছে, এই সকল মণির বৈদূর্য্যের ন্যায় আকার হইলেও পরীক্ষায় তত্তুল্য নহে, সুতরাং ঐ সকল মণি বৈদূর্য্যের বিজাতীয়।

লিখ্যাভাব অর্থাৎ প্রমাণের ক্ষুদ্রতা হেতু কাচ, ওজনে হালকা বলিয়া শিশুপাল, দীপ্তিহীনতা প্রযুক্ত গিরিকাচ, বর্ণের ঔজ্জ্বল্য থাকায় স্ফটিক, বিজাতীয় বৈদূর্য্য এই কয় প্রকার হইয়া থাকে। অন্যান্য মণির ন্যায় বৈদূর্য্যমণিরও বিজাতি আছে। সমস্ত বিজাতীয় মণিই সজাতীয় মণির সমান বর্ণযুক্ত হইয়া থাকে। নানাপ্রকার প্রমাণদ্বারা তাহাদের প্রভেদ স্থির করিতে হয়। স্নেহ প্রভেদ, অর্থাৎ লাবণ্যের ত্রুটি, লঘুতা (ওজনে হালকা,) মৃদুত্ব, (অকঠিনতা) এই সকল প্রধান চিহ্ন।*

* "বৈদূর্য্য পুষ্পরাগাণাং কর্কেতভৌমকে বদেৎ।
পরীক্ষাং ব্রহ্মণা প্রোক্তাং ব্যাসেন কথিতাং দ্বিজ॥
কল্পান্তকালক্ষুভিতাম্বুরাশিনির্হাদকল্পাদ্‌দিতিজস্য নাদাৎ।
বৈদূর্য্যমুৎপন্নমনেকবর্ণং শোভাভিরামং দ্যুতিবর্ণবীজম্॥
অবিদূরে বৈদূর্য্যস্য গিরেরুত্তুঙ্গরোধসঃ।
কামভূতিকসীমানমনু তস্যাকরোদ্ভবেৎ॥
তস্য নদসমুত্থত্বাদাকরঃ সুমহাগুণঃ।
অভূদুত্তরিতো লোকে লোকত্রয়বিভূষণঃ॥
তস্যৈব দানবপতের্নিনদানুরূপ-
প্রাবৃট্‌পয়োদবরদর্শিতচারুরূপাঃ।
বৈদূর্য্যরত্নমণয়ো বিবিধাবভাসা-
স্তস্মাৎ স্ফুলিঙ্গনিবহা ইব সম্বভূবুঃ॥
পদ্মরাগমুপাদায় মণিবর্ণা হি যে ক্ষিতৌ।
সর্ব্বাংস্তান্ বর্ণশোভাভির্বৈদূর্য্যমনুগচ্ছতি॥
তেষাং প্রধানং শিখিকণ্ঠনীলং যদ্বাভবেদ্‌বেণুদলপ্রকাশম্।
চাষাগ্রপক্ষপ্রতিমশ্রিয়ো যে ন তে প্রশস্তা মণিশাস্ত্রবিদ্ভিঃ॥
গুণবান্ বৈদূর্য্যমণির্যোজয়তি স্বামিনং বরভাগ্যৈঃ।
দোষৈর্যুক্তো দোষৈস্তস্মাদ্ যত্নাৎ পরীক্ষেত॥
গিরিকাচশিশুপালৌ কাচস্ফটিকাশ্চ ভূমিনির্ভিন্নাঃ।
বৈদূর্য্যমণেরেতে বিজাতয়ঃ সন্নিভাঃ সন্তি॥

ইহার মূল্য—এক সুবর্ণেরদ্বারা যে পরিমাণে নির্দ্দোষ ইন্দ্রনীল মণি লাভ হয়, ওজনে ২ পল পরিমাণ বৈদূর্য্যমণির সেই মূল্য। শাস্ত্রে যে পরিমাণ মূল্য অভিহিত হইয়াছে, তাহা সমুদ্রতীরের নিকটবর্ত্তী দেশ ও আকর স্থান এবং তাহার নিকটে বুঝিতে হইবে।

শুক্রনীতির মতে ত্রিসূত্র বৈদূর্য্যই অধিক মূল্যের যোগ্য। ফল কথা এই যে, যে রত্ন অতিশয় রমণীয় ও দুর্লভ হয়, তাহার মূল্য স্থির থাকিতে পারে না। যথেচ্ছ মূল্য হইয়া থাকে।

"চল ত্রিসূত্রো বৈদূর্য্য উত্তমং মূল্যমর্হতি।
অত্যন্তরমণীয়ানাং দুর্লভানাঞ্চ কথিতঃ।
ভবেন্মূল্যং ন মানেন তথেতি গুণশালিনাম্॥" (শুক্রনীতি)

যুক্তিকল্পতরুতে এই মণির বিষয় লিখিত আছে যে, অল্প কৃষ্ণমিশ্রিত শ্বেতবর্ণ ও ধূমবর্ণ যে মণি, তাহাই বৈদূর্য্যমণি। এই মণি ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের ন্যায় চারি জাতি। যে বৈদূর্য্য রত্ন সিতনীল, অর্থাৎ শ্বেতকৃষ্ণমিশ্রিত বর্ণযুক্ত, তাহা ব্রাহ্মণ জাতীয়। যাহা সিতরক্ত (ঈষৎ রক্ত মিশ্রিত শ্বেতবর্ণ) তাহা ক্ষত্রিয়, যাহা পীতরক্ত (অল্পরক্ত মিশ্রিত পীতবর্ণ) তাহা বৈশ্য জাতীয় এবং যাহা কেবল কৃষ্ণ, তাহাই শূদ্র জাতীয়।

সুতার, ঘন, অত্যচ্ছ, কলিল ও ব্যঙ্গ এই পাঁচটী বৈদূর্য্যমণির মহাগুণ বলিয়া কথিত হইয়াছে। তন্মধ্যে বিড়ালের চক্ষুর ন্যায় কিংবা লশুনের বর্ণের ন্যায় বর্ণযুক্ত, কলিল, নির্ম্মল, ও ব্যঙ্গগুণবিশিষ্ট যে বৈদূর্য্য তাহা দেবতারা ভূষণের জন্য ব্যবহার করিয়া থাকেন।

এই মণি যদি দীপ্তি অর্থাৎ তেজঃ উদ্‌গিরণ করিতে থাকে, তাহা হইলে তাহাকে সুতার কহে। আকারে দেখিতে ছোট কিন্তু ওজনে খুব ভারি হইলে তাহাকে ঘন বলা যায়। কলঙ্ক প্রভৃতি দোষ রহিত হইলে তাহা অত্যচ্ছ। যাহাতে চন্দ্রকলার ন্যায় একপ্রকার চঞ্চলবৎ পদার্থ দৃষ্ট হয়, তাহাই কলিল, ইহা রাজাদিগেরও সম্পত্তিদায়ক। যাহা অবয়ববিশিষ্ট অর্থাৎ বিশেষরূপে অসংহত তাহা ব্যঙ্গ।

এই বৈদূর্য্যমণির যেমন পাঁচটী গুণ আছে, তদ্রূপ ইহার পাঁচটী মহাদোষও আছে। এই দোষ যথা—কর্কর, কর্কশ, ত্রাস, কলঙ্ক ও দেহ। যাহা দেখিবামাত্র শর্করাযুক্তের ন্যায় অর্থাৎ কাঁকরযুক্ত বোধ হয়, তাহাই কর্করদোষ। স্পর্শ মাত্রই যাহা ঐরূপ কাঁকরযুক্ত বলিয়া অনুভত হয়, তাহাই কর্কশদোষ, এই দোষযুক্ত বৈদূর্য্য ধারণ করিলে বন্ধু নাশ হইয়া থাকে। যাহা দেখিবামাত্র ভাঙ্গা বলিয়া ভ্রান্তি জন্মে, তাহাই ত্রাস নামক দোষ। এই দোষদুষ্ট বৈদূর্য্যধারণে বংশ নাশ হয়। যাহার ক্রোড়ে বিজাতীয় ঘন লক্ষ্য হয়, তাহার সেই দোষের নাম কলঙ্ক। এই কলঙ্কযুক্ত বৈদূর্য্য ধারণ করিলে বিনষ্ট হইতে হয়। যাহা দেখিতে মল বিলিপ্তের ন্যায় তাহাও সদোষ। এই দোষকে দেহ দোষ কহে। এই দেহ-দোষদুষ্ট বৈদূর্য্য ধারণ করিলে শরীরক্ষয় এবং রোগ হয়। (যুক্তিকল্পতরু) *

এইরূপে বৈদূর্য্যরত্নের গুণ দোষ স্থির করিয়া ধারণ করিতে হয়। বৈদ্যক গ্রন্থে ঔষধ প্রস্তুত স্থলে যেখানে বৈদূর্য্যরত্নের উল্লেখ আছে, সেই স্থলে উহা শোধন করিয়া লইতে হয়, শোধন-প্রণালী হীরকের ন্যায় অর্থাৎ যেরূপে হীরক শোধন করিতে হয়, বৈদূর্য্যও সেইরূপে শোধন করিতে হয়।

বৈদূর্য্য কর্কেতনমণির (chrysoberyl) প্রকার ভেদ। প্রকৃত বৈদূর্য্য (ইংরাজী cats eye) সচরাচর পাওয়া যায় না। ঐ জাতীয় যে সকল প্রস্তর আমরা দেখিতে পাই, তাহা ততদূর পাকা দানা বা কঠিন নহে। সাধারণতঃ হরিদ্রা (জরদ), কটা, সবুজ ও কখন কালবর্ণের বৈদূর্য্য পাওয়া যায়, কিন্তু ময়ূরের গলদেশের ন্যায় বর্ণবিশিষ্ট নীলাভকৃষ্ণকায় প্রস্তর সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। প্রস্তর যে যে বর্ণেরই হউক না কেন, উহার মধ্যভাগে বিড়াল-চক্ষু-তারকার ন্যায় উজ্জ্বল শ্বেতবর্ণ একটী রেখা বা আলোক জ্যোতিঃ আছে। ঐ রেখার দীপ্তি কখন ইন্দ্রধনুর ন্যায় বিভিন্ন বর্ণ ধারণ করে, কখন বা নাতি উজ্জ্বল আলোক (Phos-

লিখ্যাভাবাৎকাচং লঘুভাবাচ্ছৈশুপালকং বিদ্যাৎ।
গিরিকাচমদীপ্তিত্বাৎ স্ফটিকং বর্ণোজ্জ্বলত্বেন॥" ইত্যাদি।
(গরুড়পু: ৭৩ অ:)

* "ব্রহ্মক্ষত্রিয় বিট্ শূদ্রজাতিভেদাচ্চতুর্বিধম্।
সিতনীলোদ্ভবেদ্বিপ্রো সিতরক্তস্তু বাহুজঃ।
পীতানিলস্তু বৈশ্যঃ স্যাৎ নীল এব হি শূদ্রকঃ॥
মার্জ্জারনয়নপ্রখ্যং রসোনপ্রতিমং হি বা।
কলিলং নির্ম্মলং ব্যঙ্গং বৈদূর্য্যং দেবভূষণম্॥
সুতারং ঘনমত্যচ্ছং কলিলং ব্যঙ্গমেব চ।
বৈদূর্য্যাণাং সমাখ্যাতা এতে পঞ্চ মহাগুণাঃ॥
উদ্গিরন্নিব দীপ্তিং যোঽসৌ সুতার ইতি গদ্যতে।
প্রমাণতাল্পং গুরুযৎ ঘনমিত্যভিধীয়তে॥
কলঙ্কাদিবিহীনং যত্তদত্যচ্ছমিতি কীর্ত্তিতম্।
ব্রহ্মশূদ্রং কলাকারশ্চঞ্চলো যত্র দৃশ্যতে॥
কলিলং নাম তদ্রাজ্ঞঃ সর্ব্বসম্পত্তিকারণম্।
বিশ্লিষ্টাঙ্গস্তু বৈদূর্য্যং ব্যঙ্গমিত্যভিধীয়তে॥
কর্করং কর্কশং ত্রাসঃ কলঙ্কো দেহ ইত্যপি।
এতে পঞ্চ মহাদোষা বৈদূর্য্যাণামুদীরিতাঃ॥" ইত্যাদি।
(যুক্তিকল্পতরু)

phorescent brilliance.) বিকিরণ করিয়া থাকে। পাথরের দানার গঠনবৈচিত্র এবং নির্ম্মলতাই উহার একমাত্র কারণ।

আলোকবিহীন স্থানে বৈদূর্য্যের উপর দৃষ্টি নিক্ষেপ করিলে একটী সাদা দাগ ভিন্ন পাথরের অন্য কোন বিশেষত্ব উপলব্ধি হয় না। গ্যাসের আলোক অথবা প্রদীপ্ত সূর্য্যালোক উহার উপর নিপতিত হইলে, ঐ রেখার আভ্যন্তরিক দীপ্তি উদ্ভাসিত হইয়া উঠে, পাথরটীকে যতই এদিক্ ওদিক্ করিয়া নাড়ান যায়, ততই যেন আলোকরেখা ছুটাছুটী করিয়া বেড়ায়; আবার আলোকের অভিমুখে রাখিলেই উহা সঙ্কুচিত বিড়ালাক্ষিতারকার ন্যায় দেখা যায়।

ভারতীয়েরা গাঢ় ওলিভ ফলের বর্ণের ন্যায় বর্ণবিশিষ্ট এবং কোণদ্বয়ের দীপ্তি উজ্জ্বল এবং আলোক রেখা দ্বিগুণীকৃত এরূপ বৈদূর্য্য বিশেষ পছন্দ করেন। পাশ্চাত্য দেশবাসীরা আপেলের ন্যায় সবুজ বা গাঢ় ওলিভের ন্যায় বর্ণবিশিষ্ট বৈদূর্য্যই উৎকৃষ্ট বলিয়া গ্রহণ করেন।

বৈদূর্য্যের দৃঢ়ত্বের পরিমাণ ৮·৫; নীলা, চুণী প্রভৃতি দ্বারা উহার উপর আঁচড় দেওয়া যায়। ইহার আপেক্ষিক গুরুত্ব, ৩·৮; বাঁকনল দিয়া অগ্ন্যুত্তাপ প্রদান করিলে ইহা গলিয়া যায়, কিন্তু অম্লাদি ইহার গাত্রে কোনরূপ বিকৃতি সম্পাদন করিতে পারে না, রাসায়নিক পরীক্ষা দ্বারা জানা যায় যে, ইহাতে ৮০ অংশ এলুমিনা ও ২০ অংশ গ্লুসিনা আছে। ইহার বর্ণাংশ প্রোটক্সাইড্ আয়রণ।

স্ফটিকের ন্যায় বৈদূর্য্যেরও দানা আছে, উহা ত্রিপল ও চৌপল। প্রস্তরের প্রকৃতি অনুসারে অর্থাৎ স্বচ্ছতা ও অস্বচ্ছতা নিবন্ধন আলোকের দীপ্তিরও তারতম্য হয়। আলোকপাতও দুই মুখে প্রতিফলিত হয়, ঘর্ষণ দ্বারা ইহা বৈদ্যুতিক শক্তি আকর্ষণ করে এবং তাহা অধিকক্ষণ স্থায়ী হয়।

উত্তর আমেরিকা, মোরাভিয়া, য়ুরাল পর্ব্বত, ভারত এবং সিংহলে নীলা প্রস্তরের সহিত বৈদূর্য্য দেখিতে পাওয়া যায়। বর্ত্তমানে সিংহল দ্বীপে সুন্দর ভাবে বৈদূর্য্য কাটা হয়। তাহারা কখন এক কখন বা দুই পৃষ্ঠন্যুব্জাকার করে, পাশ্চাত্য জহরীদিগের ভাষায় উক্ত প্রথাকে "en cabochon" বলে।

মাথার পিন্ বা অঙ্গুলীর অঙ্গুরীয়কের জন্য ইহার প্রধান ব্যবহার। হীরকাদির ন্যায় ইহার উপরে কখন খোদাই হয় না। প্রস্তরের আকার এবং ঔজ্জ্বল্যের তারতম্যানুসারেই উহার মূল্যের হ্রাস বৃদ্ধি হয়। বর্ণবিভেদে ইহার দামের বড় ইতর বিশেষ হয় না; কারণ লোকে আপনাপন পছন্দ অনুসারেই বৈদূর্য্য ক্রয় করে, কিন্তু যে প্রস্তরের আলোক রেখা এককোণ হইতে মধ্যদিয়া অন্যকোণ পর্য্যন্ত প্রতিফলিত হয় ও নির্দ্দিষ্ট সীমাদ্বয়ের মধ্যে ভাসিতে থাকে এবং যাহার ঔজ্জ্বল্যের মধ্যে কোন দাগ বা কৃষ্ণাদি আভা প্রতিবিম্বিত হয় না, সেইরূপ প্রস্তরেরই মূল্য অধিক। সাধারণতঃ ১০০ হইতে ১০০০) টাকা পর্য্যন্ত মূল্যের বৈদূর্য্য অঙ্গুরীতে লোকে ব্যবহার করে। শুনা আছে, কোন কোন রাজার গৃহে লক্ষাধিক টাকা মূল্যেরও বৈদূর্য্য আছে। প্রায় অর্দ্ধ ইঞ্চি ব্যাসযুক্ত অর্দ্ধবৃত্তাকার একখানি বৈদূর্য্য পাওয়া গিয়াছে। মণির ইতিহাসে ঐ খানি "হোপ" (Hope) নামে প্রসিদ্ধ। ১৮১৫ খৃষ্টাব্দে ঐ মণিখানি সিংহলদ্বীপের রাজার নিকট হইতে প্রাপ্ত হওয়া যায়। কাণ্ডি রাজধানীর অধীশ্বর ঐ মণি খানি বিশেষ আদরে রক্ষা করিয়া আসিতেছিলেন। কএক শতাব্দের ইতিহাসে ঐ মণি খানির প্রসিদ্ধির পরিচয় আছে। রিবিরো (Ribiero) স্বপ্রণীত সিংহলের ইতিহাসে এই মণির বিষয় উল্লেখ করিয়াছেন, উহা খৃষ্টীয় ১৬শ শতাব্দে রাজা উরার অধিকারে ছিল। তিনি বিশেষ যত্নে ঐ মণি খানিকে স্বর্ণের উপর পদ্মরাগ মণিমণ্ডিত করাইয়া সাজাইয়া লইয়াছিলেন। উহা en cabochon প্রথাতে কাটা ছিল। পণ্ডিত লক্ষ্মীনারায়ণের নিকটে আর একটী বৃহদাকার বৈদূর্য্য ছিল। প্রবাদ, এক সময়ে ১০ হাজার টাকা মূল্যেও উক্ত পণ্ডিত মণিখানি হস্তান্তর করিতে চাহেন নাই, অবশেষে তিনি ঐ পাথর ৬ হাজার টাকা মূল্যে ময়মনসিংহের একজন জমিদারের নিকট বিক্রয় করেন। মুর্শিদাবাদের প্রসিদ্ধ মহাজন বাবু থানসিংহ বয়েদের নিকট একটী কৃষ্ণবর্ণ বৈদূর্য্য ছিল। রায় বদরিদাস মুকীমের নিকট নানা বর্ণের বৈদূর্য্য গঠিত একছড়া কণ্ঠা আছে। মৃত মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর বাহাদুরের একটী পাণদানের উপর একটী কপোত-ডিম্বাকার বৈদূর্য্য ন্যস্ত আছে—উহার বর্ণ ঈষৎ পিঙ্গল এবং জ্যোতিরেখা অত্যন্ত স্পষ্ট।

এই মণির আলোকরেখা এ কোণ হইতে অন্যকোণে গমন করে বলিয়া অনেকে মনে করেন, অপদেবতার অধিষ্ঠানহেতু এই মণির অভ্যন্তরে এইরূপ আলোক প্রভাব ঘটিয়া থাকে। প্রাচীন আসিরীয়গণ এই মণিকে দেবতা বেলাসের (Belus) প্রিয় বলিয়া নির্দ্দেশ করিয়া ছিলেন। এই কারণে oculus Beli নামে পরিচিত হইয়াছে। কেহ কেহ ইহাকে Wolf's eye বলিয়া থাকে। কোন কোন জাতি ইহাকে পবিত্র ও ভৌতিক প্রভাবনাশক বলিয়া জ্ঞান করে।

প্রকৃত বৈদূর্য্যের ন্যায় একপ্রকার নকল বৈদূর্য্যও পাওয়া যায়; উহাকে স্ফটিক বৈদূর্য্য বা Quartz Cat's eye বলে। ইহা কাঠিন্যে ও ঔজ্জ্বল্যে পূর্ব্বোক্ত মণি অপেক্ষা অনেকাংশে ন্যূন। ইহা সাধারণতঃ পিঙ্গল বর্ণের হইয়া থাকে। ইহার কাঠিন্য ৬ হইতে ৬·৫। আপেক্ষিক গুরুত্ব ২·৬৫। ইহা দ্বারা কাচ

পাত্রাদিতে আঁক দেওয়া যাইতে পারে। ফ্লুরিক এসিডে ইহা দ্রব হয় এবং সোডা যোগে অগ্নিতে সহজে গলিয়া আইসে। ইহাতে ৬৪ অংশ সিলিকাম, ৫১ অংশ অক্সিজন এবং সামান্য পরিমাণ চূণ ও আয়রণ অক্সিদ আছে।

আরবীয়েরা এই মণিকে জুজা বলে। আরবীয় বিবরণী হইতে জানা যায় যে, এমেন প্রদেশের অকিক্ খনিতে হাওস, খম্বায়ৎ ও গুজরাতে এক সময়ে বহুল পরিমাণে বৈদূর্য্য পাওয়া যাইত। উহা সাধারণতঃ শ্বেত, লাল, জরদ ও কৃষ্ণবর্ণ হইয়া থাকে। আরবীয় জহুরীগণ অকীকের ন্যায় প্রথমে বৈদূর্য্য কাটিয়া গরম জলে ফুটাইয়া লইত। ইহাতে মণির ঔজ্জ্বল্য অনেকাংশে বর্দ্ধিত হয়। বাবাগুরী নামক পাথর গুলির বর্ণ বাহিরে এক ও ভিতরে অন্যরকমের হয়। সুলেমানী পাথর সাধারণতঃ লাল ও কাল বর্ণ দেখা যায়। আয়েনেলহার (হিঙ্গিলোহ সানিয়া) পাথর সবুজ ও হরিদ্রা বর্ণের হইয়া থাকে, উহা অতিশয় স্বচ্ছ ও আলোক-প্রতিফলিকা-শক্তিবিশিষ্ট।

ইহা ধারণে স্বভাবতঃই মনে আনন্দ জন্মে। শরীর পাঞ্চাশ বর্ণ ধারণ করিলে, এই মণিধারণে উপকার দর্শে। গুর্ব্বিণী প্রসব বেদনায় বহুকাল ধরিয়া কষ্ট পাইলে তাহার মাথার কেশে বৈদূর্য্যের অঙ্গুরী বাধিয়া দিলে অচিরাৎ প্রসব হইয়া থাকে। বালকদিগের হুপিংকাশ হইলে গলদেশে বৈদূর্য্য ধারণ করাইলে সহজে শ্লেষ্মা নির্গম হইয়া বালক আরোগ্য লাভ করে। ইহা ভূতভয়নাশক ও ভৌতিক প্রভাব অপনোদক। ইহার ভস্ম ক্ষত নিবারক, দন্ত মঞ্জনে দন্তমূল দৃঢ়কারী ও চক্ষুতে দিলে জল-পড়া নিবারিত হয়। এই মণি ধারণে অশুভ স্বপ্ন দর্শনের ভাবী মন্দফলও বিদূরিত হইয়া থাকে।

বৈদেশিক (ত্রি) ১ বিদেশ হইতে আগত। ২ অন্যদেশীয়, ভিন্ন দেশীয়।

বৈদেশ্বর (বৈদ্যেশ্বর), উড়িষ্যাবিভাগস্থ গবর্মেণ্টের বাঙ্কি জমিদারীর অন্তর্গত একটী গণ্ডগ্রাম। মহানদীতীরে অবস্থিত। অক্ষা° ২০° ২১´ ১৫´´ উঃ এবং দ্রাঘি° ৮৫° ২৫´ ৩০´´ পূঃ। এখানে লবণ, মসলা, নারিকেল ও পিত্তলের বাসনের বিস্তৃত কারবার আছে। সকল দ্রব্য সম্বলপুর হইতে এখানে আনীত হয়। তুলা, গোধূম, চাউল, তৈলকর বীজ, লৌহ, তসরকাপড় প্রভৃতি দ্রব্য এখানে প্রচুর উৎপন্ন হয়। সম্বলপুরের ব্যবসায়ীরা আপনাপন দ্রব্যবিনিময়ে ঐ সকল দ্রব্য ক্রয় করিয়া লইয়া যায়।

বৈদেশ্য (ত্রি) বিদেশজাত।

বৈদেহ (পুং) বিদেহস্যাপত্যমিতি বিদেহ-অঞ্। ১ নিমিরাজ পুত্র। ইহার উৎপত্তিবিবরণ বিষ্ণুপুরাণে এইরূপ লিখিত আছে, যখন অপুত্রক নিমিরাজার মৃত্যু হয়, তখন রাজ্য অরাজক হইলে ধর্ম্মকর্ম্মের লোপ হইবে, এই ভয়ে মুনিগণ অরণীতে মন্থন করিয়াছিলেন, ইহাতে বৈদেহের জন্ম হয়। ইহার পুত্র উদাবসু। (বিষ্ণুপু° ৪।৫ অ°) ২ বণিক্। (অমরটীকা ভরত) ৩ বর্ণসঙ্কর জাতি বিশেষ। এই জাতি ব্রাহ্মণীর গর্ভে ও বৈশ্যের ঔরসে জন্মে। অন্তপুররক্ষণ ইহাদের কার্য্য।

"বৈশ্যান্মাগধবৈদেহৌ রাজবিপ্রাঙ্গনাসুতৌ।" (মনু ১০।১১)

"বৈদেহকানাং স্ত্রীকার্য্যং মাগধানাং বণিক্পথঃ।" (মনু ১০।১৯)

বৈদেহক (পুং) বৈদেহ এব স্বার্থে কন্। ১ বণিক্। (অমর) ২ বর্ণসঙ্কর জাতিবিশেষ, বৈদেহ জাতি।

বৈদেহিক (পুং) ১ বণিক্। (অমর টীকা সারসু°) ২ বর্ণসঙ্কর জাতি বিশেষ। (মনু ১০।৩৬)

বৈদেহী (স্ত্রী) বিদেহেষু ভবা বিদেহস্যাপত্যং স্ত্রী বা বিদেহ-অণ্ ঙীপ্। ১ রোচনা। ২ সীতা।

"বৈদেহি যাহি কলোসোদ্ভবধর্ম্মপত্নীং
তস্যাঃ পুরঃ কথয় পূর্ব্বকথাঃ সমস্তাঃ।
পৃষ্টাপি মা বদ পয়োনিধিবন্ধনং মে
সেয়ং পুনশ্চুলুকিতাম্বুনিধেঃ কলত্রম্॥" (উদ্ভট)

৩ বণিক্পত্নী। ৪ পিপ্পলী। (মেদিনী) ৫ বৈদেহপত্নী। (মনু ১০।৩৭) ৬ বিদেহদেহোৎপন্নমাত্র। (ভারত ১।৯৫।২৩)

বৈদ্য (পুং) বিদ্যাং বেদ বিদ্যা-অণ্ (তদধীতে তদ্বেদ। পা ৪।২।৯৫) ১ পণ্ডিত।

"নাবিদ্যানাস্তু বৈদ্যেন দেয়ং বিদ্যাধনং ক্বচিৎ।
সমবিদ্যাধিকানাস্তু দেয়ং বৈদ্যেন তদ্ধনং॥"

"বৈদ্যেন বিদুষা।" (দায়তত্ত্ব) ২ বাসকবৃক্ষ। (শব্দচ°) ৩ আয়ুর্ব্বেদবেত্তা, চিকিৎসাবৃত্তিক, পর্য্যায় রোগহারী, অগদঙ্কার, ভিষক্, চিকিৎসক, স্রষ্টা, বিধি, বিদ্বান্, আয়ুর্ব্বেদী। (রাজনি°) ইহা চারি প্রকার—রোগহর, বিষহর, শল্যহর, ও কৃত্যাহর। (মহাভারত) [বৈদ্যজাতি শব্দে বিস্তৃত বিবরণ দ্রষ্টব্য।]

বৈদ্যের দোষ ও গুণ প্রভৃতির বিষয় সংস্কৃত বৈদ্যকগ্রন্থে বিশেষ রূপে আলোচিত হইয়াছে, অতি সংক্ষিপ্তভাবে তাহার কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে—

"চিকিৎসাং কুরুতে যস্তু স চিকিৎসক উচ্যতে।
স চ যাদৃক সমীচীনস্তাদৃশোঽপি নিগদ্যতে॥
তত্ত্বাধিগমশাস্ত্রার্থো দৃষ্টকর্ম্মা স্বয়ং কৃতী।
লঘুহস্তঃ শুচিঃ শূরঃ সজ্জোপস্করভেষজঃ॥
প্রত্যুৎপন্নমতি ধীমান্ ব্যবসায়ী প্রিয়ম্বদঃ।
সত্যধর্ম্মপরো যশ্চ বৈদ্য ঈদৃক্ প্রশস্যতে॥" ইত্যাদি।

(ভাবপ্রকাশ)

বৈদ্য-লক্ষণ—যিনি চিকিৎসা কার্য্য করেন, তাঁহাকে বৈদ্য

কহে। এই বৈদ্যের মধ্যে যিনি প্রশংসনীয়, তাহার বিষয় বলা যাইতেছে, যে বৈদ্য শাস্ত্রার্থে বিশেষ ব্যুৎপন্নমতি, দৃষ্টকর্ম্মা, স্বয়ং চিকিৎসাকুশল, সুপ্রসিদ্ধ হস্ত, শুচি, কার্য্যদক্ষ, অভিনব ঔষধ ও চিকিৎসার উপযোগী উপকরণে সুসজ্জিত, সহসা উপস্থিতবুদ্ধি, ধীশক্তিসম্পন্ন, চিকিৎসাব্যবসায়ী, মিষ্টভাষী, সত্যবাদী এবং ধর্ম্মপরায়ণ, তিনিই প্রকৃত বৈদ্য। বৈদ্যের এই সকল গুণ থাকিলেই তিনি বৈদ্য পদবাচ্য হন।

নিষিদ্ধ বৈদ্য—কুৎসিত বস্ত্রপরিধানকারী, অপ্রিয়ভাষী, অভিমানী, লোকের সহিত ব্যবহারে অনভিজ্ঞ, এবং স্বয়ং আগত এই পাঁচপ্রকার বৈদ্য যদি ধন্বন্তরি সদৃশও হয়, তাহা হইলে লোকের নিকট প্রশংসনীয় হইতে পারে না।

বৈদ্যের কর্ম্ম—লক্ষণ আদি দ্বারা সম্যক্‌রূপে রোগ এবং রোগের উপশম করাই বৈদ্যের কর্ম্ম। কিন্তু বৈদ্য আয়ুঃপ্রদাতা নহেন। কেহ কেহ বলেন যে সম্যক্ প্রকারে ব্যাধির নির্ণয় এবং রোগের উপশম করাই যে কেবল বৈদ্যের কার্য্য, তাহা নহে, পরমায়ু-দান করিতেও ক্ষমতাবান্, যে হেতু একশত প্রকার আগন্তু মৃত্যু বৈদ্যকর্ত্তৃক অপহৃত হইয়া থাকে।

সুশ্রুতে ধন্বন্তরি কর্ত্তৃক কথিত হইয়াছে যে, অথর্ব্ববেদজ্ঞ পণ্ডিতগণ একশত একটী মৃত্যুর সংখ্যা নির্দ্ধারিত করিয়াছেন, তন্মধ্যে একটী কাল সংযুক্ত, আর অপর একশতটী আগন্তু বলিয়া কথিত। কোন উপায় দ্বারা ঐ কালসংযুক্ত মৃত্যু নিবারণ করিতে পারা যায় না। কালসংযুক্ত মৃত্যু ব্রহ্মাদি দেবগণকে আয়ুর শেষে সংহার করিয়া থাকে। ইহার প্রমাণ লিঙ্গপুরাণে কার্ত্তিকেয় প্রতি মহাদেব বলিয়াছিলেন যে, পুত্র! রসায়ন ঔষধ কোথায় রহিল, কালমৃত্যু আমার আয়ুকে গ্রাস করিতেছে। অতএব প্রাণসংহারের নিমিত্ত কালমৃত্যু অবশ্যম্ভাবী। কার্য্যকারণের অভিদোষাচারপ্রযুক্ত আগন্তু শব্দে আগন্তুরূপ হেতুসম্ভূত বুঝিতে হইবে। আগন্তুক মৃত্যুর হেতু যথা—বিষভক্ষণ, অজীর্ণসত্ত্বে অত্যন্ত ভোজন, কুৎসিত স্থানস্থিত জলপান, অতিশয় বলবান্ শত্রু, ব্যাঘ্র, বনমহিষ ও মত্তহস্তী প্রভৃতির সহিত যুদ্ধ, সর্পের সহিত ক্রীড়া, অতিশয় উচ্চবৃক্ষে আরোহণ, বাহুদ্বারা মহানদী সন্তরণ, এবং একাকী রাত্রিযোগে দুর্গমপথে গমন ইত্যাদি।

যেরূপ তৈল ও বর্ত্তি থাকা স্বত্বেও প্রজ্বলিত দীপ প্রবল বায়ুবেগে নির্ব্বাণ হইয়া থাকে, তদ্রূপ আগন্তু হেতুজনিত মৃত্যু দুর্নিমিত্ত উপসর্গের প্রাবল্য হেতু পরমায়ু থাকা স্বত্বেও প্রাণিগণের প্রাণ নষ্ট করে।

সুশ্রুতে লিখিত আছে যে, রসক্রিয়াবিশারদ বৈদ্য দোষ নিমিত্ত ও আগন্তু নিমিত্ত বেদনা হইতে রাজাকে মুক্ত করিতে পারেন। দোষ শব্দে নিষিদ্ধ আহার-বিহার-জনিত দূষিত বায়ু, পিত্ত ও কফ। বায়ু, পিত্ত ও কফই ব্যাধির মূল, ইহার মধ্যে যে কোন দোষ একটী, দুইটী বা তিনটী কুপিত হইয়া ব্যাধি উৎপাদন করিতে না পারে, বৈদ্য তাহার উপায় বিধান করিবেন এবং দোষ কুপিত হইয়া ব্যাধি উৎপন্ন হইলে ব্যাধি কোন্ দোষ জন্য তাহা বিশেষরূপে পরীক্ষা করিয়া ঔষধাদি দ্বারা তাহার প্রতীকার করিবেন। বৈদ্য এইরূপ প্রকারের আগন্তু মৃত্যু হইতে রক্ষা করিয়া থাকেন। (ভাবপ্রকাশ)

চরকে লিখিত আছে যে, বৈদ্য, দ্রব্য, রোগীর পরিচারক এবং রোগী এই চারিটী উপযুক্ত গুণবিশিষ্ট হইলে রোগ প্রশমিত হয়, নচেৎ রোগ প্রবল হইয়া রোগীর মৃত্যু ঘটিয়া থাকে। ধাতুর বৈষম্যের নাম বিকার, ধাতুসাম্যের নাম প্রকৃতি, বিকার রোগ এবং প্রকৃতি আরোগ্য। বিবিধ সুখজনক হেতু প্রকৃতির অপর নাম সুখ, এবং বিবিধ দুঃখজনক হেতু বিকারের অপর নাম দুঃখ।

ধাতুর বৈষম্য অর্থাৎ রোগ উপস্থিত হইলে ধাতুসাম্যার্থ ভিষক্ প্রভৃতি প্রশস্ত পাদচতুষ্টয়ের যে চেষ্টা, তাহার নাম চিকিৎসা। শাস্ত্রে নির্ম্মলজ্ঞান, চিকিৎসক সমূহের ও রোগী সমূহের চিকিৎসাকর্ম্মদর্শন, চিকিৎসায় দক্ষতা এবং আত্মপবিত্রতা এই চারিটী বৈদ্যের গুণ।

বৈদ্য, দ্রব্য, পরিচারক ও রোগী এই পাদ চতুষ্টয়ের মিলিত ষোড়শগুণ চিকিৎসিত ক্রিয়া সিদ্ধির কারণ। কিন্তু এই পাদ চতুষ্টয়ের মধ্যে বৈদ্যই সর্ব্ব প্রধান। যে হেতু তিনিই ঔষধের বিজ্ঞাতা এবং পথ্যাদি নিয়মে রোগীর ও পরিচর্য্যাদি নিয়মে পরিচারকের শাসনকর্ত্তা। তিনিই ঔষধের প্রযোক্তা, অতএব বৈদ্যই শ্রেষ্ঠ। যেমন পাককার্য্যে স্থালী, কাষ্ঠ ও অগ্নি ইহারা কারণ হইলেও পাচকেরই প্রাধান্য, সেইরূপ চিকিৎসিত ক্রিয়াসিদ্ধির বিষয়ে রোগী, পরিচারক ও ঔষধ কারণ হইলেও বৈদ্যেরই প্রধানত্ব জানিতে হইবে। যেমন কুম্ভকার বিনা কেবল মৃত্তিকা, দণ্ড ও সূত্রাদিদ্বারা কুম্ভ নির্ম্মাণ হয় না, সেইরূপ বৈদ্য বিনা ঔষধ, রোগী ও পরিচারক দ্বারা রোগশান্তি হয় না।

স্ব স্ব গুণবিশিষ্ট পরিচারক, রোগী ও ঔষধ এই পাদত্রয় উপস্থিত থাকাতে কোন স্থলে যে সুদারুণ ব্যাধিসকল মাকড়সার জলের ন্যায় আশু বিনষ্ট হয়, আর কোন স্থলে সুখসাধ্য ব্যাধিও বৃদ্ধি প্রাপ্ত হয়, তাহার কারণ অভিজ্ঞ এবং অনভিজ্ঞ বৈদ্য। বৈদ্য ভালরূপ চিকিৎসাতত্ত্বজ্ঞ হইলে কঠিন ব্যাধিও সহজে প্রশমিত হয়, এবং বৈদ্য অজ্ঞ হইলে সুখসাধ্য ব্যাধিও সহজে ভাল হয় না। অতএব এই পাদ চতুষ্টয়ের মধ্যে বৈদ্য প্রধান। আত্মাকে বরং আহুতি দেওয়া ভাল, তথাপি মূর্খ বৈদ্য দ্বারা

চিকিৎসিত হওয়া কর্ত্তব্য নহে। (হাতড়াইয়া হাতড়াইয়া) গমনে অন্ধ ব্যক্তি যেরূপ ভীত হয়, অজ্ঞ বৈদ্যও সেইরূপ ভীত হইয়া চিকিৎসা করিয়া থাকে। কর্ণধারবিহীন নৌকা যেমন বায়ুবশে জলে বিচরণ করে, অজ্ঞ বৈদ্য চিকিৎসাতেও সেইরূপ বিচরণ করিয়া থাকে। মূর্খ বৈদ্য যথেচ্ছ চিকিৎসা দ্বারা দৈবাৎ কোন নিয়তায়ুঃ রোগীকে (অর্থাৎ প্রাক্তন শুভ কর্ম্মফলে যে রোগী আয়ুষ্মান্ তাহাকে) রোগমুক্ত করিয়া আপনাকে বৈদ্যাভিমানী জ্ঞান করিয়া পরে শত শত অনিয়তায়ুঃ রোগীরও প্রাণ আশু বিনষ্ট করিয়া থাকে। অতএব শাস্ত্রাধ্যয়ন, শাস্ত্রার্থবিজ্ঞান, চিকিৎসাকার্য্য ও চিকিৎসাদর্শন এই কার্য্য চতুষ্টয়যুক্ত যে বৈদ্য, সেই বৈদ্যই প্রধান।

রোগের হেতু বিষয়ে জ্ঞান, রোগের লক্ষণ বিষয়ে জ্ঞান, রোগের প্রশমন বিষয়ে জ্ঞান এবং রোগের অপুনর্ভাব অর্থাৎ যাহাতে আর রোগের পুনরুদ্ভব না হয়, তদ্বিষয়ে জ্ঞান, এই চতুর্বিধ জ্ঞান যাহার আছে, তিনিই শ্রেষ্ঠ বৈদ্য।

শস্ত্র, শাস্ত্র এবং সলিল এই তিনটীই গুণ দোষ বিষয়ে পাত্রাপেক্ষী অর্থাৎ ইহারা পাত্রানুসারে গুণকর ও দোষকর উভয়ই হইয়া থাকে। যথা—শস্ত্রবিদ্যাবিশারদ পুরুষে শস্ত্র গুণকর হয়, কিন্তু শস্ত্রবিদ্যায় অকুশল পুরুষে উহা দোষজনক হইয়া থাকে। এইরূপ যিনি প্রকৃত ব্যাখ্যানাদি দ্বারা শাস্ত্র উত্তমরূপে অধ্যয়ন করিয়াছেন এবং শাস্ত্রার্থ বিশেষরূপে অবগত হইয়াছেন, সেই পুরুষই শাস্ত্রবৈশদ্যাদি গুণযুক্ত হয়, অন্যত্র উহা সদোষ হইয়া থাকে। অতএব বৈদ্য চিকিৎসার্থ প্রজ্ঞাকে বিশোধন করিবে, অর্থাৎ সদ্‌গুরুর উপাসনা দ্বারা আয়ুর্ব্বেদ অধ্যয়ন করিয়া বুদ্ধিকে মার্জ্জিত করিবে।

বিদ্যা, (আয়ুর্ব্বেদ বিদ্যা) বিতর্ক, বিজ্ঞান (বহু শাস্ত্রজ্ঞানে বিজ্ঞত্ব), স্মৃতি অর্থাৎ যেস্থলে যাহা কর্ত্তব্য, যে স্থলে যাহা উপযুক্ত তৎসমুদয়ের স্মরণ, তৎপরতা অর্থাৎ তৎক্রিয়ার প্রযত্নাতিশয়ত্ব, ক্রিয়া (পুনঃপুনঃ চিকিৎসাকরণ) যে বৈদ্যের এই ৬টী গুণ আছে, তাহার দ্বারা চিকিৎসা করিতে হয়, এইরূপ বৈদ্য দ্বারা চিকিৎসিত হইলে সাধ্য ব্যাধি কখনও অসাধ্য হয় না।

বিদ্যা, মতি অর্থাৎ স্বাভাবিকী বিশুদ্ধা বুদ্ধি, কর্ম্ম-দৃষ্টি অভ্যাস,—চিকিৎসাশাস্ত্রে শস্ত্র বিচরণাদি ক্রিয়াভ্যাস, সিদ্ধি ও সদ্‌গুরুর আশ্রয়, এই সকল গুণের মধ্যে এক একটী গুণ থাকিলেই যে বৈদ্য পদবাচ্য হইবে তাহা নহে, যাঁহার বিদ্যা ও মতি প্রভৃতি উক্ত সমুদয় গুণ আছে, তিনিই যথার্থ বৈদ্য পদবাচ্য হইয়া প্রাণপ্রদ ও সুখপ্রদ হইয়া থাকেন। রোগ-প্রকাশার্থ জ্যোতিঃস্বরূপ আয়ুর্ব্বেদ শাস্ত্র এবং রোগ দর্শনার্থ চক্ষুঃস্বরূপ স্বকীয় বুদ্ধি, এই উভয় দ্বারা অর্থাৎ শাস্ত্র ও আত্মবুদ্ধি অনুসারে বিবেচনা পূর্ব্বক চিকিৎসা করিলে বৈদ্যকে অপরাধী হইতে হয় না।

চিকিৎসাকার্য্যে ঔষধ, পরিচারক ও রোগী এই তিনটী বৈদ্যকেই বিশেষ আশ্রয় করিয়া ব্যাধিশান্তির কারণ হয়। অতএব বৈদ্যের শাস্ত্রজ্ঞানাদির প্রতি বিশেষ যত্ন করা কর্ত্তব্য।

আর্ত্ত ব্যক্তিদিগের প্রতি মিত্রভাব ও কারুণ্য অর্থাৎ দুঃখ শান্তির ইচ্ছা, সাধ্যরোগের চিকিৎসায় প্রবর্ত্তন এবং আসন্নমৃত্যু ব্যক্তিদিগের প্রতি উপেক্ষা অর্থাৎ চিকিৎসাভার গ্রহণ না করা এই চতুর্বিধ বৈদ্যবৃত্তি।

বৈদ্য ত্রিবিধ—ছদ্মচর, সিদ্ধসাধিত ও বৈদ্যগুণযুক্ত ভিষক্। যে সকল অজ্ঞ চিকিৎসক ঔষধাধার, ঔষধ, পুস্তক, এবং চাতুর্য্যাবলম্বন প্রভৃতিদ্বারা বৈদ্যগণের অনুকরণ করিয়া ভিষক্ নামে পরিচয় দেয়, সেইসকল অজ্ঞ বৈদ্যপ্রতিরূপদিগকে ছদ্মচর ভিষক্ কহে। যে সকল মূর্খ চিকিৎসক শ্রী, যশঃ, জ্ঞান ও কার্য্য সিদ্ধি প্রভৃতি গুণশূন্য হইয়াও আপনাকে শ্রীসম্পন্ন-যশস্বী, জ্ঞানবান্ ও কৃতকর্ম্মা বলিয়া মিথ্যা পরিচয় দেয়, তাহাদিগকে সিদ্ধসাধিতভিষক্ কহে। আর যাহারা ঔষধ প্রয়োগ-শাস্ত্রজ্ঞান, লোক ব্যবহারজ্ঞান ও কার্য্য সিদ্ধি দ্বারা সুপ্রতিষ্ঠ এবং রোগীর আরোগ্যপ্রদ ও জীবন রক্ষক, তাহাদিগকে বৈদ্য-গুণযুক্ত ভিষক্ কহে।

কোন কোন বৈদ্য প্রাণহন্তা, আবার কেহ বা রোগহন্তা, আত্রেয় ঋষির এই কথায় অগ্নিবেশ বলিয়াছিলেন যে আমরা রোগহন্তা বা প্রাণহন্তা বৈদ্য কি প্রকারে জানিতে পারিব? ইহাতে আত্রেয় উত্তর করিয়াছিলেন, যাহারা সৎকুলজাত, পর্য্যবদাত (অধীতশাস্ত্রে বিশেষ ব্যুৎপন্ন), পরিদৃষ্টকর্ম্মা, দক্ষ, শুচি, লঘুহস্ত, জিতাত্মা, সর্ব্বোপকরণবিশিষ্ট, সর্ব্বেন্দ্রিয়সম্পন্ন, আতুরাদির প্রকৃতিজ্ঞ ও প্রতিপত্তিজ্ঞ, তাহাদিগকে প্রাণরক্ষক ও রোগাপহারক বলিয়া জানিবে। এইপ্রকার গুণযুক্ত বৈদ্যই সমস্ত শরীর জ্ঞানে, শরীরের উৎপত্তিজ্ঞানে এবং প্রকৃতি বিকৃতি জ্ঞানে সংশয়শূন্য। এইরূপ বৈদ্যই সুখসাধ্য, কৃচ্ছ্র-সাধ্য, যাপ্য ও প্রত্যাখ্যেয় রোগ সমূহের নিদান, পূর্ব্বরূপ, বেদনা ও উপশয় বিজ্ঞানে সন্দেহশূন্য। ইহারাই ত্রিবিধ আয়ুর্ব্বেদ সূত্রের হেতু, লিঙ্গ ও ঔষধ জ্ঞানের এবং দৈবব্যাপাশ্রয়াদি ত্রিবিধ ঔষধ গ্রামের ব্যাখ্যাতা, ৩৫ প্রকার মূলফলের, ১৬ প্রকার মূল-প্রধান, ১৯ প্রকার ফলপ্রধান বৃক্ষের, ৪ প্রকার মহাস্নেহের, ৫ প্রকার লবণের, ৮ প্রকার মূত্রের, ৮ প্রকার দুগ্ধের, ক্ষীর-প্রধান ও ত্বক্‌প্রধান ৬ প্রকার অপর বৃক্ষের শিরোবিরেচনাদির, পঞ্চকর্ম্মাশ্রয় ঔষধগণের, ১৮ প্রকার যবাগূর, ৩২ প্রকার চূর্ণ ও প্রলেপের, ৬০০ বিরেচনের, ৫০০ কষায়ের ব্যাখ্যাতা, এবং স্বস্থ-

স্মৃতিবিষয়ে ভোজন, পান, নিয়ম, স্থান, ভ্রমণ, শয্যা, আসন, মাত্রা, দ্রব্য, অঞ্জন, ধূম, অভ্যঙ্গ, পরিমার্জ্জন, বেগবিধারণ, ব্যায়াম, সাত্ম্যেন্দ্রিয়পরীক্ষা, চিকিৎসা ও সদ্বৃত্ত এই সকল বিষয় বিজ্ঞানে পণ্ডিত; ইঁহারাই ষোড়শগুণযুক্ত চতুষ্পাদ রূপ ভেষজ ও বিনিশ্চয়, ত্রিবিধ এষণা ও বাতকলাজ্ঞান বিষয়ে সন্দেহ রহিত।

ইঁহারা ২৪ প্রকার স্নেহ বিচারণা, ৬৪ প্রকার রস এবং বহুবিধ স্নেহ, স্বেদ্য, বম্য ও বিরেচ্য ঔষধ বিষয়ে কুশল এবং শিরঃপীড়াদি রোগসমূহের দোষাংশ, বিকল্পজ ব্যাধিসমূহের ক্ষয় পিড়কা ও বিদ্রধিরোগের ত্রিবিধশোথের বহুবিধ শোথানুবন্ধের, অষ্টচত্বারিংশৎ রোগাধিকরণের, ১৪০ প্রকার নানাত্মজ রোগের, ৮০ প্রকার বাত ও ৪০ প্রকার পিত্তজ রোগের, ২০ প্রকার শ্লেষ্মজরোগের ও ২০ প্রকার নানাত্মজরোগের নিরাকরণে কুশল। এই প্রকার বৈদ্যই বিগর্হিত, অতিস্থৌল্য, ও অতিকার্শ্য রোগের নিদান, লক্ষণ ও চিকিৎসার ব্যাখ্যাতা। ইঁহারাই হিতাহিত, নিদ্রা, অনিদ্রা ও অতিনিদ্রা প্রভৃতির চিকিৎসা বিজ্ঞানে কুশল। ইত্যাদিগুণযুক্ত বৈদ্যই স্মৃতি, মতি ও শাস্ত্রযোজনাজ্ঞানসম্পন্ন হইয়া আপন সৎস্বভাবগুণে সকল প্রাণীকে মাতা, পিতা ও বন্ধু সদৃশ হইয়া জগতের হিতসাধন করিয়া থাকেন। উক্ত গুণযুক্ত চিকিৎসকই প্রাণাভিসর ও রোগহন্তা বলিয়া খ্যাত।

উক্তপ্রকার গুণের বিপরীত গুণ বিশিষ্ট বৈদ্যদিগকে রোগাভিসর ও প্রাণহন্তা বলিয়া জানিবে। এই বৈদ্যবেশধারী লোককণ্টক অধার্ম্মিক বঞ্চকগণ রাজার অনবধানতা দোষেই রাজ্যমধ্যে বিচরণ করিয়া বেড়ায়। এই বঞ্চকদিগের বিশেষ পরিচয় এই চিকিৎসা দ্বারা ধন লাভ করিব, এই লোভে তাহারা বৈদ্যবেশ ধারণপূর্ব্বক আপনাদের অত্যন্ত শ্লাঘা করিতে করিতে পথে পথে ঘুরিয়া বেড়ায়। কাহারও পীড়ার কথা শুনিলে সেই পীড়িত ব্যক্তির গৃহের চতুষ্পার্শ্বে ভ্রমণ করে এবং শ্রবণযোগ্য প্রদেশে দাঁড়াইয়া উচ্চৈঃস্বরে আপনার চিকিৎসা দক্ষতাদি গুণ সকল বর্ণনা করে। আর যে চিকিৎসা করিতেছে, মুহুর্মুহুঃ তাহার দোষ ঘোষণা করিতে থাকে। ইহারা প্রহর্ষণ, উপজল্পন ও সেবাদি দ্বারা রোগীর আত্মীয়স্বজনকে স্বপক্ষ করিবার চেষ্টা করে, ও আপনার স্বল্পাকাঙ্ক্ষা প্রকাশ করে এবং চিকিৎসাভার প্রাপ্ত হইলে আপনার অজ্ঞানতা আচ্ছাদিত রাখিবার অভিপ্রায়ে দক্ষতাসূচক চতুরতার সহিত মুহুর্মুহুঃ রোগী পরিদর্শন করে। রোগপ্রশমনে অসমর্থ হইলে 'কুপথ্য করে,' 'বড় লোভী' ইত্যাদি নানা দোষারোপ করে। রোগীর শেষদশা দেখিলে সে স্থান পরিত্যাগ করিয়া অন্যস্থানে পলায়ন করে। অর্থাৎ যে স্থানে অজ্ঞলোক সকল অবস্থিতি করে, সেই স্থানে যায়, এবং তাহাদের নিকটে আপনার চিকিৎসাকৌশল বর্ণন করে এবং পণ্ডিতদিগের পাণ্ডিত্যে দোষ বর্ণন করে। ইহারা কখন পণ্ডিত সমাজে যায় না। পথিকগণ ভয়ঙ্কর দুর্গম পথ দেখিলে দূর হইতেই তাহা পরিত্যাগ করে, সেই বঞ্চক বৈদ্যবেশধারী বৈদ্যগণও দূর হইতে পণ্ডিতসমাজ পরিত্যাগ করিয়া থাকে। যদি দৈবাৎ কাহারও কোন অল্পমাত্র রোগও ইহাদের চিকিৎসায় নিবারিত হয়, তবে তাহাই প্রকৃত বা অপ্রকৃত স্থানে বারংবার উল্লেখ করে। ইহারা কাহারও অনুযোগ ইচ্ছা করে না, এবং কাহাকেও অনুযোগ করে না। অনুযোগকে যমের ন্যায় ভয় করে। ইহাদের আচার্য্য নাই, শিষ্য নাই এবং সহাধ্যায়ীও নাই।

ব্যাধেরা যেমন ফাঁদ পাতিয়া পক্ষীদিগকে লক্ষ্য করে, সেইরূপ বৈদ্যবেশ ধারণ করিয়া যাহারা রোগীদিগকে অন্বেষণ করে, তাহারা শাস্ত্রজ্ঞান, বহুদর্শন, কালজ্ঞান, মাত্রাজ্ঞান, ও দেশজ্ঞান হীন, সুতরাং এই প্রকার বৈদ্য বর্জ্জনীয়। এই সকল ব্যক্তি যমের অনুচরের ন্যায় পৃথিবীতে বিচরণ করে।

যাহারা সামান্য জীবিকার জন্য বৈদ্যাভিমানী, সেই মূর্খ বিশারদদিগকে বিদ্বান্ রোগী পরিত্যাগ করিবেন। যে হেতু উহারা বায়ুভোজী সর্প। সর্প যেমন বায়ু ভক্ষণ করে, উহারাও তেমনি জীবের প্রাণবায়ু ভক্ষণ করিয়া থাকে। এইরূপ বৈদ্যকে দূর হইতে পরিত্যাগ করা বিধেয়।

প্রকৃত বৈদ্য সকলের পূজনীয়। রসায়ন, বৃষ্যযোগ ও যাহা কিছু রোগের ঔষধ, তৎসমস্তই বৈদ্যের অধীন, অতএব দেবরাজ ইন্দ্র যেমন স্ববৈদ্য অশ্বিনীকুমারদ্বয়কে পূজা করিয়াছিলেন, পণ্ডিত ব্যক্তিও সেইরূপ বুদ্ধিমান্ বেদপারগ প্রাণাচার্য্য বৈদ্যকে পূজা করিবেন।

চিকিৎসক যখন জরামরণরহিত দেবগণেরও পূজ্য, তখন যে তাহারা জরাব্যাধিমরণশীল দুঃখবহুল সুখার্থী মানবগণের যথাশক্তি পূজ্য হইবেন, তাহাতে আর কথা কি? যে বৈদ্য সৎস্বভাব, মতিমান্, শাস্ত্রজ্ঞ ও দ্বিজাতি অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যজাতি, সেই বৈদ্যকেই প্রাণিগণ প্রাণরক্ষার্থ আচার্য্যবৎ পূজা করিয়া থাকেন। অতএব এইরূপ গুণযুক্ত বৈদ্য প্রাণাচার্য্য নামে অভিহিত হয়।

ব্রাহ্মণাদির উপনয়ন সংস্কার হইলে তাহাদিগকে দ্বিজাতি এবং বেদাধ্যয়ন সমাপ্ত হইলে ত্রিজাতি কহা যায়। যতদিন তাঁহারা অনধীতবেদ থাকেন, ততদিন তাঁহাদিগকে ত্রিজাতি অর্থাৎ বৈদ্যনামে অভিহিত করা যায় না। জন্ম হইতে বৈদ্যসংজ্ঞা হয় না। ব্রাহ্মণাদির জন্মের পর যতদিন উপনয়ন সংস্কার না হয়, ততদিন তাঁহাদের ব্রাহ্মণাদি সংজ্ঞাই থাকে, উপনয়ন

হইলে তাঁহারা দ্বিজাতি এবং এই উপনয়নের পর বেদাধ্যয়ন সমাপ্ত হইলে তাঁহারা ত্রিজাতি অর্থাৎ ত্রিজন্মা বা বৈদ্যনামে অভিহিত হন। বিদ্যা সমাপ্তি হইলে তত্ত্বজ্ঞানহেতু "ব্রাহ্ম্যমনঃ" অথবা 'আর্ষমনঃ' তাহাদিগকে আশ্রয় করে। ব্রাহ্মণাদি দ্বিজ গণের এই ভাবে বৈদ্যত্বরূপে জন্মান্তর হয় এবং তাঁহারা ত্রিজ নামে অভিহিত হন।

যে বুদ্ধিমান্ পুরুষ দীর্ঘায়ুঃ লাভ করিতে ইচ্ছা করেন, তিনি প্রাণাচার্য্য বৈদ্যের ধনাদি বিষয়ে স্পৃহা বা তাহার প্রতি আক্রোশ করিবেন না এবং তাহার কোন অহিত করিবেন না। যে বৈদ্য কর্ত্তৃক যে ব্যক্তি চিকিৎসিত হইয়াছেন, সেই বৈদ্যের কোন উপকারজনক বিষয় শুনিয়া বা না শুনিয়াও সে ব্যক্তি যদি সেই উপকার না করেন, তাহা হইলে ইহজগতে তাহার নিষ্কৃতি নাই। আর বৈদ্যও যদি পরম ধর্ম্ম পাইতে অভিলাষ করেন, তাহা হইলে তাহারও অতি যত্নপূর্ব্বক রোগীদিগকে নিজ সন্তানবৎ ব্যাধিপীড়া হইতে রক্ষাকরা কর্ত্তব্য।

অপর স্থান অর্থাৎ ব্রহ্মলোকপ্রাপণেচ্ছু ধর্ম্মপরায়ণ মহর্ষি-গণ ধর্ম্ম নিমিত্ত যে অর্থকাম এবং সেই অর্থ কামের জন্যই আয়ু-র্ব্বেদ শাস্ত্র প্রকাশ করিয়াছিলেন, তাঁহারা নিজের জন্য বা কেবল অর্থকামের জন্য আয়ুর্ব্বেদ প্রচার করেন নাই। কারণ চিকিৎসা বিষয়ে প্রাণিগণের প্রতি দয়া প্রকাশ করিলে ধর্ম্মরূপ যে ফল হয়, সে ফল সকল ফলকেই অতিক্রম করিয়া থাকে। যাঁহারা বৃত্তির জন্য চিকিৎসারূপ পণ্য বিক্রয় করেন, তাঁহারা কাঞ্চনরাশি ত্যাগ করিয়া ভস্মরাশির উপাসনা করেন।

জীবগণ দারুণ রোগ কর্ত্তৃক যমালয়ের প্রতি আকৃষ্টমান হইলে যিনি যমপাশ সকল ছেদন করিয়া তাহাদিগকে জীবন দান করেন, ইহলোকে তাঁহার সদৃশ ধর্ম্মার্থদাতা আর দ্বিতীয় নাই। জীবনদানের ন্যায় উৎকৃষ্ট দান আর নাই। প্রাণি-গণের প্রতি দয়া করাই পরম ধর্ম্ম, এই মনে করিয়া যিনি চিকিৎসাকার্য্যে প্রবৃত্ত হন, তিনিই সফলকাম হইয়া পরমসুখ ভোগ করেন। (চরকসংহিতা)

ভাবপ্রকাশে বৈদ্যের চিকিৎসা বিধি বিষয়ে এইরূপ লিখিত আছে,—বৈদ্য প্রথমে বিশেষ রূপ পরীক্ষা দ্বারা রোগনির্ণয়, তৎপরে ঔষধ নির্ব্বাচন এবং তৎপরে অতি সতর্ক হইয়া ঔষধ দানাদিরূপ চিকিৎসায় প্রবৃত্ত হইবেন।

যে ক্রিয়া ব্যাধিবিনাশিনী এবং দোষ, ধাতু ও মলের শমতা-কারিণী, সেই ক্রিয়াকে চিকিৎসা কহে। যে ক্রিয়া দ্বারা শারীরিক ধাতুসমূহ শমতা প্রাপ্ত হয়, সেই ক্রিয়াকেই ব্যাধির চিকিৎসা বলে, এবং ইহাই বৈদ্যদিগের অভিমত। যে চিকিৎসা দ্বারা উৎপন্ন রোগ নষ্ট হয় এবং অন্যপ্রকার রোগ উৎপত্তির প্রতিবন্ধকতা জন্মে, সেই ক্রিয়াই চিকিৎসা শব্দের বাচ্য। কিন্তু যে ক্রিয়া দ্বারা এক রোগ প্রশমিত হইয়া অন্যরোগের উৎপত্তি হয়, তাহাকে চিকিৎসা বলা যাইতে পারে না।

রোগ উৎপন্ন হইবামাত্রই উপযুক্ত বৈদ্যের দ্বারা চিকিৎসা করা কর্ত্তব্য। যে বৈদ্য রোগনির্ণয় করিতে অসমর্থ, কিন্তু ঔষধের বিধান অবগত আছেন, তিনি চিকিৎসায় প্রবৃত্ত হইলে রোগীর আরোগ্য লাভ হওয়া না হওয়া অনিশ্চিত। শাস্ত্রান্তরে লিখিত আছে যে, উক্ত গুণযুক্ত বৈদ্য যদি চিকিৎসায় প্রবৃত্ত হন, তাহা হইলে রাজা তাহার দণ্ডবিধান করিবেন।

যে বৈদ্য কেবল রোগনির্ণয় করিতে সমর্থ, কিন্তু ঔষধ প্রস্তুতাদিতে অক্ষম, তৎকর্ত্তৃক চিকিৎসিত হইলে রোগী কর্ণধার-বিহীন নৌকার ন্যায় বিপদাপন্ন হয়। যে বৈদ্য সমস্ত রোগ ও সমস্ত ঔষধ বিশেষরূপে অবগত আছেন, এবং দেশ ও কালের বিভাগও নিরূপণ করিতে সমর্থ, তাঁহার চিকিৎসা নিশ্চয়ই ফলোৎপাদিকা হইয়া থাকে।

বৈদ্য প্রথমে যত্নের সহিত রোগের আনুপূর্ব্বিক বিবরণ অবগত হইবেন, তৎপরে যথাবিহিত ঔষধাদি দ্বারা চিকিৎসা করিতে প্রবৃত্ত হইবেন। সকল রোগের নামানুসারে রোগ নির্ণয় করিতে না পারিলে বৈদ্য লজ্জিত হইবেন না। কেননা সকল রোগের বিশেষ নাম নির্দ্ধারিত নাই। দোষের প্রকোপ ব্যতীত রোগের উৎপত্তি হয় না, অতএব যে সকল রোগ নাম দ্বারা বিশেষরূপে নির্দ্ধারিত না হইয়াছে, তাহার চিকিৎসা বায়ু, পিত্ত ও কফ এই দোষত্রয়ের লক্ষণ বিশেষরূপে অবগত হইয়া তদনুসারে করিবেন।

সুপণ্ডিত বৈদ্য কেবল একমাত্র নির্দ্দিষ্টবিধি অনুসারে ক্রিয়া করিবেন না। রোগাদির অবস্থা অনুসারে বিবেচনাপূর্ব্বক স্বয়ং চিকিৎসার উপযোগী বিষয় স্থির করিয়া লইবেন। যে হেতু উক্ত আছে যে, দোষ, কাল বা বলের অবস্থানুসারে শাস্ত্রনির্দ্ধারিত-কার্য্যও অহিতজনক এবং শাস্ত্র বিহিত নিষিদ্ধ কার্য্যও হিতজনক হইয়া থাকে।

বৈদ্যদিগের চিকিৎসা কোনস্থলেই নিষ্ফলা হয় না। কোন স্থলে অর্থলাভ, কোনস্থলে মিত্রতা, কোনস্থলে ধর্ম্ম, ও কোনস্থলে যশঃ বা কোনস্থলে কার্য্যদক্ষতা লাভ হইয়া থাকে, সুতরাং চিকিৎসা কোনস্থলেই বিফল হয় না।

যে বৈদ্য উপকারের পরবশ হইয়া আয়ুর্ব্বেদশাস্ত্রবিধি অনু-সারে চিকিৎসা করেন, তাঁহাদের পুণ্য ও পরমায়ুঃ বর্দ্ধিত হয়, এবং তাঁহারা নীরোগী হইয়া কালযাপন করেন। বৈদ্যগণ ধন-লোভী হইয়া অর্থগ্রহণপূর্ব্বক চিকিৎসারূপ পুণ্য বিক্রয় করিবেন না। যদি অর্থের অভাবে জীবিকা নির্ব্বাহ না হয়, তাহাহইলে

ভূম্যধিকারিগণের নিকট ধন প্রার্থনা করিয়া জীবিকা নির্ব্বাহ করিবেন। বৈদ্য কর্ত্তৃক চিকিৎসিত হইয়া যে দুর্ম্মতি শরীরক্রয় স্বরূপ অর্থপ্রদান দ্বারা চিকিৎসককে সন্তোষ না করে, তাহার সমস্ত সৎকর্ম্ম বৈদ্য অপহরণ করেন। মনুষ্যবিহীন দেহ নাই, এবং রোগ ভিন্নও মনুষ্য নাই, অতএব বৈদ্যের বৃত্তি সর্ব্বত্রই সুপ্রসিদ্ধ আছে।

যে বৈদ্য রোগীর গৃহে পূজিত না হন, তাহার কার্য্য অর্থাৎ রোগ নষ্ট হয় না। রোগী কিংবা দূত শূন্যহস্তে বৈদ্যকে দর্শন করিবেন না; কারণ শাস্ত্রে লিখিত আছে যে, রাজা, বৈদ্য ও গুরু ইঁহাদিগকে শূন্য হস্তে দর্শন করা বিধেয় নহে।

বৈদ্য নিম্নোক্ত ব্যক্তিদিগকে পরিত্যাগ করিয়া চিকিৎসা করিবেন। যে ব্যক্তি অত্যন্ত ক্রোধশীল, অবিচারিতকার্য্যকারী, ভয়শীল, বৈদ্যকর্ত্তৃক উপকৃত হইয়াও তাহাকে অগ্রাহ্যকারী, ব্যাকুলচিত্ত, শোকাভিভূত, যাহার মৃত্যু উপস্থিত, ইন্দ্রিয়শক্তি-রহিত, বৈদ্যের প্রতি শঠতাচরণকারী, চিকিৎসকের প্রতি বিশ্বাস-হীন কিংবা বৈদ্যের বাক্য অবহেলাকারী এবং যে ব্যক্তি চিকিৎসা-ব্যবসায়ী, বৈদ্য এই সকল ব্যক্তিদিগকে চিকিৎসা করিবেন না। কেননা উহাদের চিকিৎসা করিলে বহুবিধ দোষের আশঙ্কা আছে। (ভাবপ্রকাশ) ২ জাতিবিশেষ। [বৈদ্যজাতি দেখ।]

বেদ-ণ্য। ৩ বেদসম্বন্ধীয়।

বৈদ্যক (ক্লী) আয়ুর্ব্বেদ, চিকিৎসাশাস্ত্র। অষ্টাঙ্গচিকিৎসাশাস্ত্র, বা দশাঙ্গবৈদ্যশাস্ত্র। আয়ুর্ব্বেদ শাস্ত্রকেই বৈদ্যক কহে। সুশ্রুত মতে শল্য, শালাক্য, কায়চিকিৎসা, ভূতবিদ্যা, কৌমারভৃত্য, অগদতন্ত্র, রসায়নতন্ত্র ও বাজীকরণতন্ত্র এই অষ্টাঙ্গচিকিৎসা শাস্ত্রকে বৈদ্যক কহে।

বৈদ্যকনিঘণ্টুমতে দ্রব্যাভিধান, রুগ্‌বিনিশ্চয়, কায়সৌখ্য-সম্পাদন, শাস্ত্রবিদ্যা, পঞ্চাক্ষরীপ্রভাব দ্বারা ভূতনিগ্রহ, বিষপ্রতী-কার, বালোপচার, রসায়ন, শালাক্য ও বৃষ্য এই দশাঙ্গশাস্ত্রকে বৈদ্যক কহে।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বৈদ্যক গ্রন্থের বিষয় এইরূপ লিখিত আছে, প্রথমে প্রজাপতি ব্রহ্মা ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ববনামক চারিবেদ দর্শন করিয়া পরে তাহার অর্থ সকল পর্য্যালোচনা পূর্ব্বক আয়ুর্ব্বেদ নামে অপর একখানি বেদের সৃষ্টি করেন। অতঃপর ভগবান্ ব্রহ্মা উক্ত পঞ্চমবেদ ভাস্করদেবকে দান করেন, ভাস্করও এই আয়ুর্ব্বেদ হইতে স্বতন্ত্র একখানি সংহিতা প্রণয়ন করেন। পরিশেষে ভাস্কর নিজকৃত সংহিতার সহিত উক্ত আয়ুর্ব্বেদ অধ্যয়ন করাইলে তাঁহারা সকলে উভয়শাস্ত্র দর্শন করিয়া এক একখানি সংহিতা প্রস্তুত করিলেন। এই সকল সংহিতার বিবরণ এইরূপ লিখিত আছে, ধন্বন্তরি, দিবোদাস, কাশীরাজ, অশ্বিনীকুমারদ্বয়, নকুল, সহদেব, যমরাজ, চ্যবন, জনক, বুধ, জাবাল, জাজলি, পৈল, কবথ, অগস্ত্য, এই ষোড়শজন ভাস্করের শিষ্য, এবং সকলেই বেদবেদাঙ্গবেত্তা ও রোগশান্তিকারক। প্রথমে ভগবান্ ধন্বন্তরি অতি সুন্দর 'চিকিৎসাতত্ত্ববিজ্ঞান' নামে এক সংহিতা করেন, পরে দিবোদাস, 'চিকিৎসাদর্শন' ও কাশীরাজ 'চিকিৎসাকৌমুদী' নামে অতি উত্তম শাস্ত্র রচনা করেন। অশ্বিনীকুমারদ্বয় 'চিকিৎসাসার-তন্ত্র' নকুল 'বৈদ্যক সর্ব্বস্ব', সহদেব 'ব্যাধি সিন্ধুবিমর্দ্দন', যমরাজ 'জ্ঞানার্ণব', চ্যবন 'জীবদান' জনক 'বৈদ্যকসন্দেহভঞ্জন' বুধ 'সর্ব্ব-সার', জাবাল 'তন্ত্রসারক', জাজলি 'বেদাঙ্গসারতন্ত্র', পৈল নিদান, কবথ, সর্ব্বধরতন্ত্র ও অগস্ত্য 'দ্বৈধনির্ণয়' নামে সংহিতা রচনা করেন। এই ষোড়শতন্ত্রই চিকিৎসাশাস্ত্রের বীজস্বরূপ এবং ব্যাধিনাশের কারণ ও বলাধানকারী, এই সকল বৈদ্যক গ্রন্থে রোগের চিকিৎসাদির বিশেষ বিবরণ অভিহিত আছে।

(ব্রহ্মবৈবর্ত্তপু° ব্রহ্মখ° ১৬ অ°)

ভাবপ্রকাশে লিখিত আছে যে, প্রথমে ব্রহ্মা আয়ুর্ব্বেদ প্রচলন করিবার জন্য লক্ষ শ্লোকাত্মক ব্রহ্মসংহিতা নামে একখানি আয়ুর্ব্বেদ সংহিতা রচনা করেন এবং দক্ষকে সেই সংহিতা উপদেশ দেন। পরে রাজর্ষি দক্ষের নিকট অশ্বিনীকুমারদ্বয় আয়ুর্ব্বেদ অধ্যয়ন করিয়া চিকিৎসক সমূহের কর্ত্তব্যজ্ঞানবর্দ্ধনের নিমিত্ত স্বকীয় নামে অশ্বিনীকুমার-সংহিতা প্রস্তুত করেন।

অশ্বিনীকুমারদ্বয়ের নিকট ইন্দ্র ঐ আয়ুর্ব্বেদ শিক্ষা করেন। পরে আত্রেয় জগতের লোককে ব্যাধি পীড়িত দেখিয়া অতিশয় করুণাপরবশ হইয়া ইন্দ্রের নিকট ঐ আয়ুর্ব্বেদশাস্ত্র শিক্ষা করেন। তৎপরে ভরদ্বাজ সুরপুরে গমন করিয়া ইন্দ্রের নিকট এই আয়ুর্ব্বেদশাস্ত্র অধ্যয়ন করেন।

যখন নারায়ণ মৎস্যাবতারে বেদের উদ্ধার করেন, তখন অনন্তদেব সেইস্থানে ষড়্‌বেদ এবং অথর্ব্ববেদের অন্তর্গত সকল অনুবেদ প্রাপ্ত হন। তৎপরে একদিন অনন্তদেব ভূতলের অবস্থা দর্শন করিতে চররূপে পৃথিবীতে আসিয়া দেখেন যে, ভূমণ্ডলের লোক সকল ব্যাধিগ্রস্ত হইয়া বেদনায় পরিপীড়িত হইতেছে, এবং স্থানে স্থানে মানবগণ অত্যন্ত উৎকণ্ঠিত ও মুমূর্ষুপ্রায় হইয়া রহি-য়াছে। অনন্তদেব মানবগণকে এইরূপ দুরবস্থাগ্রস্ত দেখিয়া অতি-শয় কৃপাবশতঃ তাহাদের দুঃখে দুঃখিত হইয়া ব্যাধিপ্রশমনোপায় চিন্তা করিতে লাগিলেন। তৎপরে বিশেষ বিবেচনা করিয়া স্বয়ং অনন্তদেব মুনিপুত্ররূপে পৃথিবীতে আবির্ভূত হইলেন; ইনি চররূপে ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছেন, তাহা কেহই জানিতে পারে নাই। এজন্য তিনি চরক নামে বিখ্যাত হন। চরকাচার্য্য মানব-গণের ব্যাধি বিনাশ করিয়া বৃহস্পতির পূজনীয় হইলেন।

নামে যে সকল তন্ত্র রচনা করিয়াছিলেন, চরক সেই তন্ত্রসমূহের জীর্ণোদ্ধার করিয়া চরকসংহিতা প্রণয়ন করেন। এই সংহিতা বৈদ্যকশাস্ত্রের মধ্যে সর্ব্বোৎকৃষ্ট।

চরক প্রাদুর্ভাবের পর ধন্বন্তরি আবির্ভূত হন। এই বিষয়ে লিখিত আছে যে, একদা পৃথিবীতে দেবরাজ ইন্দ্রের দৃষ্টিনিক্ষেপ হওয়ায়, তিনি ব্যাধি কর্ত্তৃক অত্যন্ত পীড়িত মনুষ্যগণকে দর্শন করিয়া কৃপাবশতঃ তাঁহার হৃদয় ব্যথিত হইল। তৎপরে দয়ার্দ্র-চিত্ত ইন্দ্র ধন্বন্তরিকে কহিলেন, তুমি ভূলোকে গমন করিয়া কাশীধামে রাজা হইয়া ব্যাধিসমূহের চিকিৎসার নিমিত্ত বৈদ্যক-শাস্ত্র প্রকাশিত কর। ধন্বন্তরি কাশীতে এক ক্ষত্রিয়ের গর্ভে জন্মগ্রহণ করিয়া দিবোদাস নামে খ্যাত হন। দিবোদাস রাজপদে অধিষ্ঠিত থাকিয়া জগতের উপকারের জন্য ধন্বন্তরি-সংহিতা প্রণয়ন করেন।

বিশ্বামিত্র প্রভৃতি মুনিগণ জ্ঞানচক্ষুঃ দ্বারা অবগত হইলেন যে এই কাশীধামে ধন্বন্তরি দিবোদাসরূপে জন্মগ্রহণ করিয়াছেন। তখন বিশ্বামিত্র স্বীয় পুত্র সুশ্রুতকে কহিলেন, তুমি জীবলোকের উপ-কারের জন্য কাশীধামে গমন করিয়া আয়ুর্ব্বেদ অধ্যয়ন কর। সুশ্রুত পিতার আজ্ঞানুসারে কাশীধামে গমন করিলেন, তাঁহার সহিত একশত মুনিপুত্র গমন করিলেন। ইঁহারা সকলেই দিবো-দাসের নিকট আয়ুর্ব্বেদ অধ্যয়ন করেন। ইঁহারা যথাশাস্ত্র আয়ুর্ব্বেদ অধ্যয়ন করিয়া সকলেই এক একখানি সংহিতা প্রণয়ন করেন। এই সকল সংহিতার মধ্যে সুশ্রুত সর্ব্বোৎকৃষ্ট। এই-রূপে ক্রমে বৈদ্যকশাস্ত্রের বহুল প্রচার হয়। (ভাবপ্র°)

বৈদ্যকশাস্ত্রের মধ্যে চরক ও সুশ্রুতই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ এবং ইহা হইতেই নানা বৈদকগ্রন্থ সকল হইয়াছে।

॥*॥ বৈদ্যক শব্দটী সংস্কৃত ভাষায় ক্লীবং ও পুং উভয় লিঙ্গেই ব্যবহৃত হইয়া থাকে। বেদশাস্ত্র, চিকিৎসাশাস্ত্র, আয়ুর্ব্বেদ ইত্যাদি অর্থে "বৈদ্যকম্" পদের প্রয়োগ দৃষ্ট হইয়া থাকে। শল্য, শালাক্য, কায়চিকিৎসা, ভূতবিদ্যা, কৌমারভৃত্য, অগদ-তন্ত্র, রসায়নতন্ত্র, বাজীকরণতন্ত্র, দ্রব্যাভিধান, রুগ্‌বিনিশ্চয় কায়সৌখ্যসম্পাদন, শস্ত্রবিদ্যা, পঞ্চাক্ষরীপ্রভাবে ভূতনিগ্রহ, প্রভৃতিই বৈদ্যক শব্দের অন্তর্ভুক্ত। আবার "বৈদ্যকঃ" এই-রূপ পুংলিঙ্গ প্রয়োগে বৈদ্যক শব্দের অর্থ চিকিৎসক ও চিকিৎসা-বিজ্ঞানবিদ্ ইত্যাদি। আমরা এই উভয় অর্থেই এই শব্দটীর

জানেন বা চিকিৎসা ব্যবসায় করেন তিনিই বৈদ্য বা বৈদ্য
বৈদ্যক শব্দটী সাধারণতঃ আয়ুর্ব্বেদ অর্থেই ব্যবহৃত হ
থাকে। ইতঃপূর্ব্বে "আয়ুর্ব্বেদ" শব্দে বৈদ্যক শব্দের আলে
অনেক বিষয় আলোচিত হইয়াছে। বেদবিভাগের বহু
হইতেই যে এদেশে চিকিৎসা ব্যবসায় প্রচলিত ছিল, জগ
প্রাচীনতম গ্রন্থ ঋগ্‌বেদ পাঠ করিলে তৎসম্বন্ধে সুস্পষ্ট ধ
জন্মে। অথর্ব্ববেদের কথা পরে বলিব, অগ্রে ঋগ্‌বেদ হই
সেই প্রাচীনতন কালের চিকিৎসা বিজ্ঞানের প্রকর্ষের কতি
প্রমাণ এস্থলে প্রকাশ করা যাইতেছে।

১। ঋগ্‌বেদের সময়েও আর্য্যগণ শত সহস্র ওষধি দ্র
ব্যবহার জানিতেন যথা—

"শতং তে রাজন্ ভিষজঃ সহস্র মুর্ব্বী গভীরা সুমতিষ্টে অস্ত।
(ঋক্ ১। ২৪। ২

অর্থাৎ হে রাজন্ বরুণ তোমার শত সহস্র ওষধি অ
ভৈষজ্য তত্ত্ব বা Pharmacology তোমার সুমতি বিস্তীর্ণা ও গ
হউক।* সেই প্রাচীন সময়ে ফ
কোলজী (Pharmacology) বা মেটেরিয়া মেডিকা (Mate
medica) প্রভৃতি শাস্ত্রেরও যে যথেষ্ট আলোচনা হইয়াছি
ইহা হইতে তাহারও প্রমাণ পাওয়া যায়।

ঋগ্‌বেদের দশম মণ্ডলের ৯৭ সূক্তটী ওষধির স্তোত্র
ইহাতে ২৩টী ঋক্ আছে। এই সূক্তের দেবতা ওষধি,
ভিষক্। প্রত্যেক ঋক্ ঔষধের মাহাত্ম্যসূচক ও গ
অর্থ ব্যঞ্জক। এই সকল ঋকের মর্ম্ম এইরূপ :—পূর্ব্ব
তিন যুগ ধরিয়া দেবতারা যে সমস্ত প্রাচীন ওষধি সৃষ্টি কি
ছেন, সেই সকল পিঙ্গলবর্ণ ওষধির এক শত সপ্ত স্থান বিদ্য
আছে। এমন কি সহস্র স্থান আছে। ইহারা জননী স্বর
ইহাদের ক্রিয়া শত প্রকার। ইহারা আরোগ্য বিধান ক
রোগীকে রোগ হইতে রক্ষা করে। ইহারা ফলপুষ্পব
দীপ্তিশালিনী, ও জয়শালিনী রোগীর প্রতি অনুগ্রহকারিণী
কৃতজ্ঞতাভাজন। অশ্বত্বতী, সোমবতী, উর্জ্জয়ন্তী, উদে
প্রভৃতি ওষধি সংগ্রহ এবং তাহা দ্বারা রোগীর আরো
বিধান করা হইত। ওষধি সমূহের গুণ প্রত্যক্ষ হই
ঔষধ সমূহের ফল প্রত্যক্ষ দৃষ্ট হইত। ঔষধ দ্বারা দু

দেহ সবল হইত, মৃতদেহে প্রাণ সঞ্চার হইত। দ্বাদশ ঋকে লিখিত হইয়াছে, "যেরূপ বলবান্ ও মধ্যবর্ত্তী ব্যক্তি সকলকেই আয়ত্ত করেন, হে ওষধিগণ তোমরা যাহার অঙ্গে প্রত্যঙ্গে ও গ্রন্থিতে গ্রন্থিতে বিচরণ কর তাহার রোগ সেই সেই স্থান হইতে দূরীকৃত হয়।" ওষধির গুণে পাখীদের ন্যায় রোগ দ্রুতবেগে পলায়ন করে। ঔষধ সকল পরস্পর মিলিত হইয়া কার্য্য করিত। ১৪ ঋক্ পাঠে বুঝা যায়, বৈদিক সময়েও অনেক গুলি ঔষধ একত্র মিশ্রিত করা হইত। যথা—'এইরূপে সকলে পরস্পর একমত ও এক কার্য্যকারিণী হইয়া আমার এই কথা রক্ষা কর।' ইত্যাদি। ফলতঃ ঋগ্‌বেদের সময়ে সহস্র সহস্র উদ্ভিদ্ রোগ আরোগ্যের জন্য ব্যবহৃত হইত এবং সেই সকল ওষধি যথেষ্ট সুফল প্রদান করিত।

২। এনাটমী ও ফিজিওলজীর সূত্রপাতও ঋগ্‌বেদে দেখিতে পাওয়া যায়। ঋগ্‌বেদের ১০ মণ্ডলের ১৩৬ সূক্তে নাসিকা, কর্ণ, চিবুক, মস্তিষ্ক, জিহ্বা, গ্রীবা, শিরা, স্নায়ু, অস্থি, সন্ধি, বাহু, হস্ত, স্কন্ধ, অন্ননাড়ী, ক্ষুদ্রনাড়ী, বৃহদন্ত্র, হৃদয়স্থান, মূত্রাশয়, যকৃৎ, উরু, জানু, পার্ষ্ণি, নিতম্ব, মলদ্বার, প্রস্রাবদ্বার, লোম, নখ প্রভৃতির নাম দেখিতে পাওয়া যায়।

শারীরবিদ্যা বা Anatomy ও Physiology

ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চভূতের দ্বারা যে মনুষ্যের দেহ গঠিত, ঋক্ সংহিতার ১০ম° ১৬ সূ° ৩ ঋকে তাহার পরিচয় দেখিতে পাওয়া যায়। মৃত ব্যক্তিকে দাহ করার সময় বলা হইতেছে ঃ—

"সূর্য্যং চক্ষুর্গচ্ছতু বাতমাত্মা দ্যাং চ গচ্ছ পৃথিবীং চ ধর্ম্মণা।
অপো বা গচ্ছ যদি তত্র তে হিতমোষধিষু প্রতিতিষ্ঠা শরীরৈঃ॥"

অর্থাৎ হে মৃত তোমার চক্ষুঃ (অর্থাৎ চক্ষের জ্যোতিঃ) সূর্য্যলোকে গমন করুক, তোমার শ্বাস বায়ুতে মিশ্রিত হউক, তোমার পুণ্যফলে আকাশে যাও, জলে গেলে যদি হিত হয়, তবে জলে যাও, তোমার শরীরের অবয়বগুলি ওষধিবর্গে যাইয়া অবস্থান করুক। "ত্রিধাতু শর্ম্ম বহতম্" ইত্যাদি উক্তিতে জানা যায় যে বাত, পিত্ত ও কফও ঋগ্‌বেদের সময়ে চিকিৎসকগণের সুপরিচিত ছিল। আহার্য্য দ্রব্যের পরিপাক, ধমনী স্পন্দনের সহিত জীবনীক্রিয়ার সম্বন্ধ ইত্যাদি বহুপ্রকার শরীরবিচয়শাস্ত্রের আলোচ্য বিষয় বীজাকারে ঋগ্‌বেদে দেখিতে পাওয়া যায়।

ঋগ্‌বেদের দশম মণ্ডলের ১৭৪ সূক্তে লিখিত আছে, বিষ্ণু স্ত্রীঅঙ্গকে গর্ভধারণের উপযোগী করিয়া দিন, প্রজাপতি শুক্র পাতন করুন, ধাতা গর্ভধারণ করুন, হে সিনীবালি, হে সরস্বতি! তোমরা গর্ভকে ধারণ কর, পদ্মমালাধারী দেব অশ্বিদ্বয় গর্ভোৎপাদন করুন। হে পত্নি, অশ্বিদ্বয় তোমার গর্ভস্থ যে সন্তানের জন্য সুবর্ণনির্ম্মিত দুই অরণি ঘর্ষণ করিতেছেন, দশম মাসে প্রসূত হইবার জন্য আমরা তোমার সেই গর্ভস্থ সন্তানকে আহ্বান করিতেছি। বৈদিক সাহিত্য পাঠে জানা যায় যে বিষ্ণু জৈবিক তাড়িতের দেবতা, ত্বষ্টা জৈবিক তাপের অধিষ্ঠাতা ও প্রজাপতি আর্ত্তব শোণিতের দেবতা। উক্ত বৈদিক গর্ভাধান মন্ত্রের তাৎপর্য্য এই যে গর্ভধারণোপযোগী জরায়ুতে বিষ্ণু (বায়ুর অধিদেবতা) দ্বারা পিতৃবীজ নীত হয় ও প্রজাপতি দ্বারা মাতৃবীজ সিঞ্চিত হয়। সিনীবালী ও সরস্বতী গর্ভ রক্ষা করেন ও অশ্বিদ্বয় ভ্রূণের দেহ নির্ম্মাণ করেন।

ভ্রূণতত্ত্ব বা Embryology

ঋক্ সংহিতা অনুসন্ধান করিলে এ সম্বন্ধে আরও প্রমাণ পাওয়া যাইতে পারে। ঐতরেয় ব্রাহ্মণ গ্রন্থে লিখিত আছে—

"তস্মাৎ পরাং যো গর্ভাধীয়ন্তে পারাং চ সম্ভবতি * * * * তস্মান্মধ্যে গর্ভা ধৃতা।" (ঐতরেয়ব্রাহ্মণ ৬।১০)

গর্ভ যে অধোমুখে থাকে, এবং এইরূপ অবস্থানের জন্যই যে সুপ্রসব ঘটে, ইহাতে তাহারও প্রমাণ পাওয়া যায়।

ঋগ্‌বেদের ১১২ ১ম মণ্ডলের এবং ১১৬—১২০ সূক্ত পর্য্যন্ত আমরা অশ্বিদ্বয়ের স্তুতি দেখিতে পাই, এই সকল স্তোত্রে ঋগ্‌বেদের মন্ত্র সময়ের চিকিৎসাশাস্ত্র কি প্রকার উৎকর্ষ লাভ করিয়াছিল, চিকিৎসা সম্বন্ধে ঋষিদের কি প্রকার ধারণা ছিল, কোন্ কোন্ ব্যাপারেই বা চিকিৎসক ও চিকিৎসার প্রয়োজন হইত, চিকিৎসা সম্বন্ধীয় ঐতিহাসিক তথ্যের বহুল সন্ধান এই কয়েক সূক্তে পরিলক্ষিত হয়। অমরকোষে লিখিত আছে—

অশ্বিনীকুমারদ্বয় ও Surgery

"* * * স্বর্ব্বৈদ্যাবশ্বিনেয়ৌ।
নাসত্যাবশ্বিনৌ দস্রাবাশ্বিনেয়ৌ চ তাবুভৌ॥"

অর্থাৎ অশ্বিনীকুমারদ্বয় স্বর্গবৈদ্য, নাসত্য, অশ্বী, দস্র, ও আশ্বিনেয় এই কয়েক পর্য্যায়ে অভিহিত হন। সূর্য্যের ভার্য্যা অশ্বিনীর গর্ভে ইঁহাদের জন্ম। অমর টীকাকার রঘুনাথ চক্রবর্ত্তী এই কয়েকটী পর্য্যায়ের প্রত্যেক পর্য্যায়ের ব্যুৎপত্তিগত ব্যাখ্যা ও ঐতিহাসিক বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন।

ভাবপ্রকাশে জানা যায়, প্রথমে ব্রহ্মা অথর্ব্ববেদের ঐশ্বর্য্যস্বরূপ আয়ুর্ব্বেদ প্রচার করিতে ইচ্ছুক হইয়া ব্রহ্মসংহিতা নামে লক্ষ শ্লোক সংযুক্ত একখানি আয়ুর্ব্বেদ সংহিতা রচনা করেন। তিনি দক্ষ প্রজাপতিকে আয়ুর্ব্বেদসম্বন্ধীয় উপদেশ প্রদান করেন। দক্ষপ্রজাপতি আবার সূর্য্যাংশসম্ভূত বিদ্বান্ ও দেবতাগণের শ্রেষ্ঠ অশ্বিনীকুমারদ্বয়কে আয়ুর্ব্বেদ শিক্ষা দিয়াছিলেন।

ভাবপ্রকাশে জানা যায় যে ব্রহ্মসংহিতার পরেই অশ্বিনী-সংহিতা নামে এক খানি আয়ুর্ব্বেদ গ্রন্থ অশ্বিনীকুমারদ্বয়ের দ্বারা প্রণীত হয়। ভাবপ্রকাশে আরও লিখিত আছে যে শিব ক্রোধ করিয়া ব্রহ্মার মস্তক ছেদন করেন, অশ্বিনীকুমারদ্বয় ঐ ছিন্ন মস্তক সংযুক্ত করিয়া দেন। এই কারণে অশ্বিনীকুমারদ্বয় তদবধি যজ্ঞাংশভাগী হন। ছিন্নমস্তক জোড়া দেওয়া সম্বন্ধে অশ্বিনী-কুমারদ্বয়ের যথেষ্ট দক্ষতা ছিল। সুশ্রুতের সূত্রস্থানেও এ সম্বন্ধে প্রমাণ পাওয়া যায় যথা :—

"অথ তয়োরর্থে দেবা ইন্দ্রং যজ্ঞভাগেন প্রসাদয়ন্ তাভ্যাং শিরঃ সংহিতমিতি।"

সুশ্রুত বলেন, দেবাসুরের যুদ্ধেই শল্যতন্ত্রের (Surgery, বিশেষতঃ military surgery) উৎপত্তি হয়। অশ্বিনীকুমারদ্বয় শল্যতন্ত্রের অধিষ্ঠাত্রী দেবতা ; যজ্ঞের ছিন্নমস্তক সন্ধান করিয়া দিয়াই ইঁহারা যজ্ঞভাগের অধিকারী হন। দৈত্যগণের সহিত যুদ্ধে দেবতাগণ ক্ষত বিক্ষত হইয়াছিলেন, অশ্বিনীকুমারদ্বয় অসাধারণ ক্ষমতাপ্রভাবে একদিবসের মধ্যে সকলকে আরোগ্য করিয়া তুলিয়াছিলেন। বজ্রধারী ইন্দ্র ভুজস্তম্ভরোগগ্রস্ত এবং নিশাপতি চন্দ্রমণ্ডল হইতে পতিত হইয়া প্রপীড়িত হইয়াছিলেন, অশ্বিনীকুমার অচিরে ইহাদের আরোগ্য বিধান করেন। সূর্য্যের দন্তরোগ, ভগদেবের চক্ষুরোগ এবং চন্দ্রের রাজযক্ষ্মা রোগ অশ্বিনীকুমারদ্বয়ের চিকিৎসায় অচিরেই প্রশমিত হয়। ভৃগু মুনির পুত্র চ্যবন অতিশয় ইন্দ্রিয়াসক্ত হইয়া জরাগ্রস্ত হন এবং বিকৃত হইয়া পড়েন,অশ্বিনীকুমারদ্বয়ের চিকিৎসায় তিনি পুনর্ব্বার নবযৌবন প্রাপ্ত হইয়াছিলেন। রাজযক্ষ্মার চিকিৎসা সম্বন্ধে দশমমণ্ডলের শেষভাগে যে একটী সূক্ত আছে, তাহা ইতঃপূর্ব্বে উল্লিখিত হইয়াছে।

অশ্বিনীকুমারদ্বয় যে কেবল মানুষের চিকিৎসা করিতেন তাহা নহে, গবাদির চিকিৎসাতেও ইঁহাদের যথেষ্ট ক্ষমতা ছিল। যে গাভী প্রসবে অসমর্থা সেই সকল গাভীদিগকেও দুগ্ধবতী করিয়া দিতেন (ঋক্ ১।১১২।৩, ১। ১১৬। ২২) এতদ্ব্যতীত যুদ্ধে আহত ঘোটকদিগকে চিকিৎসা করিয়া অচিরেই তাহা-দিগকে আবার যুদ্ধগমনের উপযোগী করিয়া দিতেন। পক্ষীর চিকিৎসাতেও অশ্বিনীকুমারদ্বয় সিদ্ধহস্ত ছিলেন (১। ১১২। ৮)।

কূপে নিক্ষিপ্ত ও পাশবদ্ধ, রেভবন্ধন,অনন্তক, কর্কন্ধ ও ভুজ্য প্রভৃতি বহু ঋষিকে মৃতপ্রায় অবস্থায় উত্থিত করিয়া অশ্বিনী-কুমারদ্বয় তাঁহাদের জীবন দান করিয়াছিলেন। ইঁহারা সিল-ভেষ্টারের ন্যায় কৃত্রিম শ্বাস প্রশ্বাসের উপায় করিয়াছিলেন কি না বলা যায় না। কিন্তু জলমগ্ন শ্বাসরুদ্ধলোকদিগকেও ইঁহারা অনায়াসে বাঁচাইয়া দিতেন। (১১।১২।৫-৬)। রেভ ঋষির স্বর্গতির কথা ১১৬ সূক্তের ২৪ ঋকে এবং ১১৭ সূক্তের ৪ ঋকে বিশেষরূপে বিবৃত হইয়াছে। ইঁহার অঙ্গ প্রত্যঙ্গ পর্য্যন্ত বিনষ্ট হইয়াছিল। ইনি দশরাত্রি নয়দিন জলে ছিলেন।

প্রথম মণ্ডলের ১১২ সূক্তের ৮ ঋক্ পাঠে জানা যায় যে ঋজ্রাশ্ব ঋষি অন্ধ ছিলেন, অশ্বিনীকুমারদ্বয়ের চিকিৎসায় তিনি চক্ষু প্রাপ্ত হন। ইহার পর ১১৬ সূক্ত হইতে ১২০ সূক্ত পর্য্যন্ত আরও কতিপয় ঋকে অন্ধের চক্ষুদানের কথা দেখিতে পাওয়া যায়।

Occulist

ঋজ্রাশ্ব সম্বন্ধে উপাখ্যানটী সায়ণ এইরূপ বিবৃত করিয়াছেন, ঋজ্রাশ্ব বৃষশিবির পুত্র। ইনি একজন রাজর্ষি, অশ্বিদ্বয়ের বাহন গর্দ্দভ ইহার নিকট নেকড়েবাঘ হইয়া আসিয়াছিল। ঋজ্রাশ্ব উহার আহারার্থে ১০১ পৌরজনের মেধ খণ্ড খণ্ড করিয়া দিয়াছিলেন, পৌরজনের এইরূপ অপকার করাতে ঋজ্রাশ্বের পিতা তাঁহাকে নেত্রহীন করেন। তিনি অশ্বিদ্বয়ের স্তুতি করায় অশ্বিদ্বয় তাঁহাকে চক্ষুঃ দান করেন।

পরাবৃজ ও শ্রোণ এই উভয়ই পঙ্গু হইয়াছিলেন। অশ্বি-দ্বয় ইঁহাদিগকে অতিসত্বরে গমনসমর্থ করিয়াছিলেন। ১ম মণ্ডলের ১১২ সূক্তের ২১ ও ২২ ঋক্ পাঠে জানা যায় যে, অশ্বিদ্বয় সমরক্ষেত্রে থাকিয়া সমরে আহত ব্যক্তিগণের চিকিৎসা করিতেন। প্রথম-মণ্ডলের ১১৬ সূক্তের ১৫ ঋক্ পাঠে অবগত হওয়া যায় যে, খেল রাজার স্ত্রী বিশ্‌পনা যুদ্ধে গিয়াছিলেন। সেই যুদ্ধে তাহার একটী পা একবার ছিন্ন হইয়া গিয়াছিল, অশ্বিদ্বয় রাত্রিযোগে আসিয়া লৌহের পা করিয়া দিলেন, বিশ্‌পনা এই "আয়সী জঙ্ঘার"সাহায্যে হৃতধনলাভার্থে আবার গমন করিলেন।

Military surgeon

১ম মণ্ডলের ১১৬ সূক্তের ১০ম ঋকে লিখিত হইয়াছে, "হে নাসত্যদ্বয়, শরীরের আবরণ বিমোচনের ন্যায় তোমরা জীর্ণ চ্যবন ঋষির শরীরে জরা ফেলিয়া দিয়া তাহাকে নব যৌবন প্রদান করিয়াছিলে, তোমরা সেই পুত্রাদিত্যক্ত ঋষির জীবন বৃদ্ধি করিয়া দিয়াছিলে, এবং তৎপরে তাহাকে বহুকন্যার পতি করিয়া দিয়াছিলে।" ঋগ্বেদের অন্যত্রও এই আখ্যান দেখিতে পাওয়া যায়। শতপথ-ব্রাহ্মণেও এই আখ্যানটী আছে। মহাভারতের বনপর্ব্বের চ্যবন ঋষির আখ্যান কাহারও অবিদিত নহে।

পুনর্যৌবনদান
Rejuvenation

উক্ত ১১৬ সূক্তের ১৩ ঋকে লিখিত আছে, কৃষ্ণের পুত্র ঋজুতাপরায়ণ বিশ্বকায় নামক ঋষি পুত্রের মৃত্যুতে ব্যাকুল হইয়া মৃতপুত্র বিষ্ণাস্থুকে লইয়া অশ্বিদ্বয়ের শরণ গ্রহণ করেন। ইঁহারা সেই বিষ্ণাস্থুর মৃতদেহে প্রাণদান করেন।

বিনষ্টের প্রাণদান
Resuscitation

১১৬ সূক্তের ১২ ঋকের ভাষ্যে সায়ণ লিখিয়াছেন, ইন্দ্র দধীচিকে প্রাবর্গ্যবিদ্যা ও মধুবিদ্যা উপদেশ দিয়া বলিয়া গিয়াছিলেন, যদি এই বিদ্যা অন্য কাহাকেও বল, তবে তোমার শিরশ্ছেদন করিব। অশ্বিদ্বয় দধীচির মস্তক ছেদন করিয়া তাহা অন্যস্থানে রাখিয়া তাহাকে অশ্বের মাথা পরাইয়া দিলেন। এইরূপে অশ্বিদ্বয় দধীচির নিকট প্রাবর্গ্যবিদ্যা অর্থাৎ ঋক্ সাম যজু এবং মধুবিদ্যা অধ্যয়ন করিয়াছিলেন। ইন্দ্র এই বিষয় জানিতে পারিয়া দধীচির সেই অশ্বের মাথা বজ্রদ্বারা কাটিয়া ফেলিলেন, অশ্বিদ্বয় তাঁহাকে পুনর্ব্বার তাঁহার নিজের মানবীয় মস্তক পরাইয়া দিলেন। দধীচির পৌরাণিক আর একটী গল্প সকলেরই জানা আছে। আত্মত্যাগী দধীচি আপনার অস্থি ইন্দ্রকে দিয়াছিলেন এবং সেই অস্থিদ্বারা বজ্র প্রস্তুত করিয়া ইন্দ্র বৃত্রকে সংহার করেন।

অত্যদ্ভুত অস্ত্রবিদ্যা

উক্ত সূক্তের ১৩ ঋকের ভাষ্যে সায়ণ লিখিয়াছেন,কোন এক রাজর্ষির বধ্রীমতী নাম্নী পুত্রী ছিল, উঁহার স্বামী নপুংসক ছিলেন। বধ্রীমতী পুত্র-জন্য অশ্বিদ্বয়কে আহ্বান করিয়া ছিলেন, অশ্বিদ্বয় সেই আহ্বান শুনিয়া আগমন করেন এবং উহাকে হিরণ্যহস্ত নামক পুত্র প্রদান করেন।

নপুংসকের স্ত্রীর পুত্রলাভ

অশ্বিদ্বয় নদীর জল কৌশলে আকর্ষণ করিয়া কুল-প্লাবিত করিয়াছিলেন (১ম। ১২২ সূ)। ঋচৎকের পুত্র শর নামক স্তোতার পানের জন্য ইহারা কূপের নিম্নদেশ হইতে জল উচ্চে উঠাইয়া ছিলেন, গৌতম ঋষির নিকট কূপ আনিয়াছিলেন ; তাহার তলভাগ উচ্চ ও মুখ নত করিয়াছিলেন। সেই কূপ হইতে তৃষিত গৌতমের পানার্থ এবং সহস্র ধনলাভার্থ জল উঠিয়াছিল (১১৬ সূক্ত ৯ ঋক্)

বৈজ্ঞানিক পণ্ডিত

১১৭ সূক্তের ৭ ঋকের ভাষ্যে সায়ণ লিখিয়াছিলেন, ঘোষা নাম্নী ব্রহ্মবাদিনী কক্ষীবানের দুহিতা ছিলেন, তিনি কুষ্ঠরোগগ্রস্তা হওয়ায় তাঁহার বিবাহ হইল না। এই অবস্থায় তিনি পিতৃগৃহে বার্দ্ধক্য অবস্থায় অবিবাহিতা ছিলেন। ইনি অশ্বিদ্বয়ের চিকিৎসায় রোগ হইতে মুক্তিলাভ করেন এবং বিবাহিতা হন। কুষ্ঠীশ্যাব্য নামক ঋষিও অশ্বিদ্বয়ের চিকিৎসায় আরোগ্য লাভ করিয়া দীপ্তিমতী স্ত্রী প্রাপ্ত হন।

কুষ্ঠরোগ-চিকিৎসা

এই সূক্তের ৮ ঋকে আরও জানা যায় যে, কণ্বঋষির দৃষ্টিশক্তি না থাকাতে তিনি চলিতে পারিতেন না। অশ্বিদ্বয় তাঁহাকে চক্ষু দিয়াছিলেন, নৃষৎপুত্র বধির হইয়াছিলেন। তিনি কাহারও কথা শুনিতে পাইতেন না। অশ্বিদ্বয়ের চিকিৎসায় তিনিও আরোগ্য লাভ করেন।

অন্ধ ও বধিরচিকিৎসা

১১৭ সূক্তের ২৪ ঋকে লিখিত আছে, শ্যাব্য ঋষিকে শত্রুগণ ত্রিখণ্ড করিয়া কাটিয়া ফেলিয়াছিল, অশ্বিদ্বয় সেই ত্রিখণ্ডিত দেহ সংযুক্ত করিয়া তাঁহাকে আবার সজীব করিয়া তোলেন। শল্যতন্ত্র বা সার্জ্জরীতে অশ্বিদ্বয়ের যেরূপ প্রভাব ও প্রাধান্য কীর্ত্তিত হইয়াছে, অপরাপর চিকিৎসাতেও তাঁহাদের চিকিৎসাগৌরবের অল্পতা দৃষ্ট হয় না। আধুনিক চিকিৎসাবিজ্ঞান যে সকল অদ্ভুত 'কর্ম্মসাধনের নিমিত্ত ধীরে ধীরে আশান্বিত হইয়া উঠিতেছেন, ঋগ্‌বেদের চিকিৎসক অশ্বিনীকুমারদ্বয় সেই সকল কার্য্যে সবিশেষ দক্ষ ছিলেন।

ত্রিখণ্ডিতদেহে প্রাণদান

যাহাতে দেহ নীরোগ থাকিয়া শতাধিকবৎসর সুদৃষ্টি সহকারে জীবন যাপন করা যাইতে পারে, বৈদিক ঋষিরা এই নিমিত্ত প্রার্থনা করিতেন। যথা—

"উৎ পশ্যন্নশ্মু বন্দী র্ধমায়ুরস্তমিবেজ্জরিমাণং জগম্যাম্।"

(১। ১১৬। ২৫।)

যাহাতে জরাদ্বারা আক্রান্ত না হইতে হয়, এই নিমিত্ত ঔষধাদির ব্যবস্থাও ঋগ্‌বেদের সময়ে যথেষ্ট ছিল। ইহার দৃষ্টান্ত চ্যবন ঋষির প্রসঙ্গেই উল্লিখিত হইয়াছে। সূর্য্য জগতের পবিত্রতাসাধক, সূর্য্যের কিরণে জগৎ শুচি হয়, বিবিধপ্রকার দোষ সূর্য্যের দ্বারা বিনষ্ট হয়, আর্য্যঋষিরা ঋগ্‌-বেদীয় স্তোত্রে সূর্য্যের এইরূপ বিবিধগুণ জানিয়া উহার স্তব করিয়াছেন। সূর্য্য কর-বিস্তার করিয়া বিশ্বের পুষ্টিসাধন করেন, যথা—

স্বাস্থ্যতত্ত্ব Hygiene

"বিশ্বস্য হি পুষ্টয়ে দেবা উর্দ্ধ প্রবাহ বা পৃথুপাণি সিপার্ক্তে"(১।৩৮।২)

অগ্নির অপর নাম পাবক। ঋগ্‌বেদে এই অর্থে বহুস্থানে অগ্নির স্তোত্র আছে। মরুদ্‌গণ যে আমাদের প্রাণ, ও মরুদ্‌গণই যে আমাদের জীবনের সহায়, ঋগ্‌বেদে এরূপ স্তোত্রেরও অভাব নাই। যে জলের গুণ ব্যাখ্যা লইয়া আধুনিক বৈজ্ঞানিকগণ নিরন্তর বিব্রত, এলোপ্যাথী চিকিৎসাবিজ্ঞানে যে জল ঔষধ বলিয়া কল্পিত হইয়াছে, জর্ম্মণ দেশের আধুনিক হাইড্রোপাথগণ যে জলকেই রোগ-প্রতীকারের একমাত্র উপায় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, ঋগ্‌বেদের প্রাচীনতম ঋষি সেই জলের নৈরুজ্য-সম্পাদনী শক্তি (Vismedicatrix Naturæ) সম্বন্ধে কি অভিপ্রায় প্রকাশ করিয়া গিয়াছেন, তাহাও দেখুন—

"আপঃ ইদ্বা উ ভেষজী রাপো অমী বচাতনীঃ।
আপঃ সর্ব্বস্য ভেষজীস্তাস্তে কৃণ্বং তু ভেষজম্। (১০। ১৩৭।৬)

অর্থাৎ জলই ঔষধ, জলই রোগশান্তির কারণ, জল-সকল রোগের ঔষধ। জল তোমাদের ঔষধ বিধান করুক।

"অপ্‌সু অন্তঃ অমৃতম্, অপ্‌সু ভেষজম্, অপাং উত প্রশস্তয়ে দেবাঃ ভবত বাজিনঃ।" (১। ২৩। ১৯)

সায়ণ ইহার ভাষ্যে বলিয়াছেন, 'অপ্‌সু জলেষু অন্তঃ মধ্যে অমৃতং পীযূষং বর্ত্ততে। "অমৃতং বা আপ" শ্রুত্যন্তরাদ্বা। তথৈব অপ্‌সু ভেষজং ঔষধং বর্ত্ততে।'

অর্থাৎ জলের মধ্যে অমৃত আছে, জলের মধ্যেই ঔষধ আছে। ইহার পরের ঋকে আরও দেখুন—

"অপ্‌স্থ মে সোমঃ অব্রবীৎ অন্তঃ বিশ্বানি ভেষজাঃ
অগ্নিং চ বিশ্বশম্ভুবং আপ চ বিশ্বভেষজাঃ।"

অর্থাৎ জলের মধ্যে সর্ব্ব ঔষধ আছে, সোম আমাকে এই কথা বলিয়াছেন এবং জগতের সুখকর অগ্নি আছে।

(তৈত্তিরীয়সং ২। ৬। ৬। ৭ দ্রষ্টব্য)

ঋগ্‌বেদে আরও লিখিত হইয়াছে—

"আপঃ পৃণীত ভেষজং বরূথং তন্বে মম জ্যোক চ সূর্য্যং দৃশে।"

(১। ২৩। ২০)

অর্থাৎ হে আপ! আমার শরীরার্থ রোগনিবারক ভেষজ পরিপুষ্ট কর।

দৈহিক হিতের প্রার্থনা করিয়া অতঃপরে মানসিক পবিত্রতা-সাধনের কথা বলা হইতেছে—

"ইদং আপঃ প্রবহত যৎ কিংচ দুরিতং ময়ি।
যদ্ বা অহং অভিদুদ্রোহ যৎ বা শেপে উত অনৃতম্॥"

অর্থাৎ আমাতে যাহা কিছু দুরিত আছে, আমি যাহা কিছু অন্যায় করিয়াছি, আমি যে শাপ দিয়াছি, আমি যে অসত্য কহিয়াছি, হে জল! তৎসমস্ত ধৌত কর।

সামবেদীয় সন্ধ্যাবন্দনের প্রারম্ভ-ভাগেও এইরূপ জলের গুণকীর্ত্তন যথেষ্টরূপে পরিলক্ষিত হয়।

তৈত্তিরীয় ব্রাহ্মণেও লিখিত আছে :—

"অবাতবাহী ভেষজম্ ত্বংহি বিশ্বভেষজঃ"

(তৈঃ ব্রাঃ ২। ৪। ১। ৭)

"আপো বচামি ভেষজম্"—(তৈঃ ব্রাঃ ২। ৫। ৮। ৩)

এইরূপ বহুল প্রমাণ বেদসংহিতা ও ব্রাহ্মণগ্রন্থ হইতে উদ্ধৃত করা যাইতে পারে। স্নান, আহার, পান, নিদ্রা, বায়ুসেবন, ও দেহসঞ্চালন বিষয়েও যথেষ্ট হিতকর বৈদিক উপদেশ আছে। কল্প, গৃহ্যসূত্র ও স্মৃতিসকল সেই সকল বৈদিক উপদেশ যথেষ্টরূপে বিবৃত করিয়াছেন।

বায়ুর সম্বন্ধেও ১০ম মণ্ডলের ১৩৭ সূক্তে এইরূপ স্তোত্র আছে যথা—

"দ্বাবিমৌ বাতৌ বাত আ সিজোরা পরাবতঃ।
দক্ষন্তে অন্য আ বাতু পরান্যো বাতু যদ্রপঃ॥
আ বাত বাহি ভেষজং বি বাত বাহি যদ্রপঃ।
ত্বং হি বিশ্বভেষজো দেবানাং দূত ঈয়সে॥
আত্বাগমং শং তাতিভিরথো অরিষ্ট তাতিভিঃ।
দক্ষং তে ভদ্রমাভার্ষং পরাং যক্ষ্মং সুবামিতে॥"

অর্থাৎ সমুদ্র পর্য্যন্ত এমন কি আরও দূরবর্ত্তী স্থান পর্য্যন্ত এই দুই বায়ু বহিয়া থাকে। এক বায়ু তোমার বলাধান করিতে করিতে আগমন করুক, অপর বায়ু তোমার পাপধ্বংসের জন্য বহমান হউক। হে বায়ু, তুমি এই দিকে ঔষধ বহিয়া আন। যাহা অহিতকর, তাহা এই দিক্ হইতে বহিয়া লইয়া যাও। যেহেতু তুমিই সংসারের ঔষধ স্বরূপ। তুমিই দেবতাদিগের দূত হইয়া যাও।

অতঃপর আরও লিখিত হইয়াছে, হে যজমান! তোমার মঙ্গলের জন্য শান্তি স্বস্ত্যয়ন করিয়াছি, তোমার অমঙ্গল নিবারণের জন্য কার্য্যও করিয়াছি, যাহাতে তোমার উৎকৃষ্ট বলাধান হয়, তাহাও করিয়াছি। তোমার রোগ এখনই দূর করিয়া দিতেছি, দেবতারা এখন রক্ষা করুন, মরুদ্‌গণ রক্ষা করুন, তাবৎ চরাচর রক্ষা করুন, এই ব্যক্তি নীরোগ হউক।

এইরূপ বহুল স্তোত্রে স্বাস্থ্যরক্ষার শক্তিবিশিষ্ট প্রাকৃত পদার্থের স্তব ঋগ্‌বেদে দেখিতে পাওয়া যায়। ১০ম মণ্ডলের ১৮৬ সূক্তটীও দ্রষ্টব্য। এই সকল স্তোত্রের অভ্যন্তরে যথেষ্ট বৈজ্ঞানিক তথ্য নিহিত আছে বলিয়াই মনে করা যাইতে পারে।

বিষতত্ত্ব ও বিষচিকিৎসা Toxology

১ম মণ্ডলের ১৯১ সূক্তে আমরা বিষতত্ত্ব ও বিষচিকিৎসার অতি বিস্তৃত আলোচনা দেখিতে পাই। জল, তৃণ ও সূর্য্য এই সূক্তের দেবতা অল্পবিষপ্রাণী, মহাবিষপ্রাণী (জলচর ও স্থলচর) দাহকর প্রাণী এবং অদৃশ্যরূপ (Pathogenic germs) বিষের কথা আমরা এই সূক্তের প্রথম ঋকেই দেখিতে পাই। অদৃষ্ট বিষধরদের কথা স্পষ্টতঃ এই ঋকে উল্লিখিত হইয়াছে।

যথা—

"নি অদৃষ্টাঃ অলিপ্সতঃ"

এই ঋকে জান্তববিষ ও অদৃষ্ট (জান্তব ও উদ্ভিজ্জ) বিষের কথা জানা যাইতেছে। এই সূক্তের দ্বিতীয় ঋকে অদৃষ্টবিষ প্রশমনের কথামাত্র বলা হইয়াছে। ঔষধ আসিয়া অদৃষ্ট বিষকে নাশ করে। যাহা দ্বারা রোগ আরোগ্য হয়, তাহাই ভেষজ। জল, বায়ু, তাপ, উপবাস, মন্ত্র এই সকলই ভেষজসংজ্ঞায় অভিহিত হয়। তৃতীয় ঋকে উদ্ভিজ্জ প্রভৃতিতে বিষের স্থান করা হইয়াছে। শর, কুশর, দর্ভ, শৈর্য্য, মুঞ্জ, বীরণ প্রভৃতিতে বিষধর অবস্থান করে। ৫ম ঋকে লিখিত হইয়াছে—

"এত উ ত্যে প্রত্যদৃশ্রন্ প্রদোষং তস্করাইব।
অদৃষ্টা বিশ্বদৃষ্টাঃ প্রতিবুদ্ধা অভূতন।"

রাত্রিতে এই সকল বিষ তস্করের ন্যায় দেখা দেয়, উহারা

নিজে অদৃশ্য হইলে সমস্ত জগৎ দর্শন করে, সুতরাং হে জনগণ! সাবধান হও।

বলা বাহুল্য যে ইহার অর্থ গভীর বৈজ্ঞানিক তথ্য মূলক ও নিগূঢ়।

৮ম ঋকে লিখিত হইয়াছে, পূর্ব্বদিকে সূর্য্যদেব উদিত হইতেছেন, তিনি সমস্ত বিশ্বদর্শন করেন এবং অদৃষ্টচরদিগকে বিনাশ করেন, তিনি সমস্ত অদৃষ্ট দিক্‌কে ও যাতুধানদিগকে নষ্ট করেন। সূর্য্যের উত্তাপে যে নানাবিধ রোগ-বীজাণু (Pathogenic germs) বিনষ্ট হয়, ইহা আধুনিক চিকিৎসা বিজ্ঞানের অকাট্য সিদ্ধান্ত। আর্দ্র অন্ধকার স্থানেই অদৃষ্ট বিষের প্রাদুর্ভাব পূর্ব্ব ঋকে ইহার পরিচয় পাওয়া গিয়াছে। ফলতঃ প্লেগ প্রভৃতি ভয়ঙ্কর সংঘাতক রোগের বীজাণু এতাদৃশ স্থানেই প্রভাব প্রাপ্ত হয়, ইহা নব্য বিজ্ঞানেরও দৃঢ় সিদ্ধান্ত। ম্যালেরিয়া প্রভৃতি বিষ রাত্রিকালেই প্রভাব প্রাপ্ত হয়। বৈদিক ঋষি এই সূক্তের নবম ও দশম ঋকে দৃঢ়তা সহকারে সূর্য্যের বিষনাশকতাগুণসম্বন্ধে উল্লেখ করিয়াছেন। শকুন্তিকা নামে ক্ষুদ্র ক্ষুদ্র পক্ষীরাও অনেক প্রকার বিষ নষ্ট করে! দ্বাদশ ঋকে লিখিত আছে "একবিংশতি অগ্নিস্ফুলিঙ্গ বিষ নাশ করুক" ইহাও বৈজ্ঞানিক সিদ্ধান্ত সম্মত। ত্রয়োদশ ঋকে লিখিত আছে,—"আমি সমস্ত বিষবিনাশক নব নবতি সংখ্যক নদীর নাম কীর্ত্তন করি।" নদীপ্রবাহে বিষ নষ্ট হয়, ইহাও আধুনিক চিকিৎসাবিজ্ঞানের সিদ্ধান্তিত সত্য। নকুল, এক বিংশতি সংখ্যক ময়ূরী ও সপ্ত নদীর বিষনাশকগুণ কীর্ত্তিত হইয়াছে।

৭ম মণ্ডলের ৫০ সূক্তে সর্পবিষ ও অন্যান্য বিষের উল্লেখ আছে। নানাপ্রকার বিষের উল্লেখ এই সূক্তেও দেখিতে পাওয়া যায়, যথা "কুলায়কারী ও সর্ব্বদা বর্দ্ধমান বিষ" "অজকা নামক রোগজনক দুর্দ্দশন বিষ", বৃক্ষাদির পর্ব্বস্থানে উদ্ভূত "জানু ও গুলফস্ফীতিকর বন্ধনবিষ" "শাল্মলীতে উৎপন্ন বিষ", "নদীজলস্থ উদ্ভিদুৎপন্ন বিষ" ইত্যাদি বহুল বিষের কথা উল্লিখিত হইয়াছে। পরবর্ত্তী চিকিৎসাশাস্ত্রে "অগদতন্ত্র" নামক চিকিৎসাঙ্গ বিভাগে বিষ ও বিষচিকিৎসা বর্ণিত হইয়াছে।

যজুর্ব্বেদেও বৈদ্যক শাস্ত্রের যথেষ্ট উল্লেখ আছে।

[আয়ুর্ব্বেদ শব্দে তাহা দ্রষ্টব্য।]

যদিও ঋগ্‌বেদে ও যজুর্ব্বেদে বৈদ্যক শাস্ত্রের যথেষ্ট উল্লেখ দেখিতে পাওয়া যায়, কিন্তু প্রকৃত প্রস্তাবে অথর্ব্ববেদই বৈদ্যক শাস্ত্রের মূল গ্রন্থ এবং আয়ুর্ব্বেদ অথর্ব্ববেদেরই উপবেদ বলিয়া চরক ও সুশ্রুত অভিমত প্রকাশ করিয়া গিয়াছেন। "আয়ুর্ব্বেদ" শব্দে ইহার বিচার বিস্তৃতরূপে লিখিত হইয়াছে। এস্থলে অথর্ব্ববেদ হইতে বৈদ্যক সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করা যাইতেছে।

অথর্ব্ববেদ ও আয়ুর্ব্বেদ

অথর্ব্ববেদের ভৈষজ্য, আয়ুষ্য আভিচারিক, কৃত্যাপ্রতিহরণ, স্ত্রীকর্ম্ম, সাম্মনস্য, রাজকর্ম্ম ও পৌষ্টিক প্রভৃতি ব্যাপার বৈদ্যক শাস্ত্রের বীজ স্বরূপ। শান্তি, স্বস্ত্যয়ন ও মাঙ্গল্য কর্ম্মাদিও "ভৈষজী"র অন্তর্গত। অথর্ব্ববেদের অধিকৃত কৌশিকসূত্রের ২৫ হইতে ৩২ অধ্যায় পর্য্যন্ত বৈদ্যক শাস্ত্রের আলোচনাতে পূর্ণ। অথর্ব্ববেদের ব্রাহ্মণ গ্রন্থে এবং অন্যান্য সূত্র গ্রন্থেও বৈদ্যকের আলোচিত বিষয়ের উল্লেখ আছে। এই সকল বিষয়ে অথর্ব্ববেদে বহুপ্রকার ঔষধ ও বহু প্রকার চিকিৎসার বিবরণ দেখিতে পাওয়া যায়। অথর্ব্ববেদের মন্ত্রে যাহা অস্পষ্টরূপে উল্লিখিত হইয়াছে, সূত্রগ্রন্থে সেই সকল বিষয় বিবৃত হইয়াছে; ফলতঃ জগতের অতি প্রাচীনকালে চিকিৎসাপ্রণালী কিরূপ ছিল অথর্ব্ববেদ ও তদন্তর্ভুক্ত ব্রাহ্মণ ও সূত্রগ্রন্থাদিতে তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া যায়।

প্রাচীন অথর্ব্ববেদে জ্বর, যক্ষ্মা, অতিসার প্রভৃতির লক্ষণ গুলি বর্ত্তমান আয়ুর্ব্বেদেও দেখিতে পাওয়া যায়। অথর্ব্ববেদে জ্বর "তক্মন্" নামে ও অতিসার "আস্রব" নামে অভিহিত হইয়াছে।

অথর্ব্ববেদে যে সকল রোগ ও উদ্ভিদের নাম আছে, তাহাদের মধ্যে সকল গুলি বুঝিয়া উঠা সহজ নহে। রোগ ও ভূতাদি গ্রস্ত রোগীর পৃথক্ রূপে আলোচনা করা হয় নাই। যে সকল রোগ ঔষধাদি দ্বারা চিকিৎসাযোগ্য, সে সকল রোগেও মন্ত্র ও মাদুলী প্রভৃতি দ্বারা চিকিৎসার ব্যবস্থা করা হইয়াছে। এই সকল মাদুলীর অধিকাংশই উদ্ভিজ্জ দ্রব্য হইতে নির্ম্মিত হইত। অথর্ব্ববেদের চিকিৎসাপ্রণালী অতি অদ্ভুত ছিল। কামলা রোগে দেহ পীতবর্ণ ধারণ করে, সুতরাং পীত পদার্থেই রোগীর পীতবর্ণ প্রেরণ করার জন্য প্রার্থনা করা হইত। তক্মন্ বা জ্বর হইলে শরীর উষ্ণ হয়। সুতরাং শীতল পদার্থেই উহাকে প্রেরণ করা কর্ত্তব্য, এই নিমিত্ত ভেকের দেহে জ্বরোত্তাপ প্রেরণ করার জন্য মন্ত্র পঠিত হইত। (অথর্ব্ববেদের ১।১২ ও ৭।১১৬ সূক্ত দ্রষ্টব্য) অথর্ব্ববেদের ৫।৪ এবং ১৯। ৩৯ মন্ত্রে জ্বররোগের প্রতীকারের নিমিত্ত কুষ্ঠ নামক উদ্ভিদের আহ্বান ও স্তোত্র দৃষ্ট হয়। এইরূপ ক্ষত রোগের প্রতীকারার্থ গোলমরিচের স্তুতিও (৬। ১০৯) আছে।

তক্মন্ বা জ্বররোগী অথর্ব্ববেদের সময়ে যথেষ্ট সুবিদিত ছিল। জ্বর তখনও "জ্বর" নামে আখ্যাত হয় নাই। ইহার "তক্মন্" নামটী অথর্ব্ব-বেদের পরে অপর কোনও গ্রন্থে দৃষ্ট হয় না।

অথর্ব্ববেদে জ্বররোগচিকিৎসার চারিটী স্তোত্র (১। ২৫, ৫।২২, ৬। ২০, ৭। ১১৬) এবং এই নিমিত্ত কুষ্ঠ গাছের দুইটী স্তব (৫।৪, ১৯।৩৯) আছে। সুশ্রুত জ্বরকে রোগের "রাজা"

বলিয়া অভিহিত করিয়াছেন। অথর্ব্ববেদেও জ্বরের স্থান এইরূপই উচ্চতম। জ্বররোগ মানুষের অতি ভয়ানক রোগ বলিয়াই সেই প্রাচীন সময়ে ঋষিদের ধারণা ছিল।

অথর্ব্ববেদে জ্বরের লক্ষণ।

অধুনা ম্যালেরিয়া জ্বরের যে সকল লক্ষণ দেখা যায়, অথর্ব্ববেদের জ্বরলক্ষণও তাদৃশ। রোগীর কম্প দিয়া জ্বর আসিত, তৎপরে দেহে জ্বালা হইত, প্রত্যেক দিবসে নির্দ্দিষ্ট সময়ে জ্বর হইত, অথবা এক দিন পরে এক দিন অথবা দুই দিন পরে এক দিন এইরূপ নিয়মে জ্বর আসিত। এই জ্বর কামলা হইত। বর্ষাকালেই এই জ্বরের প্রাদুর্ভাব পরিলক্ষিত হইত। ইহার সঙ্গে মাথাধরা, কাশি, বলাস, উদ্যুগ এবং পামা (খোষ) রোগ দেখা দিত। জ্বরের প্রধান লক্ষণ উত্তাপ। অগ্নিই উহার হেতু বলিয়া নির্ণীত হইত। স্তব স্তুতি এবং কুষ্ঠ গাছের ও জঙ্গিড় গাছের মাদুলীতেই এই "তক্মন্" রোগের প্রতিকার করা হইত। ভেকের স্তবও (৭।১১৬) অনেক সময়ে জ্বরচিকিৎসায় প্রয়োজনীয় হইত। কৌশিক সূত্রেও ইহার উল্লেখ দেখিতে পাওয়া যায়।

জলোদর

অথর্ব্ববেদে জলোদর রোগেরও উল্লেখ আছে। এই রোগটী বরুণের প্রদত্ত। যাহারা অনৃতবাদী, তাহাদের পাপের জন্যই বরুণ এই রোগকে প্রেরণ করেন (১।১০; ৭।৮৩; ৬।২৪)। এই রোগটী যে হৃদ্‌রোগের সহচর, শেষোক্ত মন্ত্রটীতে তাহা অভিব্যক্ত হইয়াছে। এই রোগনির্ণয় আধুনিক বিজ্ঞানের সিদ্ধান্তসম্মত। মন্ত্রে ও সূত্রে জলই এই রোগের ঔষধ বলিয়া স্বীকৃত হইয়াছে। ইহা অবশ্যই হোমিওপ্যাথীর সিদ্ধান্তসম্মত। হেতুসদৃশচিকিৎসা পরবর্ত্তী সময়ে আয়ুর্ব্বেদেও স্বীকৃত হইয়াছে।

আস্রব—অতিসার

অথর্ব্ববেদে আস্রব বা অতীসারের চিকিৎসা (১।২) দেখিতে পাওয়া যায়, এই নিমিত্ত "বিধানকার" স্তোত্র আছে (২।৩; ৬।৪৪)। ভাষ্যকার আস্রব রোগকে অতিসাররোগ বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। আস্রব শব্দটী হয়ত মূত্রাধিক্য বা এইরূপ শরীরের কোন প্রকার রসের ক্ষরণাধিক্যেও ব্যবহৃত হইত। কোষ্ঠবদ্ধ বা মূত্রবদ্ধ রোগের চিকিৎসাও উক্ত হইয়াছে (১।৩)। কৌশিক সূত্রেও (২৫।১০-১৯) এই উভয় রোগেরও চিকিৎসা আছে। শূলের চিকিৎসা (৬।৯০) এক কৌশিকসূত্রের (৩৭।১) দ্রষ্টব্য। বল্লমের খোঁচার ন্যায় ব্যথা হয় বলিয়া ইহাতে বল্লম আকারের মাদুলী ধারণের ব্যবস্থা বিহিত হইয়াছে।

শ্বাসযন্ত্রের পীড়া

অথর্ব্ববেদের ঋষিগণ শ্বাসযন্ত্রের বিবিধ পীড়ার নাম ও চিকিৎসার উল্লেখ করিয়াছেন। বলাস (৬।১৪), কাশ (৬।১০৫; ৭।১০৭) যক্ষ্মা, রাজযক্ষ্মা, অজ্ঞাতযক্ষ্মা, পাপযক্ষ্মা প্রভৃতির উল্লেখ (২।৩৩; ৩।১১; ৯।৮; ১৯।৩৬) আছে। পক্ষাঘাতের চিকিৎসাও দেখিতে পাওয়া যায়। "ক্ষেত্রীয়" নামে এক শ্রেণীর পীড়ার উল্লেখ (২।৮-১০; ৩।৭) আছে। সম্ভবতঃ উপদংশ প্রভৃতি রোগই এই শ্রেণীর অন্তর্ভুক্ত। এতদ্ব্যতীত যে সকল রোগ বংশ-পরম্পরায় উদ্ভূত হইয়া থাকে, সে সকল রোগও ক্ষেত্রীয় বলিয়া অভিহিত হইয়াছে। "সর্ব্বভৈষজ্যে" আরও অনেক গুলি রোগের উল্লেখ আছে (২।৩৩; ৯।৮; ১৯।৪৪)।

চর্ম্মপীড়া

কিলাস (১।২৩-২৪) রোগ কুষ্ঠেরই নামান্তর। রজনী ও শ্যামা প্রভৃতি কৃষ্ণবর্ণ উদ্ভিদে এই রোগ প্রশমিত হয়। অন্যান্য রোগের সহিত বিদ্রধি রোগের চিকিৎসাও (১।১২৭; ৯ ও ৮, ২০) অথর্ব্ববেদে দেখিতে পাওয়া যায়। অপচীৎ অর্থাৎ অপচী রোগের চিকিৎসার যথেষ্ট বাহুল্য (৬।২৫; ৬।৫৭; ৭।১৪; ১।২; ৭।৭৬; ১।২; ৭, ৭৬, ৩) পরিলক্ষিত হয়। গণ্ডমালা অর্ব্বুদ প্রভৃতি এই নামে অভিহিত। এই সকল রোগ মন্ত্র দ্বারা বিতাড়িত করার বিধান আছে। পাখী যেমন বৃক্ষে আশ্রয় গ্রহণ করে এই সকল রোগও মানুষের শরীরে তেমন ভাবে অবস্থান করে বলিয়াই ঋষিদের বিশ্বাস ছিল। মন্ত্র বলে ইহাঁদিগকে উড়াইয়া দেওয়ার নিমিত্ত বহুল স্তব স্তুতি দৃষ্ট হয়।

অথর্ব্ববেদে সার্জ্জারীর চিকিৎসা মধ্যে ক্ষতচিকিৎসা ও ভগ্ন (Tractures) চিকিৎসারও বিধান আছে। সে বিধান কেবলই মন্ত্র (৪।১২; ৫।৫) অরুন্ধতি ও লাক্ষী গাছের স্তোত্র দ্বারা ক্ষত ও ভগ্নের চিকিৎসা করা হইত। রক্তপ্রবাহ নিরোধের নিমিত্তও মন্ত্র আছে (১, ১৭)।

এতদ্ব্যতীত সর্পবিদ্যা ও বিষবিদ্যার উল্লেখও অথর্ব্ববেদে (৫।১৩; ৫।১৬; ৬।১২; ৭।৫৬; ৭।৮৮) দৃষ্ট হয়। অথর্ব্ববেদের অন্তর্গত গরুড় উপনিষদ্ খানি সর্পবিষেরই প্রতিষেধক মন্ত্র ও উপায় স্বরূপ।

ক্রিমি (মনুষ্যের ক্রিমি, পশুর ক্রিমি ও শিশুর ক্রিমি) চিকিৎসা (২।৩১; ২।৩২ এবং ৫।৩৩) অথর্ব্ববেদে আলোচিত হইয়াছে। অথর্ব্ববেদে অনেক প্রকারের ক্রিমির উল্লেখ আছে। মাথার উকুনও ক্রিমি নামে অভিহিত হইয়াছে। পরবর্ত্তী চিকিৎসাশাস্ত্রেও বিংশতি প্রকার ক্রিমির উল্লেখ দেখিতে পাওয়া যায়। চক্ষুরোগেও (চক্ষুওঠা) "আবায়ু" সর্ষপের স্তোত্র আছে। কর্ণরোগের নামও (৯।৮; ১।২) অথর্ব্ববেদে উক্ত হইয়াছে।

অথর্ব্ববেদ পাঠ করিয়া জানা যায় যে, এই সময়ে চুলের বড় আদর ছিল। যাহাতে মাথায় সুদীর্ঘ ঘনকৃষ্ণ কুন্তলরাশি জন্মে,

তাহার জন্য মন্ত্রস্তোত্রাদিও যথেষ্ট আছে (৬। ২১, ১৩৬, ১৩৭, এবং ৬। ১৩৭।৩)। নিতনী নামে এক প্রকার উদ্ভিদের কথার উল্লেখ আছে, ইহাই চুল বৃদ্ধির উপায় বলিয়া কল্পিত হইত।

শেফহর্ষণের নিমিত্তও কতকগুলি মন্ত্র আছে (৪।৪ ; ৬।৭২; এবং ৬।১০১) উন্মাদ রোগ গন্ধর্ব্ব, অপ্সরা, রাক্ষস প্রভৃতির দৃষ্টিনিবন্ধন ঘটিয়া থাকে। অজশৃঙ্গ, মেষশৃঙ্গ ও বিশালী প্রভৃতির দ্বারা রাক্ষসাদির দৃষ্টি বিতাড়িত করার ব্যবস্থা আছে। শান্ত কাষ্ঠের মাদুলী (২।৯), ধারণ করার নিমিত্ত উপদেশ প্রদত্ত হইয়াছে। এতদ্ব্যতীত ভূতাদি গ্রহশান্তির এবং রাক্ষস ও পিশাচাদির উৎপাত-প্রশমনের নিমিত্তও মন্ত্রাদি আছে (৪।৩৬ এবং ৬।৩২)। এই রূপে চিকিৎসাদির ব্যবস্থা করা হইয়াছে।

যাহাতে আয়ুর্বৃদ্ধি হয়, তাহারও ঔষধাদির ব্যবস্থা আছে।

আয়ুষ্যাণি

জল ও গাছ গাছড়ার নিকট সর্ব্ব প্রকার রোগ হইতে দেহ বিমুক্ত থাকার প্রার্থনা করা হইত (৬। ২৫ ; ৬। ৯৫ ; ৬। ১২৭; ১৯। ৩৮ ; ৬। ৯১ ; ১৯। ৪৪ ; ৬। ৯৬ ; ৮। ৭)।

আয়ুর্বৃদ্ধির জন্য অগ্নির স্তব করার নিয়ম ছিল। অগ্নিই আয়ুর দেবতারূপে গণ্য ছিলেন (২।১৩। ২৮ ; ২৯ ; ৭। ৩২)। আয়ুর্বৃদ্ধির নিমিত্ত সোণার মাদুলী ব্যবহৃত হইত (১৯, ২৬) ; অঞ্জনেরও যথেষ্ট প্রচলন ছিল (৪। ৯ ; ১৯। ৪৪—৪৫) আয়ুষ্য স্তবের মধ্যে ১।৩০ ; ৩। ১১ ; ৫। ২৮ ; ৩০; ৬। ৪১ ; ৫২ ; ১৯, ২৪ ; ২৭ ; ৫৮ ; ৭০ প্রভৃতি স্তোত্র সমূহ দ্রষ্টব্য।

এতদ্ব্যতীত ভূত প্রেত পিশাচ দৈত্য দানবাদি দূর করার নিমিত্তও অথর্ব্ববেদে বিবিধ প্রকার মন্ত্র ও প্রক্রিয়াদির বাহুল্য পরিলক্ষিত হয়। শত্রুদমনের জন্য নানা প্রকার আভিচারিক প্রক্রিয়া ছিল। স্ত্রীবশীকরণ ও পুরুষবশীকরণ প্রভৃতির প্রক্রিয়াও দেখিতে পাওয়া যায়, এই সকল বিষয় বৈদ্যকের অন্তর্গত নহে। কিন্তু এই সকল ব্যাপারেও ঔষধাদি ব্যবহৃত হইত।

ব্রাহ্মণ গ্রন্থে এবং উপনিষদেও দেহবিজ্ঞানের সূক্ষ্মতত্ত্ব আলোচিত হইয়াছে। অন্ন প্রাণ মনঃ প্রভৃতি কোষ সূক্ষ্মতত্ত্বে পরিপূর্ণ। আমরা উপনিষদে সূক্ষ্ম শরীর-বিচয়ের বহুল তথ্য দেখিতে পাই। এতদ্ব্যতীত হৃৎপিণ্ড ও ধমনী প্রভৃতিরও যথেষ্ট তথ্য আছে। বাহুল্য ভয়ে এস্থলে উপনিষদের শারীর-বিজ্ঞানের কথা আলোচিত হইল না। ছান্দোগ্য উপনিষদ্ হইতে হৃৎপিণ্ড ও ধমনী প্রভৃতির একটী মাত্র উদাহরণের উল্লেখ করা যাইতেছে যথা—'অথ যা এতা হৃদয়স্য নাড্যস্তাঃ পিঙ্গল্যো নিম্না স্তিষ্ঠন্তি শুক্লস্য নীলস্য পীতস্য লোহিতস্যেত্যসৌ বা আদিত্যঃ পিঙ্গল এষঃ শুক্ল এষঃ নীল এষঃ পীত এষঃ লোহিতঃ" (ছান্দোগ্য ৮। ৬। ১)

অর্থাৎ হৃৎপিণ্ডের নাড়ী সমূহ পিঙ্গল, শ্বেত, নীল, পীত ও লোহিত। এই শ্রুতির শাঙ্করভাষ্যে শরীরবিষয়ক বা ফিজিওলজীর অতি অদ্ভুত তত্ত্ব দেখিতে পাওয়া যায়।

ছান্দোগ্য উপনিষদের উক্ত খণ্ডের শেষ মন্ত্রে লিখিত আছে,—

"শতং চৈকা হৃদয়স্য নাড্যস্তাসাং মূর্দ্ধানমভি নিঃসৃতৈকা। তয়ার্দ্ধমায়ন্নমৃতত্বমেতি বিষ্বঙ্ন্যা উৎক্রমণে ভবন্ত্যুৎক্রমণে ভবন্তি। ৬।"

অর্থাৎ হৃৎপিণ্ডের একশত একটী ধমনী আছে। উহার একটী মস্তিষ্কে প্রসৃত হইয়াছে। এই নাড়ীর পথেই অমৃত ধাম প্রাপ্তির পথ প্রাপ্ত হওয়া যায়। অপর অপর নাড়ীগুলির অন্যান্য বিবিধ দিকে উৎক্রমণের পথ। ইহার ভাষ্যে শঙ্কর বলিয়াছেন যে, মানবদেহে অসংখ্য নাড়ী আছে তন্মধ্যে এই ১০১টী প্রধান। এই সকল নাড়ীপথে জীবাত্মা উৎক্রমণ করেন। ইহাদের মধ্যে একটীই ব্রহ্মনাড়ী। সেই ব্রহ্মনাড়ী পথেই জীব স্বীয় সাধনার ফলে ব্রহ্মলোকে গমন করেন।

অপরাপর উপনিষদেও দেহতত্ত্বের আলোচনা যথেষ্ট দেখিতে পাওয়া যায়।

আয়ুর্ব্বেদ-যুগ (আচার্য্য-যুগ।)

ভরদ্বাজ, অঙ্গিরা, জমদগ্নি, আত্রেয়,গৌতম, অগস্ত্য, বামদেব, কপিষ্ঠলী, অসমর্থ, কুশিক, ভার্গব, কাশ্যপ, কাপ্য, শর্করাক্ষ, শৌনক, মৈত্রেয়, মন্মতায়নি, অগ্নিবেশ, সুশ্রুত, নারদ, পুলস্তব, অসিত, চ্যবন, পৈঙ্গী, ধৌম্য প্রভৃতি বহুল আচার্য্য চিকিৎসা-সংহিতাগ্রন্থ প্রণয়ন করেন। সুশ্রুতসংহিতায় জরায়ুজ্রূণ বিকাশে এই সকল আচার্য্যদের নাম দেখিতে পাওয়া যায়। পাণিনির ব্যাকরণ পতঞ্জলির মহাভাষ্য ও পুরাণাদিতেও এই সকল সংহিতার নাম পরিদৃষ্ট হয়। পাণিনির পূর্ব্ব সময়ে এদেশে যে আয়ুর্ব্বেদের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছে, তাহা একবারেই নিঃসন্দেহ। পাণিনিব্যাকরণের অনেকানেক সূত্রেও ইহার সুপরিচয় পাওয়া যায় যথা—

(১) শিশুক্রন্দয়মসভদ্বন্দ্বেন্দ্রজননাদিভ্যশ্ছঃ ৪।৩।৮৮
(২) পরিমাণান্তস্যাসংজ্ঞাশাণয়োঃ ৭।৩।১৭
(৩) খার্য্যাঃ প্রাচাম্ ৫।৪।১০
(৪) খার্য্যা ঈকন্ ৫।১।৩৩
(৫) আঢ়কাচিতপাত্রাৎ খোঽন্যতরস্যাম্ ৫।১।৫৩
(৬) লোমাদিপামাদিপিচ্ছাদিভ্যঃ শনেলচঃ ৫।২।১০০
(৭) সিধ্মাদিভ্যশ্চ ৫।২।৯৭
(৮) রোগাচ্চাপনয়নে ৫।৪।৪৯
(৯) কালপ্রয়োজনাদ্ রোগে ৫।২।৮১
(১০) অর্শ আদিভ্যোঽচ্ ৫।২।১২৭

(১১) রোগাখ্যায়াং ধুল্ বহুলম্ ৩।৩।১০৮

(১২) কথাদিভ্যষ্ঠক্ ৪।৪।১০২

বৈদিকযুগের বহুকাল পরে আয়ুর্ব্বেদ যুগের সূত্রপাত হয়। কোন্ সময় হইতে চিকিৎসা-শাস্ত্র শৃঙ্খলাবদ্ধ আকারে প্রবর্ত্তিত হয়, তাহা নির্ণয় করার ঐতিহাসিক উপায় নাই। কিন্তু চরক সুশ্রুতাদি গ্রন্থের বহু পূর্ব্ব সময় হইতেই যে আয়ুর্ব্বেদ সুপ্রণালী-বদ্ধ হইয়াছিল, তাহাতে আর সন্দেহ নাই।

চরক নামটী অবশ্য অতি প্রাচীন। যজুর্ব্বেদের শাখা গণনায় চরক শাখার নাম উল্লেখ আছে। চরকশাখার অন্তর্ভুক্ত যজুর্ব্বেদের দ্বাদশ শাখা আছে। "চরক" পদের ব্যুৎপাদনের নিমিত্ত পাণিনীয় ব্যাকরণেও একটী সূত্র আছে যথা—

"কঠচরকাল্লুক্" ৪।৩।১০।

ফলতঃ চরকসংহিতা নামে আমরা যে প্রাচীন চিকিৎসা-গ্রন্থ দেখিতে পাই ইহা চরকবংশীয় ব্যক্তি বিশেষের প্রবর্ত্তিত। আমরা নাগেশভট্ট রচিত লঘুমঞ্জুষাপাঠে জানিতে পাই, মহাভাষ্যকার পতঞ্জলি চরকের এক টীকা লিখিয়াছিলেন যথা—

চরকসংহিতা।

"আপ্ত নাম অনুভবেন বস্তুতত্ত্বস্য কার্ৎস্নেন নিশ্চয়বান্। রাগাদিবশাদপি নান্যথাবাদী যঃ স ইতি চরকে পতঞ্জলিঃ।"

ভোজ ও চক্রপাণি উভয়েই এই মতের সমর্থক। চরকের আয়ুর্ব্বেদদীপিকা নাম্নী টীকাকার চক্রপাণিদত্ত লিখিয়াছেন—

"পাতঞ্জলমহাভাষ্যচরকপ্রতিসংস্কৃতৈঃ।
মনোবাক্কায়দোষাণাং হর্ত্রেঽহিপতয়ে নমঃ॥"

চরকসংহিতায় বৈদিক দেবতা ব্যতীত পৌরাণিক দেবতার নাম নাই। ইহাতেও মনে হয়, এই গ্রন্থ খানি অতি প্রাচীন। চরকসংহিতা অতি প্রাচীন হইলেও ইহার পূর্ব্ববর্ত্তী আরও ছয় খানি সংহিতা গ্রন্থের উল্লেখ দেখিতে পাওয়া যায় যথা—

চরকের পূর্ব্ববর্ত্তীগ্রন্থ।

অগ্নিবেশ, ভেল, জাতুকর্ণ, পরাশর, হারীত ও ক্ষারপাণি। ইহারা সকলেই আত্রেয় মুনির শিষ্য।

চরক অগ্নিবেশের অনুসরণ করিয়াই এই সংহিতা প্রণয়ন করেন। বাগ্‌ভটও স্বীয় গ্রন্থে হারীত ও ভেলের নাম উল্লেখ করিয়াছেন। ভেল মুনির অপর নাম "বেঢ়"। বেঢ়-সংহিতা এখনও প্রচলিত আছে। চরকসংহিতার অপর নাম অগ্নিবেশ-সংহিতা। কাশ্মীরের চিকিৎসক চরক এই সংহিতা খানি সমাপ্ত করিতে পারেন নাই। ইহার শেষ তৃতীয়াংশ কয়েক শতাব্দ পরে কাশ্মীরের অপর চিকিৎসক দৃঢ়বল দ্বারা রচিত হয়। দৃঢ়বল কপিলবলের পুত্র। চক্রপাণি দত্ত চরকের টীকায় লিখিয়াছেন, বর্ত্তমান চরক-সংহিতার চিকিৎসিত স্থানের সপ্তদশ অধ্যায় এবং কল্পস্থানের ৭ম ও ৮ম অধ্যায় দৃঢ়বল কর্ত্তৃক রচিত। চরক-সংহিতায় ৩৬০ খানি অস্থি গণিত হইয়াছে। শতপথ ব্রাহ্মণেও এই সংখ্যক অস্থির গণনা লিখিত হইয়াছে। চরক-সংহিতা সর্ব্বত্র প্রচলিত গ্রন্থ। সুতরাং এই গ্রন্থের বিষয় সবিশেষ বর্ণনার প্রয়োজনাভাব।

সুশ্রুত কোন ব্যক্তি বিশেষের নাম কিংবা চরক শব্দের ন্যায় উপাধি বিশেষ, তাহার নির্ণয় করা সুকঠিন। অস্ত্রোপচারে ইনিই আচার্য্যযুগের আচার্য্যগণের মধ্যে সবিশেষ পারদর্শিতাসহ সুশ্রুত সংহিতা। গ্রন্থ লিখিয়া গিয়াছেন। ইনি শব ব্যবচ্ছেদ করিতেন। তদীয় সংহিতায় বস্ত্রময় পুত্তলিকা, অলাবু, কর্দ্দম-পূর্ণ ভস্ত্রিকা প্রভৃতি সাহায্যে অস্ত্র বা শস্ত্র ক্রিয়ার উপদেশ আছে। ভগ্নাস্থির সন্ধান, প্রণষ্ট শল্যের উদ্ধার, ব্রণের শোধন, রোপণ, উৎসাদন, অবসাদন প্রভৃতি সুশ্রুতসংহিতায় বিশদরূপে বর্ণিত হইয়াছে। প্রলেপ দ্বারা লুক্কায়িত শৈল্য-বিনির্ণয় করার উপায় ছিল। বিদ্রধি বা প্লীহার বিদ্রধি ভেদ করা, মূত্রাশয় হইতে অশ্মরী কাটিয়া বাহির করা, যন্ত্র সাহায্যে মূঢ়গর্ভ আহরণ করা, উদরে আঘাত লাগিয়া ছিন্ন অন্ত্র বাহির হইয়া পড়িলে তাহা পুনরায় যথাস্থানে স্থাপিত করা এবং সেলাই করার বিধান সুশ্রুত-সংহিতায় বিবৃত হইয়াছে। বিবর্ত্তন আবর্ত্তন-ক্রমে গর্ভিণীর সুখ প্রসবের উপায় লেখা হইয়াছে, ধাত্রীপরীক্ষা সন্তান পরীক্ষার সম্বন্ধে বিশেষ উপদেশ আছে। ক্ষতরোগে ধূপনের ব্যবস্থা আছে ক্ষতরোগীর শয্যাসনাদি পর্য্যন্ত ধূপিত হইত। সুশ্রুতের মতে রাজযক্ষ্মা, ২।৪ প্রকার জ্বর, কতকগুলি পাপজ ব্যাধি, ইহারা সংক্রামক। গর্ভাবস্থায় ও পাণ্ডুরোগে রক্তের লালকণিকা কমিয়া যায়, রক্তাতিসার ও উরঃক্ষতে আভ্যন্তরিক ক্ষতের চিকিৎসা করিতে হয়, রাজযক্ষ্মায় হৃৎপিণ্ডে কোটর উৎপন্ন হয়, বিসর্পের শেষাবস্থায় রক্ত বিষাক্ত হইয়া উঠে, শস্ত্রসাধ্য রক্তার্ব্বুদ পাকিলে জীবন সুকঠিন, দব্বীকরে (কৃষ্ণসর্প) কামড়াইলে হৃদয়ে রক্তশূন্যতা হয়, তজ্জন্য শ্বাসকৃচ্ছ্রতায় মানুষ মরিয়া যায়, সন্নিপাত বা বিসূচিকারোগে হৃদয়ের রক্ত চাপ বাঁধিতে থাকিলে সদৃশ চিকিৎসাতত্ত্ব অনুসারে সর্পবিষ তাহার মহৌষধ। এ ছাড়া হৃদয়ে রক্তসঞ্চালন ক্রিয়া, শিরা, ধমনী স্নায়ু প্রভৃতির প্রসার বা সংস্থিতি, রসাদি ধাতুর পরস্পর পরিণতি, বাতবাহী শিরামণ্ডলীর কার্য্য প্রভৃতি অতীব দক্ষতার সহিত সুশ্রুতসংহিতায় আলোচিত হইয়াছে। সুশ্রুতসংহিতায় লিখিত আছে, যে রশ্মিবিন্দু অক্ষিতারকার উপর পতিত হয়, তাহাই পদার্থের রূপানুভূতিতে পরিণত হইয়া থাকে অর্থাৎ যেমন দুইটী সমকালান্তর খদ্যোতস্ফুলিঙ্গ যুগপৎ খদ্যোতের অন্তর্ ও বহির্জগৎকে আলোকিত করে, আলোকরশ্মি অক্ষি-

তারকায় পড়িয়া সেইরূপ বহির্জ্জগতে রূপ ও অন্তর্জ্জগতে রূপানুভূতি হইয়া দাঁড়ায়। ইহা সমকালান্তরিন্। এই সিদ্ধান্ত বিজ্ঞান-সম্মত।

আমরা এক্ষণে যে সুশ্রুত প্রচলিত দেখিতে পাই, বৌদ্ধ-রসায়নবিদ্ নাগার্জ্জুনই ইহার সংস্কারক। ডল্লনাচার্য্য সুশ্রুতের টীকায় স্পষ্টতঃই লিখিয়াছেন—

"যত্র যত্র পরোক্ষে নিয়োগস্তত্র তত্রৈব প্রতিসংস্কর্ত্তুং সূত্রং জ্ঞাতব্যমিতি প্রতিসংস্কর্ত্তাপীহ নাগার্জ্জুন এব।"

সুশ্রুতের উত্তরতন্ত্র নাগার্জ্জুন-রচিত। ডল্লনাচার্য্য বলেন বৌদ্ধ ও হিন্দুদের মধ্যে যখন ঘোরতর বিবাদ চলিতেছিল, তখন সিদ্ধ নাগার্জ্জুন সুশ্রুত-গ্রন্থের উত্তরতন্ত্র প্রণয়ন করেন। ইতঃপূর্ব্বে এই গ্রন্থ সুশ্রুততন্ত্র নামে অভিহিত ছিল। নাগার্জ্জুনের সংস্কারের পর হইতেই এই সুশ্রুত তন্ত্র সুশ্রুত-সংহিতা নামে প্রসিদ্ধিলাভ করিয়াছে।

চরক-সংহিতা যেমন চিকিৎসাপ্রধান, সুশ্রুত-সংহিতা তেমনি আবার অস্ত্রোপচারপ্রধান। চরক কায়চিকিৎসা সম্প্রদায়ের অত্যুজ্জ্বল রত্ন, অপর পক্ষে সুশ্রুত ধন্বন্তরি সম্প্রদায়ের গৌরব উজ্জ্বলতর করেন। ধন্বন্তরি সম্প্রদায় অশ্বিনীকুমারদ্বয়ের নিকট শল্য ও শালাক্য বিদ্যা শিক্ষা করেন। মহাভারত পাঠে জানা যায় সুশ্রুত বিশ্বামিত্রের নন্দন। ভাবপ্রকাশ গ্রন্থে চরক সুশ্রুত প্রভৃতির প্রাদুর্ভাব সম্বন্ধে বিস্তৃত বিবরণ লিখিত হইয়াছে। টীকাকারগণ বৃদ্ধসুশ্রুত নামে প্রাচীন সুশ্রুতগ্রন্থের কথা উল্লেখ করেন।

সুশ্রুতের সূত্রস্থানের সপ্তম ও অষ্টম এই দুইটী অধ্যায়ে অস্ত্রোপচারের যন্ত্রবিবরণ এবং পঞ্চবিংশ অধ্যায়ে অস্ত্রোপচারের প্রণালী লিখিত হইয়াছে। চরক-সংহিতারও দুই স্থানে অস্ত্র-চিকিৎসার উল্লেখ দেখিতে পাওয়া যায়। চরকের চিকিৎসিত স্থানে উদরব্যবচ্ছেদের প্রণালী লিখিত আছে। ইহার শারীর-স্থানের অষ্টম অধ্যায়ে মৃতভ্রূণ বাহির করার প্রক্রিয়া বিশদরূপে বিবৃত হইয়াছে। কিন্তু এই দুই স্থানের কোথাও কোনও অস্ত্রের নাম লিখিত নাই। অষ্টাদশ অধ্যায়ে উদররোগের চিকিৎসা আদৌ চরকের লিখিত নহে, উহা দৃঢ়বলের লিখিত। দৃঢ়বল সুশ্রুত পাঠ করিয়াই জলোদরের অস্ত্রোপচারের প্রণালী লিখিয়া গিয়াছেন। জলোদরীর জল নিষ্কাশনের নিমিত্ত সুশ্রুতে ব্রীহিমুখ নামক এক প্রকার ট্রোকারের (Trocar) উল্লেখ করিয়াছেন। চরকে যে অস্ত্রোপচারের কথা লিখিত হইয়াছে উহা সম্ভবতঃ দৃঢ়বলের প্রতিসংস্কারেরই ফল।

চক্রপাণিদত্ত চরকের টীকা এবং সুশ্রুতেরও একখানি টীকা করেন, শেষোক্ত টীকার নাম ভানুমতী টীকা। সুশ্রুতের

সুশ্রুতের টীকাকার

অপর টীকাকার ডল্লনাচার্য্যও ডল্লনের টীকার নাম নিবন্ধসংগ্রহ। ডল্লনাচার্য্য সাহানপাল রাজার সমসাময়িক। ডল্লন, জেজ্জন, গয়দাস ও ভাস্করের নিকট কৃতজ্ঞতা স্বীকার করিয়াছেন। এই সকল ব্যক্তি ডল্লনের পূর্ব্বে সুশ্রুতের টীকা করিয়াছিলেন।

বৌদ্ধযুগ।

বৌদ্ধযুগে এদেশে চিকিৎসাশাস্ত্রের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। জীবের দুঃখ নিবারণের জন্য শাক্যসিংহের প্রাণ ব্যাকুল হইয়াছিল। তাঁহার শিষ্যগণ এবং তদ্‌ধর্ম্মাবলম্বী বিষয়ী ব্যক্তিরা মনুষ্য ও পশুদিগের চিকিৎসার নিমিত্ত স্থানে স্থানে চিকিৎসালয় সংস্থাপন করিলেন। প্রিয়দর্শী রাজা অশোকের রাজানুশাসনে প্রকাশ যে, তিনি মনুষ্য ও পশু উভয়ের জন্য চিকিৎসালয় সংস্থাপন করিয়াছিলেন। অশোকের রাজত্বকাল হইতে খৃষ্টীয় ৭৫০ অব্দ পর্য্যন্ত বৌদ্ধযুগের কাল নির্দ্দেশ করা যাইতে পারে। এই সময়ে আয়ুর্ব্বেদের যথেষ্ট উন্নতি হইয়াছিল। গ্রীক্, মিশর, এসিয়ামাইনর প্রভৃতি দূরদূরান্তর স্থলে আয়ুর্ব্বেদের মহিমা প্রচারিত হয়। নালন্দ, রাজগৃহ, গয়া, বিহার, বৈশালী প্রভৃতি প্রধান প্রধান নগরে চিকিৎসাগার, রুগ্নাবাস (হস্‌পিটাল) ও চিকিৎসাশিক্ষালয় (মেডিকেল কলেজ) সংস্থাপিত হইয়াছিল। এই সকল চিকিৎসালয়ে বিবিধ নূতন নূতন ঔষধ আবিষ্কৃত হইত। মহাবগ্‌গ নামক পালি বৌদ্ধ গ্রন্থে দেখা যায়, শাক্যসিংহের সময়ে জীবক কোমরভচ্চা নামে শাক্যসিংহের একজন চিকিৎসক ছিলেন। এই জীবক অতি দরিদ্রের সন্তান ছিলেন। বাল্যকালে দারিদ্র্য-নিবন্ধন, আহার ও সুচিকিৎসার অভাবে জীবক উদরাময় রোগে বড় কষ্ট পাইতেন। এই অবস্থায় জীবক মনে করিলেন, জগতে আমার মত কষ্টভোগ করে এমন বহুলোক আছে। আমি যদি চিকিৎসা-বিদ্যা শিক্ষা করিতে পারি, তবে বহু দরিদ্রলোকের উপকার করিতে সমর্থ হইব। এই মনে করিয়া জীবক আয়ুর্ব্বেদ-শিক্ষার্থ তক্ষশিলায় উপস্থিত হইলেন। তখন তক্ষশিলায় আয়ুর্ব্বেদ-শিক্ষার বিশ্ববিদ্যালয় ছিল। প্রতিভাবান্ মেধাবী জীবক অতি অল্প সময়ের মধ্যে (৪ বৎসর) আয়ুর্ব্বেদে অধিকার লাভ করিলেন। জীবক ঔষধাদি কি প্রকার চিনিয়াছেন, ইহা জানিবার নিমিত্ত জীবকের আচার্য্য বলিলেন, "জীবক! এই পেটিকা হাতে করিয়া এক যোজন পথ ঘুরিয়া আইস। পথে যে সকল ঔষধের গাছ দেখিতে পাইবে, তৎ সকল পেটিকার মধ্যে সংগ্রহ করিয়া আনিও।" চারি পাঁচ দিনের পর জীবক পথের দুইপার্শ্বের সকল লতাগুল্মই তুলিয়া আনিয়াছিলেন। জীবক সাকেত নগরীতে আসিয়া এক বিধবারমণীর অসাধ্য শিরোরোগ চিকিৎসা করিতে গেলেন।

বিধবা বলিলেন, "অনেক বিজ্ঞ, বহুদর্শী, বৃদ্ধবৈদ্য আমার ব্যাধি আরোগ্য করিতে পারেন নাই। তুমি বালক, তুমি তাহা আরোগ্য করিবে কি রূপে?" জীবক উত্তর দিলেন, "বিজ্ঞান বালকও নহে, বৃদ্ধও নহে।" তাঁহার চিকিৎসায় বিধবা আরোগ্য লাভ করিলেন। কাশীতে একজনের সন্নিরুদ্ধ গুদ (Intersusception of the bowels) হইয়াছিল। জীবক তাহার উদরে অস্ত্র (Laparatomy operation) করিয়া অন্ত্রাবরোধ আরোগ্য করেন। রাজগৃহে একজন ধনবান্ বণিকের খর্পর খুলিয়া উহার শিরঃপীড়া রোগের চিকিৎসা করেন। এই চিকিৎসায় তিনি এমন দক্ষতার সহিত অস্ত্র করিয়াছিলেন যে, উহার একগাছি কেশও স্পৃষ্ট হয় নাই, মস্তকের সেবনী (Suture) ত্রয়ের একটী সেবনীও আহত হয় নাই। এই সময়ে বুদ্ধদেবের শরীর অসুস্থ হয়। প্রধান শিষ্য আনন্দ জীবককে ডাকিয়া আনিলেন। তিনটী প্রফুল্ল পদ্মফুলে ঔষধ চূর্ণ ছড়াইয়া তাহার আঘ্রাণে জীবক তাঁহাকে সুস্থ করিলেন। এই সময়ে কাঙ্গালের সন্তান জীবক বুদ্ধদেবের বৈদ্য হইলেন।

বৌদ্ধযুগের গ্রন্থকারগণের মধ্যে বাগ্‌ভটের নামই এস্থলে প্রথমে উল্লেখ্য। চরক ও সুশ্রুতের পরেই বাগ্‌ভটের নাম। বাগ্‌ভট বা বাভট বৌদ্ধ ছিলেন, ইনি সিন্ধুপ্রদেশবাসী।

বাগ্‌ভট

বাগ্‌ভট, চরক ও সুশ্রুতের সারসংগ্রহ করিয়াছেন। এতদ্ব্যতীত তাঁহার গ্রন্থে ভেল ও হারীতের গ্রন্থ হইতেও কিছু কিছু সংগ্রহ করা হইয়াছে। গ্রন্থোপসংহারে বাগ্‌ভট লিখিয়াছেন—

"ঋষিপ্রণীতে প্রীতিশ্চেন্মুক্তং চরকসুশ্রুতৌ।
ভেড়াদ্যাঃ কিং ন পঠ্যন্তে তস্মাদ্‌গ্রাহ্যং সুভাষিতম্॥"

অর্থাৎ প্রাচীন ঋষিপ্রণীত গ্রন্থই যদি প্রীতিজনক হয়, তবে কেবল চরকসুশ্রুত পাঠ ব্যতীত ভেলাদ্য ঋষিপ্রণীত গ্রন্থ পঠিত না হয় কেন?

বাগ্‌ভটের গ্রন্থের নাম "অষ্টাঙ্গহৃদয়"। অষ্টাঙ্গহৃদয়ের অর্থ এই যে আয়ুর্ব্বেদশাস্ত্রে চিকিৎসাপ্রণালী আটভাগে বিভক্ত হইয়াছে যথা—

(১) কায়চিকিৎসা (Internal medicine) (২) শল্য (Major surgery) (৩) শালক্য (Minor surgery) (৪) ভূতবিদ্যা (Demonology—অথর্ব্ববেদে এই চিকিৎসা যথেষ্ট পরিমাণ পরিলক্ষিত হয়।) (৫) বিষ (Toxicology) (৬) রসায়ন (Tonics) (৭) বৃষ্য (Aphrodisiacs) (৮) কৌমারভৃত্য (Pædotrophy).—এই সকল বিভাগই চিকিৎসায় অষ্টাঙ্গ নামে খ্যাত।

বাগ্‌ভট শল্যতন্ত্রে অনেক নূতন তথ্যের সমাবেশ করিয়াছেন। খনিজ ও সমুদ্রজ লবণগুলির উল্লেখও ইঁহার চিকিৎসাগ্রন্থে দেখিতে পাওয়া যায়। কচিৎ কুত্রচিৎ পারদের ব্যবহারেরও উল্লেখ আছে। ধাতব কোন কোন ঔষধের ব্যবহার অষ্টাঙ্গহৃদয়ে দৃষ্ট হয়। বাগ্‌ভট পূর্ব্বে ব্রাহ্মণ ছিলেন, পরে বৌদ্ধধর্ম্মাবলম্বন করেন, এইরূপ শুনিতে পাওয়া যায়। তিনি যে বৌদ্ধ ছিলেন, তাঁহার গ্রন্থের প্রারম্ভে নমস্কারসূত্রেই তাহার প্রমাণ আছে। মৃগাঙ্কদত্তের পুত্র অরুণ দত্ত অষ্টাঙ্গহৃদয়-বাগ্‌ভটের এক টীকা করেন, উহার নাম "সর্ব্বাঙ্গসুন্দরী"। সুপ্রসিদ্ধ চতুর্ব্বর্গচিন্তামণি নামক স্মৃতিসংগ্রহকার সুপণ্ডিত হেমাদ্রি বাভটের সূত্রস্থানের "আয়ুর্ব্বেদরসায়নাধ্য" এক টীকা করেন।

মাধব-করের সংগৃহীত সুপ্রসিদ্ধ নিদানগ্রন্থের পরিচয় দেওয়ার সবিশেষ প্রয়োজন নাই। এই গ্রন্থখানি সর্ব্বত্রই

নিদান

সুপ্রসিদ্ধ। কবিরাজমাত্রেই মাধবনিদান পাঠ করেন। এমন কি কবিরাজীশাস্ত্রে যাহাদের কিছুমাত্র পাণ্ডিত্য নাই, তাঁহারাও অন্ততঃপক্ষে মাধবকরের নিদানখানি পাঠ করিয়া থাকেন। বিজয় রক্ষিত এই গ্রন্থের "মধুকোষ" নামে যে টীকা করিয়া গিয়াছেন, তাহা অতি উপাদেয় ও যথেষ্ট পাণ্ডিত্যপূর্ণ। সম্ভবতঃ খৃষ্টীয় অষ্টম শতাব্দে এই গ্রন্থ রচিত হয়। বাচস্পতিকৃত "আতঙ্কদর্পণ" নামে ইহার আরও একখানি টীকা আছে।

বৃন্দ নামক জনৈক চিকিৎসক "সিদ্ধযোগ" গ্রন্থের রচয়িতা। বৃন্দ চরক, সুশ্রুত ও বাগ্‌ভটের পদাঙ্ক অনুসরণ করিয়া উদ্ভিজ্জ

সিদ্ধযোগ

ঔষধের ব্যবহারজনক সিদ্ধযোগ গ্রন্থ প্রণয়ন করেন। আমরা অতঃপর চক্রপাণি দত্তের লিখিত চক্রদত্ত গ্রন্থেও ইহার পরিচয় পাই যথা:—

"যঃ সিদ্ধিযোগলিখিতাধিকসিদ্ধযোগা
নত্রৈব নিক্ষিপতি কেবলমুদ্ধরেদ্বা।"

বৃন্দ মাধবকরের নিদানের অনুসরণ করিয়া সিদ্ধযোগ-গ্রন্থলিখনের ক্রমাবলম্বন করেন।

চরক ও সুশ্রুতের টীকাকার চক্রপাণি দত্ত "চক্রদত্তসংগ্রহ" নামে চিকিৎসা সম্বন্ধে একখানি উপাদেয় গ্রন্থ প্রণয়ন করেন।

চক্রদত্ত

বৃন্দ ও চক্রপাণি উভয়েই ধাতব দ্রব্যাদি ঔষধার্থে ব্যবহার করিয়া গিয়াছেন। যদিও বাগ্‌ভটের সময় হইতেই ধাতবদ্রব্য ঔষধরূপে প্রচারিত হইতে আরব্ধ হয়, কিন্তু বৃন্দ ও চক্রদত্ত বহুল ধাতবপদার্থ ঔষধরূপে ব্যবহার করেন। খৃষ্ট জন্মের দশম শতাব্দ পরে প্রায় প্রত্যেক চিকিৎসাগ্রন্থে ন্যূনাধিক পরিমাণে ধাতবপদার্থের ব্যবহার পরিলক্ষিত হয়। চক্রপাণি দত্তের পিতা মহীপালের উত্তরাধিকারী

নয়পালের রাজচিকিৎসক ছিলেন। খৃষ্টীয় একাদশ শতাব্দীর আরম্ভে চক্রপাণি দত্ত গ্রন্থাদি প্রণয়ন করিতে প্রবৃত্ত হয়েন। চক্রদত্ত চরক, সুশ্রুত ও বাগ্‌ভটের পদাঙ্ক অনুসরণ করিয়া গ্রন্থ রচনা করেন। এই সময় হইতে বৈদ্যকচিকিৎসায় তন্ত্রের প্রভাব প্রবর্ত্তিত হইতে আরব্ধ হয়। মন্ত্রপাঠ দ্বারা যে ঔষধের গুণ ও ক্রিয়াদি বর্দ্ধিত হয়, ইঁহাদের গ্রন্থে তাহারও উল্লেখ দেখিতে পাওয়া যায়। তদ্‌যথা :—

"অয়ং মন্ত্রঃ প্রযোক্তব্যঃ ভিষজাপ্যভিমন্ত্রণে। ওঁ নমো বিনায়কায় অমৃতং রক্ষ রক্ষ, মম ফলসিদ্ধিং দেহি দেহি রুদ্রবচনেন স্বাহা।"

চক্রপাণির রসায়ন অধিকার হইতেও এইরূপ বহু মন্ত্রের উল্লেখ করা যাইতে পারে। চক্রদত্তের ব্যবস্থিত ঔষধগুলি পরমদৃষ্টফল বলিয়াই কোনও সময়ে ভিষক্‌সমাজে খ্যাত ছিল। ইহার গ্রন্থেই ইহার সময় ও বংশাদির পরিচয় আছে।

তান্ত্রিক যুগ।

বৌদ্ধযুগের প্রভাব ও প্রতিপত্তির হ্রাস হওয়ার পরেই তান্ত্রিক যুগের আরম্ভ হয়। প্রাচীন অথর্ব্ববেদের সময়ে লোকের হৃদয়ে যে সকল বিষয় লাভের নিমিত্ত বাসনার অনল অনুক্ষণ প্রজ্বলিত থাকিত, তান্ত্রিক যুগে আবার সেই সকল ভাব দেখা দিল। ইন্দ্রজাল ভূতবিদ্যা ও ডামর প্রভৃতির অভিমুখে আবার জনসাধারণের দৃষ্টি পড়িল। অন্যান্য ধাতুকে যাহাতে স্বর্ণে পরিণত করা যায়, তজ্জন্য এক শ্রেণীর পণ্ডিত দিবানিশি মস্তিষ্ক সঞ্চালন করিতে লাগিলেন। এই উদ্দেশ্যে ইঁহারা বহুবিধ ধাতবপদার্থ পরীক্ষা করার নিমিত্ত দিবানিশি মুষা প্রজ্বলিত রাখিতেন, অনুক্ষণ এই প্রজ্বলিত মুষায় স্বর্ণ, রৌপ্য, তাম্র ও লৌহ, বিশেষতঃ পারদ প্রভৃতি বিবিধ ধাতুর পরীক্ষা করিতেন। ফাকি দিয়া প্রকৃতির নিকট হইতে মূল্যবান দ্রব্য আদায় করিয়া রাতারাতি ধনী হইতে কাহার সাধ না হয়? ফলতঃ তান্ত্রিক যুগে প্রকৃতির রত্নভাণ্ডার-লাভের লোভে এইরূপ একটী ষড়্‌যন্ত্র চলিতে লাগিল।

অপরদিকে রক্তচন্দনচর্চ্চিত রক্তবস্ত্র ও রক্তমাল্যপরিধায়ী, কৃষ্ণশিরস্ত্রাণশীল ভীষণ ভৈরবাচার্য্যগণ শ্মশানে ন্যস্ত শববক্ষে বসিয়া শবসাধনে প্রবৃত্ত হইলেন। এতদ্ব্যতীত পঞ্চ-মকারের প্রাদুর্ভাবও যথেষ্টরূপে প্রবর্ত্তিত হইল। এই সকল ব্যাপারের মধ্য দিয়া তান্ত্রিক চিকিৎসার একটী খরপ্রবাহও সহসা এদেশে প্রবাহিত হইতে লাগিল। এই সময়ে শৈবতন্ত্রের প্রাদুর্ভাবে চিকিৎসকগণ পারদের তথ্যানুসন্ধানে অধিকতর মনোযোগী হইলেন, তাঁহারা পারদের বহু গুণ দেখিতে পাইলেন। পারদের অপর নাম "রস"। এই রস সম্বন্ধে এরূপ বিপুল আলোচনা হইতে লাগিল যে এই "রস"কে লক্ষ্য করিয়া ধাতবদ্রব্যাদির পরীক্ষা ও প্রয়োগ সম্বন্ধে বহুল গ্রন্থের সৃষ্টি হইল। রসরত্নাকর, রসহৃদয়, রসেশ্বর সিদ্ধান্ত, রসার্ণব, রসকৌমুদী, রসেন্দ্রচিন্তামণি, রসেন্দ্রসারসংগ্রহ এবং রসরত্নসমুচ্চয় প্রভৃতি বহু গ্রন্থের আবির্ভাবে তান্ত্রিক-চিকিৎসার গ্রন্থাঙ্গ পরিপুষ্ট হইয়া উঠিল। এমন কি সর্ব্বদর্শন-সংগ্রহেও আমরা "রসেশ্বরদর্শন"নাম পারদ-মাহাত্ম্য-পূর্ণ একখানি দর্শনশাস্ত্র পর্য্যন্ত দেখিতে পাই।

যদিও পারদ-চিকিৎসার প্রাধান্যপ্রদর্শনার্থ এই সকল গ্রন্থের নামকরণে গ্রন্থের নামের পূর্ব্বে "রস" শব্দটী প্রযুক্ত হইয়াছে, কিন্তু হীরক, তাম্র, রৌপ্য, অভ্র ও লৌহ প্রভৃতি বিবিধ ধাতুর জারণ, মারণ ও শোধন এবং ঔষধার্থে ব্যবহার-প্রয়োগ অতীব বিস্তৃতরূপে লিখিত হইয়াছে। এই সকল গ্রন্থে আধুনিক বিজ্ঞানের আলোচনার উপযোগীও অনেক বিষয় পরিলক্ষিত হয়। এই প্রণালীর চিকিৎসা ক্রমে আরবে ও পারস্যে প্রবর্ত্তিত হয়। বহুল গ্রন্থ আরবী ও পারসী ভাষায় অনূদিত হইয়াছে।

মুসলমান যুগ।

মহম্মদের সময়ে আরবে সিনা নগরে একটী চিকিৎসাশিক্ষালয় ছিল। এই শিক্ষালয়ের প্রধান শিক্ষক ছিলেন হারি-বেল-কানদা। ইনি এদেশ হইতেই আয়ুর্ব্বেদ শিক্ষা করিয়া যান। খৃষ্টীয় অষ্টম শতাব্দে হারুণ-অল রসিদের পুত্র কালীফ্ আলমানন্ সর্ব্বপ্রথমে পারস্যভাষায় চরক ও সুশ্রুতের অনুবাদ করেন, পশ্চাৎ তদ্দ্বারা এই গ্রন্থ আরবীভাষায় অনূদিত হয়। বোগদাদের কালিফ্‌গণের রাজসভায় বহুল সংস্কৃতজ্ঞ ভারতীয় পণ্ডিত থাকিতেন। ইবিন্ আবুতসেবিয়ার রচিত একখানি ইতিহাসগ্রন্থে ইঁহাদের নাম জানা যায়। খৃষ্টীয় একাদশ শতাব্দে এই গ্রন্থকার উক্ত গ্রন্থ প্রণয়ন করেন। ইহাতে কঙ্ক, জেজ্জর, সঞ্জয়, শনক ও মাঙ্ক প্রভৃতি ভারতীয় আয়ুর্ব্বেদবিদ্ পণ্ডিতগণের নাম লিখিত আছে। এই সকল ভিষক্ কালিফের রাজবৈদ্যপদে নিযুক্ত ছিলেন। যে সকল মুসলমানসম্রাট্ ভারতবর্ষ শাসন করিয়া গিয়াছেন, হিন্দুদের বেদের প্রতি তাঁহাদের কাহারও কাহারও বিদ্বেষ থাকিলেও আয়ুর্ব্বেদের প্রতি কাহারও বিদ্বেষ ছিল বলিয়া জানা যায় না। প্রত্যুত অনেকের রাজসভায় আয়ুর্ব্বেদবৈদ্য নিযুক্ত থাকিতেন। চক্রদত্তের টীকাকার শিবদাস তৎসাময়িক বাঙ্গালার নবাবের রাজবৈদ্য ছিলেন। মাধবীয়নিদানের "আতঙ্ক দর্পণ" নামক টীকাকার বাচস্পতি তদীয় গ্রন্থভূমিকার ৫ম শ্লোকে লিখিয়াছেন, তাঁহার পিতা প্রমোদ মহম্মদ হাম্মীরের রাজবৈদ্য ছিলেন। মহম্মদ হাম্মীরের অপর নাম ময়জুদ্দীন মহম্মদ। ইনি মহম্মদ ঘোরী নামে সুপরিচিত। ইনি ১১৯৩ হইতে

১২০৫ খৃঃ পর্য্যন্ত দিল্লীর রাজা বলিয়া কীর্ত্তিত ছিলেন। ১২৩০ খৃঃ আতঙ্কদর্পণ রচিত হয়, ইহার কুড়ি বৎসর পূর্ব্বে বিজয় রক্ষিত মাধবীয় নিদানের মধুকোষব্যাখ্যা সমাপ্ত করেন। সম্ভবতঃ ইহারও কুড়ি বৎসর পূর্ব্বে অরুণদত্ত বাগ্‌ভটের টীকা করিয়াছিলেন। মুসলমানরাজত্বের সময়ে অনেকগুলি টীকাগ্রন্থ রচিত হয়। মূলগ্রন্থও অনেকগুলি রচিত হইয়াছিল। নিম্নে কয়েকখানির নাম উল্লেখ করা যাইতেছে—

১। ভাবপ্রকাশ—নটকনপুত্র ভাবমিশ্র প্রণীত (১৫৫০ খৃঃ)
২। বৈদ্যামৃত—ভট্ট মহেশ্বর প্রণীত (১৬২৭ খৃঃ)।
৩। যোগচন্দ্রিকা—পণ্ডিতদত্তের পুত্র লক্ষ্মণকৃত (১৬৩৩ খৃঃ)
৪। বৈদ্যজীবন—লোলিম্বরাজকৃত (১৬৩৩ খৃঃ)
৫। বৈদ্যবল্লভ—হস্তিসুরিকৃত (১৬৭০ খৃঃ)
৬। যোগরত্নাকর—জৈনাচার্য্য নারায়ণশেখরকৃত (১৬৭৬খৃঃ)
৭। বৈদ্যরহস্য—বংশীধরপুত্র বিদ্যাপতিকৃত (১৬৯৮ খৃঃ)
৮। চিকিৎসাসংগ্রহ—বঙ্গসেনকৃত
৯। আয়ুর্ব্বেদপ্রকাশ—কাশীর শ্রীমাধবকৃত (১৭৫১ খৃঃ)
১০। জ্বর-পরাজয়—জয়রবিকৃত (১৭৯১ খৃঃ)

এই কয়েকখানি ব্যতীত আরও বহুল গ্রন্থের নাম প্রকাশ পায় নাই। এই সকল গ্রন্থের মধ্যে মৌলিক প্রতিভার কোনও পরিচয় পাওয়া যায় নাই। অনেকেই পাণ্ডিত্য লাভ করিয়া টীকা ও সংগ্রহগ্রন্থ লিখিতেন। কিন্তু প্রাচীন আয়ুর্ব্বেদের গণ্ডীর বাহিরে গিয়া নূতন তত্ত্ব উদ্ভাবন করার প্রয়াস ইদানীন্তন-কালে কেবল এক তান্ত্রিকচিকিৎসাতেই কিয়ৎ-পরিমাণে দৃষ্ট হয়। আমরা নিম্নে আয়ুর্ব্বেদের চরক সুশ্রুত ও বাগ্‌ভট ব্যতীত কয়েকখানি প্রধান প্রধান গ্রন্থের তালিকাও প্রদান করিতেছি। নিম্নে যে তালিকা দেওয়া হইতেছে, এই তালিকায় যেন কেহ আয়ুর্ব্বেদীয় গ্রন্থের সম্পূর্ণ তালিকা বলিয়া মনে না করেন। এই তালিকায় অকারাদি ক্রমে গ্রন্থের নামোল্লেখ করা হইয়াছে, গ্রন্থকারের পৌর্ব্বাপর্য্য ক্রম অনুসারে লিখিত হয় নাই এবং ইতঃপূর্ব্বে যে সকল গ্রন্থের নামোল্লেখ করা হইয়াছে সেই সকল গ্রন্থের নাম পরিহার বা পুনরুল্লেখের বিষয়েও দৃষ্টি রাখা হইল না।

গ্রন্থ-তালিকা

অগস্ত্যসূক্ত
অগ্নিকর্ম্মন্
অগ্নিবেশসংহিতা
অঙ্গক্রমলক্ষণ
অঙ্গাদিবৃত্তি
অজীর্ণমঞ্জরী—কাশীনাথ
ঐ কাশীরাজ
অজীর্ণমঞ্জরীটীকা—রমানাথ বৈদ্য
অজীর্ণামৃতমঞ্জরী
অঞ্জননিদান—অগ্নিবেশ
অনবলোভমন্ত্র
অনিঙ্গ
অনুপানমঞ্জরী—পীতাম্বর
অনুভবসার—সচ্চিদানন্দ যতি
অন্তর্যামীব্রাহ্মণ
অন্নচিকিৎসা
অন্নপানবিধি
অমৃতমঞ্জরী বা অজীর্ণমঞ্জরী—কাশীনাথ ও কাশীরাজ
অশীতবাদনিদান
অষ্টধাতুমারণবিধি
অষ্টাঙ্গনিঘণ্ট
অষ্টাঙ্গসংগ্রহ
অষ্টাঙ্গহৃদয়নিঘণ্ট
অষ্টাঙ্গহৃদয়সংহিতা—বাগ্‌ভট
ঐ টীকা অরুণদত্ত
„ আশাধর
„ চন্দ্রচন্দন
„ রামনাথ
„ হেমাদ্রি
অষ্টাঙ্গহৃদয়সংগ্রহ
আত্রেয়সংহিতা
আত্রেয়সংহিতাসার
আনন্দমালা—আনন্দসিদ্ধ
আয়ুর্বুদ্ধি
আয়ুর্ব্বেদ—শ্রীসুখলতা
আয়ুর্ব্বেদদীপিকা
আয়ুর্ব্বেদপ্রকাশ—মাধবউপাধ্যায়
„ বামন
„ সুশ্রুত
আয়ুর্ব্বেদমহোদধি—শ্রীসুখ
„ সুষেণ
আয়ুর্ব্বেদরসশাস্ত্র—মাধব
আয়ুর্ব্বেদরসায়ন (অষ্টাঙ্গহৃদয়টীকা)—হেমাদ্রি
আয়ুর্ব্বেদসর্ব্বস্ব—ভোজরাজ
আয়ুর্ব্বেদসিদ্ধান্তসম্বোধিনী—রামেশ্বর
আয়ুর্ব্বেদসুধানিধি
আরোগ্যদর্পণ
আরোগ্যমালা
উদকমঞ্জরী
উদকলক্ষণ
উন্মাদচিকিৎসাপটল
উমামহেশ্বরসংবাদ (তন্ত্রোক্ত)
উষানিদান
উষ্ট্রপয়ঃকল্প—আত্রেয়
ঋতুগুণ
ঋতুচর্য্যা
ঋতুসংহার
ঔষধকল্প
ঔষধগ্রন্থ
ঔষধপ্রকার—কৃষ্ণভট্ট
ঔষধপ্রয়োগ—ধন্বন্তরি
কঙ্কালাধ্যায়—অঞ্জনাচার্য্য
কণাদসংহিতা—কণাদ
কনকসিংহপ্রকাশ—রামকৃষ্ণ বৈদ্যরাজ
কনকসিংহবিলাস
কর্পূরপ্রকাশ
কর্ম্মদীপবৃত্তি
কর্ম্মপ্রকাশ—নারায়ণ ভট্ট
কর্ম্মবিপাক
কল্পখণ্ড
কল্পতরু—মল্লিনাথ
কল্পভূষণ
কল্যাণকারক—উগ্রাদিত্যাচার্য্য
কল্যাণঘৃত
কামদেবযবটীসারসংগ্রহ
কামভূত
কামরত্ন (বৃহৎ ও লঘু)—
ঐ টীকা শ্রীনাথ
কৌপালিকগ্রন্থ
ক্বাথাধিকার
ক্ষেমকুতূহল—ক্ষেমরাজ বা ক্ষেমশর্ম্মা
গণাধ্যায়—পরমেশ্বর রক্ষিত
গদনিগ্রহ—সোঢ়ল
গদরাজরত্ন
গদবিনিশ্চয়—বৃন্দ
গদবিনোদনিঘণ্ট
গন্ধকরসায়ন
গন্ধদীপিকা
গুটিকাধিকার

গুটিকাপ্রকার
গুড়ূচ্যাদি—ধন্বন্তরি
গুণচন্দ্রিকা
গুণজ্ঞান
গুণজ্ঞাননিঘণ্টু
গুণপটল
গুণপাট—বাগ্‌ভট
" ধন্বন্তরি
গুণমালা
গুণযোগপ্রকাশ
গুণরত্নমালা
গুণরত্নাকর—ব্রজভূষণ
গুণসংগ্রহ—সোঢ়ল
গুণাগুণী—সুষেণ
গুণাদর্শ
গূঢ়বোধকসংগ্রহ—হেরম্বসেন
গৃহনিগ্রহ
গোবিন্দপ্রকাশ
গোবিন্দসোমসেতু
গৌরীকাঞ্চী—শিব
চন্দ্রকলা
চন্দ্রোদয়বিধান
চমৎকারচিন্তামণি—লোলিম্বরাজ
চরকসংহিতা—চরক
চারুচর্য্যা—ধন্বন্তরি
চিকিৎসাকলিকা—তীসট
" দয়াশঙ্কর
চিকিৎসাকলিকা-টীকা—তীসটপুত্র চন্দ্রটি
চিকিৎসাকৌমুদী—কাশীরাজ
চিকিৎসাচিন্তামণি
চিকিৎসাঞ্জন
চিকিৎসাতত্ত্বজ্ঞান—ধন্বন্তরি
চিকিৎসাতন্ত্র
চিকিৎসাদর্পণ—দিবোদাস
চিকিৎসাদীপিকা—ধন্বন্তরি
চিকিৎসানাগার্জ্জুনীয়
চিকিৎসাপদ্ধতি—কাশীরাজ
চিকিৎসাপরিভাষা—নারায়ণ দাস
চিকিৎসামালিকা
চিকিৎসামৃত—গণেশ
চিকিৎসামৃতসার—দেবদাস
চিকিৎসাযোগশত
চিকিৎসারত্ন
চিকিৎসার্ণব—সদানন্দশুক্ল
চিকিৎসালেশ—গোবর্দ্ধন
চিকিৎসাশতশ্লোক
চিকিৎসাসংগ্রহ—ধন্বন্তরি
" চক্রপাণিদত্ত
চিকিৎসাসংগ্রহটীকা—শিবদাস সেন
চিকিৎসাসর্ব্বসংগ্রহ
চিকিৎসাসর্ব্বসাগর—বৎসেশ্বর
চিকিৎসাসার—ধন্বন্তরি
" হরিভারতী
চিকিৎসাসারসংগ্রহ—ক্ষেমশর্ম্মাচার্য্য
" বঙ্গসেন
চিকিৎসাসারসমুচ্চয়
চিকিৎসাস্থানটিপ্পন—চক্রপাণি দত্ত।
চিকিৎসিত
চোবচীনীপ্রকাশ
চোবচীনীসেবনবিধি
জগদ্বৈদ্যক
জরাচিকিৎসা
জল্পকল্পতরু—(চরক টীকা) গঙ্গাধর কবিরত্ন
জীবদান—চ্যবন
জ্যোতিষ্মতীকল্প
জ্বরকল্প
জ্বরচিকিৎসা
জ্বরতিমিরভাস্কর—চামুণ্ড কায়স্থ (১৬২৩)
জ্বরত্রিশতী—শার্ঙ্গধর
জ্বরদর্পণমালা
জ্বরনির্ণয়—নারায়ণ
জ্বরপরাজয়—জরার
জ্বরশান্তি
জ্বরস্তোত্র
জ্বরহরস্তোত্র
জ্বরাঙ্কুশ
জ্বরাদিরোগচিকিৎসা
তত্ত্বকণিকা—ভারতকর্ণ
তন্ত্ররাজ—জাবাল
তন্ত্রোক্তচিকিৎসা
তৈলোপবেশনবিধি
ত্রিশতী
ত্রৈলোক্যডম্বর
দশপরীক্ষা
দিব্যরসেন্দ্রসার—ধনপতি
দূতপরীক্ষা
দেহসিদ্ধিসাধন
দ্রব্যগুণ—গোপাল
দ্রব্যগুণদীপিকা—কৃষ্ণদত্ত
দ্রব্যগুণরাজবল্লভ—নারায়ণদাস কবিরাজ
দ্রব্যগুণরত্নমালা—মাধব
দ্রব্যগুণবিবেক
দ্রব্যগুণশতশ্লোকী—ত্রিমল্ল ভট্ট
দ্রব্যগুণসংগ্রহ—চক্রপাণি দত্ত
ঐ টীকা—নিশ্চলকর
ঐ টীকা—শিবদাস
দ্রব্যগুণাকর
দ্রব্যগুণাদর্শনিঘণ্টু
দ্রব্যগুণাধিরাজ
দ্রব্যরত্নাবলী
দ্রব্যশুদ্ধি
দ্রব্যাদর্শ
ধন্বন্তরিগ্রন্থ
ধন্বন্তরিনিঘণ্টু
ধন্বন্তরিপঞ্চক
ধন্বন্তরিবিলাস
ধন্বন্তরিসারনিধি
ধাতুনিদান
ধাতুমঞ্জরী—সদাশিব
ধাতুমারণ—শার্ঙ্গধর
ধাতুরত্নমালা—দেবদত্ত
নয়বোধিকা
নাগরাজপদ্ধতি
নাগার্জ্জুনীয়—নাগার্জ্জুন
নাড়ীগ্রন্থ
নাড়ীনিদান
নাড়ী-পরীক্ষা—দত্তাত্রেয়
" —মার্কণ্ডেয়
নাড়ী-পরীক্ষাদি চিকিৎসা কথন—রত্নপাণি
নাড়ীপ্রকরণ
নাড়ীপ্রকাশ—গোবিন্দ
" —রামরাজ
" —শঙ্কর সেন
নাড়ীবিজ্ঞান—গোবিন্দরাম সেন
নাড়ীবিজ্ঞানীয়
নাড়ীশাস্ত্র
নানাশাস্ত্র
নানৌষধবিধি
নামমালা—ধন্বন্তরি
নারায়ণবিলাস—নারায়ণ রাজ
নিঘণ্ট—রাধাকৃষ্ণ
নিঘণ্টুরাজ (রাজনিঘণ্ট)
নিঘণ্টুশেষ
নিঘণ্টু সংগ্রহনিদান
নিঘণ্টুসার
নিদান—মাধব
" বাগ্‌ভট
" (গরুড়পুরাণীয়)
নিদানপ্রদীপ—নাগনাথ
নিদানসংগ্রহ
নিদানস্থান—অগ্নিবেশ
নিবন্ধসংগ্রহ
" (সুশ্রুতটীকা) ডল্লনাচার্য্য
" লক্ষ্মীনাথ
নৃসিংহোদয়—বীরসিংহ
নেত্রাঞ্জন—অগ্নিবেশ
পঞ্চকর্ম্মবিধি
পঞ্চকর্ম্মাধিকার—বাগ্‌ভট
পঞ্চমবিলাস
পঞ্চসামক
পথ্যবিধান
পথ্যাপথ্য—রঘুদেব
পথ্যাপথ্যনিঘণ্টু—কেয়দেব পণ্ডিত

পথ্যাপথ্যনির্ণয়
পথ্যাপথ্য বিধান
পথ্যাপথ্যবিধি—দক্ষরূপ
পথ্যাপথ্যবিনিশ্চয়
পথ্যাপথ্য বিবোধ—(কেয়দেব পণ্ডিত)
পদার্থগুণচিন্তামণি
পদার্থচন্দ্রিকা—বাগ্‌ভট
পদার্থচন্দ্রিকা (অষ্টাঙ্গহৃদয় টীকা) চন্দ্রচন্দন
—বা আয়ুর্ব্বেদসারণ—হেমাদ্রি
পরহিত সংহিতা—শ্রীনাথ পণ্ডিত
পরিভাষা সংগ্রহ—শ্যামদাস
পর্য্যায়মুক্তাবলী
পাকাদিসংগ্রহ
পাকাধ্যায়
পাকাবলী
পারদকল্প
পালাশকল্প
পীযূষসাগর
পীযূষসার
পুরাতনযোগসংগ্রহ
পুরুষার্থপ্রবোধ
প্রবোধ চন্দ্রোদয়—ক্ষেমজয়
প্রয়োগসার
প্রয়োগামৃত—বৈদ্যচিন্তামণি
বসবরাজীয়—বসবরাজ
বালচিকিৎসা—কল্যাণ ভট্ট
" —ধন্বন্তরি
" —বন্দিমিশ্র
ঐ বা (শিশুরক্ষারত্ন) পৃথ্বীমল্ল
বালতন্ত্র—কল্যাণ
বালবোধ—বানরাচার্য্য
বিন্দুসংগ্রহ
বৃহতীকল্প
বৃহৎকল্প জ্ঞান
ভারদ্বাজীয়
ভাবপ্রকাশ—ভাব মিশ্র
" বাগ্‌ভট
ভাবপ্রকাশ কোষ
ভাবস্বভাব—মাধবদেব
ভাস্বতী—শতানন্দ
ভিষক্ চক্রচিত্তোৎসব—হংসরাজ
ভিষক্ চক্রনিদান
ভীমবিনোদ
ভেড়সংহিতা
ভেষজকল্প
ভেষজকল্পসার সংগ্রহ
ভেষজতর্ক
ভেষজসর্ব্বস্ব
ভৈরবপ্রসাদ
ভৈষজ্যরত্নাকর—বেচারাম
ভৈষজ্যরত্নাবলী—গোবিন্দদাস বিশারদ
ভৈষজ্যসার—উপেন্দ্রমিশ্র
ভৈষজ্যসারামৃত সংহিতা—প্রাণনাথ বৈদ্য
ভোজনকস্তুরী
মগধপরিভাষা
মণিরত্নাকর—কেয়দেব
মতিমুকুর
মধুকোষ—জয়পাল দীক্ষিত ; ঐ ব্যাখ্যা
মধুকোষ (মাধবনিদানটীকা) বিজয়রক্ষিত
মধুমতী—নারায়ণ কবিরাজ
মনোরমা—বিল্‌হন
মহাপ্রকাশ
মহারাজনিঘণ্ট
মহার্ণব
মাতঙ্গলীলা
মাতঙ্গলীলাপ্রকাশিকা
মাত্রাপ্রয়োগ
মাহেশ্বরকবচ
মুগ্ধবোধাখ্যা জ্বরাদিরোগচিকিৎসা
মুণ্ডীকল্প
মূত্রপরীক্ষা ও নাড়ীপরীক্ষা
মৃতবৎসাচিকিৎসা
মৃতসঞ্জীবনী
যন্ত্রোদ্ধার
যোগচন্দ্রিকা—লক্ষ্মণ
যোগচন্দ্রিকাবিলাস
যোগচিকিৎসা
যোগচিন্তামণি—গণেশ
ঐ ধন্বন্তরি
ঐ (বৈদ্যকসার সংগ্রহ)—হর্ষকীর্ত্তি সূরি
যোগতরঙ্গিণী (বৃহতী ও লঘ্বী)—ত্রিমল্ল ভট্ট
যোগদীপিকা—ধন্বন্তরি
যোগপ্রদীপ
যোগমালা—যোগসিদ্ধ
যোগমুক্তাবলী (বৈদ্যচিন্তামণি উদ্ধৃত)
ঐ বল্লভদেব
যোগরত্ন
যোগরত্নমালা
ঐ টীকা—গুণাকর (১২৪০)
যোগরত্নাবলী—গঙ্গাধর
যোগশত—বররুচি
ঐ টীকা—অমিতপ্রভ
ঐ টীকা—পূর্ণসেন
ঐ —রূপনারায়ণ
যোগশতক—মদনসিংহ
ঐ —লক্ষ্মীদাস
ঐ —বিদগ্ধবৈদ্য
যোগসার—অশ্বিনীকুমার
যোগসারসংগ্রহ—তুলসীদাস
যোগসারসমুচ্চয়—গণপতিব্যাস
যোগসুধানিধি—বন্দিমিশ্র
যোগাঞ্জন—মণি
যোগাধিকার
যোগামৃত—গোপাল দাস (১৭৭২খৃঃ)
ঐ টীকা সুবোধিনী—ঐ
যোনিব্যাপদ্
রত্নকলাচরিত্র—লোলিম্বরাজ
রত্নদীপিকা
রত্নমালা—রাজবল্লভ
রত্নসারচিন্তামণি
রত্নাকর
রত্নাবলী—কবীন্দ্রচন্দ্র
" —রাধামাধব
রসকঙ্কালি—কঙ্কালি
রসকল্পলতা—কাশীনাথ
রসকষায়—বৈদ্যরাজ
রসকৌতুক
রসকৌমুদী—মাধবকর
ঐ —শক্তিবল্লভ
রসগোবিন্দ—গোবিন্দ
রসচন্দ্রিকা—নীলাম্বর পুরোহিত
রসচিন্তামণি
রসতত্ত্বসার
রসদর্পণ
রসদীপিকা—আনন্দানুভব
ঐ —রামরাজ
রসনিবন্ধ
রসপদ্ধতি—বিন্দু
ঐ টীকা—মহাদেব পণ্ডিত
রসপদ্মচন্দ্রিকা
রসপারিজাত
রসপ্রকাশসুধাকর—যশোধর
রসপ্রদীপ—প্রাণনাথ
ঐ —রামচন্দ্র
ঐ —বৈদ্যরাজ
রসভস্মবিধি
রসভেষজকল্প—সূর্য্যপণ্ডিত
রসভোগমুক্তাবলী
রসমঞ্জরী—শালিনাথ
ঐ টীকা—রমানাথ
রসমণি—হরিহর
রসমুক্তাবলী
রসযামল
রসযোগমুক্তাবলী—নরহরিভট্ট
রসরত্ন—শ্রীনাথ
রসরত্ন প্রদীপ—রামরাজ
রসরত্নপ্রদীপিকা
রসরত্নমালা—নিত্যনাথ
রসরত্নসমুচ্চয়—নিত্যনাথ সিদ্ধ
ঐ —নিত্যানন্দ
ঐ —সিংহগুপ্ত পুত্র বাগ্‌ভট বাহট
রসরত্নাকর
ঐ —আদিনাথ

ঐ —নিত্যনাথ সিদ্ধ
ঐ —রেবণসিদ্ধ
ঐ —শুক্রপাণি
রসরত্নাবলী—গুরুদত্ত সিংহ
রসরসার্ণব
রসরহস্য
রসরাজ
রসরাজলক্ষ্মী—রাসেশ্বর ভট্ট
রসরাজশঙ্কর
রসরাজশিরোমণি—পরশুরাম
রসরাজহংস
রস বৈশেষিক
রসশব্দসারণিনিঘণ্টু
রসশোধন
রসসংস্কার
রসসঙ্কেত
রসসঙ্কেতকলিকা—চামুণ্ড কায়স্থ
রসসংগ্রহ সিদ্ধান্ত—গোণিগপুত্র অচ্যুত
রসসাগর
রসসার—গোবিন্দাচার্য্য
রসসারসংগ্রহ—গঙ্গাধর পণ্ডিত
রসসারসমুচ্চয়
রসসারামৃত—রামসেন
রসসিদ্ধান্তসংগ্রহ
রসসিদ্ধান্তসাগর
রসসিদ্ধিপ্রকাশ
রসসিন্ধু
রসসুপকর
রসসুধানিধি—ব্রজরাজ শুক্ল
রসসুধাম্ভোধি
রসসূত্রস্থান
রসহৃদয়—গোবিন্দ
ঐ টীকা—চতুর্ভুজ মিশ্র
রসহেমন্ বা কঙ্কালীয় রসহেমন্
রসাদিশুদ্ধি
রসাধিকার—হরিহর
রসাধ্যায় (কঙ্কালাধ্যায় বার্ত্তিক)
রসাধ্যায়—জয়দেব
রসাম্ভোধি
রসায়নতরঙ্গিণী
রসায়নবিধান
রসায়নবিধি
রসার্ণব
রসার্ণবকলা
রসালঙ্কার
রসাবতার
রসেন্দ্র
রসেন্দ্রকল্পদ্রুম—রামকৃষ্ণ ভট্ট
ঐ টীকা—রমানাথ গণক
রসেন্দ্রচূড়ামণি—সোমদেব
রসেন্দ্রমঙ্গল
রসেন্দ্রসংহিতা
রসেন্দ্রসারসংগ্রহ—গোপালকৃষ্ণ
রসেশ্বরসিদ্ধান্ত
রসোপরস—মাধবোপাধ্যায়কৃত আয়ুর্ব্বেদ-প্রকাশোক্ত রসোপরসশোধন
রাজবল্লভ (পর্য্যায়রত্নমালা)
রাজহংস (রসরাজহংস)
রাজহংসসুধাভাষ্য
রাবণীচিকিৎসা (অর্কপ্রকাশ)—লঙ্কেশ্বর রাবণ
রুগ্‌নিশ্চয় (নিদান)—মাধবকর
ঐ টীকা—সিদ্ধান্তচন্দ্রিকা
" —গণেশভিষজ
" (নিদানপ্রদীপ)—নাগনাথ
" —ভবানিসহায়
" —রামনাথ বৈদ্য
" (আতঙ্কদর্পণ)—বৈদ্যবাচস্পতি
" (মধুকোষ)—বিজয়রক্ষিত
রুদন্তীকল্প
রুদ্রদত্ত
রুদ্রযামলীয়চিকিৎসা
রূপমঞ্জরী
রোগনির্ণয়
রোগপ্রদীপ—গোবর্দ্ধন বৈদ্য
রোগমূর্ত্তিদানপ্রকরণ
রোগলক্ষণ
রোগবিনিশ্চয় (রুগ্‌নিশ্চয়)
রোগান্তকসার
রোগারম্ভ
রোলম্বরাজীয়
লক্ষণরত্ন
লক্ষণোৎসব—লক্ষ্মণ
লঘুনিদান—সুরজিৎ
লঘুরত্নাকর
লঙ্ঘনপথ্যনির্ণয়
লেহচিন্তামণি
লোকপ্রদীপান্বয়চন্দ্রিকানিদান
বসন্তরাজচিকিৎসা
বাজীকরণ
বাজীকরণতন্ত্র
বাজীকরণাধিকার
বাতব্যাধিনির্ণয়—নারায়ণ ভিষক্
বাতপ্রমেহ চিকিৎসা
বাতরোগহর প্রায়শ্চিত্ত
বাসিষ্ঠী
বাসুদেবানুভব—বাসুদেব
বিচারসুধাকর—রাজজ্যোতির্ব্বিদ্
বিজ্ঞানন্দকরী (বৈদ্যজীবন টীকা) প্রয়াগদত্ত
বিশ্বকোষ বা বিশ্বপ্রকাশকোষ—মহেশ্বর
বিষতন্ত্র
বিষমঞ্জরী
বিষবৈদ্য
বিষহরচিকিৎসা
বিষহরমন্ত্রপ্রয়োগ
বিষহরমহৌষধ
বিষোদ্ধার
বৃত্তরত্নাবলী—মণিরাম
বৃদ্ধযোগশতক
বৃন্দ—বীরবৃন্দ ভট্ট
বৃন্দটীকা
বৃন্দমাধব
বৃন্দসংহিতা
বৃন্দসিদ্ধু—বৃন্দ
বৈদ্যকগ্রন্থপত্রাণি ও টীকা
বৈদ্যকপরিভাষা
বৈদ্যকযোগচন্দ্রিকা—লক্ষ্মণ
বৈদ্যকরত্নাবলী—কবিচন্দ্র
বৈদ্যকল্পতরু
বৈদ্যকল্পদ্রুম—শুকদেব
বৈদ্যকশাস্ত্রবৈষ্ণব—নারায়ণ দাস
বৈদ্যকসংগ্রহ—মহেশচন্দ্র
বৈদ্যকসর্ব্বস্ব—নকুল
বৈদ্যকসার—রাম
বৈদ্যকসারসংগ্রহ (রায়সিংহোৎসব)
বৈদ্যকসারসংগ্রহ (বৈদ্যহিতোপদেশ)—শ্রীকণ্ঠশম্ভু
বৈদ্যকানন্ত
বৈদ্যকুতূহল—বংশীধর
বৈদ্যকৌস্তুভ
বৈদ্যচন্দ্রোদয়—ত্রিমল্লবৈদ্য
বৈদ্যচিকিৎসা
বৈদ্যচিন্তামণি—নারায়ণ ভট্ট
" —রাঘমন্ত্র
" —বল্লভেন্দ্র
বৈদ্যজীবন—চাণক্য
" —লোলিম্বরাজ
ঐ টীকা—জ্ঞানদেব বা দামোদর
" (বিজ্ঞানন্দকরী)—প্রয়াগদত্ত
" —ভবানী সহায়
" —রুদ্রদত্ত
" —হরিনাথ
বৈদ্যত্রিংশটীকা—চন্দ্রাট
বৈদ্যদর্পণ—দলপতি
" —প্রাণনাথ
বৈদ্যনয়বোধিকা
বৈদ্যপ্রদীপ—উদ্ধবমিশ্র
বৈদ্যবোধসংগ্রহ—ভীমসেন
বৈদ্যমনোৎসব—বংশীধর
" —বালকরাম
" —রামনাথ
" —শ্রীধর মিশ্র
বৈদ্যমনোরমা
বৈদ্যমহোদধি—বৈদ্যরাজ

বৈদ্যমালিকা
বৈদ্যমালিকা
বৈদ্যযোগ
বৈদ্যরত্ন
বৈদ্যরত্নমালা—মল্লিনাথ
বৈদ্যরত্নাকর ভাষ্য—রামকৃষ্ণ
বৈদ্যরসমঞ্জরী—শালিনাথ
বৈদ্যরসরত্ন
বৈদ্যরসায়ন
বৈদ্যরাজতন্ত্র
বৈদ্যবল্লভ—উদয়রুচি
ঐ —বল্লভ
ঐ —হস্তিরুচি
বৈদ্যবল্লভ বা জ্বর ত্রিশতী—শার্ঙ্গধর
ঐ টীকা—নারায়ণ
" —মেঘভট্ট
বৈদ্যবল্লভা—শতশ্লোকীটীকা
বৈদ্যবিনোদ—শঙ্কর ভট্ট
ঐ —শিবানন্দ
ঐ টীকা—রামনাথ
বৈদ্যবিলাস—রঘুনাথ
ঐ —রাঘব
ঐ —লোলিম্ব
বৈদ্যবৃন্দ—নারায়ণ
বৈদ্যশাস্ত্রসারসংগ্রহ—ব্যাসগণপতি
বৈদ্যসংক্ষিপ্তসার—সোমনাথ মহাপাত্র
বৈদ্যসংগ্রহ
বৈদ্যসর্ব্বস্ব—মনুজ
ঐ —লক্ষ্মণ কায়স্থ
বৈদ্যসার—হর্ষকীর্ত্তি
বৈদ্যসার সংগ্রহ—গোপাল দাস
বৈদ্যসারোদ্ধার
বৈদ্যসূত্রটীকা
বৈদ্যহিতোপদেশ—শিবপণ্ডিত
বৈদ্যামৃত
ঐ —মোরেশ্বর
ঐ —শ্রীধর
বৈদ্যামৃতলহরী—মথুরানাথ শুক্ল
বৈদ্যালঙ্কার
বৈদ্যাবতংস—লোলিম্বরাজ
ব্যাধিসিদ্ধাঞ্জন
ব্যাধ্যর্গল—দামোদর
ব্রণচিকিৎসা
শতশ্লোকী—অবধানসরস্বতী
" —ত্রিমল্ল
" —বাহট
শতশ্লোকী—বোপদেব
ঐ টীকা—বৈদ্যবল্লভ
" —কৃষ্ণদত্ত
" (ভাবার্থ দীপিকা)—বেণীদত্ত
" (শতশ্লোকীচন্দ্রকলা)—বোপদেব
শব্দচন্দ্রিকা—বৈদ্য চক্রপাণি দত্ত
শব্দরত্নাবলী
শরীরলক্ষণ
শরীরবিনিশ্চয়াধিকার—গঙ্গারাম দাস
শরীরস্থানভাষ্য
শল্যতন্ত্র
শাকনিঘণ্টু (উদ্ভিজ্জবিদ্যা)—সীতারাম শাস্ত্রী
শারীরিষ—শ্রীমুখ
শারীরবৈদ্য
শার্ঙ্গধর সংহিতা—শার্ঙ্গধর
ঐ টীকা
" (শার্ঙ্গধরশারীরটীকা)
" —আঢ়মল্ল
" (গূঢ়ার্থদীপক)—কাশীরাম
" রুদ্রধর ভট্ট
" —বোপদেব
শালিহোত্র (অশ্ব ও গজচিকিৎসা—শালিহোত্র মুনি
ঐ নকুল
ঐ ভোজরাজ
শালিহোত্রসার
শালিহোত্রোল্লয়
শাল্মলীকল্প
শাস্ত্রদর্পণ—বাগভট্ট
শিলাজতুকল্প
শ্লেষ্মজ্বর নিদান
শ্বেতার্ককল্প
ষড়্‌নিঘণ্টু
ষড়্‌সরত্নমালা
সংখ্যানিদান টীকা
সংজ্ঞাসমুচ্চয়—শিবদত্ত মিশ্র
সান্নিপাতকলিকা—রুদ্রভট্ট
ঐ —শম্ভুনাথ
সান্নিপাত চন্দ্রিকা—ভবদেব
সান্নিপাত চিকিৎসা
সান্নিপাত নাড়ীলক্ষণ
সান্নিপাত মঞ্জরী
সম্পৎসন্তান চন্দ্রিকা
সর্ব্বসারসংগ্রহ—চক্রদত্ত
সহস্রযোগ
সারকলিকা—উদয়ঙ্কর
সারকৌমুদী
সারসংগ্রহ—কালী প্রসাদ বৈদ্য
ঐ —চক্রপাণি
ঐ —রঘুনাথ
ঐ বিশ্বনাথ
সারসংগ্রহ (অশ্ব চিকিৎসা)—গণ
সারসংগ্রহ নিঘণ্টু
সারসমুচ্চয় (অশ্বচিকিৎসা)
সারসিন্ধু
সারাবলী
সারোদ্ধারসংগ্রহ
সিদ্ধমন্ত্র—কেশব
ঐ টীকা (সিদ্ধমন্ত্রপ্রকাশ)—বোপদেব
সিদ্ধযোগ—বৃন্দ
সিদ্ধযোগসংগ্রহ (অশ্বায়ুর্ব্বেদ)—গণ
ঐ শালিহোত্র
ঐ বৃন্দ
সিদ্ধসারসংহিতা
সিদ্ধান্তচন্দ্রিকা (রুগ্‌বিনিশ্চয়টীকা)
সিদ্ধান্তমঞ্জরী—বোপদেব
সিদ্ধৌষধসংগ্রহ (তত্ত্বকণিকা)
সুধাসাগর
সুবর্ণসার
সুশ্রুতসার
সুতমহোদধি
সুতার্ণব
সৌভাগ্যচিন্তামণি
স্তন্তনপ্রকার
স্বপ্নপরীক্ষা
স্বরবিধি
স্বরস্বরূপ
হংসনিদান
হরপ্রদীপিকা
হিকমৎপ্রকাশ (আরবীয় গ্রন্থের অনুবাদ) মহাদেব পণ্ডিত
হিকমৎপ্রদীপ—আরবীয় গ্রন্থের অনুবাদ
হিতোপদেশ—বৈদ্যহিতোপদেশ

বৈদ্যচিন্তামণি, একজন আয়ুর্ব্বেদবিৎ। বৈদ্যরত্নের পুত্র ও নারায়ণ কবিরাজের ছাত্র। ইনি প্রয়োগামৃত নামে একখানি বৈদ্যকগ্রন্থ রচনা করেন।

বৈদ্যজাতি, বৈদ্য বলিলে পূর্ব্বে চিকিৎসক মাত্রই বুঝায়। সকল জাতির মধ্যেই যে ব্যক্তি বা বংশ চিকিৎসা ব্যবসা করিত, তাহাকেও 'বৈদ্য' বলা হইত। এই রূপে আব্রাহ্মণচণ্ডাল বহু জাতির মধ্যে বৈদ্যোপাধি প্রচলিত দেখা যায়। কিন্তু কালে এই বৈদ্য শব্দ এক একটী বিশিষ্ট জাতিবাচী হইয়া পড়িয়াছিল। চিকিৎসা-ব্যবসায়ী বৈদ্য জাতি পূর্ব্বকালে অম্বষ্ঠ নামেই প্রসিদ্ধ ছিল। বৈদ্য বলিলে, এই অম্বষ্ঠ জাতিকেই বুঝাইত। এই অম্বষ্ঠ জাতিও এক প্রকার নহে।

এই অম্বষ্ঠগণের উৎপত্তি লইয়া নানা মুনির নানামত।

নানাবিধ অম্বষ্ঠের উৎপত্তি।

নিম্নে সেই সকল প্রাচীন মত উদ্ধৃত হইল—

১। গৌতম ধর্ম্মসূত্রে লিখিত আছে,—

"অনুলোমা অনন্তরৈকান্তরদ্ব্যন্তরাসু জাতাঃ

সবর্ণাম্বষ্ঠোগ্রনিষাদদৌষ্যন্তপারশবাঃ।" (৪।১৬)

অর্থাৎ অনন্তরজ, একান্তরজ ও দ্ব্যন্তরজ ক্রমে জাত অনুলোমগণই সবর্ণ, অম্বষ্ঠ, উগ্র, নিষাদ, দৌষ্যন্ত ও পারশব জাতি। বৌধায়ন-ধর্ম্মসূত্রেও উক্ত মত সমর্থিত হইয়াছে, যথা—

"ব্রাহ্মণাৎ ক্ষত্রিয়ায়াং ব্রাহ্মণো বৈশ্যায়ামম্বষ্ঠঃ শূদ্রায়াং নিষাদঃ।"(২।৩)

অর্থাৎ ব্রাহ্মণের উরসে বিবাহিতা ক্ষত্রিয়কন্যার গর্ভে ব্রাহ্মণ, ব্রাহ্মণ হইতে বৈশ্যাতে অম্বষ্ঠ এবং শূদ্রাতে নিষাদ।

ভগবান্ মনুও ধর্ম্মসূত্রানুসারেই লিখিয়াছেন—

"ব্রাহ্মণাৎ বৈশ্যকন্যায়ামম্বষ্ঠো নাম জায়তে।" (১০।৮)

অর্থাৎ ব্রাহ্মণ হইতে বৈশ্যকন্যার গর্ভে অম্বষ্ঠ নামক জাতি হইয়াছে।

২। মহর্ষি যাজ্ঞবল্ক্য লিখিয়াছেন,—

"বিপ্রান্মূর্দ্ধাবসিক্তো হি ক্ষত্রিয়ায়াং বিশঃ স্ত্রিয়াম্।

অম্বষ্ঠঃ শূদ্র্যাং নিষাদো জাতঃ পারশবোঽপি বা॥" (১।৯১)

অর্থাৎ ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়ার গর্ভে মূর্দ্ধাবসিক্ত, ব্রাহ্মণ হইতে বৈশ্যের স্ত্রীগর্ভে * অম্বষ্ঠ এবং ব্রাহ্মণ হইতে শূদ্রার গর্ভে নিষাদ বা পারশব উৎপন্ন হইয়াছে।

৩। ঔশনস ধর্ম্মশাস্ত্রে আছে—

"বৈশ্যায়াং বিধিনা বিপ্রাৎ জাতো হ্যম্বষ্ঠ উচ্যতে।

কৃষ্যাজীবো ভবেৎ তস্য তথৈবাগ্নেয়বৃত্তিকঃ॥৩১

ধ্বজিনী জীবিকা বাপি হ্যম্বষ্ঠাঃ শস্ত্রজীবিনঃ।"

ব্রাহ্মণ হইতে বিধিপূর্ব্বক বৈশ্যাতে যে উৎপন্ন, তাহাকে অম্বষ্ঠ বলা যায়। সে কৃষিজীবী, তাহার বাজী করা এবং ধ্বজা ধরাই জীবিকা। অম্বষ্ঠেরা শস্ত্রজীবি।

৪। মহর্ষি নারদের মতে—

"উগ্রঃ পারশবশ্চৈব নিষাদশ্চানুলোমতঃ।

অম্বষ্ঠো মাগধশ্চৈব ক্ষত্তা চ ক্ষত্রিয়াত্মজঃ॥"

উগ্র, পারশব ও নিষাদ অনুলোমক্রমে ইহাদের উৎপত্তি। অম্বষ্ঠ, মাগধ ও ক্ষত্তা এই কয় জাতি ক্ষত্রিয়কন্যা হইতে জাত।

৫। পরে আবার তিনি বলিয়াছেন—

"অম্বষ্ঠোগ্রৌ তথা পুত্রাবেবং ক্ষত্রিয়বৈশ্যয়োঃ।

একান্তরস্তু চাম্বষ্ঠো বৈশ্যায়াং ব্রাহ্মণাৎ স্মৃতঃ॥

শূদ্রায়াং ক্ষত্রিয়াৎ তদ্বৎ নিষাদো নাম জায়তে।

শূদ্রা পারশবং সূতে ব্রাহ্মণাদুত্তরং সুতম্॥" (১২।১০৭-১০৮)

ক্ষত্রিয় ও বৈশ্য হইতে অম্বষ্ঠ ও উগ্রজাতি। ব্রাহ্মণ হইতে বৈশ্যাতে একান্তর অম্বষ্ঠ, ক্ষত্রিয় হইতে শূদ্রাতে ঐরূপ নিষাদ নামক জাতি এবং ব্রাহ্মণ হইতে শূদ্রার গর্ভে পারশব পুত্রের উৎপত্তি।

৬। মনুটীকাকার রামচন্দ্র একস্থানে লিখিয়াছেন,—

"নৃপকন্যায়াং বৈশ্যে উৎপন্নে শূদ্রে উৎপন্নে সতি

উভৌ অম্বষ্ঠৌ ভবতঃ।" (মনুটীকা ১০।৭)

বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়কন্যার গর্ভে এবং শূদ্রের ঔরসে ক্ষত্রিয়কন্যার গর্ভে দুই প্রকার অম্বষ্ঠ হয়।

৭। স্মার্ত্ত রামচন্দ্র আবার "অম্বষ্ঠানাং চিকিৎসিতম্" এই শ্লোকের টীকায় লিখিয়াছেন,—

"অম্বষ্ঠানাং শূদ্রাদম্বষ্ঠা জাতাঃ চিকিৎসনং শাস্ত্রং বৈদ্যকং"

(৩০।৪৭)

অর্থাৎ অম্বষ্ঠদিগের চিকিৎসা অর্থাৎ বৈদ্যক শাস্ত্রই উপজীবিকা, এই অম্বষ্ঠগণ শূদ্র হইতে উৎপন্ন।

৮। বৃহদ্ধর্ম্মপুরাণে উত্তরখণ্ডে (১০।৩৩-৩৯) লিখিত আছে—

"অয়মম্বষ্ঠঃ সঙ্করো হি বেণস্য বশগঃ পুরা।

বৈশ্যাং সমুপসংগম্য চক্রেঽম্বষ্ঠমপি সঙ্করম্॥

তস্মাদম্বষ্ঠনামা তু সঙ্করোঽয়ং ধরাপতে!

অস্মাভিরস্য সংস্কারঃ কর্ত্তব্যো বিপ্রজন্মনঃ।

যেনাসৌ সংস্কৃতো ভূত্বা পুনর্জাত ইবাস্ত চ॥

ব্যাস উবাচ।

ইত্যুক্ত্বা তে দ্বিজগণাঃ স্মৃত্বা নাসত্যদস্রকৌ।

তয়োরনুগ্রহাদ্বিপ্র দয়াবন্তো দ্বিজাতয়ঃ॥

আয়ুর্ব্বেদং দদৌ তস্মৈ বৈদ্যনাম চ পুষ্কলম্।

তেনাসৌ পাপশূন্যোঽভূদম্বষ্ঠখ্যাতিসংযুতঃ॥

* মিতাক্ষরাকার বিজ্ঞানেশ্বর এখানে 'বিশঃ স্ত্রিয়াং' অর্থে 'বিবাহিত-বৈশ্যকন্যা' অর্থ করিয়াছেন।

চারুরূপধরো ভূত্বা বিপ্রাজ্ঞাং শিরসাকরোৎ।
প্রণম্য ভক্তিতো বিপ্রান্ সোঽম্বষ্ঠো বিপ্রসত্তম!
কৃতাঞ্জলিপুটস্তস্থৌ ব্রাহ্মণাশ্চ তদাব্রুবন্॥

ব্রাহ্মণা উচুঃ।

অস্মাভির্যানি শাস্ত্রাণি কৃতানি সঙ্করোত্তম!
তানি তুভ্যঞ্চ দত্তানি গৃহীত্বা কুশলীভব॥
চিকিৎসাকুশলো ভূত্বা কুশলী তিষ্ঠ ভূতলে।
শূদ্রধর্ম্মান্ সমাশ্রিত্য বৈদিকানি করিষ্যথ॥
ইত্যুক্তস্তৈস্তদাম্বষ্ঠস্তথেতি কৃতবানভূৎ।"

হে ভূপতে! এই আর এক সঙ্কর, এই জাতিও পূর্ব্বে বেণের বশীভূত ছিল। ব্রাহ্মণ বৈশ্যাতে উপগত হইয়া এই সঙ্করের জন্মদান করিয়াছেন। তাহা হইতে এই সঙ্করের নাম অম্বষ্ঠ হইয়াছে। বিপ্র হইতে ইহার জন্ম, ইহার কোনরূপ সংস্কার করা আমাদের কর্ত্তব্য। যদ্দ্বারা সংস্কৃত হইয়া পুনর্জাতের মত হউক। ব্যাস কহিলেন, বিপ্রগণ এই বলিয়া অশ্বিনীকুমার-যুগলকে স্মরণ করিলেন। স্ববৈদ্যের অনুগ্রহে দয়াবান্ বিপ্রগণ অম্বষ্ঠকে আয়ুর্ব্বেদ দিয়া 'বৈদ্য' নামকরণ করিলেন। তখন হইতে এই জাতির অম্বষ্ঠখ্যাতিও রহিল। তাঁহারা সুন্দর মূর্ত্তি ধরিয়া ব্রাহ্মণগণের আজ্ঞা শিরোধার্য্য করিয়া ভক্তিভরে প্রণাম-পূর্ব্বক করজোড়ে দণ্ডায়মান হইলে বিপ্রগণ বলিতে লাগিলেন, হে বর্ণসঙ্করগণের প্রধান! আমরা যে সকল শাস্ত্র প্রণয়ন করিয়াছি, তাহাও তোমাদিগকে দিতেছি। চিকিৎসাবিদ্যায় পারদর্শী হইয়া কুশলে থাক। তোমরা শূদ্রধর্ম্ম আশ্রয় করিয়া তদুপযোগী বৈদিককার্য্যের অনুষ্ঠান কর। ব্রাহ্মণগণ এইরূপ কহিলে অম্বষ্ঠ 'যে আজ্ঞা' বলিয়া আপনাদিগকে কৃতার্থ জ্ঞান করিলেন।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ব্রহ্মখণ্ডে দুইপ্রকার বৈদ্যজাতির উৎপত্তি-কথা লিখিত হইয়াছে, যথা—

৯। "ইত্যেবমাদ্যা বিপ্রেন্দ্র সচ্ছূদ্রাঃ পরিকীর্ত্তিতাঃ।
শূদ্রাবিশোস্তু করণোঽম্বষ্ঠো বৈশ্যাদ্বিজন্মনোঃ॥" (১০।১৮)

হে বিপ্রেন্দ্র! ইহারাই আদি সৎশূদ্র বলিয়া খ্যাত; শূদ্রাগর্ভে বৈশ্যের ঔরসে করণ এবং দ্বিজাতি হইতে বৈশ্যাগর্ভে অম্বষ্ঠ হইয়াছে।

১০। "বর্ণসঙ্করদোষেণ বহ্বশ্চ শ্রুতজাতয়ঃ।
তাসাং নামানি সংখ্যাশ্চ কো বা বক্তুং ক্ষমো দ্বিজ॥
বৈদ্যোঽশ্বিনীকুমারেণ জাতশ্চ বিপ্রযোষিতি।
বৈদ্যবীর্য্যেণ শূদ্রায়াং বভূবুর্বহবো জনাঃ॥
তে চ গ্রাম্যগুণজ্ঞাশ্চ মন্ত্রৌষধিপরায়ণাঃ।
তেভ্যশ্চ জাতাঃ শূদ্রায়াং যে ব্যালগ্রাহিণো ভুবি॥

শৌনক উবাচ।

কথং ব্রাহ্মণপত্ন্যাস্তু সূর্য্যপুত্রোঽশ্বিনীসুতঃ।
অহো কেন বিপাকেন বীর্য্যাধানং চকার হ॥

সৌতিরুবাচ।

গচ্ছন্তীং তীর্থযাত্রায়াং ব্রাহ্মণীং রবিনন্দনঃ।
দদর্শ কামুকঃ শ্রান্তাং পুষ্পোদ্যানে চ নির্জ্জনে॥
তয়া নিবারিতো যত্নাৎ বলেন বলবান্ সুরঃ।
অতীবসুন্দরীং দৃষ্ট্বা বীর্য্যাধানং চকার সঃ॥
দ্রুতং তত্যাজ গর্ভং সা পুষ্পোদ্যানে মনোহরে।
সদ্যো বভূব পুত্রশ্চ তপ্তকাঞ্চনসন্নিভঃ॥
সপুত্রা স্বামিনো গেহং জগাম ব্রীড়িতা তদা।
স্বামিনং কথয়ামাস যন্মার্গে দৈবসঙ্কটম্॥
বিপ্রো রোষেণ তত্যাজ তঞ্চ পুত্রং স্বকামিনীম্।
সরিদ্বভূব যোগেন সা চ গোদাবরী স্মৃতাঃ॥
পুত্রং চিকিৎসাশাস্ত্রঞ্চ পাঠয়ামাস যত্নতঃ।
নানাশিল্পঞ্চ মন্ত্রঞ্চ স্বয়ং স রবিনন্দনঃ॥"

(ব্রহ্মখণ্ড ১০। ১২২-১৩১)

অর্থাৎ বর্ণসঙ্করদোষে নানাজাতির নাম শুনা যায়, তাহা-দের নাম ও সংখ্যা করা কাহার সাধ্য? অশ্বিনীকুমারের ঔরসে ব্রাহ্মণপত্নীর গর্ভে বৈদ্যজাতির উৎপত্তি। বৈদ্যবীর্য্যে শূদ্রাগর্ভে নানা জাতি হইয়াছে, তাহারা নানা গাছ গাছড়ার গুণ জানে এবং ঝাড়া ফুঁক্ দিয়া রোগ নিবারণ করিয়া থাকে। আবার ঐ সকল (বেদিয়া) হইতে শূদ্রার গর্ভে ব্যালগ্রাহী বা সাপুড়িয়ার জন্ম হইয়াছে। শৌনক জিজ্ঞাসা করিলেন, সূর্য্যপুত্র অশ্বিনীকুমার কিরূপে কি দৈবদুর্বিপাকে ব্রাহ্মণপত্নীতে বীর্য্যপাত করিলেন? সৌতি কহিলেন, এক ব্রাহ্মণী তীর্থযাত্রায় যান। নির্জ্জনপুষ্পোদ্যানে সেই শ্রান্তা ব্রাহ্মণীকে দেখিয়া অশ্বিনীকুমার কামুক হইলেন। ব্রাহ্মণী নিবারণ করিলেও বলবান্ দেবতা তাহাকে অতীব সুন্দরী দেখিয়া বলপূর্ব্বক তাঁহাতে বীর্য্যাধান করিলেন। ব্রাহ্মণী সেই মনোহর পুষ্পোদ্যানে গর্ভত্যাগ করেন, তাহাতে তপ্তকাঞ্চনের মত সদ্য এক পুত্র জন্মিল। ব্রাহ্মণী সেই পুত্রসহ স্বামিগৃহে গমন করিলেন এবং পথে যে দৈবসঙ্কট ঘটি-য়াছে, তাহাও স্বামীর নিকট প্রকাশ করিলেন। ব্রাহ্মণ ক্রোধে সপুত্র নিজভার্য্যাকে ত্যাগ করেন। তখন ব্রাহ্মণী যোগবলে দেহত্যাগ করিয়া গোদাবরী নদীরূপ ধারণ করিলেন। অশ্বিনী-কুমার আসিয়া পুত্রকে যত্নপূর্ব্বক চিকিৎসা-শাস্ত্র, শিল্পবিদ্যা ও মন্ত্র শিখাইলেন।

১১। নির্ণয়সিন্ধুকার প্রসিদ্ধ স্মার্ত্ত কমলাকর প্রাচীন স্মৃতি-বচন উদ্ধৃত করিয়া দেখাইয়াছেন—

"ব্রাহ্মণেনোগ্রকন্যায়ামম্বষ্ঠো নাম জায়তে।
স করোতি মনুষ্যাণাং চিকিৎসাং রোগিণামপি ॥"
(শূদ্রকমলাকর)

অর্থাৎ ব্রাহ্মণের ঔরসে আগুরী কন্যার গর্ভে অম্বষ্ঠ নামক জাতি হইয়াছে। এই জাতি মনুষ্য ও অপর রোগিগণের চিকিৎসা করিয়া থাকে।

১২।১৩। কমলাকর ভট্ট তৎপরে আরও দুইপ্রকার অম্বষ্ঠের উল্লেখ করিয়াছেন—"বিপ্রাৎ বৈশ্যাজঃ ক্ষত্রাৎ শূদ্রাজশ্চ ইতি দ্বৌ অম্বষ্ঠৌ"—অর্থাৎ ব্রাহ্মণ হইতে বৈশ্যাগর্ভজাত এবং ক্ষত্রিয় হইতে শূদ্রাগর্ভজাত এই দুইপ্রকার অম্বষ্ঠ।

১৪। মেধাতিথি মনুসংহিতার ১০।৮ শ্লোকের ভাষ্যে লিখিয়াছেন,—

"একান্তরা ব্রাহ্মণস্য বৈশ্যা তত্র জাতোঽম্বষ্ঠঃ।
স্মৃত্যন্তরে ভৃজ্জকণ্টক ইত্যুক্তঃ ॥"

তৎপরে ১০।২১ শ্লোকের ভাষ্যে মেধাতিথি পুনরায় বলিয়াছেন,—

"স হ্যনুলোমত্বান্নপাপাত্মা অয়ং চাসংস্কৃতাত্মনো
ব্রাত্যাজ্জাতোঽনধিকারিত্বাদ্ব্যুক্তং"

অর্থাৎ ব্রাহ্মণ হইতে বৈশ্যার গর্ভে অম্বষ্ঠ, অন্যস্মৃতিতে তাহার নাম ভৃজ্জকণ্টক। ঐ জাতি অনুলোম বলিয়া পাপাত্মা নহে, তবে অসংস্কৃতাত্মা ব্রাত্য হইতে উৎপন্ন গর্ভজাত বলিয়া ইহার বৈদিক কার্য্যাদিতে অনধিকারী।

১৫। কবিরাজ রাঘব তাঁহার বৈদ্যকুলদর্পণে লিখিয়াছেন,—
"অপিচ স্কন্দপুরাণে,—

যুধিষ্ঠির উবাচ।

ধন্বন্তরির্মহাভাগঃ সমুৎপন্নঃ কথং ভুবি।
অভবৎ সর্ব্বতত্ত্বজ্ঞ! তন্মে বদ মহামুনে ॥

মৈত্রেয় উবাচ।

শৃণু রাজন্ কথং জাতো ধন্বন্তরিরিহৈব তু।
মহর্ষি র্গালবো নাম কশ্চিদ্দর্ভাহরো বনম্ ॥
জগাম তত্র ভ্রমণাদতিশ্রান্তকলেবরঃ।
ততো নির্ব্বৃতে তস্মাৎ তৃষ্ণয়া পরিপীড়িতঃ ॥
ততো মুনির্বহির্দেশে কন্যামেকাং দদর্শ সঃ।
তাং দৃষ্ট্বা হৃষ্টোচিত্তোঽসৌ বভাষে মুনিপুঙ্গবঃ ॥
হে কন্যে ত্বং জলং দেহি প্রাণরক্ষা কুরুষ্ব মে।
অবশস্থা নু মে প্রাণাস্তস্মাদ্দেহি জলং শুভে ॥
ততঃ সা কলসং ভূমৌ নিধায়াতিষ্ঠদুত্তমা।
গালবস্তেন তোয়েন স্নাত্বা তোয়ং পপৌ চ তু ॥
প্রাণান্তে কোঽপি দোষোঽত্র নাস্তীতি চিন্তয়ন্ মুনিঃ।
প্রায়শ্চিত্তং করিষ্যামি পশ্চাদস্য কুকর্ম্মণঃ ॥
এবং বিধায় প্রোবাচ তাং কন্যামতিতোষিতাম্।
শতপুত্রং বৈ তে কন্যে জায়তাং মম তোষণাৎ ॥
ততঃ প্রোক্তবতী কন্যা ন মে পাণিগ্রহোঽভবৎ।
বীরভদ্রাভিধানাং হি জানিয়ান্মুনিসত্তম।
বিচিন্ত্য মুনিস্তামাদায়াজগামাশ্রমকং ততঃ ॥
মুনীনামাশ্রমে নীত্বা উবাচ হর্ষমানসঃ।
ভদ্রং কৃতং মুনে কর্ম্ম কন্যামানয়তা ত্বয়া ॥
বৈশ্যায়াং বীরভদ্রায়াং ধন্বন্তরির্ভবিষ্যতি।
ইতি চিন্তাকুলা হেতে বয়মত্রাধুনা ত্বয়া ॥
চিন্তা দূরীকৃতাস্মাকং যদানীতেয়মদ্ভুতা।
ইত্যুক্ত্বা তে মহারাজ কুশপুত্তলিকাং ততঃ ॥
কৃত্বা ক্রোড়েঽদদত্তস্যা বেদমুচ্চার্য্য তৎকুশে।
প্রাণপ্রতিষ্ঠাং চক্রুস্তে সাভবৎ পুরুষাকৃতিঃ ॥
ততোঽভবৎ কাঞ্চনরাশিগৌরো বালোঽভিরামাকৃতিরেষ তস্যাঃ।
ক্রোড়ে সমালোক্য সুতং মুনীন্দ্রাঃ প্রাপুর্মুদং বেদবলাচ্চ জাতঃ ॥
বৈদ্যঃ সুতোঽয়ং জননীকুলে চ স্থাতা ততোঽম্বষ্ঠ ইতি প্রসিদ্ধঃ।
এবমুচু স্ততঃ সর্ব্বে মুনয়ো বেদরূপিণঃ।
অমৃতাচার্য্য ইত্যেবং চক্রবর্ত্ত্যভিধানকঃ ॥...
পিত্রালয়ং যাহি ভদ্রে ত্বমক্ষতভগাসি বৈ।
ইত্যাকর্ণ্য বীরভদ্রা চচাল পিতৃমন্দিরং।
বিলম্বকারণং সা তু কথয়ামাস মাতরি।
ততো হি মুনয়স্তস্য চক্রুঃ সর্ব্বাঃ ক্রিয়াঃ ক্রমাৎ ॥
তমপ্যধ্যাপয়ামাসুরায়ুর্বেদং ক্রমেণ তু।
সিদ্ধবিদ্যাং সাধ্যবিদ্যাং তথা কষ্টকুলোদ্ভবাং ॥
বিবাহং কারয়ামাসুস্তিস্রঃ কন্যা নরাধিপ।
তাসু ত্রয়োদশ সুতা বভূবুস্তস্য কেবলং।
পৃথক্ কুলানি জাতানি তেষাঞ্চৈব ত্রয়োদশ ॥
সেনো দাসশ্চ গুপ্তশ্চ দেবো দত্তো ধরঃ করঃ।
কুণ্ডশ্চন্দ্রো রক্ষিতশ্চ রাজঃ সোমস্তথৈব চ ॥
নন্দী চৈব কুলান্যেতান্যম্বষ্ঠানাং কুলাঃ নৃপ।
উত্তমৌ সেনদাসৌ চ গুপ্তশ্চৈব তথা পরে ॥
মধ্যমো দেবদত্তৌ চ শেষাঃ করধরাদয়ঃ।
স্থানদোষাৎ ক্রিয়ালোপাৎ অধমাস্তাস্থিতাস্তু বৈ ॥
বৈশ্যবৎ শুদ্ধিকর্ম্মণি নির্দ্দিষ্টান মুনীশ্বরৈঃ।
অম্বষ্ঠানান্তু সর্ব্বেষাং যতো মাতৃকুলে স্থিতিঃ ॥
আরাধ্যা শূদ্রজাতীনাং নমস্যশ্চ বিশেষতঃ ॥
বেদবাক্যোদ্ভবত্বাচ্চ তৈশ্চ পালিতমৌষধম্।
মাসাদিকন্তু যৎশুদ্ধং ব্রাহ্মণাদিভিরেব চ ॥

ইতীব কথিতং রাজন্ তবভাবে যথাপুনঃ।
ধন্বন্তরিঃ স ভগবান্ বিষ্ণুং স্মর্য্য দিবং গতঃ ॥"

(ইতি স্কন্দপুরাণে বৈদ্যোৎপত্তিবিবেচনম্)

স্কন্দপুরাণে যুধিষ্ঠির মৈত্রেয়কে সম্বোধন করিয়া জিজ্ঞাসা করিতেছেন, হে মহামুনি! সর্ব্বতত্ত্বজ্ঞ! কিরূপে ধন্বন্তরির উৎপত্তি হইল, বলুন। মৈত্রেয় কহিলেন, হে রাজন্! কিরূপে ধন্বন্তরি হইল, শ্রবণ করুন। গালব নামক এক মহর্ষি দর্ভ আনিতে বনে যান, তথায় ভ্রমণ করিতে করিতে পরিশ্রান্ত হইয়া পড়েন। অনন্তর তৃষ্ণায় কাতর হইয়া বাহির হইলেন। বাহিরে আসিয়া মুনি এক কন্যাকে দেখিতে পাইলেন। মুনিবর সেই কন্যাকে দেখিয়া হৃষ্টচিত্তে কহিলেন, হে কন্যে! শীঘ্র জল দিয়া আমার প্রাণরক্ষা কর, আমার প্রাণ আইঢাই করিতেছে, শরীর অবশ হইয়া পড়িয়াছে, শীঘ্র একটু জল দাও। তখন সেই কন্যা ভূমে কলসী নামাইয়া দণ্ডায়মান রহিল। গালব সেই জলে স্নান করিয়া পরে জলপান করিলেন। প্রাণান্তকালে এরূপ কার্য্যে দোষ নাই ভাবিলেন এবং এই কুকর্ম্মের প্রায়শ্চিত্ত করিব এই স্থির করিয়া সেই কন্যাকে অতিতুষ্ট হইয়া বলিলেন, হে কন্যে! আমার তৃপ্তিহেতু তোমার শতপুত্র জন্মিবে। তখন কন্যা বলিল, আমার এখনও বিবাহ হয় নাই। অতঃপর মুনি তাহার নাম জিজ্ঞাসা করিলেন। কন্যাও উত্তর করিল, হে মুনি-সত্তম! আমার নাম বীরভদ্রা। মুনি ভাবিতে ভাবিতে তাহাকে লইয়া নিজ আশ্রমে আসিলেন এবং অন্যান্য মুনিগণকে সমুদায় ব্যাপারটা জানাইলেন। তাঁহারা বলিলেন, আপনি কন্যাকে আনিয়া ভাল কাজই করিয়াছেন। কিরূপে বৈশ্যা বীরভদ্রা হইতে ধন্বন্তরি জন্মগ্রহণ করিবেন এই চিন্তায় আমরা ব্যাকুল হইয়াছিলাম। আপনি এই অদ্ভুত কন্যাকে আনয়ন করিয়া আমাদের সেই চিন্তা দূর করিলেন। এই বলিয়া তাঁহারা এক শতপুত্তলিকা করিয়া সেই কুশে বেদমন্ত্র উচ্চারণপূর্ব্বক বীরভদ্রার কোলে স্থাপন করিলেন। অনন্তর তাহাতে প্রাণপ্রতিষ্ঠা হইল। তখন সেই সুবর্ণকান্তি গৌরবর্ণ মনোরম বালককে দেখিয়া মুনীন্দ্রগণ আনন্দ লাভ করিয়া কহিলেন যে, বেদপ্রভাবে ইহার জন্ম হইয়াছে, এ কারণ বৈদ্য এবং অম্বাকুলে স্থিতি করিয়া অম্বষ্ঠ নাম হইল। তখন মুনিগণ তাঁহার অমৃতাচার্য্য এই উপাধি দিলেন এবং বীরভদ্রাকে কহিলেন, হে বীরভদ্রে! তুমি অক্ষতযোনি হইয়া বাপের ঘরে যাও। এই কথা শুনিয়া

সেই তিনটী কন্যাতে ১৩টী পুত্র জন্মিল, এই ১৩ জন হইতে সেন, দাস, গুপ্ত, দেব, দত্ত, ধর, কর, কুণ্ড, চন্দ্র, রক্ষিত, রাজ, সোম ও নন্দী এই পৃথক্ ১৩ ঘর অম্বষ্ঠের উৎপত্তি হয়। ইহাঁদের মধ্যে সেন, দাস ও গুপ্ত সর্ব্বোৎকৃষ্ট, দেব ও দত্ত মধ্যম, অবশিষ্ট ধরকরাদি স্থানদোষে এবং ক্রিয়াকলাপলোপ হেতু অধম বলিয়া কথিত হন। মুনিগণ এই সকল অম্বষ্ঠদিগে শুদ্ধিকর্ম্ম বৈশ্যের ন্যায় নির্দ্দেশ করিয়াছেন, কারণ সকল অম্বষ্ঠেরই মাতৃকুলে অবস্থান, সুতরাং মাতৃকুলের আচারানুষ্ঠানই তাঁহাদের করণীয় বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। বেদমন্ত্রোচ্চারণ দ্বারা ইহাঁদের বীজপুরুষের উৎপত্তি হয় বলিয়া ইহারা সম্যক্ প্রকারে শূদ্রজাতির আরাধ্য ও নমস্য এবং বেদবিহিত ঔষধাদির পরিপালক। ইহাঁদের মাসাদিতে যে পরিশুদ্ধি তাহাও ব্রাহ্মণদিগের কর্ত্তৃকই নির্দ্দিষ্ট হইয়াছে। হে মহারাজ! আপনার নিকট এক্ষণে পুনর্ব্বার নিবেদন করিতেছি যে, সেই ভগবান ধন্বন্তরি এইরূপ ভাবে বিষ্ণুকে স্মরণ করিয়া স্বর্গত হইলেন।

১৬। বৈদ্যকুলতিলক ভরতমল্লিক তাঁহার চন্দ্রপ্রভায় লিখিয়াছেন—

"সত্যত্রেতাদ্বাপরেষু যুগেষু ব্রাহ্মণাঃ কিল।
ব্রহ্মক্ষত্রিয়বিট্ শূদ্রকন্যকা উপযেমিরে ॥
তত্র বৈশ্যসুতায়াং যে জজ্ঞিরে তনয়া অমী।
সর্ব্বে তে মুনয়ঃ খ্যাতা বেদবেদাঙ্গপারগাঃ।
তেষাং মুখ্যোঽমৃতাচার্য্যস্তস্থাবম্বাকুলে হি তৎ।
অম্বষ্ঠ ইত্যসাবুক্তস্ততো জাতিপ্রবর্ত্তনাৎ ॥
পরে সর্ব্বেঽপি চাম্বষ্ঠা বৈশ্যা ব্রাহ্মণসম্ভবাঃ।
জননীতো জন্মলব্ধ্যা যজ্জাতা বেদসংস্থিতেঃ ॥
অম্বষ্ঠাস্তেন তে সর্ব্বে দ্বিজা বৈদ্যাশ্চ কীর্ত্তিতাঃ।
অথ রুক্প্রতিকারিত্বাৎ ভিষজস্তে প্রকীর্ত্তিতাঃ ॥
সত্যে বৈদ্যাঃ পিতুস্তুল্যাঃ ত্রেতায়াং ক্ষত্রবৎস্মৃতাঃ।
দ্বাপরে বৈশ্যবৎ প্রোক্তাঃ কলৌ শূদ্রসমা মতাঃ ॥"

অর্থাৎ সত্য, ত্রেতা ও দ্বাপর যুগে ব্রাহ্মণগণ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারিবর্ণের কন্যাকেই বিবাহ করিতেন। তন্মধ্যে ব্রাহ্মণের ঔরসে বৈশ্যসুতার গর্ভে যে সকল পুত্র জন্মে, তাহারা সকলে বেদবেদাঙ্গপারগ মুনি বলিয়া গণ্য। তাঁহাদের মধ্যে অমৃতাচার্য্য (ধন্বন্তরি) প্রধান, অম্বা অর্থাৎ জননীকুলে জন্মহেতু জাতি-প্রবর্ত্তনকালে তাঁহার অম্বষ্ঠ নাম হয়, পরে ব্রাহ্মণ-বৈশ্যা-

পিতৃসদৃশ, ত্রেতায় ক্ষত্রিয়বৎ দ্বাপরে বৈশ্যবৎ, ও কলিতে শূদ্রের সমান বলিয়া পরিচিত।

এতদ্ভিন্ন মহাভারতে আর একপ্রকার বৈদ্যের উল্লেখ আছে,

"চাণ্ডালো ব্রাত্যবৈদ্যোচ ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়াসু চ।
বৈশ্যায়াঞ্চৈব শূদ্রস্ত লক্ষ্যন্তেহপসদাস্ত্রয়॥"

(ভারত অনুশাসন ৪৯।৯)

অর্থাৎ শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ভে বৈদ্য নামক অপসদ জাতির উৎপত্তি।

উপরে যে কয়েকটী প্রমাণ উদ্ধৃত করিলাম, ঐ কয়েকটী প্রমাণ হইতে আমরা ১৫ প্রকার অম্বষ্ঠ বা বৈদ্যের সন্ধান পাইতেছি।

মনুসংহিতা ও মহাভারতের প্রধান প্রধান টীকাকার অধিকাংশই অম্বষ্ঠকে অপসদ বা অপধ্বংসজ ভাবেই গ্রহণ করিয়াছেন। মনু অম্বষ্ঠের বৃত্তিনির্দ্দেশার্থ বলিয়াছেন,

"যে দ্বিজানামপসদা যে চাপধ্বংসজাঃ স্মৃতাঃ।
তে নিন্দিতৈর্বর্ত্তয়েয়ুর্দ্বিজানামেব কর্ম্মভিঃ॥
সূতানামশ্বসারথ্যমম্বষ্ঠানাং চিকিৎসিতম্।" (১০।৪৬)

দ্বিজাতির মধ্যে যাহারা অপসদ ও অপধ্বংসজ, তাহারা, দ্বিজগণের নিন্দিত কর্ম্মদ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে। (ইহাদের মধ্যে) সূতজাতির বৃত্তি অশ্বসারথ্য ও অম্বষ্ঠদিগের চিকিৎসা।*

মনুটীকায় (১০।৪৬) নন্দনাচার্য্য লিখিয়াছেন,—

"অথ দস্যূনাং সাধারণীং বৃত্তিমাহ। যে দ্বিজানামপসদা ইতি। অপসদাঃ চৌর্য্যজাতা অনুলোমজাঃ অপধ্বংসজাঃ প্রতিলোমজাঃ সূতাদয়ঃ অনুলোমজেষ্বপ্যনন্তরাঃ পুত্রব্যতিরিক্তা অম্বষ্ঠাদয়শ্চ সজাতীয়েষ্বপি কুণ্ডগোলকাদয়শ্চ দ্বিজানামেব কর্ম্মভির্দ্বিজার্থৈরেব কর্ম্মভিঃ চিকিৎসাশ্বসারথ্যাদিভির্বর্ত্তয়েয়ুর্জীবেয়ুঃ।"

অর্থাৎ দস্যুদিগের সাধারণ-বৃত্তি বলা যাইতেছে। দ্বিজাতির মধ্যে যাহারা অপসদ অর্থাৎ চৌর্য্যজাত অনুলোমজ অম্বষ্ঠাদি এবং অপধ্বংসজ বা প্রতিলোমজ সূতাদি। অনুলোমজ হইলেও অনন্তরপুত্র ছাড়া অম্বষ্ঠাদি এবং সজাতিতে জন্ম হইলেও কুণ্ডগোলকাদি দ্বিজাতিগণের জন্যই চিকিৎসা অশ্বসারথ্যাদি নিন্দিত কর্ম্মদ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে।

উদ্ধৃত বচনানুসারে অম্বষ্ঠ দস্যু ও চৌর্য্যজাত অর্থাৎ বলাৎকার দ্বারা উৎপন্ন হইতেছে। বেদব্যাস মহাভারতে অনুশাসন পর্ব্বে ৪৯ অধ্যায়ে অম্বষ্ঠকে অপধ্বংসজ বলিয়া ধরিয়াছেন। মিতাক্ষরাকার বিজ্ঞানেশ্বর 'অপধ্বংসজ' শব্দের "ব্যভিচারজাত" অর্থ করিয়াছেন। (যাজ্ঞবল্ক্যটীকা ১।৯০)। মনুটীকায় সর্ব্বজ্ঞনারায়ণও লিখিয়াছেন,—

"বিপ্রাদ্বৈশ্যায়াং যথাম্বষ্ঠো যথা বা ক্ষত্রিয়াচ্ছূদ্রায়ামুগ্রঃ পুত্র আনুলোম্যেন জাতোঽপ্যনন্তরস্ত্রীজাতপুত্রাপেক্ষয়া নিন্দিতস্তথা বৈশ্যাদ্বিপ্রায়াং জাতো বৈদেহঃ শূদ্রাৎ ক্ষত্রিয়ায়াং জাতশ্চ ক্ষত্তা। অনন্তরপ্রতিলোমজাতাপেক্ষয়ৈকান্তরিতজাতত্বান্নিন্দিত ইত্যর্থঃ। যথা স্মৃতৌ নিন্দিতাবিতি শেষঃ।" (মনুটীকা ১০।১৩) অর্থাৎ ব্রাহ্মণ হইতে বৈশ্যার গর্ভজ অম্বষ্ঠ এবং ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রার গর্ভজ উগ্রপুত্র অনন্তর-স্ত্রীজাত পুত্রাপেক্ষা নিন্দিত, এইরূপ বৈশ্য হইতে ব্রাহ্মণীতে জাত বৈদেহ, শূদ্র হইতে ক্ষত্রিয়াজাত ক্ষত্তাও নিন্দিত, অনন্তরজ-প্রতিলোম অপেক্ষা একান্তরজ-প্রতিলোমগণও নিন্দিত। কারণ স্মৃতিতে আছে, অম্বষ্ঠ ও উগ্র উভয় জাতিই নিন্দিত।

প্রসিদ্ধ টীকাকার সর্ব্বজ্ঞনারায়ণ মনুর ১০।৫০ শ্লোকের টীকায় "এতে সূতাদয় বিজ্ঞাতাশ্চিহ্নিতাঃ" অর্থাৎ সূত, অম্বষ্ঠ হইতে বেণ পর্য্যন্ত চিহ্নিত জাতি সকলকে ধরিয়া লইতে হইবে অর্থাৎ তাঁহার মতে এই সকল জাতিই সমাজবাহ্য। উক্ত শ্লোকের টীকায় রামচন্দ্রও লিখিয়াছেন, "স্বকর্ম্মভির্বর্ত্তয়ন্তো বিজ্ঞাতা এতে পৌণ্ড্রকাদয়ঃ বসেয়ুঃ" অর্থাৎ রামচন্দ্রের মতে পৌণ্ড্রক, দ্রাবিড়, কম্বোজ, যবন, শক, পারদ, পহ্লব, চীন, কিরাত, দরদ, খশ এবং দ্বিজ ও শূদ্রদিগের মধ্যে যাহারা বাহ্যজাতি বা দস্যু বলিয়া খ্যাত, অপসদ ও অপধ্বংসজ বলিয়া যাহারা নির্দ্দিষ্ট হইয়াছে, ইহারা নিন্দিত কর্ম্মদ্বারাই জীবিকা নির্ব্বাহ করিবে।

মনুক্ত পৌণ্ড্রকাদি ক্ষত্রিয়জাতি ক্রমে ক্রমে যেরূপ ক্রিয়ালোপ ও ব্রাহ্মণাদর্শন হেতু বৃষলত্ব প্রাপ্ত হইয়াছিল, সেইরূপ নিন্দিত কার্য্যদ্বারা অম্বষ্ঠাদিও ক্রিয়া লোপহেতু পৌণ্ড্রকাদির ন্যায় বৃষলত্বপ্রাপ্ত ও বাহ্যজাতি বলিয়া গণ্য হইয়াছিল। বাস্তবিক অদ্যাপি দাক্ষিণাত্যে ত্রিবাঙ্কুর রাজ্যে ঐরূপ সমাজবাহ্য অম্বষ্ঠ বৈদ্যের বাস রহিয়াছে। এই জাতি সম্বন্ধে ত্রিবাঙ্কুর মহারাজের দেওয়ান পেস্কার সুব্রহ্মণ্য আয়ার লিখিয়াছেন, "In their dress, ornaments and festivals they do not differ from the Malayal Sudras, of whom according to the

* সূত ও অম্বষ্ঠ সহ বৈদেহক, মাগধ, নিষাদ, আয়োগব, মেদ, চুঞ্চু, অন্ধ, মদ্গ, ক্ষত্তা, উগ্র, পুক্কস, ধিগ্‌বণ ও বেণ সর্ব্বশুদ্ধ এই পঞ্চদশটী জাতি মনুকর্ত্তৃক অপসদ ও অপধ্বংসজ বলিয়া উক্ত হইয়াছে। মনুর মতে—

"চৈত্যদ্রুমশ্মশানেষু শৈলেষ্বপবনেষু চ।
বসেয়ুরেতে বিজ্ঞানা বর্ত্তয়ন্তঃ স্বকর্ম্মভিঃ॥" (১০।৫০)

অর্থাৎ সূতাদি ঐ সকল অপসদ ও অপধ্বংসজ জাতি নিজ নিজ জাতীয় বৃত্তি অবলম্বন করিয়া চৈত্যবৃক্ষের তলে, শ্মশানে, পর্ব্বতে বা উপবনে বাস করিয়া থাকে। মনু-টীকাকারগণের ন্যায় নীলকণ্ঠও অনুশাসনপর্ব্বের ৪৮ অধ্যায়ের টীকায় লিখিয়াছেন, 'পঞ্চদশ যাহা উক্তাঃ' অর্থাৎ উক্ত ১৫ জাতিই সমাজবাহ্য বলিয়া উক্ত হইয়াছে।

Keralotpatti, they form one of the lowest sub-divisions. The niece is the rightful wife of the son, and the daughter that of the nephew..... Among the Ampattans (Ambastham) fraternal polyandry seems to be common.*"

অর্থাৎ বেশ ভূষা ও উৎসবাদিতে মলয়াল শূদ্রগণের সহিত তত্রত্য অম্বষ্ঠগণের কোন পার্থক্য নাই। কেরলোৎপত্তি মতে এই জাতি নীচতমশূদ্র মধ্যে গণ্য। ভাগিনেয়ীই উপযুক্ত পুত্রবধূ এবং কন্যাই ভাগিনেয়ের বধূ হইবার উপযুক্ত। এই অম্বষ্ঠ জাতির মধ্যে বহু ভ্রাতায় মিলিত হইয়া সাধারণতঃ এক পত্নী গ্রহণ করিয়া থাকে।

সম্ভবতঃ ঐরূপ নিকৃষ্ট অম্বষ্ঠ জাতি দেখিয়াই স্মার্ত্ত রঘুনন্দন, বাচস্পতি মিশ্র প্রভৃতি স্মার্ত্তগণ "এবমম্বষ্ঠাদীনামপি কলৌ শূদ্রত্বমিতি" লিখিতে বাধ্য হইয়াছেন। এতদ্ভিন্ন মহারাষ্ট্র ও কর্ণাট অঞ্চলের বৈদু ও বেদ্দ জাতির অবস্থা আলোচনা করিলেও তাহাদিগকে দ্রাবিড়ের অস্পৃশ্যজাতির ন্যায় হীন বলিয়াই মনে হয়। [বৈদু শব্দ দেখ।] বঙ্গীয় বেদেজাতির সহিত তাহাদের তুলনা হইতে পারে।

উশনা যে অম্বষ্ঠের উল্লেখ করিয়াছেন, এই অম্বষ্ঠজাতি ভাগবতে (১০।৪৩।৪) হস্তিপকরূপে অর্থাৎ হাতীর মাহুত বলিয়া বর্ণিত হইয়াছে,—

"অম্বষ্ঠাম্বষ্ঠ মার্গং নৌ দেহ্যপক্রম মা চিরম্।
নো চেৎ সকুঞ্জরং ত্বাদ্য নয়ামি যমসাদনম্।"

'অম্বষ্ঠো হস্তিপঃ' ইতি শ্রীধর।

হিন্দু রাজত্বকালে হস্তীপকেরা চাষবাস করিত, হাতীর উপর ধ্বজা ঘাড়ে করিয়া চলিত, রণক্ষেত্রে তাহাদিগকে অস্ত্রধারণ করিতে হইত এবং নানা উৎসবের সময় হাতীতে অগ্রে অগ্রে গিয়া নানা অগ্নিক্রীড়া প্রদর্শন করিত। ভাগবতের নিষাদী অম্বষ্ঠই উশনার শস্ত্রজীবি অম্বষ্ঠ। ইহারা হাতীরও চিকিৎসা করিত, একারণ নীচ বৈদ্যকে 'হাতুড়িয়া' বলা হয়।

নারদ ক্ষত্রিয়কন্যার গর্ভজাত যে অম্বষ্ঠের উল্লেখ করিয়াছেন, মনুর প্রসিদ্ধ টীকাকার রামচন্দ্র এই অম্বষ্ঠকে দুই শ্রেণীতে বিভক্ত করিয়াছেন, এক বৈশ্য হইতে ক্ষত্রিয়কন্যায় জাত, অপর শূদ্র হইতে ক্ষত্রিয়কন্যায় জাত। সুতরাং এখানে উভয় প্রকার অম্বষ্ঠই ক্ষত্রিয়াজাত প্রতিলোমজাতি হইতেছে। বৈশ্য ও শূদ্রের পক্ষে ক্ষত্রিয়কন্যা অবিবাহ্যা, সুতরাং এই উভয় প্রকার অম্বষ্ঠকেই হীন বর্ণসঙ্কর বলিয়া স্বীকার করিতে হইবে।

* Census Report of Travancore 1901, by N. Subrahmanya Aiyar, M. A, M. B. C. M. Part. I. p. 271.

কমলাকর দুই প্রকার অম্বষ্ঠের কথা লিখিয়াছেন, ব্রাহ্মণ হইতে আগুরীর কন্যাতে জাত এবং ক্ষত্রিয় হইতে শূদ্রাতে জাত। উহা ব্যভিচার ও অবেদ্যাবেদন বলিয়াই গৃহীত। অতএব ব্রাহ্মণ-উগ্রাজ বা ক্ষত্রিয়-শূদ্রাজ এই দুই প্রকার অম্বষ্ঠই হীনজাতি বলিয়া নিন্দিত।

ব্রহ্মবৈবর্ত্তের বৈদ্যজাতিকে কেহ কেহ 'বেদে' বলিয়া মনে করেন। ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণকার অশ্বিনীকুমার হইতে ব্রাহ্মণভার্য্যাতে বৈদ্যজাতির উৎপত্তি ঘোষণা করিয়া শেষে লিখিয়াছেন—

"পুত্রং চিকিৎসাশাস্ত্রঞ্চ পাঠয়ামাস যত্নতঃ।
নানা শিল্পঞ্চ মন্ত্রঞ্চ স্বয়ং স রবিনন্দনঃ॥" (ব্রহ্মখণ্ড ১০।১৩১)

অর্থাৎ অশ্বিনীকুমার নিজ বলাৎকারজাত সেই পুত্রকে চিকিৎসাশাস্ত্র পড়াইয়াছিলেন এবং নানা শিল্প ও মন্ত্র শিখাইয়াছিলেন।

যখন বেদেজাতিকে কখন চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করিতে দেখা যায় না, এরূপ স্থলে চিকিৎসাশাস্ত্রে অধিকারী ব্রহ্মবৈবর্ত্তোক্ত বৈদ্যজাতি 'বেদে' জাতির সহিত নিশ্চয়ই অভিন্ন নহে। ব্রহ্মবৈবর্ত্তকার বৈদ্যজাতির উৎপত্তি বর্ণনা করিয়াই বলিয়াছেন—

"বৈদ্যবীর্য্যেণ শূদ্রায়াং বভূবুর্বহবো জনাঃ॥
তে চ গ্রাম্যগুণজ্ঞাশ্চ মন্ত্রৌষধিপরায়ণাঃ।
তেভ্যশ্চ জাতাঃ শূদ্রায়াং যে ব্যালগ্রাহিণো ভুবি॥"
(ব্রহ্মখণ্ড ১০।১২৩)

অর্থাৎ বৈদ্যবীর্য্যে শূদ্রাতে গ্রাম্যগুণজ্ঞ মন্ত্রৌষধপরায়ণ বহু জাতির উৎপত্তি হইয়াছে, সেই সকল জাতি হইতে শূদ্রাতে ব্যালগ্রাহী বা সাপুড়িয়াজাতি উৎপন্ন।

ব্রহ্মবৈবর্ত্তের বৈদ্য হইতে শূদ্রাতে জাত মন্ত্রৌষধপরায়ণ জাতিই বেদে বা বেদিয়া।

মনুভাষ্যকার মেধাতিথি স্মৃতির উপর নির্ভর করিয়াই লিখিয়াছেন, যে বৈশ্যের দ্বিজোচিত সংস্কার হয় নাই, এরূপ ব্রাত্য-বৈশ্যের কন্যায় ব্রাহ্মণ হইতে ভৃজ্জকণ্টক নামক একজাতি হইয়াছে। মনু যে পাপাত্মা ভৃর্জ্জকণ্টকের উল্লেখ করিয়াছেন, তাহা হইতে বৈশ্যকন্যার গর্ভজাত ভৃজ্জকণ্টক ভিন্নরূপ। তবে ব্রাত্যকন্যার গর্ভে জন্ম বলিয়া ইহারা সমাজনিন্দিত ও পতিত। ব্রাহ্মণ বৈশ্যাজ বলিয়া ইহাদিগকেও মেধাতিথি স্মৃত্যন্তরের প্রমাণানুসারে অম্বষ্ঠ বলিয়াই ধরিয়াছেন।

রাঢ়ীয় ও বঙ্গজ বৈদ্যকুলজ্ঞগণ প্রায় সকলেই বলিয়া থাকেন যে অমৃতাচার্য্য ধন্বন্তরি হইতে বৈদ্যজাতির উৎপত্তি। অধাকুলে স্থিতি হেতু (কানীনপুত্র) অমৃতাচার্য্য অম্বষ্ঠ নামে খ্যাত হন, তাহা হইতেই বৈদ্যজাতির নামও অম্বষ্ঠ হইয়াছে।

অম্বষ্ঠ ধন্বন্তরির অমৃতাচার্য্য উপাধি দর্শন করিয়া অনেকে মনে করেন যে, সমুদ্রমন্থনকালে অমৃতকুম্ভ হস্তে করিয়া যে ধন্বন্তরি আবির্ভূত হইয়াছিলেন, যিনি বাসুদেবের অংশ বলিয়া ভাগবতাদিতে বর্ণিত হইয়াছেন, বৈদ্যজাতির আদিপুরুষ ধন্বন্তরি ও তিনি অভিন্ন। বাস্তবিক তাহা ঠিক নহে।

মহাভারতের মতে দেবগণের আদিরোগহর ধন্বন্তরি সমুদ্র-মন্থনকালে অমৃতকুম্ভ হস্তে করিয়া উত্থিত হইয়াছিলেন। (আদিপর্ব্ব ১৮ অঃ) এই সাগরসম্ভূত ধন্বন্তরি স্ববৈদ্য বলিয়া খ্যাত। এ ছাড়া সুপ্রসিদ্ধ ক্ষত্রিয়বংশে আর এক ধন্বন্তরি আবির্ভূত হইয়াছিলেন, ইনি মর্ত্ত্যলোকে আয়ুর্ব্বেদপ্রবর্ত্তক ও বিষ্ণুর অন্যতম অবতার বলিয়া বর্ণিত হইয়াছেন। ভাগবতে এই ধন্বন্তরির বংশপরিচয় এইরূপ প্রদত্ত হইয়াছে—

পুরূরবার পুত্র আয়ু, তাঁহার পঞ্চপুত্র, যথা নহুষ, ক্ষত্রবৃদ্ধ, রজী, বলবান্ রাভ ও অনেনা। ক্ষত্রবৃদ্ধের পুত্র সুহোত্র, তাঁহার তিন পুত্র কাশ্য, কুশ ও গৃৎসমদ। এই গৃৎসমদের পুত্র শুনক, শুনকের পুত্র বহ্বৃচশ্রেষ্ঠ শৌনকমুনি। কাশ্যের পুত্র কাশি, তৎপুত্র রাষ্ট্র, তৎপুত্র দীর্ঘতমা, দীর্ঘতমার পুত্র আয়ুর্ব্বেদপ্রবর্ত্তক ধন্বন্তরি। ইনি যজ্ঞভুক্ ও বাসুদেবের অংশ, ইঁহাকে স্মরণমাত্র সকল রোগ দূর হয়। ধন্বন্তরির পুত্র কেতুমান্, তৎপুত্র ভীম-রথ, তৎপুত্র দিবোদাস। (ভাগবত ৯।১৭।১-৫)

চরকাদিগ্রন্থ হইতেও দেখা যায় উক্ত ক্ষত্রিয় কাশীরাজ দিবোদাস নানা আয়ুর্ব্বেদশাস্ত্র এদেশে প্রচার করেন। নানা বৈদিকগ্রন্থে ইনি "ধান্বন্তর দিবোদাস" নামেও প্রখ্যাত হইয়াছেন। হিন্দুশাস্ত্রমতে ক্ষত্রিয়রাজ ধন্বন্তরি হইতেই মর্ত্ত্যলোকে সর্ব্বপ্রথম আয়ুর্ব্বেদশাস্ত্র প্রচারিত হয়, তাঁহার বংশধর দিবোদাসও নানা আয়ুর্ব্বেদীয়তত্ত্ব প্রচার করিয়াছিলেন। চরকসুশ্রুতাদি ঋষিগণ ক্ষত্রিয়রাজ ধন্বন্তরি ও তাঁহার বংশধরগণের প্রবর্ত্তিত আয়ুর্ব্বেদীয় মত গ্রহণ করিয়া স্ব স্ব চিকিৎসাশাস্ত্র প্রচার করিয়াছিলেন। উক্ত ধন্বন্তরি কর্ত্তৃক সর্ব্বপ্রথম আয়ুর্ব্বেদশাস্ত্র প্রচার ও জগতের অশেষ কল্যাণ সাধিত হয় বলিয়া তিনিও ভাগবতে পরশু-রামের পূর্ব্ববর্ত্তী বিষ্ণুর একতম অবতার বলিয়া কীর্ত্তিত হইয়া-ছেন। যথা—

"ধন্বন্তরিশ্চ ভগবান্ স্বয়মেব কীর্ত্তি-
র্নাম্না নৃণাং পুরুরুজাং রুজ আশু হন্তি।
যজ্ঞে চ ভাগমমৃতায়ুরবাবরুন্ধে
আয়ুষ্য-বেদমনুশাস্ত্যবতীর্য্য লোকে॥" (২।৭।২১)

ধন্বন্তরি সর্ব্বপ্রথম আয়ুর্ব্বেদশাস্ত্র প্রচার করেন ও তাঁহার ঔষধপ্রভাবে শত শত ব্যক্তি জীবন লাভ করিয়াছে বলিয়া পরবর্ত্তিকালে যে ব্যক্তি আয়ুর্ব্বেদশাস্ত্রে বিশেষ পারদর্শিতা দেখাইয়াছেন ও ঔষধপ্রভাবে বহুলোকের জীবন দান করিতে পারিয়াছেন, এরূপ লোকও দ্বিতীয় ধন্বন্তরি বলিয়া সম্মানিত হইয়াছেন। বীরভদ্রার গর্ভজাত অম্বষ্ঠকেও এক চিকিৎসক-জাতির অগ্রণী ভাবিয়া পরবর্ত্তিকালে ধন্বন্তরি উপাধি দেওয়াছিল এবং সেই সঙ্গে অম্বষ্ঠগণ সমুদ্রমন্থনোদ্ভূত ধন্বন্তরির অমৃতাচার্য্য উপাধিটা লইয়া সম্ভবতঃ তাঁহার নামের সহিত সংযোজিত করিয়া দিয়াছিলেন।

যাহা হউক, উপরোক্ত নানাশাস্ত্র বাক্য, কুলগ্রন্থ ও দাক্ষিণা-ত্যের অম্বষ্ঠদিগের বর্ত্তমান অবস্থা দৃষ্টে মনে হইতেছে যে অম্বষ্ঠ-জাতি একপ্রকার ছিল না। ভরতমল্লিক চন্দ্রপ্রভায় বিভিন্ন যুগে একই অম্বষ্ঠের যে বিভিন্ন বর্ণধর্ম্মের কথা প্রকাশ করিয়াছেন, তাহা আমরা সমী-চীন বলিয়া মনে করি না। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারি বর্ণের মধ্যেই যে বিভিন্ন অম্বষ্ঠ জাতির স্থান ছিল, তাহাতে সন্দেহ নাই। পূর্ব্বে যে সকল প্রমাণ উদ্ধৃত হইয়াছে, তন্মধ্যে বৈশ্য ও শূদ্রধর্ম্মা অম্বষ্ঠেরই বেশ পরিচয় পাওয়া যায়। এখন আমরা অম্বষ্ঠ-ক্ষত্রিয়েরও পরিচয় দিতেছি—

চারিজাতির মধ্যে অম্বষ্ঠ

মাকিদনবীর আলেকসান্দার যখন পঞ্চনদে উপস্থিত হন, সে সময়ে দক্ষিণ পঞ্জাবে অম্বষ্ঠ (Ambastai of Arian) নামক বীরজাতি রাজত্ব করিতেছিলেন, তাঁহারা গ্রীকবীরের সহিত ঘোরতর যুদ্ধ করিয়াছিলেন। * পুরাণকার ও পাণিনিও এই ক্ষত্রিয় জাতির উল্লেখ করিয়াছেন। সুতরাং এই জাতিকে নিতান্ত অপ্রাচীন বলিয়া মনে করা যায় না। ইঁহাদের অধ্যুষিত বাসভূমি পুরাণে "অম্বষ্ঠ" নামে খ্যাত।

অম্বষ্ঠ ক্ষত্রিয়

শাক্য বুদ্ধের আবির্ভাবকালে অম্বষ্ঠ নামক এক ব্রাহ্মণ কপিল-বস্তু অঞ্চলে বাস করিতেন। দুই হাজার বর্ষ পূর্ব্বে রচিত দীঘনিকায়ের অন্তর্গত 'অম্বট্ঠসুত্ত' নামক পালিগ্রন্থে সেই অম্বষ্ঠ নামক ব্রাহ্মণের ও তৎকালীন ব্রাহ্মণগণের সামাজিক অবস্থার বেশ পরিচয় পাওয়া যায়। এখানে অম্বষ্ঠসূত্র হইতে তাহা সংক্ষেপে উদ্ধৃত হইল :—

'একদা ভগবান্ বুদ্ধদেব কোশল রাজ্যে ইচ্ছানকল নামক বনে বিহার করিতেছিলেন। সেই সময় তথায় পুষ্করসারী নামে এক ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহার অম্বষ্ঠ নামে এক পণ্ডিত ও ত্রিবেদজ্ঞ শিষ্য ছিল। বুদ্ধদেবের আগমনের পর তাঁহারা শুনিলেন যে দ্বাত্রিংশ-লক্ষণাক্রান্ত একমহাপুরুষ তথায় আগমন করিয়াছেন। তাঁহাকে দর্শনার্থ অম্বষ্ঠ প্রভৃতি পণ্ডিতগণ তথায় উপস্থিত হই-লেন। নানাবিধ বাদানুবাদের পর অম্বষ্ঠ নানারূপ পরুষবাক্যে বুদ্ধ-দেবকে সম্বোধন করিতে লাগিলেন। ইহাতে ভগবান্ অম্বষ্ঠকে

* Arian ও Quintin Curtius দ্রষ্টব্য।

পাপপরায়ণ বলিয়া সম্বোধন করিলে, তিনি অত্যন্ত অসন্তুষ্ট হইয়া বলিলেন, হে শ্রমণ গোতম—তুমি পাপী, তোমার বংশ ক্রূরস্বভাব ও কর্কশ। শাক্যগণ নীচ ও ব্রাহ্মণদিগের প্রতি ভক্তি শূন্য, ব্রাহ্মণদের প্রতি যথোচিত সম্মান-প্রদর্শন করে না; ব্রাহ্মণদিগের প্রতি শাক্যদিগের ঈদৃশ ব্যবহার অনুচিত।

'বুদ্ধদেব বলিলেন হে অম্বষ্ঠ! শাক্যগণ তোমার কি অপরাধ করিয়াছে? (ইহাতে তিনি উত্তর করিলেন) একদিন আমি আমার আচার্য্য পুষ্করসারীর কোন কার্য্য উপলক্ষে শাক্যগণের বিশ্রামাগারে গমন করিয়াছিলাম, তখন শাক্য ও শাক্যকুমারগণ উচ্চ আসনে বসিয়া পরস্পর কৌতুক করিতেছিল, আমাকে দেখিয়া কেহই বসিবার জন্য অনুরোধ করিল না। ইহাতে বুদ্ধদেব বলিলেন, শকুন যেমন নিজের আসনে বসিয়া যথাইচ্ছা আচরণ করে, সেইরূপ কপিলবস্তু নগর শাক্যদিগের, তাহারা যথেচ্ছা ব্যবহার করিতে পারে। এইরূপ সামান্য কারণে তোমার রুষ্ট হওয়া উচিত নহে।

'অম্বষ্ঠ বলিলেন, হে গোতম! বর্ণ চারিটী—ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বৈশ্য ও শূদ্র। ইহার মধ্যে ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র ব্রাহ্মণদিগের পরিচারক, এই নিমিত্তই শাক্যগণ ব্রাহ্মণ হইতে হীন, ইহাদের ঈদৃশ ব্যবহার অনুচিত। ইহাতে ভগবান্ মনে মনে এইরূপ চিন্তা করিতে লাগিলেন যে, এই তরুণ অম্বষ্ঠ অতি মূর্খ, কারণ সে শাক্যদিগকে নীচ বলিয়া নিন্দা করিতেছে। এইক্ষণে ইহার গোত্র কি জিজ্ঞাসা করা উচিত। হে অম্বষ্ঠ তোমার গোত্র কি? আমি "কৃষ্ণ" গোত্র হইতে উৎপন্ন। বুদ্ধদেব বলিলেন, তোমার মাতৃ ও পিতৃকুলের বংশপরম্পরার নাম ও গোত্র স্মরণে প্রতীয়মান হয় যে, শাক্যগণ তোমাদের প্রভুস্থানীয় ছিল ও তোমরা শাক্যদিগের দাসীপুত্র। শাক্যদিগের পূর্ব্বপুরুষ ইক্ষ্বাকু। তিনি তাঁহার প্রিয়তমা মহিষীর পুত্রকে রাজ্য দিতে ইচ্ছা করিয়া জ্যেষ্ঠ কুমারগণকে রাজ্য হইতে নির্ব্বাসন করেন, তাঁহারা রাজ্য হইতে বহিষ্কৃত হইয়া হিমন্ত প্রদেশে শাকবনে বাস করিতেছিলেন; তাঁহারা জাতীয় পবিত্রতা রক্ষার নিমিত্ত যথোচিত বিবাহাদি সম্বন্ধে আবদ্ধ হইয়াছিলেন। কিছু কাল পরে রাজা অমাত্যগণকে জিজ্ঞাসা করিলেন, এক্ষণে কুমারগণ কোথায় বসবাস করিতেছেন। ইহাতে অমাত্যগণ কুমারদিগের অবস্থা যথাযথ বর্ণন করিলেন। রাজা আপনা আপনি বলিলেন যে, কুমারগণের আচরণ শক্য অর্থাৎ ধর্ম্মসঙ্গত। ইহা হইতে শাক্য নামের উৎপত্তি ও তাহারাই শাক্যগণের পূর্ব্বপুরুষ। ইক্ষ্বাকুরাজের "দিসা" নামে এক দাসী ছিল, সেই কৃষ্ণকে প্রসব করিয়াছিল। সেই নবজাত শিশু জন্ম মাত্র মাতাকে তাহার পাঁচ প্রকার গর্ভমল পরিষ্কার করিবার জন্য বলিল ও সেই শিশু আরও বলিল যে, সে তাহাদের অনেক উপকারে আসিবে। হে অম্বষ্ঠ! এক্ষণে যেমন মনুষ্যে পিশাচকে পিশাচ বলিয়া থাকে, তদ্রূপ 'কৃষ্ণ'কে সকলে পিশাচ বলিয়া জানিত। ইহা হইতে কাষ্ণায়ণ গোত্রের উৎপত্তি হইয়াছে। সেই শিশু কৃষ্ণগোত্রের আদিপুরুষ।

'এইরূপ হে অম্বষ্ঠ! তোমার পিতৃ-মাতৃকুলের পূর্ব্বপুরুষগণের নাম ও গোত্র স্মরণ করিলে দেখা যায় যে তোমরা শাক্যগণের দাসীপুত্র। অম্বষ্ঠকে এইরূপ বলাতে সমাগত জনবৃন্দ এইরূপ বলিল, হে ভগবন্ গোতম আপনি অম্বষ্ঠকে বালক মূর্খ ও দাসীপুত্র বলিয়া তাহার গৌরবের লাঘব করিবেন না। অম্বষ্ঠ সদ্বংশজাত ও কুলপুত্র। ভগবান্ বলিলেন, তোমরা যদি অম্বষ্ঠকে নীচকুলজাত দাসীপুত্র ও আমার সহিত বাদপ্রতিবাদের অযোগ্য বলিয়া বিবেচনা কর, তাহা হইলে, তাহার পরিবর্ত্তে তোমরাই আমার সহিত উত্তর প্রত্যুত্তর কর, আর যদি তোমরা মনে কর, অম্বষ্ঠ উচ্চকুল জাত, তাহা হইলে, আমার সহিত উত্তর প্রত্যুত্তর করিতে বল। ভগবান্ অম্বষ্ঠকে বলিলেন, এইবার তুমি আমার প্রশ্নের যথাযথ উত্তর প্রদান কর। তুমি কি কখন কোন মহল্লোক, বৃদ্ধ ব্রাহ্মণ, কিম্বা তোমার আচার্য্য ও প্রাচার্য্যগণ হইতে কখন কি শুনিয়াছ, যে কোথা হইতে কাষ্ণায়ণ গোত্র উৎপন্ন হইয়াছে ও তাহাদের পূর্ব্বপুরুষই বা কে?

ইহাতে অম্বষ্ঠ তুষ্ণীভাব অবলম্বন করিয়া কিয়ৎক্ষণ পরে বলিলেন হে গোতম, আপনি যাহা বলিলেন, আমি তদ্রূপই শুনিয়াছি। ইহাতে সমবেত জনবৃন্দ নানাপ্রকার নিন্দা প্রকাশ করিতে ও বলিতে লাগিল যে, সে কুলপুত্র নহে, নীচ বংশোৎপন্ন ও শাক্যগণের দাসীপুত্র। উপস্থিত জনবৃন্দের ঈদৃশ মনোভাব বুঝিতে পারিয়া বুদ্ধদেব অম্বষ্ঠের আদিপুরুষ 'কৃষ্ণ' ঋষির এক উপাখ্যান তাহাদের নিকট উল্লেখ করেন ও রাজা ইক্ষ্বাকু যে তাঁহাকে কন্যা দান করেন, এই প্রসঙ্গে সে কথাও বলেন।

'ভগবান্ জিজ্ঞাসা করেন, হে অম্বষ্ঠ! যদি ক্ষত্রিয়কুমার ব্রাহ্মণ-কন্যার সহিত সহবাস করে ও তাহাদের সহবাসে যদি পুত্র উৎপন্ন হয়, সে পুত্র ব্রাহ্মণগণের মধ্যে জল বা আসন প্রাপ্ত হয় কি না? অম্বষ্ঠ উত্তর করিল, সে প্রাপ্ত হয়। যজ্ঞে এবং শ্রাদ্ধাদিতে ও অন্যান্য ক্রিয়াকলাপে সেই পুত্র নিমন্ত্রিত হয় কি না? অম্বষ্ঠ উত্তর করিল, উহাই হইয়া থাকে। ব্রাহ্মণগণ তাহাকে বেদমন্ত্র প্রদান করে কি না? অম্বষ্ঠ উত্তর করিল, তাহাই হয়। ব্রাহ্মণ-কন্যার সহিত তাহার বিবাহাদি হয় কি না? অম্বষ্ঠ বলিল, তাহাই হয়। তাহাকে রাজ্যে অভিষিক্ত করা যায় কি না! অম্বষ্ঠ উত্তর করিল, তাহা হয় না, কারণ তাহার মাতৃকুল ক্ষত্রিয় নহে।

বুদ্ধের সময় অম্বষ্ঠ ও ব্রাহ্মণসমাজ

'বুদ্ধদেব আবার জিজ্ঞাসা করিলেন, সেইরূপ কোন ক্ষত্রিয়-কন্যার সহিত ব্রাহ্মণ-কুমারের সহবাস ফলে পুত্র লাভ হইলে, সেই পুত্রও পূর্ব্বোক্তরূপ সকল বিষয়ের অধিকারী হইয়া রাজ-সিংহাসনের যোগ্য বলিয়া বিবেচিত হয় কি না? অম্বষ্ঠ উত্তর করিল, তাহা হয় না, কারণ তাহার পিতা ক্ষত্রিয় নহে। বুদ্ধদেব বলিলেন, সুতরাং দেখা যাইতেছে যে ক্ষত্রিয়ই শ্রেষ্ঠ, ব্রাহ্মণগণ তাহা অপেক্ষা হীন।

'বুদ্ধদেব বলিলেন, যদি কোন ব্রাহ্মণকে কোন অপরাধের নিমিত্ত তাহার মস্তক মুণ্ডন করিয়া দেশ হইতে বহিষ্কৃত করা হয়, তবে সে ব্রাহ্মণগণ মধ্যে জল ও আসন পাইবার অধিকারী হয় কি না? অম্বষ্ঠ উত্তর করিল, হয় না। যজ্ঞে, শ্রাদ্ধে ও অন্যান্য ক্রিয়াকলাপে তাহাকে ভোজন করান হয় কিনা? অম্বষ্ঠ উত্তর করিল, হয় না। ব্রাহ্মণগণ তাহাকে মন্ত্রশিক্ষা দেয় কি না? অম্বষ্ঠ উত্তর করিল, তাহাও হয় না। ব্রাহ্মণ-কন্যার সহিত তাহার বিবাহাদি হয় কিনা? তাহাও হয় না।

'বুদ্ধদেব বলিলেন, ক্ষত্রিয়গণ যদি কোন কারণে কোন ক্ষত্রিয়কে দেশ হইতে মস্তক মুণ্ডন করিয়া বাহির করিয়া দেয়, তাহা হইলে সে ব্রাহ্মণগণ মধ্যে জল বা আসন পায় কিনা? অম্বষ্ঠ উত্তর করিল, তাহারা পাইবে। যজ্ঞে ও শ্রাদ্ধাদিতে তাহাকে ভোজন করান হয় কি না? অম্বষ্ঠ উত্তর করিল, তাহা হয়। ব্রাহ্মণগণ তাহাকে মন্ত্রদান করিবে কি না? ও ব্রাহ্মণ-কন্যার মধ্যে তাহার বিবাহাদি হইবে কি না? অম্বষ্ঠ উত্তর করিল, তাহা হইয়া থাকে। ভগবান্ বলিলেন, কোন ক্ষত্রিয় যখন এইরূপ মুণ্ডিতমস্তকে দেশ হইতে বিতাড়িত হয়, সে তখন অত্যন্ত হীন অবস্থাই প্রাপ্ত হয়, দেখা যাইতেছে, তাদৃশ হীনাবস্থায়ও ক্ষত্রিয় ব্রাহ্মণ অপেক্ষা শ্রেষ্ঠ।' *

উক্ত বিবরণ হইতেও আমরা বেশ বুঝিতেছি, বুদ্ধদেবের অভ্যুদয় কালে ক্ষত্রিয়প্রাধান্যই ছিল। অম্বষ্ঠ ব্রাহ্মণ হইলেও ঐরংশে ক্ষত্রিয়াদির সংস্রবের অভাব ছিল না এবং তাহারা ক্ষত্রিয় অপেক্ষা হীন বলিয়া গণ্য ছিল। অম্বট্‌ঠ সুত্তের উক্ত 'অম্বট্‌ঠ' শব্দ কেহ কেহ রূপক ও জাতিবাচক বলিয়াই নির্দ্দেশ করেন। তাঁহাদের মতে অম্বষ্ঠ ও ক্ষত্রিয় জাতি মধ্যে সামাজিকতা লইয়া একটু গোলযোগ ছিল, বুদ্ধদেব তাহারই মীমাংসা করিয়া দেন। কিন্তু দীঘনিকায়ের টীকা এবং ভোট দেশের তুল্‌ব গ্রন্থে অম্বট্‌ঠ-সুত্তের তিব্বতীয় অনুবাদ আছে, তাহাতে অম্বষ্ঠ শব্দ ব্যক্তি-বিশেষের নাম বলিয়াই স্পষ্ট নির্দ্দিষ্ট হইয়াছে।

অম্বষ্ঠ কায়স্থ

এতদ্ভিন্ন উত্তরপশ্চিম প্রদেশীয় কায়স্থগণের কুলগ্রন্থধৃত পদ্ম-পুরাণীয় বচন হইতে জানা যায় যে চিত্রগুপ্তের পুত্র হিমবান্ হইতে অম্বষ্ঠ নামক কায়স্থ শ্রেণির উৎপত্তি হইয়াছে। এই জাতির মধ্যেও বহুলোক চিকিৎসাশাস্ত্রে পাণ্ডিত্য দেখাইয়া গিয়াছেন। অদ্যাপি ইহাঁদের আচার ব্যবহার ব্রাহ্মণ-ক্ষত্রিয়ের তুল্য।

* "অথ খো ভগবা অম্বট্‌ঠং মাণবং আমন্তেসি—'তং কিম্ মঞ্‌ঞসি অম্বট্‌ঠ? খত্তিয়-কুমারো ব্রাহ্মণ-কঞ্‌ঞায় সদ্ধিং সংবাসং কপ্পেয্য। তেসং সংবাসমন্বায় পুত্তো জায়েথ। যো সো খত্তিয় কুমারেণ ব্রাহ্মণকঞ্‌ঞায় পুত্তো উপ্পন্নো অপিনু সো লভেথ ব্রাহ্মণেসু আসনং বা উদকং বা তি? 'লভেথ ভো গোতম!' অপি নু নং ব্রাহ্মণা ভোজ্জেয্যুং সদ্ধে বা থালিপাকে বা যঞ্‌ঞে বা পাহুণে বা তি?'ভোজেয্যুং ভো গোতম!" 'অপি নু নং ব্রাহ্মণা মন্তে বাচেয্যুং বা নো বা তি?" 'বাচেয্যুং ভো গোতম!" 'অপি নু' স্স ইথীসু আবটং বা অস্স অনাবটং বা তি?' 'অনাবটং হি স্স ভো গোতম!' 'অপি নু নং খত্তিয়া খত্তিয়াভিসেকেন অভিসিঞ্চেয্যুন্ তি?' 'নো হে'তং ভো গোতম।' 'তং কিস্স হেতু?' 'মাতিতো হি ভো গোতম অনুপ্পন্নো তি।'

'তম্ কিং মঞ্‌ঞসি অম্বট্‌ঠ? ইধ ব্রাহ্মণকুমারো খত্তিয় কঞ্‌ঞায় সদ্ধিং সংবাসং কপ্পেয্য। তেসং সংবাসং অন্বায় পুত্তো জায়েথ। যো সো ব্রাহ্মণ-কুমারেণ খত্তিয়-কঞ্‌ঞায় পুত্তো উপ্পন্নো অপি নু সো লভেথ ব্রাহ্মণেসু আসনং বা উদকং বাতি।' 'লভেথ ভো গোতম!' 'অপি নু নং ব্রাহ্মণা ভোজেয্যুং সদ্ধে বা থালিপাকে বা যঞ্‌ঞে বা পাহুণে বা তি?' 'ভোজেয্যুং ভো গোতম।' 'অপি নু নং ব্রাহ্মণা মন্তে বাচেয্যুং বা নো বা তি?' 'বাচেয্যুং ভো গোতম।' 'অপি নু' স্স ইথীসু আবটং বা অস্স অনাবটং বা তি? 'অনাবটং হি স্স ভো গোতম!' 'অপি নু নং খত্তিয়া খত্তিয়াভিসেকেন অভিসিঞ্চেয্যুন্তি? 'নো হে'তং ভো গোতম!' 'তং কিস্স হেতু?' 'পিতিতো হি ভো গোতম অনুপ্পন্নো তি।'

'ইতি খো অম্বট্‌ঠ ইথিয়া বা ইত্থিং করিত্বা পুরিসেন বা পুরিসং করিত্বা খত্তিয়া বা সেট্‌ঠা হীনা ব্রাহ্মণা। তং কিং মঞ্‌ঞসি অম্বট্‌ঠ। ইধ ব্রাহ্মণা ব্রাহ্মণং কিস্মিচিদেব পকরণে খুরমুণ্ডং করিত্বা অস্সপুটেন বধিত্বা রট্‌ঠা বা নগরা বা পব্বাজেয্যুং। অপি নু সো লভেথা ব্রাহ্মণেসু আসনং বা উদকং বা তি?' 'নো হীদং ভো গোতম!' 'অপি নু নং ব্রাহ্মণা ভোজেয্যুং সদ্ধে বা থালিপাকে বা যঞ্‌ঞে বা পাহুণে বা তি?' 'নো হীদং ভো গোতম!' অপি নং ব্রাহ্মণা মন্তে বাচেয্যুং বা নো বা তি? 'নো হীদং ভো গোতম! 'অপি নু স্স ইথীসু আবটং বা অস্স অনাবটং বা তি? 'আবটং হি স্স ভো গোতম!'

'তং কিং মঞ্‌ঞসি অম্বট্‌ঠ? ইধ খত্তিয়া খত্তিয়ং কিস্মিচিদেব পকরণে খুরমুণ্ডং করিত্বা অস্সপুটেন বধিত্বা রট্‌ঠা বা নগরা বা পব্বাজেয্যুং। অপি নু সো লভেথ ব্রাহ্মণেসু আসনং বা উদকং বা তি। 'লভেথ ভো গোতম?' 'অপি নু নং ব্রাহ্মণা ভোজেয্যুং সদ্ধে বা থালিপাকে বা যঞ্‌ঞে বা পাহুণে বা তি? 'ভোজেয্যুং ভো গোতম!' 'অপি নু নং ব্রাহ্মণা মন্তে বাচেয্যুং বা নো বা তি?' 'বাচেয্যুং ভো গোতম। 'অপি নু' স্স ইথীসু আবটং বা অস্স অনাবটং বা তি? 'অনাবটং হি স্স ভো গোতম!" 'এত্তাবতা খো অম্বট্‌ঠ খত্তিয়ো পরমনিহীনতং পত্তো হোতি যদেব নং খত্তিয়া খরমুণ্ডং করিত্বা অস্সপুটেন বধিত্বা রট্‌ঠা বা নগরা বা পব্বাজেন্তি। ইতি খো অম্বট্‌ঠ যদা পি খত্তিয়ো পরমনিহীনতং পত্তো হোতি তদা পি খত্তিয়া বা সেট্‌ঠা, হীনা ব্রাহ্মণা।"

(অম্বট্‌ঠসুত্ত ৩।১।২৪—২৭)

উপরোক্ত বিভিন্ন অম্বষ্ঠ ও বৈদ্য জাতি ছাড়া বঙ্গদেশে এক বৈদ্য জাতির বাস আছে। সাধারণতঃ বৈদ্য বলিলে এই বৈদ্য জাতিকেই বুঝাইয়া থাকে।

বাঙ্গালায় বৈদ্য-সমাজ।

বাঙ্গালার বৈদ্য জাতিও আপনাদিগকে "অম্বষ্ঠ সন্তান" বলিয়াই পরিচয় দিয়া থাকেন। বাঙ্গালার বৈদ্য সমাজের পূর্ব্বাপর সামাজিক অবস্থা, বিদ্যা, বুদ্ধি, ও ধর্ম্মনিষ্ঠা আলোচনা করিলে এই জাতিকে কখনই মনূক্ত সমাজবাহ্য অম্বষ্ঠ বলিয়া স্বীকার করা যায় না। নানা প্রাচীন গ্রন্থ ও বর্ত্তমান ভারতবর্ষীয় হীন অম্বষ্ঠ বা বৈদ্যগণের শিক্ষা দীক্ষা ও বৃত্তি আলোচনা করিলে বাঙ্গালার বৈদ্য জাতির সহিত কোনকালে তাহাদের সম্বন্ধ ছিল বা আছে বলিয়া মনে হইবে না। বাঙ্গালার বৈদ্য-সমাজের পূর্ব্বাপর ইতিহাস আলোচনা করিলে অনায়াসেই জানিতে পারা যায় যে এখানকার বৈদ্য সমাজে শত শত শাস্ত্রবিশারদ পণ্ডিত, শত শত সংস্কৃত গ্রন্থকার ও শত শত কবি জন্ম গ্রহণ করিয়া বঙ্গদেশের মুখোজ্জল করিয়া গিয়াছেন। কি হিন্দু ও কি বৌদ্ধ রাজত্বে এবং কি মুসলমান আমলে কোন শূদ্রসমাজে ঐরূপ শাস্ত্রদর্শিতা, পাণ্ডিত্য ও সদাচার পরিলক্ষিত হয় না।

বঙ্গীয় বৈদ্যজাতির উৎপত্তি সম্বন্ধে মতামত।

বঙ্গীয় বৈদ্য জাতির আভ্যন্তরীণ অবস্থা আলোচনা করিলেও এই জাতিকে শ্রেষ্ঠ আর্য্যবংশোদ্ভব বলিয়াই গণ্য করা যায়। বাঙ্গালার উচ্চ শ্রেণির ব্রাহ্মণ-কায়স্থের সহিত শ্রেষ্ঠ বৈদ্য সমাজের আচার ব্যবহারের কিছুমাত্র পার্থক্য লক্ষিত হয় না। বর্ত্তমান বঙ্গীয় বৈদ্য-সমাজ স্ব স্ব বর্ণ ধর্ম্ম সম্বন্ধে তিন প্রকার মত প্রকাশ করিয়া থাকেন :—

১। বঙ্গীয় ভিষক্‌শিরোমণি গঙ্গাধর-কবিরাজ প্রমুখ বৈদ্যগণ বলিয়া থাকেন, পূর্ব্বকালে অসবর্ণ বিবাহপ্রথা প্রচলিত ছিল। তৎকালে ব্রাহ্মণ ব্রাহ্মণকন্যা ব্যতীত ক্ষত্রিয়কন্যা ও বৈশ্যকন্যাকেও বিবাহ করিতে পারিতেন। এ সম্বন্ধে মহাভারতে লিখিত আছে—

"ত্রিষু বর্ণেষু জাতোহি ব্রাহ্মণাদ্ ব্রাহ্মণো ধ্রুবম্।"১৭
"ব্রাহ্মণ্যাং ব্রাহ্মণাৎ জাতো ব্রাহ্মণঃ স্যাৎ ন সংশয়ঃ।
ক্ষত্রিয়ায়াং তথৈব স্যাৎ বৈশ্যায়ামপি চৈব হি॥" ২৮
(অনুশাসন ৪৭ অঃ)

অর্থাৎ ব্রাহ্মণের ঔরসে ব্রাহ্মণীতে জাত সন্তান ব্রাহ্মণ হইবে, তাহাতে সন্দেহ নাই। ব্রাহ্মণের ঔরসে বিবাহিতা ক্ষত্রিয়কন্যা ও বৈশ্যকন্যা-জাত সন্তানও ব্রাহ্মণ হইতে পারিতেন। সুতরাং ব্রাহ্মণের ঔরসে বিবাহিতা বৈশ্যকন্যার গর্ভজাত সন্তান অম্বষ্ঠও একতম ব্রাহ্মণ হইতেছেন

২। রাঢ়ীয় বৈদ্য-সমাজ ও রাজা রাজবল্লভের দলভুক্ত বঙ্গজ বৈদ্যসমাজ আপনাদিগকে একতর বৈশ্যবর্ণ বলিয়াই মনে করেন। এসম্বন্ধে রাজা রাজবল্লভ তৎকালীন ভারতবর্ষের নানাস্থানের প্রধান প্রধান পণ্ডিতগণকে আহ্বান করিয়া যে ব্যবস্থা সংগ্রহ করিয়াছিলেন, সেই ব্যবস্থাই তাঁহারা প্রমাণ স্বরূপ ব্যবহার করিয়া থাকেন। তাঁহারা সাধারণতঃ—

"বৈশ্যকন্যকায়াং বিন্নায়ামম্বষ্ঠোনাম ভবতি। যত্তু ব্রাহ্মণেন ...বৈশ্যামুৎপাদিতো বৈশ্য এব ভবতি॥" (মিতাক্ষরা)

অর্থাৎ 'বিবাহিতা বৈশ্যকন্যাতে অম্বষ্ঠ নামক জাতি হইয়াছে। ব্রাহ্মণ দ্বারা বৈশ্যাতে উৎপন্ন হওয়ায় এজাতি বৈশ্যের মত হইবে।' ইত্যাদি মিতাক্ষরার উক্তি দেখাইয়া থাকেন।*

৩। স্মার্ত্ত রঘুনন্দনের মতানুবর্ত্তী কোন কোন প্রাচীন বৈদ্য ভরতমল্লিকধৃত বচন উদ্ধৃত করিয়া আপনাদিগকে শূদ্রভাবাপন্ন বলিয়াই মনে করেন। যথা—

"শনৈঃ শনৈঃ ক্রিয়ালোপাদথ তা বৈদ্যজাতয়ঃ।
কলৌ শূদ্রসমা জ্ঞেয়া যথা ক্ষত্রা যথা বিশঃ॥ ইতি বিষ্ণুঃ।
'যুগে জঘন্যে দ্বে জাতী ব্রাহ্মণঃ শূদ্র এব চ' ইতি যমঃ।
'শনকৈস্তু ক্রিয়ালোপাদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ। বৃষলত্বং গতা লোকে ব্রাহ্মণাদর্শনেন চ।' ইতি মনুবচনং ধৃত্বা এবমম্বষ্ঠাদীনামপি কলৌ শূদ্রত্বমিতি স্ব স্ব গ্রন্থেষু বাচস্পতিমিশ্রাদিভিস্তথা শুদ্ধিতত্ত্বে স্মার্ত্তভট্টাচার্য্যেণাপ্যুক্তম্। অতএব কুলপঞ্জিকায়ামুক্তম্—

* ৺গঙ্গাধরের বিরুদ্ধপক্ষ বৈশ্যবাদিগণ বলেন—যে মহাভারতের উক্ত শ্লোক হইতে ব্রাহ্মণত্বের দাবী করা অসঙ্গত। মহাভারতের উক্ত প্রসঙ্গ দায়াধিকার লইয়া উক্ত হইয়াছে। ভারতটীকাকারগণও উক্ত প্রসঙ্গে 'মাতৃজাতীয়স্য বক্ষ্যমাণত্বাৎ' ইত্যাদি উক্তিদ্বারা মাতৃজাতিপ্রাপ্তির কথাই ঘোষণা করিয়াছেন। নচেৎ পর অধ্যায়ে বেদব্যাসের উক্তির সহিতই বিরোধ উপস্থিত হয়। বাস্তবিক সকল ধর্ম্মসূত্রে, স্মৃতিসংহিতাসমূহে ও স্বয়ং বেদব্যাস কর্ত্তৃক একান্তরজের মাতৃজাতিত্বই বিঘোষিত হইয়াছে। যথা—

গৌতমধর্ম্ম সূত্রে, 'অনুলোমা অনন্তরৈকান্তরদ্ব্যন্তরাসু জাতাঃ সবর্ণাম্বষ্ঠোগ্রনিষাদদৌষ্যন্তপারশবাঃ।" (৪।১৬)

মনুসংহিতায় (১০।২৮)—"যথা ত্রয়াণাং বর্ণানাং দ্বয়োরাত্মাস্য জায়তে।
আনন্তর্য্যাৎ স্বযোন্যান্তু তথা বাহ্যেষপি ক্রমাৎ"॥

মহাভারতে অনুশাসন পর্ব্বে (৪৮।৪)

"ভার্য্যাশ্চতস্রো বিপ্রস্য দ্বয়োরাত্মা প্রজায়তে।
আনুপূর্ব্বাদ্বয়োহীনো মাতৃজাত্যো প্রসূয়তঃ।"

অর্থাৎ ব্রাহ্মণের চারি বর্ণের ভার্য্যা নির্দ্দিষ্ট আছে। তন্মধ্যে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়কন্যার গর্ভজাত দুই পুত্র তাঁহার আত্মা বা তৎসদৃশ ব্রাহ্মণ হইবেন। তৎপরে অনুলোমক্রমে অপর দুই পত্নীর অর্থাৎ বৈশ্যকন্যা ও শূদ্রকন্যার গর্ভজাত দুই পুত্র হীন বলিয়া মাতৃজাতি প্রাপ্ত হইবে। ইত্যাদি

"অতিদিষ্টং হি বৈদ্যস্য শূদ্রত্বং ক্ষত্রিয়াদিবৎ।
তস্মাৎ ক্ষত্রবিশস্তুল্যো বৈদ্যঃ শূদ্রস্য পূজিতঃ॥" (চন্দ্রপ্রভা ৫ পৃঃ)

অর্থাৎ—ক্রমে ক্রমে ক্রিয়ালোপ হেতু ক্ষত্রিয় ও বৈশ্যজাতির ন্যায় বৈদ্য জাতিও কলিতে শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। যম বলিয়াছেন, এই জঘন্য কলিযুগে ব্রাহ্মণ ও শূদ্র এই ২টী মাত্র জাতি থাকিবে। ব্রাহ্মণের অদর্শন ও ক্রমে ক্রমে ক্রিয়ালোপহেতু এই সকল ক্ষত্রিয় জাতি বৃষলত্ব অর্থাৎ শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। মনুর বচন উদ্ধৃত করিয়া স্ব স্ব গ্রন্থে বাচস্পতিমিশ্র প্রভৃতি এবং শুদ্ধিতত্ত্বে স্মার্ত্ত ভট্টাচার্য্য কর্ত্তৃক কলিকালে অম্বষ্ঠাদিরও শূদ্রত্ব প্রতিপাদিত হইয়াছে। এই কারণেই প্রাচীন কুলপঞ্জিকায় উক্ত হইয়াছে যে, ক্ষত্রিয়াদির মত বৈদ্যও অতিদিষ্ট শূদ্র। (চন্দ্রপ্রভা)

কিরূপে বঙ্গীয় বৈদ্যজাতির উপবীত গেল, এ সম্বন্ধে অনেকে রামজীবনের নিম্নোক্ত আধুনিক কুলপঞ্জিকা উদ্ধৃত করিয়া থাকেন,—

"বল্লালসেনের পুত্র লক্ষ্মণসেন জান।
পিতাপুত্রে জন্মেছিল বিরোধ কারণ॥
পিতাপুত্রে বিসংবাদ উচিত না হয়।
বিশেষতঃ রাজা তুমি নাহিক আশ্রয়॥
দেশত্যাগ যুক্তিমাত্র উপায় কেবল।
তাহা ভিন্ন অন্ন যেবা সবই নিষ্ফল॥
এই বলি ভিন্ন দেশে তখনই যে গেল।
পূর্ব্বমত ব্যবহার সে দেশে করিল॥
কিছুক্ষণ এই ভাবে থাকে দুইজন।
পশ্চাতে উঠিল এক অশুভ লক্ষণ॥
লক্ষ্মণ বলিল বৈদ্যে ডাক দিয়া সবে॥
ঘুচাও ঘুচাও পৈতা শূদ্র বল এবে॥
লক্ষ্মণ অনুগত বৈদ্য পৈতা ঘুচাইল।
সেই হইতে বৈদ্যের পৈতা গিয়াছিল॥"

(রামজীবনকৃত কুলপঞ্জিকা)

এ সম্বন্ধে বৈদ্যসমাজে কিম্বদন্তী ও এইরূপ শুনা যায়, মহারাজ বল্লালসেন এক সময়ে অধর্ম জাতীয় কোন পদ্মিনী কন্যাকে বিবাহ সূত্রে গ্রহণ করেন। সেই হেতু তৎপুত্র লক্ষ্মণসেনের সহিত তাঁহার বিবাদ হয়। তাহাতে প্রায় সকল বৈদ্যই লক্ষ্মণের সহায় থাকেন। দীর্ঘকাল পিতার সহিত বিবাদ করিয়া তৎসমীপে বাস করা কঠিন মনে করিয়া লক্ষ্মণসেন বিক্রমপুর হইতে পশ্চিমাঞ্চলে চলিয়া যান। তখন লক্ষ্মণসেনের অনুগত বৈদ্যগণ যজ্ঞোপবীত ত্যাগ করিয়া শূদ্রাচারী হন। ইহার কারণ এই যে মহারাজ বল্লাল তাঁহাদিগকে পতিত মনে করিয়া গ্রহণচেষ্টা করিবেন না, এবং মহারাজের সংস্রবে না গেলেই তাঁহাদিগের জাতি ও ধর্ম্ম রক্ষা পাইবে। লক্ষ্মণ চলিয়া গেলে বল্লালের ভয়ে পূর্ব্বাঞ্চলের বৈদ্যগণ প্রায় সকলই যজ্ঞোপবীত ত্যাগ করিয়া শূদ্রাচারী হন; কিন্তু পশ্চিমাঞ্চলের বৈদ্যগণ পূর্ব্ববৎ বৈশ্যাচারপরায়ণই থাকেন। তৎপরে বিক্রমপুরের অন্তর্গত রাজনগরনিবাসী বৈদ্যকুলতিলক রাজা রাজবল্লভ সেন মহারাষ্ট্র, দ্রাবিড়, কান্যকুব্জ, মিথিলা, কলিঙ্গ ও বঙ্গদেশের নানা স্থান হইতে পণ্ডিতগণ আহ্বান করিয়া তাঁহাদিগের ব্যবস্থানুসারে অনেক বৈদ্যকে যথাবিধানে প্রায়শ্চিত্ত করাইয়া পুনর্ব্বার উপনয়ন দেন এবং নিজে গ্রহণ করেন। তদবধি অনেক বৈদ্য যজ্ঞোপবীত ধারণ করিয়া সাবিত্রী মন্ত্র উপাসনা করিয়া থাকেন এবং ১৫ দিন অশৌচ গ্রহণ করেন। অপরে পূর্ব্ববৎ শূদ্রসদৃশ অনুপনীত ও মাসাশৌচ গ্রহণ করিয়া আসিতেছেন।

বৈদ্যসমাজে উপবীত প্রবর্ত্তন।

কিন্তু উক্ত প্রবাদের মূলে কিছুমাত্র ঐতিহাসিক সত্য আছে বলিয়া মনে করি না। যদি বল্লাল-লক্ষ্মণ বিরোধই বৈদ্যজাতির উপবীত-লোপের কারণ হইত, তাহা হইলে দুর্জ্জয়দাস, চিরঞ্জীব, সঞ্জয়, যাদব, জগদীশ, ঘটকরায়, নারায়ণদাস অন্তরঙ্গ খান, চতুর্ভুজ, রামকান্ত কবিকণ্ঠহার, রাঘব কবিরাজ, জগন্নাথ প্রভৃতি প্রাচীন বৈদ্য কুলগ্রন্থকারগণ অবশ্যই সে কথা উল্লেখ করিতেন। বিশেষতঃ প্রায় ১৫৯৭ শাকে (১৬৭৫ খৃষ্টাব্দে) রাঢ়ীয় বৈদ্য কুলতিলক ভরতমল্লিক লিখিয়াছেন—

"অতিদিষ্টং হি বৈদ্যস্য শূদ্রত্বং ক্ষত্রিয়াদিবৎ।" (চন্দ্রপ্রভা ৫ পৃষ্ঠা)

উক্ত প্রমাণানুসারে বলা যাইতে পারে যে মহামতি ভরত মল্লিক যে সমাজে জন্ম গ্রহণ করেন, সেই প্রথিত রাঢ়ীয় বৈদ্য সমাজে তাঁহার সময়ে উপবীত প্রচলিত ছিল না, সাধারণে শূদ্রাচারী বলিয়াই গণ্য ছিলেন। এমন কি সুপ্রসিদ্ধ বৈষ্ণবশাস্ত্রবিৎ কৃষ্ণদাস কবিরাজ রাঢ়ীয় বৈদ্যবংশে জন্মিয়াও তিনি চৈতন্যচরিতামৃতে নিজ জাতিকে "শূদ্র" বলিয়াই পরিচিত করিয়াছেন। রাজা রাজবল্লভের অভ্যুদয় হইতেই রাঢ়ীয় ও বঙ্গজ উভয় বৈদ্যসমাজেই পুনঃ সংস্কার বা বৈশ্যাচারগ্রহণের সূত্রপাত হয়। রাজা রাজবল্লভ রাঢ়ীয় বৈদ্য সমাজের প্রধান সমাজ স্থান শ্রীখণ্ডে বিবাহ করেন এবং তাঁহার মুর্শিদাবাদের ভবনে কাশী, কাঞ্চী, দ্রাবিড় প্রভৃতি ভারতীয় সকল প্রধান পণ্ডিতকে আহ্বান করিয়া পুনঃ সংস্কারগ্রহণের ব্যবস্থা লইয়া ছিলেন। সেই ব্যবস্থাপত্রে লিখিত আছে—

"কড়ইধাদি গ্রামনিবাসিনামম্বষ্ঠানাং যজ্ঞোপবীতাদিকামিতি লোকদর্শনেন চ।" অর্থাৎ কড়ইধাদি গ্রামনিবাসী অম্বষ্ঠদিগের যজ্ঞোপবীতাদি এখনও নেত্রগোচর হইয়া থাকে। ইহাতেও জানা যাইতেছে যে ঐ ব্যবস্থাগ্রহণকালে শ্রীখণ্ডাদি প্রধান প্রধান বৈদ্যসমাজে যজ্ঞোপবীত প্রচলিত ছিল না, তাহা হইলে

অবশ্যই উক্ত ব্যবস্থাপত্রে এরূপ নিতান্ত অপ্রসিদ্ধ গ্রামের উল্লেখ থাকিত না।*

যাহা হউক, বৈদ্যরাজ রাজবল্লভের সময়ে প্রধান প্রধান বৈদ্যসমাজে দ্বিজাচার প্রচলিত না থাকিলেও একবারে যজ্ঞসূত্র-লোপ হইয়াছিল বলিয়া মনে হয় না। রাজা রাজবল্লভগৃহীত ব্যবস্থাপত্র দ্বারাই মনে হয় যে তখনও দুই এক ঘরের উপবীত ছিল। রাজবল্লভের সৌভাগ্যরবি যে সময় মধ্যাহ্ন গগনে অধিষ্ঠিত, সে সময়ে তিনি রাজকীয় প্রভাবে পশ্চিম বঙ্গেই প্রভাবান্বিত ছিলেন। [রাজা রাজবল্লভ সেন শব্দ দ্রষ্টব্য।] সুতরাং তাঁহার উদ্দেশ্য পশ্চিমবঙ্গে রাঢ়ীয় বৈদ্যসমাজে সুসিদ্ধ হইয়াছিল। বিশেষতঃ রাজবল্লভ অকুলীন। পূর্ব্ববঙ্গের কুলীন সমাজে প্রথমে তাঁহার তাদৃশ প্রতিপত্তি ছিল না। পূর্ব্ববঙ্গে একারণও সেরূপ সুবিধা ঘটে নাই। রাজা রাজবল্লভের সময় পর্য্যন্ত রাঢ়ীয় ও বঙ্গজ বৈদ্য মধ্যে যথেষ্ট বিবাহ সম্বন্ধ হইত। অনেকে মনে করেন যে রাঢ়ীয় বৈদ্যসমাজ 'দ্বিজাচার' গ্রহণ করিয়া বঙ্গজ সমাজের সহিত আদান প্রদান বন্ধ করেন। প্রকৃত প্রস্তাবে সেই সময় হইতেই রাঢ়ীয় ও বঙ্গজ বৈদ্যসমাজ যেন সম্পূর্ণ ভিন্ন হইয়া পড়িলেন।

যাহা হউক, বৈদ্যসমাজের পূর্ব্বাপর ইতিহাস আলোচনা করিলে মনে হইবে যে, বৌদ্ধপ্রভাবকালেই এই জাতির অভ্যুদয়। বৌদ্ধাধিকারে ভারতীয় আর্য্য সমাজের অবস্থা একটু রূপান্তর হইয়াছিল, তাহা পূর্ব্বোক্ত পালি অম্বট্ঠসুত্তের কাহিনী পাঠ করিলেই কতকটা বুঝা যায়। সে সময়ে জ্ঞানে ও ধর্ম্মনিষ্ঠায় যাঁহারা শ্রেষ্ঠ হইতেন, বিভিন্ন জাতি হইলেও তাঁহাদের মধ্যে পরস্পর বিবাহ সম্বন্ধ স্থাপনে বাধা হইত না। মানবের আত্যন্তিক দুঃখনিবৃত্তির উপায় উদ্ভাবনার্থ বুদ্ধদেবের অবতার। নানা-রোগ হইতে সাধারণকে মুক্তিদান বৌদ্ধসম্প্রদায়ের প্রধান লক্ষ্য ছিল, এজন্য কেবল মানবের বলিয়া নহে, পশুদিগের জন্যও চিকিৎসালয় প্রতিষ্ঠিত হইয়াছিল, সম্রাট্ অশোকের অনুশাসন হইতে তাহার যথেষ্ট প্রমাণ পাই। এ সময়ে শ্রমণ ও বৌদ্ধ গৃহী-সমাজে এবং প্রত্যেক সঙ্ঘারামে ঔষধ-বিতরণের ব্যবস্থা ছিল। বুদ্ধাবির্ভাবের পূর্ব্ববর্ত্তী ব্রাহ্মণযুগে যেরূপ চিকিৎসাবৃত্তি নিন্দনীয় ও পাতিত্যজনক ছিল, বৌদ্ধযুগে সেরূপ নিন্দনীয় ছিল না। তৎকালে প্রধানতঃ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, ও বৈশ্য তিন জাতিই উন্নত ছিলেন, এই তিনের সম্মিলনে বঙ্গীয় বৈদ্যসমাজের গঠন করিয়া সম্ভবতঃ বৈদ্য-কুলপঞ্জিকায় 'সত্যে বৈদ্যাঃ পিতৃ ইত্যাদি বচনের সৃষ্টি হইয়া থাকিবে। বৌদ্ধসমাজের অধ ও ব্রাহ্মণ্য প্রভাবের পুনরভ্যুদয় কালে, ব্রাহ্মণ-সমাজ অপর জাতি হইতে বিশেষত্ব রক্ষার জন্য স্বাতন্ত্র্য অবলম্বন সেই সঙ্গে বৈদ্যজাতির সহিতও তাঁহাদের পূর্ব্ব সম্পর্ক হইল। এই কারণেই গৌড়বঙ্গীয় বৈদ্যগণের ব্রাহ্মণপ্র বহু পরে লিখিত সদ্বৈদ্যকুলপঞ্জিকায় রাজপুত, কায়স্থ ও ত কায়স্থ-সম্বন্ধের যথেষ্ট প্রমাণ পাওয়া গেলেও ব্রাহ্মণ আভাস পাওয়া যায় না। যাহা হউক রাজপুত, কায়স্থ ও বঙ্গীয় বৈদ্য এই তিন জাতিই যৌনসম্বন্ধে হইয়াছিলেন, এবং এই সম্মিলনজাত বৈদ্যসন্তানগণ আভিজাত্যে ও বংশমর্য্যাদায় স্ব স্ব সমাজে শ্রেষ্ঠ বলিয়

কায়স্থ-বৈদ্য সম্বন্ধ

হইতেছেন। সাধারণের কৌতূহল জন্য প্রাচীন বৈদ্যকুলগ্রন্থ হইতে কতিপয় প্রমাণ উদ্ধৃত হইতেছে :—

১। সেনভূমি-রাজবংশীয় বিমল সেনের পুত্র বিনায় ইনি কুলচ্ছত্র লইয়া রাঢ়দেশে আগমন করেন। ইঁহ ধন্বন্তরি ও শুকসেন। ধন্বন্তরি এক গুপ্ত কন্যা বিবাহ ও শোভাকরনাগের কন্যা বিবাহ করেন। গুপ্তকন্যার গর্ভে আভ, কার্পটি ও রোষ* এই কয়জন এবং কায়স্থ-না গর্ভে গাণ্ডেয়ী ও শাঙ্গসেন জন্মগ্রহণ করেন। গাণ্ডেয়ী দৌহিত্র এবং পিতার কনিষ্ঠ পুত্র হইলেও তিনি ভ্রাতৃগণে সর্ব্বপ্রধান কুলীন বলিয়া সম্মানিত হইয়াছিলেন, যথা—

(ক) "বিনায়কাৎ সুতৌ জাতৌ ধন্বন্তরিশুকাবুভৌ।
ধন্বন্তরেশ্চ ষট্‌পুত্রাঃ বভূবুঃ পক্ষয়োর্দ্বয়োঃ॥
কাম আভঃ কার্পটিকো রোষো গুপ্তসুহিতৃজাঃ।
গাণ্ডেয়ী শাঙ্গসেনশ্চ নাগজায়াং বভূবতুঃ॥
নাগজাতনয়োহস্তেষাং গাণ্ডেয়ী তু বিশিষ্যতে।
কামাভকার্পটীরোষা দৈবাদ্ গ্লানিমুপাগতাঃ॥"

(রাঘব কবিরাজ ও কবিকণ্ঠহার ৪৭

(খ) "অয়ঞ্চ শোভাকরনাগকন্যাং ধন্বন্তরির্দৈববশাদ্য বাহ। দোষোহয়মস্মিন্ কুলজে ন লিখ্যতে চন্দ্রে সুধাধাম্নি যথা কল

* ৺ভরত মল্লিক রোষকে ধন্বন্তরির জ্যেষ্ঠ সহোদর বলিয়া করিয়াছেন,—

অয়ঞ্চ পুনস্তস্য কনিষ্ঠপুত্রো দৈবাদভূৎ শ্রেষ্ঠতমশ্চতুর্ণাম্।
বংশস্য কর্ত্তা কুলসম্পদাঢ্যশ্ছত্রং ধৃতং মূর্দ্ধনি যস্য পূর্ব্বৈঃ ॥"
(দুর্জ্জয়দাস)

(গ) "ধন্বন্তরে সুতাঃ পঞ্চ বনিতা-দ্বিতয়েঽভবন্।
আদ্যো গাণ্ডেয়িসেনোঽভূৎ খ্যাতকীর্ত্তিঃ পিতুঃ প্রিয়ঃ ॥
শোভাকরস্য নাগস্য দৌহিত্রৌ দৈবদোষতঃ ॥
অয়ং কনিষ্ঠপুত্রোঽপি জ্যেষ্ঠভাবং গত গুণৈঃ।
যস্য ভ্রাতৃপ্রধানস্য মূর্দ্ধি ছত্রং ধৃতং কিল ॥"
(৺ভরত মল্লিকের চন্দ্রপ্রভা ৭৬ পৃঃ)

২। ধন্বন্তরি গোত্রজ উক্ত গাণ্ডেয়ীসেনের ছয় পুত্র জন্মে, এই ছয় জনের মধ্যে হিঙ্গুসেন রাঢ় পরিত্যাগ করিয়া সেনহাটীতে গিয়া বাস করেন এবং তথায় সর্ব্বপ্রধান কুলীন বলিয়া খ্যাতি লাভ করেন। বৈদ্যকুলজ্ঞগণ কুলীনপ্রবর হিঙ্গুসেনের পিতা ও পুত্রগণের বিবাহের কথা উল্লেখ করিলেও আশ্চর্য্যের বিষয় ইঁহার বিবাহপ্রসঙ্গে সকলেই নীরব। বঙ্গজকায়স্থকুলাচার্য্য দ্বিজবাচস্পতির কারিকা হইতে জানিতে পারি যে বৈদ্যকুলীন হিঙ্গুসেন পুরবসুর কন্যাকে বিবাহ করেন। যথা—

"বৈদ্যায় হিঙ্গুসেনায় বনমালী পরোভবেৎ।
লজ্জাং দদৌ পুরস্তৈব জ্ঞাত্বা তদনুজস্ততঃ ॥
বনমালী ততঃ পশ্চাৎ ভুক্ত্বাশীর্ব্বাদতঃ কৃতিঃ।
কারয়িত্বা তদা গোষ্ঠীং ভ্রাতৃণাং সমতাং গতঃ ॥"

৩। উক্ত বিনায়কসেনের মত শক্তিগোত্রজ দুহিসেনের বংশও বঙ্গে প্রধান কুলীন বলিয়া খ্যাত। যথা, বীজী শক্তিধর সেন, তৎপুত্র শ্রীবৎস ও উমাপতি সেন, শ্রীবৎসসেনের তিন পুত্র দণ্ডপাণি, মহাব্রত ও পুণ্ডরীকাক্ষ। জ্যেষ্ঠ দণ্ডপাণিসেন হাতিঘোষের কন্যাকে বিবাহ করেন। তাঁহার কনিষ্ঠ পুণ্ডরীকাক্ষের পুত্রই বঙ্গজ কুলীনশ্রেষ্ঠ দুহিসেন। যথা—

"শক্তিগোত্রজ-সম্ভূতো শ্রীশক্তিধরসেনকঃ।
শক্তিধরাৎ সমুৎপন্নৌ বৎস উমাপতিসেনকৌ।
চায়ুদাসস্য সম্ভূতৌ বিদ্যাচারুবিভূষিতৌ ॥
বৎসসেনত্রয়ঃ পুত্রাঃ দণ্ডপাণি মহাব্রতঃ
পুণ্ডরীকাক্ষসেনশ্চ বাপীধরসুতাত্মজাঃ ॥
হাতীঘোষসুতা দণ্ডপাণিপরিণয়কৃতা।"
(৺রাঘবকবিরাজের বৈদ্যকুলদর্পণ)

৪। মৌদ্গল্যগোত্রজ দাসবংশের বীজপুরুষ পন্থদাস। পন্থদাসের কনিষ্ঠপুত্র 'ভিষঙ্‌মুনি' দেবলিদাস, এই দেবলীর চারি পুত্র শূলপাণি, তিলদাস, জয়দাস ও পুরদাস, এই চারিজনেই কুলীন বলিয়া সম্মানিত হন। শূলপাণির পুত্র ডোমনদাস কেশবপালের কন্যাকে বিবাহ করেন, সেই কায়স্থপালকন্যাগর্ভে ডোমনের উমাপতি ও হরিদাসের জন্ম, উভয়ের বংশই রাঢ়ীয় বৈদ্যসমাজে কুলীন বলিয়া গণ্য। যথা—

"য পন্থদাসস্য সুতঃ কনিষ্ঠো ভিষঙ্‌মুনির্দেবলিদাসনামা।
পরং চিকিৎসাভিজনাদ্বিনেয়োঽনবদ্যবিদ্যা গুণবান্ বিনীতঃ ॥
চতুস্তনুজা অপি তস্য জাতাস্তেষাগ্রজোঽভূদথ শূলপাণিঃ।
চতুঃসমুদ্রা ইহ দিক্ষুজাতাং কৌলীন্যগাম্ভীর্য্যসুশীলযুক্তাঃ।
শূলপাণেঃ সুতো জাতোনাম্না ডোমনদাসকঃ।
অপরা কন্যকা গুপ্তকৌতুকায় দদাবিমাম্ ॥
ডোমনস্য সুতৌ জাতা বুমাপতি হরি উভৌ।
পিতু র্বাদ্ধক্যদোষেণ কেশপালসুতাসুতৌ ॥"

উক্ত ডোমনবংশের কৌলীন্য সম্বন্ধে ৺ভরতমল্লিক বিশেষ করিয়া লিখিয়াছেন—

"বামনঃ শিবদাসশ্চ পন্থবংশে কুলাবুভৌ।
ডোমনঃ পালজামাতা বৈদ্যপালো ন বিদ্যতে ॥
বংশ্যো ডোমনদাসস্য বামনঃ কুলবান্ কথম্।
ইতি তর্কো ন কর্ত্তব্যো বামনে বহবো গুণাঃ ॥" (চন্দ্রপ্রভা)

অর্থাৎ পালবংশে বামন ও শিবদাশ উভয়েই কুলীন। ডোমনদাস পালবংশে বিবাহ করেন, কিন্তু বৈদ্যের মধ্যে পাল নাই; সুতরাং ডোমনদানবংশীয় বামন কিরূপে কুলীন হইবেন, এরূপ তর্ক করা কর্ত্তব্য নহে। কারণ বামনে বহু গুণ বিদ্যমান।

৫। উক্ত বিনায়ক সেনের জ্যেষ্ঠ পুত্র বংশীয় পশুপতিসেনের ধারা বিশ্বম্ভর সেনের জ্যেষ্ঠ পুত্র দামোদর সেন শ্রীহট্টের পরাই পালের কন্যাকে বিবাহ করেন—

"বিশ্বম্ভরস্য সেনস্য ত্রয়ঃ পুত্রাশ্চ জজ্ঞিরে।
দামোদরোঽথ পরমেশ্বরোঽথ ধরণীধরঃ ॥
এতে চামুকদৌহিত্রা বৌহারিগ্রামমাশ্রিতাঃ।
জ্যেষ্ঠস্য স্ত্রী শ্রীহট্টীয় পরায়িপালকন্যকা ॥" (চন্দ্রপ্রভা ৭০ পৃঃ)

৮। ধন্বন্তরি গোত্রে বিনায়কের পৌত্রে বহুপূর্ব্বে যেমন নাগ সম্বন্ধ ঘটিয়াছিল, পরে অপর বংশেও সেইরূপ নাগ সম্বন্ধ ছিল, তাহারও প্রমাণের অভাব নাই। মৌদ্গল্য গোত্রে বীজী চায়ুদাসের বংশে প্রসিদ্ধ কুলীন জয়দাস নাগকন্যাকে বিবাহ করিয়াছিলেন, এই জয়দাসের ধারা বঙ্গজ বৈদ্য সমাজে প্রসিদ্ধ—

"জয়দাসঃ পুণ্যশীলো নাগস্য দুহিতুঃ পতিঃ।
তস্মাজ্জাতো গণপতি র্ভৈরবোঽথ সুধাকরঃ ॥"
(কবিকণ্ঠহার ১১৫ পৃঃ)

৯। ধন্বন্তরি গোত্রজ ষষ্ঠ বীজি বিনসেনের পুত্র ধর্ম্মসেন, এই ধর্ম্মসেন গুহকন্যার পাণিগ্রহণ করেন, সেই গুহকন্যার গর্ভে

রাঘব ও গুণাকর নামে দুই পুত্র জন্মে। ইঁহাদের বংশধর ধলভূমে কুলীন বলিয়া খ্যাত। যথা—

"ধন্বন্তরিকুলে বীজী যঃ ষষ্ঠো বিনসেনকঃ।
তস্য বংশাবলী বক্ষ্যে ধলভূমিকৃতস্থিতেঃ॥
বিনসেনস্য তনয়াস্ত্রয়োঽমী ভুবি বিশ্রুতাঃ।
উমাপতির্ব্রহ্মসেনো ধর্ম্মসেনস্ততঃ পরঃ॥
ধর্ম্মসেনসুতৌ জাতৌ রাঘবোঽথ গুণাকরঃ।
গুহপদ্ধতিবৈদ্যস্য তনয়াগর্ভসম্ভবৌ॥ (চন্দ্রপ্রভা ২১১ পৃঃ)

এখানে ৺ভরত মল্লিক গুহকে বৈদ্য ধরিয়াছেন, কিন্তু বঙ্গদেশে কায়স্থ ভিন্ন অপর কোন জাতির মধ্যে 'গুহ' উপাধি দৃষ্ট হয় না। এখানেও যে গুহকায়স্থে সম্বন্ধ, তাহাতে সন্দেহ নাই।

৮। ৺ভরতমল্লিক ও কবিকণ্ঠহার ভাণ্ডার-কায়স্থের সহিতও সদ্বৈদ্যের সম্বন্ধ উল্লেখ করিয়াছেন। এখানে কবিকণ্ঠহার হইতে প্রমাণ দিতেছি। শক্তি-গোত্রজ দুহিসেন-বংশে মাধবের ধারায় রামভদ্রপুত্র রামানন্দসেন জগদানন্দ নামে এক ভাণ্ডার-কায়স্থকন্যা বিবাহ করেন,—

"এক এব সুতো জাতো রামভদ্রস্য ধীমতঃ।
রামানন্দাদজায়েতাং রত্নগর্ভা সুতাপি চ॥
জগদানন্দ-ভাণ্ডার-কায়স্থতনয়াসুতৌ।" (কবিকণ্ঠহার ৪২ পৃঃ)

৯। বঙ্গীয় বৈদ্যদিগের মধ্যে ঘৃতকৌশিক গোত্র নাই। ধলহণ্ডীয় ধন্বন্তরি যদুনন্দনসেনের ধারায় শুভানন্দের পুত্র গোবিন্দ হাতিগড়নিবাসী এক ঘৃতকৌশিক গোত্রীয় রামকৃষ্ণ দত্তের কন্যা বিবাহ করেন, তাহাতে এক কন্যা জন্মে। এই কন্যার সহিত চাঁপিতাগ্রামবাসী গোপালগুপ্তের বিবাহ হয়। একমাত্র কায়স্থ মধ্যে ঘৃতকৌশিক দত্ত দেখা যায়, সুতরাং এ সম্বন্ধও কায়স্থসম্বন্ধ সন্দেহ নাই। যথা—

"শুভানন্দস্য সেনস্য গোবিন্দস্তনয়োঽভবৎ।
পদ্মশেখরদাসস্য তনুজাগর্ভসম্ভবঃ॥
দ্বিতীয়ত্বেঽগ্রহীদাদ্য যাদবেন্দ্রস্য কন্যকাম্।
গোবিন্দঃ পুত্রহীনোঽয়ং পূর্ব্বং জগ্রাহ দৈন্যতঃ॥
ঘৃতকৌশিকগোত্রস্য হাতিগড় নিবাসিনঃ।
রামকৃষ্ণস্য তনয়াং তত্র কন্যা বভূব যা॥
দত্তা গোপালগুপ্তায় চাঁপিতাবাসিনে তু সা।"
(চন্দ্রপ্রভা ৫৫ পৃঃ)

ঐরূপ কি রাঢ়ীয় ও কি বঙ্গজ সদ্বৈদ্যদিগের মধ্যে বহু কায়স্থ সম্বন্ধের প্রমাণ পাওয়া যায়, বাহুল্য ভয়ে অধিক লেখা নিষ্প্রয়োজন। কেবল বৈদ্যকায়স্থ সম্বন্ধ লিখিয়াই ৺ভরত মল্লিক নিশ্চিন্ত হন নাই, তিনি সেনভূমির প্রথিত রাজবংশ হইতে এক বংশেই বৈদ্য ও কায়স্থ উভয় শাখা বাহির করিয়াছেন,—

"ধন্বন্তরিকুলে বীজী রাজা বিমলসেনকঃ।
তস্য বংশাবলীং বক্ষ্যে সেনভূমিনিবাসিনঃ॥
একো বিমলসেনস্য পুত্রোঽভূৎ পরমেশ্বরঃ।
পরমেশ্বরতো জজ্ঞে বাসুদেবো গুণিপ্রিয়ঃ॥
চিকিৎসাকার্য্যনৈপুণ্যাৎ শিখরেশাশ্রয়ং গতঃ।
সম্মানপূর্ব্বকং তেন স্থাপিতোঽয়ং মহীভুজা॥
বাসুদেবস্য তনয়োঽনন্তসেন ইতি স্মৃতঃ।
উভাভ্যাং শাস্ত্রশস্ত্রাভ্যাং পণ্ডিতো রাজপূজিতঃ॥
তস্যৈবানন্তসেনস্য নাথসেনঃ সুতোঽজনি।
বাঙ্গকুমারসংসর্গাদস্ত্রবিদ্যাবিশারদঃ॥
তস্যাস্ত্রবিদ্যামালোক্য প্রীতোঽভূৎ শিখরেশ্বরঃ।
হরিশ্চন্দ্রো দদৌ তস্মৈ তদ্দেশস্যৈকরাজতাম্॥
ততঃ পূর্ব্বার্জ্জিতং দেশং বিহারখণ্ডসাধিতম্।
পাঁহাড়দেশখণ্ডে চ নাথসেনোঽভবন্নৃপঃ॥
তদীয়াঃ পূর্ব্বপুরুষা রাজানস্তত্র চ স্থিতাঃ॥
ইতি মত্বাভবদ্রাজা নাথসেনোঽতিযত্নতঃ॥
নৃপতের্নাথসেনস্য পুত্রো বিজয়সেনকঃ।
স এব সর্ব্বসংগ্রামে মহারাজোঽভবদ্বলী॥
রাজ্ঞো বিজয়সেনস্য তনয়ৌ দ্বৌ বভূবতুঃ।
চন্দ্রবচ্চন্দ্রসেনোঽভূদ্বুধসেনো বুধোপমঃ॥
পদ্মোমাপতিদাসস্য তনয়াগর্ভসম্ভবৌ।
অপরা কন্যকা জাতা সা দত্তা নিজপৌরুষাৎ॥
তেন হেরম্বদাসায় পদ্মবংশসমুদ্ভবে।
চন্দ্রসেনোঽভবদ্রাজা ভিষজামপি সম্মতঃ॥
লক্ষ্মীনারায়ণঃ খ্যাতো দেবভূদেবসেবকঃ।
ভূপতেশ্চন্দ্রসেনস্য অষ্টাদশ কুমারকাঃ॥
চন্দ্রখানাদয়ো জাতাঃ স্বতন্ত্রাঃ সর্ব্ব এব হি।
অষ্টৌ সুতা অপরাশ্চ চন্দ্রখানাদয়োঽভবন্॥
যে সারাস্তে চ সদ্বৈদ্যাঃ কুলকার্য্যেষু তৎপরাঃ।
অষ্টৌ পুত্রাস্ততঃ সর্ব্বেঽসারাঃ কায়স্থজাতয়ঃ॥
সারেষু তেষু পুত্রেষু রাজা কেশবসেনকঃ।
অস্যানুজোঽভবৎ পুত্রো নারায়ণ ইতি স্মৃতঃ॥
নারায়ণস্য চরমাশ্চতুঃ পুত্রা গুণান্বিতাঃ।
কন্দর্পসেনঃ প্রথমঃ কুলানন্দ ঋষিঃ পরঃ॥
যশসেনশ্চ ষড়মী খণ্ডে দাসসুতাসুতাঃ।
তৎপক্ষে কন্যকা জাতা সা দত্তা নিজপৌরুষাৎ॥
তেনৈব রামসেনায় ঘয়িসেনকুলোদ্ভবে।
গয়িসেনঃ স্বল্পরাজঃ রামসেনস্ততঃ পরঃ॥
ঠেঙ্গাপঞ্চাননঃ খ্যাতো দৈত্যসেনোঽথ তৎপরঃ।

দাতা ভোক্তা স্বল্পরাজঃ কান্দুখান ইতি স্মৃতঃ ॥
দানসেনঃ শিখরভূ-মুক্তিদাসসুতাসুতাঃ।
তেন দোকড়িগুপ্তায় গুপ্তোদয়নসূনবে ॥
অসারেষ্বপি পুত্রেষু চন্দ্রখানঃ প্রতাপবান্।
ততশ্চামরসেনোঽভূদ্বলবান্ অস্ত্রপণ্ডিতঃ ॥
গন্ধর্ব্বো ভীপুরীয়স্য ষাঠগুপ্তস্য সূনুজাঃ।
তৎপক্ষে কন্যকা গুপ্ততপনস্য বধূরভূৎ ॥
ধর্ম্মসেনো ভীপুরীয় তপগুপ্তসুতাসুতঃ।
নেপালশ্চ হরানন্দ আদ্যহিঙ্গুসুতাসুতৌ ॥
তৎপক্ষে কন্যকা জাতা গুপ্তাশ্বপতয়ে দদৌ।
এতে চাষ্টাদশ সুতাশ্চন্দ্রখানাদয়োঽভবন্ ॥
অষ্ট তেষামসৎকার্য্য কুসম্বন্ধপরায়ণাঃ।
দশ সৎকার্য্যনিপুণাঃ কুলকার্য্যপরায়ণাঃ ॥"(চন্দ্রপ্রভা ২১০পৃঃ)

অর্থাৎ ধন্বন্তরিকুলের সেনভূমিনিবাসী রাজা বিমলসেনের বংশাবলি বলিব। বিমলসেনের পরমেশ্বর নামে এক পুত্র হয়। পরমেশ্বর হইতে গুণিপ্রিয় বাসুদেব জন্মে। চিকিৎসাশাস্ত্রে বিশেষ পারদর্শী ছিলেন বলিয়া তিনি শিখররাজের আশ্রয় প্রাপ্ত হন। শিখররাজ তাঁহাকে সম্মানের সহিত স্থাপিত করেন। বাসুদেবের পুত্র অনন্তসেন। তিনি শস্ত্র ও শাস্ত্র উভয় বিদ্যায় পণ্ডিত ও রাজপূজিত ছিলেন। সেই অনন্তসেনের পুত্র নাথসেন। ইনি বাঙ্গকুমারসংসর্গে অস্ত্রবিদ্যায় পারদর্শী হইয়াছিলেন। তাঁহার অস্ত্রবিদ্যাদর্শনে প্রীত হইয়া শিখররাজ হরিশ্চন্দ্র তাঁহাকে নিজ রাজ্যের একাংশ দান করেন। তাঁহার পূর্ব্বার্জ্জিত বিহারখণ্ডের অন্তর্গত পাহাড়খণ্ডে বা সেনপাহাড়ীতে নাথসেন রাজা হইলেন। সেনপাহাড়ীর নাম দৃষ্টে তাঁহার পূর্ব্বপুরুষ তথায় রাজত্ব করিতেন, মনে মনে এইরূপ ভাবিয়া নাথসেনও তথায় ভাল করিয়া রাজা হইলেন। নাথসেনের পুত্র বিজয়সেন, তিনিও সকল যুদ্ধে বীরত্ব দেখাইয়া মহারাজ হইয়াছিলেন। রাজা বিজয়সেনের দুই পুত্র; প্রথম চন্দ্রের মত চন্দ্রসেন; অপর পণ্ডিতের উপমাস্থল বুধসেন। উভয়ে পদ্মদাস বংশীয় উমাপতির কন্যার গর্ভে জন্মগ্রহণ করেন। নাথসেনের এক কন্যা জন্মে, তিনি পদ্মদাসবংশীয় হেরম্বদাসকে ঐ কন্যা দান করেন। চন্দ্রসেন চিকিৎসকদিগের সম্মতিতে রাজা হইয়াছিলেন। তিনি দেবব্রাহ্মণসেবক লক্ষ্মীনারায়ণ নামে খ্যাত। রাজা চন্দ্রসেনের ১৮ টি কুমার হয়, এই ১৮ জনের মধ্যে চন্দ্রখান প্রভৃতি ৮ জনের আবার একটু স্বাতন্ত্র্য আছে। তাঁহারা নিম্নশ্রেণির কায়স্থজাতিতে পরিগণিত হন এবং অপর যাঁহারা ছিলেন, তাঁহারাই উচ্চশ্রেণির সদ্‌বৈদ্য ও কুলকার্য্যে তৎপর। সেই সকল সারপুত্রদিগের মধ্যে রাজা কেশবসেন এবং তাঁহার অনুজ নারায়ণ জন্মগ্রহণ করেন। নারায়ণের অনুজ কন্দর্প, কুলানন্দ, ঋষি ও যশসেন, উক্ত ছয়জনই শ্রীখণ্ডের দাসসুতা হইতে জাত। এ পক্ষে যে কন্যা জন্মিয়াছিল, সেই কন্যা ধন্বিসেন-কুলোদ্ভূত রামসেনকে সম্প্রদান করা হয়। (চন্দ্রসেনের অপর পুত্রগণের নাম—গয়িসেন, স্বল্পরাজ, রামসেন, ঠেঙ্গা-পঞ্চানন, দৈত্যসেন ও দানসেন এই কয়জন শিখরভূমিবাসী মুক্তিদাসের কন্যা হইতে উৎপন্ন। এই পক্ষে যে কন্যা জন্মে, তাহাকে উদয়নগুপ্তসুত দোকড়িগুপ্তকে সম্প্রদান করা হয়। উক্ত স্বল্পরাজ অত্যন্ত দাতা ও ভোক্তা এবং কান্দুখান নামে প্রসিদ্ধ ছিলেন।

কায়স্থজাতীয় পুত্রগণের মধ্যে চন্দ্রখান অত্যন্ত প্রবল প্রতাপান্বিত ছিলেন, ইহার পর বলবান্ এবং অস্ত্রবিদ্যাবিশারদ অমরসেন তাঁহার অনুজ, তৎপরে গন্ধর্ব্বসেন ভীপুরীয় ষাঠগুপ্তের দৌহিত্র। অপর পক্ষে যে কন্যা জন্মে সেই কন্যা তপনগুপ্তের বধূ। ধর্ম্মসেন ভীপুরীয় তপগুপ্তের দৌহিত্র।

নেপাল ও হরানন্দ আদ্যহিঙ্গুর দৌহিত্র। এই দুহিতা হইতে উৎপন্ন কন্যা অশ্বপতি গুপ্তকে দান করা হয়। চন্দ্রসেনের চন্দ্রখানাদি এই অষ্টাদশ পুত্র হয়। ইঁহাদের মধ্যে ৮ জন অসৎকার্য্য ও কুসম্বন্ধপরায়ণ এবং ১০ জন সদনুষ্ঠানকারী ও কুলকার্য্যপরায়ণ।

উপরোক্ত বিবরণ হইতে কি মনে হয় না, কি রাঢ়ীয় কি বঙ্গজ উভয় বৈদ্যসমাজের কুলীন ও বংশজ মধ্যে বিশেষভাবে কায়স্থ সম্বন্ধ ঘটিয়াছিল। এমন কি সেনভূমের যে রাজবংশ বৈদ্য-সমাজের সমাজপতি বলিয়া সর্ব্বত্র সম্মানিত ছিলেন, সেই রাজ-বংশ হইতে কায়স্থ ও বৈদ্য উভয় শাখার উৎপত্তি। এমন কি ভরতমল্লিকের 'চন্দ্রপ্রভা' হইতে বেশ প্রমাণিত হইতেছে যে, সেনভূমের ধন্বন্তরিগোত্রজ রাজবংশে যাঁহারা 'কায়স্থজাতি' বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছিলেন, তাঁহাদের সহিত কেবল কায়স্থ সম্বন্ধ নহে, বৈদ্যসম্বন্ধও ছিল এবং তাঁহারা "বলবান্ অস্ত্রপণ্ডিত" বলিয়াও প্রসিদ্ধ ছিলেন। আমাদের বিশ্বাস যে, বল্লালী কৌলীন্য প্রভাবেই গৌড়ীয় বৈদ্য ও কায়স্থ সমাজ স্বতন্ত্র হইয়া পড়িয়াছেন। যেখানে যেখানে বল্লালী কৌলীন্যপ্রভাব যায় নাই, এখনও সেই সেই স্থানে পূর্ব্বাপর অবাধে বৈদ্যকায়স্থসম্বন্ধ চলিয়াছে। ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও নোয়াখালী জেলায় এখনও সেই পুরাতন রীতি প্রচলিত রহিয়াছে। বৈদ্যকুলজ্ঞগণ বৈদ্যজাতির উৎপত্তি প্রসঙ্গে যে সকল স্মার্ত্ত ও পৌরাণিক প্রমাণ উদ্ধৃত করিয়া থাকেন, তাহা কাল্পনিক বলিয়া মনে করি। বৌদ্ধাধিকার কালে গৌড়ীয় ব্রাহ্মণ কায়স্থ হইতেই যে এখানকার বৈদ্যসমাজের পুষ্টি হইয়াছে, বৈদ্যসমাজের রীতিনীতি,

আচার ব্যবহার হইতেও তাহা অনুমিত হয়। ব্রাহ্মণাভ্যুদয়ের পর এই জাতি ব্রাহ্মণসমাজ হইতে সম্পূর্ণ ভিন্ন হইয়া পড়িলেও কৌলীন্যপ্রথার কঠোর বন্ধনেও কায়স্থসমাজ হইতে বৈদ্যসমাজ ভিন্ন হইতে পারেন নাই। আশ্চর্য্যের বিষয় শক্তিগোত্রীয় বঙ্গজ কুলীন কবিরাজ রাঘব তাঁহার সদ্‌বৈদ্যকুলদর্পণে নিজ পূর্ব্ব পুরুষের পরিচয়-প্রারম্ভে—

"গণেশরামকৃষ্ণাশ্চ তুঙ্গাদিত্য মহেশ্বর।
পিতাগুরু পরংব্রহ্ম চিত্রগুপ্ত নমোহস্তু তে॥"

ইত্যাদি শ্লোকের দ্বারা আদিকায়স্থ চিত্রগুপ্তকে স্মরণ করিয়াছেন।*

পূর্ব্বেই বলিয়াছি, বৌদ্ধাধিকারকালে বৈদ্যসম্প্রদায়ে ক্ষত্রিয়-সম্বন্ধ ছিল। পালি অম্বষ্ঠসূত্র হইতে তাহার আভাস পাওয়া গিয়াছে। জৈন ও বৌদ্ধাধিকারে ক্ষত্রিয়প্রাধান্যেরই নিদর্শন রহিয়াছে। তাই সুপ্রাচীন জৈন ও বৌদ্ধগ্রন্থে ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয় শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত হইয়াছে। এই প্রাধান্য লোপ করিবার উদ্দেশ্যে পুনর্ব্রাহ্মণাভ্যুদয়কালে ব্রাহ্মণনিবন্ধকারগণ ক্ষত্রিয়জাতিরও বিলোপসাধনে উদ্যত হইয়াছিলেন, তাহারই ফলে এখানে "যুগে জবন্যে দ্বে জাতী ব্রাহ্মণঃ শূদ্র এব চ" ইত্যাদি কল্পিত শ্লোকের সৃষ্টি হইয়াছিল। সেই জন্যই ব্রাহ্মণাভ্যুদয়ের বহু পরবর্ত্তী বৈদ্যকুলগ্রন্থসমূহে মসিজীবী কায়স্থের সম্বন্ধ বিবৃত হইলেও যে অসিজীবী জাতি ব্রাহ্মণ বিরুদ্ধে অভ্যুদিত হইয়াছিল, তাহাদের সংস্রবের কথা স্থান পায় নাই। তবে বৈদ্য জাতির মধ্য হইতেও যে পূর্ব্বতন ক্ষত্রিয়বৃত্তি এক কালে বিলুপ্ত হয় নাই, তাহা সেনভূমির রাজবংশের ক্রিয়াকলাপ হইতে স্পষ্ট প্রমাণিত হইবে। যাহা হউক, খৃষ্টীয় ১৭শ শতাব্দের প্রথমে উচ্চ বৈদ্যজাতির সহিত বিশেষভাবে রাঠোর-শাখার রাজপুত সম্বন্ধ ঘটিয়াছিল, সকল কুলগ্রন্থ হইতেই তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। এই রাজপুত সম্বন্ধ প্রসঙ্গে নানা কিম্বদন্তী কল্পিত হইলেও উহা যে প্রাচীন প্রথারই ক্ষীণস্মৃতি তাহাতে সন্দেহ নাই।

রাজপুত সম্বন্ধ

লালা উপাধিধারী নীলকণ্ঠ নামে এক বীরপুরুষ ছিলেন।† মোগলসম্রাট্ অরঙ্গজেব ইঁহার কৃতিত্বে মুগ্ধ হইয়া ইঁহাকে "রাজা সংগ্রামসাহ" উপাধি দান করেন। তিনি মগদস্যুদিগকে দমন করিবার জন্য পূর্ব্ববঙ্গে জায়গীর দিয়া সংগ্রামকে এখানে পাঠাইয়া দেন। এদেশে আসিয়া তিনি উচ্চ বৈদ্যজাতির সহিত সম্বন্ধ করিতে থাকেন। তিনি কেবল নিজে কুলীন বৈদ্যের কন্যা বিবাহ করিয়া ক্ষান্ত হন নাই।

অপর শ্রেষ্ঠ বৈদ্যগণের সহিতও পুত্রকন্যার আদান প্রদান করিয়া ছিলেন। তাঁহার বংশধরগণ অদ্যাপি পূর্ব্ববঙ্গে ও চট্টগ্রামে বাস করিতেছেন—সকলেই পূর্ব্বাপর বৈদ্য সম্বন্ধ করিয়া আসিতেছেন। ইঁহাদের গোত্র শালঙ্কায়ন, উপাধি দাস। কবিকণ্ঠহার হইতে কতিপয় শালঙ্কায়ন সম্বন্ধ উদ্ধৃত হইল—

শক্তি হিংসেন-বংশে—

(১) "তিস্রঃ কন্যাস্ত্রয়ঃ পুত্রা দুর্গাদাসাচ্চ জজ্ঞিরে।
রাজ্ঞঃ সংগ্রামসাহস্য তনয়াগর্ভসম্ভবাঃ॥"
(কবিকণ্ঠহার ১২পৃঃ)

(২) "সদাশিবাত্রয়ঃ পুত্রা গোপীরমণসেনকঃ।...
হৃষীকেশসুতাপুত্রা কন্যামেকাং ব্যুবাহ চ।
শালঙ্কায়নসম্ভূত-সংগ্রামসাহভূপতিঃ॥" (ঐ ৪০ পৃঃ)

(৩) "মাধবো জগদানন্দো গোপীরমণতঃ সুতৌ।
দ্বে কন্যে জ্ঞাননিয়োগিতনয়াগর্ভসম্ভবঃ॥
শিবনাথো ব্যুবাহৈকাং পরিণীতা পরা সুতা।
শালঙ্কায়নসম্ভূতগোপীকান্তেন ভূভুজা॥" (ঐ ৪০ পৃঃ)

ধন্বন্তরি বিনায়কবংশে—

(১) "পুরুষোত্তমসেনাচ্চ কবিবল্লভসংজ্ঞিতঃ।
একা কন্যা বিশ্বনাথো ভবনাথশ্চ জজ্ঞিরে॥
রামনাথঃ শিবনাথো দেবনাথঃ সুতাপি চ।
সংগ্রামসাহকন্যায়াং রঘুনাথাদুভৌ সুতৌ।" (কণ্ঠহার ৮৩ পৃঃ)

কাশ্যপ ত্রিপুর গুপ্ত-বংশে—

"রামানন্দশ্চ জগদানন্দশ্চ হরিগুপ্ততঃ।
তথৈকা তনয়া জাতা পরিণীতা চ সা সতী।
শালঙ্কায়নগোত্রেণ লক্ষ্মীনাথেন ভূভুজা॥" (ঐ ১৭৩ পৃঃ)

বৈদ্যকুলগ্রন্থকারগণ মৌলিক সমাজের সম্বন্ধ উল্লেখ করেন নাই, তাহা হইলে আমরা ঐরূপ বহুতর কায়স্থ ও লালা (সাহ) সম্বন্ধ দেখিতে পাইতাম।

বড়ই আশ্চর্য্যের বিষয় যে বঙ্গের অপর সকল জাতির অস্তিত্ব ভারতের অন্যত্র দৃষ্ট হইলেও এই বৈদ্যজাতির অস্তিত্ব বাঙ্গলা ভিন্ন অপর কোথাও নাই। উত্তর-পশ্চিম ও বেহারে শাকদ্বীপী ব্রাহ্মণ ও কায়স্থগণ সাধারণতঃ চিকিৎসা বৃত্তি করিয়া থাকেন, অথচ তাঁহাদের সহিত বঙ্গীয় বৈদ্যগণের কোন সম্বন্ধের কোন প্রমাণ পাওয়া যায় নাই। বৈদ্যকুলগ্রন্থ মতে, নন্দ্যাদি মহারাষ্ট্রে গিয়া বাস করেন। কেহ কেহ মনে করেন, তথাকার

* শক্তি হিংসুসেনবংশীয় কুলীন বঙ্গসাহিত্যে লব্ধপ্রতিষ্ঠ শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়ের সংগৃহীত দুইশত বর্ষের হস্তলিখিত রাঘবের বৈদ্যকুলদর্পণে উক্ত শ্লোক পাওয়া গিয়াছে।

† লালা উপাধি দেখিয়া কেহ কেহ ইঁহাকে পশ্চিমালালা কায়স্থ বলিয়াও মনে করেন, কিন্তু রাঠোর রাজপুত বলিয়াই সর্ব্বত্র পরিচিত।

'সেন্‌বি' ব্রাহ্মণেরাই এখানকার বৈদ্যজাতির অবান্তর শাখা কিন্তু সেন্‌বিদিগের মধ্যে কোন দিন চিকিৎসাবৃত্তি নাই; এরূপ স্থলে সেন্‌বিদিগের সহিত এখানকার বৈদ্যগণের কিরূপে সাজাত্য নিরূপিত হইতে পারে? বাস্তবিক বলিতে কি এই উন্নত-জাতির প্রকৃত উৎপত্তির ইতিহাস গাঢ় তমসাচ্ছন্ন। পূর্ব্ব-ভারতে বৌদ্ধপ্রভাবকালে যে এই জাতির স্বতন্ত্র সমাজ গঠিত হইতেছিল, তাহাতে সন্দেহ নাই।

রাঢ়ীয় বৈদ্যসমাজের বিবরণ।

এক্ষণে বঙ্গদেশের বৈদ্যদিগের সমাজ সাধারণতঃ চারিটী—পঞ্চকোট', রাঢ়ীয়, বঙ্গজ, বারেন্দ্র। পঞ্চকোট সমাজ দুই প্রধান শাখায় বিভক্ত, সেনভূম ও বীরভূম। মানভূম জেলার বৈদ্যগণ সেনভূম সমাজের অন্তর্গত। আর বীরভূম জেলার বৈদ্যগণ বীরভূম-সমাজের অন্তর্গত। দুঃখের বিষয়, এই দুইসমাজের বিশেষ বিবরণ আমাদের হস্তগত হয় নাই।

রাঢ়ীয় সমাজ প্রধানতঃ তিন শাখায় বিভক্ত—শ্রীখণ্ড সমাজ, সাতশৈকা সমাজ এবং সপ্তগ্রাম সমাজ। ত্রিবেণী, কাঁচড়াপাড়া, কুমারহট্ট, সোমড়া, সুকড়ে, নাটাগড়, দিগড়ে, বালগড়, গুপ্তি-পাড়া প্রভৃতি ভাগীরথীর তীরবর্ত্তী স্থানসমূহের বৈদ্যগণ সপ্তগ্রাম সমাজের অন্তর্গত। পূর্ব্বসীমা কাল্‌না, পশ্চিমসীমা বর্দ্ধমানের পশ্চিমপ্রান্ত, উত্তরসীমা কাঁটোয়া ও দক্ষিণ সীমা পাণ্ডুয়া এই চতুঃসীমার অন্তর্গত বৈদ্যগণ সাতশৈকা-সমাজের অন্তর্ভুক্ত। কাঁটোয়ার উত্তর দিকে অবস্থিত স্থানের বৈদ্যগণ সাহঙ্কারে আপনাদিগকে শ্রীখণ্ডসমাজের বৈদ্য বলিয়া পরিচয় দেন। ইহাঁরা সর্ব্বাপেক্ষা সদাচারসম্পন্ন।

রাঢ়ীয় সদ্বৈদ্য বা কুলীন সমাজের পরিচয় দিবার জন্য বহু বৈদ্যপণ্ডিত লেখনী ধারণ করিয়াছিলেন, তন্মধ্যে ভূরিশ্রেষ্ঠীরাজসভাপণ্ডিত প্রসিদ্ধ টীকাকার ৺ভরত মল্লিকরচিত কুলগ্রন্থই রাঢ়ীয় বৈদ্যসমাজে প্রামাণিক বলিয়া সমাদৃত। তিনি দুইখানি কুলগ্রন্থ রাখিয়া গিয়াছেন—চন্দ্রপ্রভা ও রত্নপ্রভা। চন্দ্রপ্রভা বৃহৎগ্রন্থ, ইহাতে রাঢ়াগত বীজপুরুষ হইতে ভরতের সময় পর্য্যন্ত সকল সদ্বৈদ্যের বংশাবলী ও কুলপরিচয় আছে। রত্নপ্রভায় কেবল খাঁটী কুলীনদিগের পরিচয় দৃষ্ট হয়। ভরত মল্লিকের কুলগ্রন্থে দুর্জ্জয়দাস, চিরঞ্জীব, সঞ্জয়, যাদবরায়, জগদীশ, ঘটকরায়, নারায়ণদাস অম্বরঙ্গখান প্রভৃতি কুলগ্রন্থকারের বচন উদ্ধৃত হইয়াছে। সম্ভবতঃ ভরত মল্লিকের গ্রন্থ সর্ব্বত্র আদৃত হইলে ঐ সকল প্রাচীন কুলগ্রন্থগুলি অপ্রচলিত হইয়া পড়ে।

রাঢ়ীয় কুলগ্রন্থ

ভরতমল্লিকের চন্দ্রপ্রভা হইতে রাঢ়ীয় সমাজের যেরূপ পরিচয় পাওয়া গিয়াছে, নিম্নে তাহা উদ্ধৃত হইল। দুঃখের বিষয় ৺ভরতমল্লিকের পর আর কোন বৈদ্যকুলজ্ঞ তাঁহার ন্যায় রাঢ়ীয় বৈদ্য সমাজের পরিচয় দিবার জন্য লেখনী ধারণ করেন নাই।

বৈদ্যগণের গোত্র।

বৈদ্যপণ্ডিত ভরতমল্লিক চন্দ্রপ্রভায় এইরূপ লিখিয়াছেন,—

সেনদাসাদি বৈদ্যগণের যে অষ্টাবিংশতি গোত্র আছে, পৃথক্ পৃথক্ ভাবে ক্রমশঃ তাহার উল্লেখ করা যাইতেছে। যথা,—ধন্বন্তরি, শক্তি, বৈশ্বানর, আত্ম, মৌদ্গল্য, কৌশিক, কৃষ্ণাত্রেয়, ও আঙ্গিরস, সেনদিগের এই আটটী গোত্র।

মৌদ্গল্য, ভরদ্বাজ, শালঙ্কায়ন, শাণ্ডিল্য, বশিষ্ঠ ও বাৎস্য দাসোপাধিধারী বৈদ্যের এই ছয়টী গোত্র।

গুপ্তদিগের কাশ্যপ, গৌতম ও সাবর্ণি, মাত্র এই তিনটী গোত্র।

কৌশিক, কাশ্যপ, শাণ্ডিল্য ও মৌদ্গল্য দত্তোপাধিক বৈদ্য-গণের এই চারিটী গোত্র।

বৈদ্যদিগের মধ্যে যাঁহাদের দেব উপাধি তাঁহাদের আত্রেয়, কৃষ্ণাত্রেয়, শাণ্ডিল্য ও আলমান, এই গোত্রচতুষ্টয়।

করগণের গোত্র—ভরদ্বাজ, পরাশর, বশিষ্ঠ ও শক্তি।

রাজদিগের বাৎস্য ও মার্কণ্ডেয়। সোমদিগের কৌশিক ও কাশ্যপ। নন্দীদিগের মৌদ্গল্য। চন্দ্রদিগের বশিষ্ঠ। ধরদিগের কাশ্যপ। কুণ্ডদিগের ভরদ্বাজ। রক্ষিতদিগের কাশ্যপ।১

---

(১) "অষ্টাবিংশদমী গোত্রাঃ সর্ব্বেষাং ভিষজামপি।
প্রত্যেকং তে বিলিখ্যন্তে সেনদাসাদিতঃ ক্রমাৎ॥
ধন্বন্তরিশ্চ শক্তিশ্চ তথা বৈশ্বানরাত্মকৌ।
মৌদ্গল্যকৌশিকৌ কৃষ্ণাত্রেয় আঙ্গিরসোঽপি চ॥
অষ্টৌ গোত্রাণি সেনানাং দাসানাং তদনন্তরম্।
মৌদ্গল্যোঽথ ভরদ্বাজঃ শালঙ্কায়ন এব চ॥
শাণ্ডিল্যশ্চ বশিষ্ঠশ্চ বাৎস্যশ্চ ষড়মী মতাঃ।
গুপ্তানাং ত্রীণি গোত্রাণি কাশ্যপো গৌতমস্তথা॥
সাবর্ণিরপি দত্তানাং চত্বারঃ পরিকীর্ত্তিতাঃ।
কৌশিকঃ কাশ্যপশ্চৈব শাণ্ডিল্যশ্চাপি তৎপরঃ॥
মৌদ্গল্য ইতি বিজ্ঞেয়াশ্চত্বারো দেবসম্ভবাঃ।
আত্রেয়কৃষ্ণাত্রেয়ৌ চ শাণ্ডিল্য আলমানকঃ॥
করাণামপি চত্বারো ভরদ্বাজঃ পরাশরঃ।
বশিষ্ঠশক্তী রাজন্য দ্বৌ বাৎস্যস্তদনন্তরম্॥
মার্কণ্ডেয় উভৌ সোমে কৌশিকঃ কাশ্যপস্তথা।
মৌদ্গল্যো নন্দিনশ্চৈকশ্চন্দ্রস্যৈকো বশিষ্ঠকঃ॥
ধরস্য কাশ্যপঃ প্রোক্তঃ ভরদ্বাজশ্চ কুণ্ডজঃ।
কাশ্যপো রক্ষিতস্যৈকো গোত্রা এতে প্রকীর্ত্তিতাঃ॥

কোন কোন দেশে পূর্ব্বোক্ত দত্তদিগের আত্ম গোত্রীয় এবং দেশভেদে আত্রেয় ও কৃষ্ণাত্রেয় গোত্রীয় বহু বৈদ্যসন্তান পরিদৃষ্ট হয়, অতএব দত্তবংশীয় বৈদ্যদিগের মধ্যে সর্ব্বশুদ্ধ সাতটী মাত্র গোত্র হইতেছে। এইরূপে করদিগের মধ্যেও দেশভেদে কাশ্যপ, বাৎস্য ও মৌদ্গল্য গোত্রীয় অনেকানেক বৈদ্যসন্ততি বিদ্যমান থাকায় উঁহারাও সাতটী গোত্রে বিভক্ত দেখা যায়। রাজের মধ্যেও কোন কোন স্থানে কাশ্যপ গোত্র আছে, সুতরাং তাঁহারাও সর্ব্বসমেত তিনটী গোত্রে বিভক্ত। এইরূপ ধরের মধ্যে জামদগ্ন্য এবং রক্ষিতের মধ্যে ভরদ্বাজ গোত্রের কথা শুনা যায়।

পূর্ব্বোক্ত উপাধিগুলি ভিন্ন বৈদ্যের মধ্যে ইন্দ্র ও আদিত্য বলিয়া অপর যে দুইটী উপাধি আছে, তাহাদেরও গোত্রসংখ্যার পৃথক্ পৃথক্ উল্লেখ করা যাইতেছে—

ইন্দ্রের—কাশ্যপ এবং আদিত্যের আদিত্য ও কৌশিক গোত্র।

এক্ষণে দেখা যাইতেছে, বৈদ্যগণের মধ্যে সর্ব্বশুদ্ধ পঞ্চাশটী গোত্র, এতদ্ভিন্ন দেশান্তরেও ইহাঁদিগের অন্য কোন গোত্রের উল্লেখ পাওয়া যায় না। যদিও দত্ত প্রভৃতি উপাধিধারী বৈদ্যগণের কোন দেশে কোনরূপ গোত্র বিদ্যমান থাকে, তবে তাহা সমাজে অতীব অপ্রসিদ্ধ।২

কুলপঞ্জিকান্তরোক্ত রাঢ়ীয় বৈদ্যকুলের উত্তমাধম গোত্র।

কাঞ্জীশাগ্রাম-নিবাসী সেন-বংশীয় বৈদ্যগণের আটটী গোত্র, তন্মধ্যে শক্তি ও ধন্বন্তরি শ্রেষ্ঠ; বৈশ্বানর ও আত্ম, এই দুই গোত্র মধ্যম; মৌদ্গল্য, কৌশিক, কৃষ্ণাত্রেয় ও আঙ্গিরস এই গোত্রচতুষ্টয় অধম। গোনগরীয় দাসদিগের ১৬টী গোত্রের মধ্যে মৌদ্গল্য ও ভরদ্বাজই শ্রেষ্ঠ; শালঙ্কায়ন ও শাণ্ডিল্য মধ্যম; বশিষ্ঠ ও বাৎস্য এই দুই গোত্র নিতান্ত অধম। করঙ্ককোঠবাসী গুপ্তবংশের মধ্যে কাশ্যপ গোত্রীয়েরাই উত্তম, গৌতমেরা মধ্যম এবং সাবর্ণিরা অধম। মোরশাসনের দত্তের মধ্যে কৌশিক সর্ব্বোত্তম; মৌদ্গল্য, কাশ্যপ ও শাণ্ডিল্য মধ্যম; এবং আত্ম গোত্রীয়েরা সর্ব্বাপেক্ষা নিন্দনীয়। কান্তারবাসী করদিগের মধ্যে পাঁচটী গোত্র, তাহার মধ্যে ভরদ্বাজ সর্ব্বাপেক্ষা মাননীয়; কাশ্যপ মধ্যম; শক্তি, বাৎস্য ও মৌদ্গল্য নিকৃষ্ট। সমগ্রস্থাননিবাসী দেববংশীয়দিগের চারিটী গোত্রের শেয়ালাত্রেয় গোত্রই প্রধান; কৃষ্ণাত্রেয় মধ্যম এবং আলমান ও শাণ্ডিল্য এই দুইটী হীন। রাঢ়ীয় বৈদ্যগণের মধ্যে মেচ্যশাসনবাসী রাজ উপাধিধারী বাৎস্য গোত্রীয়েরা সর্ব্বশ্রেষ্ঠ এবং মার্কণ্ডেয় গোত্র সর্ব্বনিকৃষ্ট। মণিগ্রামের সোমদিগের মধ্যে যাহারা কৌশিক গোত্রীয়, কুলজ্ঞগণ তাঁহাদিগকে শ্রেষ্ঠ এবং কাশ্যপগোত্রীয়দিগকে হীন বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।৩

(২) "দত্তানামাত্মগোত্রাণাং দেশভেদেঽস্তি সন্ততিঃ।
এবং আত্রেয়গোত্রোঽপি দত্তো দেশান্তরে শ্রুতঃ॥
দত্তাঃ কৃষ্ণাত্রেয়গোত্রা দৃশ্যন্তে বহবস্তথা।
তস্মাদ্দত্তস্য গোত্রাণি সপ্ত জ্ঞেয়ানি পণ্ডিতৈঃ॥
করাণাং কাশ্যপো গোত্রো বাৎস্যমৌদ্গল্যকাবপি।
দেশভেদে হি বিদ্যন্তে তৎ করঃ সপ্তগোত্রকঃ॥
রাজঃ কাশ্যপগোত্রোঽপি তস্মাদ্রাজস্ত্রিগোত্রকঃ।
শ্রূয়ন্তে চ জামদগ্ন্যগোত্রা দেশান্তরে ধরাঃ॥
বহবোঽপি ভরদ্বাজগোত্রজাঃ সন্তি রক্ষিতাঃ।
ইন্দ্রাদিত্যৌ পরৌ যৌ দ্বৌ বৈদ্যৌ গোত্রাস্তয়োরিমে॥
ইন্দ্রস্য কাশ্যপো গোত্র এক এব প্রকীর্ত্তিতঃ।
আদিত্যানামুভৌ গোত্রাবাদিত্যকৌশিকৌ স্মৃতৌ॥
পঞ্চাশদেতে বিখ্যাতাস্তস্মাদ্গোত্রা ভিষক্কুলে।
যত্তু দেশান্তরে গোত্রমন্যৎ কিমপি চ শ্রুতম্।
দত্তাদীনাং ন তৎ প্রোক্তমপ্রসিদ্ধমতীব তৎ॥

(৩) অথপঞ্জিকান্তরোক্তরাঢ়ীয়বৈদ্যকুলাষ্টকীয় গোত্রসংখ্যাশ্রেষ্ঠত্বাদি লিখ্যতে।
কাঞ্জিশাগ্রামিসেনশ্চ গোত্রাণ্যষ্টৌ ভবন্তি চ।
শক্তি ধন্বন্তরী শ্রেষ্ঠৌ মধ্যৌ বৈশ্বানরাদ্যকৌ॥
মৌদ্গল্যকৌশিকৌ কৃষ্ণাত্রেয় আঙ্গিরসোঽধমাঃ।
গোনগরীয় দাসানাং গোত্রাঃ ষোড়শ কীর্ত্তিতাঃ॥
মৌদ্গল্যোঽথ ভরদ্বাজঃ পূজিতৌ ধ্রুবমেব চ।
শালঙ্কায়নশাণ্ডিল্যাবেতৌ গোত্রৌ চ মধ্যমৌ॥
বশিষ্ঠবাৎস্যগোত্রৌ চ দাসে চৈবাধমৌ স্মৃতৌ।
করঙ্ককোঠগুপ্তস্য কাশ্যপো গোত্র উত্তমঃ॥
গৌতমো মধ্যমঃ প্রোক্তঃ সাবর্ণিশ্চ কুলাধম।
মোরশাসনদত্তস্য কৌশিকো গোত্র উত্তমঃ॥
মৌদ্গল্যকাশ্যপৌ মধ্যৌ শাণ্ডিল্যশ্চাপি মধ্যমঃ।
আত্মগোত্রঃ কুলে নিন্দ্যো গোত্রা দত্তেষু কীর্ত্তিতাঃ॥
করঃ কান্তারবাসী চ পঞ্চগোত্রো ভবেদ্ধ্রুবম্।
উত্তমশ্চ ভরদ্বাজঃ কাশ্যপো মধ্যমঃ স্মৃতঃ॥
সশক্তি বাৎস্যমৌদ্গল্যা নিন্দ্যা জ্ঞেয়া বিপশ্চিতা।
সমগ্রস্থানদেবস্য চতুর্গোত্রা ভবন্তি চ॥
শেয়ালাত্রেয়কশ্চৈব কৃষ্ণাত্রেয়শ্চ মধ্যমঃ।
আলমানকশাণ্ডিল্যৌ দ্বাবনিন্দ্যৌ চ তাবুভৌ॥
মেচ্যশাসনরাজস্য বাৎস্যগোত্রো য উত্তমঃ।
মার্কণ্ডেয়োঽধমশ্চৈব রাঢ়ে জ্ঞেয়া ভিষগ্‌বিদা॥
মণিগ্রামীয় সোমশ্চ কৌশিক শ্রেষ্ঠ উচ্যতে।
কাশ্যপো হীনগোত্রো হি সোমে দৃষ্টো মহাত্মভিঃ॥
ইতি রাঢ়স্থবৈদ্যানাং গোত্রা জ্ঞাতা প্রকীর্ত্তিতাঃ।

নারায়ণ দাসান্তরঙ্গখান দাস, নন্দী প্রভৃতি আট প্রকার বারেন্দ্র-শ্রেণীর বৈদ্যগণের এইরূপ গোত্র নির্ণয় করিয়াছেন,—

দাস ও নন্দী—ইহাঁরা মৌদ্গল্য গোত্রীয়।

ধর ও রক্ষিত—কাশ্যপগোত্রীয়।

কর ও চন্দ্র—পরাশর ও বশিষ্ঠ গোত্র।

কুণ্ড—ভরদ্বাজ গোত্রীয়। দত্ত—শাণ্ডিল্য গোত্র।

বারেন্দ্রদিগের মধ্যে এই যে কয়েকটী গোত্রের আনুপূর্ব্বিক উল্লেখ করা হইল, উহা উক্ত উপাধিধারীদিগের শ্রেষ্ঠত্বজ্ঞাপক, কিন্তু ইহার ব্যতিক্রম হইলে ঐ সকল গোত্র উহাদিগের হীনতাসূচক। যেমন দাস ও নন্দীর শাণ্ডিল্য, ভরদ্বাজ, কাশ্যপ প্রভৃতি।৪

পঞ্জিকান্তরে বারেন্দ্র বৈদ্যদিগের স্থান ও গোত্র এইরূপ আছে—

দাস ও নন্দী—ইহাঁদের বাসস্থান জামুগাঁ ও চম্পাটী এবং গোত্র মৌদ্গল্য।

ধর ও রক্ষিত—ইহাঁরা কাশ্যপ গোত্রীয় এবং বন্দ্যাবনী ও করঞ্জ গ্রামে বাস করেন।

কর ও চন্দ্র—ভেড়ী ও মোরশাসন গ্রামে বাস, পরাশর ও বশিষ্ঠ গোত্র।

কুণ্ড—ভরদ্বাজ গোত্রীয় ও নাগশাসনে বাস।

দত্ত—বটগ্রাম ও লোধ্রবলীতে বাস এবং শাণ্ডিল্য গোত্র।৫

রাঢ়ীয় অষ্টঘর বৈদ্যদিগের প্রবর।

ধন্বন্তরিগোত্রীয় সেনদিগের—ধন্বন্তরি, অপসার, নৈঋ্রব, আঙ্গিরস ও বার্হস্পত্য, এই পাঁচটী প্রবর।

শক্তি গোত্রীয় সেনের—শক্তি, পরাশর ও বশিষ্ঠ এই তিনটী।

মৌদ্গল্য গোত্রীয় দাসের—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য ও আপ্নুবান্ এই পাঁচটি প্রবর।

কাশ্যপগোত্রীয় গুপ্তের—কাশ্যপ, অপসার ও নৈঋ্রব।

কৌশিক গোত্রীয় দত্তের—শাণ্ডিল্য, অসিত ও দেবল।

কৃষ্ণাত্রেয় গোত্রীয় দত্তের—কৃষ্ণাত্রেয়, বশিষ্ঠ ও আত্রেয়।

আত্রেয় গোত্রীয় দেবের—আত্রেয়, আঙ্গিরস ও বার্হস্পত্য।

বাৎস্যগোত্রীয় রাজের—বাৎস্য, অসিত ও মার্কণ্ডেয়।

কৌশিক গোত্রীয় সোমের—কৌশিক, কাশ্যপ ও ভার্গব এই তিনটী প্রবর।৬

রাঢ়ীয়াদি ভেদ।

সেন, দাস, গুপ্ত, দত্ত, দেব, কর, রাজ ও সোম এই আট ঘর রাঢ়ীয় বৈদ্য।

নন্দী, চন্দ্র, ধর, কুণ্ড, রক্ষিত, দাস, দত্ত ও কর ইহাঁরা বারেন্দ্র বলিয়া বিখ্যাত।

উক্ত রাঢ়ীয় বৈদ্যগণের মধ্যে প্রায়ই অনেকে বঙ্গে গিয়া বাস

---

(৪) অথ প্রসঙ্গতো নারায়ণদাসান্তরঙ্গখানোক্ত বৈদ্যকুলাষ্টক-গোত্রাণি লিখ্যন্তে।

মৌদ্গল্যে দাসনন্দী দ্বৌ কাশ্যপে ধররক্ষিতৌ।
করচন্দ্রৌ বিনির্দ্দিষ্টৌ পরাশরবশিষ্ঠয়োঃ॥
ভরদ্বাজান্বয়ঃ কুণ্ডো দত্তশাণ্ডিল্যসন্ততিঃ।
বারেন্দ্রাঃ কথিতাঃ শ্রেষ্ঠা বিপর্য্যাসেঽধমা অমী॥ ইতি

(৫) তথা পঞ্জিকান্তরে বারেন্দ্রবৈদ্যানামেকদেশোক্তস্থানগোত্রাণি লিখ্যন্তে।

জামুগাঁচাম্পাটীগ্রামৌ মৌদ্গল্যে দাসনন্দিনোঃ।
ধররক্ষিতয়োর্বন্দ্যাবনীকরঞ্জকস্তথা॥
দ্বাবেতৌ কাশ্যপে ভেড়ী মোরশাসনমেব চ।
পরাশরে বশিষ্ঠে চ দ্বে স্থানে করচন্দ্রয়োঃ॥
স্থানং ভরদ্বাজগোত্রকুণ্ডস্য নাগশাসনম্।
বটগ্রামলোধ্রবল্ল্যৌ শাণ্ডিল্যে দত্তপত্তনে।
অষ্টানান্তু বরেন্দ্রাণাং গোত্রস্থানে যথাক্রমম্।

(৬) "প্রবরাঃ পঞ্চসেনানাং ধন্বন্তরিকুলোদ্ভবাম্।
বিনির্দ্দিষ্টা যথা তে চ ধন্বন্তর্য্যপসারকৌ।
নৈঋ্রবশ্চাঙ্গিরসৌ বার্হস্পত্য ইতি ক্রমাৎ।
শক্তিগোত্রে ত্রয়ঃ শক্তিপরাশরবশিষ্ঠকাঃ।
প্রবরাঃ পঞ্চ দাসানামৌর্ব্ব্যচ্যবনভার্গবাঃ।
জামদগ্ন্যশ্চাপ্নুবানঃ প্রোক্তা মৌদ্গল্যগোত্রজাঃ।
গুপ্তানাং ত্রয় এবৈতে কশ্যপোঽপ্যপসারকঃ।
নৈঋ্রবোঽমী প্রবরাঃ কাশ্যপান্বয়সম্ভবাম্।
দত্তে ত্রয়ঃ কৌশিকানাং শাণ্ডিল্যাসিতদেবলাঃ।
কৃষ্ণাত্রেয়ো বশিষ্ঠশ্চ আত্রেয়শ্চেতি চ ত্রয়ঃ।
দত্তানাং প্রবরা এতে কৃষ্ণাত্রেয়কুলোদ্ভবাম্।
আত্রেয়গোত্রজাতানাং দেবানাঞ্চ তথা ত্রয়ঃ।
আত্রেয় আঙ্গিরসকো বার্হস্পত্য ইতি ক্রমাৎ।
করে ভরদ্বাজগোত্রে কথিতাঃ প্রবরাস্ত্রয়ঃ।
ভরদ্বাজভার্গবশ্চ চ্যবনশ্চ ক্রমাদমী।
রাজবংশে বাৎস্যগোত্রে ত্রয়োঽমী প্রবরাঃ স্মৃতাঃ।
বাৎস্যোঽসিতস্তথা মার্কণ্ডেয় এবং ক্রমাদিতি।
অথ কৌশিকগোত্রস্য সোমস্য প্রবরাস্ত্রয়ঃ।
কৌশিকঃ কাশ্যপশ্চৈব ভার্গবশ্চেত্যমী ক্রমাৎ।
সেনাদীনামনুক্তা যে আদ্যগোত্রাদিসম্ভবাং।
প্রবরাস্তেঽপি বিজ্ঞেয়াস্তত্তৎকুলভুবাং মুখাৎ।
নন্দ্যাদীনাং বরেন্দ্রেষু স্থিতানাং প্রবরাশ্চ যে।
বিজ্ঞেয়াস্তে চ নিখিলাস্তেষাং কুলভুবাং মুখাৎ।

করেন। আর নন্দী প্রভৃতি বারেন্দ্র বৈদ্যদিগের মধ্যে কেহ কেহ মহারাষ্ট্রে গিয়া বাস করিয়াছেন।৭

সেনাদি বৈদ্যগণের পূর্ব্বস্থান।

কাঞ্জীশা, গোনগর, করঙ্ককোঠ, মোরশাসন, কান্তার, মল্লভূম, মেঢ্রশাসন ও মণিগ্রাম, এই আটটী সেনপ্রমুখ রাঢ়ীয় বৈদ্যগণের পূর্ব্ব বাসস্থান।৮

স্থানভেদে সেনাদিভেদ।

সেনবংশ প্রধানতঃ উনবিংশ ভাগে বিভক্ত, পরে উহাদিগের মধ্যে আবার কোন কোন ভাগ অন্তর্ভাগে বিভক্ত হইয়া সর্ব্বশুদ্ধ অষ্টাবিংশতি প্রকার হইয়াছে। যেমন এক বিনায়ক সেন মালঞ্চীয়, ধলহণ্ডীয়, থানক, সেনহাটিক, নারহট্ট, নিরোলীয়, মঙ্গলকোঠক, রায়িগ্রামী ও বেতড়ীয় ভেদে নয় প্রকার। নিম্নে অন্যান্য সেনদিগের এইরূপ বিভাগের বিষয়ও ক্রমে বিবৃত করা যাইতেছে।৯

গয়ীসেন—বিষপাড়া, তিকায়িপুর, কঢ়য়ি ও ধারাগ্রামী এই চারি প্রকার।

রাঘবসেন—ইহাঁরা মাত্র এক ভাগে বিভক্ত এবং খণ্ডগ্রামবাসী বলিয়া খাণ্ডজ নামে খ্যাত।

বিমলসেন—সেনভূমিতে ইহাঁদের বাস এবং মাত্র এক ভাগে ইঁহারা বিভক্ত।

পাত্রদামোদর সেন—পাত্র শিখরদেশে জন্মগ্রহণ করেন এবং তিনি তথাকার রাজার মন্ত্রী; তদীয় বংশধরেরা ঐ স্থান ব্যতীত অন্য কোথায়ও বসবাস করেন নাই।

বিনসেন—ইহারা মাত্র এক ভাগে বিভক্ত এবং ধলভূমিতে ইহাঁদের বাস হেতু ধলভূমিজ বলিয়া খ্যাত।

বুয়িসেন—বঙ্গদেশের অন্তর্গত হাণ্ডিয়াগ্রামে বাস হেতু ইহাঁদের বংশ হাণ্ডিয়া নামেই প্রসিদ্ধ।১০

ধন্বন্তরি গোত্রসম্ভূত উক্ত সপ্তবিধ সেনদিগের অষ্টাদশ প্রকার ভেদ কথিত হইল। এক্ষণে শ্রীবৎসপ্রমুখ শক্তিগোত্রজ ষড়্‌বিধ সেনের সপ্তপ্রকার ভেদ বলা যাইতেছে,—

শ্রীবৎসসেন—ইহাঁরা এক ভাগে বিভক্ত এবং তেহট্টগ্রামে বাস করেন বলিয়া তেহট্টজ নামে খ্যাত।

শিয়ালসেন—ইহাঁরা দুই প্রকার, তন্মধ্যে পোড়াগাছায়

---

(৭) অথ বৈদ্যেষু রাঢ়ীয়াদি কথনম্।

সেনো দাসশ্চ গুপ্তশ্চ দত্তো দেবঃ করস্তথা।
রাজসোমাবপীত্যষ্টৌ রাঢ়ীয়াঃ পরিকীর্ত্তিতাঃ।
নন্দী চন্দ্রো ধরঃ কুণ্ডো রক্ষিতশ্চেতি পঞ্চ যে।
ভৈরবেন্দ্রেষু বিখ্যাতা দাসদত্তকরা অপি।
রাঢ়ীয়া ভিষজো যে যে প্রায়স্তে বঙ্গগা অপি।
নন্দ্যাদয়ো মহারাষ্ট্রে নিবসন্তি চ কেচন।

তথাহ নারায়ণদাসান্তরঙ্গখানঃ।

দাসো দত্তো ধরশ্চৈব নন্দিকুণ্ডৌ করস্তথা।
চন্দ্রশ্চ রক্ষিতশ্চেতি বারেন্দ্রকুলমষ্টকম্।
সম্বন্ধঃ স্তূয়তে সর্ব্বৈরেকদেশনিবাসিনোঃ।
নিন্দ্যতে কিল সম্বন্ধো ভিন্নদেশনিবাসিনোঃ।

(৮) অথ সেনাদীনাং পূর্ব্বস্থানমাহ।

শ্রীকাঞ্জীশা গো-নগরং করঙ্ককোঠ এব চ।
মোরশাসনকান্তারৌ সমল্লস্থানমেব চ॥
মেঢ্রশাসনমপ্যন্যো মণিগ্রামস্তথৈব চ।
অষ্টানাং সেনমুখ্যানাং রাঢ়ায়াং স্থানমষ্টকম্॥

তথাহ দুর্জ্জয়ঃ—

কাঞ্জীগোনং করঙ্কশ্চ মোরকান্তা সমল্লকা।
মেঢ্যো মণিশ্চ রাঢ়ায়াং বৈদ্যানাং কুলমষ্টকমিতি॥

(৯) ঊনবিংশতিধা সেনা অষ্টাবিংশতিধা পুনঃ।
ভবন্তি ভেদৈনৈতেষাং বক্ষ্যতে কুললক্ষণম্॥
একো বিনায়কঃ সেনো ভেদেন নবধাভবৎ।
মালঞ্চো ধলহণ্ডীয় থানকঃ সেনহাটিকঃ॥
নারহট্টো নিরোলীয়স্তথা মঙ্গলকোঠকঃ।
রায়িগ্রামী বেতড়ীয়ো নব বৈনায়কা অমী॥
বিশেষতো বিনির্দ্দিষ্টা জ্ঞেয়াশ্চান্যস্থলোদ্ভবাঃ।
সামান্যস্থানকথনে সম্বন্ধভাষণে তথা।
সর্ব্বেষামেব বৈদ্যানামিতরেষাময়ং ক্রমঃ॥

(১০) একঃ পুনর্গয়ীসেনো ভেদেনৈব চতুর্ব্বিধঃ।
বিষপাড়াভবঃ শ্রেষ্ঠস্তিকায়িপুরজস্তথা।
অন্যঃ কঢ়য়িসম্ভূতো ধারাগ্রামী ততঃপরঃ॥
একো রাঘবসেনোঽভূৎ খণ্ডগ্রামেণ বিশ্রুতঃ।
স খণ্ডজ ইতি খ্যাতো নাপরা তস্য চ স্থলী॥
রাজা বিমলসেনোঽভূৎ সেনভূমিকৃতাশ্রয়ঃ।
স সেনভূমৌ বিখ্যাতো নাপরং তস্য চ স্থলম্॥
পাত্রদামোদরঃ সেনঃ পাত্রঃ শিখরভূপতিঃ।
অসৌ শিখরভূজাতো নাপরং তস্য চ স্থলম্॥
বিনসেনোঽপি যত্ত্বেকো ধলভূমিকৃতাশ্রয়ঃ।
স এব ধলভূমিষ্ঠো নাপরা তস্য চ স্থলী॥
সপ্তমো বুয়িসেনো যো বঙ্গভূমৌ প্রতিষ্ঠিতঃ।
হাণ্ডিয়াগ্রামসম্ভূতস্তন্নাম্না তস্য তৎকুলম্॥

যাঁহাদের জন্ম তাঁহারা শ্রেষ্ঠ এবং যাঁহারা পোখরিয়ায় জাত, তাঁহারা হীনমর্য্যাদ।

পুরুসেন—ইহাঁদের আশ্রয়স্থান গুঠিনাগড়ি, একারণ ইহাঁদিগকে গুঠিনাগড়িজ বলে।

চন্দ্রসেন—শক্তি্রগোত্রোৎপন্ন, ইহাঁদের একপক্ষ চন্দ্রদ্বীপে এবং অপর একপক্ষ ইদীলপুরে বাস করেন।

মণ্ডীরসেন—রাজার নিকট স্বর্ণপীঠ পাইয়াছিলেন বলিয়া তাঁহার বংশধরগণ স্বর্ণপীঠী নামে অভিহিত। ইহাঁদের জন্মস্থান মল্লভূমি।

রামসেন মল্লভূমিবাসী, ও অশেষ পৌরুষান্বিত।১১

ধন্বন্তরি ও শক্তি্রগোত্রজদিগের পঞ্চবিংশতি প্রকার ভেদ বলা হইল ; এক্ষণে আত্মর্ষিগোত্রসম্ভূত ষড়্বীজি আত্মসেনদিগের ত্রিবিধ ভেদ বলা যাইতেছে—

আত্মসেন—নপাড়ায় যাঁহাদের উৎপত্তি তাঁহারা এক প্রকার, শালগ্রামে উৎপন্নগণ দ্বিতীয় এবং মানকরীয়গণ তৃতীয়।১২

মৌদ্গল্য দাসবংশীয়দিগের ভেদ।

দাসগণ পঞ্চদশবিধ ; তাঁহারা সকলেই মৌদগল্য গোত্রীয়। তাঁহাদের আবার বিংশতি প্রকার ভেদের ক্রমশঃ উল্লেখ করা যাইতেছে,—

আয়ু দাস—দুই প্রকার; এক তেহট্ট সম্ভূত, দ্বিতীয় মাণিকাহার-জাত।

পন্থদাস—ইহাঁরা বালিনাছীক, মণ্ডলজানিক, মৌড়েশ্বরোৎপন্ন, পালিগ্রামজ ও পাজনৌর ভেদে পাঁচ প্রকার।

কায়ুদাস—ইহাঁরা এক্ষণে বঙ্গদেশে প্রসিদ্ধ, কোগ্রামীণ বলিয়া অভিহিত।

তোয়ীদাস—ইনি এবং দীর্ঘল ও কেঁকর নামক ইহাঁর পুত্রদ্বয় এই তিন জনই বঙ্গভূমিতে পৃথক্ পৃথক্ ভাবে প্রসিদ্ধ হওয়ায়, এ বংশ তিন ভাগে বিভক্ত।

বরাহদাস—বৌহারিগ্রামবাসী, এই বংশ আপনা হইতেই বৌহারীয় বরাহদাস বলিয়া খ্যাত।

নৃসিংহ ও নয়দাস—কুলকার্য্যপরায়ণ এই উভয় বংশই বঙ্গদেশে সুপ্রতিষ্ঠিত বলিয়া বঙ্গজ নামে অভিহিত।

বীরদাস—এই বংশীয়দিগের বরকন্যা উভয়েরই সম্বন্ধাদি বঙ্গদেশে হয় বলিয়া ইহাঁরাও বঙ্গজ নামে প্রখ্যাত।

রামদাস—পাথরতা গ্রামবাসী ; ইনি এবং ভাতড়, পাতড়, ধাড়, ও বিড়াল দাস ইহাঁর চারিপুত্র, এই পাঁচ জনই পৃথক্ পৃথক্ বংশের বীজপুরুষ বলিয়া বিখ্যাত। অতএব এই বংশও পাঁচ ভাগে বিভক্ত।১৩

---

(১১) শ্রীবৎসসেনপ্রমুখাঃ ষড়মী শক্তি্রগোত্রজাঃ।
ভেদেন সপ্তধা জ্ঞেয়া যথাক্রমমমী পুনঃ।
একঃ শ্রীবৎসসেনোঽভূত্তেহট্টগ্রামবিশ্রুতঃ।
তেহট্টজ ইতি খ্যাতো নাপরং তস্য চ স্থলম্॥
একঃ শিয়ালসেনোঽসৌ ভেদেন দ্বিবিধোঽভবৎ।
পোড়াগাছাভবঃ শ্রেষ্ঠঃ পরঃ পোখরিয়াভবঃ॥
একো যঃ পুরুসেনোঽভূদ্ গুঠিনাগড়িমাশ্রিতঃ।
গুঠিনাগড়িজত্বেন খ্যাতোঽসৌ নাপরং স্থলম্।
চন্দ্রসেনোঽপরস্ত্বেকশ্চন্দ্রদ্বীপনিবাসকৃৎ।
শক্তি্রগোত্রসমুদ্ভূত ইদীলপুরমাশ্রিতঃ॥
একো মণ্ডীরসেনোঽসৌ স্বর্ণপীঠীনৃপাশ্রয়াৎ।
স এব স্বর্ণপীঠীতি বিখ্যাতো মল্লভূভবঃ॥
রামসেন পর স্তস্যৈবান্তর্ভূতো বভূব যঃ।
স মল্লভূমিবসতৌ বিহিতানেকপৌরুষঃ॥

(১২) আত্মসেনস্তু ষড়্বীজি ভেদেন ত্রিবিধোঽভবৎ।
নপাড়াসম্ভবস্ত্বেকঃ শালগ্রামভবোঽপরঃ॥
মানকরীয় এবান্যস্ত্রয় আত্মা প্রকীর্ত্তিতাঃ
আত্মর্ষিগোত্রসম্ভূতাঃ স্বতন্ত্রাঃ সর্ব্ব এব হি।

(১৩) পঞ্চদশবিধা দাসাস্তেঽমী বিংশতিধা পুনঃ।
একঃ পুনশ্চায়ুদাসো ভেদেন দ্বিবিধোঽভবৎ॥
একো তৈহট্টসম্ভূতো মাণিকাহারজঃ পরঃ।
পন্থদাসঃ পুনস্ত্বেকো ভেদেন পঞ্চধাভবৎ।
বালিনাছীভবশ্চৈকঃ পরো মণ্ডলজানিকঃ।
মৌড়েশ্বরভবঃ পালিগ্রামজঃ পাজনৌরজঃ॥
একোঽপরঃ কায়ুদাসো বঙ্গভূমৌ প্রতিষ্ঠিতঃ।
কোগ্রামীণ ইতি খ্যাতো দাসো মৌদ্গল্যগোত্রজঃ॥
তোয়ীদাসোঽপি তৎপুত্রৌ খ্যাতৌ দীর্ঘলকেঁকরৌ
অমী ত্রয়ো বঙ্গভূমৌ প্রসিদ্ধাঃ সর্ব্ব এব হি॥
একো বরাহদাসোঽসৌ বৌহারিগ্রামবাসকৃৎ।
স বৌহারিজদাসোঽপি স্বতো মৌদ্গল্যগোত্রজঃ।
নৃসিংহনয়দাসৌ দ্বৌ বঙ্গদেশে প্রতিষ্ঠিতৌ।
তৌ বঙ্গজাবিতি খ্যাতৌ কুলকার্য্যপরায়ণৌ॥
বীরদাসোঽপি যস্ত্বেকঃ স বঙ্গজ ইতি স্মৃতঃ।
তত্রৈব বঙ্গে সম্বন্ধস্তস্যাভূদ্বরকন্যয়োঃ॥
খ্যাতঃ পাথরতাগ্রামে রামদাসোঽপি তাদৃশঃ।
সুনবস্তস্য চত্বারো বাজিনস্তেঽপি বিশ্রুতাঃ॥

গুপ্তদিগের ভেদ।

ষড়্‌বিধ গুপ্তগণ অন্তর্ভাবে ত্রয়োদশ ভাগে বিভক্ত এবং তাঁহারা সকলেই কাশ্যপগোত্র সম্ভূত। নিম্নে পৃথক্ পৃথক্ ভাবে তাঁহাদের বিশেষ বিবরণ বিবৃত হইতেছে—

কায়ুগুপ্ত—আটপ্রকার; তন্মধ্যে বরাহনগরীয় ও পাণিনালার গুপ্তগণই কুলকার্য্যে শ্রেষ্ঠ। তদন্তর বারাশত-সমুদ্ভূত-গণ। এতদ্ভিন্ন নীলগুপ্তোদ্ভব, নিরোল তৈপুরাশ্রিত, ভদ্রখালী-নিবাসী ঝায়ুগুপ্তোৎপন্ন ও মাটিয়ারীভব লোকগুপ্তের বংশধরগণ কায়ুগুপ্ত মধ্যে পরিগণিত। ইহাদের মধ্যে কেহ কেহ ইচ্ছা করিয়া পশ্চিমদেশে গিয়াও বাস করেন।

ত্রিপুরগুপ্ত—ইনি পরমেশ্বর গুপ্তবংশীয়দিগের মধ্যে শ্রেষ্ঠ; বৌড়ালায় অবস্থিতি হেতু ইহাঁর বংশীয়গণ বৌড়ালীয় ত্রিপুরবংশ বলিয়া খ্যাত।

মহাধিকারী ও স্বল্পাধিকারী—ইহাঁরা দুইজনও পরমেশ্বর গুপ্তের বংশধর; যথাক্রমে ভীঁপুর ও খাড়িগ্রামে ইহাঁদের বাস।

অড়ালগুপ্ত—ইনি শিঙ্গানসম্ভূত এবং ইহার বংশগণ কুলকার্য্যপরায়ণ।

বীরগুপ্ত—ইনি ভীঁপুরবাসী, একারণ ইহাঁর বংশীয়গণ ভীঁপুরীয় বলিয়া বিখ্যাত।১৪

দত্তবংশ।

রামদত্ত—ইনি শাণ্ডিল্য গোত্রীয় এবং বটগ্রামসমুৎপন্ন।

পাবিড়াদত্ত—এই বংশ খাঁগড়ীয় নামেও প্রসিদ্ধ; ইহাঁদের গোত্র কৌশিক।১৫

দেববংশ।

নিকারুণ দেব—ইহাঁরা আত্রেয় গোত্রজ; ইহাঁদের মধ্যে যাঁহারা মল্লস্থান সমুদ্ভূত, তাঁহারা এক্ষণে কেতুগ্রামে বাস করেন, আর যাঁহারা কেতুগ্রামী তাঁহারাও নিজ পৌরুষ দ্বারা কুলকার্য্যাদি সম্পন্ন করিয়া স্বস্থানেই বাস করিতেছেন। এতদ্ভিন্ন কৃষ্ণাত্রেয়, শাণ্ডিল্য ও আলমান গোত্রীয়গণ নানা স্থানে অবস্থিত আছেন।১৬

করবংশ।

এক কান্তারবাসী করই তিন ভাগে বিভক্ত; ইহাঁদের মধ্যে বশিষ্ঠ ও শক্তি গোত্র বঙ্গদেশে বিখ্যাত। আর ভরদ্বাজকুলোদ্ভব যে ধর্ম্মকর ছিলেন, তাঁহার বংশীয়গণ এক্ষণে হিলোড়া ও যাজিপুরে বাস করিতেছেন।১৭

রাজবংশ।

শশিরাজ ও মসিরাজ ভেদে রাজবংশ দুইটী; এ উভয়ই মেচ্যশাসন সমুৎপন্ন এবং বাৎস্যগোত্র সমুদ্ভূত। শশিরাজ বংশীয়গণ এলাচিধাম নগরে আশ্রয় গ্রহণ করেন এবং মসিরাজ বংশীয়েরা বঙ্গভূমিতে অবস্থিত ও খেপড়ীয় বলিয়া প্রসিদ্ধ হন।১৮

খ্যাতা ভাতড়-পাতড়-ধাড়-বিড়ালদাসকাঃ।
মৌদ্গল্যগোত্র সম্ভূতাঃ স্বতন্ত্রাঃ সর্ব্ব এব হি।
ইতি মৌদ্গল্যগোত্রজাতানাং সকল দাসানাং
পঞ্চদশপ্রকারাণাং ভেদেন বিংশতিপ্রকারনির্ণয়ঃ।

(১৪) গুপ্তাশ্চ ষড়্‌বিধা ভেদাস্ত্রয়োদশবিধাঃ পুনঃ।
কাশ্যপান্বয়সম্ভূতাঃ স্বতন্ত্রাঃ সর্ব্ব এব হি।
একঃ পুনঃ কায়ুগুপ্তঃ ভেদেনাষ্টবিধোঽভবৎ।
বরাহনগরীয়শ্চ শ্রেষ্ঠোঽভূৎ কুলকর্ম্মণি॥
পাণিনালাভবশ্চান্যস্তথৈব কুলশীলবান্।
বারাশতসমুদ্ভূতস্তৃতীয়স্তদনন্তরম্॥
নীলগুপ্তোদ্ভবা যে তে নিরোলতৈপুরাশ্রিতাঃ।
ভদ্রখালী-নিবাসস্থা ঝায়ুগুপ্তোদ্ভবাশ্চ যে।
মাটীয়ারীভবাঃ কেচিৎ লোকগুপ্তস্য বংশজাঃ।
পশ্চিমস্থানমাশ্রিত্য কেচিৎ সন্তি নিজেচ্ছয়া।
পরমেশ্বরগুপ্তো যঃ শ্রেষ্ঠস্তদ্বংশসম্ভবঃ।
যোঽভূত্রিপুরগুপ্তোঽসৌ বৌড়ালাবিহিতস্থিতিঃ॥
পরমেশ্বরগুপ্তস্য বংশজৌ দ্বৌ প্রতিষ্ঠিতৌ।
ভীঁপুরিখাঁড়িগ্রামস্থৌ মহৎস্বল্পাধিকারিণৌ॥
অড়ালগুপ্তো যঃ প্রোক্তঃ স তু শিঙ্গানসম্ভবঃ।
কাশ্যপান্বয়-সম্ভূতঃ কুলকার্য্যপরায়ণঃ॥
বীরগুপ্তস্তু যঃ প্রোক্তো ভীঁপুরগ্রামবাসকৃৎ।
ভীঁপুরীয় ইতি খ্যাতো স চ কাশ্যপগোত্রজঃ॥

(১৫) দত্তৌ চ দ্বিবিধৌ জ্ঞেয়ৌ রামদত্তশ্চ পাবিড়া।
পূর্ব্বঃ শাণ্ডিল্য-গোত্রিয়ো বটগ্রামসমুদ্ভবঃ।
অপরঃ পাবিড়াদত্তঃ খাঁগড়ীয়ঃ স এব হি।
জাতৌ কৌশিকগোত্রে চ স্বতন্ত্রৌ দ্বৌ গুণান্বিতৌ॥

(১৬) নিকারুণস্য দেবস্য বংশ্যা আত্রেয়গোত্রজাঃ।
সমল্লস্থানসম্ভূতাঃ কেতুগ্রামেঽধুনা তু তে॥
কেতুগ্রামীণদেবোঽসৌ নিকারুণকুলোদ্ভবঃ।
নিজৈশ্চ পৌরুষৈরেব কুলকার্য্যপরায়ণঃ॥
কৃষ্ণাত্রেয়ভবা যে চ যে চ শাণ্ডিল্যগোত্রজাঃ।
আলমানভবা যে চ তে নানাদেশবাসিনঃ।

(১৭) একঃ কান্তারবাসী চ করো ভেদাদসৌ ত্রয়ঃ।
বশিষ্ঠশক্তি-গোত্রে দ্বৌ বঙ্গদেশে চ বিশ্রুতৌ॥
যস্তু ধর্ম্মকরো বীজী ভরদ্বাজকুলোদ্ভবঃ।
তদ্বংশ্যাঃ সাম্প্রতং সন্তি হিলোড়া যাজিগাঁপুরে॥

(১৮) মেচ্যশাসনসম্ভূতৌ রাজবংশোদ্ভবাবুভৌ।
শশিরাজমসিরাজৌ বাৎস্যগোত্রসমুদ্ভবৌ॥
এলাচিধামনগরে শশিরাজঃ কৃতাশ্রয়ঃ।
মসিরাজঃ খেপড়ীয়ো বঙ্গভূমৌ চ সংস্থিতঃ॥

সোমবংশ।

ধর্ম্মসোম—ইনি মণিগ্রাম সমুদ্ভূত এবং কৌশিক গোত্রে জাত; ইহাঁর বংশীয়গণ বহুদেশ দেশান্তরে গমন করেন।১৯

রাঢ়ীয় বলিয়া প্রসিদ্ধ সেনাদি আট ঘরের স্থানাদিভেদে যেরূপ বহুবিধ ভেদ কল্পনা করা হইল; নন্দী, চন্দ্র, ধর, কুণ্ড ও রক্ষিত এই পাঁচ ঘর বারেন্দ্রের তাদৃশ বহুবিধ ভেদ নাই; ইহাঁরা ঐ পাঁচ ঘর মাত্রই বারেন্দ্র ভূমিতে প্রসিদ্ধ।২০

সেনাদির সামান্যতঃ বসতিস্থান।

রাঢ় এবং বঙ্গে প্রসিদ্ধ শ্রীখণ্ড নামক নগরীই সর্ব্বপ্রকার বৈদ্যের আশ্রয় স্থান; বিশেষতঃ ইহা কুলীনদিগের সাতিশয় প্রিয় ও বাসযোগ্য ভূমি।

সেনাদি প্রত্যেক ঘরের কুলক্রমাগত স্থাননির্ণয়।

সেন—ইহারা প্রথমে কাঞ্জীগাঁ এবং তদনন্তর মালঞ্চ, ধলহণ্ড, বেতড়, নরহট্ট, খানা, মঙ্গলকোঠ, তেহট্ট, গুঠিনাগড়ি, সেনহাটী, শ্রীখণ্ড, রায়িগাঁ, নদীয়া, বিষপাড়া, পাখড়িয়া, শাঁখরা, বাগিড়া, যশোর, পাঁচপাড়া, তিকায়িপুর, পঞ্চকুট, গুপ্তপাড়া, নাদোয়ালী, বন্দীপুর, পোড়াগাছা, পোখরিয়া, গৌড়, মানকর, তালায়ি, সেনপাড়া, মহতা, টীকারী, মছলন্দ, মালদহ, ভোটগাঁ, যাজিগাঁ, বান্দড়া, মেরুপুর, জামনা, ধুলিয়াপুর, চাঁপতা, বোধখানা, রুক্মিণীপুর, উদনপুর; সেনভূমি, পোঁটবা, ধলভূম, ফুলবাটী, মোরন্দী, গোরণা, শীলগ্রাম, খিদিরপুর, কঢ়য়ী, রাজহাটী, নারায়ণপুর, শিলা, এলাচি, ধামনগর, ধাড়া, শান্তিপুরা, নপাড়া, বিরজী, ঝিল্লী, মামুদাবাজ, গোয়াশ, কাঁচড়াপাড়া, সাতগড্যা, বেউলা, খাজুরডাঙ্গি, কুরুলা, পায়িকড়া প্রভৃতি স্থানে বসবাস করেন। সেনরাজাদিগের আশ্রিত এইগুলি এবং এতদ্ভিন্ন ঘুড়িশান্দোর প্রমুখ আরও বহু সেনভূমি অর্থাৎ সেনদিগের আবাসস্থান বিদ্যমান আছে; ইহার মধ্যে যেগুলি অপরিজ্ঞাত রহিল, তাহা প্রাচীনগণের নিকট জ্ঞাতব্য।২১

দাস—গোনগরই দাসদিগের আদিস্থান, পরে তাঁহারা তেহট্ট, মাণিকাহার, কচ্বীবন (কচুয়া), বিষপাড়া, বালিনাছি, পাণিগ্রাম, কুলিয়া, নান্দনা, মণ্ডলজানা, বৌহারি, পাজনৌর, মৌড়েশ্বর, কোগ্রাম, পানূরহট্টক, খাটুঙ্গী, রামনগর, শিঝা, মন্দারবাটী, কাদিপুর, মালদহ, টেঙ্গা, বৈদ্যপুর, হাপানীয়া, গুপ্তপাড়া, বেজড়া, ঘাটকেশ্বর, উজীনপাড়া, মল্লভূমি, ধলভূম, সেনভূমি প্রভৃতি বহুস্থানে আবাস স্থাপন করেন। ইহাদেরও অপরিজ্ঞাত স্থানগুলি বৃদ্ধদিগের নিকট জ্ঞাতব্য।২২

---

(১৯) মণিগ্রামে সমুদ্ভূতো ধর্ম্মসোমো মহামতিঃ।
জাতঃ কৌশিকগোত্রে চ তদ্বংশ্যা বহুদেশগাঃ॥

(২০) অপরে যে নন্দিচন্দ্রৌ ধরকুণ্ডৌ চ রক্ষিতঃ।
বারেন্দ্রা অপি পঞ্চৈতে প্রসিদ্ধাস্তত্র তে পুনঃ॥

(২১) শ্রীখণ্ডনামনগরী রাঢ়ে বঙ্গেষু বিশ্রুতা।
সর্ব্বেষামেব বৈদ্যানামাশ্রয়ো যত্র বিদ্যতে॥
যত্র গোষ্ঠীভূতা বৈদ্যা যঃ খণ্ডোঽভূৎ ভিষক্‌প্রিয়ঃ।
বিশেষতঃ কুলীনানাং সর্ব্বেষামেব বাসভূঃ॥

অথ প্রত্যেকং কুলক্রমাগতস্থানমাহ।

কাঞ্জীগাঁ প্রথমং স্থানং সেনানাং তদনন্তরম্।
মালঞ্চো ধলহণ্ডশ্চ বেতড়ো নরহট্টকঃ॥
খানা মঙ্গলকোঠশ্চ তেহট্টো গুঠিনাগড়িঃ।
সেনহাটী তথা খণ্ডো রায়িগাঁ নদীয়া তথা॥
বিষপাড়া পাখড়ীয়া শাঁখরা বাগিড়া তথা।
যশোর-পাঁচপাড়া চ তিকায়িপুরমেব চ॥
পঞ্চকূটং গুপ্তপাড়া নাদোয়ালী বন্দীপুরম্।
পোড়াগাছা পোখরিয়া গৌড়ো মানকরস্তথা॥
তালায়ি সেনপাড়া চ মহতা টিকারী তথা।
মছলন্দো মালদহো ভোটগাঁ যাজিগাঁ তথা॥
বান্দড়া মেরুপুরঞ্চ জামনা ধুলিয়াপুরম্
চাঁপতা বোধখানা চ রুক্মিণ্যুদনপুরকম্।
সেনভূমিঃ পোঁটবা চ ধলভূঃ ফুলবাটিকা॥
মোরন্দীগোরণা শীলগ্রামঃ খিদিরপুরকম্
কঢ়য়ী রাজহাটী চ নারায়ণপুরঃ শিলা।
এলাচিধামনগরং ধাড়া শান্তিপুরা তথা॥
নপাড়া বিরজী ঝিল্লী মামুদাবাজ এব চ।
গোয়াশঃ কাঁচড়াপাড়া সাতগড়্যা চ বেয়ুলা।
খাজুরডাঙ্গিঃ কুরুলা তথা পায়িকড়োঽপি চ।
সেনভূমীতি বাচ্যেন সেনরাজকৃতাশ্রয়াৎ॥
বহূনি সন্তি স্থানানি ঘুড়িশান্দোর-মুখ্যতঃ॥
সেনবংশোদ্ভবাঃ সর্ব্বে স্থানান্যেতানি সংশ্রিতাঃ।
ন জ্ঞাতানি ময়া যানি তানি জ্ঞেয়ানি বৃদ্ধতঃ॥

(২২) আদৌ গোনগরং স্থানং দাসানাং তদনন্তরম্
তৈহট্টো মালিকারো যঃ কচ্বীবনসমুজ্জ্বলঃ॥
যত্র কচ্বীবনং ভুক্ত্বা দুর্ভিক্ষে রক্ষিতং কুলম্।
চায়ুদাস-তনূদ্ভূতদিবাকরকুলোদ্ভবৈঃ।
তন্নাম্নাপ্যপি তে খ্যাতাঃ কচুয়া ইতি ভূতলে॥
বিষপাড়া বালিনাছী পালিগ্রামশ্চ কুলিয়া।
নান্দনা মণ্ডলজানা বৌহারিঃ পাজনৌরকঃ॥
মৌড়েশ্বরশ্চ কোগ্রামস্তথা পানূরহট্টকঃ।
খাটুঙ্গী রামনগরং শিঝা মন্দারবাটিকা॥

গুপ্ত—প্রথমে করঙ্ককোঠে বাসস্থান নির্ম্মাণ করেন, পরে বরাহনগর, পাণিনালা, বৌড়ালিকা, বারাশত, নিরোল, তৈপুর, সুপুর, টিটা, শিঙ্গান, বীরভূমি, ফুল্লশ্রী, মল্লভূমি, দ্বারহাটা, দীপা, মাটিয়ারী, ভাঁপুর, বাগুড়া, চাঁপতা, বেঙ্গা, সরা, নরপুর, ভদ্রখালী, ভায়ুসিংহ, ভূঞাড়া, রূঢ়য়ী, অম্রহাড়া, দশঘরা, পিড়াগাঁ, নদীয়া প্রভৃতি স্থানে বাস করেন।২৩

দেব ও দত্ত—কেতুগ্রাম, বটগ্রাম, যাজিগ্রাম, বন্দীপুর, কোদলা, ভদ্রখালী, দিগঙ্গ, হুতুরাপুর, রুক্মিণী, কাঁচড়াপাড়া, চৌমুহা, বারুইপুর, ইছাপুর, গুপ্তিপাড়া, চুপি, খাগড়িয়া, ভূঞাড়া, সিধলগ্রাম, অনগ্নশিকড়, ভাথুড়িয়া, বাজু, ও ধুলিয়াপুর, এইগুলি দেব ও দত্তদিগের প্রধানতঃ বাসস্থান। এতদ্ব্যতিরিক্ত সাধারণের অবিদিত যে সকল স্থানে ইঁহাদিগের বাস আছে, তাহা বৃদ্ধগণের নিকট জানা আবশ্যক।২৪

কুলীনদিগের সমাজস্থান।

সেনবংশের—মালঞ্চ, ধলহণ্ড, বেতড়, নরহট্ট, খানা, মঙ্গলকোঠ, এই ছয়টী সমাজ বিনায়ক-বংশোদ্ভব সেনগণের বাসস্থান এবং কৌলীন্যের পরিচায়ক। এমন কি এই সকল স্থানের নামেও ঐ বংশীয় সেনদিগের কুলীনতা, অর্থাৎ উক্ত বংশীয় সেনগণ যদি অন্য কোন স্থানেও বাস করিয়া ঐ সকল স্থানের নাম দেন, তাহা হইলে তাঁহারাও তাদৃশ কুলীনতা প্রাপ্ত হন।২৫

ঐ সকল সমাজের মধ্যে মালঞ্চই সর্ব্বপ্রধান, সেই মালঞ্চীয় কুলীনদিগের মধ্যে ভাস্করই সর্ব্বশ্রেষ্ঠ, এই ভাস্করের কৃষ্ণখান, হরিহর খান ও সনাতন মল্লিক নামে তিনটী বংশধর মহাকুলীন বলিয়া বিখ্যাত। এতদ্ভিন্ন অন্যান্য মালঞ্চীয় এবং ধলহণ্ড ও বেতড় সমাজীয় কুলীনগণ তুল্যভাবাপন্ন, কিন্তু ইহাদের মধ্যে আবার সম্বন্ধের দোষগুণানুসারে কৌলীন্যের হ্রাস বৃদ্ধিও পরিদৃষ্ট হয়। খানা, মঙ্গলকোঠ ও নরহট্টীয় কুলীনগণ পরস্পর প্রায় সমান; তবে ইহার মধ্যে অবশ্য ক্রিয়াকর্ম্মের তারতম্যানুসারে কুলীনত্বের কিছু হ্রাসবৃদ্ধি থাকিতে পারে।২৬

জগদীশ বলেন,—মালঞ্চ, বেতড়, খানা ও মঙ্গলকোঠ, বর্ত্তমানে এই চারিটী স্থান বিনায়ক-বংশীয় কুলীনদিগের সমাজ। ধলহণ্ড ও নরহট্টীয়গণ এখন আর কুলীন বলিয়া বিশ্রুত নহেন এবং রাঢ়ে আর তাঁহাদের নিবাসসম্বন্ধ প্রায় দেখা যায় না। অনেক মূলরহিত অপরিজ্ঞাতকুলশীলের সহিত ইহাঁদের বহু সম্বন্ধাদি পরিলক্ষিত হয়।

জগদীশের ধলহণ্ড ও নরহট্টীয়গণের অকুলীনতা সম্বন্ধীয় মত ভরত মল্লিক স্বীকার করেন নাই, তিনি ঐ উক্তির প্রত্যু-

কাদিপুরং মালদহষ্টেঙ্গা বৈদ্যপুরং তথা
হাপানীয়া গুপ্তপাড়া বেজড়া ঘাটকেশ্বরঃ॥
উজান্‌পাড়া মল্লভূমির্ধলভূঃ সেনভূমিকা।
স্থানান্যন্যানি দাসানাং সন্তি জ্ঞেয়ানি বৃদ্ধতঃ॥

(২৩) করঙ্ককোঠো গুপ্তানাং স্থানমাদৌ ততঃপরম্।
বরাহনগরং পাণিনালা বৌড়ালিকা তথা॥
বারাশতো নিরোলশ্চ তৈপুরং সুপুরং টিটা।
শিঙ্গানো বীরভূমিশ্চ ফুল্লশ্রী র্মল্লভূমিকা॥
দ্বারহাটা তথা দীপা মাটীয়ারী চ ভাঁপুরম্।
বাগুণ্ডা চাঁপতা বেঙ্গা সরাখ্যা নরপুরকম্॥
ভদ্রখালী ভায়ুসিংহো ভূঞাড়া কঢ়য়ী তথা
অম্রহাড়া দশঘরা পিড়াগাঁ নদিয়া তথা।
স্থানান্যন্যানি গুপ্তানাং সন্তি জ্ঞেয়ানি বৃদ্ধতঃ॥
খণ্ডকোগ্রামবৌহারিকঢ়য়ীপাজনৌরকাঃ।
কদাচিদার্ত্তিসময়ে কুলীনস্যাবলম্বনম্॥
ইতি কুলীনানাং সম্বন্ধাবলম্বনস্থানম্।

(২৪) কেতুগ্রামো বটগ্রামো যাজিগ্রামো বদীপুরম্।
কোদলা ভদ্রখালী চ দিগঙ্গো হুতুরাপুরম্॥
রুক্মিণী কাঁচড়াপাড়া চৌমুহা বারয়ীপুরম্।
ইছাপুরা গুপ্তিপাড়া চুপি খাগড়িয়া তথা॥
ভূঞাড়া সিধলগ্রামোঽপ্যনগ্নশিকড়স্তথা।
পরো ভাথুড়িয়া বাজুর্ধুলিয়াপুরমেব চ॥
দত্তদেবাদয়ো বৈদ্যাঃ স্থানান্যেতানি সংশ্রিতাঃ।
স্থানানি তেষামন্যানি বিজ্ঞাতব্যানি বৃদ্ধতঃ॥

(২৫) আদৌ শ্রীখণ্ডনগরী রাঢ়া মধ্যে চ ভূষিতা।
সর্ব্বেষামেব বৈদ্যানাং কুলীনানাং সমাজভূঃ॥
মালঞ্চো ধলহণ্ডশ্চ বেতড়ো নরহট্টকঃ,
খানা মঙ্গলকোঠশ্চ ষট্‌সমাজাঃ প্রকীর্ত্তিতাঃ।
বিনায়কোদ্ভবাঃ সেনাঃ স্থানান্যেতানি সংশ্রিতাঃ।
অমীষামপি নাম্না চ তেষামপি কুলীনতা।
তথা পঞ্জিকান্তরে—
মালঞ্চো ধলহণ্ডশ্চ বেতড়শ্চ তৃতীয়কঃ।
খানা চ নরহট্টশ্চ তথা মঙ্গলকোঠকঃ॥
বসন্ত্যেষু সমাজেষু বৈনায়ককুলীনকাঃ।
এষাং ষণ্ণাং নামতোঽপি জ্ঞেয়া সেনে কুলীনতা॥

(২৬) সর্ব্বেষেব সমাজেষু মালঞ্চঃ শ্রেষ্ঠ উচ্যতে।
মালঞ্চীয়েষু সর্ব্বেষু ভাস্করঃ শ্রেষ্ঠ ঈরিতঃ।
তস্য ত্রয়ঃ কৃষ্ণখানঃ খানো হরিহরস্তথা॥
সনাতনশ্চ মল্লীকো মহাকুলতয়া শ্রুতাঃ॥
এভ্যোঽন্যে যে চ মালঞ্চা ধালণ্ডা বৈতড়া অপি।
প্রায়স্তল্যকুলাঃ প্রোক্তা হ্রাসবৃদ্ধী তু কার্য্যতঃ। ইতি

ত্তরে বলিয়াছেন যে, উহাদিগের পূর্ব্বপুরুষগণ বরাবর কুলীন বলিয়া খ্যাতিলাভ করিয়া আসিতেছেন এবং এখনও ঐ বংশীয় গণকে অনেকে পূর্ব্বনামানুসারে কুলীন বলিয়া জানেন।২৭

মালঞ্চ, ধলহণ্ড, মঙ্গলকোঠ, সেনহাটী, খানা, নরহট্ট ও বেতড়, এই সাতটী স্থান ধন্বন্তরিগোত্রীয় কুলীন সেনগণের সমাজ এবং এই সকল স্থাননামেও তাঁহাদের কৌলীন্য, তবে, ইহার মধ্যে সেনহাটীর কুলীনগণের কেহ কেহ স্বস্থানচ্যুত হইলেও ইতিপূর্ব্বে পূর্ব্বস্থানের নামে কুলীন বলিয়া গণ্য হইয়া আসিতেছিলেন, কিন্তু ইদানীং তাঁহারা ঐ সকল সমাজের অপরিজ্ঞাত হওয়ায় অর্থাৎ তাঁহাদের সহিত বহুকাল ক্রিয়াকর্ম্ম বন্ধ থাকায় বর্ত্তমানে বিনিন্দিতমধ্যে পরিগণিত হইয়াছেন।২৮

দাস—তেহাট্ট, মাণিকাহার, বালিনাছী, পানিগাঁ ও মণ্ডলজানা, এই কয়েকটী স্থান চায়ুপন্থ-কুলোদ্ভূত দাসগণের সমাজ। অন্যস্থানবাসী দাসগণ ঐ সকল স্থানোৎপন্ন বলিয়া পরিচয় দিলে তাঁহারাও কুলীন মধ্যে গণ্য হন। পূর্ব্বে গোনগর, বিষপাড়া, মৌড়েশ্বর ও নান্দনা, এ গুলিও উক্ত বংশীয় দাসগণের সমাজ বলিয়া গণ্য ছিল, কিন্তু এক্ষণে তত্তৎ স্থানে উহাঁদের বসতি না থাকায় ঐ সকল স্থান কুলীন-সমাজ মধ্যে পরিগণিত নহে।

পাঞ্জকান্তরে চায়ুপন্থ বংশীয় দাসগণের তেহট্ট, বিষপাড়া, বালিনাছী, পানিগাঁ, মৌড়েশ্বর, গোনগর, মাণিকাহার, নান্দনা ও মণ্ডলজানা, এই নয়টী সমাজ নির্দ্দিষ্ট আছে; তন্মধ্যে তেহট্টই সর্ব্বশ্রেষ্ঠ, এই তৈহট্টীয়দিগের মধ্যে বিশ্বন্তর সর্ব্বপ্রধান; কিন্তু মাণিকাহারীয়গণ আবার এই বিশ্বন্তরের সমান; তবে সম্বন্ধাদির তারতম্যানুসারে কৌলীন্যের কিঞ্চিৎ হ্রাস বৃদ্ধি হইতে পারে। বিষপাড়া সমাজে কদাচিৎ বিশ্বন্তর-বংশীয় দাসগণের অবস্থিতি দেখা যায়, একারণ উহাও দাসদিগের এক রকম শ্রেষ্ঠ স্থান মধ্যে পরিগণিত। অবশিষ্টের মধ্যে বালিনাছী ও মণ্ডলজানা সর্ব্বোৎকৃষ্ট; তবে ক্রিয়াকর্ম্মের দোষ গুণানুসারে কুলীনত্বের হ্রাস বৃদ্ধি দেখা যায়। এতদ্ভিন্ন পালিগ্রাম প্রভৃতি অপর কয়েকটী সমাজ পরস্পর প্রায় তুল্য। যাহা হউক কুল নিয়তই পৌরুষসাধ্য কেননা সর্ব্বদা পুরুষকার দ্বারাই উহার হ্রাস বৃদ্ধি ঘটে।২৯

গুপ্ত—কায়ুগুপ্তবংশীয় কুলীনদিগের বরাহনগর এবং পাণিনালা, মাত্র এই দুইটী সমাজ। কারণান্তরে স্বস্থানচ্যুতি ঘটিলেও এই গুপ্তদিগের কুলীনত্ব বজায় থাকে। বারাশত নামেও ইহাদের একটী সমাজ ছিল, কিন্তু তথাকার এই বংশীয়গণ এক্ষণে কুলীন মধ্যে পরিগণিত না হইলেও তাঁহারা অদ্যাপি পর্য্যন্ত সৎসম্বন্ধপরায়ণ এবং সর্ব্বত্র পৌরুষান্বিত বলিয়া প্রসিদ্ধ। যেখানে প্রসিদ্ধ ত্রিপুর বাস করিতেন, সেই চৌড়ালাও কুলীন-

(২৭) মালঞ্চো বেতড়ঃ খানা তথা মঙ্গলকোঠকঃ।
কুলে সমাজশ্চত্বারঃ খ্যাতা বৈনায়কান্বয়ে॥
ধলণ্ডীয়নরট্টীয়া নাধুনা কুলবিশ্রুতাঃ।
এষাং নিবাসসম্বন্ধা রাঢ়ে প্রায়ো ন সন্তি হি॥
অমূলকৈরবিজ্ঞাতৈঃ সম্বন্ধা বহবোঽপি হি
ইত্যুক্তং জগদীশেন হৃদ্যং নৈতন্মতং মম॥
তেষাং হি পূর্ব্বপুরুষা বিখ্যাতাঃ কুলবত্তয়া।
ইদানীমপি তে জ্ঞাতা বহুভিঃ পূর্ব্বনামতঃ॥

(২৮) মালঞ্চীয়ো ধলণ্ডীয়স্তথা মঙ্গলকোঠজঃ।
সেনহাটীসমুদ্ভূতঃ খানাজোঽতো নরট্টজঃ॥
পরো বেতড়সম্ভূতঃ সপ্ত ধান্বন্তরা অমী।
কুলখ্যাতা অমীষান্তু স্থাননাম্না কুলীনতা॥
ইতি পূর্ব্বৈঃ সেনহাটীভবোঽপি কুল ঈরিতঃ।
কিন্বিদানীমবিজ্ঞাতস্থাননাম্না বিনিন্দিতঃ॥

(২৯) তেহট্টো মাণিকাহারো বালিনাছী চ পালিগাঁ।
তথা মণ্ডলজানা চ সমাজাঃ পরিকীর্ত্তিতাঃ॥
চায়ুপন্থকুলোদ্ভূতাঃ স্থানান্যেতানি সংশ্রিতাঃ।
অমীষামপি নাম্না চ দাসানাঞ্চ কুলীনতা॥
পূর্ব্বং গোনগরং স্থানং নাধুনা তৎকুলে স্থিতম্।
বিষপাড়াকুলে চোক্তা তন্নাম নাধুনা শ্রুতম্॥
মৌড়েশ্বরসমাজস্তু কুলে পূর্ব্বৈঃ সমীরিতঃ।
নাধুনা তত্র কোঽপ্যস্তি কুলীন ইতি বিশ্রুতঃ।
নান্দনাপি কুলে প্রোক্তা তন্নাম নাধুনা শ্রুতম্॥
তথা পঞ্জিকান্তরে
তৈহট্টো বিষপাড়া চ বালিনাছী চ পালিগাঁ।
মৌড়েশ্বরো গোনগরং মাণিকাহারকঃ পরঃ॥
নান্দনা মণ্ডলজানা সমাজা নব কীর্ত্তিতাঃ।
চায়ুপন্থকুলোদ্ভূতাঃ স্থানেষ্বেতেষু সংস্থিতাঃ॥
দাসানাঞ্চ কুলীনত্বমমীষামপি নামতঃ।
দাসানান্তু সমাজেষু তৈহট্টঃ শ্রেষ্ঠ উচ্যতে॥
তৈহট্টীয়েষু সর্ব্বেষু শ্রেষ্ঠো বিশ্বন্তরো মতঃ।
তৎসমা মাণিকারীয়া হ্রাসবৃদ্ধী তু কার্য্যতঃ॥
বিষপাড়াসমাজেষু জাতু বিশ্বন্তরাদয়ঃ।
সংস্থিতাস্তেন তৎস্থানং দাসানাং কুলসূচকম্॥
ইতরেষু মতঃ শ্রেষ্ঠো বালিনাছীসমুদ্ভবঃ॥
তথা মণ্ডলজানীয়ো হ্রাসো বৃদ্ধিশ্চ কার্য্যতঃ।
পালিগ্রামিপ্রভৃতয়ঃ প্রায়স্তুল্যকুলা মতাঃ॥
কুলং পৌরুষসাধ্যং হি বৃদ্ধিং হ্রাসঞ্চ গচ্ছতি। ইতি

সমাজ মধ্যে পরিগণিত ছিল কিন্তু এক্ষণে রাঢ়দেশের মধ্যে তত্রত্য কাহারও নাম শুনা যায় না।৩০

সেন, দাস, ও গুপ্তদিগের যে ১৩টী প্রধান সমাজের কথা বলা হইল, তত্তৎস্থানীয় কুলীনদিগের মধ্যে চায়, বরাট ও জড় এই তিনজন স্থান নামে ও স্বনামে প্রসিদ্ধ; তদ্ভিন্ন অপরাপর সকলে কেবল স্থানের নামেই সর্ব্বত্র কুলীন বলিয়া পরিচিত হন।

সেনদাসাদির স্থানান্তরে গমনের কারণ।

সেনদাসাদি প্রত্যেক বংশীয়দিগের বীজপুরুষ এবং মূলস্থান এক হইলেও কোন না কোন কারণে অন্যত্র বাস হেতু উহাঁরা আবার তত্তৎস্থানীয় বলিয়া কথিত হন। এ সম্বন্ধে প্রাচীনগণ নানাপ্রকার হেতু নির্দ্দেশ করেন। যথা—প্রথমতঃ পিতৃভাবচ্যুত হইয়াই লোকে মূলস্থান ত্যাগ করেন; এই পিতৃভাবচ্যুতি কোথায়ও অল্পন্যূনতাপ্রযুক্ত অর্থাৎ একস্থানবাসী গোত্রান্তর অপেক্ষা স্বীয় গোত্রের কিঞ্চিৎন্যূনতাব্যক্ত হওয়ায়, কোথায়ও উহার অতিক্রটিহেতু, কোথায়ও একাধিক মর্য্যাদা লাভের জন্য, কোথায়ও বা হীনসম্বন্ধাচরণের নিমিত্ত ঘটিয়াছে।৩১

যে বংশের যে ভাবে স্থানান্তর প্রাপ্তি ঘটিয়াছিল, ক্রমশঃ পৃথক্ পৃথক্ ভাবে তাহার উল্লেখ করা যাইতেছে,—

বিনায়কবংশ—মালঞ্চই বিনায়কের সমাজ, এখান হইতে তদ্বংশীয় অনেকে বেতড়াদি অপর বহুসমাজে গিয়া বাস করেন, বিনায়কের পুত্র রোষসেন মালঞ্চেই বাস করেন, তদীয় বংশধরগণের মধ্যে কেহ কেহ স্বস্থানেই থাকেন এবং কতক ধলহণ্ডে গিয়া বাস করেন।৩২

সাঙুসেন—ইঁহার কুমারাদি নামে চারিপুত্র, সকলেই মালঞ্চবাসী; সরণির শেষপুত্র কৃত্তিবাস, তদীয় পুত্রগণ স্বস্থান হইতে ধলহণ্ডে গিয়া বাস করেন।

চিরঞ্জীবের উক্তিও উক্ত বাক্যদ্বয়ের পরিপোষক হইতেছে। তিনি বলিয়াছেন, মালঞ্চী ও ধলহণ্ডীয় সেন পরস্পর অভিন্ন।৩৩

চিরঞ্জীবের মতে, ধন্বন্তরি কুলোৎপন্ন সেনদিগের নরহট্ট, সেনহাটী, খানা, মঙ্গলকোট, রায়িগ্রাম, নিরোল, সেনভূমি ও নবদ্বীপ, এই কয়টী সমাজ।

খানগ্রাম সমাজে তোখলিসেনের সন্ততিগণ এবং নরহট্ট,

---

(৩০) বরাহনগরং পাণিনালা চ দ্বৌ সমাজকৌ।
কায়ুগুপ্তকুলোদ্ভূতৈঃ সর্ব্বৈশ্চ সমুপাশ্রিতৌ॥
অনয়োরপি নাম্না চ গুপ্তানাং স্যাৎ কুলীনতা।
যস্তু বারাশতো নাম সমাজঃ কুল ঈরিতঃ॥
তন্নাম্না নাধুনা খ্যাতাঃ কুলীনত্বেন তদ্ভবাঃ।
কিন্তু তত্র স্থিতা গুপ্তাঃ সৎসম্বন্ধপরায়ণাঃ॥
অদ্যাপি বিশ্রুতাঃ সর্ব্বে সর্ব্বত্র পৌরুষান্বিতাঃ।
চৌড়ালাপি কুলে প্রোক্তা ত্রিপুরো যত্র সংস্থিতঃ॥
তত্রত্যো নাধুনা কোঽপি রাঢ়দেশেষু বিশ্রুতঃ॥

তথা পঞ্জিকান্তরে

বরাহনগরং পাণিনালা বারাশতস্তথা
চৌড়ালাপি চ গুপ্তানাং সমাজাঃ পরিকীর্ত্তিতাঃ।
অমীষামপি নাম্না চ গুপ্তানাং স্যাৎ কুলীনতা।
কিঞ্চিৎ কিঞ্চিৎ যথাপূর্ব্বং শ্রেষ্ঠত্বমিহ কথ্যতে॥
হ্রাসো বৃদ্ধিশ্চ কার্য্যেণ সর্ব্বৈঃ সর্ব্বত্র লভ্যতে।

(৩১) সৎসেনদাসগুপ্তানাং সমাজাঃ পরিকীর্ত্তিতাঃ।
ত্রয়োদশামী অত্রত্যাস্তিষ্ঠন্ত্ব কাপি সম্প্রতি॥
সর্ব্বে তন্নামতঃ খ্যাতা নিজকৌলীন্যসূচকাঃ।
স্বনাম্না স্থাননাম্না চ চায়ুঃ স্বকুলসূচকঃ॥
বরাটোঽপি স্থলীনাম্না স্বনাম্না চ কুলে শ্রুতঃ।
স্থাননাম্না স্বনাম্না চ জড়োঽপি কুলসূচকঃ।
পরেষাং স্থাননাম্না চ কুলং সর্ব্বত্র বক্ষ্যতে।
স্থাননামপ্রসিদ্ধস্য স্থাননাম বিনা ক্বচিৎ॥
সম্বন্ধঃ কথিতো যশ্চ জ্ঞেয়ো বিখ্যাতিতঃ স চ।
মূলমেকং পুনঃ স্থানং সর্ব্বেষামেকবীজিনাম্।
কেনাপি হেতুনান্যত্র বাসাদন্যৎ স্থলং মতম্॥

প্রাঞ্চস্বাহুঃ

পিতৃভাবচ্যুতে বাচ্যং মূলস্থানাৎ পরং স্থলম্।
ক্বচিদল্পন্যূনতার্থং ক্বাপ্যতিক্রটিহেতবে॥
পিতৃভাবচ্যুতেষ্বেকাধিক্যার্থমপি কুত্রচিৎ।
পিতৃভাবচ্যুতির্ন্যূনসম্বন্ধাচরণাদিভিঃ॥

(৩২) বিনায়কস্য মালঞ্চঃ সমাজঃ পরিকীর্ত্তিতঃ।
তস্মান্নিবর্ত্তমানানাং বহূনাং তৎকুলোদ্ভুবাং॥
অপরে বহবঃ খ্যাতাঃ সমাজা বেতড়াদয়ঃ।
পিত্রেব রোষসেনেন মালঞ্চঃ প্রতিপালিতঃ।
তদ্বংশ্যাঃ কতিচিত্তত্র স্থিতাঃ কেচিদ্ধলণ্ডকে॥

(৩৩) সাঙুসেনস্য চত্বারঃ কুমারাদয় আত্মজাঃ।
কুলোজ্জ্বলা যে তদ্বংশ্যাঃ সর্ব্বে মালঞ্চবাসিনঃ॥
সরণেঃ শেষপুত্রোঽয়ং কৃত্তিবাস ইতি শ্রুতঃ।
তস্য সর্ব্বে তনূদ্ভূতা ধলহণ্ডমুপাশ্রিতাঃ॥
মালঞ্চো ধলহণ্ডশ্চ সমাজৌ পরিকীর্ত্তিতৌ।
রোষসেনকুলোদ্ভূতাঃ স্থানে কতিচিদাশ্রিতাঃ॥
যো মালঞ্চীভবঃ সেনো ধলহণ্ডঃ স উচ্যতে।
তস্মান্নিবৃত্ত্য সর্ব্বেষাং পৃথক্স্থানং নিগদ্যতে॥

সেনহাটী ও নবদ্বীপে হিঙ্গুসেনের বংশীয় কেহ কেহ বাস করেন। সেনহাটী, নরহট্ট ও সেনভূমির সেনগণ একই বংশীয়।

মঙ্গলকোঠ, রায়িগ্রাম ও নিরোল, কুলীনের এই যে তিনটী সমাজ, ইহাতে শুকবংশীয় পুরুসেনের বংশধরগণের কেহ কেহ পরে আগমন করেন। ফলে মঙ্গলকোঠ, রায়িগ্রাম ও নিরোল, এই তিন স্থানের সেনগণ সবই এক। ইঁহাদের সম্বন্ধাদি কুলীন এবং অকুলীন উভয়েই আছে।

বেতড় এক কাপড়িসেনদিগেরই সমাজ, তবে কোগাঁর অর্ক সেনবংশীয় কেহ কেহ এখানে বাস করেন।

বিষপাড়াসমাজে শঙ্করসেনের সন্ততিগণ বাস করেন।৩৪

বিনায়কসেন ও তদীয়বংশধরগণের সমাজবিবরণ বিবৃত হইল, এক্ষণে অপরাপর সেনগণের সমাজ পৃথক্ পৃথক্ ভাবে কথিত হইতেছে,—

গয়িসেন—ইঁহার বংশীয়গণের মধ্যে যাঁহারা বিষপাড়া গ্রামে বাস করিতেন, তাঁহাদের কেহ কেহ শ্রীখণ্ডে, কেহ কেহ তিকায়িপুরে, কেহ কেহ কঢ়য়ীগ্রামে, কেহ কেহ বা ধাড়াগ্রামে বসতি স্থাপন করেন।৩৫

রাঘবসেন—শ্রীখণ্ডই ইঁহার সমাজ এবং ইঁহার বংশীয়গণ অদ্যাপি এখানে বিখ্যাতভাবে বসবাস করিতেছেন।

দ্বয়িসেন—ইনি শ্রীবৎসসেনের পৌত্র; তেহট্টগ্রামেই ইঁহার সমাজ।

সুরসেন—গুঠিনাগড়িয়া গ্রামই ইঁহার সমাজ এবং ইঁহার বংশীয়গণও ঐ স্থানে বাস করিতেছেন। কিন্তু ইঁহার অন্যতম বংশধর চোল্লসেনের বংশীয়গণ মঙ্গলকোঠে, কুবেরসেনের সন্ততিগণ রায়িগ্রামে এবং কৃষ্ণসেনের বংশের কেহ কেহ নিরোল সমাজে আশ্রয় গ্রহণ করেন।৩৬

দাসবংশীয়গণের সমাজ।

চায়ুদাস—তেহট্টই ইহাঁর সমাজ; তবে এই বংশীয় কেহ কেহ এখান হইতে বিষপাড়া ও মাণিকাহার সমাজের আশ্রয় লন।

নয়দাস—ইনি চায়ুদাসবংশীয়, ইহাঁর বংশধরগণ তেহট্ট ও বিষপাড়া, এই উভয় স্থানেই বাস করেন।

দিবাকরদাস—ইনিও চায়ুদাসবংশসম্ভূত; ইহাঁর বংশীয়েরা মাণিকহার-সমাজবাসী।

পন্থদাস—ইহাঁর সমাজ বালিনাছী; এতদ্ভিন্ন নান্দনা, মণ্ডলজানা, মৌড়েশ্বর ও পালিগাঁ, এই কয়টী সমাজেও পরবর্ত্তী পন্থদাসবংশীয়গণ বসতি স্থাপন করেন।

দেবলিদাস—ইনি পন্থদাসগোষ্ঠীয়। বালিনাছী, নান্দনা ও মণ্ডলজানা সমাজে ইহাঁর বংশধরগণের বাস।৩৭

---

(৩৪) নরহট্টঃ সেনহাটী থানা মঙ্গলকোঠকঃ
রায়িগ্রামো নিরোলশ্চ সেনভূমিস্তথাপরঃ ॥
নবদ্বীপঃ সমাজাশ্চ ধন্বন্তরিকুলোদ্ভবাং।
খানাগ্রামঃ কুলীনানাং সমাজঃ পরিকীর্ত্তিতঃ
তত্র তোখলীসেনস্য প্রজাভির্বসতিঃ কৃতা ॥
নরহট্টঃ সেনহাটী নবদ্বীপ ইতঃপরঃ
হিঙ্গুসেনপ্রজা এষু স্থানেষু কতিচিৎ স্থিতাঃ ॥
যঃ সেনহাটীসম্ভূতঃ স এব নরহট্টজঃ।
সেনভূমীয়সেনোঽপি সেনহাটীয়বংশজঃ ॥
অথ মঙ্গলকোঠো যঃ সমাজঃ পরিকীর্ত্তিতঃ
রায়িগ্রামনিরোলৌ চ পরে যে তেষু চ স্থিতাঃ ॥
কতিচিৎ শুকবংশীয়পুরুসেনকুলোদ্ভবাঃ
যশ্চ মঙ্গলকোঠীয়ো রায়িগ্রাম ভবোঽপি সঃ ॥
স এব হি নিরোলীয়ঃ কর্ম্মণস্তু কুলাকুলে।
একঃ কাপড়িসেনস্য সমাজো বেতড়ঃ স্মৃতঃ ॥
তত্র কোগাঁর্কসেনস্য বংশ্যাঃ কতিচিদাশ্রিতাঃ।
অথ যো বিষপাড়াখ্যসমাজঃ পরিকীর্ত্তিতঃ ॥
তত্র শঙ্করসেনস্য প্রজাভির্বসতিঃ কৃতা।

(৩৫) গয়িসেনস্য যে বংশ্যা বিষপাড়ামুপাশ্রিতাঃ
তেষাঞ্চ কতিচিৎ খণ্ডে তিকায়িপুরবাসিনঃ ॥
কতিচিৎ কঢ়য়ীগ্রামে বসন্তি জনবিশ্রুতাঃ
ধাড়াগ্রামে চ কতিচিন্নিবসন্তি নিজেচ্ছয়া ॥

(৩৬) খণ্ডো রাঘবসেনস্য সমাজঃ পরিকীর্ত্তিতঃ।
বসন্তি তত্র তদ্বংশ্যাঃ প্রায়েনাদ্যাপি বিশ্রুতাঃ।
একস্তেহট্টকগ্রামঃ সমাজ ইতি কীর্ত্তিতঃ।
শ্রীবৎসসেনপৌত্রস্য দ্বয়িসেনস্য তৎস্থলম্ ॥
গুঠিনাগড়িয়া গ্রামঃ সমাজ ইতি কীর্ত্তিতঃ।
নিবসন্তি স্ম তত্রৈব সুরসেনকুলোদ্ভবাঃ ॥
স্থিতা মঙ্গলকোঠে চ চোল্লসেনকুলোদ্ভবাঃ।
বংশ্যাঃ কুবেরসেনস্য রায়িগ্রামনিবাসিনঃ।
কৃষ্ণসেনস্য কতিচিৎ বংশ্যাঃ নিরোলমাশ্রিতাঃ।

(৩৭) তেহট্টশ্চায়ুদাসস্য সমাজঃ পরিকীর্ত্তিতঃ
তস্মান্নিবর্ত্তমানানাং কেষাঞ্চিত্তৎকুলোদ্ভুবাম্।
বিষপাড়ামাণিকারৌ সমাজৌ দ্বৌ বভূবতুঃ ॥
তেহট্টো বিষপাড়া চ মাণিকাহার এব চ।
ত্রয়ঃ সমাজা দাসানাং চায়ুদাসকুলোদ্ভুবাং।
তেহট্টো বিষপাড়া চ দ্বৌ সমাজৌ প্রকীর্ত্তিতৌ।
নয়দাসকুলোদ্ভূতাঃ স্থানে এতে সমাশ্রিতাঃ।
একো যো মাণিকাহারঃ কুচীবনসমুজ্জ্বলঃ।

নীলকণ্ঠ—ইনিও পন্থদাসসন্ততি, মৌড়েশ্বর ও পালিগ্রাম ইহাঁর বংশীয়গণের সমাজ।

বিনায়ক—পন্থদাস সন্তান, স্বগণসহ মৌড়েশ্বর সমাজে বাস করেন।

শ্রীবৎসদাস—পন্থদাসবংশীয়, ইহার বংশধরগণের কেহ কেহ পালিগ্রাম সমাজে বাস করেন।

কায়ুদাস—ইহাঁর বংশে উমাপতি দাসই প্রসিদ্ধ; এই উমাপতি দাসের বংশধরগণ সৎসম্বন্ধপরায়ণ এবং তাঁহাদের কোগ্রামে বাস।৩৮

কুলপঞ্জীকার দুর্জ্জয়দাস, অন্তরঙ্গখান ও অন্তরঙ্গ সঞ্জয়, ইহাঁরা স্বীয় স্বীয় পঞ্জিকায় কায়ুদাসের বংশ বিবরণ কিছুমাত্র লেখেন নাই। কিন্তু এই সম্বন্ধে চিরঞ্জীব লিখিয়াছেন যে, কুলপঞ্জিকা লিখিবার পূর্ব্বে দুর্জ্জয়দাস নানাদিগ্দেশ হইতে অনেকানেক প্রধানাপ্রধান বৈদ্যগণকে আহ্বান করিয়া একটা সভা করেন; বিশেষ কারণবশতঃ রাজসেবা পরিত্যাগপূর্ব্বক কোগ্রামবাসী কায়ু বা উমাপতিদাসোদ্ভব কেহই সেই সভায় উপস্থিত হইতে পারেন নাই; এ কারণ উক্ত পঞ্জীকারত্রয় ক্রোধের বশবর্ত্তী হইয়া ইহাদের বংশাবলীকে কুলীন বলিয়া লিপিবদ্ধ না করিয়া দৌহিত্রকথন স্থলে ইহাঁদিগকে মাত্র 'কোঁগাবাসী' এই কথা লিখিয়া গিয়াছেন। এই হেতু ইহাঁদের নাম কোন পঞ্জিকায় পাওয়া যায় না। তবে ইদানীং এই বংশীয়গণের নিরতিশয় সৌজন্য, ভক্তি ও বিনয়ভাবসন্দর্শনে সেন ও গুপ্তবংশীয় কুলীনগণ উঁহাদিগকে আশ্রয় দান করিয়াছেন; এই কারণেই আমি তাঁহাদিগের বংশবিবরণ লিখিতে বাধ্য হইলাম। বিশেষতঃ এক্ষণে সর্ব্বত্রই ইহাঁরা কুলীনের ঘরে কন্যা দান এবং ঐ সকল ঘর হইতে কখন কখন কন্যা গ্রহণও করিতেছেন; অতএব কোগ্রামও কায়ুদাসসন্ততিগণের সমাজ মধ্যে পরিগণিত হইল। যাঁহারা উমাপতি দাসের বংশে জন্মগ্রহণ করিয়াছেন তাঁহারা চিরকালই এই কোগ্রামে বাস করিতেছেন।৩৯

গুপ্তবংশীয় সমাজ।

কায়ুগুপ্ত—বরাহনগর, পাণিনালা ও বারাশত, এই তিনটী স্থান কায়ুগুপ্তবংশীয়দিগের সমাজ।

বাসুদেবগুপ্ত—কায়ুগুপ্তবংশীয়, ইহার সাতটী পৌত্র; তাঁহারা সকলেই গঙ্গাতীরস্থ বরাহনগরে আশ্রয় গ্রহণ করেন। এই গোষ্ঠীয় গঙ্গাধরের বংশে লম্বোদর নামে যে একব্যক্তি জন্ম গ্রহণ করেন তাঁহার সমাজ বারাশত।৪০

স দিবাকরবংশ্যানাং সমাজঃ পরিকীর্ত্তিতঃ॥
বালিনাছীতি পন্থস্য সমাজঃ পরিকীর্ত্তিতঃ।
তস্মান্নির্ত্তমানানাং বহূনাং তৎকুলোদ্ভবাং।
সমাজা অপরেঽভূবন্ খ্যাতা মৌড়েশ্বরাদয়ঃ।
বালিনাছী নান্দনা চ তথা মণ্ডলজানিকা।
মৌড়েশ্বরঃ পালিগাঁ চ সমাজঃ পন্থসম্ভবাম্॥
বালিনাছী নান্দনা চ তথা মণ্ডলজানিকা।
এষু দেবলিদাসস্য বংশ্যাঃ স্থানেষু সংশ্রিতাঃ॥

(৩৮) ততো মৌড়েশ্বর পালিগ্রাম এতৌ সমাজকৌ।
নীলকণ্ঠস্য দাসস্য বংশ্যাঃ কতিচিদাশ্রিতাঃ॥
মৌড়েশ্বরগ্রাম ইতি সমাজঃ পরিকীর্ত্তিতঃ।
বিনায়কঃ স্ববৃন্দেন তত্র বাসং চকার হ॥
যশ্চ পালিগ্রাম একঃ সমাজঃ পরিকীর্ত্তিতঃ।
তত্র শ্রীবৎসদাসস্য বংশ্যাঃ কতিচিদাশ্রিতাঃ॥
কায়ুদাসস্য বংশ্যেষু বিখ্যাতোঽভূদুমাপতিঃ।
তদ্বংশ্যাঃ সন্তি কোগ্রামে সৎসম্বন্ধপরায়ণাঃ॥

(৩৯) চিরঞ্জীবেন দাসেন কবিরাজেন তেঽখিলাঃ।
লিখিতাস্তেন তদ্বংশ্যা লিখিতব্যা ময়াপি চ॥
কিন্ত্বস্য কায়ুদাসস্য নালেখীদ্দুর্জ্জয়োঽন্বয়ম্।
তথান্তরঙ্গখানোঽপি তথান্তরঙ্গসঞ্জয়ঃ॥
অথ যৎ কায়ুদাসস্য বংশলেখার্থমুক্তবান্।
চিরঞ্জীবস্তত্তদীয়পত্যাবল্যা নিগদ্যতে॥ যথা—
বঙ্গে চ কায়ুদাসস্য বংশ্যাস্তিষ্ঠন্তি বিস্তরাঃ।
কোগ্রামে কতিচিৎ সন্তি দাসোমাপতিসম্ভবাঃ॥
যদা দুর্জয়দাসেন বিহিতা কুলপঞ্জিকা।
নানাদিগ্দেশতো বৈদ্যান্ সমানীয় সভা কৃতা॥
রাজসেবাপলোপেন নাগতং তত্র কেনচিৎ।
কোগ্রামবাসিনা কায়ুদাসোমাপতিসম্ভবা॥
তেন ক্রোধেনান্তরঙ্গো জাতু দুর্জ্জয়দাসকঃ।
খানান্তরঙ্গোঽপি তথা নালেখাদিহ তৎকুলম্॥
দৌহিত্রকথনান্মাত্রং কোঁগা-বাসেতি লিখ্যতে।
তন্নামগ্রহণং ক্বাপি পঞ্জিকায়াং ন দৃশ্যতে॥
তেষামিদানীং সৌজন্যাদ্ভক্তিতো বিনয়াদপি।
সেনগুপ্তোদ্ভবৈঃ সর্ব্বৈঃ কুলীনৈস্তেঽবলম্বিতাঃ॥
তস্মাদিহাপি তদ্বংশ্যা লিখিতব্যা ময়া পুনঃ।
যতঃ সর্ব্বত্র তৎকন্যাদানং কুলবতাং কুলে॥
কুত্রাপি কন্যাগ্রহণং কৃতমস্তি চ তৎকুলাৎ।
তস্মাৎ সমাজঃ কোগ্রামঃ কায়ুদাসস্য সন্ততেঃ॥
য উমাপতিদাসস্য বংশজা অভিজজ্ঞিরে।
তৈঃ সর্ব্বৈস্তত্র কোগ্রামে চিরায় বসতিঃ কৃতা॥

(৪০) বরাহনগরং পাণিনালো বারাশতস্তথা।
সমাজঃ কায়ুগুপ্তস্য বংশ্যানাং ভিষজামমী॥

কাপড়িগুপ্ত—ইনিও কায়ুগুপ্তের বংশধর, ইহার বংশীয় কেহ কেহ পানিনালা সমাজে আশ্রয় গ্রহণ করেন।

ত্রিপুরগুপ্ত—চৌতালিকা গ্রামই ইহাঁর সমাজ, এই বংশীয়গণ পূর্ব্বাপর এখানেই অবস্থিতি করিতেছেন।৪১

সেন, দাস ও গুপ্তসন্ততিগণের মোটের উপর ৩৪টী সমাজ কথিত হইল; তন্মধ্যে সেনদিগের ২১টী, দাসগণের নয়টী ও গুপ্তের ৪টী, এই যে নির্দ্দিষ্ট হইতেছে তাহাতে বিষপাড়া সমাজ সেনদিগের পক্ষে ২বার ও দাসের পক্ষে ১বার, শ্রীখণ্ড সেনদিগের ২বার; কোগাঁ সেন ও দাস এই উভয়ের মধ্যে ধৃত হওয়ায় উহারও গণনা ২বার করা হইয়াছে; কিন্তু প্রকৃত প্রস্তাবে দেখিতে গেলে উহাদের মধ্যে ৪ বার অতিরিক্ত গণনা করা হইয়াছে; কেননা বিষপাড়া সেন ও দাসের সমাজ মধ্যে নিবিষ্ট হইলেও উহা একমাত্র গয়িসেনের সমাজ বলিয়াই প্রসিদ্ধ; সুতরাং উহার গণনা একবার হওয়া উচিত। এইরূপ শ্রীখণ্ড সেনের মধ্যে দুইবার পঠিত হইলেও উহা এক রাঘব সেনেরই সমাজ। এই ভাবে কোগ্রামও কেবল কায়ুদাসের সমাজ, অতএব প্রকৃত গণনায় উহাদিগের সর্ব্বশুদ্ধ মাত্র ৩০টী সমাজই ব্যক্ত হইতেছে। এই ৩০টী সমাজ ব্যতিরেকে অন্য যেখানে যেখানে ঐ সকল কুলীনদিগের বাস দেখা যায়, সে সকল স্থান সমাজ বলিয়া গণ্য না হইয়া গ্রাম মধ্যে পরিগণিত হয়। একারণ গ্রামবাসী অপেক্ষা সমাজবাসীদিগেরই অধিক শ্রেষ্ঠত্ব কল্পনা করা হইয়াছে।৪২

বিনায়ক বংশীয় কুলীনদিগের মালঞ্চই সমাজ, একারণ তদীয় বংশধরগণ মালঞ্চীয় নামেই খ্যাত; তবে তাঁহাদের মধ্যে কেহ কেহ বৈতড়ীয় আখ্যায়ও পৃথক্ আখ্যাত হন। যাঁহাদের বেতড়ের ন্যায় অন্যকোন প্রসিদ্ধ কুলস্থানে বসতি নাই, তাঁহারা মালঞ্চই আপনাদিগের পূর্ব্ব স্থান বলিয়া নির্দ্দেশ করেন, কেন না মালঞ্চের নাম করিলেই লোকে কুলীন বলিয়া জানে। এই মালঞ্চের নামেই বিনায়ক বংশীয় সাঙুসেনের পুত্রগণ কুলীন বলিয়া কথিত হন। বিনায়ক বংশে পশুপত্যাদি যে সকল বংশধর মৌলিকত্ব প্রাপ্ত হন তাঁহাদের মালঞ্চীয় বলিয়া বিশেষ কোন বিশেষণ না থাকাই ঐ মৌলিকত্বের কারণ। কিন্তু বিনায়কবংশীয় যাঁহারা মৌলিকত্ব প্রাপ্ত হইয়াছেন তাঁহারাও আপনাদিগকে মালঞ্চী বলিয়া বলেন। ফল পঞ্জিকান্তরেও ইহার আভাস পাওয়া যায়; তথায় উল্লিখিত হইয়াছে, বিনায়কবংশীয়দিগের সমাজ মালঞ্চই নির্দ্দেশ করা হইয়াছে; এইহেতু তদ্বংশীয়গণের কুলহীনতা ঘটিলেও তাঁহারা মালঞ্চীয় বলিয়া খ্যাতি লাভ করেন। কিন্তু যাঁহারা স্থানান্তরে বসতি স্থাপন পূর্ব্বক কুলপঞ্জিকাদি না দেখিয়াই আপনাদিগকে মালঞ্চীয় বলিয়া প্রকাশ করেন সমাজে তাঁহারা উপহাসাস্পদ হন। যাঁহারা অপরিচিত ভাবে থাকিয়া যে যে গ্রামের নাম বলেন বৃদ্ধ লোকের নিকট জানিয়া যথাযথ বিচার পূর্ব্বক সেই সকল গ্রামের নাম উল্লেখ করা যাইতেছে।৪৩

বরাহনগরং বারাশতশ্চ দ্বৌ সমাজকৌ
বাসুদেবস্য গুপ্তস্য বংশ্যা এতৌ সমাশ্রিতাঃ॥
বাসুদেবস্য গুপ্তস্য সপ্তপৌত্রাঃ সমাশ্রিতাঃ।
সর্ব্বে বরাহনগরমাশ্রিতা গাঙ্গরোধসি।
তত্র গঙ্গাধরস্যাভূদ্বংশে লম্বোদরস্য যঃ।
তস্য বারাশতো নাম সমাজঃ পরিকীর্ত্তিতঃ॥

অত এবোক্তং পঞ্জিকান্তরে—

বরাহনগরং নাম সমাজঃ পরিকীর্ত্তিতঃ।
বাসুদেবস্য গুপ্তস্য বংশ্যাস্তত্র সমাশ্রিতাঃ॥
বরাহনগরীয়ো যঃ স বারাশত উচ্যতে। ইতি

(৪১) পানিনালাভূ যো গ্রামঃ সমাজঃ পরিকীর্ত্তিত।
তত্র কাপড়িগুপ্তস্য বংশ্যাঃ কতিচিদাশ্রিতাঃ॥
একশ্চৌতালিকাগ্রামঃ সমাজঃ পরিকীর্ত্তিতঃ।
স তু ত্রিপুরগুপ্তস্য প্রজাভিঃ সমুপাশ্রিতঃ॥

(৪২) চতুস্ত্রিংশৎ সমাজা হি সেনে তত্রৈকবিংশতিঃ।
দাসে নব তথা গুপ্তে চত্বারঃ পরিকীর্ত্তিতঃ॥
সেনে দ্বিশ্চ সকৃৎ দাসে বিষপাড়া ধৃতৈকিকা।
কিন্ত্বসৌ গয়িসেনস্য সমাজত্বেন বিশ্রুতঃ॥
সেনে দ্বিঃ পঠিতঃ খণ্ড কিন্ত্বসৌ রাঘবে শ্রুতঃ।
সেনে দাসে ধৃতঃ কোগাঁ কিন্ত্বসৌ কায়ুজে শ্রুতঃ
তস্মাদেতে ত্রিংশদেব সমাজাঃ পরিকীর্ত্তিতাঃ।
স্থানমন্যদ্ যদেষাং তদ্ গ্রামত্বেনৈব বিশ্রুতম্।
সমাজবাসিনাং শ্রৈষ্ঠ্যং কথ্যতে গ্রামবাসিনঃ॥

(৪৩) বিনায়কস্য মালঞ্চঃ সমাজঃ পরিকীর্ত্তিতঃ।
তস্মাত্তদ্বংশজাঃ সর্ব্বে মালঞ্চীয়াঃ প্রকীর্ত্তিতাঃ॥
তেষ্বেব বৈতড়ীয়াদ্যা কতিচিৎ পৃথগীরিতাঃ।
যেষামন্যৎ স্থলং নোক্তং তেষাং মালঞ্চকস্থলম্॥
কিন্তু মালঞ্চাভিধানাৎ কুলমেবাভিগম্যতে।
তস্মান্মালঞ্চনাম্না চ বিনায়ককুলোদ্ভবঃ॥
সাঙুসেনস্য সন্তানঃ কুলবানেব বক্ষ্যতে।
পশুপত্যাদিবংশ্যা যে পরে বৈনায়কেঽন্বয়ে॥
মৌলিকত্বং গতাস্তেষাং ন মালঞ্চবিশেষণম্।
তেষাং বাসস্থানমাশু বোধার্থমেব বক্ষ্যতে॥
কিন্তু বৈনায়কা যে যে মৌলিকত্বমুপাশ্রিতাঃ।
মালঞ্চীয়তয়াত্মানং কথয়ন্ত্যেব তেঽখিলাঃ॥

গাঙ্গুরিসেন-বংশীয়দিগের কাহারও কাহারও গজপতিবংশের সহিত সান্নিধ্য ঘটায় আপনাদিগকে খানাকীয় বলিয়া ব্যক্ত করেন, কিন্তু খানাগ্রাম কুলস্থান মধ্যে নির্দ্দিষ্ট থাকায় উঁহারা ঐ আখ্যায় আখ্যাত হইতে পারেন না। প্রাচীনগণ মাধবের কুল সম্বন্ধেও এই রূপ উল্লেখ করিয়াছেন, সুতরাং এখানেও সেই ভাবে লিখিত হইল। বহু সেনহাটীয়গণ আপনাদিগকে নারহট্টীয় বলিয়া প্রকাশ করেন, কিন্তু ইহাতে তাঁহারা উপহাসযোগ্য নন, কেননা উভয়ই তুল্যমর্য্যাদ। ফলে কেবল নারহট্টীয়গণই উঁহাদের সমান কুলে জাত বলিয়া প্রসিদ্ধ, অপর কেহ নহে; একারণ হিঙ্গুবংশে যাঁহারা কুলীন বলিয়া খ্যাত, নরহট্ট বিশেষণ থাকায় তাঁহারাও কুলীন মধ্যে লেখ্য।৪৪

কুবের বহু জ্ঞাতির সহিত রায়িগ্রামে বাস করেন, একারণ শুকবংশ্যগণ রায়িগ্রামী বলিয়া আত্মপরিচয় দেন। সম্বন্ধ ও বৃত্তি অনুসারে এবং রায়িগ্রাম বিশেষণ থাকা প্রযুক্ত ইহাতে তাঁহাদের কোনরূপ দোষ আসিতে পারে না, কেননা ইহার মধ্যে অল্পমাত্র বিশেষত্ব দেখা যায়, কারণ কুবেরের জ্ঞাতিগণ মৌলিকত্ব প্রাপ্ত হইলেও তাঁহাদিগের মধ্য কেবল এক কুবেরের মুখ্যত্বই বিশেষত্ব।৪৫

বেতড়ই বাদলের সমাজ, একারণ তদ্বংশীয়গণ বৈতড়ীয় বলিয়া প্রসিদ্ধ এবং ঐ সংজ্ঞা প্রযুক্তই তাঁহারা কুলীন মধ্যে পরিগণিত; এমন কি ইঁহাদের মধ্যে যাঁহারা অকুলীন বসতিস্থান গুণে তাঁহারাও উপহাস্যাস্পদ নহেন।৪৬

চায়ুবংশের সকলেই চায়ুবংশীয় বলিয়া প্রসিদ্ধ হইলেও তদ্বংশীয় বিশ্বম্ভরের কুলে যাঁহারা বিখ্যাত চায়ুসংজ্ঞা দ্বারা মাত্র তাঁহারাই উল্লেখ্য। ফলে চায়ুর নামেই ঐ সকল বৈদ্যগণের কুলবোধ হইয়া থাকে। তবে দিবাকর-কুলোৎপন্ন বৈদ্যগণ কেবল চায়ুর নামে যে চায়ুবংশীয় বলিয়াই খ্যাত তাহা নহে, উহাঁদের অতিরিক্ত কচ্চীবন বিশেষণও আছে।

চায়ুসন্ততির মধ্যে গোপাল প্রভৃতির বংশীয়গণ মৌলিকত্ব প্রাপ্ত হইলেও বসতি স্থান বিশেষণ থাকায় তাঁহারা উপহাস-যোগ্য নহেন। একারণ ইহারাও আপনাদিগকে চায়ুবংশীয় বলিয়া বলেন।৪৭

কদাপি নৈব জাতাস্তে পিত্র্যস্থানোদ্ভবা হি তে। যদুত্তম্
সর্ব্বে বৈনায়কা বৈদ্যা মালঞ্চীয়া উদীরিতাঃ।
যে যে কৃতাস্যস্থানাস্তে জ্ঞাতাস্তৎস্থাননামতঃ॥
বিনায়কস্য পুত্রো যো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠো ভিষক্‌কুলে।
রোষসেনোঽভবত্র মালঞ্চে তদ্বংশ্যাঃ সুপ্রতিষ্ঠিতাঃ।
তস্যৈব রোষসেনস্য বংশে মহতি সাগরে॥
সাঙ্গুসেনোঽভবচ্চন্দ্রো বিখ্যাতো ভুবনত্রয়ে।
অস্যৈব সাঙ্গুসেনস্য কুমারাস্তাস্তনূদ্ভবাঃ॥
মালঞ্চকুলপদ্মার্কা বৈদ্যগোষ্ঠীপ্রতিষ্ঠিতাঃ।
এষাং মালঞ্চীয়তয়া বংশ্যাঃ সম্প্রতিবিশ্রুতাঃ॥
এভ্যোঽন্যেষাঞ্চ মালঞ্চঃ সমাজো যদ্যপি স্মৃতঃ।
তথাপি কুলহীনত্বান্নৈব তে বিশ্রুতা ইহ।
বিনায়কস্য স্থানং হি মালঞ্চো যৎ প্রকীর্ত্তিতঃ।
তস্মাত্তদ্বংশসম্ভূতা মালঞ্চা নিষ্কুলা অপি।
তন্নতেঽপ্যুপহাস্যা যে দেশান্তরনিবাসিনঃ॥
আত্মানমাহুর্মালঞ্চমৃষ্টাঃ পঞ্জিকাসু চ।
অজ্ঞাতভাবমাপন্না যত্র যত্র বসন্তি তে॥
স সগ্রামোঽত্র খ্যাস্তে বিজ্ঞেয়া বৃদ্ধলোকতঃ। ইতি

(৪৪) কেচিদ্ গজপতের্বংশৈঃ সহ সান্নিধ্যতঃ স্বকং
খানাকীয়ং বদন্ত্যেব গাঙ্গুরীসেনবংশজাঃ॥
খানা প্রোক্তা কুলে যত্র লেখ্যাস্তে তদাখ্যয়া।
গজবংশৈশ্চিরং বাসাৎ খানকীয়তয়া বদন্॥
মাধবস্য কুলং প্রাঞ্চস্তথা বাচ্যং ময়াপি তৎ।
বহবঃ সেনহাটীয়া নারহট্টতয়া স্বকম্॥
বদন্ত্যেব ন তে হাস্যা উভয়েষামতঃ সমঃ।
প্রভবঃ কিন্তু সকুলা নারহট্টা ন চাপরে॥
তেন হিঙ্গুকুলে কেচিৎ যে কুলীনাঃ প্রকীর্ত্তিতাঃ।
ত এব লেখনীয়াশ্চ নরহট্টবিশেষণাৎ॥

(৪৫) রায়িগ্রামে কুবেরেণ বহুভির্জ্ঞাতিভিঃ সহ।
স্থিতং তদ্বহবঃ শৌকা রায়িগ্রামিতয়া স্বকম্॥
বদন্নেব ন তে হাস্যাঃ সম্বন্ধে তে চ বৃত্তিতঃ।
কুত্রচিল্লেখনীয়াশ্চ রায়িগ্রামবিশেষণাৎ॥
ন তদ্দূষ্যং বিশেষোঽল্প কুবেরো জ্ঞাতয়োঽস্য চ।
মৌলিকাস্তেষু মুখ্যত্বং কুবেরস্যাত্র কেবলম্।

(৪৬) বাদলের্বেতড়ো নাম সমাজঃ পরিকীর্ত্তিতঃ॥
তস্মাত্তদ্বংশজাঃ সর্ব্বে বেতড়ীয়াঃ প্রকীর্ত্তিতাঃ।
কিন্তু বেতড়নাম্নৈব কুলং বিজ্ঞায়তে ধ্রুবম্॥
তস্মাৎ কুলাস্তস্য বংশে লেখ্যা বেতড়সংজ্ঞয়া।
কুলহীনাস্তু যে তেঽপি বৈতড়ং সংবদন্ত্যপি॥
ন তে হাস্যা বিলেখ্যাস্তে বসতিস্থানসংজ্ঞয়া।

(৪৭) চায়ুবংশোদ্ভবাঃ সর্ব্বে চায়ুনাম্নৈব বিশ্রুতাঃ॥
যদ্যপ্যেব তথাপ্যেষু বিশ্বম্ভরভুবঃ কুলে।
বিশ্রুতা যে তেঽধুনা লেখ্যাস্তদ্বংশ্যাশ্চায়ুসংজ্ঞয়া॥
চায়ুনাম্নৈব বৈদ্যানাং কুলবোধো হি জায়তে।
দিবাকরকুলোদ্ভূতাশ্চায়ুবংশ্যাঃ কুলা অপি॥

বালিনাছীই পন্থদাসের সমাজ, সুতরাং তদ্বংশীয়গণ সকলেই বালিনাছীয় বলিয়া প্রসিদ্ধ। পন্থকুলোদ্ভূত কুলীনগণ মাত্রেরই সমাজ কেবল বালিনাছী, তদ্‌ভিন্ন স্থানান্তরে নাই। অতএব পন্থবংশের মধ্যে যাঁহারা কুলীন তাঁহাদেরই প্রায় বালিনাছী বিশেষণ, অন্য কাহারও নহে; তবে যদি কাহারও ঐরূপ বিশেষণ দেখা যায়, তাহাতে তাঁহারা নিতান্ত উপহাসাস্পদ হইবেন না, কেননা হয়ত তাঁহাদের মধ্যে কেহ পূর্ব্ব বাস স্থান দ্বারা কেহ বা পন্থবিশেষণ দ্বারা বিশেষিত হইবেনই।৪৮

পন্থবংশীয় বিনায়ক বহুজ্ঞাতির সহিত মৌড়েশ্বরে অবস্থিতি করেন, একারণ তত্রত্য পন্থদাস-বংশধরগণ মৌড়েশ্বরীয় বলিয়া আপনাদিগের পরিচয় দেন। কিন্তু বৃত্তি ও সম্বন্ধ অনুসারে এবং মৌড়েশ্বর বিশেষণ থাকায় ইহা নিতান্ত দূষণীয় নহে; তবে অধুনা মৌড়েশ্বরে কুল নাই।৪৯

কায়ুগুপ্তের সমাজ বরাহনগর; কায়ুবংশীয়গণ এই সমাজ ত্যাগ করিয়া বহুদেশদেশান্তরগামী হইয়াছিলেন; কিন্তু পরে ঐ বংশীয় নারায়ণের পুত্রগণ সকলেই আবার এই স্থানে আশ্রয় গ্রহণ করেন। ইহাঁদের বংশে যাহারা কুলীন বলিয়া প্রখ্যাত-তাঁহারাই মাত্র বরাহনগরীয় আখ্যায় আখ্যাত হন। তবে যে সকল কায়ুবংশীয়েরা আপনাদিগকে বরাহনগরীয় বলিয়া প্রকাশ করেন, তাঁহারাও হাস্যাস্পদ হইবেন না কেন না তাঁহাদের উক্ত পরিচয় মাত্র বাসস্থানজ্ঞাপক।৫০

অপরাপর সেনাদিবংশের যে যে স্থান কথিত হইয়াছে, তাঁহাদিগের পরিচয় সেই সেই স্থানের নামে অথবা স্বীয় স্বীয় বীজপুরুষের নামে, কোথায়ও বা স্ব স্ব বৃত্তি অনুসারে হইয়া থাকে। দত্তদেবাদি সকলেই প্রায় বৃত্তিদ্বারাই পরিচিত। ফলে সকল বৈদ্যেরই পরিচয় যে কেবল বংশাবলী দ্বারা নির্ণীত হয় তাহা নহে; অনেকানেকের পরিচয় সম্বন্ধ ও বৃত্তি দ্বারাও হইয়া থাকে, তাহাতে কোন দোষ আসে না। বৃত্তি দ্বারাই লোকের জাতি নিরূপিত হয় এবং বৃত্তিদ্বারাই সকল লোককে জানা যায়।৫১

পদ্ধতি প্রভৃতি অনুসন্ধানে যাঁহাদের কুল পরিচয় বিশেষরূপে না পাওয়া যায় তাঁহাদের নাম বা বাসস্থান মাত্র লিখিত হইয়া থাকে। যাঁহারা পদ্ধতিতে বিশ্রুত অথচ যাঁহাদের বীজপুরুষ বা বাসস্থানের নাম পাওয়া যায় না, তাঁহাদের সম্বন্ধে 'পদ্ধতিযুক্ত' মাত্র এই কথা লেখা হয়। বীজপুরুষ বা বাসস্থলের নাম লেখা হয় না। যাহার সন্তান-সন্ততির নাম জানা আছে, কিন্তু বংশের নাম জানা নাই তাহার বংশের নাম না লিখিয়া মাত্র সে 'অমুক' এই কথা লিখিত হয়। জানা না থাকায় কাহারও মাতামহের নাম লেখা হয় না। যাহার বাসস্থান এবং কুলস্থান উভয় লেখা না থাকে, তাহার নিষ্কুলত্ব ও অমূলত্ব প্রতিপাদিত হয়।৫২

ন কেবলং চায়ুনাম্না বাচ্যাঃ কচ্চীবিশেষণাৎ।
গোপালপ্রভৃতের্বংশ্যা মৌলিকাশ্চায়ুসন্ততৌ॥
তে বাচ্যা বসতিস্থানবিশেষণতয়া ধ্রুবম্।
কিন্তূপহাস্যা ন স্বং তে ব্রুবন্তশ্চায়ুবংশজম্॥

(৪৮) পন্থস্য বালিনাছ্যাখ্যং স্থানং তদ্‌বালিনাছীয়াঃ।
সর্ব্বে পন্থকুলোদ্‌ভূতা অনুক্তান্যস্থলা ধ্রুবম্॥
কিন্তু যঃ কুলবান্ পন্থে বালিনাছীবিশেষণম্।
তস্য নান্যস্য কিন্ত্বন্যে হাস্যাস্তন্নামতো ন হি।
বাসস্থানেন তে বাচ্যাঃ ক্বচিৎ পন্থবিশেষণাৎ॥

(৪৯) বিনায়কঃ পন্থবংশ্যো বহুভির্জ্ঞাতিভিঃ সহ।
মৌড়েশ্বরে স্থিতিং চক্রে তৎপন্থা বহবঃ স্বকম্॥
মৌড়েশ্বরীয়মাত্মানং ব্রুবতে তে চ বৃত্তিতঃ।
সম্বন্ধে কুত্রচিল্লেখ্যা মৌড়েশ্বরবিশেষণাৎ।
ন তদ্দূষ্যং সাম্প্রতং হি নাস্তি মৌড়েশ্বরে কুলম্॥

(৫০) সমাজঃ কায়ুগুপ্তস্য বরাহনগরাহ্বয়ঃ।
বরাহনগরস্থানাস্তৎসর্ব্বে কায়ুবংশজাঃ॥
বরাহনগরং ত্যক্ত্বা তদ্বংশ্যা বহুদেশগাঃ।
নারায়ণসুতাঃ সর্ব্বে পুনস্তৎ স্থানমাশ্রিতাঃ॥
বরাহনগরীয়ত্বে খ্যাতা নারায়ণাত্মজাঃ।
তেষামপ্যন্বয়ে যে যে কুলীনাঃ পরিকীর্ত্তিতাঃ।
তে বরাহনগরীয়া হি নাপরে ত্বিতি নির্ণয়ঃ॥
কিন্তু বরাহনগরং আত্মানং কায়ুবংশজাঃ।
ব্রুবতে যে ন তে হাস্যা বাচ্যা বাসস্থলেন তে॥

(৫১) সেনাদীনাং পরেষান্তু যদ্ যৎ স্থানং সমীরিতম্।
তস্য তস্য চ নাম্না চ বীজিনাম্না চ কুত্রচিৎ।
বাচ্যাঃ সর্ব্বে কেঽপি বৃত্ত্যা যা চ স্যাদ্বহুসম্মতা॥
দত্তদেবাদয়ঃ সর্ব্বে লেখ্যাঃ প্রায়েণ বৃত্তিতঃ।
নাস্তি সর্ব্বস্য বৈদ্যস্য বংশাবল্যা বিলেখনম্॥
সম্বন্ধে বহবো বৃত্ত্যা লেখ্যা নৈবাত্র দূষণম্।
বৃত্ত্যা বিজ্ঞায়তে জাতির্বৃত্ত্যা হি জ্ঞায়তেঽখিলঃ॥

(৫২) অজ্ঞাতা যেঽনুসন্ধানাৎ পদ্ধত্যাদিভিরেব চ।
নামৈব লেখ্যং তেষান্তু বাসস্থানঞ্চ কুত্রচিৎ॥
পদ্ধতিবিশ্রুতা যস্য ন তু বীজী ন চ স্থলম্।
স পদ্ধতিযুতো লেখ্যো নাস্য বীজী ন চ স্থলম্॥
বিজ্ঞাতো যস্য সন্তানো ন তু নাম্নাস্য চান্বয়ঃ।
লেখ্যে যস্য ন বংশাখ্যে জ্ঞাতে সোঽমুক ইত্যপি।
অজ্ঞাতত্বেন কস্যাপি ন মাতামহলেখনম্॥

যেখানে মালঞ্চীয়দের নাম এবং গ্রামান্তরের নাম আছে তথায় মালঞ্চবংশীয়ত্ব এবং নিষ্কুলত্ব জ্ঞাপিত হইবে। এইরূপ চায়ু প্রভৃতি নামের সহিত গ্রামান্তরের নাম থাকিলে তাহাতেও নিষ্কুলত্বাদি বুঝিতে হইবে।৫৩

অপ্রসিদ্ধ বাসস্থানের উক্তিতে যদি কুলের ন্যূনভাব প্রকাশ পায়, তবে বৃত্তির উল্লেখ করিয়া তত্তদ্বংশীয় বীজপুরুষের প্রতিষ্ঠা করিতে হয়। গয়িদ্বয়িপ্রমুখদিগের মধ্যে যাঁহার মাত্র বংশাবলী লিখিত আছে, তিনি যদি নিজে অপ্রসিদ্ধ লোক হন এবং তাঁহার বাসস্থান প্রসিদ্ধ হয় তবে তাহার প্রতিপত্তির জন্য সেই বাসস্থানেরই উল্লেখ করিতে হইবে। যাঁহাদিগের বংশাবলী লিপিবদ্ধ নাই এবং বহুবিধ সৎকুলীনের সহিত সম্বন্ধাদি ও রাঢ়ে বসতি না থাকায় যাহারা সর্ব্বত্র সুপরিচিত নহে, তাহাদের পরিচয় বর্ত্তমান বাসস্থান এবং অন্যান্য বিশেষণ দ্বারাই দিতে হইবে। যে ব্যক্তি স্বনামপ্রসিদ্ধ তাহার কোন বিশেষণ দিবার প্রয়োজন নাই। স্বয়ং অপ্রসিদ্ধ ব্যক্তিদিগের যদি কোথায়ও বিশেষণ থাকে, আর কোথায়ও না থাকে, তবে যাহা দ্বারা তাহাকে কৃতনিশ্চয়রূপে চিনা যায়, তদ্রূপ বিশেষণে উহাকে বিশেষিত করিতে হইবে। স্বনামপ্রসিদ্ধ বহুলোকের ও বহুবিধ বিশেষণ দ্বারা পরিচয় দিতে হইবে, তাহা হইলে অতি শীঘ্রই তাহাদের উপলব্ধি হয়।৫৪

বাসস্থানং কুলস্থানং দ্বয়ং যস্য ন লিখ্যতে।
নিষ্কুলত্বমমূলত্বং দ্বয়ং তস্য প্রতীয়তে॥ যদুক্তম্—

(৫৩) যত্র মালঞ্চনামাস্তি নাম গ্রামান্তরস্য চ।
তত্র মালঞ্চবংশ্যত্বং নিষ্কুলত্বঞ্চ বুধ্যতে॥
এবমন্যসমাজানাং চায্যাদীনাঞ্চ যত্র চ।
নাম গ্রামান্তরস্যাপি তত্র চৈষা ব্যবস্থিতিঃ॥ ইতি

(৫৪) অখ্যাতবাসস্থানোক্তঃ ন্যূনভাবঃ কুলস্য বৈ।
যস্য যস্যপি বৃত্ত্যৈব লেখ্যো বীজিপ্রতিষ্ঠিতঃ॥
গয়ীদ্বয়িমুখানান্তু বংশাবল্যাঃ বিলেখনম্।
যস্যাস্ত্যসাব প্রসিদ্ধঃ স্থানবাসেঽপি শোভনঃ॥
তেষাং বাসস্থানলেখ্যো ঋটিতি প্রতিপত্তয়ে।
যেষাং বংশাবলীলেখো নাস্ত্যেতে বহুসৎকুলৈঃ॥
সম্বন্ধৈরপি রাঢ়ায়াং বাসৈরপি ন শোভনাঃ।
তে বাসস্থাননাম্না চ লেখ্যাশ্চান্যৈর্ব্বিশেষণৈঃ॥
নিজনাম প্রসিদ্ধস্য কস্যচিন্নবিশেষণম্।
ক্বচিদস্তি ক্বচিন্ন স্যাদ প্রসিদ্ধস্য তদ্ ধ্রুবম্॥
নিজনাম প্রসিদ্ধানাং বহূনাং যদ্বিশেষণম্।
বিবিধং লিখ্যতে তচ্চ ঋটিতি প্রতিপত্তয়ে॥

কুলীন ও মৌলিক কথন।

বীজপুরুষ হইতে আবহমানকাল যাঁহাদের কুলকার্য্য বলিয়া আসিতেছে তাঁহারাই কুলীন। মহাকুল, মধ্যকুল ও অল্পকুল-ভেদে কুলীন তিন প্রকার। যাঁহাদের এই কুল সম্বন্ধাদির দোষে নষ্ট হয় তাঁহাদের মূলবংশ সুপ্রসিদ্ধ থাকিলেও বৈদ্য সম্প্রদায়ের মধ্যে তাঁহারা মৌলিক বলিয়া খ্যাত।৫৫

ব্যক্তিভেদে কুলীন-মৌলিকত্ব-নির্ণয়।

সেনবংশে বিনায়ক, দাসবংশে চায়ু ও পদ্মদাস, গুপ্তের মধ্যে কায়ু ও ত্রিপুর, ইঁহারাই প্রধানতঃ কুলীন বলিয়া বিখ্যাত; তদ্ভিন্ন অন্যান্য যে সকল সেন, দাস ও গুপ্ত, তাঁহারা সকলেই মৌলিক; কিন্তু ইঁহাদের মধ্যে আবার যাঁহারা নিয়ত সুসম্বন্ধপরায়ণ ও সুশীল, তাঁহারা সন্মৌলিক বলিয়া কথিত হন। অপর উক্ত বিনায়কাদির বংশধরগণ যদি স্ববংশযোগ্য আদান প্রদানাদি করিতে সমর্থ না হন; তবে বৈদ্যগণের মধ্যে তাঁহারাও মৌলিকত্ব প্রাপ্ত হন। বিনায়কাদির বংশসম্ভূত বা গয়ী প্রভৃতির কুলে উৎপন্ন এই সকল মৌলিকদিগের মধ্যে যাঁহাদের কুলীনের সহিত কুটুম্বিতা নাই, তাঁহারা অধম মৌলিক বলিয়া বিদিত।৫৬

বিনায়কাদির সন্তানগণের মধ্যে প্রকৃষ্ট ও অপকৃষ্ট উভয় প্রকারের কুলীন ও মৌলিক দেখা যায়। গুপ্তবংশীয় ত্রিপুরের

(৫৫) কুলং যস্যাস্তি স প্রোক্তঃ কুলীন ইতি স ত্রিধা।
মহাকুলো মধ্যকুলোঽল্পকুলো খ্যাতিতো মতঃ॥
মূলমস্ত্যেব বিখ্যাতং ন কুলং কর্ম্মদোষতঃ।
যেষাং ত এব বিজ্ঞাতা মৌলিকা ভিষজাং কুলে॥

(৫৬) বিনায়কঃ সেনকুলে কুলীনো
দাসেষু চায়ু কুলবান্ প্রসিদ্ধঃ।
পদ্মোঽপি দাসেষু কুলীন উক্তো
গুপ্তেষু কায়ুত্রিপুরৌ কুলীনৌ॥
পরে চ সেনা অপরে চ দাসা
গুপ্তাঃ পরে যে কিল মৌলিকাস্তে॥
তেষাং সুসম্বন্ধপরাঃ সুশীলাঃ
সন্মৌলিকাস্তে কথিতা ভিষগ্‌ভিঃ॥
বিনায়কাদেরপি বংশজাতাঃ
স্ববংশযোগ্যক্রিয়য়া বিহীনাঃ।
ভবন্তি যে যে কিল মৌলিকত্বং
তেঽপি ব্রজন্তীতি বদন্তি বৈদ্যাঃ॥
বিনায়কাদেঃ কুলসম্ভবানাং
তথৈব গয্যাদি কুলোদ্ভবানাম্॥
যেষাং কুলীনৈঃ সহ মৌলিকানাং
কুটুম্বিতা নাস্ত্যধমা মতাস্তে॥

কুলে এখন আর কুলীন নাই। দত্তপ্রভৃতি অপর যে সকল বৈদ্য, তাঁহারা হীনমৌলিক; কিন্তু ইহাদের মধ্যে আবার যাঁহাদের সহিত কুলীনগণের সম্বন্ধ আছে, তাঁহারা 'আঘাত' বলিয়া কথিত হন।

দত্ত, দেবও কর ইহাদের মধ্যে উত্তরোত্তর ন্যূনত্ব কল্পিত হয় এবং করের পর অন্য যে কয়েক ঘর আছে তাহারাও কর হইতে ঐরূপ উত্তরোত্তর ন্যূন।৫৭

সুবিজ্ঞাত দত্তাদির সহিত যদি কুলীনের ক্রিয়া কর্ম্ম হয়, তবে তাঁহাকে অল্পাঘাত এবং অবিজ্ঞাত ঐরূপ কোন বংশের সহিত কুলীনের সম্বন্ধ হইলে তাহাকে মহাঘাত বলা হইয়া থাকে। পঞ্জিকান্তরেও এরূপ ভাবের আভাস পাওয়া যায়; তত্তদ্‌গ্রন্থে লিখিত আছে—"সদনুষ্ঠানকারী দত্তাদিও শ্রেষ্ঠ। কিন্তু অসদনুষ্ঠাতা সেনাদিও সদ্বৈদ্যগণের সমাজগ্রাহ্য নহে। মহাবংশসম্ভূত কুলীনই হউক আর মৌলিকই হউক স্বীয় স্বীয় কর্ম্মদোষে সকলেরই বংশগৌরবের হ্রাস বৃদ্ধি হয়। অতএব কুলীন ও মৌলিক ইহাদের সকলের পক্ষেই নিয়ত স্বকুলোচিত কর্ম্মানুষ্ঠানদ্বারা নিজ নিজ কুলগৌরব রক্ষা করা কর্ত্তব্য এবং যিনি এইরূপ অনুষ্ঠান করেন, তাঁহারই কুল চিরদিন বজায় থাকে।"৫৮

পঞ্জিকান্তরোক্ত কুলীন মৌলিকনির্ণয়।

বিনায়ক সন্তানের মধ্যে সাঙ্‌সেন, কোণার্ক, গজ, রবি ও বরাট এই পাঁচ জন কুলীন। চায়ুদাসবংশে বিশ্বম্ভর ও সমুদ্র এই দুইটী কুলীন। বামন ও শিবদাস এই দুইজন পন্থদাসবংশীয় কুলীন।৫৯

পালজামাতা ডোমনের বংশধর উক্ত বামন কুলীন মধ্যে পরিগণিত বটে; তবে এ সম্বন্ধে কেহ কেহ আপত্তি করিতে পারেন যে, বৈদ্যের ভিতরে আদৌ পাল উপাধি নাই, অতএব তদ্বংশীয় জামতার বংশধর কিরূপে কুলীন হইতে পারে? একথা সত্য; কিন্তু তাহা বলা কর্ত্তব্য নহে, কারণ বামনের অশেষ প্রকার গুণ আছে; আর পৌরুষসাধ্যই কুল, সুতরাং অপরিসীম সদ্‌গুণসম্পন্ন বামন স্বীয় পুরুষকার দ্বারাই পন্থবংশে কুলীনত্ব প্রাপ্ত হইয়াছেন। নানা প্রকার সৎসম্বন্ধের বলে শিবদাসও কুলীন মধ্যে গণ্য হইয়াছিলেন।৬০

কায়ুগুপ্তবংশীয় কৃত্তিবাস, অচ্যুত, ভূধর প্রভৃতি দ্বাদশজনের বংশে অদ্যাপি বহু কুলীন বিদ্যমান থাকিয়া সর্ব্বত্র আদৃত হইতেছেন। ইহাঁদের বংশে যাঁহারা মৌলিকত্ব প্রাপ্ত হইয়াছেন, পণ্ডিতগণ তাঁহাদের বিবরণ বক্ষ্যমাণ বংশাবলী (চন্দ্রপ্রভা) মধ্যে পরিজ্ঞাত হইবেন। বিনায়কাদির বংশে যে দ্বাদশটী কুলীনের কথা শুনা যায়, তদ্ভিন্ন গয়ীপ্রমুখ মৌলিকগণও পূর্ব্বোক্ত রূপে কথিত হইবেন। ইহাঁদের মধ্যে যাঁহারা সৎসম্বন্ধ ও সদাচারবিশিষ্ট, তাঁহারা সন্মৌলিক এবং যাঁহাদের আচার ব্যবহার বা সম্বন্ধাদি অতি নীচ, তাহারা অসন্মৌলিক।৬১

(৫৭) বিনায়কাদিসন্তানে কুলীনা মৌলিকা অপি
প্রকৃষ্টা অপকৃষ্টাশ্চ উভয়ে সন্তি সম্প্রতি॥
গুপ্তস্ত্রিপুরনামা যো নাধুনা তৎকুলে কুলম্।
দত্তাদ্যা অপরে যে তে কথিতা হীনমৌলিকাঃ॥
সম্বন্ধাদ্ যৈঃ সহাঘাতঃ কুলীনানামুদীরিতঃ।
দত্তান্ন্যূনো ভবেদ্দেবস্তস্মান্ন্যূনাঃ করাদয়ঃ॥
যথোত্তরং করাদৌ তু ন্যূনত্বং পরিকীর্ত্তিতম্।
জ্ঞাতৈর্দত্তাদিভিশ্চাল্পো বরমাঘাত ঈরিতঃ॥
অবিজ্ঞাতৈস্তু বংশাদ্যৈর্মহাঘাতঃ প্রকীর্ত্তিতঃ।

(৫৮) উক্তঞ্চ পঞ্জিকান্তরে—
সেনো দাসশ্চ গুপ্তশ্চ প্রকৃষ্টা এব কীর্ত্তিতাঃ।
বিনায়কস্তত্র সেনে দাসে চ চায়ুপন্থকৌ॥
গুপ্তে কায়ুত্রিপুরৌ কুলীনা মৌলিকাঃ পরে।
দত্তদেবাদয়ো বৈদ্যাঃ স্বকীয়েনৈব কর্ম্মণা॥
হীনভাবং গতাঃ সর্ব্বে স্যাদাঘাতঃ কুলস্য যৈঃ।
বংশ্যা বিনায়কাদীনামপি স্বেনৈব কর্ম্মণা॥
স্থানদোষাৎ ক্রিয়ালোপাদধমত্বং ব্রজন্তি হি।
বরং দত্তাদয়ঃ শ্রেষ্ঠা দ্বিজ্ঞাতাচরণাদিকাঃ॥
ন চ সেনাদয়ো বৈদ্যা অজ্ঞাতা ইতি সম্মতম্।
স্যাতামেব কুলীনানাং মহাবংশভুবামপি॥
সর্ব্বেষাং মৌলিকানাঞ্চ হ্রাসবৃদ্ধী স্বকার্য্যতঃ।
তস্মাৎ কুলোচিতং কর্ম্ম সর্ব্বেষামেব ভূষণম্॥
তদেব রক্ষিতং যেন স্বো ভাবস্তেন রক্ষিতঃ॥

(৫৯) তথাস্য পঞ্জিকায়াম্—
সাঙ সেনোঽথ কোণার্কো গজো রবিবরাটকৌ।
বিনায়কস্য সন্তানে কুলীনাঃ পঞ্চ বিশ্রুতাঃ॥
বিশ্বম্ভরঃ সমুদ্রশ্চ কুলীনৌ চায়ুসন্ততৌ।
বামনঃ শিবদাসশ্চ পন্থবংশে কুলাবুভৌ॥

(৬০) ডোমনঃ পালজামাতা বৈদ্যঃ পালো ন বিদ্যতে।
বংশ্যো ডোমনদাসস্য বামনঃ কুলবান্ কথম্॥
ইতি তর্কো ন কর্ত্তব্যো বামনে বহবো গুণাঃ।
কুলং পৌরুষসাধ্যং হি তৎ স পন্থে কুলান্বিতঃ।
সৎসম্বন্ধবলাদেব শিবোঽপি কুলবানভূৎ॥

(৬১) কুলাঃ কায়ুকুলে কৃত্তিবাসঃ অচ্যুতভূধরৌ।
বংশেষেষাং দ্বাদশানামদ্যাপি বহবঃ কুলাঃ॥
সর্ব্বত্র ভূষিতাঃ সন্তি যত্তদুক্তা অমী কুলাঃ।
কিন্তু প্রাক্ চ তদানীঞ্চ কুলীনা বহবঃ স্থিতাঃ॥

কুলের গরিষ্ঠাদি ভাব।

মালঞ্চ, ধলহণ্ড ও বেতড় সমাজের কায়ুবংশীয়গণ গরিষ্ঠ কুলীন, অল্পদোষে ইঁহাদের কৌলীন্যের কোনরূপ হীনতা হয় না। খানা, মঙ্গলকোঠ ও নরহট্ট সমাজের কায়ু ও পন্থবংশীয় কুলীনেরা কোমল বলিয়া খ্যাত ও সামান্য দোষেই পতিত হন। গরিষ্ঠের মধ্যে যাঁহারা বিশেষ খ্যাতিমান্, তাঁহারা অতি গরিষ্ঠ এবং যাঁহারা অপ্রসিদ্ধ তাঁহারা কোমল আখ্যায় আখ্যাত হন ; এইরূপ কোমলের মধ্যেও যাঁহাদের অশেষ সুখ্যাতি তাঁহারা গরিষ্ঠ এবং যাঁহাদের কোনরূপ প্রতিপত্তি নাই, তাঁহারা অতিকোমল বলিয়া বিশ্রুত হন। ফলে এই গরিষ্ঠত্ব ও কোমলত্ব উভয়ই কুলকার্য্যাদির বশবর্ত্তী ; কুলক্রিয়াদি ভাল হইলেই যে কুলের গৌরব এবং মন্দ হইলেই যে কুলের লাঘব হইয়া থাকে, তাহাতে সন্দেহ নাই।৬২

বৈদ্যগণের পূজ্যাপূজ্য ও পৌর্ব্বাপর্য্য বিচার।

সেন, দাস এবং গুপ্ত ইঁহারা যথাক্রমে পূজ্য অর্থাৎ মাননীয়। ফল কোন সভায় গোষ্ঠী অর্চ্চনাকালে উক্ত তিন বংশীয় কুলীন উপস্থিত থাকিলে তাঁহাদের মধ্যে সেনই প্রথমে অর্চ্চনার যোগ্য হইবেন। যেখানে সেন অনুপস্থিত থাকিবেন, তথায় দাস এবং এইরূপ তদভাবে গুপ্ত পূজ্য বলিয়া নির্ণীত হইবেন। পূর্ব্ব হইতে এখন পর্য্যন্তও এইরূপ পূজনক্রম চলিয়া আসিতেছিল ; পরে কোন সময়ে উহাদের পরস্পর প্রতিদ্বন্দ্বিতা ঘটায় বিজ্ঞদিগের বিচারে পিতৃপিতামহাদিক্রমে এবং জ্ঞাতিকুটুম্বাদির প্রাচুর্য্য বশতঃ ভাস্করই প্রথম পূজনীয় বলিয়া স্থিরীকৃত হইলেন ; একারণ তদ্বংশীয়গণই সর্ব্বাগ্রে পূজিত হইয়া আসিতেছেন। তৎপরে সাগর গুপ্তের বংশের যে কেহ উপস্থিত থাকিতেন, তিনিই পূজিত হইতেন, তাহাতেও আপনাদিগের মধ্যে বিরোধ উপস্থিত হওয়ায় পণ্ডিতগণ কোথায়ও সম্বন্ধাদির উচ্চনীচতা বিচারপূর্ব্বক কোথায়ও বা পর্য্যায়ের গুরুলঘুতা নির্দ্দেশানন্তর প্রতিদ্বন্দ্বীদিগের মধ্যে পূজ্যাপূজ্য ঠিক করিয়া দিতেন। যে সময় এই রূপ ব্যবস্থারও স্থায়িত্ব লোপ হয়, তখন খ্যাতিই বলবতী হইয়া উঠে অর্থাৎ তখন উঁহাদিগের মধ্যে যিনি খ্যাত্যাপন্ন, যাঁহাকে অবান্তর নানা কারণে দশজনে মান্যগণ্য করে, তিনিই পূজ্য বলিয়া নির্দ্দিষ্ট হইতেন।৬৩

দুর্জ্জয়দাসের মতে পূজ্যাপূজ্য নির্ণয়।

দুর্জ্জয় দাস বলেন, পূর্ব্বে যেমন প্রথমে বিনায়ক, পরে চায়ু, তৎপরে কায়ু পূজনীয় মধ্যে পরিগণিত হইতেন, এক্ষণে তদ্রূপ কুমার, বিশ্বম্ভর ও বিশ্বনাথ এই তিনজন যথাক্রমে পূজ্য। যেখানে এই তিন জনের বা ইহাঁদিগের বংশধরগণের কেহ উপস্থিত না থাকিবেন, তথায় বৈদ্যগণ, প্রাচীন কুলজ্ঞের বিচারসম্মত আমার বাক্যের প্রামাণ্য গ্রহণপূর্ব্বক পূজ্য নির্ণয় করিবেন।৬৪

যাঁহার পিতা দত্তের দৌহিত্র, যিনি দত্তকে কন্যাদান করিয়াছেন, যাঁহার ভ্রাতা দত্তের জামাতা, সেই কুমারসেন কিরূপে মহদ্ব্যক্তি বলিয়া গণ্য হইতে পারেন ? এরূপ প্রশ্ন যুক্তিসঙ্গত হয় না, কেননা কুলে এবং পৌরুষে কুমারসেনের তুল্য কেহই নাই, ইনি সর্ব্বগুণসম্পন্ন সর্ব্বলোকপুরস্কৃত, সমস্ত জ্ঞাতির

এতেষামপি বংশেষু যে যে মৌলিকতাং গতাঃ।
বংশাবল্যভিধানে তে সর্ব্বে জ্ঞেয়া বিচক্ষণৈঃ॥
বিনায়কাদিবংশেষু যে দ্বাদশকুলে শ্রুতাঃ।
তেভ্যোঽন্যে গৌমুখা এবং মৌলিকা সর্ব্ব ঈরিতাঃ॥
সৎসম্বন্ধাঃ সদাচারাস্তেষু সন্মৌলিকা মতাঃ।
নিন্দাচরণসম্বন্ধাস্তত্রাসন্মৌলিকাঃ স্মৃতাঃ॥
যথোত্তরং ন্যূনভাবাদ্দত্তাদ্যা হীনমৌলিকাঃ।
সদসত্তা মতৈষাঞ্চ সম্বন্ধাদিবিচারণাৎ॥

(৬২) মালঞ্চীয়া ধলণ্ডীয়া বৈতড়ীয়াপি চায়বঃ।
গরিষ্ঠাঃ কথিতা এতে ন পতন্ত্যল্পদোষতঃ॥
খানা মঙ্গলকৌঠীয়া নারট্টাঃ পন্থকায়বঃ।
কোমলাঃ কথিতা এতে পতন্ত্যেবাল্পদোষতঃ॥
গরিষ্ঠেঽতিগরিষ্ঠোঽসৌ যস্য খ্যাতির্মহীয়সী।
কোমলত্বং গরিষ্ঠেঽপি তস্য যো ন হি বিশ্রুতঃ॥
কোমলেঽপি গরিষ্ঠত্বং তস্য যঃ খ্যাতিমান্ মহান্।
কোমলেঽতিকোমলোঽসৌ খ্যাতির্যস্য ন চাধিকা॥
গরিষ্ঠত্বং কোমলত্বং জ্ঞেয়ং দৃষ্ট্বা কুলক্রমম্।
গুরুত্বং বা লঘুত্বং বা সর্ব্বং কর্ম্মবশং স্মৃতম্॥

(৬৩) সেনোদাসশ্চ গুপ্তশ্চ ত্রয়ঃ পূজ্যা যথাক্রমম্।
যস্য যঃ স্যাৎ কুলে শ্রেষ্ঠো গোষ্ঠ্যর্চ্চৈকার্চ্চনে ভবেৎ॥
পূর্ব্বক্রমেণাধুনাপি দৃশ্যতে পূজনক্রমঃ।
কঃ সাধুঃ স্যাৎ প্রতিদ্বন্দ্বী পিতৃপৈতামহে মতে॥
কুটুম্বজ্ঞাতিসদ্ভাষাদ্ভাস্করোঽভূন্ মহাস্মৃতঃ।
তেন যঃ কোঽপি সদ্বংশ্যঃ সোঽর্চ্চ্যতেঽগ্রে ততঃ পরম্॥
বংশে সাগরগুপ্তস্য যঃ কশ্চিদিতি নিশ্চয়ঃ।
স্বেষু স্বেষু বিরোধে তু তেষাং কর্ম্মবিচারণাৎ॥
গুরুপর্য্যায়তো বাপি পূজা কার্য্যা বিচক্ষণৈঃ।
উক্তানাং স্থিত্যভাবে তু কুলাঙ্গভূতনির্ণয়াৎ।
পূজা বিধেয়া বৈদ্যানাং খ্যাতিরেব গরীয়সী॥

(৬৪) যদাহ দুর্জ্জয়ঃ—

বিনায়কোঽর্চ্চিত এব বৈদ্যশ্চায়ুস্তৎপরতশ্চ কায়ুঃ।
যথা তদানীমধুনা তথামী কুমারবিশ্বম্ভরবিশ্বনাথাঃ॥
নৈতে ন চৈষামপি যত্র সন্তি,
বংশ্যাঃ কুলজ্ঞস্য বিচারণেন।
পূজা বিধেয়াত্র মদীয়বাচাং,
প্রমাণ্যমুৎপাদিতমেব বৈদ্যৈঃ॥

প্রধান, আত্মীয় কুটুম্বগণ সকলেই ইঁহার বশীভূত; অতএব এরূপ মহদ্ব্যক্তির যদিও সামান্য কোন দোষ দৃষ্ট হয়, তাহা কাহারও নিকট গ্রাহ্য নহে। কারণ কেহই কখন কোন মহৎ-লোকের অল্প দোষ গ্রহণ করেন না। এই হেতু সর্ব্বসম্মতি-ক্রমে কুমার সেনেরই অর্চ্চনা সর্ব্বাগ্রে হইবে। এইরূপ বিশ্বম্ভর স্বয়ং আদ্যের দৌহিত্র হওয়ায় এবং তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা নন্দীর কন্যা বিবাহ করায় যদিও তাঁহার কুলে কিছু দোষ ঘটিয়া থাকে তাহা হইলে ইঁহারও উক্তরূপ বহুবিধ গুণ থাকায় দাস-বংশের মধ্যে ইনিই অগ্রে পূজনীয়। বিশ্বনাথও দেব-কন্যা-সমুদ্ভূত গঙ্গাধর গুপ্তের বংশধর বলিয়া কিঞ্চিৎ দোষান্বিত হইলেও স্বীয় সৎস্বভাবগুণে বৈদ্য সমাজের মধ্যে সর্ব্বত্র পূজিত।৬৫

সঞ্জয়ও বিনায়ক বংশীয় ভাস্করকে গোষ্ঠীপতি এবং তদীয় বিশ্ববিখ্যাত পুত্রত্রয়কে মহাকুলীন বলিয়া নির্ব্বাচন করিয়াছেন। একারণ তত্তদ্বংশীয়গণও বৈদ্যসমাজের মধ্যে সর্ব্বাগ্রপূজ্য হইয়া থাকেন। ইহাঁদের অভাবে বিচারে যাঁহার শ্রেষ্ঠত্ব হইবে, তিনিই সমাজের পূজনীয় মধ্যে গণ্য হইবেন।৬৬

ঘটকরায়ের মতে পূজ্য নির্ণয়।

বিনায়ক বংশের জগদ্বিখ্যাত কৃষ্ণখান ও হরিহর খান উভয়েই মহাকুলীন বলিয়া প্রসিদ্ধ। ইহাঁদের বংশীয় যে কেহই হউন, তাঁহারা নিশ্চয়ই সর্ব্বাগ্রে অর্চ্চনীয়। কায়ুবংশীয় দাসাদি সকলেই মহাকুলীন, ইহাঁদের বংশধরগণও যথাযোগ্য পূজনীয়। কায়ুবংশে বনমালী প্রভৃতি সমস্তই মহাকুলীন মধ্যে পরিগণিত এবং তত্তদ্বংশ-জাত যে কেহই যথাকালে উপস্থিত থাকিবেন, তিনিই সভায় পূজিত হইবেন। ইহাদের অভাবে বিচার পূর্ব্বক যিনি কুলশ্রেষ্ঠ হইবেন, অগ্রে তাঁহারই অর্চ্চনা হইবে।৬৭

বৈদ্যগণের বীজপুরুষ কথন।

বৈদ্যদিগের সর্ব্বসমেত ৫১ জন বীজপুরুষগণের মধ্যে প্রত্যেক ঘরের বীজপুরুষগুলির স্থান, নাম ও সংখ্যা ক্রমশঃ পৃথক্ পৃথক্ ভাবে বর্ণিত হইতেছে, যথা,—

ধন্বন্তরি গোত্রীয় সেন—বিনায়ক, গয়ি, খণ্ডগ্রামবাসী রাঘবসেন, সেনভূমিস্থ রাজা বিমলসেন, শিখরভূপতির পাত্র-দামোদর সেন, ধলভূমিস্থ বিনসেন এবং বঙ্গদেশবাসী রোয়িসেন, এই সাতজন ধন্বন্তরি বংশীয়গণের বীজপুরুষ।

পঞ্জিকান্তরে উক্ত হইয়াছে যে, বিনায়ক, গয়ি, আদ্য, বিমল-নৃপ, পাত্র দামোদর, বিন ও বুয়ী এই সাতজন ধন্বন্তরি গোত্রীয় বীজপুরুষ।

শক্তি গোত্রীয় সেন—শ্রীবৎস, শিয়াল, পুরসেন, চন্দ্রসেন, রাজা-শ্রয়ে স্বর্ণপীঠী মুণ্ডীর ও তদ্বংশীয় রামসেন, এই ছয় জন শক্তি-গোত্রের বীজপুরুষ। কিন্তু উক্ত শ্রীবৎসসেনের পৌত্র দ্বয়ি (দুহি) সেনই সমস্ত শক্তিগোত্রের বীজপুরুষ বলিয়া বিখ্যাত। ৬৮

---

(৬৫) পিতা দত্তস্য দৌহিত্রো দত্তা দত্তায় কন্যকা।
ভ্রাতা দত্তস্য জামাতা তৎ কুমারঃ কথং মহান্॥
ইতি তর্কো ন কর্ত্তব্যো যৎ কুমারস্য দৃশ্যতে।
ন কোঽপি সদৃশঃ সেনে কুলেন পৌরুষেণ চ॥
ত্রিভির্দ্দৈবৈশ্চ মাঙ্গল্যং কুমারস্য মহাত্মনঃ।
অল্পদোষো হি মহতঃ কেনাপি নৈব গণ্যতে॥
স হি সর্ব্বগুণৈর্যুক্তঃ সর্ব্বলোকপুরস্কৃতঃ।
সর্ব্বজ্ঞাতিপ্রধানশ্চ বশসর্ব্বকুটুম্বকঃ॥
অস্মাৎ কুমারসেনস্য পূজাগ্রে সর্ব্বসম্মতা।
স্বয়মাদ্যস্য দৌহিত্রো জ্যেষ্ঠো নন্দিসুতাপতিঃ॥
কথং বিশ্বম্ভরঃ শ্রেষ্ঠ ইতি বাক্যং ন জাতুচিৎ।
নহি দাসকুলে তস্য সদৃশঃ কোঽপি বিদ্যতে॥
গুণবান্ পুণ্যবান্ দাতা নানাপৌরুষভূষিতঃ।
অস্মাদ্ বিশ্বম্ভরো দাসবংশেঽগ্রে পূজিতোঽভবৎ॥
যো গঙ্গাধরগুপ্তোঽসৌ দেববংশসমুদ্ভবঃ।
তদ্বংশ্যো বিশ্বনাথোঽয়ং কথং গুপ্তকুলে মহান্॥
ইতি তর্কো ন কর্ত্তব্যো যদস্য গুপ্তসম্ভবো।
সদৃশো দৃশ্যতে নৈব কুলশীলগুণান্বিতঃ॥
তস্মাদ্ গুপ্তে বিশ্বনাথঃ পূজিতো বৈদ্যসম্মতঃ॥

(৬৬) অথ তথাহ সঞ্জয়ঃ—
বৈনায়কেষু সর্ব্বেষু ভাস্করঃ শ্রেষ্ঠ ঈরিতঃ।
গোষ্ঠীপতিতয়া খ্যাতঃ স বৈদ্যৈঃ পূজিতোঽগ্রতঃ॥
তৎপুত্রা বিশ্ববিখ্যাতাস্ত্রয় এব মহাকুলাঃ।
তস্মাত্তেষাঞ্চ বংশেষু যঃ কোঽপি সোঽর্চ্চ্যতেঽগ্রতঃ॥

উক্তাভাবে বিচারেণ যো মহানর্চ্চ্য এব সঃ।
ন কর্ত্তব্যো বৃথা দর্পঃ পঞ্জীদৃষ্ট্যা বিচারণাৎ॥

(৬৭) অথ তথাহ ঘটকরায়ঃ—
বিনায়কে কৃষ্ণখানঃ খানো হরিহরস্তথা।
দ্বাবেব বিশ্ববিখ্যাতৌ মহাকুলতয়া শ্রুতৌ॥
যঃ কশ্চন তয়োর্বংশে সোঽর্চ্চ্যতে প্রথমং ধ্রুবম্।
চায়ুজে বিপ্রদাসাদ্যা সর্ব্ব এব মহাকুলাঃ॥
তেষাং বংশেষু কস্যাপি পূজনং ক্রিয়তে ততঃ।
বনমাল্যাদয়ঃ সর্ব্বে কায়ুবংশে মহাকুলাঃ॥
ততস্তেষান্তু বংশেষু কস্যাপি পূজনং মতম্।
উক্তাভাবে কুলশ্রেষ্ঠো যঃ স্যাৎ পূজ্যোঽগ্রতো হি সঃ॥

(৬৮) এক পঞ্চাশদুচ্চ্যন্তে বৈদ্যানাং বীজিপুরুষাঃ।
প্রত্যেকং যস্য যো বীজী তান্ সর্ব্বান্ ক্রমতো ব্রুতে॥
বীজিনঃ সর্ব্বসেনানাং ঊনবিংশতিরীরিতাঃ।
তথা ভবন্তি দাসানাং সর্ব্বেষাং দশ পঞ্চ চ॥

আদ্যর্ষিগোত্রীয়—বিনায়ক, হরিসেন, কোলাহল, সিধো, উমাপতি ও ঈশ্বরসেন, আদ্যসেন কুলোদ্ভূত এই ছয় জন আদ্যর্ষিগোত্রীয়দিগের বীজপুরুষ। ইহারা নানাদেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন।৬৯

মৌদ্গল্যগোত্রীয় দাস—চায়ু, পন্থ, কায়ু, নৃসিংহ, নয়, বরাহ, বীরদাস, তোয়িদাস, দীঘল, ফেঁফর, রামদাস, তদীয় পুত্রচতুষ্টয়, উত্তরপাড়ে অবস্থিত সুবিখ্যাত ধাড় এবং বিড়াল এই পঞ্চদশ জন মৌদ্গল্য গোত্রীয় দাসদিগের বীজপুরুষ।৭০

নারায়ণ দাসের মতে চায়ু, পন্থ, বীরদাস, নৃসিংহ, নয় ও কায়ুদাস, ইহারা বঙ্গদেশবাসী; বরাহদাস বৌহারিগ্রামবাসী; তোয়িদাস এবং তাঁহার পুত্রদ্বয় দীঘল ও ফেঁফর, আর রামদাস এই চারিজন পাথরড়া গ্রামবাসী বলিয়া প্রসিদ্ধ এবং মৌদ্গল্যগোত্রীয়। এই একাদশ জনের মধ্যে যথাক্রমে পূর্ব্ব পূর্ব্ব ব্যক্তিই শ্রেষ্ঠ।৭১

কাশ্যপগোত্রীয়গুপ্ত—পরমেশ্বর, কায়ু মহাধিকারী ভীম, অল্পাধিকারী মহাদেব এবং অড়াল গুপ্ত, শিঙ্গানগ্রামবাসী এই কয়জন ও ভীপুরিগ্রামস্থ বীরগুপ্ত, সর্ব্বশুদ্ধ এই ছয়জন কাশ্যপগোত্রীয় গুপ্তবংশীয়দিগের বীজপুরুষ।৭২

দত্তবংশ—শাণ্ডিল্যগোত্রীয় রামদত্ত ও কৌশিকগোত্রীয় পারিতা এই দুইজন দত্ত বংশের বীজপুরুষ।

দেববংশ—আত্রেয় গোত্রীয়। নিকারুণ দেবই এই বংশের আদিপুরুষ; ইনি রাঢ় এবং বঙ্গ উভয় স্থানেই আশ্রয় লাভ করেন।

করবংশ—ধর্ম্মকর এই বংশের বীজপুরুষ; ইনি বশিষ্ঠ-গোত্রসম্ভূত এবং বঙ্গদেশবাসী বলিয়া বিখ্যাত।

রাজবংশ—এই বংশের আদি পুরুষের নাম ধর্ম্মরাজ, বাৎস্য গোত্রে তাঁহার জন্ম, তিনি দক্ষিণদেশবাসী ছিলেন।

সোমবংশ—কৌশিকগোত্রীয় ধর্ম্মসোম এই বংশের বীজ, বঙ্গভূমিতে তাঁহার অধিষ্ঠান ছিল।

নন্দিবংশ—বরেন্দ্র-ভূমিনিবাসী মৌদ্গল্যগোত্রীয় মহাকাল নন্দী এই বংশীয়দিগের আদিপুরুষ।

চন্দ্রবংশ—বশিষ্ঠগোত্রীয়-মহানন্দ চন্দ্রই এই বংশের বীজ-পুরুষ; ইনিও বরেন্দ্রভূমিবাসী।

ধরবংশ—কাশ্যপগোত্রীয় উমাপতিধর ধরবংশের আদিপুরুষ; ইনি রাজার অতিশয় প্রিয়পাত্র ছিলেন।

গুপ্তানাং ষট্ চ দত্তানাং দ্বাবেকো দেবসম্ভবঃ।
অন্যেষামপি চাষ্টানামেকৈকো বীজিপুরুষঃ॥
তানেবাহ—
বিনায়কো গয়িসেনো রাঘবো বিমলো নৃপঃ।
পাত্রদামোদরশ্চৈব ধলভূবিনসেনকঃ॥
তদন্তর্গর্ভসম্ভূতরোয়িসেনশ্চ বঙ্গজঃ।
সপ্তেতে বীজপুরুষা ধন্বন্তরিকুলোদ্ভবাঃ॥
তথা পঞ্জিকান্তরে—
বিনায়কো গয়ীরাদ্যো বিমলাখ্যো নৃপঃ পরঃ।
দামো বিনো বুরী ধান্বন্তরাঃ সর্ব্বেব বীজিনঃ॥
আদ্যো বিনায়কঃ সেনো গয়িসেনস্ততঃ পরঃ।
যস্ত রাঘবসেনোঽসৌ খণ্ডগ্রামেণ বিশ্রুতঃ॥
রাজা বিমলসেনো যঃ সেনভূমিকৃতাশ্রয়ঃ।
যো দামোদরসেনোঽসৌ পাত্রঃ শিখরভূপতেঃ॥
শ্রেষ্ঠোঽভূদ্ বিনসেনোঽসৌ ধলভূমাববস্থিতঃ।
সপ্তমো রোয়িসেনোঽসৌ বঙ্গদেশে চ সংস্থিতঃ।
ধন্বন্তরিকুলে সপ্ত বীজিনঃ পরিকীর্ত্তিতাঃ॥
শ্রীবৎসশ্চ শিয়ালশ্চ তৃতীয়ঃ পুরসেনকঃ
চন্দ্রসেনোঽথ মুণ্ডীরঃ স্বর্ণপীঠীনৃপাশ্রয়াৎ॥
তদন্তর্গর্ভসম্ভূতো বিখ্যাতো রামসেনকঃ।
ষড়মী শক্তিগোত্রেষু বীজিনঃ পরিকীর্ত্তিতাঃ॥
কিন্তু শ্রীবৎসসেনস্য পৌত্রো যো দ্বয়িসেনকঃ।
সর্ব্বেষাং শক্তিগোত্রাণাং স হি বীজিতয়া শ্রুতঃ॥

(৬৯) বিনায়কো হরিসেনঃ কোলাহল ইতঃ পরঃ।
সিধোরুমাপতিশ্চৈব পর ঈশ্বরসেনকঃ॥
আদ্যসেনকুলোদ্ভূতাঃ ষড়মী বীজিনঃ স্মৃতাঃ।
আদ্যর্ষিগোত্রসঞ্জাতা নানাদেশকৃতাশ্রয়াঃ॥

(৭০) চায়ুদাসঃ পন্থদাসঃ কায়ুদাসো নৃসিংহকঃ।
নয়দাসো বরাহশ্চ বীরদাসস্তথা পরঃ॥
তোয়িদাসস্তথা তস্য পুত্রৌ দীঘলফেঁকরৌ।
রামদাসস্তথা তস্য চত্বারস্তনয়া অপি॥
খ্যাতা উত্তরপাড়ে চ ধাড়বিড়ালদাসকাঃ।
মৌদ্গল্যগোত্রদাসেষু বীজিনো দশপঞ্চ চ॥

(৭১) তথাহ নারায়ণদাসঃ—
চায়ুদাস পন্থদাসো বরদাসস্ততঃপরঃ।
নৃসিংহনয়দাসৌ দ্বৌ বঙ্গভূমৌ প্রতিষ্ঠিতঃ॥
বরাহদাসো বৌহারিগ্রামবাসেন বিশ্রুতঃ।
তোয়িদাসোঽপি তৎপুত্রৌ খ্যাতৌ দীঘলফেঁকরৌ॥
খ্যাতঃ পাথরড়াগ্রামে রামদাসোঽপি তাদৃশঃ।
মৌদ্গল্যগোত্রাঃ সর্ব্বেঽমী যথাপূর্ব্বং কুলোত্তমাঃ। ইতি।

(৭২) পরমেশ্বরগুপ্তোঽথ কায়ুগুপ্তস্তথৈব চ।
ভীমো মহাধিকারী যো মহাদেবস্ততঃ পরঃ॥
অল্পাধিকারী খ্যাতঃ যঃ পরো অড়ালগুপ্তকঃ।
স শিঙ্গানগ্রামবাসী বীরগুপ্তস্ততঃপরঃ॥
ভীপুরিগ্রামসংস্থো যঃ ষড়মী গুপ্তসম্ভবো।
বীজিনঃ কথিতা এতে সর্ব্বে কাশ্যপগোত্রকাঃ

কুণ্ডবংশ—ভরদ্বাজ গোত্রসম্ভূত বৃন্দ কুণ্ড এই বংশের বীজী; ইনি বঙ্গদেশবাসী। ইঁহার কৃত বৈদ্যকশাস্ত্র আছে।

রক্ষিত বংশ—পরমেশ্বর রক্ষিত এই বংশের বীজপুরুষ তিনি আঙ্গিরস গোত্রজ ছিলেন; ইনিও একজন বৈদ্যকশাস্ত্রপ্রণেতা। ৭৩

রাঢ়ীয় ভাব ও সম্বন্ধবিচার।

রাঢ়ীয় কুলজ্ঞগণ ছয় প্রকার সম্বন্ধের উল্লেখ করিয়াছেন, ইহার মধ্যে কাহারও নিজ কুলোচিত, কাহারও যথোচিত, কাহারও সময়োচিত, কাহারও স্ত্রীবিয়োগঘটিত, কাহারও রাজ-পীড়াবশতঃ এবং কাহারও বা দৈন্যদোষনিবন্ধন।৭৪

কুলোচিত সম্বন্ধে তিন প্রকার ভাব উক্ত হইয়াছে, উভয়ে তুল্যতা, উভয় মধ্যে একের আধিক্য এবং একের হ্রাস এই তিন প্রকারে কুলের সাম্য, আধিক্য ও ন্যূনতা বিচারিত হইয়া থাকে। কিন্তু এই তিনের মধ্যে সমান ও আধিক্য এই দুই প্রকারের ভাবেই কুলীনগণ স্বকুলোচিত কার্য্য করিবেন। যথোচিত সম্বন্ধে মন্দতা বা আধিক্য নাই। সময়োচিত সম্বন্ধে কুলে বেশী ন্যূন হইতে হয় না, কিন্তু স্ত্রীবিয়োগ ও রাজপীড়া বশতঃ যেখানে সমাজের উল্লেখ আছে, সেখানে গৌরবে ন্যূনতাবোধক জানিবে। শ্রেষ্ঠ বৈদ্যগণ দৈন্য সম্বন্ধেরও নিন্দা করিয়াছেন। কিন্তু এরূপ সম্বন্ধে দরিদ্রদিগকে মহতের দয়া করা উচিত। কুলোচিত দুই সম্বন্ধে কুলোজ্জ্বল হইয়া থাকে। অপর ন্যূন সম্বন্ধ পৌরুষের বেশীকম ন্যূনতার প্রকাশক। দৈবদোষে যে সম্বন্ধ ঘটে, তাহাও নিন্দ্যতম বলিয়া গণ্য, এবং তাহা আঘাতবোধক। মত্ততাহেতু বা সুখ ভোগার্থ যে সম্বন্ধ তাহাও অতিনিন্দিত। এই দুই সম্বন্ধই কুল-নাশক; সুতরাং ইহা ক্ষমার্হ নহে। এইরূপে একাদশ প্রকার সম্বন্ধ কীর্ত্তিত হইয়া থাকে। যথোচিতাদি সকল সম্বন্ধেই দুই প্রকার ভাব দেখা যায়, তাহাতে একের দ্বারা লাভ এবং একের বৃদ্ধি। কুলগ্রন্থে লেখা না থাকিলেও সম্বন্ধিভাব দেখিয়া স্বতলোচিতাদি সম্বন্ধ জানা কর্ত্তব্য।৭৫

এক বিন্দু সুরায় যেমন পঞ্চগব্যের ঘটকে দূষিত করে, সেইরূপ অতিগর্হিত এক সম্বন্ধেই উজ্জ্বল কুলকেও নষ্ট করিয়া থাকে। কুলীনেরা সন্মৌলিকের সহিত সম্বন্ধ করিলে সেই স্পর্দ্ধিত ব্যক্তির কুলচ্যুতি ঘটে না বটে, কিন্তু কিছু ন্যূনতা হইয়া থাকে। বিনায়ক বংশীয়দিগের মধ্যে যাহারা মৌলিকত্ব

(৭৩) দত্তবংশে বীজিনৌ দ্বৌ রামদত্তশ্চ পারিতঃ।
পূর্ব্বঃ শাণ্ডিল্যগোত্রীয়ঃ পরঃ কৌশিকগোত্রকঃ॥
একো বীজী দেববংশে নিকারুণ ইতি স্মৃতঃ।
আত্রেয়গোত্রসম্ভূতো রাঢ়বঙ্গকৃতাশ্রয়ঃ॥
করবংশে ধর্ম্মকরো বীজী একঃ প্রকীর্ত্তিতঃ।
বশিষ্ঠগোত্রসম্ভূতো বঙ্গদেশেষু বিশ্রুতঃ॥
রাজবংশে ধর্ম্মরাজো বীজী একঃ প্রকীর্ত্তিতঃ।
বাৎস্যগোত্রসমুদ্ভূতো দক্ষিণস্যাং দিশি স্থিতঃ॥
সোমবংশে ধর্ম্মসোমো বীজী একঃ প্রকীর্ত্তিতঃ।
সঞ্জাতঃ কৌশিকে গোত্রে বিখ্যাতো বঙ্গভূমিষু॥
নন্দিবংশে মহাকালনন্দী বরেন্দ্রবিশ্রুতঃ।
যোঽসৌ মৌদ্গল্যগোত্রে চ বিখ্যাতো হীনবংশজাঃ॥
চন্দ্রবংশে মহানন্দচন্দ্রো বরেন্দ্রবিশ্রুতঃ।
যোঽসৌ বশিষ্ঠগোত্রে চ খ্যাতো বরেন্দ্রবাসকৃৎ॥
উমাপতিধরো বীজী ধরবংশে চ বিশ্রুতঃ।
স এব কাশ্যপে গোত্রে জাতো নৃপতিবল্লভঃ॥
কুণ্ডবংশে বৃন্দকুণ্ডো বীজী বৈদ্যকশাস্ত্রকৃৎ।
স ভরদ্বাজসম্ভূতো বঙ্গভূমিকৃতাশ্রয়ঃ॥
রক্ষিতে বীজিপুরুষঃ পরমেশ্বররক্ষিতঃ।
যোঽসৌ বৈদ্যকশাস্ত্রস্য কর্ত্তাঙ্গিরসগোত্রজঃ॥ (চন্দ্রপ্রভা)

(৭৪) সম্বন্ধঃ ষড়্বিধঃ প্রোক্তঃ কস্যাপি স্বকুলোচিতঃ।
যথোচিতশ্চ কস্যাপি কস্যাপি সময়োচিতঃ॥
কস্যাপি স্ত্রীবিয়োগেন কস্যাপি নৃপপীড়য়া।
কস্যাপি দৈন্যদোষেণ যথাপূর্ব্বং প্রশস্যতে॥

(৭৫) কুলোচিতোঽপি সম্বন্ধস্ত্রিধা ভাবান্ ব্যনক্তি হি।
উভয়োস্তুল্যতামেবমেকস্যাধিক্যমন্যতঃ॥
হ্রাসমেকস্য কিঞ্চিচ্চ তে তু বোধ্যা বিচারতঃ।
বিচারস্তু দ্বয়োঃ সাম্যাধিক্যন্যূনত্বচিন্তনাৎ॥
কিন্তু দ্বয়োঃ কুলাধিক্যং কুরুতে স্বকুলোচিতঃ।
যথোচিতে তু সম্বন্ধে নাধিক্যং নাপি মন্দতা॥
সময়োচিতসম্বন্ধো নাতিন্যূনত্ববোধকঃ।
স্ত্রীবিয়োগেন সম্বন্ধো যো যোঽপি রাজপীড়য়া॥
তৌ পুংসাং গৌরবায়ৈব ন্যূনত্ববোধকাবপি।
যস্তু দৈন্যেন সম্বন্ধো নিন্দিতোঽপি ভিষগ্‌বরৈঃ।
সঃ ক্ষন্তব্যো দরিদ্রেষু মহতামুচিতা দয়া॥
পরৌ দ্বাবপি সম্বন্ধাবেকস্তত্র কুলোজ্জ্বলঃ।
অপরঃ পৌরুষেণেতি দ্বাবিমৌ ক্রমতো দ্বয়োঃ।
ন্যূনাতিন্যূনয়োর্গাঢ়মুৎকর্ষস্যৈব সূচকৌ।
অপরো দৈবদোষেণ যঃ সম্বন্ধো নিগদ্যতে।
স তু নিন্দ্যতমো জ্ঞেয় আঘাতস্তাববোধকঃ।
পরো যো মত্ততাযোগাৎ সম্বন্ধঃ সোঽতিগর্হিতঃ।
পরো যঃ সুখভোগার্থঃ সম্বন্ধঃ সোঽতিগর্হিতঃ।
দ্বাবেতৌ কুলহন্তারৌ ন ক্ষন্তব্যৌ কদাচন।
এবমেকাদশবিধাঃ সম্বন্ধাঃ পরিকীর্ত্তিতাঃ॥

প্রাপ্ত হইয়াছে, তাহারা এবং গয়ী ও মল্লিকাদির বংশীয়গণ কুলের ক্ষেম্য বলিয়া কথিত। দত্তাদি মৌলিকদিগের সহিত সম্বন্ধে কুলীনের কুলে আঘাত হয়। (এই আঘাতেরও আবার বিশেষত্ব আছে) দত্ত সহ সম্বন্ধে 'অল্পাঘাত', দেব সহ সম্বন্ধে 'অধিকাঘাত' এবং করাদি অপর মৌলিকের সহিত সম্বন্ধে 'মহাঘাত' জন্মিয়া থাকে। অজ্ঞাত কুলশীলের সহিত সম্বন্ধ করিলে কুলে 'অত্যাঘাত' ঘটে। ক্ষেম্যাদি পরবর্ত্তী সম্বন্ধ উত্তরোত্তর নিন্দিত বলিয়া জানিবে। এইরূপ ক্ষেম্য হইতে ক্রমশঃ ন্যূন সম্বন্ধ করিলে কুলীনের কুলনাশ হইবে। অল্পই হউক বা অধিক হউক, দোষ হইলেই কুল যায়। কিন্তু বিনয় সহকারে অর্থাৎ উপযুক্ত কুলকার্য্য দ্বারা যদি ক্ষেম্যাদির প্রতীকার করা হয়, তাহা হইলে আবার কুল পাওয়া যায়। কিন্তু একাধিক পুরুষ বহু মৌলিকের সহিত সম্বন্ধ করিলে চিরকালতরে কুল নষ্ট হয়, আর কুল হয় না।৭৬

আবার পঞ্জিকান্তরে কোন কোন কুলজ্ঞের মতে সৎক্ষেম্য, মধ্যম ক্ষেম্য, ও অধম ক্ষেম্য এই ত্রিবিধ সম্বন্ধ দ্বারা কুলের অল্প হ্রাস, মধ্যম হ্রাস ও অধিক হ্রাস জানা যায়। যথা, দত্তের সহিত সম্বন্ধে অল্পাঘাত, দেবের সহিত মধ্যমাঘাত, করসহ মহাঘাত, অপর মৌলিক এবং অজ্ঞাত কুলশীলের সহিত সম্বন্ধে অত্যাঘাত ঘটে। আঘাত বলিলেই কুলে খাট বুঝিতে হইবে। ভরত মল্লিক লিখিয়াছেন, দুর্জ্জয় দাসের মতে দত্তের সহিত ক্ষেম্য সম্বন্ধ হইলে তাহাকে আঘাত বলা যায় না, অর্থাৎ তাহাতে কুলের বিশেষ হানি হয় না। কুটুম্ব ও জ্ঞাতিগণের অনুগ্রহ হইলেই ক্ষেম্যাদি সম্বন্ধ দোষ মার্জ্জিত হইতে পারে। দুর্জ্জয়দাস ও অন্তরঙ্গ খান উভয় কুলেই নির্দ্দেশ করিয়াছেন যে দৌহিত্র সম্বন্ধ প্রসঙ্গে যিনি নিন্দিত হইয়াছেন, তৎপ্রতি ক্রোধ কখনই কর্ত্তব্য নহে।৭৭

চিরঞ্জীবের মতে ঐরূপে দারিদ্র্য, দৈব বা রাজপীড়ায় যাঁহার নিন্দিতসম্বন্ধ ঘটিয়াছে, তৎপ্রতিও রোষ কর্ত্তব্য নহে। যেরূপ কন্যা, সেইরূপ পুত্র উভয় দিক্ হইতেই দান গ্রহণ দ্বারা কুল জানা গিয়া থাকে। সুতরাং দৌহিত্র প্রসঙ্গে নিশ্চিত দান গ্রহণ বুঝিতে হইবে। অতএব দৌহিত্র দোষ বা স্ত্রী পুত্রহীনা হইলেও কুলে দোষ ঘটিবে।৭৮

---

(৭৬) যথোচিতাদিসর্ব্বেষু দ্বিধা ভাবো বিলোক্যতে।
একেনাধিক্যমেকস্যাধিক্যং পণ্ডিতসম্মতম্ ॥
স্বকুলোচিতমিত্যাদি লেখাভাবেঽপি পণ্ডিতৈঃ।
যথার্থতাবগন্তব্যা সম্বন্ধিভাবদর্শনাৎ।
অতিগর্হিত একোঽপি সম্বন্ধঃ কুলমুজ্জ্বলম্।
পঞ্চগব্যঘটং বিন্দুঃ সুরায়া ইব দূষয়েৎ।
জ্ঞাতৈঃ সন্মৌলিকৈঃ সার্দ্ধং সম্বন্ধৈঃ কুলশালিনাম্।
স্পর্দ্ধিভ্যো ন্যূনতা কিঞ্চিৎ জায়তে ন কুলচ্যুতিঃ ॥
বিনায়কাদিসন্তানে মৌলিকত্বং গতাশ্চ যে।
গয্যাদ্যা মল্লিকা যে চ ক্ষেম্যাস্তে স্যুঃ কুলস্য বৈ।
দত্তাদ্যৈঃ সহ সম্বন্ধাদাঘাতঃ স্যাৎ কুলে ধ্রুবম্।
আঘাতোঽল্পো ভবেদ্দত্তৈর্দেবৈ র্জ্ঞেয়স্ততোঽধিকঃ।
করাদিভির্মহাঘাতঃ কুলস্য কিল জায়তে।
অজ্ঞাতৈরখিলৈরত্যাঘাতঃ সম্বন্ধতঃ কুলে।
যথোত্তরং নিন্দিতাস্তে ক্ষেম্যাদয় উদীরিতাঃ ॥
কুলক্ষেম্যাদিভির্ন্যূনং কুলীনানাং বিনশ্যতি।
যথা দোষস্তথা নাশঃ কুলস্যাল্পো মহানপি।
ক্ষেম্যাদিষু প্রতীকারো যথা দোষস্তথা যদি।
ক্রিয়তে বিনয়াদাশু পুনঃ কুলমবাপ্যতে।
বহুভির্মৌলিকৈঃ সার্দ্ধং সম্বন্ধাৎ প্রতিপূরুষম্।
চিরং নষ্টং কুলং পুংসাং ন পুনর্জাতু জায়তে ॥

(৭৭) পঞ্জিকান্তরে—
ক্ষেম্যৈঃ সদ্ভির্মধ্যমৈশ্চাধমৈর্জ্ঞাতৈর্বিচারতঃ।
অল্পহ্রাসো মধ্যমশ্চাধিকো জ্ঞেয়ঃ কুলস্য বৈ ॥
স্যাদ্দত্তেনাল্প আঘাতঃ কুলে দেবেন মধ্যমঃ।
মহান্ করেণ সম্বন্ধাদত্যাঘাতঃ পরৈঃ সহ ॥
অজ্ঞাতকুলশীলাদৈরত্যাঘাতোঽখিলৈঃ কুলে।
যথাঘাতস্তথা হ্রাসো বিজ্ঞাতব্যঃ কুলস্য বৈ ॥
দত্তৈঃ ক্ষেম্যো ন চাঘাতো বিজ্ঞাতৈরিতি দুর্জ্জয়ঃ।
ক্ষেম্যাদিষু প্রতীকারো কুটুম্বজ্ঞাত্যনুগ্রহঃ ॥ ইতি
দৈন্যাদ্যৈর্নিন্দিতো যস্য সম্বন্ধস্তেন রুট্ ন মে।
কার্য্যা তং প্রণমাম্যেব ভবিতব্যং হি নিশ্চলম্ ॥
তথা চাহ দুর্জ্জয়ঃ—
দৌহিত্রকথনাদ্ব্যক্তঃ সম্বন্ধোঃ যস্য নিন্দিতঃ।
তেন রোষো ন কর্ত্তব্যস্তস্যার্থে প্রণতির্মম ॥ ইতি
তথান্তরঙ্গখানোঽপি।
দৌহিত্রকথনাদ্ যস্য লোকে নিন্দা প্রতীয়তে।
তেন রোষো ন কর্ত্তব্যঃ সন্তঃ সত্যকথাপ্রিয়াঃ ॥ ইতি

(৭৮) তথা চিরঞ্জীবোঽপি—
দারিদ্র্যাদ্যদি বা দৈবাদথবা রাজপীড়নাৎ।
নিন্দিতো যস্য সম্বন্ধঃ সঃ ক্রোধ্যো ন ভবিষ্যতি।
দৌহিত্রকথনাদ্বাপি সম্বন্ধো যস্য নিন্দিতঃ।
তেন ক্রোধো ন কর্ত্তব্যস্তত্র চক্রে পুটাঞ্জলিঃ ॥ ইতি
যাবত্যঃ কন্যকা যস্য যাবন্তস্তনয়া অপি।
একত্র তে বিনির্দ্দেশ্যাস্তদ্দানগ্রহণানি চ ॥

রাঢ়ীয় বৈদ্যগ্রন্থকার।

রাঢ়ীয় বৈদ্য বংশে কি সংস্কৃত ও কি বাঙ্গালা ভাষায় বহু সংখ্যক কবি ও গ্রন্থকার জন্মগ্রহণ করিয়াছেন, এ স্থলে তাঁহাদের পরিচয় দান অসম্ভব। তাঁহাদের মধ্যে মহাকবি দামোদর সেন, চৈতন্যপার্ষদ নরহরি সরকার ঠাকুর, সদাশিব কবিরাজ, আত্মারাম দাস, চৈতন্যদাস, গোপীরমণ দাস, লোচনদাস, কবিকর্ণপুর, পরমানন্দসেন, রামচন্দ্র কবিরাজ, পদকর্ত্তা গোবিন্দদাস কবিরাজ, ঘনশ্যাম দাস, বলরাম দাস, যদুনন্দন দাস, গোকুলানন্দ সেন, উদ্ধব দাস, জগদানন্দ ঠাকুর, গোপাল দাস, পীতাম্বর দাস, গৌরীকান্ত রায়, সাধক কবিরঞ্জন রামপ্রসাদ সেন, কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত, রামনিধি গুপ্ত (নিধু বাবু), কৃষ্ণকমল গোস্বামী, ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন, বাগ্মী পরিব্রাজক কৃষ্ণপ্রসন্ন সেন প্রভৃতির নাম উল্লেখযোগ্য। এতদ্ভিন্ন ভরত মল্লিকের চন্দ্রপ্রভা হইতে তাঁহার ও কতিপয় মহাজনের নাম পূর্ব্বেই বর্ণিত হইয়াছে।

বঙ্গজ বৈদ্যসমাজের পরিচয়।

রাঢ়ীয় বৈদ্য সমাজের ন্যায় বঙ্গজ বৈদ্য সমাজেও বহু কুলগ্রন্থ রচিত হইয়াছিল। কবিকণ্ঠহারের কিছু পূর্ব্বে রচিত কবিরাজ রাঘবের বৈদ্যকুলদর্পণে লিখিত আছে—

"আদৌ দুর্জ্জয়ঃ চায়ুদাসকুলজ প্রবন্ধিকায়াস্ততৌ।
মধ্যে চৈব চতুর্ভুজেন রচিতা সাপি প্রবন্ধেন চ ॥
ভাষায়াং কবিচন্দ্রকেণ কথিতা শেষে কথানুক্রমাৎ।
তৎশেষে কবিকঙ্কণেন রচিতা তস্মাদনুস্থত্য চ।
ইত্যালোচ্য মনীষিণঃ প্রীতিমনাস্তাভীষ্টসিদ্ধার্থকং
ভদ্রাভদ্রবিকাশদর্পণমিদং শ্লোকানুবন্ধেন চ ॥"

উক্ত প্রমাণানুসারে দেখা যায় প্রথমে চায়ুদাস-বংশীয় দুর্জ্জয়দাস ও মধ্যে চতুর্ভুজ বৈদ্যসমাজের পরিচয় সংস্কৃত ভাষায় রচনা করেন, তৎপরে কবিচন্দ্র ভাষায় লিখিয়া যান, অবশেষে কবিকঙ্কণ একখানি কুলগ্রন্থ প্রকাশ করেন। ঐ সকল গ্রন্থ আলোচনা করিয়া রাঘব কবিরাজ তাঁহার বৈদ্যকুলদর্পণ প্রকাশ করিয়াছেন। রাঘবের পর কবিকঙ্কণের ভাগিনেয় রাধাকান্ত কবিকণ্ঠহার তাঁহার সুপ্রসিদ্ধ (সংস্কৃত) সদ্বৈদ্যকুলপঞ্জিকা লিপিবদ্ধ করেন। ইহার পর ঘটক বিশারদ রামকান্ত দাস বাঙ্গালা ভাষায় 'ডাকুর' বা 'ঢাকুর' এবং জগন্নাথ প্রভৃতি ভাবাবলী ও দোষাবলী প্রকাশ করেন। ঐ সকল গ্রন্থই বঙ্গজ বৈদ্যসমাজের কুলেতিহাস নির্ণয়ে একমাত্র সহায়। ঐ সকল গ্রন্থ সহায়েই সংক্ষেপে বঙ্গজ সমাজের পরিচয় লিখিত হইল।

বঙ্গজ কুলগ্রন্থ

"রাঢ়ীয়া ভিষজো যে যে প্রায়াস্তে বঙ্গজা অপি।"

(ভরত—চন্দ্রপ্রভা)

উক্ত বচনানুসারে রাঢ়ীয় বৈদ্যগণই বঙ্গদেশে যাইয়া বাস করিয়াছেন। তথায় বসবাসের পর বঙ্গজ নামে পরিচিত হইয়াছেন।

বঙ্গজ বৈদ্যদিগের সাতাইশটী সমাজ যথা—

"সেনহাটী পয়োগ্রামশ্চন্দনীমহলং তথা।
দশঘাটী ভেড়ামল্লো দাপনদির্ভুগিল্হাটিকঃ ॥
আড়পাড়া শুভরাঢ়া তেঘরি বারমল্লিকা ॥
পাঁচথুপি চ তেনায়ি র্নাগেরহট্ট এব চ।
মেঘচামী রৌহা টিকলী জামতৈলমিদিলপুরম্ ॥
বিক্রমপুরং পোড়াগাছা মালকুচী দাশোড়াপি চ।
বুরুলিয়া বাঘলড়া কাইটপাড়াপি চ স্মৃতাঃ।
শৌলকোপা ঝাইঝাড়া সমাজাঃ সপ্তবিংশতিঃ ॥"

রাঢ়ীয় বৈদ্যগণের মধ্যে ধন্বন্তরি হিঙ্গুসেন প্রথম রাঢ়দেশ পরিত্যাগ করিয়া সেনহাটীতে বাসস্থান স্থাপন করেন যথা—

"ষণ্ণাং মধ্যে হিঙ্গুসেনঃ কৌলীন্যে খ্যাতিমীয়িবান্।
রাঢ়ং ত্যক্ত্বা সেনহট্টনগরীমধ্যুবাস সঃ ॥"

(কণ্ঠহারকৃত কুলপঞ্জিকা ৪৭ পৃঃ।

প্রবাদ, অতিপূর্ব্ব কালে সেনহাটীর নাম ছুঁচহাটী ছিল, পরে সেন মহাশয়দের আগমনের সহিত উহার নাম হয় সেনহাটী। এইরূপ মৌদ্গল্য গোত্রীয় দাস মহাশয়েরা রাঢ় পরিত্যাগ করিয়া শুভলাঢ়া নামক স্থানে বাস করেন, পরে দাস মহাশয়দের আগমনের সহিত উহার নাম হয় শুভরাঢ়া।

বঙ্গজ সমাজ

দাস-বংশ ক্রমে চারি স্থানে বিস্তৃত হইয়া পড়ে; যথা—

"চায়ুদাসের চারি ধারা,
ভোগিলহট্ট শুভরাঢ়া।
নারায়ণ কুলের বাড়া ॥
তার অর্দ্ধ কর্ম্মপায়।
রামদাস বনে যায় ॥
ঘোড়াঘাটের নিমের বাস।
পচা সিদ্ধ কুলনাশ ॥" (রামকান্ত ঘটক বিশারদ)

এই বচন অনুসারে অনুমান করা যায় যে চায়ুদাসের সন্তানগণ ভোগিলহাট, শুভরাঢ়া, বনগ্রাম এবং ঘোড়াঘাটে বিস্তৃত হইয়া পড়েন। পরে নারায়ণ দাসের সন্তান মধ্যে অরবিন্দ সেনহাটী

দৌহিত্রকথনাদ্দানগ্রহণং জ্ঞায়তে ধ্রুবম্।
তথাপি সুখবোধার্থং পৌনরুক্তং ন দুষ্যতি ॥
স্ত্রিয়া অপত্যহীনায়া ন দানগ্রহণশ্রুতিঃ।" (চন্দ্রপ্রভা)

ও কালীয়া, বিষ্ণুদাসবংশ মূলঘর এবং কাণদাসের সন্তানেরা বেন্দা, রামদাসের সন্তানেরা নানাস্থানে এবং নিমদাস বিক্রমপুরবাসী হইয়া পড়েন।

বঙ্গজ কুলীনগণের আদিস্থান যশোহর হইলেও এখন তাঁহারা নানাস্থানে বিস্তৃত হইয়া পড়িয়াছেন। যশোর জেলায় ইতনা, ও খুলনা জেলার সেনহাটী, পয়োগ্রাম, মূলঘর, ভট্টপ্রতাপ, বাখরগঞ্জ জেলায় সিদ্ধকাটী, ফরিদপুর জেলায় সেনদিয়া, কাজলীয়া, খান্দারপাড়, কাণরিয়া প্রভৃতি স্থানে শ্রেষ্ঠ কুলীনেরা বাস করিতেছেন। আশ্চর্য্যের বিষয়, সেনহাটী ও পয়োগ্রাম ব্যতীত উপরোক্ত আর একটী কুলীনের স্থানও ২৭ সমাজের অন্তর্ব্বর্ত্তী দেখা যায় না। এই কয়েক গ্রামের অধিবাসীরা অদ্যাপি সমান ভাবেই কার্য্য করিতেছেন। কালীয়া কিঞ্চিৎ ন্যূন মাত্র। যশোহর জেলায় কালীয়া, হোগলডাঙ্গা, আঠারখাদা, মঘীয়া, মাগুরা, রাউজাহী, মামুদপুর, দৌলতপুর, উৎকুন প্রভৃতি স্থানে নানাশ্রেণীর বৈদ্য বাস করিতেছেন।

ফতেয়াবাদ বা ভূষণা সমাজে, তেলাই, পাঁচথুপী, ও বাণীবহ প্রধান স্থান। অতঃপর ফরিদপুর জেলায় পাচচর, বেলদাখাল, কাশীয়ানী, বল্লভদী, খালীয়া, কোটালীপাড় প্রভৃতি স্থানেও অনেক বৈদ্যের বাস আছে।

বাকলাসমাজে পোণাবালীয়া, কুলকাটী, বরৈকরণ, উত্তরসাহাবাজপুর, লক্ষ্মীদিয়া, কীর্ত্তিপাশা, বাসণ্ডা, সাহিনাড়া, গৈলা, ফুল্লশ্রী, ভাটীয়া, সরমহল, তেওনা, বাউকাটী, নলচিরা, দেউরী, খলীসাকোটা, বাউকাটী, লাথুটীয়া, কেতরা, নারায়ণপুর প্রভৃতি স্থানে বহু বৈদ্য বাস করিয়া থাকেন।

যশোর সমাজের কুলীনগণের মধ্যে অনেকে বাজু ও বাকলা সমাজে বাস করিতেছেন, বিক্রমপুরেও ইঁহাদের বসতি দেখা যায়। এইরূপে কুলজ, বা মৌলিকের সংখ্যা নানাস্থানে বিস্তৃত হইলেও বিক্রমপুরেই তাহার সংখ্যা সমধিক। কুলস্থান ব্যতীত বিক্রমপুর প্রভৃতি স্থান বাখরগঞ্জ, ফরিদপুর ও ঢাকার অন্তর্গত নিন্দিত স্থান ব্যতীত আর সকল স্থানেই সম্বন্ধ করিয়া থাকেন। শ্রেষ্ঠকুলীন প্রভাকর, ধর্ম্মাঙ্গদ, পীতাম্বর প্রভৃতি শক্তি, অরবিন্দ, বিষ্ণু প্রভৃতি মৌদ্গল্য এবং বিকর্ত্তন, ধন্বন্তরি প্রভৃতিরও বাসস্থান বিক্রমপুর প্রভৃতি পূর্ব্ববঙ্গের সকল স্থলেই দেখা যায়।

কুলজ শক্তিগণ, রাম (ভব), উমাপতি, বিষ্ণুসেন, কুলজ কার্ষ ও নয়দাস ও কায়ু মৃত্যুঞ্জয় গুপ্ত, বিক্রমপুরে বাস করিতেছেন। মৌলিক শাখার ধন্বন্তরি গোত্রে বলভদ্র, রাম, রোষ ও উচলী, শক্তি গোত্রে যাদব ও বুরুণ, মৌদ্গল্য গোত্রে নিমদাস এবং কাশ্যপ গোত্রে মহীপতি। এতদ্ভিন্ন শক্তি চতুর্ভুজ, মৌদ্গল্য পন্থকায়ুদাস,চায়ু বংশীয় ঈশানদাস প্রভৃতি, ধন্বন্তরি কবিসেন বংশ, বোরোগাছীর শ্রেষ্ঠ শিয়াল বংশ; এতদ্ভিন্ন বহু সাধ্যবংশ বিক্রমপুরের অধিবাসী হইয়াছেন। বর্ত্তমান কালে এত বড় সমাজ আর বৈদ্য-সম্প্রদায় মধ্যে নাই বলিলেই হয়।

মত্ত, বায়রা, তেওতা, সুয়াপুর, দাসোরা প্রভৃতি স্থানেও অনেক সামাজিক বৈদ্য বাস করেন।

বাজুসমাজ—বঙ্গপ্রতাপ, সোনবাজু, দশকাহনীয়া, সেলিমপ্রতাপ, সুলতানপ্রতাপ, এতদ্ভিন্ন ময়মনসিংহ এবং পাবনার কতকাংশ লইয়া এই সমাজ গঠিত। এতন্মধ্যে ময়মনসিংহের অধিকাংশ ও ঢাকা মহেশ্বরদী এবং সোণারগাঁর বৈদ্যগণ সম্পূর্ণরূপে সমাজভুক্ত হন নাই।

আমরা উল্লিখিত যে পাঁচটী প্রধান সমাজের নাম উল্লেখ করিলাম, ঐ সকল স্থানে যে যে মহৎ বংশ বাস করিতেছেন, আদানপ্রদানের ভাবে তাঁহারা বংশমর্য্যাদা অনেকটা অব্যাহত রাখিয়াছেন।

যশোহর প্রদেশ হইতেই ক্রমে বৈদ্যগণ পূর্ব্বাভিমুখী হইয়া ফতেয়াবাদ ও বিক্রমপুর পর্য্যন্ত আগমন করেন। এই উভয়বিধ বৈদ্যগণের বংশধর বাকলা ও বাজুতে যাইয়া বাস করায় পরে উহাও সমাজ মধ্যে পরিগণিত হয়।

এই সকল স্থানে অতি পূর্ব্বে বৈদ্যের বাস একেবারেই ছিল না এমন নহে; তবে তাঁহারা সকলেই সাধ্য বৈদ্যের দলভুক্ত ছিলেন। তন্মধ্যে একমাত্র পোরাগাছী ও পুখরিয়ার শিয়ালসেন, দাসোরার দত্ত ও নপাড়ার ভরদ্বাজ প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। এই সকল বৈদ্যের সহযোগে ক্রমে উচ্চশ্রেণীর বৈদ্যেরা পূর্ব্বাঞ্চলে আগমন করেন। এক সময়ে যাঁহারা স্ব সমাজ পরিত্যাগ করিয়া এই সকল সমাজে আসিয়া বাসস্থান সংস্থাপন করিয়াছেন, মূল সামাজিকদের মতে তাঁহাদেরও কুলদোষ জন্মিয়াছে। বলভদ্র, নিমদাস, প্রভৃতি যে আট ঘর প্রধান মৌলিক স্বসমাজ পরিত্যাগ করিয়া বিক্রমপুর আগমন করিয়াছিলেন, এখানে আসিয়াই তাঁহারা কুল ভ্রষ্ট হন, পরে আবার তাঁহাদের সহযোগে যে যে কুলীন বা কুলজ বংশধরগণ (গণসেন নয় দাস প্রভৃতি) ঐ সকল স্থানে যাইয়া বাস করিলেন তাঁহারাও আবার স্ব স্ব সমাজের নিকট হেয় হইলেন।

পরে যখন উত্তরসাহবাজপুরের গুপ্ত চৌধুরীগণ, জপসার লালাবাবু, রাজনগরের রাজা, বানীবালীয়া ও কুলকাটীর চৌধুরীরা, বানীবহের রায় এবং সোমরসের দাস এবং সোনারঙ্গের ভূঞারা উন্নতিলাভ করিয়া শ্রেষ্ঠকুলীনগণ সহ আদান প্রদান করিতে লাগিলেন, তখন হইতে ক্রমেই স্থানদোষ মার্জ্জিত হইয়া উঠিতে লাগিল। অধুনা এমন দাঁড়াইয়াছে যে এই সকল

সমাজে যে যে প্রধান কুলীন বাস করিতেছেন, তাঁহাদের সহিত সেনহাটী, মূলঘর, খান্দারপাড় প্রভৃতি সমাজের শ্রেষ্ঠ কুলীনেরা সমভাবে কার্য্য করিতে কিছুমাত্র কুণ্ঠিত হন না।

পাবনা ও রাজসাহী অঞ্চলে যে সকল বৈদ্য বাস করিতেন, তাঁহারা বারেন্দ্র সমাজ বলিয়া পরিগণিত ছিলেন। পরিশেষে তাঁহারা সংখ্যায় অত্যল্প হওয়ায় বঙ্গজ সমাজ সহিত যোগদান করিয়াছেন।

শতাধিক বৎসর গত হইল, কৃষ্ণনগর জেলার অন্তর্গত দাদপুর বঙ্গীয় বৈদ্যগণের আর একটী সমাজ স্থান হইয়া দাঁড়াইয়াছে, তেনাই হইতে কতিপয় গণসেনের সন্তান কার্য্য উপলক্ষে তথায় যাইয়া বাস করেন, পরে তাঁহারা নানা শ্রেণীর উচ্চ বৈদ্যের সহিত কার্য্য করিয়া স্বগ্রামে আনিয়া তাঁহাদিগকে সংস্থাপিত করেন, অধুনা উহার প্রসার বৃদ্ধি হইতেছে।

আনন্দচন্দ্র দাসের নব্য 'ডাকের'* গ্রন্থে সাধ্য বৈদ্যগণের সমাজস্থান সম্বন্ধে এইরূপ বর্ণিত হইয়াছে—

আদি সাধ্যাদির স্থান নির্ণয়।

শৌলাকোপে নামে গ্রাম যশোহরাঞ্চলে।
আছে ভরদ্বাজ স্থান বৃদ্ধগণ বলে।
দাস ভরদ্বাজ বাস বিক্রমে প্রধান॥
নপাড়া নামেতে গ্রাম ছিল রাজস্থান॥
চারনিয়া নামে স্থান ছিলেক অপর।
নদী গর্ভে দুই গ্রাম ত্যজে কলেবর॥
বাহেরক গেলা কেহ কেহ বিদগ্রামে।
চুরাইন অপর স্থান খ্যাত স্ববিক্রমে॥
বানারী ও গুণগ্রাম আর মূলচর।
আটিগাও দ্বিপাড়াদি আছে কতঘর॥
মধ্যে মধ্যে কেহ কেহ আছে গ্রামান্তরে।
ভাটিতে মাইলারা গৈলা কেহ উজীরপুরে।
বাজু ভুলুয়ায় কেহ দাড়ার মেলে।
দৈব দোষে কেহ কেহ গিয়াছে চট্টলে॥
দৌলতপুর নামে গ্রাম বল্লভদী অপর।
খৈতাঙ্গা মস্তফাপুর মৌলিক বৈশ্বানর॥
দৌলতপুর জমিদার বৈশ্বানর ছিল।
যতনে কতেক কালে কুলীন আনিল॥
বিক্রমপুরেতে ছিল শ্রীরাজনগর।
কার্ত্তিকপুরে রামভদ্রপুর গ্রামান্তর॥
উত্তর বিক্রমে আটী গুণগাও আদি।
মালক দিয়া আদি স্থানে বৈশ্বানর স্থিতি
সেনদিয়া মাঝাইরদিয়া মৌলিক শালঙ্কান।
ফরিদপুর শালঙ্কান সংগ্রাম-রাজস্থান॥
যশুরকাঠী নারাণপুর চন্দ্রহাস নলচিরা।
ভাটিতে উজীরপুর শালঙ্কানপাড়া॥
পূর্ব্বদেশ ভুলুয়াতে কারো দরশন।
কোথা হস্তে কোথা যায় নাহি নিদর্শন॥
নাহি দেখি ভুলুয়াতে নীতি বিপর্য্যয়।
বিজাতির সঙ্গে নাহি হয় পরিচয়॥
চট্টলের সন্ধিস্থান পরগণে দাড়ুয়া।
তাই বুঝি ভুলুয়ার হল কুলহারা॥
কুলুহারা কিন্তু তারা বর্জ্জনীয় নয়।
শুদ্ধতা রক্ষার জন্য সদা ব্রতী রয়॥
মৌদ্গল্যজ সেন কুল বেলতলী গ্রামে।
বিক্রমেতে পরিচিত আছে বাণী নামে॥
মৌদগল্যজ সেনবংশ ভূস্বামী অপর।
দৈবদোষে চট্টলেতে বসাইলা ঘর॥
ত্রিপুরায় বগাঁসাইর পরগণায় ছিল।
কালক্রমে চট্টলেতে বসতি লভিলা॥
সরসি মৃণাল গেলে সকণ্টক জলে।
নাহি কি সময়ে দিবা গগন উজলে॥
পঞ্জীতে মৌদগল্য সেন কুলহীন হয়।
কিন্তু চট্টলের মেলে কুলোজ্জ্বল রয়॥
আরো দশ আদি সাধ্য লিখে কণ্ঠহার।
কারো কারো কষ্টভাব করিলা প্রচার॥
দত্তকন্যা পরিণয় রবি মহাশয়।
বঙ্গে আগমন কথা চন্দ্রপ্রভা কয়॥
আরো পরিণয় রবি মহারাজ কৈলা।
হিঙ্গুর দৌহিত্র দিব্য রাম জন্মিলা॥
মেঘচামী হারকুচি দত্ত বাসস্থান।
খৈতাঙ্গা মস্তফাপুরে দত্ত বর্ত্তমান॥
আদিবাসী মধ্যে দত্ত এই সব গ্রামে।
যতনে কুলীন কিছু আনে কালক্রমে॥
বৌলাসার বাসিদত্ত অধুনা জৈনসার।
বিশেষে শ্রীমান দত্ত বিক্রমে প্রচার॥
বালীগ্রাম বেজগ্রামে শিয়ালদি অপর।
মালকদিয়া আদি স্থানে আরো কত ঘর॥
বাজুতে দাসোরা দত্ত সমাজপতি আর।

* এই আধুনিক গ্রন্থখানি প্রামাণিক নহে। তবে সমাজস্থানের একত্র উল্লেখ আছে বলিয়া সেই অংশ উদ্ধৃত হইল।

অতি সুপ্রবীণ দত্ত বহু গুণাধার ॥
নবগ্রাম গণবংশে স্থাপন করিলা।
চৌষট্টি গ্রামের ভূমি কন্যাদানে দিলা ॥
বলি কল্পতরু যেন ত্রিভুবন দানে।
অবশেষে হারাইলা নিজ সিংহাসনে ॥
কর্ণখাঁর বংশধর হেন দত্তগণ।
সাতাইশ সমাজ আনি করিলা চন্দন ॥
খ্যাত এই দত্ত কুল অশেষ প্রতাপ।
জমিদারী ছিল যার ছিলিমপ্রতাপ ॥
বাজুতে দাসোরা কেন্দ্র সমাজে গণিত।
তথাপিও নহে স্থান ভেদবিবর্জ্জিত ॥
বায়রাতে অপর দত্ত পরিচিত ঘর।
ভাটী ভুলুয়াতে দত্ত আছে স্থানান্তর ॥
সেনহট্টে ধন্বন্তরী দেবের স্থাপন।
দেব প্রতিপত্তি কোথা না দেখি এখন ॥
বোন্দাই বাগলাড়া গ্রাম ছিল দেবস্থান।
মস্তফাপুরেতে দেখি দেব অধিষ্ঠান ॥
বিক্রমে বাজুতে মত্তে দেবের নিবাস।
আছে বলি শুনা যার লোকতঃ প্রকাশ ॥
কোটালিপাড়াতে কর মজুমদার স্থান।
সসম্মানে বৈদ্যগণে দিলা ভূমিদান ॥
ভাটিতে নলচিরা গ্রাম করের বসতি।
যাহার যতনে গ্রামে কুলীনের স্থিতি ॥
বিক্রমপুরে ছিল পূর্ব্বে করের নিবাস।
পরিচিত বৈদ্যগণে দিলা বসবাস ॥
ফরিদপুরে মস্তফাপুরে কর এক ঘর।
অন্য স্থল তুল্য নহে খ্যাত নাম ধর ॥
বরেন্দ্রজ ধর বহু বঙ্গে নাহি ধরে।
বাপী ধরবংশ খ্যাতি আছে কণ্ঠহারে ॥
বিক্রমপুরে অচিহ্নিত আছে ঘর কয়।
সিমুলিয়া ধরবংশ পরিচিত হয় ॥
পাঁচথুপীতে আছে নাকি সোম দুই ঘর।
আর সোম নাহি দেখি বঙ্গের ভিতর ॥" (ডাকৈর)

মোটের উপর বলিতে গেলে উপরোক্ত স্থানগুলি প্রধানতঃ বঙ্গজ বৈদ্যের সমাজ। অতঃপর শ্রীহট্ট, চট্টগ্রাম ও ত্রিপুরা জেলায় যে সকল বৈদ্য বাস করিয়া থাকেন, তাঁহাদের সহিত উপরোক্ত সমাজগুলির কোনরূপ সংস্রব নাই। যাঁহারা উক্ত স্থানে কার্য্য করেন, তাঁহারা ঐ সকল দেশেই যাইয়া বাস করিয়া থাকেন। পশ্চিম নোয়াখালী ও ত্রিপুরার বৈদ্যেরা প্রায় অধিকাংশ বিক্রমপুর, সাহাবাজপুর, কার্ত্তিকপুর প্রভৃতি স্থান হইতে যাইয়া উপনিবেশ সংস্থাপন করিয়াছেন, তাঁহারা মেঘনার পশ্চিমপারের নিকৃষ্ট বৈদ্যদের সহিত আদান প্রদান করিয়াও থাকেন। একারণ উচ্চ কুলীন সমাজে অদ্যাপি বিশেষ ভাবে গৃহীত হন নাই।

পূর্ব্বে শ্রীহট্ট ও চট্টগ্রাম সমাজ রাঢ়ীয় ও বঙ্গজসমাজের সহিত চলিত ছিল, তাহা প্রাচীন কুলগ্রন্থে দেখা যায়। যখন রাঢ়ীয় ও বঙ্গজ সমাজ কায়স্থ-সম্বন্ধ পরিত্যাগ করিয়া স্বতন্ত্র হন, তৎকালে শ্রীহট্ট ও চট্টগ্রামে এরূপ স্বাতন্ত্র্য লাভের সুবিধা না থাকায় তাঁহারা আদি বৈদ্যসমাজ হইতে বিচ্ছিন্ন হন। পরবর্ত্তী কালে রাঢ়ীয় ও শ্রেষ্ঠ বঙ্গজ বৈদ্যগণ এককালে চট্টগ্রাম ও শ্রীহট্ট সংস্রব ত্যাগ করেন, তাহাতেই রাঢ়ীয় ও বঙ্গজ সমাজে শ্রীহট্ট সমাজ বিশেষ ভাবে নিন্দিত।

যাহা হউক পূর্ব্বে যে রাঢ়ীয় ও বঙ্গজ শ্রেষ্ঠ বৈদ্যগণের সহিত শ্রীহট্ট ও চট্টগ্রামী বৈদ্যগণের সংস্রব ছিল,চন্দ্রপ্রভা ও কবিকণ্ঠহার হইতে তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। যথা—

"শ্রীহট্টদেশদেশীয় গুণরাজসুতাপতিঃ।
চতুর্ভুজস্য তনয়াং রামচন্দ্রসুতামপি।
দণ্ডপাণিসুতাপুত্রীং হৃদয়ঃ পরিণীতবান্ ॥" (নয়দাস প্রকরণে)
"মৌলিকেতি প্রসিদ্ধস্য শ্রীহট্টদেশবাসিনঃ।
ধনাইকস্য তনয়াং শ্রীপতিঃ পরিণীতবান্ ॥
(কবিকণ্ঠহার উমাপতিসেন।)
"মধুসূদনদাসস্য জাতা অষ্টৌ সুতা অপি।
পূর্ব্বঃ শ্রীধরদাসোঽভূৎ পীতাম্বর ইতোঽনুজঃ।
পরো দ্বিজবরশ্চৈব সমুদ্রোঽম্বরসুন্দরঃ ॥
সর্ব্বে শক্তি কুলোদ্ভূতসেনকেশবসূনুজাঃ
দ্বিতীয়পক্ষে পুত্রোঽভূদ্দিগম্বর ইতি স্মৃতঃ ॥
শক্রৌ দুর্বলিসেনস্য দুহিতুর্গর্ভসম্ভবঃ।
তৃতীয়পক্ষে পুত্রৌ দ্বৌ ভর্ৎসনশ্রীকরাবপি।
চাটগ্রামীয়-দত্তস্য হাড়দত্তস্য সূনুজৌ ॥"
(চন্দ্রপ্রভা নৃসিংহপ্রকরণে নিমদাসসুতয়ো র্জ্যেষ্ঠ সূর্য্যদাসভাগঃ)

চেষ্টা করিলে এইরূপ বহু দৃষ্টান্ত প্রদর্শন করা যাইতে পারে। এতদ্ভিন্ন মহেশ্বরদী ও তুলসীহাট, সেরপুর প্রভৃতি স্থানেও আদান প্রদানের পরিচয় পাওয়া যায়। সিদ্ধবংশীয় যাঁহারা ঐ সকল স্থলে কার্য্য করিয়াছেন, এক পুরুষ কি দুই পুরুষ পর্য্যন্ত তাহারা সমাজে অচল থাকিয়া পরে সামাজিক কর্ত্তৃক মার্জ্জিত হইয়াছেন। পরে আর তাঁহারা ঐ সকল স্থানের কুটুম্বসহ কোন সম্বন্ধ রাখেন নাই। কুলকার্য্যকারীদের অর্থ-ব্যয়ই সার হইয়াছে! এইরূপ বেড়াবন্দর, সাঁকরাইল প্রভৃতি

স্থানে কার্য্য করিলেও পূর্ব্বে সমাজে বিশেষ অপদস্থ হইতে হইত, সম্প্রতি এই কয়েকস্থান প্রায় মার্জ্জনীয় হইয়া দাঁড়াইয়াছে ॥

কুলপ্রশংসা।

আমরা দেখিতে পাই, বৈদ্যকুলজী-লেখকগণ সকলেই কৌলীন্যপ্রথা স্বীকার করিয়া গিয়াছেন। কুলপ্রশংসা সকল কুলজী গ্রন্থেই দৃষ্ট হয়। যথা—

৺রাধাকান্ত কবিকণ্ঠহার কুলমাহাত্ম্য সম্বন্ধে বলেন—

"বরং প্রাণাঃ প্রদাতব্যা বরং ত্যাজ্যাঃ সুতাদয়ঃ।
বরং সহ্যং মহৎ কষ্টং ন কুর্য্যাৎ কুলদূষণং ॥
যস্মাৎকুলপ্রকাশার্থং প্রযতন্তেহস্তাজা অপি।
বিশুদ্ধং হি কুলং পুংসাং পরত্রেহ চ শর্ম্মণে ॥
কুলং ত্যক্ত্বা ধনং গ্রাহ্যমিতি মূঢ়মতং যতঃ।
কুলং কল্পাবধি স্থায়ি ধনমাশু বিনশ্বরং ॥"

(কবিকণ্ঠহার-কুলপঞ্জিকা ৩ পৃষ্ঠা)

মহামতি ভরতমল্লিক কুলসম্বন্ধে বলেন—

"কুলমিব নহি রাজ্যং স্বান্যদেশে ফলাঢ্যম্,
কুলমিব নহি বিদ্যা বংশসম্মানহেতুঃ।
কুলমিব নহি বিত্তং কীর্ত্তিবীজং স্বজাতৌ,
কুলমমলমলং চ ভক্ষণীয়ং কুলীনৈঃ ॥
দেশে স্বীয়ে ভবতি নৃপতিঃ পূজিতো নান্যদেশে।
বিদ্বান্ পূজ্যঃ সকলসমিতৌ তৎসুতো নৈব তাদৃক্।
তস্মাত্তাভ্যাং সমধিকতয়া গণ্যতেঽসৌ কুলীনঃ,
তস্মাদ্রক্ষ্যং কুলমতিধনং প্রাণপণ্যৈঃ কুলীনৈঃ ॥

অর্থাৎ কি স্বদেশে কি বিদেশে কুল রাজ্য হইতেও ফলাঢ্য, বিদ্যা হইতেও বংশের গৌরবজনক, স্বজাতিমধ্যে বিত্ত হইতেও কীর্ত্তিজনক এবং কুলীনদিগের নির্ম্মল জীবিকাস্বরূপ।

রাজা নিজের অধিকার মধ্যেই মান্য, কিন্তু অন্যদেশে তাদৃশ নহেন, বিদ্বান্ ব্যক্তি সকল সমিতিতে মান্য হইলেও তাঁহার পুত্র সেরূপ মান্য নহেন, কিন্তু কুলীন যেমন সকল সভাতেই মান্য, কুলীনের পুত্র পৌত্রেরাও সর্ব্বত্র সেইরূপ মাননীয়। কুলের সমতুল্য দ্বিতীয় রত্ন নাই, অতএব প্রাণপণে কুলরক্ষা করা কর্ত্তব্য।

কুলীনবংশে জন্ম হওয়াই যে কুলীনতার পরিচায়ক তাহা নহে এবং কৌলিন্য চিরস্থায়ী ধর্ম্ম নহে। আজকাল আমরা ব্যবহারের লক্ষণা করিয়া নিতান্ত অজ্ঞ ব্যক্তিকেও কুলীনাভিমানে অভিমানিত করিয়া থাকি।

কুলীনের যে যে গুণ থাকা আবশ্যক তাহা এস্থলে উল্লেখ করা গেল—

"আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনং।
নিষ্ঠাবৃত্তিস্তপোদানং নবধা কুললক্ষণং ॥"
"আচারাদয় এবেতি সন্তি যেষাং মহাত্মনাম্।
ত এব হি কুলীনাঃ স্যুর্ন কুলং পারলৌকিকম্ ॥
আচারাদিবিহীনানাং কুলীনানাং কুলং কুতঃ।
ধনেন কুলমিত্যুক্তং যদাচারবতান্তু তৎ ॥
তস্মাদেতৎ সমালোচ্য সর্ব্বে বৈদ্যা মহাশয়াঃ।
আচারাদিকুলস্যৈতৎ মূলং কুর্ব্বন্তু সাধবঃ ॥"

আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি, তপঃ ও দান এই নয়টী কুল লক্ষণ অর্থাৎ কুলীনের ধর্ম্ম।

আচারাদি বিহীন হইলে কুলীনের কুল থাকে না, ধনদ্বারা কুল আচারনিষ্ঠ ব্যক্তিরই হইয়া থাকে। এই সমস্ত সমালোচনা করিয়া বৈদ্যগণ আচারাদিকেই কুলের মূল কারণ স্থির করিবেন।

মৌলিকগণ যদিও কোন মতে কুলীন হইতে পারেন না সত্য, কিন্তু তথাপি যাঁহারা নিয়ত কুলীনদিগের সহিত আদান প্রদান করিয়া আসিতেছেন, তাঁহারা কুলীন না হইলেও অতিশয় সম্মানাস্পদ, যথা—

"কুলীনৈঃ সহ সম্বন্ধাদাচারপূতমৌলিকঃ।
শ্রদ্ধেয়ঃ কুলীনৈঃ সোঽপি গোষ্ঠীষু শ্রেষ্ঠ উচ্যতে ॥
সতাঞ্চ সঙ্গতিং লব্ধ্বা ক্ষুদ্রোঽপি জায়তে মহান্।
স্বাতিপয়ো যথা শুক্তৌ মুক্তাফলং হি জায়তে ॥"

সদাচারাদি সম্পন্ন মৌলিক যদি নিয়ত কুলীনদিগের সহিত আদান প্রদান রূপ সমস্ত কুলকার্য্য করিতে থাকেন, তাহা হইলে তিনি গোষ্ঠীপতি নামে অভিহিত এবং কুলীনদিগের শ্রদ্ধার পাত্র হন। স্বাতিনক্ষত্রে বৃষ্টি হইয়া শুক্তিতে পতিত হইলে তাহা হইতে যেরূপ মুক্তা ফল জন্মে, তদ্রূপ কুলীনদিগের সৎসঙ্গতি লাভে মৌলিকগণ অতিশয় গৌরবাস্পদ হইয়া উঠেন।"

কবিকণ্ঠহার ও রাঘব কবিরাজ বল্লাল সেনের দ্বারা কৌলীন্য কুল-ব্যবস্থা কাল প্রথার সৃষ্টি হয় বলিয়া স্পষ্ট উল্লেখ করিয়াছেন ; যথা—

"পুরা বৈদ্যকুলোদ্ভূতবল্লালেন মহীভুজা।
ব্যবস্থায়ি চ কৌলীন্যং দুহিসেনাদিবংশজে ॥"

উক্ত প্রমাণ অনুসারে অনেকে মনে করেন যে, দুহিসেনাদির বংশধরকে গৌড়াধিপ মহারাজ বল্লালসেন কুলমর্য্যাদা প্রদান করিয়াছিলেন ;—কিন্তু এদিকে আবার অনেকের বিশ্বাস যে ধন্বন্তরি গোত্রে বিনায়ক, শক্তি গোত্রে শক্তিধর প্রভৃতি বল্লালী কৌলীন্য পাইয়া রাঢ়বাসী হন। শক্তিধরের পুত্র বৎস ও উমাপতি, বৎসের পুত্র দণ্ডপাণি, মহাব্রত ও পুণ্ডরীকাক্ষ দণ্ডপাণি ও মহাব্রত সম্বন্ধে রাঘব কবিরাজ লিখিয়াছেন,—

"হাতিঘোষসুতা দণ্ডপাণি-পরিণয়কৃতা। অথ সিদ্ধ-কুল-স্খলিতোঽভবৎ। মহাব্রতো বল্লালস্যান্নদোষেণ কষ্টসাধ্যে উপগতঃ। পুণ্ডরীকাক্ষসেনাৎ দুহিসেন-উৎসাহকরসেনকৌ।"

অর্থাৎ শক্তিধর-পৌত্র দণ্ডপাণি হাতিঘোষের কন্যাকে বিবাহ করেন, অনন্তর তিনি সিদ্ধ কুল হইতে ভ্রষ্ট হন। মহাব্রত বল্লালের অন্নগ্রহণদোষে কষ্টত্ব প্রাপ্ত হন। পুণ্ডরীকাক্ষের পুত্র দুহিসেন উৎসাহকর সেন।

উক্ত প্রমাণ হইতে বেশ বুঝা যাইতেছে যে শক্তিধর কুলীন, তাঁহার পৌত্র দণ্ডপাণি পিতৃশাপে সাধ্য হন এবং অপর পৌত্র বল্লালের অন্নগ্রহণ করিয়া কষ্ট সাধ্য বলিয়া পরিচিত হইয়াছিলেন। এরূপ স্থলে মহাব্রতের ভ্রাতুষ্পুত্র-দুহিসেনের বংশধরকে গৌড়াধিপ বল্লাল কিরূপে কৌলীন্য দিলেন?

রাঢ়ীয় ও বঙ্গজ কুলগ্রন্থ হইতে একাধিক বল্লালের উল্লেখ পাওয়া যায়, রাজোপাধিরও অভাব নাই। প্রয়োজনবোধে এখানে সংক্ষেপে পরিচয় দিতেছি—

বৈদ্যকুলগ্রন্থে এইরূপ সেনভূপ বল্লালসেনের সম্বন্ধ পাওয়া যায়—

১। "ত্রয়ো মণ্ডলদাসস্য পুত্রা উদ্ধরণোঽগ্রজঃ।
বল্লালসেননৃপতেস্তনুজাগর্ভসম্ভবঃ॥

২। ষাঠদাসস্য তনয়ৌ জজ্ঞাতে বিনয়ান্বিতৌ।
ধর্ম্মদাসঃ কর্ম্মদাসো বল্লালসেনসূনুজৌ॥"

(ভরতকৃত চন্দ্রপ্রভা ৩১৯।)

মণ্ডলদাসেরও তিন পুত্র, তন্মধ্যে জ্যেষ্ঠ উদ্ধরণ রাজা বল্লাল-সেনের কন্যাগর্ভসম্ভূত। ষাঠদাসের দুইপুত্র ধর্ম্মদাস ও কর্ম্মদাস, উভয়েই বল্লালসেনের কন্যার গর্ভে জন্মগ্রহণ করেন।

৩। "ধরাধরসুতো জাতো নিত্যানন্দ ইতি স্মৃতঃ।
বল্লালসেনদৌহিত্রঃ সেনভূপস্য সন্ততিঃ॥" চন্দ্রপ্র°১৮৯ পৃঃ

ধরাধরের পুত্র নিত্যানন্দ সেন, ইনি সেন-ভূপ বল্লালসেনের দৌহিত্র।

লক্ষ্মণসেন ও কেশবসেন সম্বন্ধেও এইরূপ বচন দৃষ্ট হয়—

৪। "সুতৌ মন্মথদাসস্যাচ্যুতশ্রীমন্তদাসকৌ।
সেনভূপকুলোদ্ভূতসেনলক্ষ্মণসূনুজৌ॥" চন্দ্রপ্রভা ৩৬৪ পৃষ্ঠা

৫। "সুতৌ জাতরিসেনস্য জজ্ঞাতে বিনয়ান্বিতৌ
সূর্য্যসেনস্তদীয়াদ্যং কনিষ্ঠো বিজয়াহ্বয়ঃ।
রাজ্ঞঃ কেশবসেনস্য তনয়াগর্ভসম্ভবৌ॥" (চন্দ্রপ্রভা ২২২)

৬। শ্রীপতেস্তনয়া জাতা জ্যেষ্ঠো গদাধরঃ কৃতী।
সাগরো ভগিগুপ্তোঽমী ভূপকেশবসূনুজাঃ॥" ঐ ৪৪২ পৃঃ

এখন দেখিতে হইবে উক্ত সেন ভূপগণ কোন্ সময়ে বিদ্যমান ছিলেন? দুঃখের বিষয় কুলগ্রন্থে তাঁহার কোন সময় নির্দ্ধারিত না থাকায় তাঁহাদের কুলীন দৌহিত্রগণের পূর্ব্ব পরিচয় হইতে সময় নির্দ্ধারণের চেষ্টা করিব।

ভরতমল্লিক উক্ত সেনরাজ-দৌহিত্রগণের এইরূপ পূর্ব্ব পরিচয় দিয়াছেন—

১—২। "মৌদ্গল্যগোত্রে কথিতো দ্বিতীয়ো
বীজী মহাত্মার্জ্জিতশুদ্ধকীর্ত্তিঃ।
যঃ পদ্মদাসঃ শ্রুতভূরিবংশঃ
তস্যান্বয়ং শ্রীভরতো ব্রবীতি॥
পদ্মদাসস্য পুত্রৌ দ্বৌ নীলকণ্ঠোঽগ্রজঃ কৃতী।
পরো দেবলিদাসোঽসৌ স্ববংশাম্ভোজভাস্করঃ॥
যো নীলকণ্ঠো গুরুভক্তচিত্তঃ বৈকুণ্ঠপাদার্চ্চনলুপ্তপাপঃ।
বংশস্য কর্ত্তা বহুলোকভর্ত্তা কৌলীন্যবিদ্যালয়সম্পদাঢ্যঃ॥
তস্যাত্মজৌ দ্বৌ জগতি প্রসিদ্ধৌ
পূর্ব্বোঽভবৎ কেশবদাসনামা।
পঞ্চাত্মজাঃ কেশবদাসকস্য শ্রীবৎসদাসোঽখিলকীর্ত্তিদাসঃ।
প্রজাপতিস্তচ্চরমো নৃসিংহস্তস্যানুজোঽভূদথ চক্রপাণিঃ॥
(চন্দ্রপ্রভা ৩১৫ পৃঃ)

"যঃ প্রজাপতিদাসস্য রুদ্রদাসঃ সুতোঽজনি।
সামন্তপুরসেনস্য তনয়াগর্ভসম্ভবঃ॥
রুদ্রদাসস্য তনয়াস্ত্রয়োঽমী বিনয়ালয়াঃ।
বলদাসো নয়াবাসো মদনো মদনোপমঃ॥
শিবদাসঃ শিবধ্যানপূজাবিধিপরায়ণঃ।
বলদাসো গুণাবাসঃ সর্ব্বশাস্ত্রবিশারদঃ॥
তস্যৈব বলদাসস্য তনয়ৌ দ্বৌ বভূবতুঃ।
জ্যেষ্ঠ ঋষিপতিস্তত্র কনিষ্ঠোঽথ গুণাকরঃ॥
গুণাকরাত্রয়ঃ পুত্রাঃ পূর্ব্বো মণ্ডলদাসকঃ।
জগন্মণ্ডলবিখ্যাতঃ সেনডোমনসূনুজঃ॥
দ্বিতীয়পক্ষে পুত্রৌ দ্বৌ জাতৌ সংসারবিশ্রুতৌ।
আশসেনস্য দৌহিত্রৌ ষাঠদাসকভৈরবৌ॥
ত্রয়ো মণ্ডলদাসস্য পুত্রা উদ্ধরণাগ্রজঃ।
বল্লালসেননৃপতেস্তনুজাগর্ভসম্ভবঃ॥
ষাঠদাসস্য তনয়ৌ জজ্ঞাতে বিনয়ান্বিতৌ।
ধর্ম্মদাসঃ কর্ম্মদাসো বল্লালসেনসূনুজৌ॥"(চন্দ্রপ্রভা ৩১৯পৃ)

---


(১) এই দণ্ডপাণি যে হাতিঘোষের কন্যা বিবাহ করিয়া সাধ্য হইয়াছিলেন, তাহা নয়। রাঘব ইহার পূর্ব্বেই লিখিয়াছিলেন—

"শক্তি গোত্রোদ্ভবঃ দণ্ডপাণিঃ শক্তিধরাত্মকঃ।
পিতুঃ শাপবশাদেব সাধ্যত্বেন ব্যবস্থিতঃ।"

এদিকে ভরতমল্লিক চন্দ্রপ্রভায় কুলীনরূপেই ইঁহার বংশপরিচয় দিয়াছেন।

মৌদ্গল্যগোত্র বীজী পদ্মদাস

(বালিনাছিতে বাস)



৩। "ধন্বন্তরিকুলে বীজী যো গয়ীসেননামকৃৎ।
তস্য বংশ্যান্ যথাজ্ঞাতং ব্রূতে ভরতমল্লিকঃ॥
অথামী গয়ীসেনস্য জজ্ঞিরে তনয়াস্ত্রয়ঃ।
রামমাধবগোবিন্দশ্চায়ুদাসসুতাসুতাঃ॥
বিষপাড়ামুপাশ্রিত্য সপ্তগ্রামে কৃতালয়াঃ।
রামসেনস্য চত্বারস্তনয়া বিনয়ান্বিতাঃ॥
শ্রীকণ্ঠসেনস্তজ্যেষ্ঠো বিকর্ত্তন ইতোঽনুজঃ।
দানসেনস্তৃতীয়োঽস্য বনমালী চতুর্থকঃ॥


(চন্দ্রপ্রভা ১৭৪ পৃঃ)

"বনমালিসুতৌ জাতৌ পূর্ব্বঃ কাপড়িসেনকঃ।
অনন্ত ইতি তৌ শক্তি্রগোবর্দ্ধনসুতাসুতৌ॥
অনন্তসেনতনয়ৌ হাড়সেন ইহাগ্রজঃ।
বুধসেন ইমৌ শক্তি্রগোবিন্দসেনসূনুজৌ॥
হাড়সেনস্য তনয়ঃ পদ্মনাভ ইতীরিতঃ।
পদ্মনাভস্য চত্বারঃ সুতাঃ সর্ব্বগুণান্বিতাঃ॥
কাকুস্থসেনঃ প্রথমো গর্ভেশ্বর ইতোঽনুজঃ।
ধরাধরস্ততো গঙ্গাধর এতে মহোদয়াঃ॥

(চন্দ্রপ্রভা ১৮৬ পৃঃ)


ধরাধরসুতো জাতো নিত্যানন্দ ইতি স্মৃতঃ।
বল্লালসেনদৌহিত্রঃ সেনভূপস্য সন্ততৌ॥
নিত্যানন্দস্য পুত্রৌ দ্বৌ গোবিন্দকেশবাবিমৌ।
শক্তি্রগোত্রসমুদ্ভূতামুকসেনসুতাসুতৌ॥"(চন্দ্রপ্র° ১৮৯ পৃ)

ধন্বন্তরিগোত্র বীজি গয়ীসেন



৪। "মৌদ্গল্যগোত্রসম্ভূতো নৃসিংহদাস এব যঃ।
তস্য পুত্রাস্ত্রয়ো জাতাঃ প্রভাকর ইহাগ্রজঃ॥
কায়ুদাসো মধ্যমোঽত্র কনিষ্ঠো বসুদাসকঃ।
ত্রয়াণাং কায়ুদাসোঽভূদ্বীজী বঙ্গে প্রতিষ্ঠিতঃ॥
বীজিনঃ কায়ুদাসস্য সুতৌ জাতৌ গুণান্বিতৌ।
ষষ্ঠীবরো রামদাস ইমাবমুকসূনুজৌ॥
ষষ্ঠীবরস্য দাসস্য জজ্ঞিরে পঞ্চ সূনবঃ।
হৃষীকেশোঽগ্রজস্তেষাং শ্রীবঙ্গস্তদনন্তরম্॥
শ্রীমানো বনমালী চ শঙ্করোঽমী সুসজ্জনাঃ।
হৃষীকেশস্য দাসস্য ষড়মী জজ্ঞিরে সুতাঃ॥
উৎসাহকরদাসোঽগ্রোঽনিরুদ্ধক উমাপতিঃ।...
যস্তূমাপতিদাসোঽসৌ বঙ্গং ত্যক্ত্বা স্বপৌরুষাৎ।
গৃহীত্বা নিজবৃন্দানি রাঢ়ে কোগ্রামমাশ্রিতঃ॥
তস্যোমাপতিদাসস্য জজ্ঞাতে তনয়াবুভৌ॥
আদ্যো নারায়ণো দাসো রাজবৈদ্য ইতি শ্রুতঃ।
নারায়ণস্য দাসস্য চত্বারস্তনয়া অমী॥
বিষ্ণুদাসো গুণাবাসো জ্যেষ্ঠো হরিহরঃ পরঃ।
বিষ্ণুদাসস্য সঞ্জাতা অষ্টৌ পুত্রাঃ শুভোদয়াঃ॥
জ্যেষ্ঠো রঘুপতির্দাসো বিনায়ক ইতোঽনুজঃ॥
সুতৌ রঘুপতের্জাতৌ নীলাম্বর ইহাগ্রজঃ।
দ্বিতীয়পক্ষে পুত্রোঽভূৎ সনাতন ইতি স্মৃতঃ॥"(চন্দ্রপ্রভা ৩৬৩)
"সনাতনস্য দাসস্য গোপীনাথঃ সুতোঽভবৎ।
গোপীনাথস্য দাসস্য জজ্ঞাতে তনয়াবুভৌ॥
ভূগর্ভো মন্মথো মল্লভূগুপ্তমধুসূনুজৌ।
সুতৌ মন্মথদাসস্যাচ্যুতশ্রীমন্তদাসকৌ।
সেনভূপকুলোদ্ভূত-সেনলক্ষ্মণসূনুজৌ॥" (চন্দ্রপ্রভা ৩৬৪)

মৌদ্গল্যগোত্র বীজী নৃসিংহদাস




(সেনভূপ-কুলোদ্ভব লক্ষ্মণ-দৌহিত্র)

বীজপুরুষ হইতে কুলপর্য্যায় আলোচনা করিলে দেখা যায় যে, সেনভূমির রাজা বল্লালসেনের সময় তাঁহাদের অধস্তন ৮।৯ পুরুষ, এদিকে সেনভূমিপতি লক্ষ্মণসেনের সময় ১২।১৩ পুরুষ অধস্তন। এরূপস্থলে ৮ম ও ১২শ পর্য্যায়ে কখন পিতাপুত্র গণ্য হইতে পারে না। সুতরাং সেনভূমির রাজা বল্লালসেনকে তথাকার লক্ষ্মণসেনের পিতা বলিয়া কখনই গ্রাহ্য করা যাইতে পারে না। এইরূপে চন্দ্রপ্রভায় সূর্য্যসেন ও ভগিগুপ্তের মাতামহ যে কেশবসেনের উল্লেখ আছে, সেই কেশবসেনকেও আমরা গৌড়াধিপ বল্লালসেনের পৌত্র বা লক্ষ্মণসেনের পুত্র বলিয়া মনে করিতে পারি না। কেশবের দৌহিত্র সূর্য্যসেনের পূর্ব্ব পরিচয় উদ্ধৃত করিয়া দেখাইতেছি—

"শ্রীবৎসশ্চ শিয়ালশ্চ দ্বাবিমৌ বিশ্ববিশ্রুতৌ।
চত্বারো যেঽপরে শক্ত্রৌ যথাপূর্ব্বং কুলোত্তমাঃ॥
প্রজ্ঞাসমজ্ঞাস্নহিতো বিনীতঃ শ্রীবৎসসেনো গুণরাশিরাসীৎ।
তস্যাত্মজোঽভূদথ পুণ্ডরীকস্ততঃ কনীয়ানপি দণ্ডপাণিঃ॥"
দণ্ডপাণেঃ সুতো জাতো নীতিবিদ্যাবিশারদঃ।
তিকসেন ইতি খ্যাতো বিহিতানেকপৌরুষঃ॥
তস্যৈব তিকসেনস্য তনয়ৌ দ্বৌ বভূবতুঃ।
হাড়সেনশ্চন্দ্রসেনঃ সমানগুণধারিণৌ॥
হাড়সেনাদজায়েতাং তনয়ৌ গুণশালিনৌ।
মাধবোঽথ মহীসেনো দাসকন্যাসমুদ্ভবৌ॥
মহীসেনাদভূৎ পুত্রো নরসিংহ ইতি শ্রুতঃ।
নরসিংহস্য পঞ্চৈতে তনয়া অথ জজ্ঞিরে॥
জাতরিধনসেনশ্চ ধৃতিসেনস্ততঃ পরঃ।
সুতৌ জাতরিসেনস্য জজ্ঞাতে বিনয়ান্বিতৌ॥
সূর্য্যসেনস্তদীয়াদ্যঃ কনিষ্ঠো বিজয়াহ্বয়ঃ।
রাজ্ঞঃ কেশবসেনস্য তনয়াগর্ভসম্ভবৌ॥" (চন্দ্রপ্রভা ২২২ পৃঃ)

শক্তি গোত্র বীজী শক্তিধরের পুত্র শ্রীবৎসসেন




ভরতমল্লিক ভগিগুপ্তের এইরূপ পূর্ব্বপরিচয় দিয়াছেন,—

"কাশ্যপান্বয়সম্ভূতঃ প্রধানো জ্যেষ্ঠ এব যঃ।
পরমেশ্বরগুপ্তোঽয়ং বীজী গুপ্তকুলে পুনঃ॥
শ্রেষ্ঠস্ত্রিপুরগুপ্তোঽয়ং বীজী সৎকর্ম্মধর্ম্মকৃৎ।
কন্যে দ্বে চ সমুদ্ভূতে প্রদত্তে স্বকুলোচিতম্॥
বিনায়কস্য পুত্রায় শ্রীধরন্তরয়েঽগ্রজা।" (চন্দ্রপ্রভা ৪৪০ পৃঃ)

"পরমেশ্বরগুপ্তস্য মহৎস্বল্পাধিকারিণৌ।
সুতৌ ভীমমহাদেবৌ রাঢ়ে বঙ্গে চ বিশ্রুতৌ॥
মহাধিকারী যঃ পুত্রো ভীমো ভীমপরাক্রমঃ।
বঙ্গেঽতিষ্ঠৎ স তত্রৈব তস্য বংশ্যা বসন্তি চ॥
স্বল্পাধিকারী যঃ পুত্রো মহাদেবো মহাবলঃ।
অস্য পুত্রৌ বিধিবশাৎ খাড়িগ্রামং সমাশ্রিতৌ॥
তত্রৈকভ্রাতৃপুত্রোঽভূদ্ দ্বিগুপ্তো মহাযশাঃ।
তৎসুতঃ কেশগুপ্তোঽভূত্তৎসুতো মধুগুপ্তকঃ।
মধুগুপ্তসুতো জাতো হরিগুপ্তোঽতিসুন্দরঃ।
শক্তি গোত্রসমুদ্ভূতসাঞ্চিসেনসুতাসুতঃ।
হরিগুপ্তসুতো জাতঃ শ্রীপতিশক্তি সূনুজঃ।
শেষপক্ষে শঙ্করোঽন্যো ধলভূমাধবঃ সূনুজঃ।


শ্রীপতেস্তনয়া জাতা জ্যেষ্ঠো গদাধরঃ কৃতী।
সাগরো ভগিগুপ্তোঽমী ভূপকেশবসূনুজঃ॥"
(চন্দ্রপ্রভা ৪৪১)



গদাধর গুপ্ত ও সূর্য্যসেনাদির মাতামহ রাজা কেশবসেন অন্যত্র সেনভূমির রাজা বলিয়া মহামতি ভরতমল্লিক কর্ত্তৃক কীর্ত্তিত হইয়াছেন—

"অথ কন্দর্পসেনস্য সুতো জাতো মহাযশাঃ।
বিষ্ণুদাস ইতি খ্যাতো যস্য খানো যশোধরঃ॥
নীতিজ্ঞঃ পণ্ডিতঃ শুদ্ধমানসঃ সুজনপ্রিয়ঃ।
যঃ পন্থহাড়দাসস্য তনুজাগর্ভসম্ভবঃ॥
যশোধরস্য খানস্য কন্যা জাতবতী তু যা।
গুণাকরস্য গুপ্তস্য তনয়াগর্ভসম্ভবঃ॥
দত্তা কেশবগুপ্তায় ত্রৈপুরে নীলসন্ততৌ।
অপরাং পরিজগ্রাহ দ্বিতীয়ত্বেহচ কন্যকাম্॥
সেনভূমিনিবাসস্থ-সেনকেশবসম্ভবাম্॥"

এই সেনভূমিপতির পরিচয় পূর্ব্বেই উদ্ধৃত হইয়াছে; এখানে বংশলতা দেওয়া হইল—



বৈদ্যকুলপঞ্জিকাধৃত বল্লাল, লক্ষ্মণ ও কেশবসেনের পরিচয় হইতে স্পষ্ট প্রমাণিত হইতেছে যে ইঁহারা সেনভূমের রাজা ছিলেন। ভরতমল্লিক দেখাইয়াছেন, তাঁহার সময় পর্য্যন্ত ধন্বন্তরিগোত্রে বীজী বিমলসেনের বংশধরগণ সেনভূমেই বাস করিতেছিলেন। বিমলসেনের পুত্র পরমেশ্বর, পরমেশ্বরের পুত্র বাসুদেব, ইনি শিখরভূম বা পঞ্চকোটাধিপতির আশ্রয়ে চিকিৎসানৈপুণ্য দেখাইয়া প্রতিষ্ঠিত হইয়াছিলেন। এই বাসুদেবের পুত্র অনন্তসেন, ইনি শস্ত্রে ও শাস্ত্রে উভয় বিদ্যায় পণ্ডিত ছিলেন। ইঁহার পুত্র মহাবীর নাথসেন। তাঁহার বীরত্বে মুগ্ধ হইয়া শিখরাধিপতি হরিশ্চন্দ্র তাঁহাকে সেনভূমের অন্তর্গত পাহাড়খণ্ড দান করেন। (এখন ঐস্থান সেনপাহাড়ী* নামে পরিচিত)।

পঞ্চকোটরাজবংশের ইতিহাস হইতেও আমরা জানিতে পারি যে, পরমার-বংশীয় মহারাজাধিরাজ হরিশ্চন্দ্রশিখরসিংহ-দেব ১১০২ হইতে ১১৪৩ শকাব্দ (১১৮১ হইতে ১২২২ খৃষ্টাব্দ) পর্য্যন্ত ৪২ বর্ষ রাজত্ব করেন। ইঁহারই সময়ে সপুত্র বাসুদেবসেন পঞ্চকোটরাজসভায় উপস্থিত হন। আবার ইঁহার অনুগ্রহে বাসুদেবপৌত্র নাথসেন প্রায় ১২২২ খৃষ্টাব্দে 'সেন-পাহাড়ী' জায়গীর পাইয়া থাকিবেন।

উক্ত নাথসেনের প্রপৌত্র কেশবসেনই শক্তিগোত্রের বীজী শ্রীবৎসসেনের ৮ম পুরুষ অধস্তন জাতরিসেনের পুত্র সূর্য্যসেন ও বিজয়সেনের মাতামহ হইতেছেন। এদিকে রাজা কেশবসেনও ধন্বন্তরিগোত্রের বীজী বিমলসেন হইতে ৮ম পুরুষ অধস্তন হইতেছেন।

নাথসেন ১২২২ খৃষ্টাব্দে সেনপাহাড়ীরাজ্য লাভ করিলে তাঁহার প্রপৌত্র কেশবসেন অন্ততঃ ১৩২০ খৃষ্টাব্দের সমকালবর্ত্তী লোক হইতেছেন। এসময়ে গৌড়ের সেনরাজবংশের প্রভাব এককালেই বিলুপ্ত ও সমগ্র রাঢ়বঙ্গে মুসলমান অধিকার বিস্তৃত হইয়াছিল।

এদিকে মৌদ্গল্য পন্থদাসের বংশাবলী হইতে পূর্ব্বেই উদ্ধৃত করিয়া দেখান হইয়াছে যে, জগন্মণ্ডল উপাধিধারী মণ্ডলদাসের পুত্র উদ্ধরণ এবং ষাঠদাসের পুত্র ধর্ম্মদাস ও কর্ম্মদাস রাজা বল্লালসেন-দৌহিত্র বলিয়া পরিচিত। এই তিন বল্লালদৌহিত্রই মৌদ্গল্যগোত্রজ বীজী পন্থদাস হইতে ৯ম পুরুষ অধস্তন। আবার ধন্বন্তরিগোত্রে বীজী গঙ্গীসেনের বংশাবলী হইতে দেখা

* সেনপাহাড়ী পূর্ব্বে সেনভূমপরগণার অন্তর্গত থাকিলেও এখন বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে। বর্ত্তমানকালে সেনভূম বীরভূমজেলায় অজয়নদের উত্তরকূলে এবং সেনপাহাড়ী বর্দ্ধমানজেলায় অজয়নদের দক্ষিণকূলে বিস্তৃত।

যাইতেছে যে তাঁহা হইতে তদংশীয় ধরাধরপুত্র বল্লালদৌহিত্র নিত্যানন্দসেন ৮ম পুরুষ অধস্তন। এই নিত্যানন্দের পরিচয় প্রসঙ্গে ভরতমল্লিক লিখিয়াছেন,—

"বল্লালসেনদৌহিত্রঃ সেনভূপস্য সন্ততিঃ"

বল্লালসেনের নামের সহিত 'সেন' উপাধি ও তৎপরে 'সেন-ভূপ' থাকায় এখানে 'সেনভূপ' অর্থে সেনভূমির রাজা। সুতরাং উক্ত বল্লালসেনও কেশবসেনের ন্যায় সেনভূমিরই রাজা ছিলেন। বংশপর্য্যায় আলোচনা করিলেও উভয়কে একসময়ের লোক বলিয়াই মনে হইবে। ভরতমল্লিক সেনপাহাড়ীতে কেশবসেন পর্য্যন্ত এই বংশের যে বংশাবলী দিয়াছেন, তন্মধ্যে বল্লালের নাম নাই। ইহাতে আমরা বল্লালকে কেশবের অব্যবহিত পরবর্ত্তী মনে করি।

সেনভূপকুলোদ্ভব লক্ষ্মণসেন-দৌহিত্র অচ্যুত ও শ্রীমন্তদাসের যে বংশাবলী উদ্ধৃত করিয়াছি, তাহা হইতে জানিতেছি যে মৌদ্গল্য বীজী নৃসিংহদাস হইতে উভয় ভ্রাতা ১২শ পুরুষ অধস্তন। এরূপস্থলে সেনভূমির রাজা লক্ষ্মণসেনকে উক্ত সেনভূমির কেশব ও বল্লালসেনের প্রায় শতবর্ষ পরবর্ত্তী অর্থাৎ উক্ত লক্ষ্মণসেন খৃষ্টীয় ১৫শ শতাব্দীর লোক স্থির হইতেছেন।

গৌড়াধিপ বল্লালসেন ১১১৯ হইতে ১১৬৯ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন [বঙ্গদেশ ও বল্লালসেন শব্দ দ্রষ্টব্য।] সুতরাং বৈদ্যকুলগ্রন্থবর্ণিত রাজা বল্লালসেন তাঁহার দ্বিশতাধিক বর্ষ পরবর্ত্তী হইতেছেন। এদিকে আবার কবিকণ্ঠহারের পূর্ব্ববর্ত্তী চতুর্ভুজ লিখিয়াছেন,—

"তেন সা ভূমিপালেন বল্লালেন মহাত্মনা।
স্থাপিতা কুলমর্য্যাদা সিদ্ধাদিবংশজন্মনাম্॥
দুহিসেনপ্রভৃতীনাং পুরা হি কৃতনিশ্চিতা॥"

সেই মহাত্মা ভূমিপাল বল্লাল সিদ্ধবংশীয়দিগের মধ্যে কুল-মর্য্যাদা স্থাপন করেন। কিন্তু দুহিসেন প্রভৃতি সিদ্ধবংশের কৌলীন্য বহুপূর্ব্বেই নির্দ্দিষ্ট হইয়াছিল। কবিকণ্ঠহার ও তৎসম-সাময়িক ও রাঘব উভয়েই দুহি সেনাদিকে বল্লালসেনের পূর্ব্ববর্ত্তী বলিয়াই জানিতেন। রাঘব তাঁহার বৈদ্যকুলদর্পণে লিখিয়াছেন—

"অতো বল্লালনৃপোকেশঃ লোকেশঃ স ইবাপরঃ॥
ধাতাখ্যাহি দ্বিজগণভিষজশ্চাপরে রুদ্রকাদ্যাঃ
সর্ব্বেষাঞ্চৈব কর্ত্তা স্বয়মপি সুমতিবৈদ্যবংশাব্ধি জজ্ঞে।
বিদ্যাগাধঃ প্রবীণঃ কিল বিমলযশশ্চন্দ্রো যো সেনভূমৌ।
শ্রীমদ্বল্লালরাকাকুলকুমুদবিধূ রাজতে রাজধান্যাং॥
স এব নিয়মস্যাপি মহর্দ্ধিঃ কল্পিতো মতঃ॥"

অনন্তর সর্ব্বলোকপিতামহ জগৎস্রষ্টা ব্রহ্মা যেন স্বয়ং বৈদ্য-বংশে রাজা বল্লাল রূপে এবং অন্যান্য রুদ্রাদি দেবগণ কেহ দ্বিজবংশে, কেহ বা ভিষক্ বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। যিনি অগাধবিদ্যাবিভবশালী ও সুবিজ্ঞ এবং স্বীয় রাজধানী সেনভূমিতে চন্দ্রের ন্যায় নির্ম্মল যশোরাশি স্বরূপ ও কুলকুমুদসমূহের পূর্ণিমা-চন্দ্র সদৃশ শোভা পাইতেন অর্থাৎ যাঁহার নির্ম্মল যশোরাশিতে দিঙ্মণ্ডল বিভাসিত হইয়াছিল এবং যাঁহার প্রভায় বৈদ্য কুলীন-গণের প্রতিভা বৃদ্ধি পাইয়াছিল, সেই শ্রীমদ্বল্লাল সেনের নিয়মাবলী সুধীগণ অদ্যাপি পর্য্যন্ত কল্পনা করিয়া থাকেন অর্থাৎ শ্রেষ্ঠ বৈদ্য মাত্রেই তৎপ্রবর্ত্তিত কুলপ্রথানুসারে এখন পর্য্যন্ত সামাজিক কুলকার্য্যাদি নির্ব্বাহ করিয়া আসিতেছেন।

উদ্ধৃত প্রমাণ অনুসারে দেখা যাইতেছে যে সেনভূমিপতি বল্লালই বৈদ্যসমাজে সমাজসংস্কারকল্পে নূতন করিয়া কৌলীন্য মর্য্যাদা প্রদান করেন। তাঁহার বহুপূর্ব্বে দুহিসেনাদি ও তাঁহা-দের পূর্ব্বপুরুষ শক্তিধরাদি শ্রেষ্ঠ কুলীন বলিয়া সম্মানিত হইলেও তাঁহাদের বংশধরদিগের মধ্যে যাঁহাদের কুলে দোষ পড়ে নাই, সেনভূপ বল্লাল তাঁহাদিগকেই সিদ্ধসাধ্যাদি ভেদে সম্মান প্রদর্শন করেন। এই জন্যই কবিরাজ রাঘব ও কবিকণ্ঠহার লিখিয়াছেন যে রাজা বল্লালসেন দুহি সেনাদির বংশধরদিগকে লইয়া কুলব্যবস্থা করিয়াছিলেন। সম্ভবতঃ যে সময়ে কেশবসেনের জ্যেষ্ঠ বীরবর চন্দ্রখান্ প্রভৃতি 'কায়স্থজাতি' বলিয়া পরিচিত হইতেছিলেন এবং অনেক বৈদ্যই তদনুবর্ত্তী হইবার সম্ভাবনা ঘটিয়াছিল, সেই সময়ে বৈদ্যবৃদ্ধগণ সমাজসংস্কারের আবশ্যকতা হৃদয়ঙ্গম করেন। এ সময়ে সেনভূমির রাজারাই ধনে মানে বৈদ্যসমাজে সমাজপতি বলিয়া গণ্য ছিলেন, সুতরাং এখান হইতেই কুলব্যবস্থা প্রয়োজন হইয়া-ছিল। তদনুসারে খৃষ্টীয় ১৪শ শতাব্দে সমস্ত বৈদ্যসমাজকে আহ্বান করিয়া সেনভূপ-বল্লালসেন কুলবিধি প্রবর্ত্তন করিলেন। এই সময় হইতেই বৈদ্যসমাজে কুলগ্রন্থরক্ষার ব্যবস্থা হয় এবং কুলীন সমাজে কায়স্থসম্বন্ধ নিন্দিত হইতে থাকে।

সাধারণের বিশ্বাস যে গৌড়াধিপ বিজয়সেনের পুত্র ও লক্ষ্মণসেনের পিতা বল্লালসেনই বৈদ্যসমাজেরও কুলবিধাতা।

বৈদ্যসমাজে আদি কৌলীন্য

এই বিশ্বাস যে অমূলক, তাহা পূর্ব্ব বিবরণ পড়িলেই আর কাহারও সন্দেহ থাকিবে না। বারেন্দ্র কায়স্থগণের ঢাকুর গ্রন্থেও লিখিত আছে—

"বারেন্দ্র-কায়স্থ বৈদ্য বৈদিক ব্রাহ্মণ।
বল্লাল মর্য্যাদা নাহি লইল তিন জন॥
পুত্রান্তে কন্যাতে কুল বান্ধিতে লাগিল।
এইত অধর্ম্ম বীজ সঞ্চয় হইল॥"

বাস্তবিক বৈদ্যসমাজে কোন কালে বল্লালীকুল গৃহীত হয় নাই বল্লালীকুল পুত্রগত ও কন্যাগত, বিশেষতঃ কুলীন-কন্যাকে অকুলীনে সম্প্রদান করিলেই কন্যাদাতার কুলচ্যুতি

ঘটে, বল্লালী কুলনিয়মের ইহাই বিশেষত্ব; রাঢ়ীয় ও বারেন্দ্র ব্রাহ্মণ কুলীন সমাজে এবং বঙ্গজ কায়স্থকুলীন সমাজে অদ্যাপি এই নিয়ম প্রতিপালিত হইয়া থাকে। এরূপ কুলপ্রথা রাঢ়ীয় বা বঙ্গজ বৈদ্যসমাজে কোন দিন প্রচলিত নাই। কেহ কেহ মনে করেন, বঙ্গীয় বৈদ্যগণের বীজপুরুষদিগের মধ্যে ধন্বন্তরি গোত্রজ বিনায়ক সেন, শক্তি গোত্রজ শক্তিধর, মৌদ্গল্য গোত্রজ চায়ুদাস ও পন্থদাস এবং কাশ্যপ গোত্রীয় পরমেশ্বরগুপ্ত বল্লালী-কৌলীন্য লইয়া পঞ্চকোট হইতে রাঢ়দেশে আগমন করেন। কিন্তু কোন প্রাচীন কুলগ্রন্থে এরূপ কথা নাই। আমাদের বিশ্বাস যে উক্ত বীজপুরুষগণ পূর্ব্ব হইতেই কৌলীন্য-ভূষিত ছিলেন, তাঁহারা নূতন কুলীন হইয়া এদেশে আসেন নাই। বৈদ্যসমাজে গৌড়াধিপ বল্লালসেনের বহুপূর্ব্ব হইতেই যে কৌলীন্য ছিল, তাহা আমরা চক্রপাণিদত্তের গ্রন্থ হইতেই জানিতে পারি :—

"গৌড়াধিনাথরসবত্যধিকারিপাত্রং
নারায়ণস্য তনয়ঃ সুনয়োঽন্তরঙ্গাৎ।
ভানোরনু প্রথিতলোধ্রবলীকুলীনঃ
শ্রীচক্রপাণিরিহ কর্ত্তৃপদাধিকারী॥"

অর্থাৎ গৌড়রাজ্যের অধীশ্বরের পাকশালার অধ্যক্ষ নারায়ণ-দত্তের পুত্র এবং ভানুদত্তের অন্তরঙ্গ লোধ্রবলী সমাজে কুলীন বলিয়া প্রসিদ্ধ শ্রীচক্রপাণি এই কর্ত্তৃপদাধিকারী।

চক্রপাণি গৌড়াধিপ সুপ্রসিদ্ধ পালবংশীয় নয়পালের পাক-শালার অধ্যক্ষ ও একজন মন্ত্রী ছিলেন। ১০৩৬ হইতে ১০৫৩ খৃঃ পর্য্যন্ত নয়পাল গৌড়রাজ্য শাসন করেন।* ঐ সময়ে বৈদ্যকুলীন চক্রপাণিদত্তের অভ্যুদয়। আশ্চর্য্যের বিষয়, ৺ভরত মল্লিক 'লোধ্রবলী' গ্রাম কুলস্থান বলিয়া বর্ণনা করিলেও তিনি দত্ত-বংশকে এককালে মৌলিক বলিয়া সাব্যস্ত করিয়াছেন। লোধ্র-বলী গ্রাম এক্ষণে বীরভূম সমাজের অন্তর্গত, পূর্ব্বে সেনভূম সমাজের অন্তর্গত ছিল বলিয়া শুনা যায়। সম্ভবতঃ যখন বিনায়কসেন প্রভৃতি বৈদ্য বীজিগণ রাঢ়দেশে নূতন বৈদ্যসমাজ পত্তন করেন, সেই সময়ে তাঁহারা লোধ্রবলী সমাজের দত্তদিগকে বাদ দিয়া থাকিবেন। এই সময় হইতে রাঢ়ীয় বৈদ্যসমাজে 'দত্ত' কুলহীন হইলেও বহুকাল ইহাদের পূর্ব্বসম্মানের হ্রাস হয় নাই। অপর যে কোন মৌলিকঘরে ক্রমান্বয়ে আদান প্রদান করিলে কুলে আঘাত বলিয়া গণ্য হইত, কিন্তু রাঢ়ীয় বৈদ্যসমাজের

কতকটা আভাস পাওয়া যায়। যাহা হউক খৃষ্টীয় ১১শ শতাব্দে বৈদ্যসমাজে লোধ্রবলী দত্তগণ কুলীন বলিয়া গণ্য থাকিলে তৎকালে এই সমাজে কিরূপ কুলনিয়ম ছিল, এবং কোন্ সময় সেই প্রথিত দত্তবংশ অকুলীন বলিয়া গণ্য হইলেন, তাহা এখন ঠিক জানা যায় নাই।

রাঘব ও কবিকণ্ঠহার প্রভৃতি প্রাচীন বঙ্গজ বৈদ্যকুলজ্ঞগণ কষ্ট সাধ্য প্রসঙ্গে লিখিয়াছেন, গুপ্তবংশে মহাধিকারী ও স্বল্পাধিকারী গুপ্ত, ধন্বন্তরি গোত্রে ৭ ভাই, এবং শক্তি গোত্রে গয়িসেন, অঙ্কসেন, ভসেন, মীনসেন ও স্বর্ণপীঠ (মুণ্ডীর সেন) এই-৫ জন বল্লালের অন্নগ্রহণ দোষে কষ্টসাধ্যত্ব প্রাপ্ত হইয়াছিলেন যে,—

"বল্লালস্যান্নদোষেণ কষ্টসাধ্যত্বমাগতাঃ।
এষাং সৎপ্রতিপত্তিস্তু নৈব কুত্রাপি দৃশ্যতে॥"

(কণ্ঠহার ৪ পৃঃ)

সাধারণের বিশ্বাস, গৌড়াধিপ বল্লালসেনের ডোমকন্যা বিবাহ প্রসঙ্গে পাকস্পর্শ হয়, তাহাতে গুপ্ত ও সেনবংশীয় উক্ত ১৪ জন অন্নগ্রহণ করায় তাঁহাদের কুলচ্যুতি ঘটে, এ কারণ তাঁহাদের বংশধরের কোথাও প্রতিষ্ঠা নাই। এই প্রমাণটি দেখিয়া আবার কেহ কেহ বলিয়া থাকেন যে, গৌড়াধিপ বল্লাল বৈদ্যসমাজের কুল বিধাতা নহেন, ইহাও তাহার প্রমাণ। যদি তিনি কুলবিধাতা হইতেন, তাহা হইলে তাঁহার ঘরে অন্নাহার করিয়া কখনই শ্রেষ্ঠ বৈদ্যগণের কুলচ্যুতি ঘটিত না। কিন্তু আমরা বলিতে চাই, উক্ত চতুর্দ্দশ বৈদ্যপ্রবর কেহই গৌড়াধিপ বল্লালের সমসাময়িক নহেন, তাঁহার পরবর্ত্তী। তাঁহাদের বংশাবলী আলোচনা করিলে সহজে জানা যায় যে তাঁহারা পর-স্পরে ঠিক এক সময়ের লোক নহেন। তাঁহারা সকলে অম্বষ্ঠগোষ্ঠীপতিবীজী বিনায়ক সেনের পরবর্ত্তী। মহাধিকারী মহাদেব ও স্বল্পাধিকারী ভীম বিনায়ক সেনের পুত্রগণের সমসাময়িক বটে, কিন্তু অপরে তাঁহাদেরও পরবর্ত্তী। যথা,—

১ম স্বর্ণপীঠী মুণ্ডীরসেন।

"শক্তিগোত্রেঽভবদ্বীজী ষাঠপুত্র উমাপতিঃ।
তস্য প্রপৌত্রো মুণ্ডীরঃ স বীজী নিজসন্ততৌ॥
যোঽসৌ মুণ্ডীরসেনোঽভূদ্গৌড়ক্ষ্মাপতিসেবয়া।
স্বর্ণপীঠীতি বিখ্যাতঃ কুলকার্য্যপরায়ণঃ॥
উমাপতেরভূদস্যোপরি বীজী মহাযশাঃ।
তস্যোমাপতিসেনস্য যথাজ্ঞাতং কুলং ব্রুবে॥

সর্ব্বেঽমী গুপ্তবংশীয়-দুহিতুর্গর্ভসম্ভবাঃ ॥
বনমালিসুতো জাতো মুণ্ডীরসেন উত্তমঃ।
অভূদ্বংশস্য কর্ত্তা যো বিদ্যাতিজনসম্পদা ॥"(চন্দ্রপ্রভা ২৪৬ পৃঃ)

উক্ত বর্ণানুসারে শক্তি গোত্রে বীজী ষাঠসেন, তৎপুত্র উমাপতি, তৎপুত্র ভীমসেন, তৎপুত্র বনমালী, তৎপুত্র স্বর্ণপীঠী মুণ্ডীরসেন।

২য়—স্বর্ণপীঠী রামসেন,—

"শক্তি বংশে রামসেনঃ স্বর্ণ-পীঠী নৃপাদভূৎ।
মুণ্ডীরসেনবংশান্তর্গতো বীজো য ঈরিতঃ ॥" (চন্দ্রপ্রভা)

উক্ত বচনানুসারে প্রথম স্বর্ণপীঠ মুণ্ডীরসেনের বংশে রামসেনের জন্ম। ইনিও গৌড়াধিপতির নিকট 'স্বর্ণপীঠ' উপাধি পাইয়াছিলেন।

কণ্ঠহার গয়ীসেন, অঙ্কসেন, ভসেন ও মীনসেনকেও বল্লালান্ন-ভক্ষণকারী বলিয়া লিপিবদ্ধ করিয়াছেন। ভরতমল্লিকের চন্দ্রপ্রভা হইতে জানা যায়, যে বংশে স্বর্ণপীঠ মুণ্ডীরসেনের উদ্ভব, সেই বংশেই গয়ীসেনের জন্ম। যথা—১ ষাঠসেন, তৎপুত্র ২ উমাপতি, তৎপুত্র ৩ ভীমসেন, ৪ তৎপুত্র দায়ুসেন, তৎপুত্র ৫ শ্রীহরি, তৎপুত্র ৬ হরিসেন, তৎপুত্র ৭ বিকর্ত্তন, ৮ বলসেন, তৎপুত্র ৯ গয়ীসেন। (চন্দ্রপ্রভা ২৪৭)

শক্তি বংশে আরও একজন স্বর্ণপীঠের নাম পাওয়া যায়। তাঁহার প্রকৃত নাম উগ্রকণ্ঠ, তিনি শক্তি গোত্রের বীজী শক্তিধর হইতে অধস্তন ৫ম পুরুষ দুহিসেনের পুত্র। রাঘবের বৈদ্যকুলদর্পণে তাঁহার পরিচয় আছে—

"অথ দুহিসেনস্য বংশাবলী লিখ্যতে। শক্তি গোত্রসম্ভূতঃ শক্তিধরসেনকঃ, শক্তিধরাৎ সমুৎপন্নৌ শ্রীবৎসোমাপতিসেনকৌ। বৎসসেনাত্রয়ঃ পুত্রা দণ্ডপাণি-মহাব্রতপুণ্ডরীকাক্ষসেনকাঃ। পুণ্ডরীকাক্ষসেনাৎ দুহিসেনোৎসাকরসেনকৌ ত্রিপুরবাপিধরদৌহিত্রৌ। দুহিসেনাৎ কাশীকুশলিবিনায়ক-উগ্রকণ্ঠসেনকাঃ। কাশীসেনস্য প্রকরণং রাঢ়ায়াং। বিনায়কসেন অকৃতদারঃ। উগ্রকণ্ঠ স্বর্ণপীঠাখ্যাতিঃ।"

শক্তি গোত্রে বীজী শক্তিধরসেন,ইনিই প্রথমে রাঢ়ে আসেন। এই শক্তিধরের পুত্র শ্রীবৎস ও উমাপতি। শ্রীবৎসসেনের তিন পুত্র—দণ্ডপাণি, মহাব্রত ও পুণ্ডরীকাক্ষ। পুণ্ডরীকাক্ষের পুত্র দুহিসেন ও উৎসাকর, উভয়ে ত্রিপুর-বাপীধরের দৌহিত্র। দুহিসেনের পুত্র কাশী, কুশলি, বিনায়ক ও উগ্রকণ্ঠ। কাশীর পুত্রগণ রাঢ়বাসী। বিনায়কসেন বিবাহ করেন নাই। উগ্রকণ্ঠ স্বর্ণপীঠ উপাধি লাভ করেন।

উদ্ধৃত শ্লোকাবলীর মধ্যে "যোঽসৌ মুণ্ডীরসেনোঽভূদ্ গৌড়ক্ষ্মাপতিসেবয়া" এবং "শক্তি গোত্রে রামসেনঃ স্বর্ণপীঠী নৃপাদভূৎ" ইত্যাদি উক্তি দেখিয়া কোন্ স্বর্ণপীঠ সিদ্ধত্ব ভ্রষ্ট হন, তাহা ঠিক করা কঠিন। বিশেষতঃ মুণ্ডীরসেনের পরিচয়প্রসঙ্গে ভরতমল্লিক তাঁহাকে 'কুলকার্য্যপরায়ণঃ' বলিয়া সম্মানিত করিয়াছেন, এরূপ স্থলে তাঁহাকে কষ্টসাধ্য বলিয়া মনে করা যায় না। ধন্বন্তরি বিনায়কসেন, শক্তি শক্তিধর প্রভৃতি রাঢ়ীয় বৈদ্যকুলীনগণের আদি বীজীগণকে গৌড়াধিপ বল্লালের সমকালীন বলিয়া স্বীকার করিলে তাঁহাদের অধস্তন বল্লালান্নদোষী বংশধরগণকে কখনই গৌড়াধিপ বল্লালের সমসাময়িক এবং সেই গৌড়রাজসংস্রবে নিন্দিত বলা যাইতে পারে না।

তাঁহারা অথবা তাঁহাদের বংশধরগণ যে অপর কোন বল্লালসংস্রবে কুলচ্যুত হইয়াছেন, তাহাতে সন্দেহ নাই। বৈদ্য কুলজ্ঞেরা আর এক বল্লালসেনের এইরূপ পরিচয় দিয়া থাকেন,—

কুলদূষক বল্লাল

"বৈশ্বানরকুলোদ্ভূতো বল্লালখ্যাতিমীয়িবান্।
সম্বন্ধদোষদুষ্টোঽসৌ গর্হিতঃ কুলদূষণঃ ॥"

বৈশ্বানর গোত্রজ এক ব্যক্তিও বল্লালখ্যাতি লাভ করেন, এই ব্যক্তি সম্বন্ধদোষদুষ্ট, সমাজনিন্দিত ও কুলদূষক। অধিক সম্ভব, উক্ত বৈশ্বানর গোত্রীয় বল্লালের সহিত সম্বন্ধ করিয়া অথবা তাঁহার অন্ন গ্রহণ করিয়া গয়ীসেন প্রভৃতি ও স্বর্ণপীঠাদির বংশধর কুলচ্যুত হইয়াছেন। এই বল্লালের ঘরে অন্ন গ্রহণ করিয়া অনেক কুলীনের কুলদূষিত হইয়াছে বলিয়া ইনি 'কুলদূষণ' বিশেষণে বিশেষিত হইয়াছেন। ইঁহাকেই অনেকে বাবা আদম্ নামক মুসলমান সাধুর সমসাময়িক বিক্রমপুরের প্রসিদ্ধ জমিদার রাজা বল্লালসেন বলিয়া মনে করেন, কিন্তু তৎপক্ষে আমাদের সন্দেহ আছে। বিক্রমপুরের বাবা আদমের সমসাময়িক বল্লাল গৌড়াধিপ বল্লালের দ্বিশতাধিক বর্ষ পরবর্ত্তী।

দুর্জ্জয়দাস, চতুর্ভুজ, কবিকণ্ঠহার, ও ভরত মল্লিকের কুলপঞ্জী পাঠ করিলে মনে হয়, বিনায়কসেন, শক্তিধর সেন, পন্থদাস, পরমেশ্বর গুপ্ত প্রভৃতি সদ্বৈদ্যগণ তাঁহাদের পূর্ব্ববাস হইতেই কৌলীন্য লইয়া রাঢ়ে আসিয়া বাস করেন। ইঁহাদের মধ্যে সেনবংশীয় কুলীনগণ পূর্ব্বনিবাস কাঞ্জীশা হইতে, দাসবংশীয় কুলীনগণ গোনগর হইতে এবং গুপ্তবংশীয় কুলীন করঙ্ককোট হইতে আসিয়াছিলেন। সুতরাং দেখা যাইতেছে যে কাঞ্জীশা, গোনগর ও করঙ্ককোট এই তিনটী কুলীন বৈদ্যগণের আদি কুলস্থান। অথচ ঐ তিনটী রাঢ়ভূমির অন্তর্গত নহে, মল্লভূম বা বাঁকুড়া জেলার মধ্যে।

আদি রাঢ়ীয় কুলীন

ধন্বন্তরি গোত্রের বীজী বিমলসেনের বংশেতিহাস পাঠ করিলে জানা যায় যে, তাঁহার দুই পুত্র পরমেশ্বর ও বিনায়ক। পরমেশ্বরের পুত্র বাসুদেব এক বড় চিকিৎসক ছিলেন, এই

গুণে তিনি শিখররাজের আশ্রয় লাভ করেন। বিনায়ক কাঞ্জীশা হইতে রাঢ়বাসী হন।* কুলজ্ঞগণের অনুবর্ত্তী হইলে বলিতে হয়, উভয়েই সেনভূমের অনন্তর-রাজবংশে যখন জন্মিয়াছিলেন, তখন রাজ্য ছাড়িয়া ভিন্ন ভিন্ন স্থানে আসিয়া আশ্রয় লাভ করিবার কারণ কি? পূর্ব্বেই লিখিয়াছি যে, হরিশ্চন্দ্র-শিখর-সিংহের রাজত্বকালে সপুত্র বাসুদেব পঞ্চকোট বা শিখরভূমের রাজসভায় উপস্থিত হন। এই হরিশ্চন্দ্রের রাজত্বকালেই মহম্মদ-ই-বখ্‌তিয়ার ১১৯৯ খৃষ্টাব্দে গৌড়রাজ্য অধিকার করেন। এই সময়ে রাঢ়ে গৌড়ে মুসলমান আগমনে দারুণ অরাজকতা উপস্থিত হইয়াছিল। এই সময়ে বীরভূমের রাজধানী লখ্‌নোর (লক্ষ্মণ-নগর) সহ সেনভূমও মুসলমান-করায়ত্ত হইয়া থাকিবে। এই বিপ্লবের সময় বাসুদেব শিখরভূমে এবং তাঁহার পিতৃসহোদর বিনায়ক কাঞ্জীশায় পলাইয়া আসিতে বাধ্য হইয়াছিলেন। চিকিৎসা নৈপুণ্যহেতু বাসুদেব এবং তাঁহার পুত্র ও পৌত্র যেমন শিখররাজের নিকট প্রতিষ্ঠালাভ করিয়া পরে তাঁহারই অনুগ্রহে সেনপাহাড়ীর আধিপত্য লাভ করিয়াছিলেন, মহামতি বিনায়ক সেনও সেইরূপ নবাগত-মুসলমান-গৌড়পতির প্রধান চিকিৎসকপদে নিযুক্ত হইয়া ও অশেষ কৃতিত্ব দেখিয়া হাতীঘোড়া, সোণার ছাতা ও বহু ধনরত্ন লাভ করিয়াছিলেন। তাহারই ফলে তিনি মালঞ্চে অধিষ্ঠিত হইয়া বৈদ্যসমাজের গোষ্ঠীপতি হইয়াছিলেন। তাঁহার বংশধর ভরতমল্লিক স্পষ্ট লিখিয়াছেন যে বিনায়ক নিজ কৌলীন্যের জন্য নহে, নিজগুণের পারিতোষিক স্বরূপ গৌড়েশ্বরের নিকট গজ ও কনকছত্রাদি লাভ করিয়াছিলেন।

"স চ গৌড়মহীপালাৎ পূর্ব্বং লেভে নিজৈগুর্ণৈঃ।
গজং কনকছত্রঞ্চ ধনং বহুবিধন্তথা॥
অসৌ ব্রাহ্মণবৈদ্যেভ্যো গজবাজিধনানি চ।
দদৌ বহূনি মালঞ্চে স্থিতঃ শ্রেষ্ঠো ভিষক্‌কুলে॥"

(চন্দ্রপ্রভা ২২ পৃঃ)

কেবল বিনায়কসেন বলিয়া নহে, তাঁহার সময়ে রাঢ়ে সমাগত মৌদ্গল্য গোত্রজ চায়ুদাস-প্রসঙ্গেও ঐরূপ রাজসম্মানলাভের পরিচয় পাই—

"মৌদ্গল্যগোত্রে যো বীজী চায়ুদাস উদাহৃতঃ।
স হি দাসকুলে শ্রেষ্ঠো বৈদ্যগোষ্ঠীপ্রতিষ্ঠিতঃ॥
আসীন্ মহাত্মা ভুবি চায়ুদাসঃ বিখ্যাতকীর্ত্তিবিনয়ৈকবাসঃ।
বিদ্যানবদ্যো নৃপলব্ধমান সদ্ধর্ম্মকর্ম্মা প্রথিতাবদানঃ॥
রাঢ়াপ্রসিদ্ধো বিহরোঢ়মধ্যে তৈহট্টদেশঃ সুরসিদ্ধতীরে।
তমাশ্রিতো গোনগরং বিহায় কৌলীন্যবিদ্যানয়সম্পদাঢ্যঃ॥"

(চন্দ্রপ্রভা ২৫৩ পৃঃ)

বিনায়কসেন যেমন সোণার ছাতা পাইয়াছিলেন, সেইরূপ মুসলমান গৌড়েশ্বরের নিকট পরে কোন কোন বৈদ্য সোণার আসনও পাইয়াছিলেন, তাঁহারাই কুলগ্রন্থে 'স্বর্ণপীঠ' নামে প্রসিদ্ধ।

দুর্জ্জয়দাস, সঞ্জয়, ভরতমল্লিক প্রভৃতির কুলপরিচয় হইতে স্পষ্ট প্রতিপন্ন হইবে যে, ধন্বন্তরি বিনায়কসেন ও তাঁহার বংশধরগণই রাঢ়ীয় বৈদ্যসমাজে সর্ব্বশ্রেষ্ঠ সম্মানলাভ করিয়াছিলেন; ইহার কারণ কি? কেবল বিনায়কসেন বলিয়া নহে, তাঁহার বংশধরগণ বহুপুরুষ ধরিয়া গৌড়ের মুসলমানরাজ-দরবারে বিশেষ প্রতিপত্তিশালী ছিলেন, এইরূপে বিদ্যাবল, ধনবল ও জনবলে বিনায়ক-বংশই যে বৈদ্যসমাজে সর্ব্বপ্রধান হইবেন, তাহাতে আর বিচিত্র কি? বাস্তবিক বলিতে কি, বৈদ্যসমাজে বংশপরম্পরায় গৌড়রাজসভায় এরূপ খ্যাতি ও প্রতিপত্তি আর কোন বংশের দেখা যায় না। সাধারণের কৌতূহল-পরিতৃপ্তির জন্য ভরতমল্লিকের কুলপঞ্জী হইতে গৌড়রাজ-গণের সম্মানিত বিনায়কের বংশলতা প্রদত্ত হইল। [৫৭৯ পৃষ্ঠায় বংশলতা দেখ]

বঙ্গজ কুলপ্রথা।


শেষ কুলব্যবস্থা

সেনভূপ বল্লালসেন যে কুলব্যবস্থা করিয়া গিয়াছেন, তাহাই বৈদ্যসমাজে শেষ রাজব্যবস্থা বলিয়া গণ্য। কবিরাজ রাঘব সে ব্যবস্থার এইরূপ উল্লেখ করিয়াছেন,—

'সেই নিয়ম অদ্যাপি মহদ্ ব্যক্তিরা নির্দ্দেশ করিয়া থাকেন। শক্তি, ও ধন্বন্তরিগোত্রীয় সেন, মৌদ্গল্য গোত্রীয় দাস এবং কাশ্যপগোত্রীয় গুপ্ত ইহাঁরা বৈদ্যগণের মধ্যে সিদ্ধ বা কুলীন বলিয়া গণ্য। এতদ্ভিন্ন অন্য সকলে সাধ্য হইলেন। সাক্ষাৎসম্বন্ধে বা পরম্পরাসম্বন্ধে সাধ্যের সহিত সম্বন্ধ স্থাপন করিলে কুলে দোষ ঘটে। কষ্ট ও শ্রীহট্টদেশীয়দিগের সহিত সম্বন্ধ স্থাপন করা নিতান্ত গর্হিত কার্য্য; কেন না ইহা শরীরের শ্বিত্ররোগের ন্যায় দূষণকারী; সুতরাং এতাদৃশ সম্বন্ধ নিয়ত বর্জ্জন করা কর্ত্তব্য। তবে কোন কোন স্থলে পুরুষত্বের অনভিভবনীয়, ফল দ্বারা অবগত হওয়া যায়, যেমন গাণ্ডেয়ী, দুহিসেন প্রভৃতি পুরুষকার দ্বারা কুলদোষের অপনোদন করিয়াছিলেন।১

* কণ্ঠহার বিমলসেনকে রাঢ়বাসী করিয়াছেন, কিন্তু দুর্জ্জয়দাস, ভরতমল্লিক প্রভৃতি কোন রাঢ়ীয় কুলজ্ঞ এ কথা স্বীকার করেন না, তাঁহারা সকলে একবাক্যে তৎপুত্র বিনায়ককেই কাঞ্জীশা হইতে রাঢ়বাসী করিয়াছেন।

(১) "স এব নিয়মোঽদ্যাপি মহদ্ভিঃ কল্পিতো মতঃ।
শক্তি-কাশ্যপমৌদ্গল্যধন্বন্তরিকুলোদ্ভবাঃ॥



* বঙ্গজ কুলগ্রন্থ মতে ইনি বিনায়কের পৌত্র ও ধন্বন্তরির পুত্র।

১। গৌড়ম্লাপতির্নাম এব ভিষজাং শ্রেষ্ঠেহভিষিক্তো কৃতী
নানাশাস্ত্রবিশারদঃ শুভমতির্বাগ্মী চিকিৎসাপটুঃ।
তস্মাৎ প্রাপ গজং তুরঙ্গকনকচ্ছত্রঞ্চ রত্নং ধনং
সোহভূৎ সেনবিনায়কো বহুগুণৈরম্বষ্ঠগোষ্ঠীপতিঃ ॥ (চন্দ্রপ্রভা ২২ পৃঃ)

২। যঃ সাঙ্ড়ুসেননামাসৌ গোষ্ঠ্যাং পাপ প্রধানতাম্।

৩। অভূৎ কুমারসেনোহসৌ গুণসিন্ধুর্মহাযশাঃ।
পূজিতঃ প্রথমং গোষ্ঠ্যাং মহাগৌরবভূষিতঃ ॥

৪। বিনায়কস্যেহ বিকাশিকীর্ত্তেঃ পুত্রঃ কনিষ্ঠোহজনি কাপড়িধঃ।
বিদ্বান্ বিনীতঃ কুলশীলশালী তস্যান্বয়ং শ্রীভরত ব্রবীতি ॥
অথ কাপড়িসেনস্য সুতো বাদলিসেনকঃ।
অভূদ্বংশস্য কর্ত্তা যো বিদ্যাকৌলীন্যসম্পদা ॥
গৌড়ম্লাপতিসেবাভির্বিহিতানেকপৌরুষঃ। (চন্দ্রপ্রভা ১৫২ পৃঃ)

৫। অথ ভাস্করসেনস্য জজ্ঞিরে তনয়াস্ত্রয়ঃ।
এতে চায়ুকুলাব্জার্কবিষ্ণুদাসসুতাসুতঃ ॥
মহাপুরুষ এবাদৌ সুরথো গুণসাগরঃ।
কৃষ্ণখান ইতি খ্যাতো লোকে সর্ব্বত্র ভূষিতঃ ॥
সোহসৌ গৌড়াবনীশস্য মহাপাত্রতয়া শ্রুতঃ।
অদ্যাপি যস্য সদ্বৈদ্যৈর্গীয়তে সমিতৌ যশঃ ॥

৬। অস্যানুজো মহাদেবসেনঃ সদ্‌গুণমণ্ডিতঃ।
খান-হরিহরঃ খ্যাতঃ সর্ব্বশাস্ত্রেষু পণ্ডিতঃ ॥
যমাহুর্ভিষজাং শ্রেষ্ঠং মহাপুরুষ এব যঃ।
সর্ব্বত্র ভূষিতে লোকে য এবোক্তো মহাকুলঃ ॥
অয়মগ্রং গজেন্দ্রঞ্চ পাপগৌড়াবনীশ্বরাৎ।
নানেন তুল্যো বৈদ্যেষু কোহপ্যভূৎ পৌরুষান্বিতঃ ॥
(চন্দ্রপ্রভা ২৩ পৃঃ)

৭। অনুজঃ শ্রীবৎসসেন উদারচরিতঃ কৃতী।
সর্ব্বদাচারপূতাদিসদ্‌গুণঃ সজ্জনাশ্রয়ঃ ॥
তৃতীয়ঃ সৎপথরতো মল্লিকজনমেজয়ঃ।
গৌড়ম্লাপতিসেবাভির্বিহিতানেকপৌরুষঃ ॥ (চন্দ্রপ্রভা ২৮ পৃষ্ঠা)

৮। নাম্না শ্রীহরিচরণো মল্লিকোহসৌ সুশীলভূৎ ॥
জ্ঞাতব্যকৃতিকাব্যঃ পিঙ্গলবেত্তা বিশেষতঃ
কৃত্বা কাব্যং দশগুণযুক্তং প্রোল্লসদ্ভূরিভাবম্।
সানুপ্রাসং যমকরুচিরং সংস্কৃতং প্রাকৃতঞ্চ
সদ্বক্তাসৌ বুধগণমনঃকৈরবাহ্লাদচন্দ্রঃ ॥
শ্রীমান্ কণ্ঠাভরণপদবীঃ প্রাপ হুসেনখানাৎ। (চন্দ্রপ্রভা ২৪ পৃঃ)

৯। অয়ঞ্চ পঞ্চাননসেননামা গজাধিপঃ ক্ষৌণিপতে সকাশাৎ।
অনেকপং স্বর্ণময়ং তুরঙ্গং লেভে চিকিৎসার্জ্জিতপৌরুষেণ ॥
(চন্দ্রপ্রভা ১২৬ পৃঃ)

১০। পরো ভরতমল্লিকো দ্বিজবৈদ্যাভিষেবকঃ।
ভূরিশ্রেষ্ঠী-মহীপালসভাপণ্ডিতবিশ্রুতঃ।
বৈদ্যানামাজ্ঞয়া যোহমুং কুরুতে কুলপঞ্জিকাম্ ॥" (চন্দ্রপ্রভা ৩২ পৃঃ)

স্থানদোষ, রাজদোষ ও সম্বন্ধদোষে যে সকল সিদ্ধকুলীন সাধ্যত্ব ও কষ্টত্ব প্রাপ্ত হইয়াছেন, এক্ষণে তাঁহাদের বিষয় বিবৃত করা যাইতেছে। গয়ীসেন, অঙ্কসেন, মহাব্রত, মিহির ও স্বর্ণপীঠ, শক্তি গোত্রীয় এই পাঁচজনের বংশধরগণ বল্লালের অন্নদোষে কষ্ট সাধ্যত্ব প্রাপ্ত হন। পিতৃশাপবশতঃ শক্তি গোত্রোৎপন্ন শক্তিধরাত্মজ দণ্ডপাণির সাধ্যত্ব ঘটে।

ধন্বন্তরি-কুলোদ্ভূত কমলের কুল কেবল অর্থলোভেই নষ্ট হয়, কেননা তিনি রাজচ্ছত্র গ্রহণ করার পরই কুলচ্যুত হন।

ধন্বন্তরি-কুলোৎপন্ন বুহিসেন চরিত্রবান্ হইলেও স্থানপরিত্যাগ হেতু তাঁহার সাধ্যত্ব প্রাপ্তি ঘটে।

উফরি, ফাফরি, হাণ্ডিয়া বুহি, কাম, আভ, কার্পটী ও রোষ ইহাঁরা পিতৃত্যক্ত বলিয়া তৎতদ্বংশধরগণ দূষণীয়।

গুপ্তবংশে মহাধিকারী ও স্বল্পাধিকারী, এবং সাতভা'য়ে (সপ্ত ভ্রাতা) ও পাঁচ ভা'য়ে (পঞ্চ ভ্রাতা) দাস, ইহাঁদের বংশীয়গণের প্রতিপত্তি কোথায়ও দেখা যায় না।

শ্রীহট্টদেশী, ফুল্লশ্রী, বাটধি, ভাওয়ালিয়া ও চন্দ্রদ্বীপী ইহাঁরা সর্ব্বত্রই নিন্দিত।২

পরিভাষা—যেখানে মাতামহের, জামাতার ও শ্বশুরের বংশাবলীর নির্দ্দেশ না পাওয়া যায়, তথাকার নিয়ম কথিত হইতেছে।

দাসোপাধিক নৃসিংহবংশীয় এবং সেনোপাধিক হুহিবংশীয়গণের মাতামহ, জামাতা ও শ্বশুরকুল নির্ণয় করিতে হইলে তাহা বিনায়কবংশীয় বলিয়াই স্থির করিতে হইবে। কেন না শিয়াল সেন, নরদাস, গয়ীসেন বা কায়ু দাসবংশীয়দিগের পরিচয় স্ব স্ব বিশেষণ দ্বারাই হইয়া থাকে। অতএব উহাদের দৌহিত্রাদি নির্ণয় করা কঠিন হয় না। ত্রিপুরগুপ্ত বা (কোন মতে) ত্রিপুর ও কায়ুগুপ্ত, ইহারা স্থানত্যাগাদি দোষ মাত্র ভূমি বিশেষণ দ্বারাই নির্ণীত হইবেন।

হুহি, বিনায়ক, ত্রিপুর, কায়ু, শিয়াল, পন্থ, চায়ু, গয়ি প্রভৃতি আটজন কুলীন রাঢ়ে ও বঙ্গে প্রতিষ্ঠাপন্ন হন। কায়ু ও পন্থকুলোদ্ভূত নরসিংহ ও নয়দাস রাঢ়ের অন্তর্গত মধ্যদেশে প্রতিষ্ঠিত হন। সুতরাং তাঁহাদের বংশেই কুল। এতদ্ভিন্ন রাঢ়ে কায়ু ও পন্থদাস এবং বঙ্গে সদাস ও নয়দাস ইঁহাদের বংশীয়গণও সিদ্ধ বলিয়া বলিয়া নির্দ্দিষ্ট হইলেন।

মৌলিকের মধ্যে দেব ও দত্ত উত্তম, ধরাদি মধ্যম এবং চন্দ্রাদি উপাধিধারী বৈদ্যগণ অধম বলিয়া কথিত।

যাঁহারা সদাচার পরিত্যাগপূর্ব্বক ভিন্ন বর্ণান্তর্গত হইয়াছেন, যাঁহারা পতিত বা পতিতাক্রান্ত, যাঁহাদের কুলশীল অজ্ঞাত, যাঁহারা শ্রীহট্টদেশী বলিয়া খ্যাত এবং যাঁহারা যে কোন রকমে কুলদূষক; আর গুপ্তের ভিতর যে দুই প্রকার বড় ও ছোট অধিকারীর বংশ, শক্তি গোত্রের মধ্যে স্বর্ণপীঠবংশ, সেনের মধ্যে সাত ভা'য়ে (সপ্ত ভ্রাতা) ও দাসের মধ্যে পাঁচ ভা'য়ে (পঞ্চ ভ্রাতা); প্রাণান্ত হইলেও কুলীনগণ ইহাদের বংশের সহিত সম্বন্ধ করিবেন না।৩

বৈদ্যাঃ কুলীনাঃ সিদ্ধাঃ স্যুস্তদন্যে সাধ্যসংজ্ঞিতাঃ।
শক্তি-ধন্বন্তরিসেনৌ মৌদ্গল্যে দাসপদ্ধতিঃ॥
কাশ্যপস্তঃ ভবেদ্‌গুপ্ত ইতি সিদ্ধনিরূপণং।
সাক্ষাৎ-পরম্পরা-সাধ্য সম্বন্ধঃ কুলদূষণং।
কষ্টশ্রীহট্টদেশৈশ্চ সম্বন্ধস্তুতিগর্হিতঃ।
শ্বিত্রং যথা শরীরস্য তস্মাদ্‌যত্নেন সন্ত্যজেৎ॥
পৌরুষানভিভাব্যত্বং ফলৈরেবাবগম্যতে।
গাণ্ডেয়িহুহিসেনাদিবদ্দোষহরণস্ততঃ॥ অপিচ

(২) স্থানদোষাদ্‌রাজদোষাৎ তথা সম্বন্ধদোষতঃ।
সিদ্ধবংশোদ্ভবা যে যে সাধ্যত্বঞ্চ উপাগতাঃ॥
অথ কষ্টত্বামাপন্নাস্তানত্র প্রতিচক্ষ্মহে।
গয়িসেনোঽঙ্কসেনশ্চ মহাব্রতমিহিরকৌ॥
স্বর্ণপীঠশ্চ পঞ্চৈতে শক্তি গোত্র-কুলোদ্ভবাঃ।
বল্লালস্যান্নদোষেণ কষ্টসাধ্যমুপাগতাঃ॥
শক্তি গোত্রোদ্ভবো দণ্ডপাণিঃ শক্তিধরাত্মজঃ।
পিতুঃ শাপবশাদেব সাধ্যত্বেন ব্যবস্থিতঃ।
বসুলোভেন কমলঃ ধন্বন্তরিকুলোদ্ভবঃ।
রাজচ্ছত্রমুপাদায় কুলহীনোঽভবৎ কিল।
ধন্বন্তরিকুলোদ্ভূতো বুহিসেনশ্চ শীলবান্।
স্থানত্যাগবশাদেব সাধ্যত্বেন ব্যবস্থিতঃ॥
উফরিঃ ফাফরিশ্চৈব হাণ্ডিয়া বুহিরেব চ॥

কামাভকার্পটিরোষপিতৃত্যক্তাঃ প্রকীর্ত্তিতাঃ।
গুপ্তবংশে মহৎস্বল্পাবুভাবপ্যধিকারিণৌ।
সেনে চ ভ্রাতরঃ সপ্ত ভ্রাতরঃ পঞ্চ দাসকে॥
এষাং সম্প্রতিপত্তিস্তু নৈব কুত্রাপি দৃশ্যতে।
শ্রীহট্টদেশী ফুল্লশ্রী বাটধি প্রতিদোষতঃ॥
ভাওয়ালিয়া চন্দ্রদ্বীপী সর্ব্বত্রৈব বিনিন্দিতাঃ।

(৩) অথ পরিভাষা
মাতামহস্য জামাতুঃ শ্বশুরস্য নিরূপণে।
অযোগঃ পদ্ধতির্যত্র তত্র বিদ্যাদ্বিনায়কঃ॥
সদাসো নরসিংহোঽত্র সসেনহুহিবংশকঃ।
শৃগালনয়গৈকায়ুবংশ্যাঃ স্বৈঃ স্বৈর্বিশেষণৈঃ॥

সৎসাধ্য—দেবী, ঘাটকলী ও দাসোড়ার দত্ত, ধরের মধ্যে ত্রিপুর, করের মধ্যে ভেরী, কুচিমোড়া, ও পাটিতার কুণ্ড, এই সকল বৈদ্যগণ সৎসাধ্য।৪

মধ্যম সাধ্য—দাসের মধ্যে ছোট অমৃত, দেবের মধ্যে পালদেব, দত্তের মধ্যে হাতকুচী, ভোগিলাটী, মেঘচামী ও বটগ্রামী, ধরের মধ্যে রত্নমালিক ; কান্তার ও বকনার কর ; কুণ্ডের মধ্যে অমৃত এবং চন্দ্রের মধ্যে গোয়াসপুরী ; এই সকল বৈদ্যগণ মধ্যম সাধ্য।৫

অধম সাধ্য—উফরী, ফাফরী, দেবী, নারণা, সুয়াপুরী, কালসী, ভবদাস, নলচারী, বিড়াল, সাহী ও পাহীদাস, কুক্কুরহাটীর দত্তগণ ; নান্দুড়ী, বাজসী, মোরগ্রাম, বাদিগ্রাম, বেতবাড়িয়া, দুলালিয়া, চৌবাড়িয়া, ধানকোড়া, ধামসার ও বায়ড়া, এই সকল স্থানীয় দত্ত ও গালচীয় ধরগণ ; বেহারী(?), ভারি(?) এই সকল স্থানের কুণ্ডবংশীয়গণ ; আটলিয়া, দিঘড়িয়া, পোতাটিয়া, ও আড়চিতকা, এই কয়েক স্থানের চন্দ্র উপাধিধারী বৈদ্যগণ অধম বা কষ্টসাধ্য।৬

উক্ত বল্লালী কুলব্যবস্থার পর শালঙ্কায়ন গোত্রজ সংগ্রামসাহী দোষে অনেকে দোষী হন, ইহাও রাজদোষ বলিয়া গণ্য। যথা—

"রাজদোষ শালঙ্কান সংগ্রামীদোষ যার।
সমাজ বাহিরে ঘর স্থানদোষ তার॥
কষ্টদোষ সিদ্ধ বংশের সম্বন্ধে দোষ হয়।
এই তিন দোষে সিদ্ধ সাধ্য ভাব হয়॥" (রামকান্ত ঘটক)

শালঙ্কায়ন গোত্রীয় সংগ্রামসাহ-দোষে অর্থাৎ তৎসহ আদান প্রদান ও সামাজিকতা করায় অনেক সিদ্ধবংশ কুল হারাইয়াছিলেন।

ভাবনির্ণয়।

বল্লালী কুলব্যবস্থার কিছুকাল পরে সিদ্ধাদি বংশীয়গণের কুলের ভাব লইয়া গোলযোগ উপস্থিত হয়। সেই গোলযোগ মিটাইবার জন্য চতুর্ভুজ ভাব বা সমীকরণ গ্রন্থ প্রকাশ করেন। তাঁহার মত এইরূপ—

"অথ হ্রস্বক্রমেণ প্রতিযোগিভাববর্ণনম্।

সগুপ্তস্ত্রিপুরো জ্ঞেয়ঃ কেচিত্রিপুরকায়ুকাঃ।
স্থানত্যাগাদিদোষেণ জ্ঞেয়া ভূমিবিশেষবৈঃ॥
পঞ্চম্যন্তাৎ সুতো জ্ঞেয়স্তৎপরা পঞ্চমী যদি।
তৎপরোঽপি সুতো জ্ঞেয়ো নিঃসূত্রা নৈব লিখ্যতে॥
দুহির্বিনায়কশ্চাপি ত্রিপুরশ্চায়ুসংজ্ঞিতঃ।
শৃগালঃ পন্থকায়ু চ গয়িশ্চাপি তথাষ্টমঃ॥
চায়ুপন্থকুলোদ্ভূতৌ নরসিংহনয়াবপি।
এতাবুভৌ চ কর্ত্তারৌ মধ্যদেশপ্রতিষ্ঠিতৌ॥
রাঢ়ায়াঞ্চ চায়ুপন্থৌ বঙ্গদেশনিবাসিনৌ।
সদাসনয়দাসৌ চ সিদ্ধত্বেন ব্যবস্থিতৌ॥
উত্তমৌ দেবদত্তৌ চ মধ্যমাশ্চ ধরাদয়ঃ।
অধমাশ্চৈব চন্দ্রাদ্যাঃ সাধ্যাঃ স্যুস্ত্রিবিধা মতাঃ॥
যে গতা ভিন্নবর্ণে চ স্বাচারাচ্চ বিবর্জ্জিতাঃ।
পতিতাঃ পতিতাক্রান্তা অজ্ঞাতকুলশীলতা॥
শ্রীহট্টাঃ পূর্ব্বদেশে স্যুস্তথান্যে কুলদূষিকাঃ।
অধিকারিদ্বয়ং গুপ্তে স্বর্ণপীঠস্য শক্তিকে॥
সেনেন ভ্রাতরঃ সপ্ত ভ্রাতরঃ পঞ্চ দাসকে।
য এতে সাধ্যকাঃ জ্ঞেয়াঃ সপ্ত ভ্রাতা বিশেষতঃ॥
সম্বন্ধো নৈব কর্ত্তব্যো প্রাণৈঃ কণ্ঠগতৈরপি।

(৪) অথ সৎসাধ্যকথনং।

দেবী ঘাটকলিশ্চৈব দাসোড়ায়াশ্চ দত্তকঃ।
ধরাণাং ত্রিপুরো জ্ঞেয়ঃ করাণাং ভেরিকস্তথা॥
কুচিমোড়া তু কুণ্ডো যঃ পাটিতায়াশ্চ কুণ্ডকঃ।
এতেষু ভিষজঃ সর্ব্বে সৎসাধ্যাঃ পরিকীর্ত্তিতাঃ॥

(৫) অথ মধ্যমসাধ্যকথনং।

দাসে স্বল্পামৃতো দেবে পালদেবীয়বংশকঃ।
দত্তানাঞ্চ হাতকুচি ভোগিলাটীয়কস্ততঃ॥
মেঘচামী বটগ্রামী ধরীয় রত্নমালিকঃ।
কান্তারী বকনা চৈব করবংশসমুদ্ভবাঃ॥

কুণ্ডানামমৃতশ্চন্দ্রে গোয়াসপুরী সংজ্ঞকঃ।
এতে বৈদ্যা মধ্যমাঃ স্যুশ্চাপরে পরিচক্ষ্মহে॥

(৬) অথ কষ্টসাধ্যকথনং।

উফরী ফাফরী দেবী নারণা চ সুয়াপুরী।
ভবদাসশ্চ কালসী নলচারী বিড়ালকাঃ॥
সাহীপাহী মনুস্মৃতাঃ সাতৌরিয়া ততঃপরে।
পুখুরিপাড়ী গোলাড়ী দাসবংশসমুদ্ভবাঃ॥
দেবে কৃষ্ণাত্রেয়শ্চৈব জেঞ্জড়ী কণ্টকীয়ঃ চ।
কুক্কুরহাটীতি দত্তানাং নান্দুড়ী বাজসী তথা॥
মৌরগ্রামী বাদিগ্রামী বেত্রবাড়ীয় তৎপরে।
দুলালিয়া চৌবাড়িয়া ধানকোড়েতি শব্দিতঃ॥
ধামসার-বায়ড়া-দত্তাঃ ধরাণাং গালচীয়কঃ।
ঋষিবেহারি তৎপরে * * * * (?)
ভারি চ কুণ্ডবংশীয়ঃ সমাটী চন্দ্রবংশকে।
আটলিয়া দিঘড়িয়া পোতাটী আড়িচীতকা॥ (বৈদ্যকুলদর্পণ)

১। বিকর্ত্তনারবিন্দৌ চ বিষ্ণুদাসস্তথাপি বা।
রবিসেনস্য সন্তানাঃ হিঙ্গুসেনস্তথাপি বা॥
পঞ্চৈতে চ সমা জ্ঞেয়া ভাবযোগবিচারণাৎ॥
২। নয়বংশকার্ণদাসগণসিদ্ধেশ্বরাদয়ঃ।
কবিসেনসুতশ্চৈব কার্ত্তিকো গণপস্তথা॥
উচলিসেনসন্তানো ভাবে ষট্ চ সমা মতাঃ॥
৩। অচ্যুতগুপ্তবংশীয়রামদাসস্তথাপরঃ।
হরিবংশশ্চায়ুদাসো দুহি বুড়ণকস্তথা॥
গুপ্তগঙ্গাধরশ্চৈব এতে ষট্ চ সমা মতাঃ।
গঙ্গাধরঃ স্থানভ্রষ্টঃ কৈশ্চিৎ কৈশ্চিন্ন গণ্যতে॥
৪। মাধবো জয়দাসশ্চ বলভদ্রস্তথোচ্যতে।
গুপ্তবংশোদ্ভবঃ শ্রীমান্ ঈশানদাস এব চ॥
দুহির্ধনঞ্জয়শ্চৈব ষড়েতে চ সমা মতাঃ।
জয়দাসস্য সন্তানাঃ নাগদোষেণ দূষিতাঃ॥
তথাপি সিদ্ধবংশত্বাৎ কুলহীনো ভবেন্ন যঃ।
সর্ব্বভাবে প্রধানশ্চ পুনঃ পুনঃ বিচার্য্যতে॥
৫। কবিসেনসুতাবেতৌ গোবিন্দশূলপাণিকৌ।
ত্রিপুরে চ দিগম্বরো বনমালী তথাপি বা॥
গুপ্তকন্দর্পবংশীয়ঃ শিয়ালে হিঙ্গুসেনকঃ।
ষড়েতে চ সমা জ্ঞেয়া ভাবযোগবিচারণাৎ॥
৬। শিয়ালপন্থদাসৌ চ অন্যবংশেঽপি তদ্রূপঃ।
কাশীগয়িনিমাশ্চৈব পঞ্চৈতে চ সমা মতাঃ॥
এতে ন সিদ্ধবংশে যে কুত্রচিৎ কথিতা ময়া।
যস্য যঃ স্যাৎ প্রতিযোগী ক্রমেণ ন্যূন এব সঃ॥
৭। অতঃ সাধ্যং প্রবক্ষ্যামি সর্ব্বভাবপ্রধানতঃ।
লব্ধবংশোদ্ভবরামঃ পিতুঃ শাপাৎ বিনশ্যতি॥
স্বর্ণপীঠশ্চ রোষশ্চ সন্তানঃ কমলস্তথা।
চত্বারোঽপি সমা জ্ঞেয়া ভাবযোগবিচারণাৎ॥
৮। বুহিসেনো গাণ্ডেয়িশ্চ মহীগুপ্তস্তথাপি চ।
ত্রয়শ্চৈব সমা জ্ঞেয়া ভাবযোগবিচারণাৎ॥
৯। কামশ্চ কার্পটীশ্চৈব দণ্ডপাণিস্তথা পরঃ।
অমৃতৌ দ্বৌ বৃহস্পতিঃ পাহিদাসস্তথাপরঃ॥
কালসী ভবদাসশ্চ নবধা চ সমা মতাঃ॥
১০। মহাব্রতাঙ্কসেনশ্চ শুকসেনস্তথোচ্যতে।
শালঙ্কায়নো গয়ী চ এতে পঞ্চ সমা মতাঃ॥
১১। দত্তো দেবঃ করশ্চৈব অশ্বগুপ্তস্তথাপরঃ।
তথা ধরশ্চ কুণ্ডশ্চ পঞ্চৈতে চ সমা মতাঃ॥
১২। রক্ষিতো রাজসোমৌ চ নন্দিচন্দ্রৌ তথা পরৌ।
এতে পঞ্চ সমানাশ্চ ভাবযোগবিচারণাৎ॥" (চতুর্ভুজ)

উল্লিখিত শ্লোকাবলী পাঠ করিয়া জানিতে পারি, চতুর্ভুজ সেন সিদ্ধবংশকে প্রধানতঃ একাদশ ভাগে বিভক্ত করিয়াছেন, তন্মধ্যে প্রথম হইতে ষষ্ঠ পর্য্যন্ত সিদ্ধত্ব বজায় রহিয়াছে, পর সপ্তম হইতে একাদশ পর্য্যন্ত পাঁচটী সাধ্যভাব প্রাপ্ত হইয়াছেন।

প্রথম—বিকর্ত্তনসেন, অরবিন্দদাস, বিষ্ণুদাস, রবিসেন ও হিঙ্গুসেন বংশ।

দ্বিতীয়—নয়দাস, কার্ণদাস, গণসেনবংশের সিদ্ধেশ্বর, কবিসেনবংশে কার্ত্তিক ও গণপতি, এবং উচলিসেন-বংশ।

তৃতীয়—অচ্যুত গুপ্ত, রামদাস, হরিবংশ, চায়ুদাস, দুহি, ও বুড়ণ-বংশ।*

চতুর্থ—মাধবসেন, জয়দাস, বলভদ্রসেন, মানগুপ্ত ও ঈশানদাস-বংশ।

পঞ্চম—কবিসেনের পুত্র গোবিন্দ ও শূলপাণি, ত্রিপুরগুপ্ত-বংশে দিগম্বর ও বনমালী, কন্দর্প গুপ্ত, শিয়ালসেন-বংশোদ্ভব হিঙ্গুসেন-বংশ।

ষষ্ঠ—অপর শিয়ালসেন, পন্থ দাস, কাশীসেন, গয়ীসেন, নিমদাস।†

অতঃপর সাধ্যবংশের সমীকরণের কথা বলা হইতেছে।

লব্ধ বংশোদ্ভব রামসেন পিতৃ শাপে সাধ্যভাব প্রাপ্ত হন। (রামসেন ডমন পুত্র রবিবংশীয়, এজন্য তাঁহাকে লব্ধবংশোদ্ভব বলা হইয়াছে।)

৭। রামসেন, স্বর্ণপীঠ সেন, রোষ সেন, ও কমলসেনের সন্তানগণ।

৮। বুয়ীসেন, গাণ্ডেয়িসেন, ও মহীপতিগুপ্ত বংশ। (এই স্থানে গাণ্ডেয়ি বংশীয় যে সকল বংশের নাম পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে তাহা ব্যতীত অপর বংশীয় বুঝিতে হইবে; অর্থাৎ গাণ্ডেয়ির প্রথম পুত্র হিঙ্গুসেন ব্যতীত ত্রিলোচন, ঊষাপতি, পদ্মনাভ, সোম ও মধুসূদন ইহাদের সন্তানগণ।)

৯। কামসেন, কার্পটীসেন, দণ্ডপাণিসেন, বৃহৎ ও স্বল্পামৃত-দাস, বৃহস্পতি পাহিদাস, কালসী দাস, ও ভবদাস বংশ।

১০। মহাব্রতসেন, শুকসেন, এবং শালঙ্কায়ন গোত্রীয়গণ।

---

* এই স্থলে দেখা যায়, চায়ুদাস ও হিঙ্গুসেনের নাম উল্লেখ করা হইয়াছে, অথচ অরবিন্দ, বিষ্ণু এই দুইজন চায়ুদাস বংশীয় এবং হিঙ্গু ও গণ এই দুইজন দুহি বংশীয় ছিলেন; অতএব এস্থলে চায়ু ও দুহি বলিতে, অরবিন্দ, বিষ্ণু ও গণ এই তিনজনকেও বুঝাইতে পারে। বাস্তবিক তাহা নয়,এখানে বুঝিতে হইবে চায়ু ও হিঙ্গু বংশ মধ্যে যাঁহাদের নাম পূর্ব্বে উক্ত হইয়াছে, তাঁহারা ভিন্ন ঐ বংশীয় অপর ব্যক্তিগণ।

† এই স্থলে বুঝিতে হইবে, শিয়াল-বংশোদ্ভব হিঙ্গুসেন ব্যতীত অপর শিয়াল এবং পন্থদাসবংশীয় নয়দাস ব্যতীত অপর পন্থ।

১১। দত্ত, দেব, কর, অশ্বগুপ্ত, ধর, ও কুণ্ড বংশ।

১২। রক্ষিত, রাজ, সোম, নন্দী, ও চন্দ্রবংশ এই পাঁচ ঘর সমভাবাপন্ন।

উপরে যে সংখ্যা নির্দ্দেশ করা হইল, তাহাতে বুঝিতে হইবে যে প্রথম হইতে দ্বিতীয়াদি যথাক্রমে উত্তরোত্তর মর্য্যাদায় হীন, কিন্তু প্রত্যেক সংখ্যায় যে যে বংশের উল্লেখ আছে, তাঁহারা মর্য্যাদায় সমভাবাপন্ন।

চতুর্ভুজের পরে জগন্নাথ গুপ্ত মহাশয় আর এক খানি ভাবাবলী প্রণয়ন করেন, তাঁহার সময়ে চতুর্ভুজের মত পরিবর্ত্তিত হইয়া পুনঃ সংশোধনী প্রস্তুত হয়। ইহাতে বিবেচনা করা যায়, পূর্ব্বে লোকের ক্রিয়া কলাপের প্রতি লক্ষ্য করিয়া সময় সময় ভাব নিরূপিত হইত। এজন্য চতুর্ভুজ যাহাকে যে শ্রেণীতে রাখিয়া গিয়াছেন, জগন্নাথ তাহা রক্ষা করিতে পারেন নাই, তবে মূল বিষয়ের পরিবর্ত্তন অতি অল্পই দৃষ্ট হয়। যথা—

"মহাকুলোদ্ভবা বৈদ্যা যেঽদ্যাপি চ মহোজ্জ্বলাঃ।
যে যে ভাবান্তরং প্রাপ্তাস্তদ্ বক্ষ্যে সমাসতঃ॥
কুশলিনস্ত্রয়ঃ পুত্রা গণো হিঙ্গুশ্চ মাধবঃ।
গণস্তেনাঢ্যাং তেঘর্য্যাং পয়োগ্রামী চ হিঙ্গুকঃ॥
গণসেনস্য তনয়ৌ শ্রীধরহরিবংশকঃ।
শ্রীপতিরঘুপত্যাদ্যৌ শ্রীধরস্য কুলোদ্ভবৌ।
রঘোরাসীৎ কুলং পূর্ব্বং শরদিন্দুনিরামলং।
ইদানীং তৎকুলোদ্ভূতা মধ্যমং ভাবমাশ্রিতাঃ।
শ্রীপতেঃ কুলসম্ভূতাঃ কষ্টসম্বন্ধদোষতঃ।
সর্ব্বে ন্যূনত্বমাপন্না অধুনা তৎকুলোদ্ভবাঃ॥
পুণ্যবান্ রামচন্দ্রোঽপি সৎকুলঃ কথ্যতে জনৈঃ।
সন্তানা রামচন্দ্রস্য নিকৃষ্টভাবমাগতাঃ।
বুড়ণান্বয়সম্ভূতাঃ কেবলং সিদ্ধবংশজাঃ॥
হরিবংশসমুদ্ভূতো হৃদয়ঃ সৎকুলঃ সদা।
পরমানন্দসন্তানাঃ কিঞ্চিন্ন্যূনাস্ততোঽভবন্॥
দুহিজানাঞ্চ কেষাঞ্চিৎ সম্বন্ধাস্তিগর্হিতাঃ।
দিবাপ্রদীপবৎ তেষাং সন্ততিঃ শোভতেঽধুনা॥ ইতি হরিগণশ্চ।
হিঙ্গুবংশসমুদ্ভূতনিধিপত্যাখ্যসন্ততৌ।
সুপ্রতিষ্ঠৌ কুলশ্রেষ্ঠৌ ধর্ম্মাঙ্গদপ্রভাকরৌ॥
দুহিরত্নাকরোদ্ভূতচন্দ্রকান্তসমপ্রভৌ।
প্রভাকরস্য সন্তানাঃ সর্ব্ব এব মহোজ্জ্বলাঃ॥
ধর্ম্মাঙ্গদস্য সন্তানো কেচিৎ সন্তি মহোজ্জ্বলাঃ।
পীতাম্বরস্য সন্তানাঃ কেচিদুজ্জ্বলভাবগাঃ।
কিঞ্চিন্ন্যূনাস্ততঃ কেচিৎ চন্দ্রশেখরবংশজাঃ॥
ভবসেনস্য সন্তানাঃ কেচিৎ বাজুমুপাগতাঃ।
পলাশিগ্রামমপরে জগ্মুঃ সভ্রাতৃবান্ধবাঃ॥
বিষ্ণোরপি চ সন্তানা যথাপূর্ব্বং প্রতিষ্ঠিতাঃ।
যস্মিন্ দেশে সন্তি যে তে তস্মিন্নেব হি সৎকুলাঃ॥
উমাপতেঃ কুলমাসীৎ হিমাংশোরিব নির্ম্মলং।
ইদানীং তৎকুলোদ্ভূতা নিকৃষ্টভাবমাগতাঃ॥
চতুর্ভুজস্য সন্তানাঃ স্থানভ্রষ্টা বিদেশগাঃ।
যস্মিন্ দেশে সন্তি যে তে কেবলং সিদ্ধবংশজাঃ॥
সন্তানানাং মাধবস্য প্রায়শ উজ্জ্বলং কুলং।
পঞ্চথুপ্যাং সন্তি কেচিৎ কেচিৎ বাণীবহাশ্রয়াঃ॥
বংশজাঃ সৎকুলা আসন্ পুত্রা ভুবনকৃষ্ণয়োঃ।
ভুবনো বংশহীনোঽভূৎ কৃষ্ণো ভাবান্তরং গতঃ॥ ইতি দুহিপ্রকরণং।
বিনায়ককুলস্যাস্য বিশেষঃ কথ্যতেঽধুনা।
উচলি র্ডমনশ্চৈব বলভদ্রো বিকর্ত্তনঃ॥
উচলেরন্বয়ে জাতঃ সমাজাধিপতিঃ কৃতী।
বিজয়ঃ সদ্ভিষগ্‌গোষ্ঠীশ্রেষ্ঠোঽভূৎ সজ্জনাশ্রয়ঃ॥
বভূবাতীব দুর্দৈবাৎ বিজয়ো বংশবর্জ্জিতঃ।
ডমনস্যাধুনা নীচা ভাবাঃ প্রায়শ্চ বংশজাঃ।
পুরুষোত্তমসেনস্য কবিবল্লভসংজ্ঞিনঃ॥
সন্ততে রবিনাথস্য সপ্তানাং মধ্যমা গতাঃ।
রবিসেনকবিসেনৌ ডমনস্য সুতাবুভৌ।
রবিসেনঃ কুলশ্রেষ্ঠঃ কবিসেনস্তু মধ্যমঃ॥
রামলক্ষ্মণকন্দর্পশত্রুঘ্নকবিনায়কাঃ।
ভরতাদিত্যসেনৌ চ রবেশ্চ সপ্ত পুত্রকাঃ॥
বিনা রামং রবের্বংশে সর্ব্ব এব কুলোজ্জ্বলাঃ॥
রবে র্বংশস্য মাহাত্ম্যং সদৈব সাধু গীয়তে॥
লক্ষ্মণস্যান্বয়ে জাতৌ গঙ্গাধরউমাপতী।
উমাপতিঃ কুলশ্রেষ্ঠো গঙ্গাধরঃ কুলাধমঃ॥
উমাপতেঃ শশিধরঃ কংসারিশ্চ সুতাবুভৌ।
শশিধরস্য সন্তানা যে সন্তি তে মহোজ্জ্বলাঃ॥
কংসারে র্বংশজানাস্তু সম্বন্ধাস্তুতিগর্হিতাঃ।
তে স্বদেশং পরিত্যজ্য লাখুটিয়ামুপাগতাঃ॥
অথ কন্দর্পসন্তানাঃ সর্ব্ব এব মহোজ্জ্বলাঃ।
শত্রুঘ্নসেনসন্তানাঃ ভাবে চ মধ্যমাঃ স্মৃতাঃ॥
বিনায়কস্য সন্তানাঃ স্থানভ্রষ্টা বিদেশগাঃ।
ভরতস্যাপি সন্তানাঃ কেবলং সিদ্ধবংশজাঃ॥
আদিত্যস্যান্বয়ে জাতা গোপীনাথস্তথাপরঃ।
কবিচন্দ্রো নরহরি র্গোপীনাথো মহোজ্জ্বলঃ।
কবিচন্দ্রস্য বংশ্যা হি সর্ব্বে ভাবান্তরং গতাঃ॥
গোপীনাথসুতৌ চন্দ্রশেখরমধুসূদনৌ।
গুণবান্ বিনয়ী চন্দ্রশেখরশ্চন্দ্রনির্ম্মলঃ।
মধুসূদনসন্তানঃ কষ্টসম্বন্ধদোষতঃ॥
অভবত্ত্বতিভাগ্যেন সাধ্যত্বেঽপি বিনিন্দিতঃ।
মহেশকালীচন্দ্রেণ গতং সহ কুলং কবেঃ॥
সৎকুলঃ সদ্গুণশ্চাসীৎ গণপতিঃ কবেঃ সুতঃ॥
ইদানীন্তু কবে র্বংশ্যাঃ কেবলং কিল বংশজাঃ॥
সন্ততে র্বলভদ্রস্য স্বভাবং উজ্জ্বলং কুলং॥
বিকর্ত্তনকুলোদ্ভূতপরমেশ্বরসন্ততেঃ।

জনার্দ্দনস্য বংশো বৈ শীতাংশুরিব নির্ম্মলঃ ॥
তদন্যে পরমেশস্য বংশ্যা ভাবান্তরং গতাঃ।
বিদ্যাধরস্য বংশস্তু রামানন্দো মহোজ্জ্বলঃ।
কিঞ্চিন্ন্যূনত্বমাপন্নো বিদ্যতেঽপরসন্ততিঃ॥
কেবলং বংশজো ভাবঃ ত্রিলোচনস্য সন্ততেঃ ॥
কুলগ্লানিমবাপুশ্চ গঙ্গানন্দকুলোদ্ভবাঃ ॥
রোষসেনকুলোদ্ভূতৌ বিদ্যাধরমুরারিকৌ।
মুরারি র্বংশহীনোঽভূৎ বিদ্যাধরশ্চ বংশজঃ ॥
(ইতি বিনায়কসেনঃ)

নরসিংহস্য দাসস্য চত্বারস্তনয়াঃ স্মৃতাঃ ॥
নারায়ণস্তথা কার্ণো রামশ্চ নিমদাসকঃ ॥
নারায়ণো মহাকুলো মৌদ্গাল্যকুলভূষণঃ।
তস্মাৎ ন্যূনত্বমাপন্নঃ কার্ণো রামশ্চ বংশজঃ ॥
মহাবংশস্য মাহাত্ম্যাৎ কার্ণ্যোপি চ মহোজ্জ্বলঃ
কার্ণ্যন্বয়ে কুলশ্রেষ্ঠো বাসুদেবকুলোদ্ভবঃ ॥
উত্তমো যদুবংশো হি সূর্য্যদাসস্তথাধুনা।
আসীৎ পূর্ব্বং কার্ণ্যবংশে শিবদাসো মহোজ্জ্বলঃ ॥
ইদানীং তৎকুলোদ্ভূতা বিক্রমপুরবাসিনঃ।
শিবদাসঃ পুণ্যকর্ম্মা বেদজ্ঞ ইতি কীর্ত্তিতঃ।
সম্বন্ধদোষতো দৈবাৎ বিদিতঃ কুলজোঽধুনা ॥
নারায়ণাৎ সুতো জাত ঈশানঃ কুলজঃ স্মৃতঃ।
মহাবংশস্য মাহাত্ম্যাৎ নিমোঽপি সিদ্ধতাং গতঃ ॥
নারায়ণস্য দাসস্য প্রজাপতিঃ সুতোঽভবৎ ;
অরবিন্দো জয়ো বিষ্ণুঃ প্রজাপতেস্তনূদ্ভবাঃ ॥
অরবিন্দঃ কুলশ্রেষ্ঠো জয়দাসঃ কুলাধমঃ।
মহাভাগ্যবশাদেব বিষ্ণোরপি কুলং মহৎ ॥
সম্বন্ধদোষতো বিষ্ণুঃ পুরা ভাবান্তরং গতঃ।
ইদানীং সৎকুলৈঃ সার্দ্ধং সমানত্বং বিবিচ্যতে ॥
অরবিন্দাৎ বৎসদাশো দৈত্যারিশ্চ মুরারিকঃ।
এতে সৎকুলসম্ভূতা যথাপূর্ব্বং প্রতিষ্ঠিতাঃ ॥
নৃসিংহবংশোদ্ভবসিংহরূপঃ, দামোদরাৎ শুদ্ধমতেঃ কবীন্দ্রঃ।
নীলাম্বরস্যাজ্ঞি বিলগ্নচেতাঃ, বভূব সৎকাব্যবিধে বিধাতা ॥
সন্তানাঃ সৎকবিবরাঃ প্রায়ঃ সর্ব্বে মহোজ্জ্বলাঃ।
সেনহট্টকৃতাবাসাস্তথান্যত্র প্রতিষ্ঠিতাঃ ॥ (ইতি চায়ুপ্রকরণং ॥)
যদুদাসঃ কুলশ্রেষ্ঠো বাসুদেবকুলোদ্ভবঃ।
উত্তমো যদুবংশ্যোঽন্যো সূর্য্যদাসস্তথাধুনা ॥
আসীৎ পূর্ব্বং কার্ণবংশে শিবদাসো মহাকুলঃ।
ইদানীং তৎকুলোদ্ভূতা বিক্রমপুরগতাস্বয়াঃ।
সম্বন্ধদোষতঃ সর্ব্বে মধ্যমং ভাবমাশ্রিতাঃ ॥ (ইতি কার্ণদাসঃ)
রামবংশকুলশ্রেষ্ঠো মহেশঃ পুণ্যকর্ম্মকৃৎ।
তদন্যে রামবংশ্যাস্তু নিজভাবসমাশ্রিতাঃ ॥ (ইতি রামঃ)
নিমদাসে হরিনাথঃ প্রতিষ্ঠিতো হি ভাগ্যবান্।
তদন্যে নিমবংশ্যাস্তু নিজভাবমুপাগতাঃ।
নিজভাবস্থিতাঃ সর্ব্বে বিক্রমপুরে কৃতালয়াঃ ॥ (ইতি নিমঃ)

কাশীদাসঃ কুলশ্রেষ্ঠো নয়বংশসমুদ্ভবঃ।
গঙ্গানন্দকবেঃ পূর্ব্বং আসীৎ গঙ্গামলং কুলং ॥
অভূদতীব দুর্দৈবাৎ গঙ্গানন্দো নিরন্বয়ঃ।
তদন্যে নয়বংশ্যাঁ হি মধ্যমং ভাবমাশ্রিতাঃ ॥ (ইতি নয়দাসঃ)
রাঘবস্য চ সন্তানাঃ কেচিৎ মধ্যমভাবগাঃ।
অন্যে তু নয়বংশজা মলিনভাবমাগতাঃ ॥ (ইতি নয়প্রকরণং)
গঙ্গাধরঃ কুলশ্রেষ্ঠঃ ত্রিপুরান্বয়সম্ভবঃ।
তিষ্ঠন্ত্যত্তরদেশেষু তদ্বংশ্যাস্তত্র সৎকুলাঃ ॥
সৎকুলঃ পরমানন্দঃ কর্ণপুরোঽচ্যুতান্বয়ে।
শিবানন্দস্য সন্তানাঃ কিঞ্চিন্ন্যূনাস্ততোঽভবন্ ॥
স্থিতা বংশজসদ্ভাবাস্তদন্যেঽচ্যুতবংশজাঃ।
যথাপূর্ব্বং প্রসিদ্ধাস্তে মহীগুপ্তো হি তৎসমঃ ॥
তপস্বিকুলজঃ শ্রেষ্ঠো নারায়ণ উদারধীঃ।
অশ্বগুপ্তেতি বিখ্যাতিং তপস্বী সমুপেযিবান্।
ইদানীং তৎকুলোদ্ভূতাঃ স্থানভ্রষ্টা বিনিন্দিতাঃ ॥ (ইতি ত্রিপুরঃ)
কায়ুগুপ্তকুলোদ্ভূতঃ সৎকুলো বনমালিকঃ।
তদন্বয়ে কাশ্যপীয়ে কুলনীরজভাস্করঃ ॥
মদনঃ সদনং সর্ব্বশাস্ত্রাণামভবৎ পুরা।
নীলাম্বরলোকনাথৌ ভ্রাতরৌ সেনবংশজৌ ॥
মদনান্বয়সম্ভূতঃ সৎকুলোঽভূৎ সুধাকরঃ।
জন্মেজয়স্তদনুজো জন্মনা চ কুলেন চ ॥
হরিশ্চন্দ্রাদয়শ্চান্যে প্রায়ঃ সর্ব্বে নিরন্বয়াঃ। (ইতি কায়ু)
যন্নামত্র সুরধুনীস্রোতসাং সদৃশং কুলং।
মজ্জনং ক্ষেমমনিশং জ্ঞেয়ং গয়িশিয়ালয়োঃ ॥ (সদসদ্ভাববিবেক)

জগন্নাথ গুপ্তের পর বিক্রমপুরে থাকিয়া রামকান্ত ঘটক বিশারদ নানা ছন্দে কতকগুলি কুলবিধির উল্লেখ করেন, উহা ডাকুর বা ঢাকুর নামে প্রসিদ্ধ। তাহার কতকাংশ উদ্ধৃত হইল—

"প্রভাকর লক্ষ্মণে, অরবিন্দ বিকর্ত্তনে,
কন্দর্প ধর্ম্মাঙ্গদে, আদিত্য বিষ্ণুপদে,
মুখ্য অষ্ট কুল এই, প্রকৃতি আর পালটি।
ভাবেতে স্বভাব থাকলে, বিকল্পে ও শালটী ॥
পীতাম্বর শত্রুঘ্নে, কবি আর ঈশানে।
গণ-কার্ণ-কাউ-নয়, কুলজ বংশজ হয় ॥
এই আট করি বাট, প্রকৃতি আর পালটী
ভাবেতে স্বভাব থাকিলে, বিকল্পে ও শালটী ॥"

"বলভদ্র রাম নিম মাধব উচলী।
মহীপতি বুরুণ সেন বংশে উত্তম বলি ॥
বিদ্যাধর মুরারি দুই রোষের সন্তান।
সিদ্ধের সমান নহে সাধ্যের প্রধান ॥
বিনায়কে রতিনাথ, নাগাদিত্যে অধঃপাত।
কামাভ কার্পটীরোষ, সাধ্যত্ব ভাব খলু-কর্ম্মদোষ ॥

পিতৃমনু জন্য, কুলশীল ত্যাজ্য।
তথাপি সদ্বংশ গুণানুপূজ্য ॥
পূর্ব্ব জন্ম কৃত পাপ করিয়া বিচার।
অসন্ধানে মুরারি না লিখে কণ্ঠহার ॥
কাঁচাদিয়ার রোষ বলি খ্যাত পরিচয়।
সঙ্কটের অশ্বগুপ্ত পাল্টী ঘর হয় ॥
দুই দোষে বলভদ্রের দুই পারে ঘর।
সমাজ বাহির আর সম্বন্ধ তৎপর ॥
বলভদ্রের দুই পুত্র দুই গর্ভ ধর।
অনিরুদ্ধ পূর্ব্বদেশে গোবিন্দ উত্তর ॥
হিঙ্গুর দৌহিত্র রাম কুল নিষ্ঠাবান্।
পিতৃক্রোধে কুলগ্লানি সাধ্যের সমান ॥
পিতৃক্রোধে রামের কুল গেল বনবাস।
ঘটক করিছে ইহা ডাকুরে প্রকাশ ॥
রাম বলভদ্র রোষ উচলীর কুলে।
সর্ব্ব শ্রেষ্ঠ অষ্ট ঘর ডাকুরেতে বলে ॥
পোড়াগাছার রাম আর সুচন্ধলের নিম।
আদিস্থান রাঢ়দেশে নাহি পাই চিন ॥
হোগলখানির কাকদাস সুচন্ধলের নিম।
লেখা জোখা নাহি পাই ডাকে বান্ধে চিন ॥
বিয়া-দোষে গয়িসেনের গেল কুল মান।
মধ্যপাড়ার ধন্বন্তরি কাকের সমান ॥
বিশ্বনাথ পত্রনবিশ নামলব্ধ ঘর।
কার্ত্তিকপুরের মঙ্গলানন্দ এই কয়ের পর ॥
রায়ছত্র পাইদাস প্রতিষ্ঠিত অতি।
বিক্রমপুরে রঘুরাম রায় সমাজপতি ॥
নেত্রাবতীর কানাই বলাই বেলতলির বাণী।
কেউর্গা নাসার বুধাই সুধাই পিশাচ হেন গণি ॥
অন্যপূর্ব্বা বয়োজ্যেষ্ঠা গয়ি বিয়া করি।
কুলমেল ছাড়া হয়ে পথে গড়াগড়ি ॥
আটের ভিতরে গাড়া বাহিরেতে রাও।
আঠাপোড়া তেইট্টাগুজা শিয়ালের ছাও ॥
তার মধ্যে শ্রেষ্ঠ বটে সেনহাটীর মৈশালা।
বিক্রমপুরে মহেন্দ্রনাথ নামেতে উজ্জ্বলা ॥
লব্ধপ্রতিষ্ঠিত আছে পোড়াগাছায় ঘর।
আর যত শিয়াল দেখি সকলি গিধর ॥
রাম বলভদ্র রোষ আর যে উচলী।
সর্ব্বশ্রেষ্ঠ আট ঘর ইহাদের বলি ॥
আর যত আট ঘর ইহাদের পর।
হংস মধ্যে বক যথা করে ফরফর ॥
রাম সেনচূড়ামণি, রাঢ়ে বঙ্গে জয়ধ্বনি।
পচাসিদ্ধ নিমদাশ, ক্রিয়াদোষে কুলনাশ ॥
বলভদ্র মূর্ত্তিমন্ত, বিক্রমপুরে ভাগ্যবন্ত।
মাধবের নিরন্বয়, রাজদোষে কুলক্ষয় ॥
উচলী আর মহীপতি, ক্রিয়াদোষে নিম্নগতি।
গণের কুলে দিয়া ছাই, বুরুণের কুল নাই।
রোষ বংশে ধুরন্ধর, মুরারি আর বিশ্বাধর ॥"

"বঙ্গজের আট ঘর মৌলিক প্রধান।
কুলীনদেবতাশ্রয় সুমেরু সমান ॥
রাম, নিম, বলভদ্র, মাধব, উচলী।
মহীপতি, বুরুণ, রোষ, বংশে উত্তম বলি ॥
আদি হইতে ক্রমান্বয়ে প্রকৃতি আর পালটী।
বংশের সন্তান বলি বিপর্য্যয়ে শালটী ॥"

"রাজপাশার রাম আর সোমকোটের নিম।
দায়নীয়া কোঁয়রপুরে বলাই মাধার চিন ॥
মাশুরিয়ার উচলী যশলঙ্গে মহীপতি।
কামালদি সোণারঙ্গে বুরুণ রোষের স্থিতি ॥
আর যত আট ঘর নাম মাত্র শুনি।
আদিমূল নাহি পাই না করি বাছনি ॥
যার না পাই আদিমূল, সম্বন্ধ দিয়া টানি কুল,
তাতেও যদি না পাই লাগ, সাধ্যের পাছে পড়ে থাক।
ঘটক বিশারদ কয়, এক বর্ণও মিথ্যা নয় ॥"

আটঘরের বাহন।

"সিংহ পৃষ্ঠে রামসেন অশ্ব পৃষ্ঠে নিম।
সত্যবন্ত গজস্কন্ধে বলভদ্র চিন ॥
রায় ছত্র গরুড়ে মাধব অধিষ্ঠান।
ধর কাকে উচলী বঙ্গে করিল পয়ান ॥
কর কপোতে আসিলেন বুরুণ মহীপতি ॥
ভরদ্বাজ রাজহংসে রোষ মহামতি ॥"

আটঘরের অলঙ্কার।

"উজ্জ্বল কর্ণে কুণ্ডল রাম কর্ণমূলে।
বৈদ্যবল্লভের ফোটা নিমের কপালে ॥
কবিকণ্ঠ ভূষণে উজ্জ্বল মহীপতি।
গণগজ মতিহারে রোষ মহামতি ॥
গুপ্ত রত্ন শোভিলেক বলভদ্র শিরে।
উচলির দুর্গন্ধ দূর হিঙ্গু সরসপুরে ॥
মাধবের বুরুণের বলিব কি আর।
সমাজের অনুগ্রহে বোয়ে গেলেন পার ॥"

"বৈদ্যবল্লভের কুল যেন শরতের শশী।
স্থানভ্রষ্ট কুলনষ্ট বিয়া করি মাসী॥
গোবিন্দের কুলে কালী মাসী বিয়া করি।
ভবের ভাব দূর করিল খান ধন্বন্তরি॥
আরে ভব এতদিনে পরাভব হৈলা।
জাতি গেল বাজু দেশে পলাসিতে রৈলা॥
উঠা পড়া বৈদ্যের কুল, দোষ বিস্তর ভাগ্যের মূল।
তিনে ঠেকি চন্দ্রচূড়, রূপাই গেলেন সরসপুর॥
রূপরামের কুল যেন শরতের শশী।
ছাই পড়ে ইহার কুলে বিয়া করি মাসী॥
ইহার অধিক আর বলিব কি।
শেষে বিহা করে মাউসার ঝি॥"

দাস চায়ু।

"চায়ু দাসের চারি ধারা, ভোগিলহট্ট শুভলাড়া।
নারায়ণ কুলের বাড়া, অরবিন্দ তাতে সেরা।
তার অর্দ্ধ কার্ষ পায়, রামদাস বনে যায়॥
রামপ্রসাদ গঙ্গারাম নিধিরাম নিম।
আর যত নিমদাস টীকটীকির ডিম॥
হরিনাথের নাম আছে কণ্ঠহারে লেখা।
কষ্ট বৈদ্যের বাড়ী গেলে তার সঙ্গে হয় দেখা।
রামকান্ত শ্রীহরি, রোষের বাড়ী গড়াগড়ী।
নিমে নিমে হয় যত কূট বাক্যের বাড়াবাড়ি॥
অরবিন্দকুলশ্রেষ্ঠ জয় কুলহারা।
ভাগ্যগুণে বিষ্ণুদাসের কুলে জলে তারা।
রাজা হরিনাথ হয় বিষ্ণুকুলমণি।
পচা সিদ্ধ নিমদাস সাধ্য হেন গণি॥
নাগপতি কুলজন্য জয় কুলহীন।
অদৃষ্টে লিখিত বলি ভাবেতে বিহীন॥"

পন্থদাস।

"পন্থের মধ্যে নয় নয়ের মধ্যে কাশী।
আর যত নয়দাস ফাসি আর ফুসি॥
হৃদয়ের কুলক্ষয়, শ্রীহট্টেতে পরিণয়।
বিক্রমপুরে অর্থের জোরে কুলীন বলি যায়॥"

কায়ুগুপ্ত ও ত্রিপুরগুপ্ত।

তপস্বী আর মহীপতি।
ক্রিয়াদোষে অধোগতি॥
ঘটক বিশারদ কয়।
বঙ্গে ত্রিপুরের পরাজয়॥" (ইতি গুপ্ত)

"কষ্টগুপ্ত কায়ু হবেন চর্ব্বি হবেন ঘি।
আছিল শক্তি প্রভাকর বাকি রইল কি॥
তুলসীঘাটের কুটুম হলেন কুলীন শিরোমণি।
সেরপুরী সম্বন্ধ হয়ে মুখে জয়ধ্বনি॥
বেড়া বরে ক্রিয়া কৈরে সভায় সুশোভন।
শুদ্ধ সাধ্য বৈদ্য সঙ্গে তর্ক উত্থাপন॥
কুলজি না হয় মুখেতে জয় লতায় গজায় তরু।
কত হইবেন কুল হিঙ্গুর বুদ্ধি হৈলে সরু॥
শক্তি মাত্রেই ধর্ম্মাঙ্গদ বিনায়ক মাত্রে রাম।
মোটে গায় ছাল নাই কুত্তার বাঘা নাম॥
গাই হবেন অরবিন্দ শুনে লজ্জা অতি।
তাহলে আর কাজ কি থাকে ঘটক সমাজপতি॥
বিক্রমপুরে অষ্টঘর মুখ্য সাধ্য প্রায়।
কুলীন আশ্রয়ে যথা কুল রক্ষা পায়॥"

(রামকান্ত ঘটক বিশারদ।)

ভরতমল্লিক ত্রিবিধকুলের বিষয় উল্লেখ করিয়াছেন—উত্তম, মধ্যম ও নিম্ন। এই হিসাবে অরবিন্দ বিকর্ত্তন প্রভৃতি আটঘর উত্তম; গণ, কার্ণ প্রভৃতি আট ঘর মধ্যম কুলীন এবং বলভদ্র, রাম, নিম প্রভৃতি নিম্ন কুলীন। রামকান্ত শেষোক্তগণকে সাধ্যসংজ্ঞায় পরিগণিত করিয়াছেন। রাঢ়ীয় হিসাবে যাঁহাকে মৌলিক বলা হয়, এমন বহু বৈদ্য রহিয়াছে যাঁহাদের নিকট বলভদ্র, রাম প্রভৃতি আজিও কুলীনবৎ পূজ্য।

রামকান্ত বিশারদ কেবল তাঁহার সময়ের বিক্রমপুর-সমাজের প্রতি লক্ষ্য করিয়া উক্ত সমালোচনা করিয়াছিলেন। প্রকৃতি পালটী বুঝিতে, দোষী প্রকৃতি এবং যাহার সহায়তায় উত্থিত হয় তাহাকে পালটী বলে। এই হিসাবে লক্ষ্মণ প্রকৃতি প্রভাকর পালটী; পীতাম্বর পালটী শত্রুঘ্ন প্রকৃতি; রাম পালটী এবং নিম প্রকৃতি। আমরা কিন্তু তাঁহার এ কথার সমর্থন করিতে পারি না, কারণ আমরা কুলজী খুজিয়া দেখিতে পাইলাম না যে পীতাম্বর শত্রুঘ্নের কোন দোষাবহ কার্য্যে তাঁহাকে তুলিয়া লইয়াছেন। আরও দেখিতে পাই, রামসেনকে কি চতুর্ভুজ কি জগন্নাথ সকলেই

তাহাতে আশ্চর্য্যের কথা কিছুই নাই ; উহা কুটুম্বপ্রিয়তারই পরিচায়ক। "ঘোড়াঘাটে নিমের বাস পচাসিদ্ধ কুলনাশ" এই বাক্যদ্বয় দ্বারাই বোধ হয় এই কথা সমর্থিত করিয়াছিলেন। পীতাম্বর কোন্ সময়ে হীনপ্রভ হইয়া মহোজ্জলতা পরিত্যাগ করিয়াছিলেন, তাহা আমরা বুঝিতে পারিলাম না ; চতুর্ভুজ বা জগন্নাথ তাহা বলেন নাই। পীতাম্বর আবার উত্থিত হইলেনই বা কবে ?

বর্ত্তমান কুলবিধি ও কুলীন।

প্রধানতঃ জগন্নাথ ও রামকান্ত ঘটকের অনুসরণ করিয়া অধুনা কুলমর্য্যাদার বিষয় বিবেচিত হয়। কোথায়ও বা তাহার ব্যতিক্রম দেখা যায়, তবে এটা সর্ব্ববাদিসম্মত বিষয় যে, যাহারা কুলীনের সমাজে বাস করিয়া নিয়ত স্বশ্রেণী ব্যতীত অপর কাহারও সহিত সামাজিকতা করেন নাই,তাঁহারাই প্রকৃত কুলীন পদবাচ্য। স্থানদোষ, রাজদোষ ও সম্বন্ধদোষে কুলীন হীনপ্রভ হন বটে, কিন্তু তন্মধ্যে স্থানদোষই প্রধান। স্বস্থান ও স্বসমাজ পরিত্যাগ করেন নাই বলিয়াই দুহি ধন্বন্তরি প্রভৃতি মার্জ্জিত হইয়াছিলেন, পক্ষান্তরে রাম, জয় প্রভৃতি স্বস্থান ও স্বসমাজ পরিত্যাগ করিয়া দূরতর প্রদেশে প্রস্থান করায় সমাজভ্রষ্ট হইয়া কুলগ্লানি প্রাপ্ত হইয়াছেন। যাঁহারা কেবল অনুমান করিয়া বুঝেন যে, কার্য্যদোষই কুলপাতের প্রধান অন্তরায়, তাঁহারা ভ্রান্ত ; স্থানদোষই উহার সর্ব্বপ্রধান কারণ ; পূর্ব্ব কালে কার্য্য বিচার করিয়া এক এক সময় এক একটা সমাজপরিবর্ত্তন ঘটিত। তত্তৎ কালে সমাজই সকলের শাসক ছিল, স্বেচ্ছায় কেহ কোন কার্য্য করিতে গেলে, তাহাকে অপদস্থ হইতে হইত ; এখন স্বেচ্ছার রাজ্য—প্রতিনিয়ত অপকার্য্য করিয়াও ভিন্নসমাজবাসী হইয়া লোকে কুলরক্ষা করিতেছেন।

বর্ত্তমান সময়ে প্রধান প্রধান কুলীনের যে যে স্থানে যে যে বংশ অবস্থান করিতেছেন, তাহার তালিকা দেওয়া গেল।

সেনহাটী—১ম অরবিন্দ, ২য় বিকর্ত্তন, ৩য় ধর্ম্মাঙ্গদ, ৪র্থ বিষ্ণুদাস।

পয়োগ্রাম—১ম প্রভাকর, ২য় বিষ্ণুদাস, ৩য় বিকর্ত্তন।

মূলঘর—১ম বিষ্ণু, ২য় বিকর্ত্তন, ৩য় লক্ষ্মণ, ৪র্থ কন্দর্প, ৫ম আদিত্য।

ভট্টপ্রতাপ—১ম কন্দর্প, ২য় বিষ্ণু।

হোগলডাঙ্গা—লক্ষ্মণ।

সেনদীয়া—১ বিষ্ণু ২ পীতাম্বর।

কাজুলীয়া—১ বিষ্ণু ২ বিকর্ত্তন, ৩ কন্দর্প।

খান্দারপাড়া—১ বিষ্ণু, ২ পীতাম্বর, ৩ বিকর্ত্তন।

সিদ্ধকাঠী—১ পীতাম্বর, ২ আদিত্য, ৩ বিষ্ণু।

কানরিয়া—১ বিষ্ণু, ২ পীতাম্বর।

বর্ত্তমান সময়ে ইঁহারাই প্রথম শ্রেণীর কুলীন ; তবে এই সকল সমাজস্থ যাঁহারা কালীয়া, বিক্রমপুর প্রভৃতি স্থানে বাস করিতেছেন, তাঁহারা উহাদের অপেক্ষা কিছু কম মর্য্যাদা প্রাপ্ত হইয়া থাকেন।

পূর্ব্বে বলা হইয়াছে, ধন্বন্তরি, শক্তি, মৌদ্গল্য ও কাশ্যপ গোত্র হইতে আটঘর কুলীন বাছাই হইয়া নির্দ্দিষ্ট হয়। কবিকণ্ঠহার এই আটঘর হইতে গয়ী ও শিয়ালসেনকে পরিত্যাগ করিয়া অপর ছয়ঘরের সম্যক্ বংশাবলী স্বীয়গ্রন্থে উল্লেখ করিয়া গিয়াছেন এবং গ্রন্থের নাম করিয়াছেন সদ্বৈদ্যকুলপঞ্জিকা।

অনেক অভিমানী ব্যক্তি কেবল ক্রিয়ার উপর লক্ষ্য রাখিয়াই প্রাধান্য স্থাপনে প্রয়াসী হন, কিন্তু স্থিরচিত্তে বিবেচনা করিয়া দেখিতে গেলে এমন কোন বংশ নাই, যাহার শোণিতসহ নিম্নশ্রেণীর বৈদ্যের শোণিত সংযোজিত হয় নাই। প্রত্যেক প্রধান বংশই অপসম্বন্ধদোষে দোষী, যদিও অরবিন্দ সাক্ষাৎ সম্বন্ধে কোন দোষগ্রস্ত নন, তথাপি পরোক্ষ ভাবে তাঁহাতে দত্তের শোণিত প্রবেশ করিয়াছে। যথা—

"পুত্রো বংশধরাজ্জাতো দামোদর উদারধীঃ।
কন্যকে দ্বে চ দাসোড়াদত্তজাগর্ভসম্ভবা॥
দাসো নরহরিশ্চৈকাং সেনপঞ্চাননোঽপরাং।"

অরবিন্দ নরহরি কবীন্দ্র ও হিঙ্গু পীতাম্বর পঞ্চানন, দাসোড়ার দত্তদৌহিত্রী গ্রহণ করিয়াছিলেন। অতএব দেখা যাইতেছে যে, একেবারে জিদ্ কাহারও খাটিতে পারে না, তবে যে যিনি যত অল্প পরিমাণে অপকার্য্য করিয়াছেন, তিনি ততটুকুই খাট হইয়াছেন। পূর্ব্বেই বলিয়াছি, কেবল কার্য্যদোষে কেহ অকুলীন হন নাই ; স্থানদোষই তাহার প্রধান কারণ। রাজদোষ বলিতে বৈশ্বানর গোত্রজ বল্লালসেন ও শালঙ্কায়ন সংগ্রামসাহী দোষে যাহারা কুলভ্রষ্ট হইয়াছেন ; তাঁহাদের বিবরণ পূর্ব্বেই দেওয়া হইয়াছে। সংগ্রামসাহী দোষে কেহ কুলচ্যুত হন নাই বটে, কিন্তু 'হামবৈদ্য' বলিয়া একটা অপবাদ আজিও তাঁহাদের আছে। কালীয়া, বাণীবহ প্রভৃতি স্থানে মান্যকুলীনগণের বসবাস হইলেও সেনহাটী, পয়োগ্রাম, মূলঘর, সেনদিয়া প্রভৃতি স্থানের কুলীনগণ আপনাদিগকে প্রকৃত কুলস্থানবাসী ও বিশুদ্ধ বলিয়া মনে করেন।

বৈদ্যগণের সমাজপতি।

অন্যান্য সমাজের ন্যায় বৈদ্যগণেরও পূর্ব্ব হইতে সমাজপতি ছিল। সেনভূমের রাজবংশই বৈদ্যসমাজের আদি সমাজপতি। সমাজের প্রবীণেরা ও সমাজপতিগণ একত্র সামাজিক অপরাধ শাসনে অধিকারী ছিলেন। পূর্ব্বেই লিখিয়াছি, বিনায়ক সেন রাঢ়ীয় বৈদ্যসমাজের আদি গোষ্ঠীপতি। কুলগ্রন্থ হইতে আমরা

জানিতে পারি যে, তাঁহারই বংশধর কুমার সেন, চায়ুকুলে বিশ্বম্ভর ও দুর্জ্জয়দাস এবং গুপ্তকুলে বিশ্বনাথ গোষ্ঠীপতি হইয়াছিলেন।

"তাহাতে বিশেষ কই, দুর্জ্জয় বচন সই,
শ্রীকুমার বৈদ্য-গোষ্ঠীপতি।
বিশ্বনাথ গুপ্তকৃতী, গুপ্তকুল গোষ্ঠীপতি'॥
চণ্ডীদাস গুণে বড়, সবে কহে চণ্ডীবর,
বৈদ্যকুলে যার বড় খ্যাতি।
তাঁর পুত্র কৃষ্ণদাস, কুলে শীলে পরকাশ,
পিতৃভাবে হল্যা গোষ্ঠীপতি॥
চায়ুকুলে বিশ্বম্ভর, ব্যক্ত বিশ্বময়,
বিষপাড়া ছাড়ি শেষ, শ্রীখণ্ড নগরে রয়
কুলেশীলে গুণে অতি ধন্য।
দাসকুলে গোষ্ঠীপতি হল্যা অতি শুদ্ধমতি,
পণ্ডিত জনের অগ্রগণ্য॥
চায়ুকুলে গোষ্ঠীপতি দুর্জ্জয়ের বুঝা॥"
(রামভদ্র গুপ্ত)

উঁহারা সকলেই শাখা-সমাজে সময় সময় এক এক জন গোষ্ঠীপতি ছিলেন, কিন্তু তৎকালে সেনভূমের রাজবংশই সমগ্র বৈদ্যসমাজের সমাজপতি। খৃষ্টীয় ১৪শ শতাব্দ পর্য্যন্ত তাঁহাদের সমাজপতিত্ব অক্ষুণ্ণ ছিল। পূর্ব্ব-বঙ্গের বৈদ্যসমাজেও এক একজন সমাজপতি ছিলেন, তাহা কণ্ঠহারের উক্তি হইতে জানা যায়। বিনায়ক-সেনবংশে রবিসেন মহামণ্ডল, ধন্বন্তরি বংশোদ্ভব উচলি সেনের অধস্তন পঞ্চতম পুরুষে বিজয়সেন বৈদ্যান্তরঙ্গ খাঁ এবং বিজয়সেনের পৌত্র ধনঞ্জয়ের পুত্র রামচন্দ্রসেন সমাজপতি হইয়াছিলেন।

"অন্তরঙ্গস্য খানস্য বিজয়স্যাধিকারিণঃ।
অজায়েতামুভৌ পুত্রৌ নীলাম্বরধনঞ্জয়ৌ॥
ধনঞ্জয়াৎ রামচন্দ্রঃ সমাজাধিপতিঃ কৃতী॥" (কণ্ঠহার)

ঐ বংশের এখন বিলোপ ঘটিয়াছে। তৎপরে আর কাহাকেও সমগ্র বৈদ্যসমাজপতি বলিয়া জানা যায় নাই। কেবল ঢাকা মাণিকগঞ্জের অন্তর্গত দাসোরার দত্তবংশকে বাজু সমাজের, বিক্রমপুরের নওপাড়ার ভরদ্বাজ চৌধুরীবংশকে বিক্রমপুর ঢাকা সমাজের এবং সাহজাদপুরের ভরদ্বাজগণকে বাকলার সমাজপতি হইতে জানা যায়।

"বিক্রমপুরে রঘুরাম রায় সমাজপতি।
রাজচ্ছত্র পাইদাস প্রতিষ্ঠিত অতি॥
বিশ্বনাথ পত্রনবিশ নামলব্ধ ঘর।
কার্ত্তিকপুরের মঙ্গলানন্দ এই তিনের পর॥" (রামকান্ত ঘটক)

রাজা রাজবল্লভের অভ্যুদয় কালে দাসোড়ার দত্তবংশ পূর্ব্ববঙ্গে কতকটা সমাজপতিত্ব করিতে ছিলেন, এই বংশই শক্তি দুহিসেন-বংশীয় গণসেনকে ৬৪ খানি গ্রাম দান করিয়া সপরিবারে বিক্রমপুরে আনিয়া প্রতিষ্ঠিত করেন। গণসেন এককালে কুলস্থান পরিত্যাগ করিয়া আসায় স্থানত্যাগবশতঃ কুলে হীন হন।

তৎপরবর্ত্তিকালে বিক্রমপুর রাজনগর-নিবাসী ধন্বন্তরি গোত্রজ রাজা রাজবল্লভসেন সামাজিক ক্রিয়া বলে এবং সেনহাটী ও বিক্রমপুর অঞ্চলের বৈদ্যগণের সম্মতিতে সমাজপতি বলিয়া গৃহীত হন। রাজবল্লভ যে সময়ে সেনহাটীনিবাসী কন্দর্পরায়ের কন্যার সহিত স্বীয় তৃতীয় পুত্র রাজা গঙ্গাদাসের বিবাহ দেন, সেই সময়ে তিনি সমুদায় কুলীন ও ঘটকদিগকে নিমন্ত্রণ করিয়া একটী চন্দন কার্য্যের অনুষ্ঠান করেন,* তৎপরে সেনহাটী-নিবাসী হিঙ্গুবংশীয় রূপেশ্বর সেনের সহিত তাঁহার কনিষ্ঠা তনয়া অভয়ার বিবাহ কালেও তিনি ঐরূপ একটী চন্দনের অনুষ্ঠান করিয়া বৈদ্য-সমাজপতিত্ব প্রাপ্ত হন। তদনন্তর তদীয় ভ্রাতুষ্পুত্র মৃত্যুঞ্জয় দেওয়ান বাহাদুর স্বীয় পুত্র রায় বৃন্দাবন চন্দ্রের সহিত অরবিন্দ বিশ্বনাথ মজুমদারের কন্যার বিবাহ দেন, সে সময়ে তিনি একটী চন্দন করিয়া সমুদায় কুলীন ও ঘটক একত্র করিয়াছিলেন। ঐ সভায় রাজা রাজবল্লভ সমাজপতি এবং রায় মৃত্যুঞ্জয় সহকারি-সমাজপতি বলিয়া সম্মানিত হন। বঙ্গজ সমাজে জপসার সুপ্রসিদ্ধ লালা রামপ্রসাদ রায়, পয়োগ্রামনিবাসী হিঙ্গু প্রভাকর বংশীয় রামধনসেনের সহিত, নিজ কন্যা সর্ব্বেশ্বরীর বিবাহ কার্য্য সম্পন্ন করেন। এ বিবাহেও একটী চন্দনের অনুষ্ঠান হইয়াছিল। তৎকালে সমবেত কুলীন ও ঘটকেরা রামপ্রসাদকে নাত্রব সমাজপতি বলিয়া গ্রহণ করেন। বলা বাহুল্য যে, এই কার্য্যেও রাজবল্লভ বৈদ্যসমাজপতি এবং রায় মৃত্যুঞ্জয় সহকারি-সমাজপতি বলিয়া অবধারিত হইয়াছিলেন।

এতদ্ভিন্ন এই সমাজে আরও অনেক গোষ্ঠীপতি নির্ণীত হইয়াছেন, তন্মধ্যে জপসার ও রাজনগরের লালা, ছয় হাবেলী, পুরাণ হাবেলী ও সোমকোটের নিমবংশ, সোণারঙ্গের ভূঞা সরকার, কোমরপুরের রায়, জামালদীর মজুমদার, রাজপাশার সেন-চৌধুরী ও যশলঙ্গের গুপ্তবংশই প্রধান। এতদ্ভিন্ন বাণীবহের রায়, উত্তর-সাহাবাজপুরের চৌধুরী, পোনাবালীয়া ও কুলকাঠীর চৌধুরী, জপসার সরকার ও পাচ্চরের রায়গণও গোষ্ঠীপতি।

অধুনা তেওতা, কীর্ত্তিপাশা, বাসণ্ডা প্রভৃতি স্থানের ভূম্যধিকারীরাও গোষ্ঠীপতি শ্রেণীতে পরিগণিত হইবার যোগ্য। শুনা

* রাজবল্লভের সপ্ত পুত্রের মধ্যে দেওয়ান রামদাস রায় ও রায় রতন কৃষ্ণের সন্তানগণ এবং যাঁহারা লক্ষ্মীনারায়ণের জমিদারীর অংশ পান, তাঁহারা সমাজপতি নহেন।

যায়,কীর্ত্তিপাশার জমীদারগণ একটী চন্দনের অনুষ্ঠান করেন,কিন্তু তাহাতে সমুদয় কুলীন, ঘটক ও কুলজ উপস্থিত হন নাই। তবে যাঁহারা বর্ত্তমান সময়ে অন্ততঃ সমান ঘর অতিক্রম করিয়া নীচ বংশের সহিত আদান প্রদান করিতেছেন, তাঁহারা কখনই সমাজ-পতি বা গোষ্ঠীপতিবাচ্য হইতে পারেন না।

চন্দ্রপ্রভা গ্রন্থেও গোষ্ঠীপতিরা সমাজপূজ্য বলিয়া বর্ণিত হইয়াছেন। যথা—

"বৈনায়কেষু সর্ব্বেষু ভাস্করঃ শ্রেষ্ঠ ঈরিতঃ।
গোষ্ঠীপতিতয়াখ্যাতঃ স বৈদ্যৈঃ পূজিতোঽগ্রতঃ॥"

(সঞ্জয় হইতে উদ্ধৃত চন্দ্রপ্রভা ২০ পৃঃ)

বৈদ্যসমাজের ঘটক।

বৈদ্যগণের মধ্যে ঘটকপ্রথা কিরূপ ছিল, তাহার আনুপূর্ব্বিক কোন ইতিহাস পাওয়া যায় না। তবে ভরত মল্লিকের উক্তি হইতে জানা যায় যে, পূর্ব্বে বৈদ্যঘটক বিদ্যমান ছিল। দুর্জ্জয়, সঞ্জয় ও চিরঞ্জীব কুলগ্রন্থ রচনা করিয়াছেন বটে, কিন্তু তাঁহারা ঘটকপদ পাইয়াছিলেন কি না জানা যায় নাই। কুলতত্ত্বজ্ঞ পণ্ডিত-গণ তৎকালে ঘটক হইতেন এবং তাঁহারা ঘটক ও কুলাচার্য্যের কার্য্য করিতেন।

বৈদ্যসমাজে পূর্ব্বে বৈদ্যভিন্ন ব্রাহ্মণ ঘটক ছিল না। পূর্ব্বে বৈদ্যকুলাচার্য্যগণই ঘটকের বৃত্তি গ্রহণ করিতেন। ভরতমল্লিক ঘটকরায়* নামে এক ব্যক্তির উল্লেখ করিয়াছেন, কিন্তু তিনি কে তাঁহার পরিচয় পাওয়া যায় না। উক্ত গ্রন্থের অন্য একস্থলে বরাটবংশপ্রভব কৃত্তিবাস সেনের† ঘটকরত্ন উপাধি দৃষ্ট হয়।

বঙ্গজ বৈদ্য সমাজে কিংবদন্তী আছে যে, কার্ণদাসবংশীয়গণই ঘটক ব্যবসায়ী ছিলেন, কিন্তু তদ্বিষয় কতদূর সত্য তাহা নির্ণয় করা দুরূহ। কেহ কেহ কার্ণবংশীয় চণ্ডীবর দাস হইতে এবং কেহ বা নরহরি দাস হইতে এই বংশের ঘটক বৃত্তির আরম্ভ মনে করেন। তবে একথা স্বীকার্য্য যে, নরহরির পৌত্র রামকান্ত দাস হইতেই এই বংশে ঘটক ব্যবসার প্রসার বর্দ্ধিত হইয়াছিল।

খুলনা খড়রিয়া পরগণার ভূম্যধিকারী মূলঘরনিবাসী বিষ্ণুদাস বংশীয় রাজা হরিনাথ ধনসম্পদ ও আভিজাত্য-গৌরবে সমাজ-পতি হইবার প্রয়াস পান। তদনুসারে তিনি একটী কুলযজ্ঞের অনুষ্ঠান করেন। প্রবাদ আছে, নিজের কুলমর্য্যাদার সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠত্ব সম্পাদন করিবার উদ্দেশেই তিনি এই কার্য্যের অনুষ্ঠান করিয়াছিলেন।

নির্দ্দিষ্ট দিনে কুলীন, ঘটক, কুলজ ও মৌলিকগণ যথাকালে তাঁহার বাটীতে আসিয়া উপনীত হইলেন। তখন তাঁহারা রাজা হরিনাথের মনোগত অভিপ্রায় অবগত হইয়া সে স্থান হইতে সরিয়া পড়িতে মনস্থ করিলেন, কিন্তু তাঁহারা সকলেই তাঁহার বাড়ীতে উপস্থিত, তাঁহার হাত এড়াইয়া চলিয়া আসাও সহজ নহে, তবে যদি কোনরূপ উচিত কথা বলিয়া তাঁহাকে কোনমতে নিরস্ত করা যায়, তবেই মঙ্গল এবং তাঁহারাও সসম্মানে ফিরিয়া আসিবার সুবিধা পান, ইত্যাদি বিষয়ে কুলীনগণের মধ্যে বিস্তর বাদানুবাদ আরম্ভ হইল। অবশেষে স্থির হইল যে, ঘটকদিগের মধ্যে কেহ রাজার সমীপে গিয়া তাঁহার কুলের কথা স্পষ্টভাবে তাঁহাকে জানাইয়া দিবেন। কারণ ইহাই তাঁহাদের ব্যবসার কর্ত্তব্য এবং সভা মধ্যে কাহার কিরূপ কুল তাহা তাঁহারা অনায়াসেই বর্ণনা করিতে পারেন। এই সময়ে রামকান্ত দাস যুবামাত্র। তিনি আপন বংশের কাহাকেও এই প্রস্তাবে অগ্রসর হইতে না দেখিয়া স্বয়ং সেই কার্য্যের ভার গ্রহণ করিলেন।

নির্দ্দিষ্ট সময়ে সভারম্ভ হইল। সকল বৈদ্যই তথায় আসিয়া উপনীত হইলেন। তখন রামকান্ত সভামণ্ডপে উপস্থিত হইয়া প্রথমে রাজাকে অভিবাদনপূর্ব্বক সভাবর্ণনা আরম্ভ করিলেন। তদন্তে রাজা সানন্দ চিত্তে তাঁহাকে আসন পরিগ্রহ করিতে আদেশ করিয়া জিজ্ঞাসা করিলেন, "সকল শ্রেণীর বৈদ্যই কি এই সভায় উপস্থিত হইয়াছেন?" তখন রামকান্ত দণ্ডায়মান হইয়া বলিলেন, "মহারাজ! সকল সম্প্রদায়ের সামাজিকগণ উপস্থিত হইয়াছেন, কেবল দে'মামারা অর্দ্ধঘর আসেন নাই।" এই কথা শুনিয়া সভাস্থ সকলে হাস্য করিয়া উঠিলেন; রাজাও কিঞ্চিৎ অপ্রতিভ হইয়া প্রকৃত বিবরণ অবগত হইবার জন্য মাতৃসমীপে গমনপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন, তাঁহার মাতুলকুলে দে সংস্রবে কোন দোষ আছে কি না? কিন্তু রাজা জানিতেন না যে, তাঁহার পিতৃকুলেই দে-বংশের কন্যা গ্রহণ করায় দোষস্পর্শ করিয়াছে। যাঁহারা কখনও কুলক্ষয়কর কার্য্য করেন নাই, তাঁহাদিগকে নীচে রাখিয়া কুলদোষসংস্পৃষ্ট রাজা কিরূপে তাঁহা-দের উপর সমাজে আসন পাইতে চান, এই কথা তাঁহাকে স্পষ্টভাবে জানাইবার জন্য ঘটকপ্রবর রামকান্ত শেষে সাহসের সহিত দে'মামার কথা উত্থাপন করিলেন। তখন কুলীন-মহলে হৈ চৈ পড়িয়া গেল এবং সেই কুলসভা ভঙ্গ হইল।

এই কার্য্য সমাধা করিয়া রামকান্ত আর তথায় অবস্থান করা যুক্তিসঙ্গত মনে করিলেন না। তিনি রাজা হরিনাথের ভয়ে বেন্দা ত্যাগ করিয়া বিক্রমপুরে আশ্রয় গ্রহণ করেন। এই সময়ে

---

* "অথ যদাহ ঘটকরায়ঃ
বিনায়কে কৃষ্ণখানঃ খানো হরিহরস্তথা।
দ্বাবেব বিশ্ববিখ্যাতৌ মহাকুলতয়া শ্রুতৌ॥" (চন্দ্রপ্রভা ২০ পৃঃ)

† "যঃ কৃত্তিবাসঃ সেনোঽসৌ বিনীতঃ সদ্‌গুণান্বিতঃ॥
গোষ্ঠ্যাং ঘটকরত্নেতি পদবীমাপ পৌরুষৈঃ॥" (চন্দ্রপ্রভা ১১৭)

ঘটক ও সামাজিকগণ তাঁহার প্রস্থানে সহায়তা করিয়া ছিলেন। প্রবাদ আছে, ঐ সময়ে উক্ত ঘটকবংশের কুলপুরোহিত সেন-হাটীনিবাসী রাঢ়ীয় শ্রোত্রিয় ব্রাহ্মণ হড়ঠাকুরেরা তাঁহার নিকট হইতে ঘটকতার কার্য্য গ্রহণ করেন। তদবধি পুরোহিত হড়-ঠাকুরগণ রামকান্তের প্রতিনিধিরূপে বৈদ্য-সমাজের ঘটকের কার্য্য করিয়া আসিতেছেন। কেহ কেহ বলেন, ঘটকেরা কৃতজ্ঞতা-প্রদর্শনার্থ হড়বংশকে আপনাদের ব্যবসা দান করিয়াছেন।

বেন্দা প্রভৃতি স্থানে এখন যে সকল কার্ণ সন্ততি আছেন, তাঁহারা ঘটকের কার্য্য করেন না। রামকান্ত বিক্রমপুর যাইয়া তথাকার বৈদ্যসমাজে ঘটকালী করিয়া ছিলেন। তাঁহার বংশ-ধরগণ এখনও সে বৃত্তি পরিত্যাগ করেন নাই। বিদ্‌গ্রাম বাসী কার্ণ সন্তানগণও অদ্যাপি ঘটকের কার্য্যে নিযুক্ত আছেন।

বর্ত্তমান ঘটকের স্থান।

বিদ্‌গ্রামে—নরহরিদাস ঘটক বিশারদের বংশধর।
বেন্দাগ্রামে—শিবদাস ঘটকের বংশধরগণ।
কালিয়াগ্রামে—সূর্য্যদাস ঘটকের বংশধর।
টঙ্গিবাড়ী গ্রামে—শিবদাসের বংশধরগণ।
সোনারঙ্গ গ্রামে—শিব, সূর্য্য ও মধুসূদনের ধারা।
বরাইল নয়না ও বাঘিয়া গ্রামে—মধুসূদনের বংশধর।
বাহেরক গ্রামে—সূর্য্যদাসের বংশধরগণ।
কোমরপুর বা ভাওয়ারে—শিব, সূর্য্য ও মধুসূদনের ধারা।
মধ্যপাড়ায়—সূর্য্যদাসের ও শিবদাসের বংশধর।
পালঙ্গে,—শিবদাসের বংশধর।
পিঞ্জারি ও পাচ্চরে—শিবদাসের বংশধর।

এ ছাড়া গৈলা প্রভৃতি বরিশাল জেলার কএকটী গ্রামে কৃষ্ণানন্দ, গোবিন্দ ও চন্দ্রশেখর দাস ঘটকের বংশধরদিগের বাস আছে।

বঙ্গজ কুলীন।

বঙ্গজ বৈদ্য সমাজের প্রবাদানুসারে জানা যায় যে, কবি-কণ্ঠহার স্বীয় মাতুল গোপীনাথ কবিকঙ্কণের সম্মান সর্ব্ব প্রথমে স্থাপন করিবার মানসে, পূর্ব্বপদ্ধতি ব্যতিক্রম করিয়া তদীয় গ্রন্থে প্রথম শক্তি গোত্রের উল্লেখ করেন, গোপীনাথ শক্তিগোত্রীয় গণবংশোদ্ভব ছিলেন। মাতুলের প্রতি তাঁহার এত অচলা ভক্তি ছিল যে, তিনি গ্রন্থপ্রারম্ভে মাতুলের বন্দনা করিয়া পরে অন্যান্য বিষয় লিপিবদ্ধ করিয়াছেন। যথা—

"বিখ্যাতা সর্ব্বদেশেষু যৎকৃতা কুলপঞ্জিকা।
বন্দে তং পুণ্যকর্ম্মাণং মাতুলং কবিকঙ্কণং॥"

বাস্তবিক দুর্জ্জয়দাস, ভরতমল্লিক প্রভৃতির প্রাচীন কুলগ্রন্থ আলোচনা করিলে ধন্বন্তরি-গোত্রই প্রথম বলিয়া মনে হয়। ধন্বন্তরি বিনায়ক বংশই বৈদ্য সমাজের আদি গোষ্ঠীপতি। সেই জন্য আমরা এখানে বাহুল্য ভয়ে ধন্বন্তরি গোত্রীয় একজন কুলীনের সংক্ষেপে পরিচয় দিতেছি।*

১ম উচলি সেন।—বিনায়ক বংশীয় হিঙ্গুর পুত্র উচলি বংশের প্রধান স্থান বেন্দা ও অনেকে তৎপর বিক্রমপুর, খলীসাকোটা, কোটালীপাড়, কাশীয়ানী প্রভৃতি স্থানে গিয়া বাস করিয়াছেন।

উচলিসন্তান দৈত্যারি ও পর্ব্বত এই দুই বংশ বাজু ও শ্রীহট্ট দেশে চলিয়া যান। তাঁহার অপর পুত্র মদনসেনের বংশোদ্ভব গোপীকান্ত সেন বেন্দানিবাসী কৃষ্ণাত্রেয় গোত্রীয় রামভদ্র দেবের কন্যা এবং উচলি কংশারি বংশীয় ধর্ম্মাঙ্গদ রাঘবদত্তের কন্যার পাণিগ্রহণ করিয়া বেন্দাগ্রামে বাস করিতে থাকেন।১

উচলির বংশধরগণের মধ্যে বিজয় অন্তরঙ্গ খান শ্রেষ্ঠ তদ্‌-বংশীয় রামচন্দ্র সমাজপতি ছিলেন; তৎপুত্র জানকীনাথ ও রঘুনাথ। এই রঘুনাথের সহিত সংগ্রামসাহের কন্যার বিবাহ হয়। কবিকণ্ঠহার বলেন, রঘুনাথ সম্মত না হওয়ায় সংগ্রামসাহ বল-পূর্ব্বক তাঁহাকে আনিয়া স্বীয় কন্যা সম্প্রদান করেন। সন্তানাদি না হইতেই অশনি-সম্পাতে তাঁহার মৃত্যু হওয়ায় সমাজপতি-বংশ বিলুপ্ত হয়।২

---

* যাঁহারা অপর সকল বংশের কুলপরিচয় জানিতে ইচ্ছা করেন, তাঁহাদিগের কবিকণ্ঠহারের সদ্‌বৈদ্যকুলপঞ্জিকা ও ৺ভরতমল্লিকের চন্দ্রপ্রভা দ্রষ্টব্য।

(১) "পুত্রা উচলিসেনস্য তিস্রষু প্রমদাসু ষট।
শ্রীবঙ্গশ্রীমহাদেবৌ পদ্মবাণীসুতাসুতৌ।
অন্যৌ নন্দনদৈত্যারী পদ্মজগসুতাসুতৌ।
তৎপক্ষে কন্যা গুপ্তায় মদনায় সমর্পিতা।" (চন্দ্রপ্রভা ১১৬ পৃঃ)
"শ্রীবঙ্গো নন্দনশ্চৈব দৈত্যারিঃ পর্ব্বতস্তথা।
মাধবোঽপ্যুচলেঃ পুত্রা বাণীধরসুতাসুতাঃ॥
উভে কন্যে ব্যুবাহৈকাং দাসনারায়ণঃ কৃতী।
কার্ণদাসোঽপরাং কন্যাং নরসিংহসুতাবুভৌ॥" (কণ্ঠহার ৪৭ পৃঃ)

(২) "ধনঞ্জয়াদ্রামচন্দ্রঃ সমাজাধিপতিঃ কৃতী।
দুর্দ্দৈবাদশনিসম্পাতাদ্রঘুনাথো যুবামৃতঃ
সংগ্রামসাহতনয়াপাণিগ্রহণপীড়িতঃ।...
বাঠধি শ্রীনাথতনয়াং বিষ্ণুদাসো ব্যুবাহ চ।
যদুনাথসুতাঃ প্রায়ো বাঠধিং সমুপাশ্রিতাঃ॥
কাশীশ্বরো মহাদেবঃ শিবশ্চাপি মহেশ্বরঃ।
ব্যুৎক্রমেণ চতুষ্পুত্রা গোপীকান্তস্য জজ্ঞিরে॥
কৃষ্ণাত্রেয়রামভদ্রদেবকন্যাসমুদ্ভবাঃ।
বেন্দায়াং বসতিঞ্চক্রে গোপিকান্তস্য সন্ততিঃ। (ইতি সূর্য্য)

ভরত বলেন,ইহারা সেনহাটী-সমাজস্থ এবং কুলকার্য্যপরায়ণ ছিলেন। এই বংশীয় কেহ কেহ সেনহাটী পরিত্যাগ করিয়া নরহট্টে চলিয়া যান।

উচলির ভ্রাতা ডমনসেনের পুত্র রবিসেন মহামণ্ডল রবির একাদশ পুত্র ছিল, তাঁহার প্রথমবিবাহ বঙ্গপন্থবংশীয় সূর্য্যদাসের কন্যার সহিত, তাঁহার গর্ভে তিন কন্যা। দ্বিতীয় বিবাহ দত্তের কন্যার সহিত, এ পক্ষেও তিন কন্যা। তৃতীয় বিবাহ এক গুপ্ত কন্যার সহিত, তাঁহার গর্ভেও দুই কন্যা। চতুর্থ বিবাহ পন্থবংশীয় ঈশানদাসের কন্যার সহিত, তাঁহাতেও চারি কন্যা জন্মে। তাঁহার ১ম পক্ষে রাম, লক্ষ্মণ, কন্দর্প, ভরত ও বিনায়ক; ২য় পক্ষে আদিত্য নরসিংহ; ৩য় পক্ষে শত্রুঘ্ন, দামোদর ও মহেশ্বর, ৪র্থ পক্ষে শ্রীপতি এই ১১টী পুত্র সন্তান। কণ্ঠহার মতে রবিসেন শক্তি হিঙ্গুসেনের কন্যা বিবাহ করেন; তাহাতে রাম, লক্ষ্মণ, কন্দর্প, শত্রুঘ্ন, বিনায়ক, ভরত ও আদিত্য এই সপ্ত পুত্র জন্মগ্রহণ করেন।৩

রামসেন।—ভরতের মতে, রবিপুত্র রামসেনের বংশধরগণ সেনহাটীবাসী ছিলেন; তাঁহার ছয়টী পুত্র ছিল। কণ্ঠহারমতে রামসেনের দুই পুত্র; মার্কণ্ড ও প্রভাকর। রামসেন পরে কুলগ্লানি প্রাপ্ত হন। কোন কোন মতে পিতৃশাপ নিবন্ধন তাঁহার সাধ্যবৎ ভাব নির্দ্দিষ্ট হইয়াছে।৪ তৎসম্বন্ধে বৈদ্যসমাজে কিম্বদন্তী চলিয়া আসিতেছে, তাহা উল্লেখ করা হইল—

রামসেনের কনিষ্ঠ ভ্রাতা লক্ষ্মণসেন রাঘবদত্তের কন্যার পাণিগ্রহণ করেন। এজন্য তাঁহার কুলচ্যুতি ঘটে, কিন্তু তিনি পিতার প্রসন্নতা লাভ করিয়া সামাজিকগণের অনুগ্রহে পুনর্ব্বার কুলপ্রাপ্ত হন। কিন্তু রামসেন কোনও মতে তাহাতে স্বীকৃত হন না এবং পিতৃবাক্য অমান্য করিয়া ভ্রাতাকে অবহেলা করিতে চাহেন; এজন্য রবিসেন রামকে 'নিষ্কুল হও' বলিয়া অভিসম্পাত করেন। রবিসেনের অনুগত কুলীনগণ সেই অবাধ্য পুত্রকে পরিত্যাগ করিলেন। এই জন্য রামের কুল নষ্ট হয়।

বিক্রমপুরে রামের বংশধরগণ (হৃষীকেশবংশীয়) আসিয়া বাস করেন। যশোহর সমাজে আর তাঁহাদিগকে দেখা যায় না। বিক্রমপুরের ঘটকগণের কৃপায় তাঁহারা সাধ্যবৎ ভাব হইতে প্রধান মৌলিক হইয়া প্রধান আটঘর মধ্যে স্থান প্রাপ্ত হন। রামকান্তঘটক বিশারদ স্বীয় শ্বশুর বংশকে আট ঘরের প্রথম স্থান পর্য্যন্ত প্রদান করিতে কুণ্ঠিত হন নাই। উহা তাঁহার কুটুম্ববাৎসল্যের পরিচয় মাত্র। রাজপাশার রাম সন্তানগণ বিশেষ উন্নতিশালী বলিয়া বৈদ্যসমাজে পরিচিত ছিলেন। কার্ণ বংশে কন্যাসম্প্রদান করিয়া জামাতাকে বহু ভূবৃত্তি প্রদান করেন। নয়াপাড়ার ভরদ্বাজ চৌধুরীদের বাড়ীতে বিবাহ করিয়া এবং কার্য্য করিয়াও তাঁহারা বিশেষ উন্নতি লাভ করেন। এই বংশ মধ্যে চৌধুরী ও মজুমদারগণ বিশেষ প্রসিদ্ধ ছিলেন। পরে কীর্ত্তিনাশা নদী কর্ত্তৃক বাড়ী ও তালুক নষ্ট হওয়ায় ইঁহারা কেহ কোঁয়রপুর, কেহ বা পোড়াগাছা গ্রামে আসিয়া বাস করেন। ইঁহাদের কুলকার্য্য মন্দ নয়। চৌধুরীবংশের কেহ কেহ মহেশ্বরদি পরগণায় কন্যা সম্প্রদান করিয়া সমাজে বহু পরিমাণে অপদস্থ হইয়া সৎসাধ্য হইতে কষ্ট মধ্যে পরিগণিত হইয়াছেন। কেহ কেহ বা অদ্যাপি স্বভাবে বর্ত্তমান আছেন।

এতদ্ভিন্ন সোণার দেউলের মজুমদার উপাধিধারী (নদীভাঙ্গায়) যাঁহারা কোটালিপাড়ায় অবস্থান করিতেছেন, সমাজে তাঁহারাও লব্ধপ্রতিষ্ঠ। গোটাপাড়ার রামসন্তান সমাজে প্রতিষ্ঠিত নন। এতদ্ভিন্ন বাসিরা, কামারখাড়া, বল্লভদি, খালিয়া, বেড়াডাঙ্গা, পাচ্চর, রামদিয়া, বাখরগঞ্জ, কোটালিপাড় প্রভৃতি স্থানে রাম সন্তান বাস করিতেছেন। রাজপাশার রাম-বংশে কতিপয় প্রসিদ্ধ ব্যক্তি জন্ম গ্রহণ করিয়া গিয়াছেন। তন্মধ্যে রমাবল্লভ কবি

নানাস্থানে গতাঃ সর্ব্বে চন্দ্রসেনস্য বংশজাঃ।
পুত্রো বংশধরাজ্জাতো দামোদর উদারধীঃ॥
কন্যকে দ্বে চ দাসোঢ়াদত্তজাগর্ত্তসম্ভবা।
রমানাথঃ শিবনাথো দেবনাথঃ সুতাপি চ॥
সংগ্রামসাহকন্যায়াং বিশ্বনাথাচ্চ জজ্ঞিরে।
কন্যেকা তামুদবহৎ বংশীবদনসেনকঃ॥ (ইতি কংসারি)
শম্ভুর্ধর্ম্মাঙ্গদশ্চক্রপাণিঃ পীতাম্বরোঽপি চ।
দত্তরাঘবজাঃ সুতা ধর্ম্মাঙ্গদসুতাবুভৌ।
শিবঃ কৃষ্ণশ্চ শিয়ালঃ কার্ত্তিকেয়সুতাসুতৌ॥" (ইতি আধুসেন)

(৩) "ডোম্বুসেনস্য তনয়ো রবিসেনস্তদগ্রজঃ।
মহামণ্ডল ইত্যেব খ্যাতো নৃপতিবল্লভঃ। (চন্দ্রপ্রভা ১১৫ পৃঃ)
"রবিসেনঃ কবিসেনো ডমনস্য সুতাবুভৌ।
গুপ্তত্রিপুরবংশীয় মাধবস্য সুতাবুভৌ॥
রামলক্ষ্মণকন্দর্পশত্রুঘ্নকবিনায়কাঃ।
ভরতাদিত্যসেনৌ চ রবেশ্চ সপ্ত পুত্রকাঃ॥
হিঙ্গুসেনস্য দৌহিত্রো রামোঽতিকুলনৈষ্ঠিকঃ।
পিতুঃ ক্রোধবশাদেব কুলগ্লানিমবাপ চ॥" (কবিকণ্ঠহার)

(৪) "জজ্ঞিরে রামসেনস্য তনয়াঃ ষট্ চ পণ্ডিতাঃ।
গদাধরস্তদীয়াদ্যো মার্কণ্ডেয়ঃ প্রভাকরঃ।
বিশ্বম্ভরদাসস্য চায়ুবংশস্য সূনুজাঃ।
প্রায়ঃ সর্ব্বে রামবংশ্যাঃ সেনহাটীং সমাশ্রিতাঃ॥" (চন্দ্রপ্রভা)
"হিঙ্গুসেনস্য দৌহিত্রঃ রামেতি কুলনৈষ্ঠিকঃ।
পিতুঃ ক্রোধবশাদেব কুলগ্লানিমবাপ চ।
রামসেনাদ্ভবৌ পুত্রৌ মার্কণ্ডেয়প্রভাকরৌ।
নিমদাসস্য দৌহিত্রৌ মার্কণ্ডেয়ধনঞ্জয়ৌ।" (কণ্ঠহার ৫৯ পৃঃ

ভারতী এবং বাণীকান্ত কবিডিণ্ডিম প্রসিদ্ধ। এতদ্ভিন্ন এই বংশে অপর এক বঙ্গবিখ্যাত কবি জন্মগ্রহণ করেন, তাঁহার নাম জগন্নাথ সার্ব্বভৌম।৫

লক্ষ্মণসেন—বঙ্গজ কুলজীমতে,রবিপুত্র লক্ষ্মণসেন রাঘব দত্তের কন্যা বিবাহ করিয়া কুলচ্যুত হন, কিন্তু পিতৃসান্নিধ্য পরিত্যাগ করেন নাই। একদিবস লক্ষ্মণ পিতৃসমীপে উপস্থিত হইলে রবিসেন দেখিতে পান, লক্ষ্মণের হস্তে যে অঙ্গুরীয়ক ছিল তাহা নাই, তদ্দর্শনে জিজ্ঞাসা করেন, তোমার অঙ্গুরী কি হইল? তদুত্তরে লক্ষ্মণ বলিলেন, ময়লার মধ্যে পতিত হইয়াছে। পিতা বলিলেন, তাহাতে কি হইয়াছে, ভুঁইমালীকে দিয়া উঠাইয়া আনাও না কেন? সোণা কখনও অশুদ্ধ হইতে পারে না। তখন পুত্র বলিল, যদি তাহাই হয়, তবে আমিও তো সুবর্ণ কুলে সমুৎপন্ন। আমার জাতি যায় কেন? এই কথা শুনিয়া রবিসেন সমুদয় সামাজিকদিগকে নিমন্ত্রণ করিয়া আনিয়া লক্ষ্মণের কথা বলিলেন। পরিশেষে অনুনয় বিনয়ে বহুলোককে বাধ্য করিয়া লক্ষ্মণের দোষ মার্জ্জনা করিলেন। কিন্তু রামসেন পিতৃবাক্য অবহেলা করিয়া ভ্রাতার সহিত একত্র আহার করিতে অস্বীকৃত হইলেন। যখন রবিসেন দেখিলেন, কোন মতেও রাম বাধ্য হইলেন না, তখন তাহাকে 'তুমিই' কুলভ্রষ্ট হইলে বলিয়া অভিসম্পাত প্রদান করেন। এই সময়ে বৈদ্যদিগের মধ্যে যাঁহারা লক্ষ্মণসেনের পক্ষ সমর্থন করেন, তাঁহাদিগকে লইয়া 'লক্ষ্মণ-সেনী' থাকের উৎপত্তি হইল। রামের পক্ষ এই থাককে দূষিত মনে করেন। লক্ষ্মণসেনের সন্তান মধ্যে উষাপতি সেন কুলশ্রেষ্ঠ; গঙ্গাধরের সন্তানগণ কুলাধম। উষাপতির পুত্রগণ মধ্যে শশী-ধরের সন্তান মহাকুল। কংশারির বংশ গর্হিতসম্বন্ধদোষে স্বদেশ পরিত্যাগ করিয়া লাখরিয়া গ্রামে বাস করিতেছেন। লক্ষ্মণসন্তান মধ্যে যাঁহারা অধুনা মূলঘরে বাস করিতেছেন, তাঁহারাই কুলীন বলিয়া পরিচিত। এতদ্ভিন্ন যাঁহারা হোগল-ডাঙ্গায় বাস করিতেছেন, তাঁহারা সেরপুরিয়া দোষে দূষিত হইয়া কুলভ্রষ্ট হইয়াছেন।

"লক্ষ্মণাদীশ্বরো জাতো দত্তরাঘবজাসুতঃ।
ঈশ্বরস্য ত্রয়ঃ পুত্রা গঙ্গাধর উষাপতিঃ।
ঋষিপতি নৃসিংহস্য দাসস্য তনয়াঃ স্মৃতাঃ।
গঙ্গাধরস্য তনয়ৌ ত্রিপুরারিজনার্দ্দনৌ॥"

কন্দর্পসেন—রবির অপর পুত্র কন্দর্প-সন্তানগণ সকলেই মহাকুলীন। ইঁহারা খুল্না জেলার অন্তর্গত ভট্টপ্রতাপ নামক স্থানে বাস করেন। সরসপুরিয়া হিঙ্গুসেন শ্রীহট্টদোষে দোষী হইলে কন্দর্প রূপনারায়ণ সেন ঐ বংশে বিবাহ করেন। তিনি রামচন্দ্রসেনের কন্যাকে বিবাহ করিয়া তাঁহাকে উদ্ধার করেন। এই জন্য ঘটকগণের ডাকুরে পরিজ্ঞাত হওয়া যায়—

"তিনে ঠেকায় চন্দ্রচূড়। রূপাই গেলেন সরসপুর॥"

ভরতসেন।—ভরতসেনসন্তান অধুনা স্থানদোষ ও সম্বন্ধদোষে দোষী হইয়া নানা স্থানে হীনভাবে বাস করিতেছেন। পাচ্চর, গৈলা প্রভৃতি স্থানে এই বংশ বাস করেন, জানা যায়।

২য় বিনায়কসেন।—এই বংশ একেবারে অপরিচিত হইয়া পড়িয়াছে, যাঁহারা অপ্রতিষ্ঠিত ধন্বন্তরি তাঁহারা প্রায় সকলেই এই নামে পরিচয় দিয়া থাকেন। বাসণ্ডার সেনগণ বিনায়ক বংশ বলিয়া পরিচিত।

"বিনায়ক ভরত হয় কুলহীন দোষী।
তজ্জন্য তাহারা কিন্তু নানা দেশবাসী।" (ডাকের ৫২ পৃঃ)

আদিত্যসেন।—সেনহাটী পরিত্যাগের পর এই বংশীয়েরা মূলঘর গ্রামে বাস করিতেছিলেন। সম্ভবতঃ বিষ্ণুদাস বংশীয় জানকীবল্লভ বিশ্বাস খড়রিয়া পরগণার জমীদারী লাভ করিয়া যে সময় তথায় বাস করেন, সেই সময় হইতেই ইঁহারাও তথায় বাস করিতেছেন। পরে সমাজ সম্বন্ধীয় কোন গোলযোগ নিবন্ধন ইঁহারা জমীদারগণের সহিত একমত না হইয়া কেহ কেহ ঐস্থান পরিত্যাগ করিয়া সিদ্ধকাঠী, কেহ বা ইৎনায় চলিয়া আসেন। কেহ মূলঘরেই থাকিয়া যান। যাঁহারা ইৎনায় যান, তাঁহারা তত্রত্য বলভদ্র কর্ত্তৃক গৃহীত হইয়া স্থানলাভ করেন। যাঁহারা সিদ্ধকাঠী গমন করেন তাঁহারা তত্রত্য শক্তি পীতাম্বর বংশধরগণ কর্ত্তৃক স্থান প্রাপ্ত হন। এখন কিন্তু এই সকল কথা আর কেহই স্বীকার করিতে চান না। অধুনা সিদ্ধকাঠীর আদিত্য চৌধুরী মহাশয়েরা সাহাজাদপুর পরগণার জমীদার ও বিশেষ মান্য; অদ্যাপি ইঁহারা কুলগৌরব রক্ষা করিয়া আসিতে-ছেন। ইঁহার এক শাখা উক্ত সাহাবাজপুরে বাস করিতেছেন।

কবিসেন।—কবিবংশধরগণ বিক্রমপুর, পাবনা প্রভৃতি স্থানে বাস করিতেছেন। এই বংশীয় চতুর্ভুজ সেন (কবিকণ্ঠহার-বিরচিত সদ্বৈদ্যকুলপঞ্জিকাপ্রণয়নের পূর্ব্বে) একখানা কুলপঞ্জিকা প্রণয়ন করেন যথা—

"দিবাকরোঽভূচ্ছ্রীগর্ভাত্তস্মাজ্জাতশ্চতুর্ভুজঃ।
চতুর্ভুজোঽতিবিখ্যাতো যৎকৃতা কুলপঞ্জিকা।" (কণ্ঠহার ৮৯ পৃষ্ঠা)

(৫) মার্কণ্ডেয়স্য সন্তানাঃ বাজুদেশমুপাগতাঃ।
"হরিসেনাদ্বয়ো পুত্রৌ দ্বাবেব চ গুণান্বিতৌ॥
সার্ব্বভৌমজগন্নাথঃ কনীয়ান্ রামচন্দ্রকঃ।
বিদিতসকলশাস্ত্রঃ ধার্ম্মিকঃ সত্যসন্ধঃ।
নিখিলগুণনিবাসো রামবংশাবতংসঃ॥
ধবলবিমলকীর্ত্তী রাজপাশানিবাসঃ।
সুকবিবীজবরেণ্যঃ সার্ব্বভৌমঃ প্রসিদ্ধঃ।

আমরা চতুর্ভুজের ভাবাবলীর উল্লেখ করিয়াছি। তাহাতে প্রধান কুলভাব বেশ পরিস্ফুট আছে। কবিসেনের বংশ সম্বন্ধেও কণ্ঠাহর ও ভরতমল্লিক এক মত নহেন।৬

বিকর্ত্তনসেন—বঙ্গীয় বৈদ্যসমাজে ধন্বন্তরিবংশে যে যে কুলীন বিদ্যমান আছেন, তন্মধ্যে বিকর্ত্তন-বংশীয় কুলীনেরা সর্ব্ব শ্রেষ্ঠ। এই বংশে পরমেশ্বরসন্তান জনার্দ্দনবংশ চন্দ্রসদৃশ নির্ম্মল কুলবিশিষ্ট এবং বিদ্যাধরবংশীয় রামানন্দের সন্তান মহোজ্জ্বলকুলবিশিষ্ট বলিয়া কীর্ত্তিত হন। বিদ্যাধরের বংশীয় অন্যান্য সকলে রামানন্দ হইতে ন্যূনভাবাপন্ন। জনার্দ্দন-বংশীয়েরা বরাবর সেনহাটীতেই বাস করিয়া আসিতেছেন। রামদেব কণ্ঠাভরণ, গোপাল কবিরাজ, রঘুদেবকর্ণভূষণ, রামকৃষ্ণ কবিরাজ ও কৃষ্ণরাম কবিকণ্ঠ প্রভৃতি সুধীগণ এই বংশে জন্মগ্রহণ করিয়াছেন, তন্মধ্যে মুন্সী ও বক্সি উপাধিধারী মহাশয়েরা পূর্ব্বাপর উন্নত। ইঁহাদের মধ্যে মুন্সী বংশীয় গুরুপ্রসাদ সেন ও তদীয় ভ্রাতষ্পুত্র শ্যামলাল সেন ও গোবিন্দসেন মুন্সী প্রভৃতি প্রধান সামাজিক ছিলেন। বিদ্যাবত্তার জন্য এই বংশীয় কেহ কেহ চাঁচড়ার রাজপ্রদত্ত লাখেরাজ ভূমি পুরুষানুক্রমে ভোগ করিবার জন্য প্রাপ্ত হন। বিদ্যাধর বংশীয়েরা খড়রিয়া পরগণার অন্তর্গত মূলঘর গ্রামে বাস করিতেছেন। এই বংশে প্রাণনাথ সেন নামে একব্যক্তি জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি সংস্কৃত ও জ্যোতিষে বিশেষ অভিজ্ঞ ছিলেন। অনেক উপাধিধারী ব্রাহ্মণ ও বৈদ্য তাঁহার টোলে অধ্যয়ন করিতেন। তিনি পুত্রাদি পরিবারবর্গ পরিত্যাগ করিয়া কাশীধামে গিয়া যোগাবলম্বন করিয়াছিলেন। প্রবাদ, ঐ মহাপুরুষ দেহ পরিত্যাগের তিন দিবস পূর্ব্বে বলিয়াছিলেন 'শারদীয় নবমী তিথিতে আমি ইহলোক পরিত্যাগ করিব।' ঐদিন প্রত্যূষে তিনি গঙ্গাস্নান করিয়া বিশ্বেশ্বরের মন্দিরে যোগমগ্ন হন। স্থানীয় জমীদার ও বহুসংখ্যক লোক প্রকৃত ঘটনা পরীক্ষার্থ তাঁহার চতুর্দ্দিকে দণ্ডায়মান থাকেন। বেলা ১১টার সময় সকলে ঐ উপবিষ্ট মহাত্মার অঙ্গ স্পর্শ করিয়া জানিলেন, আত্মা দেহ পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছে। এই ঘটনা কুলীনসমাজের অনেকেই অবগত আছেন।

বিদ্যাধরের অপর বংশ মধ্যে গোবিন্দসেন একজন সংস্কৃতজ্ঞ পণ্ডিত ছিলেন। তাঁহার উপাধি ছিল বৈদ্যবল্লভ। গোবিন্দবৈদ্যবল্লভের সন্তানেরা সাধারণতঃ বৈদ্যবল্লভ নামেই খ্যাত। সেনহাটী, মূলঘর অথবা অন্য কোন কুলীনের বসতিস্থানে এখন আর তাঁহারা বাস করেন না। বিক্রমপুর, গলিয়া ও চাঁদপ্রতাপের অন্তর্গত নানা স্থানে ইঁহারা বাস করিয়া থাকেন। তিন দোষে বৈদ্যবল্লভের তিনসন্তান ন্যূনভাবাপন্ন বলিয়া হড়ঠাকুরগণ প্রকাশ করিয়া থাকেন। তাঁহারা বলেন, রামগোপাল সেন একটী পুত্রকে পোষ্য প্রদান করেন। পোড়াগাছার শিয়ালসেন-বংশে এই পুত্রের বিবাহ দেওয়া হয়। ২য় মধুসূদন সেনের বংশ উত্তরসাহাবাজপুরে বাস করেন এবং তৃতীয় রঘুনাথ সেন বাজু চাঁদপ্রতাপে বাস করায় কুলভ্রষ্ট হন। কিন্তু যে শ্লোক অবলম্বন করিয়া এই কথা বলা হয়, তাহার রচনা সম্পূর্ণ অশুদ্ধ। আবার ডাকুরকর্ত্তার বচনানুসারে জানা যায়—

'গোবিন্দের কুল গেল মাসি বিয়া করি'

আমরা কিন্তু বহু অনুসন্ধানেও বিকর্ত্তন গোবিন্দ বৈদ্যবল্লভের এই দোষ বাহির করিতে পারিলাম না। তবে এইমাত্র বুঝি যে সংগ্রামসাহীদোষী মাধববংশীয়দের সহিত বিশেষ সংস্রব ও আদান প্রদান থাকাতেই তাঁহারা স্ব সমাজ হইতে ভ্রষ্ট হন। গোবিন্দ বৈদ্যবল্লভের প্রথমপুত্র রামভদ্রসেন সংগ্রামসাহী মাধব জগদানন্দ রায়ের পুত্রের সহিত স্বীয় কন্যার বিবাহ দেন। ২য় পুত্র রামনাথ সংগ্রামসাহী ঐ জগদানন্দের কন্যাকে বিবাহ করেন। ইঁহারা বিক্রমপুরে নিমদাস-বংশের সহিত আদান প্রদান করিয়া তথায় স্থায়ী হইয়াছেন।

বঙ্গজ বৈদ্যগ্রন্থকার

বঙ্গজ বৈদ্যসমাজেও সংস্কৃত ও বাঙ্গালা ভাষায় বহু গ্রন্থকার ও কবি জন্মগ্রহণ করেন, রাঘব কবিরাজের সদ্বৈদ্যকুলদর্পণ ও কবিকণ্ঠহারের সদ্বৈদ্যকুলপঞ্জিকায় অনেক মহাত্মার নাম দৃষ্ট হয়, তদ্ব্যতীত বিজয় গুপ্ত, ষষ্ঠীবর সেন, গঙ্গাদাস সেন, বৈদ্য জগন্নাথ, লালা রামগতি রায়, লালা জয়নারায়ণ রায়, আনন্দময়ী,

(৬) "গণপতিঃ কার্ত্তিকেয়ঃ শূলপাণিঃ প্রজাপতিঃ।
গোবিন্দঃ সাৎকড়িঃ সিদ্ধেশ্বরশ্চ তনয়াঃ কবেঃ।
গোবিন্দাদি ত্রয়ানাঞ্চ বংশজাশ্চোত্তরে গতাঃ।
চতুঃপুত্রা গণপতে ভীমসেনো যুধিষ্ঠিরঃ।
বশিষ্ঠশ্চার্জ্জুনশ্চাপি ভীমস্যাপি বভূবতুঃ।
সুনক্ষত্রস্তথা পৃথ্বীধরঃ পুত্রৌ গুণান্বিতৌ।
কেশবস্য সুতাভর্ত্তুঃ সুনক্ষত্রাচ্চ জজ্ঞিরে॥
দামোদরো হরিহরশ্চতস্র কন্যকা অপি।
দামোদরো বংশহীনঃ সুনক্ষত্রো নিরন্বয়ঃ।
পরিণীয়ৈব গোবিন্দো বিক্রমপুরেঽস্থ্যবাস চ।" (কণ্ঠহার ৮৪।৮৫ পৃঃ)
"কবিসেনস্য সপ্তেতে তনয়াঃ পক্ষয়োর্দ্বয়োঃ।
নকড়িঃ প্রথমস্তেষু শ্রীধরস্তদনন্তরং॥
গোবিন্দসেনস্তদনু প্রজাপতিরতঃপরঃ॥
শূলপাণি র্গণপতিঃ ষড়েতে পূর্ব্বযোষিতি।
অমী বঙ্গসমুদ্ভূত রামদাসসুতাসুতাঃ।
তৎপক্ষেঽভূৎ সুতা শক্তি নিধিসেনায় তাং দদৌ॥
শেষপক্ষে কার্ত্তিকেয়ো বিধিদাসসুতাসুতঃ।
তৎপক্ষে দ্বে সুতে গুপ্তমদনায় দদেঽগ্রজা
পরা নৃসিংহদানীয়দিবাকরায় তেন চ॥" (চন্দ্রপ্রভা ১১৬ পৃঃ)

মুক্তারাম সেন, অনন্তরাম দত্ত, জগদীশ গুপ্ত, অন্ধকবি ভবানী-প্রসাদ, শিবচন্দ্র সেন, রামলোচন দাস, মুন্সী কাশীনাথ দাস, পত্রনবীস রামকুমার সেন, নীলমণি দাস, কালীনারায়ণ গুপ্ত, চট্টগ্রামী রামদাস সেন, পত্রনবীস রামকুমার সেন, মুন্সী শম্ভুনাথ দাস, নীলমণি দাস, গোলোকচন্দ্র সেন, ঈশ্বরচন্দ্র সেন, জগদ্বন্ধু দাস, কালীনারায়ণ গুপ্ত, মুন্সী রামনাথ সেন, কালীকুমার দাস, দুর্গাগতি সেন, পণ্ডিতবর গঙ্গাধর কবিরাজ, কৃষ্ণচন্দ্র মজুমদার, দীননাথ সেন, দুল্লভচন্দ্র সেন, রজনীকান্ত গুপ্ত, রোবিণীকুমার রায়চৌধুরী প্রভৃতি কবি ও গ্রন্থকারগণ বঙ্গজ বৈদ্যসমাজের মুখোজ্জ্বল করিয়া গিয়াছেন।

বৈদ্যজীবন দাস, একজন প্রাচীন কবি।

বৈদ্যনরসিংহসেন (পুং) বাসবদত্তাটীকা-রচয়িতা।

বৈদ্যনাথ, বাঙ্গালার প্রসিদ্ধ শৈবতীর্থ। বর্ত্তমান কালে সাঁওতাল পরগণা জেলার অন্তর্ভুক্ত হইয়াছে। ইংরাজাধিকারেও ইহা এক সময়ে বীরভূম জেলার ও পরে শাহাবাদ জেলার একটী গ্রামরূপে পরিগণিত ছিল। প্রাচীন তীর্থমাহাত্ম্যাদিতে বৈদ্যনাথক্ষেত্র বীরভূমির অন্তর্গত বলিয়া বর্ণিত আছে। [দেওঘর দেখ।]

এই স্থান কলিকাতার হাবড়া ষ্টেসন হইতে ইষ্টইণ্ডিয়া রেলের কর্ড লাইন পথে ২০১ মাইল দূরে অবস্থিত। এখান হইতে দেওঘর মহকুমা পর্য্যন্ত প্রায় ৪ মাইল একটী রেলপথ বিস্তৃত আছে, উহা দেওঘর লাইট্ রেলওয়ে নামে খ্যাত। ঐ রেলপথ প্রস্তুত হওয়া অবধি তীর্থযাত্রীদিগকে বৈদ্যনাথক্ষেত্রে আসিতে বিশেষ কষ্ট ভোগ করিতে হয় না। পূর্ব্বে যাত্রিগণ গোশকটে আরোহণ করিয়া অথবা পদব্রজে পার্ব্বতীয় প্রান্তর মধ্যস্থিত পথ অতিবাহন করিতেন। পথে দস্যুর যথেষ্ট ভয় ছিল, তদ্ভিন্ন যাত্রীর সহগামী পাণ্ডার অনুচরেরাও সুযোগ পাইলে যাত্রীর যথাসর্ব্বস্ব লুটিয়া লইত। এখন ইংরাজরাজের কঠোর শাসনে সে সকল অত্যাচার লুপ্ত হইয়াছে। রেলপথ বিস্তৃত হওয়ায় যাত্রীদিগকে আর কোন ক্লেশ পাইতে হয় না। অভীষ্ট পূজাদি দান করিয়া তাঁহারা স্বচ্ছন্দে রেলপথে সেই দিনই চালয়া আসিতে পারেন।

বৈদ্যনাথক্ষেত্র সমুদ্রপৃষ্ঠ হইতে ৮৭৪ ফিট্ উচ্চ। উচ্চতা বলিয়াই এখানকার মৃত্তিকা সেঁতসেঁতে নহে এবং বায়ুও রুক্ষ অর্থাৎ জলীয় রসবর্জ্জিত। এখানকার অধিত্যকাভূমি প্রবাহিত জলে নানা ধাতব পদার্থ মিশ্রিত হওয়ায় এবং বায়ু পরিচ্ছন্ন থাকায় এই স্থান একটী উৎকৃষ্ট স্বাস্থ্যাবাস মধ্যে পরিগণিত হইয়াছে। বিশেষতঃ ইহা একটী তীর্থক্ষেত্র। ধর্ম্মপ্রাণ বঙ্গবাসী বার্দ্ধক্যে উপনীত হইলে তীর্থবাসকল্পে ও বৃদ্ধাবস্থায় স্বাস্থ্যরক্ষার নিমিত্ত এই স্থানে আসিয়া বাস করিতে আরম্ভ করেন। এখন এই স্থানে বহুলোকের বসতি ঘটিয়াছে। আদি বৈদ্যনাথতীর্থ অর্থাৎ দেওঘরে কেবল তীর্থযাত্রী বাঙ্গালী ও পাণ্ডাদিগের বাস। যাঁহারা জলবায়ুপরিবর্ত্তনের জন্য দেওঘরে আসিয়া বাস করিয়া থাকেন, তাঁহারা দেবমন্দিরের দক্ষিণস্থিত কার্স্‌টেয়ার্স-টাউনভাগে ও উক্ত মন্দিরের দক্ষিণ-পশ্চিমস্থ উইলিয়মস্-টাউনে বাস করেন। ঐ দুইটী স্থান বর্ত্তমান দেওঘর নগরের অন্তর্গত। পূর্ব্বে এখানে বসতি ছিল না, ক্রমে ক্রমে বসতি বৃদ্ধি হইতেছে।

দেওঘর হইতে কিছু পশ্চিমে বৈদ্যনাথ জংশন ষ্টেসন। ষ্টেসনসংলগ্ন গ্রামটী বৈদ্যনাথ বলিয়াই প্রসিদ্ধ। এখানে প্রাচীনত্বের নিদর্শন-স্বরূপ মাঠে ঘাটে অনেক ধ্বস্তমন্দির ও নানারূপ ধ্বংসাবশেষ দৃষ্ট হয়।

দেওঘরে সুপ্রসিদ্ধ বৈদ্যনাথমন্দির; তন্মধ্যে দেবাদিদেবের অনাদি বৈদ্যনাথলিঙ্গ স্থাপিত। ঐ মন্দিরপ্রাচীরের মধ্যে আরও ২২টী দেবমন্দির আছে। তাহাদের গঠনশিল্প তাদৃশ নিপুণতার পরিচায়ক নহে, তবে মন্দিরসংলগ্ন কতকগুলি শিলালিপি অনুশীলন করিলে, অথবা উহার স্থাপত্য-প্রণালী পর্য্যবেক্ষণ করিলে প্রতীয়মান হয় যে, মন্দিরগুলি মুসলমান অধিকারে নির্ম্মিত অথবা সংস্কৃত হইয়াছিল। সাধারণের অবগতির জন্য নিম্নে ঐ মন্দিরগুলির তালিকা দেওয়া গেল :—

১ শ্যাম-কার্ত্তিক	১১ দেবী সিংহবাহিনী
২ পার্ব্বতী	১২ সূর্য্যনারায়ণ
৩ নীলকণ্ঠ মহাদেব	১৩ সরস্বতী
৪ লক্ষ্মীনারায়ণ	১৪ হনুমান ও কুবের
৫ অন্নপূর্ণাদেবী	১৫ কালভৈরব
৬ কালী	১৬ সন্ধ্যামাই
৭ ভোগমন্দির (ভগ্ন)	১৭ ব্রহ্মা ও গণেশ
৮ সমাধি	১৮ বৈদ্যনাথ রাবণেশ্বর মহাদেব
৯ আনন্দভৈরব	১৯ গঙ্গা
১০ রামলক্ষ্মণ	

এতদ্ভিন্ন কালভৈরব, সন্ধ্যামাই এবং ব্রহ্মা ও গণেশ মন্দিরের সম্মুখে নেপালরাজপ্রদত্ত ঘণ্টাবলী বিদ্যমান আছে। মন্দিরপ্রাঙ্গণে প্রবেশের জন্য প্রাচীরগাত্রে ৪টী দ্বার। উত্তরের দ্বারের পার্শ্বে একটী ইন্দারা ও তাহার পার্শ্বেই লক্ষ্মীনারায়ণের মন্দির। ঐ উত্তর দ্বারের বাহিরে বাজার ও নানাপ্রকার খাদ্যের দোকান। মন্দিরের সম্মুখেও দোকান বাজার আছে। মন্দিরের উত্তরপশ্চিম-কোণে ভোগমন্দির ও সমাধির মধ্য দিয়া বাহিরে আসিবার একটী পথ। ঐ পথে বাঙ্গালীটোলায় শীঘ্র আসা যায়। ঐ পথের ধারেও দুইএকটী ভগ্নপ্রায় মন্দির দৃষ্ট হয়।

উত্তরের মূলদ্বার দিয়া বাজার পথে আরও কিছু অগ্রসর হইলে, বুড়ীগঙ্গায় আসা যায়। তীর্থযাত্রীরা ঐ বুড়ীগঙ্গা বা দীর্ঘিকায় স্নান করিয়া দেবতার্চ্চনার্থ মন্দিরে আসিয়া থাকে। এইস্থানে পাণ্ডাদিগের বাসগৃহ এবং যাত্রী রাখিবার জন্য বড় বড় বাড়ীও আছে। ঐ বাসাবাটীগুলি নিরাপদ বলিয়া মনে হয় না। কারণ উহা নগরের উত্তরপূর্ব্বকোণের শেষ সীমায় অবস্থিত।

বৈদ্যনাথলিঙ্গ ভারতের দ্বাদশ অনাদিলিঙ্গের একতম বলিয়া কীর্ত্তিত। এই লিঙ্গের প্রতিষ্ঠা সম্বন্ধে অনেক পৌরাণিক আখ্যান পাওয়া যায়। পদ্মপুরাণান্তর্গত বৈদ্যনাথমাহাত্ম্যে এবং হরিহরসুত মুকুন্দদ্বিজের বিরচিত 'বৈদ্যনাথমঙ্গল' নামক ভাষাগ্রন্থে রাবণ কর্ত্তৃক দেবাদিদেবের তথায় আনয়ন ও বনদেশে রক্ষার কথা বর্ণিত আছে, তৎপ্রসঙ্গ পরে বিবৃত হইতেছে, কিন্তু এতদ্দেশে বৈদ্যরূপী বৈদ্যনাথের মন্দিরপ্রতিষ্ঠা কিরূপে ঘটিয়াছিল, তাহার প্রবাদটী বলা যাইতেছে—

"পুরাকালে একদল ব্রাহ্মণ এই পুণ্যক্ষেত্রে আসিয়া উপনীত হন। তাঁহারা এই পার্ব্বতীয় অধিত্যকাভূমে বাসযোগ্য স্থান অন্বেষণ করিতে করিতে, অবশেষে বর্ত্তমান মন্দিরের নিকটবর্ত্তী দীর্ঘিকাতীরে আসিয়া উপস্থিত হইলেন। ঐ স্থানের জল সুপেয় এবং বায়ুও সুখশীতল দেখিয়া তাঁহারা সেইস্থানে বাস স্থাপন করেন। তখন ঐ দীর্ঘিকার চতুষ্পার্শ্ব পার্ব্বতীয় বন্য জঙ্গলে পূর্ণ ছিল। অনার্য্যগণ (সাঁওতাল) সেই জঙ্গলে বাস করিত। ব্রাহ্মণগণ শিবোপাসক ছিলেন। তাঁহারা সেই হ্রদের তীরে আপনাদের অভীষ্ট দেবের মূর্ত্তি স্থাপন করিয়া পূজা করিতে থাকেন। ব্রাহ্মণেরা দেবতার উদ্দেশে যথাযোগ্য বলি দিতেন। অনার্য্য সাঁওতালেরাও সেইখানে আসিয়া তাহাদের পিতৃপুরুষগণের পূজিত তিনখণ্ড প্রস্তর পূজা করিয়া যাইত, কিন্তু তাহারা ব্রাহ্মণগণের ন্যায় বলি দিত না। ঐ তিনখণ্ড প্রস্তর অদ্যাপি দেওঘরের পশ্চিম প্রবেশদ্বারে রক্ষিত আছে।

এইরূপে একস্থানে আর্য্য ও অনার্য্যের সংমিশ্রণে পরস্পরে সদ্ভাব ঘটিতে লাগিল। অনার্য্যগণ আর্য্যশক্তির বশীভূত হইল। আর্য্যগণ আপনাদের জীবিকার জন্য ক্ষেত্র কর্ষণ করিয়া উক্ত দীর্ঘিকা হইতে জল সিঞ্চন পূর্ব্বক প্রচুর শস্য উৎপাদন করিত। বন্য পশুপক্ষি-মাংসজীবী অনার্য্যগণ ক্রমে তাহারই অনুকরণ অভ্যাস করিল। তখন তাহারা বনে বনে শীকার বা জলে মৎস্য ধরা পরিত্যাগ করিল, কেহ ব্রাহ্মণের ক্ষেত্র কর্ষণ করিল, কেহ বা স্বয়ং পত্নী পুত্র লইয়া দরিদ্র কৃষকের ন্যায় জমি চাষ করিতে শিখিল, এইরূপে তাহারাও স্বভাবতঃ কতক সভ্যপথারূঢ় হইল এবং শিবোপাসনার প্রভাবই আর্য্যগণের উন্নতির মূল জানিয়া তাহারা শিবোপাসনা করিতে শিখিল।

ধনধান্যে পূর্ণভাণ্ডার ব্রাহ্মণ-পণ্ডিতগণ ক্রমে অলস ও ভোগলালসাপ্রিয় হইয়া উঠিলেন, তখন আর তাঁহারা অনাদিদেবের মূর্ত্তিপূজায় সেরূপ আস্থা প্রদর্শন করিতেন না; তাহা দেখিয়া অনার্য্যগণ ব্রাহ্মণদিগের আচরণে বীতশ্রদ্ধ হইয়া পড়িল এবং দেব-শক্তি অমূলক জ্ঞান করিয়া দেবমূর্ত্তির প্রতি অশ্রদ্ধা করিতে লাগিল।

অবশেষে বৈজু নামে এক ধনবান্ অনার্য্য মনে মনে চিন্তা করিল, ব্রাহ্মণের দেবতার যদি প্রভাবই নাই তবে তাহাতে আর ভয় কি, বরং ঐ দেবমূর্ত্তির প্রতি হতাদর করিলে আর্য্য ব্রাহ্মণগণের প্রতি অবজ্ঞাই করা হইবে। যে ব্রাহ্মণগণ প্রথমে এদেশে বাস করিয়া অনার্য্যদিগের উপর প্রভুত্ব বিস্তার করিয়াছিল, সেই ব্রাহ্মণ সন্ততিরা এক্ষণে অনার্য্য কর্ত্তৃক দলিত হইবে। এইরূপ কল্পনা করিয়া বৈজু মনে মনে সঙ্কল্প করিল, প্রতিদিন শিবমূর্ত্তিকে দণ্ডাঘাত না করিয়া সে জলস্পর্শ করিবে না। এই প্রতিজ্ঞা হইতে ক্রমে শিবমূর্ত্তিস্পর্শের জন্য তাহার একটী অনুরাগ জন্মিতে লাগিল। সে আঘাতের পরিবর্ত্তে প্রতিদিন নিরাহারী অবস্থায় একবার শিবলিঙ্গকে স্পর্শ করিয়া যাইত। দৈবাৎ একদিন বনমধ্যে তাহার গোরুগুলি হারাইয়া যাওয়ায় সন্ধ্যা পর্য্যন্ত তাহাকে গবাদি অন্বেষণ করিতে হইল, সমস্ত পথ পর্য্যটনে শ্রান্ত, ক্লান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া সে উক্ত দীর্ঘিকায় আসিয়া স্নান করিল এবং তাড়াতাড়ি আহারার্থ আসনে উপবেশন করিল। অন্নব্যঞ্জনাদি সম্মুখে পাইয়া যখন সে ভোজ্যগ্রাস মুখে তুলিতে উদ্যত হইল, তখন তাহার স্মরণ হইল, অদ্য শিবলিঙ্গ স্পর্শ করা হয় নাই। তখনই প্রতিজ্ঞাভঙ্গের ভয় তাহার অন্তরে জাগিয়া উঠিল, সে তৎক্ষণাৎ আহার ত্যাগ করিয়া লিঙ্গমূর্ত্তি স্পর্শ করিতে চলিল, ক্ষুধাকাতর বৈজু মানসিক মর্ম্মবেদনার সহিত দেবমূর্ত্তি দর্শন করিল এবং হস্তস্থিত দণ্ডদ্বারা দেবমূর্ত্তিকে আঘাত করিল।

অনার্য্য বৈজুর এই অনুরাগ দেখিয়া দয়ানিধান ভগবান্ প্রীত হইলেন। তখন তিনি মনে মনে 'যে ব্যক্তি আমায় মারিবার জন্য আহার নিদ্রা ভুলিয়া যায় সে আমার ভক্ত, কেননা মচ্চিন্তায় তাহার একাগ্রতা আছে। আর আমার উপাসকেরা নিশ্চিন্ত হইয়া সংসারমদে মত্ত হইয়া আছে।' ইত্যাদি চিন্তা করিয়া পার্শ্ববর্ত্তী জলাশয় হইতে দিব্যমূর্ত্তিতে দর্শন দিলেন এবং বৈজুকে সম্বোধন করিয়া বলিলেন, বৎস! তুমি বর প্রার্থনা কর, আমি তোমার অভীষ্ট পূরণ করিব। দেবমূর্ত্তিদর্শনে ভয় বিহ্বল হইয়া বেজু তখন উত্তর করিল, প্রভো! আমার ধনরত্ন যথেষ্ট আছে। অর্থ বাসনা আমার নাই, আমি অনার্য্যদিগের অধিপতি, সুতরাং রাজা হইবার আশাও আমার

নাই ; আপনাকে সকলে 'নাথ' (জগন্নাথ) বলে, আমাকেও যেন সকলে নাথ বলিয়া ডাকে এবং মৎস্থাপিত মন্দির যেন আমার নামেই বিঘোষিত হয়। তাহার বাক্যে প্রীত হইয়া ভগবান্ বলিলেন, তথাস্তু, আজ হইতে তুমি বৈজু না হইয়া বৈজনাথ (বৈদ্যনাথ) নামে ঘোষিত হইলে এবং আমার মূর্ত্তি স্থাপনার জন্য নির্ম্মিত মন্দির তোমারই নামানুসারে বৈদ্যনাথ মন্দির নামে বিদিত থাকিবে।

সেইদিন হইতে বৈদ্যনাথের প্রভাব দিগন্ত বিশ্রুত হয়। নানাদেশ হইতে বণিক্‌সম্প্রদায়, রাজন্যবর্গ, ব্রাহ্মণ ও অন্যান্য বর্ণের লোক এখানে সমাগত হইয়া পরস্পরে উৎকৃষ্টতর মন্দিরাদি নির্ম্মাণপূর্ব্বক দেবস্থানের মহিমা কীর্ত্তন করিতে থাকে। মহাদেব স্বয়ং যেখানে বৈজুকে দর্শন দিয়াছিলেন, সেই খানেই ঐ সকল মন্দির প্রতিষ্ঠিত হয়। এইরূপে ধীরে ধীরে স্থানের মাহাত্ম্য, দেবক্ষেত্রের পুণ্যপ্রদত্ব, ও বৈদ্যরূপী বৈদ্যনাথের রোগহরত্ব চারিদিকে রাষ্ট্র হইতে থাকে এবং তাহাতেই নানাদেশ হইতে তীর্থযাত্রিগণ রোগমুক্তির কামনায় এই তীর্থে আসিয়া উপস্থিত হয়। ভাদ্রমাসের পূর্ণিমা তিথি বৈদ্যনাথের একটী পুণ্যাহ। ঐ দিনে এখানে একটী মেলা বসে এবং উহা ৩।৪ দিন থাকে।

প্রাচীর-পরিবেষ্টিত বর্ত্তমান মন্দিরপ্রাঙ্গণতল চুণার প্রস্তরে আচ্ছাদিত ; মীর্জাপুরবাসী একজন বণিক্ লক্ষটাকা ব্যয়ে উহা বাঁধাইয়া দিয়াছেন। তাহার পূর্ব্বে ঐ স্থান জলে ও ফুলে কর্দ্দমাক্ত হইয়া ভীষণ অস্বাস্থ্যকর ছিল। মন্দিরগুলির মধ্যে তিনটীতে মহাদেব ও তিনটীতে পার্ব্বতীমূর্ত্তি বিরাজিতা। ৪০ বা ৫০ গজ লম্বা রেশমনির্ম্মিত রজ্জুদ্বারা ভৈরব ও ভৈরবীভাবে মন্দিরগুলির চূড়াদেশ সংযোজিত। রজ্জুগুলি নানাবর্ণের পতাকা, বস্ত্র ও পুষ্পমালা দিয়া শোভিত হইয়া থাকে।

মন্দিরের পশ্চিম দ্বার দিয়া নগরে আসিতে ৬ ফিট্ উচ্চ এবং ২০ ফিট্ চতুষ্ক একটী প্রস্তর-চত্বর দেখা যায়। ঐ চত্বরের উপরে লম্বভাবে দুইটি ১২ ফিট্ উচ্চ প্রস্তরস্তম্ভ স্থাপিত আছে এবং ঐ স্তম্ভদ্বয়ের শিরোদেশে একটী প্রস্তরস্তম্ভ সমান্তরালভাবে বিন্যস্ত। ঐ উপরের স্তম্ভটীর দুই মুখে হস্তী বা কুম্ভীরের মুখখোদার মত দেখা যায় ; কিন্তু স্তম্ভদণ্ডদ্বয়ে সেরূপ কিছু নাই অর্থাৎ উহাতে বিশেষ কোন শিল্পনৈপুণ্যের পরিচয় দৃষ্ট হয় না। ঐ তিনখণ্ড প্রস্তরের প্রত্যেকটী প্রায় ১৬০ মণের অধিক ভারি হইবে। কোন্ সময়ে, কাহার দ্বারা, কি উদ্দেশ্যে ঐ স্তম্ভসহিত প্রস্তরত্রয় স্থাপিত হইয়াছিল তাহার কোন ইতিবৃত্ত পাওয়া যায় না। ইহারই নিকটে বৌদ্ধবিহারের কতকগুলি ধ্বস্ত নিদর্শন রহিয়াছে।

প্রত্নতত্ত্ববিদ্‌গণ অনুমান করেন, এখানে যতগুলি মন্দির আছে, তাহার মধ্যে রাবণেশ্বর, বৈদ্যনাথ, পার্ব্বতী ও লক্ষ্মীনারায়ণ-মন্দির অপেক্ষাকৃত প্রাচীন। তাঁহারা বলেন, পূর্ব্বে এখানে বৌদ্ধগণের বাস ছিল, হিন্দুগণ বৌদ্ধকীর্ত্তির বিলোপ-কামনায় তাহারই পার্শ্বে ঐ মন্দিরগুলি নির্ম্মাণ করিয়াছিলেন। এখনও বুদ্ধ ও বৌদ্ধমূর্ত্তিগুলি এবং তৎপাদমূলের খোদিতলিপিসমূহ সেই প্রাচীন বৌদ্ধপ্রভাবের পরিচয় দিতেছে। সূর্য্যমূর্ত্তির পদতলে "যে ধর্ম্ম" ইত্যাদি প্রসিদ্ধ বৌদ্ধমন্ত্র খোদিত দেখা যায়। এই সকল এবং অন্যান্যস্থানে বিক্ষিপ্ত বৌদ্ধ-প্রতিমূর্ত্তিনিচয় দেখিলে নিঃসন্দেহে বলিতে পারা যায় যে, প্রাচীনকালে এখানে একটী সুবিস্তৃত বৌদ্ধসঙ্ঘারাম প্রতিষ্ঠিত ছিল।

পালিগ্রন্থে বিঞ্চের আরণ্যপ্রদেশে উত্তানিয় নামে এক সঙ্ঘারামের উল্লেখ দেখা যায়। বিঞ্চ সংস্কৃত বিন্ধ্যশব্দের প্রাকৃতরূপ। সম্ভবতঃ বিন্ধ্যপর্ব্বতের উত্তরদিগ্বিস্তৃত পার্ব্বত্য-প্রদেশই পালিগ্রন্থোক্ত বিঞ্চবন। ঐ বনে উত্তানিয় মঠ।

উক্তগ্রন্থে লিখিত আছে, "রাজা পাটলিপুত্র হইতে বিঞ্চবন হইয়া তমলিত্ত জনপদে সপ্তমদিনে উত্তীর্ণ হইয়াছিলেন।" অন্যত্র, "নানাদেশ হইতে শ্রমণেরা বিঞ্জসঙ্ঘারামে সমাগত হইতেন।" আবার উক্ত গ্রন্থের অন্য একস্থলে লিখিত হইয়াছে যে, "উত্তর ষষ্ঠিসহস্র ধর্ম্মযাজক সঙ্গে লইয়া বিঞ্চবনের অন্তর্গত উত্তানীয় মঠে সমুপস্থিত হইয়াছিলেন।" এই উক্তি ত্রয়ের মধ্যে রাজসেনাদল এবং পুরোহিতগণের সংখ্যা অনুমান করিলে বৌদ্ধসঙ্ঘারামের আয়তন সহজেই উপলব্ধি হয়।

পালিগ্রন্থের বর্ণনা হইতে আমরা জানিতে পারি যে, পাটলিপুত্র হইতে বিঞ্চ অরণ্যের মধ্যদিয়া তাম্রলিপ্ত (তমলুক) পর্য্যন্ত একটী বিস্তৃত রাস্তা ছিল। এখনও তমলুক হইতে বাঁকুড়া পর্য্যন্ত এবং তথা হইতে ভাগলপুরে যাইবার যে প্রাচীন রাস্তা আছে, তাহা সিউড়ী, মন্দার ও বাস্কিনাথ হইয়া গিয়াছে। বাস্কিনাথ হইতে দেওঘর-বৈদ্যনাথ পর্য্যন্ত প্রাচীন পথের নিদর্শন অদ্যাপিও বর্ত্তমান। এই রাস্তা কবলকোল পর্ব্বতশ্রেণীর পূর্ব্বশাখা অতিক্রম করিয়া, অফ্‌সন্দ, পার্ব্বতী ও বিহার হইয়া পাটনা পর্য্যন্ত বিস্তৃত আছে। এই সকল কারণে সাঁওতাল-পরগণার অন্তর্গত এই বিন্ধ্যপর্ব্বতের অধিত্যকাংশকেই পালিগ্রন্থোক্ত বিঞ্চবন বলিয়া গ্রহণ করিতে পারা যায়। কেননা, দেওঘর-বৈদ্যনাথ ব্যতীত এতদ্দেশের অপর কোন অংশে এতাদৃশ বৌদ্ধকীর্ত্তির নিদর্শন পাওয়া যায় না। এতদ্ভিন্ন দেওঘর নগরের বৈদ্যনাথ-মন্দিরের সন্নিকটে উৎমুরিয়া নামে একটী ক্ষুদ্র পল্লী আছে, কেহ কেহ উহাকে পালি উত্তম শব্দের অপভ্রংশ ও উত্তানিয় সঙ্ঘারামের শেষ স্মৃতিজ্ঞাপক বলিয়া বিবেচনা করেন।

এখানে অন্যান্য যে, সকল মন্দির আছে, তাহা উক্ত মন্দির-ত্রয়ের অনেক পরে ও আধুনিক ধরণে নির্ম্মিত। সুতরাং তাহাদের বিবরণ লিপিবদ্ধ করা নিষ্প্রয়োজন। সাধারণের জ্ঞাতার্থ এখানে মূল বৈদ্যনাথের পৌরাণিক বৃত্তান্ত ও কিংবদন্তী উদ্ধৃত হইল।

মন্দিরপ্রাঙ্গণের ঠিক মধ্যস্থলে একটী প্রস্তরনির্ম্মিত সুবৃহৎ মন্দিরে বৈদ্যনাথের লিঙ্গমূর্ত্তি প্রতিষ্ঠিত। বৈদ্যনাথ মন্দিরের উপরিদেশে কিঞ্চিৎ চাপা। হিন্দুদিগের বিশ্বাস, লঙ্কার রাবণ যখন বিস্তর স্তবস্তুতি করিয়াও দেবাদিদেবকে লঙ্কায় লইয়া যাইতে পারিলেন না এবং দেবাদিদেবের রথ পাতালগামী হইতে লাগিল, তখন তিনি ক্রোধে রথের শিখর চাপিয়া লিঙ্গকে পাতালে পাঠাইতে মানস করিয়াছিলেন। তদবধি ঐ মন্দিরের উপরিদেশে রাবণের বৃদ্ধাঙ্গুলির চাপের চিহ্ন রহিয়া গিয়াছে।

বৈদ্যনাথ-রাবণেশ্বর লিঙ্গ সম্বন্ধে পদ্মপুরাণের বৈদ্যনাথ-মাহাত্ম্যে এইরূপ উপাখ্যান পাওয়া যায়,—লঙ্কেশ্বর রাবণ প্রত্যহ উত্তরখণ্ডে কৈলাসশিখরে আসিয়া স্বীয় ইষ্টদেবের পূজা সমাপন করিতেন। প্রতিদিন এইরূপে তপস্যা করায় রাবণের প্রতি ভগবান্ সন্তুষ্ট হইলেন। শিবের কৃপায় রাবণ স্বর্গস্থ দেবগণের পীড়ন করিতেও সমর্থ হইবে আশঙ্কা করিয়া শচীপতি ত্বরান্বিত হইয়া ব্রহ্মলোকে আসিলেন, ব্রহ্মা তাঁহাকে বিপ্রদ্রোহ করিতে নিষেধ করিলেন এবং শিবলিঙ্গ উত্তোলনের পাপ জ্ঞাপন করিয়া রাবণের ভবিষ্যৎ বংশনাশের কথা জানাইয়া দিলেন। ফলে তাহাই ঘটিল, কিছুদিন পরে রাবণ কৈলাসপর্ব্বত হইতে শিবলিঙ্গ উঠাইয়া লঙ্কায় স্থাপন করিতে অভিলাষী হইলেন। তাঁহার ইচ্ছা, স্বয়ং মহেশ্বর লঙ্কাপুরে বিরাজিত না থাকিলে স্বর্ণলঙ্কার গৌরবই বৃথা। মনে মনে এই চিন্তা করিয়া রাবণ ভগবান্ মহেশ্বরের সমীপে লিঙ্গমূর্ত্তি লইবার প্রস্তাব জানাইলে ভগবান্ তাহাতে তুষ্ট হইয়া বলিলেন, রাবণ তোমার তপস্যায় আমি সাতিশয় প্রীত হইয়াছি। তুমি আমার মূর্ত্তি লইয়া লঙ্কায় স্থাপন করিবে, তাহাতে আমার কোন আপত্তি নাই, কিন্তু এক কথা, তুমি আমাকে কৈলাস হইতে লঙ্কায় লইবার সময়ে কোথাও রাখিতে পারিবে না। মাথায় করিয়া লইয়া যাইতে হইবে। যদি ভ্রম করিয়া কোথাও স্থাপন কর, আমি তথায়ই রহিব, আর লঙ্কায় যাইব না। বলদর্পে মত্ত রাবণ শিবের বাক্য শুনিয়া বলিলেন, প্রভু তাহাই হইবে। রাবণের কথায় পরিতুষ্ট হইয়া ভগবান্ বলিলেন, তুমি আমাকে কৈলাস সহ লঙ্কায় লইয়া যাইবে। এ সম্বন্ধে বৈদ্যনাথমঙ্গলে বর্ণিত হইয়াছে—

"কালী চতুর্দ্দশী পরে হৈব বিভাবরী।
নিদ্রায় বেভুল হৈয়া হেমন্ত-ঝিয়ারী॥
নিদ্রায় পার্ব্বতী তবে হৈলা কুরূপর।
হেনকালে নিশাতে আসিবা লঙ্কেশ্বর॥
গিরিসনে নিবা আমা লঙ্কার নগর।
কৈলাস নগর আমা সভার জীবন॥
স্বর্গের দুর্ল্লভ স্থান কৈলাসনগরী।
কদাচিৎ ছাড়িতে নারি সেইত নগরী॥
আমা যদি নিতে চাহ লঙ্কার অধিকারী।
গৌরীসনে লইয়া যাহ লঙ্কার নগরী॥"

আশ্বাসিত হইয়া রাবণ লঙ্কাপুরে চলিলেন। শিবকথিত শুভদিন সমাগত সন্দর্শন করিয়া রাবণ সানন্দ মনে কৈলাসাভিমুখে যাত্রা করিলেন এবং নিশাকালে রাবণ কৈলাসে উপনীত হইয়া প্রথমেই বলপরীক্ষার্থ গিরিবরকে সঞ্চালিত করিলেন। নিশাকালে দুর্বৃত্ত রাবণের এই ব্যবহারে পার্ব্বতী কুপিতা হইলেন, কিন্তু হরের মুখে আনুপূর্ব্বিক অবগত হইয়া তিনি কতক শান্তভাব ধারণ করিলেন।

"শুন, রাম রঘুনাথ অপূর্ব্ব কথন।
কৃপাসিন্ধু বৈদ্যনাথ হৈলা যে কারণ॥
প্রাচীরের বেদি যদি সম্পূর্ণ হৈল।
মন নিষ্ঠা করি রাজা চিন্তাযুক্ত হৈল॥
চতুর্দ্দশী দিনে তবে বৈশাখের মাসে।
প্রভুকে আনিতে রাবণ চলিল কৈলাসে॥
প্রবল হৈল রাবণ বেদ নাহি মানে।
যাত্রা করি চলিলেক শুভলগ্ন ক্ষণে॥
চতুর্দ্দশ দণ্ডরাত্রি চন্দ্রের প্রকাশ।
হেনকালে গেলা রাবণ যথাতে কৈলাস॥
ঘোরতর নিশি হৈছে মহা অন্ধকার।
রাত্রিতে কৈলাসে দেখে রাবণ সঞ্চার॥
মহামায়া বসি আছে সূর্য্যের সোসর।
দিনমণি জিনি রূপ চন্দ্রের তর্জ্জর॥"

অতঃপর রাবণ শঙ্করপূজার জন্য শিবনিবাসে গমন করিলেন, দ্বারে নন্দী, হরপার্ব্বতী নিদ্রাগত আছেন জানাইয়া তাহার গতিরোধ করিল, রাবণ বারণ শুনিলেন না এবং আমি শিবের পুত্র, তথায় যাইতে আমার নিষেধ নাই বলিয়া বলপূর্ব্বক নন্দীকে দূরে নিক্ষেপ করিয়া হরসকাশে সমুপস্থিত হইলেন। রাবণের ভক্তিদর্শনে প্রীত হইয়া শিব বলিলেন, বৎস! বর প্রার্থনা কর। রাবণ বলিলেন, প্রভু! লঙ্কায় চলুন। তখন শিব পূর্ব্বোক্ত প্রস্তাবমত যাইবার বাসনা জানাইলেন।—

"রাবণের ভক্তি দেখি বলে ত্রিলোচন।
আমা লইয়া তবে চল দুরন্ত রাবণ ॥
এই বাক্য বা'র হৈল শঙ্করের মুখে।
ধন্য ধন্য প্রশংসিলা সব দেবলোকে ॥
রাবণ আনন্দ হৈল খণ্ডিল বিবাদ।
রাবণে পাইল তার অমূল্য প্রসাদ ॥
সাজাইয়া অমূল্য রথ করিল সাক্ষাৎ।
নন্দীসনে রথে চড়ি বৈসে বিশ্বনাথ ॥
প্রভু বলে শুন রাজা লঙ্কার রাবণ।
পথে গিয়া রথ না রাখিহ কদাচন ॥
পথে গিয়া রথ যদি কদাচিৎ এড়।
সেথায়ে রহিলাঙ্ রথ কহিলাম দড় ॥
এত বলি রথে চড়ে দেব বাণেশ্বর।
দশশিরে রথ তুলি লইল লঙ্কেশ্বর ॥
রথে চড়ি লঙ্কাপুরী শূলপাণি যায়।
স্বর্গবাসী দেব যত উকি দিয়া চায় ॥"

রাবণ সাহ্লাদে লিঙ্গমূর্ত্তি মাথায় উঠাইয়া লইলেন এবং ধীরে ধীরে লঙ্কার অভিমুখে অগ্রসর হইলেন। যখন তিনি লাঝুরি (বর্ত্তমান নাম হরলাজুরি) গ্রামের নিকট উপনীত হইয়াছেন, তখন তাঁহার দারুণ প্রস্রাবের পীড়া অনুভূত হইতে লাগিল। রাবণ আর স্থির থাকিতে পারেন না, এদিকে শিব বিশ্বম্ভর মূর্ত্তিতে ভার দিতেছেন। রাবণ শিবকে মৃত্তিকায় রাখিয়া মাঠে শৌচে যাইতে পারেন না, কারণ তাহা হইলে মহাদেব পূর্ব্ব অঙ্গীকারমত সেই স্থানেই অবস্থান করিবেন। রাবণ শিবকে লঙ্কায় লইলে অজেয় হইবেন জানিয়া ইন্দ্রাদি দেবগণ বিষ্ণুকে তন্নিবারণের জন্য পাঠাইলেন। বিষ্ণু বৃদ্ধ ব্রাহ্মণের বেশে তথায় উপনীত হইলে রাবণ তাঁহাকে কিছু সময়ের জন্য লিঙ্গধারণ করিতে অনুরোধ করিলেন। ব্রাহ্মণ স্বীকৃত হইলে রাবণ তাঁহার হস্তে শিবলিঙ্গ দিয়া মাঠে গেলেন*। ইত্যবসরে ব্রাহ্মণ যথায় বর্ত্তমান মন্দির আছে, তথায় লিঙ্গ ও রথ রাখিয়া অন্তর্দ্ধান হইলেন। বৈদ্যনাথমঙ্গলে এই ঘটনা এইরূপে বিবৃত হইয়াছে—

"স্বর্ণসম শুভ্রতেজ শিরে পঞ্চানন।
হেম-গৌরাঙ্গরূপ বৃষভ বাহন।
কর্ণে বাসুকীনাগ তুষিত শোভন ॥
পঞ্চশিরে পঞ্চমণি শোভে মন্দাকিনী।
মহাদিব্যাকার জটা আর শোভে মণি ॥
করতলে অঙ্গুরী আর পৈরে বাঘছাল।
কর্ণে ধুতুরাপুষ্প শোভে মনোহার ॥
সর্ব্বদেব সহ ইন্দ্র আসিয়া সাক্ষাৎ।
এমন সুন্দর রূপ শুন রঘুনাথ ॥
মায়ারূপ ধরি শিব লঙ্কাতে গমন।
মহাবিশ্বরূপ হৈলা দেব পঞ্চানন ॥
শুন শুন রঘুনাথ হরিষ অপার।
সবান্ধব পড়ি কৈলা কোটি নমস্কার ॥
রাবণের সঙ্কর্ষণে হৈল মিলন।
হেন বিশ্বম্ভর মূর্ত্তি না জাএ কহন ॥
শ্রীরাম জিজ্ঞাসা কৈলা শুন তপোধন।
লগ্‌ঘি পীড়া রাবণের হৈল কেমন ॥
লগ্‌ঘি পীড়াযুক্ত রাবণ শরীর জর্জ্জর।
রথ রাখি লগ্‌ঘি করি প্রভু আজ্ঞা কর ॥
হাসিয়া হাসিয়া বলে বৃষভবাহন।
পূর্ব্বে কত কহিয়াছি নাহিক স্মরণ ॥
রথের ভরে রাবণ করে ধড়ফড়।
দর্পচূর্ণ হৈল রাবণ হৈল কুরর্পর ॥
লগ্‌ঘি হৈল রাবণ দেখে পঞ্চানন।
এক মূর্ত্তি বৃদ্ধ আইল পলিত ব্রাহ্মণ ॥
ব্রাহ্মণ দেখিয়া রাবণ বলএ তপসি।
একদণ্ড রথ রাখ লগ্‌ঘি করি আসি ॥
ব্রাহ্মণে বলেন শুন গাএ নাহি বল।
মুহূর্ত্তেক দেখি রথ থেহ ভূমিতল ॥
এই ছিদ্রে দেবগণ মাগে বরদান।
না যাইও লঙ্কাতে প্রভু দেব ভগবান্ ॥
যার বরে দেবগণে জিনে পুরন্দর।
তাক লঙ্কা নিলে আমা করিব নফর ॥
মাথা হতে রথ তবে ব্রাহ্মণ নামাইয়া।
ব্রাহ্মণের হাতে দিল প্রণাম করিয়া ॥
লগ্‌ঘি করিবারে গেল রাবণ দুরন্ত।
দশদণ্ড কৈল লগ্‌ঘি তার নাহি অন্ত ॥
মুহূর্ত্তেক অপেক্ষা বুঝিআ কারণ।
বিপ্রমূর্ত্তি মিশাইলা প্রভু নিরঞ্জন ॥
ভূমিতলে কৈল রাম ভেদিল পাতাল।
এমত অপূর্ব্ব লীলা কৈলা মহাকাল ॥"

* রাবণ বিষ্ণুর হস্তে শিবলিঙ্গ দিয়া যেখানে প্রস্রাব করিতে বসেন, সেইস্থান হইতে কর্ম্মনাশা নদীর উৎপত্তি হইয়াছে। এখনও বৈদ্যনাথের অদূরে কর্ম্মনাশার খাত দৃষ্ট হয়। বর্ষাঋতু ভিন্ন উহাতে জল থাকে না। কিন্তু নদীগর্ভের বালুকা সরাইলে তন্মধ্যে পরিষ্কার জল পাওয়া যায়।

দেবগণের দুরভিসন্ধিতে রাবণের উদরে বরুণদেব প্রবেশ করিয়াছেন। কাজেই মূত্রত্যাগে তাঁহার বিলম্ব ঘটিল। ফিরিয়া আসিয়া দেখেন ব্রাহ্মণ নাই, রথ পড়িয়া আছে। তখন তিনি রথ ধরিয়া টানাটানি করিতে লাগিলেন, কিছুতেই রথ উঠিল না। তিনি পুনরায় শিবের স্তব করিলেন। শিব তাহাকে পূর্ব্বকথা স্মরণ করাইলেন।

"লগ্‌ঘিপীড়া অন্ত যদি হৈল রাবণ।
রথে আসি ধরিলেক যথা নারায়ণ॥
রথ ধরি টানে তবে রাবণ মহাবল।
রথ সনে মেদিনী করে টলমল॥
রথ যদি তুলিতে নারিল লঙ্কেশ্বর।
এমত বিপত্তি কেন কর বাণেশ্বর॥
হাসিয়া শঙ্কর বলে শুনহ রাবণ।
পূর্ব্বে কহিছি কথা নাহিক স্মরণ?
পথগতি রথ নিয়া যেইখানে এড়।
সেইখানে রহিবাক রহিয়াছি জড়॥
অল্পভাগ্যে তুমি না করিলাঙ্ সব্য।
পাতাল ভেদিল রথে নাহিক কর্ত্তব্য॥
রাবণ বলে ভোলানাথ কিবা বুদ্ধি করি।
কালি মুখ দেখাইমু এই দুঃখে মরি॥"

যখন এত কাকুতিমিনতিতেও শিবের দয়া হইল না, তখন রাবণ কুপিত হইলেন এবং ক্রোধবশে লিঙ্গকে ভূগর্ভে চাপিয়া ধরিয়া বলিলেন, হে দেব! যখন তুমি লঙ্কায় গমন করিলে না তখন পাতালে যাওয়াই তোমার শ্রেয়ঃ। তাহাতেও যখন শিবের দয়া হইল না, তখন রাবণ উপায়ান্তর না দেখিয়া নিকটবর্ত্তী জলাশয় হইতে জল আনিয়া শিবের পূজায় পুনঃ প্রবৃত্ত হইলেন। ঐ জলাশয় রাবণ খনন করান এবং পাতালগঙ্গা হইতে উহাতে জল উঠে। রাবণের মূত্রে তখন ঐ স্থানের সকল জল দূষিত হইয়াছিল, কাজেই মহাদেব সে জলে পূজা গ্রহণ করিতে চাহিলেন না। রাবণ তখন কূপ খনন করিয়া জল উঠাইলেন; সেই জলে পূজা হইল, এখনও ঐ জলে বৈদ্যনাথের পূজা হইয়া থাকে।

পুষ্করিণী খনন করিয়া ভক্ত রাবণের পরিশ্রম বৃথা হয় দেখিয়া দেবাদিদেব বলিলেন, যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক এখানে আমার পূজা দিবে, সে প্রথমে ঐ পুষ্করিণীতে স্নান করিবে। তদবধি লক্ষ লক্ষ তীর্থযাত্রী ঐ জলে স্নান করিতেছে।

রাবণকর্ত্তৃক আনীত এই লিঙ্গ প্রথমে রাবণেশ্বর মহাদেব নামে প্রখ্যাত হয়। রাবণ মহাদেবকে পূজা করিয়া লঙ্কাপুরে চলিয়া গেল; কিছুকালের মধ্যেই ঐ স্থান জঙ্গলাবৃত হইয়া উঠে। সেই নিবিড় অরণ্যমধ্যে যে মহাদেব স্থাপিত আছে, এ কথা তৎকালে কেহ জানিতে পারে নাই। কেবলমাত্র বৈজুনামে এক দরিদ্র গোয়ালা মহাদেবের অস্তিত্ব জানিতে পারে। সে সেই বনে ফলমূল খাইয়া দিন যাপন করিত। একদিন ভগবান্ স্বপ্নে তাহাকে দর্শন দিয়া বলিলেন, বৈজু এখানে তুমি ভিন্ন অপর কেহ আমার পূজা করিবার নাই। তুমি প্রত্যহ প্রাতে গাত্রোত্থান করিয়া বিল্বপত্র ও জল আনিয়া পূজা করিবে। তদনুসারে নিদ্রাভঙ্গের পর বৈজু স্বপ্নবৃত্তান্ত স্মরণ করিয়া বনান্বেষণ করিতে করিতে দেবদেবের লিঙ্গমূর্ত্তি দেখিতে পাইল। তখন সে আনন্দিত মনে দেবপূজার মানসে বিল্বদলসংগ্রহে গমন করিল। বিল্বপত্র লইয়া সে জলান্বেষণে গেল, জলপাত্র না পাওয়ায় সে মুখে করিয়া জল আনিয়া শিবের মাথায় ঢালিয়া দিল। দেবাদিদেব অজ্ঞান বৈজুর এই কবল-জলে পূজা পাইয়া তৃপ্তিলাভ করিলেন না। তিনি ভক্ত বৈজুর অজ্ঞানকৃত অনাচার অবাধে সহ্য করিয়া অবশেষে বৈজুর দুর্ব্ব্যবহারের কথা রাবণকে স্বপ্নে জানাইলেন। তখন রাবণ আসিয়া হরিদ্বার হইতে গঙ্গাজল আনয়ন-পূর্ব্বক লিঙ্গের পুনরভিষেক-ক্রিয়া সম্পাদন করিলেন এবং পঞ্চতীর্থের জল আনয়ন করিয়া স্বকৃত কূপ মধ্যে ঢালিয়া দিলেন। রাবণের আদেশক্রমে তদবধি ঐ পঞ্চতীর্থ-জলে লিঙ্গমূর্ত্তির পূজা হইয়া আসিতেছে।

ইহার পর ভগবান্ রামচন্দ্র রাবণান্বেষণে এই স্থান দিয়া গমনকালে রাবণেশ্বরের পূজা করিয়া যান।

(বৈদ্যনাথমাহাত্ম্য ৭ম অ°)

যাহা হউক, বৈজু গোয়ালা নিয়মিতরূপে লিঙ্গপূজা করিতে লাগিল। তাহার এই অবিচলিত ভক্তিতে প্রীত হইয়া ভগবান্ ভূতভাবন তাহাকে সম্বোধন করিয়া বলিলেন বৎস! তোমার একাগ্রতা ও ভক্তিতে আমি প্রীত হইয়াছি, বর প্রার্থনা কর, আমি তোমাকে তোমার অভীষ্ট প্রদান করিব। লোভশূন্য ও স্বাধীনচিত্ত গোপ শিববাক্যে উত্তর করিল, তুমি আর আমাকে কি দিবে, আমার ভক্ষ্য এখানে যথেষ্ট দ্রব্য আছে, আমার কোন অভাব নাই। সুতরাং আকাঙ্ক্ষার ইচ্ছা রাখি না। তবে যদি তুমি আমাকে একান্তই কিছু দিবার অভিলাষ কর, তবে আমি এই প্রার্থনা করি, যেন আজ হইতে তোমার নামের আগে লোকে আমার নাম করে। সেই দিন হইতে দেবাদিদেবের অনুগ্রহে রাবণেশ্বরলিঙ্গ বৈজনাথ বা বৈদ্যনাথ নামে আখ্যাত হয়।

উপরে বৈদ্যনাথদেবের প্রতিষ্ঠা-প্রসঙ্গে বৈজুর যে কিংবদন্তীমূলক কাহিনী উদ্ধৃত হইয়াছে, তাহাতে পৌরাণিক কথার সংস্রব থাকিলেও উহা এতই বিকৃতভাব ধারণ করিয়াছে যে,

তাহা একটী আজগুবী গল্প ভিন্ন আর কিছুই নহে। রাঢ়ে তারকেশ্বরমূর্ত্তি-স্থাপন প্রসঙ্গে মুকুন্দ ঘোষের সহিত বৈদ্যনাথের বৈজুর অনেক সাদৃশ্য আছে।

দক্ষযজ্ঞের পর সতীদেহত্যাগ ঘটে। ঐ সময়ে বিষ্ণু হর-স্কন্ধস্থিত সতীদেহ সুদর্শনচক্র দ্বারা খণ্ড খণ্ড করেন। দেবীর হৃদয় বৈদ্যনাথে নিপতিত হয়। তদবধি উহা একটী দেবীপীঠ বলিয়া গণ্য। পীঠস্থ দেবীমূর্ত্তির নাম জয়দুর্গা এবং ভৈরব বৈদ্যনাথ। এখানে বাণগঙ্গাতে স্নান করিয়া পূজা করিতে হয়। ঐ বাণগঙ্গা শিবগঙ্গা নামেও পরিচিত।

মৎস্যপুরাণ মতে এই পীঠস্থানের শক্তির নাম আরোগ্যা।

"করবীরে মহালক্ষ্মীরুমাদেবী বিনায়কে।
আরোগ্যা বৈদ্যনাথে তু মহাকালে মহেশ্বরী॥"

(মৎস্যপু০ ১৩ অ০)

২ ভৈরব বিশেষ। ভৈরবের নামানুসারে এই স্থানের বৈদ্যনাথ নাম হইয়াছে। এই স্থানে ভগবতীর হৃদয় পতিত হইয়াছিল, তন্ত্রচূড়ামণির মতে এখানকার শক্তির নাম জয়দুর্গা।

"হার্দ্দপীঠং বৈদ্যনাথে বৈদ্যনাথস্তু ভৈরবঃ।
দেবতা জয়দুর্গাখ্যা নেপালে জানুনী মম॥"

(তন্ত্রচূড়ামণি পীঠনি০)

বৈদ্যনাথ হইতে আরম্ভ করিয়া ভুবনেশ্বর পর্য্যন্ত অঙ্গদেশ, এই অঙ্গদেশ যাত্রায় দূষিত নহে।

"বৈদ্যনাথং সমারভ্য ভুবনেশান্তগং শিবে।
তাবদঙ্গাভিধো দেশো যাত্রায়াং নহি দুষ্যতে॥"

(শক্তিসঙ্গমতন্ত্র ৭ প০)

বৈদ্যনাথের কএক মাইল উত্তরপূর্ব্বে হরলাঝুরি গ্রাম। এখানে কএকটী আধুনিক মন্দির এবং কতকগুলি প্রাচীন প্রতিমূর্ত্তির ভগ্নাবশেষ ব্যতীত আর কিছুই দেখা যায় না। দুইটী প্রতিমূর্ত্তিতে এক যোগীর নাম উৎকীর্ণ আছে। উপরিকথিত মন্দিরের অধিকাংশই শ্রীচিন্তামন্ দাসের ব্যয়ে নির্ম্মিত। রাজা শ্রীমন্নায় পালদেবের (?) সময়ে ক্রিমিল দাসের উৎকীর্ণ শিলালিপি ব্যতীত এখানে প্রত্নতত্ত্ববিদের আদরণীয় আর কিছু নাই। যেখানে ঐ ফলকলিপি বিদ্যমান আছে, সাধারণের বিশ্বাস রাবণ ঐ স্থানে বিষ্ণুর হস্তে শিবলিঙ্গ রক্ষা করিয়াছিলেন। তীর্থ-যাত্রিগণ ঐ স্থান পরিদর্শনে আসিয়া থাকে।

দেওঘর বৈদ্যনাথ হইতে ৬ মাইল দক্ষিণ-পূর্ব্বে বাল্মীকির প্রসিদ্ধ তপোবন। উহা একটী গণ্ডশৈলোপরি অবস্থিত। শৈল-পৃষ্ঠে একটী গুহা, তন্মধ্যে শিবলিঙ্গ স্থাপিত। তীর্থযাত্রীরা তপো-বনের ঐ শিবমূর্ত্তিও পূজা করিতে আসিয়া থাকেন। প্রবাদ, তপস্বিশ্রেষ্ঠ বাল্মীকি ঐ গুহায় বাস করিতেন। গুহার নিকট দুইখানি শিলাফলক আছে, একখানিতে শ্রীদেব রামপাল নাম পাওয়া যায়। অন্যখানির লিপি অস্পষ্ট। ইহার নিকটস্থিত গুলকুণ্ডে যাত্রীরা স্নান করে।

বৈদ্যনাথের ৮ মাইল উত্তর-পশ্চিমে ত্রিকূটশৈল। ভারতীয় মানচিত্রে উহা তিওর বা তিরপাহাড় নামে লিখিত। এই পর্ব্বতপৃষ্ঠে একটী গুহা, উহাতে কোন দেবমূর্ত্তি নাই। কেবল অন্ধকারময় শূন্য গহ্বর মাত্র। নিকটস্থ নিম্নভূমিতে একটি ভগ্ন দুর্গের ধ্বংসাবশেষ আছে। এখানে ত্রিকূটনাথ মহাদেবলিঙ্গ প্রতিষ্ঠিত আছে।

বৈদ্যনাথ, বাঙ্গালার শাহাবাদ জেলার অন্তর্গত একটী গ্রাম। অক্ষা° ২৫° ১৭´ উঃ এবং দ্রাঘি° ৮৩°৩৬´১৫´´ পূঃ। এখানে নানা প্রতিমূর্ত্তি ও স্তম্ভসম্বলিত একটী বিস্তীর্ণ ধ্বংসাবশেষ দৃষ্ট হয়। স্থানীয় লোকে উহাকে শিবিরা-রাজ মদনপালের কীর্ত্তি বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন।

বৈদ্যনাথ, কএকজন গ্রন্থকার ও সুপরিচিত পণ্ডিতের নাম—

১ একজন প্রাচীন কবি। ২ একজন প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্। শ্রীপতিজাতকপদ্ধতি-টীকায় ভূধর ইঁহার উল্লেখ করিয়াছেন।

৩ অর্দ্ধচন্দ্রিকাপ্রণেতা।

৪ কৃষ্ণলীলা-নাটক-রচয়িতা।

৫ জাতকপারিজাত, শ্রীপতিকৃত জ্যোতিষরত্নমালার টীকা, তারাবিলাস, ধ্রুবনাড়ী পঞ্চস্বরটিপ্পন, ভাবচন্দ্রিকা, শুক্রনাড়ী ও সারসমুচ্চয় নামক জ্যোতির্গ্রন্থপ্রণেতা। ইনি একজন বিখ্যাত জ্যোতির্ব্বিদ্ ছিলেন।

৬ তর্করহস্যরচয়িতা।

৭ তিথিনির্ণয়প্রণেতা। এই খানি তাঁহার স্বরচিত চমৎকার-চিন্তামণির একাংশ।

৮ দত্তবিধিরচয়িতা।

৯ পদ্ধতি ও শ্রীসংস্থা নামক দুই খানি গ্রন্থ প্রণেতা। গ্রন্থ-দ্বয় বাজসনেয়শাখা-সম্মত।

১০ পরিভাষার্থসংগ্রহ নামক বেদান্তগ্রন্থপ্রণেতা।

১১ প্রায়শ্চিত্তমুক্তাবলী-রচয়িতা।

১২ মিথ্যাচারপ্রহসন প্রণেতা।

১৩ রামায়ণদীপিকাপ্রণেতা। ইনি একজন তামিল ব্রাহ্মণ।

১৪ বঙ্গসেন-টীকা নামক বৈদ্যকগ্রন্থরচয়িতা।

১৫ বৃত্তবার্ত্তিক রচয়িতা।

১৬ বৈদ্যনাথভৈট্ নামক বৈদিক শাস্ত্র প্রণেতা।

১৭ সৌরভ নামে ন্যায়কুসুমাঞ্জলিকারিকা-ব্যাখ্যা-টীকাকর্ত্তা।

১৮ স্মৃতি-সারসংগ্রহকার।

১৯ একজন সুপণ্ডিত। দিবাকরের পুত্র, মহাদেবের পৌত্র ও বালকৃষ্ণের প্রপৌত্র। ইনি স্বীয় পিতার রচিত দানহারাবলী ও শ্রাদ্ধচন্দ্রিকা নামক দুইখানি গ্রন্থেরই অনুক্রমণিকা রচনা করিয়াছিলেন। ২০ নৈষধীয় দীপিকা-রচয়িতা, চণ্ডুপণ্ডিতের গুরু।

বৈদ্যনাথ কবি, সৎসঙ্গবিজয়নাটকপ্রণেতা।

বৈদ্যনাথ গাড়গিল, তর্কচন্দ্রিকা নাম্নী তর্কসংগ্রহ-টীকা-রচয়িতা।

বৈদ্যনাথ দীক্ষিত, ১ বেদান্তকল্পতরুমঞ্জরী ও বেদান্তাধিকরণমালা-প্রণেতা। ২ শতক নামে দীধিতি-রচয়িতা। ৩ তত্ত্বচিন্তামণি প্রকাশটীকা-প্রণেতা। ৪ স্মৃতিমুক্তাফলপ্রণেতা।

বৈদ্যনাথদেব শর্ম্মন্, কাব্যরসাবলী নামে ঘটকর্পরটীকা-রচয়িতা। সর্ব্বেশ্বরের পুত্র ও শম্ভুরামের পৌত্র।

বৈদ্যনাথ পায়গুণ্ডে (পায়গুণ্ড), দাক্ষিণাত্যবাসী একজন প্রসিদ্ধ পণ্ডিত। ইনি সাধারণে বালম্ভট্ট নামে পরিচিত। ইঁহার পিতার নাম মাধব ও মাতার নাম বেণী। প্রসিদ্ধ পণ্ডিত নাগেশ ভট্টের নিকট ইনি অধ্যয়ন করিয়াছিলেন।

অর্থসংগ্রহ নামে ব্যাকরণ, ছায়া নামে মহাভাষ্যপ্রদীপোদ্যোতের প্রথমাহ্নিকের টীকা, কাশিকা ও গদা নাম্নী পরিভাষেন্দুশেখরটীকা, পরিভাষেন্দুশেখরসংগ্রহ, ভক্তিতরঙ্গিণীভূষণ, প্রত্যাহারখণ্ডন, বৃদ্ধশব্দরত্নশেখর, কলা বা বৃহন্মঞ্জূষাবিবরণ নামক বৈয়াকরণসিদ্ধান্তমঞ্জূষাটীকা, শব্দকৌস্তুভটীকা প্রভা, লঘুশব্দরত্নটীকা ভাবপ্রকাশ, লঘুশব্দেন্দুশেখরটীকা, চিদস্থিমালা ও সর্ব্বমঙ্গলা নামে ব্যাকরণ গ্রন্থ এবং মিতাক্ষরার ব্যবহারখণ্ডের টীকা, পরাশরস্মৃতি-টীকা ও ভরদ্বাজ-স্মৃতি টীকা প্রভৃতি গ্রন্থ ইনি রচনা করেন।

বৈদ্যনাথ পায়গুণ্ডে, অপর একজন পণ্ডিত। রামচন্দ্রের (রামভট্ট) পুত্র ও বিট্‌ঠলের পৌত্র। ইনি অগ্নিহোত্রমন্ত্রার্থচন্দ্রিকা, অলঙ্কারচন্দ্রিকা, কুবলয়ানন্দটীকা, কাদম্বরী টীকা, কালমাধবকারিকাটীকা, কাব্যপ্রকাশোদাহরণচন্দ্রিকা (১৬৮৩ খৃঃ), কাব্যপ্রদীপপ্রভা, চন্দ্রালোকটীকা, দর্শপূর্ণমাসমন্ত্রার্থচন্দ্রিকা, বৈদ্যনাথপদ্ধতি দর্শেষ্টিঃ, ন্যায়বিন্দুনামে মীমাংসাসূত্রটীকা, ন্যায়মালিকা (মীমাংসা-পাষণ্ডখণ্ডন), পিষ্টপশুনির্ণয়, বৌধায়নদর্শপূর্ণমাসব্যাখ্যা, বিষমশ্লোকব্যাখ্যা, শাস্ত্রদীপিকাব্যাখ্যা-প্রভা ও সীতারামবিহারটীকা নামে কয়খানি গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন। এতদ্ভিন্ন চতুরঙ্গবিনোদ নামে ইঁহার আর একখানি গ্রন্থ পাওয়া যায়, এখানি ইঁহার কি উপরি উক্ত বৈদ্যনাথ পায়গুণ্ডের রচিত তাহা নির্ণয় করা যায় না।

বৈদ্যনাথ বাচস্পতি ভট্টাচার্য্য, চিত্রযজ্ঞনাটকপ্রণেতা।

বৈদ্যনাথ মৈথিল, কেশবচরিত্র ও তারাচন্দ্রোদয় নামক গ্রন্থদ্বয়-রচয়িতা।

বৈদ্যনাথ বটী, জ্বরাধিকারে ব্যবহার্য্য ঔষধভেদ। প্রস্তুত প্রণালী—গন্ধক ৪ মাষা উত্তমরূপে মাড়িয়া কজ্জলী করিয়া তাহাতে দুইতোলা কট্‌কী চূর্ণ মিশ্রিত করিবে। পশ্চাৎ উচ্ছে পাতার রসে অথবা ত্রিফলার ক্বাথে তিনবার ভাবনা দিয়া রৌদ্রে শুষ্ক করিয়া কলাই প্রমাণ বটী প্রস্তুত করিবে। অনুপান উচ্ছেপাতার রস, পাণের রস বা ঈষদুষ্ণ জল। দোষের বলাবল বিবেচনা করিয়া ১টী হইতে ৪ বটিকা পর্য্যন্ত সেবন করান যাইতে পারে। ইহা সুখবিরেচক। ইহাতে শূল, নবজ্বর, পাণ্ডুতা, অরুচি ও শোথ নষ্ট হয়। (ভৈষজ্যরত্না° জ্বরাধি°)

বৈদ্যনাথবটী, শোথরোগনাশক ঔষধভেদ। ইহাকে দধিবটীও বলে। প্রস্তুত প্রণালী—ইষ্টকচূর্ণ, হরিদ্রা ও গৃহধূম (ঝুল) দ্বারা শোধিত পারদ ১ তোলা, ভৃঙ্গরাজ রসে শোধিত গন্ধক ১ তোলা একত্র কজ্জলী করিবে। পরে হরিতাল-বিষ, তুঁতে, এলবালুক, তাম্র, খর্পর, স্বর্ণমাক্ষিক ও কান্তলোহ প্রত্যেক ৪ মাষা পরিমাণ লইয়া একত্র কজ্জলী করিতে হইবে। পরে উপরিউক্ত কজ্জলীর সহিত মিশ্রিত করিয়া নিসিন্দাপত্র, লতা ফট্‌কী, অপরাজিতা, জয়ন্তী, ও চিতামূল এই সমুদায় রসে ভাবনা দিয়া সর্ষপাকৃতি বটিকা প্রস্তুত করিবে। উষ্ণ জলের সহিত যথাক্রমে সাতটী বটিকা সেবনীয়। সেবনকালে ১ যব কজ্জলী উহার সহিত মিশাইয়া লইবে। এই ঔষধ শোথসংযুক্ত গ্রহণী, সন্নিপাত জ্বর, পাণ্ডুরোগ, অগ্নিমান্দ্য ও বিবিধ বিষমজ্বরে, শুক্র বা মজ্জাগত জ্বরে প্রযোজ্য, কিন্তু যদি কাসের লক্ষণ থাকে, তবে কখনই এই ঔষধ প্রয়োগ করিবে না। নিত্য দধি ও চিনি পথ্যরূপে গ্রহণ করিবে। রোগীর বয়স ও রোগের অবস্থানুসারে নির্ভয়ে স্নান করিতে দিবে। ইহাতে লবণ ও জল বর্জ্জনীয়।

বৈদ্যনাথবটী (স্ত্রী) ঔষধ বিশেষ। প্রস্তুত প্রণালী শুঁঠ, পিপুল, মরিচ, হরীতকী, আমলকী, বহেড়া প্রত্যেকে একভাগ, জয়পাল দুইভাগ, থানকুনী ও আমরুলের রসে ভাবনা দিয়া ২ রতি পরিমাণ বটী করিবে। অনুপান দোষের বলাবল অনুসারে স্থির করিতে হয়। এই ঔষধ-সেবনে উদাবর্ত্ত, গুল্ম, পাণ্ডু, কৃমি, কুষ্ঠ, গাত্রকণ্ডূ ও পীড়কা প্রভৃতি রোগ আশু প্রশমিত হয়। স্বয়ং বৈদ্যনাথ এই বটীর বিষয় উপদেশ দিয়াছিলেন, এইজন্য এই ঔষধের নাম বৈদনাথ বটী হইয়াছে। (রসেন্দ্রসারস°) ২ জ্বরাধিকারোক্ত ঔষধবিশেষ। (রস° র°)

বৈদ্যনাথ শাস্ত্রিন্, রামোপাসনক্রমপ্রণেতা।

বৈদ্যনাথ শুক্ল, শব্দকৌস্তুভোদ্যোত-রচয়িতা।

বৈদ্যনাথসূরি, এক জন জৈনপণ্ডিত।

বৈদ্যবন্ধু (পুং) বৈদ্যানাং বন্ধুরিব। ১ আরগ্বধ বৃক্ষ, চলিত, সোঁদালগাছ। (শব্দচ°) ২ বৈদ্যদিগের বন্ধু।

বৈদ্যমাতৃ (স্ত্রী) বৈদ্যানাং মাতেব। ১ বাসক। (অমর.) ২ বৈদ্যদিগের মাতা, ভিষগ্‌জননী।

বৈদ্যরত্ন, একজন প্রসিদ্ধ চিকিৎসক। প্রয়োগামৃতপ্রণেতা, বৈদ্যচিন্তামণির পিতা।

বৈদ্যরাজ (পুং) রসকষায়, রসপ্রদীপ ও বৈদ্যমহোদধি নামক গ্রন্থপ্রণেতা। ২ বৈদ্যবল্লভরচয়িতা, সুপ্রসিদ্ধ শার্ঙ্গধরের পিতা। ইনি চিকিৎসা-শাস্ত্রে সুপণ্ডিত ছিলেন, কেহ কেহ ইঁহাকে দেবরাজও বলিত।

বৈদ্যরাজ্‌ [জ] (পুং) বৈদ্যানাং রাজা, টচ্‌ সমাসান্ত। শ্রেষ্ঠ বৈদ্য, উত্তম চিকিৎসক।

বৈদ্যবাচস্পতি (পুং) একজন সুপ্রসিদ্ধ চিকিৎসাশাস্ত্রবিৎ।

বৈদ্যবাটী, বাঙ্গালার হুগলী জেলার অন্তর্গত একটী নগর। কলিকাতা হইতে ১৫ মাইল উত্তরে অবস্থিত। অক্ষা° ২২° ৪৭´ ১৫´´ উঃ এবং দ্রাঘি° ২২´ ২০´´ পূঃ। এই নগর মিউনিসিপালিটীর কর্ত্তৃপক্ষগণের সুবন্দোবস্তে পরিচালিত, সুতরাং এখানে আবর্জ্জনাসঞ্চয়হেতু পীড়াদির উপদ্রব নাই, তবে ম্যালেরিয়া জ্বরের প্রাদুর্ভাব আছে।

এখানে বাজার ও হাট আছে। বৈদ্যবাটীর হাট বঙ্গবিখ্যাত, এতবড় হাট বাঙ্গালার আর কোথাও নাই। নিকটবর্ত্তী স্থানের ক্ষেত্রজাত দ্রব্যনিচয় বিশেষতঃ পাট, শণ, আলু, কুমড়া প্রভৃতি পর্য্যাপ্ত পরিমাণে ঐ হাটে আমদানী হয় এবং তথায় বিক্রীত হইয়া কলিকাতা, হুগলী, বর্দ্ধমান প্রভৃতি প্রধান প্রধান নগরে রপ্তানী হইয়া থাকে।

এখানে ইষ্ট-ইণ্ডিয়া রেলপথের একটী ষ্টেসন আছে। তারকেশ্বর রেলপথ বিস্তারের পূর্ব্বে তারকেশ্বর-তীর্থযাত্রিগণ এই ষ্টেসনে নামিয়া এখান হইতে গোযানে তারকেশ্বর দর্শনে গমন করিতেন।

বৈদ্যসিংহী (স্ত্রী) বৈদ্যে বৈদ্যশাস্ত্রোক্তৌষধার্থে সিংহীব প্রভূতবীর্য্যবত্ত্বাৎ। বাসকবৃক্ষ। (শব্দরত্না°)

বৈদ্যা (স্ত্রী) কাকোলী। (শব্দচ°)

বৈদ্যাধর (ত্রি) বিদ্যাধর সম্বন্ধীয়।

বৈদ্যানি (পুং) ঋষিপুত্রভেদ। (কাঠক)

বৈদ্যুত (ত্রি) ১ বিদ্যুৎ সম্বন্ধীয়। ২ বিদ্যুদ্দেবতা।

"বৃহন্তো দিব্যাঃ শাবলা বৈদ্যুতাঃ" (শুক্লযজু° ২৪।১০)

'বৈদ্যুতাঃ বিদ্যুদ্দেবতাঃ' (মহীধর)

৩ শাল্মলী দ্বীপের অন্তর্গত একটী বর্ষ। (লিঙ্গপু° ৪৬।৪০)

বৈদ্যুতগিরি (ক্লী) পর্ব্বতভেদ। (ব্রহ্মাণ্ডপু° ৪৭।১৪)

বৈদ্যুদ্বতী (স্ত্রী) বিদ্যুতের ন্যায় শক্তি বা প্রভাবিশিষ্ট।

[বিদ্যুৎ দেখ]

বৈদ্যেশ্বর, উড়িষ্যা প্রদেশের গবর্মেণ্টের অধীনস্থ বাঁকীভূসম্পত্তির অন্তর্গত একটী গণ্ডগ্রাম; মহানদীতীরে অবস্থিত। অক্ষা° ২০° ২১´ ৪৫´´ উঃ এবং দ্রাঘি ৮৫° ২৫´ ৩০´´ পূঃ।

বৈদ্যেশ্বর কোঁবিল, মান্দ্রাজ প্রেসিডেন্সীর তাঞ্জোর জেলার শিয়ালী তালুকের অন্তর্গত একটী নগর। শিয়ালী রেল ষ্টেসন হইতে ৩৷৷° মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। এখানে একটী সুপ্রাচীন ও সুবৃহৎ শিবমন্দির দৃষ্ট হয়। ঐ মন্দিরগাত্রে কএক খানি শিলাফলক উৎকীর্ণ আছে। মন্দির মধ্যস্থ দুইখানি তাম্রশাসনে দেবপূজানির্ব্বাহের ব্যয়জন্য প্রদত্ত সম্পত্তির দানবিবরণ লিখিত আছে।

বৈদ্রুম (ত্রি) প্রবাল বিশিষ্ট। প্রবাল-বিনির্ম্মিত।

বৈধ (ত্রি) বিধিনা বোধিতঃ বিধি-অণ্‌। বিধিবোধিত, বিধিনির্দ্দিষ্ট, শাস্ত্রে যে সকল নিয়ম বিহিত হইয়াছে, তাহাকে বৈধ কহে, বিধিপ্রতিপাদ্য।

বৈধর্ম্ম্য (ক্লী) বিরুদ্ধো ধর্ম্মো যস্য, তস্য ভাবঃ অঞ্‌। বিরুদ্ধ ধর্ম্মত্ব, সমান বা একজাতীয় ধর্ম্মের বিপরীত ধর্ম্মত্ব।

"যদুক্তং যস্য সাধর্ম্ম্যং বৈধর্ম্ম্যমিতরস্য তৎ।"

(ভাষাপরিচ্ছেদ)

২ অন্যলক্ষণ। ৩ নাস্তিকতা। ৪ বিভিন্নধর্ম্মবেত্তা।

বৈধব (পুং) বিধুর অপত্য। চন্দ্রপুত্র বুধ।

বৈধবেয় (পুং) বিধবায়াঃ অপত্যং পুমান্‌ বিধবা (শুভ্রাদিভ্যশ্চ। পা ৪।১।১৩৩) ঢক্‌। বিধবার অপত্য।

বৈধব্য (ক্লী) বিধবায়াঃ ভাবঃ ষ্যঞ্‌। বিধবার ভাব বা ধর্ম্ম, পতিহীনতা, বিধবাত্ব।

বৈধস (ত্রি) ১ বিধিসম্বন্ধীয়, অদৃষ্টজাত। ২ ব্রহ্মসম্বন্ধীয়। ৩ হরিশ্চন্দ্র, বেধসনৃপতির পুত্র। (ঐতরেয় ৭।১৩)

বৈধহিংসা (স্ত্রী) বৈধী বিধিবোধিতা যা হিংসা। বিধিবোধিত হিংসা, বেদবিহিত হিংসা, শাস্ত্রানুসারে যে হিংসা করা হয় বা বেদে যে সকল হিংসার বিধান আছে, তাহাকে বৈধ হিংসা কহে। যজ্ঞাদিতে পশুবধের বিধান আছে, যজ্ঞে পশুবধ করিলে যে হিংসা করা হয়, তাহার নাম বৈধহিংসা। হিংসা মাত্রই পাপজনক, কিন্তু বৈধ-হিংসা পাপজনক কি না? এই বিষয়ে বিশেষ মতভেদ আছে। কাহারও মতে বৈধ হিংসা পাপজনক নহে, আবার কেহ বলেন, ইহা পাপজনক। রঘুনন্দন তিথিতত্ত্বে দুর্গোৎসবের বৈধহিংসা-বিচার স্থলে বিচার করিয়া স্থির করিয়াছেন যে, বৈধহিংসা পাপজনক নহে, যজ্ঞাদিতে যে পশুবধ হয়, তাহাতে পাপ হইবে না। বৈধেতর হিংসায় পাপ হইবে। কিন্তু বাচস্পতি মিশ্র সাংখ্যতত্ত্বকৌমুদীতে বিচার করিয়া স্থির করিয়াছেন যে, হিংসা মাত্রই পাপজনক, বৈধ

ও অবৈধ সকল হিংসাতেই পাপ হইবে। অতি সংক্ষিপ্ত ভাবে এ সম্বন্ধে কিছু আলোচনা করিয়া দেখা যাউক।

একটী শ্রুতি আছে যে, "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" (শ্রুতি) কোন জীবের হিংসা করিবে না, এই শ্রুতি দ্বারা প্রাণিমাত্রেরই হিংসা নিষিদ্ধ হইয়াছে, এই সামান্য বিধি দ্বারা হিংসা মাত্রই যে পাপজনক ইহা প্রতিপাদিত হইয়াছে, যিনি হিংসা করিবেন, তিনিই পাপভাগী হইবেন। আর একটী শ্রুতি আছে "অগ্নীষোমীয়ং পশুমালভেত" (শ্রুতি) অগ্নীষোমীয় যজ্ঞে পশুবধ করিবে। একটী শ্রুতিতে হিংসানিষিদ্ধ আবার আর একটী শ্রুতিতে যজ্ঞে পশুবধ করিতে পারিবে এইরূপে হিংসা অভিহিত হইয়াছে। হিংসা করিবে না, ইহা সামান্য বিধি, এবং যজ্ঞে হিংসা করিবে, ইহা বিশেষ বিধি, এই বিশেষ বিধি দ্বারা সামান্য বিধি বাধিত হইবে। কিন্তু এইরূপ স্থির করা সঙ্গত নহে, একটু প্রণিধান করিয়া দেখিলে সহজেই বুঝা যায় যে, অগ্নীষোম দেবতার উদ্দেশে পশুবিনাশ করিবে, অর্থাৎ পশুবধ করিয়া অগ্নীষোম দেবতার যাগ করিবে। এই বিশেষ বিধি শাস্ত্র দ্বারা সামান্য বিধি বাধিত হয় বলা ঠিক নহে, কারণ উক্ত উভয় শাস্ত্রে কোন বিরোধ নাই; যে স্থলে পরস্পর বিরোধ থাকে, সেই স্থলেই প্রবল কর্ত্তৃক দুর্ব্বল বাধিত হয়। এই স্থলে যখন কোন বিরোধ নাই, তখন বাধিত হইবার কোন সম্ভাবনা নাই। বিরোধ থাকিলে অর্থাৎ একটী বিষয়ে ভাব ও অভাব রূপে উভয় শাস্ত্রের প্রবৃত্তি হইলে প্রবল শাস্ত্রের দ্বারা দুর্ব্বল শাস্ত্র বাধিত হয়, প্রদর্শিত স্থলে কোন বিরোধ নাই, কারণ উভয় শাস্ত্রের বিষয় ভিন্ন ভিন্ন। 'মা হিংস্যাৎ' এই নিষেধ দ্বারা হিংসা পাপের কারণ ইহা বুঝায়। হিংসা অর্থাৎ যাগে পশুহিংসা যাগের উপকারক নহে, ইহা বুঝায় না। 'অগ্নীষোমীয়ং পশুমালভেত' এই শাস্ত্র দ্বারা পশুহিংসা যাগের উপকারক ইহা বুঝায়, কিন্তু অনর্থের অর্থাৎ হিংসাজনিত পাপের জনক নহে, এইরূপ বুঝায় না। সেরূপ বুঝাইলে বাক্যভেদদোষ হয় নাই, বৈধ পশুহিংসায় পুরুষের দোষ অর্থাৎ পাপ জন্মে অথচ যাগের উপকার করে। ইহাই তাৎপর্য্য। দুইটী বিধি পরস্পর ভিন্ন, একটী দ্বারা বুঝাইতেছে যে হিংসা পাপজনক, এবং আর একটী দ্বারা বৈধ-হিংসা যজ্ঞের উপকারক।

বৈধ-হিংসায় পাপ নাই, ন্যায় ও মীমাংসা শাস্ত্রের এইরূপ মর্ম্ম। তাঁহারা বলেন যে বৈধের অতিরিক্ত রাগপ্রাপ্ত অবৈধ হিংসায় পাপ হয়। 'মা হিংস্যাৎ' এই শাস্ত্রের বিষয় অবৈধ হিংসা, "অপবাদবিষয়ং পরিত্যজ্য উৎসর্গঃ প্রবর্ত্ততে" অর্থাৎ বিশেষ বিধির বিষয় পরিত্যাগ করিয়া সামান্য বিধির প্রবৃত্তি হয়। বিশেষ শাস্ত্রের স্থল পরিত্যাগ করিয়া অন্যস্থল গুলিকে সামান্য শাস্ত্র বুঝায়। অতএব হিংসা করিলে পাপ হইবে, এই সামান্য শাস্ত্র বৈধ হিংসা রূপ হিংসা বিশেষকে পরিত্যাগ করিয়া বুঝাইবে। বৈধাতিরিক্ত হিংসায় পাপ হয়, ইহাই তাঁহাদের উক্তি। কিন্তু সাংখ্যকার ইহাতে বলেন যে তোমাদের এই উক্তি ঠিক নহে, বৈধ হিংসাতেও পাপ হইবে। তবে পাপ অপেক্ষা পুণ্যের ভাগ অধিক বলিয়া উহাতে সাধারণের প্রবৃত্তি হইয়া থাকে অগ্নীষোমীয় শাস্ত্রের অর্থ পশুবধ করিয়া যাগ সম্পন্ন করিবে, ঐ পশুবধে পাপ হইবে না ইহা নহে।

যজ্ঞ করিলে পাপ ও পুণ্য উভয়ই হয়, পাপ অপেক্ষা পুণ্যের ভাগ অধিক হইয়া থাকে। পুণ্যফলে স্বর্গভোগ এবং পাপফলে নরক হইয়া থাকে। কিন্তু তাঁহারা অধিক সুখভোগ করিয়া অল্পমাত্র দুঃখ অনায়াসেই সহ্য করিয়া থাকেন। পুণ্যরাশি দ্বারা সমুৎপন্ন স্বর্গসুধা-মহাহ্রদে যে সমস্ত পুণ্যশীলগণ অবগাহন করিতেছেন, তাঁহারা অল্প পাপে উৎপন্ন দুঃখরূপ অগ্নিকণাকে সহজেই সহ্য করিতে পারেন।*

বৈধাতকি (পুং) বৈধাত্র, বিধাতার পুত্র।

বৈধাত্র (পুং) বিধাতুরপত্যং পুমান্ বিধাতৃ-অণ্। সনৎকুমার, ইনি বিধাতার পুত্র। (অমর)

বৈধাত্রী (স্ত্রী) বিধাতুরিয়ং বিধাতৃ-অণ্ ঙীপ্। ১ ব্রাহ্মী। (রাজনি০) (ত্রি) ২ বিধাতৃ-সম্বন্ধী।

"অভ্যবর্ত্তত যৈরেব বৈধাত্রীরপি বামতা।" (রাজতর° ৪।৪১৩)

বৈধুর্য্য (ক্লী) ১ কাতরতা। ২ অভাব। ভ্রম।

(সাহিত্যদর্পণ ১২০।১২)

৩ হতাশভাব। (রাজতর° ৪।৬৭১) ৪ কম্পমানতা।

বৈধুমাগ্না (স্ত্রী) শাল্বদেশীয় নগরীভেদ। (সিদ্ধান্তকৌ০)

বৈধৃত (পুং) ১ বিধৃতি পুত্র। ২ একাদশ মন্বন্তরের ইন্দ্রভেদ।

বৈধৃতি (পুং) বিষ্কম্ভ প্রভৃতি সপ্তবিংশ যোগের অন্তর্গত শেষ যোগ। জ্যোতিষমতে এই যোগ অশুভ যোগ। ইহাতে

* "ন চ মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানীতি সামান্যশাস্ত্রং বিশেষশাস্ত্রেণ অগ্নীষোমীয়ং পশুমালভেত ইত্যনেন বাধ্যত ইতি যুক্তং বিরোধাভাবাৎ, বিরোধে হি বলীয়সা দুর্ব্বলং বাধ্যতে, ন চেহাস্তি কশ্চিদ্বিরোধঃ ভিন্নবিষয়ত্বাৎ। তথা হি মা হিংস্যাৎ ইতি নিষেধেন হিংসায়া অনর্থহেতুভাবো জ্ঞাপ্যতে, নতু অক্রত্বর্থমপি, অগ্নীষোমীয়ং পশুমালভেত, ইত্যনেন তু পশু হিংসায়াঃ ক্রত্বর্থত্বমুচ্যতে নতু অনর্থহেতুত্বাভাবঃ, তথা সতি বাক্যভেদপ্রসঙ্গাৎ, ন চ অনর্থহেতুত্বক্রতূপকারত্বয়োঃ কশ্চিদস্তি বিরোধঃ। হিংসা হি পুরুষস্য দোষমাবক্ষ্যতি, ক্রতোশ্চোপকরিষ্যতি। সোমাদিষাগস্য অবিশুদ্ধিঃ পশুবীজাদিবধসাধনতা যথাহ স্ম ভগবান্ পঞ্চশিখাচার্য্যঃ স্বল্পসঙ্করঃ, সপরিহারঃ সপ্রত্যবমর্ষঃ। মৃষ্যন্তে হি পুণ্যসম্ভারোপনীতস্বর্গসুধামহাহ্রদাবগাহিনঃ কুশলাঃ পাপমাত্রোপপাদিতাং দুঃখবহ্নিকণিকাম্।" (সাংখ্যতত্ত্বকৌমুদী)

যাত্রা প্রভৃতি কোন কার্য্য করিতে নাই। বৈধৃতি ও ব্যতিপাত যোগের সমস্তই পরিত্যাগ করিতে হয়।

"পরিঘস্য তজ্জেদর্দ্ধং শুভকর্ম্ম ততঃপরং।
ত্যজাদৌ পঞ্চ বিষ্কুম্ভে সপ্ত শূলে চ নাড়িকাঃ।
গণ্ডব্যাঘাতয়োঃ ষট্ চ নবহর্ষণবজ্রয়োঃ।
বৈধৃতিব্যতিপাতৌ চ সমস্তৌ পরিবর্জ্জয়েৎ॥" (জ্যোতিস্তত্ত্ব)

অমৃতযোগ হইতে বৈধৃতি ও ব্যতিপাত যোগের দোষ নষ্ট হয় বটে, কিন্তু বচনান্তরে আবার লিখিত আছে যে "অমৃতযোগে সকল দোষ নষ্ট হয় বটে, কিন্তু বৃষ্টি, বৈধৃতি ও ব্যতিপাত যোগের দোষ নষ্ট হয় না।"

"যদি বৃষ্টিব্যতিপাতৌ দিনং বাপ্যশুভং ভবেৎ।
হন্যতেঽমৃতযোগেন ভাস্করেণ তমো যথা॥
হন্ত্যমৃতাখ্যো যোগঃ সর্ব্বান্যশুভানি হেলয়া নিয়তম্।
ন ভবতি পুনরিহ শক্তো বৈধৃতিবৃষ্টিব্যতিপাতে॥" (জ্যোতিস্তত্ত্ব)

কোষ্ঠীপ্রদীপে লিখিত আছে যে এই যোগে জন্ম হইলে জাতক মিত্রতাবিহীন, কুটিল, খল, মূর্খ, দরিদ্র, পরবঞ্চক, কুকর্ম্মকারী ও পরদাররত হয়।

"মৈত্রীবিহীনঃ কুটিলঃ খলশ্চ মূর্খো দরিদ্রঃ পরবঞ্চকশ্চ।
কুকর্ম্মকর্ত্তা পরদারভর্ত্তা ভবেন্নরো বৈধৃতিলব্ধজন্মা॥"(কোষ্ঠীপ্র°)

২ দেবতা বিশেষ, এই দেবতা বিধৃতি পুত্র।

"দেবা বৈধৃতয়ো নাম বিধৃতেস্তনয়া নৃপ।
নষ্টাঃ কালেন যৈর্বেদা বিধৃতা স্বেন তেজসা॥"
(ভাগবত ৮।১।২৯)

স্ত্রিয়াং টাপ্। আর্য্যকের কন্যা ও ধর্ম্মসেতুর মাতা।
(ভাগবত ৮।১৩।২৭)

বৈধৃতবাশিষ্ঠ (পুং) বৈধৃতং বাসিষ্ঠং। সামভেদ।

বৈধৃত্য (ক্লী) বৈধৃত শব্দার্থ।

বৈধেয় (ত্রি) বিধিং পদ্ধতিমেবানুসৃত্য ব্যবহরতি বিধি-ঢক্, যদ্বা বিধেয়ে কর্ত্তব্যে অনভিজ্ঞঃ, বিধেয়-অণ্, যদ্বা বিরুদ্ধং ধেয়মস্য ততঃ স্বার্থে অণ্, পদ্ধতিমাশ্রিত্য ক্রিয়াকারিত্বাৎ যুক্তাযুক্তবিবেকশূন্যত্বাচ্চ তথাত্বমস্য। ১ মূর্খ। ২ বিধিসম্বন্ধী। ৩ বিধেয়সম্বন্ধী।

বৈধ্যত (পুং) যমপ্রতীহার। (হেম)

বৈন (পুং) বেনের অপত্য, পৃথু। (ঋক্ ১।১১২।১৫ সায়ণ)

বৈনংশিন (ত্রি) বিনাশশীল পদার্থভব। "মুষ্কায় বৈনংশিনায় স্বাহা" (শুক্লযজুঃ ৯।২০) 'বৈনংশিনায় বিনশ্যন্তীতি বিনংশিনঃ বিনাশশীলাঃ পদার্থাঃ (পা ৭।১।৬০) ইতি ছান্দসত্বান্নুমাগমঃ, বিনংশিষু ভবঃ বৈনংশিনস্তস্মৈ' (মহীধর)

বৈনতক (ক্লী) যজ্ঞে ব্যবহৃত ঘৃতপাত্রবিশেষ।

বৈনতীয় (ত্রি) ১ বিনত সম্বন্ধীয়। ২ বিনতা কর্ত্তৃক সম্পাদিত বা বিনতাজাত। (পা ৪।২।৮০)

বৈনতেয় (পুং) বিনতায়া অপত্যমিতি বিনতা (স্ত্রীভ্যো ঢক্। পা ৪।১।১২০) ইতি ঢক্। ১ গরুড় (অমর) ২ অরুণ। (মৎস্যপুং) ৩ বিনতার অপত্য মাত্র।

বৈনতেয়ী (ক্লী) বৈদিক শাখা বিশেষ।

বৈনত্য (ক্লী) বিনীত স্বভাব। নম্রপ্রকৃতি। (ভারত সভাপর্ব্ব)

বৈনদ (ত্রি) নদীভেদ।

বৈনভৃত (পুং) ১ গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। ২ বৈদিক শাখা বিশেষ।

বৈনয়িক (পুং) বিনয় এব (বিনয়াদিভ্যষ্ঠক্। পা ৫।১।৩৪) ইতি স্বার্থে ঠক্। ১ বিনয়। ২ শস্ত্রাভ্যাসরত। পর্য্যায় যোগারথ। (হেম) (ত্রি) ৩ বিনয়সম্বন্ধী।

"সর্ব্বং বৈনয়িকং কৃত্বা বিনয়জ্ঞো বৃহস্পতিম্।
দক্ষিণানন্তরো ভূত্বা প্রণম্য বিধিপূর্ব্বকম্॥"(ভারত ১২।৬৮।৪)

৪ যুদ্ধে ব্যবহৃত রথ বিশেষ। ৫ ধর্ম্মাধিকরণ সম্বন্ধীয়।

বৈনায়ক (পুং) ১ বিনায়ক সম্বন্ধীয়। গণেশ হইতে জাত। ২ ভূতগণ ভেদ। (ভাগবত ৬।৮।২২।

বৈনায়িক (পুং) ১ বৌদ্ধ। বৈনাশিকের অপপাঠ। ২ বিনায়ক ভব।

'ভিন্নকো ক্ষপণোঽহ্লীকো বৌদ্ধো বৈনায়িকঃ স্মৃতঃ।' (ত্রিকা°)

বৈনাশিক (ক্লী) বিনাশং সূচয়তীতি বিনাশ-ঠক্। ১ নাড়ী নক্ষত্র বিশেষ, এই নক্ষত্র, জন্মনক্ষত্র হইতে ত্রয়োবিংশ নক্ষত্র। যে নক্ষত্রে জন্ম হয়, সেই নক্ষত্র হইতে ত্রয়োবিংশ নক্ষত্রকে বৈনাশিক কহে। এই নক্ষত্র যে কোন নক্ষত্র হইতে পারে, কারণ ইহা জাতকের জন্মনক্ষত্র হইতে স্থির করিতে হয়। জাতকের যে কোন জন্ম নক্ষত্র হউক, তাহা হইতে ত্রয়োবিংশ নক্ষত্র হইলেই তাহা বৈনাশিক নক্ষত্র হইবে। জন্মকালীন এই নক্ষত্রে যে গ্রহ থাকেন, তিনি অশুভফলপ্রদ হন। ইহাতে গ্রহ থাকিলে তাহার ফল বিনাশ। গোচরেও এই নক্ষত্রে গ্রহগণ উপস্থিত হইলে তাহার ফল অশুভ হইয়া থাকে। যথা—

"ঈহাদেহার্থহানিঃ স্যাজ্জন্মর্ক্ষ উপতাপিতে।
কর্ম্মর্ক্ষে কর্ম্মণাং হানিঃ পীড়া মনসি মানসে॥
মূর্ত্তিদ্রবিণবন্ধূনাং হানিঃ সাংঘাতিকে তথা।
সন্তপ্তে সামুদায়িকে মিত্রভৃত্যার্থসংক্ষয়ঃ।
বৈনাশিকে বিনাশঃ স্যাৎ দেহদ্রবিণসম্পদাম্॥" (জ্যোতিস্তত্ত্ব)

২ নিধনতারা, এই তারা জন্ম নক্ষত্র হইতে গণনায় ৭ম ১০ম ও ১৯শ নক্ষত্র; ইহাও নানারূপ অনিষ্টপ্রদ। এই তারায় যাত্রাদি করিলে নানাবিধ রোগ, ক্লেশ ও বিত্তক্ষয় হয়।

"বৈনাশিকক্ষে দৃষ্টং গ্রহণং সুধাংশুভাস্করয়োঃ।
জনয়তি রোগং বহুধা ক্লেশং বিত্তক্ষয়ঞ্চাশু ॥" (তিথিতত্ত্ব)

(পুং) বিনাশো মতমস্য বিনাশ-ঠক্ সর্ব্বং দৃশ্যং ক্ষণিকমিতি ক্ষণিকবিজ্ঞানবাদিত্বাদস্য তথাত্বং। ৩ ক্ষণিকবাদী, বৌদ্ধ। ৪ পরতন্ত্র। ৫ ঊর্ণনাভ। (ত্রি) ৬ বিনাশ সম্বন্ধীয়।

বৈনীতক (পুং ক্লী) বিশেষেণ নীতং তেন কায়তি কৈ-ক, স্বার্থে অণ্, যদ্বা আরূঢ়ং বাহ্যং যৎ সাক্ষাৎ ন বহতি পরম্পরয়ৈব বহতি তদ্বৈনীতকং, যথা দোলাং বহন্ দোলাবাহকঃ বিনীয়তে স্মেতি ক্তাৎ বিকারসংঘেতি কে বিনীতকঃ তেনৈব স্বার্থে ষ্ণে বৃদ্ধৌ বৈনীতকং। (ভরত) পরম্পরাবাহন, পরম্পরা দ্বারা বাহন, শিবিকাদি।

বৈনেয় (পুং) বৈদিকশাখা ভেদ।

বৈন্দব (পুং) বিন্দুর অপত্য।

বৈন্দবী (পুং) যুদ্ধপ্রিয় জাতি বিশেষ। বহুবচনে প্রয়োগ হয়।

বৈন্দবীয় (পুং) বৈন্দবীজাতির রাজা।

বৈন্ধ্য (ত্রি) ১ বিন্ধ্যপ্রান্তভব। ২ বিন্ধ্যপর্ব্বত সম্বন্ধীয়।

বৈন্য (পুং) বেনস্যাপত্যং পুমান্ বেন (কুর্ব্বাদিভ্যো ণ্যঃ। পা ৪।১।১৫২) ইতি ণ্য। ১ বেনপুত্র, পৃথুরাজ।

"পৃথী যদ্বাং বৈন্যঃ সাদনেষেব" (ঋক্ ৮।৯।১০)

'বৈন্যো বেনস্য পুত্রঃ' (সায়ণ)

২ ঋক্ ১০।১৪৮ সূক্তের মন্ত্রদ্রষ্টা পৃথু বা পৃথীর পূর্ব্বপুরুষ। ৩ পৃথুরাজের পূর্ব্বপুরুষ।

বৈন্যদত্ত (পুং) বেণুদত্তের পুত্র।

বৈন্যস্বামিন্ (পুং) পবিত্র দেবস্থানভেদ। (রাজতর° ৯।৯৭)

বৈপঞ্চিক (পুং) গণক।

বৈপথক (ত্রি) বিপথ সম্বন্ধীয়।

বৈপরীত্য (ক্লী) বিপরীতস্য ভাব ষ্যঞ্। বিপরীতের ভাব, বিপর্য্যয়, পর্য্যায় ব্যত্যাস, বিপর্য্যাস, ব্যত্যয়। (হেম)

বৈপরীত্যলজ্জালু (পুং) লঘুলজ্জালুকা। গুণ কটু, উষ্ণ ও কফনাশক।

'লজ্জালু বৈপরীত্যাখ্যা স্বল্পক্ষুপবৃহৎফলা।
বৈপরীত্যা চ লজ্জালু র্হ্যাভিধানে প্রয়োজয়েৎ ॥' (রাজনি°)

বৈপশ্চিত (পুং) বিপশ্চিৎ নামক ঋষির বংশধর। তার্ক্ষ্য ঋষি। (আশ্ব° শ্রৌ ১০।৭।৯)

বৈপশ্যত (পুং) ঋষিভেদ। (শতপথব্রা° ১৩।৪।৩।১৩)

বৈপাত্য (ক্লী) বিপাতস্য ভাবঃ কর্ম্ম বা (গুণবচনব্রাহ্মণাদিভ্যঃ কর্ম্মণি চ। পা ৫।১।১২৪) ইতি বিপাত-ষ্যঞ্। বিপাতের ভাব বা কর্ম্ম।

বৈপাদিক (ত্রি) ১ বিপাদিকা রোগসম্বন্ধীয়। ২ বিপাদিকা রোগ আছে যাতে। (পা ৫।২।১০৩ বার্ত্তিক)

বৈপাদিকা (স্ত্রী) বিপাদিকা রোগ।

বৈপাশ (পুং) বিপাঢ় বা বিপাশা নদীসম্ভব।

বৈপাশায়ন (পুং) বিপাশস্য গোত্রাপত্যং বিপাশ (গোত্রে কুঞ্জাদিভ্যশ্চঞ্। পা ৪।১।৯৮) ইতি ফঞ্। বিপাশের গোত্রাপত্য।

বৈপাশায়ন্য (পুং) বিপাশের গোত্রাপত্য। [বিপাশায়ন দেখ]

বৈপাশিক (ত্রি) ১ বিপাশা হইতে নির্ব্বৃত্ত বা উৎপন্ন। ২ কৃতবন্ধন।

বৈপিত্র (পুং) বিপিতুরপত্যং বিপিতৃ-অণ্। ভিন্ন পিতার পুত্র বা কন্যা।

"পরাশর অপসর তোর জন্ম দিয়া।
শান্তনু তোমার মায়ে পুন কৈল বিয়া ॥
বৈপিত্র দুভাই তাহে জন্মিল তোমার।
একটী বিচিত্রবীর্য্য চিত্রাঙ্গদ আর ॥" (মহাভারত)

বৈপুল্য (ক্লী) বিপুলস্য ভাবঃ ষ্যঞ্। বিপুলতা, আধিক্য, বৃদ্ধি।

বৈপ্রকর্ষিক (ত্রি) নিত্যং বিপ্রকর্ষমর্হতি (ছেদাদিভ্যো নিত্যং। পা ৫।১।৬৪) ইতি বিপ্রকর্ষ-ঠঞ্। নিত্য বিপ্রকর্ষের যোগ্য।

বৈপ্রচিতি (ত্রি) বিপ্রচিত-ইঞ্। বিপ্রচিত ভব। (পা ৪।২।৮০)

বৈপ্রচিত্ত (পুং) বিপ্রচিত্ত নামক দানবের অপত্য।
(মার্কণ্ডে° ৯১।৩৮)

বৈপ্রযোগিক (ত্রি) বিপ্রযোগং নিত্যমর্হতি বিপ্রযোগ (পা ৫।১।৬৪) ইতি ঠঞ্। নিত্য বিপ্রযোগার্হ।

বৈপ্রশ্নিক (ত্রি) নিত্যং বিপ্রশ্নমর্হতি বিপ্রশ্ন-ঠঞ্। নিত্য বিপ্রশ্নার্হ।

বৈফল্য (ক্লী) বিফলস্য ভাবঃ বিফল-ষ্যঞ্। বিফলতা, ফলশূন্যতা, ফলহীনতা।

বৈবাধ (পুং) ১ বন্ধনযোগ্য শৃঙ্খলভেদ। ২ খদিরবৃক্ষজাত অশ্বত্থ। "বৈবাধ বিবিধং বাধতে কণ্টকৈরিতি বিবাধঃ খদিরঃ। তত্রোৎপন্নো বৈবাধঃ। তত্র জাতঃ ইত্যণ্।" (অথর্ব্ব ৩।৩।২)

বৈবুধ (ত্রি) বিবুধ-অণ্। ১ বিবুধ সম্বন্ধীয়। ২ বিবুধের ভাব বা কর্ম্ম।

বৈবোধিক (পুং) প্রহরী। যাহারা রাত্রিতে ঘণ্টা বাজাইয়া সময় বিজ্ঞাপন এবং তদ্দ্বারা নিদ্রিতদিগকে জাগাইয়া থাকে।

বৈভগ্নক (ত্রি) বিভগ্নভব। (পা ৪।২।৮০)

বৈভণ্ডি (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। (প্রবরাধ্যায়) বিভাণ্ডি, বৈভাণ্ডি, বিভাণ্ডিক, বৈভাণ্ডিক ইত্যাদি নামও হয়।

বৈভব (ক্লী) বিভো র্ভাবঃ বিভু-অণ্। ১ বিভব, সম্পত্তি, ঐশ্বর্য্য। ২ অতিশয়। ৩ বিভুতা, সামর্থ্য। ৪ মহিমা।

বৈভবিক (ত্রি) বৈভব সম্বন্ধীয়। সমর্থ। (মার্ক°পু° ২৩।৪৪)

বৈভাজন (ত্রি) বিভাগ সম্বন্ধীয়। (আপস্তম্ব ১।২২।৭)

বৈভাজিত্র (ক্লী) বিভাজয়িতু ধর্ম্ম্যং বিভাজয়িতৃ (ঋতোঽঞঃ। পা ৪।৪।৪৯) ইতি অঞ্, বিভাজয়িতুর্ণিলোপশ্চাঞ্চেতি কাশিকোক্ত্যা ণিলোপঃ। বিভাগকারীর ধর্ম্মযুক্ত। (সিদ্ধান্তকৌ°)

বৈভাজ্যবাদিন্ (পুং) বৌদ্ধসম্প্রদায়ভেদ।

বৈভাণ্ডকি (পুং) বিভাণ্ডকের গোত্রাপত্য। (রামায়ণ ১।৯।৩১)

বৈভার (পুং) পর্ব্বতভেদ, বৈহারপর্ব্বত। [রাজগৃহ দেখ।]

বৈভাষিক (ত্রি) ১ বৈকল্পিক, বিভাষাসম্বন্ধীয়, বিকল্প-সম্বন্ধীয়। ২ বৌদ্ধ সম্প্রদায় ভেদ। "বিভাষয়া দিব্যন্তি চরন্তি বা বৈভাষিকাঃ। বিভাষাং বা বদন্তি বৈভাষিকাঃ। (অভিধর্ম্মকোষ) [বৌদ্ধ দেখ]

বৈভাষ্য (ক্লী) বিভাষা।

বৈভীতক (ত্রি) বিভীতক সম্বন্ধীয়। (আশ্ব° শ্রৌ° ৯।৭।৭)

বৈভীদক (ত্রি) বিভীতক সম্বন্ধীয়। (ষড়্‌বিংশ ব্রা° ৩।৮।৪৪)

বৈভূতিক (ত্রি) বিভূতি সম্বন্ধীয়।

বৈভূবস (পুং) বিভূবসুর অপত্য। ত্রিত। (ঋক্ ১০।৪৬।৩)

বৈভোজ, জাতিবিশেষ। মহাভারতে দ্রুহ্যুর সন্ততিগণ বৈভোজ নামে কথিত হইয়াছেন। এই জাতি রথ, যান বা ভারবাহী পশ্বাদির ব্যবহার জানিত না। ইহাদের রাজা নাই। ইহারা ভেলায় চড়িয়া নানা স্থানে গমন করিত।

বৈভ্রাজ (ক্লী) ১ দেবোদ্যান। ২ মেরুর পশ্চিমে সুপার্শ্ব পর্ব্বতোপরি অবস্থিত একটী অরণ্য।

"পূর্ব্বং চৈত্ররথং নাম দক্ষিণে নন্দনং বনম্।
বৈভ্রাজং পশ্চিমে শৈলে সাবিত্রঞ্চোত্তরাচলে ॥"

(মার্কণ্ডেয়পু° ৫৫।২) ২ বিভ্রাজরাজের তপস্যাস্থান। (হরিবংশ ২৩।১৩) (পুং) ৩ পর্ব্বতবিশেষ। (মার্কণ্ডেয়পু° ৫৬।১৩) ৪ লোকবিশেষ। (হরিবংশ ১৮।৪৬)

বৈভ্রাজক (ক্লী) বৈভ্রাজ স্বার্থে কন্। বৈভ্রাজ শব্দার্থ।

বৈভ্রাজলোক (পুং) স্বর্গস্থলোকভেদ। এখানে রহিষদ্‌গণ বাস করেন।

বৈম (ত্রি) বেমন্-অঞ্। ১ মাকু বা তাঁত সম্বন্ধীয়।

বৈমতায়ন[ক] (ত্রি) বিমত ঋষির গোত্রাপত্য।

বৈমত্তায়ন[ক] (ত্রি) বৈমতায়ন।

বৈমত্য (পুং) বিমতে গোত্রাপত্যং বিমতি (কুর্ব্বাদিভ্যো ণ্যঃ। পা ৪।১।১৫১) ইতি ণ্য। বিমতির গোত্রাপত্য। বিমতে র্ভাবঃ বিমতি (বর্ণদৃঢ়াদিভ্যঃ ষ্যঞ্ চ। পা ৫।১।১২৩) ইতি ষ্যঞ্। ২ বিমতির ভাব।

বৈমদ (ত্রি) বিমদঋষিদৃষ্ট (সূক্ত)।

বৈমন (ত্রি) বেমসম্বন্ধীয়।

বৈমনস্য (ক্লী) বিমনস্যো ভাবঃ বিমনস্ (বর্ণদৃঢ়াদিভ্যঃ ষ্যঞ্ চ। পা ৫।১।১২৩) ইতি ষ্যঞ্। বিমনার ভাব, অন্যমনস্ক। (ভাগবত ১০।৫৪।৫০)

বৈমন্য (ত্রি) বেমনি সাধুঃ (যে চাভাবকর্ম্মণোঃ। পা ৬।৪।১৬৮) ইতি বেমন্-য। বেম বিষয়ে সাধু।

বৈমল্য (ক্লী) বিমলস্য ভাবঃ বিমল-ষ্যঞ্। বিমলতা, মলশূন্যতা।

বৈমাত্র (পুং) বিমাতুরপত্যমিতি বিমাতৃ-অণ্। বিমাতার অপত্য, বৈমাত্রেয়। (জটাধর)

বৈমাত্রা (স্ত্রী) বিমাতুরপত্যং স্ত্রী, বৈমাত্র-টাপ্। বিমাতৃকন্যা।

বৈমাত্রেয় (পুং) বিমাতুরপত্যং বিমাতৃ-ঢক্ (শূদ্রাদিভ্যশ্চ। পা ৪।১।১২৪)। বিমাতৃপুত্র, পর্য্যায় বিমাতৃজ, বৈমাত্র। (জটাধর)

বৈমাত্রেয়ী (স্ত্রী) বৈমাত্রেয়-ঙীপ্। বিমাতৃকন্যা।

বৈমানিক (ত্রি) বিমানচারী, অন্তরীক্ষচর।

"তাপসা যতয়ো বিপ্রা যে চ বৈমানিকা গণাঃ।
নক্ষত্রাণি চ দৈত্যাশ্চ প্রথমা সাত্ত্বিকী গতিঃ ॥" (মনু ১২।৪৮)

'বৈমানিকাঃ বিমানানি যানবিশেষাঃ পুষ্করাদয়ঃ তৈশ্চরন্তি বৈমানিকাঃ অন্তরীক্ষচরাঃ কেচিদ্দেবযোনয়ঃ'। (মেধাতিথি) ২ উড্ডয়নে সমর্থ। ৩ আকাশবিহারী। (পুং) ৪ দেবযোনিবিশেষ।

বৈমিত্রা (স্ত্রী) স্কন্দানুচর ৭ম মাতৃভেদ। (ভারত বনপর্ব্ব)

বৈমুক্ত (ক্লী) বিমুক্তস্য ভাবঃ বিমুক্ত-অণ্। বিমুক্তের ভাব। (ত্রি) ২ বিমুক্তিবিশিষ্ট।

বৈমুখ্য (ক্লী) বিমুখস্য ভাবঃ বিমুখ-ষ্যঞ্। বিমুখতা, পরাঙ্‌মুখতা। ২ অপ্রসন্নতা। ৩ নিরনুকূলতা। ৪ পলায়ন, হটিয়া আসা।

বৈমূল্য (ক্লী) বিসদৃশ মূল্য। অন্যায় মূল্য। বিভিন্ন মূল্য। (মনু ৯।২৮৭)

বৈমূল্যতস্ (অব্য) বিভিন্নমূল্যে, অন্যায় দরে।

বৈমৃধ (ত্রি) যুদ্ধকারী (ইন্দ্র)। (শতপথব্রা° ৮।৫।২।৫)

বৈমৃধ্য (ত্রি) রণকুশল। (আশ্ব° শ্রৌ° ২।১০।১৩)

বৈমেয় (পুং) বিনিময়। (হেম)

বৈম্য (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। (সংস্কারকৌ°)

বৈম্বকি (পুং) বিম্বের অপত্য।

বৈয়গ্র্য (ত্রি) ১ বিরক্তি, মানসিক চাঞ্চল্য। ২ বৈরতাজনক। (মনু ৯।২২৭)

বৈয়ধিকরণ্য (ক্লী) ব্যধিকরণত্ব বা সমানাধিকরণের বিপরীত ভাব। [ব্যাপ্তি ও ব্যধিকরণ দেখ।]

বৈয়মক (পুং) জাতিবিশেষ। (ভারত সভাপর্ব্ব)

বৈয়র্থ্য (ক্লী) অর্থশূন্যতা, বৃথাত্ব। •ফলবিরহিতত্ব।
(মনু ২।১৩৮ কুল্লূক)

বৈয়ল্কশ (ত্রি) বিবিধ শাখাবিশিষ্ট। (বোপদেব ৭।৪)

বৈয়শন (ত্রি) মাসসংজ্ঞা ভেদ।

বৈয়শ্ব (পুং) ১ অশ্ববিরহিত। ২বৈদিক ঋষি বিশ্বমনসের পিতা।

বৈয়শ্বি (পুং) বৈয়শ্ব বা ব্যশ্বের গোত্রাপত্য।

বৈয়সন (ক্লী) ব্যসনে ভবং অণ্, (ন য্বাভ্যাং পদান্তাভ্যাং পূর্ব্বৌ তু তাভ্যামৈচ। পা ৭।৩।৩) ইতি যস্য ঐচ্। ব্যসনভব, ব্যসনোৎপন্ন যাহা ব্যসনে হয়।

বৈয়াকরণ (পুং) ব্যাকরণং বেত্তি অধীতে বা ব্যাকরণ অণ্ গয়নাদিভ্যঃ (পা ৪।৩।৭৩) ইতি অণ্ (ন য্বাভ্যাং পদান্তাভ্যামিতি। পা ৭।৩।৩) ইতি যকারাৎ পূর্ব্বং ঐচ্। ১ ব্যাকরণবেত্তা, যিনি ব্যাকরণশাস্ত্রে অভিজ্ঞ, তাঁহাকে বৈয়াকরণ কহে। ২ ব্যাকরণাধ্যেতা। ৩ ব্যাকরণ সম্বন্ধী।

"সর্ব্বার্থানাং ব্যাকরণাদ্বৈয়াকরণ উচ্যতে।
তন্মূলতো ব্যাকরণং ব্যাকরোতীতি তত্তথা ॥"
(ভারত ৫।৪৩।৬১)

বৈয়াকরণপাশ (পুং) কুৎসিত অর্থাৎ অজ্ঞ বৈয়াকরণ।

বৈয়াকরণভার্য্য (পুং) বৈয়াকরণী ভার্য্যা যস্য। যাহার পত্নী ব্যাকরণশাস্ত্রে অভিজ্ঞা বা তদধ্যয়নকারিণী। (মুগ্ধবোধ)

বৈয়াকৃত (ত্রি) ব্যাকৃত স্বার্থে অণ্ যস্য ঐচ্। ব্যাকৃত।

বৈয়াখ্য (ত্রি) ব্যাখ্যা।

বৈয়াঘ্র (ত্রি) ব্যাঘ্রস্য বিকারঃ (প্রাণিরজতাদিভ্যঃ। পা ৪।৩।১৫৪) ইতি অঞ্। ততঃ বৈয়াঘ্রেণ চর্ম্মণা পরিবৃতো রথঃ (দ্বৈপবৈয়াঘ্রাদঞ্। পা ৪।২।১২) ইতি অঞ্। ব্যাঘ্রচর্ম্মাচ্ছাদিত রথ। পর্য্যায় দ্বৈপ। (অমর)

"অয়ং সহস্রসমিতো বৈয়াঘ্রঃ সুপ্রতিষ্ঠিতঃ।
সুচক্রোপস্করঃ শ্রীমান্ কিঙ্কিণীজালমণ্ডিতঃ ॥"(ভারত ২।৫৮।৪)
(ত্রি) ২ ব্যাঘ্রসম্বন্ধী।

বৈয়াঘ্রপদী (স্ত্রী) ব্যাঘ্রপদ ঋষির অপত্যপত্নী।

বৈয়াঘ্রপদ্যপুত্র (ত্রি) ব্যাঘ্রপদ্ মুনির দৌহিত্র। ইনি একজন বৈদিক আচার্য্য ছিলেন। (বৃহদারণ্যক উপ° ৬।৫।১)

বৈয়াঘ্রপদ্য (পুং) ব্যাঘ্রপদোঽপত্যমিতি ব্যাঘ্রপদ-য্যঞ্ যদ্বা ব্যাঘ্রস্যেব পাদাবস্য ইতি বহুব্রীহৌ (পাদস্য লোপঃ ইতি। পা ৫।৪।১৩৮) ইতি অকারলোপে গর্গ্যাদিত্বাৎ যঞ্, "পাদঃ পৎ" (পা ৬।৪।১৩০) ইতি পদাদেশঃ ততো যকারাৎ পূর্ব্বমৈচ্। (পা ৭।৩।৩) গোত্রকারক মুনিবিশেষ। মহামতি ভীষ্ম এই গোত্রীয় ছিলেন।

"বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাংকৃতি প্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে ॥" (তিথিতত্ত্ব)

বৈয়াঘ্রপরিচ্ছদ (ত্রি) দ্বীপিচর্ম্মাচ্ছাদিত।

বৈয়াঘ্রপাদ (পুং) ১ বৈয়াঘ্রপদ্য গোত্রকারক মুনি। ২ বৈয়াকরণ বৈয়াঘ্রপাদ বিরচিত।

বৈয়াঘ্র্য (ত্রি) ১ ব্যাঘ্রের ভাব বা ধর্ম্ম। ২ আসন বিশেষ।

বৈয়াত (ত্রি) বিয়াত স্বার্থে অণ্, আদ্যচোর্বৃদ্ধিঃ। (পা ৫।৪।৩৬) বিয়াত শব্দার্থ।

বৈয়াত্য (ক্লী) বিয়াতস্য ভাবঃ (বর্ণদৃঢ়াদিভ্যঃ ষ্যঞ্ চ। পা ৫।১।১২৩) ইতি বিয়াত-ষ্যঞ্। ১ বিয়াতের ভাব। ধৃষ্টতা। অবিনীত ভাব। ২ প্রাগল্‌ভ্য। ৩ নির্লজ্জতা। ৪ ঔদ্ধত্য।

বৈয়াদগি, বোম্বাই প্রেসিডেন্সীর ধারবাড় জেলার অন্তর্গত একটী নগর। এখানে মিউনিসিপালিটী আছে।

বৈয়াবৃত্তি (স্ত্রী) ব্যাবৃত্তি, ব্যাখ্যা। "ধর্ম্মবৈয়াবৃত্যং করোতি।"

বৈয়াবৃত্যকর (পুং) বৌদ্ধমতে, মঠস্থধর্ম্মোপদেশক কর্ম্মচারিভেদ।

বৈয়াস (ত্রি) ব্যাস সম্বন্ধীয়। (শিশুপালবধ ২০।৮২)

বৈয়াসকি (পুং) ব্যাসস্যাপত্যং (ব্যাসবরুড়নিষাদেতি পা ৪।১।৯৭) ইত্যস্য কাশিকোক্ত্যা ইঞ্, অকণাদেশ্চ, যকারাৎ পূর্ব্বমৈচ্। ব্যাসের অপত্য। (ভাগবত ১০।১।১৪)

বৈয়াসি (পুং) ব্যাসের অপত্য। (ভাগবত ৩।২২।৩৭)

বৈয়াসিক (ত্রি) ব্যাসেন কৃতঃ ব্যাস-ঠঞ্ তত ঐচ্। ব্যাসকৃত সংহিতা, ব্যাসদেব যে সকল গ্রন্থাদি লিখিয়াছেন।

বৈয়াস্ক (ক্লী) বৈদিক মাত্রাচ্ছন্দঃ বিশেষ। (ঋক্‌প্রাতি° ১৭।২৫)

বৈয়ুষ্ট (ত্রি) ব্যুষ্টে দীয়তে কার্য্যং (ব্যুষ্টাদিভ্যোঽণ্। পা ৫।১।৯৭) ইতি অণ্ তত ঐচ্। প্রাতর্ভব, যাহা প্রাতঃকালে হয়।

বৈর (স্ত্রী) বীরস্য কর্ম্ম ভাবো বা বীর-অণ্। বিরোধ, দ্বেষ, শত্রুতা। মহাভারতে নির্দ্দিষ্ট আছে যে, পাঁচটী কারণে বিরোধ উপস্থিত হয়,যথা, স্ত্রীকৃত—যেমন শিশুপাল ও কৃষ্ণের; বাস্তুজ—যেরূপ কুরুপাণ্ডবের; বাগ্‌জ—কথায় কথায় যেখানে বিবাদ উপস্থিত হয় তাহাকে বাগ্‌জ কহে, যেরূপ দ্রোণ ও দ্রুপদের; সাপত্ন—যেরূপ মূষিক ও মার্জ্জারের, অপরাধজ—যেরূপ পূজনী ও ব্রহ্মদত্তের। (মহাভারত)

বৈরক (পুং) বৈর শব্দার্থ।

বৈরকর (ত্রি) করোতীতি কর বৈরস্য করঃ। বিরোধকারক।

বৈরকরণ (ক্লী) বৈরস্য করণং। বিরোধিতা করণ।

বৈরকার (ত্রি) বৈরং করোতি কৃ-অণ্। বৈরকর, শত্রুতাচারী, বিরোধকারী।

বৈরকারক (ত্রি) বৈরস্য কারকঃ। শত্রুতাকারক, বিরোধাচরণকারী।

বৈরকারিতা (স্ত্রী) বৈরকারিণো ভাবঃ তল্-টাপ্। বিরোধকারীর ভাব বা ধর্ম্ম, বিরোধ।

বৈরকি (পুং) বীরকের অপত্য। (পা ২।৪।৬১)

বৈরকৃৎ (ত্রি) বৈরং করোতীতি কৃ-ক্বিপ্ তুক্ চ। শত্রুতাকারী, বিরোধকারী।

বৈরক্ত (ক্লী) বিরক্তস্য ভাবঃ বিরক্ত-অণ্। বিরক্ততা, বিরাগ।

বৈরঙ্কর (ত্রি) শত্রুতাকারী, যে শত্রুতাচরণ করে। (ভাগবত ৬।৫।৩৯)

বৈরঙ্গিক (ত্রি) বিরঙ্গং নিত্যমর্হতি (ছেদাদিভ্যো নিত্যং। পা ৫।১।৬৪) ইতি ঠঞ্। বিরাগার্হ। (হেম)

বৈরট (পুং) রাজভেদ। [বৈরাট দেখ।]

বৈরন্তী (স্ত্রী) বৌদ্ধরমণীভেদ।

বৈরণক (ত্রি) বীরণসম্বন্ধীয় বা তদ্ভব। (পা ৪।২।৮০)

বৈরণী (স্ত্রী) বীরণের কন্যা। (হরিবংশ)

বৈরণ্ডেয় (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। (প্রবরাধ্যায়)

বৈরত (পুং) জাতি বিশেষ। "সিন্ধুকালকবৈরতাঃ।" (মার্ক° পু° ৫৮।৩২) সম্ভবতঃ রৈবতের অপপাঠ।

বৈরতা (স্ত্রী) বৈরস্য ভাবঃ তল-টাপ্। বৈরের ভাব বা ধর্ম্ম। শত্রুতার ভাব।

বৈরত্য (ত্রি) বিরতের ভাব। বিরত সম্বন্ধীয় বা তৎকর্ত্তৃক নিবৃত্ত।

বৈরদেয় (ক্লী) ১ প্রতিহিংসাজনিত শত্রুতা বা পীড়ন। ২ অসুরভেদ। (কাঠক ২৩।৮)

বৈরনির্য্যাতন (ক্লী) বৈরস্য নির্য্যাতনং। কৃতাপকারের প্রত্যপকার, শত্রুতার প্রতিশোধ লওয়া, পর্য্যায় বৈরশুদ্ধি, প্রতীকার। (অমর)

বৈরন্ত্য (পুং) রাজপুত্রভেদ। দেবী ইহাকে নূপুরের দ্বারা নিহত করিয়াছিলেন। (কাম° নীতি° ৭।৫৩)

বৈরপুরুষ (পুং) শত্রু। যে ব্যক্তি বৈরতা করে। (ভারত)

বৈরপ্রতিক্রিয়া (স্ত্রী) বৈরস্য প্রতিক্রিয়া। বৈরনির্য্যাতন।

বৈরভাব (পুং) শত্রুভাব, শত্রুতা।

বৈরমণ (ত্রি) বিরাম সম্বন্ধীয়। সমাপ্তি।

বৈরযাতন (ক্লী) বৈরস্য যাতনং। বৈরনির্য্যাতন।

বৈরল্য (ক্লী) বিরলস্য ভাবঃ ষ্যঞ্। বিরলের ভাব, বিরলতা, নির্জ্জনতা।

বৈরবৎ (ত্রি) বৈর অস্ত্যর্থে মতুপ্ মস্য ব। বৈরবিশিষ্ট, শত্রুতাযুক্ত।

বৈরবিশুদ্ধি (স্ত্রী) বৈরস্য বিশুদ্ধিঃ। বৈরনির্য্যাতন।

বৈরশুদ্ধি (স্ত্রী) বৈরস্য শুদ্ধিঃ। বৈরনির্য্যাতন। (অমর)

বৈরস (ক্লী) বিরসস্য ভাবঃ বিরস-অণ্। বৈরস্য, বিরসতা।

বৈরস্য (ক্লী) বিরস-ষ্যঞ্। ১ বিরসতা, রসশূন্যতা। ২ অনিচ্ছা।

বৈরহত্য (ক্লী) বীরহত্যা বা শত্রুহত্যা।

বৈরাগ, বোম্বাই প্রেসিডেন্সীর শোলাপুর জেলার একটী নগর। শোলাপুর হইতে বার্সি যাইবার পথে অবস্থিত। অক্ষা° ১৮° ৩´ ৪২´´ উঃ এবং দ্রাঘি° ৭৫° ৫০´ ৪৫´´ পূঃ। ইহা একটী বাণিজ্যকেন্দ্র। এখানে প্রতি সপ্তাহে বুধবারে হাট বসে।

বৈরাগিক (ত্রি) বিরাগং নিত্যমর্হতি বিরাগ-ঠঞ্। বিরাগার্হ। (সিদ্ধান্তকৌ°) [বৈরঙ্গিক দেখ।]

বৈরাগিন্ (ত্রি) বিরাগস্য ভাবঃ বৈরাগং, তদস্যাস্তীতি ইনি। বিষয়েচ্ছারহিত, বৈরাগ্যযুক্ত, বিবেকী, সংসারবাসনাশূন্য।

বৈরাগী, উদাসীন বৈষ্ণব সম্প্রদায় ভেদ। ইহারা বিষয় কামনা তুচ্ছ করিয়া সংসারধর্ম্ম ত্যাগ করিয়াছে। এই সম্প্রদায়ের সকলেই রামানুজ বা রামানন্দী মতানুসরণ করিয়া থাকে। অন্যান্য বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যেও বৈরাগী দৃষ্ট হয়। ইহারা শ্রীকৃষ্ণ বা শ্রীরামচন্দ্রকে আপনাদের উপাস্য দেবতা বলিয়া জ্ঞান করে এবং উদাসীন সন্ন্যাসীর মত পথে পথে ভিক্ষা করিয়া বেড়ায়। "ওঁ রামায় নমঃ" ইহাদের মূলমন্ত্র। ইহারা শ্রীকৃষ্ণের ভজন করে বটে, কিন্তু শ্রীরাধাকে তাঁহার শক্তি বলিয়া উপাসনা করে না। রাধাকে ইহারা শ্রীকৃষ্ণের অনুগতা ভামিনী বলিয়া জ্ঞান করে। রুক্মিণী দেবীই ইহাদের মতে ভগবান্ শ্রীকৃষ্ণের শক্তিস্বরূপিণী। যাহারা অযোধ্যাপতি রামচন্দ্রের উপাসক, তাহারা সীতাদেবীকে লক্ষ্মীস্বরূপিণী বলিয়া পূজা করে।

পশ্চিমাঞ্চলবাসী বৈরাগীদিগের মধ্যে সাধারণতঃ রামানুজ বা শ্রীবৈষ্ণব, মধ্বাচার্য্য, বিষ্ণুস্বামী ও নিম্বার্ক মতানুসারী বৈষ্ণবই দেখা যায়। দাক্ষিণাত্যে মধ্বাচার্য্য, নিম্বার্ক ও বিষ্ণুস্বামী-দলের সংখ্যাই অধিক। ইহারা সকলেই শ্রীকৃষ্ণের উপাসক। পঞ্জাব প্রদেশে রামানন্দী ও নিমানন্দী সম্প্রদায়ী বৈরাগী আছে। রামানন্দীরা রামের এবং নিমানন্দীরা কৃষ্ণের উপাসনা করে। শ্রীরামনবমীতে শ্রীরামচন্দ্রের এবং ভাদ্রের কৃষ্ণাষ্টমীতে শ্রীকৃষ্ণের জন্মোপলক্ষে ইহারা উপবাস ও পারণাদি করে। স্বধর্ম্মাবলম্বী-দিগের মধ্যে কেহ পরলোকগত হইলে ইহারা মহাধূমধামে ভোজ দেয়।

রামানন্দীরা ধর্ম্মশাস্ত্ররূপে রামায়ণ পাঠ করে এবং অযোধ্যা ও রামনাথকে পবিত্র তীর্থ বলিয়া ধর্ম্ম অর্জ্জনের নিমিত্ত তত্তদ্দেশে গমন করিয়া থাকে। নিমানন্দীরা শ্রীকৃষ্ণের ভক্তিবিষয়ক গ্রন্থাদি পাঠ করে এবং মথুরা, বৃন্দাবন, দ্বারকাদিতে দেবদর্শনোদ্দেশে গমন করিয়া থাকে। এই সকল বিভিন্ন সম্প্রদায়ী বৈষ্ণবদিগের তিলকাদি ধারণের ভিন্ন ভিন্ন রূপ নির্দ্দিষ্ট আছে।

রামানুজ সম্প্রদায়ের বৈরাগীদিগের মধ্যে তেঙ্গলই ও বড়গলই নামে দুইটী শ্রেণীগত বিভাগ দৃষ্ট হয়। ইহাদের পরস্পরের মধ্যে ধর্ম্মমতের বিশেষ কোন পার্থক্য না থাকিলেও তিলকধারণ-বিষয়ে যথেষ্ট পার্থক্য দৃষ্ট হয়। তেঙ্গলইগণ বলে, দেবতার স্ত্রীশক্তি সসীম জীব,তাহাদের ভাবে (পুরুষকার দ্বারা) আত্মা ঈশ্বর সকাশে নীত হয়। পক্ষান্তরে বড়কলইগণ উক্ত শক্তিকে অসীম ও অনন্ত বলিয়া জ্ঞান করে এবং তাঁহাদিগকেই একমাত্র মুক্তির উপায় বলিয়া জানে। অন্যান্য বিষয়েও উভয় দলের মধ্যে কতক কতক প্রভেদ আছে, তাহা খৃষ্টানমতাবলম্বী কন্‌ভিনিষ্ট ও আর্ম্মে-ণীয়দিগের অনুরূপ। বড়গলইগণ মানবের ইচ্ছাকেই মুক্তির একমাত্র সহায় বলিয়া স্বীকার করে এবং বানরশিশু যেমন নিরাপদ স্থানে যাইবার জন্য মাতাকে দৃঢ়রূপে আকর্ষণ করে, সেই মত আত্মাও জগদীশ্বরকে আশ্রয় করিয়া মুক্তিপথের আকাঙ্ক্ষী হয়। পক্ষান্তরে তেঙ্গলইগণ বলে যে, আত্মা নিষ্ক্রিয় ও শক্তি-হীন; বিড়াল যেমন তাহার শিশুকে কামড়াইয়া নিরাপদ স্থানে লইয়া যায়, আত্মাকে সেইরূপ ঈশ্বর দয়ার সহিত পরিচালিত না করিলে উহা কখনই নিরাশ্রয়তা অতিক্রম করিতে পারে না। এই কারণে এই সম্প্রদায়ের মধ্যে "মর্কটকিশোরন্যায়" ও "মার্জ্জারকিশোরন্যায়" মতের উৎপত্তি হইয়াছে।

ইহাদের অধিকাংশই শূদ্রবর্ণ। ইহারা বিবাহাদি করে না। কিন্তু বাঙ্গলার চৈতন্য সম্প্রদায়ী বৈষ্ণব বৈরাগীগণের মধ্যে সেবাদাসী রাখিবার ব্যবস্থা দেখা যায়। ইহারা শবদেহ সমাধিস্থ করে।

নিম্বার্ক বা নিম্বাদিত্য, মধ্বাচার্য্য, রামানুজ ও রামানন্দ প্রভৃতি শব্দে এই সকল মতের বিস্তৃত বিবরণ লিখিত হওয়ায় এখানে আর তাহা বাহুল্যরূপে আলোচিত হইল না।

[তত্তৎ শব্দ দেখ।]

বৈরাগ্য (ক্লী) বিরাগস্য ভাবঃ বিরাগ য্যঞ্। বিষয়তুচ্ছধী, সংসারে ঔদাস্য, অননুরাগ। সংসার ত্যাগকারীর বিবেকোদয়ে মনে যে একটা বিষয়স্পৃহা দূরীকরণের ভাব আসিয়া পড়ে, তাহাই বৈরাগ্য।

বৈরাজ (ত্রি) ১ বিরাট্ সম্বন্ধীয়। ২ বিরাট্ পুরুষ। (ভাগবত ২।১।২৫) ৩ মনুভেদ। ৪ সপ্তবিংশ কল্পভেদ। ৫ সামভেদ। ৬ বৈরাজসামযুক্ত। ৭ অজিতের পিতা। (ভাগ০ ৮।৫।৯)

বৈরাজক (ত্রি) উনবিংশকল্পভেদ।

বৈরাজ্য (ক্লী) বিবিধং রাজতে বিরাট্ তস্য ভাবো বৈরাজ্যং। অণিমাদিসিদ্ধিভাক্ত্বমিত্যর্থঃ। অণিমাদি সিদ্ধিভাজনত্ব।

বৈরাট (ত্রি) বিরাট-অণ্। ১ বিরাট সম্বন্ধী। (পুং) ২ ইন্দ্রগোপকীট। ৩ বিরাট রাজপুত্র। ৪ বিরাটপর্ব্ব। ৫ বিস্তৃত।

"বৈরাটপৃষ্ঠমুক্ষাণং সর্ব্বরত্নৈরলঙ্কৃতম্।
প্রদায় মরুতাং লোকান্ স রাজন্ প্রতিপদ্যতে॥"

(ভারত ১৩।৭৯।২১)

স্ত্রিয়াং ঙীষ্। বৈরাটী, বিরাটকন্যা।

বৈরাট্, রাজপুতানার জয়পুর রাজ্যের তোঁড়বাটী জেলার অন্তর্গত একটী নগর। ভীম-গুফা পাহাড়ের পাদমূলে জয়পুর হইতে ৪১ মাইল উত্তরে এবং আলবার হইতে ২৫ মাইল পশ্চিমে অবস্থিত। এই নগর অতি প্রাচীন, পাণ্ডুপুত্রগণ বনবাস কালে এখানে অজ্ঞাতবাস সমাপন করিয়াছিলেন। ইহাই প্রাচীন বিরাট্ জনপদ। এখানে বৌদ্ধ সম্রাট্ অশোকের সময়ে উৎকীর্ণ দুই খানি অনুশাসন দৃষ্ট হয়। এখানে তাম্রের খনি আছে।

বৈরাটপুর, দাক্ষিণাত্যের বোম্বাই প্রেসিডেন্সীর ধারবাড় জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। বর্ত্তমান নাম হঙ্গল। এখানে কদম্বরাজগণ রাজত্ব করিতেন। শিলালিপিতে এই স্থান পন্থী-পুর, বৈরাটপুর, বিরাটকোট ও বিরাটনগর নামে অভি-হিত হইয়াছে।

বৈরাজ (পুং) বিরাজপুত্র, মনু। বহুবচনে—স্বর্গীয় পিতৃ-ভেদ। ইঁহারা তপোলোকে বাস করেন, কিন্তু সত্যলোকেও গমন করিতে পারেন এবং কখনই অগ্নিতে দগ্ধ হন না। কাশীখণ্ডে লিখিত আছে, বৈরাজগণ ব্রহ্মচর্য্য ও সন্ন্যাসাদি কঠোরাচার অবলম্বন করিয়া এই সম্মানিত লোক প্রাপ্ত হন।

বৈরাটক (ক্লী) দূষিত গুটী (Poisonous Tubercle)। (সুশ্রুত ২য় স্থান)

বৈরাটি (পুং) বিরাটের পুত্র। (ভারত বিরাটপর্ব্ব)

বৈরাট্যা (স্ত্রী) জিনদিগের ষোড়শ বিদ্যা দেবীর অন্তর্গত দেবী বিশেষ। (হেম)

বৈরাণক (ত্রি) বীরানকনির্বৃত্ত। (পা ৪।২।৯০) বৈরানকীয় পাঠও দৃষ্ট হয়।

বৈরাধ্য (ক্লী) বিরাধস্য সম্বন্ধীয়। (পা ৫।১।১২৪)

বৈরাতঙ্ক (পুং) অর্জ্জুনবৃক্ষ। (রাজনি০)

বৈরানুবন্ধ (পুং) বৈরসংস্রব, বৈরসম্বন্ধ। (ভাগবত ৭।১।২৫)

বৈরানুবন্ধিন্ (ত্রি) বৈরসংস্রববিশিষ্ট। (কাম° নীতি° ১৪।৪৫)

বৈরাম (পুং) জাতি বিশেষ। (ভারত বনপর্ব্ব)

বৈরাম, কনস্তান্তিনোপলবাসী তুর্কজাতির ধর্ম্মসংক্রান্ত একটী উৎসব। জি-উল্ হজ্জ মাসের ১০ই তারিখে উহা অনুষ্ঠিত হইয়া থাকে। ইস্‌লাম ধর্ম্মশাস্ত্রে ইহা ইদ্-ই-আধা ও ইদ্-উল্ কোরবান্ নামে কথিত; কিন্তু তুর্কেরা ইহাকে সাধারণতঃ 'কেবার্‌রা বৈরাম' বলিয়া থাকে।

বৈরাম খাঁ, মোগলরাজমন্ত্রী। ইনি তুর্কমান বংশে সমুৎপন্ন এবং খান্ খানান্ উপাধি লাভ করিয়া মোগলরাজদরবারে অতি উচ্চপদে প্রতিষ্ঠিত ছিলেন। ইঁহার পিতৃপিতামহগণ তৈমুরের সময় হইতে মোগলরাজ সরকারে কর্ম্ম করিতেন, সেই সূত্রে ইনিও মোগল সরকারে কার্য্যভার প্রাপ্ত হন, এবং স্বীয় বুদ্ধি-কৌশলে রাজকার্য্যে সুখ্যাতির সহিত উচ্চপদে অধিষ্ঠিত হইয়াছিলেন। মোগল-সম্রাট্ হুমায়ুন শাহ যখন পারস্য হইয়া ভারতে পদার্পণ করিয়াছিলেন, বৈরাম তৎকালে তাঁহার সহচর হইয়া ভারতে আসেন।

হুমায়ুনপুত্র অকবর যখন দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত হন, তখন তিনি তাঁহার অভিভাবক রাজমন্ত্রিপ্রবর বৈরামকে খান্ খানন্ উপাধি দানে সম্মানিত করিয়াছিলেন। তৎকালে মোগল-সাম্রাজ্যের সামরিকবিভাগের ও দেওয়ানী রাজকার্য্যের পরিচালন-ভার বৈরামের উপর ন্যস্ত ছিল। বৈরাম এই পদে নিযুক্ত থাকিয়া স্বীয় মর্য্যাদা অক্ষুণ্ণ রাখিতে পারেন নাই। তিনি যুবক অকবরের উপর অনেক সময়ে অন্যায়পূর্ব্বক স্বীয় প্রভুত্ব বিস্তার করিতে কুণ্ঠিত হইতেন না। এই সূত্রে তাঁহার উপর অকবর শাহের মনোমালিন্য উপস্থিত হয়। ১৫৫৮ খৃষ্টাব্দে সম্রাট্ অকবর শাহ যখন আপনাকে রাজকার্য্য পরিচালনে উপযুক্ত বলিয়া বুঝিতে পারিলেন। তখন তিনি কৌশল পূর্ব্বক বৈরামখাঁকে রাজকার্য্য হইতে অবসর দান করিলেন। মন্ত্রিত্ব ও দরবারে প্রভাব নষ্ট হইল দেখিয়া বৈরাম প্রথমে সম্রাটের বিরুদ্ধে ষড়যন্ত্র করিয়া বিদ্রোহবহ্নি প্রজ্বলিত করিতে উদ্যত হইয়াছিলেন। কিন্তু তাহাতে বিফল মনোরথ হইয়া উপায়ান্তরের চেষ্টা করিতে লাগিলেন। শেষে আত্মরক্ষার কোন উপায় না দেখিয়া সম্রাট্-পদে দয়া ভিক্ষা চাহিলেন। উদারমতি বাদসাহ অকবরশাহ তাঁহার সর্ব্বদোষ মার্জ্জনা করিলেন এবং তাঁহার ভরণপোষণ জন্য বার্ষিক ৫০ হাজার টাকা বৃত্তি নির্দ্দেশ করিয়া দিলেন।

ইহার কিছু পরে, বৈরাম মক্কাযাত্রামানসে সম্রাটের নিকট হইতে বিদায়গ্রহণ করিলেন। গুজরাতে আসিয়া জাহাজে উঠিবার জন্য প্রস্তুত হইতেছিলেন, এমন সময়ে মুবারক খাঁ লোহানী নামক জনৈক মুসলমান তাঁহাকে নিহত করেন। মুবারক তাহার পিতার মৃত্যু হইতে স্বীয় হৃদয়ে বৈরামের বিরুদ্ধে বিদ্বেষ পোষণ করিয়া আসিতেছিলেন, এতদিন পরে তিনি তাহার প্রতিশোধ গ্রহণ করিলেন। সম্রাট্ হুমায়ুন শাহের রাজ্যকালে বৈরাম রণক্ষেত্রে মুবারকের পিতাকে স্বহস্তে ধরাশায়ী করিয়াছিলেন। ১৫৬১ খৃষ্টাব্দে ৩১এ জানুয়ারী এই দুর্ঘটনা ঘটে। গুজরাতের সেখ হিসামের সমাধিমন্দিরের সন্নিকটে তাঁহার শবদেহ সমাহিত হয়, পরে তাহা মস্হদে আনিয়া পুনরায় গোর দেওয়া হয়।

বৈরামখাঁ একখানি দিবান্ রচনা করিয়া স্বীয় কবিত্ব প্রতিভার পরিচয় দিয়া যান।

বৈরাম বেগ, একজন মোগল-রাজকর্ম্মচারী। ইহার পুত্র মুনিম খাঁ সম্রাট্ হুমায়ুন শাহের নিকট হইতে জায়গীর লাভ করিয়াছিলেন।

বৈরাম ঘাট, মধ্যভারতের বেরার প্রদেশের ইলিচপুর জেলার একটী গণ্ডগ্রাম। ইলিচপুর নগর হইতে ১৪ মাইল পূর্ব্বে করিঞ্জা সীমান্তে অবস্থিত। অক্ষা° ২১° ২২´ ৩০´´ উঃ এবং দ্রাঘি° ৭৭° ৩৮´ ৩০´´ পূঃ। এই গ্রামে পর্ব্বতোপরি একটী দেবস্থান বিরাজিত। প্রতিবৎসর কার্ত্তিক মাসে ঐ দেবস্থানে একটী মেলা হয় এবং প্রায় ৫০ হাজার হিন্দু-মুসলমান ঐ স্থানে সমবেত হইয়া থাকে। তীর্থযাত্রিগণের পর্ব্বতোপরি উঠিবার সুবিধার্থ পর্ব্বতগাত্রে সোপানশ্রেণী আছে; হিন্দুগণ একধার দিয়া ও মুসলমানেরা অন্য ধার দিয়া ঐ সোপানে আরোহণ করিয়া থাকে। হিন্দু ও মুসলমান উভয়েই ঐ দেবতীর্থে পর্ব্বতের সম্মুখস্থ সমতল ভূমিতে মানসিক পশুবলি দিয়া থাকে। ঐ বার্ষিক উৎসবে প্রায় সহস্রাধিক পশু নিহত হয়; কিন্তু আশ্চর্য্যের বিষয়, তৎকালে সেখানে রক্তের নদী প্রবাহিত হইলেও, তদ্দেশে একটী মাছিও দৃষ্টিগোচর হয় না।

বৈরি (পুং) বৈরিন্, শত্রু।

বৈরিঞ্চ (ত্রি) বিরিঞ্চ অণ্। বিরিঞ্চি সম্বন্ধীয়। ব্রহ্মা সম্বন্ধীয়। স্ত্রিয়াং ঙীষ্। বৈরিঞ্চী। (ভাগবত ১১।১৭।৫)

বৈরিঞ্চ্য (পুং) বিরিঞ্চ-ষ্যঞ্। ব্রহ্মাপুত্র শনকাদি।

"নতাঃ স্ম তে নাথ সদাঙ্ঘ্রিপঙ্কজং
বিরিঞ্চবৈরিঞ্চ্যসুরেন্দ্রবন্দিতম্॥" (ভাগবত ১।১১।৬)

'বৈরিঞ্চ্যাঃ শনকাদয়ঃ' (স্বামী)

বৈরিণ (ক্লী) শত্রু।

বৈরিণি (পুং) গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদ। (প্রবরাধ্যায়)

বৈরিতা [ত্ব] (স্ত্রী) বৈরিণোভাবঃ তল্-টাপ্। শত্রুতা, বৈরিত্ব।

বৈরিন্ (পুং) বৈরমস্যাস্তীতি বৈর-ইনি। শত্রু। (ত্রি) বীরসম্বন্ধী, বীরবিশিষ্ট।

বৈরিবীর (পুং) দশরথের পুত্রভেদ। (বিষ্ণুপু০) ইলবিল নামান্তর।

বৈরিস্, রাজপুতনার উদয়সাগর নামক হ্রদ হইতে উদ্ভূত একটী নদী, চিতোর রাজধানীর ১ মাইল দূরে প্রবাহিত। উদয়সাগর হইতে ৬ মাইল দূরে পেশোলা নামক বাঁধ। এই পেশোলা ৮০ ফিট উচ্চে থাকায় ইহার জল উদয়সাগরে আসিয়া পড়ে। সুহেলিয়া-কি-বাড়ী নামক গ্রামে ঐরূপ আর একটী বাঁধ আছে। ঐ বাঁধে আরাবল্লী পর্ব্বতের কএকটী স্রোতস্বিনীর জল নিপতিত

হইতেছে। এবং সেই জলরাশি তথা হইতে সঞ্চালিত হইয়া পেশোলা ও উদয়সাগরে প্রধাবিত হইয়া থাকে।

বৈরিসিংহ (পুং) রাজপুত্রভেদ।

বৈরোবাল, পঞ্জাব প্রদেশের অমৃতসর জেলার একটী নগর। বিপাশা নদীর দক্ষিণকূলে অমৃতসর হইতে ২৬ মাইল দক্ষিণ-পূর্ব্বে অবস্থিত। ইহার অপর পারে কপুরথলা রাজ্য। অক্ষা° ৩১° ৫৬´ উঃ এবং দ্রাঘি° ৭৪° ৪০´ পূঃ। মিউনিসিপালিটী থাকায় নগরটী বেশ পরিষ্কার পরিচ্ছন্ন; এখানে শাল কাষ্ঠের অল্প বিস্তর বাণিজ্য আছে। পর্ব্বত হইতে কাঠ কাটিয়া বিপাশা বক্ষে এখানে আনীত হয়।

বৈরূপ (পুং) ১ বিরূপের অপত্য। ঋষিভেদ। (প্রবরাধ্যায়) ২বিরূপের গোত্রাপত্য অষ্টাদংষ্ট্র। (পঞ্চবিংশব্রা°৮।৯।২১) ৩ সামভেদ।

বৈরূপাক্ষ (পুং) বিরূপাক্ষস্য গোত্রাপত্যং বিরূপাক্ষ-(শিবাদিভ্যোঽণ্। পা ৪।১।১১২) ইতি অণ্। বিরূপাক্ষের গোত্রাপত্য।

বৈরূপ্য (ক্লী) বিরূপস্য ভাবঃ ষ্যঞ্। ১ বিরূপতা, কদর্য্যতা। ২ অসাধারণত্ব। ৩ বিসদৃশত্ব। ৪ বিকৃতি, অযথাভাব।

বৈরূপ্যতা (স্ত্রী) বৈরূপ্যস্য ভাবঃ তল্-টাপ্। বৈরূপ্যের ভাব বা ধর্ম্ম, বিরূপতা।

বৈরেকীয় (ত্রি) বিরেক সম্বন্ধীয়, বিরেচন সম্বন্ধীয়। (সুশ্রুত)

বৈরেচন (ত্রি) বিরেচন সম্বন্ধীয়। (সুশ্রুত)

বৈরেচনিক (ত্রি) বিরেচন সম্বন্ধীয়। (সুশ্রুত)

বৈরেয় (ত্রি) বীরসম্বন্ধীয়। (পা ৪।২।৮০)

বৈরোচন (ত্রি) বিরোচনস্যাপত্যং বিরোচন-অণ্। ১ বুদ্ধ। ২ বলিরাজ। ৩ অগ্নিপুত্র। ৪ সূর্য্যপুত্র। ৫ সিদ্ধগণ। (শব্দরত্না°)

বৈরোচন-নিকেতন (ক্লী) বৈরোচনস্য বলের্নিকেতনং। পাতাল। (হলায়ুধ)

বৈরোচনভদ্র (পুং) বৌদ্ধ ধর্ম্মাচার্য্যভেদ। (তারনাথ)

বৈরোচনরশ্মিপ্রতিমণ্ডিত (পুং) বৌদ্ধমতে জগদ্ভেদ।

বৈরোচনি (পুং) বিরোচনস্যাপত্যং বিরোচন-ইঞ্। ১ বুদ্ধ। ২ বলিরাজ। ৩ সূর্য্যপুত্র। (মেদিনী)

বৈরোচি (পুং) বাণদৈত্য, বলিপুত্র। (শব্দরত্না°)

বৈরোট্যা (স্ত্রী) জৈনদিগের ১৬শ বিদ্যাদেবী। (হেম)

বৈরোদ্ধার (পুং) বৈরস্যোদ্ধারঃ। কৃতাপকারের প্রত্যপকার, বৈরনির্য্যাতন।

"প্রতিকারঃ প্রতীকারো বৈরনির্য্যাতনং তথা।
নির্য্যাতনং বৈরশুদ্ধি বৈরোদ্ধারো নিগদ্যতে॥" (শব্দরত্না°)

বৈরোধক (পুং) মুদ্রারাক্ষসবর্ণিত ব্যক্তিভেদ।

বৈরোহিত (পুং) বিরোহিতের গোত্রাপত্য। পাণিনি ৪।২।১১১ বৈরোহিত্যগণ)

বৈরোহিত্য (পুং) বৈরোহিতের অপত্য। (পা° ৪।১।১০৫)

বৈল (ত্রি) বিলেশয়। যাহারা গর্ত্তে বাস করে, তাহাদের সম্বন্ধীয়।

বৈলক্ষণ্য (ক্লী) বিলক্ষণস্য ভাবঃ বিলক্ষণ-ষ্যঞ্। বিলক্ষণত্ব, বিলক্ষণের ভাব, বিশেষ, বিভিন্নতা, প্রভেদ। ২ পৃথক্‌ভাব। বিভিন্নতা। ৩ অন্যপ্রকার।

বৈলক্ষ্য (ক্লী) বিলক্ষ ভাবে ষ্যঞ্। ১ লজ্জা। ২ বিস্ময়। ৩ স্বভাবের বৈলক্ষণ্য।

বৈলগাঁও, যুক্ত প্রদেশের অযোধ্যা বিভাগের উণাও জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। উণাও নগর হইতে ৮ ক্রোশ দক্ষিণ-পূর্ব্বে অবস্থিত। একটী ধ্বস্ত দুর্গাবশেষ স্থানীয় সমৃদ্ধির পরিচায়ক। এখানে সপ্তাহে দুই দিন হাট বসে। ঐ হাটে জহরত, নানা কাষ্ঠ, লৌহনির্ম্মিত দ্রব্য, কৃষিকর্ম্মের উপযোগী যন্ত্রাদি এবং বস্ত্র প্রভৃতি নানা দ্রব্য বিক্রয়ার্থ আনীত হয়। গ্রামের চতুষ্পার্শ্বেই আম্র ও মহুয়ার বন। ব্যবসায়িগণের চেষ্টায় ও তত্ত্বাবধানে উহা অতি যত্নে রক্ষিত হইতেছে।

বৈলভেল, যুক্ত প্রদেশের অযোধ্যা বিভাগের রায় বরেলী জেলার একটী নগর। এখানে প্রায় ৫ হাজার লোকের বাস, সকলেই শৈব ধর্ম্মাবলম্বী। স্থানীয় মহাদেব মন্দির বিশেষ প্রসিদ্ধ।

বৈলস্থান (ক্লী) শ্মশান।

"যত্র হতা অমিত্রা বৈলস্থানং"। (ঋক্ ১।১৩৩।১)

'বৈলস্থানং বিলশব্দো গর্ত্তসমানার্থঃ স চ গর্ত্তঃ শ্মশানবাচী, অথবা বিলসম্বন্ধিস্থানং নাগলোকঃ। যদ্বা বিল ক্ষেপে ইতি ঘঞর্থে ক, স্বার্থিকোহণ, তত্র শবা ক্ষিপ্যন্তে ইতি বৈলস্থানং শ্মশানং' (সায়ণ)

বৈলহোঙ্গল, বোম্বাই প্রেসিডেন্সীর সাঁপগাঁও জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। একটী সুবৃহৎ দীর্ঘিকার পূর্ব্বপারে বিস্তীর্ণ প্রান্তরের (বৈল) মধ্য স্থলে অবস্থিত। সাঁপগাঁও ও পরশগড় উপবিভাগদ্বয়ের সীমান্তদেশে অবস্থিত থাকায় এই স্থান একটী বাণিজ্যকেন্দ্ররূপে পরিগণিত হইয়াছে। এখানে প্রতি শুক্রবারে হাট বসে এবং তথায় স্থানীয় উৎপন্ন কার্পাসবস্ত্র ও পরিচ্ছদাদি বিক্রীত হইয়া থাকে। স্থানীয় এবং পার্শ্ববর্ত্তী গ্রামবাসী কৃষক ও ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায়িগণ ব্যতীত বেলগাঁও ও বেনগুরলা-বাসী বণিকগণও ঐ সকল বস্ত্র ক্রয় করিয়া লইয়া যায়। এতদ্ভিন্ন গড়গ (ধারবাড়), গুলেড়গড় (বীজাপুর), হুবলী (ধারবাড়), বেল্লপুর (কণাড়া) এবং বোম্বাই ও মান্দ্রাজ বন্দর হইতে নানারূপ রেশমী ও কার্পাসবস্ত্র, সুপারী, গুড় প্রভৃতি প্রচুর পরিমাণে এখানে বিক্রয়ার্থ আনীত হইয়া থাকে।

নগর-প্রাচীরের বহির্ভাগে উত্তর দিকে বসবেশ্বরের প্রাচীন

মন্দির। মন্দিরের বাহ্য গঠন ও শিল্প কার্য্য দেখিলে মনে হয়, জৈনপ্রাধান্য কালে উহা বিনির্ম্মিত হইয়াছিল। দাক্ষিণাত্যে লিঙ্গায়ত মতের প্রাদুর্ভাব হইলে এই মন্দিরে লিঙ্গমূর্ত্তি প্রতিষ্ঠিত হয়। প্রতিবৎসর কার্ত্তিক মাসে এখানে দেবোদ্দেশে একটী মেলা হইয়া থাকে। মন্দিরগাত্রে রট্টসর্দ্দারগণের (৮৭৫-১২৫০ খৃঃ) ১২শ শতাব্দে কণাড়ী ভাষায় উৎকীর্ণ দুইখানি শিলাফলক দৃষ্ট হয়। মন্দিরের সম্মুখের দক্ষিণপার্শ্বের শিলালিপি খানি এতই অস্পষ্ট যে তাহার পাঠোদ্ধার অসম্ভব। বামপার্শ্বের খানি রট্টসর্দ্দার কার্ত্তবীর্য্যের রাজ্যকালে ১১৬৪ খৃষ্টাব্দে উৎকীর্ণ। উহার উপরি ভাগে মধ্যস্থলে জিনেন্দ্রের উপবিষ্ট মূর্ত্তি। উহার দক্ষিণ ভাগে দণ্ডায়মান নরমূর্ত্তি ও তাহার মাথার চন্দ্র এবং বামপার্শ্বে সবৎসা গাভী ও তদুপরি সূর্য্যমূর্ত্তি আছে। এই শিলাফলকে জিনবস্তি এবং সম্ভবতঃ জৈনমন্দিরের প্রতিষ্ঠার উল্লেখ আছে।

এই নগরে গোবৃষাদির বলিষ্ঠ সন্তান উৎপাদনের খোয়াড় স্থাপিত আছে এবং তথাকার কর্ম্মচারিগণের চেষ্টায় উৎকৃষ্ট বৃষাদি উৎপন্ন হইতেছে।

বৈলাত্য (ক্লী) বিলাত সম্বন্ধীয়। (পা ৫।১।১২৩)

বৈলুর, বোম্বাই প্রেসিডেন্সীর বেলগাম্ জেলার অন্তর্গত একটী শৈল। বেলগাম্ হইতে ১৪ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। সমুদ্রপৃষ্ঠ হইতে ৩৪৯১ ফিট্ উচ্চ ও প্রায় ৫ মাইল বিস্তৃত। ইহার উপরে লৌহময় মৃত্তিকা পাওয়া যায়। এখানে ত্রিকোণমিতীয় সার্ভে ষ্টেসন প্রতিষ্ঠিত আছে।

বৈলেপিক (ত্রি) বিলেপিকার ধর্ম্ম।

বৈল্ব (ক্লী) বিল্বস্যেদং অণ্। ১ বিল্বফল। (অমরটীকা) (ত্রি) ২ বিল্বসম্বন্ধী। ব্রাহ্মণের উপনয়ন কালে বিল্ব বা পলাশদণ্ড গ্রহণ করিতে হয়।

"ব্রাহ্মণো বৈল্বপালাশৌ ক্ষত্রিয়ো বাটখাদিরৌ।" (মনু ২।৪৫)

বৈবক্ষিক (ত্রি) বিবক্ষাসম্বন্ধীয়।

বৈবধিক (ত্রি) বিবধেন ধান্যতণ্ডুলাদিনা ব্যবহরতি (বিভাষা বিবধবীবধাৎ। পা ৪।৪।১৭) ইতি পক্ষে ঠক্। ধান্যতণ্ডুলাদি ব্যবসায়ী। যাহারা ধান্যতণ্ডুল প্রভৃতির ক্রয়বিক্রয়াদি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, চলিত পশারি। ২ বার্ত্তাবহ, দূত। ৩ নৈগমিক। ৪ ভারবাহী।

বৈবর্ণ (ক্লী) বিবর্ণস্য ভাবঃ বিবর্ণ-ষ্যঞ্। ১ বিবর্ণতা, মালিন্য। ২ কালিকা, লাবণ্যহীনতা। ৩ স্ত্রীদিগের সাত্ত্বিক অষ্টবিধ ভাবের মধ্যে ভাববিশেষ।

"স্তম্ভঃ স্বেদোঽথ রোমাঞ্চঃ স্বরভঙ্গোঽথ বেপথুঃ।
বৈবর্ণ্যমশ্রুপ্রলয় ইত্যষ্টৌ সাত্ত্বিকাঃ স্মৃতাঃ॥"

(সাহিত্যদর্পণ ৩।১৬৬)

বৈবর্ত্ত (ক্লী) চক্রবৎ পরিবর্ত্তন।

বৈবশ্য (ক্লী) অবশত্ব, দৌর্ব্বল্য, বিবশের ভাব, অঙ্গশৈথিল্য। (রাজতর° ৬।৭৪)

বৈবস্বত (পুং) বিবস্বতোঽপত্যমিতি বিবস্বৎ-অণ্। ১ সূর্য্যপুত্র।

"বৈবস্বতং সংগমনং জনানাং" (ঋক্ ১০।১৪।১)

'বৈবস্বতং বিবস্বতঃ সূর্য্যস্য পুত্রং' (সায়ণ)

২ রুদ্রবিশেষ। (জটাধর) ৩ শনি। ৪ সপ্তম মনু। বর্ত্তমান বৈবস্বত মন্বন্তর; ভাগবত মতে এই মন্বন্তরে অবতার বামন, পুরন্দর ইন্দ্র, আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ বিশ্বেদেবগণ, মরুদ্গণ ও অশ্বিনাবৃষভ প্রভৃতি দেবতা, কশ্যপ, অত্রি, বশিষ্ঠ, বিশ্বামিত্র, গোতম, জমদগ্নি, ও ভরদ্বাজ এই সপ্তর্ষি, ইক্ষ্বাকু, নৃগ, শর্য্যাতি দিষ্ট, ধৃষ্ট, করূষক, নরিষ্যন্ত, পৃষধ্র, নাভাগ ও কবি এই দশটী মনুর পুত্র। (ভাগবত)

হরিবংশে লিখিত আছে যে, বৈবস্বত সপ্তম মনু, সংপ্রতি এই মন্বন্তর চলিতেছে, এই মন্বন্তরে অত্রি, বশিষ্ঠ, কাশ্যপ, গৌতম, ভরদ্বাজ, বিশ্বামিত্র ও ঋচীকপুত্র জমদগ্নি ইহারা সপ্তর্ষি। সাধ্যগণ, রুদ্রগণ, বিশ্বগণ, বসুগণ, মরুদ্গণ, আদিত্যগণ, অশ্বিনীকুমারদ্বয় ইহারা দেবতা এবং ইক্ষ্বাকু প্রভৃতি দশজন বৈবস্বত মনুর পুত্র। ইহাদের পুত্র পৌত্র প্রভৃতি সন্তান সন্ততিগণ কালক্রমে দিগ্ দিগন্তরে ব্যাপ্ত হইয়াছেন। মন্বন্তরের প্রারম্ভে লোকসমূহের সম্যগ্ ব্যবস্থা ও সংরক্ষণের নিমিত্ত সাত সাতজন করিয়া মহর্ষি ব্যবস্থাপিত হইয়া থাকেন। (হরিবংশ ৭ অ°)

হরিবংশের ৭ অধ্যায় হইতে ৯ অধ্যায় পর্য্যন্ত এই মন্বন্তরের বিষয় বর্ণিত আছে। ইহা ভিন্ন মৎস্যপুরাণ ৯ অধ্যায় ও মার্কণ্ডেয় পুরাণ প্রভৃতিতেও ইহার বিশেষ বিবরণ বর্ণিত হইয়াছে।

বৈবস্বততীর্থ (ক্লী) তীর্থভেদ।

বৈবস্বতী (স্ত্রী) বৈবস্বতস্য ইয়ং অণ্ ততো ঙীপ্। দক্ষিণদিক্, এই দিকের অধিপতি যম, বৈবস্বত সম্বন্ধীয় বলিয়া দক্ষিণদিক্‌কে বৈবস্বতী কহে।

বৈবস্বতীয় (ত্রি) বৈবস্বত মনু সম্বন্ধীয়।

বৈবাহ (ত্রি) বিবাহ-অণ্। বিবাহ সম্বন্ধীয়।

বৈবাহিক (পুং) বিবাহাদ্ভবঃ বিবাহ-ঠঞ্। কন্যা বা পুত্রের শ্বশুর, চলিত বেহাই। পর্য্যায় সম্বন্ধী। (ত্রি) ২ বিবাহসম্বন্ধী।

"বৈবাহিকো বিধিঃ স্ত্রীণাং সংস্কারো বৈদিকঃ স্মৃতঃ।"

(মনু ২।৬৭)

বৈবাহ্য (ত্রি) বিবাহ সম্বন্ধীয়। ২ বিবাহ্য, বিবাহযোগ্য। (ক্লী) ৩ বিবাহকালীন সমারোহ।

বৈবিক্ত (ক্লী) বিবিক্তের ভাব, পৃথক্‌কৃত পদার্থের ভাব।

বৈবৃত্ত (ত্রি) ১ বিবৃত্তি সম্বন্ধীয়। (পুং) ২ উদাত্তাদি স্বর-ক্রম। (ঋক্‌প্রাতি°)

বৈশ, বাঙ্গালা ও পশ্চিমাঞ্চলবাসী বৈশ্যজাতি। বৈশ্য শব্দের অপভ্রংশে হিন্দি ভাষায় বৈশ শব্দের প্রয়োগ হইয়াছে। মারবাড়ী বণিক সম্প্রদায় আপনাদিগকে বাইশ বা বৈশ বলিয়া অভি-হিত করে।

উত্তর ভাগলপুরে এই শ্রেণীর একদল পণ্যজীবী আছে, তাহারা আপনাদিগকে আদি বৈশ্যজাতির বংশধর বলিয়া গণ্য করে, কিন্তু বৈশ-বেণিয়াদিগের সহিত কোন সম্পর্ক স্বীকার করে না। ইহারা মূলবংশ হইতে তৃতীয় পুরুষ বাদ দিয়া পুত্র কন্যার বিবাহ সম্বন্ধ স্থির করে। ইহারা বাল্যাবস্থায় কন্যার বিবাহ দেয়। বিধবা বিবাহ বা স্বামিত্যাগ প্রচলিত নাই। ইহাদের সামাজিক অবস্থা বিশেষ উন্নত। [বৈশ্য দেখ।]

বৈশদ্য (ক্লী) বিশদস্য ভাবঃ ষ্যঞ্‌। বিশদতা, নির্ম্মলতা, নৈর্ম্মল্য।

বৈশন্ত (ত্রি) বেশন্ত-অণ্‌। অল্প সরোবরোদ্ভূত, যাহা অল্প সরোবরে হয়। "নমো না দেয়ায় চ বৈশন্তায় চ" (শুক্লযজুঃ ১৬।৩৩) 'বেশন্তোঽল্পসরঃ তত্র ভবঃ বৈশন্তঃ' (মহীধর)

বৈশম্পায়ন (ক্লী) বিশম্পস্য গোত্রাপত্যং (অশ্বাদিভ্যঃ ফঞ্‌। পা ৪।১।১১০) ইতি ফঞ্‌। ১ মুনিবিশেষ। এই মুনি ব্যাস কর্ত্তৃক আদিষ্ট হইয়া রাজা জনমেজয়কে মহাভারত শ্রবণ করাইয়া ছিলেন। পুরাণে লিখিত আছে যে এই মুনি বজ্রবারক; ইঁহার নাম করিলে বজ্র ভয় থাকে না।

"জৈমিনিশ্চ সুমন্তশ্চ বৈশম্পায়ন এব চ।
পুলস্ত্যঃ পুলহশ্চৈব পঞ্চৈতে বজ্রবারকাঃ॥" (পুরাণ)

জৈমনি, সুমন্ত, বৈশম্পায়ন, পুলস্ত্য ও পুলহ এই পাঁচজন মুনিই বজ্রবারক।

বৈশম্পায়নীয় (ত্রি) বৈশম্পায়ন সম্বন্ধীয়।

বৈশলী, পাটলীপুত্রের উত্তরস্থ নগরভেদ। [বৈশালী দেখ।]

বৈশস (ক্লী) বিশসস্য ভাবঃ স্বার্থে অণ্‌। ১ বিশসন, হিংসন। ২ হিংসক।

বৈশস্ত্য (ক্লী) বিশস্তি (গুণবচনব্রাহ্মণাদিভ্যঃ কর্ম্মণি চ। পা ৫।১।১২৪) ইতি ষ্যঞ্‌। বিশস্তির ভাব বা কর্ম্ম।

বৈশস্ত্র (ক্লী) বিশসিতুর্ধর্ম্ম্যং বিশসিতৃ (ঋতোঽঞ্‌। পা ৪।৪।৪৯) ইতি অঞ্‌। তত্র বিশসিতুরিঙ্‌লোপশ্চাঞ্‌চ। ইতি কাশিকোক্ত্যা ইঞ্‌ লোপঃ। ১ অধিকার। ২ শস্ত্রাভাব-বিশিষ্টত্ব। বিগতং শস্ত্রং যত্র। বিশস্ত্র-অণ্‌। ৩ বিগত হইয়াছে শস্ত্র যাহাতে।

বৈশাখ (ক্লী) বিশাখ-এব-স্বার্থে অণ্‌। ১ ধনুর্বিদ্‌গণের সংস্থানভেদ।

'স্থানান্যালীঢ়বৈশাখপ্রত্যালীঢ়ানি মণ্ডলম্‌।' (হেম)

২ পুরবিশেষ। (কথাসরিৎসা০ ৬৭।৫)

(পুং) বিশাখা প্রয়োজনমস্য (বিশাখাষাঢ়াদিতি। পা ৫।১।১১০) ইতি অণ্‌। ৩ মন্থনদণ্ড। (শিশুপালবধ ১১।৮) বৈশাখী পৌর্ণমাসী অস্মিন্‌ (সাস্মিন্‌ পৌর্ণমাসীতি। পা ৪।২।২১) ইতি অণ্‌। ৪ দ্বাদশমাসের অন্তর্গত প্রথম মাস, পর্য্যায় মাধব, রাধ। (অমর) চান্দ্র ও সৌর বৈশাখের লক্ষণ—

"বিশাখা তারকাযুক্তা বৈশাখী পূর্ণিমা ভবেৎ।
যা বৈশাখী যত্র মাসে স বৈশাখঃ প্রকীর্ত্তিতঃ॥" (শব্দরত্না০)

বিশাখানক্ষত্রযুক্ত পূর্ণিমার নাম বৈশাখী, এই বৈশাখী যে মাসে হয়, সেই মাসের নাম বৈশাখ এবং তাহাকে চান্দ্র বৈশাখ বলে। আর সূর্য্য যত দিন মেষরাশিতে অবস্থান করেন অর্থাৎ সূর্য্য মীনরাশি অতিক্রম করিয়া যতদিন পর্য্যন্ত মেষ রাশিতে থাকেন, সেই সম্পূর্ণ সময়টাকে সৌরবৈশাখ বলা হয়। এই মাসের প্রত্যেক দিনেই সূর্য্য মেষলগ্নে উদিত হন। বৈশাখ মাস অতিশয় পুণ্যমাস। কৃত্যতত্ত্বে লিখিত আছে,—এই মাসে প্রাতঃস্নানাদি করা বিধেয়। যথা,—

"তুলামকরমেষেষু প্রাতঃস্নানং বিধীয়তে।
হবিষ্যং ব্রহ্মচর্য্যঞ্চ মহাপাতকনাশনম্‌॥" (কৃত্যতত্ত্ব)

বৈষ্ণবামৃতে—

"গবার্দ্ধপ্রসূতানাং লক্ষং দত্ত্বা তু যৎফলম্‌।
তৎফলং লভতে রাজন্‌ মেষে স্নাত্বা তু জাহ্নবীম্‌॥"

তুলা, মকর ও মেষ অর্থাৎ কার্ত্তিক, মাঘ ও বৈশাখ এই তিন মাসে প্রাতঃস্নান, হবিষ্য ও ব্রহ্মচর্য্য করিলে মহাপাতক বিনষ্ট হয়। বৈশাখ মাসে গঙ্গায় প্রাতঃস্নান করিলে অর্দ্ধপ্রসূত লক্ষ গোদানের ফল লাভ হয়; এই মাসে প্রাতঃস্নান করিতে হইলেও সঙ্কল্প করিয়া করিতে হয়, কেননা সঙ্কল্প না করিয়া কোন কার্য্য করিতে নাই। কৃত্যতত্ত্বে সঙ্কল্পবাক্য এইরূপ লিখিত আছে। অরুণোদয়কালে প্রথমে স্নান করিয়া উত্তরমুখে আচমন করিয়া "বিষ্ণুরোম্‌ তৎসদোমদ্য বৈশাখে মাসি অমুকে-পক্ষে অমুকতিথাবারভ্য মেষস্থরবিং যাবৎ প্রত্যহং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বিষ্ণুপ্রীতিকামঃ প্রাতঃস্নানমহং করিষ্যে।" গঙ্গাস্নানের বাক্যে বিশেষ এই যে, "অর্দ্ধপ্রসূতগবীলভ্যদানজন্য-ফলসমফলপ্রাপ্তিকামঃ," এইরূপ কামনা বাক্য করিবে, 'বিষ্ণু-প্রীতিকামো বা' এই বাক্য করিলেও হয়। এইরূপ সঙ্কল্প করিয়া প্রত্যেক দিনই অরুণোদয় কালে স্নান করিতে হইবে। যদি কোন গতিকে একদিন স্নান করিতে না পারা যায়, তাহা

হইলে প্রত্যবায়ভোগী হইতে হইবে। সুতরাং একমাসের সঙ্কল্প না করিয়া প্রতিদিনের সঙ্কল্প করা বিধেয়। প্রতিদিনের সঙ্কল্পে তত্তৎ তিথি ও মেষস্থ রবির উল্লেখ করিতে হইবে। চান্দ্র বৈশাখ মাসে স্নান করিতে হইলে পূর্ব্বের ন্যায় মাসাদির উল্লেখ করিয়া "শুক্লপক্ষে প্রতিপদি তিথাবারভ্য দর্শপর্য্যন্তং" বলিয়া পূর্ব্বের ন্যায় বাক্যযোজনা করিবে। এই মাসে শক্তু সহিত জলপূর্ণ ঘট দান করিতে হয়, ইহা সংক্রান্তি, অক্ষয়তৃতীয়া বা পূর্ণিমা প্রভৃতি তিথিতে দান করিবার বিধান আছে। এই দান পিতৃলোকের উদ্দেশে করিতে হয়। পাদুকা ও ছত্র-দানের ব্যবস্থাও আছে।

"যো দদাতি হি মেষাদৌ শক্তূনম্বুঘটান্বিতান্।
পিতূনুদ্দিশ্য বিপ্রেভ্যঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥
বিপ্রেভ্যঃ পাদুকাং ছত্রং পিতৃভ্যো বিষুবে শুভম্।
পিতৃভ্যঃ পিতূনুদ্দিশ্য।" (কৃত্যতত্ত্ব)

শক্তুযুক্ত জলপূর্ণ ঘট দানের বাক্য যথা—

"বিষ্ণুঃ বিষ্ণুরোম্ তৎসদোমদ্য বৈশাখে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ মহাবিষুবসংক্রান্ত্যাং অমুকগোত্রস্য পিতুরমুকদেব-শর্ম্মণঃ সর্ব্বপাপবিমুক্তিকামঃ এতান্ জলঘটান্বিতশক্তূন্ বিষ্ণু-দেবতাকান্ যথানামগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি।"

এইরূপ বাক্য করিয়া দান করিবে, দানের পর নিম্নোক্ত মন্ত্র পাঠ করিতে হয়।

"ওঁ এষ ধর্ম্মঘটো দত্তো ব্রহ্মাবিষ্ণুশিবাত্মকঃ।
অস্য প্রদানাৎ সফলা মম সন্তু মনোরথাঃ॥"

দক্ষিণাবাক্য এইরূপ হইবে,—"ওঁ অদ্যেত্যাদিকৃতৈতজ্জল-ঘটান্বিতশক্তুদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং কিঞ্চিৎ কাঞ্চনমূল্যং ব্রাহ্ম-ণায়াহং দদানি।" ইহার পর অচ্ছিদ্রাবধারণ করিতে হয়।

যিনি এইরূপ সভোজ্যশক্তু সহিত জলপূর্ণ ঘট দান করেন, তিনি পরমগতি লাভ করেন।

"বৈশাখে যো ঘটং পূর্ণং সভোজ্যং বৈ দ্বিজন্মনে।
দদাত্যভুক্ত্বা রাজেন্দ্র! স যাতি পরমাং গতিম্॥" (কৃত্যতত্ত্ব)

বৈশাখ মাসে বিষভয় নিবারণ জন্য নিম্বপত্রের সহিত মসুর ভক্ষণ করা বিধেয়। শাস্ত্রে লিখিত আছে যে, যিনি নিম্বপত্র সহিত মসুর ভক্ষণ করেন, তক্ষক তাঁহার কি করিতে পারে? দুইটী নিম্বপত্রের সহিত মসুর ভক্ষণ করিতে হয়।

"মসুরং নিম্বপত্রাভ্যাং যোঽত্তি মেষগতে রবৌ।
অপি রোষান্বিতস্তস্য তক্ষকঃ কিং করিষ্যতি॥
উত্তরার্দ্ধে তু—মেষস্থে চ বিধৌ তত্র নাস্ত্যঙ্গে বিষজং ভয়ম্।
ইতি সম্বৎসরপ্রদীপে পাঠঃ। "ততশ্চ মেষস্থরবিস্থিতি-কালে মসুরং নিম্বপত্রদ্বয়ঞ্চ ভক্ষয়েৎ।"

এই মাসের শুক্লা তৃতীয়াই অক্ষয়তৃতীয়া, ইহা যুগাদ্যা, এই তিথিতে স্নান দান বিধেয়। [অক্ষয়-তৃতীয়া দেখ।]

বৈশাখ মাসের শুক্লা দ্বাদশীর নাম পিপীতক দ্বাদশী; এই তিথিতে শীতলজলে বিষ্ণুকে স্নান করাইতে হয়।

"বৈশাখে শুক্লপক্ষে তু দ্বাদশী বৈষ্ণবী তিথিঃ।
তস্যাং শীতলতোয়েন স্নাপয়েৎ কেশবং শুচিঃ॥" (কৃত্যতত্ত্ব)

এই মাসে যবশ্রাদ্ধ করিবার বিধান আছে। পিতৃগণের উদ্দেশে যবান্নদ্বারা শ্রাদ্ধ করিতে হয়। এই মাসের শুক্লপক্ষে মঙ্গল, শনি ও শুক্র ভিন্ন বারে নন্দা, রিক্তা ও ত্রয়োদশী ভিন্ন তিথিতে, জন্মচন্দ্র, অষ্টমচন্দ্র, জন্মতিথি, জন্ম এবং তাহা হইতে তৃতীয় ও পঞ্চম ভিন্ন তারায়, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, পূর্ব্বাষাঢ়া, মঘা, ভরণী, অশ্লেষা ও আদ্রা ভিন্ন নক্ষত্রে এই শ্রাদ্ধ করিতে হয়। ইহা অক্ষয়তৃতীয়া, ও বিষুবসংক্রান্তিতেও করা যাইতে পারে। এই শ্রাদ্ধ অবশ্য কর্ত্তব্য। যদি কোন গতিকে বৈশাখ মাসে এই শ্রাদ্ধ না করা যায়, তাহা হইলে জ্যৈষ্ঠ বা আষাঢ়মাসের শুক্লপক্ষে করিবে। কিন্তু বিষ্ণুশয়নে করিতে নাই।

"অথ যবান্নশ্রাদ্ধং বৈশাখশুক্লপক্ষে কুজশনিশুক্রেতরবারে নন্দারিক্তাত্রয়োদশীতরতিথৌ জন্মচন্দ্রাষ্টমচন্দ্রজন্মতিথিজন্মনক্ষত্র-ত্রয়পঞ্চমতারাত্রয়েতরেষু পূর্ব্বফল্গুনীপূর্ব্বভাদ্রপদপূর্ব্বাষাঢ়ামঘাভর-ণ্যশ্লেষার্দ্রেতরনক্ষত্রেষু যবশ্রাদ্ধং কর্ত্তব্যং। তচ্ছেষভোজনন্তু এতাদৃক্ নিষিদ্ধায়াং বিষুবসংক্রান্তৌ অক্ষয়তৃতীয়ায়াঞ্চ বিশেষতঃ কর্ত্তব্যং। বৈশাখাকরণে জ্যৈষ্ঠশুক্লপক্ষে আষাঢ়শুক্লপক্ষে চ হরিশয়নেতরত্র কর্ত্তব্যম্।" (কৃত্যতত্ত্ব)

পদ্মপুরাণের উত্তরখণ্ডে বৈশাখমাসের মাহাত্ম্যের বিশেষ বিবরণ লিখিত আছে। বৈশাখমাস সকল মাস অপেক্ষা শ্রেষ্ঠ, এই মাসে স্নান, দান, জপ, হোম শ্রাদ্ধাদি যে কিছু পুণ্য কর্ম্মের অনুষ্ঠান করা যায়, তাহা অক্ষয় হইয়া থাকে; ইত্যাদিরূপে এই মাসের পুণ্যকৃত্য বর্ণিত হইয়াছে।

"সর্ব্বেষামেব মাসানাং বৈশাখঃ প্রবরঃ স্মৃতঃ।
পুরা হরিমুখে রাজন্ শ্রুতমেতন্ন সংশয়ঃ॥
তত্র স্নানং জপো হোমঃ শ্রাদ্ধং দানাদিযৎকৃতম্।
তৎসর্ব্বং ভূপতিশ্রেষ্ঠ! সত্যমক্ষয়মুচ্যতে॥
একতঃ সর্ব্বতীর্থানি সর্ব্বে যজ্ঞাঃ সদক্ষিণাঃ।
ভূপ! বৈশাখমাসাস্য কোট্যংশেনাপি নো সমাঃ॥" ইত্যাদি।
(পাদ্মোত্তরখণ্ডে বৈশাখমাহাত্ম্য)

এই মাসে যদি কোন ব্যক্তি জন্মগ্রহণ করে, তাহা হইলে ঐ জাতবালক বিনীত, দ্বিজ ও দেবতা ভক্ত, ধার্ম্মিক, সুজনপালক, গুণাভিরাম ও জগৎপ্রিয় হয়।

"পুমান্ বিনীতো দ্বিজদেবভক্তো
ধর্ম্মস্য কর্ত্তা সুজনস্য ভর্ত্তা।
গুণাভিরামোঽথ জগৎপ্রিয়ঃ স্যাৎ
বৈশাখমাসে খলু যস্য জন্ম॥" (কোষ্ঠীপ্রদীপ)

এই মাসে জাতবালকের রবিগ্রহ তুঙ্গগত হন, কারণ এই মাসে রবি মেষরাশিতে থাকেন। মেষ রবির তুঙ্গস্থান।

৩ রক্তপুনর্নবা। (বৈদ্যকনি°) ৪ অশ্বের বৈশাখনামক গ্রহ। এইগ্রহ অশ্বকে আশ্রয় করিলে নিম্নোক্ত লক্ষণগুলি প্রকাশ পায় অর্থাৎ অশ্বের গাত্র স্তব্ধ, গুরু, এবং কম্পযুক্ত হইয়া থাকে।

"স্তব্ধেন গুরুণা চৈব বেপমানেন পণ্ডিতঃ।
গাত্রেণ বিদ্যাদ্বাহন্তু বৈশাখগ্রহসেবিতম্॥" (জয়দত্ত ৫৭ অ°)

বৈশাখী (স্ত্রী) বিশাখয়া যুক্তা পৌর্ণমাসী (নক্ষত্রেণ যুক্তঃ-কালঃ। পা ৫।২।৩) ইতি অণ্ ততো ঙীপ্। বৈশাখমাসের পূর্ণিমা।

'বিশাখাতারকাযুক্তা বৈশাখী পূর্ণিমা ভবেৎ॥' (শব্দরত্না°)

এই পূর্ণিমা তিথিতে তিল ও মধুদ্বারা যম, দেবতা ও পিতৃ-দিগের উদ্দেশে তর্পণ করিলে যাবজ্জীবনকৃত পাপ বিনষ্ট ও অন্তে দশহাজার বৎসর স্বর্গলোকে বাস হয়।

"গৌরান্ বা যদি বা কৃষ্ণান্ তিলান্ ক্ষৌদ্রেণ সংযুতান্।
প্রীয়তাং ধর্ম্মরাজেতি পিতৄন্ দেবাংশ্চ তর্পয়েৎ॥
যাবজ্জীবকৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি।
অব্দাযুতঞ্চ তিষ্ঠেত্তু স্বর্গলোকে ন সংশয়ঃ॥" (তিথিতত্ত্ব)

২ রক্তপুনর্নবা। (রাজনি°) ৩ বসুদেবের স্ত্রীভেদ। (হরিবংশ ৩৫।২)

বৈশাখ্য (পুং) মুনিভেদ।

বৈশারদ (ত্রি) বিশারদ-অণ্ স্বার্থে। বিশারদ পণ্ডিত।

বৈশারদ্য (ক্লী°) বিশারদস্য ভাবঃ (বর্ণদৃঢ়াদিভ্যঃ ষ্যঞ্ চ। পা ৫।১।১২৩) ইতি ষ্যঞ্। বিশারদতা, নৈর্ম্মল্য। নৈপুণ্য।

বৈশাল (ত্রি) ১ বিশালদেশ সম্বন্ধীয়। ২ মুনিভেদ।

বৈশালায়ন (পুং) বিশালস্য গোত্রাপত্যং বিশাল (অশ্বাদিভ্যঃ ফঞ্। পা ৪।১।১১০) ইতি ফঞ্। বিশালের গোত্রাপত্য।

বৈশালি (পুং) বিশালের অপত্য; সুশর্ম্মা।

বৈশালিক (ত্রি) বিশালা বা বৈশালী জনপদ সম্বন্ধীয়।

বৈশালিনী (স্ত্রী) বিদিশারাজকুমারী। (মার্ক° পু° ১২৩।২০)

বৈশালী, প্রাচীন জনপদভেদ। বিশাল-নগরী, বিশালপুরী নামেও খ্যাত। পুরাণ পাঠে জানা যায় যে, রাজা তৃণবিন্দুর পুত্র বিশাল এই নগরী প্রতিষ্ঠা করেন। এই নগরীর সমৃদ্ধির পরিচয় নানা পৌরাণিক উপাখ্যান ও কিংবদন্তীতে বিবৃত আছে। অনেকে ইহাকে বিশাল রাজ্য (প্রাচীন উজ্জয়িনী) বলিয়া মনে করেন এবং তাহারই সমৃদ্ধি স্মরণ করিয়া বর্ত্তমান বৈশালীর গৌরব ঘোষণা করিয়া থাকেন; কিন্তু বাস্তবিক তাহা ঠিক নহে।

এই বিশালপুরী গঙ্গার বামকূলে অবস্থিত এবং ইহা তীর-ভুক্তির (ত্রিহুতের) অন্তর্ভুক্ত। প্রত্নতত্ত্ববিদ্ কানিংহামের মতে বৈশালী নগর পাটনা রাজধানীর ২৭ মাইল উত্তরে অবস্থিত ছিল। জৈন ও বৌদ্ধ গ্রন্থাদি হইতে বৈশালীর প্রাচীন ইতিহাস পাওয়া যায় এবং বৌদ্ধপ্রাধান্যের পূর্ব্ব হইতেই যে, এই নগর বাণিজ্যসমৃদ্ধিতে পূর্ণ হইয়াছিল, উক্ত গ্রন্থাদিতে তাহার যথেষ্ট প্রমাণ আছে। শাক্যবুদ্ধের জন্মের পূর্ব্বে জৈন তীর্থঙ্কর মহাবীর বৈশালী রাজধানীর উপকণ্ঠস্থ কোল্লগ গ্রামে জন্ম গ্রহণ করিয়াছিলেন, এই কারণে তিনিও বৈশালীয় নামে আখ্যাত হইয়াছিলেন। শাক্যসিংহের জন্ম-কাল হইতে সম্রাট্ অশোকের সময় পর্য্যন্ত বৌদ্ধধর্ম্ম উন্নতির শীর্ষ সীমায় আরোহণ করিয়াছিল। শেষোক্ত সময়ে পাটলিপুত্র নগর বৌদ্ধ ধর্ম্মের কেন্দ্র মনোনীত হয় এবং সেই সময় হইতেই বৈশালীর সমৃদ্ধি হ্রাস ঘটিতে থাকে। তথাপি তখনও বৈশালীতে বৌদ্ধ সঙ্ঘারামাদি ও শ্রমণগণের অভাব ছিল না এবং বাণিজ্য-প্রভাব খর্ব্ব হইলেও নগরের শ্রীসৌন্দর্য্যের বিশেষ কোন বিপর্য্যয় সাধিত হয় নাই। কালে তাহা ধ্বংস হইয়াছে এবং বর্ত্তমানে তাহার চিহ্ন মাত্রও বিলুপ্ত হইয়াছে।

কানিংহাম, ফুঁসে, ভিন্‌সেণ্ট স্মিথ, ফ্লিট্, ডাক্তার ব্লচ্ প্রভৃতি প্রত্নতত্ত্ববিদ্‌গণ প্রাচীন জৈন ও বৌদ্ধগ্রন্থ হইতে এবং ফা-হিয়ান, হিউএন্ সিয়াং, ইৎ-সিং প্রভৃতি চীনপরিব্রাজকগণের ভ্রমণ-বিবরণী আলোচনা করিয়া মুজঃফরপুর জেলার বসাড় গ্রামকেই প্রাচীন বৈশালীর স্মৃতি-নিকেতন বলিয়া অবধারিত করিয়াছেন। বর্ত্তমান শতাব্দের প্রারম্ভে ডাঃ ব্লচ্ বসাড়গ্রামের বিধ্বস্ত স্তূপ-রাশি খনন করিয়া ভূগর্ভ হইতে যে সকল মোহারাঙ্কিত মৃৎখণ্ড প্রাপ্ত হইয়াছেন, তদ্দ্বারা সুস্পষ্টরূপে প্রমাণিত হইয়াছে যে, ঐ বসাড়-গ্রামই প্রাচীন বৈশালী। হিউএন-সিয়াং লুপ্ত-প্রায় বৈশালী পরিদর্শন করিয়া যান। তখনও বৌদ্ধধর্ম্মের কথঞ্চিৎ স্মৃতি বিদ্যমান ছিল। তৎপরে ব্রাহ্মণ্যধর্ম্মের বিস্তার ও বৌদ্ধ প্রভাবের বিলোপ এবং পাটলীপুত্র-রাজধানীর উত্তরোত্তর সমৃদ্ধি-বৃদ্ধিই বৈশালী ধ্বংসের ক্রমিক কারণ বলিয়া পরিগণিত হয়।

মহাবংশ, বায়ু ও মৎস্যপুরাণাদি গ্রন্থপাঠে জানা যায় যে, বিম্বিসার-পুত্র অজাতশত্রু বা কুণিক বুদ্ধনির্ব্বাণের আট বৎসর পূর্ব্বে পিতৃসিংহাসনে অধিষ্ঠিত হন। তিনি প্রথমে বৌদ্ধদিগকে বিশেষরূপে নির্য্যাতন করেন, কিন্তু পরে তিনি নিজেও বৌদ্ধধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন। রাজগৃহ-স্থাপন ও বৈশালী-আক্রমণ তাঁহার জীবনের দুইটী প্রধান ঘটনা। বৈশালীর সমৃদ্ধি যে তৎকালে

অজাতশত্রুর দৃষ্টি আকর্ষণ করিয়াছিল, তাহা তাঁহার বৈশালী-অবরোধ হইতেই বুঝা যায়।

বিনয়পিটকম্ নামক বৌদ্ধ পালীগ্রন্থে লিখিত আছে যে,বুদ্ধ-প্রবর্ত্তিত দশবিধ সংস্কারের দোষগুণবিচারের জন্য বৈশালীতে একটী বৌদ্ধসঙ্গম আহূত হইয়াছিল। সিংহলীয় আখ্যায়িকানুসারে উহা সম্রাট্ অশোকের সিংহাসনারোহণের ১১৮ বৎসর পূর্ব্বে সংঘটিত হইয়াছিল, বলিয়া জানা যায়।

যে স্থানে এক সময়ে প্রধান বৌদ্ধসঙ্গম প্রতিষ্ঠিত হইয়াছিল, সেস্থান যে তৎকালে বৌদ্ধধর্ম্মের কেন্দ্রস্থল বলিয়া পরিচিত ছিল, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। বৌদ্ধগণ ঐ স্থানকে পবিত্র তীর্থ বলিয়া গণ্য করিত। ঐ সময়ে এখানে শত শত বৌদ্ধ মঠ ও সঙ্ঘারাম প্রতিষ্ঠিত হইয়াছিল এবং অসংখ্য বৌদ্ধ-বিহার ও স্তূপ স্থানীয় পবিত্রতা ও বৌদ্ধ-প্রভাবের প্রকৃষ্ট পরিচয়দানে সমর্থ ছিল। এক্ষণে সেই সকল কীর্ত্তির চিহ্ন মাত্রও নাই। কেবল ভূগর্ভনিহিত কতকগুলি ইষ্টক-স্তূপ, গৃহভিত্তি, প্রস্তরনির্ম্মিত পয়ঃপ্রণালী, মোহরাঙ্কিত লিপি, প্রাচীন রাজগণের শিলালিপি এবং চীনপরিব্রাজক ফা-হিয়ান্, হিউএন সিয়াং ও ইৎ-সিংএর ভ্রমণ বিবরণ ভিন্ন বৈশালীর বৌদ্ধকীর্ত্তিসংগ্রহের আর কোন উপায় নাই। আমরা সাধারণের অবগতির জন্য এখানে প্রথমে ফা-হিয়ান্ ও হিউএন্ সিয়াংএর বর্ণিত বিষয় গুলি সংক্ষেপে উদ্ধৃত করিয়া দিলাম।

কুশীনগর হইতে হিরণ্যবতীতট ও লিচ্ছবিরাজ্য পরিদর্শন করিয়া ফা-হিয়ান্ বৈশালীতে উপনীত হন *। সে সময়েও বৈশালী নগরের উত্তরে মর্কটহ্রদতীরবর্ত্তী দ্বিতল ও উচ্চ চূড়া-সমন্বিত মহাবন-বিহার ছিল †। স্বয়ং বুদ্ধদেব এই বিহারে কিছু কাল বাস করিয়া ছিলেন। ইহারই সন্নিকটে আনন্দের অর্দ্ধ-দেহোপরি বিনির্ম্মিত একটী স্তম্ভাকৃতি গোপুর (tower) বিদ্যমান ছিল।

নগরাভ্যন্তরে নগরনিবাসিনী আম্রপালী নাম্নী জনৈক বৌদ্ধ-দারিকার ব্যয়ে বিনির্ম্মিত শাক্যবুদ্ধের স্মৃতিস্তম্ভ ও তদীয় বাসের জন্য ঐ আম্রপালীর প্রদত্ত একটী উদ্যান ছিল। খৃষ্টীয় ৫ম শতাব্দে ফা-হিয়ান্ আম্রপালীকারিত উক্ত স্তূপটী ধ্বস্তাবস্থায় নিপতিত দেখিয়াছিলেন। তিনি আরও লিখিয়াছেন যে, বুদ্ধনির্ব্বাণের শতবর্ষ পরে বৈশালীতে কতকগুলি ভিক্ষু দশ সংস্কারের প্রকৃত-তত্ত্ব অজ্ঞাত হইয়া বিনয়সূত্র বিধি উল্লঙ্ঘন করিয়া কার্য্য করিতে প্রবৃত্ত হন। এতদ্বিষয়ের মীমাংসাজন্য ৭০০ শত অর্হৎ ও ভিক্ষু বৈশালীতে সমবেত হইয়া বিনয়পিটক সংস্কার করিয়াছিলেন। এই ঘটনা স্মরণার্থ তথাকার লোকে সেই সঙ্গমস্থলে একটী স্তূপ নির্ম্মাণ করেন। তাহা তৎকালে বিদ্যমান ছিল। ফা-হিয়ান্ আরও লিখিয়াছেন যে, বুদ্ধের ভিক্ষাপাত্র প্রথমে বৈশালীতে রক্ষিত ছিল, পরে তাহা গান্ধার রাজ্যে নীত হয়।

হিউএন-সিয়াং লিখিয়াছেন, 'তিনি গণ্ডকী (গঙ্গা?) অতিক্রম করিয়া ১৪০ কি ১৫০ লি পথাতিবাহনের পর বৈশালীতে উপনীত হন। এই রাজ্যের পরিধি প্রায় ৫ হাজার লি। এই স্থান শস্যশালিনী এবং আম্রাদিফলবৃক্ষপূর্ণ উদ্যানসমূহে সুশোভিত। এখানকার জলবায়ু নাতিশীতোষ্ণ, মনোরম ও সুখপ্রদ। অধিবাসিবর্গ বিশুদ্ধচিত্ত, সরল ও ধর্ম্মান্বেষী। এখানে বৌদ্ধমতে বিশ্বাসী ও তদ্বিপরীতবাদী উভয় সম্প্রদায়ের লোকেরই বাস আছে। এখন আর সেরূপ বৌদ্ধপ্রভাব নাই। শত শত সঙ্ঘারাম ভগ্নাবস্থায় পতিত। ৩ বা ৫টী মাত্র এখনও অভগ্ন অবস্থায় রহিয়াছে এবং তাহাতে কএকজন মাত্র ধর্ম্মযাজক বৌদ্ধ-মতের ক্রিয়াকাণ্ড অনুসরণ করিতেছে। তখনও অন্যান্য সম্প্রদায়ের প্রতিষ্ঠিত শত সহস্র মন্দির বৈশালীর শোভা বৃদ্ধি করিয়াছিল এবং তত্তৎ সম্প্রদায় ঐ সকল ধর্ম্মমঠে বা মন্দিরে থাকিয়া স্ব স্ব মতের বিস্তার করিতে সচেষ্ট ছিলেন। তৎকালে এতদ্দেশে নির্গ্রন্থ সম্প্রদায়ের সংখ্যাই অধিক ছিল।

'প্রাচীন বৈশালী রাজধানী তখন ধ্বংসপ্রায়। নগর-সীমার পরিধি প্রায় ৬০।৭০ লি এবং রাজপুরীর সীমা প্রায় ৪।৫ লি হইবে। এখানে তখন মুষ্টিমেয় লোকের বাস ছিল। ঐ রাজপুরীর (Royal city) উত্তরপশ্চিমে একটী সঙ্ঘারাম, ঐ মঠে বৌদ্ধ শ্রমণেরা সম্মতীয় শাখানুসারে হীনযান মত আলোচনা করিত। ইহার পার্শ্বে একটী স্তূপ। এখানে তথাগত বিমলকীর্ত্তিসূত্র ব্যাখ্যা করেন এবং রত্নাকর প্রভৃতি নগরবাসী গৃহস্থসন্ততিগণ এই স্থানে বুদ্ধকে বহু মূল্য ছত্র দান করিয়াছিলেন। ইহারই পূর্ব্বপার্শ্বে যেখানে শারিপুত্র প্রভৃতি বৌদ্ধযতিগণ অর্হৎপদ লাভ করিয়াছিলেন, তথায় একটী স্তূপ বিনির্ম্মিত আছে। শেষোক্ত স্তূপটীর দক্ষিণ-পূর্ব্বে জনৈক বৈশালীরাজের স্থাপিত অন্য একটী স্তূপ। বুদ্ধনির্ব্বাণের কিছুদিন পরে, এই রাজবংশের একজন রাজা শাক্য-শরীরের কোন চিহ্ন পাইয়া তাহার উপর একটী গৃহ বা স্তূপ নির্ম্মাণ করেন *। ঐ স্তূপের উত্তরপশ্চিমে অশোক-

* বৌদ্ধগণের বিবরণী-মতে কুশীনগর (নেগ্‌লিভা) হইতে বৈশালী (বসাড়) ১৯ যোজন। বসাড়ের অবস্থান অনুসারে ঐ দূরত্বই প্রকৃত বলিয়া অনুমান হয়। কানিংহামের মতে বসাড় হাজিপুরের ২২ মাইল উত্তরে অবস্থিত।

† বসাড়ের দুই মাইল উত্তর-পশ্চিম উপকণ্ঠে অবস্থিত বর্ত্তমান বখরাগ্রামে মহাবন বিহারের ধ্বংসাবশেষ বিদ্যমান।

* বৌদ্ধ পালী ও সংস্কৃত গ্রন্থে প্রকাশ, বৈশালীর লিচ্ছবি-রাজগণ বুদ্ধের চিহ্নসমূহ সংগ্রহ করিয়া তদুপরি একটী স্তূপ নির্ম্মাণ করেন। উত্তর-ভারতের বৌদ্ধ বিবরণী হইতে জানা যায় যে, সম্রাট্ অশোক ঐ স্তূপ উৎখাত করিয়া তদভ্যন্তরস্থ বুদ্ধচিহ্নের নবমাংশ গ্রহণপূর্ব্বক অন্য স্তূপ মধ্যে নিহিত করিয়াছিলেন।

রাজস্থাপিত অপর একটী স্তূপ। তাহারই পার্শ্বে ৫০।৬০ ফিট্ উচ্চ প্রস্তরস্তম্ভ। ঐ স্তম্ভশিরে সিংহমূর্ত্তি খোদিত আছে। এই স্তম্ভের দক্ষিণে মর্কটহ্রদ। প্রবাদ, বুদ্ধদেবের ব্যবহারার্থ বানরসঙ্ঘ ঐ হ্রদ খনন করিয়াছিল। মর্কটহ্রদের দক্ষিণে একটী স্তূপ, এখানে বানরেরা বুদ্ধের ভিক্ষা-পাত্র লইয়া বৃক্ষে আরোহণ করে এবং তাঁহার পানার্থ পাত্রপূর্ণ মধু আনিয়া দেয়। ইহারই দক্ষিণে যে স্থলে বানরেরা বুদ্ধকে মধু দান করে, সেই ঘটনা স্মরণের জন্য সেখানেও একটী স্তূপ নির্ম্মিত হইয়াছিল। অদ্যাপি মর্কটহ্রদের উত্তরপশ্চিমকোণে প্রতিষ্ঠিত একটী বানরমূর্ত্তি সেই স্মৃতি জ্ঞাপন করিতেছে।

'বৈশালীর প্রধান সঙ্ঘারামের ৩।৪ লি (বা কিঞ্চিদধিক এক পোয়া) উত্তরপূর্ব্বে বিমলকীর্ত্তির প্রাচীন আবাসবাটী। বিমলকীর্ত্তি বৌদ্ধধর্ম্মে দীক্ষিত হইয়াছিলেন। এখানে এখনও তাঁহার বৌদ্ধ ধর্ম্মচর্য্যার বহুতর নিদর্শন দেখা যায়। ইহারই অনতিদূরে প্রেতভবন। ইহার আকার ইষ্টকের পাঁজার মত। প্রবাদ, বিমলকীর্ত্তি পীড়িতাবস্থায় এই প্রস্তরমণ্ডপ হইতে ধর্ম্মশাস্ত্র ব্যাখ্যা করিয়াছিলেন। ইহার সন্নিকটে একটী স্তূপ রহিয়াছে, উহা পূর্ব্ববর্ণিত রত্নাকরের আবাস ভূমির উপর নির্ম্মিত হয়। ঐ স্তূপের অদূরে আর একটী স্তূপ দৃষ্ট হয়। ঐ স্থানে বৈশালীনিবাসিনী বুদ্ধভক্তা আম্রপালী নামক রমণীর বাসবাটী ছিল। এই খানেই বুদ্ধের খুল্লমাতা ও অপরাপর ভিক্ষুণীরা নির্ব্বাণপ্রাপ্ত হইয়াছিলেন।

'উক্ত সঙ্ঘারামের ৩। ৪ লি. উত্তরে একটী স্তূপ। তথাগত কুশীনগরে নির্ব্বাণলাভার্থ গমনকালে যেস্থানে প্রথমে দণ্ডায়মান হইয়াছিলেন, ঠিক সেই স্থলেই ঐ স্তূপটী স্থাপিত হইয়াছে এবং কিয়দ্দূর গমনের পর যে স্থলে দাঁড়াইয়া বুদ্ধদেব শেষবারের মত বৈশালী নগরীর প্রতি দৃষ্টিপাত করিয়াছিলেন, সেই স্থলেও একটী স্তূপ নির্ম্মিত হয়। শেষোক্ত স্তূপটী উপরি উক্ত স্তূপ এবং উত্তরপশ্চিমে স্থাপিত অন্য একটী স্তূপের মধ্যস্থলে অবস্থিত। শেষোক্ত স্তূপের কিছু দক্ষিণে একটী বিহার ও তাহার সম্মুখে একটী স্তূপ। ঐ স্থানেই পূর্ব্বকথিত আম্রপালীর উদ্যান ছিল। এই উদ্যান তিনি বুদ্ধদেবকে বাসের জন্য দান করিয়াছিলেন।'

'এই উদ্যানের পার্শ্বদেশে একটী স্তূপ আছে, ঐ স্থলে দাঁড়াইয়া তথাগত আনন্দ ও মারকে আপনার ইহলোকত্যাগের বাসনা জানাইয়াছিলেন। ইহারই অদূরে আর একটী স্তূপ, ঐ স্থানে থাকিয়া "সহস্র পুত্রগণ তাহাদের পিতামাতাকে সন্দর্শন করিয়াছিলেন"। এ সম্বন্ধে এইরূপ একটী কিংবদন্তী আছে, পুরাকালে এক ঋষি বসন্তাগমে নদীজলে স্নানার্থ আগমন করেন। ঐ সময়ে এক হরিণী তথায় জলপান করিতে গিয়াছিল। তাহাতে তাহার গর্ভসঞ্চার হয় এবং সে একটী নবকুমারী প্রসব করিয়া তথা হইতে চলিয়া যায়। ঐ কন্যা সর্ব্বাঙ্গসুন্দরী হইলেও তাহার পদদ্বয় হরিণের ক্ষুরযুক্ত ছিল। যাহাই হউক, ঋষিরাজ বালিকার স্নেহে অভিভূত হইয়া তাহাকে স্বীয় আশ্রমে লইয়া পালন করেন। বালিকা বয়ঃপ্রাপ্তা হইলে, ঋষি তাহাকে একদিন অগ্নি আনয়নে নিযুক্ত করেন। তখন সে অন্য ঋষির আশ্রমে গমন করিয়া ইতস্ততঃ অগ্নির অনুসন্ধান করিতে থাকে। বালিকা যে যে স্থান দিয়া গমন করিয়াছিল, সেই সেই স্থলে পদ্মচিহ্ন অঙ্কিত হইয়া যায়। ঐ সময়ে ব্রহ্মদত্ত নামে এক রাজা মৃগয়ায় বহির্গত হইয়া উক্ত পদ্মপদচিহ্নসমূহ দেখিতে পান এবং তাহা অনুসরণ করিয়া ঋষির আশ্রমে উপনীত হইয়া অনিন্দ্যসুন্দরী কন্যাকে রথে লইয়া প্রস্থান করেন। কালে ঐ কন্যা সহস্র পত্রবিশিষ্ট একটী শতদলসহ সহস্র পুত্র প্রসব করিলেন। তখন অন্যান্য রাজমহিষীরা ঈর্ষান্বিত হইয়া পদ্মসহ সহস্রপুত্র গঙ্গাজলে ভাসাইয়া দিলেন। এই সময়ে উজিয়ান-রাজ মৃগয়া হইতে প্রাসাদে ফিরিতে ছিলেন। তিনি জলস্রোতে একটী হরিদ্রাবর্ণের মেঘপেটিকা ভাসিয়া আসিতে দেখিয়া তাহা নৌকায় তুলিয়া লইলেন, এবং তাহার ডালা খুলিয়া তদন্তরে সহস্র পুত্র দেখিতে পাইলেন। পুত্রগণ পেটিকা মধ্যে ঈষৎ পুষ্ট হইয়াছে দেখিয়া রাজা তাহাদিগকে প্রাসাদে আনিয়া পালন করিতে লাগিলেন। ক্রমে তাহারা দৃঢ়কায় যুবক হইয়া উঠিল এবং যুদ্ধবিদ্যা শিক্ষা করিয়া দুর্দ্ধর্ষ যোদ্ধার ন্যায় নানা স্থান জয় করিয়া বৈশালী রাজ্য অধিকারার্থ নগরপ্রাচীর সমীপে সমাগত হইল। তখন রাজা ব্রহ্মদত্ত ভীত হইলেন। ভয়চকিত সেনাদল লইয়া রাজ্যরক্ষা অসম্ভব মনে করিয়া, রাজা কি করিবেন স্থির করিতে পারিলেন না। তখন হরিণ-নন্দিনী যোদ্ধৃবৃন্দের অপেক্ষায় নগরপ্রাচীরের উপরে অপেক্ষা করিতে লাগিলেন। সহস্র যুবক সদলে আসিয়া নগর বেষ্টন করিয়াছে দেখিয়া, ঐ হরিণকুমারী তাহাদিগকে সম্বোধন করিয়া বলিল, "বৎসগণ! বিদ্রোহাচরণ করিও না। আমি তোমাদিগের মাতা"। সহস্র যুবক তখন উত্তর করিল, আমরা যুদ্ধার্থ আসিয়াছি, রমণীমুখে এরূপ প্রলাপ বাক্য শুনিতে আসি নাই। পুত্রগণের বাক্যে পীড়িত হইয়া রমণী তখন স্বহস্তে স্বীয় স্তনদ্বয় নিপীড়ন করিলেন। তাহাতে সহস্রমুখে স্তনদুগ্ধ নির্গত হইয়া দৈববলে সহস্র তনয়ের মুখে নিপতিত হইল। তখন তাহারা অসি বর্ম্ম নিক্ষেপ করিয়া স্ব-পরিজনের সহিত আসিয়া মিলিত হইল। এই সূত্রে উভয় রাজ্য মধ্যে শান্তি ও সৌহার্দ্দ স্থাপিত হয়।

'ইহারই পার্শ্বে আর একটী স্তূপ। তথাগত ঐ স্থানে বায়ু-সেবনার্থ ভ্রমণ করিতেন এবং বৌদ্ধগণকে ধর্ম্মোপদেশ দিতেন*। এই স্তূপের পূর্ব্বাংশে একটী ভগ্ন গৃহভিত্তির উপর একটী স্তূপ নির্ম্মিত রহিয়াছে। শাক্য বুদ্ধ ঐ স্থানে দণ্ডায়মান হইয়া ইহ-জন্ম (জাতক) ব্যাপার ব্যাখ্যা করিয়াছিলেন। যেখানে বুদ্ধদেব দণ্ডায়মান হইয়া সমস্তমুখধারণী (সদ্ধর্ম্মপুণ্ডরীকসূত্র) ও অন্যান্য সূত্র আবৃত্তি করিয়াছিলেন, সেই সচূড় উপদেশমণ্ডপের ধ্বংসাবশেষ এখনও বিদ্যমান রহিয়াছে। এই ধর্ম্মমণ্ডপের পার্শ্বে আর একটী স্তূপ দৃষ্ট হয়। ঐ স্তূপমধ্যে আনন্দের দেহ-চিহ্নাবশেষ নিহিত আছে। ইহারই অদূরে বহুসংখ্যক স্তূপ। উহা সংখ্যায় এত অধিক যে তাহাদের সংখ্যানির্ণয় সহজসাধ্য নহে। এই স্থানে সহস্র প্রত্যেকবুদ্ধ† নির্ব্বাণ লাভ করিয়াছিলেন।

'নগরের মধ্যস্থলে এবং বহির্দ্দেশে বুদ্ধ ও বৌদ্ধগণের এত অধিক পবিত্র চিহ্ন বা কীর্ত্তি দৃষ্টিগোচর হয় যে, তাহাদের তালিকা গ্রহণ করা অসম্ভব। প্রতি পাদবিক্ষেপেই প্রাচীন গৃহ স্থান বা গৃহভিত্তির অবশেষ নয়নপথে পতিত হইয়া থাকে। ঐ সকল যে এক সময়ে প্রাচীনগণের কীর্ত্তিরূপে পরিগণিত ছিল, তাহাতে সন্দেহ নাই। ঋতুর পরিবর্ত্তনে এবং বৎসরের পর বৎসর, শতাব্দের পর শতাব্দ চলিয়া গিয়া তৎসমুদায় বিলুপ্ত করিয়াছে। কোন কোন বিধ্বস্ত স্থানে নিবিড় বনমালা জাগিয়া উঠিয়াছে। হ্রদ বা দীর্ঘিকাসমূহ সম্যক্‌রূপে পরিশুষ্ক হইয়া চতুর্দ্দিকে দুর্গন্ধ উৎপন্ন করিয়াছে। প্রকৃতপক্ষে, তৎকালে এখানে চিত্তাবসাদক অবশেষ ভিন্ন আর কিছুই এ সময়ে বিদ্যমান ছিল না।

'বৈশালী রাজধানী হইতে ৫০ কি ৬০ লি উত্তরপশ্চিমে অগ্রসর হইলে একটী সুবৃহৎ স্তূপ নয়নগোচর হয়। যখন তথাগত দেহত্যাগমানসে বৈশালী ত্যাগ করিয়া কুশীনগর অভিমুখে যাত্রা করেন, তখন লিচ্ছবিগণ ক্রন্দন করিতে করিতে তাঁহার পদানুসরণ করিয়াছিল। ভগবান্ বুদ্ধ শোকাভিভূত লিচ্ছবিগণকে বাক্যোপ-দেশ দ্বারা প্রত্যাবর্ত্তন করা অসম্ভব বিবেচনা করিয়া মায়াদ্বারা পথিমধ্যে উত্তালতরঙ্গপূর্ণ এক নদীর অবতারণা করেন। লিচ্ছবিগণ সেই ভীষণ নদীপ্রবাহ অতিক্রম করিয়া বুদ্ধের অনুগমন করিতে পারেন নাই। তথাগত তাঁহাদিগের সান্ত্বনার জন্য ও স্বীয় স্মৃতির চিহ্নস্বরূপ স্নেহবশতঃ আপনার "পাত্র" দিয়া প্রস্থান করিয়াছিলেন। ঐ স্তূপ সেই ঘটনাই স্মরণ করাইতেছে।

'বৈশালী নগরীর আনুমানিক ২ শত লি উত্তরপশ্চিমে একটী প্রাচীন পরিত্যক্ত নগর। অট্টালিকাদি প্রায় ধ্বস্ত এবং জন সংখ্যা নিতান্ত অল্প; এখানে একটী স্তূপ আছে। ঐ স্থানে পূর্ব্বে বুদ্ধ বাস করিতেন এবং বোধিসত্ত্ব, দেব ও মনুষ্যদিগকে লইয়া তিনি জাতক উপদেশ দিয়াছিলেন।

'বৈশালী নগরীর ১৪।১৫ লি দক্ষিণপূর্ব্বে একটী সুবৃহৎ স্তূপ বিদ্যমান আছে। ঐ স্থানে ৭০০ ভিক্ষু ও সন্ন্যাসী একত্র হইয়া একটী বৌদ্ধ মহাসঙ্গমের আয়োজন করিয়াছিলেন*। এই স্তূপ হইতে ৮০।৯০ লি দক্ষিণে শ্বেতপুর-সঙ্ঘারাম। এখানে মহাযান-মত আলোচিত হয়। এই বিহার-বাটিকার পার্শ্বে চারিজন প্রত্যেক-বুদ্ধের ভ্রমণ ও উপবেশন স্থান দৃষ্ট হয়।

ইহারই পার্শ্বদেশে অশোকনির্ম্মিত একটী স্তূপ। শাক্য-বুদ্ধ যখন মগধ হইতে ফিরিয়া আসিয়া বৈশালী সন্দর্শন করেন, তখন তিনি যে স্থানে বিশ্রাম করিয়া ছিলেন, ঠিক্ সেই স্থলেই ঐ স্তূপটী নির্ম্মিত হইয়াছিল।

'উপরি উক্ত শ্বেতপুর সঙ্ঘরামের ৩০ লি দক্ষিণপূর্ব্বে গঙ্গার কূলে একটী স্তূপ দৃষ্ট হয়। ঐ স্থানেই আনন্দ নিজ দেহ দুই খণ্ডে বিভক্ত করিয়া দুই রাজ্য রক্ষা করিয়াছিলেন।'

ফা-হিয়ান (৪০৫ খৃঃ) ও হিউএন্ সিয়াং (৬২৯-৬৪৫ খৃঃ) বৈশালীতে যে সকল বৌদ্ধকীর্ত্তির ধ্বস্তনিদর্শন সন্দর্শন করিয়াছিলেন, তাহাই তাঁহাদের ভ্রমণবৃত্তান্ত হইতে উপরে লিপিবদ্ধ হইল। চীনপরিব্রাজক ইৎসিংও ৬৭০ খৃষ্টাব্দে তাম্রলিপ্তি-জনপদে পদার্পণ করিয়া নালন্দায় বৌদ্ধমত শিক্ষা করেন। তদনন্তর তিনি বোধগয়া, বারাণসী, শ্রাবস্তী, কান্যকুব্জ, রাজগৃহ, বৈশালী ও কুশীনগর হইয়া ৬৯৫ খৃঃ শ্রীভোগের (বর্ত্তমান নাম পালেমবঙ্গ) পথে চীনযাত্রা করেন। তাঁহার বিবরণী-তেও ঐরূপ কতকগুলি ধ্বংসাবশিষ্ট বৌদ্ধ কীর্ত্তির পরিচয় পাওয়া যায়।

উপরে যে সকল কীর্ত্তির উল্লেখ করা গেল, ডাঃ কানিংহাম

* ফা-হিয়ান্ লিখিয়াছেন, বুদ্ধদেব ঐ স্থানে স্বীয় ধনু ও গদী রক্ষা করিয়াছিলেন।

† উপরি বর্ণিত হরিণকন্যাগর্ভজাত সহস্র তনয়ই সহস্র প্রত্যেকবুদ্ধ।

* বুদ্ধনির্ব্বাণের ১১০ বৎসরে পরে, বৈশালীতে ভিক্ষুগণ বুদ্ধের ধর্ম্মতত্ত্ব উল্লঙ্ঘন করেন। তাহার প্রতিবিধান জন্য কোশলবাসী যশদ আয়ুষ্মৎ, মথুরা বাসী সম্ভোগ আয়ুষ্মৎ, কান্যকুব্জবাসী রেবত আয়ুষ্মৎ, বৈশালীনিবাসী শাল আয়ুষ্মৎ এবং সলবিভুবাসী পুজসুমির আয়ুষ্মৎ প্রভৃতি আনন্দশিষ্য ত্রিপিটকজ্ঞ অর্হৎ বৃন্দ, বৌদ্ধশ্রমণ, যতি ও সন্ন্যাসী সমাজে এতদ্বিষয়ে ঘোষণা দিয়া সকলকেই বৈশালীতে সমবেত হইতে প্রার্থনা করেন। সমবেত ৭শত ভিক্ষু বুদ্ধের দশবলবিধি বৈশালীতে অনাদৃত শুনিয়া বিশেষ দুঃখিত হইলেন এবং সেই নিয়মলঙ্ঘনকারী ভিক্ষুদলকে সর্ব্বসমক্ষে ডাকাইয়া তাহাদের প্রতি দোষারোপ করিলেন। তদনন্তর তাহারা বুদ্ধের পবিত্র উপদেশগুলির প্রকৃত অর্থ সাধারণে ব্যক্ত করিয়াছিলেন।

ও ব্লচ্ বর্ত্তমান বসাড় গ্রামের চতুষ্পার্শ্ব খনন করিয়া ঐ সকল কীর্ত্তির স্থান-সামঞ্জস্য সাধনেও প্রত্নতত্ত্বের গভীর গবেষণার বিশেষ অধ্যবসায়ের পরিচয় দিয়াছেন। হিউএন্ সিয়াং বর্ণিত কীর্ত্তি ব্যতীত মহাত্মা ব্লচ্ প্রত্নতত্ত্বের ও বৌদ্ধ-প্রভাবের অনেক নিদর্শন পাইয়াছেন। ব্লচের আবিষ্কৃত মৃত্তিকাজাত প্রাচীন মোহর গুলিতে বৈশালী নগরীর নাম এবং কতকগুলি রাজার পরিচয় পাওয়া যায়। নিম্নে বৈশালী-রাজগণের নাম প্রদত্ত হইল।

(১) মহারাজাধিরাজ শ্রীচন্দ্রগুপ্তপত্নী মহারাজশ্রীগোবিন্দ গুপ্তমাতা মহাদেবী শ্রীধ্রুবস্বামিনী।"

শ্রীধ্রুবদেবী (৩৮০-৪১৩ খৃঃ) রাজত্ব করিয়াছিলেন। ইনি রাজা দ্বিতীয় চন্দ্রগুপ্তের মহিষী ছিলেন।

(২) "শ্রীঘটোৎকচগুপ্তস্য।"

মহারাজ ঘটোৎকচ গুপ্ত ৩০০ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন। ইনি মহারাজ ১ম চন্দ্রগুপ্তের পিতা।

উপরে যে রাজবংশের উল্লেখ পাওয়া গেল তাঁহারাই মগধের সুপ্রসিদ্ধ গুপ্তসম্রাট্। মহারাজ ২য় চন্দ্রগুপ্ত ৩৮০ খৃষ্টাব্দে সিংহাসনারোহণ করেন ও ৪১৩ খৃষ্টাব্দে তাহার রাজ্যকাল শেষ হয়। তদন্তে তাহার পুত্র কুমারগুপ্ত সিংহাসনে অধিষ্ঠিত হইয়াছিলেন। রাজ্ঞী ধ্রুবস্বামিনী দেবীর মোহরমুদ্রায় যে গোবিন্দ গুপ্তের নাম পাওয়া যায়, তিনি সম্ভবতঃ কুমারগুপ্তের কনিষ্ঠ ভ্রাতা। [গুপ্তরাজবংশ দেখ]

এতদ্ভিন্ন ডাঃ ব্লচ্ আরও অনেক গুলি মোহরাঙ্কিত মৃৎখণ্ডের আবিষ্কার করিয়াছেন, তন্মধ্যে কুমারামাত্যাধিকরণ, যুবরাজ ভট্টারকপাদীয় বলাধিকরণ প্রভৃতি মন্ত্রিগণ, মহাপ্রতিহার, রণ-ভাণ্ডাগারাধিকরণ, দণ্ডপাশাধিকরণ, মহাদণ্ডনায়ক, অশ্বপতি প্রভৃতির নামযুক্ত মোহর বিশেষ আদরের সামগ্রী। তাঁহার প্রকাশিত ২৫ সংখ্যক মোহরে "বৈশাল্যাধিষ্ঠানাধিকরণ" শব্দ দেখিয়া অনুমান হয়, ঐ মোহরটী বৈশালীরাজ্যের শাসনকর্ত্তার (city-magistrate) ছিল। ২৬ সংখ্যকে "বৈশাল্যামর-প্রকৃতিকুটুম্বিনাং" এবং ২৭ সংখ্যকে "বৈশালবিষয়ে" পদের উল্লেখ থাকায় ঐ গুলিকে বৈশালীরাজ্যের নিত্য বস্ত বলিয়া জ্ঞান হয়। ইহা ছাড়া "শ্রেষ্ঠিসার্থবাহকুলিকনিগম" অঙ্কিত যে দুইখানি মোহর পাওয়া গিয়াছে, তাহা হইতেই স্থানীয় বাণিজ্য-প্রভাব ও সমৃদ্ধির কল্পনা করা যাইতে পারে।

দেবোপাসনা ও ধর্ম্মপ্রভাবজ্ঞাপক ঐরূপ আরও কতকগুলি মুদ্রিত মৃৎখণ্ড পাওয়া গিয়াছে। ঐ সকল আলোচনা করিয়া জানা যায় যে, এখানে বারাণসীর অষ্ট গুহ্যলিঙ্গের একতম আম্রাতকেশ্বর ও গয়ার শ্রীবিষ্ণুপদস্বামী নারায়ণের উপাসনায় এতদ্দেশ-বাসী বিশেষ ভক্তিমান্ ছিল। এতদ্ভিন্ন ভগবান্ অনন্ত ও পশুপতি (শিব) এবং অম্বাদেবী নন্দেশ্বরীর (দুর্গা) উপাসক শৈব ও শাক্তগণের প্রভাব যে বৈশালীতে বিদ্যমান ছিল, উক্ত মৃৎফলকই তাহার প্রমাণ। দুইটী শঙ্খযুক্ত চিত্রিত চক্র, দুইটী শঙ্খসমন্বিত চিত্রিত ত্রিশূল এবং দুইটী শঙ্খ যুক্ত ও বেদীর উপর স্থাপিত ঢালি (?) বিশিষ্ট মোহরাঙ্কিত মৃৎখণ্ড গুলি যে কোন বিশিষ্ট সম্প্রদায়ের পরিচায়ক, তাহাতে সন্দেহ নাই। এতদ্ব্যতীত এখানে সাধারণ ব্যক্তির নামাঙ্কিত আরও অনেক মোহর পাওয়া গিয়াছে, ঐ সকল ব্যক্তি এখানকার বণিক্ সম্প্রদায়ের অগ্রণী ছিলেন বলিয়া জানা যায়।

বৌদ্ধকীর্ত্তি মধ্যে এখানে এখনও সিংহস্তম্ভ, অশোক-স্তূপ ও মর্কটহ্রদ দৃষ্টিগোচর হয়। মর্কটহ্রদটী এক্ষণে রামকুণ্ড নামে পরিচিত। সিংহস্তম্ভটী এখন ৩০ ফিট্ ৬ ইঞ্চ উচ্চ। ইহার গাত্রে অশোকের একখানি অনুশাসন ছিল, স্তম্ভগাত্র ঝরিয়া পড়ায় ঐ শাসনখানি নষ্ট হইয়া গিয়াছে বলিয়াই অনুমিত হয়। অশোক-স্তূপের ধ্বস্ত ইষ্টক স্তূপের উপরে সে মন্দির বা কুটীর নির্ম্মিত আছে, তন্মধ্যে ভূমিস্পর্শমুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি স্থাপিত। বুদ্ধ-দেবের গলায় মালা ও মাথায় মুকুট আছে। ঐ মূর্ত্তির তলে একটী মর্কটমূর্ত্তি আছে। উহা হইতে বানর কর্ত্তৃক বুদ্ধকে মধুদান প্রসঙ্গ সূচিত হইতেছে। ঐ মূর্ত্তি মাণিক্যপুত্র উৎসাহকরণিক কর্ত্তৃক প্রতিষ্ঠিত হয়।

চীন-পরিব্রাজক হিউএন্ সিয়াং সম্মতীয় বিহার ও তাহার সমীপস্থ যে সকল স্তূপের বিবরণ প্রকাশ করিয়াছেন, ডাঃ ব্লচ্ ঐ সমস্তের অবস্থিতি স্বীকার করিয়া, তাহার ইষ্টকরাশির গৃহান্তরের ব্যবহার নিরূপিত করিয়াছেন। সিংহস্তম্ভ হইতে অর্দ্ধমাইল উত্তরপশ্চিমে ভীমসেন-কা-পল্লা নামে দুইটী সুবৃহৎ মৃত্তিকা স্তূপ দৃষ্ট হয়। কল্লুয়া গ্রামের পূর্ব্বে যেস্থলে নীলচাস হইত, সেখানে ইষ্টকনির্ম্মিত অট্টালিকার ধ্বংসাবশেষ এখনও বিদ্যমান আছে। মিঃ ভিন্‌সেণ্ট স্মিথ উহাকে কূটাগারগৃহ বলিয়া অনুমান করেন। মর্কটহ্রদ হইতে উহার পূর্ব্ববর্ণিত দূরত্ব ও বর্ত্তমান দূরত্বে কিছু তারতম্য ঘটিলেও এরূপ অনুমান অসঙ্গত বলিয়া বোধ হয় না।

নগরের দক্ষিণভাগে "রাজা বিশাল-কা গড়' নামে যে স্থান প্রদর্শিত হয়, উহাকে গুপ্ত সম্রাট্‌গণের প্রাসাদ ও দুর্গ বলিয়া স্থির করা যায়। যেহেতু প্রাসাদভিত্তি মধ্য হইতেই পূর্ব্বোক্ত রাজগণের মোহর-মুদ্রা পাওয়া গিয়াছে। ইহারই দক্ষিণপশ্চিমে একটী ইষ্টকনির্ম্মিত প্রাচীন স্তূপ। ইহা মুসলমানের দরজায় পরিণত হইয়াছে। চীন-পরিব্রাজকেরা এই স্তূপের উল্লেখ করেন নাই। ইহারই পশ্চিমে বাভন পোখর (ব্রাহ্মণ-পুষ্করণীর) তীরে একটী বর্ত্তমান মন্দির। ঐ মন্দিরে দুইটী উপবিষ্ট বুদ্ধ মূর্ত্তি, ১টী

বোধিসত্ত্ব মূর্ত্তি, একটী বিষ্ণুমূর্ত্তি,একটি গণেশ মূর্ত্তি এবং একখণ্ড প্রস্তরে খোদিত সপ্তমাতৃকা মূর্ত্তি স্থাপিত আছে। ঐ মূর্ত্তিগুলি পুষ্করিণীর মধ্য হইতে উত্তোলিত হইয়াছে।

এতদ্ভিন্ন নানা স্থানে অসংখ্য বৌদ্ধ ও হিন্দু কীর্ত্তির নিদর্শন দেখিতে পাওয়া যায়। তৎসমুদায়ের উল্লেখ নিষ্প্রয়োজন। গুপ্ত-রাজগণের কীর্ত্তির মধ্যেও অনেক বিষয় আবিষ্কৃত হইয়াছে। এই সকল দ্রব্যের বিশেষ আলোচনা আবশ্যক।*

বৈশালীয় (ত্রি) ১ বিশাল দেশোদ্ভব। (পুং) ২ মহাবীর।

বৈশালেয় (পুং) বিশালের গোত্রাপত্য; তক্ষক।

(অথর্ব্ব ৮।১০।২৯)

বৈশিক (পুং) বেশেন জীবতীতি বেশ (বেতনাদিভ্যো জীবতি। পা ৪।৪।১২) ইতি ঠক্। নায়কভেদ, ত্রিবিধ নায়কের অন্তর্গত নায়কবিশেষ। পতি, উপপতি ও বৈশিক এই ত্রিবিধ নায়ক। যে নায়ক বহু বেশ্যা ভোগোপরসিক, তাহাকে বৈশিক নায়ক কহে। এই বৈশিক নায়ক আবার তিনপ্রকার—উত্তম, মধ্যম ও অধম। যিনি দয়িতার শ্রম ও প্রকোপে উপচারপরায়ণ হন, তিনি উত্তম। যিনি প্রিয়ার কোপে কোপ বা অনুরাগ প্রকাশ করেন না ও চেষ্টাদ্বারা মনোভাব জ্ঞাত হন, তাহাকে মধ্যম। যিনি ভয়, কৃপা এবং লজ্জাশূন্য ও কামক্রীড়ায় কৃত্যাকৃত্য-বিচারশূন্য তিনি অধম বৈশিক নায়ক। মানী, চতুর ও শঠ এই তিনটী ইহারই অন্তর্ভুক্ত জানিতে হইবে।†

ভারতচন্দ্রের রসমঞ্জরীতে ইহার লক্ষণ এইরূপে বর্ণিত আছে।

"গিয়াছিনু সরোবরে স্নান করিবার তরে
দেখিয়াছি একজন অপরূপ কামিনী।
চক্ষু মুখ পদ্ম ছন্দ কিবা ছন্দ কিবা বন্দ
নীলাম্বরে ঝাঁপে তনু মেঘে যেন দামিনী॥
ঈশ্বর সদয় হন, দূতী মিলে একজন
এইক্ষণে তার কাছে যায় দ্রুতগামিনী।
যত চাহে দিব ধন দিব নানা আভরণ
কোন মতে মোর সঙ্গে বঞ্চে এক যামিনী॥
উত্তম মধ্যম আর অধম নিয়মে।
নায়িকার সেই ক্রম নায়ক সে ক্রমে॥"

(ভারতচন্দ্র রসমঞ্জরী)

(ত্রি) ২ বেশ সম্বন্ধী।

বৈশিক্য (পুং) জাতিবিশেষ। (মার্ক° পু° ৫৭।৪৭)

বৈশিখ (ত্রি) বিশিখা শীলমস্য (ছত্রাদিভ্যো ণঃ। পা ৪।৪।৬২) ইতি ণ। বিশিখা যুক্ত, বিশিখা যাহার স্বভাব।

বৈশিষ্ট (ক্লী) বিশিষ্টস্য ভাবঃ বিশিষ্ট-অণ্। বিশিষ্টত্ব, বিশিষ্টতা, বিশেষ্য বিশেষণ সম্বন্ধী, বিশিষ্ট বুদ্ধিনিয়ামক সম্বন্ধ ভেদ। ২ অসাধারণত্ব।

"ত্রিষু লোকেষু তাবচ্চ বৈশিষ্টং প্রতিপৎস্যতে।
সুপ্রিয়ঃ সর্ব্বলোকস্য ভবিষ্যসি জনার্দ্দন॥"

(ভারত ১৩।১৫৯।৪১)

বৈশিষ্ট্য (ক্লী) বিশিষ্ট-ষ্যঞ্। বিশিষ্টত্ব, বৈশিষ্ট।

বৈশীতি (পুং) বিশীতের গোত্রাপত্য। (পা ২।৪।৬১)

বৈশীপুত্র (পুং) বৈশ্যাপুত্র। (শত° ব্রা° ১৩।২।৯।৮)

বৈশেয় (পুং) বিশস্য গোত্রাপত্যং (গুভ্রাদিভ্যশ্চ। পা ৪।১।১২৩) ইতি ঠক্। বিশের গোত্রাপত্য।

* Vide T. Bloch's Excavations at Basarh published in the Annual Report of the Archæological Survey of India. 1903-4.

† "যহুবেশ্যাভোগোপরসিকো বৈশিকঃ—
কাঞ্চীকলকণিতকোমলনাভিকান্তিং
পারাবতধ্বনিবিচিত্রিতকণ্ঠপালিম্।
উদ্ভ্রান্তলোচনচকোরমনঙ্গরঙ্গ-
মাশাস্মহে কমপি বারবিলাসবত্যাঃ॥

বৈশিকস্তু ত্তমমধ্যমাধমভেদাৎ ত্রিবিধঃ। দয়িতাশ্রমপ্রকোপেঽপি উপচার-পরায়ণঃ উত্তমঃ। যথা—

চক্ষুঃ প্রান্তমুদীক্ষ্য পক্ষ্মলদৃশঃ শোণারবিন্দশ্রিয়ং
নোচ্চৈর্জল্পতি ন স্মিতং বিতনুতে গৃহ্ণাতি বীটীং ন বা।
তল্পোপান্তমুপেত্য কিন্তু পুলকব্রাজৎকপোলদ্যুতিঃ
কান্তঃ কেবলমানতেন শিরসা মুক্তাস্রজং গুম্ফতি॥

প্রিয়ায়াঃ প্রকোপে যঃ প্রকোপমনুরাগং বা ন প্রকটয়তি চেষ্টয়া মনোভাবং গূহ্ণাতি স মধ্যমঃ। যথা—

আস্যং যদ্যপি হাস্যবর্জ্জিতমিদং লাস্যেন হীনং বচো
নেত্রশ্রোণসরোরুকান্তিরুচিরে কাপি ক্ষণং স্থীয়তে।
মালায়াঃ করণোদ্যমো ন কবিকারব্ধঃ কুচাস্তোজয়ো-
র্ধূপঃ কুন্তলধোরণীষু সুতনোঃ সায়ন্তনো দৃশ্যতে॥

ভয়কৃপালজ্জাশূন্যঃ কামক্রীড়ায়াং অকৃতকৃত্যাকৃত্যবিচারোঽধমঃ। যথা—

উদয়তি হৃদি নৈব যস্য লজ্জা
ন চ করুণা ন চ কোঽপি ভীতিলেশঃ।
বকুলমুকুলকোষকোমলাং মাং
পুনরপি তস্য করেণ সংস্পৃশেথাঃ॥

মানী চতুরঃ শঠএবান্তর্ভবতি। মানী যথা—

বাহ্যাকূতপরায়ণং তব বচো বজ্রোপমেয়ং মনঃ
শ্রুত্বাবাচমিমামপাস্য বিনয়ং ব্যাজাদ্বহিঃ প্রস্থিতে।
প্রাতর্বক্রবিলোকনে পরিহৃতালাপে বিবৃত্তাননে
প্রাণেশে নিয়তং পতন্তি কৃপণা বামভ্রুবো দৃষ্টয়ঃ॥"

ইত্যাদি। (রসমঞ্জরী)

বৈশেষিক (পুং) বিশেষং বেত্তি অধীতে বা বিশেষ-ঠক্। ১ কণাদমুনিকৃত দর্শনশাস্ত্রবেত্তা, যিনি বৈশেষিক দর্শন জানেন। ঔলূক্য। (হেম) বিশেষমধিকৃত্য কৃতোগ্রন্থঃ বিশেষ (অধিকৃত্য কৃতে গ্রন্থে। পা ৪।৩।৮৭) ইতি ঠক্। ২ কণাদমুনিকৃত দর্শন শাস্ত্রবিশেষ। ৩ ন্যায়মতে আত্মাদিকৃত পারিভাষিক গুণ।

"বুদ্ধ্যাদিষট্‌কং স্পর্শান্তাঃ স্নেহঃ সাংসিদ্ধিকো দ্রবঃ।
অদৃষ্টভাবনা শব্দা অমী বৈশেষিকা গুণাঃ॥" (ভাষাপরিচ্ছেদ)

(ত্রি) বিশেষ এব (বিনয়াদিভ্যষ্ঠক্। পা ৫।৪।৩৪) ইতি স্বার্থে ঠক্। ২ অসাধারণ।

"যুগপন্নতু তে শক্যা কর্ত্তুং সর্ব্বে পুরঃসরা।
এক এব তু কর্ত্তব্যো যস্মিন্ বৈশেষিকা গুণাঃ॥"

(ভারত ৭।৫।১৫)

বৈশেষিক-দর্শন (ক্লী) ষড়্‌দর্শনের অন্তর্গত দর্শনশাস্ত্র-বিশেষ। কোন্ সময়ে বৈশেষিক-সূত্রসমূহ বিরচিত হইয়াছিল, তাহা নির্ণয় করিবার নিমিত্ত সবিশেষ প্রমাণ সংগ্রহ করা দুষ্কর। কেহ কেহ বলেন, এই কণাদসূত্রখানিই দার্শনিক সূত্রগ্রন্থসমূহের আদি। কেহ কেহ ইহার পরিবর্ত্তে সাংখ্যসূত্রকেই সেই আসন প্রদান করেন। বৈশেষিক সূত্র যে অতি প্রাচীন, তাহাতে কিছু মাত্র সন্দেহই নাই। কেন না, ইহাতে বৌদ্ধমত নিরাসের কোনও প্রয়াস পরিলক্ষিত হয় না। যদিও মহর্ষি কণাদের সূত্রাবলম্বিত দর্শনশাস্ত্র সর্ব্বদর্শনসংগ্রহে "ঔলূক্য-দর্শন" নামে অভিহিত হইয়াছে, তথাপি সাধারণতঃ এই ঔলূক্য দর্শন "বৈশেষিক দর্শন" নামেই পরিচিত আছে।

(বিশেষমধিকৃত্য কৃতোগ্রন্থঃবিশেষ-ঠক্। অধিকৃত্য কৃতে গ্রন্থে পা ৪।৩।৮৭) বিশেষ পদার্থকে অধিকার করিয়া এই গ্রন্থ কৃত হইয়াছে, এই নিমিত্ত ইহার নাম বৈশেষিক। এই বিশেষ কাহাকে বলে. আমরা বৈশেষিক সূত্রের দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকের ৬ষ্ঠ সূত্রে তাহার আভাস পাই। যথা—

"অন্ত্যবান্ত্যেভ্যো বিশেষেভ্যঃ।"

যাহা অন্ত্য তাহা নিত্য, নিত্য দ্রব্যেই এই "অন্ত্যের" অবস্থান। প্রত্যেক পরমাণুই এই অন্ত্যবিশিষ্ট। এই অন্ত্যই "বিশেষ" পদার্থ। প্রত্যেক পরমাণুতে বিশেষ আছে। এই জন্য সমগ্র জগতে এক অনন্তসৃষ্টিবৈচিত্রী ও অনন্তবিভিন্নতারূপ (Heterogeniosity) "বিশেষে"র বিদ্যমানতা অনুভূত হয় এবং তাহাই সৃষ্টির বিভিন্নতা-সাধনের (Differentiation) মূল কারণ। পরমাণুই এই দর্শনের 'বিশেষ' পদার্থ। বিশেষ পদার্থের প্রাধান্য স্বীকৃত হইয়াছে বলিয়াই এই গ্রন্থখানি "বৈশেষিকদর্শন" নামে অভিহিত হইয়াছে।

মহর্ষি কণাদ এই দর্শনশাস্ত্রের প্রণেতা। কণাদ ঋষির আরও কতকগুলি নাম আছে। ইহার অপর একটী নাম উলূক। যথা মহাভারতে—

"উলূকঃ পরমো বিপ্রো মার্কণ্ডেয়ো মহামুনিঃ।"

(শান্তিপর্ব্ব ৪৭।১১)

এই নামানুসারেই মাধবাচার্য্য সর্ব্বদর্শনসংগ্রহে ইহার কৃত গ্রন্থকে ঔলূক্য-দর্শন নামে উল্লিখিত করিয়াছেন।

মহর্ষির কণাদ নাম হইবার হেতু এই যে, কৃষকেরা ক্ষেত্র হইতে শস্য কাটিয়া লইয়া গেলে ক্ষেত্রে যাহা পড়িয়া থাকিত, তিনি উহা এক একটী করিয়া তুলিয়া লইতেন ও তাহাই আহার করিতেন। এইরূপ শস্যের কণা ভক্ষণ করিয়া জীবিকানির্ব্বাহ করিতেন বলিয়া তিনি কণাদ নামে বিদিত হইয়াছিলেন। এই জন্য কোন কোন দার্শনিক তাঁহাকে 'কণভক্ষ' বলিয়া কটাক্ষ করিয়াছেন। কিন্তু ব্রাহ্মণের পক্ষে এইরূপ জীবিকা নিন্দিত নহে, বরং উৎকৃষ্ট তপস্যা বলিয়া প্রশংসিত। এইক্ষণ বুঝা যাইতেছে যে, বৈশেষিকদর্শন-প্রণেতার এই নামটী প্রকৃত নহে? জীবিকানুসারে তিনি ঐ নামে প্রসিদ্ধ হইয়াছিলেন। তাঁহার প্রকৃত নাম উলূক। তিনি কশ্যপ-বংশীয় ছিলেন।

ন্যায়দর্শনপ্রণেতা গোতম ও কণাদ সমসাময়িক বলিয়াই অনেকের ধারণা। লিঙ্গপুরাণে ইহার প্রমাণও দেখিতে পাওয়া যায়। লিঙ্গপুরাণকার বলেন, উভয়েই শিবাবতার সোমশর্ম্মার শিষ্য,—অক্ষপাদ প্রথম শিষ্য এবং উলূক তৃতীয় শিষ্য যথা :—

"জাতুকর্ণ্যো যদা ব্যাসো ভবিষ্যতি তপোধনঃ।
তদাপ্যহং ভবিষ্যামি সোমশর্ম্মা দ্বিজোত্তমঃ॥
অক্ষপাদঃ কুমারশ্চ উলূকো বৎস এব চ।
তত্রাপি মম তে শিষ্যা ভবিষ্যন্তি তপোধনাঃ॥"(২৪ অধ্যায়।)

একটী কিংবদন্তী আছে যে, মহর্ষি কণাদ মহেশ্বরের প্রসন্নতা লাভ করিয়া তাঁহারই আজ্ঞানুসারে বৈশেষিকদর্শন প্রণয়ন করিয়াছিলেন। উদয়নাচার্য্যও এই কিংবদন্তীর অস্তিত্ব স্বীকার করিয়াছেন। এতদ্ব্যতীত কণাদের সম্বন্ধে আর কোনও ঐতিহাসিক তথ্য পাওয়া যায় না।

মহর্ষি কণাদ ষট্‌পদার্থবাদী, কি সপ্তপদার্থবাদী ছিলেন, তৎসম্বন্ধে যথেষ্ট মতভেদ পরিলক্ষিত হয়। কেহ কেহ তাঁহাকে ষট্‌পদার্থবাদী বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, আবার কেহ বা সপ্তপদার্থবাদী বলিয়া গ্রহণ করিয়া থাকেন। কিন্তু তাঁহার উদ্দেশ-সূত্রে ৬টী পদার্থের উল্লেখ দৃষ্ট হয়। উহা এই—

কণাদ ছয় কি সাত পদার্থবাদী

"ধর্ম্ম-বিশেষপ্রসূতদ্রব্যকর্ম্মসামান্যবিশেষসমবায়ানাং
পদার্থানাং সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যাভ্যাং তত্ত্বজ্ঞানান্নিঃশ্রেয়সম্।"

(বৈশেষিকদ০ ১।১।৪)

অর্থাৎ নিঃসৃতলক্ষণ ধর্ম্ম হইতে সমুৎপন্ন দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ ও সমবায় পদার্থের সাধর্ম্ম্য ও বৈধর্ম্ম্যরূপে অর্থাৎ কোন্ ধর্ম্ম কোন্ পদার্থের সমান ধর্ম্ম এবং কোন্ ধর্ম্মই বা কোন্ পদার্থের বিরুদ্ধ ধর্ম্ম, ইহা জানিয়া তত্ত্বজ্ঞান লাভ করিলে অর্থাৎ এই সকল তত্ত্বের যথার্থজ্ঞান বা তত্ত্বসাক্ষাৎকার হইলে নিঃশ্রেয়স্ লাভ হয়। কণাদ যদিও উদ্দেশ সূত্রে অভাবের উল্লেখ করেন নাই, কিন্তু স্থলান্তরে অভাব সম্বন্ধে তিনি বিশেষ-রূপে আলোচনা করিয়াছেন। উদ্দেশসূত্রে ষট্‌পদার্থের উল্লেখ থাকায় কোন কোন আচার্য্য তাঁহাকে ষট্‌পদার্থবাদী এবং স্থলান্তরে অভাবের বিষয়ও আলোচনা আছে দেখিয়া কেহ তাঁহাকে সপ্তপদার্থবাদী বলিয়া থাকেন। ন্যায়ভাষ্যকার বাৎ-স্যায়ন কণাদকে ষট্‌পদার্থবাদী বলিয়াই নিশ্চয় করিয়াছেন। ন্যায়দর্শনের প্রমেয়সূত্রের ভাষ্যে ভাষ্যকার লিখিয়াছেন ঃ—

"অস্ত্যন্যদপি দ্রব্যগুণকর্ম্মসামান্যবিশেষসমবায়াঃ প্রমেয়ং।"

সূত্র নির্দ্দিষ্টের অতিরিক্তও দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ ও সমবায় প্রমেয় আছে। বৈশেষিক দর্শনের প্রতি লক্ষ্য করিয়াই অধিক সম্ভব ন্যায়ভাষ্যকার এইরূপ ব্যক্ত করিয়াছেন।

সাংখ্যদর্শনমতেও কণাদ ষট্ পদার্থবাদী, কারণ প্রচলিত সাংখ্যদর্শনের একটী সূত্রে লিখিত আছে যে—

"ন বয়ং ষট্‌পদার্থবাদিনো বৈশেষিকাদিবৎ।"

(সাংখ্যদ° ১ অ°) অর্থাৎ বৈশেষিকাদির ন্যায় আমরা ষট্-পদার্থবাদী নহি। সাংখ্যসূত্রকারের মতে বৈশেষিক যে ষট্-পদার্থবাদী, এই উক্তি দ্বারাই তাহা স্পষ্টরূপে প্রতিপন্ন হইয়াছে।

একটী প্রামাণিক লোকশ্রুতিও এ সম্বন্ধে প্রচলিত আছে। যথা—

"ধর্ম্মং ব্যাখ্যাতুকামস্য ষট্‌পদার্থোপবর্ণনম্।
সাগরং গন্তুকামস্য হিমবদ্‌গমনোপমম্॥"

সাগরগমনেচ্ছু ব্যক্তি হিমালয়ের অভিমুখে গমন করিলে তাহাকে যেমন উপহাসাস্পদ হইতে হয়,তদ্রূপ ধর্ম্মব্যাখ্যা করিতে বসিয়া ষট্‌পদার্থের বর্ণনে প্রবৃত্ত হওয়ায় তৎপ্রতি এইরূপ উপ-হাসজনক কটাক্ষ করা হইয়াছে, কেননা কণাদই "অথাতো ধর্ম্মং ব্যাখ্যাস্যামঃ" এখন ধর্ম্ম ব্যাখ্যা করিব, আদৌ এইরূপ প্রতিজ্ঞা করিয়া পরে ষট্‌পদার্থের বর্ণনে প্রবৃত্ত হইয়াছেন।

সাংখ্য ও মীমাংসাদি দর্শনকারদের মতেও অভাব বলিয়া কোন অতিরিক্ত পদার্থ স্বীকৃত হয় নাই, অথচ ইঁহাদের দর্শনে

কোনরূপ বৈলক্ষণ্যের অভিপ্রায়ে এক ভাব পদার্থই ভাবপদার্থের অভাবরূপে ব্যবহৃত হয়। অভাব আকাশকুসু ন্যায় অলীকও নহে, পদার্থান্তরও নহে, কেহ কেহ এই উদাহরণও সুস্পষ্ট করিয়াছেন; যথা—যে সময়ে ভূতলে থাকে, সে সময়ে ঘটাভাবের ব্যবহার হয় না, ভূতলে ঘট আ এইরূপ ব্যবহারই হইয়া থাকে। কিন্তু ঐ ঘটটী স্থানান্ত হইলে ভূতলে ঘট নাই, বা ঘটাভাব আছে এইরূপ অনুভব ব্যবহার দৃষ্ট হয়। ভূতলে ঘট থাকিলে ঘটের ব্যবহার আর কেবল মাত্র ভূতলের বিদ্যমানতাকালে ঘটাভাবের ব্য হয়। অতএব ঘটের অভাব কেবলমাত্র ভূতল বা ভূত কৈবল্যাবস্থা ভিন্ন আর কিছুই নহে। অতএব প্রতিপন্ন যে, অভাব পদার্থ বটে, কিন্তু অভাব নামে কোনও অতি পদার্থ নাই। একবিধ ভাব পদার্থই অন্যবিধ ভাবপদা অভাবরূপে ব্যবহৃত হইয়া থাকে মাত্র।

এইরূপ যুক্তিবলে একশ্রেণীর পণ্ডিত কণাদকে ষট্‌পদার্থ বলিয়া অভিহিত করিয়াছেন। আবার অপর পক্ষে প্র পাদাচার্য্য প্রভৃতির মতে মহর্ষি কণাদ সপ্তপদার্থবাদী। প্র পাদ বলেন,—"দ্রব্যগুণকর্ম্মসামান্যবিশেষসমবায়ানাং ষণ্ণাং র্থানামভাবসপ্তমানামিত্যাদি"।

অর্থাৎ দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায় এই ছ পদার্থ এবং অভাব সপ্তম পদার্থ। এই সাতটী পদার্থ একবারে একই স্থানে ৭ পদার্থের উল্লেখ না করিয়া এক ৬ পদার্থের স্পষ্টরূপে উল্লেখ করিয়াছেন এবং সূত্ররচনা ভা অন্যত্র অভাব পদার্থেরও আভাস দিয়া রাখিয়াছেন। উদ্দিষ্ট পদার্থ প্রথমে পৃথক্‌রূপে অভিহিত হইয়াছে। কণাদস আলোচনায় অভাব পদার্থেরও স্পষ্ট আভাস প্রতীয়মান বল্লভাচার্য্য কণাদের উদ্দেশসূত্রে ষট্‌পদার্থ উল্লেখের লক্ষ্য করিয়া বার্ত্তিক-প্রণালীতে লিখিয়াছেন যে—

"অভাবশ্চ বক্তব্যো নিঃশ্রেয়সোপযোগিত্বাৎ ভাবপ্রপঞ্চবৎ।
কারণাভাবেন কার্য্যাভাবস্য সর্ব্বসিদ্ধিত্বাদুপযোগিত্বসিদ্ধেঃ॥"

মুক্তিলাভের জন্যই ষট্‌পদার্থের তত্ত্বোপদেশ প্রদত্ত হইয়া ভাবপ্রপঞ্চ অর্থাৎ দ্রব্যাদির ন্যায় অভাবও নিঃশ্রেয়সের উপযে অতএব ভাবপ্রপঞ্চের ন্যায় অভাবও স্বীকার করিতে হই কারণের অভাবস্থলে কার্য্যেরও অভাব দৃষ্ট হয়, যথা মৃত্তি অভাবে ঘটের অভাব,সুবর্ণের অভাবে কুণ্ডলের অভাব ইত্যা এইরূপ মিথ্যাজ্ঞানের অভাবে দুঃখের অভাব ঘটে, দুঃখের অ

স্পষ্ট উল্লেখ করেন নাই বটে, কিন্তু অভাবও যে তাঁহার বক্তব্য তদীয় সূত্রপাঠে তাহার স্পষ্ট উপলব্ধি হয়।

পদার্থধর্ম্মসংগ্রহের টীকাকার উদয়নাচার্য্য কিরণাবলী নাম্নী টীকায় অভাব ধরিয়া সপ্তপদার্থই যে কণাদের অভিপ্রেত এই মতের সমর্থন করিয়াছেন যথা—

"এতে চ পদার্থাঃ প্রধানতয়োদ্দিষ্টাঃ অভাবস্তু স্বরূপবানপি নোদ্দিষ্টঃ প্রতিযোগিনিরূপণাধীননিরূপণত্বান্ন তু তুচ্ছত্বাৎ।"

এই ষট্‌পদার্থ প্রধানরূপে উক্ত হইয়াছে। অভাব পদার্থ বস্তুগত্যা বিদ্যমান হইলেও এস্থলে তাহার উদ্দেশ করা হয় নাই। কারণ দ্রব্যাদির ন্যায় স্বরূপতঃ অভাবের নিরূপণ হয় না। প্রতিযোগিনিরূপণ দ্বারাই অভাবের নিরূপণ হয়। ঘটের অভাব পটের অভাব ইত্যাদিস্থলে প্রতিযোগিভেদেই অভাবের ভেদ হইয়া থাকে। এই জন্য অভাবের প্রতিযোগিস্বরূপ ষট্‌পদার্থের উদ্দেশ করা হইয়াছে। অভাবনিরূপণ প্রতিযোগিনিরূপণের অধীন, অর্থাৎ অভাবের প্রতিযোগী স্বরূপ ষট্‌পদার্থ নিরূপিত হইলে সহজেই অভাবের নিরূপণ হয়। এই নিমিত্ত উদ্দেশসূত্রে অভাবের উল্লেখ করা নিষ্প্রয়োজন বলিয়া বিবেচিত হইয়াছিল। সুতরাং কণাদ সপ্তপদার্থবাদী বলিয়াই বৈশেষিক সমাজে স্বীকৃত। পরবর্ত্তী সকল গ্রন্থেই অভাবের সপ্তমপদার্থত্ব স্বীকৃত হইয়াছে। সুতরাং কণাদ যে সপ্তপদার্থবাদী, ইহাই প্রধানতঃ সিদ্ধান্ত।

এই দর্শন প্রণয়নের উদ্দেশ্য মুক্তি। মুক্তির জন্য আত্মার শ্রবণ মননাদি বিহিত হইয়াছে।

"আত্মা বা অরে! দ্রষ্টব্যঃ শ্রোতব্যঃ" (শ্রুতি)

এই মনন অনুমানসাধ্য বা অনুমানরূপ। এই অনুমানও আবার ব্যাপ্তিজ্ঞানের অধীন। ব্যাপ্তিজ্ঞান পদার্থতত্ত্বজ্ঞানসাপেক্ষ। সুতরাং পদার্থতত্ত্বজ্ঞান সাক্ষাৎ নহে পরম্পরা নিঃশ্রেয়স বা মুক্তির কারণ। এই বৈশেষিকোক্ত পদার্থতত্ত্ব জ্ঞান হইলে নিঃশ্রেয়োলাভ হইয়া থাকে। এই জন্য ইহাদের পদার্থের যাথার্থ্যতত্ত্ব অভিহিত হইয়াছে।

এই দর্শনে ৩৭০টী সূত্র আছে। এই সূত্রগুলি দশ অধ্যায়ে বিভক্ত। প্রত্যেক অধ্যায়ে দুইটী করিয়া আহ্নিক আছে। আহ্নিক একপ্রকার পরিচ্ছেদ। দর্শনকার এক এক দিনে যে সূত্রগুলি রচনা করিয়াছেন, তাহাই আহ্নিক নামে অভিহিত হইয়াছে। 'অহ্না নির্বৃত্তো গ্রন্থ আহ্নিকঃ' ইহাদ্বারা প্রতীয়মান হইতে পারে যে মহর্ষি কণাদ ২০ দিনে এই দর্শন খানির রচনাকার্য্যের পরিসমাপ্তি করিয়াছেন।

এই সকল আহ্নিকে নিম্নোক্ত বিষয়গুলি অভিহিত হইয়াছে। প্রথমাধ্যায়ের প্রথমাহ্নিকে জাতি, মান, দ্রব্য, গুণ, কর্ম্ম, দ্বিতীয়াহ্নিকে সামান্য বা জাতি এবং বিশেষ পদার্থ নিরূপিত হইয়াছে। দ্বিতীয়াধ্যায়ের প্রথম আহ্নিকে ভূতপদার্থ অর্থাৎ পৃথিবী, জল, তেজঃ, বায়ু, ও আকাশ, দ্বিতীয়াহ্নিকে কাল ও দিক্, তৃতীয়াধ্যায়ের আহ্নিকদ্বয়েই আত্মার নিরূপণ এবং দ্বিতীয়াহ্নিকে মনেরও নিরূপণ করা হইয়াছে। চতুর্থাধ্যায়ের প্রথমাহ্নিকে জগতের মূলকারণ ও কতিপয় প্রত্যক্ষের কারণ, দ্বিতীয়াহ্নিকে শরীর বিবেচিত হইয়াছে। পঞ্চমাধ্যায়ের প্রথমাহ্নিকে শারীরিক কর্ম্ম, দ্বিতীয়াহ্নিকে মানসিক কর্ম্ম, ষষ্ঠাধ্যায়ের প্রথমাহ্নিকে দান ও প্রতিগ্রহ, দ্বিতীয়াহ্নিকে আশ্রম চতুষ্টয়ের ধর্ম্ম, সপ্তমাধ্যায়ের আহ্নিকদ্বয়েই রূপাদিগুণ এবং দ্বিতীয়াহ্নিকে সমবায় নিরূপিত হইয়াছে। অষ্টমাধ্যায়ের প্রথমাহ্নিকে প্রত্যক্ষজ্ঞান, দ্বিতীয়াহ্নিকে জ্ঞানসাপেক্ষ জ্ঞান ও জ্ঞানসাধন ইন্দ্রিয়, নবমাধ্যায়ের প্রথমাহ্নিকে অভাব, এবং কতিপয় প্রত্যক্ষকারণ, দ্বিতীয়াহ্নিকে লৈঙ্গিক বা অনুমান ও স্মৃতি প্রভৃতি, দশমাধ্যায়ের প্রথমাহ্নিকে সুখ, দুঃখ, ও দ্বিতীয়াহ্নিকে সমবায়ি প্রভৃতি কারণত্রয় বিবেচিত হইয়াছে। প্রসঙ্গক্রমে আরও অনেক বিষয় ইহাতে আলোচিত ও মীমাংসিত হইয়াছে। তদ্‌যথা—

প্রথম অধ্যায়ের প্রথম আহ্নিকে ধর্ম্মনিরূপণপ্রতিজ্ঞাদি, ধর্ম্মলক্ষণ, বেদপ্রামাণ্যসংস্থাপন, প্রয়োজন, অভিধেয় সম্বন্ধপ্রদর্শন, পদার্থোদ্দেশ, দ্রব্যবিভাগ, গুণবিভাগ, কর্ম্মবিভাগ, দ্রব্যসাধর্ম্ম্য, গুণসাধর্ম্ম্য ও কর্ম্মসাধর্ম্ম্য, দ্রব্যাদিদ্বয়ের সামান্যলক্ষণ, কর্ম্মের সহ দ্রব্যের বৈলক্ষণ্য, গুণ ও কর্ম্মের সামান্যলক্ষণ, দ্রব্য ও কর্ম্মের সামান্যলক্ষণ।

দ্বিতীয় আহ্নিকে—কার্য্যকারণ-ভাব-বিচার, সত্তা প্রভৃতি জাতিকথন, দ্রব্যাদি হইতে জাতির পার্থক্যসংস্থাপন, সত্তার একত্বসংস্থাপন এবং সত্তার নানাত্ব নিরাকরণ।

দ্বিতীয় অধ্যায়ের প্রথমাহ্নিকে—পৃথিবীর লক্ষণ, জললক্ষণ, তেজোলক্ষণ, বায়ুলক্ষণাদি, বায়ুসাধনপ্রকরণ, ঈশ্বরানুমানপ্রকরণ ও আকাশনিরূপণ। দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে—গন্ধের স্বাভাবিক ঔপাধিকত্বকথন, উষ্ণস্পর্শের তেজোমাত্রনিষ্ঠত্বকথন, শীতস্পর্শের জলমাত্রত্বকথন, কালনিরূপণ, দিগ্‌লক্ষণাদি, শব্দপরীক্ষার্থ সংশয়-ব্যুৎপাদন, এবং শব্দব্যবস্থাপনাদি।

তৃতীয় অধ্যায়ের প্রথমাহ্নিকে—আত্মপরীক্ষাপ্রকরণ, ব্যাপ্তিজ্ঞানের ন্যায়োপযোগিত্ব, প্রসঙ্গতঃ হেত্বাভাসনিরূপণ, আত্ম-সাধনে জ্ঞানহেতুর অনাভাসত্বকথন, পরাত্মানুমানপ্রকার। ইহার দ্বিতীয় আহ্নিকে—মনোনিরূপণ, আত্মসাধকালিঙ্গান্তরকথন, নিত্যজ্ঞানের আত্মতানিরাকরণ ও আত্মার নানাত্বপ্রকরণ।

চতুর্থ অধ্যায়ের প্রথম আহ্নিকে—পরমাণুর মূলকারণতাব্যবস্থাপনাদি, পরমাণুর অনিত্যাদি নিরাকরণ, পরমাণুর

অতীন্দ্রিয়ত্বোপপাদনাদি, গুণপ্রত্যক্ষতাপ্রকরণ, পরমাণুরসাদির অপ্রত্যক্ষতা, গুরুত্বাদির অপ্রত্যক্ষতাপ্রতিপাদন, দুই ইন্দ্রিয়গ্রাহ্য গুণকথন, অযোগ্যবৃত্তি ইন্দ্রিয়ের অপ্রত্যক্ষত্বপ্রতিপাদন, সত্তা ও গুণের সর্ব্বেন্দ্রিয়গ্রাহ্যত্বপ্রতিপাদন।

চতুর্থ অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে—অনিত্য দ্রব্যবিভাগ, শরীরের চাতুর্ভৌতিকত্ব, পাঞ্চভৌতিকত্বের নিরাকরণ, শরীরে ভূতত্রয় আরব্ধতার নিরাকরণ, শরীরবিভাগ, অযোনিজ শরীরবিশেষে উৎপত্তিপ্রকার, অযোনিজশরীরবিশেষষড়্‌বিমানাধিকথন।

পঞ্চম অধ্যায়ের প্রথম আহ্নিকে কর্ম্মপরীক্ষা আরম্ভ, প্রযত্ননিষ্পাদ্য কর্ম্মপ্রতিপাদন, চেষ্টাধীন কর্ম্মপ্রতিপাদন, চেষ্টা ব্যতিরেকে জায়মান কর্ম্মপ্রতিপাদন প্রতিবন্ধকের অভাবসহকৃত গুরুত্বের পতনকারণত্ব, লোষ্ট্রাদি ক্রিয়াবিশেষে হেতুবিশেষকথন, আততায়িবধজনক কর্ম্মে পুণ্যপাপহেতুত্ব, যত্নাধীন কর্ম্ম, বাণক্ষেপাদিস্থলে উপরম পর্য্যন্ত কর্ম্মসমূহের নানাত্ব, বেগজনক কর্ম্ম, বেগনাশের পরে শরাদিপতনের হেতু।

পঞ্চম অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে—নোদনাদির (সংযোগ বিশেষের) কর্ম্মহেতুতা, ভূকম্পাদির হেতুবিশেষ, দ্রবদ্রব্য, কর্ম্মপরীক্ষা, জলাধিস্পন্দনের হেতুতা, পৃথিবীস্থ জলের ঊর্দ্ধগমনের হেতুতা, বৃক্ষমূলে সিক্তজলের বৃক্ষের অভ্যন্তর দিয়া ঊর্দ্ধগমনের হেতু, হিমকরকাদির উৎপত্তির প্রকার, বজ্রনির্ঘোষের হেতু, দিগ্‌দাহঝঞ্ঝাদির হেতু, ঊর্দ্ধজ্বলনাদির হেতু, ইন্দ্রিয় সংযোগ জন্য মনের কর্ম্মহেতু, মরণের সময়ে মনের দেহান্তরে প্রবেশ, অন্ধকারের অভাব-স্বরূপতা, আকাশাদির নিষ্ক্রিয়তা, গুণাদির অসমবায়ি-কারণত্ব ইত্যাদি। কণাদসূত্রের এই প্রথম পাঁচটী অধ্যায়ে পদার্থবিজ্ঞান সম্বন্ধে আলোচিত হইয়াছে। সুতরাং এই পাঁচটী অধ্যায়কে আমরা পদার্থ-বিজ্ঞান বা Physics বলিতে পারি। অবশিষ্ট পঞ্চাধ্যায়ে ধর্ম্মবিজ্ঞান Theology মনোবিজ্ঞান (Metaphysics), ন্যায় (Lagic) এবং স্থানে স্থানে পদার্থ-বিজ্ঞানের আভাস দেখিতে পাওয়া যায়।

নিম্নে কিঞ্চিৎ বিস্তৃতরূপে ইহাদের উল্লেখ করা যাইতেছে। যথা—ষষ্ঠাধ্যায়ের প্রথমাহ্নিকে বেদের প্রামাণ্য উপপাদন, ধর্ম্মাদির স্বীয়াধিকরণে স্বর্গাদিজনন, শ্রাদ্ধাদিতে দুষ্ট ব্রাহ্মণ ভোজনের ফলাভাব, দুষ্ট ব্রাহ্মণ-লক্ষণ, দুষ্ট ব্রাহ্মণদ্বারা কর্ম্মবাধিত হইলে পুনরায় ভাল ব্রাহ্মণের দ্বারা সেই কর্ম্মের কর্ত্তব্যতা ইত্যাদি। ষষ্ঠাধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে—বৈধকর্ম্মফল বিবেচনা, অদৃষ্টফলকতিপয় কর্ম্মপ্রদর্শন, অধর্ম্মসাধনকথন, দোষনিদান, ধর্ম্মাদির প্রেত্যভাব নিদান, মুখ্যোপায় কথন।

সপ্তমাধ্যায়ের প্রথম আহ্নিকে—নিত্যানিত্য রূপাদিকথন, পার্থিব পরমাণুরূপাদির পাকজত্বসাধন, পরিমাণপরীক্ষা, পরিমাণে অনিত্যতা, আকাশাদির পরিমাণ, মনে মহত্ত্বের অভাব, দিগাদির পরমমহত্ত্ব।

সপ্তমের দ্বিতীয় আহ্নিকে—সংখ্যাপরীক্ষা, পৃথক্‌ত্বপরীক্ষা, গুণাদির নিঃশঙ্কত্ব, গুণাদির একত্ব মনে করা বুদ্ধির ভ্রমমাত্র অবয়ব অবয়বীর অভেদ নিরাকরণ, সংযোগপরীক্ষা, পদপদার্থের সাঙ্কেতিক সম্বন্ধসাধন প্রকরণ, পরত্ব অপরত্ব পরীক্ষা, সমবায় পরীক্ষা ইত্যাদি। অতঃপর অষ্টম অধ্যায় হইতে আমরা বৈশেষিক সূত্র মনোবিজ্ঞান (Meta-physics) ও তর্কশাস্ত্রের (Logic) আলোচনা দেখিতে পাই।

অষ্টমাধ্যায়ের প্রথম আহ্নিকের প্রারম্ভেই বুদ্ধিপরীক্ষা আরম্ভ হইয়াছে। পাশ্চাত্য মনস্তত্ত্বের (Sensation) বা ইন্দ্রিয়জন্য উপলব্ধি (Perception) বা বুদ্ধিজন্য উপলব্ধি (Intellection) বা জ্ঞানবিশেষজন্য উপলব্ধির আলোচনা এই অধ্যায়ে আমরা সূত্রাকারে দেখিতে পাই। প্রত্যক্ষহেতু সন্নিকর্ষবিশেষ, বিশিষ্ট প্রত্যক্ষ হেতুবিশেষ, ইন্দ্রিয়বিশেষের উপাদান বিশেষে উহাদের গ্রাহ্য বিষয়ের বিশেষত্ব এবং অর্থপদ পরিভাষা এই অষ্টমাধ্যায়ের প্রথম ও দ্বিতীয় আহ্নিকে আলোচিত হইয়াছে।

নবমাধ্যায়ের প্রথম আহ্নিকে অভাবপ্রত্যক্ষকথনের ভূমিকা-ধ্বংস প্রত্যক্ষ সামগ্রীকথন, প্রাগভাবে উহার অতিদেশ, অন্যোন্য অভাব প্রত্যক্ষ-প্রকার,যোগজ সন্নিকর্ষজন্য প্রত্যক্ষকথন ইত্যাদি। নবমাধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে লৈঙ্গিকজ্ঞাননিরূপণ, শব্দবোধের অনুমিতিতে অন্তর্ভাব, উপমিতি আদির অনুমিতিতে অন্তর্ভাব, স্মৃতিনিরূপণ, স্বপ্নহেতুনিরূপণ, স্বপ্নান্তিক জ্ঞানহেতু কথন, ভ্রমজ্ঞানের হেতুত্ব, অবিদ্যালক্ষণ, বিদ্যালক্ষণ, আর্ষজ্ঞান-বিশেষের হেতুকথন ইত্যাদি।

দশমাধ্যায়ের প্রথমাহ্নিকে সুখদুঃখের ভেদ প্রতিপাদন, উহাদের অন্তর্ভাব কথন, শরীর অবয়বের পরস্পর ভেদ সংস্থাপন, ইত্যাদি। এই অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে ত্রিবিধ কারণের বিবিধ বিবেচন এবং বেদের প্রামাণ্য সম্বন্ধে দৃঢ়তা-সম্পাদন ইত্যাদি বিষয়ক সূত্র আছে। এই সকল সূত্র, ভাষ্য, বার্ত্তিক, বৃত্তি ও টীকা প্রভৃতি গ্রন্থে বহুলরূপে বিস্তৃত হইয়া বৈশেষিক দর্শন, ভারতীয় পণ্ডিতগণের জ্ঞানগৌরবের সমুজ্জ্বল বিজয়পতাকা এখনও সমগ্র সুসভ্য জগতে উড্ডীন রাখিয়াছে।

এই দর্শনে উক্ত বিষয় সকল বিশেষ ভাবে আলোচিত হইয়াছে। আমরা এখানে সংক্ষেপতঃ বৈশেষিক সূত্রোক্ত বিষয়ের যৎকিঞ্চিৎ আলোচনা করিতেছি। এই দর্শনে যে সপ্ত পদার্থের উল্লেখ করা হইয়াছে, তন্মধ্যে সূত্রোদ্দিষ্ট দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ ও সমবায় এই ৬টী ভাব

পদার্থ এবং অনুদ্দিষ্ট সপ্তম পদার্থ অভাব, এই কয়েকটী পদার্থ নৈয়ায়িকদিগেরও অবিরুদ্ধ। ভাব পদার্থ ছয়টী, অভাব একটী এই সাতটী পদার্থ বৈশেষিকগণের স্বীকৃত। নৈয়ায়িকগণ কিন্তু ষোড়শ পদার্থের উল্লেখ করেন। আধুনিক নৈয়ায়িকগণ বৈশেষিক স্বীকৃত সাত পদার্থ স্বীকার করিয়া প্রাচীন ন্যায়ের উক্ত ষোড়শ পদার্থ, এই সাত পদার্থের অন্তর্ভুক্ত বা অন্তর্নিবিষ্ট বলিয়া মনে করেন। প্রশস্তপাদাচার্য্যের গ্রন্থে এবং উপমানচিন্তামণিতেও নৈয়ায়িকের ষোড়শ পদার্থ এই সাত পদার্থের অন্তর্নিবিষ্ট বলিয়া গণ্য করা হইয়াছে।

দ্রব্য।

যে পদার্থে কোনও না কোন একটী গুণ অবশ্যই থাকে, তাহার নাম দ্রব্য পদার্থ, অথবা যে পদার্থে দ্রব্যত্ব জাতি থাকে, তাহার নাম দ্রব্য। যে সামান্য বা জাতি গুণবৃত্তি নহে, অথচ গগনবৃত্তি, সেই সামান্য বা জাতিই দ্রব্যত্ব নামে অভিহিত। সত্তা নামে একটী সামান্য জাতি আছে, ঐ সামান্য গগন বৃত্তি বটে, কিন্তু গুণবৃত্তি বলিয়া তাহা দ্রব্যত্ব নহে।

দ্রব্য পদার্থ ৯ প্রকার, ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা ও মনঃ। ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু ও আকাশ এই পাঁচটী দ্রব্য পঞ্চভূত নামে অভিহিত। অর্থাৎ এই সকল দ্রব্যের সাধারণ সংজ্ঞা ভূত। যাহাতে বহিরিন্দ্রিয় গ্রাহ্যবিশেষ গুণ থাকে, তাহারই সাধারণ সংজ্ঞা ভূত। অর্থাৎ বহিরিন্দ্রিয়গ্রাহ্য বিশেষ গুণবিশিষ্ট বস্তুই ভূত নামে অভিহিত। পৃথিবীর গন্ধ, জলের রস, তেজের রূপ, বায়ুর স্পর্শ ও আকাশের শব্দ বিশেষ বিশেষ গুণ। অথচ ঐ সকল গুণ বহিরিন্দ্রিয় গ্রাহ্য, সুতরাং পৃথিবী, জল, তেজঃ, বায়ু ও আকাশ এই গুলি ভূত বলিয়া অভিহিত। জ্ঞান আত্মার বিশেষ গুণ বটে, কিন্তু জ্ঞান মনোগ্রাহ্য, উহা বহিরিন্দ্রিয় গ্রাহ্য নহে। এই জন্য আত্মাকে ভূত বলা যায় না।

ক্ষিতি—যাহাতে গন্ধের অত্যন্তাভাব নাই, অথবা যাহাতে পৃথিবীত্ব জাতি আছে তাহাই পৃথিবী। করকাতে অসমবেত ঘটাদিতে সমবেত জাতির নাম পৃথিবীত্ব। সত্তা ও দ্রব্যত্ব জাতি করকাতেও সমবেত উহাতে অসমবেত নহে। গুণত্বাদি জাতি করকাতে অসমবেত ঘটাদিতে সমবেত নহে। এই জন্য সত্তা দ্রব্যত্ব ও গুণত্বাদি জাতিকে পৃথিবীত্ব বলা যাইতে পারে না।

ফলপুষ্পাদি সমস্তই পার্থিব পদার্থ। ইহারা সকলেই মৃত্তিকার বিকার। পৃথিবী ভিন্ন অপর কোন দ্রব্যের গন্ধ নাই, সময়ে সময়ে জল ও বায়ুতে যে গন্ধের অনুভব হইয়া থাকে, ঐ গন্ধও জলগত বা বায়ুতে মিশ্রিত পার্থিব পরমাণুর মিশ্রণেই উৎপন্ন। এই গন্ধ জল বা বায়ুর নহে; কেন না উহাদের যে কোন গন্ধ নাই তাহা সাধারণ পরীক্ষা দ্বারাও প্রতিপন্ন হইতে পারে। দুর্গন্ধ জল যত্নসাহায্যে পরিষ্কৃত করুন, দেখিবেন তাহাতে আর কোনও গন্ধ অনুভূত হইবে না। ইহার কারণ এই যে গন্ধের উপাদান স্বরূপ ক্ষিতির পরমাণু যত্নযোগে অপসারিত হইয়া থাকে। এই নিমিত্ত সর্ব্বপ্রকার জল ও সকল বায়ুতেই গন্ধের উপলব্ধি হয় না। কিন্তু পাষাণে গন্ধ আছে, তাহা উৎকট নহে বলিয়া আমরা তাহার অনুভব করিতে পারি না। কিন্তু পাষাণের ভস্মে স্পষ্টরূপে গন্ধের অনুভব হইয়া থাকে।

ক্ষিতি পদার্থ দুই প্রকার, নিত্য ও অনিত্য। পরমাণুই ক্ষিতির নিত্য পদার্থ, ইহার উৎপত্তি বা বিনাশ নাই। পরন্তু উহা স্বতঃসিদ্ধ। এতদ্ভিন্ন সমস্ত পৃথিবীই অনিত্য। অপর সর্ব্ববিধ পার্থিব পদার্থের উৎপত্তি ও বিনাশ আছে। পরমাণু প্রত্যক্ষ নহে, কিন্তু অনুমানগ্রাহ্য।

সাবয়ব ক্ষিতি পদার্থের বিভাগ করিতে করিতে সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর, সূক্ষ্মতম হইতে সূক্ষ্মতম অবয়বে উপনীত হইবার পরও ঈদৃশ অবয়ব উপস্থিত হয়, যাহার বিভাগ করা একান্ত অসম্ভব হইয়া পড়ে। এইরূপে কিছুতেই আর যাহার বিভাগকল্পনা করা যায় না অর্থাৎ যাহা নিতান্তই অবিভাজ্য হইয়া পড়ে, তাহাই পরমসূক্ষ্ম বা পরমাণু নামে অভিহিত হইয়া থাকে। অবয়ব সংযোগই উৎপত্তির হেতু। পরমাণুর অবয়ব নাই, সুতরাং উহার উৎপত্তি নাই, বিনাশও নাই।

পরমাণু নিরবয়ব না হইলে সকল বস্তুরই অনন্ত অবয়ব জানিতে হয়। ইহাতে পরিমাণের অবৈলক্ষণ্যদোষ ঘটে।

পরমাণু ভিন্ন অপরাপর অবয়ব বা অংশ এবং অবয়বী বা অংশী এ সমস্তই সাবয়ব। দুইটী পরমাণুর সংযোগে দ্ব্যণুক ও তিনটী দ্ব্যণুকের সংযোগে ত্রসরেণু ইত্যাদি ক্রমে মহাবয়বী পর্য্যন্ত উৎপন্ন হয়। অবয়ব সংযোগে যাহাদের উৎপত্তি, অবয়ব বিভাগে তাহাদের বিনাশ অনিবার্য্য।

কোন কোন নৈয়ায়িক দ্ব্যণুক ও পরমাণু স্বীকার করেন না; তাঁহারা ত্রসরেণু মাত্র স্বীকার করেন। অনিত্য পৃথিবী আবার তিন প্রকার। শরীর, ইন্দ্রিয় ও বিষয়। শরীর ভোগায়তন, শরীর ভিন্ন কোনরূপ ভোগ হইতে পারে না। ইন্দ্রিয় সেই ভোগের সাধন স্বরূপ। বিষয়ের উপলব্ধিই ভোগ। এই শরীর আবার দুইপ্রকার, যোনিজ ও অযোনিজ। শুক্রশোণিত সংযোগ জন্য শরীর যোনিজ, তদ্ভিন্ন অযোনিজ। যোনিজ শরীর আবার দুইপ্রকার জরায়ুজ ও অণ্ডজ। মনুষ্যাদির

শরীর জরায়ুজ. পক্ষী ও সর্পাদির শরীর অণ্ডজ। অযোনিজ শরীরও দ্বিবিধ, স্বেদজ ও উদ্ভিজ্জ, মশকাদির শরীর স্বেদজ এবং বৃক্ষাদির শরীর উদ্ভিজ্জ। শাস্ত্রপাঠে জানা যায় যে বৃক্ষাদিতে জীবাত্মা আছেন। পাপকর্ম্ম বিশেষের ফল স্বরূপ জীব স্থাবরযোনি প্রাপ্ত হয়। যথা—

'শরীরজৈঃ কর্ম্মদোষৈর্যাতি স্থাবরতাং নরঃ।" (মনুবচনম্।)

গুরুং তল্পত্য উল্কত্য বিপ্রং নির্জ্জিত্য বাদতঃ।

শ্মশানে জায়তে বৃক্ষঃ কঙ্কগৃধ্রাদিসেবিতঃ॥"

অন্যত্র—

"নর্ম্মদাতীরসম্ভূতাঃ সরলার্জ্জুনপাদপাঃ।

নর্ম্মদাতোয়সংস্পর্শাৎ তে যান্তি পরমাং গতিম্॥"

এই সকল বচন শঙ্করমিশ্র কৃত কণাদসূত্রোপস্কার ধৃত।

বৃক্ষাদিতেও যে জীবাত্মা আছেন, তাহার প্রমাণ প্রদর্শনার্থ শঙ্করমিশ্রের মত লিখিত হইয়াছে। "বৃদ্ধিক্ষতভগ্নসংরোহণে চ" অর্থাৎ বৃক্ষাদির কোন স্থান ভগ্ন বা কোন স্থানে ক্ষত হইলে কালে তাহা জোড়া লাগে এবং সেই ক্ষত শুষ্ক হয়। এই জন্য ইহাকে ভগ্ন-ক্ষত-সংরোহণ কহে। অতএব বৃক্ষাদিরও যে জীবনী শক্তি আছে তাহা এতদ্দ্বারা জানা যায়। বৃক্ষপ্রভৃতি যে স্বীয় পুষ্টির উপকরণ রসাদির আকর্ষণ করিয়া পরিপুষ্ট হয়। ইহাও উহাদের জীবনী শক্তির অস্তিত্বের পরিচায়ক। এতদ্ভিন্ন দেববিদিগের ও নারকীদিগের শরীরও অযোনিজ।

ঘ্রাণেন্দ্রিয় পার্থিব এবং গন্ধের অনুভব হয় বলিয়া উহা গন্ধের উপলব্ধি ক্রিয়া বিশেষ। এই ক্রিয়া গন্ধের, এই নিমিত্ত এই কর্ম্মও পার্থিব। ইন্দ্রিয় মাত্রই স্বপ্রকৃতি দ্রব্যের অসাধারণ গুণের অভিব্যঞ্জক এবং উহা ইন্দ্রিয়গ্রাহ্য নহে। আমরা যে নাসিকা দেখিতে পাই, উহা ঘ্রাণেন্দ্রিয় নহে, ঘ্রাণেন্দ্রিয়ের স্থান মাত্র। অন্যান্য পৃথিবীর গন্ধের অভিব্যক্তি করিবার শক্তি থাকিলেও ভূতান্তরের সংযোগে এবং সেই ভূতের গুণাধিক্যে সেই শক্তি অভিভূত হয় বলিয়া সমস্ত পার্থিব পদার্থ গন্ধের অভিব্যক্তি করিতে পারে না। শ্লেষ্মাদি দ্বারা অভিভূত ঘ্রাণেন্দ্রিয়ও গন্ধের অভিব্যক্তি করিতে পারে না।

এখন জলের কথা বলা যাইতেছে স্নেহগুণবিশিষ্ট পদার্থই জল। যে গুণপ্রভাবে চূর্ণ পদার্থ সকল পিণ্ডাকারে পরিণত করা যাইতে পারে, সেই গুণ বিশেষের নাম স্নেহ। স্নেহগুণ 'স্নিগ্ধং জলং' জল স্নিগ্ধ এই অনুভব সিদ্ধ। জলভিন্ন আর কোন দ্রব্যেই স্নেহগুণ নাই। তৈলাদির স্নেহ গুণও জলীয়।

তাহার নাম জল। পৃথিবীবৃত্তি বিবর্জ্জিত অথচ হিমকরকাদিবৃ জাতিবিশেষের নাম জলত্ব। সত্তা ও দ্রবত্ব জাতি পৃথিবী বৃ তেজস্ত্বপ্রভৃতি জাতি হিমকরকাদিবৃত্তি নহে,এই জন্য তাহাদিগে জলত্ব ধরা যায় না। জল দুইপ্রকার, নিত্য ও অনিত্য। জল পরমাণু নিত্য, তদ্ভিন্ন সমস্ত জল অনিত্য। অনিত্য জল ত্রিবি শরীর, ইন্দ্রিয় ও বিষয়। বরুণ লোকস্থ জীবদিগের শরীর জলী ইহা শাস্ত্র পাঠে জানা যায়।

পার্থিব পরমাণু ও জলীয় পরমাণু উভয়েই শরীর ও ইন্দ্রিয়ে আরম্ভক। জলীয় ইন্দ্রিয় রসনা। রসনেন্দ্রিয় রসের অভি ব্যঞ্জক, ইক্ষু, ক্ষীর ও গুড়াদির ন্যায় উৎকট মাধুর্য্য জলে থাকিলেও উহাতে যে অন্যবিধ মাধুর্য্য আছে, তাহা অর্থ কার্য্য নহে।

তেজঃ—যে দ্রব্যে রস নাই, অথচ রূপ আছে, তাহার না তেজঃ। পৃথিবী ও জলে রূপ আছে বটে, কিন্তু তাহাতে রস আছে। বায়ুপ্রভৃতির রূপ নাই, এইজন্য উহারা তে নহে। অথবা যে দ্রব্যে তেজস্ত্ব জাতি আছে, তাহার না তেজঃ। করকাদিতে অবৃত্তি অথচ বিদ্যুদাদিতে বৃত্তি জা বিশেষের নাম তেজস্ত্ব। সত্তা ও দ্রব্যত্ব করকাদিতে অবৃত্তি ন পৃথিবীত্ব ও জলত্বাদি জাতি বিদ্যুদাদিতে বৃত্তি নহে, এই জ উহাদিগকে তেজস্ত্ব বলা যাইতে পারে না। তেজঃ দুই প্রক নিত্য ও অনিত্য। পরমাণুরূপ তেজঃ নিত্য, তদ্ভিন্ন সম তেজঃ অনিত্য। অনিত্য তেজঃও তিন প্রকার—শরীর, ইন্দ্রি ও বিষয়। সূর্য্যলোকস্থিত প্রাণীদিগের শরীর তৈজস। চ রিন্দ্রিয় তৈজস। রূপমাত্রের অভিব্যঞ্জক আলোক তৈজ চক্ষুরিন্দ্রিয় রূপমাত্রের অভিব্যঞ্জক। অতএব উহাও তৈজস শরীর ও ইন্দ্রিয় ভিন্ন সমস্ত তেজঃ বিষয় বলিয়া কথিত।

বায়ু—যে দ্রব্যে রূপ নাই, স্পর্শ আছে, তাহার নাম বা পৃথিবী, জল ও তেজোদ্রব্যে রূপ আছে, আকাশাদি দ্রব্যে স্প নাই, এই জন্য উহারা বায়ু বলিয়া অভিহিত হইতে পারে ন বায়ু দুই প্রকার, নিত্য ও অনিত্য। অনিত্য বায়ু তিন প্রক শরীর, ইন্দ্রিয় ও বিষয়। বায়ুলোকস্থিত জীবদিগের শরীর ব বীয়। ব্যজনবায়ু অঙ্গসঙ্গজলের শীতল স্পর্শের অভিব্য করে, ত্বগিন্দ্রিয়ও স্পর্শমাত্রের অভিব্যঞ্জক, অতএব উহা বায়বী শরীর ও ইন্দ্রিয় ভিন্ন সমস্ত বায়ুর সাধারণ নাম বিষয়। জ দ্রব্য মাত্রেই পৃথিবী, জল, তেজঃ ও বায়ু এই ভূতচতুষ্ট

বিশেষ গুণ স্পর্শ। বায়ু যতক্ষণ থাকে, ততক্ষণ তাহার স্পর্শ গুণও থাকে। শব্দ সেরূপ নহে। বায়ু থাকিলেও শব্দ নষ্ট হইতে পারে। বায়ুর বিশেষ গুণ স্পর্শের সহিত উহার এইরূপ বৈলক্ষণ্য থাকায় শব্দ বায়ুর বিশেষ গুণ নহে।

কাল—যে দ্রব্যদ্বারা জ্যেষ্ঠত্ব কনিষ্ঠত্ব-ব্যবহার নির্ব্বাহিত হয়, তাহার নাম কাল। পূর্ব্ববর্ত্তিকালে জাত ব্যক্তি জ্যেষ্ঠ এবং পরবর্ত্তিকালে জাত ব্যক্তি কনিষ্ঠ।

দিক্—দূরত্ব ও অন্তিকত্ব বা নৈকট্য ব্যবহারের এবং পূর্ব্ব-পশ্চিমাদি ব্যবহারের কারণ দ্রব্যবিশেষের নাম দিক্।

আকাশ, কাল ও দিক্ প্রত্যক্ষ নহে। কার্য্যের দ্বারা অনুমেয়। উহারা প্রত্যেকে এক, অনেক নহে। এক হইলেও উপাধি ভেদে ভিন্ন ভিন্ন। ঘটাকাশ, পটাকাশ প্রভৃতি আকাশের ঔপাধিক ভেদ। ক্ষণ, দিন ও মাসাদি ভেদে কালও অনেক প্রকার। ক্রিয়ারূপ উপাধিভেদে উহার ঐরূপ ভেদ প্রতীত হয়। বস্তুতঃ কাল এক। এইরূপ দিক্‌ও এক, উপাধিভেদে উহা পূর্ব্বপশ্চিমাদি ভিন্ন ভিন্ন নামে ব্যবহৃত হয়।

আত্মা—জ্ঞানের আশ্রয় দ্রব্য আত্মা। আত্মা দুইপ্রকার পরমাত্মা বা ঈশ্বর ও জীবাত্মা। ঈশ্বরকে অনুমান দ্বারা জানা যায়।

"দ্যাবাভূমী জনয়ন্ দেব এক আস্তে বিশ্বস্য কর্ত্তা ভুবনস্য গোপ্তা"

(শ্রুতি)

এক জন দেবতা আছেন, যিনি এই বিশ্বের সৃষ্টি করিয়া রক্ষা করিতেছেন। তিনিই ঈশ্বর। এখন জীবাত্মার কথা বলা যাইতেছে।

জীবাত্মা—"আমি জানিতেছি" "আমি শুনিতেছি" ইত্যাদি মানস প্রত্যক্ষসিদ্ধ। কোন একটী বিশেষ গুণের সহকারে জীবাত্মার মানস প্রত্যক্ষ হয়। জীবাত্মা এক নহে, প্রতি শরীরেই ভিন্ন ভিন্ন। বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, সংখ্যা, পরিমাণ, পৃথকত্ব, সংযোগ, বিভাগ, ভাবনাখ্যসংস্কার, ধর্ম্ম ও অধর্ম্ম জীবাত্মার এই চতুর্দ্দশটী গুণ।

যাহা দ্বারা জীবাত্মা এবং তন্নিষ্ঠ সুখদুঃখাদির অনুভব হয় তাহার নাম মন। জীবাত্মাও স্বীয় সুখদুঃখাদি মনের দ্বারা প্রত্যক্ষ করিয়া থাকেন। এ কারণ যেমন চক্ষুরাদি বহি-রিন্দ্রিয়কে বহিঃকরণ বলা হয়, তদ্রূপ মনঃকেও অন্তঃকরণ বা অন্তরিন্দ্রিয় বলে।

রূপাদি বিষয়ের সহিত চক্ষুরাদি ইন্দ্রিয়ের সন্নিকর্ষ বা সম্বন্ধ হইলে তত্তদ্বিষয়ের উপলব্ধি হইয়া থাকে। কিন্তু একসময়ে রূপাদি পঞ্চবিষয়ের সহিত চক্ষুরাদি পঞ্চেন্দ্রিয়ের সন্নিকর্ষ হইলেও এক কালেই পঞ্চেন্দ্রিয়জনিত চাক্ষুষাদি পাঁচপ্রকার জ্ঞান হয় না। কেবল উহার কোন একটী জ্ঞান মাত্র হইয়া থাকে। বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সন্নিকর্ষই জ্ঞানের সাধন এবং পাঁচটী জ্ঞানই একদা হইবার কারণ রহিয়াছে, তখন কেন পাঁচটী জ্ঞান এককালে হয় না? ইহার উত্তরে বলিতে হইবে যে, বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সন্নিকর্ষ ব্যতীত আর কোন সহকারি কারণও আছে, যাহার সন্নিধি হইলে জ্ঞান উৎপন্ন হয়, সন্নিধিই সেই সেই জ্ঞান উৎপন্নের কারণ; অর্থাৎ যে ইন্দ্রিয়ের সহিত অগ্রে মনঃ-সংযোগ হয়, সেই ইন্দ্রিয়জন্য জ্ঞানটীই প্রথমে জন্মিয়া থাকে। যে ইন্দ্রিয়ের সহিত মনঃসংযোগ হয় না বা পরে হয়, বিষয় সন্নিকর্ষ থাকিলেও সে ইন্দ্রিয় জন্য জ্ঞান যে তখন হয় না, ইহা সর্ব্ববাদিসম্মত স্বীকার্য্য বিষয়।

জ্ঞানের যৌগপদ্য এবং ক্রিয়ার যৌগপদ্য অর্থাৎ এককালে একাধিক জ্ঞান ও একাধিক ক্রিয়া হয় না বলিয়া যদি মনের স্বীকারে আবশ্যক হইল, তাহা হইলে মনকে অবশ্য অণুপরিমাণ অর্থাৎ পরম সূক্ষ্ম সূক্ষ্ম বলিয়া স্বীকার করিতে হইবে। কেননা মন বিভু অর্থাৎ মহৎ পরিমাণ হইলে এককালে তাহার একাধিক ইন্দ্রিয়ের সহিত সংযোগ হইতে পারে। সুতরাং এককালে একাধিক জ্ঞান হইতে পারে। অতএব যে কারণে মনঃ স্বীকার করিতে হইতেছে। সেই কারণেই মনের অণুত্ব অর্থাৎ সূক্ষ্মত্বও স্বীকার্য্য। সুতরাং মনের মহৎপরিমাণত্ব স্বীকার করিবার উপায় নাই। দর্শনশাস্ত্রে ইহাই ধর্ম্মিগ্রাহক প্রমাণবিরোধ বা ধর্ম্মিগ্রাহক প্রমাণবাধ বলিয়া অভিহিত হয়।

যাহার ধর্ম্ম আছে, তাহা ধর্ম্মী, মনের ধর্ম্ম অণুত্ব, সুতরাং মন ধর্ম্মী। যে প্রমাণবলে মনের অস্তিত্ব স্বীকার করা হয়, তাহার নাম ধর্ম্মিগ্রাহক প্রমাণ। যে প্রমাণবলে মন সিদ্ধ হইয়াছে, সেই প্রমাণের বলেই মনের অণুত্বও সিদ্ধ হইয়াছে। অতএব মনের মহত্ত্ব কল্পনা হইতে পারে না। মনের মহত্ত্ব কল্পনা করিতে গেলেই ধর্ম্মিগ্রাহক প্রমাণের হিত বিরোধ ঘটে।

ইহাতে আপত্তি হইতে পারে যে, নর্ত্তকী নৃত্য করিবার সময় দর্শকদিগের দর্শন, গেয়পদের স্মরণ, বাদ্যশব্দের শ্রবণ, বস্ত্রাঞ্চলের স্পর্শন এবং পাদন্যাস, হস্তচালন, শিরশ্চালন প্রভৃতি কার্য্য এককালে করিয়া থাকে। অতএব মন অণুপরিমাণ হইলে এককালে তাহার একাধিক ইন্দ্রিয়ের সংযোগ কিছুতেই হইতে পারিত না। সুতরাং মনের অণুত্ব স্বীকার করিলে এক-কালে একাধিক জ্ঞান বা ক্রিয়া কখন হইতে পারে না।

এই আপত্তির খণ্ডনে বক্তব্য এই যে, মনঃ অতি শীঘ্র শীঘ্র সঞ্চরণশীল। সাতিশয় দ্রুত ভাবে একাধিক ইন্দ্রিয়ের সহিত মনের সংযোগ হয় বলিয়া যৌগপদ্য ভ্রম হয়, অর্থাৎ এককালে একাধিক জ্ঞান ও একাধিক ক্রিয়া হইতেছে বলিয়া ভ্রম হয়।

বস্তুতঃ জ্ঞান ও ক্রিয়া পরম্পরা ক্রমশঃ হইয়া থাকে, এককালে হয় না। সুতরাং এক ইন্দ্রিয়ের সহিত সংযুক্ত হইয়া পরক্ষণেই আর এক ইন্দ্রিয়ের সহিত তৎপরক্ষণেই আবার অপর ইন্দ্রিয়ের সহিত সংযুক্ত হয়। কিন্তু মনের সংযোগক্রম এবং তজ্জন্য জ্ঞানক্রম এত দুর্লক্ষ্য যে তাহা বোধগম্যই হয় না। এইজন্য এককালে একাধিক জ্ঞান হইতেছে বলিয়া বিবেচনা হয়। এ বিবেচনা ভ্রমাত্মক। শীঘ্র শীঘ্র জ্ঞান হয় বলিয়া ক্রমিক জ্ঞানের যৌগপদ্য ভ্রম অন্যত্রও হইয়া থাকে। একটী উদাহরণ দ্বারা ইহার যথার্থ উপলব্ধি হইবে। বক্তার বাক্য সরল হইলে ঐ বাক্যটী শুনিবামাত্রই যে তাহার অর্থবোধ হয়, ইহা সকলেই বিবেচনা করিয়া থাকেন। বস্তুতঃ কিন্তু তাহা হয় না, কারণ বাক্য শুনিবার সময় প্রথমে এক একটী বর্ণের, তৎপরে ঐ বর্ণঘটিত পদের, তাহার পর সেই সকল পদঘটিত বাক্যের জ্ঞান হয়। এইরূপে বাক্যজ্ঞান হইলে পরে বাক্যঘটক পদাবলীর সঙ্কেত স্মরণ হয়। সঙ্কেত স্মরণ হইয়া পদাবলীর অর্থজ্ঞান হয়। অভ্যস্ত বিষয় হইলেই শ্রবণমাত্র তৎক্ষণাৎ অর্থবোধ হয়, কিন্তু যে বিষয়টী অভ্যস্ত নয়, তাহার অর্থবোধ সহজে হয় না।

উৎপলশতপত্রভেদ ও অলাতচক্রদর্শন ইহার উত্তম দৃষ্টান্ত। কতগুলি পদ্মপত্র উপর্য্যুপরি ভাবে রাখিয়া তাহা সূচী দ্বারা বিদ্ধ করিলে আপাততঃ বোধ হয় যেন সমস্ত পত্রগুলিই একেবারে বিদ্ধ হইয়াছে, কিন্তু তাহা হয় না, প্রথমে সর্ব্বোপরিস্থিত পত্রটী, তৎপরে ক্রমে তত্তন্নিম্নস্থিত, পত্রগুলি বিদ্ধ হইয়া থাকে। কিন্তু বেধক্রিয়া শীঘ্র শীঘ্র সম্পন্ন হয় বলিয়া ক্রমলক্ষ্য বোধ করা যায় না, এইজন্য বেধক্রিয়ার যৌগপদ্য ভ্রম হয়।

একটী অলাতপত্র অর্থাৎ জ্বলন্ত অঙ্গার গোলাকারে অতি দ্রুতভাবে ভ্রমণ করাইলে উহা চক্রাকার অগ্নিরেখা বা অগ্নির চক্রের ন্যায় দৃষ্ট হয়। যদিও উহা অলাতের পরিভ্রমণক্রমব্যাপার বিশেষ বই অন্য কিছুই নয়; তথাপি অলাতপত্র ভ্রামণের বেগাতিশয্য নিবন্ধন উহা আমাদের নয়নের সম্মুখে অগ্নিচক্র বলিয়া প্রতিভাত হয়।

কণাদসূত্রের তৃতীয় অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে এইরূপ মনোপরীক্ষার অবতারণা করা হইয়াছে। উপস্কারকার শঙ্করমিশ্র এই আহ্নিকের ব্যাখ্যা উদাহরণাদি সহ অতীব প্রাঞ্জল করিয়াছেন। তিনি দীর্ঘশষ্কুলী (লম্বাকারের পিষ্টক) ভক্ষণের উদাহরণের উল্লেখ করিয়া বলিয়াছেন, এই স্থলে যদিও রূপ

ইন্দ্রিয়জ্ঞানের প্রতীতি হয়। দর্শনশাস্ত্রে এই ব্যাপার যে পন্থাভিমান নামে অভিহিত হইয়া থাকে। ভগবান্ সূত্রকা এই আহ্নিকের তৃতীয় সূত্রে বলেন,—

"প্রযত্নযৌগপদ্যাজ্জ্ঞানাযৌগপদ্যাচ্চৈকম্"

প্রতিদেহে একটী মাত্র মন ভিন্ন বহু মন নাই। শঙ্করমি ইহার ব্যাখ্যায় একটী উদাহরণ দ্বারা বুঝাইয়াছেন,—

"যত্তু নর্ত্তকীকরচরণাঙ্গুলীষু যুগপৎকর্ম্মদর্শনাদ্যুগপদেব ব প্রযত্না উৎপদ্যন্তে ইতি মতং তদযুক্তং মনসঃ শীঘ্রসঞ্চারাদেব তদ্ব পত্তেঃ অবিনশ্যদবস্থযৌগাত্মবিশেষগুণানাং যৌগপদ্যানভ্যুপগমাৎ

এইরূপে যুক্তির দ্বারা সপ্রমাণ করা হইয়াছে যে, এ শরীরে একাধিক মন নাই। অন্যথা কল্পনা গৌরবদোষগ্র হয়। এইরূপ যৌগপদ্য ভ্রান্তির উৎকৃষ্ট উদাহরণ আধুনি বায়স্কোপ। পাঠকগণ শঙ্করমিশ্রের উপস্কারে এবং ভাষাপ রিচ্ছেদ নামক গ্রন্থে বৈশেষিকোক্ত এই নয়টী দ্রব্যের সবিশেষ বি রণ সহজেই দেখিতে পাইবেন।

দ্রব্য-বিচারের পরেই গুণসম্বন্ধে আলোচিত হইয়াছে কিন্তু সৃষ্টি ও প্রলয় প্রণালীর কিঞ্চিৎ আভাস বিবৃত না করি দ্রব্যতত্ত্বের বিবৃতি অসম্পূর্ণ থাকিয়া যায়, এই নিমিত্ত এস্থ বৈশেষিক সিদ্ধান্তিত সৃষ্টি ও প্রলয়ের কিঞ্চিৎ সংক্ষিপ্ত প্রণা প্রকাশ করা যাইতেছে।

এই দর্শনের মতে চতুর্ব্বিধ পরমাণু ও আকাশাদি পঞ্চদ্র নিত্য। তদ্ভিন্ন দ্ব্যণুক অবধি মহাভূত চতুষ্টয় অর্থাৎ ক্ষিতি, জ তেজঃ ও বায়ু অনিত্য। অনিত্য দ্রব্য সকলের সৃষ্টি ও সংহার প্রলয়ের ক্রম প্রদর্শিত হইতেছে। ব্রহ্মার দেহবিসর্জ্জনকা সমাগত হইলে সকল ভুবনের অধিপতি মহেশ্বরের সঞ্জিহী অর্থাৎ সংহারেচ্ছা প্রাদুর্ভূত হয়। তৎপরে সমস্ত জীবাত্মা অদৃষ্ট সকলের বৃত্তিনিরোধ হেতু অদৃষ্ট দ্বারা সৃষ্টি ও স্থি নিমিত্ত অদৃষ্টের কার্য্য প্রতিবদ্ধ হয়। প্রাণিগণের ভোগে জন্য জগতের সৃষ্টি ও স্থিতি। ভোগপ্রযোজক বা ভোগহে অদৃষ্ট, প্রলয়প্রযোজক অদৃষ্ট দ্বারা প্রতিবদ্ধ হইলে ভোগ প্রযোজক অদৃষ্ট আর ভোগ সম্পাদন করিতে পারে না। সে সময়ের প্রলয় নিবন্ধন অদৃষ্টযুক্ত প্রাণিবর্গের সংযোগে শরী ও ইন্দ্রিয়ের আরম্ভক পরমাণু সকলে কর্ম্মের উৎপত্তি হয় ঐ কর্ম্মবশতঃ আরম্ভক সংযোগ নিবৃত্তি হইয়া যায়। তখ দেহ ও ইন্দ্রিয় বিনষ্ট হইয়া তদারম্ভক পরমাণুমাত্র অবশি থাকে। এইরূপ পৃথিব্যারম্ভক পরমাণুতে কর্ম্ম হইয়া আরম্ভ

অবস্থান করে এবং ধর্ম্ম, অধর্ম্ম ও ভাবনাখ্য সংস্কারযুক্ত আত্মা সকল ও আকাশাদি নিত্য পদার্থগুলি মাত্র অবস্থিত থাকে।

প্রলয়কালের অবসানে প্রাণিদিগের ভোগের জন্য মহেশ্বরের সৃষ্টি করিবার ইচ্ছা হয়। তখন প্রলয়হেতু অদৃষ্টের কার্য্য হইয়াছে বলিয়া উহা আর ভোগপ্রযোজক অদৃষ্টের বৃত্তি নিরোধ করিতে পারে না। সুতরাং ফলোন্মুখ হয়। সেই অদৃষ্টযুক্ত আত্মার সংযোগে প্রথমতঃ বায়বীয় পরমাণুতে কর্ম্মের উৎপত্তি, এবং ঐ সকল পরমাণুর সংযোগে দ্ব্যণুকাদি ক্রমে মহান্ বায়ুর উৎপত্তি এবং তাহা অনবরত কম্পমান হইয়া আকাশে অবস্থিত হয়। তির্য্যক্‌গমন বায়ুর স্বভাব। এসময়ে অপর কোনও দ্রব্যের উৎপত্তি হয় নাই যাহা দ্বারা বায়ুর বেগ প্রতিহত হইতে পারে। সুতরাং বায়ু নিয়ত কম্পমান অবস্থায় রহিল। বায়ু সৃষ্টির পরে ঐরূপে জলীয় পরমাণুতে কর্ম্মের উৎপত্তি হইয়া উহাও দ্ব্যণুকাদি ক্রমে মহান্ সলিলরাশি হইল এবং বায়ুবেগে কম্পমান হইয়া বায়ুতে রহিল। তৎপরে ঐরূপ ক্রমে পার্থিব পরমাণু সংযোগে নিবিড়াবয়ব মহা পৃথিবী হইল এবং তাহাও ঐ জলরাশিতে থাকিল। ঐরূপে দীপ্যমান মহান্ তেজোরাশি সমুৎপন্ন হইয়া ঐ জলরাশিতেই অবস্থিত হইল। পরে মহেশ্বরের সঙ্কল্পমাত্রে ব্রহ্মাণ্ড এবং ব্রহ্মারও সৃষ্টি হইল।

প্রাণিগণ যেরূপ সমস্ত দিন পরিশ্রম করিয়া রাত্রিতে বিশ্রাম লাভ করে, সেইরূপ জগতের স্থিতিকালে পুনঃ পুনঃ দুঃখাদি ভোগে পরিক্লিষ্ট প্রাণিদিগের কিয়ৎকাল বিশ্রামের জন্য মহেশ্বরের অভিপ্রায়ে প্রলয়ের আবির্ভাব হইয়া থাকে। এইজন্য পুরাণাদিতে সৃষ্টি ও প্রলয় রাত্রি ও দিনরূপে কীর্ত্তিত হইয়াছে। দেখিতে পাই যে ঘটাদি পার্থিব বস্তু চূর্ণীকৃত হয়, পর্ব্বত সকলও পার্থিব, অতএব তাহারাও এক সময়ে চূর্ণীকৃত হইবে। জলাশয় সকল শুষ্ক হয়, সমুদ্রও জলাশয়বিশেষ। অতএব সমুদ্রও এক সময়ে শুষ্ক হইবে। প্রদীপ তৈজস, উহা নিবিয়া যায়, সূর্য্যও তৈজস, অতএব সূর্য্যও এক সময়ে নিবিয়া যাইবে। এইরূপে প্রলয়ের সাধক বহুপ্রকার অনুমান প্রদর্শিত হইয়াছে।

জাগতিক বস্তু মাত্রই ক্ষিতি, অপ্, তেজ ও বায়ু এই ভূত চতুষ্টয়ের কার্য্য। আকাশ কোন দ্রব্যের আরম্ভক নহে। কিন্তু আকাশ বিভু বা সর্ব্বগত। জাগতিক কোন পদার্থই আকাশসম্পর্কবর্জ্জিত নহে। সুতরাং জাগতিক পদার্থ নির্ব্বাচন করিবার সময় আকাশ ছাড়া যাইতে পারে না। আরও বলা যাইতে পারে যে, কণাদাদির মতে আকাশ শব্দের আশ্রয়। আকাশ ভিন্ন শব্দ হইতে পারে না, সুতরাং জগতে আকাশের উপযোগিতা নিঃসন্দেহ।

কণাদ কাল ও দিক্ পদার্থ মানিয়াছেন, তাহা কেন মানিতে হইবে? তাহারও কারণ প্রদর্শন করিয়াছেন। কিন্তু কাল ও দিক্ পদার্থ প্রকৃত পক্ষে পঞ্চভূতের অতিরিক্ত বলিয়া কণাদের অভিপ্রেত কি না সে বিষয়ে সন্দেহ করিবার যথেষ্ট কারণ আছে। কণাদ প্রথমে পৃথিবী, অপ্, তেজঃ ও বায়ুর লক্ষণ নির্দ্দেশ ও অপ্রত্যক্ষ বায়ু পদার্থের সাধন এবং তাহার নানাত্ব সংস্থাপনপূর্ব্বক শব্দ ও গুণের অধিকরণরূপে আকাশের সাধন বা অনুমান করিয়াছেন। এবং আকাশ এক, নানা নহে, ইহাও প্রতিপাদন করিয়াছেন। বায়ুর লক্ষণ স্পর্শ বিশেষ, বায়ুসাধন প্রসঙ্গেই পরীক্ষিত হইয়াছে। অতঃপর পৃথিবী, অপ্, ও তেজের লক্ষণ গন্ধাদির দ্বারা পরীক্ষা করিয়া কাল ও তাহার একত্ব এবং দিক্ ও তাহার একত্ব সংস্থাপন পূর্ব্বক এক পদার্থেরও কার্য্যভেদে ঔপাধিক ভেদ হইয়া থাকে, ইহা বলিয়া দিক্ পদার্থ এক হইলেও উপাধিভেদে পূর্ব্ব দক্ষিণাদি ব্যবহার ভেদ সমর্থন করিয়া আকাশের বিশেষ গুণ শব্দের পরীক্ষা করিয়াছেন। তৎপরে আত্মা ও মনের পরীক্ষা করা হইয়াছে। এখন বিবেচ্য এই যে দিক্ পদার্থের ন্যায় কাল পদার্থেরও ভূত,ভবিষ্যৎ এবং বর্ত্তমানাদিভেদে ঔপাধিকনানাত্বের ব্যবহার প্রচুর পরিমাণে আছে। সূত্রকারও ভূত ভবিষ্যতাদির ব্যবহার করিয়াছেন। আকাশেরও ঘটাকাশ মঠাকাশ ইত্যাদি রূপে ঔপাধিক ভেদের অভাব নাই। এরূপ অবস্থায় কণাদ কেবল দিক্ পদার্থেরই ঔপাধিকভেদ কেন প্রদর্শন করিলেন? কাল ও আকাশের ঔপাধিক ভেদ কেন প্রদর্শন করিলেন না? এই প্রশ্ন যে স্বতঃই উপস্থিত হয়; কেবল তাহাই নহে, কাল ও আকাশের ঔপাধিকভেদ প্রদর্শন না করাতে সূত্রকারের ন্যূনতাও অপরিহার্য্য হইয়া উঠে। কিন্তু একটু বিশেষরূপে প্রণিধান করিলে এতদ্দ্বারা বুঝা যাইতে পারে যে সূত্রকারের অভিপ্রায় স্বতন্ত্র। কণাদের মতে আকাশ, কাল ও দিক্ এক পদার্থ। কার্য্যভেদে নামভেদ মাত্র। যেমন একই ব্যক্তি প্রতিযোগিভেদে পিতা, পুত্র, ভ্রাতা, বন্ধু, আচার্য্য প্রভৃতি নানা আখ্যায় আখ্যাত হয়, সেইরূপ একই পদার্থ কার্য্যভেদে আকাশ, কাল ও দিক্ নামে অভিহিত হয়। প্রকৃত পক্ষে কাল ও দিক্ আকাশ হইতে স্বতন্ত্র পদার্থ নহে।

কণাদ আকাশের অনুমান করিয়া পৃথিব্যাদির লক্ষণের বা বিশেষ বিশেষ গুণের পরীক্ষা করিয়া "তত্রাকাশে ন বিদ্যন্তে" এই সূত্র দ্বারা দেখাইয়াছেন যে, উহারা আকাশগত নহে। পৃথিব্যাদির লক্ষণ আকাশে নাই অর্থাৎ আকাশ পৃথিব্যাদির অন্তর্গত হইতে পারে না। উহা পৃথিব্যাদি হইতে সম্পূর্ণ স্বতন্ত্র পদার্থ, পরে আকাশের প্রকারভেদ স্বরূপ কাল ও দিক্ পদার্থ এবং তাহাদের একত্ব নিরূপণ করিয়া আকাশ-নিরূপণের পূর্ণতা

সম্পাদন পূর্ব্বক কার্য্যভেদে এক পদার্থের নানাত্ব অঙ্গীকার করিয়া উদাহরণ স্বরূপ দিক্‌পদার্থের কার্য্যভেদে নানাত্ব দেখাইয়াছেন। এইরূপে তিনি আকাশ-পদার্থের বক্তব্য বিষয় শেষ করিয়া আকাশের বিশেষ গুণ শব্দের পরীক্ষা করিয়াছেন। কেন না ধর্ম্মিনিরূপণের পরই ধর্ম্মনিরূপণ সর্ব্বথা সমীচীন। সূত্রকারের এইরূপ অভিপ্রায় না হইলে পঞ্চভূত নিরূপণের পর পৃথিব্যাদি ভূত চতুষ্টয়ের গুণের পরীক্ষা এবং তৎপরে কাল ও দিক্ নিরূপণ করিয়া আকাশগুণ শব্দের পরীক্ষা করা অসম্বদ্ধ এবং অসঙ্গত হইয়া পড়ে। অর্থাৎ পঞ্চভূতের গুণ পরীক্ষার মধ্যে কাল ও দিক্ পদার্থের নিরূপণ কোন মতেই সঙ্গত হইতে পারে না।

সূত্রকার এরূপ অভিপ্রায় প্রকাশ না করিলে প্রকারান্তরে সূত্রকারের অসম্বদ্ধ উক্তি স্বীকার করিতে হয়। তাহা কতদূর সঙ্গত বিচার করিয়া দেখিলেই বুঝিতে পারা যায়। কাল ও দিক্ যে বাস্তরিক আকাশ হইতে অতিরিক্ত নহে, সূত্রকারের এইরূপ অভিপ্রায় বর্ণনা করিবার আরও বিশিষ্ট হেতু আছে। তাহা এই,—শব্দের অধিকরণ বা আশ্রয় রূপে আকাশের যে অনুমান করা হইয়াছে, তাহার প্রণালীও প্রদর্শিত হইয়াছে, যথা—

"কারণগুণপূর্ব্বকঃ কার্য্যগুণো দৃষ্টঃ।"

"কার্য্যান্তরাপ্রাদুর্ভাবাচ্চ শব্দঃ স্পর্শবতামগুণঃ॥"

এই দুইটী সূত্রের দ্বারা পৃথিবী, অপ্, তেজঃ ও বায়ুর গুণ হইতে পারে না, ইহা সমর্থন করা হইয়াছে। কেন না কার্য্যভূত পৃথিব্যাদির গুণ তাহার কারণ পূর্ব্বক হইয়া থাকে, ইহা দেখা গিয়াছে। বীণা, বেণু ও মৃদঙ্গাদির শব্দ কারণগুণপূর্ব্বক নহে। কেন না, বাণাদির কারণের শব্দ ও বীণাদির শব্দ একরূপ হয় না। বীণাদির শব্দ কারণগুণপূর্ব্বক হইলে রূপাদির ন্যায় ভাল-মন্দ ভাবও তাহাতে হইতে পারে না।

উক্ত দুই সূত্র দ্বারা শব্দ পৃথিব্যাদির গুণ নহে, ইহা স্থির করিয়া "পরত্র সমবায়াৎ প্রত্যক্ষত্বাচ্চ নাত্মগুণো ন মনোগুণঃ।"

এই সূত্র দ্বারা শব্দ আত্মা বা মনের গুণ নহে, ইহা সমর্থন করা হইয়াছে। কেন না আত্মার গুণ জ্ঞানসুখাদি, আত্ম-সমবেত; কিন্তু শব্দ আত্মসমবেত নহে। সুতরাং শব্দে আত্মার গুণ হইতে পারে না। শব্দ আত্মসমবেত হইলে 'অহং জানামি' 'অহং সুখী' আমি জানিতেছি আমি সুখী ইত্যাদির ন্যায় 'অহং শব্দবান্' আমিশব্দযুক্ত, আমাতে শব্দ হইতেছে, এইরূপ প্রতীতি হইত, কিন্তু তাহা হয় না। অতএব শব্দ আত্মার গুণ নহে। শব্দ মনেরও গুণ নহে। কারণ শব্দের প্রত্যক্ষ হয়। মনের গুণ হইলে প্রত্যক্ষ হইতে পারে না। কারণ মন অণু।

এই সূত্রত্রয়ের দ্বারা শব্দ পৃথিবী, অপ্, তেজঃ, বায়ু, আত্মা, ও মনের গুণ নহে, ইহা প্রতিপন্ন করিয়াই সূত্রকার বলিয়াছেন যে "পরিশেষালিঙ্গমাকাশস্য"

অর্থাৎ শব্দ যখন পৃথিবী, অপ্, তেজঃ, বায়ু, আত্মা ও মনের গুণ হইতে পারিতেছে না, তখন পরিশেষপ্রযুক্ত উহা আকাশেরই গুণ হইতেছে। এতদ্দ্বারা বিলক্ষণ বুঝা যাইতেছে যে, কাল ও দিক্ আকাশ হইতে অতিরিক্ত নহে। তাহা হইলে শব্দ কেন কাল ও দিকের গুণ হইতে পারে না, তাহা বুঝাইয়া দেওয়া সূত্রকারের অবশ্য কর্ত্তব্য ছিল। তাহা না করিয়া "পরিশেষালিঙ্গমাকাশস্য" এই কথা বলা নিতান্তই অসঙ্গত এবং অসম্বদ্ধ হইয়া পড়ে।

কাল ও দিক্ আকাশের অতিরিক্ত নহে, ইহা কল্পনা মাত্র বিবেচনা করিয়া উপেক্ষা করা সঙ্গত হইবে না। কারণ সাংখ্যাচার্য্যদিগের মতেও দিক্ আকাশের অতিরিক্ত নহে।

"দিক্‌কালাবাকাশাদিভ্যঃ" এই সাংখ্যসূত্রই তাহার উৎকৃষ্ট প্রমাণ। দিক্ ও কাল আকাশ হইতে উৎপত্তি হইয়াছে। কোন নৈয়ায়িক আরও অগ্রসর হইয়া বলিয়াছেন যে, আকাশও ঈশ্বর হইতে অতিরিক্ত নহে।

গুণ।

যে পদার্থে গুণত্ব জাতি আছে, তাহার নাম গুণ। সংযোগ ও বিভাগ এতদুভয়ে সমবেত সত্তা ভিন্ন জাতির নাম গুণত্ব। সংযোগত্ব ও বিভাগত্ব যথাক্রমে সংযোগ ও বিভাগ এই উভয়ে সমবেত নহে। সত্তা জাতি সংযোগ বিভাগ উভয়ে সমবেত হইলেও সত্তাভিন্ন নহে। এই জন্য উহাদিগকে গুণত্ব বলা যায় না।

গুণ চতুর্বিংশতি প্রকার—রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ, সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম্ম ও অধর্ম্ম।

এই ২৪ টীর পৃথক্ পৃথক্ লক্ষণ নির্দ্দেশ করা যাইতেছে। রূপ শুক্ল, নীল পীতাদি ভেদে অনেক প্রকার, পৃথিবীতে নানা প্রকার রূপ আছে, জলে ও তেজে কিন্তু কেবল শুক্ল রূপ। জলের রূপ অভাস্বর বা পরপ্রকাশে অসমর্থ। তেজের রূপ ভাস্বর বা পরপ্রকাশক। যমুনা-জলের নীলতা, বহ্নির লৌহিত্য আশ্রয়োপাধিক। যমুনা জল নীলবর্ণ দেখায় বটে, কিন্তু ঐ জল ঊর্দ্ধে বিক্ষিপ্ত হইলেই তাহার শুক্লতা স্পষ্টই জানা যায়। রস মধুর, অম্ল, তিক্তাদিভেদে নানা প্রকার। পৃথিবীতে অনেক রকম রস আছে, জলে কেবল মধুর রস, নেবুর রসাদির অম্লতা, ও নিম্বরসাদির তিক্ততা আশ্রয়োপাধিক। গন্ধ সুরভি ও অসুরভি ভেদে দুই প্রকার। গন্ধ কেবল পৃথিবীর ধর্ম্ম। স্পর্শ তিন

প্রকার, উষ্ণ, শীত ও অনুষ্ণাশীত। তেজঃ পদার্থের স্বাভাবিক স্পর্শ উষ্ণ, জলের স্বাভাবিক স্পর্শ শীতল, বায়ুর স্বাভাবিক স্পর্শ অনুষ্ণাশীত। চন্দ্র সূর্য্যতেজে তেজস্বী, চন্দ্রমণ্ডল জলবহুল, সুতরাং জলের শীত স্পর্শ দ্বারা তেজঃস্পর্শের উষ্ণতা অভিভূত হয় বলিয়া চন্দ্ররশ্মির উষ্ণতা অনুভব হয় না। অগ্নি ও সূর্য্য-কিরণ সম্পর্কে জলস্পর্শের উষ্ণতা এবং ঐ রূপে বায়ু স্পর্শের উষ্ণতা ও হিমানীসম্পর্কে শীতলতা অনুভূত হইলেও বায়ুর স্বাভাবিক স্পর্শ অনুষ্ণাশীত। পৃথিবীর স্পর্শ কঠিন ও সুকুমার ভেদে দ্বিবিধ। কঠিন বা দৃঢ় বস্তুর স্পর্শের নাম কঠিনস্পর্শ। কোমল বস্তুর স্পর্শের নাম সুকুমার স্পর্শ। এতদ্ভিন্ন পাকজ স্পর্শও পৃথিবীর আছে। অগ্নিপক্ক হইবার পূর্ব্বে ঘটশরাবাদির যেমন স্পর্শ থাকে, অগ্নিপক্ক হইবার পরে তদ্রূপ স্পর্শ থাকে না, তখন উহাদের অন্যরূপ স্পর্শ হয়। ইহারই নাম পাকজ স্পর্শ।

শব্দ দুই প্রকার, ধ্বনি ও বর্ণ। মৃদঙ্গাদির শব্দের নাম ধ্বনি। কণ্ঠ ও তালু প্রভৃতি প্রদেশে আভ্যন্তরীণ বায়ুর অভিঘাতে যে শব্দ হয়, তাহার নাম বর্ণ। একত্ব হইতে পরার্দ্ধ পর্য্যন্ত সংখ্যা প্রকার তন্মধ্যে দ্বিত্বাদি সংখ্যা অপেক্ষাবুদ্ধি জন্য; অপেক্ষাবুদ্ধির নাশ হইলেই দ্বিত্বাদির বিনাশ হয়। অনেক একত্ববিষয়ক বুদ্ধির নাম অপেক্ষাবুদ্ধি। পরিমাণ চারি প্রকার, অণু, মহৎ, হ্রস্ব ও দীর্ঘ। শঙ্করমিশ্রের মতে প্রত্যেক বস্তুতে দ্বিবিধ পরিমাণ আছে। যাহাতে অণুত্ব পরিমাণ আছে, তাহাতে হ্রস্বত্ব পরিমাণও আছে। এইরূপ মহত্ত্ব ও দীর্ঘত্ব সমদেশবর্ত্তী। পরমাণু ও মনঃ পদার্থে পরম অণুত্ব অর্থাৎ অণু পরিমাণের চরম উৎকর্ষ এবং আকাশ, কাল, দিক্ ও আত্মাতে চরমোৎকর্ষ বা পরমমহত্ত্ব আছে। যে গুণ অনুসারে ঘট হইতে পট পৃথক্, পৃথিবী হইতে জল পৃথক্ ইত্যাদি প্রতীতি হয়, তাহার নাম পৃথক্ত্ব। একাধিক যে সকল বস্তু পরস্পর (স্থায়ি-সম্বন্ধ শূন্য হইয়াও) মিলিত ভাবে থাকে, তাহাদের সম্বন্ধের নাম সংযোগ। কার্য্য ও কারণ কখনও সম্বন্ধশূন্য হইয়া থাকে না, এই জন্য তাহাদের সম্বন্ধ সংযোগ নহে, উহা সমবায়। সংযোগ তিন প্রকার, অন্যতর কর্ম্মজন্য, উভয় কর্ম্মজন্য ও সংযোগজন্য। যে দুই বস্তুর সংযোগ হয়, তাহাদের মধ্যে মাত্র একটীর ক্রিয়া জন্য যে সংযোগ তাহাই অন্যতর কর্ম্মজন্য। যেমন পর্ব্বতে কোন পক্ষী বসিলে পর্ব্বত ও পক্ষীর যে সংযোগ হয়, তাহা কেবল পক্ষীর ক্রিয়াজন্য। যুদ্ধ কালে মল্লদ্বয় বা মেষদ্বয়ের যে সংযোগ হয়, তাহা উভয় ক্রিয়াজন্য। হস্তস্থিত কুঠারের সহিত বৃক্ষের সংযোগ, হইলে তাহাতে বৃক্ষ এবং হস্তেরও যে পরস্পর সংযোগ হয়, তদ্বিষয়ে সন্দেহ নাই। এই হস্তবৃক্ষসংযোগ কুঠারবৃক্ষ সংযোগজন্য।

সংযোগের প্রতিদ্বন্দ্বী বা প্রতিপক্ষ অর্থাৎ যে গুণ উৎপন্ন হইলে সংযোগ বিনষ্ট হয়, তাহার নাম বিভাগ। বিভাগও সংযোগের ন্যায় তিন প্রকার। পর্ব্বত হইতে পক্ষীর বিভাগ, পক্ষীর কর্ম্মজন্য। মল্লদ্বয় ও মেষদ্বয়ের বিভাগ উভয় কর্ম্মজন্য। বৃক্ষ হইতে হস্তের বিভাগ বৃক্ষ হইতে কুঠারবিভাগজন্য। পরত্ব এবং অপরত্ব কালিক ও দৈশিক ভেদে দ্বিবিধ। কালিক পরত্ব ও অপরত্ব জ্যেষ্ঠত্ব ও কনিষ্ঠত্বরূপ। দূরত্ব ও অন্তিকত্বই দৈশিক পরত্ব ও অপরত্ব।

বুদ্ধি অর্থে জ্ঞান। জ্ঞান অনেক রূপে বিভক্ত, তন্মধ্যে প্রথমে নির্ব্বিকল্প ও সবিকল্প ভেদে দুই প্রকার। যে জ্ঞানে বিশেষ্য বিশেষণভাব জন্মে না, যাহাতে কেবল বস্তুর স্বরূপ মাত্র ভাসমান হয়, তাহা নির্ব্বিকল্প। নির্ব্বিকল্পক জ্ঞান অতীন্দ্রিয়, উহা প্রত্যক্ষ নহে, অনুমেয়। যে জ্ঞানে বিশেষ্যবিশেষণ ভাব ভাসমান, তাহার নাম সবিকল্পক। 'অয়ং ঘটঃ' এই ঘট এই প্রত্যক্ষ সবিকল্পক। কারণ এই জ্ঞানে ঘট বিশেষরূপে ও ঘটত্ব বিশেষণরূপে ভাসমান হইয়াছে। সবিকল্পক জ্ঞানের অপর নাম বিশিষ্ট জ্ঞান। বিকল্প শব্দের অর্থ বিশেষ্য-বিশেষণ-ভাব। কেন না, বিশেষরূপ কল্পনাই বিকল্প। এইটী বিশেষণ, এইটী বিশেষ্য, ইহা যে বিশেষরূপ কল্পনা তাহাতে সন্দেহ নাই।

নির্ব্বিকল্পক জ্ঞানে ঈদৃশ বিশেষরূপ কল্পনা নাই বলিয়াই উহা নির্ব্বিকল্পক, অর্থাৎ বিকল্পশূন্য। নির্ব্বিকল্পক জ্ঞানের অনুমান প্রণালী এইরূপ নির্দ্দিষ্ট হইয়াছে। বিশিষ্টজ্ঞান বিশেষণ জ্ঞান-জন্য। নীল না জানিলে নীলোৎপলের জ্ঞান হয় না, খড়্গ না জানিলে খড়্গীর জ্ঞান হইতে পারে না। সুতরাং ঘটত্ব জ্ঞান না হইলে ঘটত্ব বিশিষ্টের জ্ঞান হইতে পারে না। এই জন্য 'অয়ং ঘটঃ' এইরূপ বিশিষ্ট জ্ঞান হইবার পূর্ব্বে বিশেষণীভূত ঘটত্বের জ্ঞান হইয়াছে, ইহা অনুমেয়। যে নির্ব্বিকল্পক জ্ঞান ঘটত্বকে বিষয় করিয়াছে, সে জ্ঞান অবশ্য ঘটকেও বিষয় করিয়াছে। কেন না, ঘটত্ব ও ঘট উভয়েই বিষয় হইবার কারণ একরূপ। ঘটত্ব ও ঘট এই উভয়, জ্ঞানের বিষয় হইলেও তাহা স্বরূপেই বিষয় হইয়াছে। বিশেষ্য-বিশেষণ ভাবে নহে, এই জন্যই উহা নির্ব্বিকল্পক। পূর্ব্বে বিশেষণ জ্ঞান না হইলে বিশিষ্ট জ্ঞান বা বিশেষ্য বিশেষণ-ভাবে জ্ঞান হইতে পারে না। সুতরাং নির্ব্বিকল্পক জ্ঞান বিশেষ্য-বিশেষণ-ভাবে হইতে পারে না। এই জন্য নির্ব্বিকল্পকশব্দ দ্বারা জ্ঞানের আকার প্রকাশ করা যায় না। কারণ, শব্দের দ্বারা যাহা প্রকাশিত হইবে, তাহা অবশ্য বিশেষ্য-বিশেষণ- ভাবাপন্ন হইবে। নির্ব্বিকল্পক জ্ঞানের বিষয় বিশেষ্য-বিশেষণ-ভাবাপন্ন নহে।

অনুভূতি বা অনুভব এবং স্মৃতি বা স্মরণ-রূপেও জ্ঞান দুই

প্রকার। অনুভূতি দ্বিবিধ প্রত্যক্ষ ও লৈঙ্গিক বা অনুমিতি। প্রত্যক্ষ ছয় প্রকার, ঘ্রাণজ, রাসন, চাক্ষুষ, স্পার্শন, শ্রাবণ ও মানস। সংস্কারজন্য জ্ঞান বিশেষের নাম স্মৃতি বা স্মরণ। বিদ্যা বা প্রমা ও অবিদ্যা বা অপ্রমা ভেদেও জ্ঞান দ্বিবিধ। যে বস্তুটী বস্তুগত্যা যেরূপ, সেই বস্তুর ঠিক সেইরূপে জ্ঞানই বিদ্যা বা প্রমা। যে বস্তু যেরূপ, অন্য রূপে সেই বস্তুর জ্ঞান অবিদ্যা বা অপ্রমা। অবিদ্যা দুই প্রকার, সংশয় ও বিপর্য্যাস। একধর্ম্মীতে বিরুদ্ধ নানা ধর্ম্মের জ্ঞানের নাম সংশয়, যেমন দূর হইতে স্থাণু কি পুরুষ এইরূপ যে অনিশ্চয়াত্মক জ্ঞান হয়, তাহাই সংশয়। কেন না, এক স্থাণুরূপ ধর্ম্মীতে পরস্পর বিরুদ্ধ স্থাণুত্ব ও পুরুষত্ব-রূপ ধর্ম্মদ্বয়ের জ্ঞান হইয়াছে। নিশ্চয়াত্মক ভ্রমের নাম বিপর্য্যাস। যেমন দেহাদিতে আত্মবুদ্ধি, পিত্তদোষ-দুষ্ট-ব্যক্তির শঙ্খে পীতবর্ণ-বুদ্ধি, শুক্তিকাতে রজত-বুদ্ধি, মরীচিকাতে জলবুদ্ধি ইত্যাদি।

যে জ্ঞানের বিষয় বস্তুতঃ বিদ্যমান নাই, তাহাই মিথ্যাজ্ঞান বা অবিদ্যা। স্বপ্নজ্ঞান ও অবিদ্যা স্বপ্নকালেও জাগ্রদবস্থার ন্যায় বিষয় সকলের অনুভব হয়। পরন্তু তখন ইন্দ্রিয় সকলের কার্য্যকারিতা থাকে না। বিষয়েরও বিদ্যমানতা নাই। সুতরাং উহা মিথ্যাজ্ঞান বা অবিদ্যা। পূর্ব্বানুভব জন্য সংস্কার সহকারে স্বপ্নকালে বিষয়ের অনুভব হয়। কোন কোন আচার্য্যের মতে স্বপ্নজ্ঞান পূর্ব্বানুভূতের স্মরণমাত্র। স্বপ্নে স্বশিরশ্ছেদনও দেখা যায় বটে, কিন্তু তাহার কোন পদার্থই অননুভূত বলা যায় না। স্ব অর্থাৎ নিজেও অনুভূত শিরও অনুভূত, ছেদনও অনুভূত। দোষাধীন পরস্পর সম্বন্ধের প্রতিভাস হয় মাত্র। কোন কোন স্বপ্ন ধাতুবৈষম্য-জনিত। আকাশ-গমন, বসুন্ধরা-পর্য্যটন, ব্যাঘ্রাদির ভয় প্রভৃতি স্বপ্ন বাতদোষজন্য। অগ্নিপ্রবেশ, দিগ্‌দাহ, কনক-পর্ব্বত, বিদ্যুদ্-বিস্ফুরণ প্রভৃতি স্বপ্ন পিত্তদোষজন্য। সমুদ্র-সন্তরণ, নদী-মজ্জন, বৃষ্টিপাত ও রজতপর্ব্বতদর্শন প্রভৃতি শ্লেষ্মদোষজন্য। অর্থাৎ বাতপিত্তাদি ধাতুদোষে ঐ সকলের স্বপ্নানুভব হয়। তদ্ভিন্ন স্বপ্ন অদৃষ্ট জন্য। তন্মধ্যে ধর্ম্মজন্য স্বপ্ন শুভসূচক এবং অধর্ম্মজন্য স্বপ্ন অশুভসূচক।

সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ প্রভৃতির ব্যাখ্যা অনাবশ্যক। উহা সকলেরই অনুভবসিদ্ধ। যত্ন তিনপ্রকার প্রবৃত্তি, নিবৃত্তি ও জীবনযোনি। ইষ্টসাধনতা জ্ঞান, চিকীর্ষা অর্থাৎ ইহা আমার কর্ত্তব্য এইরূপ ইচ্ছা, কৃতিসাধ্যত্বজ্ঞান ও উপাদানপ্রত্যক্ষ, এইগুলি প্রবৃত্তির কারণ। ইষ্ট-সাধনতা-জ্ঞানের কারণতা পূর্ব্বেই হয় না। অসাধ্য বিষয়ে প্রবৃত্তি হওয়া অসম্ভব। এ সম হইলেও যে উপাদানে কার্য্য সম্পাদন করিতে হইবে, সে উপাদানের প্রত্যক্ষ না হইলে সে কার্য্য সম্পাদনে প্রবৃ হইতে পারে না। মৃত্তিকার প্রত্যক্ষ না হইলে ঘটশরাবাদি নির্ম্মাণে, তণ্ডুলের প্রত্যক্ষ না হইলে পাকে, কেহ প্রবৃত্ত হ না বা হইতে পারে না। নিবৃত্তির কারণ পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে শরীরে প্রাণ-বায়ুর সঞ্চরণ অর্থাৎ নিশ্বাসপ্রশ্বাসাদি যে য প্রভাবে সম্পন্ন হয়, তাহার নাম জীবনযোনি-যত্ন।

গুরুত্ব পতনের কারণ। পৃথিবীর আকর্ষণশক্তিপ্রভা বস্তু পৃথিবীর অভিমুখে আকৃষ্ট হইলেও গুরুত্ব বা গুরুত্বের পতন হেতুত্ব প্রত্যাখ্যাত হইতে পারে না। কেন না বস্তুর গুরু অনুসারে আকর্ষণশক্তির কার্য্যকারিতার তারতম্য অস্বীকা করিবার উপায় নাই। গুরু বস্তু পৃথিবীকর্ত্তৃক আকৃষ্ট হয় ইহ কণাদ স্পষ্ট ভাষায় বলিয়াছেন। স্পন্দনের হেতু, এরূপ গুণবিশে ষের নাম দ্রবত্ব। দ্রবত্ব আছে বলিয়া জল স্থিরভাবে থাকে না গড়াইয়া পড়ে। স্নেহের পরিচয় পূর্ব্বে প্রদত্ত হইয়াছে। সংস্কা ত্রিবিধ বেগ, ভাবনা ও স্থিতিস্থাপক। ধনুর্যন্ত্র পরিমুক্ত বাণ দূরস্থ লক্ষ্য বেধ করে। ধনুঃ হইতে লক্ষ্য পর্য্যন্ত বাণের গতিক্রিয়া এব নহে। কারণ, বৈশেষিক মতে ক্রিয়া ক্ষণ-চতুষ্টয় মাত্র থাকে প্রথমক্ষণে ক্রিয়ার উৎপত্তি, দ্বিতীয়ক্ষণে বিভাগ, তৃতীয়ক্ষণে পূর্ব্বসংযোগনাশ, চতুর্থক্ষণে উত্তরসংযোগের উৎপত্তি, পঞ্চমক্ষণে ক্রিয়ানাশ। উত্তরসংযোগ ক্রিয়ার নাশক। অথচ ধনুঃ হইতে লক্ষ্য পর্য্যন্ত বাণ পঁহুছাইতে লক্ষ্যের দূরত্ব অনুসারে বহুক্ষণ আবশ্যক। বৈশেষিকাচার্য্যেরা বলেন যে ধনুর নোদন ব নিপীড়নে বাণের গতিক্রিয়া জন্মে। সেই গতিক্রিয়া বেগাখ্য সংস্কার উৎপন্ন করে এবং সেই বেগাখ্য সংস্কার বাণগত পর পর গতিক্রিয়া জন্মাইয়া দেয়। এইরূপে বাণ লক্ষ্যস্থানে উপস্থিত হইয়া লক্ষ্য বেধ করে। ভাবনাখ্যসংস্কার স্মরণের কারণ উহা নিশ্চয় জন্য। নিশ্চয় হইলেও তদ্বিষয়ে উপেক্ষাবুদ্ধি থাকিলে তাহা ভাবনাখ্যসংস্কারের কারণ হয়। যে সংস্কার বা গুণ বশত আকৃষ্ট বৃক্ষ শাখাদি পরিত্যক্ত হইবামাত্র পূর্ব্ববৎ অবস্থিত হয় তাহার নাম স্থিতিস্থাপক সংস্কার। পুণ্য ও পাপের নাম ধর্ম্ম ও অধর্ম্ম। বিহিত অবিহিত ক্রিয়ার অনুষ্ঠানে যথাক্রমে ধর্ম্ম ও অধ জন্মে এবং উহারা যথাক্রমে সুখ ও দুঃখের হেতু হয়। ধ ও অধর্ম্মের সাধারণ নাম অদৃষ্ট। রূপ রস গন্ধ স্পর্শ শ

কর্ম্মত্ব। দ্রব্যত্ব ও গুণত্বাদি জাতি উৎক্ষেপণাবক্ষেপণাদিতে সমবেত নহে, উৎক্ষেপণত্ব উৎক্ষেপণে এবং অবক্ষেপণত্ব অবক্ষেপণে সমবেত থাকিলেও মাত্র এক উৎক্ষেপণত্ব বা অবক্ষেপণত্ব ঐ উভয়বিধ (উৎক্ষেপণ ও অবক্ষেপণ) ক্রিয়াতে সমবেত নহে, আবার সত্তাজাতি উৎক্ষেপণ ও অবক্ষেপণ এই উভয় ক্রিয়াতে সমবেত থাকিলেও উহা সত্তাব্যতীত অন্য কিছুই নহে। ফলে এই সত্তাজাতি দ্রব্য, গুণ, কর্ম্ম প্রভৃতি সকল পদার্থের উপরেই আছে। একারণ এইপ্রকারের জাতিকে কর্ম্মত্ব বলা যাইতে পারে না।

কর্ম্ম পাঁচপ্রকার উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ, ও গমন। উৎক্ষেপণক্রিয়া দ্বারা লোষ্ট্রাদির অধোদেশের সংযোগ ধ্বংসানন্তর ঊর্দ্ধদেশে সংযোগস্থাপন করা হয়। অবক্ষেপণ—উৎক্ষেপণের বিপরীত অর্থাৎ এই ক্রিয়ার দ্বারা দ্রব্যের ঊর্দ্ধদেশস্থ সংযোগ নাশ এবং অধোদেশের সহিত সংযোগ-সম্বন্ধ ঘটে। যেমন, কোন বস্তুর প্রাসাদোপরি হইতে নিম্নে ক্ষেপণ। আকুঞ্চনের সাধারণ নাম সঙ্কোচন বা গুটান; যেমন হস্তাঙ্গুলীর মুষ্ট্যাকারে অবস্থান, বস্ত্রাদির পিণ্ডিতভাব সম্পাদন ইত্যাদি। ইহাকে দ্রব্যের একরকম আগন্তুক-পরস্পর-সংযোগ-জনক কর্ম্ম বলা যায়। আকুঞ্চনের সম্পূর্ণ বিপরীত প্রসারণ অর্থাৎ যে ক্রিয়া দ্বারা দ্রব্যের যথাবদবস্থিতি অথবা বিস্তৃতি সম্পাদিত হয়, তাহার নাম প্রসারণ। উক্ত চারিপ্রকার ক্রিয়া ভিন্ন অন্যান্য সমস্ত কর্ম্মই গমন বলিয়া কথিত হয়। নমন, উন্নমন, চক্রাদির পরিভ্রমণ, অগ্নির ঊর্দ্ধজ্বলন, দ্রবদ্রব্যের ক্ষরণ প্রভৃতিও গমনের অন্তর্ভুক্ত।

জাতি।

যে পদার্থ নিত্য এবং অনেকের সহিত সমবায় সম্বন্ধে অবস্থিত, তাহার নাম সামান্য বা জাতি। সংযোগগুণের নিত্যতা না থাকায় উহা অনেক বস্তুতে সমবেত হইয়াও জাতিমধ্যে পরিগণিত নহে। জলীয় পরমাণুর রূপ এবং আকাশের মহৎ পরিমাণ নিত্য ও সমবেত হইয়াও অনেকে সমবেত না থাকায়, উহারা সামান্য বা জাতিমধ্যে গণ্য নহে। পরা ও অপরাভেদে জাতি দুইপ্রকার। যে জাতি অধিক দেশ ব্যাপিয়া থাকে, তাহার নাম পরা, আর যাহারা অল্পদেশ ব্যাপিয়া অবস্থান করে তাহারা অপরা নামে অভিহিত হয়। দ্রব্য, গুণ ও কর্ম্ম এই তিনে অবস্থিত বলিয়া সত্তাজাতি পরা এবং ঘটত্বাদি জাতির সর্ব্বাপেক্ষা অল্পদেশবৃত্তিত্ব থাকায় উহা অপরা নামে কথিত হয়। সত্তা ভিন্ন অন্য কোন জাতির সর্ব্বাপেক্ষা অধিকদেশবৃত্তিত্ব নাই। এতদ্ব্যতীত দ্রব্যত্বাদি জাতিকে পরাপর জাতিও বলা যায়। কেন না দ্রবত্বাদি জাতিতে ক্ষিতিত্বাদি জাতি অপেক্ষা অধিকদেশবৃত্তিত্ব থাকায় পরা এবং সত্তা অপেক্ষা অল্পদেশবৃত্তিত্ব থাকায় উহা অপরা মধ্যে পরিগণিত হইতে পারে, সুতরাং ঐ আকারের জাতি মাত্রই পরাপর জাতি বলিয়া নির্দ্দিষ্ট হয়।

বিশেষ।

গুণ এবং কর্ম্ম ভিন্ন একমাত্র দ্রব্যসমবেত পদার্থান্তরের নাম বিশেষ। এই লক্ষণে 'গুণ এবং কর্ম্ম ভিন্ন' বলায় জলীয় পরমাণুর রূপ প্রভৃতি গুণ এবং উৎক্ষেপণাদি কর্ম্ম দ্রব্যে সমবেত থাকিলেও উহাদিগের বিশেষ সংজ্ঞা হইতে পারে না; আর জাতি বা সামান্য পদার্থ গুণ কর্ম্ম ভিন্ন ও দ্রব্যসমবেত হইলেও কেবল মাত্র দ্রব্য সমবেত না হইয়া উক্ত গুণ ও কর্ম্মেও সমবেত থাকায় উহাকেও বিশেষ পদার্থ বলা যাইতে পারে না। এইরূপ কোন অভাবের গুণ কর্ম্ম ভিন্নত্ব এবং একমাত্র-বৃত্তিত্ব দৃষ্ট হইলেও কোন দ্রব্যে তাহার সমবেতত্ব না থাকায় উহাও বিশেষ পদার্থের মধ্যে গণ্য নহে।

বিশেষ পদার্থ-স্বীকারের সংক্ষিপ্ত যুক্তি এই, সমবেত পরমাণুদ্বয় হইতে আরম্ভ করিয়া ঘটশরাবাদি পর্য্যন্ত সাবয়ব দ্রব্য সকলের তত্তদবয়বভেদে পরস্পর ভেদ হইতে পারে। এইরূপ নিরবয়ব একজাতীয় অসমবেত পরমাণুদ্বয়ের পরস্পর ভেদও অবশ্য কোন না কোন ধর্ম্ম দ্বারা সম্পাদিত হইয়া থাকে। মুদ্গ ও মাষের আরম্ভক মুদ্গ ও মাষপরমাণু অবশ্যই পরস্পর যথাক্রমে বিভিন্ন এবং এই বিভিন্নতার পরিচায়ক বিশেষ কোন ধর্ম্মও উহাদের মধ্যে অবশ্য আছে; সেই ভেদক ধর্ম্ম কি? এই প্রশ্নে অবশ্যই বলিতে হইবে যে উভয়ের আরম্ভক পরমাণু একরূপ হইলেও তাহাদের মধ্যে ভিন্ন ভিন্ন এমন এক অসাধারণ ধর্ম্ম নিশ্চয়ই আছে, যাহা দ্বারা সেই সেই পরমাণুর বিভিন্নতা সম্পাদিত হইতেছে। এতএব সেই ভিন্ন ভিন্ন অসাধারণ ধর্ম্মই বিশেষ পদার্থ মধ্যে পরিগণিত হইয়াছে। পরমাণু প্রভৃতি নিরবয়ব দ্রব্যেই বিশেষ পদার্থের অবস্থিতি, কোনরূপ সাবয়ব দ্রব্যে ইহার বৃত্তি নাই। অতএব দেখা যাইতেছে, মুদ্গের আরম্ভক পরমাণু মাষে এবং মাষের আরম্ভক পরমাণু মুদ্গে কখনই থাকে না, তবে কতকগুলি পরমাণুকে মুদ্গ ও মাষ এই উভয়েরই আরম্ভক বলিয়া স্বীকার করা হয় এবং উহারা ঐ উভয়েই বিদ্যমান থাকে, একারণ মুদ্গ ও মাষ পরস্পর ভিন্ন হইলেও আকারে দুয়ের মধ্যে অনেকটা সৌসাদৃশ্য দেখা যায়।

সমবায়।

অবয়বীতে অবয়ব; দ্রব্যে গুণ ও কর্ম্ম; দ্রব্য, গুণ ও কর্ম্মে জাতি এবং পরমাণু প্রভৃতি নিত্য দ্রব্যে বিশেষ পদার্থ যে সম্বন্ধে অবস্থিতি করে, তাহার নাম সমবায়। যেমন ঘটে (অবয়বীতে)

কপালদ্বয় ; বস্ত্রে তন্তু সমূহ। অর্থাৎ কপালদ্বয়ের সমবায়ে ঘট এবং তন্তুসমূহের সমবায়ে বস্ত্র প্রস্তুত হয়। দ্রব্যে গুণ যথা—"শুক্লো ঘটঃ" শুক্ল গুণবিশিষ্ট ঘট অর্থাৎ ঘটে শুক্লগুণ সমবায় সম্বন্ধে আছে। এইরূপ ভাবে যেখানে যেখানে ক্রিয়া, জাতি ও বিশেষ পদার্থের অবস্থিতি দেখা যায়, তত্তৎস্থানেও ঐসকলের সমবায় সম্বন্ধ নির্দ্দেশ করিতে হইবে।

অভাব।

সংসর্গাভাব ও অন্যোন্যাভাব-ভেদে অভাব দুইপ্রকার। সংসর্গ অর্থাৎ সম্বন্ধের অভাবকেই সংসর্গাভাব বলে ; ইহা আবার প্রাগভাব, ধ্বংসাভাব ও অত্যন্তাভাব ভেদে তিনপ্রকার। প্রাগভাব অর্থাৎ বস্তু উৎপন্ন হইবার পূর্ব্বে তাহার অবিদ্যমানতা, যেমন 'ঘটো ভবিষ্যতি' ঘট হইবে ; এস্থলে যদি কপালদ্বয় পর্য্যন্তও প্রস্তুত হইয়া থাকে, তাহা হইলেও ঘট প্রস্তুত হয় নাই স্বীকার করিতে হইবে, সুতরাং ঘট প্রস্তুতের মনন অবধি কপালদ্বয়ের সংযোজনা পর্য্যন্ত ঘটের যে অবিদ্যমানতা, তাহাই উহার প্রাগভাব। দণ্ডাদিদ্বারা আঘাত প্রাপ্ত হইলে ঘটের যে অভাব হয়, তাহাই ধ্বংসাভাব, যেমন 'ঘটো নষ্টঃ' ঘট নষ্ট হইয়াছে। এখানে ধ্বংসাভাব হইল ; এই ধ্বংসাভাবের আদি বা উৎপত্তি ও প্রাগভাব আছে ; ধ্বংস বা অন্ত নাই। কিন্তু প্রাগভাবে তদীয় বিপরীত অর্থাৎ সেই প্রাগভাবের আবার প্রাগভাব বা আদি নাই। ফল তাহার অন্ত বা ধ্বংস আছে ; কেননা ঘটের উৎপত্তি হইলেই তদীয় প্রাগভাবের ধ্বংস দেখা যায়।

অত্যন্তাভাব প্রাগভাব ও ধ্বংসাতিরিক্ত সংসর্গাভাব-বিশেষ। এই অভাব কোন বিশেষ কালের জন্য সীমাবদ্ধ নহে। ইহা সর্ব্বকালেই বিদ্যমান থাকে। যেমন, বায়ুতে রূপ নাই, ঘটে চৈতন্য নাই, ভূতলে ঘট নাই ইত্যাদি। আপাততঃ বোধ হয় ভূতলে ঘট আনীত হইলেই যেন উহার অত্যন্তাভাব মোচন হইতে পারে, কিন্তু অনুধাবন করিয়া দেখিলেই বুঝা যাইবে যে, যখন 'ইহ ভূতলে' এই স্থানে (কোন নির্দ্দিষ্ট ভূমিতে) ঘট আনয়ন করা হইল, তখন তথাকার ঘটাত্যন্তাভাব বিদূরিত হইল বটে, কিন্তু প্রদেশান্তরে অবশ্যই তাহার অত্যন্তাভাব থাকিল ; সুতরাং ইহার মধ্যে এই একটু মাত্র বিশেষ হইতে পারে।

অন্যোন্যাভাব—অন্যোন্যে অর্থাৎ পরস্পরে পরস্পরের যে অভাব। ফল যে বস্তু যাহা নহে তাহাতে সেই নাথাকা বস্তুর যে অভাব তাহাই অন্যোন্যাভাব। যেমন 'ঘটো ন পটঃ' ঘট, পট নহে অর্থাৎ ঘট কখনই পট নহে এই কথা যেমন স্বতঃসিদ্ধ তদ্রূপ ইহাদ্বারা ইহাও বুঝা যায় যে ঘটে পট নাই বা পটের অভাব আছে অর্থাৎ ঘটসংজ্ঞক বস্তু যতটুকু স্থান ব্যাপিয়া আছে, তাহার মধ্যে পট নাই বা থাকিতেও পারে না ; সুতরাং তথায় অবশ্যই পটের অভাব রহিয়াছে, স্বীকার করিতে হইবে। অতএব এই আকারের অভাবকেই অন্যোন্যাভাব বলা যায়। কেন না যেমন ঘটে পটের অভাব দেখান হইল, তদ্রূপ ঠিক ঐ আকারেই অর্থাৎ 'পটো ন ঘটঃ' পট কখনই ঘট নহে ইত্যাকারেও উক্ত অভাব প্রতিপাদিত হয়। সুতরাং উক্ত বিষয়ে পরস্পরে (ঘটে ও পটে) পরস্পরের অভাব প্রতীত হইল। অন্যোন্যাভাবের অপর একটী নাম ভেদ ; একারণ "ঘটঃ পটাদন্যঃ ঘটঃ পটাদ্ভিন্নঃ" পট হইতে ঘট অন্য বা ভিন্ন এইরূপ প্রয়োগের দ্বারাও উহাদের পরস্পরের অন্যোন্যাভাব বা ভেদ দেখান হইয়া থাকে।

কারণ।

সমবায়ী, অসমবায়ী ও নিমিত্তভেদে কারণ তিনপ্রকার। যে সকল কারণ অর্থাৎ অবয়ব বা উপাদানাদি, কার্য্যে বা অবয়বীতে সমবায় সম্বন্ধে অবস্থান করে, তাহাদিগকে সমবায়ী কারণ বলে। যেমন, ঘট ও পট কার্য্যের প্রতি যথাক্রমে কপালদ্বয় ও তন্তুসমূহ সমবায়ী কারণ। যে সকল কারণ উক্ত সমবায়ী কারণগুলিতে সমবেত থাকে, তাহাদিগকে অসমবায়ী কারণ বলে। যেমন, কপালদ্বয় ও তন্তুসমূহের সংযোগ যথাক্রমে ঘট ও পট কার্য্যের অসমবায়ী কারণ। কেন না ঐ সমবায়ী কারণগুলির পরস্পর যথাযথ ভাবে সংযোগদ্বারাই উক্ত কার্য্যদ্বয় সম্পন্ন হইয়াছে এবং উক্ত সংযোগ সাক্ষাৎ সম্বন্ধে বা সমবায় সম্বন্ধেই কপালদ্বয় ও তন্তুসমূহে বিদ্যমান রহিয়াছে। কারণ, গুণ ও গুণীর সম্বন্ধ সমবায়, এখানে সংযোগ-গুণ এবং কপালদ্বয় ও তন্তুসমূহ গুণী ; সুতরাং ঐ সংযোগই উক্ত কার্য্যদ্বয়ের অসমবায়ী কারণ। এই অসমবায়ী কারণের নাশে কার্য্যেরও নাশ হইয়া থাকে। কথিত সমবায়ী ও অসমবায়ী কারণদ্বয় ব্যতিরেকে যে সকল অবান্তর কারণ বা উপাদান কার্য্য-সমাপনান্তে তাহাতে লিপ্ত থাকে না সেই সকল কারণের নাম নিমিত্তকারণ। যেমন দণ্ড চক্র প্রভৃতি ঘটের এবং তুরী বেমাদি পটের নিমিত্তকারণ।

বৈশেষিক মতে প্রমাণ দুইপ্রকার, প্রত্যক্ষ ও অনুমান। প্রত্যক্ষপ্রমা ছয়প্রকার ইহা পূর্ব্বে বলা হইয়াছে। সুতরাং প্রত্যক্ষপ্রমাণও ছয়প্রকার। চক্ষুঃ, ঘ্রাণ, রসনা, শ্রোত্র, ত্বক্ ও মন—এই ছয়টী ইন্দ্রিয়ই, প্রত্যক্ষপ্রমার করণ, অতএব উহা প্রত্যক্ষপ্রমাণ। যে কারণ কোনও একটী ব্যাপারের সাহায্যে কার্য্য সম্পাদন করে, তাহার নাম করণ। যে পদার্থ, যজ্জন্য হইয়া যজ্জন্যের জনক হয়, সে তাহার ব্যাপার অর্থাৎ যে পদার্থ যাহা (কারণ) হইতে উৎপন্ন হইয়া তাহারই কর্ত্তব্য অর্থাৎ সেই কারণ দ্বারা করণীয় কার্য্য সম্পাদন করে, অথবা তাহার সেই

কার্য্য সম্পাদনে সহায়তা করে, ঐ পদার্থকে উহার ব্যাপার বলা যায়। যেমন "অসিনা ছিনত্তি" অর্থাৎ অসিদ্বারা ছেদন করিতেছে; এস্থলে অসি ছেদনক্রিয়ার করণ। ছেদ্য ও অসির সংযোগ—ব্যাপার, কেননা ছেদ্য ও অসির সংযোগ যেমন অসি-জন্য অর্থাৎ অসির ক্রিয়া হইতে উৎপন্ন তদ্রূপ ঐ অসি-জন্য ছেদনকার্য্যের জনক বা সম্পাদক অথবা সহায়তাকারকও উক্ত অসি-সংযোগ, অতএব এই সংযোগে ছেদনকার্য্যের কারণ (অসি) হইতে উৎপন্নত্ব এবং ঐ অসিদ্বারা করণীয় ছেদন কার্য্যের জনকত্ব থাকায় উহা ব্যাপার, এবং এই ব্যাপারের সাহায্যে ছেদনকার্য্যের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী কারণ অসি ছেদনকার্য্য সম্পন্ন করায় করণ বলিয়া কথিত হয়। যেহেতু ছেদ্যের সহিত অসির সংযোগ না হইলে ছেদনক্রিয়া হইতেই পারে না। 'কাষ্ঠৈঃ পচতি' অর্থাৎ কাষ্ঠদ্বারা পাক করিতেছে, এস্থলে কাষ্ঠ পাকের করণ। জ্বালা তাহার ব্যাপার। কাষ্ঠ না জ্বালিলে পাক হয় না। জ্বালা কাষ্ঠ জন্য অথচ কাষ্ঠজন্য পাকের জনক। প্রকৃতস্থলে বিষয়ের সহিত যে ইন্দ্রিয়ের প্রত্যাসত্তি বা সন্নিকর্ষ বা সম্বন্ধ, অথবা সংযোগ, তাহাই ইন্দ্রিয়ের ব্যাপার। কেননা, বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সন্নিকর্ষ বা সংযোগ না হইলে বিষয়ের প্রত্যক্ষ হওয়া অসম্ভব। বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সন্নিকর্ষ ইন্দ্রিয়জন্য, এবং ইন্দ্রিয়জন্য প্রত্যক্ষ জ্ঞানের জনক। অতএব বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সন্নিকর্ষ, ইন্দ্রিয়ের ব্যাপার। ইন্দ্রিয়গণ এই ব্যাপারের সহায়তায় প্রত্যক্ষজ্ঞানের কারণ বা তৎসম্পাদনে সমর্থ হয় বলিয়া উহাদিগকে করণ বলে।

লৌকিক সন্নিকর্ষ ছয় প্রকার। সংযোগ, সংযুক্ত-সমবায়, সংযুক্ত-সমবেত-সমবায় ও বিশেষণতা বা স্বরূপ। চক্ষুরিন্দ্রিয় ঘটের সহিত সংযুক্ত হইলে ঘটের প্রত্যক্ষ হয়। এখানে বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সম্বন্ধ সংযোগ। ঘটের সহিত চক্ষুরিন্দ্রিয়ের সংযোগ হইলে যেমন ঘটের প্রত্যক্ষ হয়, সেইরূপ ঘটত্বজাতি, ঘটগত শুক্লনীলাদিরূপ এবং সেই শুক্ল নীলাদি রূপগত শুক্লত্বনীলত্বাদিজাতিরও যে প্রত্যক্ষ হইয়া থাকে, ইহা অনুভব সিদ্ধ; ইহার অপলাপ করা যাইতে পারে না; কেননা, যে ব্যক্তি ঘটের প্রত্যক্ষ করিয়াছে, ঘটটীর কোন্ বর্ণ ইহাও যে, সে প্রত্যক্ষ করিয়াছে, তাহাতে সন্দেহ হইতে পারে না। সুতরাং ঘটত্বাদি বিষয়ের সহিত চক্ষুরিন্দ্রিয়ের কোনরূপ সম্বন্ধ অবশ্যই আছে। কারণ তাহা না হইলে ঘটত্বাদির প্রত্যক্ষ হইতে পারে না। ইন্দ্রিয়ের সহিত অসম্বদ্ধ বস্তুর প্রত্যক্ষ অসম্ভব। ঘট চক্ষুঃসংযুক্ত। ঘটত্ব জাতি এবং শুক্লরূপ ঘট সমবেত অর্থাৎ ঘটে সমবায় সম্বন্ধে ইহাদের বৃত্তি। সুতরাং ঘটত্বজাতি ও ঘটগত শুক্লরূপের সহিত চক্ষুর সম্বন্ধ হইল সংযুক্ত-সমবায়। শুক্লরূপে ঘট সমবেত। অর্থাৎ শুক্লত্বজাতি শুক্লরূপে সমবায় সম্বন্ধে আছে। তবেই শুক্লত্ব জাতির সহিত চক্ষুর সম্বন্ধ হইতেছে সংযুক্ত-সমবেত-সমবায়। কেননা ঘট, চক্ষুঃসংযুক্ত; শুক্লরূপ ঘট-সমবেত; শুক্লত্ব জাতি শুক্লরূপ-সমবেত। এইরূপ ঘ্রাণ ও রসনার সহিত সংযুক্ত দ্রব্যের গন্ধ ও রসের প্রত্যক্ষ হয়, অতএব গন্ধ ও রসের সহিত আশ্রয় বা অধিকরণ দ্রব্য যথাক্রমে ঘ্রাণ ও রসনেন্দ্রিয়ের সম্বন্ধ সংযুক্ত-সমবায়। কেননা গন্ধ ও রসের আশ্রয় বা অধিকরণ দ্রব্য যথাক্রমে ঘ্রাণ ও রসনেন্দ্রিয়সংযুক্ত। গন্ধ ও রস ঐ দ্রব্য সমবেত। গন্ধত্ব রসত্বের সহিত ঘ্রাণ ও রসনেন্দ্রিয়ের সম্বন্ধ সংযুক্ত-সমবেত-সমবায়। শব্দ, আকাশ সমবেত। কর্ণপ্রদেশাবচ্ছিন্ন আকাশই শ্রবণেন্দ্রিয়, সুতরাং শব্দপ্রত্যক্ষের সম্বন্ধ সমবায়। শব্দত্ব, কত্ব, গত্বাদি প্রত্যক্ষের সম্বন্ধ বিশেষণতা বা স্বরূপ। ভূতলে ঘটাভাবের প্রত্যক্ষ স্থলে বিশেষণতাই সন্নিকর্ষ। কেননা, ভূতলের বিশেষণরূপেই ঘটাভাবের প্রত্যক্ষ হয়। যে বস্তু যে ইন্দ্রিয়ের গ্রাহ্য, সেই বস্তুর ধর্ম্ম এবং সেই বস্তুর অভাবও সেই ইন্দ্রিয়ের গ্রাহ্য। ঘট চক্ষুরিন্দ্রিয়গ্রাহ্য, অতএব ঘটবৃত্তি গুণক্রিয়াদি ধর্ম্ম ও ঘটের অভাবও চক্ষুরিন্দ্রিয়গ্রাহ্য।

উদ্ভূতরূপ ও মহত্ত্ব, বহির্দ্রব্য ও তদ্গতক্রিয়া গুণাদির প্রত্যক্ষের কারণ। উত্তপ্ত ভর্জ্জনকপালে হস্ত লাগিলে হস্ত দগ্ধ হয়, সুতরাং তাহাতে অবশ্যই বহ্নি আছে। কিন্তু ঐ বহ্নির রূপে উদ্ভূতত্ব নাই বলিয়া তাহা দেখিতে পাওয়া যায় না। পরমাণুর মহত্ত্ব নাই, এইজন্য পরমাণু দেখিতে পাওয়া যায় না। কোনও কোনও য়ুরোপীয় পণ্ডিতের মতে বস্তুর গুণমাত্রই প্রত্যক্ষ হয়। বস্তুর প্রত্যক্ষ হয় না। কণাদ মতে বস্তুরও প্রত্যক্ষ হয়। কেন না, বস্তু গুণসমষ্টি মাত্র নহে।

বস্তু গুণের আধার। কোনও বস্তু নষ্ট করিলে গুণের নাশ করা হয় না। গুণাশ্রয় বস্তুরই নাশ করা হয়। জলপাত্র দ্বারা জলপান করা হয়। জলপানের গুণ দ্বারা জলের গুণ পান করা হয় না। অশ্ব বা শকটাদি আরোহণ করিয়া গমন করা হয়, তাহাদের গুণে আরোহণ করিয়া গমন করা হয় না। দীর্ঘ বস্ত্র পরিধান করা হয়, দীর্ঘত্ব পরিধান করা হয় না। দৃষ্টান্ত বাহুল্যের প্রয়োজন নাই। সকলেই অনুভব করিয়া থাকেন যে, শুক্ল ঘট, পীতপট দেখিতেছি। শুক্ল ও পীত গুণ দেখিতেছি, এতন্মাত্র অনুভব সর্ব্বত্র হয় না। অনুভব যদি পদার্থের অস্তিত্ব নাস্তিত্বের অবধারণের কারণ হয়, তবে ধর্ম্মের ন্যায় ধর্ম্মীর, গুণের ন্যায় গুণীরও প্রত্যক্ষ স্বীকার করা উচিত।

আর এক কথা। মহত্ত্ব প্রত্যক্ষের কারণ। যাহার মহত্ত্ব

নাই, তাহার প্রত্যক্ষ হইতে পারে না। পরমাণুর মহত্ত্ব নাই, এই জন্য পরমাণু অপ্রত্যক্ষ। মহত্ত্ব গুণ-গত নহে দ্রব্য-গত। দ্রব্য-গত যে মহত্ত্ব দ্রব্য-গত গুণের প্রত্যক্ষের কারণ, তাহা দ্রব্যের প্রত্যক্ষের কারণ হইবে না ইহা সমীচীন কল্পনা নহে। এতদ্দ্বারা ইহাও সিদ্ধ হইতেছে যে পরিদৃশ্যমান ঘটপটাদি দ্রব্য পরমাণু-পুঞ্জ-স্বরূপ নহে, পরমাণু-পুঞ্জ-সমারব্ধ দ্রব্যান্তর। ঐ দ্রব্যান্তরের নাম অবয়বী। যাহার অবয়ব আছে, তাহার নাম অবয়বী। ঘটপটাদির অবয়ব আছে অতএব তাহারা অবয়বী। যে জাতীয় পরমাণু অবয়বীর আরম্ভক বা জনক হয়, অবয়বীও সেই জাতীয় হইবে। যেমন মৃদারব্ধ ঘট মৃজ্জাতীয়, রজতারব্ধ ঘট রজতজাতীয় ইত্যাদি। পরমাণুপুঞ্জের অতিরিক্ত অবয়বী স্বীকার না করিলে—ঘটাদি দ্রব্য পরমাণু-পুঞ্জ-স্বরূপ হইলে ঘটাদি-দ্রব্যের প্রত্যক্ষ হইতে পারে না। আপত্তি হইতে পারে যে, যেমন দূরস্থ একটী কেশ প্রত্যক্ষ না হইলেও কেশ-গুচ্ছের প্রত্যক্ষ হয়। সেইরূপ এক একটী পরমাণু অপ্রত্যক্ষ হইলেও পরমাণু-পুঞ্জ প্রত্যক্ষ হইতে পারে। এতদুত্তরে বক্তব্য এই যে দৃষ্টান্তটী ঠিক হইল না। কারণ, এক একটী কেশও ত অতীন্দ্রিয় নহে। কেননা, নিকটস্থ ব্যক্তি তাহা দেখিতে পায়। দূরস্থ ব্যক্তি যে তাহা দেখিতে পায় না, এক একটী কেশের অতীন্দ্রিয়ত্ব তাহার কারণ নহে। কেননা এক একটী কেশ অতীন্দ্রিয় হইলে নিকটস্থ ব্যক্তিও তাহা দেখিতে পাইত না। কিন্তু দূরস্থ ব্যক্তি যে একটী কেশ দেখিতে পায় না, তাহার কারণ দূরত্বরূপ দোষ। যেমন কোন পক্ষী উড়িবার সময় প্রত্যক্ষ হইলেও আকাশের দূরতর প্রদেশে উৎপতিত অবস্থায় আর তাহা প্রত্যক্ষ বা দৃষ্টি-গোচর হয় না। দূরত্বই তাহার কারণ। সেইরূপ দূরস্থ একটী কেশ দৃষ্টিগোচর না হইবার কারণও দূরত্ব, কেশের অতীন্দ্রিয়ত্ব নহে। একটী কেশ যে পরিমাণ দূরে থাকিলে দৃষ্টিগোচর হয় না, সেই পরিমাণ দূরে কেশ-গুচ্ছ দৃষ্টিগোচর হইয়া থাকে। কারণ, ঐ দূরত্ব একটী কেশের উপর স্বপ্রভাব বিস্তার করিতে পারিলেও কেশ-গুচ্ছের উপর স্বপ্রভাব বিস্তার করিতে পারে না। তদপেক্ষা অধিকতর দূরত্ব ঘটিলে কেশ-গুচ্ছও দৃষ্টিগোচর হয় না। প্রকৃত স্থলে প্রত্যেকটী পরমাণু এক একটী কেশের ন্যায় কোন কালেই দৃষ্টিগোচর হয় না। সুতরাং পরমাণু অতীন্দ্রিয়। পরমাণু অতীন্দ্রিয় হইলে, পরমাণু-পুঞ্জও দৃষ্টিগোচর হইতে পারে না। কেননা, অতীন্দ্রিয় কি না ইন্দ্রিয়ের অতীত অর্থাৎ অবিষয়। স্ববিষয়ের প্রত্যক্ষেই কারণ বশতঃ ইন্দ্রিয়ের পটু-মন্দ-ভাব হইতে

দর্শনের অব্যক্ত ও পরিস্ফুট অবস্থা হইতে পারে মাত্র। [illegible] আম্র ফলে প্রচুর পরিমাণে মধুর রস থাকিলেও কিছুতেই [illegible] দেখিতে পাওয়া যায় না। কেন না, রূপ চক্ষুরিন্দ্রিয়ের বিষয়, চক্ষুরিন্দ্রিয়ের বিষয় নহে। সেইরূপ পরমাণু যখন চক্ষুরিন্দ্রি বিষয় নহে, তখন প্রচুর পরিমাণে পরমাণু মিলিত হই তাহা অর্থাৎ পরমাণু-পুঞ্জ দৃষ্টিগোচর হইতে পারে না। এ ন্যায় আছে যে, "শতমপ্যন্ধানাং ন পশ্যন্তি।" অর্থাৎ একটী যেমন দেখিতে পায় না, তেমনি শত অন্ধ একত্র হই দেখিতে পায় না। কেন না, তাহাদের দৃষ্টিশক্তি নাই। এ পরে একটী বিন্দু দিলে দশ হয় বটে, কিন্তু এক সংখ্যা তু লইয়া দশেত বিন্দু দিলেও কিছুই হইবে না। কারণ, এ সংযোগ ভিন্ন বিন্দুর কোনও কার্য্যকারিতা থাকে না; সেই মহত্ত্বের সহায়তা ভিন্ন ইন্দ্রিয়-শক্তি কার্য্য করিতে পারে চক্ষুরিন্দ্রিয়ের পরমাণু দেখিবার শক্তি নাই। চক্ষু দ্বারা যে একটী পরমাণু দেখিতে পাওয়া যায় না, সেইরূপ শত পরমাণু একত্র হইলেও দেখিতে পাওয়া যাইতে পারে এই জন্য অবয়ব অর্থাৎ পরমাণুর অতিরিক্ত অবয়বারব্ধ অ পরমাণু দ্বারা সমারব্ধ অবয়বী অঙ্গীকৃত হইয়াছে। 'স্থূ মহান্ ঘটঃ' এই প্রত্যক্ষ অনুভব তাহার প্রমাণ।

বৌদ্ধেরা অদৃশ্য পরমাণু-পুঞ্জ হইতে দৃশ্য পরমাণু-পু উৎপত্তি স্বীকার করেন। নৈয়ায়িকেরা এই মতের প্রত্যাখ করিয়াছেন। তাঁহারা বলেন যে, যাহা অদৃশ্য, যাহা সূক্ষ্ম, ত দৃশ্য বা দৃশ্যের উপাদান এবং মহৎ হইতে পারে না। দৃশ্য বা মহৎ হইবার কারণ নাই। দৃশ্য ও মহান্ পরম পুঞ্জ অদৃশ্য ও সূক্ষ্ম পরমাণু-পুঞ্জ হইতে বস্ত্বন্তর বলিয়া স্বী হইলে সূক্ষ্ম ও অদৃশ্য পরমাণু-পুঞ্জ হইতে দৃশ্য ও স্থূল পরম পুঞ্জের উৎপত্তি হইলেও হইতে পারে বটে, কিন্তু তাহা হই উৎপন্ন পুঞ্জের অন্তর্গত প্রত্যেক পরমাণু দৃশ্য ও স্থূল বলি স্বীকার করিতে হইবে। কেননা, যাহা প্রত্যেকে অদৃশ্য ও তাহার সমষ্টি ও দৃশ্য স্থূল হইতে পারে না। তাহা স্বীকার করি কিন্তু পরমাণু হইতে বস্ত্বন্তরের উৎপত্তি ন্যায় ও বৌদ্ধ এই উভ মতেই সিদ্ধ হইতেছে। সেই বস্ত্বন্তরের নাম, ন্যায়মতে অবয় বৌদ্ধমতে দৃশ্য পরমাণুপুঞ্জ এই মাত্র প্রভেদ। অর্থাৎ বস্ত্বন্ত উৎপত্তি উভয় মতেই স্বীকৃত হইতেছে, কিন্তু সেই বস্তুর সংজ্ঞা নাম লইয়া বিবাদের পর্য্যবসান হইতেছে মাত্র। নৈয়ায়িকে ইহাও বলেন, যে ন্যায়মতে 'একো ঘটঃ'—এই প্রতীতির বি

অলৌকিক সন্নিকর্ষ তিন প্রকার, সামান্য লক্ষণ, জ্ঞান-লক্ষণ ও যোগজ। সামান্য-লক্ষণ অর্থাৎ যে সামান্য যাহাতে স্থিত, ঐ সামান্যই তদাশ্রয়ের বা তাহার প্রত্যক্ষে সন্নিকর্ষ স্বরূপ হয়। ঐ সামান্যের কোন একটী আশ্রয়ে চক্ষুঃ সংযোগ হইলে, ঐ সামান্য রূপ সম্বন্ধে সমস্ত তদাশ্রয়ের অলৌকিক চাক্ষুষ প্রত্যক্ষ হইয়া থাকে। কোনও একটী ঘটে চক্ষুঃসংযোগ হইলে ঘটত্ব সম্বন্ধে নিখিল ঘটের অলৌকিক চাক্ষুষ প্রত্যক্ষ ইহার উদাহরণ। জ্ঞান লক্ষণ অর্থাৎ জ্ঞানই সন্নিকর্ষ স্বরূপ। যাহার জ্ঞান হয়, ঐ জ্ঞান তাহারই অলৌকিক প্রত্যক্ষের সন্নিকর্ষ স্বরূপ হয়। চন্দন-খণ্ডে চক্ষুঃ-সন্নিকর্ষ হইলে 'সুরভি চন্দনং' অর্থাৎ সুগন্ধ-যুক্ত চন্দন—এস্থলে জ্ঞান-লক্ষণ সন্নিকর্ষ বশতঃ সৌরভের অলৌকিক চাক্ষুষ প্রত্যক্ষ হইতেছে। যোগজ-ধর্ম্ম-প্রভাবে যোগিগণ, অতীত অনাগত সূক্ষ্ম ব্যবহিত বিপ্রকৃষ্ট সর্ব্বপ্রকার পদার্থের প্রত্যক্ষ করিয়া থাকেন।

অনুমিতির করণ অনুমান। সাধ্য, হেতু ও ব্যাপ্তির পরিচয় পূর্ব্বে প্রদত্ত হইয়াছে। হেতুর অপর নাম লিঙ্গ, কেননা তদ্দ্বারা সাধ্য লিঙ্গিত অর্থাৎ জ্ঞাত হয়। যাহাতে সাধ্যের অনুমিতি হয়, তাহার নাম পক্ষ। পর্ব্বতে বহ্নির অনুমিতি হয় বলিয়া পর্ব্বত পক্ষ। সিদ্ধির অর্থাৎ সাধ্য-নিশ্চয়ের অভাব পক্ষতা। অনুমিতির পূর্ব্বে পর্ব্বতে বহ্নির নিশ্চয় হয় নাই। অতএব পর্ব্বতে পক্ষতা আছে। সুতরাং পর্ব্বত পক্ষ। সিদ্ধি অর্থাৎ সাধ্য-নিশ্চয় থাকিলেও সিষাধয়িষা অর্থাৎ সাধনের ইচ্ছা বা অনুমিৎসা কি না অনুমিতির ইচ্ছা হইলে অনুমিতি হইতে পারে। আত্মার শ্রবণ ও মননাদি মুমুক্ষুর কর্ত্তব্য বলিয়া বেদে বিহিত হইয়াছে। বেদবাক্য শুনিয়া আত্মার বিষয়ে যে অববোধ বা জ্ঞান হয়, তাহার নাম শ্রবণ। এস্থলে বেদবাক্য-শ্রবণে আত্মার সিদ্ধি অর্থাৎ নিশ্চয় হইলে যদিও সিদ্ধির অভাব নাই, তথাপি সিষাধয়িষা বা অনুমিৎসা দ্বারা আত্মার মননরূপ অনুমান হইয়া থাকে। অনুমানের প্রণালী এইরূপ—প্রথমতঃ পর্ব্বতে ধূম দর্শন হয়। ইহাকে প্রথম লিঙ্গ-পরামর্শ বলা যায়। লিঙ্গ হেতু, পরামর্শ তাহার জ্ঞান। পর্ব্বতে ধূমদর্শন প্রথম লিঙ্গ-জ্ঞান। পরক্ষণে 'ধূমো বহ্নিব্যাপ্যঃ'—অর্থাৎ ধূম বহ্নির ব্যাপ্য এইরূপ ব্যাপ্তি-স্মরণ হয়। ইহাই অনুমান অর্থাৎ অনুমিতির কারণ। ইহা দ্বিতীয় লিঙ্গ-পরামর্শ। তৎপরক্ষণে 'বহ্নিব্যাপ্য ধূমবান্ পর্ব্বতঃ' অর্থাৎ বহ্নি-ব্যাপ্য ধূম পর্ব্বতে আছে এইরূপ জ্ঞান হয়। ইহা তৃতীয় লিঙ্গ-পরামর্শ। তৃতীয় লিঙ্গ-পরামর্শের অপর নাম পক্ষধর্ম্মতা-জ্ঞান। কেবল পরামর্শ-শব্দদ্বারাও ইহার নির্দ্দেশ করা হয়। তৎপরক্ষণে 'পর্ব্বতো বহ্নিমান্' এইরূপ অনুমিতি হইয়া থাকে। ব্যাপ্তি-জ্ঞান অনুমিতির করণ। পরামর্শ তাহার ব্যাপার। কেন না পরামর্শ ব্যাপ্তি-জ্ঞান-জন্য অথচ ব্যাপ্তি-জ্ঞানজন্য অনুমিতির জনক। প্রথম লিঙ্গ-পরামর্শ অনুমিতির করণ হইতে পারে না। কেননা, কার্য্যের উৎপত্তির অব্যবহিত পূর্ব্বক্ষণে কারণের বিদ্যমানতা না থাকিলে কার্য্যের উৎপত্তি হইতে পারে না। কার্য্যের উৎপত্তির অব্যবহিত পূর্ব্বক্ষণে কারণ না থাকিলেও কার্য্যের উৎপত্তি স্বীকার করিলে নিষ্কারণ কার্য্যোৎপত্তি স্বীকার করিতে হয়। জ্ঞান মাত্রই প্রায় দ্বি-ক্ষণ-স্থায়ী। প্রথম ক্ষণে জ্ঞানের উৎপত্তি, দ্বিতীয় ক্ষণে স্থিতি, তৃতীয় ক্ষণে তাহার বিনাশ হয়। প্রথম লিঙ্গপরামর্শের অর্থাৎ ধূম-দর্শনের দ্বিতীয়-ক্ষণে, ব্যাপ্তি-স্মরণ, তৃতীয় ক্ষণে তৃতীয়-লিঙ্গ-পরামর্শ, চতুর্থ ক্ষণে অনুমিতি হইয়া থাকে। প্রথম লিঙ্গ-পরামর্শ কিন্তু তৃতীয় লিঙ্গ-পরামর্শ ক্ষণে অর্থাৎ অনুমিতির পূর্ব্বক্ষণে বিনষ্ট হইয়া যায়। যে ক্ষণে যে বস্তু বিনষ্ট হয়, সে ক্ষণে সে বস্তুর সত্তা থাকে না। কার্য্যোৎপত্তির অব্যবহিত পূর্ব্বক্ষণে কারণের সত্তা না থাকিয়া তৎপূর্ব্বে সত্তা থাকা, দিনান্তরে সত্তা থাকার তুল্য। তাদৃশ সত্তা কার্য্যোৎপত্তির কোনও উপকার করিতে পারে না। প্রথম লিঙ্গ-পরামর্শ বা প্রাথমিক ধূম-জ্ঞান অনুমিতির করণ বা সাক্ষাৎ হেতু না হইলেও পরম্পরা হেতু বা প্রয়োজক বটে। কেন না, প্রথম লিঙ্গ-পরামর্শ ব্যাপ্তিজ্ঞানের, ব্যাপ্তি জ্ঞান তৃতীয় লিঙ্গ-পরামর্শের এবং তৃতীয়-লিঙ্গ-পরামর্শ অনুমিতির হেতু বা কারণ।

যে হেতু-বলে অনুমিতি হইবে, ঐ হেতুতে, পক্ষ-সত্ত্ব, সপক্ষ-সত্ত্ব ও বিপক্ষাসত্ত্ব এই তিনটী রূপ বা ধর্ম্ম থাকা আবশ্যক। যে অধিকরণে সাধ্যের অনুমিতি হয়, তাহার নাম পক্ষ। যে অধিকরণে সাধ্যের নিশ্চয় আছে, তাহার নাম সপক্ষ। যে অধিকরণে সাধ্যের অভাবের নিশ্চয় থাকে, তাহার নাম বিপক্ষ। পর্ব্বতে বহ্নির অনুমিতি স্থলে পর্ব্বত পক্ষ, মহানস সপক্ষ এবং জলহ্রদ বিপক্ষ। হেতুরূপ ধূম, পক্ষ পর্ব্বত ও সপক্ষ মহানসে আছে, এবং বিপক্ষ জলহ্রদে নাই। এই জন্য ধূমে ঐ তিনটী আছে। এই রূপত্রয়ের নাম, গমকতৌপাধিকরূপ। গমকতা কি না অনুমাপকতা, তাহার ঔপাধিক কি না উপায় স্বরূপ। ধূম যে পরম্পরা সম্বন্ধে বহ্নির অনুমিতির কারণ হয়, তাহার উপায়ভূত হইতেছে ঐ রূপত্রয়। কারণ, হেতু পক্ষে না থাকিলে যে অনুমিতি হইতে পারে না, তাহা বলাই অনাবশ্যক। হেতু সপক্ষে না থাকিলেও ঐ হেতু-বলে অনুমিতি হইতে পারে না। কেন না,যে অধিকরণে সাধ্যের নিশ্চয় আছে, সে অধিকরণে হেতু না থাকিলে ঐ হেতুতে সাধ্যের ব্যাপ্তিই থাকিতে পারে না। হেতুতে সাধ্যের ব্যাপ্তি না থাকিলে ঐ হেতু-বলে সাধ্যের অনুমিতি হওয়া একান্তই অসম্ভব। হেতুতে সাধ্যের ব্যাপ্তি থাকিলে

ঐ হেতু সপক্ষে অর্থাৎ যে অধিকরণে সাধ্যের নিশ্চয় আছে, তাহাতে না থাকিয়াই পারে না। বিপক্ষ অর্থাৎ যে অধিকরণে সাধ্যের অভাবের নিশ্চয় হয়, তাহাতে হেতু থাকিলেও হেতুতে সাধ্যের ব্যাপ্তি থাকিতে পারে না। কারণ যেখানে সাধ্যের অভাব আছে, সেখানে হেতু থাকিলে ঐ হেতুতে সাধ্যের ব্যাপ্তি থাকে না। কেন না, যেখানে সাধ্যের অভাব থাকে, সেখানে হেতু না থাকাই হইল ব্যাপ্তি। সুতরাং উক্ত রূপ-ত্রয় গমকতার উপায়ভূত, সন্দেহ নাই। উক্ত রূপ-ত্রয় বা তাহার কোন একটী রূপ হেতুতে না থাকিলেই ঐ গমকতৌপায়িক-রূপ শূন্য হইবে। সুতরাং তাহা আপাততঃ হেতু বলিয়া বোধ হইলেও প্রকৃত পক্ষে হেতু হয় না। এই জন্য তাদৃশ হেতুর নাম হেত্বাভাস। যাহা মাত্র হেতুর ন্যায় ভাসমান হয়, কিন্তু প্রকৃত পক্ষে হেতু হইতে পারে না, তাহাই হেত্বাভাস। দুষ্ট হেতুর নামান্তর হেত্বাভাস। বৈশেষিকদর্শনপ্রণেতা কণাদের মতে হেত্বাভাসের নাম অনপদেশ। অপদেশ কি না হেতু, যাহা হেতু নয় অথচ হেতু-সদৃশ, তাহাই অনপদেশ বা হেত্বাভাস। কণাদমতে, হেত্বাভাস তিন প্রকার, অপ্রসিদ্ধ, অসন্ ও সন্দিগ্ধ। যে হেতুর প্রসিদ্ধি নাই, তাহার নাম অপ্রসিদ্ধ। প্রসিদ্ধি কি না, প্রকৃষ্টরূপে সিদ্ধি অর্থাৎ ব্যাপ্তি। যে হেতুতে সাধ্যের ব্যাপ্তি নাই, অথবা ব্যাপ্তি থাকিলেও কোন কারণে তাহার জ্ঞান হয় না, সে হেতু অপ্রসিদ্ধ। অপ্রসিদ্ধের অপর নাম ব্যাপ্যত্বাসিদ্ধ। 'ধূমবান্ বহ্নেঃ' এখানে ধূমের অনুমিতি বিষয়ে বহ্নিরূপ হেতু অপ্রসিদ্ধ বা ব্যাপ্যত্বাসিদ্ধ। অসন্ অর্থাৎ যে হেতু পক্ষে বা সাধ্যের অধিকরণে থাকে না, তাহার নাম অসন্। ইহার অপর নাম বিরুদ্ধ। 'গোত্ববান্ অশ্বত্বাৎ' গোত্ব সাধ্য অশ্বত্ব হেতু, কিংবা 'অশ্বো বিষাণিত্বাৎ' অশ্বত্ব সাধ্য বিষাণিত্ব অর্থাৎ শৃঙ্গ-যুক্ত হেতু, এই উভয় উদাহরণেই হেতু অসন্ বা বিরুদ্ধ। কেন না, গোপিণ্ডে অশ্বত্ব নাই, অশ্বপিণ্ডে শৃঙ্গ নাই। শঙ্করমিশ্রের মতে বিরুদ্ধও অপ্রসিদ্ধের অন্তর্গত। সাধ্যের সহিত যে হেতুর ব্যাপ্তি নাই, সাধ্যাভাবের সহিত ব্যাপ্তি আছে, সেই হেতু বিরুদ্ধ। সুতরাং উহা অপ্রসিদ্ধের অন্তর্গত। যে হেতু পক্ষে বিদ্যমান থাকে না তাহা অসন্। 'হ্রদো দ্রব্যং ধূমাৎ'—এখানে ধূমরূপ হেতু বিদ্যমান নহে, সুতরাং উহা অসন্। যে হেতুতে সাধ্য-ব্যাপ্তির সন্দেহ হয় বা যে হেতু সাধ্যের নিশ্চায়ক হইতে পারে না, পক্ষে সাধ্যের সন্দেহ মাত্র উৎপাদন করে, তাহার নাম সন্দিগ্ধ। সন্দিগ্ধের অপর নাম অনৈকান্তিক। কেন না, সাধ্যও এক অন্ত, সাধ্যাভাবও এক অন্ত। একটী অন্তের সহিত অর্থাৎ কেবল সাধ্যের সহিত বা কেবল সাধ্যাভাবের সহিত সম্বন্ধ যে হেতুর, সে হেতু ঐকান্তিক। যে হেতু ঐকান্তিক নহে, অর্থাৎ সাধ্য ও সাধ্যাভাবের সহিত যাহার সম্বন্ধ, সে হেতু অনৈকান্তিক। বিষাণিত্ব হেতু করিয়া গোত্ব সাধন করিতে গেলে বিষাণিত্ব হেতু সন্দিগ্ধ বা অনৈকান্তিক। কেন না, গোত্ব সাধ্য, বিষাণিত্ব হেতু। গো-পশুর যেমন বিষাণ অর্থাৎ শৃঙ্গ আছে, মহিষাদিরও সেইরূপ শৃঙ্গ আছে। সুতরাং বিষাণিত্ব হেতু, গোত্বরূপ সাধ্যের অধিকরণ গো পশুতে আছে বলিয়া যেমন সাধ্যের সহিত সম্বন্ধ, সেইরূপ সাধ্যের অর্থাৎ গোত্বের অভাবের অধিকরণমহিষাদিতে আছে বলিয়া সাধ্যভাবের সহিতও সম্বন্ধ। সুতরাং বিষাণিত্ব হেতু অনৈকান্তিক। বিষাণিত্ব হেতু দ্বারা গোত্বের নিশ্চয় হইতে পারে না, গোত্বের সন্দেহ হইতে পারে মাত্র। এই জন্য ঐ হেতু সন্দিগ্ধ। বৈশেষিক মতে প্রত্যক্ষ ও অনুমান এই দুইটীই প্রমাণ। শব্দাদি স্বতন্ত্র প্রমাণ নহে। উহা অনুমানের অন্তর্গত। 'গৌরস্তি'—অর্থাৎ গো আছে এই শব্দ শুনিলে, গো পদার্থে অস্তিত্বের অনুমিতি হয়। ইহা বৈশেষিক আচার্য্যদিগের মত। প্রত্যক্ষ ধূম দর্শনে যেমন অপ্রত্যক্ষ বহ্নির অনুমিতি হয়, সেইরূপ প্রত্যক্ষ শব্দশ্রবণে অপ্রত্যক্ষ পদার্থের অনুমিতি হয়। লিঙ্গ-দর্শনেই হউক, বা শব্দ-শ্রবণেই হউক অপ্রত্যক্ষ পদার্থের জ্ঞান মাত্রই অনুমিতি। সুতরাং নৈয়ায়িক সম্মত উপমানও বৈশেষিক মতে অনুমানের অন্তর্গত।

বৈশেষিক গ্রন্থাবলি।

বৈশেষিক-দর্শনের প্রাচীন-ভাষ্য এখন আর বহু অনুসন্ধানেও দেখিতে পাওয়া যায় না। কথিত আছে, লঙ্কেশ্বর রাবণ এই দর্শনের প্রাচীন ভাষ্যকার। বেদান্তদর্শনে বৈশেষিক-মত নিরসন প্রসঙ্গে পূজ্যপাদ শঙ্করাচার্য্য রাবণকৃত ভাষ্যের মত খণ্ডন করিয়াছেন। অনেকের মতে, প্রশস্তপাদাচার্য্যকৃত পদার্থধর্ম্মসংগ্রহগ্রন্থই বৈশেষিকদর্শনের একখানি ভাষ্য, কিন্তু তাহা প্রকৃত নহে। পদার্থধর্ম্মসংগ্রহে মূল কণাদসূত্রগুলি ব্যাখ্যাত হয় নাই। কেবল সূত্রের তাৎপর্য্য মাত্র আলোচিত হইয়াছে। প্রশস্তপাদাচার্য্যও তাঁহার গ্রন্থকে "সংগ্রহ" আখ্যা প্রদান করিয়াছেন—ভাষ্যনাম প্রদান করেন নাই। পদার্থধর্ম্মসংগ্রহের টীকাকার উদয়নাচার্য্য স্বকৃত টীকায় বলিয়াছেন যে, সূত্র অত্যন্ত কঠিন, ভাষ্য অতি বিস্তৃত, এইজন্য সরল ও সংক্ষেপ করিবার উদ্দেশেই পদার্থধর্ম্মসংগ্রহ বিরচিত হইয়াছে। সুতরাং পদার্থধর্ম্মসংগ্রহ যে ভাষ্য নহে, উদয়নাচার্য্যের উক্তিই তদ্বিষয়ে প্রমাণ।

পদার্থধর্ম্মসংগ্রহ বৈশেষিক গ্রন্থাবলীর মধ্যে প্রাচীন, প্রামাণিক ও অতি উৎকৃষ্ট গ্রন্থ। ইহাতে বৈশেষিক দর্শনের সমস্ত তাৎপর্য্য অতি সংক্ষিপ্ত, অথচ সারপ্রক্রমে ও যোগ্যতার সহিত লিপিবদ্ধ করা হইয়াছে এবং মূল দর্শনে জগতের সৃষ্টি ও সংহার-প্রণালী উক্ত না হইলেও এই গ্রন্থে তদ্বিষয় বিশদভাবে

বিবৃত হইয়াছে। উদয়নাচার্য্যের কিরণাবলী এবং শ্রীধরাচার্য্যের ন্যায়কন্দলী পদার্থধর্ম্মসংগ্রহের উৎকৃষ্ট টীকা। পরবর্ত্তী গ্রন্থসমূহের মধ্যে বল্লভাচার্য্যের ন্যায়লীলাবতীর নাম সবিশেষ উল্লেখযোগ্য। বর্দ্ধমানোপাধ্যায়কৃত কিরণাবলীপ্রকাশ ও লীলাবতীপ্রকাশ, এবং মথুরানাথ তর্কবাগীশের কিরণাবলীরহস্য ও লীলাবতীরহস্য নামক টীকা প্রশংসার যোগ্য। শঙ্করমিশ্রকৃত বৈশেষিক-সূত্রোপস্কার নাতিপ্রাচীন হইলেও অতি সমীচীন। জয়নারায়ণ তর্কপঞ্চানন কণাদসূত্রবিবৃতি নামে বৈশেষিক দর্শনের এক সংক্ষিপ্ত ব্যাখ্যা প্রণয়ন করিয়াছেন। তিনি স্বীয় ব্যাখ্যাগ্রন্থের শেষ ভাগে ভাষাপরিচ্ছেদ ও সিদ্ধান্তমুক্তাবলীর পন্থানুসরণ করিয়া বৈশেষিক দর্শনের প্রতিপাদ্য বিষয়ের সারসংগ্রহ সংযোজনা করিয়াছেন। উপস্কারগ্রন্থে বৃত্তিকার স্বীয় মত ব্যক্ত করিয়াছেন। বিজ্ঞানভিক্ষুবিরচিত একখানি বৈশেষিক-বার্ত্তিক আছে। শেষোক্ত দুইখানি গ্রন্থই বিরল-প্রচার হইয়া পড়িয়াছে।

অল্পদিন হইল, মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয় একখানি বৈশেষিক বৃত্তি প্রকাশ করিয়াছেন এবং তাঁহার হিন্দুদর্শন নামক গ্রন্থে ভাষায় বৈশেষিক দর্শনের বেশ সমালোচনা করিয়াছেন। * [ন্যায় শব্দে ইতিহাস দ্রষ্টব্য।]

নব্যন্যায়ের প্রাদুর্ভাবে এবং উত্তরোত্তর প্রসারবৃদ্ধিতে এই সকল প্রাচীন দর্শনগ্রন্থের হতাদর উপস্থিত হয় এবং সেই সঙ্গে দর্শন অধ্যয়ন বা অধ্যাপনার অসংখ্য প্রাচীন ও সমীচীন গ্রন্থ বিলুপ্ত হইয়া যায়। সাধারণের অবগতির জন্য নিম্নে কএকখানি বৈশেষিকসূত্রভাষ্য, বৃত্তি বা টীকার উল্লেখ করা গেল।

* তাঁহার প্রবন্ধ অবলম্বনে বৈশেষিক দর্শনের আলোচনা করা হইল।

অপশব্দখণ্ডন—কণাদ মুনি
অহেতুসমপ্রকরণ
কণাদরহস্যসংগ্রহ
কাণাদরহস্য—পদ্মনাভমিশ্র, এই গ্রন্থখানি তাঁহার স্বরচিত রাদ্ধান্ত-মুক্তাহার-গ্রন্থের টীকা।
ঐ শঙ্করমিশ্র
কাণাদসংগ্রহব্যাখ্যা
কারিকাবলী—বিশ্বনাথ
কিরণাবলী—উদয়নাচার্য্য, ইহা প্রশস্তপাদ-ভাষ্যের একখানি বৃত্তি। দ্রব্য-কিরণাবলী ও গুণকিরণাবলী নামে ইহার আরও দুইটী ভাগ আছে।
ঐ টীকা—উদয়ন
" কৃষ্ণভট্ট
" (কিরণাবলীভাস্কর)—পদ্মনাভ
" বরদরাজ
" (কিরণাবলীপ্রকাশ)—বর্দ্ধমান
" (কিরণাবলীপ্রকাশকাশিকা)—মেঘভগীরথ
" (দ্রব্যকিরণাবলীশব্দবিবেচন)—চন্দ্রশেখরভারতী
" (দ্রব্যকিরণাবলীপ্রকাশ)—বর্দ্ধমান মেঘভগীরথ
" (দ্রব্যকিরণাবলীপরীক্ষা)—রুদ্র-বাচস্পতি, ইহা রঘুনাথকৃত দ্রব্য-প্রকাশবিবৃতির টিপ্পনীমাত্র।
" (গুণকিরণাবলীটীকা)
" (রসসার)—মাধবদেবীন্দ্র
" (গুণরহস্য)—রামভদ্র
" (গুণরহস্যপ্রকাশ)—মাধবদেব, ইহার গুণরহস্যপ্রকাশ ও গুণসার-মঞ্জরী নামও পাওয়া যায়।
(গুণকিরণাবলীপ্রকাশ)—বর্দ্ধমান
কিরণাবলী (টিপ্পন)—ভগীরথ ঠক্কুর
" মথুরানাথ
" (গুণপ্রকাশদীধিতি, গুণপ্রকাশ-বিবৃতি, গুণশিরোমণি)—রঘুনাথ
" জয়রাম ভট্টাচার্য্য
" (গুণপ্রকাশদীধিতিমাথুরী)—মথুরানাথ
" রামকৃষ্ণ ভট্টাচার্য্য
" (গুণপ্রকাশবিবৃতিভাবপ্রকাশিকা) —রুদ্রভট্টাচার্য্য
কোমলাটীকা—বিশ্বনাথ
গুণকিরণাবলী—(কিরণাবলী দেখ।)
গুণশিরোমণি ও গুণশিরোমণি টীকা
গুণসারমঞ্জরী (কিরণাবলী দেখ।)
জাতিষট্‌কপ্রকরণ—বিশ্বনাথ পঞ্চানন
তত্ত্বজ্ঞানবিবৃদ্ধিপ্রকরণ—বিশ্বনাথ পঞ্চানন
তত্ত্বানুসন্ধান
তর্কপ্রদীপ—কোণ্ডভট্ট
তর্কভাষা (?) বিশ্বনাথ পঞ্চানন
তর্করত্ন (?) কোণ্ডভট্ট
" —বীররাঘব শাস্ত্রী
দ্রব্যগুণপর্য্যায়
দ্রব্যনিরূপণ
দ্রব্যপতাকা
দ্রব্যপদার্থ—পক্ষধর
দ্রব্যপ্রকাশিকা
দ্রব্যসারসংগ্রহ—রঘুদেব
দ্বন্দ্ববিচার—গোকুলনাথ মৈথিল
ন্যায়তন্ত্রবোধিনী—বিশ্বনাথ
ন্যায়তরঙ্গিণী—কেশব
ন্যায়পদার্থদীপিকা—কোণ্ডভট্ট
ন্যায়সার (সংগ্রহ)—মাধব দেব
পদসংগ্রহ—কৃষ্ণমিশ্র
পদার্থখণ্ডন বা পদার্থতত্ত্ববিবেচন—রঘুনাথ-
পদার্থখণ্ডন টীকা—গোবিন্দ ভট্টাচার্য্য
" মাধবতর্কসিদ্ধান্ত
" রঘুদেব
" রুচিদত্ত (মার্কণ্ড)
" রামভদ্র সার্ব্বভৌম
" (পদার্থতত্ত্বালোক)—বিশ্বনাথ
পদার্থখণ্ডনটিপ্পনব্যাখ্যা—কৃষ্ণমিশ্রাচার্য্য
পদার্থচন্দ্রিকা—মিসরু মিশ্র
পদার্থধর্ম্মসংগ্রহ (প্রশস্তপাদভাষ্য)
পদার্থনিরূপণ—ন্যায়বাচস্পতি
পদার্থপারিজাত—কৃষ্ণমিশ্র
পদার্থপ্রদেশ—শঙ্করাচার্য্য
পদার্থবোধ
পদার্থমণিমালা বা পদার্থমালা—জয়রাম
পদার্থবিবেক (সিদ্ধান্ততত্ত্ব)
ঐ টীকা—গোপীনাথমৌনী
পরিভাষাবিশেষ—
প্রমাণমঞ্জরী—সর্ব্বদেবপুরী
বাহ্যার্থভঙ্গনিরাকরণ—বিশ্বনাথ পঞ্চানন
ভাষাপরিচ্ছেদ— ঐ
মিথ্যাত্ববাদরহস্য—গোকুলনাথ
মুক্তিবাদটীকা—বিশ্বনাথ
রত্নকোষ—পৃথ্বীধরাচার্য্য
রত্নকোষকারমতবাদ
রত্নকোষকারপদার্থ
রত্নকোষকারিকাবিচার
রত্নকোষমতরহস্য
রত্নকোষবাদ বা (বিচার)—হরিরাম
রত্নকোষবাদরহস্য—গদাধর
রাদ্ধান্তমুক্তাহার—পদ্মনাথ
ঐ টীকা—(কাণাদরহস্য)—ঐ
লক্ষণাবলী—উদয়নাচার্য্য
ঐ টীকা (ন্যায়মুক্তাবলী) —শেষশার্ঙ্গধর

বাদসুধাটীকা রত্নাবলী—কৃষ্ণমিশ্র
বৈশেষিকরত্নমালা—ভবদেব পণ্ডিতকবি
বৈশেষিকসূত্র—কণাদ
ঐ টীকা—উদয়নাচার্য্য
" —চন্দ্রানন্দ
" —জয়নারায়ণ
ঐ ভাষ্য—(প্রশস্তপাদভাষ্য) প্রশস্তপাদাচার্য্য।
—রঘুদেব
বৈশেষিকসূত্রোপস্কার—শঙ্করমিশ্র
বৈশেষিকাদিষড়্‌দর্শনবিশেষবর্ণন
ব্যাখ্যাপরিমল
শব্দপ্রামাণ্যবাদ
শব্দার্থতর্কামৃত—জয়কৃষ্ণ
সম্বন্ধোপদেশ—বল্লভদাস
ঐ টীকা—গোবর্দ্ধন
সিদ্ধান্ততত্ত্ববিবেক (পদার্থবিবেক) গোকুলনাথ
ঐ টীকা (সিদ্ধান্ততত্ত্বসর্ব্বস্ব)—
গোপীনাথ মৌনী

বৈশেষ্য (ক্লী) বিশেষতা। (মনু ৯।২৯৬)

বৈশ্মীয় (ত্রি) বেশ্ম সম্বন্ধীয়, গৃহ সম্বন্ধীয়।

বৈশ্য (পুং) বিশ্-ষ্যঞ্। তৃতীয় বর্ণ। পুরুষসূক্ত ব্যতীত বেদ-সংহিতায় 'বৈশ্য' শব্দের উল্লেখ নাই। 'বিশ্' শব্দ আছে।

'বিশ্' বলিলে আদি বৈদিকযুগে প্রথমতঃ কোন নির্দ্দিষ্ট বর্ণ বা জাতিকে বুঝাইত না,—প্রজা সাধারণকেই বুঝাইত।

[বিশ্ ও অর্য্য দেখ।]

মহাভারতকার সেই আদি বৈদিকযুগের কথা লক্ষ্য করিয়া ঘোষণা করিয়াছেন,—

"ন বিশেষোঽস্তি বর্ণানাং সর্ব্বং ব্রাহ্মমিদং জগৎ।
ব্রহ্মণা পূর্ব্বসৃষ্টং হি কর্ম্মভির্ব্বর্ণতাং গতম্॥
কামভোগপ্রিয়াস্তীক্ষ্ণাঃ ক্রোধনাঃ প্রিয়সাহসাঃ।
ত্যক্ত্বা স্বধর্ম্মান্ রক্তাঙ্গাস্তে দ্বিজাঃ ক্ষত্রতাং গতাঃ॥
গোভ্যো বৃত্তিং সমাস্থায় পীতা কৃষ্যুপজীবিনঃ।
স্বধর্ম্মান্নানুতিষ্ঠন্তি তে দ্বিজা বৈশ্যতাং গতাঃ॥
হিংসানৃতপ্রিয়া লুব্ধাঃ সর্ব্বকর্ম্মোপজীবিনঃ।
কৃষ্টাঃ শৌচপরিভ্রষ্টাস্তে দ্বিজাঃ শূদ্রতাং গতাঃ॥"

(শান্তিপর্ব্ব ১৮৯ অঃ)

বর্ণের ইতর বিশেষ নাই, এই জগৎ সমস্তই ব্রাহ্ম বা ব্রহ্মার সন্তান। পূর্ব্বকালে ব্রহ্মকর্ত্তৃক সৃষ্ট হইয়া কার্য্যদ্বারা ক্রমে ক্রমে ভিন্ন ভিন্ন বর্ণে পরিণত হইয়াছে। যে দ্বিজ (আর্য্য) রজোগুণ প্রভাবে কাম-ভোগপ্রিয়, ক্রোধপরতন্ত্র, সাহসী ও তীক্ষ্ণ হইয়া স্বধর্ম্মত্যাগ করিয়াছে, তাহারা ক্ষত্রিয়ত্ব; যাহারা রজঃ ও তমোগুণ প্রভাবে পশুপালন ও কৃষিকার্য্য অবলম্বন করিয়াছে, তাহারা বৈশ্যত্ব এবং যাহারা কেবল তমোগুণপ্রভাবে হিংসাপর, লুব্ধ, সর্ব্ব-কর্ম্মোপজীবী, মিথ্যাবাদী ও শৌচভ্রষ্ট হইয়া পড়িয়াছে, তাহারা শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে।

উক্ত প্রমাণে বেশ বুঝা যাইতেছে, অতি পূর্ব্বকালে এক দ্বিজ বা আর্য্য জাতিই ছিল, তাহা হইতেই অপরাপর বর্ণের উদ্ভব। রামায়ণ, মহাভারত ও ব্রহ্মাণ্ডপুরাণে লিখিত আছে, সত্যযুগে সকলেই ব্রাহ্মণ ছিল। ত্রেতাযুগে ক্ষত্রিয় ও তৎপরে বৈশ্যবর্ণের উৎপত্তি হইল।

ঋগ্বেদের পুরুষসূক্ত মতে "উরু তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রো অজায়ত" (১০।৯০।১২) অর্থাৎ যাহা হইতে বৈশ্য তাহাই পুরুষের উরুযুগল। অথর্ব্ববেদে "উরু" স্থানে "মধ্য তদস্য যদ্বৈশ্যঃ" এইরূপ উক্তি আছে। তৈত্তিরীয়-সংহিতা বা কৃষ্ণ যজুর্ব্বেদে (৭।১।১।৪-৯) এইরূপ বিবৃত হইয়াছে—

"মধ্যতঃ সপ্তদশং নিরমিমীত তং বিশ্বেদেবা দেবতা অন্বসৃজন্ত জগতীচ্ছন্দো বৈরূপং সাম বৈশ্যো মনুষ্যানাং গাবঃ পশূনাং তস্মাত্ত আত্মা অন্নাধানাদ্ধ্যসৃজন্ত তস্মাদ্ভূয়াংসোঽন্যেভ্যো ভূয়িষ্ঠা দেবতা অন্বসৃজ্যন্ত।"

অর্থাৎ (প্রজাপতি ইচ্ছাক্রমে) তাঁহার মধ্য হইতে সপ্তদশ (স্তোম) নির্ম্মাণ করিলেন। তৎপরে বিশ্বেদেব দেবতা, জগতী ছন্দঃ, বৈরূপ সাম, মনুষ্যগণের মধ্যে বৈশ্য এবং পশুগণের মধ্যে গোগণ সৃষ্ট হইল। অন্নাধার হইতে উৎপন্ন বলিয়া তাহারা অন্নবান্। ইহাদের সংখ্যা বহু, কারণ বহুসংখ্যক দেবতাও পরে উৎপন্ন হইয়াছিল।

শতপথ-ব্রাহ্মণে কথিত হইয়াছে (২।১।৪।১৩)—

"ভূরিতি বৈ প্রজাপতির্ব্রহ্ম অজনয়ত
ভুবঃ ইতি ক্ষত্রং স্বরিতি বিশং।
এতাবদ্বৈ ইদং সর্ব্বং যাবদ্ব্রহ্ম ক্ষত্রং বিট্।"

অর্থাৎ 'ভূঃ' এই শব্দ উচ্চারণ করিয়া প্রজাপতি ব্রাহ্মণকে জন্মাইয়াছিলেন, 'ভুবঃ' এই শব্দ করিয়া ক্ষত্রিয় এবং 'স্বঃ' এইশব্দ উচ্চারণ করিয়া বৈশ্যকে সৃষ্টি করিলেন। এই সমস্ত বিশ্বমণ্ডলই ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য।

তৈত্তিরীয় ব্রাহ্মণে (৩।১২।৯।৩) কীর্ত্তিত হইয়াছে,

"সর্ব্বং হেদং ব্রহ্মণা হৈব সৃষ্টং ঋগ্‌ভ্যো জাতং বৈশ্যং বর্ণমাহুঃ।
যজুর্ব্বেদং ক্ষত্রিয়স্যাহুর্যোনিং সামবেদো ব্রাহ্মণানাং প্রসূতিঃ"॥

এই সমস্ত (বিশ্ব) ব্রহ্মকর্ত্তৃক সৃষ্ট হইয়াছে। কেহ বলেন, ঋক্ হইতে বৈশ্যবর্ণ উৎপন্ন; যজুর্ব্বেদ ক্ষত্রিয়ের যোনি বা উৎপত্তি স্থান; সামবেদ ব্রাহ্মণদিগের প্রসূতি।

উপরোক্ত বৈদিক প্রমাণ হইতে মনে হয়, আদি কালে আর্য্য প্রজা সাধারণ 'বিশ্,' 'অর্য্য' বা 'বৈশ্য' বলিয়া পরিগণিত থাকিলেও কার্য্যানুরোধে অতি পূর্ব্বকাল হইতেই তাঁহাদের মধ্যে বর্ণভেদ ঘটিয়াছিল। কৃষ্ণযজুর্ব্বেদ হইতে বেশ জানা যায় যে গো, অন্নাদি বৈশ্যের সহজাত অর্থাৎ আর্য্যজাতির মধ্যে যাঁহারা

গোরক্ষা ও অন্নাদি বা আহার্য্য দ্রব্যের উপায় করিয়া দিত, তাহারাই 'বৈশ্য' নামে আখ্যাত। যজুর্ব্বেদে স্পষ্ট নির্দ্দিষ্ট রহিয়াছে যে, ইহাদের সংখ্যাই সর্ব্বাপেক্ষা বেশী ছিল। পুরুষ-সূক্তের মতে পুরুষের উরু বা মধ্যস্থানই বৈশ্য। যাস্কের নিরুক্ত মতে উরু বা মধ্যস্থানের অর্থ ভূমি বা পৃথিবী। তাই অথর্ব্ববেদে উক্ত হইয়াছে, মধ্য বা ভূমিই বৈশ্য অর্থাৎ ভূমিকর্ষণাদির জন্যই বৈশ্যের সৃষ্টি। কৃষ্ণযজুর্ব্রাহ্মণ নির্দ্দেশ করিতেছেন, 'বৈশ্যবর্ণকে ঋক্ হইতে জাত বলিয়া জানিবে। আবার কৃষ্ণযজুর্ব্বেদে উক্ত হইয়াছে, বিশ্বেদেব দেবতা ও জগতীচ্ছন্দঃসহ বৈশ্যবর্ণ হইয়াছে। পারস্কর গৃহ্যসূত্রে (২।৩।৭-৯) আছে, "সত্ত্বস্থেব গায়ত্রীং ব্রাহ্মণায়ানুব্রূয়াদাগ্নেয়ো বৈ ব্রাহ্মণ ইতি শ্রুতেঃ। ত্রিষ্টুভং রাজন্যস্য। জগতীং বৈশ্যস্য।"

অর্থাৎ অগ্নিদেবতাক গায়ত্রী ব্রাহ্মণ উচ্চারণ করিবেন, কারণ শ্রুতি নির্দ্দেশ করিয়াছেন, ব্রাহ্মণই আগ্নেয়। 'দেব সবিতঃ' ইত্যাদি ত্রিষ্টুপ্ছন্দোবিশিষ্ট সাবিত্রী ক্ষত্রিয়ের এবং জগতীছন্দোযুক্ত সাবিত্রী বৈশ্যের পক্ষে উচ্চার্য্য। জগতীচ্ছন্দের সাবিত্রী কি? পারস্করগৃহ্যসূত্রের ভাষ্যকার গদাধর লিখিয়াছেন,—

"জগতীচ্ছন্দস্কাং বিশ্বা রূপাণি প্রতিমুঞ্চতে ইত্যৃচং বৈশ্যস্যানুব্রূয়াৎ" অর্থাৎ জগতীছন্দোযুক্ত 'বিশ্বা রূপাণি প্রতি মুঞ্চতে' ইত্যাদি ঋক্ বৈশ্যের উচ্চার্য্য। ঋগ্বেদে উক্ত জগতী ছন্দের সাবিত্রী এইরূপ পূর্ণাকারে দৃষ্ট হয় (এই ঋকের দেবতা সবিতা, ঋষি আত্রেয় শ্যাবাশ্ব।)

"বিশ্বা রূপাণি প্রতি মুঞ্চতে কবিঃ
প্রাসাবীদ্ভদ্রং দ্বিপদে চতুষ্পদে।
বি নাকমখ্যৎ সবিতা বরেণ্যো
হনু প্রয়াণমুষসো বি রাজতি॥" (৫।৮১।২)*

অর্থ—জ্ঞানবান্ সবিতা আপনিই বিশ্বরূপ ধারণ করিয়া থাকেন। তিনি দ্বিপদ ও চতুষ্পদগণের সকল কল্যাণ বিধান করিতেছেন। সেই বরণীয় সবিতা স্বর্গলোককে প্রকাশ করিয়াছেন এবং উষার পশ্চাৎ বিরাজিত হইয়াছেন।

উক্ত ঋঙ্মন্ত্র বৈশ্যের অবলম্বন বলিয়া তৈত্তিরীয় ব্রাহ্মণে বৈশ্যকে ঋগ্জাত এবং বিশ্বদেব সবিতা-মন্ত্রাত্মক জগতীছন্দঃই বৈশ্যবর্ণের গ্রাহ্য বলিয়া কৃষ্ণযজুর্ব্বেদে বিশ্বদেব ও জগতী ছন্দঃ সহ বৈশ্যের উৎপত্তি কল্পিত হইয়াছে।

বৈশ্যবর্ণপ্রাপ্তি সম্বন্ধে ঋগ্বেদের ঐতরেয় ব্রাহ্মণে লিখিত আছে—

"ত্রয়াণাং ভক্ষাণামেকমাহরিষ্যন্তি সোমং বা দধি বাহপো বা স যদি সোমং ব্রাহ্মণানাং স ভক্ষো ব্রাহ্মণাংস্তেন ভক্ষেণ জিন্বিষ্যসি ব্রাহ্মণকল্পস্তে প্রজায়া মা জনিষ্যত আদায্যাপায্যাবসায়ী যথাকামপ্রযাপ্যো যদা বৈ ক্ষত্রিয়ায় পাপং ভবতি ব্রাহ্মণকল্পোহস্য প্রজায়া মাজায়ত ঈশ্বরো হাস্মাদ্ দ্বিতীয়ো বা তৃতীয়ো বা ব্রাহ্মণতামভ্যুপৈতোঃ স ব্রহ্মবন্ধবেন জিজ্যুষিতোহথ যদি দধি বৈশ্যানাং স ভক্ষো বৈশ্যাংস্তেন ভক্ষেণ জিন্বিষ্যসি বৈশ্যকল্পস্তে প্রজায়া মাজনিষ্যতেহন্যস্য বলিকৃদন্যস্যাদ্ যো যথাকামজ্যেয়ো যদা বৈ ক্ষত্রিয়ায় পাপং ভবতি বৈশ্যকল্পোহস্য প্রজায়া মাজায়ত ঈশ্বরো হাস্মদ্ দ্বিতীয়ো বা তৃতীয়ো বা বৈশ্যতামভ্যুপৈতোঃ স বৈশ্যতয়া জিজ্যুষিতঃ" (ঐতরেয় ব্রাহ্মণ ৭।৫।৩)

অনভিজ্ঞ ঋত্বিগ্গণ ক্ষত্রিয়ের তিনটী হেয় ভক্ষের মধ্যে এক অংশ লইয়া থাকেন, হয় সোম, নয় দধি, নয় জল। অনভিজ্ঞ ঋত্বিগ্গণ ব্রাহ্মণভক্ষ সোম যখন গ্রহণ করিবেন, নিজে ব্রাহ্মণদিগকেই জিতিয়া লইবেন, আপনি ব্রাহ্মণকল্প হইবেন, তাঁহারা আদায়ী বা প্রতিগ্রহশীল, আপায়ী বা সোমপানে আগ্রহান্বিত ও আবসায়ী বা পরগৃহে সর্ব্বদা যাচ্ঞাকারী হইবেন এবং ইচ্ছামত সর্ব্বদা কালযাপন করিবেন। যখন ক্ষত্রিয়ের কোন দোষ ঘটে, (অর্থাৎ যজ্ঞকালে ক্ষত্রিয় যদি ব্রাহ্মণের অংশ লয়), তাহা হইলে তাহার সন্ততিও ব্রাহ্মণকল্প হইবে! দ্বিতীয় বা তৃতীয় পুরুষে (পুত্র বা পৌত্র)

* সায়ণাচার্য্য উক্ত ঋকের এইরূপ ভাষ্য করিয়াছেন,—'কবি মেধাবী সবিতা বিশ্বা সর্ব্বাণি রূপাণ্যাত্মনি প্রতি মুঞ্চতে বধ্নাতি ধারয়তি। কিঞ্চ ভদ্রং কল্যাণং গমনাদিবিষয়ং প্রাসাবীৎ অনুজানাতি। কস্মৈ দ্বিপদে মনুষ্যায় চতুষ্পদে গবাশ্বাদিকায়। কিঞ্চ সবিতা সর্ব্বস্য প্রেরকো দেবো বরেণ্যো বরণীয়ঃ সন্ ব্যখ্যৎ খ্যাপয়তি প্রকাশয়তি। কিং নাকং নাস্মিন্নকং দুঃখমস্তীতি নাকঃ স্বর্গঃ। যজমানার্থং স্বর্গং প্রকাশয়তীত্যর্থঃ। স দেব উষসঃ প্রয়াণমুদয়মনু বি রাজতি প্রকাশতে। সবিতুরুদয়াৎ পূর্ব্বং হ্যুষা উদেতি।'

শুক্লযজুর্ব্বেদেও (১২।৩) উক্ত বৈশ্যসাবিত্রী দৃষ্ট হয়। ভাষ্যকার মহীধর বৈশ্যসাবিত্রীটীর এইরূপ ব্যাখ্যা করিয়াছেন—

[কাং ১৩।৫।৬] 'শিক্যপাশং প্রতিমুঞ্চতে ষড়ুদ্ধামং বিশ্বা রূপাণীতি। উৎ ঊর্দ্ধং যম্যতে নিয়ম্যতে যেন্তে উদ্ধামা রজ্জবঃ ষড় দ্ধামা রজ্জব ঊর্দ্ধাকর্ষণহেতবঃ. যস্তেদৃশমাসন্দীস্থং শিক্যপাশং যজমানঃ কণ্ঠে বধ্নাতীতি সূত্রার্থঃ। সবিতৃদেবত্যা জগতী শ্যাবাশ্বদৃষ্টা। কবিঃ বিদ্বান্ ক্রান্তদর্শনঃ। বরেণ্যঃ শ্রেষ্ঠঃ সবিতা সর্ব্বস্য প্রসবিতা সূর্য্যঃ বিশ্বা বিশ্বানি সর্ব্বাণি রূপাণি প্রতিমুঞ্চতে দ্রব্যেষু প্রতিবধ্নাতি রাত্রিতমোঽপহত্য রূপাণি প্রকাশয়তীত্যর্থঃ। যশ্চ দ্বিপদে চতুষ্পদে দ্বিপাদ্ভ্যশ্চতুষ্পাদ্ভ্যো মনুষ্যপশ্বাদিভ্যো ভদ্রং কল্যাণং স্বস্বব্যবহারপ্রকাশনরূপং শ্রেয়ঃ প্রাসাবীৎ প্রেসৌতি প্রেরয়তি। যশ্চ নাকং স্বর্গং ব্যখ্যৎ বিখ্যাতি প্রকাশয়তি অস্তুতিবক্তিখ্যাতিভ্যোঽঙ্ ইতি চ্লেরঙ্। যশ্চ উষসঃ উষঃকালস্য প্রয়াণং গমনমনু পশ্চাৎ উষঃকালে ব্যতীতে সতি বিরাজতি বিশেষেণ দীপ্যতে। উষাঃ সবিতুঃ পুরোগামিনীতি সবিতুঃ স্তুতিঃ। ঈদৃশঃ সবিতা শিক্য প্রতিমুঞ্চত্বিতি শেষঃ।'

সম্পূর্ণ ব্রাহ্মণ্যলাভের উপযুক্ত হইবে এবং ব্রাহ্মণোচিত ভিক্ষাদি দ্বারা জীবিকানির্ব্বাহ করিতে ইচ্ছা করিবে। যখন অনভিজ্ঞ ঋত্বিক্ বৈশ্যের অংশ দধি আহরণ করিবেন, তখন বৈশ্যদিগের উপর তাহার মতিগতি ফিরিবে। তাহার বংশ বৈশ্যকল্প হইয়া জন্মগ্রহণ করিবে। অপর রাজাকে কর দিবে। রাজার ইচ্ছামত তাহারা তিরস্কারভাগী হইবে। যখন ক্ষত্রিয়ের দোষ ঘটিবে (অর্থাৎ যদি যজ্ঞকালে ক্ষত্রিয় বৈশ্যের অংশ দধি লইয়া ফেলে), তাহার সন্তান বৈশ্যকল্প হইয়া জন্মিবে। দ্বিতীয় অথবা তৃতীয় পুরুষে (পুত্র বা পৌত্র) বৈশ্যজাতিভুক্ত হইবার উপযুক্ত হইবে এবং বৈশ্যরূপে জীবিকা নির্ব্বাহ করিতে ইচ্ছা করিবে।

উদ্ধৃত বৈদিক প্রমাণাদি অবলম্বনে আভাস পাওয়া যাইতেছে, যে প্রজাসাধারণের ভূমিকর্ষণ, গোরক্ষা ও অন্নাধানই উপজীবিকা ছিল, যাহারা রাজকর দিত ও রাজপীড়িত হইত এবং জগতীছন্দঃবিশিষ্ট ঋঙ্মন্ত্রই যাহাদের সাবিত্রী বা আর্য্যত্বের নিদর্শন বলিয়া নির্দ্দিষ্ট ছিল, বৈদিক যুগে তাহারাই 'অর্য্য'* বা বৈশ্য নামে অভিহিত হইয়াছিল।

এক এক বর্ণের পক্ষে এক একটী যজ্ঞীয় দ্রব্যগ্রহণের ব্যবস্থা ছিল, এক বর্ণ অপর বর্ণের গ্রাহ্য দ্রব্য গ্রহণ করিলে তাহাকে সেই বর্ণের সমাজে মিশিতে হইত এবং তাহার বংশধরগণ সেই বর্ণ বলিয়াই গণ্য হইত। এরূপ স্থলে দেখা যাইতেছে যে বৈশ্যবর্ণ বলিয়া এক ভিন্ন বর্ণ নির্দ্দিষ্ট থাকিলেও তাহাদের কার্য্য ও ধর্ম্ম অনুসারে তাহারা ভিন্ন বর্ণে মিশিতে পারিত। সেই সময়ে এখনকার মত কঠোরতা ছিল না। বৃত্তিই বর্ণবাচী ছিল।

মগদিগের আদিধর্ম্মশাস্ত্র জন্দ্ অবস্তার অন্তর্গত 'যশ্ন' নামক বিভাগে ১ আথ্রব, ২ রথএস্তাও, ৩ বাশ্ত্রিয়-ফ্সুয়ন্ট ও ৪ হুইতি এই চারিবর্ণের উল্লেখ আছে। (যশ্ন ১৯।৪৬) যশ্নের সংস্কৃতটীকাকার নেরিওসিংহ উক্ত চারিটী শব্দের যথাক্রমে অর্থ করিয়াছেন, ১ আচার্য্য, ২ ক্ষত্রিয়, ৩ কুটুম্বিন্ ও ৪ প্রকৃতিকর্ম্মন্। এখানে কুটুম্বি-শব্দ দ্বারা বৈশ্যবর্ণকেই বুঝাইতেছে।

বেদে চারিবর্ণের মধ্যে "আর্য্যস্ত্রৈবর্ণিকঃ" অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন বর্ণ আর্য্য এবং শূদ্র অনার্য্য বা দস্যু বলিয়া নির্দ্দিষ্ট। [আর্য্য, দাস, দস্যু প্রভৃতি শব্দ দ্রষ্টব্য।] উক্ত চারিবর্ণের উল্লেখ থাকিলেও তদুৎপন্ন বিভিন্ন জাতির প্রসঙ্গ বেদে নাই। বরং শুক্লযজুঃ সংহিতায়—

"নমস্তক্ষভ্যো রথকারেভ্যশ্চ বো নমো নমঃ কুলালেভ্যঃ কর্ম্মারেভ্যশ্চ বো নমো নমো নিষাদেভ্যঃ পুঞ্জিষ্ঠেভ্যশ্চ বো নমো নমঃ শ্বনিভ্যো মৃগয়ুভ্যশ্চ বো নমঃ" (১৬।২৭) এই মন্ত্র মধ্যে তক্ষা বা শিল্পী, রথকার বা সূত্রধার, কুলাল বা কুম্ভকার, কর্ম্মার বা কামার (লৌহকার), নিষাদ বা মাংসাশী গিরিচর, পুঞ্জিষ্ঠ বা পাখ্মারা, শ্বন্ত বা কুকুরপালক (শিকারী), মৃগয়ু বা ব্যাধ ইত্যাদি বিভিন্ন শব্দের উল্লেখ থাকিলেও ঐ গুলি কর্ম্মবাচী, জাতিবাচী নহে।

স্মৃতিসংহিতা-প্রচারকালে নানাজাতির উৎপত্তি হইতেছিল বটে, কিন্তু সে সময়েও আর্য্য-সমাজে সমাজবন্ধনের কঠোরতা ছিল না, এ সময়েও একবর্ণ গুণকর্ম্মানুসারে বর্ণান্তর আশ্রয় করিতে পারিতেন। মনুসংহিতায় আছে—

"শূদ্রায়াং ব্রাহ্মণাজ্জাতঃ শ্রেয়সা চেৎ প্রজায়তে।
অশ্রেয়ান্ শ্রেয়সীং জাতিং গচ্ছত্যাসপ্তমাদ্যুগাৎ॥
শূদ্রো ব্রাহ্মণাতামেতি ব্রাহ্মণশ্চেতি শূদ্রতাম্।
ক্ষত্রিয়াজ্জাতমেবন্তু বিদ্যাদ্বৈশ্যাৎ তথৈব চ॥" (১০।৬৪-৬৫)

অর্থাৎ উৎকৃষ্টজাতি-ব্রাহ্মণ হইতে শূদ্রকন্যাতে যে সন্তান জন্মে, সেই নিকৃষ্টও সপ্তমজন্মে উৎকৃষ্ট জাতিত্ব বা ব্রাহ্মণত্ব প্রাপ্ত হয়। এইরূপে শূদ্র ব্রাহ্মণত্ব এবং ব্রাহ্মণও শূদ্রত্ব প্রাপ্ত হইয়া থাকে। ক্ষত্রিয় ও বৈশ্য সম্বন্ধেও এইরূপ জানিবে।

যাজ্ঞবল্ক্যস্মৃতিতেও এইরূপ ব্যবস্থা দৃষ্ট হয়—

"জাত্যুৎকর্ষে যুগে জ্ঞেয়ো পঞ্চমে সপ্তমেঽপি বা।
ব্যত্যয়ে কর্ম্মণাং সাম্যং পূর্ব্ববচ্চাধরোত্তরম্॥ (১।৯৬)

অর্থাৎ জাতির উৎকর্ষে পঞ্চম বা সপ্তম জন্মে ব্রাহ্মণ্যলাভ; কিন্তু জীবিকার ব্যতিক্রমে পূর্ব্ববৎ অধর (প্রতিলোমজ) এবং উত্তর (অনুলোমজ) হইয়া থাকে। মিতাক্ষরাকার বিজ্ঞানেশ্বর যাজ্ঞবল্ক্যসংহিতার উদ্দেশ্য এইরূপ বুঝাইয়া গিয়াছেন—

"ব্যবস্থা চ—ব্রাহ্মণেন শূদ্রামুৎপাদিতা নিষাদী সা ব্রাহ্মণেনোঢ়া কাঞ্চিজ্জনয়তি। সাপি ব্রাহ্মণেনোঢ়া অন্যামিত্যনেন প্রকারেণ ষষ্ঠী সপ্তমং ব্রাহ্মণং জনয়তি। ব্রাহ্মণেন বৈশ্যায়ামুৎপাদিতা অম্বষ্ঠা সাপ্যনেন প্রকারেণ পঞ্চমী ষষ্ঠং ব্রাহ্মণং জনয়তি। এবমুগ্রা ক্ষত্রিয়েণোঢ়া মাহিষ্যা চ যথাক্রমং ক্ষত্রিয়ং ষষ্ঠং পঞ্চমং জনয়তি।"

অর্থাৎ ব্রাহ্মণদ্বারা শূদ্রাতে উৎপন্না কন্যা নিষাদী, সেই কন্যা ব্রাহ্মণকর্ত্তৃক বিবাহিতা হইলে তাহাতে যদি আবার কন্যা জন্মে, সেই কন্যাকে আবার যদি ব্রাহ্মণ বিবাহ করেন ও তাহার গর্ভে কন্যা উৎপাদন করেন, এইরূপে ষষ্ঠীকন্যা সপ্তমপুরুষে ব্রাহ্মণ জন্মাইবে। ব্রাহ্মণদ্বারা বৈশ্যাতে উৎপন্না কন্যা অম্বষ্ঠা, সেই অম্বষ্ঠার কন্যা-পরম্পরায় পঞ্চমী ষষ্ঠপুরুষে ব্রাহ্মণ জন্মাইবে। এই প্রকার ক্ষত্রিয়-বিবাহিতা উগ্রা বা মাহিষ্যা যথাক্রমে ষষ্ঠ বা পঞ্চম পুরুষে ক্ষত্রিয় উৎপাদন করিয়া থাকে।

* অর্য্য শব্দের প্রমাণ শুক্ল যজুর্ব্বেদে (বাজসনেয়সংহিতায় ১৪।৩০)
"নবদশভিরস্তবত শূদ্রার্য্যাবস্থজ্যোতামহোরাত্রে অধিপত্নী আস্তাং।"
'অর্যঃ স্বামিবৈশ্যয়োঃ' (বেদদীপে মহীধর)

পুরাণেও আমরা বেদস্মৃতিবচনের সমর্থক অনেক প্রমাণ পাইয়াছি। কত ক্ষত্রিয়রাজবংশ বৈশ্যত্ব প্রাপ্ত হইয়াছেন এবং কত বৈশ্য কর্ম্মবলে ব্রাহ্মণত্ব পর্য্যন্ত লাভ করিয়াছেন। এখানে দুই একটী প্রমাণ দিলেই বোধ হয় যথেষ্ট হইবে—

সকল প্রধান পুরাণমতে ক্ষত্রিয়রাজ নেদিষ্ট বা দিষ্টের পুত্র নাভাগ। বিষ্ণু ও ভাগবতপুরাণমতে, নাভাগ কর্ম্মানুসারে বৈশ্যত্ব প্রাপ্ত হইয়াছিলেন—

"নাভাগো দিষ্টপুত্রোঽন্যঃ কর্ম্মণা বৈশ্যতাং গতঃ।"

(ভাগবত ৯।২।২৩)

মার্কণ্ডেয়পুরাণমতে, নাভাগ বৈশ্য-কন্যার পাণিগ্রহণ করিয়া বৈশ্যত্ব প্রাপ্ত হন। আবার হরিবংশে লিখিত আছে, যে নাভাগারিষ্টের দুই পুত্র বৈশ্য হইয়াও ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছিলেন।

"নাভাগারিষ্টপুত্রৌ দ্বৌ বৈশ্যৌ ব্রাহ্মণতাং গতৌ।"

(হরিবংশ ১১ অঃ)

মৎস্যপুরাণ হইতে জানা যায় যে, ভলন্দ, বন্দ্য ও সঙ্কৃতি এই তিন জন বৈশ্য বেদের মন্ত্র প্রকাশ করেন।*

মনুসংহিতায় ও যাজ্ঞবল্ক্যে অবশ্য প্রাচীন ধর্ম্মসূত্রগুলির মতই গৃহীত হইয়াছে। প্রাচীন ধর্ম্মশাস্ত্র অনুসরণ করিয়াই ভৃগুপ্রোক্ত প্রচলিত মনুসংহিতায় লিখিত আছে—

"ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ।
চতুর্থ একজাতিস্তু শূদ্রো নাস্তি তু পঞ্চমঃ ॥ ৪
সর্ব্ববর্ণেষু তুল্যাসু পত্নীষ্বক্ষতযোনিষু।
আনুলোম্যেন সম্ভূতা জাত্যা জ্ঞেয়াস্ত এব তে ॥ ৫
যথা ত্রয়াণাং বর্ণানাং দ্বয়োরাত্মাস্য জায়তে।
আনন্তর্য্যাৎ স্বযোন্যাস্তু তথা বাহ্যেষ্বপি ক্রমাৎ ॥ ২৮

(মনু ১০ অঃ)

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন বর্ণ দ্বিজাতি, চতুর্থ শূদ্র একজাতি; এ ছাড়া পঞ্চম জাতি নাই। সকল বর্ণের মধ্যেই স্বীয় স্বীয় বর্ণের অক্ষতযোনি পত্নীতে যে সন্তান হয়, তাহারা সেই সেই জাতি মধ্যে পরিগণিত হইয়া থাকে। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন বর্ণই যেমন স্বযোনিতে সবর্ণ উৎপাদন করিয়া থাকে, সেইরূপ ঠিক পরবর্ত্তী বর্ণের ভার্য্যাতেও অর্থাৎ স্বজাতীয়া ও অনন্তর-জাতীয়া এই দুই প্রকার ভার্য্যায় আত্মা বা সবর্ণপুত্রই উৎপাদন করিয়া থাকে।

বশিষ্ঠ, গৌতম, বৌধায়ন প্রভৃতি সুপ্রাচীন ধর্ম্মসূত্রেও আমরা উক্ত মতের সমর্থন পাই।† ভববান্ বেদব্যাসও সেই সুপ্রাচীন মত উদ্ধার করিয়া লিখিয়াছেন—

"ভার্য্যাশ্চতস্রো বিপ্রস্য দ্বয়োরাত্মা প্রজায়তে।
আনুপূর্ব্বাদ্দ্বয়োর্হীনৌ মাতৃজাত্যৌ প্রসূয়তঃ ॥ ৪
তিস্রঃ ক্ষত্রিয়সম্বন্ধাদ্দ্বয়োরাত্মাস্য জায়তে।
হীনবর্ণাস্তৃতীয়ায়াং শূদ্রা উগ্রা ইতি স্মৃতিঃ ॥ ৭
দ্বে চাপি ভার্য্যে বৈশ্যস্য দ্বয়োরাত্মাস্য জায়তে।
শূদ্রা শূদ্রস্য চাপ্যেকা শূদ্রমেব প্রজায়তে ॥ ৮

(অনুশাসনপর্ব্ব ৪৮ অঃ)

ব্রাহ্মণের পক্ষে চারিবর্ণের ভার্য্যাই বিহিত, এই চারি ভার্য্যার মধ্য হইতে যাঁহারা ব্রাহ্মণকন্যা ও ক্ষত্রিয়কন্যার গর্ভজাত তাঁহারা তদীয় আত্মা বা তৎসদৃশ ব্রাহ্মণই হইয়া থাকেন। তৎপরে অনুলোমক্রমে অপর দুই পত্নীর (অর্থাৎ বৈশ্যকন্যার ও শূদ্রকন্যার) গর্ভজাত পুত্র মাতৃজাতিই (বৈশ্যকন্যার গর্ভজাত পুত্র বৈশ্য ও শূদ্রকন্যার গর্ভজাত পুত্র শূদ্রই) হইয়া থাকে। এইরূপে ক্ষত্রিয়ের তিনটী (ক্ষত্রিয়া, বৈশ্যা ও শূদ্রা) ভার্য্যার মধ্যে প্রথম দুইটীর অর্থাৎ ক্ষত্রিয়কন্যা ও বৈশ্যকন্যার গর্ভজাত পুত্র ক্ষত্রিয় এবং তৃতীয় হীনবর্ণা শূদ্রকন্যার গর্ভজাত উগ্র শূদ্র বলিয়াই গণ্য। বৈশ্যেরও (বৈশ্যকন্যা ও শূদ্রকন্যা এই) দুইটী ভার্য্যা বিহিত, এই দুইটীতেই তাঁহার আত্মা বা তৎসদৃশ বৈশ্যবর্ণ জন্মিয়া থাকে। শূদ্রের পক্ষে এক শূদ্রাই নির্দ্দিষ্ট এবং তাহাতে শূদ্রবর্ণই জন্মিয়া থাকে।

---

* ভলন্দশ্চৈব বন্দ্যশ্চ সংকৃতিশ্চৈব তে ত্রয়ঃ।
তে চ মন্ত্রকৃতো জ্ঞেয়াঃ বৈশ্যানাং প্রবরাঃ সদা।
ইত্যেকনবতিঃ প্রোক্তাঃ মন্ত্রাঃ যৈশ্চ বহিষ্কৃতঃ। (মৎস্যপু: ১৩২অঃ)

† কেহ কেহ মনুর "স্ত্রীষ্বনন্তরজাতাসু দ্বিজৈরুৎপাদিতান্ সুতান্। সদৃশানেব তানাহুর্মাতৃদোষবিগর্হিতান্॥" (১০।৬) এই শ্লোক দেখিয়া বলিতে চান যে, অনন্তরস্ত্রীজাতপুত্র মাতার হীনজাতিত্বপ্রযুক্ত মাতৃজাতি হইতে শ্রেষ্ঠ এবং পিতৃজাতি হইতে নিকৃষ্ট বলিয়াই গণ্য হইবে, কিন্তু পিতার সমান জাতি বলিয়া পরিগণিত হইতে পারে না। পরবর্ত্তিকালে সাধারণের ঐ রূপই ধারণা ছিল বটে, কারণ পরবর্ত্তী কোন কোন টীকাকারও ঐ রূপ মতই প্রকাশ করিয়াছেন। কিন্তু ইহা সুপ্রাচীন ধর্ম্মসূত্রের মতানুযায়ী নহে। মনু স্মৃতি রচিত হইবার পূর্ব্বেই ধর্ম্মসূত্রকার গৌতম প্রকাশ করিয়াছিলেন।

"অনুলোমা অনন্তরৈকান্তরদ্ব্যন্তরাসু জাতাঃ সবর্ণাম্বষ্ঠোগ্রনিষাদদৌষ্যন্তপারশবাঃ।" (৪।১৬) অর্থাৎ অনন্তর, একান্তর ও দ্ব্যন্তরানুক্রমে জাত অনুলোম পুত্রগণ সবর্ণ, অম্বষ্ঠ, উগ্র, নিষাদ, দৌষ্যন্ত ও পারশব হইয়া থাকে। বৌধায়ন ধর্ম্মসূত্রে আরও একটু স্পষ্ট আছে,—"ব্রাহ্মণাৎ ক্ষত্রিয়ায়াং ব্রাহ্মণো বৈশ্যায়ামম্বষ্ঠঃ শূদ্রায়াং নিষাদঃ" (১।৩) অর্থাৎ ব্রাহ্মণ হইতে বিবাহিতা ক্ষত্রিয়কন্যার গর্ভজাত পুত্র ব্রাহ্মণ, বৈশ্যকন্যাতে অম্বষ্ঠ এবং শূদ্রকন্যাতে পারশব। এইরূপ ক্ষত্রিয় হইতে বিবাহিতা বৈশ্যকন্যাতে ক্ষত্রিয় এবং বৈশ্য হইতে শূদ্রকন্যাজাত পুত্রও বৈশ্য বলিয়া গণ্য হইত। বৌধায়ন, আপস্তম্ব, গৌতম, বশিষ্ঠ প্রভৃতি সকল ধর্ম্মসূত্রকারেরই এই মত। বেদব্যাসও মহাভারতের অনুশাসনপর্ব্বের ৪৮ অধ্যায়ে এই মতই সমর্থন করিয়া গিয়াছেন।

এইরূপে শ্রুতি ও স্মৃতি উভয় প্রমাণ হইতেই দেখা যাইতেছে যে প্রথমে গুণ ও কর্ম্মানুসারে আর্য্য প্রজাসাধারণ বৈশ্যবর্ণ মধ্যে পরিগণিত হইলেও, পরে অপরাপর যৌনসম্বন্ধ হেতুও বৈশ্য-সমাজের পুষ্টিসাধন করিয়াছিল। যথা ব্রাহ্মণসংস্রবে বৈশ্যকন্যায় বৈশ্য এবং বৈশ্যসংস্রবে বৈশ্যকন্যা ও শূদ্রকন্যা উভয়েতেই বৈশ্যজাতি দেখা দিয়াছিল। এ ছাড়া যজ্ঞভাগগ্রহণদোষে বা গুণকর্ম্মানুসারে কতক ব্রাহ্মণ ও ক্ষত্রিয় বৈশ্যশ্রেণী মধ্যে আশ্রয় লাভ করিয়া উত্তরপুরুষে বৈশ্য বলিয়াই গণ্য হইয়া গিয়াছে। বৈশ্যের সংস্কৃত পর্য্যায়—ঊরব্য, ঊরুজ, অর্য্য,ভূমিস্পৃক্, বিট্, দ্বিজ, ভূমিজীবী, ব্যবহর্ত্তা, বার্ত্তিক, স্বার্থবাহ, বণিক্, পণিক। (রাজনি°)

পুরাণে জম্বুব্যতীত অপরাপর দ্বীপেও বৈশ্যবর্ণের কথা লিখিত হইয়াছে। ইহারা প্লক্ষদ্বীপে ঊর্দ্ধায়ন, শাল্মলদ্বীপে বসুন্ধর, কুশদ্বীপে অভিযুক্ত, ক্রৌঞ্চদ্বীপে দ্রবিণ ও শাকদ্বীপে দানব্রত নামে খ্যাত। পুষ্করদ্বীপে সকলেই একবর্ণ, সুতরাং তথায় ইহাদের পৃথক্ কোন সংজ্ঞা নাই। (ভাগবত) ইহাদের শাস্ত্রনিরূপিত ধর্ম্ম তিনটী—অধ্যয়ন, যজন ও দান। কৃষি, গোরক্ষা, বাণিজ্য ও কুশীদ্ এই চারিটীদ্বারা ইহারা জীবনযাত্রা নির্ব্বাহ করিবে। ইহাদের আশ্রম তিন ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য ও বানপ্রস্থ।

মনুতে লিখিত আছে যে, পশুপালন, কৃষি এবং বাণিজ্য বৈশ্যের জীবিকা, দান, যাগ ও অধ্যয়ন ইহাদের ধর্ম্ম। বৈশ্যের স্বকর্ম্মের মধ্যে বাণিজ্য ও পশুপালনই প্রশস্ত। আপৎকাল উপস্থিত হইলে বৈশ্য শূদ্রবৃত্তি দ্বারা জীবিকা অর্জ্জন করিতে পারিবে। কিন্তু যখনই আপদ্ মুক্ত হইবে, তখনই তাহার শূদ্রবৃত্তি পরিত্যাগ করিতে হইবে। বৈশ্যের উপনয়ন সংস্কার হইয়া থাকে, এইজন্য ইহারা দ্বিজাতি মধ্যে পরিগণনীয়, ইহাদের বেদে অধিকার আছে। গর্ভকাল হইতে গণনা করিয়া ১২ বৎসরে বৈশ্যের উপনয়ন দিবে, ইহা মুখ্য কাল। যদি এই সময়ে উপনয়ন না হয়, তাহা হইলে ২৪ বৎসর পর্য্যন্ত উপনয়নের কাল। ২৪ বৎসরের মধ্যে যে কোন বৎসরে উপনয়ন দেওয়া যাইতে পারে। কিন্তু ২৪ বৎসর অতীত হইলে ইহাদিগকে পতিতসাবিত্রীক হইতে হয়। সুতরাং ঐ সময়ের মধ্যেই উপনয়ন দেওয়া উহাদের একান্ত কর্ত্তব্য। ইহাদের অশৌচ পঞ্চদশ দিন। (মনু)

বিষ্ণুসংহিতায় লিখিত আছে যে, গর্ভাধান হইতে শ্মশানকার্য্য অর্থাৎ শ্রাদ্ধাদি পর্য্যন্ত বৈশ্যের সকল কার্য্যই বেদমন্ত্রপাঠ পূর্ব্বক হইয়া থাকে। বৈশ্যের ধর্ম্ম যজন, অধ্যয়ন, পশুপালন। বৃত্তি—কৃষি, বাণিজ্য, গোপোষণ, কুসীদগ্রহণ ও ধান্যাদিবীজরক্ষা। আপৎকালে যদি নিজ নিজ নির্দ্দিষ্ট জীবিকা দ্বারা জীবিকা নির্ব্বাহ না হয় তাহা হইলে পরবৃত্তি দ্বারা অর্থাৎ বৈশ্য শূদ্রবৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে পারিবে। ক্ষমা, সত্য, দম, শৌচ, দান, ইন্দ্রিয়সংযম, অহিংসা, গুরুসেবা, তীর্থপর্য্যটন, দয়া, সরলতা, লোভত্যাগ, দেবব্রাহ্মণপূজা এবং অসূয়া পরিত্যাগ, এইসকল ইহাদের সামান্য ধর্ম্ম। (বিষ্ণুসং° ৩ অঃ)

সমগ্র ভারতে আর্য্যাধিকার বিস্তার ও প্রতিবর্ণের মধ্যেই সামাজিক শৃঙ্খলাস্থাপনের জন্য এক এক বর্ণের মধ্যে আবার বহু সমাজ কল্পিত হইয়াছিল। আমরা ঋক্সংহিতায় দেখিতে পাই যে, এক আর্য্য পরিবার মধ্যেই এক ভাই তাঁত বুনিতেছে, এক ভাই গোচারণ করিতেছে, আর এক ভাই আচার্য্য বা পৌরোহিত্য কার্য্যে ব্রতী হইয়াছে। সুতরাং দেখিতে পাইতেছি যে বৈদিকযুগে কর্ম্ম ও গুণানুসারে চারি বর্ণ স্থির হইয়াছিল বটে, কিন্তু বৃত্তি অনুসারে তখনও নানা জাতি কল্পিত হয় নাই। তৎপরে যখন এক এক বর্ণ মধ্যে পুরুষানুক্রমে এক এক বৃত্তি রহিয়া গেল, ধর্ম্মসূত্রকারেরা তাহাদিগকে এক একটী নির্দ্দিষ্ট নাম দিয়া দিলেন বটে, তখনও ভিন্ন জাতি বলিয়া গণ্য হইল না। কেবল নাম ও বৃত্তি নির্দ্দিষ্ট করিয়া দিয়া তাঁহারা ক্ষান্ত হন নাই। তাঁহারা সঙ্গে সঙ্গে এরূপ কঠোর অনুশাসন করিয়া দিলেন, যাহার প্রতি যে যে বৃত্তি নির্দ্দিষ্ট হইয়াছে, সে সেই বৃত্তি ছাড়া অপর কোন বৃত্তির আশ্রয় করিতে পারিবে না, ইহার অন্যথা করিলে তাহাদের সমাজচ্যুতি বা পাতিত্য ঘটিবে। ইহাতে যে সাধারণের সুবিধা আছে এবং প্রত্যেক বৃত্তির স্থায়িত্ব ও ক্রমোন্নতির সম্ভাবনা আছে, তাহা বলাই বাহুল্য।

ধর্ম্মসূত্র হইতে আমরা প্রথমতঃ বিভিন্ন বর্ণের সংস্রবে ভিন্ন ভিন্ন জাতির উৎপত্তি ও বিস্তৃতি দেখি। অথচ সে সময়েও এখনকার মত সহস্র সহস্র জাতির সৃষ্টি হয় নাই। মূল বর্ণ ছাড়া বশিষ্ঠধর্ম্মসূত্রে ১০টী, বৌধায়নধর্ম্মসূত্রে ১৪টী ও গৌতমধর্ম্মসূত্রে ১৬টী মাত্র মিশ্রজাতির উল্লেখ দৃষ্ট হয়।* ধর্ম্মসূত্রে মোটের উপর চারি মূলবর্ণ এবং ২৪টী * মিশ্রজাতির উল্লেখ আছে। এই ২৪টীর মধ্যে বৈশ্যবর্ণ সংস্রবে মাহিষ্য, অম্বষ্ঠ, করণ, রথকার ও ভূর্জ্জকণ্টক এই ৫টী অনুলোমজ এবং অন্ত্যাবসায়ী, আয়োগব, ধীবর, পুক্কশ, বৈদেহ, মাগধ ও রামক এই ৭টী প্রতিলোমজ সঙ্করজাতির উৎপত্তি হইয়াছিল। অথচ কর্ম্মকার,

* বশিষ্ঠধর্ম্মসূত্র মতে—১ অন্ত্যাবসায়ী, ২ অম্বষ্ঠ, ৩ উগ্র, ৪ চণ্ডাল, ৫ নিষাদ, ৬ পারশব, ৭ পুক্কশ, ৮ বেণ, ৯ রামক ও ১০ সূত।

বৌধায়ন ধর্ম্মসূত্র মতে—১ অম্বষ্ঠ, ২ আয়োগব, ৩ উগ্র, ৪ কুকুটক, ৫ চণ্ডাল, ৬ নিষাদ, ৭ পারশব, ৮ পুক্কশ, ৯ বেণ, ১০ মাগধ, ১১ রথকার, ১২ শ্বপাক, ১৩ সূত, ১৪ ক্ষত্তা।

গৌতম ধর্ম্মসূত্র মতে—১ অম্বষ্ঠ, ২ উগ্র, ৩ করণ, ৪ চণ্ডাল, ৫ দৌষ্যন্ত, ৬ ধীবর, ৭ নিষাদ, ৮ পারশব, ৯ পুক্কশ, ১০ বেণ, ১১ ভূর্জ্জকণ্টক, ১২ মাগধ, ১৩ মাহিষ্য, ১৪ মূর্দ্ধাবসিক্ত, ১৫ যবন, ১৬ সূত।

কাংস্যকার, কুম্ভকার, চিত্রকর, পর্ণকার বা পর্ণজীবী, শঙ্খকার, স্বর্ণকার, সূত্রধার, স্থপতি এবং নানাপ্রকার ব্যবসায়ী বণিক্‌গণও স্বতন্ত্র জাতি বলিয়া পরিগণিত হয় নাই। এই সকল নানা বৃত্তিজীবিগণের অধিকাংশই যে বিরাট বৈশ্যসমাজের অন্তর্ভুক্ত ছিল, তাহাতে সন্দেহ নাই। কিন্তু তৎকালে তাহারা এক একটী ভিন্ন জাতি বলিয়া গণ্য হইতে পারে নাই। সম্ভবতঃ উক্ত জনসাধারণ বৈশ্যবর্ণোচিত আর্য্য ধর্ম্মই আশ্রয় করিয়া চলিতেন। প্রায় ৩০০০ বর্ষ পূর্ব্ব পর্য্যন্ত ভারতে এইরূপই ব্যবস্থা ছিল। তৎপরে ভারতবর্ষে সৌর, জৈন ও বৌদ্ধপ্রভাব বিস্তৃত হইল। প্রজাসাধারণ বা বৈশ্যসমাজ প্রধানতঃ নব প্রবর্ত্তিত ধর্ম্মসম্প্রদায়ের পৃষ্ঠপোষক হইয়াছিল; ক্ষত্রিয়সমাজও তাহাদের অনুকূল ছিল; কিন্তু উক্ত সম্প্রদায়ের সহিত বৈদিক আচার্য্যগণের যথেষ্ট মতভেদ ঘটায় আর্য্যসমাজে প্রথমতঃ একটী ঘোরতর সমাজবিপ্লব উপস্থিত হইয়াছিল। এই সময় জনসাধারণ ক্ষত্রিয় বর্ণকেই ব্রাহ্মণ অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া স্বীকার করিয়া লইলেন। নানা প্রাচীন জৈন ও বৌদ্ধগ্রন্থ হইতে সেই সময়কার জনসাধারণের মত জানিতে পারি। [ভারতবর্ষ শব্দ দেখ] এ সময় ক্ষত্রিয় ও বৈশ্য সমাজে প্রচলিত আচার ব্যবহারেরও কতকটা পরিবর্ত্তন হইতেছিল। সাধারণের বিশ্বাস যে ক্ষত্রিয়-প্রাধান্যেই জৈন ও বৌদ্ধগণের অভ্যুদয়। অবশ্য ক্ষত্রিয়ের জ্ঞান-বল ও বাহুবলে যে উক্ত উভয় ধর্ম্মের সুপ্রতিষ্ঠা হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই; কিন্তু বৈশ্যের অর্থবলও ঐ দুই সাম্প্রদায়িক ধর্ম্মকে সুপ্রতিষ্ঠিত করিবার পক্ষে যথেষ্ট সাহায্য করিয়াছিল। বণিক্‌ বলিলেই ধনবান্‌ বৈশ্য জাতিকে বুঝাইত। বণিক্‌ ও পণিক বৈশ্য শব্দের পর্য্যায়। বৈদিক সময় হইতে এই বর্ণ বাণিজ্য কল্পে সভ্য জগতের সর্ব্বত্র যাতায়াত করিত ও যথেষ্ট ধনসঞ্চয় করিয়া ফিরিত।

আদি সভ্যজগতের ইতিহাসে ফিণিক (Phoenician) নামক যে সুপ্রাচীন বণিক্‌ জাতির উল্লেখ পাই, ঋক্‌-সংহিতায় তাহারাই "পণি" নামে প্রথিত। সেই আদি বৈদিক যুগ হইতেই তাহারা গোরক্ষা, কৃষি ও বাণিজ্য অর্থাৎ মুখ্য বৈশ্যবৃত্তি দ্বারাই জীবিকানির্ব্বাহ করিত।

আর্য্য বণিক্‌গণ দেশ বিদেশে ও সমুদ্রপথে নানাস্থানে যাইয়া পণ্যদ্রব্য ক্রয় ও বিক্রয় করিতেন। [বেদ দেখ।]

ঋক্‌সংহিতার ১।৫৬।২ মন্ত্রে ধনার্থী পণিগণের সমুদ্রগমনের * এবং ৫।৩৪।৭ মন্ত্রে ধন আহরণের † উল্লেখ আছে। উক্ত বেদের ৪।২৪।৯ মন্ত্রে দ্রব্য মূল্য ও ক্রয় বিক্রয়ের প্রথারও আভাস পাওয়া যায়। ‡ অথর্ব্ববেদ হইতেও আমরা জানিতে পারি যে, বৈদিকযুগে বাণিজ্য উদ্দেশে বিদেশে যাইবার কালে বণিক্‌গণ মঙ্গল কামনায় ইন্দ্র অগ্নি প্রভৃতি দেবগণের তুষ্টির জন্য স্তুতি করিতেন। ঐ সকল মন্ত্রে ক্রয়বিক্রয় ও লাভের কথা ব্যক্ত হইয়াছে।

কৃষিবৃত্তি সম্বন্ধেও ঋগ্বেদে বহুল প্রমাণ পাওয়া যায়। ঋক্‌ সংহিতার ১।২৩।১৫ মন্ত্রে কৃষক কর্ত্তৃক গোরুর সাহায্যে যব চাষের কথা আছে।§ উক্ত সংহিতার ৪র্থ মণ্ডলের ৫৭ সূক্তে** ক্ষেত্র-পতির স্তুতি প্রসঙ্গে বলীবর্দ্দ লইয়া কৃষকের ভূমি কর্ষণ এবং বলীবর্দ্দ লইয়া লাঙ্গল ও তাহার ফালদ্বারা সুখে ভূমির উপর গমন এবং পর্জ্জন্য কর্ত্তৃক মধুর জলদ্বারা পৃথিবী জলময়ী হওনের বিষয় বিবৃত আছে। এতদ্ভিন্ন ১০।১০১ সূক্তে†† কৃষিকার্য্য বিষয়ক অনেক তথ্য পাওয়া যায়।

* "তং গূর্তয়ো নেমন্নিষঃ পরীণসঃ সমুদ্রং ন সঞ্চরণে সনিষ্যব।" (ঋক্‌ ১।৫৬।২)

† "সমীং পণেরজতি ভোজনং মুষে বি দাশুষে ভজতি সূনরং বসু।
দুর্গে চন ধ্রিয়তে বিশ্ব আ পুরুজনো যে অস্য তবিষীমচুক্রুধৎ॥"(ঋক্‌ ৫।৩৪।৭)

‡ "ভূয়সা বস্নমচরৎ কনীয়োঽবিক্রীতো অকানিষং পুনর্যন্‌।
স ভূয়সা কনীয়ো নারিরেচীদ্দীনা দক্ষা বি দুহন্তি প্র বাণম্‌॥"
(ঋক্‌ ৪।২৪।৯)

§ "গোভির্যবং ন চর্কৃষৎ॥" (ঋক্‌ ১।২৩।১৫)

** "ক্ষেত্রস্য পতিনা বয়ং হিতেনেব জয়ামসি।
গামশ্বং পোষয়িত্ন্বা স নো মৃড়াতীদৃশে॥
ক্ষেত্রস্য পতে মধুমন্তমূর্ম্মিং ধেনুরিব পয়ো অস্মাসু ধুক্ষ।
মধুশ্চ তং ঘৃতমিব সুপূতমৃতস্য নঃ পতয়ো মৃড়য়ন্তু॥
মধুমতীরোষধীর্দ্যাব আপো মধুমন্নো ভবত্বন্তরিক্ষম্‌।
ক্ষেত্রস্যপতির্মধুমান্নো অস্তরিষ্যন্তো অন্বেনং চরেম॥
শুনং বাহাঃ শুনং নরঃ শুনং কৃষতু লাঙ্গলম্‌।
শুনং বরত্রা বধ্যন্তাং শুনমষ্ট্রামুদিঙ্গয়॥
শুনাসীরাবিমাং বাচং জুষেথাং যদ্দিবি চক্রথুঃ পয়ঃ।
তেনে মামুপ সিঞ্চতং॥
অর্ব্বাচী সুভগে ভব সীতে বন্দামহে ত্বা।
যথা নঃ সুভগাসসি যথা নঃ সুফলাসসি॥
ইন্দ্রঃ সীতাং নিগৃহ্নাতু তাং পূষানু যচ্ছতু।
সা নঃ পয়স্বতী দুহামুত্তরামুত্তরাং সমাং॥
শুনং নঃ ফালা বিকৃষন্তু ভূমিং শুনং কীনাশা অভি যন্তু বাহৈঃ।
শুনং পর্জন্যো মধুনা পয়োভিঃ শুনস্মাসু ধত্তম্‌॥" (ঋক্‌ ৪।৫৭।১-৮)

†† "উদ্‌ধ্যধ্বং সমনসঃ সখায়ঃ সমগ্নিমিন্ধ্বং বহবঃ সনীড়াঃ।
দধিক্রামগ্নিমুষসং চ দেবীমিন্দ্রাবতোঽবসে নিহ্বয়ে বঃ॥
মন্ত্রা কৃণুধ্বং ধিয় আ তনুধ্বং নাবমরিত্রপরণীং কৃণুধ্বম্‌।
ইষ্কৃণুধ্বমায়ুধারং কৃণুধ্বং প্রাঞ্চং যজ্ঞং প্রণয়তা সখায়ঃ॥
যুনক্ত সীরা বি যুগা তনুধ্বং কৃতে যোনৌ বপতেহ বীজম্‌।
গিরা চ শ্রুষ্টিঃ সভরা অসন্নো নেদীয় ইৎসৃণ্যঃ পক্বমেয়াৎ॥
সীরা যুঞ্জন্তি কবয়ো যুগা বি তন্বতে পৃথক্‌।
ধীরা দেবেষু সুম্নয়া।

বৈদিক আচার্য্যগণ বড়ই মাংসপ্রিয় ছিলেন, কিন্তু পণিগণ একৈকালে নিরামিষাশী, কাজেই গোড়া হইতেই উভয় শ্রেণির মধ্যে যথেষ্ট মত বিরোধ ছিল।

[বর্ণলিপি শব্দে ৫৯৪ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

যদিও পণিকগণ পাশ্চাত্য ভূখণ্ডে বাণিজ্য প্রসঙ্গে আর্য্য-সভ্যতা বিস্তারে ও সুবিস্তৃত রাজ্যপ্রতিষ্ঠায় সুযোগ পাইয়াছিল, কিন্তু তাহাদের জন্মভূমি ভারতবর্ষে তাহারা আচার্য্য ও যাজ্ঞিক রাজন্যবর্গের হস্তে প্রথমে উপযুক্ত সদ্ব্যবহার পায় নাই। ঋগ্বেদের ঐতরেয় ব্রাহ্মণ হইতেই দেখাইয়াছি—

"তে প্রজায়া মাজনিষ্যতেঽন্যস্য বলিকৃদন্যস্যাদ্যো যথাকামজেয়ঃ"*

(৭।৫।৩)

অর্থাৎ করপ্রদান, পরাধীনতা ও তিরস্কারভাগিতা এই গুলি বৈশ্যের গুণ বলিয়া বেদের প্রাচীনতম ব্রাহ্মণে নির্দ্দিষ্ট হইয়াছে। রাজাকে বৈশ্যগণ করপ্রদান করিবে ও তাঁহার অধীন হইয়া থাকিবে, ইহা অবশ্য ন্যায্য, কিন্তু তাহারা তিরস্কার-ভাগী হইবে কেন? এটা কি বৈশ্যপণিদিগের উপর বলি-প্রিয় ব্রাহ্মণকারের বিদ্বেষদৃষ্টি নহে? সাধারণ কৃষিসমাজের উপর কৃপাদৃষ্টি থাকিলেও পরবর্ত্তী স্মৃতি, পুরাণ ও নানা সংস্কৃত গ্রন্থ হইতেও পণিক বা প্রকৃত বৈশ্যসমাজের উপর বরাবর ব্রাহ্মণশাস্ত্রকারগণের কৃপাদৃষ্টির ভাব।

যাহা হউক ক্ষত্রিয়রাজগণের দক্ষিণহস্ত স্বরূপ শ্রেষ্ঠী বা ধনী বণিগ্‌গণ রাজার নিকট সেরূপ নিগ্রহভাগী হন নাই। রাজসভায় তাঁহারা মহাসম্মানে কাটাইয়া গিয়াছেন।

বৈশ্য বণিক হইতে যে শৈব, সৌর, জৈন বা বৌদ্ধধর্ম্ম বিশেষ পরিপুষ্টিলাভ করিয়াছিল, নানা জৈন, বৌদ্ধ ও শৈব গ্রন্থেই তাহার যথেষ্ট প্রমাণ রহিয়াছে। তাঁহাদের যত্নে বৌদ্ধধর্ম্ম ভারতবর্ষ ব্যতীত বহুদূর দেশান্তরে প্রচারিত হইয়াছিল, তাঁহাদের প্রতিষ্ঠিত নানা শৈব ও বৌদ্ধ দেব দেবীর মন্দির কেবল ভারতবর্ষ বলিয়া নহে, সুদূর চীন, কম্বোজ, যবদ্বীপ, সুমাত্রা প্রভৃতি ভারত মহাসাগরীয় দ্বীপ ও অন্তর্দ্বীপসমূহে সুশোভিত হইয়াছিল। আনাম, শ্যাম, কম্বোজ, সিংহল প্রভৃতি স্থানে সেই সকল প্রাচীন বণিক্ বংশ-ধরগণ অদ্যাপি বাস করিতেছেন। শ্যাম দেশের ইতিহাস-লেখক বাউরিং সাহেব লিখিয়াছেন,—

"The forefathers of these people (of Anam, Siam, Cambodge) came from the Ganges valley, and probably they were the people of Bengal·····The cut of the face is like that of a Bengali.....At one time Cambodia was a powerful Hindoo kingdom and the Bengali merchants and traders used to frequent the Island.....The descendants of the Bengali Baniks (traders and navigators) are found in Ceylon, Siam, Anam and Borneo." †

পূর্ব্বেই দেখাইয়াছি যে চাষী ও বণিক্ এই দুই শ্রেণির লোক লইয়া বৈশ্যসমাজ বা প্রজা সাধারণ, ইহাদের নিকট কর গ্রহণ করিয়াই রাজার রাজত্ব। কারণ শূদ্রের নিকট রাজস্ব আদায়ের ব্যবস্থা ছিল না। গৌতম-ধর্ম্মসূত্র হইতে আমরা জানিতে পারি যে কৃষকেরা রাজাকে এক দশমাংশ, এক অষ্টমাংশ বা এক ষষ্ঠাংশ কর দিত। গবাদি পশু ও সুবর্ণের উপর $\frac{১}{৫০}$ অংশ, পণ্য দ্রব্যের উপর শুল্ক হিসাবে $\frac{১}{২০}$ অংশ, মূল ফল, ফুল, ভেষজ লতা গুল্মাদি, মধু, মাংস, তৃণ ও ইন্ধনের উপর $\frac{১}{৬০}$ অংশ কর আদায় হইত। কর্ম্মকার ও শিল্পিদিগকে মাসের মধ্যে এক দিন করিয়া রাজার কাজ করিয়া দিয়া আসিতে হইত।

পাটলীপুত্রবাসী গ্রীকদূত ভারতীয় প্রজা সাধারণের সম্বন্ধে দুই হাজার বর্ষের পূর্ব্বে লিখিয়া গিয়াছেন,

"They live happily enough, being simple in their manners and frugal. They never drink

---

নিরাহাবান্ কৃণোতন সং বরত্রা দধাতন।
সিঞ্চামহা অবতমুদ্রিণং বয়ং সুযেকমনুপক্ষিতম্॥
ইক্কুতাহাবমবতং সুবরত্রং সুযেচনম্।
উদ্রিণং সিঞ্চে অক্ষিতং॥
প্রীণীতাখান্ হিতং জয়াথ স্বস্তিবাহং রথযিং কৃণুধ্বম্।
দ্রোণাহাবমবতমশ্বচক্রমংসত্রকোশং সিঞ্চতা নৃপাণম্॥
ব্রজং কৃণুধ্বং স হি বো নৃপাণো বর্ম সীব্যধ্বং বহুলা পৃথূনি।
পুরঃকৃণুধ্বমায়সীরধৃষ্টা মা বঃ সুস্রোচ্চমসো দৃংহতা তম্॥
আ বো ধিয়ং যজ্ঞিয়াং বর্ত্ত উতয়ে দেবা দেবীং যজতাং যজ্ঞিয়ামিহ।
সা নো দুহীয়দ্যবসেব গত্বী সহস্রধারা পয়সা মহী গোঃ॥
আ তূর্ষিঞ হরিমীং দ্রোরুপস্থে বাণীভিস্তক্ষতাশ্মন্ময়ীভিঃ।
পরিষ্বজধ্বং দশ কক্ষ্যাভিরুভে ধুরৌ প্রতি বহ্নিং যুনক্ত॥
উভে ধুরৌ বহ্নিরাপিন্দমানোঽন্তর্যোনেব চরতি দ্বিজানিঃ।
বনস্পতিং বন আস্থাপয়ধ্বং-নিষূদধিধ্বমথনন্ত উৎসম্॥
কপূন্নরঃ কপৃথমুদ্দধাতন চোদয়ত খুদত বাজসাতয়ে।
নিষ্টগ্র্যঃ পুত্রমা চ্যাবয়োতয় ইন্দ্রং সবাধ ইহ সোমপীতয়ে॥

(ঋক্ ১০।১০১।১-১২)

* সায়ণাচার্য্য এইরূপ ভাষ্য করিয়াছেন,—

'বৈশ্যশ্চ বাণিজ্যং কুর্ব্বন্ অন্যস্য রাজ্ঞো বলিকৃৎ বলিং পূজাং করোতি, করং প্রযচ্ছতীত্যর্থঃ। অতএব অন্যস্য রাজ্ঞঃ আদ্যঃ ভক্ষ্যোঽধীনো ভবতীত্যর্থঃ। তস্য রাজ্ঞঃ কামমিচ্ছামনতিক্রম্য জেয়ঃ অভিভবনীয়ো ভবতি। জ্যা অভিভবে ইতি ধাতুঃ। ত এতে করপ্রদানপরাধীনত্বতিরস্কার্য্যত্বাখ্যা বৈশ্যগুণাঃ।'

(সায়ণ ৭।৫।৩)

† Bowring's Siam, Vol. II.

wine, except at sacrifices. Their beverage is a liquor composed from rice instead of barley, and their food is principally a rice pottage. The simplicity of their laws and their contracts is proved by the fact that they seldom go to law. They have no suits about pledges and deposits, nor do they require either seals or witnesses, but make their deposits and confide in each other. Their house and property they generally leave unguarded. These things indicate that they possess sober sense. Truth and virtue they hold alike in esteem. Hence they accord no special privileges to the old unless they possess superior wisdom." *

ঐ সময়ের কিছু পরে রচিত জৈনদিগের 'উপাসকদশাসূত্র' হইতে জানিতে পারি যে আনন্দ নামে এক বৈশ্য গৃহস্থ ছিলেন। তিনি জৈনশাস্ত্রানুসারে যতিধর্ম্ম গ্রহণ না করিলেও পঞ্চ অনুব্রত গ্রহণ করিয়াছিলেন। তিনি সকলপ্রকার জীবহিংসা, সকলপ্রকার মিথ্যা প্রবঞ্চনা এককালে পরিত্যাগ করিয়াছিলেন। তিনি শিবনন্দা নামে একটীমাত্র স্ত্রীতে রত ছিলেন। ৪কোটী সুবর্ণ তাঁহার কোষাগারে গচ্ছিত, ৪ কোটী সুবর্ণ কুশীদের জন্য খাটিত এবং ৪ কোটী সুবর্ণের জমিদারীও ছিল। ইহাই তাঁহার গচ্ছিত আয়ের সীমা। ইচ্ছা করিয়া তিনি আয় বাড়াইতে চেষ্টা করেন নাই। এ ছাড়া তাঁহার ৪ দল গোমেষাদি ছিল, ইহার এক এক দলে দশহাজার হইবে। ৫০০ হাল এবং প্রত্যেক হালের উপযুক্ত ১০০ নিবর্ত্তন জমি, বৈদেশিক বাণিজ্যের জন্য ৫০০ শত এবং দেশজাত বাণিজ্যের জন্য ৫০০ শত শকট, এ ছাড়া জলপথে বৈদেশিক বাণিজ্যের জন্য চারিখানি জাহাজ এবং স্বদেশী বাণিজ্যের জন্য অপর ৪ খানি জাহাজ সর্ব্বদা প্রস্তুত থাকিত।

উপাসকসূত্রে যে একজন সামান্য জৈন বণিকের পরিচয় দিলাম, তাহাতেই বুঝিতে হইবে যে ভারতীয় বৈশ্যসমাজ কিরূপ উন্নত ছিল। মৃচ্ছকটিনাটক হইতেও রাজধানীতে 'শ্রেষ্ঠী-চত্বর' পাই, এখানে ধনকুবেরগণ বাস করিতেন। ভারতের সকল প্রধান সহরেই তাঁহাদের কুঠী ছিল। নানা জহরত, নানাপ্রকার রেশমী ও মূল্যবান্ দ্রব্য ও স্তূপাকার ধনরাশি বহু জনপূর্ণ সহরের নিভৃত গলির মধ্যস্থ অন্ধকার কুঠীর মধ্যে সযত্নে রক্ষিত থাকিত, প্রয়োজন হইলে রাজাধিরাজকেও তাঁহাদিগের নিকট কর্জ্জ লইতে হইত। তাঁহাদের অহঙ্কার বা গৌরবস্পৃহা ছিল না, তাঁহারা স্বজাতিপোষণ, প্রকাণ্ড প্রকাণ্ড দেবালয় স্থাপন ও দেবগুরুতে ভক্তি প্রদর্শন দ্বারা অক্ষয় নাম অর্জ্জন করিয়া গিয়াছেন। এখনও তাঁহাদের বংশধর শ্রেষ্ঠীগণের মধ্যেও সেই পূর্ব্বস্মৃতি বিলুপ্ত হয় নাই। ভারতবর্ষের সকল জৈনতীর্থগুলি এখনও এই উদারচরিত শ্রেষ্ঠীবংশীয়দিগের যত্নে ও ব্যয়ে বিদ্যমান রহিয়াছে; এখনও শত শত জৈন ও হিন্দু দেবালয় ভারতীয় বণিক্ সমাজের মহত্ত্ব ঘোষণা করিতেছে। সেই সকল শ্রেষ্ঠী ও শিল্পীদিগের প্রভাব পাশ্চাত্য জগৎকেও চমৎকৃত করিয়াছিল। ঐতিহাসিক লিখিয়াছেন,—

"These artists are marked all through the known world, and the products of their skill were appreciated in the court of Harun-al-Rashid in Baghdad, and astonished the great Charlemagne and his rude barons, who as an English poet has put it, raised their visors and looked with wonder on the silks and brocades and jewellary which had come from the far East to the infant trading marts of Europe." †

প্রাচীন বৈশ্য সমাজের বিশেষত্ব—সরলতা ও আড়ম্বরহীনতা, লক্ষ্য—বাণিজ্য ও কৃষি। যে কোটীপতি আনন্দের কথা পূর্ব্বে লিখিয়াছি, সেই আনন্দের আহার ব্যবহার নিতান্ত সামান্যরূপ ছিল; কোন বিষয়েই তাঁহার সুখভোগ লালসা ছিল না। তাঁহার নিত্য আবশ্যকীয় খাদ্য ও ব্যবহার্য্য দ্রব্যের যে তালিকা উক্ত জৈন শাস্ত্রকার প্রদান করিয়াছেন তাহাই এখানে উদ্ধৃত হইল:—

"আনন্দ নিদ্রা হইতে প্রাতে শয্যা ত্যাগ করিয়া লালরঙের গামছা ও একটী কাঁচা ডালের দাঁতনকাটী লইয়া মুখ ধুইতেন। তৎপরে একটী ফল ও আমলকের শ্বেতাংশ শাঁস ভক্ষণ করিয়া দুইপ্রকার তৈল অভ্যঙ্গে ব্যবহার করিতেন। তদন্তে গাত্রে একপ্রকার সুগন্ধিচূর্ণ লেপন করিয়া ৮ ঘড়া জলে গাত্র ধৌত করিয়া একজোড়া কার্পাসবস্ত্র পরিধান করিতেন। তাঁহার নিত্য ব্যবহারের জন্য তিনি কুঙ্কুম, চন্দন, মুসব্বর, কস্তুরী, প্রভৃতি গন্ধদ্রব্য অঙ্গে লেপন করিতেন ও গৃহে ধূপ, ধূনা জ্বালাইতেন। পূজার জন্য তিনি শ্বেতপদ্ম ও অন্য একপ্রকার ফুল লইতেন। তাঁহার কর্ণে অলঙ্কার ও হস্তে অঙ্গুরীয়ক ছিল।

"খাদ্য দ্রব্য উপভোগেও তাঁহার বিশেষ আড়ম্বর ছিল না। কএকপ্রকার শীতল পানীয়, চাউল ডাউলের খিচুড়ী, ঘিয়ে ভাজা বা চিনির রসে পাক করা পিঠা, নানাপ্রকার চাউলের অন্ন, কলাই, মুগ বা মাষকলাইর ডাল, শরৎঋতুতে সংগৃহীত গব্যঘৃত, সাধারণ

* Bohn's Translation of Strabo, Vol. III.

† R. C, Dutt's Civilisation in Ancient India, Vol. II. p. 312.

ব্যঞ্জনাদি ও পলঙ্গ মন্থ তাঁহার নিত্যনিয়মিত আহার্য্য ছিল; সুপরিস্কৃত পানীয়ের জন্য তিনি বৃষ্টি-জল ধরিয়া সংগ্রহ করিতেন, পাঁচপ্রকার মসলাযুক্ত তাম্বুল তাঁহার মুখশুদ্ধির জন্য প্রস্তুত হইত।" (উপাসকদশসূত্র)

একজন কোটিপতির কিরূপ সরল ও আড়ম্বরহীন আচরণ! এই কারণেই ভারতীয় বণিক্‌গণ কালে 'মহাজন' ও 'সাধু' আখ্যায় অভিহিত হইয়াছিলেন। বৈশ্য সাধারণে কি কি ব্যবসা করিতেন ও তন্মধ্যে কোন্‌টী নিন্দিত ও কোন্‌টী প্রশস্ত ছিল, মনুসংহিতার আপদ্ধর্ম্মে তাহার কতকটা আভাস পাওয়া যায়।—

মনুসংহিতার ১০ম অধ্যায়ে লিখিত আছে—

"ইদন্তু বৃত্তিবৈকল্যাৎ ত্যজতো ধর্ম্মনৈপুণম্।
বিট্‌পণ্যমুদ্ধৃতোদ্ধারং বিক্রেয়ং বিত্তবর্দ্ধনম্॥ ৮৫
সর্ব্বান্ রসানপোহেত কৃতান্নঞ্চ তিলৈঃ সহ।
অশ্মনো লবণঞ্চৈব পশবো যে চ মানুষাঃ॥ ৮৬
সর্ব্বঞ্চ তান্তবং রক্তং শাণক্ষৌমাবিকানি চ।
অপি চেৎ স্যুররক্তানি ফলমূলে তথৌষধী॥ ৮৭
অপঃ শস্ত্রং বিষং মাংসং সোমং গন্ধাশ্চ সর্ব্বশঃ।
ক্ষীরং ক্ষৌদ্রং দধি ঘৃতং তৈলং মধু গুড়ং কুশান্॥ ৮৮
আরণ্যাংশ্চ পশূন্ সর্ব্বান্ দংষ্ট্রিনশ্চ বয়াংসি চ।
মদ্যং নীলিঞ্চ লাক্ষাঞ্চ সর্ব্বাংশ্চৈকশফাংস্তথা॥ ৮৯
কামমুৎপাদ্য কৃষ্যান্তু স্বয়মেব কৃষীবলঃ।
বিক্রীণীত তিলান্ শুদ্ধান্ ধর্ম্মার্থমচিরস্থিতান্॥ ৯০
ভোজনাভ্যঞ্জনাদ্দানাদ্ যদন্যৎ কুরুতে তিলৈঃ।
কৃমিভূতঃ শ্ববিষ্ঠায়াং পিতৃভিঃ সহ মজ্জতি॥ ৯১
সদ্যঃ পততি মাংসেন লাক্ষয়া লবণেন চ।
ত্র্যহেন শূদ্রীভবতি ব্রাহ্মণঃ ক্ষীরবিক্রয়াৎ॥ ৯২
ইতরেষান্তু পণ্যানাং বিক্রয়াদিহ কামতঃ।
ব্রাহ্মণঃ সপ্তরাত্রেণ বৈশ্যভাবং নিযচ্ছতি॥ ৯৩
রসা রসৈর্নিমাতব্যা ন ত্বেব লবণং রসৈঃ।
কৃতান্নঞ্চাকৃতান্নেন তিলা ধান্যেন তৎসমাঃ॥ ৯৪
জীবেদেতেন রাজন্যঃ সর্ব্বেণাপ্যনয়ং গতঃ।
নত্বেব জ্যায়সীং বৃত্তিমভিমন্যেত কর্হিচিৎ॥ ৯৫
যো লোভাদধমো জাত্যা জীবেদুৎকৃষ্টকর্ম্মভিঃ।
তং রাজা নির্ধনং কৃত্বা ক্ষিপ্রমেব প্রবাসয়েৎ॥ ৯৬
বরং স্বধর্ম্মো বিগুণো ন পারক্যঃ স্বনুষ্ঠিতঃ।
পরধর্ম্মেণ জীবন্ হি সদ্যঃ পততি জাতিতঃ॥ ৯৭
বৈশ্যোজীহবন্ স্বধর্ম্মেণ শূদ্রবৃত্ত্যাপি বর্ত্তয়েৎ।
অনাচরন্নকার্য্যানি নিবর্ত্তেত চ শক্তিমান্॥" ৯৮

ব্রাহ্মণের ও ক্ষত্রিয়ের নিজবৃত্তির অসম্ভাবনা ঘটিলে, এবং ধর্ম্মনিষ্ঠায় ব্যাঘাত হইলে, নিষিদ্ধ বস্তু পরিবর্জ্জনপূর্ব্বক বৈশ্যের বিক্রেতব্য বস্তুজাত বিক্রয়দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবেন। কিন্তু তাঁহাদের পক্ষে সর্ব্বপ্রকার রস, তিল, প্রস্তর, সিদ্ধান্ন, লবণ, পশু এবং মনুষ্য এই সকল দ্রব্যের বিক্রয় নিষেধ। কুসুম্ভাদি দ্বারা রক্তবর্ণ সূত্র নির্ম্মিত সর্ব্ববিধ বস্ত্র; শণ এবং অতসী তন্তুময় বস্ত্র এবং রক্তবর্ণ না হইলেও মেষলোমবিনির্ম্মিত কম্বলাদি এ সকল বিক্রয় করিতেও নিষেধ। জল, শস্ত্র, বিষ, মাংস, সোমরস, সর্ব্বপ্রকার গন্ধদ্রব্য, ক্ষীর, দধি, মোম, ঘৃত, তৈল, মধু, গুড় এবং কুশ এ সকল বস্তুরও বিক্রয় নিষেধ। সর্ব্বপ্রকার আরণ্য পশু, বিশেষতঃ গজাদি দংষ্ট্রী পশু, অখণ্ডিত খুর অশ্বাদি, এতদ্ভিন্ন পক্ষী, নীল, মদ্য এবং লাক্ষা—এ সকল বস্তুর বিক্রয়ও নিষেধ। স্বয়ং কর্ষণদ্বারা তিল উৎপাদন পূর্ব্বক অচিরকাল মধ্যে বিশুদ্ধাবস্থায় বিক্রয় করিতে পারে, কিন্তু লাভপ্রত্যাশায় বিলম্বে বিক্রয় করিতে পারিবে না। ভোজন, মর্দ্দন, এবং দান ব্যতীত যদি কেহ তিল বিক্রয় করে, তবে সে পিতৃপুরুষদিগের সহিত কৃমিত্ব প্রাপ্ত হইয়া কুক্কুরবিষ্ঠায় নিমগ্ন হয়। ব্রাহ্মণ মাংস, লবণ এবং লাক্ষা বিক্রয় করিবামাত্রই পতিত হয়; কিন্তু দুগ্ধ ক্রমাগত তিন দিন বিক্রয় করিলে শূদ্রত্ব প্রাপ্ত হইয়া থাকে। মাংসাদি ভিন্ন অন্য নিষিদ্ধ দ্রব্য ইচ্ছা-পূর্ব্বক ক্রমাগত সাতদিন বিক্রয় করিলে ব্রাহ্মণ বৈশ্যত্ব প্রাপ্ত হইয়া থাকে। রসদ্রব্য লওয়া যাইতে পারে, কিন্তু রসদ্রব্যের সহিত লবণের বিনিময় হয় না; সিদ্ধান্নের বিনিময় আমান্নের সহিত হইতে পারে, কিন্তু সমান পরিমাণে দিতে হইবে।

ব্রাহ্মণের আপৎকালে যেরূপ জীবিকা উক্ত হইল, ক্ষত্রিয়ও বিপন্ন হইলে তদনুরূপে জীবিকা নির্ব্বাহ করিবেন; কিন্তু তিনি কখনও বিপ্রবৃত্তি অবলম্বন করিতে পারিবেন না। যদি কোন অধম জাতীয় ব্যক্তি উৎকৃষ্ট জাতির বৃত্তি অবলম্বন পূর্ব্বক জীবিকা নির্ব্বাহ করে, শীঘ্র তাহার সর্ব্বস্ব গ্রহণপূর্ব্বক তাহাকে স্বদেশ হইতে নির্ব্বাসিত করা রাজার কর্ত্তব্য। স্বধর্ম্ম নিকৃষ্ট হইলেও লোকের অনুষ্ঠেয়, আর পরধর্ম্ম উৎকৃষ্ট হইলেও লোকের অনুষ্ঠেয় নহে। জাত্যন্তর ধর্ম্মদ্বারা জীবন ধারণ করিলে মনুষ্য তৎক্ষণাৎ স্বজাতি হইতে পরিভ্রষ্ট হয়। বৈশ্য স্বধর্ম্ম দ্বারা জীবিকানির্ব্বাহে অসমর্থ হইলে উচ্ছিষ্ট ভোজনাদি অনাচার পরিহারপূর্ব্বক দ্বিজশুশ্রূষাদি শূদ্রবৃত্তিদ্বারা জীবিকানির্ব্বাহ করিবে, কিন্তু আপদ্ মুক্ত হইলেই শূদ্রবৃত্তি পরিত্যাগ করিবে।

মনুর বচন হইতে জানিতেছি বৈশ্যেরা এই সকল দ্রব্যের ব্যবসা করিত—

সর্ব্বপ্রকার রস (গুড়, দাড়িম, আমলকী কিরাততিক্তাদি), সিদ্ধান্ন (তণ্ডুলাদি), তিল, পাষাণ, লবণ, নানাবিধ পশু, মনুষ্য,

সর্ব্বপ্রকার তাঁতের কাপড়, রক্ত বস্ত্র, শণের কাপড়, ক্ষৌম বস্ত্র, এবং অজিন বা মেষ লোম নির্ম্মিত অরক্ত বস্ত্র, ফল, মূল, ঔষধি, জল, লৌহ, বিষ, সোমরস, ক্ষীর, দধি, ঘৃত, তৈল, গুড়, কুশ, কর্পূরাদি সুগন্ধি দ্রব্য, মদ্য, মাক্ষিক, মধু, মোম, শস্ত্র, আসব, সকল প্রকার বন্য পশু, দংষ্ট্রী বা বন্য শূকরাদি, পক্ষী, সকল প্রকার একশফ (অশ্ব, অশ্বতর, গর্দ্দভাদি), নীল, লাক্ষা, ইত্যাদি। তবে ঐ সকলের মধ্যে কতক ব্যবসা শ্রেষ্ঠ বৈশ্যের পক্ষে নিন্দিত ছিল, বিশেষতঃ তৈল, দুগ্ধ, লাক্ষা, লবণ, মাংস, গুড়, ও সিদ্ধান্ন যাহারা বিক্রয় করিত, তাহারা অনেকটা হেয় হইত;—এই কারণে আপদ্‌কালেও ব্রাহ্মণ ও ক্ষত্রিয়-বর্ণের পক্ষে ঐ সকল নিন্দিত ব্যবসা নিষিদ্ধ হইয়াছে।

সাধারণতঃ শূদ্র জাতির পক্ষে দ্বিজ শুশ্রূষা ব্যতীত অপর কোন প্রকার বৃত্তি নিষিদ্ধ হইলেও বিপন্ন শূদ্র পুত্রদারাদি প্রতিপালনার্থ কারু ও শিল্পকর্ম্ম করিতে পারিত। (মনু ১০।৯৯) এই কারু ও শিল্পকার্য্য কি? এ সম্বন্ধে মনুভাষ্যকার মেধাতিথি লিখিয়াছেন,—

"কারুকাঃ শিল্পিনঃ সূদতন্তুবায়াদয়স্তেষাং কর্ম্মাণি পাক-বয়নাদীনি প্রসিদ্ধানি" অর্থাৎ কারুকর ও শিল্পিগণ বলিতে সূপকার বা পাচক, তন্তুবায় প্রভৃতি বুঝিতে হইবে। তাহাদের কার্য্য পাক ও বয়নাদি।

পরবর্ত্তী শ্লোকের ভাষ্যেও মেধাতিথি লিখিয়াছেন—'তক্ষকি-বর্দ্ধকি-প্রভৃতয়ঃ কারবস্তেষাং কর্ম্মাণি তক্ষণবর্দ্ধনাদীনি শিল্পানি যত্র ছেদরূপকর্ম্মাণ্যালেখ্যানি।"

প্রসিদ্ধ মনুটীকাকার সর্ব্বজ্ঞনারায়ণও লিখিয়াছেন, "কারু-কাণাং বিশিষ্টকর্ম্মকরাণাং চিত্রকরাদীনাং"—কারুকর অর্থে প্রথিত কামার ও চিত্রকরও জানিবে।

সুতরাং দেখা যাইতেছে পাচক,* তন্তুবায়, কামার, চিত্রকর বা পটুয়া প্রভৃতির কার্য্যও বৈশ্য বা দ্বিজাতির বৃত্তি নহে, উহা শূদ্রবৃত্তি।

এখন বুঝিলাম, কৃষি দ্বারা সকল প্রকার শস্য উৎপাদন; গোমহিষাদি পালন ও অর্থকরী অন্তর্বাণিজ্য ও বহির্বাণিজ্যই বৈশ্যজাতির উপজীবিকা। আশ্চর্য্যের বিষয় কৃষি ও গোরক্ষা বৈশ্য জাতির প্রধান বৃত্তি বলিয়া গণ্য হইলেও কালে ঐ বৃত্তি হীনবৃত্তি বলিয়া গণ্য হইতে থাকে। তাহার কারণ কি? মনুসংহিতায় দেখিতে পাই—

"বৈশ্যবৃত্ত্যাপি জীবংস্তু ব্রাহ্মণঃ ক্ষত্রিয়োঽপি বা।
হিংসাপ্রায়াং পরাধীনাং কৃষিং যত্নেন বর্জ্জয়েৎ॥
কৃষিং সাধ্বিতি মন্যন্তে সা বৃত্তিঃ সদ্বিগর্হিতা।
ভূমিং ভূমিশয়াংশ্চৈব হন্তি কাষ্ঠময়োমুখম্॥" (১০।৮৩-৮৫)

ব্রাহ্মণ ও ক্ষত্রিয়কে যদি বৈশ্যবৃত্তি দ্বারাই জীবিকা নির্ব্বাহ করিতে হয়, তাহা হইলে উভয়েই হিংসাবহুল বলীবর্দ্দাদি পশ্বা-ধীন কৃষিকার্য্য সযত্নে পরিত্যাগ করিবেন। যদিও কেহ কেহ কৃষির প্রশংসা করিয়া থাকেন, তথাপি ইহা সজ্জননিন্দিত, কারণ লাঙ্গলের মুখ ভূমিস্থিত তৃণজলূকাদি প্রাণীদিগকে মারিয়া ফেলে।

যে দিন আর্য্যসমাজে কৃষিকার্য্য এইরূপে নিন্দিত হইল, সেই দিন হইতেই বৈশ্য-বর্ণের প্রধান উপজীবিকা কৃষিবর্জ্জনের সূত্রপাত হইল। যে কৃষিবৃত্তি বেদবেদাঙ্গে ও ধর্ম্মসূত্রে অতি প্রশস্ত বলিয়া গণ্য হইয়াছে, রাজর্ষি জনক প্রভৃতি বহু আর্য্যঋষি সমাদরে ও সসম্মানে যে কৃষিকার্য্য করিয়া গিয়াছেন, সেই কৃষি-বৃত্তি এরূপ নিন্দিত হইবার কারণ কি? আশ্চর্য্যের বিষয় মানব-কল্পসূত্রে, মানবশ্রৌতসূত্রে বা মানবগৃহ্যসূত্রে এরূপ ব্যবস্থা না থাকিলেও ভৃগুপ্রোক্ত মনুসংহিতায় এরূপ কথা স্থান পাইবার কারণ কি? ইহা যে জৈন ও বৌদ্ধপ্রভাবের নিদর্শন, তাহাতে সন্দেহ নাই। "অহিংসা পরমো ধর্ম্মঃ" রূপ মূল-মন্ত্রে দীক্ষিত হওয়ার সহিত বৈশ্যসমাজও কৃষি বৃত্তি ছাড়িলেন, দধি ও দুগ্ধের ব্যবসাও উচ্চ শ্রেণির পক্ষে হীন বলিয়া গণ্য হওয়ায় গোরক্ষা পশুপালনাদি বৃত্তিও বৈশ্য সমাজ হইতে ক্রমে ক্রমে তিরোহিত হইতে চলিল।

এই বৃত্তি-পরিত্যাগ সম্বন্ধে বঙ্গের একজন বহুদর্শী ও নানা-ভাষাভিজ্ঞ পণ্ডিত বলিয়াছেন, 'চারিবর্ণের গঠিত হইবার পূর্ব্বে বৈশ্যগণ 'বিশ্' অর্থাৎ আর্য্যপ্রজাসাধারণরূপে সমাজের সকল কর্ত্তব্য কার্য্য করিতেন। পশুপালন ও কৃষিকার্য্যের ভার তাঁহাদিগের উপর ন্যস্ত ছিল, জীবনযাত্রানির্ব্বাহের সমস্ত কার্য্য ও অর্থকরী মহাজনের কাজও তাঁহারা সম্পাদন করিতেন। যে সকল নীচ ও দাসত্বজ্ঞাপক কর্ম্মে শারীরিক শ্রমের আবশ্যক হইত, শূদ্রবর্ণের সৃষ্টি হইলে, বৈশ্যগণ সেই সকল কার্য্য হইতে অবসর পাইলেন। পরে নানামিশ্রজাতির উৎপত্তি হইলে বৈশ্যগণ কারু ও শিল্পাদি কার্য্য হইতেও অবসর লইলেন

* এখন ব্রাহ্মণে এই পাচকবৃত্তি গ্রহণ করিলেও বাস্তবিক ইহা শূদ্রবৃত্তি। শূদ্র জাতির মধ্যে কে কে পাচক হইতে পারিবে অর্থাৎ কাহার কাহার হাতে সকল দ্বিজাতিই ভোজন করিতে পারিবেন, সকল স্মৃতিসংহিতায় তাহার ব্যবস্থা আছে। যথা—

মনু—"আর্দ্ধিকঃ কুলমিত্রঞ্চ গোপালো দাসনাপিতৌ।
এতে শূদ্রেষু ভোজ্যান্না যশ্চাত্মানং নিবেদয়েৎ॥" ৪।২৫৩।

যাজ্ঞবল্ক্য—"শূদ্রেষু দাসগোপালকুলমিত্রার্দ্ধসীরিণঃ।
ভোজ্যান্না নাপিতশ্চৈব যশ্চাত্মানং নিবেদয়েৎ॥ ১।১৬৬।

যমসংহিতা (২০) ও পরাশর-সংহিতায়ও (১১।২০) ঐরূপ শ্লোক দৃষ্ট হয়।

শিল্পকার্য্যের ভার সূত্রধর, তন্তুবায়, স্বর্ণকার, কর্ম্মকার, কুম্ভকার প্রভৃতির উপর অর্পিত হইল। ঐ সময়ে বৈশ্যগণ কেবল মহাজন ও বণিকের কার্য্যে লিপ্ত থাকেন এবং বৈশ্যগণ কেবল 'বণিক্' নামেই পরিচিত হইয়াছিলেন, রামায়ণের ফলশ্রুতি হইতেও আমরা স্পষ্ট জানিতে পারি।'*

খৃষ্ট পূর্ব্ব ৬ষ্ঠ শতাব্দ হইতে খৃষ্টীয় ৪র্থ শতাব্দ পর্য্যন্ত ভারতে জৈন ও বৌদ্ধধর্ম্ম পাশা পাশি বেশ প্রবল ভাবে চলিতেছিল ;— এ সময়ে বৈশ্য সমাজ দুই সম্প্রদায়ের দক্ষিণহস্তস্বরূপ ছিল বলিলেও অত্যুক্তি হয় না। বৈশালী, শ্রাবস্তী, পাটলিপুত্র, কান্যকুব্জ, উজ্জয়িনী, সৌরাষ্ট্র, পৌণ্ড্রবর্দ্ধন, তাম্রলিপ্ত প্রভৃতি বহুজনাকীর্ণ ও বাণিজ্যপ্রধান সহরের প্রত্নতত্ত্ব হইতে যে ভূরি ভূরি নিদর্শন বাহির হইয়াছে, তাহাতে ভারতীয় বৈশ্য-সমাজের উন্নত অবস্থার পরিচয় পাওয়া যায়।

এমন কি খৃষ্টীয় ৪র্থ ও ৫ম শতাব্দে বৈশ্য-শক্তিই ক্ষত্রিয়-শক্তিকে খর্ব্ব করিয়া মস্তকোত্তলন করিতে সমর্থ হইয়াছিল। যখন ব্রাহ্মণসমাজ দেখিলেন যে, জৈন ও বৌদ্ধধর্ম্মী ক্ষত্রিয়-রাজগণ ব্রাহ্মণশক্তিকে বিপর্য্যস্ত করিয়া ফেলিয়াছেন, ব্রাহ্মণাভ্যুদয়ের আশা নাই! তখন তাঁহারা বৈশ্যশক্তির আশ্রয় গ্রহণ করিয়া ছিলেন, এমন কি একমাত্র ক্ষত্রিয়ের অনুষ্ঠেয় অশ্বমেধ যজ্ঞ বৈশ্যশক্তি দ্বারা সম্পন্ন করিতে অগ্রসর হইয়াছিলেন। গুপ্তসম্রাট সমুদ্রগুপ্তের কথা বলিতেছি। গুপ্তবংশের অভ্যুদয়-কালে ব্রাহ্মণেরা তাঁহাদের আশ্রয় লইয়াছিলেন। তাঁহাদের তৃপ্তিসাধনের জন্যই সম্রাট্ সমুদ্রগুপ্ত † ভারতের প্রাচীন বৌদ্ধ রাজধানী পাটলিপুত্রে ব্রাহ্মণমর্য্যাদা প্রতিষ্ঠাপনার্থ অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন। হিন্দুশাস্ত্র মতে নিম্ন বর্ণ তদপেক্ষা উচ্চ বর্ণের বৃত্তি অবলম্বন করিতে পারিবেন না, তাই এ সময়ে ব্রাহ্মণশাস্ত্রকারগণ ঘোষণা করেন যে, পৃথিবী নিঃক্ষত্রিয় হইয়াছে। কাজেই বৈশ্যদ্বারা তাঁহারা ক্ষত্রিয়ের কার্য্য করাইয়া লইলেন। উক্ত অশ্বমেধ-যজ্ঞটীও প্রকারান্তরে যেন ২য় পরশুরাম কর্ত্তৃক নিঃক্ষত্রিয়যজ্ঞ বলিলেও অত্যুক্তি হয় না। বৈশ্য-সম্রাট্ সমুদ্রগুপ্ত তৎকালীন ভারতের সকল ক্ষত্রিয়-রাজবংশকেই পরাজিত ও অধীনতাপাশে আবদ্ধ করিয়াছিলেন। কিন্তু ইচ্ছা থাকিলেও তিনি এ সময়ে ভারতে স্থায়ী ভাবে বৈদিক ধর্ম্ম বা ব্রাহ্মণ-প্রতিষ্ঠা করিয়া যাইতে পারেন নাই। তিনি নিজে একান্ত ব্রাহ্মণ ভক্ত হইয়া পড়িলেও তাঁহার আত্মীয় স্বজন তখনও অনেকেই বৌদ্ধ ধর্ম্মানুরাগী ছিলেন, একারণ তাঁহার বংশধর গুপ্ত সম্রাট্গণ ব্রাহ্মণ ও শ্রমণ উভয়েরই সম্মান রক্ষা করিতে বাধ্য হইয়াছিলেন। যাহা হউক, খৃষ্টীয় ৭ম শতাব্দের প্রারম্ভে পূর্ব্ব ভারতের অধীশ্বর শশাঙ্ক-নরেন্দ্রগুপ্ত ব্রাহ্মণভক্তির পরাকাষ্ঠা ও বৌদ্ধ-বিদ্বেষের জলন্ত দৃষ্টান্ত দেখাইয়াছিলেন। তিনি ব্রাহ্মণ্যপ্রতিষ্ঠায় অগ্রসর হইলেও আর এক জন বৈশ্যসম্রাট্ তাঁহার গর্ব্ব খর্ব্ব করিতে অস্ত্রধারণ করিয়াছিলেন, তিনিই কনোজপতি হর্ষবর্দ্ধন। হর্ষবর্দ্ধন শশাঙ্ক-নরেন্দ্রগুপ্তকে পরাজয় করিয়া আর্য্যাবর্ত্তের সম্রাট্ হইয়াছিলেন। অনেকে এই হর্ষবর্দ্ধনকে ক্ষত্রিয় বা বৈশ্য রাজপুত বলিয়া পরিচিত করিতে অগ্রসর হইয়াছেন, কিন্তু এই সম্রাট্ কোথাও আপনাকে ক্ষত্রিয় বলিয়া পরিচিত করেন নাই, এই বংশের পূর্ব্বাপর 'বর্দ্ধন' উপাধিই বৈশ্যত্বের পরিচায়ক।

পূর্ব্বেই বলিয়াছি, গুপ্তবংশের অভ্যুদয় প্রকৃত প্রস্তাবে বৈশ্যবর্ণের অভ্যুত্থান। এরূপ মহাশক্তিলাভ সম্ভবতঃ অল্প দিনে ঘটে নাই। বহু পূর্ব্ব হইতেই ধীরে ধীরে বৈশ্যসমাজ যে শক্তি সঞ্চয় করিতেছিলেন, উহা তাহারই বিকাশ। কিরূপে বৈশ্যসমাজ এরূপ মহাশক্তি লাভ করিয়াছিলেন? অধুনা ইংরাজ বণিক্গণ যে উপায়ে পৃথিবীর সকল স্থানে গিয়া ক্রমে ক্রমে অর্থশক্তিবান্ ও অধীশ্বর হইয়া উঠিতেছেন, পূর্ব্বকালে ভারতীয় বৈশ্যসমাজও অনেকটা ঐরূপ ভাবে শক্তি সঞ্চয় করিতেছিলেন। তাহার উজ্জ্বল দৃষ্টান্ত ভারতীয় পণিগণ (Phœnician)। বাণিজ্যপ্রভাবে তাঁহারা সুদূর য়ুরোপ-খণ্ড অধিকার করিয়া সুসভ্য রাজ্যপ্রতিষ্ঠা করিয়াছিলেন। কিন্তু ভারতীয় অপর বণিক্ সাধারণের এরূপ রাজ্যবিস্তারে প্রবৃত্তি ছিল না। তাঁহারা জানিতেন যে, তাঁহাদের জন্মভূমি সুবর্ণপ্রসূ ভারতভূমি হইতে শ্রেষ্ঠ স্থান জগতে নাই, একারণ তাঁহারা মহাদ্বীপান্তর হইতে

---

* Rev. K. M. Banarji's Lecture in Bengal Social Science Association.

† গুপ্তবংশ কোন্ বর্ণান্তর্গত ছিলেন, তৎপক্ষে নানা মত শুনা যায়। তাঁহারা যে ক্ষত্রিয় ছিলেন না, তাহা তাঁহাদের বহু শিলালিপি ও তাম্রশাসন হইতেই জানা যায়। নেপালের লিচ্ছবি ক্ষত্রিয় বংশের সহিত তাঁহাদের যৌন সম্পর্ক থাকায় কেহ কেহ তাঁহাদিগকে "ক্ষত্রিয়" বলিয়াই মনে করেন! মনুসংহিতায় লিচ্ছবিরা ব্রাত্য ক্ষত্রিয়, সম্ভবতঃ গুপ্তপ্রভাবকালে তাঁহারা পুনঃ সংস্কৃত হইয়া ব্রাহ্মণ্য আশ্রয় লাভ করেন। কিন্তু গুপ্তবংশ কখনই ক্ষত্রিয় নহেন, ক্ষত্রিয় হইলে নিশ্চয়ই তাঁহারা গৌরবের সহিত আভিজাত্য ঘোষণা করিতেন। বিশেষতঃ অপর পক্ষে নিষিদ্ধ হইলেও রাজার পক্ষে যে কোন জাতির কন্যা গ্রহণ নিষিদ্ধ ছিল না। রাজা সকল বর্ণের কন্যাই গ্রহণ করিতে পারিতেন, তাহাতে দোষ হইত না। গুপ্তবংশ যে বৈশ্য তাহার সুপ্রাচীন প্রমাণেরও অভাব নাই। পারস্কর গৃহ্যসূত্রে লিখিত আছে "শর্ম্ম ব্রাহ্মণস্য বর্ম্ম ক্ষত্রিয়স্য গুপ্তেতি বৈশ্যস্য" (১।১৭।৪) অর্থাৎ বৈশ্যের নামের শেষে গুপ্ত উপাধি থাকিবে। যিনি অশ্বমেধ যজ্ঞ করিয়াছেন, তিনি ক্ষত্রিয় হইলে কখনই ক্ষত্রিয়োচিত উপাধি পরিত্যাগ করিতেন না।

আহৃত রত্নরাজি আনিয়া জননী জন্মভূমিকে অশেষ সমৃদ্ধিশালিনী করিয়া তুলিয়াছিলেন। তাঁহারা বাণিজ্যলাভাশয়ে কত দূরদেশে যাতায়াত করিতেন? আমরা তাসিতাসের অনুবাদ হইতে এইরূপ প্রমাণ পাই—

"Pliny the elder relates the fact, after Cornelius Nepos, who, in his account of a voyage to the North, says, that in the consulship of Quintus Metellus Celer, and Lucius Afranius (A. U. C. 694, before Christ 60), certain Indians, who had embarked on a commercial voyage, were cast away on the coast of Germany, and given as a present, by the King of the Suevians, to Metellus, who was at that time proconsular Governor of Gaul. "Cornelius Nepos de Septentrionali circuitu tradit quinto Metello Celeri, Lucii Afranii in Consulatu Collegæ, sed tum Galliæ procunsuli, Indos a rege Suevorum dono datos, qui ex India commercii Causa navigantes, tempestatibus essent in Germanian abrepit." Pliny, lib. ii. s. 67. The work of Cornelius Nepos has not come down to us ; and Pliny, as it seems, has abridged too much. The whole tract would have furnished a considerable event in the history of navigation. At present we are left to conjecture, whether the Indian adventurers sailed round the cape of Good Hope, through the Atlantic Ocean, and thence into the Northern Seas ; or whether they made a voyage still, more extraordinary, passing the island of Japan, the coast of Siberia, Kamschatska, Zembla in the Frozen Ocean, and thence round Lapland and Norway, either into the Baltic or the German cean." *

দুই হাজার বর্ষেরও পূর্ব্বে ভারতীয় বণিক্‌গণ জর্ম্মাণির উপকূলে গিয়া বাণিজ্য করিয়া আসিতেন, সেই অতি পূর্ব্বকালে উত্তালতরঙ্গসঙ্কুল জাপান উপসাগর ভেদ করিয়া অথবা আটলাণ্টিক মহাসাগর হইয়া কিরূপে তাঁহারা সেই দূরদেশে উপস্থিত হইয়াছিলেন—তাহা ঠিক করিতে না পারিয়া অনুবাদক মর্ফি (Murphy) সাহেব অতি বিস্মিত হইয়াছেন। তদপেক্ষা প্রাচীন কাল হইতেই যে এখানকার বণিক্‌গণ মিসরের রত্নাহরণে তথায় বাণিজ্য করিতে যাইতেন, সে কথাও বলিয়াছি।†

* Tacitus translated by Murphy. Philadephia, 1836 p. 606.

† Asiatic Researchers, Vol. XVII, p. 619-620.

এখন ভাবিয়া দেখুন, ভারতীয় বৈশ্যসমাজ সাম্রাজ্যলাভের উপযুক্ত মহাশক্তি কিরূপে অর্জ্জন করিয়াছিলেন? এবং অল্প দিনের মধ্যেই সমস্ত ভারতবর্ষ কেন গুপ্তবংশের করতলগত হইয়াছিল?

হিন্দু বৈশ্যসমাজে যাঁহারা জৈন বা বৌদ্ধ ছিলেন, ব্রাহ্মণভক্ত গুপ্তসম্রাট্‌গণের চেষ্টায় তাঁহারা আবার অনেকে হিন্দু হইয়া পড়িয়াছিলেন। খৃষ্টীয় ৫ম শতাব্দে চীন-পরিব্রাজক ফাহিয়ান্ ভারতে বুদ্ধস্মৃতি ও বৌদ্ধকীর্ত্তি দর্শন করিতে আগমন করেন তিনি আর্য্যাবর্ত্তে ব্রাহ্মণ্যধর্ম্ম ও বৌদ্ধধর্ম্মের সমান প্রভাব লক্ষ্য করিয়া গিয়াছিলেন। তিনি সিংহলে যাইবার জন্য তাম্রলিপ্ত বন্দরে হিন্দু বণিক্‌দিগের যে জাহাজে উঠিয়াছিলেন, তাহাতে দুই শত আরোহীর স্থান সংকুলান হইত! ফা-হিয়ানের বর্ণনা পাঠ করিলে সকলেই জানিতে পারিবেন যে হিন্দুবণিক্‌গণ কেবল সিংহল বলিয়া নহে, পণ্যদ্রব্য লইয়া ভারত মহাসাগরীয় সকল জনাকীর্ণ দ্বীপেই গমনাগমন করিতেন। সেই প্রাচীন কালেও ফা-হিয়ান্ যব ও বালিদ্বীপে হিন্দুবণিক্‌দিগের উপনিবেশ দেখিয়া গিয়াছেন। তৎকালে বণিক্ বলিলেই বৈশ্যজাতিকে বুঝাইত। এ সময় উন্নত বৈশ্যসমাজ কৃষি ও পশুপালন এই দুইটী বৃত্তি পরিত্যাগ করিয়াছেন। কেন তাঁহারা এ দুই মুখ্য বৃত্তি পরিত্যাগ করেন, তাহার আভাস পূর্ব্বেই দিয়াছি।

গুপ্ত সম্রাট্‌গণের যত্নে ভারতের নানাস্থানে ব্রাহ্মণ প্রতিষ্ঠার আয়োজন হইলেও বৈশ্যসম্রাট্ হর্ষবর্দ্ধনের চেষ্টায় আর্য্যাবর্ত্তে আবার কিছুদিন বৌদ্ধ প্রতিষ্ঠারই অনুরাগ দেখা গিয়াছিল। যাহা হউক, ৬৪৮ খৃষ্টাব্দে সম্রাট্ হর্ষবর্দ্ধনের মৃত্যুর সহিত আর্য্যাবর্ত্তে বৌদ্ধধর্ম্ম অবসন্ন হইতে আরম্ভ হইল। কিছুকাল পরে (খৃষ্টীয় ৮ম শতাব্দের প্রথমাংশে) কনোজের সিংহাসনে ক্ষত্রিয়বীর যশোবর্ম্মদেব অধিষ্ঠিত হইলেন,—তাঁহার সহিতই যেন আর্য্যাবর্ত্তে ব্রাহ্মণাভ্যুদয়ের স্থায়ী সূত্রপাত হইল! যশোবর্ম্মদেবের যত্নে বৈদিক ধর্ম্মপ্রচারের যথেষ্ট আয়োজন চলিয়াছিল। এ সময়েও পাটলিপুত্র, গৌড় ও তাম্রলিপ্তিতে বৈশ্যসমাজ অতি প্রবল। তাঁহাদের মধ্যে হিন্দুর সংখ্যা অল্প, ও বৌদ্ধের সংখ্যাই বেশী ছিল। পাটলিপুত্রের বৈশ্যসমাজের চেষ্টায় গোপাল মগধের অধীশ্বর হইলেন—তৎপুত্র ধর্ম্মপালের শিলালিপি হইতে জানিতে পারি। যশোবর্ম্মার ন্যায় তাঁহার সমসাময়িক আদিশূর গৌড়মণ্ডলে সাগ্নিক ব্রাহ্মণ আনাইয়া বৈদিকধর্ম্ম প্রচারে মনোযোগী হইয়াছিলেন। কিন্তু তাঁহার দেহাত্যয়ের পরই গোপালের পুত্র ধর্ম্মপাল আসিয়া গৌড়রাজ্য অধিকার করেন। এই পালবংশ কোন্ জাতি ছিলেন তাহা ঠিক জানা যায় নাই। তবে এই বংশের সহিত যে বণিক্‌জাতির যৌন্য

সম্বন্ধ ছিল, গৌড়ীয় সুবর্ণবণিক্‌দিগের কুলেতিহাস হইতে তাহারও কতক আভাস পাওয়া গিয়াছে। প্রায় ৪ শত বর্ষ কাল বৌদ্ধ পালরাজবংশ মগধ ও গৌড়মণ্ডলে আধিপত্য বিস্তার করিয়াছিলেন, এ সময়েও গৌড়বঙ্গের বৌদ্ধধর্ম্মাবলম্বী বৈশ্যসমাজ অনেকটা উন্নত ছিল। তখনও এখানকার বণিক্‌গণ উত্তরে চীন, তিব্বত, পূর্ব্বে আনাম কম্বোজ, দক্ষিণে যব, বালি, বর্ণিও, সুমাত্রা প্রভৃতি দ্বীপপুঞ্জে এবং পশ্চিমে সুরাট, গুজরাত প্রভৃতি প্রদেশ হইয়া সুদূর মিসর দেশেও গমনাগমন করিতেন।

তাঁহারা সমুদ্রযাত্রার উপযোগী কিরূপ জাহাজ নির্ম্মাণ করিতেন? কবিকঙ্কণের চণ্ডীমঙ্গল হইতে তাহার কতক অস্পষ্ট আভাস পাই—

"প্রথমে করিল সজ্জ, দীর্ঘে ডিঙ্গা শত গজ,
আড়ে গড়ে বিংশতি প্রমাণ।
মকর আকার মাথা, গজদণ্ডের বাতা,
মাণিকে করিল চক্ষু দান॥
গড়ে ডিঙ্গা মধুকর, মধ্যে তার রইঘর,
পালে গুড়া বসিতে কাণ্ডার।
দুসারি বসিতে পাট, উপরে মালুম কাট,
পিছে গড়ে মাণিক ভাণ্ডার॥
গড়ে ডিঙ্গা সিংহমুখী, নাম যার গুয়ারেখী,
আর ডিঙ্গা গড়ে রণজয়া।
অতি অপরূপ সীমা, গড়ে ডিঙ্গা রণভীমা,
গড়িল পঞ্চম মহাকায়া॥
গড়ে ডিঙ্গা সর্ব্বধরা, হীরামুখী চন্দ্রকরা;
আর ডিঙ্গা নামে নাটশালা।
চাঁচিয়া কাঁটাল শাল, করে দণ্ড কেরোয়াল,
ডিঙ্গা শিরে বান্ধিল মুড়লা॥"

ঐ সকল ডিঙ্গার গতি কিরূপ ছিল, কবি তাহারও এইরূপ বর্ণনা করিয়াছেন—

"প্রথমে তুলিল ডিঙ্গা নামে মধুকর।
সুবর্ণেতে বাঁধা যার বৈঠকির ঘর॥
তবে ডিঙ্গা তুলিলেন নামে দুর্গাবর।
আখণ্ড চাপিয়া তাতে বসিল গাবর॥
তবে ডিঙ্গাখান তোলে নামে গুয়ারেখী।
দুই প্রহরের পথে যার মালুমকাট দেখি॥
আর ডিঙ্গাখান তোলে নামে শঙ্খচূড়।
আশী গজ পানি ভাঙ্গে গাঙ্গের দুকূল॥
আর ডিঙ্গা তুলিলেন নামে চন্দ্রপাল।
যাহার গমনে দুই কূল করে আল॥
আর ডিঙ্গা তুলিলেন নামে ছোটমুটি।
যাহে ভরা ছিল চালু বায়ান্ন পউটী॥
মোম ধুনা দিয়া সাধু গাহিল সাত নায়।
তুরিত গমনে ডিঙ্গা সাজন করায়॥
সাতখান ডিঙ্গা ভাসে ভ্রমরার জলে।
গোঁজে বান্ধি রাখে তরী লোহার শিকলে॥
অবিলম্বে সদাগর আইসে নিকেতন।
ভাণ্ডারের ঘরে সাধু দিল দরশন॥
জৌয়ের মোহর তায় ছাব উত্তরিয়া।
আঢ়ায় করিয়া ধন লইল মাপিয়া॥
নানা দ্রব্য সদাগর নিল রাশি রাশি।
ভ্রমরার ঘাটে গেল হয়ে অভিলাষী॥"

তৎকালে বঙ্গীয় বণিক্‌গণ কি কি দ্রব্যের বাণিজ্য করিতে বিদেশে গমন করিতেন, কবি মুকুন্দরাম তাহারও এইরূপ পরিচয় দিয়াছেন,—

"অবধান কর রায়, নিবেদি তোমার পায়,
চন্দন নাহিক এক তোলা।
যত সাধু ছিল ঋণী, এবে তারা হইল ধনী,
সম্পদে মাতিয়া হইল ভোলা॥
বিংশতি বৎসর হইল, রঘুপতি দত্ত মৈল,
ডিঙ্গা ভরি আনিত চন্দন।
আর সব সদাগর, তিলেক না ছাড়ে ঘর,
না পাই চন্দন অন্বেষণ॥
ভাণ্ডারে নাহিক নীলা, রসাল নিকর শীলা,
মাণিক বিদ্রুম মতি পলা॥
যতেক চামর ছিল, সকলি পুরাণ হইল,
যেন উড়ে শিমুলের তুলা॥
গজশালে গজ মরে, হাত্যারা হতাশ করে,
লবঙ্গ নাহিক জায়ফলে।
সৈন্ধব বিহনে ঘোড়া, পালে পাল হইল খোঁড়া,
শঙ্খ নাহি বাজে পূজাকালে॥
চামরী চামর ভোট, জগন্নাথ গজঘোট,
একখানি নাহিক ভাণ্ডারে।
শঙ্খ পরিবার তরে, রামাগণে সাধ করে,
পিত্তল ভূষণ মাত্র ঘরে॥
আমার বচন শুন, ধনপতি দত্তে আন,
পাটনেতে দেহ তারে পান।
রচিয়া ত্রিপদী ছন্দ, পাঁচালী করিয়া বন্ধ,
শ্রীকবিকঙ্কণ রস গান॥"

মুসলমান আমলে ও বর্ত্তমান ইংরাজ আমলেও ভারতীয় ণিক্‌সমাজের পূর্ব্বরীতি এককালে পরিত্যক্ত হয় নাই। ধুনিক স্মার্ত্তনিবন্ধকারগণ হিন্দুর পক্ষে সমুদ্রযাত্রা নিষিদ্ধ লিয়া ঘোষণা করিলেও তৈলঙ্গ, তামিল, গুজরাতী মরাঠী ও ঙ্গালী বণিক্‌গণ এখনও সুদূর আফ্রিকা, আমেরিকা ও রাপের স্থানে স্থানে গিয়া পণ্যবিক্রয় করিতে কুণ্ঠিত নহেন। ন্তু বলিতে কি যে দিন হিন্দুস্মার্ত্তগণ সমুদ্রযাত্রার বিরুদ্ধে ণ্ডায়মান হইলেন, সেই দিন হইতেই ভারতের ধর্ম্মভীরু উন্নত ণিক্‌সমাজের উন্নতির মূলে কুঠারাঘাত হইল! তাহারই নতিকাল পরে সামুদ্রবাণিজ্য বঙ্গীয় বণিক্‌দিগের নিকট কবি-ল্পনায় পরিণত হইল।

অপরিণামদর্শী বঙ্গীয় স্মার্ত্তগণ কেবল একটী প্রধান জাতির দেশের উন্নতির পথে অন্তরায় হইয়া ক্ষান্ত হইলেন না। হারা আবার কল্পিত শাস্ত্রবাক্য আশ্রয় করিয়া প্রচার করিলেন কলিতে ব্রাহ্মণ ও শূদ্র ভিন্ন আর কোন বর্ণই নাই। ব্রাহ্মণ ন্ন সকলেই শূদ্র। তাঁহাদের এই নবমত প্রচারের সহিত ৌড়বঙ্গ হইতে বৈশ্যবণিক্‌গণ শূদ্র বলিয়া পরিগণিত হইলেন। ই গৌড়বঙ্গে প্রকৃত বৈশ্যজাতি খুঁজিয়া বাহির করা অতি ঠিন হইয়া পড়িয়াছে। বাস্তবিক যে বঙ্গদেশে একসময়ে ক্ষ লক্ষ বৈশ্যবণিকের বাস ছিল, তাহা কি এককালে লোপ ইয়া গেল? তাহা কখনই সম্ভবপর নহে।

এখনও ভারতবর্ষের সর্ব্বত্রই বৈশ্যজাতির বাস রহিয়াছে। তি সংক্ষেপে তাহাদের পরিচয় দিতেছি।

উত্তরপশ্চিমপ্রদেশ—বর্ত্তমান উত্তরপশ্চিমে যে সকল বণিক্‌-তির বাস আছে, তাঁহারা বহুশত শ্রেণিতে বিভক্ত হইয়া ড়িয়াছেন। রাজস্থানের ইতিবৃত্তলেখক টড্‌সাহেব লিখিয়াছেন, কজন জৈন যতি বণিক্‌জাতির তালিকা সংগ্রহ করিতেছিলেন। ায় ১৮০০ শ্রেণির নাম সংগৃহীত হইলে পর, তিনি দূরবাসী ার এক যতির নিকট ১৫০ নাম পাইলেন। তখন তাঁহার ার্য্য অসম্ভব বুঝিয়া তিনি ক্ষান্ত হইলেন।* বাস্তবিক বলিতে , জাতির সংখ্যা তত বেশী নহে; তন্মধ্যে নিম্নলিখিত জাতি-লিই প্রধান; সেই বণিক্‌সম্প্রদায়ের নানা ব্যবসায় নানা র্ম্মমত, নানা পারিবারিক বিশেষত্ব হইতে বহু শ্রেণির ৎপত্তি হইয়া থাকিবে। যথা—

আগরবালা।

পাওয়া যায়। আগরবালা-বণিক্‌গণ অগ্রসেন নামক একজন রাজার বংশধর। পঞ্জাবপ্রদেশের হিসার জেলার অগ্রহা নগরে তাঁহার রাজধানী ছিল। অগ্রসেন কোন্ সময়ে সরহিন্দ্ বিভাগে রাজ্যশাসন করিতেন, তাহা জানা যায় না, তবে তাঁহার বংশধরগণ একসময়ে হিন্দুবিদ্বেষী হইয়া জৈনধর্ম্মগ্রহণ করেন। ১১৯৪ খৃষ্টাব্দে সাহাব্-উদ্দীন্ ঘোরী অগ্রহা অধিকার করিয়া অগ্রবাল বা আগরবালাদিগকে তদ্দেশ হইতে তাড়াইয়া দেন। এই বিপৎপাতে গৃহশূন্য হইয়া আগরবালাগণ ব্যবসা-বাণিজ্যে লিপ্ত হয়।

ইহাদের মধ্যে এখন বৈষ্ণবের সংখ্যা অধিক, সামান্যসংখ্যক জৈনও দেখা যায়। অনেকে তীর্থক্ষেত্রাদিতে শিব ও কালীর উপাসনা করে বটে, কিন্তু শৈব বা শাক্ত নামে পরিচিত নহে। কুরুক্ষেত্র ও গঙ্গানদী ইহাদের পরম পবিত্র তীর্থ। বণিগ্‌বৃত্তি অবলম্বন করার পর হইতে ইহারা মহাধুমের সহিত দীপালী পর্ব্বে লক্ষ্মীদেবীর পূজা করিয়া থাকে।

কিংবদন্তী এই যে, কোন অগ্রবাল ঘটনাক্রমে এক নাগ-বংশীয়া রাজকন্যার পাণিগ্রহণ করেন, সেই ঘটনা স্মরণ করিয়া প্রত্যেক হিন্দু (বৈষ্ণব) ধর্ম্মাবলম্বী আগরবালা গৃহদ্বারে নাগমূর্ত্তি অঙ্কিত করিয়া ফলফুলযোগে তাঁহার পূজা করে। অনেকেই উপবীতধারী, কিন্তু যাহারা শাস্ত্র নির্দ্দিষ্ট দ্বিজাচার পালনে পরাঙ্মুখ, তাহারা কখনই যজ্ঞসূত্র ধারণ করে না।

ইহাদের মধ্যে ১৮টী গোত্র আছে। সগোত্রে বা সপিণ্ড দোষ থাকিলে ইহারা পুত্রকন্যার বিবাহ স্থির করে না। জৈন ও বৈষ্ণব ধর্ম্মাবলম্বীরাও পরস্পরে বিবাহ দেয়। গৌড় ব্রাহ্মণগণ বিবাহাদিতে যাজকতা করে। সকলেই নিরামিষাশী।

বর্ত্তমান আগরবালাগণের বিশ্বাস, তাহারাই আর্য্য বৈশ্যের প্রকৃত বংশধর। আগরবালা হইতে অসবর্ণা বা অবিবাহিতা পত্নীতে জাত সন্তানগণ দাস নামে পরিচিত। ইহাদের সামাজিক অবস্থাও অনেক উন্নত। সবর্ণাপত্নীজাত সন্তানেরা বিশ্-নামে খ্যাত। সাহাব্ উদ্দীন কর্ত্তৃক বিতাড়িত আগরবালাগণ নানা স্থানে ব্যবসা বাণিজ্যে লিপ্ত হইলেও কেহ কেহ স্বীয় প্রতিভাবলে দিল্লীর মুসলমান সম্রাট্‌গণের অনুগ্রহভাজন হইয়াছিল।

অগ্রবাল বা অসোয়াল।

অগ্রবাল, শ্রীমাল বা শ্রীশ্রীমাল নামে পরিচিত। শ্রীমালী হইতে ইহারা সম্পূর্ণ স্বতন্ত্র এবং তাহাদের সহিত আদান প্রদানও

প্রতিষ্ঠা ছিল, রাজস্থানের ইতিবৃত্ত পাঠ করিলেই তাহা জানা যায়। মুর্শিদাবাদের জগৎশেঠ পরিবার, আজিমগঞ্জের রায় ধনওৎ সিংহ ও লছমিপৎ সিংহ প্রভৃতি ধনশালী মহাজনগণ অশ্ববাল বণিগ্‌বংশসম্ভূত। উত্তরপশ্চিম ভারতে এই শ্রেণীর অনেক ধনবান্ ও বুদ্ধিমান্ ব্যক্তির পরিচয় পাওয়া যায়। যুক্ত প্রদেশের রাজা শিবপ্রসাদ, উদয়পুরের দেওয়ান বাবু পান্নালাল এবং জয়পুরের প্রধান রাজস্বসচিব নাথ মলজী প্রভৃতি কএকজন মাত্র রাজকার্য্যে বিশেষ খ্যাতি লাভ করিয়াছেন।

এই শ্রেণীর অনেকেই লক্ষ্মীর বরপুত্র। ইহারা বাণিজ্য দ্বারা প্রভূত অর্থ উপার্জ্জন করেন বটে, কিন্তু বিশেষ বাণিজ্যকুশলী নহে। বর্ত্তমান সময়ে গুজরাতের নাগর বণিক্ সম্প্রদায় এবং পার্শীসম্প্রদায় * অদৃষ্টের উপর নির্ভর করিয়া বাণিজ্য বিষয়ক যে সকল মহদ্ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছেন, এই সকল অশ্ববাল ধনকুবেরগণ সেরূপ ভাবে বাণিজ্যসমৃদ্ধি করিতে রাজী নহেন, ইঁহারা কেবল পূর্ব্বপুরুষপ্রদর্শিত লেন দেন ব্যাপার লইয়াই বিব্রত আছেন।

ইঁহারা যেমন ধনশালী তেমনিই ধর্ম্মপ্রাণ। পালিতানা ও গির্ণার তীর্থের যাবতীয় মন্দির ইঁহাদেরই অর্থব্যয়ে নির্ম্মিত। কলিকাতা ও বাঙ্গালার অন্যান্য স্থানেও অশ্ববালবণিক্‌গণের প্রতিষ্ঠিত নানাশিল্পকার্য্যযুক্ত মন্দির আছে। ভোজক ব্রাহ্মণগণ সকল ক্রিয়াকলাপেই ইঁহাদের পৌরোহিত্য করেন এবং সকল শ্রেণীর ব্রাহ্মণগণ ইহাদের নিকট দানগ্রহণ করিয়া থাকেন। অশ্ববাল ও আগরবালার সামাজিক মর্য্যাদা সমতুল্য। ইহাদেরও অসবর্ণা পত্নীর গর্ভজাত সন্তানগণ দাস এবং সবর্ণাপত্নীজ তনয়-গণ বিশ্ নামে পরিচিত। উক্ত উভয়বিধ সন্তানগণই বাণিজ্যে লিপ্ত থাকিয়া সামাজিক অবস্থার বিশেষ উন্নতি করিয়াছেন।

খণ্ডেলবাল বেণিয়া।

ধনগরিমায় বা আচার ব্যবহারে খণ্ডেলবালগণ কোন অংশে আগরবালা বা অশ্ববাল হইতে নিকৃষ্ট নহে। জয়পুর রাজ্যের খণ্ডেলনগরের নাম হইতে এই বণিক্ সম্প্রদায়ের খণ্ডেলবালা নাম হইয়াছে। এক সময়ে এই খণ্ডেলনগরী শেখাবতী রাজপুতগণের শাসনকেন্দ্র ছিল।

ইহারা জৈন ও বৈষ্ণব ধর্ম্মাবলম্বী। মথুরার লক্ষপতি শেঠগণ খণ্ডেলবাল-বংশসম্ভূত ও জৈন। ইহাদেরই একটী শাখা রঙ্গাচারী স্বামীর নিকট রামানুজ বৈষ্ণবমতে দীক্ষা গ্রহণ করিয়াছে। আজমীঢ়ের সুপ্রসিদ্ধ বণিক্ মূলচাঁদ সোনী জৈন।

শ্রীমালী বেণিয়া।

রাজপুতনার মারবাড়বিভাগের ঝালর নগরের নিকটবর্ত্তী শ্রীমাল (বর্ত্তমান নাম ভিমাল) নগরবাসী বলিয়া এই সম্প্রদায় শ্রীমালী নামে পরিচিত। এই স্থানবাসী ব্রাহ্মণেরাও সাধারণে শ্রীমালী-ব্রাহ্মণ নামে বিদিত। এই নগরে ১৫ শত ঘর লোকের বাস ছিল। ধনবান্ মহাজনগণ এখানে থাকিয়া পণ্যদ্রব্য ক্রয়বিক্রয় করিতেন এবং এখানকার হাট সর্ব্বদাই "মাল" অর্থাৎ পণ্যদ্রব্যে পূর্ণ থাকিত বলিয়া এই শ্রেণি শ্রীমাল নামে খ্যাত হয়।*

আগরবালাদিগের ন্যায়, শ্রীমালী হইতেও দাস শ্রীমালী বংশের উৎপত্তি হইয়াছে। ঐ দাসসন্ততিগণের মধ্যে জৈন ও বৈষ্ণবমত প্রচলিত, কিন্তু উহাদের বিশ্-সন্তানগণ একমাত্র জৈনধর্ম্মাবলম্বী। বোম্বাই সহরের বিখ্যাত পান্নালাল জহরী ও আহ্মদাবাদের সুপ্রসিদ্ধ ধনী মাখনলাল করমচাঁদ শ্রীমালী। ইহারা জাতীয় ব্যবসা ভিন্ন অন্য কোন রাজকার্য্যে লিপ্ত হয় না।

পল্লিবাল বেণিয়া।

মারবাড় বা যোধপুররাজ্যের অন্তর্গত পল্লীনগরবাসী বলিয়া এই সম্প্রদায় পল্লীবাল নামে খ্যাত। এতদ্দেশবাসী ব্রাহ্মণেরাও পল্লীবালী-ব্রাহ্মণ নামে সর্ব্বত্র পরিচিত। ১১৫৬ খৃষ্টাব্দে রাঠোর-রাজ পল্লীনগর অধিকার করেন।† তাহার বহুপূর্ব্ব হইতে এই নগর একটী বাণিজ্যকেন্দ্র বলিয়া পরিগণিত হইয়াছিল।

ইহারা জৈন ও বৈষ্ণবমতাবলম্বী। আগ্রা ও জৌনপুর-বিভাগে বহুসংখ্যক পল্লীবালের বাস আছে।

পুরাবাল বেণিয়া।

গুজরাতের পোর বা পুরবন্দরে বাসনিবন্ধন এই গুজরাতী-বণিক্‌সম্প্রদায় পোরাবাল নামে খ্যাত। বর্ত্তমান সময়ে ললিতপুর, ঝান্সী, কাণপুর, আগ্রা, হামীরপুর ও বান্দা জেলায় ইহাদের বহুলোকের বাস আছে। ইহারা যজ্ঞসূত্র ধারণ করে না। শ্রীমালী-ব্রাহ্মণেরাই ইহাদের পৌরোহিত্য করে। আহ্মদাবাদের বিখ্যাত ধনী মহাজন ভাগু ভাই পোরাবালবংশোদ্ভূত।

ভাটিয়া।

ভাটিয়ারা রাজপুতনাবাসী এবং আপনাদিগকে রাজপুত বলিয়া পরিচিত করে, কিন্তু ভট্টিজাতীয় রাজপুত হইতে ইহারা সম্পূর্ণ স্বতন্ত্র। বিলাতী কাপড়ের ব্যবসাই ইহাদের একমাত্র উপজীবিকা। বোম্বাই, পঞ্জাব ও করাচীবন্দরেই ইহাদের প্রধানতঃ বাস।

* সর্ দিনসাহ মানিকজী পেতিত, সর্ মঙ্গলদাস নাথুভাই, টাটা, জীজিভাই প্রভৃতি বণিক্‌বৃন্দ।

* Tod's Annals of Rajasthan Vol. II. p. 332

† Hunter's Imperial Gazetter Vol XI, p. 1.

মাহেশ্রী বা মাহেশ্বরী বেণিয়া।

যুক্তপ্রদেশ, রাজপুতনা, বিহার ও নাগপুর অঞ্চলে এই বণিক্‌জাতির বাস দেখা যায়। ইন্দোর রাজধানীর নিকটস্থ সুপ্রাচীন মাহিষ্মতী বা মাহেশ্বরপুর হইতে এই সম্প্রদায়ের মাহেশ্রী নাম হইয়াছে বলিয়া অনেকে অনুমান করেন। কেহ কেহ বলেন, বিকানির রাজ্যেই ইহাদের আদি বাস। আবার মজঃফরপুরবাসী মাহেশ্রীরা বলে যে, ভরতপুর রাজধানীর নিকটবর্ত্তী মহেশনগরীতে তাহাদের আদিবাস ছিল। ইহাদের অধিকাংশই বৈষ্ণবমতাবলম্বী, অতি অল্পসংখ্যক মাহেশ্রী জৈন দেখা যায়। বিকানির রাজ্যের সুপরিচিত ধনী বংশীলাল আবীরচাঁদ মাহেশ্রী বেণিয়া। ভারতের প্রায় সকল প্রধান নগরেই ইহাঁর কুঠী আছে।

অগ্রহারী বেণিয়া।

বারাণসীবিভাগে বহুসংখ্যক অগ্রহারীর বাস দেখা যায়। ইহারা নিরামিষাশী ও উপবীতধারী। আরাজেলাবাসী অগ্রহারীরা শিখধর্ম্মাবলম্বী।

ধুনসর বেণিয়া।

দিল্লী ও মীর্জাপুরের মধ্যবর্ত্তী গাঙ্গেয় অন্তর্ব্বেদীতে ইহাদের বাস। গুরগাঁও জেলার রেবারি নগরের নিকটস্থ "ধুসি" নামক গণ্ডশৈলদেশের নাম হইতে ইহারা ধুসরী বা ধুনসরী নামে পরিচিত হইয়াছে। ইহারা সকলেই বৈষ্ণবমতাবলম্বী। ইহাদের কেহই বাণিজ্য করে না। অনেকেই ধনশালী ভূম্যধিকারী এবং অবশিষ্ট লোকে কায়স্থের বৃত্তি ও বৈশ্যের বৃত্তিতে জীবিকা নির্ব্বাহ করিতেছে।

উস্মার বেণিয়া।

আগ্রা ও গোরখপুরের মধ্যস্থিত ভূভাগে এবং কাণপুরের চতুষ্পার্শ্বস্থিত জেলাসমূহে এই শ্রেণীর বণিকের বাস আছে। বেহার অঞ্চলে ইহাদের দুই এক ঘর বসতি করিয়াছে। পিতার মৃত্যু না হইলে ইহারা উপবীত গ্রহণ করে না।

রস্তোগী বেণিয়া।

উত্তর অন্তর্ব্বেদী ও লক্ষ্ণৌ, ফতেপুর, ফরুখাবাদ, মীরাট, আজমগড়, প্রভৃতি যুক্ত প্রদেশের প্রধান প্রধান নগরে এই শ্রেণীর বহু বণিকের বাস আছে। কলিকাতা রাজধানী ও পাটনা নগরে বাণিজ্যকার্য্য পরিচালনার্থ কএকঘর রস্তোগী এদেশে আসিয়া বাস করিয়াছে। ইহাদের সকলে বল্লভাচারী সম্প্রদায়ভুক্ত বৈষ্ণব। উস্মারদিগের ন্যায় ইহারাও পিতার মৃত্যুর পর যজ্ঞসূত্র ধারণ করে। কখনও তৎপূর্ব্বে কেহ সাবিত্রীসূত্র গ্রহণ করে না। ইহাদের মধ্যে আমেঠী, ইন্দ্রপতি ও মনহারিয়া নামে তিনটী স্বতন্ত্র থাক দৃষ্ট হয়।

কাসারবাণী ও কসন্ধন বেণিয়া।

যুক্ত-প্রদেশে ও বিহার বিভাগে এই শ্রেণীর বহুসংখ্যক লোকের বাস আছে। ইহারা সামান্য দোকানদারের ন্যায় চাউল, দাউল ও মসলা প্রভৃতি বিক্রয় করিয়া থাকে। কেহ কেহ অনুমান করেন, কংসনির্ম্মিত দ্রব্যব্যবসায়ী কংসবণিক্ নাম হইতেই সম্ভবতঃ ইহারা কাঁসর বা কসারবাণী নামে বিদিত হইয়াছে। আবার কেহ কেহ বলেন, কসন্ধন শব্দটী কৃষাণধন শব্দের অপভ্রংশ বলিয়া জ্ঞান হয়। কসরবাণী শব্দও কৃষাণ বণিক্ শব্দ হইতে গৃহীত। কেননা ইহারা কোনকালেই পিতল বা কাঁসার বাসনাদি বিক্রয় করে না।

ইহাদের মধ্যে সকলেই প্রায় অশিক্ষিত। তবে কেহ কেহ ব্যবসায়ের উপযোগী জ্ঞান লাভ করিয়াছে মাত্র। কসরবাণীরা যজ্ঞোপবীত ধারণ করে না এবং বিধবার বিবাহ দেয়। বারাণসী-বাসী কসরবাণীরা রামোপাসক এবং নিরামিষাশী। মীর্জাপুরের বিন্ধ্যবাসিনী দেবীকে ইহারা পূজা দেয়। কিন্তু বলির ছাগ দেবী সমক্ষে নিহত না করিয়া উৎসর্গান্তে ছাড়িয়া দিয়া থাকে।

লোহিয়া বেণিয়া।

প্রধানতঃ লৌহনির্ম্মিত দ্রব্যাদির বাণিজ্য করে বলিয়া লোহিয়া নামে পরিচিত। ইহাদের কেহ কেহ যজ্ঞসূত্র ধারণ করে। অধিকাংশই বৈষ্ণব, তবে দু-এক ঘর জৈনও দেখা যায়।

সোণিয়া বেণিয়া।

সুবর্ণবণিক্—বাঙ্গালার সুবর্ণবণিক্ সম্প্রদায়ের ন্যায় ইহারা তাদৃশ ধনী নহে। বারাণসীবাসী সোণিয়ারা গুজরাত হইতে আসিয়া তদ্দেশে বাস করিয়াছে। স্বর্ণালঙ্কারাদি নির্ম্মাণ ও স্বর্ণ ক্রয়-বিক্রয় ইহাদের ব্যবসা।

শূরসেনী বেণিয়া।

মথুরা জেলার প্রাচীন নাম শূরসেন, তাহা হইতেই সম্ভবতঃ ইহারা শূরসেনী বলিয়া আখ্যাত হইয়া থাকে।

বরসেনী বেণিয়া।

মথুরার উপকণ্ঠস্থ বর্ষাণা নামক নগরের নাম হইতে ইহারা বর্ষাণী বা বরসেনী নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে। ইহারা ধনশালী। মথুরা ও তৎপার্শ্ববর্ত্তী জেলা সমূহে এই শ্রেণীর বহু লোকের বাস আছে।

বরণবাল বেণিয়া।

বুলন্দসহরের প্রাচীন নাম বরণ। তদ্দেশবাসী বলিয়া এই বণিক্ সম্প্রদায় বরণবাল নাম প্রাপ্ত হইয়াছে। পাঠান-সম্রাট্ মহম্মদ তোগলকের অত্যাচারে উৎপীড়িত হইয়া ইহারা জন্মভূমি ত্যাগ করিতে বাধ্য হয় এবং এতাবা, আজমগড়, গোরখপুর,

মোরাদাবাদ, জৌনপুর, গাজিপুর, বেহার ও ত্রিহুত প্রভৃতি স্থানে ছড়াইয়া পড়ে।

ইহারা গোড়া হিন্দু। গৌড়ব্রাহ্মণ ও মৈথিল ব্রাহ্মণেরা ইহাদের যাজকতা করে। ইহাদের মধ্যে কতকগুলি উপবীত-ধারী, কতকগুলি নিরুপবীত। অনেকেই দোকান রাখে।

অযোধ্যাবাসী বেণিয়া।

অযোধ্যা-প্রদেশবাসী বলিয়া ইহারা অযোধ্যাবাসী নামে পরিচিত। যুক্তপ্রদেশের নানাস্থানে এবং বেহার অঞ্চলে ইহাদের বাস আছে।

জৈসবার বেণিয়া।

অযোধ্যাপ্রদেশের রায়বরেলী জেলার সালোন বিভাগের জৈস্ পরগণায় বাস বলিয়া ইহারা জৈসবার বা জৈসবাড় নামে বিদিত হইয়াছে।

মহোবিয়া বেণিয়া।

হামীরপুর জেলার মহোবা নগরের পূর্ব্বতন অধিবাসী বলিয়া ইহারা মহোবিয়া নামে খ্যাতি লাভ করিয়াছে।

মহুরিয়া বেণিয়া।

বেহার ও গঙ্গাযমুনার অন্তর্ব্বেদিবাসী বণিক্ সম্প্রদায় ভেদ। অনেকে ইহাদিগকে রস্তোগীশ্রেণীর অন্যতম শাখা বলিয়া বিবেচনা করেন, ইহারা গোড়া হিন্দু এবং বৈশ্য বলিয়া পরিচিত। ইহারা কৃষকদিগকে দাদন দিয়া ইক্ষুর চাষ করায় এবং একচেটিয়া চিনির কারবার করে। শিখ সাম্প্রদায়িকের ন্যায় ইহাদেরও তাম্রকূট সেবন নিষিদ্ধ। যদি কেহ গোপনে তামাকু সেবন করে, তাহা হইলে সে জাতিচ্যুত হয়।

বৈশ-বেণিয়া।

বেহার অঞ্চলেই ইহাদের বাস। ইহারা পিতল ও কাঁসার বাসনাদি বিক্রয়ার্থ দোকানে রাখে, কেহ কেহ বা চাষবাস করে। কুমায়ুনের বৈশ বা বাইজাতি সামাজিকতায় তুল্যমর্য্যাদ হইলেও ভিন্ন জাতি বলিয়া পরিচিত।

কাঠ-বেণিয়া।

বেহার অঞ্চলে ইহাদের বাস। দোকান রাখিয়া পণ্য দ্রব্য বিক্রয়, ঋণদান ও কৃষি ইহাদের প্রধান কর্ম্ম। ইহারা শবদেহ দাহ করে এবং ত্রয়োদশ দিনে শ্রাদ্ধাদি নির্ব্বাহ করিয়া থাকে। মৈথিল ব্রাহ্মণেরাই ইহাদের পৌরহিত্য করে। ইহাদের মধ্যে বিধবার বিবাহ প্রচলিত আছে।

রাওনিয়ার-বেণিয়া।

গোরখপুর, ত্রিহুত ও বেহার প্রদেশে এই শ্রেণীর বাস। বিধবার বিবাহ নিষিদ্ধ নহে, কখন কখন স্বামী কর্ত্তৃক পরিত্যক্ত রমণীকেও কেহ কেহ পঞ্চায়তের অনুমত্যনুসারে বিবাহ করিয়া থাকে; কিন্তু সাধারণতঃ এই বিবাহের প্রচলন নাই। অন্যান্য বণিক্ সম্প্রদায়ের ন্যায় ইহারা বৈষ্ণব নহে। ইহারা পরম শৈব। আগরবালা বণিক্‌দিগের ন্যায় ইহারাও ধনাধিষ্ঠাত্রী লক্ষ্মীদেবীর পূজায় বিশেষ ধুম ধাম করিয়া থাকে। ইহারা নোনিয়া নামেও পরিচিত।

জমের বেণিয়া।

যুক্তপ্রদেশের এতাবা জেলায় ইহাদের বাস। ইহারা আপনাদিগকে দৈত্যপতি হিরণ্যকশিপুর পুত্র ভগবদ্ভক্ত প্রহ্লাদের বংশধর বলিয়া জানে।

লোহনা বেণিয়া।

ইহারা ভাটিয়াজাতির অন্যতম শাখা। সিন্ধুপ্রদেশে ইহাদের বাস আছে।

রেবারি বেণিয়া।

গুরগাঁও জেলার রেবারি নগর ইহাদের আদি বাসস্থান। গয়া জেলায় ইহাদের একটী ক্ষুদ্র উপনিবেশ আছে। ইহারা কার্পাসবস্ত্রব্যবসায়ী।

কাণু বেণিয়া।

ইহারা সামান্য দোকানদার ও খাদ্যদ্রব্যবিক্রেতা।

গুজরাটী বেণিয়া।

শ্রীমালী, অশ্ববাল ও খণ্ডেলবাল ব্যতীত গুজরাতের বিভিন্ন প্রদেশে আরও কএক শ্রেণীর বেণিয়া দেখা যায়। যথা,—১ নাগর (দাস ও বিশ), ২ দেশবাল, ৩ পোরাবাল (দাস ও বিশ), ৪ গুজর, ৫ মোধ, ৬ লাড়, ৭ ঝরোল, ৮ সোরাঠীয়া, ৯ খড়ৈতা, ১০ হর্ষোরা, ১১ কপোল, ১২ উরবল, ১৩ পটোলিয়া ও ১৪ বয়াদবেণিয়া।

এই সকল বেণিয়া সম্প্রদায়ের প্রত্যেকেরই তন্নামক একটী ব্রাহ্মণ-সম্প্রদায় যাজকতা করিয়া থাকে। যেমন নাগর-বেণিয়াদিগের পুরোহিত নাগরব্রাহ্মণ এবং মোধদিগের মোধ ব্রাহ্মণ ইত্যাদি।

গুজরাতী বেণিয়া মাত্রেই বৈষ্ণব এবং বল্লভাচার্য্য মতাবলম্বী। বৈষ্ণব বেণিয়া মাত্রেরই উপবীত আছে; কিন্তু যাহারা জৈন-মতানুসারী, তাহারা যজ্ঞসূত্র ধারণ করে না।

দক্ষিণভারতের বেণিয়া জাতি।

দাক্ষিণাত্যের পণ্যজীবী জাতির মধ্যে মান্দ্রাজ প্রেসিডেন্সীর শেঠী ও লিঙ্গায়ত বণিগেরা প্রধান। নাগর্ত্তা ও কোমতি বণিক্‌গণের সংখ্যা অল্প। এতদ্ভিন্ন তেলগু দেশেও কএক প্রকার পণ্যব্যবসায়ীর বাস আছে।

শেঠীরাই প্রাচীন গ্রন্থোক্ত শ্রেষ্ঠী। ইহারা প্রভূতধনশালী এবং চিরদিনই নানা বাণিজ্যে লিপ্ত। ইহাদের মধ্যে কতকগুলি লোক নিরামিষাশী, আবার কতকগুলি শাস্ত্র নির্দ্দিষ্ট

শুষ্কমাংস ও মৎস্য ভক্ষণ করিয়া থাকে। নানাশ্রেণীতে বিভক্ত হওয়ায় ইহাদের মধ্যে আদান প্রদানের বিভ্রাট্ উপস্থিত হইয়া থাকে। ঐ সকল শ্রেণীর সকলেই উপবীতধারী নহে। যাঁহারা উপবীত গ্রহণ করেন,তাঁহারা আপনাদিগকে বৈশ্য বলিয়া বিদিত করিতে চাহেন, কিন্তু তথাকার ব্রাহ্মণেরা তাঁহাদিগকে শূদ্র বলিয়া ঘৃণা করেন; এমন কি, দ্রাবিড়ী বৈদিক ব্রাহ্মণেরা তাঁহাদের দান গ্রহণ অথবা কোন ক্রিয়া কর্ম্মে পৌরোহিত্যও করেন না।

নটকুটাই শেঠীরা সকল শ্রেণীর প্রধান। মধুরা নগরে আদিবাস ছিল। ইঁহারা ইংরাজী লেখাপড়ার বিশেষ পক্ষপাতী নহেন। বাণিজ্য কার্য্যের উপযোগী তেলগু বা তামিল ভাষায় অল্পাধিকজ্ঞান থাকিলেই ইঁহারা যথেষ্ট মনে করেন এবং পুত্রগণ একটু বয়ঃপ্রাপ্ত হইলেই তাহাকে জাতীয়বৃত্তি অবলম্বনে নিযুক্ত করেন, ইঁহাদের কোন কোন শাখা বিদ্যা বা জ্ঞানবলে ব্রাহ্মণ ও বেল্লালর জাতির নিম্ন আসন পাইবার উপযুক্ত।

বর্ত্তমানে কৃষ্ণা, নেল্লূর, কড়াপা, কর্ণূল, মান্দ্রাজ, মধুরা, কোয়ম্বাতোর প্রভৃতি জেলায় বহুশত শেঠীর বাস। এক মান্দ্রাজেই প্রায় ৭ লক্ষ শেঠী আছে; এতদ্ভিন্ন ব্রহ্ম, মহিসুর, কলিকাতা, বোম্বাই ও মলবার উপকূলেও শেঠী বণিক্‌গণের বাস আছে।

মহিসুরে লিঙ্গায়ত বণিগ্‌গণের সংখ্যাই অধিক, লিঙ্গায়ত বণিগ্‌গণ এবং তেলগু বণিকেরা কৃষিব্যবসায়ী, ইহারা কোথাও স্বতঃপ্রবৃত্ত হইয়া ক্ষেত্র কর্ষণ দ্বারা শস্য উৎপাদন করায়, কোথাও বা কৃষকদিগকে দাদন দিয়া চাস বাস করে।

তেলগুদেশে কোমতিদিগের সংখ্যাই বেশী। ইহারা বৈশ্য বলিয়া বিদিত এবং উপবীতধারী। ইহাদের মধ্যে ১ গাবুরি, ২ কলিঙ্গ কোমতি, ৩ বেরিকোমতি, ৪ বালজী কোমতি ও ৫ নাগর কোমতি নামে পাঁচটী থাক আছে। গাবুরীরা নিরামিষাশী, কিন্তু অপর চারি শ্রেণীই আমিষাশী।

কলিঙ্গকোমতি ও গাবুরিরা শঙ্করাচার্য্যের অদ্বৈতমত মানিয়া চলে, অপরে লিঙ্গায়ত বা রামানুজ-মতাবলম্বী। বেরিকোমতিগণের অধিকাংশই লিঙ্গায়ত। কোমতিরা সকলেই বেল্লরী জেলার গুটী নগরস্থ প্রধান মঠাধ্যক্ষ ভাস্করাচার্য্যকে আপনাদের সামাজিক গুরু বলিয়া স্বীকার করে। ব্রাহ্মণেরা ইহাদের পৌরোহিত্য করে বটে, বৈদিক মন্ত্র সকল উচ্চারণ করায় না। ইহারা মাতুলকন্যাকে বিবাহ করিতে বাধ্য।

উড়িষ্যার বেণিয়া।

উড়িষ্যায় দুই রকম বেণের বাস আছে। ১ সোণার বেণিয়া ও ২ পুটুলী বেণিয়া। পুটুলী বেণিয়ারা বাঙ্গালার গন্ধবণিকের সমান। ইহারা পুটুলী বান্ধিয়া দ্রব্যাদি বিক্রয় করে বলিয়া লোকে উহাদিগকে পুটুলী বেণিয়া বলিয়া থাকে। বাঙ্গালার ন্যায় উড়িষ্যার সোণার বেণেরা জলাচরণীয় নহে। কিন্তু মসলা প্রভৃতি বিক্রেতা পুটুলী বেণিয়াদিগের জল চল আছে। পুটুলী-বেণের অপেক্ষা এখানকার সোণার বেণিয়ারা অধিক ধনবান্।

উড়িষ্যার বেণিয়ারা ভারতের অন্যান্য স্থানের বেণিয়াজাতি অপেক্ষা অনেকাংশে হীন; কেননা তাহাদের তেমন অর্থ নাই। অর্থাভাববশতঃ তাহারা অন্যান্য স্থানের বেণিয়াদিগের সহিত বাণিজ্য ব্যাপারে প্রতিযোগিতা করিতে পারে না। বৈদেশিকেরা উড়িষ্যার বাণিজ্য একচেটিয়া করিয়া লওয়ায় স্থানীয় বেণিয়ারা কেবলমাত্র ঐ সকল ব্যবসায়ীর নিকট হইতে পণ্যদ্রব্য ক্রয় করিয়া তাহার উপসত্বভোগী হইয়া রহিয়াছে। তাহারা এখনও এত পশ্চাদ্‌পদ যে অন্যান্য বাণিজ্যস্থানে যাইয়া পণ্যদ্রব্য ক্রয় করিয়া স্বদেশে আমদানী করাইতে শিক্ষা করে নাই।

বঙ্গের বৈশ্য।

পূর্ব্বে যে পরিচয় দিলাম, তাহাতে দেখা যাইতেছে, ভারতের সর্ব্বত্রই এখনও বৈশ্য জাতির বাস রহিয়াছে। অথচ যে বঙ্গীয় বণিক্‌গণের খ্যাতি পূর্ব্বে দেশ বিদেশে বিশ্রুত হইয়াছিল, বাঙ্গালায় সেই বৈশ্য জাতি এককালে লোপ পাইল, তাহা কে বিশ্বাস করিবে? বাস্তবিক বাঙ্গালায় এখনও বৈশ্য জাতির অভাব নাই, বণিক্ বা ব্যবসাজীবী লক্ষ লক্ষ বৈশ্য এখনও গৌড়বঙ্গে বিদ্যমান!

এ দেশে গন্ধবণিক্, সুবর্ণবণিক্, তাম্বূল বণিক্ বা তাম্বুলী, বারুই, সাহাবণিক্* (পূর্ব্ববঙ্গের সাহা মহাজন), তিলি প্রভৃতি জাতি যে প্রকৃত বৈশ্যবংশধর, তাহাতে সন্দেহ নাই।

গন্ধ-বণিক্।

যাঁহারা পূর্ব্বে নানা প্রকার গন্ধদ্রব্য ও মসলার বাণিজ্য করিতেন, তাঁহারাই গন্ধবণিক্ বা 'গন্ধ বেণে' নামে পরিচিত হন। তিলকরামের কুলজীতে, গন্ধ বণিকের উৎপত্তি-বিবরণ এইরূপ লিখিত হইয়াছে—

'হেথা দিনে দিনে বাড়য়ে হৈমবতী॥
বিবাহ উদ্যোগ কৈল দেব পশুপতি।
মুনি মুখে শ্রুতিবাণী শুনি মৃত্যুঞ্জয়।
গন্ধ অধিবাস বিনা বিবাহ না হয়॥
গন্ধ হেতু চিন্তাযুক্ত হইলা পশুপতি।
স্মরিয়া উদ্ভব চারি পুত্র কৈলা তথি॥

* শৌণ্ডিক বা শুঁড়ী জাতির সহিত ইঁহাদের কোন সম্বন্ধ নাই।

পদ্মানন পদ্মসখা পদ্মনাভ আর।
পদ্মোৎপল নাম হইল কনিষ্ঠ কুমার॥
চারি পুত্র দেখি দেব হইল হরিষ।
দেশ, শঙ্খ হইল, আর আউট, ছত্রিশ॥
চতুরাশ্রম হইল তাহে এ চারি কুমার।
কোন স্থানে কে জন্মিল কহি পুনর্ব্বার॥
আত্মাতে জন্মিল দেশ, শঙ্খ করতলে।
ছত্রিশ চরণযুগে আউট নাভিমূলে॥' †

গন্ধবণিক্ সমাজে 'গান্ধিককল্পবল্লী' নামে এক খানি সংস্কৃত কুলগ্রন্থ প্রচলিত দেখা যায়, তাহা উক্ত তিলকরামের বর্ণিত গান্ধিকোৎপত্তির সংস্কৃত সংস্করণ মাত্র।

"বিরিঞ্চেরীরিতং শ্রুত্বা ধূর্জটেধ্যায়তোঽভবৎ।
ললাটতো দেশদাসঃ শঙ্খভূতিস্তু বক্ষসঃ॥
নাভেরাবটদত্তশ্চ বৈশ্যবংশবিবর্দ্ধনঃ।
বিঘটগুপ্তনামাভূৎ পাদমূলাদুদারধীঃ॥"

অর্থাৎ ব্রহ্মার কথা শুনিয়া শিব ধ্যানস্থ হইলে তাঁহার ললাট হইতে দেশ দাস, বক্ষঃস্থল হইতে শঙ্খভূতি, নাভি হইতে আবট্ দত্ত ও পাদমূল হইতে বিঘট গুপ্ত উৎপন্ন হইলেন।

গন্ধবণিক্ জাতির এই অপরূপ উৎপত্তি কথা প্রাচীন কোন হিন্দু, বা জৈন শাস্ত্রে পাওয়া যায় না। হরগৌরীর বিবাহ কালে গন্ধবণিক্ জাতির সৃষ্টি হইলে, যে যে পুরাণে হরগৌরীর বিবাহ-কাহিনী বিবৃত হইয়াছে, তাহাতে অবশ্যই ঐ জাতির উৎপত্তি সম্বন্ধে কোনরূপ আভাস পাইতাম, কিন্তু কোথাও এরূপ কথা নাই;—সুতরাং নিতান্ত আধুনিক সময়ে যে এরূপ কাহিনী কল্পিত হইয়াছে, তাহাতে সন্দেহ নাই।

তাম্বুল-বণিক্।

গন্ধবণিক্ যেমন শিবাঙ্গ হইতে উদ্ভূত বলিয়া কল্পিত হইয়াছে, তাম্বুল বণিক্ অর্থাৎ পাণবিক্রেতা তাম্বুলিজাতিও শিবের ঘর্ম্ম হইতে সৃষ্ট বলিয়া এই জাতির কুলগ্রন্থে বর্ণিত হইয়াছে। যথা দ্বিজপাত্র পরশুরাম লিখিয়াছেন,—

"যখন করিল শিব সমুদ্রমন্থন।
মন্থন হইতে বিষ হইল উপার্জ্জন॥
বিষ অগ্নি দাবানলে পৃথিবী ভস্ম হয়।
সেই বিষ ভক্ষণ করিল শিব মহাশয়॥
বিষপানে সদানন্দ ঢলিয়া পড়িল।
পার্ব্বতী আসিয়া শিবে চেতন করিল॥
কণ্ঠেতে রাখিলা বিষ পরম যতনে।
নীলকণ্ঠ নাম হইল তথির কারণে॥
কপালের ঘাম পুঁছি তাম্রের কষায় ধরি।
অঙ্গের মলা তাতে দিলেন ত্রিপুরারি॥
সেই মলা হতে হইল পুরুষ রতন।
শিবখ্যাতি নাম দিলেন নারায়ণ॥
দিনে দিনে সেই পুরুষ বাড়িতে লাগিলা।
হিমাবতী নাগ কন্যা তারে বিভা দিলা॥
কত দিনে হিমাবতী গর্ভবতী হইল।
তাহার গর্ভেতে এক পুরুষ জন্মিল॥
সর্ব্বসুলক্ষণ পুরুষ দেখি ত্রিলোচন।
তাম্বুলপুত্র নাম দিলেন নারায়ণ।
শিব-খ্যাতি পিতা, মাতা হিমাবতী॥
তাহার গর্ভেতে হইল তাম্বুলি উৎপত্তি॥
এই মত হইল তাম্বুলির জনম।
ধর্ম্মের আজ্ঞায় কহে দ্বিজ পরশুরাম॥"

তিলি, বারুই প্রভৃতি জাতির উৎপত্তি সম্বন্ধেও এইরূপ কল্পিত উপাখ্যান পাওয়া যায়; বাস্তবিক ঐ সকল উপাখ্যানের মূলে কোন ঐতিহাসিক ভিত্তি আছে বলিয়া মনে হয় না। তবে এই মাত্র মনে হয় যে, বৌদ্ধ যুগের অবসান হইলে বঙ্গের অনেক বৈশ্যসন্তান শৈব ধর্ম্ম বা শিবোপাসনা গ্রহণ করিয়া হিন্দুসমাজ-ভুক্ত হইয়াছিলেন; তাঁহাদের শিবভক্তিদর্শনে শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ পণ্ডিতগণ তাঁহাদিগের মধ্যে কাহাকেও শিবাঙ্গসম্ভূত, কাহাকেও বা শিবঘর্ম্মসম্ভূত বলিয়া প্রচার করিলেন। ধর্ম্মভীরু বণিক্ সম্প্রদায় সেই সকল কল্পিত উপাখ্যানই শাস্ত্রবাক্য বলিয়া বিশ্বাস করিলেন এবং সেই জন্য বণিক্ জাতি স্ব স্ব কুলগ্রন্থে ঐ সকল উপাখ্যান গ্রহণ করিতে বাধ্য হইলেন।

বৌদ্ধ সমাজের সম্পূর্ণ অধঃপতন এবং মুসলমান অভ্যুদয় হইলে; হিন্দু রাজকীয় শক্তির অভাবে ব্রাহ্মণেরাই যখন হিন্দু-সমাজের একমাত্র শাসক হইয়া দাড়াইলেন, তখন তাঁহারা কেহ বা উপস্থিত বৈশ্য সমাজের আচার ব্যবহার লক্ষ্য করিয়া, কেহ বা স্ব স্ব প্রতিপত্তি অক্ষুণ্ণ রাখিবার অভিপ্রায়ে, বঙ্গের সমস্ত বৈশ্য সমাজকে শূদ্র বলিয়া গ্রহণ করিলেন এবং বিভিন্ন ব্যবসায়ী বণিক্‌জাতিকে সঙ্করত্বে পরিণত করিবার জন্য সম্ভবতঃ তাঁহাদের দ্বারাই ব্রহ্মবৈবর্ত্তের জাতিমালা, বৃহদ্ধর্ম্মপুরাণের জাতিমালা

† "গন্ধের কিঞ্চিৎ অংশ ছিল পশুপতি।
শরীর উদ্ভব চারি পুত্র হইল তথি॥
ললাটে জন্মিল দেশ শঙ্খ করতলে।
নাভিতে জন্মিল আউট ছত্রিশ পদতলে॥
পঞ্চানন পদ্মসখা পদ্মনাভ আর।
পাদপদ্ম নাম থুইলেন কনিষ্ঠ সভার॥" পাঠান্তর।

এবং পরশুরামরচিত জাতিমালা প্রভৃতি অভিনব জাতিমালা-সমূহ রচিত হইতে থাকে। আশ্চর্য্যের বিষয়, ঐ সকল জাতিমালায় পরস্পরে মিল নাই, অর্থাৎ এক ব্যক্তি যাহা বলিয়াছেন, অপরে তাহা স্বীকার করেন নাই। মিল না হইবারই কথা, কারণ কোন একটী মূলভিত্তি হইতে ঐ সকল কল্পিতকাহিনী সংগৃহীত হয় নাই। উহা যে এক এক জন বঙ্গীয় সংস্কৃতবিৎ পণ্ডিতের স্বকপোলকল্পিত অভিমত, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই।*

এই অভূতপূর্ব্ব জাতিমালার উপর আস্থা স্থাপন করিয়াই একই জাতি কোথাও আচরণীয় শুদ্ধজাতি, আবার কোথাও অনাচরণীয় বা অসজ্জাতি বলিয়া পরিগণিত হইতেছে, ইহা নিতান্ত বিস্ময়ের বিষয় সন্দেহ নাই।

আমরা বেদ, বেদাঙ্গ, ধর্ম্মসূত্র, সংহিতা, মহাভারত ও প্রাচীন পুরাণাদি হইতে জানিতে পারি যে বৈশ্যসমাজে একবংশ এক একটী দ্রব্যের ব্যবসা করিতেন, কালে সেই সেই বংশই এক একটী শ্রেণী বলিয়া গণ্য হইয়াছিলেন, কিন্তু ভিন্ন জাতি বলিয়া পরিগণিত হন নাই। কালক্রমে সেই সেই ব্যবসা হইতেই এক একটী স্বতন্ত্র থাক হইয়া পড়িল এবং সেই সঙ্গে এক এক শ্রেণী বা ব্যবসায়ীর সহিত ভিন্ন শ্রেণি বা ভিন্ন ব্যবসায়ীর আদান প্রদান রহিত হইল। যেমন এদেশের রাঢ়ীয়, বারেন্দ্র ও বৈদিকগণ এক ব্রাহ্মণবর্ণ হইলেও ভিন্ন ভিন্ন শ্রেণিতে বিভক্ত ও পরস্পর সম্বন্ধরহিত হইয়াছেন, সেইরূপ গন্ধবণিক, সুবর্ণ-বণিক, তাম্বূলবণিক প্রভৃতি এক বৈশ্যবর্ণেরই অন্তর্গত, ভিন্ন ভিন্ন শ্রেণিতে বিভক্ত। যেমন রাঢ়ী, বারেন্দ্র ও বৈদিক বিপ্রগণ ভিন্ন ভিন্ন জাতি নহেন; সেইরূপ বঙ্গের নানা বণিক্ সম্প্রদায় এক বৈশ্যজাতি ভিন্ন নানাজাতি নহেন। আচার ব্যবহার, রীতি নীতি ও বৃত্তি এবং এই সঙ্গে জাতিমালার ভিত্তিহীন উৎপত্তি ধরিয়া অল্পদিন হইতে তাঁহাদিগকে ভিন্ন ভিন্ন জাতিতে পরিণত করা হইয়াছে।

সুবর্ণবণিক্ ও গন্ধবণিক্‌গণ বলিয়া থাকেন যে, গৌড়াধিপ বল্লালসেন, বঙ্গের সমস্ত বণিক্ জাতিকে শূদ্রত্বে পরিণত করেন। এ সম্বন্ধে অনেকে গোপালভট্টরচিত বল্লালচরিত ও আনন্দ-ভট্ট রচিত বল্লালচরিত এই দুই গ্রন্থ প্রমাণ স্বরূপ উদ্ধৃত করিয়া থাকেন। কিন্তু দুঃখের বিষয়, ঐ দুই গ্রন্থ আলোচনা করিয়া বুঝিয়াছি যে, উভয় গ্রন্থেই ইতিহাসবিরুদ্ধ ও প্রাচীন কুলগ্রন্থবিরুদ্ধ এমন অনেক কথা আছে, যাহাতে উভয় গ্রন্থই প্রাচীন ও প্রামাণিক গ্রন্থ বলিয়া গৃহীত হইতে পারে না।

[সুবর্ণ-বণিক্ শব্দে বিস্তৃত বিবরণ দ্রষ্টব্য।]

অবশ্য বঙ্গের বণিক্‌সমাজে বল্লালসেনের সময়ে যে দ্বিজোচিত যজ্ঞসূত্রলোপ ও শূদ্রাচার-প্রবর্ত্তনের প্রবাদ চলিয়া আসিতেছে, তাহা এককালে মিথ্যা বলিয়া উড়াইয়া দেওয়া যায় না। উক্ত বল্লালচরিত দুই খানিতেই দেখা যায় যে বল্লভানন্দ নামে সুবর্ণবণিক্ সমাজের একজন প্রধান ব্যক্তি রাজা বল্লালসেনকে টাকা ধার দেন নাই বলিয়া গৌড়াধিপের ক্রোধে সুবর্ণবণিক্‌গণ পতিত হন; কিন্তু একের দোষে অপর বণিক্‌সমাজও শূদ্রাচার গ্রহণ করিবেন কেন? একজন পরাক্রান্ত ও শাস্ত্রজ্ঞ নৃপতি একের দোষে অপরের জাতি লইবেন কেন?

পূর্ব্বেই বলিয়াছি, পালরাজগণের সুদীর্ঘ আধিপত্যকালে গৌড়বঙ্গের প্রজাসাধারণ তান্ত্রিক বৌদ্ধধর্ম্মানুরাগী ছিলেন। কেবল বৌদ্ধতান্ত্রিক বলিয়া নহে, পূর্ব্বতন হিন্দুতান্ত্রিকগণও বেদবিদ্বেষী ছিলেন। গৌড়বঙ্গে তান্ত্রিকের যেরূপ প্রভাব হইয়াছিল, বোধ হয় ভারতের কোথাও এরূপ হয় নাই। যজ্ঞসূত্র বৈদিক যজ্ঞ বা বৈদিক আচার পালনের জন্যই আবশ্যক হইত। সুতরাং সর্ব্বত্র তান্ত্রিকাচার আদৃত ও বৈদিকাচার অনাদৃত হওয়ায় সাধারণ দ্বিজসমাজ হইতেই আপনাপনিই যজ্ঞসূত্র বিলুপ্ত হইতেছিল। বঙ্গের গন্ধবণিক্, তাম্বূলী ও বারুই জাতির সামাজিক ইতিহাস আলোচনা করিলে বেশ বুঝিতে পারি, সেনবংশের অভ্যুদয়ের পূর্ব্বে ঐ সকল জাতি ধর্ম্মঠাকুরের ভক্ত ছিলেন। ধর্ম্মরাজ বা ধর্ম্মঠাকুরটী যে বৌদ্ধ ধর্ম্মের শেষ স্মৃতি, মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বিশেষরূপে প্রমাণ করিয়াছেন। [ধর্ম্ম ঠাকুর দেখ।]

তাম্বূলী ও বারুই এই উভয় জাতিই যে ধর্ম্মঠাকুরের বিশেষ ভক্ত ছিলেন, ঘনরাম প্রভৃতি নানা কবির ধর্ম্মমঙ্গল হইতে তাহার প্রমাণ পাওয়া যায়।

হরিদাস তাম্বূলী লাউসেনকে বলিতেছেন—

"কি কব মহিমা তার প্রভু যার ধর্ম্ম।" (ঘনরাম ৯মসর্গ)

'উৎসপুরে সুখদত্ত বারুই নন্দন।
করিতেছে ধর্ম্মের পূজা মজাইয়া মন॥
গাজন লইয়া এল ময়নামণ্ডলে।
শিরে ধর্ম্মপাদুকা সোণার চতুর্দোলে॥"

* দুঃখের বিষয়, বিশ্বকোষে তাম্বূলী, তিলি, বারুই, গন্ধবণিক্ প্রভৃতি শব্দে ঐ সকল অমূলক জাতিমালার বচন প্রামাণিক বলিয়া গৃহীত হইয়াছে। কিন্তু শ্রুতি, স্মৃতি ও পুরাণাদি বিশেষ করিয়া আলোচনা করিয়া জানিতেছি যে ঐ সকল জাতিমালা আধুনিক সময়ে বিশেষ কোন উদ্দেশ্যসাধনার্থ কল্পিত ও লিপিবদ্ধ হইয়াছে। সুতরাং বিশ্বকোষে বিভিন্ন শব্দে যে যে স্থানে ঐ সকল জাতিমালা প্রামাণিক বলিয়া উদ্ধৃত হইয়াছে, তাহা অপ্রামাণিক বলিয়া অগ্রাহ্য।

এমন কি তাম্বুলী সমাজের কুলজীতেও ধর্ম্মরাজের আজ্ঞায় তাম্বুলী সৃষ্টির কথা এবং কুলজীলেখক দ্বিজপাত্র "ধর্ম্মের আজ্ঞায় কহে দ্বিজ পরশুরাম" এই রূপে ভণিতির মধ্যেও ধর্ম্মঠাকুরের স্মরণ করিতে বিস্মৃত হন নাই।

কিন্তু গন্ধবণিক্ জাতির কুলগ্রন্থে ও এই জাতির প্রভাব-নিদর্শক নানা বঙ্গীয় কাব্যে ইঁহাদের প্রসঙ্গে কিন্তু বৌদ্ধ সম্পর্কের কোন নিদর্শন পাই না। সম্ভবতঃ বহু পূর্ব্ব হইতেই ইহারা শৈব ছিলেন,—এই জাতিকেই সম্ভবতঃ চীন-পরিব্রাজক ফা-হিয়ান্ 'হিন্দু -বণিক্' বলিয়া উল্লেখ করিয়াছেন। ইঁহারা পূর্ব্বাপর হিন্দু ছিলেন বলিয়াই বঙ্গে ব্রাহ্মণাভ্যুদয়কালে বঙ্গীয় বণিক্‌দিগের মধ্যে গন্ধবণিকেরাই শুদ্ধাচারী ও সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া গৃহীত হইয়াছিলেন। এমন কি মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল প্রভৃতি শাক্তপ্রভাবে রচিত গ্রন্থেও গন্ধবণিক্ সদাগরগণ স্পষ্ট বৈশ্য বলিয়াই অভিহিত হইয়াছেন। ঐ সকল মঙ্গলগ্রন্থে গন্ধবণিক্ জাতির ঐশ্বর্য্য, প্রভাব ও অসাধারণ শিবভক্তির পরিচয় পাওয়া যায়। [বাঙ্গালা-সাহিত্য শব্দ ৪১, ৪৯-৬০ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

গন্ধবণিক্ গোঁড়া শৈব থাকিলেও পরে সকলেই শাক্ত হইয়া পড়েন। এই জাতিকে তান্ত্রিক শক্তিভক্ত করিতে শক্তি-উপাসকদিগকে যথেষ্ট যত্ন ও ক্লেশ স্বীকার করিতে হইয়াছিল, তাহা আমরা মনসা-মঙ্গলের নায়ক চাঁদ সদাগর ও চণ্ডীমঙ্গলের নায়ক শ্রীমন্তের পিতা ধনপতি সদাগরের উজ্জ্বল চরিত্র হইতে জানিতে পারি। এখন এই জাতির অনেকে শ্রীগৌরাঙ্গপ্রবর্ত্তিত বৈষ্ণবধর্ম্ম গ্রহণ করিলেও এক সময়ে সকলেই যে শক্তিমন্ত্রে দীক্ষিত হইয়াছিলেন, গন্ধেশ্বরী নাম্নী তাঁহাদের কুলদেবীর পূজাই তাহার স্পষ্ট প্রমাণ।

তান্ত্রিক শাক্ত ধর্ম্মগ্রহণের সহিত তাঁহারা পূর্ব্বাচার ক্রমেই পরিত্যাগ করিয়াছিলেন, অবৈদিক আচার পালনের সহিত তাঁহারা যে বৈদিক প্রধান সংস্কার উপনয়ন ছাড়িয়া দিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। রাজা বল্লালসেনের সময় বণিক্-সমাজ যে উপনয়নবর্জ্জিত হইয়াছিলেন, ইহা ঐতিহাসিক সত্য। রাজা বল্লালসেনের পূর্ব্ব হইতেই বৈদিক উপনয়ন সংস্কার লোপের সূত্রপাত হইলেও তাঁহার সময়েই এই প্রধান সংস্কারটী লোপের পাকাপাকি ব্যবস্থা হয়। তৎপূর্ব্বে কোন ব্রাহ্মণভক্ত হিন্দু নৃপতি এরূপ বিসদৃশ পন্থা অবলম্বন করেন নাই! রাজা বল্লালসেন প্রথমে বৌদ্ধ তান্ত্রিক এবং শেষে হিন্দু তান্ত্রিক হইয়া স্বজাতিবৃন্দ ও ব্রাহ্মণেতর বঙ্গীয় হিন্দুসমাজ অনেকেই রাজ ধর্ম্মের অনুসরণ করিয়াছিলেন। বৌদ্ধ তান্ত্রিকতার আ কালে ব্রাহ্মণ-সমাজ বল্লালের বিরুদ্ধাচারী হইয়া লক্ষ্মণসেন পিতার বিরুদ্ধে খাড়া করিবার চেষ্টা করেন। তাহা হ তেই বঙ্গদেশে পিতা-পুত্রের বিরোধ-কাহিনী নানা প্রকা প্রচারিত হইয়াছে। পরে যখন বল্লাল হিন্দু তান্ত্রিক মত গ্র করেন, তখন অনেক তান্ত্রিক ব্রাহ্মণ তাঁহার অনুগামী হই ছিলেন। তাঁহাদিগের সাহায্যেই বল্লাল অভিনব কুলবি প্রচার করিয়াছিলেন, কিন্তু সেই অবৈদিক আচার-গ্রহণে বৈদি ব্রাহ্মণ, বারেন্দ্র কায়স্থ ও বৈদ্যগণ স্বীকৃত হন নাই। তাই ঢাকু দেখিতে পাই—

"বারেন্দ্র কায়স্থ বৈদ্য বৈদিক ব্রাহ্মণ।
বল্লাল-মর্য্যাদা নাহি লইল তিনজন॥"

যাহাহউক উচ্চ সমাজের আদর্শে অল্প দিন মধ্যেই বঙ্গে হইতে প্রধান বৈদিক সংস্কারের চিহ্ন যজ্ঞসূত্র বিলুপ্ত হইল শেষে এমন দাঁড়াইল যে, যাঁহাদের যজ্ঞসূত্র ছিল, তাঁহারা ব্রাহ্মণ কায়স্থ ও বৈদ্য প্রভৃতি উচ্চ সমাজে নিন্দিত হই লাগিলেন, এরূপ অবস্থায় বঙ্গের ব্রাহ্মণেতর দ্বিজসমাজ হই সহজেই যে উপবীত লোপ হইবে, তাহাতে সন্দেহ কি বল্লালসেনের সেই বিসদৃশ কার্য্যে ব্রাহ্মণ-সমাজের যে বিশে সহায়তা ও সহানুভূতি ছিল, এবং "যুগে জঘন্যে দ্বে জাতী ব্রাহ্ম শূদ্র এবচ" অর্থাৎ 'ব্রাহ্মণ ও শূদ্র ভিন্ন অন্য জাতি নাই' এ কল্পিত শ্লোক প্রচার করিতে তাঁহারা সুবিধা পাইয়াছিলে তাহাতে সন্দেহ নাই। ইহারই অত্যল্পকাল পরে মহাম হলায়ুধ ঘোষণা করেন যে, 'বেদার্থজ্ঞানপরাঙ্মুখব্রাহ্মণস্য শূদ্রত্ব সুতরাং ব্রাহ্মণত্বরক্ষার জন্য তান্ত্রিক ব্রাহ্মণসমাজ হইতে উপনয় সংস্কার বিলুপ্ত হইতে পারিল না।

এ সময়ে ব্রাহ্মণেরা অপর সকল জাতিকে শূদ্র বলি পরিচিত করিবার চেষ্টা করিলেও প্রথমতঃ উচ্চ বর্ণের জ সাধারণ তাহা স্বীকার করিয়া লইয়াছেন কি না সন্দেহ! বে হয়, এই কারণে তান্ত্রিক আচার্য্যগণ বঙ্গের ব্রাহ্মণেতর দ্বিজ-বং ধরগণকে তান্ত্রিক সাবিত্রী প্রদান করিয়া প্রকারান্তরে তাঁহা 'দ্বিজত্ব' রক্ষা করিয়া গিয়াছেন। 'গায়ত্রী' প্রভৃতি প্রাচীন ত মতে তান্ত্রিক-সাবিত্রীতে শূদ্রের অধিকার নাই। বল্লালী ব্যবস্থ এবং তাঁহার অনুরক্ত ব্রাহ্মণ ও উচ্চ বর্ণের চেষ্টায় যজ্ঞসূত্রবর্জ্জনে

যজ্ঞসূত্র পরিত্যাগ করেন নাই, তাঁহারা অপরের নিকট নিগৃহীত হইয়া ছিলেন, তাহারও প্রমাণের অভাব নাই।

বঙ্গের বিরাট্ বৈশ্য সমাজের ক্ষীণ স্মৃতি লইয়া এখনও সহস্রাধিক লোক পূর্ব্ববঙ্গে বাস করিতেছেন এবং তাঁহারা "বৈশ্য" বলিয়া পরিচিত আছেন। আশ্চর্য্যের বিষয় এই জাতি বল্লালী ব্যবস্থা অগ্রাহ্য করিয়া আজও যজ্ঞসূত্র ধারণ করিতেছেন এবং এই কারণেই তাঁহারা আজও বল্লালী নিয়মাধীন বঙ্গের শ্রেষ্ঠ জাতিগণের নিন্দিত। নিম্নে এই জাতির সংক্ষেপে পরিচয় দিতেছি :—

পূর্ব্ববঙ্গের ঢাকা জেলার অন্তর্গত ভাওয়াল পরগণায় এবং ময়মনসিংহের জাহাঙ্গীরপুরে বৈশ্যনামে একটী জাতির বাস আছে। ইহারা আপনাদিগকে পুরাণবর্ণিত প্রাচীন বৈশ্য-জাতির বংশধর বলিয়া ঘোষণা করিয়া থাকেন। ইহাদের কোনরূপ বংশ আখ্যায়িকা বা কুলবিবরণ অথবা এতদ্দেশে আগমনাদি সম্বন্ধেও কোনরূপ কিংবদন্তী পাওয়া যায় নাই। তবে ইহারা বলেন যে, বাঙ্গালার সেনরাজ বল্লালসেন যখন ব্রাহ্মণ ও কায়স্থ সমাজে কুলবিধি স্থাপন করেন সে সময়ে তিনি এই বৈশ্যদিগকে বৈশ্যশ্রেণীর অন্তর্ভুক্ত করেন নাই এবং তৎসাময়িক এই বৈশ্যবংশীয় পূর্ব্বপুরুষগণও তাঁহার প্রবর্ত্তিত বিধি স্বীকার করেন নাই। বোধ হয়, এই কারণেই বল্লালী নিয়মাধীন ব্রাহ্মণ ও কায়স্থগণ ইহাদের জলস্পর্শ করিতে কুণ্ঠিত। এই বৈশ্যগণ চিরকালই পণ্যজীবী, কখনই রাজানুগ্রহের প্রার্থী হইয়া রাজদ্বারে দণ্ডায়মান হন নাই। প্রবল প্রতাপান্বিত মুসলমান রাজগণের শাসনকালেও এই জাতির কেহ মুসলমান সরকারে দাসত্ব শৃঙ্খলে যে আবদ্ধ হন নাই, মুসলমান সরকার-দত্ত উপাধি না থাকাই তাহার প্রমাণ।

ইহারা আপনাদিগকে বৈশ্য জানিয়া সোত্তরীয়োপবীত (অর্থাৎ ত্রিদণ্ডী পৈতা) ধারণ করেন বটে, কিন্তু স্মৃতিসম্মত বৈশ্যধর্ম্মের অনেক কর্ত্তব্য মানিয়া চলেন না। সাধারণতঃ ত্রয়োদশ বর্ষের পূর্ব্বেই ইহারা পুত্রদিগের চূড়াকরণ ও উপনয়ন সমাপন করেন। ইহাদের গায়ত্রী উচ্চারণ এবং যজুর্ব্বেদ পাঠে অধিকার আছে, কিন্তু ব্রাহ্মণগণ ইহাদিগকে আর পূর্ণ গায়ত্রী দান করেন না।

ইহারা অনেকে নিজ গৃহে শালগ্রামচক্র ও বিষ্ণুপূজা করেন। অধিকাংশ লোকেই বৈষ্ণব ধর্ম্মাবলম্বী, তবে দুই চারি ঘর শাক্তও দেখা যায়। ইহারা পূর্ব্বে সগোত্রেই বিবাহ করিতেন, কিন্তু সামাজিক নিন্দার ভয়ে এখন আর তাহা করেন না। আপনাদের শ্রেণী মধ্যেই অন্যান্য গোত্র কল্পনা করিয়া লইয়াছেন।

ইহাদের কোন বিশিষ্ট বংশ, নাম বা পদবী নাই। সকলেই প্রায় আপনাপন নামের পর "গুপ্ত" পদবী সংযোজনা করিয়া থাকেন। যাহারা বণিক্ বা ব্যবসায়ী ও মহাজনদিগের অধীনে সহকারীর কার্য্য করে, তাহারা বিশ্বাস উপাধিতে পরিচিত হয়।

এখনও বাঙ্গালার যে সকল স্থানে বল্লালী কুলপ্রথার প্রসার আছে, সেই সকল স্থানবাসী কায়স্থ ও বৈদ্যগণ এই জাতির পক্ক অন্নাদি স্পর্শও করেন না; কিন্তু যাঁহারা বল্লালী কুলবিধি মানেন না তাঁহারা স্বচ্ছন্দে ঐ বৈশ্যগণের পক্কখাদ্য গ্রহণ করিয়া থাকেন।

ইহারা ব্যবসা বাণিজ্যের হিসাব রক্ষণের উপযোগী স্বল্প মাত্র বাঙ্গলা শিক্ষা করিয়াই কার্য্যে প্রবৃত্ত হন। বর্ত্তমান সময়ে অতি অল্প লোকেই ইংরাজী শিক্ষায় মনোনিবেশ করিয়াছেন। ময়মনসিংহ জেলায় এখন এই জাতির অনেকেই উকীল, মুক্তার, তহশীলদার, আমীন ও অন্যান্য রাজকীয় পদে ইংরাজ-গবর্মেণ্টের সেবা করিতেছেন। পূর্ব্বে ইহারা হলচালনা করিতেন, এক্ষণে ঐ কার্য্য নিন্দনীয় জ্ঞান করিয়া অনেকেই পরিত্যাগ করিয়াছেন।

ইহারা ১৫ দিন মৃতাশৌচ পালন করেন। ইহাদের শ্রাদ্ধাদি ব্যাপার সাধারণ হিন্দুশাস্ত্র নির্দ্দিষ্ট প্রথাতেই অনুষ্ঠিত হয়। ইহারা সকলে হিন্দু দেবদেবীরই পূজা করিয়া থাকেন, বিশেষতঃ লক্ষ্মীদেবীর পূজাতেই ইহাদের সমারোহ অধিক। ব্রাহ্মণগণ এই বৈশ্যদিগকে দেখিলেই হাত তুলিয়া আশীর্ব্বাদ করেন। এই কারণে বোধ হয় এখন ইহারা ব্রাহ্মণ দেখিলে আর প্রণাম করিতে প্রস্তুত নহে।

বর্ত্তমান এই বৈশ্যদিগের মধ্যে আলম্যান, কাশ্যপ, কাত্যায়ন, মৌদ্গল্য ও শাণ্ডিল্য গোত্র প্রচলিত আছে। উপরি কথিত ব্যবসায়িক উপাধি ব্যতীত ইহাদের মধ্যে অর্য্য, ভূমিস্পৃক্, ভূমিজীবী, ব্যবহর্ত্তা প্রভৃতি উপাধিও দৃষ্ট হয়।

এই বৈশ্যগণ সাধারণতঃ খর্ব্বাকার ও দৃঢ়কায়, নাসা উচ্চ ও তিল পুষ্পের ন্যায় ঈষৎ বক্র। ভ্রূ-অস্থিদ্বয় অপেক্ষাকৃত উচ্চ। ইহারা বুদ্ধিমান্ ও চতুর।

[সুবর্ণবণিক্ ও সাহা শব্দে অপরাপর বিবরণ দ্রষ্টব্য।]

(ত্রি) ২ বৈশ্য সম্বন্ধী।

"ক্ষাত্রাণি বৈশ্যানি চ সেবমানঃ
শৌদ্রাদিকর্ম্মাণি চ ব্রাহ্মণঃ সন্।
অস্মিন্ লোকে নিন্দিতো মন্দচেতাঃ
পরে চ লোকে নিরয়ং প্রযাতি॥" (ভারত ১২।৬২।৪

বৈশ্যতা [ত্ব] (স্ত্রী) বৈশ্যস্য ভাব তল্-টাপ্। বৈশ্যের ভাব বা ধর্ম্ম, বৈশ্যবৃত্তি, বৈশ্যত্ব। (ঐতরেয় ব্রা° ৭।২৯)

বৈশ্যভদ্রা (স্ত্রী) বৌদ্ধদেবী ভদ্রা ও বৈশ্যা। (তারনাথ)

বৈশ্যভাব (পুং) বৈশ্যস্য ভাবঃ। বৈশ্যতা। (মনু ১০।৯৩)

বৈশ্যবাণিয়া, বোম্বাইপ্রেসিডেন্সীর পুণাজেলাবাসী বণিগ্‌জাতি-বিশেষ। ইহারা তথাকার গুজ্জরাত-বাণী বা মারবাড়বাসী তন্নামধেয় বণিক্ সম্প্রদায় হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। এমন কি, একত্র আহার ব্যবহারাদিও করে না। এই জাতির আদিনিবাস কোথায় এবং কোন্ সময় বাণিজ্য সূত্রে এদেশে সমাগত হইয়াছে তাহার কোন কিংবদন্তী পাওয়া যায় না। জাতীয় নাম হইতে অনুমান হয় যে, ইহারা বৈশ্যবর্ণ এবং বণিগ্ বৃত্তিই ইহাদের উপজীবিকা; কিন্তু দুঃখের বিষয় ইহাদের উৎপত্তির কোন উপাখ্যান নাই।

ইহারা মধ্যমাকৃতি ও দৃঢ়কায়। পুরুষ অপেক্ষা রমণীগণ শ্রীমতী ও সুন্দরী। মদ্য, মৎস্য ও মাংস ভক্ষণে বিশেষ অনুরাগ আছে, কিন্তু দেবদ্বিজে ভক্তিও অচলা। ইহারা হিন্দুর সকল প্রসিদ্ধ তীর্থেই গমন করে এবং গ্রাম্য দেবদেবীরও পূজা দেয়। বেশভূষা সর্ব্বতোভাবে দাক্ষিণাত্য ব্রাহ্মণের মত। শাস্ত্রোক্ত ক্রিয়াকলাপে দেশস্থ-ব্রাহ্মণেরাই ইহাদের যাজকতা করে। ইহারাও ঐ পুরোহিতগণকে বিশেষ ভক্তি করিয়া থাকে।

ইহারা চতুর, কর্ম্মঠ, স্থিরমতি ও আজ্ঞাবাহী। বাণিজ্য, কৃষি অথবা সামান্য দোকানদারীই ইহাদের জীবনোপায়। সামাজিক বিবাদ মিটাইবার জন্য ইহাদের জাতীয়সভা আছে। ঐ সভার মীমাংসিত বিচার সকলেই গ্রাহ্য করিতে বাধ্য।

বৈশ্যসব (পুং) যাগ ভেদ। (তৈত্তিরীয় ব্রাহ্মণ)

বৈশ্যস্তোম (পুং) একাহ ভেদ। (ষড়্‌বিংশব্রা° ৪।৩)

বৈশ্যা (স্ত্রী) বৈশ্য-টাপ্। বৈশ্যজাতিস্ত্রী, পর্য্যায় অর্য্যাণী, অর্য্যা। (জটাধর)

বৈশ্রবণ (পুং) বিশ্রবণস্যাপত্যং (শিবাদিভ্যোঽণ্। পা ৪।১।১১২) ইতি অণ্। ১ কুবের। (অমর) ২ শিব। (ভারত ১৩।১৭।১০৩)

বৈশ্রবণালয় (পুং) বৈশ্রবণস্যালয়ঃ। ১ বটবৃক্ষ। (জটাধর) ২ কুবেরপুরী।

বৈশ্রবণাবাস (পুং) বৈশ্রবণস্যাবাসঃ। ১ বটবৃক্ষ। ২ কুবেরপুরী।

বৈশ্রবণোদয় (পুং) বৈশ্রবণস্যোদয়ো যস্মিন্। ১ বটবৃক্ষ।

বৈশ্রম্ভক (ত্রি) ১ বিশ্বাসোপায়। (ভাগবত ৫।২৬।৩২) ২ দেবোদ্যানভেদ। (ভাগবত ৩।২৩।৪০)

বৈশ্রেয় (পুং) বিশ্রির গোত্রাপত্য [বৈস্রেয় দেখ।]

বৈশ্লেষিক (ত্রি) বিশ্লেষ সম্বন্ধীয়। বিশ্লেষযোগ্য।

বৈশ্ব (ত্রি) ১ বিশ্বদেব-সম্বন্ধীয়। ২ উত্তরাষাঢ়া নক্ষত্র।

বৈশ্বকথিক (ত্রি) বিশ্বকথায়াং সাধু (কথাদিভ্যষ্ঠক্। পা ৪।১০২) ইতি ঠক্। বিশ্বকথা বিষয়ে সাধু।

বৈশ্বযুগ, বৃহস্পতির ষষ্টিসম্বৎসর যুগভেদ। ইহার প্রথম বর্ষের নাম শোভকৃৎ, ২য় শুভকৃৎ, ৩য় ক্রোধী, ৪র্থ বিশ্বাবসু ও ৫ম পরাভব। ইহার প্রথম ও দ্বিতীয় বৎসর প্রজাদিগের প্রীতি-বর্দ্ধক। তৃতীয় বৎসর বহুদোষপ্রদ এবং অবশিষ্ট দুইটী সম্বৎসরই সমফলী, কিন্তু পরাভববর্ষে অগ্নি, শস্ত্র, রোগপীড়া এবং ব্রাহ্মণ ও গো সকলের ভয় হয়। (বরাহ বৃ° ৮।৪১)

বৈশ্বকর্ম্মণ (ত্রি) বিশ্বকর্ম্মন্-অণ্। বিশ্বকর্ম্মা সম্বন্ধীয়।

বৈশ্বজনীন (ত্রি) বিশ্বজনে সাধুঃ (প্রতিজনাদিভ্যঃ খঞ্। পা ৪।৪।৯৯) ইতি বিশ্ব-খঞ্। বিশ্বজনবিষয়ে সাধু, যিনি বিশ্ব-জনের হিতকারী।

বৈশ্বজিত (ত্রি) বিশ্বজিৎ নামক হোতৃ সম্বন্ধীয়। (ঐতরেয়ব্রা° ৬।৩০)

বৈশ্বজ্যোতিষ (ক্লী) সামভেদ।

বৈশ্বদেব (পুং) বিশ্বদেবস্যায়ং বিশ্বদেব অণ্। বিশ্বদেব সম্বন্ধি হোমাদি। মনুতে লিখিত আছে যে, বৈশ্বদেবাদি কার্য্যের জন্য ব্রাহ্মণভোজনের আবশ্যক নাই। দ্বিজগণ প্রতিদিন সংস্কৃত অগ্নিতে বৈশ্বদেবোদ্দেশ্যে সিদ্ধ অর্থাৎ পক্ক অন্ন দ্বারা বিধিপূর্ব্বক হোম করিবেন।

বৈশ্বদেব হোমের বিধি যথা—অগ্নয়ে স্বাহা, সোমায় স্বাহা, অগ্নীষোমাভ্যাং স্বাহা, বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা, ধন্বন্তরয়ে স্বাহা, কুহ্বৈ স্বাহা, অনুমত্যৈ স্বাহা, প্রজাপতয়ে স্বাহা দ্যাব্যাপৃথিবীভ্যাং স্বাহা, এবং শেষে অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা, বলিয়া হোম করিবে। উক্ত প্রকারে অনন্যমনাঃ হইয়া প্রতি দেবতার উদ্দেশে হবির্দ্বারা হোম করিয়া পূর্ব্বাদি দিক্ ক্রমে প্রদক্ষিণাবর্ত্তে সকল দিকে ইন্দ্র, যম, বরুণ, সোম ইহাদিগকে ও ইহাদের অনুচর দেবতা-দিগকে বলি প্রদান করিবে। যথা—পূর্ব্বদিকে ইন্দ্রায় নমঃ ইন্দ্রপুরুষেভ্যো নমঃ, দক্ষিণে যমায় নমঃ, যমপুরুষেভ্যো নমঃ, পশ্চিমে বরুণায় নমঃ বরুণপুরুষেভ্যো নমঃ, উত্তরে সোমায় নমঃ সোমপুরুষেভ্যো নমঃ, এই বলিয়া বলি প্রদান করিতে হইবে। পরে মণ্ডলের দ্বারদেশে মরুদ্‌ভ্যো নমঃ, জল মধ্যে অদ্ভো নমঃ, এবং মুষল বা উদূখলে বনস্পতিভ্যো নমঃ, বলিয়া বলি দিতে হইবে। বাস্তুপুরুষের শিরঃপ্রদেশে উত্তরপূর্ব্বদিকে শ্রিয়ৈ নমঃ, বলিয়া লক্ষ্মীকে, তাহার পাদদেশে দক্ষিণপশ্চিমদিকে ভদ্রকাল্যৈ নমঃ বলিয়া ভদ্রকালীকে, গৃহ মধ্যে ব্রহ্মণে নমঃ বলিয়া ব্রহ্মাকে এবং বাস্তোষ্পতয়ে নমঃ বলিয়া বাস্তু দেবতাকে বলি দিতে হইবে। তৎপরে বিশ্বেভ্যো দেবেভ্যো নমঃ, দিবাচরেভ্যো ভূতেভ্যো নমঃ, নক্তঞ্চারিভ্যো নমঃ এই বলিয়া সমুদয় দেবতা, দিবাচর ও রাত্রিচর ভূতগণের উদ্দেশে ঊর্দ্ধে আকাশে বলি উৎ-ক্ষেপ করিবে। শেষে আপনার পৃষ্ঠদেশে ভূভাগোপরি 'সর্ব্বাত্ম-ভূতায় নমঃ' বলিয়া সকল ভূতকে বলি দিতে হইবে। এই সকল বলি দিয়া যে অন্ন থাকিবে, তাহা দক্ষিণ দিকে দক্ষিণমুখ ও

প্রাচীনাবীতী হইয়া পিতৃদিগকে স্বধা পিতৃভ্যঃ বলিয়া পিতৃগণকে বলি দিবে। পরে কুকুর, পতিত, কুকুরোপজীবী, পাপরোগী, কাক ও কৃমিদিগের জন্য অপর অন্ন পাত্রে গ্রহণ করিয়া ধূলি না লাগে এমন ভাবে ধীরে ধীরে ভূমিতে স্থাপন করিবে।

ব্রাহ্মণ প্রতিদিন এইরূপে বৈশ্বদেবের অনুষ্ঠান করিবেন। যে ব্রাহ্মণ এইরূপে প্রতিদিন অন্নদানাদিদ্বারা বৈশ্বদেবের অনুষ্ঠান করেন, তিনি সর্ব্বপাপবিনির্মুক্ত হইয়া অন্তে স্বর্গলোকে গমন করেন।* (মনু ৩ অঃ)

গরুড়পুরাণে বৈশ্বদেব বিধির বিষয় এইরূপ লিখিত আছে যে, প্রথমে অগ্নিস্থাপন করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে। ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যম রাজ্যং গচ্ছতু রিপ্রবাহ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্। ওঁ পাবক বৈশ্বানর ইদমাসনম্। অবনীগর্ভসংস্কৃতঃ তেজোরূপো মহাব্রহ্মন্নমুহূর্ত্তাস্ত্রিষু বৈশ্বানরং প্রতিবোধয়ামি, বৈশ্বানরোঽত্র উভয়ং প্রায়াতু পরাবতঃ। অগ্নির্নঃ মুঞ্চতীরূপপৃষ্ঠে দিবি পৃষ্ঠোঽগ্নিঃ পৃথিব্যাং পৃষ্ঠো বিশ্বা ওষধীরাবিবেশ।

বৈশ্বানরঃ সহসা পৃষ্ঠোঽগ্নিঃ সবোঽগ্নিঃ খং দিবা সর্ব্বস্মাত্তু নক্তং ওঁ প্রজাপতয়ে স্বাহা। পরে এই সকল দেবতার উদ্দেশে হোম করিবে। সোমায় স্বাহা, বৃহস্পতয়ে স্বাহা, অগ্নীষোমাভ্যাং স্বাহা, ইন্দ্রাগ্নীভ্যাং স্বাহা, দ্যাবাপৃথিবীভ্যাং স্বাহা, ধন্বন্তরয়ে স্বাহা ইন্দ্রায় স্বাহা, বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা, ভূঃ স্বাহা; ভুবঃ স্বাহা, স্বঃ স্বাহা, ভূর্ভুবস্বঃস্বাহা। দেবকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা, মনুষ্যকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা, পিতৃকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা, আত্মকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা, এনস এনসোঽবযজনমসি স্বাহা, যচ্চাহ মে বিদ্বাংশ্চকার যচ্চাবিদ্বাংস্তস্য সর্ব্বস্যৈনসোঽবযজনমসি স্বাহা।

অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা। সূর্য্যায় স্বাহা। প্রজাপতয়ে স্বাহা। বনস্পতয়ে স্বাহা। অদ্‌ভ্যঃ স্বাহা। ওষধিবনস্পতিভ্যঃ স্বাহা। গৃহায় স্বাহা। দেবদেবতাভ্যঃ স্বাহা। বাস্তুদেবতাভ্যঃ স্বাহা। ইন্দ্রায় স্বাহা। ইন্দ্রপুরুষেভ্যঃ স্বাহা। যমায় স্বাহা। যমপুরুষেভ্যঃ স্বাহা। বরুণায় স্বাহা। বরুণপুরুষায় স্বাহা। সোমায় স্বাহা। সোমপুরুষেভ্যঃ স্বাহা। ব্রহ্মণে স্বাহা। ব্রহ্মপুরুষেভ্যঃ স্বাহা। বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা। সর্ব্বেভ্যো ভূতেভ্যঃ স্বাহা। দিবা-রাত্রিভ্যঃ স্বাহা। রক্ষোভ্যঃ স্বাহা। স্বধা পিতৃভ্যঃ স্বাহা। যে ভূতাঃ প্রচরন্তি দিবা চরন্তি দিবাচরমিচ্ছন্তো ভুবনস্য মধ্যে তেভ্যো বলিং পুষ্টিকামো দদামি, ময়ি পুষ্টিং পুষ্টিপতির্দধাতু স্বচাণ্ডালপতিতবায়সেভ্যঃ। (গরুড়পুরাণ বৈশ্বদেববিধি ২১৯ অ°)

ইত্যাদি প্রকারে হোম করিয়া পরে ভোজন করিবে। দেবপূজার পর বৈশ্বদেবের অনুষ্ঠান করা বিধেয়।

"পৌরুষেণ চ সূক্তেন তত্র বিষ্ণুং সমর্চ্চয়েৎ।
বৈশ্বদেবং ততঃ কুর্য্যাৎ বলিকর্ম্ম ততঃ পরম্॥" (আহ্নিকতত্ত্ব)

বৈশ্বদেব অবশ্যকর্ত্তব্য, না করিলে প্রত্যবায় হইয়া থাকে।

বৈশ্বদেবক (ক্লী) বিশ্বদেবস্য ভাবঃ কর্ম্ম বা (মনোজ্ঞাদিভ্যশ্চ। পা ৫।১।১৩৩) ইতি বুঞ্। বিশ্বদেবের ভাব বা কর্ম্ম।

বৈশ্বদেবকর্ম্মন্ (ক্লী) বিশ্বদেবের পূজাদি।

বৈশ্বদেবত (ক্লী) উত্তরাষাঢ়ানক্ষত্র, বিশ্বদেবতা ইহার অধিষ্ঠাত্রী দেবতা। (বৃহৎসংহিতা ৬।৬)

বৈশ্বদেবস্তুৎ (পুং) একাহভেদ। (শাঙ্খায়নশ্রৌ° ১৪।৬০।১)

বৈশ্বদেবহোম (পুং) বৈশ্বদেবতার প্রীত্যর্থে প্রদত্ত হোমবিশেষ।

বৈশ্বদৈবিক (ত্রি) ১ বৈশ্বদেব পর্ব্বসম্বন্ধীয়। (মার্ক°পু° ৩১।৩৮।৫৭) ২ বৈশ্বদেব।

বৈশ্বদেব্য (ত্রি) বিশ্বদেবের প্রীত্যর্থে যাহা উৎসর্গীকৃত হইয়াছে।

বৈশ্বদৈবত (ক্লী) বৈশ্বদেবত শব্দার্থ।

বৈশ্বদৈবিক (ত্রি) বৈশ্বদেবিক শব্দার্থ।

বৈশ্বধ (ত্রি) বিশ্বধা শীলমস্য। বিশ্বধারক।

বৈশ্বধেনব (পুং) বিশ্বধেনুসম্বন্ধীয়। বিশ্বধেনব।

বৈশ্বধৈনব (পুং) বৈশ্বধেনবানাং বিষয়ো দেশঃ। বিশ্বধেনু বহুল দেশ। (পা ৭।৩।২৫)

বৈশ্বন্তরি (পুং) বিশ্বন্তরের গোত্রাপত্য। (সংস্কারকৌমুদী)

* "বৈশ্বদেবস্য সিদ্ধস্য গৃহেঽহ্নৌ বিধিপূর্ব্বকম্।
আভ্যঃ কুর্য্যাদ্দেবতাভ্যো ব্রাহ্মণো হোমমন্বহম্॥
অগ্নেঃ সোমস্য চৈবাদৌ তয়োশ্চৈব সমস্তয়োঃ।
বিশ্বেভ্যশ্চৈব দেবেভ্যো ধন্বন্তরয় এব চ॥
কুহ্বৈ চৈবানুমত্যৈ চ প্রজাপতয় এব চ।
সহ দ্যাবাপৃথিব্যোশ্চ তথা স্বিষ্টকৃতেঽন্ততঃ॥
এবং সম্যক্ হবির্হুত্বা সর্ব্বদিক্ষু প্রদক্ষিণম্।
ইন্দ্রান্তকাপ্পতীন্দুভ্যঃ সানুগেভ্যো বলিং হরেৎ॥
মরুদ্ভ্য ইতি তু দ্বারি ক্ষিপেদপ্সু দ্বন্ত্য ইত্যপি।
বনস্পতিভ্য ইত্যেষ্যং মুষলোদূখলে হরেৎ॥
উচ্ছীর্ষকে শ্রিয়ৈ কুর্য্যাদ্ ভদ্রকাল্যৈ চ পাদতঃ।
ব্রহ্মবাস্তোষ্পতিভ্যশ্চ বাস্তুমধ্যে বলিং হরেৎ॥
বিশ্বেভ্যশ্চৈব দেবেভ্যো বলিমাকাশ উৎক্ষিপেৎ।
দিবাচরেভ্যো ভূতেভ্যো নক্তঞ্চারিভ্য এব চ॥
পৃষ্ঠবাস্তূনি কুর্ব্বীত বলিং সর্ব্বাত্মভূতয়ে।
পিতৃভ্যো বলিশেষন্তু সর্ব্বং দক্ষিণতো হরেৎ॥
শুনাঞ্চ পতিতানাঞ্চ শ্বপচাং পাপরোগিণাম্।
বায়সানাং ক্রিমীণাঞ্চ শনকৈর্নির্ব্বপেদ্ ভুবি॥
এবং যঃ সর্ব্বভূতানি ব্রাহ্মণো নিত্যমর্চ্চতি।
স গচ্ছতি পরং স্থানং তেজোমূর্ত্তিপথজ্ঞ না॥" (মনু ৩।৮৩-৯২)

বৈশ্বমনস (ক্লী) সামভেদ। (পঞ্চবিংশব্রা° ১৫।৪।১৯)

বৈশ্বমানব (ক্লী) বিশ্বমানবানাং বিষয়ো দেশঃ। দেশবিশেষ। যে দেশে বিশ্বমানব আছে। (পা ৪।২।৫৪)

বৈশ্বরূপ (ত্রি) বিশ্বরূপ-অণ্। ১ বিশ্বরূপ সম্বন্ধীয়। (ক্লী) ২ বিশ্বরূপ।

বৈশ্বরূপ্য (ত্রি) বিশ্বরূপ সম্বন্ধীয়।

বৈশ্বলোপ (ত্রি) বিশ্বলোপ-ভব বা তজ্জাত। (কৌষীতকী ১৭)

বৈশ্বব্যচস (ত্রি) বিশ্বব্যচস্-অণ্। রবি হইতে উৎপন্ন। "তস্য চক্ষুর্বৈশ্বব্যচসম্" (শুক্লযজু° ১৩।৫৬) 'বৈশ্বব্যচসং বিশ্বব্যচসো রবেরুৎপন্নং' (মহীধর)

বৈশ্বসৃজ (ত্রি) বিশ্বস্রষ্টা সম্বন্ধীয়। (তৈত্তিরীয়আর° ১।২।১১)

বৈশ্বানর (পুং) বিশ্বশ্চাসৌ নরশ্চেতি (নরে সংজ্ঞায়াং। পা ৬।৩।১২৯) ইতি দীর্ঘঃ ততো বিশ্বানর এব স্বার্থে অণ্, যদ্বা বিশ্বান্ নরান্ ইতো লোকান্ লোকান্তরং নয়তি, ইদমর্থেন বিশ্বানরাণাং নেতৃত্বেন সম্পদ্যতে বা কর্ম্মার্থপ্রণেতৃত্বেন সম্পাদিনোঽস্য বৈশ্বানরঃ, 'অন্যেষামপি দৃশ্যতে ইতি দীর্ঘঃ অপি বা বিশ্বান্ জন্তূন্ অরঃ ঋ-গতৌ ইত্যস্য ছান্দসত্বাৎ পচাদ্যচ্ উপপদ বিভক্তেশ্চালুক্। সর্ব্বাণি ভূতানি অরঃ প্রত্যৃতঃ প্রতিগতঃ প্রবিষ্টইতি বিশ্বানরঃ প্রাণঃ, তেন জন্যমানত্বাৎ তস্যাপত্যং বৈশ্বানরঃ (ইতি নিঘণ্টু টীকায়াং দেবরাজযজ্বা ৫।১) ১ অগ্নি।

"অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ।
প্রাণাপানসমাযুক্তঃ পচাম্যন্নং চতুর্বিধম্॥" (গীতা ১৫।১৪)

২ চিত্রকবৃক্ষ। (অমর) ৩ পরমাত্মা। (বাজসনেয়স° ২০।১৩) ৪ চেতন।

বৈশ্বানরচূর্ণ (ক্লী) চূর্ণৌষধ বিশেষ। প্রস্তুতপ্রণালী—সৈন্ধবলবণ ২ ভাগ, যমানী ২ ভাগ, বনযমানী ৩ ভাগ, শুঁট ৫ ভাগ, হরীতকী ১২ ভাগ, এই সকল দ্রব্য উত্তমরূপে চূর্ণ করিয়া একত্র মিশ্রিত করিবে। অনুপান দধির মাত, কাঁজি, তক্র, ঘৃত বা উষ্ণজল। ঔষধের পরিমাণ রোগীর অবস্থা ও অগ্নির বলাবল অনুসারে স্থির করিতে হয়। এই চূর্ণ সেবনে আমবাত, গুল্ম, ও শূল প্রভৃতি নানাবিধ রোগ আশু বিনষ্ট হয় এবং ইহা বায়ুর অনুলোমকারক।

(ভৈষজ্যরত্না° আমবাতরো°)

বৈশ্বানরজ্যেষ্ঠ (ত্রি) জাঠরাগ্নির পরবর্ত্তিকালে জাত অগ্নি, উক্ষান্নাদি।

উক্ষান্ন, বশান্ন ও সোমপৃষ্ঠ প্রভৃতি নামধেয় অগ্নিই বৈশ্বানরজ্যেষ্ঠ বলিয়া উক্ত হয়, কেননা ইহারা সকলেই জাঠরাগ্নির পরবর্ত্তিকালে উৎপন্ন।

"তেভ্যঃ বৈশ্বানরজ্যেষ্ঠেভ্যঃ। এক উক্ষান্নঃ অপরো বশান্নঃ অন্যঃ সোমপৃষ্ঠঃ। তে সর্ব্বে বৈশ্বানরজ্যৈষ্ঠাঃ। বিশ্বানরহিতো জাঠররূপেণাবস্থিতো হগ্নির্জ্যৈষ্ঠঃ অগ্রজো যেষাং।

(অথর্ব্ব ৩।২১।৬ সায়ণ)

বৈশ্বানরজ্যোতিষ (ত্রি) পরব্রহ্ম। "বৈশ্বানরজ্যোতির্ভূয়াসং।" (শুক্লযজুঃ ২০।২৩)

'বিশ্বেভ্যো হিতঃ বৈশ্বানরঃ পরমাত্মা, তদ্রূপং জ্যোতির্ভূয়াসং'।

বৈশ্বানরদত্ত (পুং) কথাসরিৎসাগরবর্ণিত একজন ব্রাহ্মণ।

(কথাসরিৎ ২০।৮)

বৈশ্বানরপথ (পুং) বৈশ্বানরস্য পন্থাঃ, ষচ্ সমাসান্তঃ। বৈশ্বানরমার্গ। (রামা° ১।৬০।৩০)

বৈশ্বানরমার্গ (পুং) আকাশের পূর্ব্বদক্ষিণপথ, অগ্নিকোণ।

বৈশ্বানরবিদ্যা (স্ত্রী) উপনিষদ্ভেদ।

বৈশ্বানরলৌহ (ক্লী) ঔষধবিশেষ। প্রস্তুত প্রণালী—তেতুলছাল ভস্ম, অপাঙ্গ ভস্ম, শামুকমুষ্টিভস্ম, সৈন্ধব লবণ, প্রত্যেক একপোয়া, লৌহ একসের। এই সকল একত্র পেষণ করিয়া লইবে। শূলরোগে বেদনা উপস্থিত হইলে ২ মাষা পরিমাণে এই ঔষধ সেবন করিবে। ইহাতে সাধ্যাসাধ্য সকল রকম শূলই আশু প্রশমিত হয়। (ভৈষজ্যরত্না° শূলরোগাধি°)

বৈশ্বানরবটী (স্ত্রী) বটিকৌষধ বিশেষ। প্রস্তুত প্রণালী—পারদ একভাগ, গন্ধক দুইভাগ, তাম্র, লৌহ, শিলাজতু, প্রত্যেকের একভাগ, বিষ দুইভাগ, শুঁঠ, পিপুল, মরিচ, চিতা, কাকোলী, নিসিন্দা, তালমূলী চূর্ণ, যমানী প্রত্যেকের এক এক ভাগ একত্র করিয়া নিম্বকাথ ও এরণ্ডমূল রসে ২১ বার ও ভৃঙ্গরাজ রসে ৭ বার ভাবনা দিয়া কুলের আটির মত বটিকা প্রস্তুত করিয়া মধুর সহিত লেহন অথবা দেবদারু, চিতামূলের কল্ক দুগ্ধ সহ অথবা মেষ দুগ্ধ ও কুলত্থ কলায়ের যূষ দিয়া পান করিলে উদররোগ প্রশমিত হয়। (রসেন্দ্রসারস°.উদররোগাধি°)

বৈশ্বানরায়ণ (পুং) বিশ্বানরের গোত্রাপত্য। (পা ৪।১।১১০)

বৈশ্বানরীয় (ত্রি) বৈশ্বানরসম্বন্ধীয়। (ঐতরেয়ব্রা° ৩।১৪)

বৈশ্বামনস (ক্লী) সামভেদ। [বৈশ্বমনস দেখ।]

বৈশ্বামিত্রি (পুং) বিশ্বামিত্রের গোত্রাপত্য, বিভিন্ন ঋষি।

(ভারত বনপর্ব্ব)

বৈশ্বামিত্রিক (ত্রি) বিশ্বামিত্রসম্বন্ধীয়।

বৈশ্বাবসব (ক্লী) ১ বসুসমূহ। (ত্রি) ২ বিশ্বাবসুসম্বন্ধীয়।

বৈশ্বাবসব্য (পুং) বিশ্বাবসো র্গোত্রাপত্যং (গর্গাদিভ্যো যঞ্। পা ৪।১।১০৫) ইতি যঞ্। বিশ্বাবসুর গোত্রাপত্য।

বৈশ্বাসিক (ত্রি) বিশ্বাসী।

বৈশ্বী (স্ত্রী) উত্তরাষাঢ়ানক্ষত্র। (হেম)

বৈষম (ক্লী) বিষম-অণ্। বিষমতা।

বৈষমস্থ্য (ক্লী) বিষমস্থস্য ভাবঃ কর্ম্ম বা (গুণবচনব্রাহ্মণাদিভ্যঃ কর্ম্মণি চ। পা ৫।১।১২৪) ইতি ষ্যঞ্। বিষমস্থিতের ভাব বা কর্ম্ম।

বৈষম্য (ক্লী) বিষমস্য ভাবঃ বিষম-ষ্যঞ্ ভাবে। বিষমত্ব, বিষমতা।

বৈষয় (ক্লী) বিষয়াণাং সমূহঃ (ভিক্ষাদিভ্যোঽণ্। পা ৪।২।৩২) ইতি অণ্ বিষয় সমূহ।

বৈষয়িক (ত্রি) ১ বিষয়সম্বন্ধীয়। ২ বিষয়ী ব্যক্তি।

বৈষুবত (ত্রি) বিষুবসংক্রান্তি। "উদগয়নদক্ষিণায়ন বৈষুবত-সংজ্ঞাভির্গতিভিঃ।" (ভাগবত ৫।২১।৩)

বৈষুবতীয় (ত্রি) বৈষুবতশব্দার্থ।

বৈষ্কির (ত্রি) যাহারা আহার্য্য দ্রব্য বিকিরণ করিয়া অর্থাৎ চারি দিকে ছড়াইয়া ভক্ষণ করে, কুক্কুটাদিঃ।

বৈষ্টপ (ত্রি) বিষ্টপসম্বন্ধীয়। (অথর্ব্ব ১৯।২৭।৪)

বৈষ্টপুরেয় (পুং) বিষ্টপুরস্য গোত্রাপত্যং বিষ্টপুর শুভ্রাদি-ভ্যশ্চ। পা ৪।১।১২৩) ইতি ঠক্। বিষ্টপুরের গোত্রাপত্য।

বৈষ্টম্ভ (ক্লী) সামভেদ। (পঞ্চবিংশব্রা° ১২।৩।৯)

বৈষ্টিক (পুং) দুর্বৃত্ত। দুরাশদ।

বৈষ্টুত (ত্রি) হোমভস্ম। (হেম)

বৈষ্টুভ (ক্লী) বৈষ্টুত শব্দার্থ। (ত্রিকাণ্ড° ২।৭।৭)

বৈষ্ট্র (ক্লী) বিশ (ভ্রমজিগমিনমিহনিবিশ্যশাং বৃদ্ধিশ্চ। উণ্ ৪।১৫৯) ইতি ষ্ট্রন্ বৃদ্ধিশ্চ। ১ পিষ্টপ। (উজ্জ্বল) ২ দ্যৌ, স্বর্গ। ৩ বায়ু। ৪ বিষ্ণু। (সংক্ষিপ্তসা° উণাদি)

বৈষ্ণব (পুং) বিষ্ণুর্দেবতা অস্য বিষ্ণু-অণ্; বিষ্ণুং যজতে বা। বিষ্ণুই যাঁহার আরাধ্য দেবতা, অথবা যিনি বিষ্ণু যজন করেন, তিনিই বৈষ্ণব। পুরাণাদিতেও বৈষ্ণবশব্দের এইরূপ নিরুক্তির পরিচয় পাওয়া যায়—

"যদ্বিষ্ণূপাসনা নিত্যং বিষ্ণুর্যস্যেশ্বরো মুনে।
পূজ্যো যস্যৈকবিষ্ণুঃ স্যাদিষ্টো লোকে স বৈষ্ণবঃ॥
বিষ্ণুরূপাসকো দাসস্তন্মন্ত্রেষ্টস্তদাশ্রয়ঃ।
তমাহুর্বৈষ্ণবং লোকে বিষ্ণুসেবাপরায়ণম্॥"
(পাদ্মে উত্তরখণ্ডে ৯৯ অধ্যায়)

এই নিরুক্তি অনুসারে আলোচনা করিলে মনে হয় অতি বহুকাল হইতেই এদেশে বিষ্ণুর উপাসনা চলিয়া আসিতেছে।

প্রাচীনতম ঋগ্‌মন্ত্রে ঋষিরা বিষ্ণুর উপাসনা করিতেন, ভোগৈশ্বর্য্যপ্রদানের নিমিত্ত বিষ্ণুর প্রার্থনা করিতেন, বিপদে পড়িয়া বিষ্ণুর শরণগ্রহণ করিতেন, আবার সময়ে সময়ে নিষ্কামভাবে ও বিশুদ্ধ ভক্তিভাবে বিষ্ণুর মহিমা কীর্ত্তন করিয়া হৃদয়েশ্বরের চরণে আত্মসমর্পণ করিতেন।

আমরা ঋগ্‌বেদের ১ম মণ্ডলের ২২ সূক্তের ১৬ ঋকে সর্ব্বপ্রথমে বিষ্ণুর উল্লেখ দেখিতে পাই। এই ১৬ ঋক্ হইতে পরবর্ত্তী ছয়টী ঋকে বিষ্ণুর যে মহিমা কীর্ত্তিত হইয়াছে, তাহাতেই বৈদিককালেও আমরা বিষ্ণু আরাধনার প্রভাব, প্রসার ও প্রতিপত্তির যথেষ্ট আভাস প্রাপ্ত হইতে পারি। এস্থলে সেই কয়েকটী ঋক্ উদ্ধৃত করা যাইতেছে যথা—

১। অতো দেবা অবন্তু নো যতো বিষ্ণু র্বিচক্রমে।
পৃথিব্যাঃ সপ্তধামভিঃ। ১।২২।১৬।

২। ইদং বিষ্ণু র্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্
সমূলমস্য পাংসুরে। ১।২২।১৭।

৩। ত্রীণি পদা বিচক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্যঃ
অতো ধর্ম্মাণি ধারয়ন্। ১।২২।১৮।

৪। বিষ্ণোঃ কর্ম্মাণি পশ্যতঃ যতো ব্রতানি পস্পশে।
ইন্দ্রস্য যুজ্যঃ সখা। ১।২২।১৯।

৫। তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্। ১।২২।২০।

৬। তদ্বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে।
বিষ্ণোর্যৎ পরমং পদম্। ১।২২।২১।*

* কেহ কেহ মনে করেন, ঋগ্‌বেদে সূর্য্যকেই স্থানবিশেষে বিষ্ণুনামে অভিহিত করা হইয়াছে। নিরুক্তের টীকাকার দুর্গাচার্য্য এই সম্প্রদায়ের একজন। দ্বাদশ আদিত্যের মধ্যে বিষ্ণু একজন আদিত্য বা অদিতেয় বলিয়া স্বীকার্য্য হইলেও ইনি সূর্য্য নহেন। সম্ভবতঃ দুর্গাচার্য্য সৌর ছিলেন। তাই তিনি বিষ্ণুকে সূর্য্য বলিয়া প্রতিপন্ন করিতে সচেষ্ট হইয়াছেন। ফলতঃ ঋগ্‌বেদে বিষ্ণু ও সূর্য্য পৃথক্ দেবতারূপেই বর্ণিত হইয়াছেন। বৈদিক দেবতাগণ বাসস্থানভেদে তিন শ্রেণীতে বিভক্ত যথা—দ্যুলোকবাসী, অন্তরীক্ষ-বাসী ও ভূলোকবাসী। দ্যুলোকবাসী দেবতাদের মধ্যে দ্যু, বরুণ, মিত্র, সূর্য্য, সাবিত্রী, পূষন্, বিষ্ণু, বিবস্বৎ, আদিত্য, ঊষা ও অশ্বিন্। অশ্বিন্ যেমন সূর্য্য নহেন, বিষ্ণুও সেই রূপ সূর্য্য নহেন। বিষ্ণু সূর্য্য হইতেও ক্ষমতাশালী। বেদবিভাগকর্ত্তা এবং ব্রহ্মসূত্র-রচয়িতা ব্যাসদেবও বিষ্ণুকে সূর্য্য হইতে পৃথক্ বলিয়াই জানিতেন যথা—

"যদাদিত্যগতং তেজস্তত্তেজো বিদ্ধি মামকম্।"

অর্থাৎ আদিত্যগত তেজঃ আমারই তেজঃ বলিয়া জানিও। আবার নারায়ণের ধ্যানে আরও স্পষ্টকথা জানা যায়। যথা—

"ধ্যেয়ঃ সদা সাবিত্রীমণ্ডলমধ্যবর্ত্তী
নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।"

পৌরাণিকগণ বলেন—

"জ্যোতিরভ্যন্তরে রূপং দ্বিভুজং শ্যামসুন্দরম্"

শাকপুণি ও ঔর্ণবাভ প্রভৃতি ব্যাখ্যাকারগণ বিষ্ণুশব্দের ভিন্ন ভিন্ন রূপে ব্যাখ্যা করিয়াছেন। সায়ণের ভাষ্য বাদরায়ণের ভাবসম্মত। মহীধর শাকপুণির অনুসরণ করিয়া বলেন, অগ্নি, বায়ু ও সূর্য্যরূপে বিষ্ণু ত্রিবিক্রম অবতারে ত্রিপাদ সঞ্চরণ করেন। বাদরায়ণ, মহীধর ও সায়ণ প্রভৃতি

এই কয়েকটী ঋকে বৈদিক সময়ে বিষ্ণুর পরাক্রম অভিব্যক্ত হইয়াছে। তাঁহার চরণরেণুতে সমগ্র বিশ্ব সমাবৃত। তিনি অসীম শক্তিশালী ও অজেয়। ইন্দ্রও তাঁহার সহিত সখ্য-সংস্থাপনে নিরন্তর যত্নবান্। তিনি এই বিশ্বের রক্ষক ও পোষক। দেবতারা নির্নিমেষলোচনে বিষ্ণুর পরমপদ সন্দর্শন করেন, ঋষিরা তাঁহার গুণ গান করেন। বিষ্ণুই প্রকৃতির সর্ব্বপ্রকার শক্তির প্রস্রবণ।

১ম মণ্ডলের ১৫৪ সূক্তের ৬টী ঋকেই আমরা আবার বিষ্ণুর বলবিক্রমের কথা শুনিতে পাই, এই স্থলে বিষ্ণু "উরুক্রম" ও "উরুগায়" ইত্যাদি নামে অভিহিত হইয়াছেন। এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ড তাঁহারই ত্রিপাদ-সঞ্চরণস্থানের অন্তর্গত। তাঁহার ত্রিধাম মধুপূর্ণ বা মাধুর্য্যপূর্ণ ও আনন্দপূর্ণ। এখানে দেবভক্ত লোকেরা আনন্দলাভ করেন। বিষ্ণুর ধাম মাধুর্য্যের উৎসপূর্ণ, সেখানে বহুশৃঙ্গ দ্রুতগতিশীল গাভী আছে। এই ধামে বিষ্ণু বিরাজ করেন। যথা :—

"তদস্য প্রিয়মভি পাথো অশ্যাং নরো যত্র দেবয়বোমদন্তি।
উরুক্রমস্য সহি বন্ধুরিত্থা বিষ্ণোঃ পদে পরমে মধ্বা উৎসঃ॥
তা বাং বাস্তূন্যুশ্মসি গমধ্যৈ যত্র গাবোভূরিশৃঙ্গা অয়াসঃ।
অত্রাহ তদুরুগায়স্য বৃষ্ণঃ পরমং পদমবভাতি ভূরি॥"

(১।১৫৪।৫-৬)

এই দুই ঋকে "বর্হাস্ফুরিতরুচি গোপবেশ বিষ্ণু"র মাধুর্য্যময় ধাম গোলকবৃন্দাবনের মাধুর্য্যপ্রদর্শক আলোকবর্ত্তিকা অতি স্পষ্টরূপেই পরিলক্ষিত হয়। পরবর্ত্তিকালে বাদরায়ণ সমাধিতে বিষ্ণুর যে মাধুর্য্যলীলা সন্দর্শন করিয়া বিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত পুরাণাদিতে যে লীলামাধুরী বিস্তারিতরূপে বর্ণনা করিয়া রাখিয়াছেন,—বৈদিক ঋষিরাও প্রিয়তম ধামের মাধুর্য্যের উৎস, গোলকের সেই দ্রুতগতিশীল বহুশৃঙ্গ গাভীর সন্দর্শন লাভে কৃতার্থ হইয়াছিলেন। ঋষিগণ এই গোলকধামপ্রাপ্তির নিমিত্ত যে কত ব্যগ্রতা ও কত ব্যাকুলতা প্রকাশ করিয়াছেন, এই সূক্তে আমরা তাহার যথেষ্ট পরিচয় প্রাপ্ত হই। বিষ্ণুভক্ত বিষ্ণুধাম-গমনোৎকণ্ঠ এই সকল ঋষিরা তৎসময়েই "বৈষ্ণব" নামে অভিহিত না হইলেও "বৈষ্ণব" সংজ্ঞায় অভিহিত হওয়ার যোগ্য।* ঋক্ সাম যজু ও অথর্ব্ববেদের বহুস্থলে এইরূপ বিষ্ণুর উপাসনা দৃষ্ট হয়।

ব্রাহ্মণগ্রন্থেও বিষ্ণুর প্রাধান্য যথেষ্ট কীর্ত্তিত হইয়াছে। ঐতরেয় ব্রাহ্মণ বলেন—

"অগ্নিশ্চ হ বৈ বিষ্ণুশ্চ দেবানাং দীক্ষাপালৌ"

(ঐতরেয়-ব্রাহ্মণ ১।৫)

অর্থাৎ অগ্নি ও বিষ্ণু এই উভয়েই দেবগণের দীক্ষাদাতা। সায়ণাচার্য্য "বেদার্থপ্রকাশ" নামক ভাষ্যে উক্ত শ্রুতির ব্যাখ্যায় লিখিয়াছেন :—

'যোহয়মগ্নিঃ সর্ব্বেষাং দেবানাং প্রথমঃ, যশ্চ বিষ্ণুঃ সর্ব্বেষামুত্তমঃ, তাবুভৌ দেবানাং মধ্যে দীক্ষাখ্যস্য চ ব্রতস্য পালয়িতারৌ'

অর্থাৎ অগ্নিই সকল দেবতার মধ্যে উত্তম। ইঁহারাই দীক্ষাদানের অধিকারী। অগ্নিকে প্রথম বলিবার তাৎপর্য্য এই যে অগ্নিই মুখ স্বরূপ। কেন না যজ্ঞীয় হবিঃ দেবতাগণের উদ্দেশ্যে প্রথমে অগ্নিতেই সমর্পণ করা হয়। যথা:—

"অগ্নির্মুখং প্রথমো দেবতানামগ্নিশ্চ বিষ্ণো তপ উত্তমং মহ ইত্যাগ্না বৈষ্ণবস্য হবিষো যাজ্যানুবাক্যে ভবতঃ॥"

(তৈত্তিরীয় ব্রাহ্মণ ২।৪।৩।৩)

এতদ্দ্বারা যজ্ঞাদি বৈদিক ব্যাপারে বিষ্ণুরই প্রাধান্য স্বীকৃত হইয়া বিষ্ণুই "যজ্ঞেশ্বর" বলিয়া চিরদিনই পরিকীর্ত্তিত।

শতপথব্রাহ্মণেও আমরা বিষ্ণুর প্রাধান্য ও তাঁহার মহিম-ঘোষণাসূচক অনেক শ্রুতি দেখিতে পাই। এস্থলে নিদর্শন স্বরূপ বাহুল্যভয়ে একটী মাত্র শ্রুতিবাক্য উদ্ধৃত করা যাইতেছে যথা—

"তৎ বিষ্ণুং প্রথমঃ প্রাপ, স দেবতানাং শ্রেষ্ঠোঽভবৎ।
তস্মাদাহুঃ "বিষ্ণুর্দেবতানাং শ্রেষ্ঠঃ ইতি"॥

(শতপথব্রাহ্মণ ১৪।১।১।৫)

এইরূপ অন্যান্য ব্রাহ্মণেও বিষ্ণুর শ্রেষ্ঠতা স্বীকৃত হইয়াছে। সুতরাং ব্রাহ্মণগ্রন্থপ্রচলনের সময়ে এদেশে বৈদিক বৈষ্ণকগণের প্রভাব, প্রাদুর্ভাব ও প্রতিপত্তি ছিল, ইহা সহজেই সপ্রমাণ হইতেছে।

ঐতরেয়ব্রাহ্মণের প্রথম পঞ্চিকার তৃতীয় অধ্যায়ের ৪র্থ খণ্ডে লিখিত আছে—

"বৈষ্ণবো ভবতি বিষ্ণুর্বৈ যজ্ঞঃ স্বয়ৈবৈনং
তদ্দেবতায়া স্বেন ছন্দসা সমর্দ্ধয়তি।"

বেদার্থবিদ্‌গণের অভিমতেই সমগ্র হিন্দুসমাজ বিষ্ণুকে স্বতন্ত্র মহাশক্তিশালী দেবতা বলিয়া সূর্য্য হইতে পৃথক্‌রূপে অর্চ্চনা করিয়া থাকেন। সূর্য্য তাঁহারই তেজে জ্যোতিষ্মান্।

* মন্ত্রভাগবত নামক একখানি গ্রন্থে সার্দ্ধদ্বিশত ঋক্ উদ্ধৃত করিয়া শ্রীকৃষ্ণলীলার বেদমন্ত্র-ভিত্তি প্রতিষ্ঠিত করা হইয়াছে। গোবিন্দ সুধির পুত্র নীলকণ্ঠ ভট্ট এই গ্রন্থের প্রণেতা। নীলকণ্ঠ যে সকল ঋক্ উদ্ধৃত করিয়া ব্যাখ্যা করিয়াছেন, এস্থলে তাহা উল্লিখিত হইল না। শ্রীমদ্ভাগবতপুরাণের দশম স্কন্ধের কৃষ্ণলীলার সূত্র ঋগ্‌বেদ হইতে প্রদর্শন করাই সুপণ্ডিত ভট্টাচার্য্য মহাশয়ের উক্ত গ্রন্থরচনার উদ্দেশ্য। মহর্ষি বেদব্যাস পুরাণে কৃষ্ণলীলা বিবৃত করিয়াছেন। শাস্ত্রকারগণ পুরাণসমূহকে বেদমূলক ও বেদ বলিয়াই অভিহিত করিয়াছেন। সুতরাং মন্ত্রভাগবত হিন্দুর চক্ষে অশ্রদ্ধেয় হইতে পারে না।

বিষ্ণুই সাক্ষাৎ যজ্ঞমূর্ত্তি, যাজ্ঞিকেরাই বৈষ্ণব। বিষ্ণু নিজেই নিজের ইচ্ছাতে দীক্ষিত বৈষ্ণবকে সম্বর্দ্ধিত করেন।

বৈদিক সাহিত্যাদিতে "বিষ্ণুর্দেবতা যস্য স বৈষ্ণবঃ" এইরূপে "বৈষ্ণব" পদের প্রয়োগ দৃষ্ট হয়। পাণিনি অনুসারে এইরূপ বিহিত তদ্ধিত প্রত্যয় দ্বারা (সাস্য দেবতা ইতি পা ৭।২।২৪) বৈষ্ণব শব্দের ব্যুৎপাদন করা হইয়াছে।

ঐতরেয়ব্রাহ্মণের প্রথম মন্ত্রেই আমরা বিষ্ণুর প্রাধান্য-কীর্ত্তন দেখিতে পাই, তদ্ যথা —

"অগ্নির্বৈবোমযসো বিষ্ণুঃ পরম স্তদন্তরেণ সর্ব্বা অন্যা দেবতা।"

অর্থাৎ দেবতাগণের মধ্যে অগ্নিই প্রথম দ্রষ্টব্য। কিন্তু বিষ্ণুই পরম দেবতা। তদনন্তরে অন্যান্য দেবতাগণের সম্মান।

বৈদিক সময়ে যাঁহারা বিষ্ণুকে এইরূপ পরমদেবতা বলিয়া তাঁহার যজন করিতেন, তাঁহাদিগকেই আমরা বৈদিক বৈষ্ণব বলিয়া অভিহিত করি। এই সময়ে যাগ যজ্ঞেই বিষ্ণুর উপাসনা ও আরাধনা হইত। প্রাচীন বৈদিক বৈষ্ণবগণের আচার-ব্যবহার ও উপাসনা প্রণালী সম্বন্ধে কোনও তথ্য জানিতে হইলে বেদসংহিতা, ব্রাহ্মণগ্রন্থ, শ্রৌতসূত্র ও গৃহ্য সূত্রাদিতে তদ্বিষয় অনুসন্ধেয়।

উপনিষদেও বিষ্ণুর মাহাত্ম্যকীর্ত্তন দেখিতে পাওয়া যায়। যথা—

১। বিষ্ণুর্যোনিং কল্পয়তু। (বৃহৎ আঃ ৬।৪।২১)
২। শং নো বিষ্ণুরুরুক্রমঃ। (তৈঃ ১।১।১)
৩। তদ্বিষ্ণোঃ পরমং পদম্। (কঠ ৩।৯।২ মৈত্রী ৬।২৬)
৪। (ক) অস্য সাত্ত্বিকোঽংশঃ বিষ্ণুঃ।
(খ) এষ হি খল্বাত্মা বিষ্ণুঃ।
(গ) সত্যধর্ম্মায় বিষ্ণবে। (মৈত্রী)
৫। তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ। (মহানারায়ণ ৩।৬)
৬। স এব বিষ্ণুঃ স প্রাণঃ। (কৈবল্য)
৭। যশ্চ বিষ্ণুস্তস্মৈ বৈ নমো নমঃ। (নৃসিংহপূর্ব্বতাপনী)
৮। এষ এব বিষ্ণু বেষহেবধোৎকৃষ্টঃ।
(নৃসিংহোত্তরতাপনী)
৯। বিষ্ণুশ্চ ভগবান্ দেবঃ। (ব্রহ্মবিন্দু)
১০। যশ্চ বিষ্ণুঃ। (অথর্ব্বশিরঃ)
১১। বিষ্ণুঃ সর্ব্বান্ জয়তি। (অথর্ব্বশিখা)
১২। স্বপ্নে বিষ্ণুঃ। (ব্রহ্ম)
১৩। ত্বং বিষ্ণুস্ত্বং বষট্কারঃ। (প্রাণাগ্নিহোত্র)
১৪। বিষ্ণুং কৃত্বা তু সারমিমম্। (অমৃত)
১৫। বিষ্ণুর্নাম মহাযোগী। (ধ্যানবিন্দু)
১৬। বিষ্ণোস্তৎ পরমং পদম্। (তেজোবিন্দু)
১৭। য এব বেদ স বিষ্ণুরেব ভবতি। (নারায়ণ)
১৮। শোকমোহবিনির্ম্মুক্তং বিষ্ণুং ধ্যায়গ্নসীমতি।
১৯। এক বিষ্ণু বাণকেষু। (বাসুদেব)
২০। কশ্চ বিষ্ণুঃ? (গোপীচন্দন)
২১। যঃ সজ্য স স্বয়ং বিষ্ণুঃ। (কৃষ্ণোপনিষৎ)
২২। শিবস্য হৃদয়ং বিষ্ণুঃ। (স্কন্দোপনিষৎ)
২৩। যো ব্রহ্ম বিষ্ণুরীশ্বরঃ। (রামোত্তরতাপনী)
২৪। নিশ্বাসভূতা মে বিষ্ণোঃ। (মুক্তি)
২৫। আদিত্যানামহং বিষ্ণুঃ। (গীতা)

প্রাচীন ও আধুনিক যে ২৩৫ খানি উপনিষদ্ দেখিতে পাওয়া যায়, অনুসন্ধান করিলে ইহার অধিকাংশ উপনিষদ্ হইতেই বিষ্ণুর মাহাত্ম্য-কীর্ত্তন উদ্ধৃত করা যাইতে পারে। নারায়ণ, মহানারায়ণ, নৃসিংহতাপনী, গোপালতাপনী, রামতাপনী, গোপীচন্দন, কৃষ্ণোপনিষৎ, বল্লভী উপনিষৎ, মহোপনিষৎ, রামরহস্য, বাসুদেবোপনিষৎ, শাণ্ডিল্যোপনিষৎ হয়গ্রীবোপনিষৎ, ও গারুড়োপনিষৎ প্রভৃতি কতকগুলি উপনিষৎ বৈষ্ণব সম্প্রদায়ের সাম্প্রদায়িক বলিয়া প্রসিদ্ধ। এই সকল উপনিষদের সকল গুলিই আধুনিক বলা যাইতে পারে না। বৃহন্নারায়ণ উপনিষদ্‌খানি অতি প্রাচীন। তৈত্তিরীয় আরণ্যকের ৮ম ও ৯ম অধ্যায় বৃহন্নারায়ণ উপনিষদ্ নামে খ্যাত। গর্ভোপনিষদেও নারায়ণকেই পরমব্রহ্ম বলিয়া নির্দ্ধারিত করা হইয়াছে।

বৈষ্ণব সম্প্রদায়ের উপনিষদ্‌মধ্যে তৈত্তিরীয়সংহিতার অন্তর্গত নারায়ণোপনিষদ্‌খানিই প্রাচীনতম বলিয়া য়ুরোপীয় পণ্ডিতগণেরও ধারণা। শতপথ-ব্রাহ্মণেও নারায়ণ নাম দেখিতে পাওয়া যায়। বৃহন্নারায়ণোপনিষদ্‌খানি অথর্ব্ববেদের অন্তর্গত। ইহাতে হরি, বিষ্ণু ও বাসুদেব প্রভৃতি শব্দও দেখিতে পাওয়া যায়। মহোপনিষদ্ খানিতেও নারায়ণই পরমব্রহ্ম বলিয়া স্বীকৃত হইয়াছেন। অথর্ব্বশিরঃ উপনিষদে আমরা "দেবকীপুত্র মধুসূদন" নাম দেখিতে পাই। ছান্দোগ্যেও "দেবকীপুত্র কৃষ্ণ আঙ্গিরস" নাম দেখিতে পাওয়া যায়। আত্মপ্রবোধ উপনিষৎ, সাকল্যোপনিষৎ ও গর্ভোপনিষদেও নারায়ণকেই পরমতত্ত্ব বলিয়া গণ্য করা হইয়াছে। মৈত্রেয়োপনিষৎ, বাসুদেবোপনিষৎ, স্কন্দোপনিষৎ, রামোপনিষদ্, রামতাপনীয়োপনিষৎ এবং মুক্তিকোপনিষদেও নারায়ণের মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। এই সকল উপনিষদের মধ্যে কতকগুলি উপনিষদ্ অতি প্রাচীন না হইলেও একেবারে আধুনিক নহে। সাম্প্রদায়িক উপনিষদ্‌গুলি অপেক্ষাকৃত অপ্রাচীন হইলেও উহাদের কতকগুলি যে পাণিনির পূর্ব্বে রচিত হইয়াছিল এরূপ অনুমান করা যাইতে পারে। পাণিনি ব্যাকরণে একটী সূত্র আছে—

"জীবিকোপনিষদাবৌপম্যে" (১।৪।৭৯)

ভট্টোজীদীক্ষিত এই সূত্রের যে ব্যাখ্যা করিয়াছেন, তাহা পাঠে জানা যায় এক শ্রেণীর পণ্ডিত উপনিষদ্ রচনা করিয়া জীবিকা নির্ব্বাহ করিতেন।

যাহা হউক, নারায়ণোপনিষদ্ খানি যে অতি প্রাচীন ও বৈদিক তাহাতে বিন্দুমাত্রও সন্দেহ নাই। আমরা মহাভারতে মোক্ষধর্ম্ম অধ্যায়ে "নারায়ণীয়" অধ্যায় দেখিতে পাই। এই সকল অধ্যায়ে প্রাচীন কালের নারায়ণ উপাসক বৈষ্ণবগণের কিঞ্চিৎ বিবরণ পরিলক্ষিত হয়। শান্তি পর্ব্বের ৩৩৫ অধ্যায়ে একটী বৈষ্ণবের পরিচয় প্রদত্ত হইয়াছে। তদ্‌যথা—

"রাজোপরিচরো নাম বভূবাধিপতির্ভুবঃ।
আখণ্ডলসখঃ খ্যাতো ভক্তো নারায়ণং হরিম্ ॥ ১৭
ধার্ম্মিকো নিত্যভক্তশ্চ পিতুর্নিত্যমতন্দ্রিতঃ।
সাম্রাজ্যং তেন সম্প্রাপ্তং নারায়ণবরাৎ পুরা ॥ ১৮
সাত্বতং বিধিমাস্থায় প্রাক্‌সূর্য্যমুখনিঃসৃতম্।
পূজয়ামাস দেবেশং তচ্ছেষেণ পিতামহান্ ॥" ১৯

অর্থাৎ পুরাকালে উপরিচর নামে পৃথিবীর এক অধিপতি ছিলেন। তিনি দেবরাজ ইন্দ্রের সখা এবং নারায়ণের পরম ভক্ত বলিয়া বিখ্যাত। এই নিত্যভক্ত ধার্ম্মিকপ্রবর নিয়ত অনলসভাবে পিতৃভক্তিপরায়ণতায় নারায়ণের বরপ্রভাবে সাম্রাজ্য লাভ করিয়াছিলেন। ইনি সূর্য্যমুখনিঃসৃত সাত্বতবিধির অনুষ্ঠান দ্বারা প্রথমে দেবেশ নারায়ণকে ও তৎপরে সর্ব্বলোক-পিতামহ ব্রহ্মাদির অর্চ্চনা করিতেন।

মহাভারতের এই উক্তিতে আমরা বুঝিতে পারিতেছি যে ইহা বৈদিক আখ্যান। উপরিচর বসু দেবরাজ ইন্দ্রের সখা ছিলেন। ইনি সূর্য্যের নিকট নারায়ণের অর্চ্চনা সম্বন্ধে "সাত্বত বিধান" প্রাপ্ত হইয়াছিলেন। এই "সাত্বত" শব্দের অর্থ টীকা-কার নীলকণ্ঠ লিখিয়াছেন—"সাত্বতানাং পাঞ্চরাত্রাণাং হিতং"। অতঃপর আরও লিখিত আছে—

"পাঞ্চরাত্রবিদো মুখ্যাস্তস্য গেহে মহাত্মনঃ।
প্রায়াণং ভগবৎপ্রোক্তং ভুঞ্জতে বাগ্রভোজনম্ ॥ ২৫।"

অর্থাৎ তিনি সমাহিত হইয়া কাম্য ও নৈমিত্তিক যাজ্ঞীয়-ক্রিয়া সমুদয় "সাত্বত" বিধি অনুসারে নির্ব্বাহ করিতেন। পাঞ্চরাত্র মুখ্যব্রাহ্মণগণ ভগবৎপ্রোক্ত ভোজ্যাদি গ্রহণ করিতেন।

বেদের সময়েও "সাত্বত" বিধি পাঞ্চরাত্র সম্প্রদায়ে প্রচলিত ছিল। মহাভারতের এই আখ্যান পাঠে মনে হয়, "সাত্বত" বিধানই প্রাচীন বৈষ্ণব মত। মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ এই সাত ঋষি চিত্রশিখণ্ডী নামে খ্যাত ছিলেন। ইহারাই সাত্বত-বিধির প্রবর্ত্তক। যথা মহাভারতে—

চিত্রশিখণ্ডিশাস্ত্র

"তৈরেকমতিভি র্ভূত্বা যৎপ্রোক্তং শাস্ত্রমুত্তমম্।
বৈদৈশ্চতুর্ভিঃ সমেতং কৃতং মেরৌ মহাগিরৌ ॥
আদ্যৈঃ সপ্তভিরুদ্‌গীর্ণং লোকধর্ম্মমনুত্তমম্।
মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহক্রতূ ॥
বশিষ্ঠশ্চ মহাতেজাস্তে হি চিত্রশিখণ্ডিনঃ ॥"

(শান্তি ৩৩৫।২৮—২৯)

রাজা উপরিচর বসু অঙ্গিরার পুত্র বৃহস্পতির নিকট এই "সপ্ত চিত্রশিখণ্ডিজ" শাস্ত্র পাঠ করেন এবং সেই শাস্ত্রানুসারে তিনি যাগযজ্ঞাদিও করিতেন। যথা:—

"সম্ভূতাঃ সর্ব্বসম্ভারাস্তস্মিন্ রাজন্ মহাক্রতৌ।
ন তত্র পশুঘাতোঽভূৎ স রাজৈবং হিতোঽভবৎ ॥"

(শান্তি ৩৩৬।১০) অপিচ—

"অজেন যষ্টব্যমিতি প্রাহুর্দ্দেবা দ্বিজোত্তমান্।
স চ ছাগো হপ্যজো জ্ঞেয়ো নান্যঃ পশুরিতি হিতিঃ ॥

ঋষয়ঃ ঊচুঃ

বীজৈ র্যজ্ঞেষু যষ্টব্যমিতি বৈ বৈদিকী শ্রুতিঃ।
অজসংজ্ঞানি বীজানি ছাগং ন হন্তুমর্হথ।
নৈষ ধর্ম্মঃ সতাং দেবা যত্র বধ্যতে বৈ পশুঃ।"

(শান্তি ৩৩৭।-৩-৪-৫)

অর্থাৎ দেবতারা দ্বিজোত্তমদিগকে বলিয়াছিলেন, অজ দ্বারা যজ্ঞ করিতে হইবে। অজ অর্থ ছাগ; সুতরাং ছাগ দ্বারাই যজ্ঞ করা কর্ত্তব্য। ইহা শুনিয়া ঋষিরা বলিলেন, ধান্যাদি বীজ দ্বারাই যজ্ঞ করিতে হইবে, ইহাই বৈদিকী শ্রুতি। অজ শব্দের অর্থ বীজ; সুতরাং ছাগহত্যা করা অসঙ্গত। যাহাতে পশু নিহত করা হয়, তাহা সাধুদিগের পক্ষে ধর্ম্ম বলিয়া গণ্য হইতে পারে না।

ইহাই সাত্বত বিধি, পূর্ব্বাধ্যায়ে ইহার আরও একটী বিশি-ষ্টতা উক্ত হইয়াছে যথা—

"ভক্ত্যা পরময়া যুক্তৈর্মনোবাক্‌কর্ম্মভিস্তদা। ৪৭ ॥ অপিচ
"নারায়ণপরোভূত্বা নারায়ণজপং জপন্।" ৬৪ ॥

এই যে এখানে ভক্তির কথা বলা হইয়াছে, এই ভক্তিই বৈষ্ণব-ধর্ম্মের উপাসনার একটী প্রধান বিশিষ্টতা। অতঃপর এ সম্বন্ধে বিস্তৃতরূপে বলা হইবে। যাহা হউক, মহাভারত-পাঠে জানা যায় যে স্বয়ং শ্রীভগবান্ নারায়ণই এই সাত্বত ধর্ম্মের আদি উপদেষ্টা। যথা মহাভারতে—

"আরাধ্য তপসা দেবং হরিং নারায়ণং প্রভুম্।
দিব্যং বর্ষং সহস্রং বৈ সর্ব্বে তে ঋষিভিঃ সহ ॥

নারায়ণানুশিষ্টা হি তদা দেবী সরস্বতী।
বিবেশ তান্ ঋষীন্ সর্ব্বান্ লোকানাং হিতকাম্যয়া ॥
ততঃ প্রবর্ত্তিতা সম্যক্ তপোবিদ্ভির্দ্বিজাতিভিঃ।
শব্দে চার্থে চ হেতৌ চ এষা প্রথমসর্গজা ॥
আদাবেব হি তচ্ছাস্ত্রমোঙ্কারস্বরপূজিতম্।
ঋষিভিঃ শ্রাবিতং তত্র যত্র কারুণিকো হ্যসৌ ॥
ততঃ প্রসন্নো ভগবাননির্দ্দিষ্টশরীরকঃ।
ঋষীনুবাচ তান্ সর্ব্বানদৃশ্যপুরুষোত্তমঃ ॥"
(শান্তি ৩৩৫। ৩৪-৩৮)

আবার শ্রীমদ্ভাগবতেও সাত্বততন্ত্রের প্রকাশ সম্বন্ধে পৌরাণিক ইতিহাস দেখিতে পাওয়া যায়, তদ্ যথা—

"তৃতীয়মৃষিসর্গং বৈ দেবর্ষিত্বমুপেত্য সঃ।
তন্ত্রং সাত্বতমাচষ্ট নৈষ্কর্ম্ম্যং কর্ম্মণাং যতঃ ॥" (১।২।৮)

তৃতীয় ঋষিসর্গে দেবর্ষিত্ব অর্থাৎ নারদরূপ গ্রহণ করিয়া পঞ্চরাত্র নামক বৈষ্ণবতন্ত্র প্রকাশ করিয়াছিলেন। এই পঞ্চরাত্রোক্ত কর্ম্ম করিলে জীব কর্ম্মবন্ধন হইতে মুক্তি লাভ করে।

উক্ত শ্লোকের টীকায় শ্রীধরস্বামী বলেন—

"সাত্বতং বৈষ্ণবতন্ত্রং পঞ্চরাত্রাগমং আচষ্ট।" এই "সাত্বত" ধর্ম্ম "ভগবদ্ধর্ম্ম" নামেও অভিহিত হইয়া থাকে। শ্রীমদ্ভাগবতেই এই ভগবদ্ধর্ম্ম উক্ত হইয়াছে। স্বয়ং ভগবান্ নারায়ণই এই ধর্ম্মের প্রকাশক। তিনি প্রথমে ব্রহ্মার নিকট "ভাগবতধর্ম্ম" প্রকাশ করেন। অতঃপর ব্রহ্মা নারদকে এবং নারদ ব্যাসকে এই ভাগবতধর্ম্মের উপদেশ করেন যথা—

"তস্মা ইদং ভাগবতং পুরাণং দশলক্ষণং।
প্রোক্তং ভগবতা প্রাহ প্রীতঃ পুত্রায় ভূতকৃৎ ॥
নারদঃ প্রাহ মুনয়ে সরস্বত্যাস্তটে নৃপ।
ধ্যায়তে ব্রহ্ম পরমং ব্যাসায়ামিততেজসে ॥" (২।৯।৪২-৪৩)

তাহা হইলেই বুঝা গেল নারায়ণ ব্রহ্মাকে, ব্রহ্মা নারদকে, নারদ ব্যাসকে এবং ব্যাস শুকদেবকে এই ভাগবত ধর্ম্মের উপদেশ প্রদান করেন।

শ্রীভাগবতের তৃতীয় স্কন্ধের টীকা-প্রারম্ভে পূজ্যপাদ শ্রীধরস্বামী ভাগবত সম্প্রদায়ের প্রবৃত্তি সম্বন্ধে কিঞ্চিৎ তথ্য প্রকাশ করিয়াছেন—

প্রাচীন বৈষ্ণব সম্প্রদায়।

"দ্বেধা হি ভাগবতসম্প্রদায়প্রবৃত্তিঃ। একতঃ সংক্ষেপতঃ শ্রীনারায়ণাদ্ব্রহ্মনারদাদিদ্বারেণ। অন্যতস্তু বিস্তরতঃ শেষাৎ সনৎকুমারসাংখ্যায়নাদিদ্বারেণ।"

অর্থাৎ দুই প্রকারে ভাগবত-সম্প্রদায়ের প্রবৃত্তি। এক প্রকার সংক্ষেপতঃ শ্রীনারায়ণ হইতে ব্রহ্মনারদাদি দ্বারা। অপর প্রকার বিস্তারিতভাবে শেষ সনৎকুমার সাংখ্যায়নাদি দ্বারা।

শ্রীমদ্ভাগবতের ৬ষ্ঠ স্কন্ধের তৃতীয় অধ্যায়ে বৈষ্ণব-ধর্ম্মের উৎকর্ষ প্রকটন করিয়া যমরাজ বলিতেছেন—

"স্বয়ম্ভুর্নারদঃ শম্ভুঃ কুমারঃ কপিলো মনুঃ।
প্রহ্লাদো জনকো ভীষ্মো বলি র্বৈয়াসিকির্বয়ম্ ॥
দ্বাদশৈতে বিজানীমো ধর্ম্মং ভাগবতং ভটাঃ।
গুহ্যং বিশুদ্ধং দুর্ব্বোধং যং জ্ঞাত্বামৃতমশ্নুতে ॥" (২০-২১)

অর্থাৎ হে দূতগণ! ব্রহ্মা, রুদ্র, সনৎকুমার, নারদ, কপিল, মনু, প্রহ্লাদ, জনক, ভীষ্ম, বলি ও শুকদেব, আমরা এই দ্বাদশজন শ্রীভাগবত-ধর্ম্ম জানি।

আমরা মহাভারত ও শ্রীমদ্ভাগবত হইতে বৈষ্ণব ধর্ম্মের ইতিবৃত্ত সম্বন্ধে যে সকল প্রমাণ সংগ্রহ করিলাম, তাহাতে স্পষ্টতঃই সপ্রমাণ হইতেছে যে, প্রাচীনতম কালে বৈষ্ণবধর্ম্ম "সাত্বতধর্ম্ম" "ভাগবতধর্ম্ম" ও "পঞ্চরাত্রধর্ম্ম" নামে অভিহিত হইত; পুরাণাদির আলোচনাতে সাত্বতধর্ম্ম বা ভাগবতধর্ম্মাদি সম্বন্ধে আরও বিস্তারিতরূপে অনেক কথা জানা যায়। সাত্ত্বিকপুরাণই এ সম্বন্ধে আলোচ্য। পদ্মপুরাণের উত্তরখণ্ডে সাত্ত্বিকপুরাণের যে নামসংখ্যা করা হইয়াছে তাহা এই—

"বৈষ্ণবং নারদীয়ঞ্চ তথা ভাগবতং শুভম্।
গারুড়ং চ তথা পাদ্মং বারাহং শুভদর্শনম্ ॥"

অর্থাৎ বিষ্ণুপুরাণ, নারদীয়পুরাণ, ভাগবতপুরাণ, গরুড়পুরাণ, পদ্মপুরাণ ও বরাহপুরাণ এই ছয়খানি পুরাণ সাত্ত্বিক পুরাণ বলিয়া খ্যাত। পুরাণাদি সম্মত সাত্বতধর্ম্ম বা বৈষ্ণবধর্ম্ম অবৈদিক নহে; পুরাণগুলিও শ্রুতিসম্মত, ব্রাহ্মণগ্রন্থসমূহে ইহার প্রমাণ আছে। [পুরাণ দেখ।]

ভাগবতধর্ম্ম বা সাত্বতধর্ম্ম বহুপ্রাচীন সময় হইতে ভারতীয় ধর্ম্মশাস্ত্রে আলোচিত হইয়া আসিতেছে, ভাগবত সম্প্রদায়ের প্রবৃত্তি ও প্রসার কি প্রকারে সংঘটিত হইল, ইতঃপূর্ব্বে তাহার আভাস প্রদর্শিত হইয়াছে। কালে উহা পঞ্চরাত্র মত বলিয়া প্রসিদ্ধিলাভ করে।

পঞ্চরাত্র

[পঞ্চরাত্র মতের সবিস্তার বিবরণ "পঞ্চরাত্র" শব্দে দ্রষ্টব্য।]

শঙ্করাচার্য্য যখন মায়াবাদ-সংস্থাপনে প্রবৃত্ত হয়েন, তখন তিনি ব্রহ্মসূত্রের ২।২।৪৩-৪৪-৪৫ সূত্র ব্যাখ্যানে পঞ্চরাত্র ও ভাগবত মতের অবৈদিকত্ব সপ্রমাণ করার নিমিত্ত প্রয়াস পাইয়াছিলেন। রামানুজস্বামী শঙ্করাচার্য্যের এই মত খণ্ডন করিয়া গিয়াছেন। "পঞ্চরাত্র" শব্দে তাহা প্রদর্শিত হইয়াছে। শঙ্করাচার্য্যের বহুপূর্ব্বে বৌধায়ন, গুহদেব, দ্রমিড়াচার্য্য প্রভৃতি ব্রহ্মসূত্রের যে ব্যাখ্যা করেন, তাহাও বৈষ্ণবসিদ্ধান্ত-সম্মত। সুতরাং শঙ্করাচার্য্যের বহুপূর্ব্বে এদেশে যে পঞ্চরাত্র নামে বৈষ্ণবধর্ম্ম প্রচলিত ছিল, তাহা শঙ্করাচার্য্যেরও স্বীকার্য্য। এমন কি মহাভারতেও

পঞ্চরাত্রাগমের কথা স্পষ্টতঃই লিখিত আছে, সাত্বত বিধানের কথাও লিখিত আছে। এই সকল প্রমাণের উপর নির্ভর করিয়া অনায়াসেই বলা যাইতে পারে যে ব্রাহ্মণগ্রন্থ রচিত হওয়ারও পূর্ব্বে পঞ্চরাত্রমত বা সাত্বত বৈষ্ণবধর্ম্ম এদেশে যথেষ্ট প্রচলিত ছিল। তবে বৈদিক সময়ে যেরূপ ভাবে আচার ব্যবহার রীতি নীতি ও উপাসনা বা যজ্ঞের পদ্ধতি প্রচলিত ছিল, কালসহকারে ক্রমেই সেই সকল প্রণালী পরিবর্ত্তিত হইয়া আসিতেছে। আচার ব্যবহার ও উপাসনা-প্রণালীতে পরিবর্ত্তন সংঘটনে, ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের সৃষ্টিতে দেশ কালপাত্রভেদে ও প্রণালীভেদে এবং ভিন্ন ভিন্ন আচার্য্যগণের অভ্যুত্থানে ভিন্ন ভিন্ন সিদ্ধান্তে সংস্থাপিত হইয়া বৈষ্ণব ধর্ম্মরূপ মহামহীরুহ সময়ে যে বহুশাখায় বিভক্ত হইয়া পড়িবে, ইহাতে আর বিচিত্রতা কি আছে? ভিন্ন ভিন্ন প্রতিকূলবাদীদিগের তর্ক-নিরসনের সঙ্গে সঙ্গেও বৈষ্ণবধর্ম্মের ভিন্ন ভিন্ন সম্প্রদায় ও সিদ্ধান্ত প্রবর্ত্তিত হইয়াছে।

মধ্যযুগের বৈষ্ণবসম্প্রদায়

আমরা ইতঃপূর্ব্বে শ্রীমদ্ভাগবত ও মহাভারত হইতে প্রাচীন বৈষ্ণব সম্প্রদায়ের পরিচয় প্রদান করিয়াছি। শঙ্করাচার্য্যের সময়ে যে সকল বৈষ্ণব সম্প্রদায় ছিল, শাঙ্করশিষ্য আনন্দগিরি লিখিত শঙ্করদিগ্‌বিজয়গ্রন্থে আমরা তাহাদের কিছু কিছু পরিচয় জানিতে পারি। এই গ্রন্থের ৬ষ্ঠ প্রকরণে লিখিত আছে—

"ভক্তা ভাগবতাশ্চৈব বৈষ্ণবাঃ পাঞ্চরাত্রিণঃ।
বৈখানসাঃ কর্ম্মহীনাঃ ষড়্‌বিধা বৈষ্ণবা মতাঃ॥
ক্রিয়াজ্ঞানবিভেদেন ত এব দ্বাদশাভবন্।
তানাহ শঙ্করাচার্য্যঃ কিং বো লক্ষণমুচ্যতাম্॥"

অর্থাৎ শঙ্করাচার্য্যের সময়ে এদেশে ভক্ত, ভাগবত, বৈষ্ণব, পাঞ্চরাত্র, বৈখানস ও কর্ম্মহীন, সাধারণতঃ এই ছয় সম্প্রদায়ের বৈষ্ণব ছিলেন। কিন্তু জ্ঞান ও ক্রিয়াভেদে এই ছয় সম্প্রদায়ের অন্তর্গত আরও ছয় প্রকার বৈষ্ণবের পরিচয় পাওয়া যায়। শঙ্করবিজয়ের আনন্দগিরি এই ছয় সাম্প্রদায়িক বৈষ্ণবের উপাসনাপ্রণালী সম্বন্ধে সংক্ষেপে কিছু কিছু বর্ণনা করিয়াছেন, কিন্তু ঐ সকল বর্ণনা কতদূর প্রামাণিক তাহা বলা যায় না। এই গ্রন্থে স্বীয় গুরুস্থানীয় শঙ্করের প্রাধান্যস্থাপনই আনন্দগিরির এক মাত্র উদ্দেশ্য বলিয়া মনে হয়। তিনি বৈষ্ণবসিদ্ধান্তগুলির সারমর্ম্ম সম্বন্ধে কতদূর অভিজ্ঞ ছিলেন তাহা বলা যায় না। তিনি তদীয় গ্রন্থে মধ্যযুগের বৈষ্ণব-সিদ্ধান্ত-গুলিকে অকিঞ্চিৎকর ভাবে প্রকাশ করিয়াছেন। খৃষ্টান মিশনারীদের গ্রন্থে হিন্দুশাস্ত্রের সিদ্ধান্ত যেরূপ অসম্যগ্‌দর্শীর ন্যায় এবং বিদ্বেষ্টার ন্যায় আলোচনা করা হয়, এই গ্রন্থেও বৈষ্ণবসিদ্ধান্তগুলি সেইরূপ ভাবে প্রদর্শিত হওয়ায় বোধ হয় যেন শ্রীমৎশঙ্করাচার্য্যের মুখেই অতি তুচ্ছভাবে তাহার খণ্ডন করা হইয়াছে। সুতরাং ইনি মধ্যযুগের বৈষ্ণবগণের উপাসনা সম্বন্ধে যে সকল পরিচয় প্রদান করিয়াছেন, যদিচ তাহা ঐতিহাসিকের চক্ষে গ্রহণ করা যাইতে পারে না; তথাপি এস্থলে তাঁহার লিখিত বিবরণের মর্ম্ম প্রকাশ করা যাইতেছে।

ভক্ত

বাসুদেবই ভক্তগণের মতে মহাপুরুষ। ইনি জগতের রক্ষাকর্ত্তা, সর্ব্বজ্ঞ, সর্ব্বদেবকারণ। বাসুদেবই শিষ্টপালন ও দুষ্ট দমনের জন্য এবং ভূভার নির্ব্বর্ত্তনের নিমিত্ত রামকৃষ্ণাদি অবতার গ্রহণ করেন, পুণ্যস্থলে নিজাবির্ভূত মূর্ত্তি প্রতিষ্ঠা করেন, ইঁহার পাদপঙ্কজসেবাই ভক্তগণের জীবনের পুরুষার্থ। ভক্তগণ অনন্তমূর্ত্তির সেবক, শ্রীমন্দিরাদির সম্মার্জ্জন ও প্রোক্ষণাদি ইঁহাদের কার্য্য, ইঁহারা দাস্যভাবে উপাসনা, ঊর্দ্ধপুণ্ড্র তিলকাদি ধারণ ও ব্রাহ্মমুহূর্ত্তে স্নানাহ্নিক করেন। স্মার্ত্তবিহিত নিত্যকর্ম্ম ইঁহাদের নিকট অপ্রামাণিক। জ্ঞানক্রিয়া ভেদে ইহাদের আচার বিবিধ। জ্ঞানীরা কর্ম্মানুষ্ঠান করেন না। জ্ঞানী ও কর্ম্মী ভক্ত ভেদে এই সম্প্রদায় দুই প্রকার। কর্ম্মী ভক্তগণ স্মার্ত্তমার্গে কর্ম্ম করেন, কিন্তু সেই কর্ম্মফল ভগবানে সমর্পণ করেন।

ভাগবত

শ্রীভগবানের স্তোত্রবন্দনা ও কীর্ত্তনাদিই ভাগবত মতের উপাসনা। ইঁহারা বলেন—

"সর্ব্ববেদেষু যৎপুণ্যং সর্ব্বতীর্থেষু যৎফলম্।
তৎফলং সমবাপ্নোতি স্তুত্বা দেবং জনার্দ্দনম্॥"

অর্থাৎ সর্ব্ববেদবিনিশ্চিত আচরণ করিলে যে ফল হয়, সর্ব্বতীর্থে গমন করিলে যে ফল লাভ হয়, জনার্দ্দনের স্তব করিলেই সেই সকল ফল লাভ হইয়া থাকে। "কলৌ সংকীর্ত্ত্য কেশবম্" ইহাই ইহাদের উপাসনার সারকথা; স্মার্ত্তবিহিত কর্ম্মানুষ্ঠান ইঁহাদের মতে একেবারে অত্যাজ্য না হইলেও ইঁহারা তদনুষ্ঠানে তৎপর নহেন। ঊর্দ্ধপুণ্ড্র, তিলক ও নারায়ণচিহ্ন শঙ্খ চক্র গদাপদ্মাদি চিহ্ন দ্বারা তিলকাঙ্কন, কণ্ঠে তুলসীমালাধারণ; এবং সকল সময়ে উচ্চৈঃস্বরে নারায়ণের নামকীর্ত্তন প্রভৃতিই ইঁহাদের ধর্ম্মসঙ্গত কার্য্য। পর, ব্যূহ, বিভব ও অর্চ্চা,—ভগবানের এই চারি মূর্ত্তি ইহাদের স্বীকৃত। পরবর্ত্তী কালে শ্রীরামানুজ স্বামী এই সম্প্রদায় উজ্জ্বল করেন।

বৈষ্ণব

বৈষ্ণবেরা নারায়ণের উপাসক। শঙ্খ চক্র গদাপদ্ম প্রভৃতি নারায়ণের চিহ্ন দেহে অঙ্কিত করেন। "ওঁ নমো নারায়ণায়" এই মন্ত্রে বিষ্ণুর উপাসনা করেন। বৈকুণ্ঠ ইঁহাদের ধাম। ইঁহাদের বৈষ্ণব চিহ্নধারণের শাস্ত্রীয় প্রমাণ এই—

"যে বাহুমূলে পরিচিহ্নিতশঙ্খচক্রাঃ
যে কণ্ঠলগ্নতুলসীনলিনাক্ষমালাঃ॥

যে বা ললাটফলকে লসদূর্দ্ধপুণ্ড্র-
স্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি।"

ইহারাও তপ্তমুদ্রাচিহ্ন ধারণ করেন অর্থাৎ শঙ্খ, চক্র, গদা, পদ্ম মুদ্রা তপ্ত করিয়া তদ্দ্বারা চর্ম্মে স্থায়ীরূপে উক্ত চিহ্নাদি ধারণ করিয়া থাকেন।

পাঞ্চরাত্র

যে সকল বিষ্ণুভক্ত পঞ্চরাত্র আগমমতে উপাসনা এবং তদনুসারে আচার ব্যবহার করেন, তাঁহারাই পাঞ্চরাত্র নামে অভিহিত এবং ইঁহারা ভগবদর্চ্চামূর্ত্তি প্রতিষ্ঠাদি করিয়া তদীয় উপাসনায় রত থাকেন। "পঞ্চরাত্র" শব্দে তৎ সম্বন্ধে সবিস্তার দ্রষ্টব্য। এই শ্রেণীর বৈষ্ণব অতি প্রাচীন। মহাভারত রচনার পূর্ব্বে পাঞ্চরাত্র বিধির প্রবর্ত্তন হয়। ইহারাও নারায়ণের বা বাসুদেবের উপাসক, চক্রাদিচিহ্ন ব্যবহার ও তুলসীর মালাধারণ প্রভৃতিও ইহাঁদের কর্ত্তব্য। তৎসম্বন্ধে শাস্ত্র এই—

"ততো নারায়ণীমুদ্রাং ধারয়েৎ প্রীতয়ে হরেঃ।
মৎস্যকূর্ম্মাণি চিহ্নানি চক্রাদীন্যায়ুধানি চ॥"

আদিত্যপুরাণ, গরুড়পুরাণ, পদ্মপুরাণ, ব্রহ্মপুরাণ, স্কন্দপুরাণ, বরাহপুরাণ, গোতমীয় তন্ত্র, যজুর্ব্বেদের হিরণ্যকেশীয় শাখা, কঠশাখা এবং অথর্ব্ববেদেও উরুক্রম চিহ্নাদি ধারণের ব্যবস্থা আছে।

তপ্তমুদ্রা-ধারণের প্রমাণ এই,—

"দ্বাদশারন্তু ষট্‌কোণং বলয়ত্রয়সংযুতম্।
হরেঃ সুদর্শনং তপ্তং ধারয়েত্তু বিচক্ষণঃ॥"

বায়ুপুরাণ, ব্রহ্মাণ্ডপুরাণ, পদ্মপুরাণ, ঋগ্‌বেদীয় আশ্বলায়ন শাখা, ঋক্‌পরিশিষ্ট, যজুর্ব্বেদ ও ছন্দোগপরিশিষ্ট, অথর্ব্বপরিশিষ্ট প্রভৃতি বিবিধশাস্ত্রে এসম্বন্ধে অনেকানেক বচন প্রমাণ আছে। সুবিখ্যাত শাণ্ডিল্য-ভক্তিসূত্রখানি এই পাঞ্চরাত্র সম্প্রদায়ের গ্রন্থ, এই সূত্রগ্রন্থখানি শ্রীমদ্ভগবদ্‌গীতামূলক বলিয়াই অনেকের ধারণা।

বৈখানসেরাও শঙ্খচক্রাদি চিহ্ন তিলক স্বরূপ ধারণ করেন।

বৈখানস

নারায়ণই ইঁহাদের উপাস্য দেবতা। ইঁহাদের মতে বিষ্ণুই সর্ব্বোত্তম। ইঁহারা শ্রুতিপ্রমাণ প্রদর্শন করিয়া বলেন—

"তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্।
তদ্‌বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে॥"(ঋক্ ১।২২।২০-২১)

এইরূপ শ্রৌত প্রমাণানুসারে ইঁহারা বিষ্ণুকেই সর্ব্বোত্তম বলিয়া ভজনা করেন। নারায়ণোপনিষদ্ ইঁহাদের মতে অতি প্রামাণিক বেদান্ত শ্রুতিগ্রন্থ। ইঁহারা তপ্তচক্রাদি চিহ্ন অঙ্গে নিত্যরূপে ধারণ করিয়া থাকেন।

কর্ম্মহীন বৈষ্ণবেরা কর্ম্মকাণ্ডত্যাগী। এই কর্ম্মহীন বৈষ্ণবগণ একমাত্র বিষ্ণুকেই গতিমুক্তি মনে করিয়া একবারে অশেষ কর্ম্ম পরিত্যাগ করেন। ইঁহারা অন্য দেব, অন্য মন্ত্র, অন্য সাধন বা অন্য কোন সম্প্রদায়ের আচার্য্য বা গুরু মান্য করেন না। ইঁহারা জগৎকে বিষ্ণুময় বলিয়া মনে করেন। স্বীয় সম্প্রদায়ের গুরুকে ইঁহারা একমাত্র মোক্ষপথ-প্রদর্শক বলিয়া জ্ঞান করেন। ইঁহারা সন্ধ্যা গায়ত্রী প্রভৃতির মর্য্যাদা রক্ষা করেন না।

কর্ম্মহীন বা নিষ্কাম

[এই সকল সম্প্রদায়ের আচার ব্যবহার ও দার্শনিক তত্ত্ব প্রভৃতির মর্ম্ম সাত্বতশব্দে দ্রষ্টব্য।]

শঙ্করাচার্য্যের কতকাল পূর্ব্বে এদেশে এই সকল বৈষ্ণবসম্প্রদায় বিদ্যমান ছিলেন এবং তাঁহার তিরোধানের পরে ইহাদের মধ্যে কোন্ সম্প্রদায় কিরূপ আকারে পরিবর্ত্তিত হইয়াছিলেন, তাহার ইতিহাস অস্পষ্ট। মহাভারতের রচনাকালের বহুপূর্ব্বেও যে কৃষ্ণ ও বাসুদেবের অর্চ্চনা প্রচলিত ছিল, মহাভারতপাঠে তাহা অনায়াসেই হৃদয়ঙ্গম হয়। কিন্তু শঙ্করদিগ্‌বিজয়গ্রন্থে অথবা শঙ্করভাষ্যে আমরা শ্রীকৃষ্ণোপাসক সম্প্রদায়ের নাম দেখিতে পাই না। শ্রীমদ্ভাগবত-গ্রন্থখানি যে শ্রীমচ্ছঙ্করাচার্য্য উত্তমরূপেই অধ্যয়ন করিয়াছিলেন, শঙ্কর দিগ্‌বিজয় গ্রন্থ পাঠে তাহার পরিচয় পাওয়া যায়। তিনি শুদ্ধভক্তের বিশুদ্ধ সিদ্ধান্ত সংস্থাপন করার জন্য বৈখানসমত-নিরসন প্রসঙ্গে শ্রীমদ্ভাগবত হইতে একটী শ্লোক প্রমাণস্বরূপ উদ্ধৃত করিয়াছেন, তদ্ যথা—

"কর্ম্মবহিষ্কৃতস্য বিষ্ণুভক্তাবপি অধিকারো নাস্ত্যেব। উক্তঞ্চ ভাগবতে ভগবদ্ভক্তস্য লক্ষণম্—

ন চলতি নিজবর্ণধর্ম্মতো যঃ সমমতিরাত্মসুহৃদ্দ্বিপক্ষপক্ষে।
ন হরতি ন চলতি কিঞ্চিদুচ্চৈঃ সততমনুং তমবেহি বিষ্ণুভক্তম্॥"
দশম প্রকরণ।

যাঁহার মধুরলীলায় শ্রীমদ্ভাগবতের প্রতিচ্ছত্র সুধাধারায় পরিপ্লুত, যাঁহার কীর্ত্তিমাহাত্ম্যের উদ্ঘোষণায় সমগ্র মহাভারত মুখরিত, শ্রীমদ্ভগবদ্‌গীতা যাঁহার শ্রীমুখের বিশ্বতোমুখ সনাতনধর্ম্মোপদেশ, মধ্যযুগে সেই শ্রীকৃষ্ণের নামগুণ-ধ্যানধারণা পূজা-অর্চ্চনা হয় নাই, একথা কে বিশ্বাস করিবে? ইহাতেই মনে হয় শঙ্করবিজয়ে যে কয়েকটী বৈষ্ণবসম্প্রদায়ের উল্লেখ আছে, এতদ্ব্যতীত আরও বহুল বৈষ্ণবসম্প্রদায় ভারতবর্ষে বিদ্যমান ছিল।

যাহাই হউক, এক্ষণে আমরা ভারতবর্ষে যে চারিটী শাস্ত্রীয় বৈষ্ণব মূলসম্প্রদায় দেখিতে পাই, পদ্মপুরাণেও এই চারি সম্প্রদায়ের উল্লেখ দৃষ্ট হয়; তদ্ যথা—

"অতঃ কলৌ ভবিষ্যন্তি চত্বারঃ সম্প্রদায়িনঃ।
শ্রীব্রহ্মরুদ্রসনকা বৈষ্ণবা ক্ষিতিপাবনাঃ॥"

অর্থাৎ কলিকালে চারি সম্প্রদায় ক্ষিতিপাবন বৈষ্ণব প্রকট হইয়া শ্রী, ব্রহ্ম, রুদ্র ও সনক নামে পরিচিত হইবেন। ইহার অভিপ্রায় এই যে, লক্ষ্মী হইতে এক সম্প্রদায়, ব্রহ্ম হইতে এক সম্প্রদায়, রুদ্র হইতে এক সম্প্রদায় এবং সনক হইতে অপর এক সম্প্রদায় বৈষ্ণব প্রাদুর্ভূত হইবেন। এই চতুঃসম্প্রদায়ের গুরুপ্রণালিকা এখনও প্রচলিত আছে। পরবর্ত্তিকালে সম্প্রদায়নেতা ভগবদবতারসদৃশ আচার্য্যগণ প্রত্যেক সম্প্রদায়ে আবির্ভূত হওয়ায় অধুনা তাঁহাদের নামেই এই চারিসম্প্রদায় পরিচিত হইয়া আসিতেছে, যথা—

বর্ত্তমান বৈষ্ণব-সম্প্রদায়

"রামানুজং শ্রীঃ স্বীচক্রে মধ্বাচার্য্যং চতুর্ম্মুখঃ।
শ্রীবিষ্ণুস্বামিনং রুদ্রো নিম্বাদিত্যং চতুঃসনঃ॥"

অর্থাৎ শ্রীঠাকুরাণী শ্রীমদ্‌রামানুজাচার্য্যকে, ব্রহ্মা মধ্বাচার্য্যকে, রুদ্র বিষ্ণুস্বামীকে এবং চারি সন নিম্বাদিত্যকে আপন আপন সম্প্রদায়ের অভিনব প্রবর্ত্তক বলিয়া স্বীকার করিলেন। এখন এই চারিসম্প্রদায়ের বৈষ্ণবই ভারতবর্ষে যথেষ্ট দেখিতে পাওয়া যায়। কিন্তু শ্রীগৌরাঙ্গদেব মধ্বাচার্য্য-সম্প্রদায়ভুক্ত হইয়াও বৈষ্ণবধর্ম্মের অভিনব সমুজ্জ্বল সিদ্ধান্ত প্রকটন করিয়াছেন। এই সম্প্রদায় মধ্বাচার্য্য-সম্প্রদায়ভুক্ত বলিয়া প্রখ্যাত ছিলেন বটে, কিন্তু এক্ষণে ইঁহারা সর্ব্ববিষয়েই মধ্বাচার্য্য-সম্প্রদায় হইতে বিভিন্ন এবং শ্রীগৌড়েশ্বর-সম্প্রদায় নামে খ্যাত। শ্রীগৌরাঙ্গ-সম্প্রদায় বা শ্রীচৈতন্যসম্প্রদায় নামেও এই সাম্প্রদায়িকগণ সুপরিচিত। সমগ্র বঙ্গ ও উড়িষ্যা এই সম্প্রদায়ের বৈষ্ণবগণের বাসভূমি। রাজা মহারাজ হইতে পথের ভিখারী পর্য্যন্ত, সমাজের শীর্ষস্থানীয় উচ্চতম-কুলোদ্ভব ব্রাহ্মণ হইতে হাড়ী, ডোম ও চণ্ডাল পর্য্যন্ত এবং অশেষশাস্ত্রজ্ঞ প্রতিভান্বিত পণ্ডিত হইতে গণ্ডমূর্খ পর্য্যন্ত এই সম্প্রদায়ের অন্তর্ভুক্ত।

সর্ব্বপ্রথমে শ্রীসম্প্রদায়ের কথাই বলা যাইতেছে। সুবিখ্যাত শ্রীরামানুজাচার্য্য এই সম্প্রদায়ের নাম জগদ্বিখ্যাত করিয়াছেন। কিন্তু তাঁহার আবির্ভাবের বহুপূর্ব্ব হইতেই শ্রীসম্প্রদায়ের বৈষ্ণবধর্ম্ম প্রচলিত ছিল এবং পূর্ব্বাচার্য্যগণ ধর্ম্মমত সংরক্ষণ করিয়া আসিতেছিলেন। শ্রীপাদ রামানুজাচার্য্য তদীয় ব্রহ্মসূত্রভাষ্যের প্রারম্ভে লিখিয়াছেন—

শ্রীসম্প্রদায়

"পারাশর্য্যবচঃসুধামুপনিষদ্‌গ্ধাব্ধিমধ্যোদ্ধৃতাম্।
সংসারাগ্নিবিদীপনব্যপগতপ্রাণাত্মসংজীবিনাম্॥
পূর্ব্বাচার্য্যস্বরক্ষিতাং বহুমতিব্যাঘাতদূরস্থিতা-
মানীতাং তু নিজাক্ষরৈঃ সুমনসো ভোক্তুং পিবন্ত্বন্বহম্॥
ভগবদ্‌বৌধায়নকৃতাং বিস্তীর্ণাং ব্রহ্মসূত্রবৃত্তিং পূর্ব্বাচার্য্যাঃ
সংচক্ষিপুস্তন্মতানুসারেণ সূত্রাক্ষরাণি ব্যাখ্যাস্যন্তে।"

ইহাতে জানা যাইতেছে যে, বৌধায়ন ব্রহ্মসূত্রের বিস্তীর্ণ বৃত্তিগ্রন্থ করেন। এই বৌধায়নবৃত্তি শ্রীসম্প্রদায়সম্মত। অতঃপর পূর্ব্বাচার্য্যগণ ইহার সংক্ষেপ করিয়া তন্মতানুসারে সূত্রাক্ষরব্যাখ্যা করেন। ভাদুল্লাবংশসম্ভূত গোবিন্দাচার্য্যের পুত্র শ্রীনিবাস সূরি তৎকৃত যতীন্দ্রমতদীপিকাগ্রন্থে রামানুজ-সম্প্রদায়ের যে গুরু-প্রণালিকা প্রকাশ করিয়াছেন, এস্থলে তাহা উদ্ধৃত করা হইল যথা—

ব্যাস
|
বৌধায়ন
|
গুহদেব
|
তারুচি
|
ব্রহ্মানন্দ
|
দ্রমিড়াচার্য্য
|
শ্রীপরাঙ্কুশনাথ
|
যামুনমুনি
|
যতীশ্বর শ্রীরামানুজ

রামানুজী-বৈষ্ণবধর্ম্ম দাক্ষিণাত্যের তামিল ও তেলেগু অঞ্চলে এবং রাজপুতানা, মাড়োয়ার ও গুজরাটের স্থানে স্থানে প্রচলিত আছে। দক্ষিণাপথের সর্ব্বত্রই শ্রীসম্প্রদায়ের নাম সুবিখ্যাত। ভার্গবউপপুরাণ পাঠে জানা যায়, অনন্তদেব রামানুজরূপে এবং চক্রায়ুধের শঙ্খ, চক্র, গদা ও পদ্মাদি ভূষণ সকল তদীয় সহধর্ম্মী, সহচর ও অনুচররূপে আবির্ভূত হইয়াছিলেন। কর্ণাট-ভাষায় লিখিত "দিব্যচরিত" নামক গ্রন্থে রামানুজাচার্য্যের জীবনবৃত্ত আছে। দক্ষিণাপথে রামানুজসম্প্রদায়ের মূলগদি প্রতিষ্ঠিত। রামানুজাচার্য্য সাত শত মঠ সংস্থাপন করেন; তন্মধ্যে এক্ষণে চারিটীমাত্র মঠ বিদ্যমান। বদরিকাশ্রমে ইহাঁদের প্রধান মঠ আছে। রামানুজ ৭৪টী গুরুপদ প্রতিষ্ঠিত করেন। কেহ কেহ বলেন, তিনি ৮৯টী গুরুপদ প্রতিষ্ঠিত করিয়া গিয়াছেন। [শ্রীমদ্ রামানুজস্বামীর জীবনী "রামানুজস্বামী" শব্দে দ্রষ্টব্য।]

শ্রীশ্রীলক্ষ্মীনারায়ণ এই সম্প্রদায়ের উপাস্যদেবতা। কেহ বা লক্ষ্মীনারায়ণযুগলের উপাসক, আবার কেহ কেহ বা পৃথগ্‌ভাবে লক্ষ্মী ও নারায়ণের উপাসনা করিয়া থাকেন। আবার কেহ রাম, কেহ সীতা ও কেহ রামসীতা, কেহ কৃষ্ণ, কেহ রুক্মিণী, কেহ বা কৃষ্ণরুক্মিণী, এইরূপ কেহ বা নৃসিংহ, কেহ বা অন্যান্য কৃষ্ণাবতারের উপাসনা করিয়া থাকেন। এইরূপ ভাবে রামানুজী-সম্প্রদায়ের বহুল শ্রেণীবিভাগ পরিলক্ষিত হয়।

আর্য্যাবর্ত্তে রামানুজ সম্প্রদায়ের সবিশেষ প্রসার দেখা যায় না। রামানুজী গুরুগণ সংসারাশ্রমে থাকিতে পারেন, সন্ন্যাসও গ্রহণ করিতে পারেন। ব্রাহ্মণ ভিন্ন অন্যের দীক্ষাদানের অধিকার নাই। রামানুজী বৈষ্ণবগণ বিষ্ণুমূর্ত্তি, লক্ষ্মীমূর্ত্তি, রামমূর্ত্তি, শ্রীকৃষ্ণমূর্ত্তি প্রভৃতি ভগবদবতারের ভিন্ন ভিন্ন মূর্ত্তি সংস্থাপন করিয়া সেবাস্থান প্রতিষ্ঠিত করিয়াছেন। দাক্ষিণাত্যে লক্ষ্মী, বাণজী, রামনাথ ও রঙ্গনাথ, উৎকলে জগন্নাথ, হিমালয়ে বদরীনাথ এবং দ্বারকাদি অন্য অন্য তীর্থস্থানে নানাপ্রকার বিষ্ণুমূর্ত্তি প্রতিষ্ঠিত আছেন। গৃহস্থগণের ঘরে ঘরেও দেবসেবা প্রতিষ্ঠিত আছে। গৃহস্থ বৈষ্ণবগণ আপন গৃহে ধাতুময়, প্রস্তরময় বা দারুময় শ্রীমূর্ত্তির সেবা করেন। প্রত্যেক বৈষ্ণবের আলয়ে তুলসী বৃক্ষ আছে।

শ্রীসম্প্রদায়ের সন্ন্যাসীদের অধীনে বহু মঠ আছে। এই মঠাধিপতিগণ অতুল ধনের অধীশ্বর। পুরীক্ষেত্রে, ভোটাদ্রিতে, রামেশ্বরে, শ্রীরঙ্গে, কাঞ্চীতে ও অহোবলম্ প্রভৃতি বহুস্থানে সন্ন্যাসীদের বহু মঠ আছে।

রামানুজীয় বৈষ্ণবগণের মধ্যে প্রথমতঃ ব্রহ্মচর্য্য অবলম্বন করার নিয়ম আছে। অতঃপর যাঁহারা গুরুকুলে বাস করিয়া ধর্ম্মাদি শিক্ষা করেন, তাঁহারা "উপকুর্ব্বাণ" নামে অভিহিত হন। উপকুর্ব্বাণিগণ প্রথমে উদাসীন ভাবে থাকেন। কিন্তু ইহার পর তাঁহারা সংসারাশ্রমে প্রবেশ করিতেও পারেন, অথবা সংসারাশ্রম অবলম্বন না করিয়া একেবারেই সন্ন্যাসাশ্রমে প্রবিষ্ট হইতে পারেন। শেষোক্ত অবস্থায় তাঁহারা 'নৈষ্ঠিক' নামে অভিহিত হইয়া থাকেন।

রামানুজীয়গণ দীক্ষার সময়ে তপ্তমুদ্রা দ্বারা দেহ অঙ্কিত করিয়া লন। উহাঁদের বামস্কন্ধে শঙ্খমুদ্রা ও দক্ষিণস্কন্ধে চক্রমুদ্রা তপ্ত করিয়া স্থায়ীভাবে শঙ্খচক্র চিহ্ন অঙ্কিত করিয়া দেওয়া হয়। এই দুইটী মুদ্রা অষ্ট ধাতুনির্ম্মিত। রামানুজী বৈষ্ণবগণ কার্পাস বস্ত্র পরিধান করিয়া আহ্নিক ও ভোজন করেন না। স্নানের পরে ইহারা পট্টবাস পরিধান করিয়া থাকেন; পরান্ন ভোজন ইহাদের পক্ষে নিষিদ্ধ, অনেকেই স্বপাকী। ইহাদের রন্ধন বা ভোজন অতীব গোপনভাবে সম্পন্ন হইয়া থাকে। রন্ধন ও ভোজন অপর কাহারও দৃষ্ট হইলে, ইহারা তৎক্ষণাৎ তাহা পরিত্যাগ করেন। আবরণী ও অনাবরণী ভেদে ইহারা দুই শ্রেণীতে বিভক্ত। আবরণী শ্রেণীর বৈষ্ণবগণ আচার ব্যবহারে বহু কঠোর নিয়ম প্রতিপালন করিয়া থাকেন।

এই সম্প্রদায়ের এক বৈষ্ণব অপর বৈষ্ণবকে দেখিয়া "দাসোঽহং" বা "দাসোঽস্মি" বলিয়া নমস্কার-সম্ভাষণ জ্ঞাপন করেন। দ্বাদশ তিলক বৈষ্ণবমাত্রেরই অবশ্য কর্ত্তব্য। তিলক ধারণ সম্বন্ধে হরিভক্তিবিলাসে সবিস্তার বর্ণনা আছে। [সাত্বত শব্দে উহা দ্রষ্টব্য।] রামানুজীয়গণ ঊর্দ্ধপুণ্ড্রের মধ্যে রুলি দিয়া রক্তবর্ণ রেখা করেন। পীতরেখা করারও ব্যবস্থা আছে। যথা—

"যদূর্দ্ধপুণ্ড্রতিলকং শোভনং তন্মনোহরং।
তন্মধ্যপীতরেখঞ্চ শ্রীমদ্রামানুজং বিদুঃ॥"

এই মধ্যরেখা লক্ষ্মীরূপিণী। চক্রাদি চিহ্ন গোপীচন্দনে অঙ্কিত হইয়া থাকে। বেঙ্কটাদ্রির মৃত্তিকার তিলক ধারণ রামানুজীয়গণ প্রশস্ত বলিয়া মনে করেন।

রামানুজসম্প্রদায় বেদান্ত সম্বন্ধে বিশিষ্টাদ্বৈতবাদী। ["বেদান্তদর্শন", "রামানুজদর্শন" "শ্রীসম্প্রদায়" ও "সাত্বতধর্ম্ম" শব্দ দ্রষ্টব্য।] ইঁহাদের মতে ভক্তবৎসল ভগবান্ পাঁচরূপ প্রকটন করেন, তদ্‌যথা—অর্চ্চা, বিভব, ব্যূহ, সূক্ষ্ম ও অন্তর্য্যামী। প্রতিমার নাম অর্চ্চা, মৎস্যাদি অবতার বিভব, বাসুদেব বলরাম প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই চারিটী ব্যূহ, বাসুদেবাখ্য পরব্রহ্ম সূক্ষ্ম। ইঁহাদের মতে ছয়টী গুণ আছে যথা—বিরজ (রজোগুণাভাব), বিমৃত্যু (মরণাভাব), বিশোক (শোকাদি দুঃখাভাব), বিজিঘিৎসা (ক্ষুৎপিপাসাভাব), সত্যকাম ও সত্যসঙ্কল্প।

উপাসনা পাঁচ প্রকার—দেবতাগৃহ বা দেবতার পথ মার্জ্জনা ও অনুলেপনাদির নাম অভিগমন, গন্ধ পুষ্প প্রভৃতি পূজোপকরণ সংগ্রহের নাম উপাদান, ও ভগবৎপূজা ইজ্যা নামে অভিহিত। ইজ্যায় পশুহিংসা নিষিদ্ধ। অর্থাববোধ সহ মন্ত্রজপ, বৈষ্ণবসূক্ত ও স্তোত্রপাঠ, নাম সঙ্কীর্ত্তন এবং রামানুজ ভাষ্য প্রভৃতি তত্ত্বপ্রতিপাদক শাস্ত্রাভ্যাসের নাম স্বাধ্যায়। ধ্যান, ধারণা ও সমাধি প্রভৃতি দেবতানুসন্ধান ব্যাপার যোগ নামে অভিহিত। এইরূপ উপাসনার ফলে ভক্ত বৈকুণ্ঠধাম প্রাপ্ত হন এবং শ্রীভগবানের সর্ব্বকর্ত্তৃত্বগুণ ব্যতিরেকে অপরাপর সকল গুণ প্রাপ্ত হইয়া ভগবদ্‌রাজ্যে নিত্যসুখ ভোগ করেন। যথা পঞ্চরাত্ররহস্যে—

"ততঃ স্বাভাবিকং পুংসাং তে সংসারতিরোহিতাঃ।
আবির্ভবন্তি কল্যাণাঃ সর্ব্বজ্ঞত্বাদয়ো গুণাঃ।
এবং গুণাঃ সমানাঃ স্যুর্মুক্তানামীশ্বরস্য চ।
সর্ব্বকর্ত্তৃত্বমেবৈকং তেভ্যো দেবে বিশিষ্যতে॥
মুক্তাস্তু শেষিণি ব্রহ্মণ্যশেষে শেষরূপিণঃ।
সর্ব্বানশ্নুবতে কামান্ সহ তেন বিপশ্চিতা॥"

রামানুজ সম্প্রদায়ের বৈষ্ণবগণের মধ্যে অন্যান্য বহির্বিষয়ে শ্রেণীভেদ থাকিলেও মৌলিক দার্শনিক তত্ত্বে এবং উপাসনার চরম ফলে কোন মতভেদ নাই। এস্থলে উপাসনা সম্বন্ধে যাহা লিখিত হইল, তাহা সর্ব্ব শ্রেণীরই স্বীকার্য্য।

এই সম্প্রদায়ের গ্রন্থাবলীর মধ্যে শ্রীভাষ্য, দ্রমিড়ভাষ্য, ন্যায়-সিদ্ধি, সিদ্ধিত্রয়, দীপসারসংগ্রহ, ভাষ্যবিবরণ, সঙ্গতিমালা, সদর্থ-সংক্ষেপ, শ্রুতপ্রকাশিকা, তত্ত্বরত্নাকর, প্রজ্ঞাপরিত্রাণ, প্রমেয়-সংগ্রহ, ন্যায়কুলীশ, ন্যায়সুদর্শন, দর্শনযাথার্থ্যনির্ণয়, ন্যায়সার, তত্ত্বদীপ, তত্ত্বনির্ণয়, সর্ব্বার্থসিদ্ধিন্যায়, পরিশুদ্ধি, ন্যায়সিদ্ধি, জ্ঞান, পরমভঙ্গ, তত্ত্বত্রয়চূলুক, তত্ত্বনিরূপণ, তত্ত্ব-ত্রয়ব্যাখ্যান, বস্তুমারুত, বেদান্তবিজয়, পারাশর্য্যবিজয়, গীতাভাষ্য ও সাত্ত্বিক পুরাণাদির নাম সবিশেষ উল্লেখযোগ্য। ["শ্রীসম্প্রদায়" শব্দে অন্যান্য গ্রন্থের নাম ও এই সম্প্রদায় সম্বন্ধীয় প্রয়োজনীয় জ্ঞাতব্য বিষয় দ্রষ্টব্য।]

রামানুজের শাখাসম্প্রদায়।

রামানুজের শাখা-সম্প্রদায়ের মধ্যে রামাৎগণের নামই সবিশেষ উল্লেখযোগ্য। ভারতের উত্তরপশ্চিমাঞ্চলে রামাৎ সম্প্রদায়ের বৈষ্ণব সুপ্রসিদ্ধ। এই সম্প্রদায় রামানন্দী নামে বিখ্যাত। রামানন্দ রামানুজের শিষ্যানুশিষ্য যথা—

রামানন্দী

রামানুজ
|
দেবানন্দ
|
হরিনন্দ
|
রাঘবানন্দ
|
রামানন্দ

ভক্তমালে রামানুজ সম্প্রদায়ের যে গুরুপ্রণালিকা আছে তাহার সহিত এই তালিকার পার্থক্য পরিলক্ষিত হয়। তাহাতে দেখা যায় যে, রামানুজের শিষ্য দেবাচার্য্য, তৎশিষ্য রাঘবানন্দ, তৎশিষ্য রামানন্দ। এস্থলে হরিনন্দের নামোল্লেখ নাই।

রামানন্দ পৃথক্ সম্প্রদায়ের প্রবর্ত্তক হইলেন কেন, তৎসম্বন্ধে একটী জন শ্রুতি আছে। উহার মর্ম্ম এই যে, রামানুজীয় বৈষ্ণবগণ ভোজন সম্বন্ধে যথেষ্ট সঙ্কোপন করিয়া চলেন। ইহাদের ভোজন-ব্যাপার অপরের দৃষ্ট হইলে তাহা তৎক্ষণাৎ পরিত্যাগ করিতে হয়। রামানন্দ যখন তীর্থভ্রমণে বহির্গত হন, তখন এই নিয়ম রক্ষা করিতে পারেন নাই বলিয়াই তদীয় গুরুভ্রাতাদের মনে সন্দেহ হয়, গুরুদেবের মনেও সেই ধারণা জন্মে। ইহার ফলে তাঁহারা রামানন্দকে পৃথক্ করিয়া দেন। রামানন্দ যে পৃথক্ দল সৃষ্টি করেন, উহাই রামাৎ নামে বিখ্যাত। ইহারা আপনাদিগকে রামানন্দী বলিয়াও পরিচিত করেন।

[রামানন্দের সম্বন্ধে বিস্তৃত বিবরণ "রামানন্দ" ও "রামাৎ" শব্দে দ্রষ্টব্য।] ইহারা শ্রীরাম চন্দ্রের উপাসক। বিষ্ণুর অন্যান্য অবতারও ইহাঁদের উপাস্য বলিয়া স্বীকৃত। কেহ কেহ রাম-সীতার যুগল উপাসনা করেন। তুলসী ও শালগ্রাম ইহাদের সবিশেষ পূজনীয়। ইহাদের তিলক সেবাদি রামানুজীয় বৈষ্ণবদের অনুরূপ। ইহাদের তিলক রামানুজীয় বৈষ্ণব অপেক্ষা কিছু হ্রস্ব। রামানন্দী সম্প্রদায়ের ধর্ম্মমত সম্বন্ধে "রামাৎ" শব্দ দ্রষ্টব্য।

রামানন্দ রামানুজ সম্প্রদায়ের কঠোরতা ত্যাগ করিয়া যে ধর্ম্মমত সংস্থাপন করেন, তাহাতে অনেকেই তাঁহার শিষ্য হইয়াছিল। এই শিষ্য সম্প্রদায়ের মধ্যে আশানন্দ, কবীর, রয়দাস, পীপা, সুরসুরানন্দ, সুখানন্দ, ভবানন্দ, ধন্না, সেন, মহানন্দ, পরমানন্দ ও প্রিয়ানন্দের নামই উল্লেখযোগ্য। ভক্তমালে রঘুনাথ, অনন্তানন্দ, কবীর, সুখহর, জীব, পথাবৎ, পীতা, ভবানন্দ, রয়দাস, ধন্না, সেন, ও সুরাসুর এই কয়েকটী নাম দৃষ্ট হয়। রামানন্দের শিষ্যগণ সবিশেষ কোন শাস্ত্রীয় বিধি-নিয়মে বাধ্য ছিলেন না। রামানন্দ রামানুজ সম্প্রদায়ের বৈষ্ণব হইলেও ধীরে ধীরে রামানুজীয় সম্প্রদায়ের বিধান ত্যাগ করিয়া স্বাধীনভাবে এক ধর্ম্মমত স্থাপন করেন। অথচ তজ্জন্য কোন বিশেষ বিধান প্রণয়ন করেন না। তাঁহার শিষ্যগণও এই সম্প্রদায়ের বিশেষ বিধান দেখিতে না পাইয়া স্বেচ্ছামত এক এক প্রকারে ধর্ম্মমত সংস্থাপন করিতে আরম্ভ করেন। রামানন্দের শিষ্যগণের অদ্ভুত চরিত্র ভক্তমাল গ্রন্থে বর্ণিত হইয়াছে। এই সকল শিষ্যের মধ্যে রঘুনাথ ওরফে আশানন্দ রামানন্দের পদ প্রাপ্ত হইয়াছিলেন। সভাজী, সুরদাস, রামায়ণপ্রণেতা তুলসী দাস, গীতগোবিন্দ-রচয়িতা জয়দেব প্রভৃতি রামানন্দের সম্প্রদায়-ভুক্ত। ভক্তমালে ইহাঁদের সকলেরই চরিতাখ্যান লিখিত হইয়াছে।

শাস্ত্রপথ পরিত্যাগ করিয়া ব্যক্তি বিশেষের স্বেচ্ছানুসারে ধর্ম্মমত প্রবর্ত্তিত হইলে সেই সম্প্রদায়ের উপাসকগণ পন্থী নামে অভিহিত হয়। রামানন্দের সুপ্রসিদ্ধ শিষ্য কবীর যে ধর্ম্মমতের প্রবর্ত্তন করেন সেই মত উত্তর পশ্চিমাঞ্চলে যথেষ্ট প্রচলিত হইয়াছিল। কবীরের জীবনী ও তাহার ধর্ম্মমত "কবীর" শব্দে দ্রষ্টব্য। বাবালাল, সাধ, সৎনামী, শ্রীনারায়ণী, শূন্যবাদী বৌদ্ধ, নানকপন্থী ও দাদূপন্থী প্রভৃতি অনেকেই কবীরের অনেক সারগর্ভবাক্য গ্রহণ করিয়াছেন। কবীরপন্থীদিগের বিষ্ণুর প্রতিই অধিকতর শ্রদ্ধা। দেবতার পূজাদি গৃহস্থ কবীরপন্থীদিগের অনুষ্ঠিত হইলেও এই সম্প্রদায়ের সাধুরা কোন দেব-দেবীর পূজা অর্চ্চনা করেন না। গানই ইহাদের উপাসনার প্রধান অবলম্বন। ইহারা তিলকসেবা করেন, কণ্ঠে তুলসীর মালা ও হস্তে তুলসীর জপমালা ধারণ করেন। এই কারণেই ইহারা বৈষ্ণব

কবীর পন্থী।

সম্প্রদায়ভুক্ত। অহিংসা, সত্য, বৈরাগ্য, গুরুভক্তি ও ঈশ্বরভক্তি ইঁহাদের ধর্ম্মের প্রধান অঙ্গ। কবীরের দ্বাদশশিষ্য দ্বাদশ শাখার প্রবর্ত্তক। এই সকল শাখা-প্রবর্ত্তকগণের নাম ও গদির বিবরণ "কবীর" শব্দে দ্রষ্টব্য। এই সকল শাখা ব্যতীত হংস-কবীরী, দাস-কবীরী, এবং মঙ্গেল কবীরী নামে কবীর সম্প্রদায়ের আরও অনেকগুলি শাখা আছে।

রামানুজ-সম্প্রদায়ের অপর প্রশাখা—খাকি সম্প্রদায়।

খাকি

ইঁহারা রামানন্দী সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। কীল নামক একজন ভগবদ্ভক্ত বৈষ্ণব এই সম্প্রদায়ের প্রবর্ত্তক; রামানন্দের শিষ্য আশানন্দ, কৃষ্ণদাস নামক জনৈক বৈষ্ণবের গুরু ছিলেন। এই কৃষ্ণদাসই কীলের উপদেষ্টা। ভক্তমালে খাকি সম্প্রদায়ের উল্লেখ নাই। এই নিমিত্ত কেহ কেহ এই সম্প্রদায়কে আধুনিক বলিয়া মনে করেন। খাকিরা বৈষ্ণব হইলেও ইহাদের আচার ব্যবহার অপরাপর বৈষ্ণবের ন্যায় নহে। খাকিরা পরিধেয় বস্ত্র মৃত্তিকা ও ভস্মে রঞ্জিত করিয়া লয়। ভস্ম বা মৃত্তিকা শব্দ হইতেই খাকি শব্দের উৎপত্তি। খাকিরা বৈষ্ণব হইলেও শৈবপ্রভাবপ্রাপ্ত। ইহারা শরীরে ভস্ম লেপন করে, মাথায় জটাধারণ করে। রাম সীতা ও হনুমান্ ইহাদের উপাস্য। কিন্তু গৃহস্থ খাকিরা সাধারণ বৈষ্ণবের ন্যায় বস্ত্রাদি পরিধান করে। উদাসীনদের সম্বন্ধেই মাত্রপূর্ব্ব রীতি। অযোধ্যার নিকটস্থ হনুমান্ গড়ে ইহাদের প্রধান মঠ। জয়পুর খাকিকুলগুরু কীলের প্রধান মঠ সংস্থাপিত। ফরক্কাবাদ প্রদেশে খাকি সম্প্রদায় দেখিতে পাওয়া যায়।

মুলুকদাসী নামে রামানুজ সম্প্রদায়ের আর এক প্রশাখা

মুলুকদাসী

আছে। মুলুকদাস এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। রামানন্দী সম্প্রদায়ের গুরু প্রণালীতে মুলুক দাসের নামোল্লেখ আছে। যথা—

রামানন্দ
|
আশানন্দ
|
কৃষ্ণদাস
|
কীল
|
মুলুকদাস

এই সম্প্রদায় অরঙ্গজেবের সময়ে প্রাদুর্ভূত। ইহারা কপালে রক্তবর্ণ তিলক রেখা ধারণ করে এবং উদাসীনের শিষ্য না হইয়া গৃহস্থের শিষ্য হয়। শ্রীরামচন্দ্র ইহাদের উপাস্য দেবতা। ইহারা ভগবদ্গীতা শ্রদ্ধার সহিত পাঠ করে। বিষ্ণুপদ ও দশরতন প্রভৃতি গ্রন্থও উহাদের শ্রদ্ধাস্পদ পাঠ্যগ্রন্থ। মুলুক দাসের নিবাস আলাহাবাদ জেলার মাণিকপুরে। ইনি জাতিতে বণিক্। মাণিকপুরে একটী নদীতীরে এই সম্প্রদায়ের মঠ সংস্থাপিত। মুলুকদাসের বংশীয়গণ এই মঠের অধিপতি। ইহাদের বংশ-তালিকা নিম্নে প্রদত্ত হইল—

মুলুক দাস
|
রামস্নেহি
|
কৃষ্ণশাহী
|
ঠাকুরদাস
|
গোপাল দাস
|
কুঞ্জ বিহারী
|
রাম সাধু
|
শিবপ্রসাদ দাস
|
গঙ্গা প্রসাদ দাস

১৮২৮ খৃষ্টাব্দে গঙ্গাদাস বর্ত্তমান ছিলেন। প্রধান মঠে শ্রীরামমূর্ত্তি প্রতিষ্ঠিত আছে। কাশী, আলাহাবাদ, লক্ষ্ণৌ, অযোধ্যা, বৃন্দাবন ও জগন্নাথ ক্ষেত্রে এই সম্প্রদায়ের ৬টী মঠ আছে। জগন্নাথ ক্ষেত্রে মুলুকদাসের পরলোক প্রাপ্তি হয়। এ কারণ উক্ত মঠ এই সাম্প্রদায়িকগণের নিকট সমধিক আদরণীয়।

রামানুজ সম্প্রদায়ের শাখা-প্রশাখা ব্যতীত বৃদ্ধ শাখাও বর্ত্তমান আছে। দাদুপন্থীরাই রামানুজীয় সম্প্রদায়ের বৃদ্ধশাখা। রামানন্দ রামানুজ সম্প্রদায় হইতে প্রাদুর্ভূত। কবীর রামানন্দের শিষ্য। দাদুপন্থী আবার কবীরপন্থী হইতে উৎপন্ন। দাদু এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। কবীরপন্থীদিগের গুরুপ্রণালীতে দাদুর নাম নির্দ্দিষ্ট হইয়াছে। যথা—

দাদুপন্থী

কবীর
|
কমাল
|
বমাল
|
বিমল
|
বুদ্ধন
|
দাদু

দাদুপন্থীরা কেবল রামনাম জপ করেন। ইহারা বৈষ্ণব হইলেও নিরঞ্জন নির্গুণ নিরাকার রামনামীয় পরব্রহ্মের উপাসক। দাদু আমেদাবাদে ধুনুরীর কার্য্য করিতেন। ["দাদু" শব্দে দাদুর চরিত দ্রষ্টব্য।] ইনি ৬৭ বৎসরে ধর্ম্ম প্রচারে প্রবৃত্ত

হন। দাবিস্তান নামক পারসীগ্রন্থে লিখিত আছে, দাদু অকবরের সময়ে উদাসীনভাবে ধর্ম্মপ্রচার করিতেন। উক্ত গ্রন্থের দ্বিতীয়ভাগের দ্বাদশ অধ্যায়ে এই বিষয় দ্রষ্টব্য।

দাদূপন্থীদের তিলকসেবা ও কণ্ঠে মালাধারণের নিয়ম নাই। তবে জপের মালা ব্যবহারের রীতি আছে। ইহাদের মস্তকে চতুষ্কোণ বা গোলাকার শ্বেতবর্ণ টুপি দৃষ্ট হয়। ইহারা তিন শ্রেণীতে বিভক্ত—বিরক্ত, নাগা ও বিস্তরধারী। বিরক্তগণ উদাসীন, ইহারা করঙ্গ মাত্র ধারী। নাগারা অস্ত্রধারী; ইহারা সুদক্ষ সৈন্য। বিস্তরধারীরা বিষয়ী গৃহস্থ। দাদূপন্থীদের তিন শাখা বহুভাগে বিভক্ত হইয়াছে, তন্মধ্যে ৫২টী শাখাই প্রধান। আজমীর ও মাড়য়ারে দাদূপন্থীসম্প্রদায়ের বহুলোক আছে। নরৈন্‌গ্রামে দাদূ সিদ্ধিলাভ করিয়াছিলেন, এইস্থানে দাদূপন্থীদিগের প্রামাণিক গ্রন্থ এবং দাদূর শয্যা আছে। এখানে প্রতিবৎসর ফাল্গুনমাসের শুক্লপক্ষীয় প্রতিপৎ অবধি করিয়া পূর্ণিমা পর্য্যন্ত মেলা হইয়া থাকে। "বিশ্বাসকা" নামে ইঁহাদের একখানি উপাদেয় উপদেশ গ্রন্থ আছে।

রয়দাসী

রামানন্দ স্বামীর অপর শিষ্য রয়দাস বা রুইদাস রয়দাসী সম্প্রদায়ের প্রবর্ত্তক। ভক্তমালে ইনি রুইদাস নামে খ্যাত। রুইদাস জাতিতে চর্ম্মকার ছিলেন। ভক্তমালে ইঁহার জীবনী দ্রষ্টব্য। রয়দাসের অনেক দোহা আছে। কাশীধামের শিখদের গানে ও স্তবে রয়দাসের রচিত অনেক গীত ও স্তব বিমিশ্রিত হইয়াছে। রুইদাস যে এক সময়ে সবিশেষ খ্যাতিলাভ করিয়াছিলেন, তাহাতে কোনও সন্দেহ নাই। বৈষ্ণবধর্ম্মের প্রভাবে একজন চর্ম্মকারও ধর্ম্মাচার্য্যের পদবীতে সমারূঢ় হইয়াছিলেন। চিতোররাজের আলিনাম্নী মহিষীও রয়দাসের নিকট দীক্ষা গ্রহণ করিয়াছিলেন, ইহা অপেক্ষা অদ্ভুত বিষয় আর কি হইতে পারে! ভক্তমালগ্রন্থে রুইদাস সম্বন্ধে বিবিধ আখ্যান বর্ণিত আছে।

সেনপন্থী

রামানন্দের শিষ্য সেন নামক জনৈক নাপিত সেনপন্থী সম্প্রদায়ের প্রবর্ত্তক। সেন ও তাঁহার বংশধরগণ গন্দোয়ানার অন্তঃপাতী বন্ধগড়ের রাজবংশের কুলগুরু ছিলেন। ভক্তমালে সেনের চরিত ও তৎসম্বন্ধে অদ্ভুত আখ্যায়িকা প্রচলিত আছে। সেনপন্থীদের এখন আর কোন সন্ধান পাওয়া যায় না।

রামসনেহী

রামচরণ নামক একজন ব্যক্তি রামসনেহী সম্প্রদায়ের প্রবর্ত্তক। রামসনেহী সম্প্রদায় রামাৎ বৈষ্ণব। ইঁহারা প্রতিমা পূজা করেন না। এই সম্প্রদায় নিতান্ত আধুনিক ১৮২৮ সম্বতে এই সম্প্রদায় প্রবর্ত্তিত হয়। ইঁহারা গলদেশে মালা ও ললাটে শ্বেতবর্ণ দীর্ঘপুণ্ড্র তিলক ধারণ করেন। ইঁহারা কোন অবস্থাতেই জীবহিংসা করেন না, মৎস্য মাংসাদি আহার করেন না। রামচন্দ্রই ইহাদের উপাস্য। জৈন সম্প্রদায়ের সহিত এই সম্প্রদায়ের আচার ব্যবহারাদির অনেক সাদৃশ্য আছে। সবিস্তার বিবরণ "রামসনেহী"শব্দে দ্রষ্টব্য।

এইরূপে রামানুজ সম্প্রদায় হইতে প্রথমতঃ রামানন্দী বা রামাৎ সম্প্রদায়ের উৎপত্তি হয়, তৎপরে এই রামাৎ সম্প্রদায় হইতে বহুবিধ উপসম্প্রদায়ের সৃষ্টি হইয়াছে। এস্থলে যে কয়েকটী সম্প্রদায়ের নাম প্রকাশিত হইল, এতদ্ব্যতীত আরও বহুল সম্প্রদায়ের নাম শুনিতে পাওয়া যায়। এই গ্রন্থের স্থানে স্থানে তৎসম্বন্ধে উল্লিখিত আছে। শ্রীসম্প্রদায়ের বৈষ্ণবগণ বড়গলই ও তেঙ্কলই এই দুই শ্রেণীতে বিভক্ত। অতঃপর আরও বহু শাখা সম্প্রদায়, উপসম্প্রদায় ও পন্থীসম্প্রদায়ের নামোল্লেখ হইবে। কিন্তু প্রকৃত প্রস্তাবে শাস্ত্রসঙ্গত ও শাস্ত্রীয়বিধির মর্য্যাদারক্ষক বৈষ্ণবসম্প্রদায়ের মধ্যে শ্রীসম্প্রদায়, ব্রহ্মসম্প্রদায় রুদ্রসম্প্রদায় ও সনক সম্প্রদায়ের নামই সুপ্রসিদ্ধ। এস্থলে রামানুজ সম্প্রদায় ও উহার শাখা উপশাখা প্রভৃতির উল্লেখ করা হইল। এখন ব্রহ্মসম্প্রদায়ের কথা বলা যাইতেছে।

ব্রহ্মসম্প্রদায়।

আমরা পূর্ব্বেই বলিয়াছি শ্রীসম্প্রদায় শ্রী বা লক্ষ্মীঠাকুরাণী হইতে প্রবর্ত্তিত এবং ব্রহ্মাই ব্রহ্মসম্প্রদায়ের প্রবর্ত্তক। পদ্মপুরাণে প্রাগুক্ত বচনই ইহার প্রমাণ। ব্রহ্মা হইতে যে এক সম্প্রদায় বৈষ্ণবের প্রবৃত্তি, শ্রীমদ্ভাগবতের তৃতীয়স্কন্ধের টীকা প্রারম্ভে শ্রীধরস্বামীও তাহা বলিয়াছেন। পরবর্ত্তী আচার্য্যগণ বলেন—

"রামানুজানাং সরণীরমাতো
গৌরীপতে র্বিষ্ণুমতাহনুগানাম্।
নিম্বার্কগানাং সনকাদিতশ্চ
মধ্বানুগানাং পরমেষ্ঠিতশ্চ।" (প্রাভঞ্জন ১৩৩ পৃঃ)

ব্রহ্মা হইতে যে বৈষ্ণব সম্প্রদায়ের প্রবৃত্তি হয়, দক্ষিণাপথের অন্তর্গত তুলবদেশবাসী মধিজীভট্টের পুত্র বাসুদেব (মধ্বাচার্য্য) সেই সম্প্রদায়ে নবজীবন প্রদান করেন। এই নিমিত্ত ব্রহ্মসম্প্রদায় এখন "মাধ্বসম্প্রদায়" নামেও অভিহিত হইয়াছে। ইনি সাধনায় সিদ্ধিলাভ করিয়া পূর্ণপ্রজ্ঞ নামে বিদিত হন। ইঁহার অপর নাম আনন্দতীর্থ। ইঁহার জীবনী ও ধর্ম্মমত "মধ্বাচার্য্য" শব্দে দ্রষ্টব্য। মধ্বাচার্য্য বেদান্তের দ্বৈতভাষ্য করেন, উহা "পূর্ণপ্রজ্ঞদর্শন" নামে খ্যাত। নারায়ণ উপনিষদই এই সম্প্রদায়ের শ্রুতিসম্বন্ধিনী ভিত্তি।

১। একো নারায়ণ আসীৎ ন ব্রহ্মা ন চ শঙ্করঃ।
আনন্দ এক এবাগ্র আসীন্নারায়ণঃ প্রভুঃ॥

২। বিষ্ণুর্দেহাৎ জগৎ সর্ব্বমাবিরাসীৎ।

দার্শনিকতত্ত্ব

আনন্দতীর্থ বেদান্ততত্ত্বের দ্বৈতবাদ প্রবর্ত্তক। শ্রুতি হইতে বহুল ভেদবাদপূর্ণ বচন প্রমাণ মাধ্বভাষ্যে সংগৃহীত করিয়া এই মতের পোষণ করা হইয়াছে। মহোপনিষদ্, ভাল্লবগোপনিষৎ, গরুড়পুরাণ প্রভৃতি হইতে প্রমাণ সংগ্রহ করিয়া ভেদবাদের সমর্থন করা হইয়াছে, তদ্‌যথা—

১। যথা পক্ষী চ সূত্রঞ্চ নানা বৃক্ষরসা যথা।
যথা নদ্যঃ সমুদ্রাশ্চ শুদ্ধোদলবণে যথা ॥
চৌরাপহার্য্যৌ চ যথা যথা পুংবিষয়াবপি।
তথা জীবেশ্বরৌ ভিন্নৌ সর্ব্বদৈব বিলক্ষণৌ ॥ (মহোপনিষৎ)

২। আত্মা হি পরমস্বতন্ত্রো বিগুণো জীবোঽল্পশক্তি-রস্বতন্ত্রঃ। (ভাল্লবগোপনিষৎ।)

৩। সর্ব্বজ্ঞাল্পজ্ঞভেদাৎ সর্ব্বশক্ত্যল্পশক্তিনঃ।
স্বাতন্ত্র্যপারতন্ত্র্যাভ্যাং সম্ভোগনেশজীবয়োঃ ॥
(গরুড়পুরাণ)

ইহারা পঞ্চ প্রকার ভেদ স্বীকার করেন যথা—

"জীবেশ্বরভিদা চৈব জড়েশ্বরভিদা তথা।
জীবভেদো মিথশ্চৈব জড়জীবভিদা তথা ॥
মিথশ্চ জড়ভেদো যঃ প্রপঞ্চো ভেদপঞ্চকঃ।
সোঽয়ং সত্যোঽপ্যনাদিশ্চ সাদিশ্চেন্নাশমাপ্নুয়াৎ ॥

মধ্বাচার্য্যের দার্শনিকতত্ত্ব "পূর্ণপ্রজ্ঞদর্শন" ও বেদান্ত শব্দে দ্রষ্টব্য।

উপাস্যদেবতা

নারায়ণ ও লক্ষ্মী ইহাদের উপাস্য দেবতা। নারায়ণ বৈকুণ্ঠ-ধামে লক্ষ্মী, ভূমি ও লীলাদেবী সহ বিরাজিত। এতদ্ব্যতীত শিব পার্ব্বতী ও গণেশ প্রভৃতিও অর্চ্চিত হইয়া থাকেন। কিন্তু বিষ্ণুই মুখ্য দেবতা। বিষ্ণুর প্রসাদলাভই উপাসনার প্রয়োজন। ইহারা নির্ব্বাণ মুক্তি স্বীকার করেন না। সারূপ্য, সালোক্য, সান্নিধ্য ও সার্ষ্টি এই চতুর্ব্বিধ মুক্তি ইহাদের স্বীকৃত।

অর্চ্চনার প্রণালী

মন্দির পরিষ্কার, বিগ্রহের নিদ্রাভঞ্জন, দধি দুগ্ধাদি দ্বারা দেবতার স্নান, গাত্রমার্জ্জন, তীর্থজলে স্নান, অলঙ্কার পরিধান, গান ও স্তোত্র পাঠ, ফলপুষ্প গন্ধ প্রদান ও গান বাদ্য, রাত্রিকালে আরতি, ভোগ দান ও গীতবাদ্য।

চিহ্ন

তুলসীমালা ধারণ, অঙ্গে শঙ্খ-চক্রাদি মুদ্রা ধারণ, ঊর্দ্ধ-পুণ্ড্র, তিলক সেবা প্রভৃতি ইহাদের বাহ্য লক্ষণ। জপের নিমিত্ত তুলসী মালা ব্যবহৃত হইয়া থাকে।

নৈতিক আচার

দয়া, স্পৃহা, শ্রদ্ধা, সত্যবচন, হিতকথন প্রিয়ভাষণ, শাস্ত্রানুশীলন, দানপরিত্রাণ ও পরিরক্ষণ এই দশটী মধ্বাচার্য্য সম্প্রদায়ের ধর্ম্মলক্ষণ।

মধ্বাচার্য্য মত

মধ্বাচার্য্য সম্প্রদায়ের ধর্ম্ম সম্বন্ধে শ্রীমদ্‌বলদেব বিদ্যাভূষণ তদীয় 'প্রমেয়রত্নাবলী' গ্রন্থে একটী মাত্র শ্লোকে সকলতত্ত্ব অভিব্যক্ত করিয়াছেন। যথা—

"শ্রীমন্মধ্বমতে হরিঃ পরতমঃ সত্যং জগৎ তত্ত্বতো
ভেদোজীবগণা হরেরনুচরা নীচোচ্চভাবং গতাঃ।
মুক্তির্নৈজসুখানুভূতিরমলা ভক্তিশ্চ তৎসাধনম্।
মোক্ষাদিত্রিতয়ং প্রমাণমখিলাম্নায়ৈকবেদ্যো হরিঃ ॥"

অর্থাৎ মধ্বমতে একমাত্র হরি পরতম বস্তু, জগৎ ও তদ্‌গত ভেদ সত্য বলিয়া স্বীকৃত। জীবগণ হরির অনুচর ও পরস্পর উচ্চনীচ ভাবপ্রাপ্ত অর্থাৎ সাধ্যভেদে তাহাদের ফল-গত তারতম্য দৃষ্ট হয়। জীবের নিজ সুখানুভূতিই মোক্ষ। অমলা ভক্তিই সেই মোক্ষের সাধন। প্রত্যক্ষাদি তিনটী প্রমাণ এই মতে স্বীকৃত হইয়া থাকে। শ্রীভগবান্ হরি অখিল বেদের বেদ্য। মাধ্বেরা এইরূপ গুরুপ্রণালী স্বীকার করিয়া থাকেন,—

ব্রহ্মা
|
নারদ
|
বাদরায়ণ
|
মধ্ব
|
পদ্মনাভ
|
নরহরি
|
মাধব
|
আস্তোভ্য
|
জয়তীর্থ
|
জ্ঞানসিন্ধু
|
দয়ানিধি
|
বিদ্যানিধি
|
রাজেন্দ্র
|
জয়ধর্ম্ম
|
বিষ্ণুপুরী — পুরুষোত্তম

শেষোক্ত এই পুরুষোত্তম হইতে শ্রীগৌরাঙ্গসম্প্রদায়ের গুরু-

প্রণালীর প্রারম্ভ নির্দ্দেশ করা যাইতে পারে। শ্রীগৌরাঙ্গ সম্প্রদায়ের সুপণ্ডিত শ্রীমদ্‌বলদেব বিদ্যাভূষণ লিখিয়াছেন—

"শ্রীবিদ্যানিধিরাজেন্দ্রজয়ধর্ম্মান্ ক্রমাদ্ বয়ম্।
পুরুষোত্তমব্রহ্মণ্যব্যাসতীর্থাংশ্চ সংস্তমঃ॥"

"ক্রমাদ্ বয়ম্" পদের তাৎপর্য্য এই যে অতঃপর ক্রমে গ্রন্থকর্ত্তা স্বগুরু পরম্পরায় উল্লেখ করিয়াছেন। যথাস্থানে শ্রীগৌরাঙ্গসম্প্রদায়ের আলোচনা করা হইবে।

মধ্বাচার্য্য সম্বন্ধে সবিস্তার বিবরণ 'মধ্ববিজয়' প্রভৃতি গ্রন্থে দ্রষ্টব্য। দক্ষিণাপথের বহুস্থান মাধ্বসাম্প্রদায়িক বৈষ্ণবগণের বাসভূমি। এই সম্প্রদায়ে গৃহী ও উদাসীন উভয় সম্প্রদায়েরই যথেষ্ট বৈষ্ণব আছেন। ইঁহাদের মধ্যেও আবার বহু শাখা প্রশাখা দৃষ্ট হয়।

রুদ্রসম্প্রদায়।

রুদ্র হইতেও এক বৈষ্ণব সম্প্রদায় প্রবর্ত্তিত হয়। পরবর্ত্তী কালে শ্রীবিষ্ণু স্বামী এই সম্প্রদায়ের ধর্ম্মমত সুপ্রচারিত করেন। এই নিমিত্ত লিখিত আছে—"শ্রীবিষ্ণুস্বামিনং রুদ্রঃ।"

অর্থাৎ রুদ্র শ্রীবিষ্ণু স্বামীকে স্বীয় সম্প্রদায়ের ধর্ম্মাচার্য্য বলিয়া স্বীকার করিলেন। মহাদেব সদাশিব যে ভক্তিদাতা ও ভক্তি-ধর্ম্মপ্রচারক এ সম্বন্ধে অনেক শাস্ত্রে লিখিত আছে। বল্লভাচার্য্য মতানুগ প্রাভঞ্জনগ্রন্থটীকাকার তদীয় "মারুত-শক্তি" নামক টীকাগ্রন্থে লিখিয়াছেন—

"তত্র অস্মাকম্ রুদ্রসম্প্রদায়ঃ। অতএব তস্য ভক্তিদাতৃত্বং তত্র তত্র বর্ণয়ন্তি শ্রীমদাচার্য্যাঃ। যথা পুরুষোত্তমনামসহস্রে—

"মহাদেব স্বরূপশ্চ ভক্তিদাতা কৃপানিধিঃ।

নিবন্ধে চতুর্থস্কন্ধ বিবরণেঽপি সাযুজ্যাধিকারিণাং প্রচেতসাং শ্রীশিবকর্ত্তৃকোপদেশাদেব সিদ্ধির্দর্শিতা।

'তপসা সাধনে তস্য ন বন্ধো ভবতীতি হি।
তত্রাপি কৃষ্ণসেবায়াং কৃতার্থত্বং হি সর্ব্বথা॥
ইতি তান্ সর্ব্বথা শুদ্ধান্ বিলোক্যেশো হরিপ্রিয়ঃ।
প্রোবাচ সর্ব্বসন্দেহবারকং সর্ব্ববোধকম্॥'

অপিচ দ্বাদশস্কন্ধনিবন্ধে শ্রীমদাচার্য্যাঃ

'ভক্তিযুক্তো মহাদেবস্তাং দাতুং শক্নুয়াত্তথা।'

এতেন মহাদেবে গুরুত্ববোধনায় তদুপনিবন্ধনমিত্যুক্তম্॥"

এই ব্যাখ্যাতে আমরা রুদ্রপ্রবর্ত্তিত বৈষ্ণব সম্প্রদায়ের উৎপত্তির ইতিহাস ও হেতু স্পষ্টতঃই দেখিতে পাইতেছি। সুতরাং ব্রহ্ম-সম্প্রদায়ের ন্যায় রুদ্রসম্প্রদায়ও যে প্রাচীন তদ্বিষয়ে সন্দেহ নাই। চারিশত বৎসরের পূর্ব্বে বল্লভাচার্য্য এই সম্প্রদায়ের প্রসিদ্ধ আচার্য্য পদবী লাভ করেন। সেই সময় হইতে এই সম্প্রদায় বল্লভাচারী নামেও খ্যাত হইয়া আসিতেছে।

আমরা এই মারুতশক্তিটীকাগ্রন্থেই এই সম্প্রদায়ের গুরু-প্রণালী দেখিতে পাই। যথা—

"আদৌ শ্রীপুরুষোত্তমং পুরহরং শ্রীনারদাখ্যং মুনিং।
কৃষ্ণং ব্যাসগুরুং শুকং তদনু বিষ্ণুস্বামিনং দ্রবিড়ম্॥
তচ্ছিষ্যং কিল বিল্বমঙ্গলমহং বন্দে মহাযোগিনং।
শ্রীমদ্বল্লভনাম ধাম চ ভজেঽস্মৎ সম্প্রদায়াধিপম্॥"

এতদ্দ্বারা নিম্নলিখিত গুরুপ্রণালিকা প্রাপ্ত হওয়া যাইতেছে—

শ্রীপুরুষোত্তম
|
পুরহর (রুদ্র)
|
নারদ
|
কৃষ্ণদ্বৈপায়ন
|
শুক
|
বিষ্ণু স্বামী (দ্রাবিড় দেশবাসী)
|
জ্ঞানদেব
|
ত্রিলোচন
|
বিল্বমঙ্গল
|
বল্লভাচার্য্য

বলাবাহুল্য যে, এই গুরুপ্রণালিকা ধারাবাহিক নহে। ইহাতে সম্প্রদায়-প্রবর্ত্তকগণের প্রধান প্রধান আচার্য্যগণের নাম উল্লেখ করা হইয়াছে মাত্র।

বল্লভাচার্য্য সম্প্রদায়ের গোস্বামীরা 'গোকুলস্থ গোঁসাই' বলিয়া প্রসিদ্ধ। প্রাভঞ্জনগ্রন্থের মারুতশক্তিটীকাকার এ সম্বন্ধেও সুদীর্ঘ ঐতিহাসিক ও পৌরাণিক ইতিবৃত্তের উল্লেখ করিয়াছেন। যথা—

ইয়ং চ মিতাক্ষরাদৌ বিজ্ঞানেশ্বরাদিভিরুদাহৃতবচনান্তরায়াং শাণ্ডিল্যসংহিতায়াং ভক্তিখণ্ডে পঞ্চমাধ্যায়ে দৃশ্যতে যথা :—

'অথাতঃ শ্রূয়তাং বিপ্রাঃ সম্প্রদায়ং পুরুদ্বিষঃ।
একদা শঙ্করো দেবো গতো গোকুলমণ্ডলম্॥
তত্র বৃন্দাবনে রম্যে সচ্চিদানন্দমন্দিরে।
ত্রিভঙ্গললিতং দেবং কোটিমন্মথসুন্দরম্॥
* * * *
প্রণিপত্য মুদা দেবং সামগানাদতোষয়ৎ।
জগতো হি সমুদ্ধর্ত্তুং সম্প্রদায়স্য লব্ধয়ে॥
* * * *
তদা হর্ষসমাবিষ্টো নারদেন প্রসাদিতঃ।
জগৌ তমেব সন্মার্গং শ্রুতং যৎ শ্রীপতের্মুখাৎ॥
নারদোঽপি মহাযোগী পরমানন্দসুস্থিতঃ।
অলং প্রসাদতঃ প্রাদাদ্ব্যাসায়ামিততেজসে।

কৌণ্ডিন্যায় ময়া প্রোক্তো গর্গাচার্য্যমহাত্মনে।
ব্যাসস্তু ব্যক্তিপুত্রায় ব্রহ্মরাজায় বিষ্ণবে।
অথ কলৌ সংপ্রবৃত্তে পূর্ব্বাচার্য্যৈরথাগতৈঃ॥
ভবিষ্যতি পরা ভক্তিঃ কিঞ্চিৎকালং মুনীশ্বরাঃ।
বেদবেদান্ততত্ত্বজ্ঞৈ বৈষ্ণবৈ ব্রাহ্মণোত্তমৈঃ॥
নির্ব্বাহিতা ততো ভক্তি র্লুপ্তপ্রায়া ভবিষ্যতি।
ততোঽপি শ্রীপতেরস্য স্বীয়ানুগ্রহতো হরেঃ॥
মাথুরে মণ্ডলে তত্র গোকুলেঽস্মিন্ গিরাবপি।
প্রাদুর্ভবিষ্যতি মহাপুরুষৈরুপভাবিতা॥
তস্যাঃ সংপ্রাতয়ে তত্র সম্প্রদায়ং রিরক্ষিষুঃ।
মহাত্মা সুমহাতেজা ভগবদ্বদনোদিতঃ।
প্রাদুর্ভবিষ্যতি ততঃ সর্ব্বশ্রুতিবিশারদঃ॥
যোগী যোগীশ্বরস্তং বৈ সম্প্রদায়ং বদিষ্যতি॥ ইত্যাদি

অত্র "বিষ্ণবে" বিষ্ণুস্বামিনাম্নে ইত্যর্থঃ। "ভগবদ্বদনোদিতঃ" ইতি শ্রীবল্লভাচার্য্যঃ।

শাণ্ডিল্যসংহিতা গ্রন্থ হইতে উপরিধৃত অংশ উদ্ধৃত করিয়া সম্প্রদায়ের পণ্ডিত বল্লভাচার্য্য স্বীয় সম্প্রদায় উৎপত্তির ইতিহাসের আনুপৌর্ব্বিক পরিচয় প্রদান করিয়াছেন; ইহার ভাবার্থ এই যে, হে বিপ্রগণ! আপনারা রুদ্রসম্প্রদায়ের উৎপত্তি বিবরণ শ্রবণ করুন। একদিবস শঙ্করদেব গোকুলমণ্ডলে গিয়া শ্রীবৃন্দাবনে সচ্চিদানন্দ মন্দিরে কোটিমন্মথসুন্দর ব্রজশ্রীগণসেবিত শ্রুতিগণ-পূজিত ললিতত্রিভঙ্গ শ্যামসুন্দরকে প্রণাম করিয়া সামগানে তাঁহার পরিতুষ্টিসাধন এবং ভক্তিধর্ম্ম ও সম্প্রদায় স্থাপনের নিমিত্ত তাঁহার নিকট প্রার্থনা করিলেন। তদনুসারে শ্রীপতি তাঁহাকে সদ্ধর্ম্মসংস্থাপনের উপদেশ প্রদান করেন। নারদমুনির সেবায় পরিতুষ্ট হইয়া শঙ্কর নারদের নিকট সেই উপদেশ কীর্ত্তন করিলেন, নারদ উহা বেদব্যাসকে শিক্ষা দিলেন। আমি কৌণ্ডিন্য গর্গাচার্য্য মহাত্মগণকে সেই উপদেশ প্রদান করিলাম। ব্যাস আপন পুত্র শুককে সেই ধর্ম্মশিক্ষা দিলেন। শুকদেব বিষ্ণুকে অর্থাৎ বিষ্ণুস্বামীকে সেই ধর্ম্মতত্ত্ব জ্ঞাপন করিলেন।

অতঃপর এই শাণ্ডিল্যসংহিতার ভবিষ্যবাণীর রীত্যনুসারে বল্লভাচার্য্যের প্রাদুর্ভাবের স্পষ্ট প্রমাণ দেওয়া হইয়াছে। অর্থাৎ পূর্ব্বাচার্য্যগণের অভাবে কালে ভক্তি লুপ্তপ্রায় হইবে। তখন শ্রীপতি হরির অনুগ্রহে মথুরামণ্ডলের অন্তর্গত গোকুলে এক মহাপুরুষের আবির্ভাব হইবে। তিনি পরাভক্তির পুষ্টি এবং সম্প্রদায় ধারা রক্ষা করিবেন। তিনি শ্রীভগবানের বদন হইতে উদিত হইবেন। সর্ব্বশ্রুতি তাঁহার পরিজ্ঞাত থাকিবে, যোগীরাও তাঁহাকে যোগীশ্বর বলিয়া মান্য করিবে। ইনি গোর্দ্ধনাঞ্চলে আসিয়া ভক্তি প্রচার করিবেন। ভগবদ্রসাপ্লুত ব্যক্তিগণের হৃদয়ে ইনি প্রেমরসের সঞ্চার করিয়া দিবেন, স্বসম্প্রদায়ের আচার বিস্তার করিবেন। ইহার বিবিধ আশ্চর্য্য চরিত সন্দর্শনে লোক সকল চমৎকৃত হইবে। ইনি জীবগণকে হরিভক্তি প্রদান করিবেন ইত্যাদি। এইরূপে শ্রীমদ্‌বল্লভাচার্য্যের চরিতের প্রাগাভাস প্রদত্ত হইয়াছে। ইহার যাবতীয় চরিত্র বল্লভাচার্য্য শব্দে দ্রষ্টব্য।

শ্রীমদ্‌বল্লভাচার্য্য শ্রীগৌরাঙ্গের সমসাময়িক। আমরা চৈতন্য-চৈরিতামৃত গ্রন্থেও বল্লভাচার্য্যের উল্লেখ দেখিতে পাই। যথা—

"এই মত বিলাস প্রভুর ভক্তগণ লঞা।
হেনকালে বল্লভভট্ট মিলিলা আসিয়া।
আসিয়া বন্দিল ভট্ট প্রভুর চরণ।
প্রভু ভাগবত বুদ্ধ্যে কৈলা আলিঙ্গন॥
মান্য করি প্রভু তারে নিকটে বসাইলা।
বিনয় করিয়া ভট্ট কহিতে লাগিলা।
* * *
তোমারে দেখিয়ে যেন সাক্ষাৎ ভগবান্।
ব্রজেন্দ্রনন্দন তুমি ইথে নাহি আন॥
* * *
জগতে করিলা কৃষ্ণনাম প্রকাশে।
যেই তোমা দেখে, সেই কৃষ্ণপ্রেমে ভাসে॥"

সূক্ষ্মদর্শী বল্লভাচার্য্য মহাপ্রভু শ্রীগৌরাঙ্গকে দেখিবামাত্রই তাঁহার তত্ত্ব বুঝিতে পারিয়াছিলেন। শ্রীমদ্‌বল্লভাচার্য্য যে শ্রীমদ্ভাগবতের একখানি টীকা লিখিয়া গিয়াছেন, শ্রীচরিতামৃতেও তাহার প্রমাণ আছে। যথা—

"যাত্রা অনন্তরে ভট্ট যাই প্রভুর স্থানে।
প্রভুর চরণে কিছু কৈল নিবেদনে॥
ভাগবতের টীকা কিছু করিয়াছোঁ লিখন॥
আপনে মহাপ্রভু যদি করেন শ্রবণ।
* * *
আর দিন বসিলা আসি প্রভু নমস্করি।
সভাতে কহেন কিছু মনে গর্ব্ব করি॥
ভাগবতে স্বামীর ব্যাখ্যা করিয়াছি খণ্ডন।
* * *
সেই ব্যাখ্যা করে, যাঁহা যেই পড়ে জানি।
একবাক্যতা নাহি, তাতে স্বামী নাহি মানি॥
প্রভু হাসি কহে স্বামী না মানে যেই জন।
বেশ্যার ভিতরে তারে করিয়ে গণন॥"

১৪৭৯ খৃষ্টাব্দে বল্লভাচার্য্য জন্ম গ্রহণ করেন, শ্রীগৌরাঙ্গের

জন্ম সময় ১৪৮৫ খৃষ্টাব্দ। সুতরাং বল্লভ মহাপ্রভু অপেক্ষা ৬ বর্ষ বড়। শ্রীমদ্ বল্লভাচার্য্যের পিতা লক্ষ্মণ ভট্ট যখন সস্ত্রীক কাশীধামে গমন করেন, তখন পথিমধ্যে চম্পারণ্যে আচার্য্যের জন্ম হয়। তীর্থযাত্রী জনকজননী ভগবানের করুণাশ্রয়ে সন্তানকে ফেলিয়া রাখিয়া তীর্থে গমন করেন। পরে প্রত্যাবর্ত্তনকালে পুত্রকে সঙ্গে লইয়া গোকুলে গমন করেন। দ্বাদশ বর্ষ কালেই আচার্য্য-প্রবর দিগ্‌বিজয়ে বাহির হন। দাক্ষিণাত্যের অনেক স্থানে গমন করিয়া তিনি শৈব ও স্মার্ত্তদিগকে বিচারে পরাস্ত করিয়া স্বমত সংস্থাপন করেন। ["বল্লভাচার্য্য" শব্দে এই সম্বন্ধে সবিস্তার বিবৃত হইয়াছে।] ৫৩বর্ষ বয়সে ইনি ৮৪টী শিষ্য রাখিয়া অন্তর্ধান করেন। ইহার দ্বিতীয় পুত্র বিমলনাথজী ইহাঁর গদি প্রাপ্ত হন। ১৫১৬ খৃষ্টাব্দে বিমল নাথজীর জন্ম হয় এবং ১৫৮৩ খৃষ্টাব্দে তাঁহার অন্তর্ধান ঘটে। ইহার ৪ কন্যা এবং সাত পুত্র।

গিরিধরজী	১৫৪০	খৃঃ জাত
গোবিন্দ রায়	১৫৪২	" "
বালকৃষ্ণজী	১৫৪৯	" "
গোকুল নাথজী	১৫৫১	" "
রঘুনাথজী	১৫৫৪	" "
যদুনাথজী	১৫৫৬	" "
ঘনশ্যামজী	১৫৬১	" "

ইহারা সকলেই ধর্ম্মপ্রচারকার্য্যে নিযুক্ত থাকিয়া অনেকানেক শাখা শিষ্যাদি করিয়া স্বসম্প্রদায়ের বহুল বিস্তার করিয়াছিলেন। কিন্তু ইহাদের শিষ্যক্রমে এই সম্প্রদায়ে স্বতন্ত্র শ্রেণীর আবির্ভাব হয়। ইহাদের মধ্যে গোকুল নাথই সর্ব্বাপেক্ষা অধিক সম্মানার্হ হইয়াছিলেন। এখনও গোকুলনাথজীর বংশধরগণেরই অধিক প্রভাব এবং ইহারাই "গোকুলস্থ গোস্বামী" বা 'গোকুলে গোঁসাই' নামে প্রসিদ্ধ।

গোকুলনাথজীর শাখা বোম্বাই, কচ্ছ, কাঠিয়াবাড়র, মধ্যভারত প্রভৃতি বিশেষতঃ মালবে বহু বিস্তৃত হইয়া পড়িয়াছে। মথুরা, বৃন্দাবন ও কাশীতে এই সম্প্রদায়ের শ্রীমন্দির আছে। কাশীতে দুইটী মন্দির—নাথজীর মন্দির ও পুরুষোত্তমজীর মন্দির। আজমীঢ়ের শ্রীনাথদ্বার-মন্দিরটীই সর্ব্বাপেক্ষা সুবিখ্যাত। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সমৃদ্ধিশালী ধনাঢ্য বহুতর ব্যক্তি এই সম্প্রদায়ের শিষ্য। জগন্নাথ ক্ষেত্র ও দ্বারকা এই সম্প্রদায়ের ধাম বলিয়া গণ্য।

বল্লভাচারী সম্প্রদায় বিশুদ্ধাদ্বৈতবাদী। ইহারা পঞ্চবিধ মুক্তিই স্বীকার করেন। শ্রীকৃষ্ণই ইহাদের পরম দেবতা। ভক্তিই মোক্ষের সাধন। [এই সম্প্রদায়ের বৈদান্তিক তত্ত্ব সম্বন্ধে "বেদান্ত" শব্দ দ্রষ্টব্য।]

বৈদান্তিক তত্ত্ব

মঙ্গলারতি, শৃঙ্গার, গোয়ালা, রাজভোগ, উত্থাপন ভোগ, সন্ধ্যা, শয়ন ইত্যাদি প্রকারে সেবার বিধান আছে। এতদ্ব্যতীত রথযাত্রা, রাসযাত্রা জন্মাষ্টমী প্রভৃতি পর্ব্বোৎসবেও বিশেষ অর্চ্চনা হইয়া থাকে। এই সকল বিষয় "বল্লভাচারী" শব্দে দ্রষ্টব্য।

দেবসেবা

ইহারা ললাটে ঊর্দ্ধপুণ্ড্র রেখা টানিয়া নাসামূলে অর্দ্ধচন্দ্রাকৃতি করিয়া মিলাইয়া দেন। পুণ্ড্র রেখাদ্বয়ের মধ্যে একটী গোলাকার রক্তবর্ণ বিন্দু অঙ্কিত করা হয়। অঙ্গপ্রত্যঙ্গ শঙ্খচক্রাদি চিহ্ন ধারণ ও তিলক অঙ্কনের নিয়ম, এ সম্প্রদায়েও দেখিতে পাওয়া যায়। অন্যান্য বৈষ্ণব সম্প্রদায়ের ন্যায় ইহারাও জপের জন্য ও কণ্ঠে ধারণার্থ তুলসীমালা ব্যবহার করেন। পুষ্টিমার্গ প্রভৃতির ধর্ম্ম মত "সাত্বত ধর্ম্ম" শব্দে দ্রষ্টব্য।

বৈষ্ণব চিহ্ন

শ্রীনিম্বার্ক সম্প্রদায়।

চতুঃ সন হইতে নিম্বার্কসম্প্রদায়ের উৎপত্তি। প্রাচীন সময়ে চতুঃসন নামে এক বৈষ্ণবসম্প্রদায় ছিলেন। পরবর্ত্তীকালে চতুঃসন শ্রীনিম্বাদিত্যাচার্য্য বা নিম্বার্কাচার্য্যকে স্ব-সম্প্রদায়ের আচার্য্যরূপে গ্রহণ করেন। এই জন্য চতুঃসম্প্রদায়জ্ঞাপক সুবিখ্যাত শ্লোকটীর শেষ পাদ এই যে—

"নিম্বাদিত্যং চতুঃসনঃ॥"

অর্থাৎ চতুঃসন নিম্বাদিত্যকে স্ব-সম্প্রদায়ের আচার্য্যরূপে স্বীকার করিলেন। নিম্বার্কসম্প্রদায়ের বৈষ্ণবধর্ম্ম সম্বন্ধে জানিতে হইলে সর্ব্বপ্রথমে চতুঃসনের ধর্ম্মমত সম্বন্ধে আদৌ কিঞ্চিৎ জ্ঞানলাভ করা প্রয়োজন। শ্রীভাগবতপাঠে জানা যায় যে, হরি চতুঃসনরূপে প্রাদুর্ভূত হইয়াছিলেন যথা—

"তপ্তং তপো বিবিধলোকসিসৃক্ষয়া যঃ
আদৌ সনাৎ স্বতপসঃ স চতুঃসনোঽভূৎ।" (২।৭।৫)

ইহার টীকায় শ্রীধরস্বামী লিখিয়াছেন :—

"স হরিঃ চতুঃসনোঽভূৎ :—সনৎকুমারঃ সনকঃ সনন্দনঃ। সনাতন ইতি চত্বারঃ সনশব্দা নাম্নি যস্য সঃ। কথম্ভূতাৎ স্বতপসঃ সনাৎ অর্থাৎতাৎ যদ্বা স্বতপসঃ সনাৎ দানাৎ সমর্পণাদিত্যর্থঃ সনু দানে"। অপিচ—

'দৃষ্ট্বা পাপীয়সীং সৃষ্টিং নাত্মানং বহু মন্যতে।
ভগবদ্ধ্যানপূতেন মনসাঽন্যাংস্ততোঽসৃজৎ॥৩
সনকঞ্চ সনন্দঞ্চ সনাতনমথাত্মভূঃ।
সনৎকুমারঞ্চ মুনীন্ নিষ্ক্রিয়ানূর্দ্ধরেতসঃ॥৪
তান্ বভাষে স্বভূঃ পুত্রান্ প্রজাঃ সৃজেত পুত্রকাঃ।
তন্নৈচ্ছন্ মোক্ষধর্ম্মাণো বাসুদেবপরায়ণাঃ॥৫'

(শ্রীভাগবত ৩ স্কন্ধ ১২ অধ্যায়)

এস্থলে চতুঃসনের উৎপত্তিপ্রকরণ জানা যাইতেছে। চতুঃসন যে মোক্ষধর্ম্মনিরত এবং বাসুদেবপরায়ণ ছিলেন এখানে তাহাও জানা যাইতেছে। এই চতুঃসন যে যোগশাস্ত্রাদির আচার্য্য ছিলেন, বামনপুরাণপাঠে তাঁহাও জানা যায় যথা—

"ধর্ম্মস্য ভার্য্যা হিংসাখ্যা তস্যাং পুত্রচতুষ্টয়ম্।
সংপ্রাপ্তং মুনিশার্দ্দূল যোগশাস্ত্রবিচারকম্॥
জ্যেষ্ঠঃ সনৎকুমারোঽভূৎ দ্বিতীয়শ্চ সনাতনঃ।
তৃতীয়ঃ সনকো নাম চতুর্থশ্চ সনন্দনঃ॥
সাঙ্খ্যবেত্তারমপরং কপিলং বোঢ়ুমাসুরিম্।
দৃষ্ট্বা পঞ্চশিখং শ্রেষ্ঠং যোগযুক্তং তপোনিধিম্॥
* * *
সনৎকুমারশ্চাভ্যেত্য ব্রহ্মাণং কমলোদ্ভবং।
অপৃচ্ছদ্ যোগবিজ্ঞানং তমুবাচ প্রজাপতিঃ॥
কথয়িষ্যামি তে সাঙ্খ্যং যদি পুত্রেতি মে বচঃ।
শৃণোষি কুরুষে তচ্চ জ্ঞানং সাঙ্খ্যং শ্রুতো ভব॥"

(বামনে ৫৭।৫৮ অধ্যায়ে)

শ্রীভাগবতের তৃতীয় স্কন্ধের দ্বাদশ অধ্যায়ের যে ৩।৪।৫ শ্লোক উদ্ধৃত হইয়াছে, উহার টীকায় শ্রীমদ্‌বিশ্বনাথ চক্রবর্ত্তী লিখিয়াছেন—

'সনকঞ্চেতি। সাংখ্যযোগবৈরাগ্যতপাংস্যীতি চত্বার্যেব বিদ্যায়াশ্চতস্রো বৃত্তয়স্তাসামেব সনকাদিচতুষ্টয়রূপেণাবির্ভাবঃ। কিঞ্চ ভক্ত্যা বিনা বিদ্যয়া বৈফল্যাৎ তদ্‌বৃত্তিষু তপ আদিষ্বপি ভক্তিগুণীভূতা সতী তিষ্ঠেদিতি সনকাদয়োঽপি ভক্তিমন্ত এব দৃষ্টাঃ। মুখ্যা ভক্তেরাবির্ভাবস্তু নারদরূপেণাগ্রে বক্ষ্যতে।'

ইহাতে জানা যাইতেছে যে, চতুঃসন মোক্ষধর্ম্মাবলম্বী ও বাসুদেবপরায়ণ ছিলেন, সাংখ্যযোগতপো বৈরাগ্যসম্পন্ন হইয়াও ভক্তিমান্ ছিলেন। সাত্বতধর্ম্মের এই প্রাচীনতম চতুঃসনই নিম্বার্কসম্প্রদায়ের আদিপ্রবর্ত্তক। অতঃপর নারদ, ব্যাস ও শুকাদিক্রমে আচার্য্যপরম্পরায় চতুঃসন-প্রবর্ত্তিত সাত্বতধর্ম্ম ক্রমশঃ প্রচারিত হয়। অতঃপর শ্রীমন্নিম্বার্ক এই সম্প্রদায়ের প্রবর্ত্তকরূপে স্বীকৃত হন। ইঁহার প্রকৃত নাম শ্রীমন্নিয়মানন্দ, অতঃপর ইনি ভাস্করাচার্য্য, নিম্বাদিত্য বা নিম্বার্ক নামে প্রসিদ্ধিলাভ করেন। ইনি নিম্বার্কসম্প্রদায়ের প্রবর্ত্তক। নিম্বার্কসম্প্রদায় চলিতভাষায় নিমাৎসম্প্রদায় নামে প্রসিদ্ধ। ভক্তমালে লিখিত আছে, ইনি সূর্য্যাবতার, পাষণ্ডদমনার্থ ভূমণ্ডলে অবতীর্ণ হন। ইঁহার নিম্বাদিত্য নাম কেন হইল? [ভক্তমালে তৎসম্বন্ধে একটী আখ্যান আছে, উহা নিম্বার্ক শব্দে দ্রষ্টব্য।]

কেহ কেহ বলেন, ইঁহার প্রকৃত নাম ভাস্করাচার্য্য। কিন্তু আমরা "পরপক্ষগিরিবজ্র" নামক নিম্বার্কসম্প্রদায়ের একখানি সুপ্রসিদ্ধ বেদান্তবিচারগ্রন্থে দেখিতে পাই, ইনি নিয়মানন্দাচার্য্য নামে খ্যাত। তদ্ যথা :—

"ইহ খলু ব্রহ্মেশাদিকিরীটকোটীড়িতপাদপীঠোঽনন্তাচিন্ত্য-স্বাভাবিকশক্তিবৈভবঃ সচ্চিদানন্দস্বরূপোঽনন্তাচিন্ত্যস্বাভাবিকজ্ঞানৈশ্বর্য্যাদিকারুণ্যবাৎসল্যদয়াতিতিক্ষাদিকল্যাণগুণালয়ো জগজ্জন্মাদিহেতুর্বেদান্তৈকজ্ঞেয়ো মুক্তগম্যো মুমুক্ষুধ্যেয়ো রমানিবাসো বিশ্বভূতান্তরাত্মা সর্ব্বেশ্বরো মুকুন্দঃ পরব্রহ্মাখ্যঃ শ্রীভগবান্ বাসুদেবঃ শ্রীপারাশর্য্যরূপেণ সত্যবত্যামবতীর্য্য সর্ব্বেষাং তৎপুরুষার্থসিদ্ধয়ে স্বনিঃশ্বসিতান্ বেদান্ ঋগ্‌যজুঃসামাদিরূপেণ বিভজ্য স্ত্রীশূদ্রজনোদ্দিধীর্ষয়া ভারতাদীনান্‌বিধায় মুমুক্ষুজনানুকম্পয়া চ শারীরিকমীমাংসাখ্যং বেদান্তশাস্ত্রং সূত্রয়ামাস। তস্য চ কলাবুচ্ছিন্নসম্প্রদায়ত্বাপত্ত্যা তৎপ্রবর্ত্তয়িতুকামো নিয়মানন্দাচার্য্যাখ্যস্তদ্ব্যাখ্যানং বাক্যার্থরূপেণ সংগৃহীতবান্। তচ্চ শাস্ত্রং শঙ্করাবতারো ভগবান্ শ্রীশ্রীনিবাসাচার্য্যনিগদং বভাষে।"

এই উদ্ধৃতাংশে আমরা কতকগুলি প্রয়োজনীয় বিষয় জানিতে পাইতেছি; তদ্ যথা—

১। নিম্বাদিত্যসম্প্রদায়ের উপাস্য বেদান্তবেদ্য শ্রীকৃষ্ণাখ্য পরমপুরুষের স্বরূপ ইহাতে ব্যক্ত হইয়াছেন।

২। বেদব্যাস যে এই সম্প্রদায়েরও সম্প্রদায়িক গুরু ইহাতে তাহাও জানা যাইতেছে।

৩। শ্রীমৎ নিয়মানন্দ যে এই সম্প্রদায়ের প্রবর্ত্তনের নিমিত্ত আবির্ভূত হইয়াছিলেন এবং বেদান্তসূত্রের বাক্যার্থ রচনা করিয়াছেন, একথাও স্পষ্টতঃ বুঝা যাইতেছে।

৪। শ্রীনিবাসাচার্য্য এই সম্প্রদায়ের শঙ্করাবতার বলিয়া সমাদৃত। ইনি স্বীয় গুরু নিয়মানন্দের বাক্যার্থাবলম্বনে বেদান্তসূত্রের সুবিস্তৃত ভাষ্য করিয়াছে।

৫। এই সম্প্রদায় যে শ্রীকৃষ্ণের লীলাগুণ বৈভবাদি স্বীকার করিয়া থাকেন, পরব্রহ্মের বিশেষণাবলীতে তাহাও স্পষ্টতঃই অভিব্যক্ত হইয়াছে।

দেবপূজা

ইহাঁদের মধ্যে অনেকেই বালগোপাল মূর্ত্তির উপাসক। ইহাঁরা "জয়গোপাল" "জয়গোপাল" ধ্বনি করিয়া থাকেন। রাধাকৃষ্ণ-যুগলও ইঁহাদের উপাস্য। অন্যান্য বৈষ্ণব সম্প্রদায়ের পূজার সাধারণ বিধির ন্যায় ইহাদেরও পূজার বিধি আছে। পূজা, ভোগ, আরত্রিক, স্তবপাঠ ইহাঁদের মন্দিরে যথাশাস্ত্র অনুষ্ঠিত হইয়া থাকে। ইহাদের 'শ্রীনিম্বার্কব্রতনির্ণয়' নামে একখানি স্মৃতিগ্রন্থ দৃষ্টিগোচর হয়।

ইহাঁরা ভেদাভেদ-বাদী। কৃষ্ণাখ্য পরব্রহ্মই ইহাদের উপাস্য দেবতা। ইহারা সালোক্যাদি মুক্তি স্বীকার করেন। ভক্তিই মোক্ষের সাধন, ধ্রুবাস্মৃতিই ভক্তি নামে অভিহিত। যথা—

বেদান্ত তত্ত্ব ও উপাসনা প্রণালী

"তৎসাধনে স্বাধিকারানুরূপং প্রযততে তত্রাদৌ যথাধিকারং ভগবদর্পিতনিষ্কামকর্ম্মযোগাৎ ততো ভগবদীয়ানুগ্রহ-সহকৃতেন সংস্কৃতমনস্কস্য মুমুক্ষো বৈরাগ্যাদিপূর্ব্বকজিজ্ঞাসয়া শ্রবণাদিলক্ষণয়া তৎস্বরূপাদিবিষয়কং পরোক্ষজ্ঞানং ততো ধ্যানপরিপাকজন্যা পরা-ভক্তিপর্য্যায়রূপা, ধ্রুবা স্মৃতিস্তথা চ তদনুগ্রহেণ তৎসাক্ষাৎকার-স্ততো মোক্ষঃ। (পরপক্ষ গিরিবজ্র ৩য় অধ্যায়।)

অর্থাৎ প্রথমতঃ ভগবানে অর্পিত নিষ্কাম কর্ম্মযোগ দ্বারা চিত্তসংস্কার করা কর্ত্তব্য। অতঃপর বৈরাগ্য ও তত্ত্বজিজ্ঞাসা প্রয়োজনীয়। ইহা হইতে শ্রবণাদিলক্ষণ সাধন দ্বারা তাহার স্বরূপাদি বিষয়ক পরোক্ষজ্ঞানের উৎপত্তি হয়। তাদৃশ জ্ঞান হইলে ধ্যানের অবস্থা আবির্ভূত হয়। ধ্যান পরিপাক হইলে পরাভক্তি পর্য্যায়রূপ ধ্রুবাস্মৃতি জন্মে। এই অবস্থায় তাঁহারই অনুগ্রহে সৎসাক্ষাৎকার ঘটে, তাহা হইতেই মোক্ষপ্রাপ্তি হয়। বেদান্ত শব্দে এই সম্প্রদায়ের বেদান্ততত্ত্বাদি দ্রষ্টব্য।]

গোপীচন্দনের ঊর্দ্ধপুণ্ড্র কৃষ্ণবর্ণ গোলাকার তিলকবিন্দু প্রদত্ত হয়। ইহারা গলদেশে তুলসীমাল্য ধারণ করেন এবং জপেও তুলসীর মাল্য ব্যবহৃত হয়।

বৈষ্ণব চিহ্ন

বেদান্তসূত্র, তদ্‌ভাষ্য, শ্রীভাগবত ও ভগবদ্গীতা প্রভৃতি ইঁহাদের প্রামাণিক গ্রন্থ।

ধর্ম্মগ্রন্থ

নিম্বাদিত্যের দুই শিষ্য হইতে দুই শাখার উৎপত্তি। এক জনের নাম হরিব্যাস অপরের নাম কেশবভট্ট। ইহাঁদের এক শ্রেণী বিরক্ত ও অপর শ্রেণী গৃহস্থ। মজুরার নিকট যমুনাতীরে ধ্রুবক্ষেত্রে নিম্বাদিত্যের গদি আছে। পশ্চিমাঞ্চলে ও মথুরায় অনেক নিমাৎ আছেন। [সবিস্তার ধর্ম্মমত "সাত্বত" শব্দে দ্রষ্টব্য।]

শাখা

শ্রীগৌরাঙ্গ সম্প্রদায়।

বৈষ্ণব ধর্ম্ম প্রচারে দাক্ষিণাত্যবাসীদের নামই সর্ব্ব প্রথমে উল্লেখ যোগ্য, ভারতবর্ষে নদ নদীর স্রোত উত্তরদিক্ হইতে দক্ষিণদিকে প্রবাহিত। কিন্তু বিষ্ণুপাদোদক শ্রীভগবদ্ভক্তির প্রবাহ ইহার বিপরীত। দক্ষিণদিক্ হইতে ভক্তির বিমল প্রবাহ উত্থিত হইয়া সমগ্র ভারতবর্ষকে পীযূষ ধারায় পরিষিক্ত

এই বঙ্গদেশে প্রেমভক্তির এক অলৌকিক বিগ্রহ শার কাশের পূর্ণ শশীর ন্যায় উদ্ভাসিত হইলেন। বুদ্ধিমান্ হৃদয়ব ও বিদ্বান্ বাঙ্গালী সমাজের কেন্দ্রস্থল নবদ্বীপে বাঙ্গালীর গৃ শ্রীগৌরাঙ্গচন্দ্রের উদয় হইল।

শ্রীগৌরাঙ্গচরিতাখ্যায়ক কবিরাজ কৃষ্ণদাস লিখিয়াছেন—

"নদীয়া উদয় গিরি পূর্ণচন্দ্র গৌরহরি
কৃপা করি হইল উদয়।
পাপতমো হইল নাশ, ত্রিজগতের উল্লাস
জগ ভরি হরিধ্বনি হয়॥"

১৪০৭ শকে শ্রীগৌরাঙ্গ আবির্ভূত হন। ইহার কতি বৎসর পর হইতেই বঙ্গদেশে ভক্তিধর্ম্মের সিন্ধুচ্ছ্বাস কল ব নাদে প্রবাহিত হইতে আরম্ভ হয়। এই গৌরাঙ্গের লীল চরিত এখানে বর্ণিত হইবে না। [উহা "চৈতন্যচন্দ্র" শ দ্রষ্টব্য।]

শ্রীগৌরাঙ্গের আবির্ভাবের বহুপূর্ব্ব হইতেও এদেশে বৈষ ধর্ম্মের কথা পরিশ্রুত হইত। জয়দেবের গীতগোবিন্দ ও চণ্ দাসের গান বাঙ্গালার ধর্ম্ম ইতিহাসে আকস্মিক্ আবির্ভ নহে। রাধাকৃষ্ণ নামে বহুদিন পূর্ব্ব হইতেই বাঙ্গালীর প্র নাচিয়া উঠিত, রাধাকৃষ্ণ-লীলারস তখনও বাঙ্গালীর হৃ সুধাধারায় পরিষিক্ত করিত। জয়দেবের গীতগোবিন্দ এ চণ্ডীদাসের পদাবলী বাঙ্গালীর হৃদয়ের অনভিব্যক্ত ভাবরাশি আবেগময়ী অভিব্যক্তির প্রবাহ মাত্র। রামানুজী, মধ্বাচার রামাৎ ও নিমাৎ সম্প্রদায়ের বৈষ্ণবগণের ভক্তিতরঙ্গ এদে তখনও প্রচারিত হয় নাই, সুপণ্ডিতগণের মধ্যে অতি অ সংখ্যক ভাগবত ছিলেন; কিন্তু ভাগবতধর্ম্ম এদেশের জ সাধারণ তখনও গ্রহণ করে নাই। মহাপ্রভুর আবির্ভাবে পূর্ব্বে বঙ্গের রাজধানী নবদ্বীপের অর্থবৈভব, বিদ্যাবৈভব ধর্ম্মের অবস্থা কিরূপ ছিল, শ্রীচৈতন্যভাগবত গ্রন্থের আদিখ ২য় অধ্যায়ে তাহার একটী সুস্পষ্ট প্রতিচ্ছবি অঙ্কিত রহিয়াছে-

"নবদ্বীপ হেন গ্রাম ত্রিভুবনে নাই।
যঁহি অবতীর্ণ হৈলা চৈতন্য গোসাঞি॥
অবতরিবেন প্রভু জানিঞা বিধাতা।
সকল সম্পূর্ণ করি থুইলেন তথা॥
নবদ্বীপের সম্পত্তি কে বর্ণিবারে পারে।
এক গঙ্গাঘাটে লক্ষলোক স্নান করে॥"

"ত্রিবিধ বয়সে একো জাতি লক্ষ লক্ষ।
সরস্বতী দৃষ্টিপাত সভে মহাদক্ষ ॥
সভে মহা অধ্যাপক করি গর্ব্বধরে।
বালকেহ ভট্টাচার্য্য সনে কক্ষাধরে ॥
নানাদেশ হইতে লোক নবদ্বীপে যায়।
নবদ্বীপে পড়িলে সে বিদ্যারস পায় ॥
অতএব পঢ়ুয়ার নাহি সমুশ্চয়।
লক্ষকোটী অধ্যাপক নাহিক নির্ণয় ॥"

শ্রীগৌরাঙ্গ এইরূপ জ্ঞানবিদ্যার বিপুল নিকেতন নবদ্বীপ রাজধানীতে জন্মগ্রহণ করিয়াছিলেন। কিন্তু ধনবিদ্যার এই রম্য রাজধানীতে এবং সমগ্র মফঃস্বলে ধর্ম্মের অবস্থা অতীব শোচনীয় হইয়া পড়িয়াছিল। তাহার বিবরণও এই গ্রন্থে লিখিত হইয়াছে। যথা—

"রমা দৃষ্টি পাতে সর্ব্বলোকে সুখে বসে।
ব্যর্থকাল যায়মাত্র ব্যবহার রসে।
কৃষ্ণনাম-ভক্তিশূন্য সকল সংসার।
প্রথম কলিতে হন ভবিষ্য আচার ॥
ধর্ম্মকর্ম্ম লোক সভে নাম মাত্র জানে।
মঙ্গলচণ্ডীর গীতে করে জাগরণে ॥
দম্ভ করি বিষহরি পূজে কোন জন।
পুত্তলী করয়ে কেহ দিয়া বহুধন ॥
ধন নষ্ট করে কন্যা পুত্রের বিভায়।
এইমত জগতের ব্যর্থ কাল যায় ॥
যেবা ভট্টাচার্য্য চক্রবর্ত্তী মিশ্র সব।
তাহারাহ না জানয়ে গ্রন্থ অনুভব ॥
* * *
না বাখানে যুগধর্ম্ম কৃষ্ণের কীর্ত্তন।
দোষ বহি গুণ কারো না করে কথন ॥
যেবা সব বিরক্ত তপস্বী অভিমানী।
তা সভার মুখেহ নাহিক হরিধ্বনি ॥
অতি বড় সুবুদ্ধি সে স্নানের সময়।
গোবিন্দ পুণ্ডরীকাক্ষ নাম উচ্চারয় ॥
গীতা ভাগবত যে যে জনে বা পড়ায়।
ভক্তির ব্যাখ্যান নাহি তাহার জিহ্বায় ॥ * *
বলিলেও কেহ নাহি লয় কৃষ্ণ নাম।
নিরবধি বিদ্যাকুলে করেন ব্যাখ্যান ॥"

এই ভয়ানক কৃষ্ণভক্তিরসশূন্য বিষয়বিষের ভীষণ মরুতে কৃষ্ণভক্তি ও কৃষ্ণনাম-প্রচারের নিমিত্ত শ্রীকৃষ্ণচৈতন্যের আবির্ভাব হইয়াছিল।

জনসাধারণ যে কেবল বিষয়রসে মত্ত থাকিত, অথবা আমোদের জন্য উপধর্ম্মের অনুষ্ঠান করিত তাহা নহে, তান্ত্রিকতার নামে তখন অতি জঘন্য কদাচারে সমাজে ভীষণ পাপের বিষময় স্রোত খরবেগে প্রবাহিত হইতেছিল। যথা—

"সকল সংসার মত্ত ব্যবহার রসে।
কৃষ্ণপূজা কৃষ্ণভক্তি নাহি কারো বাসে ॥
বাশুলী পূজয়ে কেহ নানা উপহারে।
মদ্য মাংস দিয়া কেহ যক্ষপূজা করে ॥"

সম্প্রদেশের এইরূপ দুরবস্থা হইলেও তখনও এদেশে ভগবদ্ভক্ত ভাগবত সম্প্রদায়ের একান্ত অভাব হয় নাই। যথা—

স্বকার্য্য করেন সব ভাগবতগণ।
কৃষ্ণপূজা গঙ্গাস্নান কৃষ্ণের কথন ॥"

মধ্যে মধ্যে বৈষ্ণব সন্ন্যাসিগণ ভাগবতধর্ম্ম প্রচার করিতে প্রবৃত্ত হইতেন, ক্বচিৎ কুত্রচিৎ কেহ কেহ তাঁহাদের শিষ্য হইতেন। নবদ্বীপেও বৈষ্ণব সন্ন্যাসীদের শুভাগমন হইত। কিন্তু কেহই তাঁহাদিগকে গ্রহণ করিত না। কিন্তু একজন বিশুদ্ধ বৈষ্ণব পণ্ডিত এই সময়ে নবদ্বীপে সুবিখ্যাত হইয়া উঠেন। ইহাঁর নাম শ্রীমৎ অদ্বৈতাচার্য্য। যথা—

অদ্বৈতাচার্য্য

"সেই নবদ্বীপে বৈসে বৈষ্ণবাগ্রগণ্য।
অদ্বৈত আচার্য্য নাম সর্ব্বলোকধন্য ॥
জ্ঞান ভক্তি বৈরাগ্যের গুরু মুখ্যতর।
কৃষ্ণভক্তি বাখানিতে যে হেন শঙ্কর ॥
ত্রিভুবনে আছে যত শাস্ত্র পরচার।
সর্ব্বত্র বাখানে কৃষ্ণপদ-ভক্তিসার ॥"

শ্রীমদ্ অদ্বৈতাচার্য্যের চরিত শ্রীচৈতন্য-ভাগবত ও শ্রীচৈতন্য-চরিতামৃত গ্রন্থে দ্রষ্টব্য। ইনি মধ্বাচার্য্য সম্প্রদায়ের বৈষ্ণব। এই সময়ে এদেশে মধ্বাচার্য্য সম্প্রদায়ের পুরী গিরি ভারতীগণ শুভাগমন করিয়া ভাগবতধর্ম্ম প্রচার করিতেন। অদ্বৈতাচার্য্য সুবিখ্যাত শ্রীমন্মাধবেন্দ্রপুরীর নিকট বৈষ্ণবী দীক্ষা লাভ করেন। যথা—


"শ্রীকৃষ্ণব্রহ্মদেবর্ষিবাদরায়ণসংজ্ঞকান্।
শ্রীমধ্বশ্রীপদ্মনাভশ্রীমন্নৃহরিমাধবান্ ॥
অক্ষোভ্যজয়তীর্থশ্রীজ্ঞানসিন্ধুদয়ানিধীন্।
শ্রীবিদ্যানিধিরাজেন্দ্রজয়ধর্ম্মান্ ক্রমাদ্বয়ম্ ॥
পুরুষোত্তমব্রহ্মণ্যব্যাসতীর্থাংশ্চ সংস্তুমঃ।
ততো লক্ষ্মীপতিং শ্রীমন্মাধবেন্দ্রঞ্চ ভক্তিতঃ ॥
তচ্ছিষ্যান্ শ্রীশ্বরদ্বৈতনিত্যানন্দান্ জগদ্গুরূন্।
দেবমীশ্বরশিষ্যঞ্চ শ্রীচৈতন্যমহং ভজে ॥" (প্রমেয়রত্নাবলী)

ইহাতে জানা যায়, শ্রীঅদ্বৈতাচার্য্য ও শ্রীমন্নিত্যানন্দ শ্রীমাধ্বসম্প্রদায়াচার্য্য লক্ষ্মীপতি শিষ্য শ্রীমন্মাধবেন্দ্রপুরীর নিকট দীক্ষা গ্রহণ করিয়াছিলেন। শ্রীগৌরাঙ্গের দীক্ষাগুরু ঈশ্বর-পুরীও মাধবেন্দ্রের শিষ্য। এই গুরুপ্রণালী অনুসারে শ্রীগৌরাঙ্গ-সম্প্রদায় মাধ্ব-সম্প্রদায়ভুক্ত বলিয়াই পরিচিত।

শ্রীকবিকর্ণপুর গোস্বামিকৃত গৌরগণোদ্দেশ-দীপিকাতেও গুরুপ্রণালিকা দৃষ্ট হয়। তদ্‌যথা—

"পরব্যোমেশ্বরস্বামিশিষ্যো ব্রহ্মজগৎপতিঃ।
তস্য শিষ্যো নারদোঽভূৎ ব্যাসস্তস্যাপি শিষ্যতাম্॥
শুকো ব্যাসস্য শিষ্যত্বং প্রাপ্তো জ্ঞানাববোধনাৎ।
তস্য শিষ্যপ্রশিষ্যাশ্চ বহবো ভূতলে স্থিতাঃ॥
ব্যাসাল্লব্ধ্বা কৃষ্ণদীক্ষাং মধ্বাচার্য্যমহাশয়ঃ।
চক্রে বেদান্ বিভজ্যাদৌ সংস্থিতাং শতদূষণীম্॥
নির্গুণাদ্‌ব্রহ্মণো যত্র সগুণস্য পরিক্রিয়া।
তস্য শিষ্যোঽভবৎ পদ্মনাভাচার্য্যো মহাশয়ঃ॥
তস্য শিষ্যো নরহরিস্তচ্ছিষ্যো মাধবো দ্বিজঃ।
অক্ষোভ্যস্তস্য শিষ্যোঽভূৎ তচ্ছিষ্যো জয়তীর্থকঃ॥
তস্য শিষ্যো জ্ঞানসিন্ধুস্তস্য শিষ্যো মহানিধিঃ।
বিদ্যানিধিস্তস্য শিষ্যো রাজেন্দ্রস্তস্য সেবকঃ॥
জয়ধর্ম্মমুনিস্তস্য শিষ্যোঽভূদ্‌গণমধ্যতঃ।
শ্রীমদ্‌বিষ্ণুপুরী যস্য ভক্তিরত্নাবলীকৃতিঃ॥
জয়ধর্ম্মস্য শিষ্যোঽভূদ্ ব্রহ্মণঃ পুরুষোত্তমঃ।
ব্যাসতীর্থস্তস্য শিষ্যো যশ্চক্রে বিষ্ণুসংহিতাম্॥
শ্রীমল্লক্ষ্মীপতিস্তস্য শিষ্যো ভক্তিরসাশ্রয়ঃ।
তস্য শিষ্যো মাধবেন্দ্রো ভক্তিধর্ম্মপ্রবর্ত্তকঃ॥
কল্পবৃক্ষ সাবতারো ব্রজধামনি নিষ্ঠিতঃ।
প্রীতিপ্রিয়ো বৎসলতোজ্জ্বলাখ্যগুণধারিণঃ॥
তস্য শিষ্যোঽভবৎ শ্রীমানীশ্বরাখ্য পুরী যতিঃ।
কলয়ামাস প্রেমাণং শ্রীমাধুর্য্যরসাত্মকম্॥
উজ্জ্বলং শুচিনামানমাত্মামোদাদি বর্জ্জিতম্।
পরিণামে কৃষ্ণপ্রেমমাত্রাকাঙ্ক্ষী সদাশয়ম্॥ * *
প্রেয়োরীকৃত্য শ্রীগৌরঃ শ্রীঈশ্বরপুরীং স্বয়ম্।
জগদাপ্লাবয়ামাস প্রাকৃতাপ্রাকৃতাত্মকম্॥
স্বীকৃত্য রাধিকা-ভাবকান্তী পূর্ব্বসুদুর্লভে।
অন্তর্ব্বহীরসাম্ভোধিঃ শ্রীমন্মদনমোহনঃ॥" ইত্যাদি।

আমরা ইতঃপূর্ব্বে এই তালিকা হইতে মধ্বাচার্য্য সম্প্রদায়ের গুরুপ্রণালী প্রদর্শন করিয়াছি। তাহাতে প্রদর্শিত হইয়াছে যে রাজেন্দ্রের শিষ্য জয়ধর্ম্ম। এই জয়ধর্ম্মের দুই শিষ্য—একজন ভক্তিরত্নাবলীপ্রণেতা বিষ্ণুপুরী, অপরটী পুরুষোত্তম। পুরুষোত্তম হইতেই শ্রীগৌরাঙ্গ সম্প্রদায়ের পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যগণের উদ্ভব। সুতরাং নিম্নলিখিতরূপে গৌড়ীয় বৈষ্ণবগণের গুরুপরম্পরার অবশিষ্টাংশ প্রদর্শিত হইতেছে—



মাধবেন্দ্রপুরীর নিকট যখন অদ্বৈতাচার্য্য দীক্ষা গ্রহণ করেন, তখনও গৌরবিধুর প্রেমোজ্জ্বল কিরণে বঙ্গের ধর্ম্মাকাশ উদ্ভাসিত হইয়া উঠে নাই, কিন্তু তখন চারিদিকে শক্তিশালী বৈষ্ণবগণের আবির্ভাব হইতেছিল, এবং দূর দূরতর দেশ হইতে ভক্তগণ শ্রীধাম নবদ্বীপ ধামে আসিয়া বাস করিতেছিলেন। চন্দ্রোদয়ের পূর্ব্বেই যেমন সুবিমল নীলাকাশে অনন্ত জ্যোতিষ্মান্ নবগ্রহ মালার উদয় হয়, গৌরচন্দ্রমার উদয়ের পূর্ব্ব হইতেই নবদ্বীপ ও অন্যান্য বহুস্থানে উক্ত বৈষ্ণবগণের সেইরূপ আবির্ভাব ও সমাগম হইতেছিল। শ্রীচৈতন্য ভাগবতকার লিখিয়াছেন—

"প্রভুর আজ্ঞায় আসে সর্ব্বপরিকর।
জন্ম লভিলেন সবে মানুষ ভিতর॥
* * *
কারো জন্ম নবদ্বীপে, কারো চাটিগ্রামে।
কেহ রাঢ়ে, ওড্র দেশে, শ্রীহট্ট পশ্চিমে॥
নানা স্থানে অবতীর্ণ হৈলা ভক্তগণ।
নবদ্বীপে আসি হৈল সভার মিলন॥"

এই সময়ে বৈষ্ণব সন্ন্যাসিগণ বঙ্গের স্থানে স্থানে ভ্রমণ করিয়া তথায় ভক্তিধর্ম্মপ্রচারের প্রয়াস পাইতেছিলেন। তাঁহাদের চেষ্টায় ভক্তিলতাবীজ চারিদিকে উপ্ত হইতেছিল। আমরা শ্রীচরিতামৃতেও ইহার আভাস পাই, যথা—

"শ্রীচৈতন্যমালাকার পৃথিবীতে আনি।
ভক্তিকল্পতরু রুপিলা সিঞ্চি ইচ্ছা পানি॥
জয় শ্রীমাধবপুরী কৃষ্ণপ্রেম পুর।
ভক্তি কল্পতরুর তেঁহ প্রথম অঙ্কুর॥
শ্রীঈশ্বর পুরীরূপে অঙ্কুর পুষ্ট হৈল।
আপনে চৈতন্য মালী স্কন্ধ উপজিল॥

নিজাচিন্ত্যশক্ত্যে মালী হৈয়া স্কন্ধয়।
সকল শাখার সেই স্কন্ধমূলাশ্রয়॥
পরমানন্দপুরী আর কেশবভারতী।
ব্রহ্মানন্দপুরী আর ব্রহ্মানন্দ ভারতী॥
বিষ্ণুপুরী কেশবপুরী পুরী কৃষ্ণানন্দ।
শ্রীনৃসিংহতীর্থ আর পুরী সুখানন্দ॥
স্কন্ধের উপরে বহু শাখা উপজিল।
উপরি উপরি শাখা অসংখ্য হইল॥
* * * *
একৈক শাখাতে উপশাখা শত শত।
যত উপজিল শাখা কে গণিবে কত॥"

শ্রীচৈতন্য চরিতামৃত আদ্যলীলা ৯ম পরিচ্ছেদ।

কবিকর্ণপুর শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটকে এই ভক্তিকল্পতরুর আভাস দিয়া রাখিয়াছেন; যথা—

আশ্চর্য্যং! যস্য কন্দো যতিমুকুটমণি র্মাধবাখ্যো মুনীন্দ্রঃ,
শ্রীলাদ্বৈতপ্ররোহস্ত্রিভুবনবিদিতঃ স্কন্ধ এবাবধূতঃ।
শ্রীমদ্‌বক্রেশ্বরাদ্যা রসময়বপুষঃ স্কন্ধশাখাস্বরূপাঃ
বিস্তারো ভক্তিযোগঃ কুসুমমথফলং প্রেমনিষ্কৈতবং যৎ॥
অপিচ—
ব্রহ্মানন্দঞ্চ ভিত্ত্বা বিলসতি শিখরং যস্য যত্রাত্তনীড়ং
রাধাকৃষ্ণাখ্যলীলাময়খগমিথুনং ভিন্নভাবেন হীনম্।
যস্যচ্ছায়াভবাধ্বশ্রমশমনকরী ভক্তিসঙ্কল্পসিদ্ধি-
র্হেতুশ্চৈতন্যকল্পদ্রুম ইহ ভুবনে কশ্চন প্রাদুরাসীৎ।"

প্রথম অঙ্ক।

অর্থাৎ শ্রীচৈতন্য কল্পবৃক্ষ এক অদ্ভুত বস্তু। যতিকুলের মুকুটমণি মুনিবর মাধবেন্দ্র পুরী ইঁহার মূল, শ্রীল অদ্বৈত ইহাঁর প্ররোহ, অবধূত নিত্যানন্দ ইঁহার স্কন্ধ, বক্রেশ্বরাদি পণ্ডিতগণ ইহার মূল শাখা, ইহাঁর সর্ব্বাঙ্গ মধুররসে পরিপূর্ণ, ভক্তিযোগ এই কল্পতরুর কুসুম, অকৈতব কৃষ্ণপ্রেমই ইঁহার ফল। যাঁহার শিখর ব্রহ্মানন্দ ভেদ করিয়া বিরাজিত ও রাধাকৃষ্ণ লীলাময় খগ-মিথুনের যিনি নিরন্তর আশ্রয় স্বরূপ, যাঁহার ছায়ায় সংসারপথের পথশ্রান্তি প্রশমিত হয়, ভক্তগণের অভীষ্টদাতা সেই চৈতন্যরূপ কল্পবৃক্ষ এই অবনীমণ্ডলে অবতীর্ণ হইয়াছেন।

বঙ্গদেশের, এমন কি সমগ্র ভারতের এই ভীষণ দুর্দ্দিনে ভক্তি-ধর্ম্মের যে অভিনব প্রবর্ত্তন বন্যা প্রবাহ পরিলক্ষিত হয়, মাধবেন্দ্র পুরী ও শ্রীপাদঅদ্বৈতাচার্য্যকে আমরা সেই ভক্তিজাহ্নবীর ভগীরথ রূপে মনে করিয়া থাকি। শ্রীচৈতন্যভাগবতকার বলিতেছেন, বঙ্গে শ্রীগৌরচন্দ্রিমার আবির্ভাব শ্রীলঅদ্বৈতাচার্য্যের দুশ্চর তপস্যার অমৃতময় ফল স্বরূপ, যথা—

"কৃষ্ণ শূন্য মঙ্গলে দেবের নাহি সুখ।
বিশেষ অদ্বৈত বড় মনে পায় দুখ॥
স্বভাবে অদ্বৈত বড় কারুণ্য হৃদয়।
জীবের উদ্ধার চিন্তে হইয়া সদয়॥
মোর প্রভু আসি যদি করে অবতার।
তবে হয় এ সকল জীবের উদ্ধার॥
তবেত অদ্বৈত সিংহ আমার বড়াঞি।
বৈকুণ্ঠ বল্লভ যদি দেখাও এথাঞি॥
আনিয়া বৈকুণ্ঠনাথ সাক্ষাৎ করিবা।
নাচিব গাইব সর্ব্বজীব উদ্ধারিবা॥
নিরবধি এইমত সঙ্কল্প করিয়া।
সেবেন শ্রীকৃষ্ণচন্দ্র এক চিত্ত হৈঞা॥
অদ্বৈতের কারণে চৈতন্য অবতার।
সেই প্রভু কহিয়া আছেন বার বার॥" (আদি ২য় অঃ)

শ্রীচরিতামৃতের আদিলীলার তৃতীয় পরিচ্ছেদের উপসংহারেও এইরূপ বর্ণনা দেখিতে পাওয়া যায়।

শ্রীগৌরাঙ্গ সম্প্রদায়ের ভক্তগণ শ্রীগৌরাঙ্গদেবকে হ্লাদিনী-শক্তিসমন্বিত সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন বলিয়া বিশ্বাস করেন॥ পরমভক্ত অদ্বৈতাচার্য্যের অকৈতব প্রার্থনায় গোলকেশ্বর ধরা-ধামে শ্রীগৌরাঙ্গমূর্ত্তিতে প্রকট হইয়া বিমল ভক্তি সিদ্ধান্ত ও অকৈতব কৃষ্ণপ্রেমের শিক্ষা এ জগতে বিস্তার করিয়া গিয়াছেন, শ্রীগৌরাঙ্গ সম্প্রদায়ের বৈষ্ণব মাত্রেই ইহা বিশ্বাস করেন। অন্যান্য সম্প্রদায়ের আচার্য্যগণের মধ্যে কেহ কেহ ঈশ্বরা-বতার বলিয়া সমাদৃত ও সম্মানিত, কিন্তু গৌড়েশ্বর বৈষ্ণবগণ শ্রীগৌরাঙ্গকে স্বয়ং ভগবান অবতার বলিয়াই পূজা করিয়া থাকেন। শ্রীচৈতন্যচরিতামৃতের আদিলীলার প্রথম চারিটী অধ্যায়ে শ্রীগৌরাঙ্গতত্ত্ব বিস্তৃতরূপে আলোচিত হইয়াছে। শ্রীগৌ-রাঙ্গ যে স্বয়ং ভগবান্, ইনিই যে ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ, ইহা ছাড়া যে আর কোন পরতত্ত্ব নাই, ইহাতে এইরূপ সিদ্ধান্তই স্থাপিত এবং শাস্ত্রযুক্তি ও বহুতর প্রমাণ দ্বারা সেইগুলি সমর্থিত হইয়াছে। শ্রীগৌরাঙ্গ-সম্প্রদায়ের ইহাও এক বিশিষ্টতা।

শ্রীগৌরাঙ্গের প্রিয়তম ভক্ত বয়োবৃদ্ধ প্রবীণ পণ্ডিত সর্ব্ব-সম্মানিত অদ্বৈতাচার্য্য এবং নিত্যপ্রেমময় কলেবর শ্রীমন্নিত্যা-নন্দও শ্রীগৌরাঙ্গের অংশ ও অবতার বলিয়া সম্মানিত হন। নিত্যানন্দ বলরাম এবং অদ্বৈতাচার্য্য মহাবিষ্ণু বলিয়া এই সম্প্রদায়ের আরাধ্য। এতদ্ব্যতীত ভক্ত শ্রীবাসাচার্য্য শ্রীপাদ গদাধর পণ্ডিত, ইহাঁরাও এই সাম্প্রদায়িক বৈষ্ণবগণের নিকট ঋষি ও ভগবৎ শক্তিরূপে পূজনীয়। [নিত্যানন্দ চরিত "নিত্যানন্দ" শব্দে দ্রষ্টব্য।]

পঞ্চতত্ত্ব

শ্রীগৌরাঙ্গ, নিত্যানন্দ, অদ্বৈতাচার্য্য, গদাধর পণ্ডিত ও শ্রীবাসাদি ভক্তবৃন্দ লইয়াই গৌড়ীয় বৈষ্ণব সমাজের পঞ্চতত্ত্ব। শ্রীচরিতামৃতকার শ্রীকৃষ্ণ দাস কবিরাজ গোস্বামী লিখিয়াছেন—

"পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্তরূপস্বরূপকম্।
ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকম্॥"

এই পঞ্চতত্ত্বের ব্যাখ্যা এইরূপ—

১। স্বয়ং ভগবান্ কৃষ্ণ এক্ষণে ঈশ্বর।
অদ্বিতীয় নন্দাত্মজ রসিকশেখর॥
কৃষ্ণমাধুর্য্যের এক অদ্ভুত স্বভাব।
আপনা আস্বাদিতে কৃষ্ণ করে ভক্তভাব॥
ইথে ভক্তভাব ধরে চৈতন্য গোসাঞি।

২। ভক্তস্বরূপাবতার নিত্যানন্দ ভাই॥

৩। ভক্তঅবতার তাঁর আচার্য্য গোসাঞি।
এই তিন তত্ত্বসারে "প্রভু" করি গাই॥
এক মহাপ্রভু আর প্রভু দুই জন।
দুই প্রভু সেবে মহাপ্রভুর চরণ॥
এই তিন তত্ত্ব সর্ব্বারাধ্য করি মানি।

৪। চতুর্থ যে ভক্ত তত্ত্ব আরাধক জানি॥
শ্রীবাসাদি যত কোটী কোটী ভক্তগণ।
শুদ্ধ ভক্ততত্ত্ব মধ্যে সভার গণন॥

৫। গদাধর আদি প্রভুর শক্তি অবতার।
"অন্তরঙ্গ ভক্ত" করি গণন যাহার॥

ইহাই গৌড়ীয় বৈষ্ণবগণের পঞ্চতত্ত্ব। [ভাবের পঞ্চতত্ত্ব এবং বেদান্ত সম্বন্ধীয় পঞ্চতত্ত্ব সম্বন্ধে স্থানান্তরে আলোচ্য।]

শ্রীচরিতামৃতকার বলেন—

"রসিক শেখর কৃষ্ণ, পরম করুণ।
এই দুই হেতু হইতে ইচ্ছার উদ্গম॥"

অবতারের হেতু

অর্থাৎ শ্রীকৃষ্ণ রসিকশেখর এবং পরম করুণ; এই দুইগুণই তাঁহার এই অবতারের কারণ। পরম করুণ দয়াময় ভগবান্ মানুষের মধ্যে মানুষের বেশে আসিয়া প্রেম ও নাম কীর্ত্তন প্রচার করিয়া মানুষের উদ্ধারের পথ প্রদর্শন করিলেন। ইহা কেবল তাঁহার করুণার পরিচয়। কিন্তু ইহা বহিরঙ্গ।

যথা শ্রীচরিতামৃতে—

"চতুর্থ শ্লোকের অর্থ এই কৈল সার।
প্রেম নাম বিস্তারিতে এই অবতার॥
সত্য এই হেতু কিন্তু এহো বহিরঙ্গ।
আর এক হেতু শুন আছে অন্তরঙ্গ॥"

এই অন্তরঙ্গ উদ্দেশ্য যে কি, শ্রীপাদ স্বরূপদামোদর তদীয় কড়চাগ্রন্থে অতি সংক্ষেপে তাহা প্রকাশ করিয়াছেন, তদ্ যথা—

"শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা কীদৃশো বানয়ৈষা-
স্বাদ্যো যেনাদ্ভুতমধুরিমা কীদৃশো বা মদীয়ঃ।
সৌখ্যং চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভাৎ
তদ্ভাবাঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ॥"

অর্থাৎ শ্রীরাধার প্রণয়মহিমা কীদৃশ, যে প্রণয় মহিমাদ্বারা ইনি আমার মাধুর্য্য আস্বাদন করেন, আমার সেই মধুরিমাই বা কি প্রকার, আর আমার অনুভবে ইনি কীদৃশ সুখই বা প্রাপ্ত হন, এই তিন বিষয়ের লোভ হেতু শ্রীরাধাভাবে ভাবিত হইয়া স্বয়ং হরি শচীগর্ভে জন্মগ্রহণ করেন।

শ্রীচরিতামৃতে এবং উহার টীকায়, শ্রীগৌরাঙ্গ অবতারের বহুল পৌরাণিক বচন উদ্ধৃত হইয়াছে। শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ লঘুভাগবতামৃতের টীকায় এ সম্বন্ধে অনেকগুলি প্রমাণের উল্লেখ করিয়াছেন। শ্রীচৈতন্য-চন্দ্রামৃত গ্রন্থের টীকাতেও অনেকগুলি প্রমাণ সংগৃহীত হইয়াছে। এতদ্ব্যতীত ঊর্দ্ধাম্নায়-সংহিতা ও যামল প্রভৃতি হইতেও অনেকে শ্রীগৌরাঙ্গ অবতার সম্বন্ধে প্রমাণ সংগ্রহ করিয়া শ্রীগৌরাঙ্গের ভগবৎত্ব স্থাপন করিয়াছেন। এ সম্বন্ধে পণ্ডিতগণের কটাক্ষও যথেষ্ট দেখিতে পাওয়া যায়। এই কয়েকটী প্রামাণ্য শ্লোকও সবিশেষ আলোচ্য; তদ্ যথা—

অবতারের প্রমাণ

১। কৃষ্ণবর্ণং ত্বিষা কৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদং।
যজ্ঞৈঃ সংকীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥
(শ্রীভাগবত ১১।৫।৩২)

২। আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনুঃ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥
(শ্রীভাগবত ১০।৮।১৩)

৩। সুবর্ণবর্ণো হেমাঙ্গো বরাঙ্গশ্চন্দনাঙ্গদঃ।
সন্ন্যাসকৃচ্ছমঃ শান্তো নিষ্ঠাশান্তিপরায়ণঃ॥
মহাভারতে বিষ্ণুসহস্র নাম স্তোত্রে।

এই প্রমাণত্রয় সদ্বিবেচক কুতর্কস্পৃহাবিবর্জ্জিত সুধী পণ্ডিতগণের উপেক্ষণীয় নহে। এতদ্ব্যতীত শ্রীগৌরাঙ্গ আবির্ভাবের সময়ে এদেশের প্রতিভাসম্পন্ন প্রধান প্রধান বহু সম্ভ্রান্ত ও সূক্ষ্মদর্শী পণ্ডিত, প্রধান প্রধান ভক্ত, প্রধান প্রধান বীর ও রাজা এমন কি বিধর্ম্মী মুসলমানগণ পর্য্যন্ত তাঁহার ঐশ্বরিক প্রভাব ও ভক্তির অলৌকিক ও অত্যদ্ভুত অনুষ্ঠান দেখিয়া তাঁহাকে স্বয়ং ভগবান্ বলিয়াই মনে করিতেন। এই সম্বন্ধে সদ্ভক্ত মহানুভাবগণের প্রবলতর অনুভবও বিশিষ্ট প্রমাণ।

শ্রীগৌরাঙ্গসম্প্রদায়ে শ্রীমন্নিত্যানন্দ ও অদ্বৈতাচার্য্য, প্রভু বলিয়া সম্মানিত। ইহাদের বংশধরগণ এখনও বর্ত্তমান। এই দুই প্রভুই মহাপ্রভুর অঙ্গের স্বরূপ। কিন্তু শ্রীমন্নিত্যানন্দের নামই মহাপ্রভুর নামের সহিত সতত উচ্চারিত হইয়া থাকে। কানাই বলাই নামের ন্যায় গৌরনিতাই নামও বৈষ্ণবগণের মুখে সতত উচ্চারিত হইয়া থাকে। গৌরনিতাইএর নামসঙ্কীর্ত্তন গীত হয়, ইহাঁদের যুগলমূর্ত্তি বৈষ্ণবগণের গৃহে অর্চ্চিত হয়, তিলকমুদ্রাতেও এদেশীয় বৈষ্ণবগণ "গৌরনিতাই" বা "গৌরনিত্যানন্দ" নামাঙ্কিত মুদ্রা ধারণ করেন। গৌড়ীয় বৈষ্ণবগণের মধ্যে এই যুগল নামের নিরতিশয় প্রভাব। শ্রীচরিতামৃতকার লিখিয়াছেন—

"কৃষ্ণনাম করে অপরাধের বিচার।
"কৃষ্ণ" বলিলে অপরাধীর না হয় বিচার॥
* ০ *
চৈতন্যনিত্যানন্দ নামে নাহি এসব বিচার।
নাম লইতে প্রেম দেন বহে অশ্রুধার॥" আদি ৮ম

অতঃপর শত শত পদকর্ত্তা শ্রীগৌরনিত্যানন্দের নাম-মাহাত্ম্য ঘোষণা করিয়া সুললিত পদকীর্ত্তনাবলী বিরচিত করেন। বঙ্গের লক্ষ লক্ষ নরনারীর কণ্ঠে চারিশত বৎসর হইল গৌর-নিত্যানন্দের নাম "হরি" "কৃষ্ণ" "রাম" প্রভৃতি স্মরণমঙ্গল নামের ন্যায় উচ্চারিত ও গীত হইয়া আসিতেছে। কৃষ্ণদাস কবিরাজ গৌরভক্তদিগকে বুঝাইয়া দিয়াছিলেন "কৃষ্ণ বলরাম দুই চৈতন্য নিতাই।" লক্ষ লক্ষ লোক এখনও সেই উক্তি ভক্তি-বিশ্বাসের সহিত হৃদয়ে পোষণ করিতেছেন।

শ্রীগৌরনিত্যানন্দ অদ্বৈত গদাধর ও শ্রীবাস ভিন্ন ব্রহ্মহরি-দাস, স্বরূপ দামোদর, রায় রামানন্দ প্রভৃতি শ্রীগৌরাঙ্গের সহচর-গণও গৌড়ীয় বৈষ্ণববৃন্দের ভক্তির পাত্র। এতদ্ব্যতীত চৌষট্টি মহন্ত, দ্বাদশ গোপাল, ছয় গোস্বামী, ছয় চক্র-বর্ত্তী, অষ্ট কবিরাজ এবং মহাপ্রভু, নিত্যানন্দ প্রভু ও অদ্বৈত প্রভুর অসংখ্য অনুচরগণের পবিত্র ও ভক্তিপ্রদ নাম এই বৈষ্ণব সম্প্রদায়ে কীর্ত্তিত হইয়া থাকে। দেবকীনন্দনের বৈষ্ণব বন্দনায় বহুল বৈষ্ণবমহানুভাবের নাম ও সংক্ষিপ্ত পুণ্য-কীর্ত্তি বর্ণিত হইয়াছে। কবিকর্ণপুরের গৌরগণোদ্দেশদীপিকা গ্রন্থে, শ্রীচৈতন্য ভাগবতের উপসংহার এবং শ্রীচরিতামৃতের আদি লীলার ৯ম, ১০ম ও ১১শ পরিচ্ছেদে বহু ভক্তবৃন্দের নাম ও সংক্ষিপ্তচরিত বর্ণিত আছে। ইহাঁরা সকলেই মহাপ্রভু নিত্যানন্দ প্রভু ও অদ্বৈত প্রভুর সমসাময়িক সহচর অনুচর ছিলেন। এই সকল ভক্তগণের অসংখ্য শাখা, শিষ্য ও পরিবারে ১৫০০ শকের মধ্যভাগ হইতে শ্রীগৌরাঙ্গসম্প্রদায় বিপুল প্রসার প্রাপ্ত হইয়া বঙ্গ, বিহার, আসাম, উৎকল, বৃন্দাবন, মথুরা প্রভৃতি উত্তর পশ্চিমাঞ্চলের বিবিধ স্থানে এবং মাদ্রাজ ও বোম্বাই প্রদেশে শ্রীগৌরাঙ্গ সম্প্রদায়ের বিজয় নিশান উড্ডীন করিয়া তুলিয়াছেন। অধুনা য়ুরোপ ও আমেরিকাতেও তদ্দেশবাসীদের মধ্যে অনেক লোক শ্রীগৌরাঙ্গপ্রবর্ত্তিত বৈষ্ণবধর্ম্ম স্বীকার করিতেছেন।

গৌরভক্ত বৃন্দ

শ্রীচৈতন্য ভাগবতে লিখিত আছে—

"পৃথিবীতে আছয়ে যত নগরাদি গ্রাম।
সর্ব্বত্র প্রচার হইবে মম নাম॥"

এতদিনে মহাপ্রভুর সেই ভবিষ্যদ্বাণীর সার্থকতা প্রকৃতপক্ষেই পরিলক্ষিত হইতেছে। গৌরভক্তবৃন্দ আপনাদের ধর্ম্মমত সর্ব্বত্র প্রচারিত ও প্রচলিত করিতে বদ্ধপরিকর হইতেছেন।

শ্রীচৈতন্যের ভক্তবৃন্দের মধ্যে ছয় গোস্বামীর নাম সবিশেষ উল্লেখযোগ্য। তদ্ যথা শ্রীসনাতন গোস্বামী, শ্রীরূপ গোস্বামী, শ্রীগোপালভট্ট গোস্বামী, শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামী, শ্রীজীব গোস্বামী ও শ্রীরঘুনাথ দাস গোস্বামী। বন্দনাকার বলেন—

ছয় গোস্বামী

"শ্রীরূপসনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীব গোপালভট্ট দাস রঘুনাথ॥
এই ছয় গোঁসাই যবে ব্রজে কৈল বাস।
রাধাকৃষ্ণ নিত্যলীলা যা হতে প্রকাশ॥
এই ছয় গোঁসাইর করি চরণবন্দন।
যাহা হৈতে বিঘ্ননাশ অভীষ্ট পূরণ॥"

মহাপ্রভু ও অপর দুই প্রভুর লিখিত কোন গ্রন্থ দেখিতে পাওয়া যায় না। কিন্তু উক্ত ছয় গোস্বামীর সকলেই গ্রন্থ লিখিয়া বৈষ্ণবসমাজের অশেষ কল্যাণ সাধন করিয়া গিয়াছেন। বৈষ্ণবদর্শন, বৈষ্ণবস্মৃতি, বৈষ্ণব সাহিত্য ও অলঙ্কারাদি গ্রন্থ এই সকল গোস্বামীদের রচিত।

বৈষ্ণব গ্রন্থ

শ্রীপাদ সনাতনের লিখিত এবং শ্রীগোপালভট্ট গোস্বামীর বিলিখিত হরিভক্তিবিলাস এবং সনাতন লিখিত ইহার দিক্‌দর্শনীটীকা এখনও গৌড়ীয় বৈষ্ণব সমাজের নিত্য নৈমিত্তিক ধর্ম্মক্রিয়াদির এবং পূজা ও ব্রতোপাসনাদির ব্যবস্থা প্রদান করিয়া বৈষ্ণবদিগকে উপাসনা-বিধি শিক্ষা দিতেছে।

শ্রীহরিভক্তিবিলাস

শ্রীমদ্ভাগবত দশম স্কন্ধের সুবিখ্যাত বৈষ্ণবতোষণী টীকা শ্রীপাদ সনাতনের লিখিত। দশম স্কন্ধের এমন সর্ব্বাঙ্গ সুন্দর পাণ্ডিত্যপূর্ণ ও রসমাধুর্য্যময়ী টীকা আর দেখিতে পাওয়া যায় না। পরবর্ত্তিকালে শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী সনাতনের পদাঙ্ক অনুসরণ করিয়া তাঁহার টীকা খানিকেও রসাল ও তাৎপর্য্যপ্রদর্শনী করিয়াছেন কিন্তু সনাতনই এইরূপ টীকা-রচনাপ্রণালীর শিক্ষাগুরু।

বৈষ্ণবতোষিণী

বৃহৎ ভাগবতামৃত

বৃহৎ ভাগবতামৃত গ্রন্থখানিও শ্রীপাদ সনাতনের কৃত। ইহাতে ভক্তিতত্ত্ব, কৃষ্ণতত্ত্ব ও ভগবদ্ধামাদির যথেষ্ট আলোচনা আছে। সাধক ভক্তগণের কর্ত্তব্যনিষ্ঠার বহুল উপদেশ প্রদত্ত হইয়াছে। ভাগবতের দশম স্কন্ধের টীকার উপসংহারে তাঁহার ভ্রাতুষ্পুত্র শ্রীজীব গোস্বামী তাঁহার গ্রন্থের পরিচয় দিয়া লিখিয়াছেন—

"অথাগ্রজকৃতেদ্বগং শ্রীলভাগবতামৃতং।
হরিভক্তিবিলাসশ্চ তট্টীকা দিক্‌প্রদর্শনী॥
লীলাস্তবটিপ্পনী চ সেয়ং বৈষ্ণবতোষণী।
যা সংক্ষিপ্তা ময়া ক্ষুদ্রজীবেনাপি তদাজ্ঞয়া॥"

ভক্তিরসামৃতসিন্ধু

শ্রীরূপের গ্রন্থের মধ্যে ভক্তিরসামৃতসিন্ধু, ভক্তিতত্ত্বের দর্শন শাস্ত্র। মানুষের চিত্তবৃত্তি কিরূপে সংশোধিত ও সংস্কৃত হয়, কিরূপে কুসুমকোমলা ও জাহ্নবী-পবিত্রা ভক্তিদেবী চিত্তে সমুদিত হইয়া বিকাশ প্রাপ্ত হন, এবং উহাঁর বিকাশের সঙ্গে সঙ্গে কিরূপে সুনির্ম্মল কৃষ্ণপ্রেমে মানবহৃদয় পরিপ্লুত হয় এবং সেই চিত্তে কিরূপেই বা অবশেষে কৃষ্ণপ্রেমের তরঙ্গ তুফান উত্থিত হইয়া মানব আত্মাকে এক অত্যদ্ভুত অতি সুন্দর নিত্যপ্রেম-নিকেতন নিত্য-বৃন্দাবনের রসময় নিকুঞ্জে পরিগণিত করার জন্য প্রস্তুত করিয়া দেয়, এই গ্রন্থে তাহার উপদেশ আছে।

উজ্জ্বল নীলমণি

শ্রীরূপের আর একখানি গ্রন্থ "উজ্জ্বলনীলমণি" সাহিত্যিক হিসাবে এই গ্রন্থখানি নায়িকা-সম্বন্ধীয় অলঙ্কারগ্রন্থ। কিন্তু বৈষ্ণবগণ ইহাকে উপাসনার উত্তর সোপান স্বরূপ বলিয়াই মনে করেন। ভক্তি পরিপক্ক হইলে হৃদয়ে প্রেম প্রকাশ পায়। এই ভগবৎ প্রেম অবশেষে ব্রজবধূদের প্রেমের ন্যায় অকৈতব ও আবেগময় হইয়া উঠে। অবশেষে উহা সহস্রভাবে বিভাষিত হয়, সহস্র তরঙ্গে সহস্র আকার ধারণ করে। মহাভাবে উহার মহা-প্রকাশ, দিব্যোন্মাদে উহার প্রধানতম বিকাশ। ভগবৎ-প্রেমের অনন্ত ভাব প্রদর্শনই এই গ্রন্থের উদ্দেশ্য। গোস্বামীরা ইহাকে রসশাস্ত্র বলেন। আমরা এই গ্রন্থ খানিকে ভগবৎ প্রেমের অতি সূক্ষ্ম দর্শন শাস্ত্র) (Analytic Philosophy of Divine Love) বলিয়াই মনে করি।

লঘু ভাগবতামৃত

শ্রীরূপগোস্বামীর আর একখানি গ্রন্থের নাম লঘুভাগবতামৃত। এই গ্রন্থখানি অবতারতত্ত্ব প্রতিপাদক। ইহাতে অবতারের শ্রেণীবিভাগ, অবতারের ক্রমোৎকর্ষ বিচার এবং ধাম ও ধামাদির উৎকর্ষ বিচার সম্বন্ধে আলোচনা আছে। শ্রীরূপ গোস্বামীর এই তিন খানি গ্রন্থ অতি সুপ্রণালীতে লিখিত।

নাটক

শ্রীরূপের শক্তিশালিনী লেখনী বহু গ্রন্থ বিরচনে ব্যবহৃত হইয়াছিল। তিনি সুধাময়ী ভাষায় সুললিত পদবিন্যাসে যে সকল কাব্য লিখিয়া গিয়াছেন, সংস্কৃত সাহিত্যে তাহার এক একটী শ্লোকই তাঁহাকে চিরদিন অমর করিয়া রাখিবে। তাঁহার বিদগ্ধমাধব ও ললিতমাধব নাটক পাঠে শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু অতীব প্রীতি লাভ করিতেন। জগন্নাথবল্লভ-নাটককার সুপণ্ডিত রামানন্দরায় সেই নাটক শুনিয়া বিস্মিত হইয়া মহাপ্রভুকে বলিয়াছিলেন, এই নাটক তোমারই শক্তিসঞ্চারের ফল।

এই দুই খানি নাটক ভিন্ন তাঁহার প্রণীত দানকেলি-কৌমুদী নামে এক খানি সরস ভাণিকা আছে। এতদ্ব্যতীত নাটক-চন্দ্রিকা, হংসদূত, উদ্ধবসন্দেশ, পদ্যাবলী ও স্তবমালা প্রভৃতি আরও বহুল গ্রন্থ রচনা করিয়া পরমকারুণিক শ্রীরূপ গোস্বামী বৈষ্ণবগণকে এবং সুরসিক সাহিত্যসেবীদিগকে আনন্দোৎসময় উপহার প্রদান করিয়া গিয়াছেন।

শ্রীজীবগোস্বামী মহোদয় নিম্নলিখিত কয়েকখানি গ্রন্থের নামোল্লেখ করিয়াছেন যথা—

"তয়োরনুজসৃষ্টেষু কাব্যং শ্রীহংসদূতকং।
শ্রীমদুদ্ধবসন্দেশশ্ছন্দোষ্টাদশকং যথা॥
স্তবাশ্চোৎকলিকাবল্লী গোবিন্দবিরুদাবলী।
প্রেমেন্দুসাগরাদ্যাশ্চ বহবঃ সুপ্রতিষ্ঠিতাঃ॥
বিদগ্ধললিতখ্যাতিমাধবং নাটকদ্বয়ং।
ভাণিকাদানকেল্যাহ্বা রসামৃতযুগং পুনঃ॥
মথুরামহিমা পদ্যাবলী নাটকচন্দ্রিকা।
সংক্ষিপ্তশ্রীভাগবতামৃতঞ্চৈতে চ সংগ্রহাঃ॥"

শ্রীচরিতামৃতের অন্ত্যলীলার চতুর্থ পরিচ্ছেদের উপসংহারে লিখিত আছে—

"নানাশাস্ত্র আনি লুপ্ততীর্থ উদ্ধারিল।
বৃন্দাবনে কৃষ্ণসেবা প্রচার করিল॥
সনাতন কৈল গ্রন্থ ভাগবতামৃতে।
ভক্তি ভক্ত কৃষ্ণতত্ত্ব জানি যাহা হৈতে॥
সিদ্ধান্তসার গ্রন্থ কৈল দশম টিপ্পনী।
কৃষ্ণলীলারস প্রেম যাহা হইতে জানি॥
হরিভক্তিবিলাস গ্রন্থ কৈল বৈষ্ণবআচার।
বৈষ্ণবের কর্ত্তব্য যাহাতে পাইয়ে পার॥
আর যত গ্রন্থ কৈল কে করে গণন।
মদনগোপাল গোবিন্দের কৈল সেবা স্থাপন॥"

এই সেবা এখনও শ্রীবৃন্দাবনধামে পরিলক্ষিত হয়। গোবিন্দজীর ভুবন বিখ্যাত শ্রীমন্দির দর্শক মাত্রেরই দর্শনীয়।

অপিচ—

শ্রীরূপ গোস্বামী কৈল রসামৃত গ্রন্থসার।
কৃষ্ণভক্তি রসের যাহা পাইয়ে বিস্তার॥
উজ্জ্বলনীলমণি নাম গ্রন্থ কৈল আর॥
কৃষ্ণরাধালীলারসের যাহা পাইয়ে পার॥
বিদগ্ধললিতমাধব নাটক যুগল।
কৃষ্ণলীলারস তাহা পাইয়ে সকল॥
দানকেলিকৌমুদী আদি লক্ষ গ্রন্থ কৈল।
যেই সব গ্রন্থে ব্রজের রস প্রচারিল॥"

শ্রীল রূপগোস্বামীর আরও গ্রন্থ আছে বলিয়া শুনা যায়। ইঁহারা বাঙ্গালা ভাষায় কোন গ্রন্থ লিখিয়াছেন কি না,তাহা জানা যায় না। অধুনা ইহাঁদের নামে কতকগুলি সহজীয়াগ্রন্থ প্রচারিত হইয়াছে। বলা বাহুল্য, সেই সকল গ্রন্থ ইহাঁদের সংস্থাপিত বৈষ্ণবসিদ্ধান্তের সম্পূর্ণ বিরুদ্ধ এবং অশাস্ত্রীয় মতের পোষক। ইহাদের ন্যায় শাস্ত্রদর্শী ভজনানন্দ সুপণ্ডিতগণ কখনও তাদৃশ গ্রন্থের রচয়িতা নহেন। বৈষ্ণব সমাজে ইহাদের নাম অতি প্রসিদ্ধ। তজ্জন্য ইহাদেরই নামে সহজীয়া মত প্রচারের চেষ্টা করা হইয়াছে। ["বাঙ্গালা সাহিত্য" শব্দে এই বিষয়ের আলোচনা দ্রষ্টব্য।]

শ্রীসনাতন ও রূপের বংশপরিচয়

শ্রীপাদ সনাতন ও শ্রীরূপ ভরদ্বাজ গোত্রীয় কর্ণাটী ব্রাহ্মণ। ইহার ভ্রাতুষ্পুত্র শ্রীজীব গোস্বামী লঘুতোষিণী টীকায় ইহাদের বংশাবলীর পরিচয় দিয়াছেন। ইহাঁদের পূর্ব্ব পুরুষ সর্ব্বজ্ঞ জগদ্‌গুরু কর্ণাট দেশের রাজা ও বেদজ্ঞ ছিলেন,তাঁহার পুত্র অনিরুদ্ধ দুইটী বিবাহ করেন। দুই স্ত্রীর গর্ভে দুইটী পুত্র জন্মে, তাঁহাদের নাম রূপেশ্বর ও হরিহর। রূপেশ্বর অরি কর্ত্তৃক বিতাড়িত হইয়া পত্নীসহ উত্তর গমন করেন। পদ্মনাভ নামে ইহাঁর একটী সন্তান হয়। পদ্মনাভ গঙ্গাতীরে নবহট্ট গ্রামে (নৈহাটী) আসিয়া বাস করেন। পদ্মনাভের ১৮টী কন্যা ও পাঁচটী পুত্র হয়; পুত্র পাচটীর নাম পুরুষোত্তম, জগন্নাথ, নারায়ণ, মুরারি ও মুকুন্দ। মুকুন্দের পুত্র কুমার কোন কারণবশতঃ নৈহাটী ত্যাগ করিয়া চন্দ্রদ্বীপের অন্তর্গত ফতেয়াবাদে বাস করেন। এই কুমারদেবের পুত্রগণের মধ্যে তিনটী পুত্র বৈষ্ণবগণের সুপরিচিত। প্রথম সনাতন, দ্বিতীয় রূপ, তৃতীয় বল্লভ (মহাপ্রভু ইহাকে অনুপম বলিয়া ডাকিতেন)। এই বল্লভই শ্রীজীব গোস্বামীর পিতা। শ্রীপাদ সনাতন ও রূপ বহু বিদ্যায় পারদর্শী ছিলেন, বিশেষতঃ সংস্কৃত ভাষায় ইহাঁদের অতীব পাণ্ডিত্য ছিল। গৌড়ের বাদসাহের সরকারে সনাতন মন্ত্রীর কার্য্য করিতেন, শ্রীরূপও দবীরখাস কার্য্যে খ্যাতিলাভ করেন। শ্রীগৌরাঙ্গ সন্দর্শনের পর হইতেই ইঁহারা সংসার ত্যাগ করেন। শ্রীরূপই সর্ব্বাগ্রে সংসার ত্যাগ করেন। এই জন্য শ্রীরূপের নাম অগ্রে ব্যবহার হইয়া থাকে। ['ইহাদের চরিত তত্তৎশব্দে দ্রষ্টব্য'।]

শ্রীভাগবতসন্দর্ভ

শ্রীভাগবতসন্দর্ভ শ্রীজীবগোস্বামিকৃত। ইহার অপর নাম ষট্‌সন্দর্ভ। ইহাতে তত্ত্বসন্দর্ভ, ভগবৎসন্দর্ভ, পরমাত্মসন্দর্ভ, ভক্তিসন্দর্ভ ও প্রীতিসন্দর্ভ, এই কয়েকখানি সন্দর্ভ ষট্‌সন্দর্ভ নামে অভিহিত। শ্রীভাগবতমতে উপদিষ্ট বৈষ্ণবসিদ্ধান্ত যে সর্ব্বদর্শনের সারসিদ্ধান্ত, জীবগোস্বামী এই গ্রন্থে দার্শনিক বিচারে তাহাই সপ্রমাণ করিয়াছেন। ইহাতে ব্রহ্মতত্ত্ব, পরমাত্মতত্ত্ব, ভগবৎ-কৃষ্ণতত্ত্ব প্রভৃতির সূক্ষ্ম বিচার আছে। শ্রীকৃষ্ণই পরতমতত্ত্ব বলিয়া স্থিরীকৃত হইয়াছে। ভক্তিই শ্রীকৃষ্ণপ্রাপ্তির সাধন, গোপীভজনই উপাসনার চরম প্রণালী প্রভৃতি এই গ্রন্থে দার্শনিক রীতিতে আলোচিত হইয়াছে। ইহার ভাষা অতি গম্ভীর ও পাণ্ডিত্যপূর্ণ। অনেক স্থল সূত্রের ন্যায় সংক্ষিপ্ত ও বহুল তথ্যগর্ভ। শ্রীমৎ শঙ্করাচার্য্যের মায়াবাদ খণ্ডন করিয়া এই গ্রন্থে অচিন্ত্যভেদাভেদবাদ সংস্থাপিত হইয়াছে। শ্রীমদ্ভাগবতের প্রমাণই এই গ্রন্থের প্রধানতম অবলম্বন। তত্ত্বসন্দর্ভ ও পরমাত্মসন্দর্ভে বেদান্তের আলোচনা পরিলক্ষিত হয়। ব্রহ্ম জীব ও মায়া সম্বন্ধে মায়াবাদী ও গৌড়ীয় বৈষ্ণবদের মতপার্থক্য ইহাতে যথেষ্ট দেখিতে পাওয়া যায়। শ্রীজীব মধ্বাচার্য্যের দ্বৈতবাদ স্বীকার করেন নাই, রামানুজের বিশিষ্টাদ্বৈতবাদও তাঁহার অভিমত নহে, তিনি ভাস্করাচার্য্যের ভেদাভেদবাদের তত্ত্ব স্বীকার করিয়াও স্বীয় সিদ্ধান্তকে আরও দৃঢ়তর ভিত্তিতে সংস্থাপিত করিয়াছেন।

ভক্তিসন্দর্ভ হরিভক্তিবিলাস ও ভক্তিরসামৃতসিন্ধু, এই উভয়ের ব্যাখ্যা ও প্রতিধ্বনি মাত্র। প্রীতিসন্দর্ভ উজ্জ্বলনীলমণিরই ব্যাখ্যা ও পুনরালোচনা। কৃষ্ণসন্দর্ভের অনেক স্থানেই লঘুভাগবতামৃতের বিষয় পুনরালোচিত হইয়াছে। কৃষ্ণই যে পরতত্ত্ব এই সন্দর্ভে তাহা সপ্রমাণ করা হইয়াছে। ভগবৎসন্দর্ভে ভগবত্তত্ত্ব অর্থাৎ ভগবানের গুণগৌরব ও শক্তি প্রভৃতির যথেষ্ট আলোচনা করা হইয়াছে। এই গ্রন্থখানি গৌড়ীয় বৈষ্ণবসমাজের দার্শনিক গ্রন্থ বলিয়া বিখ্যাত।

এতদ্ব্যতীত শ্রীমদ্ভাগবতের ক্রমসন্দর্ভ টীকাতেও শ্রীজীব দার্শনিক ও পৌরাণিক পাণ্ডিত্যের যথেষ্ট পরিচয় দিয়া রাখিয়াছেন। শ্রীভাগবতের ক্রমসন্দর্ভটীকা অতি বিস্তৃত, ভাষা অতি কঠিন ও দার্শনিক প্রণালীতে লিখিত।

সর্ব্বসংবাদিনী

শ্রীজীবকৃত সর্ব্বসংবাদিনী গ্রন্থখানি ষট্‌সন্দর্ভেরই টীকা মাত্র। ইহাতে ষট্‌সন্দর্ভে আলোচিত দার্শনিক বিষয়ের কিঞ্চিৎ বিস্তার ও ব্যাখ্যা লিখিত হইয়াছে। এখানি ষট্‌সন্দর্ভেরই পরিশিষ্ট গ্রন্থ।

সার্ব্বভৌম হৈল প্রভুর ভক্ত একতান।
মহাপ্রভু বিনে সেব্য নাহি জানে আন।
শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গুণবান্।
এই ধ্যান এই জপ এই লয় নাম॥"

সার্ব্বভৌম মহাপ্রভুকেই একমাত্র সেব্য বলিয়া জানিতেন। পুরীতে 'গঙ্গামাতার মঠ' নামে যে মঠ আছে, উহাই সার্ব্বভৌমের গদী। এই মঠাধিপের বহু সম্পত্তি ও শিষ্যবৃন্দ আছেন।

রাজা প্রতাপরুদ্র

উড়িষ্যার রাজা গজপতি প্রতাপরুদ্রও শ্রীগৌরাঙ্গ-প্রবর্ত্তিত-ধর্ম্ম গ্রহণ করেন। [প্রতাপ রুদ্রের চরিত "প্রতাপরুদ্র" শব্দে দ্রষ্টব্য।] সমগ্র ভারতে ইহাঁর প্রভাব ও প্রতিপত্তি বিস্তারিত হইয়াছিল। জগন্নাথবল্লভ নাটকে ইহাঁর প্রতাপ সম্বন্ধে লিখিত হইয়াছে,—

"যন্নামাপি নিশম্য সন্নিবেশিতে সেকন্দরঃ কন্দরং
স্বং বর্গং কলবর্গভূমিতিলকঃ সাশ্রং সমুদ্বীক্ষ্যতে।
মেনে গুজ্জরভূপতি র্জরাদিবারণ্যং নিজং পত্তনং
বাতব্যগ্রপয়োধিপোতগমিব স্বং বেদ গৌড়েশ্বরঃ।
কায়ব্যূহবিলাস ঈশ্বরগিরে র্দ্বৈতং সুধাদীধিতে
র্নির্য্যাসস্তু হিমাচলস্য যমকং ক্ষীরাম্বুরাশেরসৌ
সারঃ শারদবারিদস্য কিমপি স্বর্ব্বাহিনীবারিণো
দ্বৈরাজ্যং বিমলী করোতি সততং যৎকীর্ত্তিরাশির্জগৎ।
যদ্বালাম্বুকদম্বনির্ম্মিতনদী সংশ্লেহর্ষাদসৌ
রিঙ্গত্তুঙ্গতরঙ্গনিঃস্বনমিষাৎ প্রস্তৌতি যং বারিধিঃ।
নিত্যপ্রস্তুত সপ্ত তুণ্ডভিরভিস্যুতং মনোনাকিনাং।
যেনৈতৎ প্রতিমাচ্ছলেন যদমী মুঞ্চন্তি ন প্রাঙ্গণম্॥
তেন প্রতিভটমপঘাকালাগ্নিরুদ্রেণ শ্রীমৎ প্রতাপরুদ্রেণ
শ্রীহরিচরণসাধিকৃত্য কমপি প্রবন্ধমভিনেতুমাদিষ্টোঽস্মি।"

অর্থাৎ যাঁহার নাম শুনিয়াই সেকন্দর নামক মুসলমান নৃপতি ভীতচিত্তে গিরিগহ্বরে প্রবেশ করিয়াছে, কলবর্গদেশীয় নরপতি আপনার পরিজনকে সাশ্রুনেত্রে দেখিতেছেন, যাহাঁর নাম মাত্র শ্রবণে গুজ্জরদেশীয় ভূপতি আপনার নগরকে জীর্ণ অরণ্যের ন্যায় মনে করিতেছেন, এবং গৌড় দেশীয় ক্ষিতিপাল (হুসেন সাহ) আপনাকে প্রবল বাত্যাবেগে সমুদ্রস্থ ঘূর্ণিত পোতারূঢ়ের ন্যায় মনে করিতেছেন, যাঁহার কীর্ত্তিরাশি কৈলাস শৈলের কায়ব্যূহ স্বরূপ হিমালয়ের নির্য্যাস সদৃশ ক্ষীরবারিধির ফেন সম, শারদ বারিদের সার সমতুল সুরতরঙ্গিণী গঙ্গার প্রসন্ন পবিত্র সাধনের ন্যায় প্রভাবশালী হইয়া জগৎ নির্ম্মাণ করিতেছে, যাঁহার দানোৎসর্গজলনির্ম্মিত জল সকলের সঙ্গলাভ করিয়া হর্ষান্বিত সরিৎপতি তরলতরঙ্গ-কল্লোলে যাঁহার স্তব করিতেছে, যাঁহার নিত্য অনুষ্ঠিত যজ্ঞ দ্বারা দেবতা সকল বদ্ধচিত্ত হইয়া প্রতিমা স্থানে ক্ষণকালের নিমিত্তও যাঁহার প্রাঙ্গণ ত্যাগ করেন না, সেই বিপক্ষ রাজগণের কালাগ্নিরুদ্রস্বরূপ শ্রীমান্ প্রতাপরুদ্র শ্রীহরিচরণাশ্রিত কোন একটী অভিনব প্রবন্ধ অভিনয় করিতে আমাকে আদেশ দিয়াছেন।

প্রতাপরুদ্রের এই রূপ দোর্দ্দণ্ড প্রতাপ কেবল কবিজন-কল্পিত নহে, উহার প্রত্যেক অক্ষর ঐতিহাসিক সত্যমূলক। এই মহারাজ প্রতাপরুদ্রের রাজধানী পুরীধামে যখন শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু অবস্থান করিতে লাগিলেন, তখন শ্রীগৌরাঙ্গের চরণরেণু-লাভের জন্য মহারাজাধিরাজ প্রতাপরুদ্র সহস্র চেষ্টায় প্রবৃত্ত হইলেন, মহাপ্রভুর অতিপ্রিয় পাত্র সার্ব্বভৌম প্রভৃতি দ্বারা কত অনুরোধ করিতে লাগিলেন, কিন্তু যতীন্দ্রপ্রবর শ্রীগৌরাঙ্গ বলিলেন, আপনারা আমায় ক্ষমা করুন। বিষয়িসন্দর্শন সন্ন্যাসীর পক্ষে নিষিদ্ধ, এমন কি বিষভক্ষণ হইতেও ইহা নিতান্ত অসাধু। যথা চৈতন্যচন্দ্রোদয় নাটকে—

"নিষ্কিঞ্চনস্য ভগবদ্ভজনোন্মুখস্য
পারং পরং জিগমিষো র্ভবসাগরস্য।
সন্দর্শনং বিষয়িণাং তথা যোষিতাঞ্চ
হা হন্ত হন্ত বিষভক্ষণাদপ্যসাধু।"

শ্রীচরিতামৃতে লিখিত আছে—

"কটক হৈতে পত্রী দিলা সার্ব্বভৌম ঠাঁই।
প্রভু আজ্ঞা হয় যদি দেখিবারে চাঞি॥
ভট্টাচার্য্য লিখিলা—প্রভুর আজ্ঞা না হইল।
পুনরপি রাজা তারে পত্রী পাঠাইল॥ * *
প্রভুকৃপা বিনে মোরে রাজ্যে নাহি ভার।
যদি মোরে কৃপা না করিবে গৌর হরি।
রাজ্য ছাড়ি প্রাণ দিব—হইব ভিখারী॥"

দয়াময় শ্রীগৌরাঙ্গ ক্রমশঃ প্রতাপরুদ্রের প্রেমোৎকর্ষ বর্দ্ধন করিয়া অবশেষে তাঁহাকে কৃপা করিয়াছিলেন। রাজাধিরাজ প্রতাপরুদ্র বাঙ্গালী তরুণসন্ন্যাসী যুবক শ্রীগৌরাঙ্গের পরম ভক্ত হইয়া তাঁহার শ্রীপাদপদ্মেই দেহ মন প্রাণ সমর্পণ করিয়াছিলেন। এই সময়ে উড়িষ্যায় মহাপ্রভুপ্রবর্ত্তিত বৈষ্ণব ধর্ম্ম নিরতিশয় প্রভাব ও গৌরবান্বিত হইয়া উঠে। উড়িষ্যার রাজা জমীদার-গণের প্রায় সকলেই শ্রীগৌরসম্প্রদায়ভুক্ত বৈষ্ণব।

স্বরূপ দামোদর ও রায় রামানন্দ

মহাপ্রভু যখন কাশীমিশ্রাবাসের নিভৃতগম্ভীরকক্ষে শ্রীকৃষ্ণ-বিরহোন্মাদে দিনযামিনী বিরহ প্রলাপে অতিবাহিত করিতেন, তখন স্বরূপদামোদর ও রায় রামানন্দ ললিতা বিশাখার ন্যায় নর্ম্মবাক্যে কৃষ্ণকথায় ও গানে মহাপ্রভুকে সান্ত্বনা দিতেন। শ্রীচরিতামৃতে লিখিত আছে,—

রামানন্দের কৃষ্ণকথা, স্বরূপের গান।
বিরহ ব্যথায় প্রভু রাখে নিজ প্রাণ ॥"

সেই নিদারুণ বিরহ ব্যথার দিনে এই দুইজন পার্ষদ মহাপ্রভুর অন্তরঙ্গ সখার ন্যায় তাহার পার্শ্বে সতত অবস্থান করিতেন। রামানন্দ পরম পণ্ডিত সুরসিক ভক্ত এবং শ্রীগৌরাঙ্গের একান্ত অনুরক্ত ছিলেন। [ইঁহার সংক্ষিপ্ত চরিত রামানন্দ শব্দে দ্রষ্টব্য।] স্বরূপদামোদরের পূর্ব্ব নাম পুরুষোত্তম। ইনি কাশীধাম হইতে সন্ন্যাস-ধর্ম্ম গ্রহণ করিয়া নীলাচলে গমন করেন এবং মহাপ্রভুর পদাশ্রয় লাভ করিয়া তাঁহার পার্ষদরূপে সতত তাঁহার নিকটই অবস্থান করেন। স্বরূপ পরম পণ্ডিত এবং মহাপ্রভুর অতিশয় প্রিয় ছিলেন। মহাপ্রভু ইঁহাকে দাস গোস্বামীর শিক্ষাগুরুরূপে নিযুক্ত করিয়াছিলেন। শ্রীচরিতামৃতে লিখিত হইয়াছে—

"কৃষ্ণরসতত্ত্ববেত্তা দেহ প্রেমরূপ।
সাক্ষাৎ মহাপ্রভুর দ্বিতীয় স্বরূপ ॥"

[রায় রামানন্দ ও স্বরূপ দামোদরের সুবিস্তৃত চরিত-গ্রন্থ বঙ্গভাষায় প্রকাশিত হইয়াছে।]

বক্রেশ্বর পণ্ডিত মহাপ্রভুর একজন প্রিয়তম পার্ষদ ছিলেন। মহাপ্রভুর তিরোধানের পরে শ্রীমদ্‌বক্রেশ্বরই মহাপ্রভুর অধ্যুষিত কাশীমিশ্রালয়ে গম্ভীরার প্রান্তে বসিয়া মহাপ্রভুর কন্থা করঙ্গাদি লইয়া অশ্রুসিক্ত নয়নে দিনযামিনী শ্রীগৌরাঙ্গের ধ্যানধারণায় নিরত থাকিতেন। কাশীমিশ্রের বাড়ী অতি সুবৃহৎ। সহস্র সহস্র ভক্ত মহাপ্রভুকে সন্দর্শন করিতে যাইতেন। এই জন্যই রাজা প্রতাপরুদ্র মহাপ্রভুর নিমিত্ত এই উপযুক্ত বাসস্থান নির্দ্দিষ্ট করিয়া তাঁহাকে সমর্পণ করিয়াছিলেন। যথা শ্রীচরিতামৃতে—

বক্রেশ্বর পণ্ডিত

"দর্শন করি মহাপ্রভু চলিলা বাহিরে।
ভট্টাচার্য্য নিল তারে কাশীমিশ্র ঘরে ॥
কাশীমিশ্র পড়িলা আসি প্রভুর চরণে।
গৃহ সহিত আত্মা তারে কৈল নিবেদনে ॥
* * *
সুখী হৈলা প্রভু দেখি বাসার সংস্থান।
সেই বাসাঞ্চ হয় প্রভুর সর্ব্ব সমাধান ॥
সার্ব্বভৌম কহে প্রভু তোমার যোগ্য বাসা।
তুমি অঙ্গীকার কর এই মিশ্রের আশা ॥
প্রভু কহে এই দেহ তোমা সভাকার।
তুমি যেই কহ সেই সম্মত আমার ॥"

এখনও এই বৃহৎ বাটী বর্ত্তমান। এখানে শ্রীরাধাকান্তদেব প্রতিষ্ঠিত আছেন। এখন এখানে মহাপ্রভুর করঙ্গ ও কান্থার ছিন্নাংশ বর্ত্তমান। বক্রেশ্বর পণ্ডিতের শিষ্যানুক্রমে মহন্তগণ এই গদীর অধিকারী। এই গদীর মহন্ত সংসারাশ্রমী নহেন, সুতরাং চেলাক্রমে মহন্তগণ এই গদীর অধিকার করিয়া থাকেন। বক্রেশ্বরের গদীর মহন্তগণের শিষ্য শাখা বঙ্গে, উৎকলে, মান্দ্রাজে এবং ছোটনাগপুর অঞ্চলে অনেক দেখিতে পাওয়া যায়। ইহাঁদের মধ্যে সমৃদ্ধিশালী অনেক রাজা জমিদারও এই গদির শিষ্য। গঞ্জাম জেলায় এই মঠের প্রচুর ভূসম্পত্তি আছে। স্থানে স্থানে দেবসেবার নিমিত্ত অনেক শাখা-মঠ সংস্থাপিত হইয়াছে। এই মঠের প্রায় কুড়িটী শাখা-মঠ আছে। বর্ত্তমান মহন্ত শ্রীরামকৃষ্ণদাস গোস্বামী মঠে নানাবিধ সদনুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন। বৈষ্ণবপুস্তকাগার ও বৈষ্ণবপাঠশালাই তন্মধ্যে সবিশেষ উল্লেখযোগ্য।

মহাপ্রভুর ভক্তশাখা।

প্রেমকল্পবৃক্ষ শ্রীকৃষ্ণচৈতন্যের ভক্তশাখার পরিচয় দেওয়া এস্থলে অসম্ভব। পূর্ব্বে যে সকল নাম উল্লেখ করা হইয়াছে, তদ্ব্যতীত এখানে আরও কয়েকটী নাম উল্লেখ করা যাইতেছে, ইহাঁদের কাহারও সন্তান, কাহারও বংশীয়, কাহারও বা শিষ্য বঙ্গীয় গুরুতাব্যবসায়ী গোস্বামিগণের শাখার প্রবর্ত্তক। শ্রীবাস পণ্ডিতের কথা পঞ্চতত্ত্বে উক্ত হইয়াছে। শ্রীরাম ও শ্রীবাস পণ্ডিত এই দুইজন দুই শাখার প্রবর্ত্তক। ইঁহাদের দুই কনিষ্ঠ ভ্রাতা শ্রীপতি ও শ্রীনিধি, ইঁহাদের নিকট বৈষ্ণবধর্ম্মের উপদেশ প্রাপ্ত হন। শ্রীবাসের আঙ্গিনা এখানেও বর্ত্তমান। এইখানেই সঙ্কীর্ত্তনের আরম্ভ হয়। ইঁহারা শ্রীগৌরাঙ্গ উপাসক ছিলেন। অন্য দেবতার উপাসনা করিতেন না।

শ্রীবাস ও শ্রীরাম

শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিত আছে—

"চারি ভাই সবংশে করে চৈতন্যের সেবা।
গৌরচন্দ্র বিনে নাহি জানে দেবী দেবা ॥"

শ্রীচন্দ্রশেখর আচার্য্যরত্নও বড় শাখা বলিয়া বিখ্যাত। ইহাঁর গৃহে মহাপ্রভু দেবী ভাবে নৃত্য করিয়াছিলেন। ইহাঁর বংশ্যগণও বাঙ্গালায় গোস্বামী নামে অভিহিত। সম্ভবতঃ ইহাঁর পরিবার এখনও বিদ্যমান।

আচার্য্যরত্ন

পুণ্ডরীক বিদ্যানিধির নিকট গদাধরাদি মন্ত্র গ্রহণ করেন। ইনি স্বরূপের পরম বন্ধু ছিলেন। বিদ্যানিধি মহাশয় এরূপ গঙ্গাভক্ত ছিলেন যে "গঙ্গাস্নান নাহি করে পাদস্পর্শভয়ে।"

পুণ্ডরীক বিদ্যানিধি

গদাধর পণ্ডিতের নাম পঞ্চতত্ত্বে উল্লিখিত হইয়াছে। ধ্রুবানন্দ, শ্রীধর ব্রহ্মচারী, ভাগবত আচার্য্য ব্রহ্মচারী, অনন্ত আচার্য্য, কবিদত্ত, নয়নমিশ্র,

গদাধর পণ্ডিত

গঙ্গামন্ত্রী, মামুঠাকুর, কণ্ঠাভরণ, ভূগর্ভগোসাঞি, ভাগবত দাস (এই দুইজন বৃন্দাবনবাসী), বাণীনাথ ব্রহ্মচারী, বল্লভ, চৈতন্যদাস, শ্রীনাথ চক্রবর্ত্তী, উদ্ধবদাস, জিতামিত্র, কাষ্ঠকাটী জগন্নাথ দাস (ঢাকা অঞ্চলে ইহার পরিবার যথেষ্ট আছেন), শ্রীহরিআচার্য্য, সাদিপুরিয়া গোপাল, কৃষ্ণদাস ব্রহ্মচারী, পুষ্পগোপাল, শ্রীহর্ষ, রঘুমিশ্র, লক্ষ্মীনাথ পণ্ডিত, রঙ্গবাসী চৈতন্য দাস, শ্রীরঘুনাথ, শিবানন্দ চক্রবর্ত্তী, অমোঘ পণ্ডিত, হস্তিগোপাল, চৈতন্যবল্লভ, যদুগাঙ্গুলী, মঙ্গলবৈষ্ণব ইত্যাদি মহাত্মগণ গদাধর পণ্ডিতের শাখা, উপশাখা ও পরিবারপ্রবর্ত্তক।

জগদানন্দ পণ্ডিত

জগদানন্দ পণ্ডিত মহাপ্রভুর অতি প্রিয় পার্ষদ ছিলেন। মহাপ্রভু বৈরাগ্যের আচরণ প্রতিপালন করিতেন, কিন্তু জগদানন্দ পণ্ডিতের প্রাণে তাহা সহ্য হইত না। মহাপ্রভুর আহারাদির সুবন্দোবস্তের নিমিত্ত ইনি সততই যত্নবান্ হইতেন। কিন্তু মহাপ্রভু ইহার সেই সকল উপহারময় সুখপ্রদ সেবার উপহার গ্রহণ করিতে স্বীকৃত হইতেন না। ইহা লইয়া উভয়ের মধ্যে সময়ে সময়ে প্রীতির কোন্দল হইত।

রাঘব পণ্ডিত ও রাঘবের ঝালি

ইনি শ্রীগৌরাঙ্গের প্রিয় অনুচর ছিলেন। মকরধ্বজ কর ইঁহার এক মুখ্য শাখা। ইঁহার ভগিনী দময়ন্তী মহাপ্রভুর সেবার নিমিত্ত "বারমাসী খাদ্য" সামগ্রী প্রস্তুত করিয়া স্বীয় ভ্রাতা রাঘবের দ্বারা নীলাচলে পাঠাইতেন, ইহা "রাঘবের ঝালি" নামে প্রসিদ্ধ ছিল। দময়ন্তী কি কি দ্রব্য করিয়া ঝালি সাজাইয়া দিতেন, শ্রীচরিতামৃতের অন্ত্যলীলার ১০ম পরিচ্ছেদে তাহার বিস্তৃত বিবরণ প্রদত্ত হইয়াছে—আমকাসুন্দী, আদাকাসুন্দী, ঝালকাসুন্দী, নেমু-আদা-আম্রকোলি, আমসী, আম্রখণ্ড, তৈলাম্র, আমড়া, পুরাণ সুকুতা, ধনিয়া-মহুরী তণ্ডুলচূর্ণ দ্বারা চিনিপাকে প্রস্তুত লাড়ু, শুণ্ঠীখণ্ডলাড়ু, কোলীচূর্ণ, কোলীখণ্ড, নারিকেলখণ্ড-লাড়ু, লাড়ু গঙ্গাজল, চিরস্থায়ী ক্ষীরসারখণ্ড, অমৃতকর্পূর, শালি কাচুলী ধান্যের আতপ চিড়া, হুড়ুম, ঘৃতসিক্ত চাউল ভাজার লাড়ু, কর্পূর মরিচ এলাচি লবঙ্গরস সহযোগে পরম সুগন্ধ লাড়ু, ঘৃতে ভাজা খইয়ের উকড়া, ফুটকলাই চূর্ণ ঘৃতে ভাজিয়া কর্পূরাদি সহযোগে চিনিপাক লাড়ু ইত্যাদি বিবিধ প্রকার খাদ্য প্রস্তুত করা হইত। প্রতি বর্ষেই তিন ভারীকে দিয়া এই ঝালি নীলাচলে প্রেরিত হইত। ইহাই 'রাঘবের ঝালি' নামে খ্যাত। রাঘব পণ্ডিতের বংশধরগণ এখনও পুরীধামে শ্রীগম্ভিরা মন্দিরে ঝালি প্রেরণ করিয়া থাকেন।

হরিদাসঠাকুর ব্রহ্ম হরিদাস নামে খ্যাত। ইনি আকুমার সংসার বিরাগী। সুতরাং ইঁহার সন্তান নাই, অপর পক্ষে ইনি মুসলমান কুলে শৈশবে পালিত হন। ইহার পিতামাতার বা বংশের কোন পরিচয় পাওয়া যায় না। অধুনা ইঁহার মাতাপিতার যে নাম আবিষ্কার করা হইয়াছে, উহার কোন প্রামাণিক ভিত্তি নাই। হরিদাস ঠাকুরের বংশ বলিয়া কাহার পরিচয় পাওয়া যায় না। কিন্তু বর্দ্ধমানের কুলীন গ্রামে হরিদাস ঠাকুরের পরিবার আছেন। ভাদ্র শুক্লা-চতুর্দ্দশীতে কুলীনগ্রামে হরিদাস ঠাকুরের তিরোভাব-মহোৎসব হইয়া থাকে।

হরিদাস ঠাকুর

সত্যরাজ বসু, রামানন্দ বসু, যদুনাথ বসু, পুরুষোত্তম বসু, বিদ্যানন্দ বসু ও বাণীনাথ বসু, ইহারাই কুলীনগ্রামনিবাসী ও কুলীনগ্রাম শাখার প্রবর্ত্তক। ইহাঁরা একান্ত গৌরভক্ত ছিলেন। যথা শ্রীরাধামৃতে—

"প্রভু কহে কুলীনগ্রামের যে হয় কুক্কুর।
সেহ মোর প্রিয়, অন্যজন বহুদূর॥
কুলীন গ্রামীর ভাগ্য কহনে না যায়।
শূকর চরায় ডোম—সেহ কৃষ্ণ পায়॥"

শ্রীসনাতনাদি

ইহাঁদের কথা পূর্ব্বে একবার উল্লিখিত হইয়াছে। এদেশে ইহাঁদের পরিবারের সংখ্যা খুবই কম। কিন্তু উত্তরপশ্চিমাঞ্চলে ইহাদের যথেষ্ট প্রভাব আছে। যথা শ্রীচরিতামৃতে—

"অনুপম বল্লভ শ্রীরূপ সনাতন।
এই তিন বৃক্ষের শাখা পশ্চিমে সর্ব্বোত্তম॥
তার মধ্যে রূপ সনাতন বড় শাখা।
অনুপ-জীব রাজেন্দ্রাদি উপশাখা॥
মালীর ইচ্ছায় দুই শাখা বহুত বাড়িল।
বাড়িয়া পশ্চিম দিক্ সব আচ্ছাদিল॥
আসিন্ধু নদীতীর আর হিমালয়।
বৃন্দাবন মথুরাদি যত তীর্থ হয়॥
দুই শাখার প্রেম ফলে সকল ভাসিল।
প্রেমফলাস্বাদে লোক উন্মত্ত হইল॥
পশ্চিমের লোক সব মূঢ় অনাচার।
তাহা প্রচারিল দোহে ভক্তি সদাচার॥
শাস্ত্রদৃষ্টে কৈল লুপ্ত তীর্থের উদ্ধার।
বৃন্দাবনে কৈল শ্রীমূর্ত্তি সেবার প্রচার॥"

ফলতঃ শ্রীরূপ সনাতনই শ্রীবৃন্দাবনকে গৌড়ীয় বৈষ্ণবগণের ধামরূপে পরিণত করিয়া গিয়াছেন। শ্রীবৃন্দাবনে এখন এই গোস্বামীদের কীর্ত্তিই শ্রীধামের গৌরব সংরক্ষণ করিতেছে।

শ্রীগদাধর দাস

শ্রীগদাধর দাসের পরিবারাদি কোথায় আছেন জানা যায় না। কলিকাতার নিকটে এঁড়িয়াদহে ইহার শ্রীপাট আছে। ইনি খুব শক্তিশালী ভক্ত ছিলেন। শ্রীচরিতামৃতে লিখিত আছে—

"শ্রীগদাধর দাস শাখা সর্ব্বপরি।
কাজীগণের মুখে যেই বোলাইল হরি॥"

কার্ত্তিকের শুক্লাষ্টমীতে এঁড়িয়াদহের পাটবাড়ীতে শ্রীগদাধর দাসের তিরোভাব মহোৎসব হইয়া থাকে। কলিকাতা সান্‌কীভাঙ্গার মল্লিক গোষ্ঠী এই পাটবাড়ীর বর্ত্তমান সেবাইত।

শিবানন্দ সেন

শিবানন্দ জাতিতে বৈদ্য, নিবাস কলিকাতার নিকটবর্ত্তী কাঁচড়াপাড়া। শিবানন্দের তিন পুত্র চৈতন্যদাস, রামদাস ও পরমানন্দ। পরমানন্দ শৈশবে পিতার সহিত নীলাচলে যাইয়া মহাপ্রভুর চরণ দর্শন করেন এবং জিহ্বা ও কর্ণ দ্বারা শ্রীচরণ স্পর্শ করেন। ইহাতে পরমানন্দের কবিত্ব শক্তি জন্মে। মহাপ্রভু তাঁহাকে কবিকর্ণপুর উপাধি প্রদান করেন।

ইনি অতি সুবিখ্যাত বৈষ্ণব কবি। এই নিমিত্ত ইনি কবিকর্ণপুর নামে অভিহিত। শ্রীচৈতন্যচরিত মহাকাব্য, শ্রীচৈতন্যচন্দ্রোদয়, আনন্দবৃন্দাবনচম্পূ কাব্য, অলঙ্কারকৌস্তুভ প্রভৃতি গ্রন্থ, কৃষ্ণ ও গৌরগণোদ্দেশদীপিকা ও চৈতন্যশতকগুণাবলী ইঁহার রচিত। এই সকল গ্রন্থে সংস্কৃত ভাষায় গ্রন্থকারের প্রগাঢ় পাণ্ডিত্য ও ভক্তিসিদ্ধান্তের পরিচয় প্রাপ্ত হওয়া যায়। শ্রীবল্লভ সেন এবং শ্রীকান্ত সেনও শিবানন্দের ন্যায় মহাপ্রভুর পরম ভক্ত হইয়াছিলেন। শিবানন্দ সেন প্রতি বর্ষে রাসের সময়ে এদেশ হইতে মহাপ্রভুর ভক্তগণকে লইয়া নীলাচলে গমন করিতেন।

শ্রীমুরারিগুপ্ত

মুরারিগুপ্ত জাতিতে বৈদ্য ছিলেন, কবিরাজী ব্যবসায় করিতেন, বেদান্তে ইহার প্রগাঢ় পাণ্ডিত্য ছিল। ইনি প্রথমতঃ মহাপ্রভুকে বালক মনে করিয়া শাসন করিতেন। কিন্তু অবশেষে শ্রীগৌরাঙ্গচরণে আত্মসমর্পণ করেন। ইনিও সর্ব্ব প্রথমে মহাপ্রভুর লীলাগ্রন্থ রচনা করেন। এই গ্রন্থের নাম শ্রীচৈতন্যচরিতামৃত কাব্য। এই গ্রন্থ মুরারির কড়চা নামে প্রসিদ্ধ। ইঁহার সেই গ্রন্থ অতি প্রাঞ্জল সংস্কৃত ভাষায় লিখিত। কবি কর্ণপুর এই গ্রন্থ অবলম্বন করিয়াই তদীয় শ্রীচৈতন্যচরিত মহাকাব্য লিখিতে প্রবৃত্ত হন। কবিকর্ণপুর তাঁহার গ্রন্থের উপসংহারে মুরারি গুপ্তের শ্রীচৈতন্যচরিত মহাকাব্যের নাম উল্লেখ করিয়া তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিয়াছেন। শ্রীমদ্‌বৃন্দাবন দাস ঠাকুরও যে এই গ্রন্থাবলম্বন করিয়াছিলেন, তাহার পরিচয় তাঁহার গ্রন্থের স্থানে স্থানে স্পষ্টরূপে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থের বহু পয়ার মুরারিগুপ্তের শ্রীচরিতামৃত গ্রন্থের অবিকল বঙ্গানুবাদ।

শ্রীখণ্ডনিবাসী শাখা

শ্রীখণ্ডবাসী বৈদ্যগণের মধ্যে যাঁহারা মহাপ্রভুর শ্রীপাদপদ্মের শরণ গ্রহণ করিয়াছিলেন, তাঁহারা ঠাকুর উপাধি প্রাপ্ত এবং "গোস্বামী" বলিয়া পরিচিত। ইঁহারা পাঁচ শাখায় বিভক্ত। যথা—নরহরি সরকার ঠাকুর, মুকুন্দ, রঘুনন্দন, চিরঞ্জীব ও সুলোচন। ইঁহাদের বহুল শিষ্যাদি আছে। এখনও শ্রীখণ্ডের এই সকল গোস্বামিগণ গুরুতা ব্যবসায় দ্বারা জীবিকা অর্জ্জন করিতেছেন।

কীর্ত্তনীয়া শাখা

শ্রীমুকুন্দ দত্ত প্রভুর বাল্যসখা ও সতীর্থ, মুকুন্দ সঙ্গীতবিদ্যায় পারদর্শী ছিলেন। গোবিন্দ ঘোষ, মাধব ঘোষ ও বাসুদেব ঘোষ ইহারাও কীর্ত্তনীয়া ছিলেন। বাসুঘোষের শ্রীগৌরাঙ্গলীলা সম্বন্ধে বহুল সুললিত পদ আছে। মুকুন্দ দত্ত ও বাসুঘোষ প্রভৃতি যে নায়ক ছিলেন শ্রীচরিতামৃতে তৎসম্বন্ধে এইরূপ আছে—

"শ্রীমুকুন্দদত্ত-শাখা প্রভুর সমধ্যায়ী।
যাঁহার কীর্ত্তনে নাচেন চৈতন্য গোসাঞী॥
* * * *
গোবিন্দ মাধব বাসুদেব তিন ভাই।
যাঁ সভার কীর্ত্তনে নাচেন চৈতন্য নিতাই॥"

এতদ্ব্যতীত আরও এক বাসুদেব ছিলেন, ইনি মহাপ্রভুর ভৃত্য এবং নিঃস্বার্থ পরমভক্ত যথা—

"বাসুদেব দত্ত প্রভুর ভৃত্য মহাশয়।
সহস্রমুখে যাঁর গুণ কহিলে না হয়॥
জগতে যতেক জীব—তার পাপ লঞা।
নরক ভুঞ্জিতে চাহে জীব ছোড় হইয়া॥"

বাসুদেব দত্ত শ্রীভগবানের নিকট প্রার্থনা করিতেন, দয়াময়! জীবের ক্লেশে আমার চিত্ত ব্যথিত হইতেছে, জগতের জীবের যত পাপ আছে, তাহা আমায় প্রদান কর, তজ্জন্য আমি অনন্তকোটি জন্ম ক্লেশ ভোগ করিব। তাহাদিগকে তুমি উদ্ধার কর। বাসুদেব দত্ত সকলকে মায়ের মত ভাল বাসিতেন।

এতদ্ব্যতীত আরও একটী বাসুদেব আছেন। ইনি ঘোষবংশ্য যথা—

"রামদাস মাধব আর বাসুদেব ঘোষ।
প্রভু সঙ্গে রহে গোবিন্দ পাইয়া সন্তোষ॥"

ইহাদের অনেকেরই বংশ এখনও বিদ্যমান আছেন, অনেকেরই শাখা প্রশাখা পরিবারাদি এদেশে বৈষ্ণব ধর্ম্মের ধারা বজায় রাখিয়াছেন। আমরা এস্থলে সকলের শাখা ও পরিবারাদির উল্লেখ করিতে অসমর্থ।

এতদ্ব্যতীত ছোট হরিদাস, বড় হরিদাসও কীর্ত্তনীয়া ভক্তের মধ্যেই পরিগণিত। যথা—

"বড় হরিদাস আর ছোট হরিদাস।
দুই কীর্ত্তনীয়া রহে মহাপ্রভুর পাশ॥"

আরও কীর্ত্তনীয়াভক্ত ও শাখাপ্রবর্ত্তকের উল্লেখ আছে যথা—

"প্রভুর প্রিয় গোবিন্দানন্দ মহাভাগবত।
প্রভুর কীর্ত্তনীয়া আদি শ্রীগোবিন্দ দত্ত॥"

আর এক কীর্ত্তনীয়া ষষ্ঠীবর যথা—

"কবিচন্দ্র আর কীর্ত্তনীয়া ষষ্ঠীবর।"

এতদ্ব্যতীত আরও প্রধান প্রধান শ্রীগৌরাঙ্গভক্ত-শাখা প্রবর্ত্তকের নামোল্লেখ করা যাইতে পারে, যথা—দামোদর পণ্ডিত, শঙ্করপণ্ডিত, জগদীশপণ্ডিত (যশোড়ার শাখা-প্রবর্ত্তক), সদাশিব পণ্ডিত, নারায়ণ পণ্ডিত, শ্রীমান পণ্ডিত, অমানী পণ্ডিত, শ্রীনাথ পণ্ডিত, মহেশ পণ্ডিত, গরুড় পণ্ডিত, ভগবান্ পণ্ডিত, প্রদ্যুম্ন ব্রহ্মচারী (মহাপ্রভুর রক্ষিত নাম নৃসিংহাচার্য্য), শুক্লাম্বর ব্রহ্মচারী, নন্দনআচার্য্য, শ্রীমান্‌সেন, বিজয়দাস (আখরিয়া প্রভুর লেখক মহাপ্রভুর প্রদত্ত নাম "রত্নবাহু"), দীনকৃষ্ণদাস, খোলাবেচা শ্রীধর, হিরণ্য, পুরুষোত্তম ও সঞ্জয় (এই উভয়ে শ্রীগৌরাঙ্গের ছাত্র), বুদ্ধিমন্তখান্, গোপীনাথ সিংহ, ভাগবতী-দেবানন্দ, শঙ্করারণ্য আচার্য্য, মুকুন্দ, কাশীনাথ, রুদ্র (উপশাখা), জগন্নাথ আচার্য্য, কৃষ্ণদাস বৈদ্য, শ্রীনাথ মিশ্র, শুভানন্দ, শ্রীরাম, ঈশান, শ্রীনিধি, গোপীকান্ত, ভগবান্ মিশ্র, সুবুদ্ধি মিশ্র, হৃদয়ানন্দ, কমলনয়ন, শ্রীকর, মধুসূদন, পুরুষোত্তম, গালিম জগন্নাথ দাস, বৈদ্য চন্দ্রশেখর, দ্বিজ হরিদাস, কবিচন্দ্র রামদাস, গোপালদাস, জগন্নাথ তীর্থ, বিপ্র জানকীনাথ, গোপাল আচার্য্য, বিপ্র বাণীনাথ, ভাগবতাচার্য্য, চিরঞ্জীব, রঘুনন্দন, মাধবাচার্য্য, কমলাকান্ত, যদুনন্দন, জগাই, মাধাই, রঘুনাথ বৈদ্য, গোপীনাথ আচার্য্য, কাশীমিশ্র, প্রদ্যুম্ন মিশ্র, ভবানন্দ ও তাহার পঞ্চপুত্র (রামানন্দ রায়, গোপীনাথ পট্টনায়ক, কলানিধি, সুধানিধি ও বাণীনাথ), উড়িয়া কৃষ্ণানন্দ, পরমানন্দ মহাপাত্র, উড়িয়া শিবানন্দ, ভগবান্ আচার্য্য, ব্রহ্মানন্দ ভারতী, মুরারি মাইতী, মাধবী দেবী (শিখিমাইতীর ভগিনী, ইনি শ্রীরাধার দাসী মধ্যে গণিতা), কাশীশ্বর ও গোবিন্দ (এই দুইজন ঈশ্বরপুরীর শিষ্য, গোবিন্দ জাতিতে কায়স্থ, কাশীশ্বর ব্রহ্মচারী, ইনি অতি বলবান্ ছিলেন, মহাপ্রভু যখন বহুলোকের ভিড়ের মধ্য দিয়া শ্রীজগন্নাথ দর্শনে যাইতেন, তখন "অপরশ যায় গোসাঞী মনুষ্য গহনে। মনুষ্য ঠেলি পথ করে কাশী বলবানে।" রামাই, নন্দাই, কুলীন ব্রাহ্মণ কৃষ্ণদাস। শ্রীচরিতামৃত বলেন, "কৃষ্ণদাস নাম শুদ্ধ কুলীন ব্রাহ্মণ। যারে সঙ্গে লঞা কৈল দক্ষিণে গমন।" বলভদ্র ভট্টাচার্য্য (ইনি শ্রীগৌরাঙ্গের বৃন্দাবন গমন সময়ে সঙ্গী ছিলেন।) রামভদ্রাচার্য্য, রঘু, নীলাম্বর, সিঙ্গাভট্ট, কামাভট্ট, দণ্ডুর শিবানন্দ, কমলানন্দ ভৃত্য, নিণোম গঙ্গাদাস, বিষ্ণুদাস, গঙ্গাদাস পণ্ডিত এবং তপন মিশ্র (ইনি রঘুনাথ ভট্টের পিতা) ইত্যাদি।

কতিপয় শাখা-প্রবর্ত্তকের নাম-মাত্র উল্লেখ

শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিত হইয়াছে—

"এইমত সংখ্যাতীত চৈতন্যভক্তগণ।
দিঙ্মাত্র লিখি সম্যক্ না যায় কথন।
একৈক শাখাতে লাগে কোটি কোটি ডাল।
তার শিষ্য উপশিষ্য তার উপডাল॥"

সুতরাং আমাদের প্রদত্ত এই নাম-তালিকা কেবল দিঙ্মাত্র নির্দ্দেশ ব্যতীত পূর্ণ তালিকা নহে।

প্রভু-সন্তান বলিলে সাধারণতঃ শ্রীমন্নিত্যানন্দপ্রভুর ও শ্রীমদ্‌অদ্বৈতপ্রভুর বংশধরগণকে বুঝায়। শ্রীমন্নিত্যানন্দ রাঢ়ীয় ব্রাহ্মণ [নিত্যানন্দ শব্দে দ্রষ্টব্য] শ্রীনিত্যানন্দ প্রভুর এক পুত্র ও এক কন্যা। পুত্রের নাম বীরভদ্র, কন্যার নাম গঙ্গা। মাধব চট্টোপাধ্যায়ের সহিত শ্রীমতী গঙ্গাঠাকুরাণীর বিবাহ হয়। এই গঙ্গাবংশীয় গোস্বামিগণ এখনও বর্ত্তমান, তাঁহাদের শাখাশিষ্য-পরিবার যথেষ্ট আছে। বীরভদ্রপ্রভুর তিন সন্তান—গোপীজনবল্লভ, রামকৃষ্ণ ও রামচন্দ্র। বর্দ্ধমানের অন্তর্গত লতায় গোপীজনবল্লভের পাট, মালদহে রামকৃষ্ণ পাট স্থাপন করেন এবং কনিষ্ঠ রামচন্দ্র খড়দহে অবস্থান করেন। কালক্রমে ইহাঁদের বংশ বিস্তৃত হইয়া পড়ে। প্রভু-সন্তানগণের শিষ্যাদি নিত্যানন্দ পরিবার নামে খ্যাত। নিত্যানন্দ-বংশ্যগোস্বামিগণ কলিকাতা, খড়দহ, বর্দ্ধমান, ঢাকা, মালদহ, বৃন্দাবন এবং উড়িষ্যা প্রভৃতি বহুস্থানে বসবাস করিয়া গুরুতা-ব্যবসায়ে জীবিকা নির্ব্বাহ করিতেছেন। শ্রীমন্নিত্যানন্দ-বংশ্য প্রভুসন্তান ব্যতীতও শ্রীমন্নিত্যানন্দের কৃপাভাজন অনেক মহন্ত ছিলেন। সেই সকল মহন্তসন্তানগণও নিত্যানন্দশাখার অন্তর্গত। শ্রীচৈতন্যচরিতামৃতের আদিলীলায় একাদশ পরিচ্ছেদে তাঁহাদের নামোল্লেখ আছে, বাহুল্য ভয়ে এস্থলে সেই সকল নামের উল্লেখ করা হইল না।

প্রভু-সন্তান

শ্রীলঅদ্বৈতাচার্য্য বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণ। ইহাঁর জ্যেষ্ঠপুত্র অচ্যুতানন্দ, ইনি মহাপ্রভুর পরম ভক্ত ছিলেন। মহাপ্রভু ভিন্ন তিনি অপর উপাস্য স্বীকার করেন নাই। দ্বিতীয় পুত্র কৃষ্ণমিশ্র, ইনিও মহাপ্রভুর পরম ভক্ত। তৃতীয় পুত্র শ্রীগোপাল, শ্রীগোপালও মহাপ্রভুর অতি প্রিয় ছিলেন। চতুর্থ পুত্র বলরামের শ্রীগৌরভক্তি সম্বন্ধে শ্রীচরিতামৃতে

শ্রীঅদ্বৈত-সন্তান

উল্লেখ নাই। কেহ কেহ বলেন, বলরামই তৃতীয় পুত্র। তবে শ্রীগৌরভক্তি সম্বন্ধে বলরামের তাদৃশ দৃঢ়তা ছিল না, তজ্জন্যই তাঁহার নাম শ্রীচরিতামৃতের সর্ব্বশেষে উল্লিখিত হইয়াছে। কিন্তু ইহা ঠিক নহে অদ্বৈতাচার্য্যের ছয় শাখা সম্বন্ধেও অভিমত প্রচলিত আছে, কেহ কেহ রূপ ও জগদীশকে অদ্বৈত প্রভুর পুত্র বলিয়া নির্দ্দেশ করেন, কিন্তু চৈতন্যচরিতামৃতকার বলেন, জগদীশ শাখা রূপে পুত্র। অদ্যাপি কৃষ্ণমিশ্র ও বলরামের ধারা বর্ত্তমান আছেন। অদ্বৈতের প্রধান শাখা শ্যামদাস, ইঁহার পাট ভৈটে সিঙ্গার কোণ। নিত্যানন্দবংশ্য-প্রভুসন্তানগণের ন্যায় শ্রীমৎ অদ্বৈতাচার্য্যবংশ্য-প্রভুসন্তানগণেরও যথেষ্ট শিষ্যশাখা-পরিবার বঙ্গে, উড়িষ্যায় ও বৃন্দাবনাদি স্থানে দেখিতে পাওয়া যায়। ইহাঁদের প্রধান পাট শান্তিপুর। অধুনা এই বংশ্য প্রভুসন্তানগণও বহুস্থানে বসবাস করিয়া গুরুতা-ব্যবসায়ে জীবন যাপন করিতেছেন। এই বংশের সুবিস্তৃত শিষ্যশাখাদির নামও বাহুল্য বোধে এস্থলে উদ্ধৃত হইল না। শাখাপ্রবর্ত্তকগণের নাম চৈতন্যচরিতামৃতের আদিলীলার দ্বাদশ অধ্যায়ে দ্রষ্টব্য।

যে সকল ভক্তমহানুভাবগণ শ্রীগৌরাঙ্গমহাপ্রভু ও শ্রীমন্নিত্যানন্দের সহিত সখ্যসূত্রে আবদ্ধ ছিলেন, তাঁহারা "গোপাল" নামে অভিহিত হইতেন। গোপাল অর্থে ব্রজের রাখাল। শ্রীচৈতন্যলীলার প্রধান প্রধান পাত্রগণ শ্রীকৃষ্ণলীলার পাত্রপাত্রীরূপে অবতীর্ণ হন, ইহাই বৈষ্ণবগণের বিশ্বাস। কবিকর্ণপুর তদীয় শ্রীগৌরগণোদ্দেশদীপিকাগ্রন্থে গৌরলীলার পাত্রগণের পূর্ব্বপরিচয় প্রদান করিয়াছেন, বাহুল্য বোধে সেই সকল পরিচয় এখানে প্রদত্ত হইল না, তবে প্রসঙ্গক্রমে কতিপয় মহানুভাবের পূর্ব্বপরিচয় প্রদত্ত হইল। শ্রীকৃষ্ণলীলায় দ্বাদশ গোপাল যথা—

দ্বাদশ গোপাল

"শ্রীদামশ্চ সুদামশ্চ সুবলশ্চ মহাবলঃ।
সুবাহুর্ভদ্রসেনশ্চ স্তোককৃষ্ণসুরামকৌ।
লবঙ্গশ্চ মহাবাহুর্গন্ধর্ব্ববীরবাহুকৌ॥"

নিম্নের তালিকায় শ্রীগৌরাঙ্গলীলায় প্রাদুর্ভূত গোপালগণের নাম ও পাট প্রকাশ করা যাইতেছে।

	কৃষ্ণলীলায়	গৌরলীলায়	পাট
১।	শ্রীদাম	অভিরাম ঠাকুর	খানাকুল
২।	সুদাম	সুন্দর ঠাকুর	মহেশপুর
৩।	বসুদাম	ধনঞ্জয় পণ্ডিত	শীতলগ্রাম
৪।	সুবল	গৌরীদাস পণ্ডিত	অম্বিকা
৫।	মহাবল	কমলাকর পিপ্পিলাই	মাহেশ
৬।	সুবাহু	উদ্ধারণ দত্ত (স্বর্ণবণিক্)	ত্রিশবিঘা
৭।	মহাবাহু	মহেশ পণ্ডিত	মশিপুর
৮।	দাম	পুরুষোত্তম নাগর	নাগর
৯।	স্তোক কৃষ্ণ	ঠাকুর পুরুষোত্তম (বৈদ্য)	সুখসাগর
১০।	অর্জ্জুন	পরমেশ্বর ঠাকুর	বিশ্‌খানা
১১।	লবঙ্গ গোপাল	কানাই ঠাকুর বা কালা কৃষ্ণদাস	বোধখানা
১২।	মধুমঙ্গল	শ্রীধর (খোলা-বেচা)	নবদ্বীপ

এই সকল গোপাল নিত্যানন্দ-শাখা-ভুক্ত। গোপালগণের সন্ততি ও শিষ্যগণ বহুশাখায় বিভক্ত। গোপাল-পরিবারের শিষ্য সংখ্যাও কম নহে। এতদ্ব্যতীত উপগোপালগণও আছেন যথা—

	কৃষ্ণলীলা	নবদ্বীপলীলা	শাখা	পাট
১।	সুবল গোপাল	হলায়ুধপণ্ডিত	চৈতন্য	রামচন্দ্রপুর
২।	বরুথপ গোপাল	রুদ্রপণ্ডিত	নিত্যানন্দ	বল্লভপুর
৩।	গন্ধর্ব্ব গোপাল	মুকুন্দানন্দপণ্ডিত	চৈতন্য	নবদ্বীপ
৪।	কিঙ্কিণী গোপাল	কাশীশ্বরপণ্ডিত	,,	বল্লভপুর
৫।	অংশুমান্ গোপাল	ওঝাবনমালীদাস	,,	কুল্লাপাড়া
৬।	ভদ্রসেন গোপাল	সপ্তঠাকুর	নিত্যানন্দ	রোকোণপুর
৭।	বসন্ত গোপাল	মুরারী মহান্তি	চৈতন্য	বংশীটোটা
৮।	উজ্জ্বল গোপাল	গঙ্গাদাস	নিত্যানন্দ	নৈহাটী
৯।	কোকিল গোপাল	গোপাল ঠাকুর	,,	গৌরাঙ্গপুর
১০।	বিলাসী গোপাল	শিবাই	,,	বেলুন
১১।	পুণ্ডরী গোপাল	নন্দাই	,,	শালিগ্রাম
১২।	কনবিঙ্ক গোপাল	বিষ্ণাই	,,	ঝামটপুর

ইহাঁদেরও সন্তান, শাখা ও পরিবার আছেন।

চতুঃষষ্টি মহন্ত।

	পূর্ব্বলীলা	নবদ্বীপলীলা	শাখা	পাট
১।	নারদ	শ্রীবাস	চৈতন্য	নবদ্বীপ
২।	হনুমান্	মুরারি গুপ্ত	,,	,,
৩।	অঙ্গদ	পুরন্দর পণ্ডিত	,,	,,
৪।	সুগ্রীব	গোবিন্দানন্দ	,,	নবদ্বীপ
৫।	বশিষ্ঠ	গঙ্গাদাস পণ্ডিত	,,	বিদ্যানগর
৬।	বিভীষণ	রামচন্দ্রপুরী	,,	নবদ্বীপ
৭।	ঋচীক পুত্র (ব্রহ্মা)	হরিদাস ঠাকুর	,,	বুঢ়ন
৮।	বেদব্যাস মুনি	বৃন্দাবন দাস	নিত্যানন্দ	কুমারহট্ট
৯।	সঙ্কর্ষণ ব্যূহ	মীনকেতন রামদাস	,,	ঝামটপুর
১০।	প্রদ্যুম্ন ব্যূহ	শ্রীরঘুনন্দন	চৈতন্য	শ্রীখণ্ড
১২।	অনিরুদ্ধ ব্যূহ	বক্রেশ্বর পণ্ডিত	,,	গুপ্তিপাড়া
১২।	ব্রহ্মা	গোপীনাথাচার্য্য	,,	নবদ্বীপ

১৩। শুকদেব গোস্বামী	বল্লভ ভট্ট	চৈতন্য	কর্ণাট
১৪। গরুড়	গরুড় পণ্ডিত	,,	টোটাগ্রাম
১৫। শঙ্খনিধি	আচার্য্যরত্ন	,,	নবদ্বীপ
১৬। দুর্ব্বাসা	জগন্নাথ আচার্য্য	,,	শ্রীহট্ট
১৭। ইন্দ্রদ্যুম্ন	প্রতাপাদিত্য	,,	পুরীধাম
১৮। চন্দ্রকান্তি গন্ধর্ব্ব	গদাধর দাস	নিত্যানন্দ	এঁড়েদহ
(রাধার বিভূতি)			
১৯। বিশ্বামিত্র	বনমালী আচার্য্য	চৈতন্য	নবদ্বীপ
২০। অর্জ্জুন	রায় রামানন্দ	,,	পুরীধাম
(অর্জ্জুনী) বিশাখা			
২১। ভাগুরী	দেবানন্দ পণ্ডিত	,,	কুনিয়া
২২। চন্দ্রাবলী	সদাশিব	নিত্যানন্দ	কুমারহট্ট
২৩। ভদ্রা	শঙ্কর পণ্ডিত	চৈতন্য	পাহাড়পুর
(বিদুর)			
২৪। সব্যা	দামোদর পণ্ডিত	,,	অভিরামপুর
২৫। ললিতা	ধ্রুবানন্দ ব্রহ্মচারী	,,	রামচন্দ্রপুর
২৬। বিশাখা	স্বরূপ দামোদর	,,	নবদ্বীপ
(ইনি ললিতা ও রামরায় বিশাখা ইহাই বিশুদ্ধ সিদ্ধান্ত)			
২৭। চিত্রা	বনমালী কবিরাজ	,,	গরীফা
২৮। চম্পকলতা	রাঘব গোসাঁঞি	,,	রামনগর
২৯। তুঙ্গবিদ্যা	প্রবোধানন্দ সরস্বতী	,,	কাশী
৩০। ইন্দুরেখা	কৃষ্ণদাস ব্রহ্মচারী	,,	গুপ্তিপাড়া
৩১। রঙ্গদেবী	গদাধরভট্ট	,,	হনুমান্‌পুর
			(তৈলঙ্গ)
৩২। সুদেবী	অনন্তআচার্য্য	,,	অনন্তনগর
উপমহন্ত।			
৩৩। রত্নরেখা	কৃষ্ণদাস	,,	সাতগাছিয়া
(কুলীন ব্রাহ্মণ)			
৩৪। ধনিষ্ঠা	রাঘবপণ্ডিত	,,	পাণিহাটী
৩৫। মাধবী	মাধবাচার্য্য	নিত্যানন্দ	নন্দাপুর
৩৬। সুকেশী	মকরধ্বজ	,,	বড়গাছি
৩৭। মধুরা	বিদ্যাবাচস্পতি	চৈতন্য	কাঁউগাছি
৩৮। মধুরেক্ষণা	বলভদ্রভট্টাচার্য্য	,,	নবদ্বীপ
৩৯। কলকণ্ঠী	রামানন্দ বসু	,,	কুলীনগ্রাম
৪০। নান্দীমুখী	সারঙ্গঠাকুর	,,	মাউগাছি
৪১। সুকণ্ঠী	সত্যরাজ খাঁ	,,	কুলীনগ্রাম
৪২। মধুমতী	নরহরি সরকার	,,	শ্রীখণ্ড
৪৩। বীরা	শিবানন্দসেন	,,	কাঁচড়াপাড়া
৪৪। বৃন্দাদেবী	মুকুন্দদাস	,,	শ্রীখণ্ড
৪৫। কলাবতী	গোবিন্দঘোষ	,,	অগ্রদ্বীপ
৪৬। শ্রীপ্রেমমঞ্জরী	ভূগর্ভঠাকুর	,,	কাঞ্চননগর
৪৭। লীলামঞ্জরী	লোকনাথ গোস্বামী	,,	তালখড়ী
			(যশোর)
৪৮। রাসোল্লাসা	মাধবঘোষ	,,	দাঁইহাট
৪৯। গুণতুঙ্গা	বাসুঘোষ	চৈতন্য	তমলুক
৫০। রাগরেখা	শিখিমাহাতি	,,	বংশীটোটা
৫১। যজ্ঞপত্নী	শুক্লাম্বর ব্রহ্মচারী	,,	চাটিগ্রাম
৫২। চন্দ্রলতিকা	জগদীশপণ্ডিত	,,	যশোড়া
৫৩। রত্নাবলী	ভগবান্‌আচার্য্য	,,	মালীপাড়া
৫৪। গুণচূড়া	পরমানন্দসেন	চৈতন্য	কাঁচড়াপাড়া
	(কবিকর্ণপুর)		
৫৫। কর্পূরমঞ্জরী	রামাইঠাকুর	,,	বাঘনাপাড়া
৫৬। শ্যামমঞ্জরী	দ্বিজ হরিদাস	,,	ব্রহ্মপুর
৫৭। কামলেখা	ছোট হরিদাস	,,	বাখরগঞ্জ
৫৮। কামমঞ্জরী	নন্দনব্রহ্মচারী	,,	নবদ্বীপ
৫৯। কলভাষিণী	বাণীনাথ পণ্ডিত	,,	গাদিগাছি
৬০। কলকণ্ঠী	চিরঞ্জীবদাস	,,	শ্রীখণ্ড
৬১। খঞ্জনী	সুন্দরানন্দঠাকুর	,,	বরাহনগর
৬২। নীলকান্তি	নবাইহোড়	নিত্যানন্দ	রোকণপুর
৬৩। কলাপিনী	জগদানন্দ পণ্ডিত	,,	নবদ্বীপ
৬৪। সুকেশী	কংসারিসেন	,,	গুপ্তিপাড়া

দ্বাত্রিংশৎ উপমহন্ত।

পূর্ব্বলীলা	নবদ্বীপলীলা	শাখা	পাট
১। কলাবতী	সুলোচনঠাকুর	চৈতন্য	শ্রীখণ্ড
২। সৌরসেনী	ভাগবতাচার্য্য	নিত্যানন্দ	বরাহনগর
৩। ইন্দিরা	শ্রীজীবপণ্ডিত	,,	আকাইহাট
৪। মনোহরা	কবিচন্দ্র	চৈতন্য	আকনা
৫। কাত্যায়নী	শ্রীকান্তসেন	,,	গরিফা
৬। বংশী	বংশীদাস	,,	স্বরগ্রাম
৭। কুব্জা	কাশীমিশ্র	,,	পুরীধাম
৮। মালতী	যদুনাথ আচার্য্য	,,	চন্দ্রপুর
৯। কমলা	মুকুন্দঠাকুর	,,	রামচন্দ্রপুর
১০। চন্দ্রিকা	পরমানন্দগুপ্ত	,,	অম্বিকা
১১। সুধীরা	মাধবাচার্য্য	বিষ্ণুপ্রিয়া	নবদ্বীপ
১২। কস্তূরীমঞ্জরী	কৃষ্ণদাসকবিরাজ	নিত্যানন্দ	ঝামটপুর
১৩। নাগরী	দ্বিজ শুভানন্দ	চৈতন্য	শ্যামপুর
১৪। সুরঙ্গিণী	শ্রীধরব্রহ্মচারী	,,	পাঁচড়ানগর

১৫। কলহংসী	রঘুনাথ দ্বিজ	,,	ত্রিবেণী
১৬। সুমুখী	জগন্নাথ	,,	নপাড়া
১৭। শশীমুখী	সুবুদ্ধি মিশ্র	,,	অম্বিকা
১৮। সুরঙ্গিণী	শ্রীহর্ষ	,,	শান্তিপুর
১৯। সম্মোহিনী	কৃষ্ণদাস সরখেল	নিত্যানন্দ	অম্বিকা
২০। বিলাসিনী	শ্রীসুর পণ্ডিত	চৈতন্য	আলুড়
২১। গোপালিকা	গোপাল আচার্য্য	অদ্বৈত	শান্তিপুর
২২। গৌরশান্তি	যদুনন্দন	,,	ঘাটাল
২৩। বিমলাহাসী	শ্রীরামঠাকুর	চৈতন্য	শ্রীহট্ট
২৪। সুশীলা	গোবিন্দদত্ত	,,	সুখচর
২৫। বিদ্যুল্লতা	বিহারী কৃষ্ণদাস	নিত্যানন্দ	আটপুর
২৬। রত্নাবলী	হরিদাসহোড়	চৈতন্য	এঁড়েদহ
২৭। চিত্রাঙ্গী	শ্রীনাথ পণ্ডিত	,,	কাঁচড়াপাড়া
২৮। সুকপাণি	গালিম জগন্নাথ	নিত্যানন্দ	বাকলা চন্দ্রদ্বীপ
২৯। আহ্লাদিনী	পুরুষোত্তমব্রহ্মচারী	অদ্বৈত	জয়নগর
৩০। সুখময়ী	মধুপণ্ডিত	নিত্যানন্দ	সাক্রিবনগ্রাম
৩১। রসবতী	কাশীশ্বর	চৈতন্য	বল্লভপুর
৩২। প্রেমবতী	শঙ্করারণ্য	নিত্যানন্দ	চাতরাগ্রাম

ইঁহাদের সন্তান, শাখা ও পরিকর গৌড়ীয় বৈষ্ণবগণের সম্প্রদায়পোষক।

অষ্ট সখী।

১। ললিতা	শ্রীরূপ গোস্বামী
২। বিশাখা	শ্রীরামানন্দরায়
৩। সুমিত্রা	শ্রীশিবানন্দ সেন
৪। চম্পকলতা	শ্রীরাঘব পণ্ডিত
৫। রঙ্গদেবী	শ্রীগোবিন্দ ঘোষ
৬। সুন্দরী	শ্রীবাসুঘোষ
৭। তুঙ্গদেবী	শ্রীমাধব ঘোষ
৮। ইন্দুরেখা	শ্রীগোবিন্দানন্দ

নবমঞ্জরী

১। শ্রীরূপমঞ্জরী	শ্রীরূপ গোস্বামী
২। জীবমঞ্জরী	শ্রীসনাতন গোস্বামী
৩। শ্রীঅনঙ্গমঞ্জরী	শ্রীগোপালভট্ট গোস্বামী
৪। শ্রীরসমঞ্জরী	শ্রীরঘুনাথ দাস গোস্বামী
৫। শ্রীবিলাসমঞ্জরী	শ্রীজীব গোস্বামী
৬। প্রেমমঞ্জরী	শ্রীভূগর্ভ গোস্বামী
৭। রাগমঞ্জরী	শ্রীরঘুনাথভট্ট গোস্বামী
৮। লীলামঞ্জরী	শ্রীলোকনাথ গোস্বামী
৯। কস্তূরীমঞ্জরী	শ্রীকৃষ্ণদাস গোস্বামী

অষ্ট কবিরাজ।

কৃষ্ণলীলা	গৌরলীলা
১। সুলোচনা	রামচন্দ্র কবিরাজ
২। ভাণ্ডোদরী	গোবিন্দ কবিরাজ
৩। গোপালী	কর্ণপুর কবিরাজ
৪। সুচণ্ডিকা	নরসিংহ কবিরাজ
৫। সরস্বতী	ভগবান্ কবিরাজ
৬। বালা	বল্লভদাস কবিরাজ
৭। সুতারা	গোকুলচন্দ্র কবিরাজ
৮। কস্তূরী	কৃষ্ণদাস কবিরাজ

অতঃপর গৌড়ীয় বৈষ্ণব ক্ষেত্রে তিনটী সরিৎধারা পূর্ব্ব প্রাপ্ত প্রেমভক্তিসুধায় পরিপুষ্ট হইয়া বঙ্গে ও উৎকলে প্রবাহিত হয়। ইহাঁরা শ্রীনিবাসাচার্য্য প্রভু, নরোত্তম ঠাকুর মহাশয়, এবং শ্রীমৎশ্যামানন্দ নামে সুপ্রসিদ্ধ। শ্রীনিবাস আচার্য্য প্রভু ও ঠাকুর মহাশয় ইঁহারা বঙ্গদেশে ভক্তিরস বিতরণ করেন। শ্যামানন্দের দ্বারা সমগ্র উৎকল প্রেমভক্তির সুধা-ধারায় পরিষিক্ত হইয়াছিল। ঠাকুর মহাশয় কায়স্থকুলে জন্ম গ্রহণ করিয়াও ব্রাহ্মণাদির গুরু হইয়াছিলেন। ইঁহার ব্রাহ্মণ পরিকর এখনও মুর্শিদাবাদে ও ঢাকা জেলার বেতিলা গ্রামে বর্ত্তমান। ইঁহারা বারেন্দ্র ব্রাহ্মণ। [ইহাঁর সবিশেষ বিবরণ নরোত্তম শব্দে দ্রষ্টব্য। শ্রীনিবাস আচার্য্য প্রভু ও শ্যামানন্দের বিবরণ তত্তৎশব্দে দ্রষ্টব্য।]

প্রচার-প্রণালী

দীক্ষা, গুরূপদেশ ও শাস্ত্রপাঠ, সাধারণতঃ এই সকল উপায়েই ধর্ম্মপ্রচার হইয়া থাকে। কিন্তু উক্ত উপায়ের প্রচারকার্য্য অতি ধীরে ধীরে হয়। অদ্ভুত ব্যাপার বা অত্যন্ত প্রীতিজনক কিছু না দেখিতে পাইলে লোকের চিত্ত তাহাতে সহসা আকৃষ্ট হয় না। শ্রীগৌরাঙ্গের প্রবর্ত্তিত ধর্ম্মে সমাজের সকল শ্রেণীর লোকই সহসা সমভাবে আকৃষ্ট হইয়াছিল। ইহাতে সার্ব্বভৌমের ন্যায় ভুবনবিজয়ী পণ্ডিত, প্রকাশানন্দের ন্যায় কাশীবাসী মায়াবাদী সন্ন্যাসিকুলগুরু যেরূপ আকৃষ্ট হইয়াছিলেন, আবার মুসলমানধর্ম্মনিষ্ঠ নিরক্ষর দুর্ব্বিনীত পাঠান-সৈন্য বিজলী খাঁ প্রভৃতিও শ্রীগৌরাঙ্গচরণে সেইরূপ আকৃষ্ট হইয়াছিল। অতি সামান্য কুটীরবাসী, অকিঞ্চন খোলাবেচা শ্রীধর এবং বিপক্ষ নৃপতিকুলের কালাগ্নিরুদ্রস্বরূপ মহারাজাধিরাজ প্রতাপরুদ্র—এই উভয় প্রকার লোকই সমভাবে শ্রীগৌরাঙ্গের পাদপদ্মে আত্মসমর্পণ করিয়াছিলেন। এমন কি নবদ্বীপের শাসনকর্ত্তা চাঁদকাজি এবং গৌড়ের শাসনকর্ত্তা হোসেন শাহাও শ্রীগৌরাঙ্গের প্রতি দেবলভ্য ভক্তি প্রদর্শন করিতেন। দীনাতিদীন ধর্ম্মপ্রাণ ভিক্ষু এবং অতি দুর্দ্ধর্ষ সমগ্র

নবদ্বীপের ভয়স্বরূপ জগাই মাধাই, এই বিপরীত ভাবাপন্ন সর্ব্বশ্রেণীর লোক সকল যুগপৎ শ্রীগৌরাঙ্গের চরণে আকৃষ্ট হইলেন। তীক্ষ্ণবুদ্ধি নৈয়ায়িক রঘুনাথ, সরলবুদ্ধি বিষ্ণুভক্ত শ্রীবাস, রাজনীতির কুটিল পণ্ডিত শ্রীপাদসনাতন, আবার সংসারজ্ঞানলেশাভাসপরিশূন্য গোপালভট্ট এবং রঘুনাথ ভট্ট মন্ত্রমুগ্ধের ন্যায় মহাপ্রভুর শরণগ্রহণ করিলেন, বিপুল জমিদারীর অধীশ্বর যুবক রঘুনাথ দাস, রাজা রামানন্দ, গৌড়বাদশাহ হোসেন শাহের দক্ষিণহস্তস্বরূপ শ্রীসনাতন ও রূপ শ্রীগৌরাঙ্গের শ্রীচরণনখপ্রভা দর্শনমাত্রই আকুল হইয়া উঠিলেন, বিষয়সুখ ঘৃণাস্বরূপ ও বন্ধনস্বরূপ মনে করিয়া সহসা সংসার ত্যাগ করিলেন এবং শ্রীগৌরাঙ্গচরণে আত্মসমর্পণ করিয়া কৃতার্থ হইলেন। শ্রীগৌরাঙ্গের অলৌকিক আকর্ষণ—তাঁহাতে অলৌকিক ঐশ্বর্য্য ও মাধুর্য্যের অদ্ভুত সংমিশ্রণই এই বিশাল ব্যাপারের একমাত্র কারণ বলিয়া মনে হয়। শ্রীগৌরাঙ্গশশীর উদয়ে অতি অল্পসময়ের মধ্যেই এদেশে এইরূপে অভিনব ধর্ম্মের বিশাল বিপুল সমুদ্রতরঙ্গ পরিলক্ষিত হইয়াছিল। শ্রীগৌরাঙ্গের অলৌকিক সৌন্দর্য্য, তাঁহার সুতীক্ষ্ণ প্রতিভা, তাঁহার অলোকসামান্য পাণ্ডিত্যপ্রকর্ষ, তাঁহার স্বভাবসুলভ মধুর বাক্যালাপ প্রভৃতি গুণ চিত্তাকর্ষক ছিল। এরূপ গুণের স্ফূর্ত্তি কচিৎ কুত্রচিৎ পরিলক্ষিত হইতেও পারে, কিন্তু কেবল এই সকল গুণই এমন বিশাল পরিবর্ত্তনস্রোতঃ প্রতিকূলঅবস্থাসম্পন্ন সমাজে আনয়ন করিতে পারে না। শ্রীগৌরাঙ্গকে দর্শন করিলেই ভক্তগণের মনে একটী প্রবলতর ভক্তিভাব অনুভূত হইত। শ্রীমদ্‌বল্লভাচার্য্য বিষ্ণুস্বামিসম্প্রদায়ের একজন প্রধান আচার্য্য। উক্ত সম্প্রদায়ের ব্যক্তিগণ, তাঁহাকে ভগবদবতারের ন্যায় মান্য করেন, তিনি মহাপ্রভুর দর্শনপ্রাপ্তিমাত্রই বলিলেন—

"তোমারে দেখিয়ে যেন সাক্ষাৎ ভগবান্।
ব্রজেন্দ্রনন্দন তুমি ইথে নহে আন॥
কলিকালে ধর্ম্ম কৃষ্ণনাম সঙ্কীর্ত্তন।
কৃষ্ণশক্তি বিনে নহে তার প্রবর্ত্তন॥
তাহা প্রবর্ত্তাইলে তুমি এইত প্রমাণ।
কৃষ্ণশক্তি ধর তুমি ইথে নহে আন॥
জগতে করিলে কৃষ্ণনাম প্রকাশে।
যেই তোমা দেখে, সেই কৃষ্ণপ্রেমে ভাসে॥
প্রেমপরকাশ নহে কৃষ্ণশক্তি বিনে।
কৃষ্ণ এক প্রেমদাতা, শাস্ত্রের প্রমাণে॥"

(অন্ত্যলীলা—৭ম পরিচ্ছেদ)

আমরা এখানে অতি সংক্ষেপে তৎকালের অপর সম্প্রদায়াচার্য্য একজন মহানুভাব মহাভাগবতের মুখে শ্রীগৌরাঙ্গধর্ম্মপ্রচারের আদ্য ইতিহাস প্রাপ্ত হইলাম। মহাপ্রভুকে দেখিলেই হৃদয়ে কৃষ্ণপ্রেমের উদয় হইত। তিনি তাঁহার ভক্তগণের মধ্যেও এই শক্তি সঞ্চার করিয়াছিলেন। তাঁহার ভুবনপাবন ভক্তগণও এই শক্তিতে শক্তিমান্ হইয়া উঠিয়াছিলেন। ভক্তির শক্তিও ব্যাপকতাবিষয়ে তাড়িতশক্তির ন্যায়। ভক্তিময় শ্রীগৌরভক্তগণ সমগ্রদেশে সহসা এই নবধর্ম্মভাব প্রচার করিতে সমর্থ হইয়াছিলেন।

শ্রীমন্মহাপ্রভু সংসারাশ্রমে অবস্থানের সময়েই এই কার্য্য সাধনের জন্য একটী অভিনব উপায় উদ্ভাবিত করিয়াছিলেন। এই উপায়টী—নামসঙ্কীর্ত্তন। আমরা এখন যে গ্রামে গ্রামে গৃহে গৃহে খোলকরতাল সহ নামসঙ্কীর্ত্তন শুনিয়া পরমানন্দ লাভ করি, ইহা শ্রীগৌরাঙ্গের উদ্ভাবিত এবং তাঁহাকর্ত্তৃকই প্রবর্ত্তিত। শ্রীমদ্ভাগবতের একাদশ স্কন্ধে জনককরভাজনসংবাদে কলিকালের উপাসনাপ্রণালী সম্বন্ধে প্রশ্নোত্তরে লিখিত হইয়াছে—

শ্রীনাম-সঙ্কীর্ত্তন

"কৃষ্ণবর্ণং ত্বিষা কৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদং।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ।

(একাদশ ৫।২৯)

অর্থাৎ কলিতে ইনি স্বকীয় পরমানন্দবিলাসস্মরণোল্লাস বশতঃ স্বীয় পার্ষদাদির সহ কৃষ্ণনাম কীর্ত্তন করেন অথবা ইনি কৃষ্ণবর্ণ হইলেও কলিতে পীতবর্ণ এবং সুবুদ্ধিজনগণ সঙ্কীর্ত্তনরূপে যজ্ঞে ইহার যজন করেন।

শ্রীগৌরাঙ্গচন্দ্রের আবির্ভাবেই শ্রীভাগবতের এই শ্লোকটী সার্থক হইয়াছে। শ্রীমদ্ বৃন্দাবন দাস শ্রীচৈতন্য ভাগবতে নিত্যানন্দের বন্দনায় লিখিয়াছেন—

"আজানুলম্বিতভুজৌ কনকাবদাতৌ
সঙ্কীর্ত্তনৈকপিতরৌ কমলায়তাক্ষৌ।
বিশ্বম্ভরৌ দ্বিজবরৌ যুগধর্ম্মপালৌ
বন্দে জগৎপ্রিয়করৌ করুণাবতারৌ॥"

এস্থলে শ্রীগৌরনিত্যানন্দকেই সঙ্কীর্ত্তনের একমাত্র পিতৃস্বরূপ বলিয়া বর্ণিত করা হইয়াছে। শ্রীগৌরাঙ্গমহাপ্রভুর আদ্যলীলালেখক শ্রীমুরারিগুপ্ত কর্ত্তৃক তদীয় শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতে সঙ্কীর্ত্তন প্রবর্ত্তনের এক আখ্যান লিখিত আছে। উহার মর্ম্ম এইরূপ —গয়া হইতে আগমনের পর মহাপ্রভু প্রায়শঃই দিনযামিনী কৃষ্ণপ্রেমে বিহ্বল থাকেন, এই সময়ে তিনি কৃষ্ণকীর্ত্তনের আরম্ভ করেন, যথা—

"ননর্ত্ত স জগৌ কৃষ্ণগীতং হরিপরায়ণৈঃ।
রাত্রৌ রাত্রৌ দিবা প্রেম্না পুলকাঞ্চিতবিগ্রহঃ॥"

মহাপ্রভু এইরূপে দিনযামিনী অতিবাহিত করিতে লাগি-

লেন, এক দিবস তিনি নির্জ্জনে বসিয়া স্বকীয় কর্ত্তব্যতা ভাবিতে ভাবিতে বিস্মিত হইয়া পড়িলেন, এবং তখনই হঠাৎ একটা দৈববাণী শুনিতে পাইলেন—

অবতীর্ণোঽসি ভগবান্ লোকানাং প্রেমসিদ্ধয়ে।
খেদং মা কুরু যজ্ঞোঽয়ং কীর্ত্তনাখ্যঃ ক্ষিতৌ কলৌ।
তৎপ্রসাদাৎ সুসম্পন্নো ভবিষ্যতি ন সংশয়ঃ।
এবং শ্রুত্বা গিরৌ দেব্যা হর্ষযুক্তো বভূব সঃ॥

(২য় অধ্যায় ২য়সর্গঃ)

অতঃপর তিনি ভক্তগণকে উপদেশ দান করেন—

দ্রুতচিত্তো গদ্‌গদ্‌বাক্ রোদিত্যুলং হসত্যপি।
নৃত্যত্যুলং গায়তি চ মদ্ভক্তো ভুবন ত্রয়ং॥
পুনাতি পাতি সততং সর্ব্বাপদ্‌ভ্যো দিবানিশম্।
ইত্যুক্ত্বা হৃষ্টমনসা ননর্ত্ত স্বজনৈঃ সহ।
শ্রীমদ্ বিশ্বম্ভরো দেবো নিজভক্তিপ্রকাশকঃ॥

অর্থাৎ আমার ভক্ত প্রেমদ্রুতচিত্ত, গদ্‌গদ্ ভাষী, তিনি কাঁদেন, কখন হাসেন,কখন কীর্ত্তন করেন,কখন বা নৃত্য করেন, এইরূপে তিনি ত্রিভুবনকে পবিত্র করেন এবং সর্ব্ব বিপদ হইতে রক্ষা করেন, ইহাই শ্রীভগবানের উক্তি সুতরাং কৃষ্ণকীর্ত্তনই একমাত্র কর্ত্তব্য। শাস্ত্র বলেন—

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলং।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা।

মহাপ্রভু এইরূপে কলির ধর্ম্ম ও নামমাহাত্ম্য ঘোষণা করিয়া নামসঙ্কীর্ত্তনের উপদেশ করিয়াছিলেন। শ্রীচৈতন্যভাগবতে মহাপ্রভুর কীর্ত্তনপ্রচারের উপদেশ এইরূপ—

পড়িলাম্ শুনিলাম্ এতকাল ধরি।
কৃষ্ণের কীর্ত্তন কর পরিপূর্ণ করি॥
শিষ্যগণ বলেন "কেমন সঙ্কীর্ত্তন।"
আপনে শিখায় প্রভু শ্রীশচীনন্দন॥
হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ।
গোপাল গোবিন্দরাম শ্রীমধুসূদন॥
দিশা দেখাইয়া প্রভু হাতেতালি দিঞা।
আপনে কীর্ত্তন করে শিষ্যগণ লৈঞা॥
আপনে কীর্ত্তন নাথ করয়ে কীর্ত্তন।
চৌদিকে বেড়িয়া গায় সব শিষ্যগণ॥
আবিষ্ট হইয়া প্রভু নিজ নামরসে।
গড়াগড়ি যায় প্রভু ধূলায় আবেশে॥
"বোল্ বোল" বলি প্রভু চতুর্দ্দিকে পড়ে।
পৃথিবী বিদীর্ণ হয় আছাড়ে আছাড়ে॥

শ্রীগৌরাঙ্গের প্রবর্ত্তিত ধর্ম্মের এই একটী প্রধান বিশিষ্টতা। ভজনগানাদি ইতঃপূর্ব্বে অন্যান্য সম্প্রদায়েও ছিল। কিন্তু এরূপ তরঙ্গতুফানময় সঙ্কীর্ত্তন ইহার পূর্ব্বে আর ছিল না। শিব পঞ্চমুখে গাল বাজাইয়া হরিনাম করিতেন, নারদ তুম্বুরু বাজাইতেন,বীণাস্বরে গান করিতেন, এ সকল কথা পুরাণনিবন্ধে দেখিতে পাওয়া যায়। কিন্তু পাঁচহাজার দশহাজার লোক একত্র সমবেত ও একভাবে অনুপ্রাণিত হইয়া একগানের একতানে প্রেমভক্তির সমুদ্রতরঙ্গের সৃষ্টি করিয়া তোলার প্রণালী কেবল শ্রীগৌরাঙ্গেরই প্রবর্ত্তিত। এ তরঙ্গে মহৎ ক্ষুদ্র ব্রাহ্মণ শূদ্র সকলেই সমভাবে আকৃষ্ট হইতেন, এমন কি মুসলমান পর্য্যন্ত এই মহাসঙ্কীর্ত্তনে আসিয়া কৃষ্ণ কৃষ্ণ বলিয়া প্রেমোন্মাদে নৃত্য করিতেন। জনসাধারণের প্রতি তাঁহার উপদেশ এই—

দশ পাঁচে মিলি নিজ দুয়ারে বসিয়া।
কীর্ত্তন করিহ সভে হাতে তালি দিয়া॥
"হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ।
গোপাল গোবিন্দরাম শ্রীমধুসূদন॥"
কীর্ত্তন কহিল এই তোমাসভাকার।
স্ত্রীয়ে পুত্রে বাপে মিলি কর গিয়া সার॥

* * * *

সন্ধ্যা হৈলে আপনে দুয়ারে সভে মিলি।
কীর্ত্তন করেন সভে দিয়া করতালি॥
এই মতে নগরে নগরে সঙ্কীর্ত্তন।
করাইতে লাগিলেন শচীর নন্দন॥

এই সময়েও লোকের ঘরে মৃদঙ্গমন্দিরা প্রভৃতি বাদ্যযন্ত্র থাকিত, লোকে দুর্গোৎসবাদিতে উহা লইয়া আমোদ করিত। কিন্তু মহাপ্রভুর আবির্ভাবে এই বাদ্যযন্ত্রাদি সঙ্কীর্ত্তনে ব্যবহৃত হইতে লাগিল। শ্রীমদ্ বৃন্দাবনদাস তদীয় গ্রন্থে নামসঙ্কীর্ত্তনের গৌরবপ্রভাব বিস্তারিতরূপে বর্ণনা করিয়াছেন। সেই সময়ে নবদ্বীপের অনন্তবৈভব সঙ্কীর্ত্তনের মহামহোৎসবে প্রতিফলিত হইত, সমগ্র রাজধানী হরিনাম সঙ্কীর্ত্তনে টলমল করিয়া উঠিত, আর লোকের হৃদয়ে হৃদয়ে তাড়িতপ্রবাহের ন্যায় কীর্ত্তনজনিত ভক্তিস্রোত প্রবাহিত হইত।

এই সময়ে নাম-প্রচারের জন্য মহাপ্রভু শ্রীমন্নিত্যানন্দ ও বৃদ্ধ হরিদাসের প্রতি উপদেশ করিয়াছিলেন। যথা—

শুন শুন নিত্যানন্দ শুন হরিদাস।
সর্ব্বত্র আমার আজ্ঞা করহ প্রকাশ॥
প্রতি ঘরে ঘরে গিয়া কর এই ভিক্ষা।
কৃষ্ণভজ কৃষ্ণবোল কর কৃষ্ণশিক্ষা॥
ইহা বই আর না বলিবা বোলাইবা।
দিন অবসানে আসি আমারে কহিবা॥

* * * *

আজ্ঞা পাঞা দুইজন বোলে ঘরে ঘরে।
"বোল কৃষ্ণ, গাও কৃষ্ণ ভজহে কৃষ্ণেরে॥
কৃষ্ণ প্রাণ, কৃষ্ণ ধন, কৃষ্ণ সে জীবন।
হেন কৃষ্ণ বল ভাই হৈয়া একমন॥

নিত্যানন্দ ও হরিদাসের নাম-প্রচারে, ঘরে ঘরে নামসঙ্কীর্ত্তন প্রথা প্রচারিত হইল, ইহার সঙ্গে সঙ্গে সর্ব্বদা কৃষ্ণনামকরণ ও নিয়ত কৃষ্ণপ্রতি প্রগাঢ় ভক্তিপ্রদর্শন অতি সত্বরে সমগ্র নদীয়ায় প্রচারিত হইল, জগাইমাধাইএর ন্যায় দুইটী ভয়ঙ্কর দস্যু ভগবদ্ভক্তির সুধাধারায় পরিষিক্ত হইয়া মহাভাগবতভাব প্রাপ্ত হইলেন, এমন কি নামসঙ্কীর্ত্তনের বন্যা প্রবাহে, নদীয়ায় মুসলমান-শাসনকর্ত্তা চাঁদকাজী পর্য্যন্ত কৃতার্থ হইয়াছিলেন। নামসঙ্কীর্ত্তনেই শ্রীগৌরাঙ্গমহাপ্রভুর ধর্ম্মপ্রবর্ত্তন এবং ইহা হইতেই এই ধর্ম্মের বিস্তৃতি। এখনও বঙ্গ, উৎকল ও বৃন্দাবনাদি স্থানের ঘরে ঘরে এই নামসঙ্কীর্ত্তন প্রবলরূপে প্রচলিত রহিয়াছে। ভারতের সুদূরপ্রান্তে সৌরাষ্ট্রের অরণ্য মধ্যে এবং মণিপুরের পর্ব্বতকন্দরে গৌরনিত্যানন্দের নামকীর্ত্তন সহ মৃদঙ্গ-করতালির ধ্বনিতে কাননের বিহগগণ জাগিয়া উঠে। হিমালয় হইতে কুমারিকা পর্য্যন্ত এবং পঞ্জাব হইতে ব্রহ্মদেশ পর্য্যন্ত সর্ব্বত্রই ন্যূনাধিক পরিমাণে নামসঙ্কীর্ত্তন বিস্তৃত হইয়া পড়িয়াছে, এমন কি পৃথিবীর অপর খণ্ড আমেরিকা পর্য্যন্তও শ্রীগৌরাঙ্গের নাম কীর্ত্তন আরম্ভ হইয়াছে। অধুনা ব্রাহ্ম খৃষ্টান প্রভৃতিও এই প্রথা অবলম্বন করিয়াছেন। যুগধর্ম্মপ্রবর্ত্তকের নাম সঙ্কীর্ত্তন প্রথা এখন সমগ্রজগতে অবলম্বিত হইয়াছে। শ্রীগৌরাঙ্গলীলা এই নামসঙ্কীর্ত্তনের এক অভিনব বিপুল ইতিহাস।

শ্রীমন্মহাপ্রভু সদাচারের সাক্ষাৎ সমুজ্জ্বল বিগ্রহ। তাঁহার আদেশে শ্রীপাদ সনাতন হরিভক্তিবিলাস গ্রন্থ লিখিয়া বৈষ্ণব সদাচার বিধান করিয়াছেন, উহাতে বাহ্যশুদ্ধি ও আন্তর শুদ্ধির অতি উৎকৃষ্ট বিধান আছে। এরূপ শাস্ত্রসম্মত সদাচার অপর সম্প্রদায়ে অতি বিরল। হরিভক্তি-বিলাসে চিত্তশুদ্ধির নিমিত্ত বহুল উপায় বিহিত হইয়াছে। এই গ্রন্থে গুরুপদাশ্রয় দীক্ষা, প্রাতঃস্মৃতি-কৃত্য দীক্ষা, শৌচ, আচমন, দণ্ডধারণ, স্নান, সন্ধ্যাবন্দন, গুরু-সেবা, উর্দ্ধপুণ্ড্র ও চক্রাদি ধারণ, মালাধারণ, তুলসীচয়ন, দেবগৃহ সংস্কার, কৃষ্ণপ্রবোধন, পঞ্চ ষোড়শ পঞ্চাশৎ উপচারে ভগবদর্চ্চন, পঞ্চকাল পূজা, আরতি, কৃষ্ণের ভোজন ও শয়ন, তীর্থ-যাত্রার প্রয়োজন, কৃষ্ণমূর্ত্তিদর্শন, নামমহিমা, নামাপরাধবর্জ্জন, বৈষ্ণবলক্ষণ, জপ, স্তুতি, পরিক্রমা, দণ্ডবৎ, বন্দন, প্রসাদভক্ষণ, অনিবেদিতত্যাগ, বৈষ্ণবনিন্দাবর্জ্জন, সাধুলক্ষণ, সাধুসঙ্গ, সাধুসেবা, অসৎসঙ্গত্যাগ, ইন্দ্রিয়দমন, শ্রীভাগবতশ্রবণ এবং একাদশ্যুপবাসাদি ব্রতপালন; অতি বিস্তৃতরূপে এই গ্রন্থে লিখিত হইয়াছে। শমদম বৈরাগ্যাদির পরাকাষ্ঠা প্রদর্শিত হইয়াছে। ইন্দ্রিয়পরায়ণতার মূলোচ্ছেদ করিয়া ভগবল্লাভের নিমিত্ত কি প্রকারে বৈরাগ্য অবলম্বন করিতে হয় এই গ্রন্থে তাহার বিস্তৃত উপদেশ প্রদত্ত হইয়াছে। সত্যবাক্য, অসৎকর্ম্মত্যাগ, ইন্দ্রিয়সংযম প্রভৃতি অতি প্রয়োজনীয় বলিয়া উপদিষ্ট হইলেও বৈষ্ণবধর্ম্মে এই সকল ব্যাপার বহিরঙ্গ। ভগবদুপাসনার নিমিত্ত চিত্তভূমিকে প্রস্তুত করাই এই সম্প্রদায়ের সার উপদেশ। ভক্তিরসামৃতসিন্ধুতে এ বিষয়ে দার্শনিকপ্রণালীতে অতি উচ্চ উপদেশ প্রদত্ত হইয়াছে। এই গ্রন্থখানিও বৈষ্ণবাচারের স্মৃতিগ্রন্থের সহিত অবশ্য পাঠ্য। শ্রীচৈতন্যচরিতামৃতেও সংক্ষেপতঃ এই উভয় গ্রন্থের মর্ম্ম উল্লিখিত হইয়াছে। এই সম্প্রদায়ের সদাচার হিন্দুশাস্ত্রের সারস্বরূপ।

সদাচার

ঊর্দ্ধপুণ্ড্রাদিতিলকধারণ, কণ্ঠে তুলসীমালাধারণ এবং জপার্থে তুলসীমালার ব্যবহার এই সম্প্রদায়ের বৈষ্ণব চিহ্ন। হরিভক্তি-বিলাসের চতুর্থবিলাসে ঊর্দ্ধপুণ্ড্রাদিধারণের বিধি ও মাহাত্ম্য সবিস্তার বর্ণিত আছে। কেশবাদি নাম উচ্চারণপূর্ব্বক ললাটে, উদরে, বক্ষঃস্থলে, কণ্ঠে, উভয় পার্শ্বে, উভয় বাহুতে, উভয় স্কন্ধে, পৃষ্ঠে ও কটিতে দ্বাদশ তিলক বিহিত আছে। স্থানভেদে তিলকাঙ্কনের মন্ত্র-কেশবাদি নাম। যথা—

বৈষ্ণব-চিহ্ন

ললাটে কেশবং ধ্যায়েন্নারায়ণমথোদরে।
বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠকূপকে॥ ইত্যাদি।

এইরূপ ন্যাসের সম্প্রদায়ানুসারে পার্থক্যও দৃষ্ট হয়। তিলক-ধারণ অবশ্য কর্ত্তব্য, না করিলে প্রত্যবায় আছে। দশাঙ্গুল প্রমাণ ঊর্দ্ধপুণ্ড্র করাই উত্তম। ঊর্দ্ধপুণ্ড্রের মধ্যে ছিদ্র রাখা হয়। সম্প্রদায়ানুসারে তিলক করার বিধান আছে, যথা—

"সাম্প্রদায়িকশিষ্টানামাচারাচ্চ যথারুচিঃ।
শঙ্খচক্রাদিচিহ্নানি সর্ব্বেষ্বঙ্গেষু ধারয়েৎ।
ভক্ত্যা নিজেষ্টদেবস্য ধারয়েল্লক্ষণান্যপি॥"

এই বচন অনুসারে কপালে বক্ষে বাহুতে ইত্যাদি স্থলে শ্রীপাদপদ্মচিহ্ন ও শঙ্খচক্রাদি চিহ্নাঙ্কিত মুদ্রায় তিলক চিহ্ন মুদ্রিত হয়। গৌড়ীয় বৈষ্ণবগণের মধ্যে অনেকেই রামকৃষ্ণ-নামাঙ্কিত অথবা "শ্রীগৌরাঙ্গ" "শ্রীগৌরনিত্যানন্দ" প্রভৃতি নামাঙ্কিত মুদ্রাধারণ করেন। হরিভক্তিবিলাসে লিখিত আছে—

"মুদ্রাভগবন্নামাঙ্কিতা বাষ্টক্ষরাদিভিঃ।"

তিলকধারণের নিমিত্ত গোপীচন্দনই প্রশস্ত। ললাটের তিলক-নিয়ম,—

আরভ্য নাসিকামূলং ললাটান্তং লিখেন্মৃদা।
নাসিকায়াস্ত্রয়োভাগা নাসামূলং প্রচক্ষতে।
সমারভ্য ভ্রুবোর্মূলমন্তরালং প্রকল্পয়েৎ॥
নিরন্তরালং যঃ কুর্য্যাদূর্দ্ধপুণ্ড্রং দ্বিজাধমঃ।
স হি তত্র স্থিতং বিষ্ণুং লক্ষ্মীঞ্চৈব ব্যপোহতি॥

অর্থাৎ নাসিকার মূল হইতে আরম্ভ করিয়া ললাটের শেষ পর্য্যন্ত মৃত্তিকা লেপন করিবে। নাসিকার তিনভাগপরিমিত স্থান নাসামূল বলিয়া অভিহিত, ভ্রূদ্বয়ের মূল হইতে আরম্ভ করিয়া মধ্যে ছিদ্র করিবে। বিষ্ণু ও লক্ষ্মীর স্থিতির জন্য মধ্যে হরিমন্দির নির্ম্মাণ করা প্রয়োজনীয়। সম্প্রদায় অনুসারে নাসাগ্রভাগে তিলকরচনার বিভিন্নতা দৃষ্ট হয়। কেহ হরিচরণাকৃতি, কেহ নূপুরাকৃতি প্রভৃতিবৎ তিলক রচনা করেন। কেহ বা নাসাগ্রভাগে চম্পককলিকাবৎ তিলকাঙ্কন করিয়া থাকেন। এইরূপে নাসাগ্রে তিলকরচনার বহুল বিভিন্নতা আছে। কিন্তু অশ্বত্থপত্র, বেণুপত্র, পদ্মকুট্মলসদৃশ তিলকাঙ্কন বক্ষঃস্থলাদিতে নিষিদ্ধ। যথা—

অশ্বত্থপত্রসঙ্কাশো বেণুপত্রাকৃতিস্তথা।
পদ্মকুট্মলসঙ্কাশো মোহনং ত্রিতয়ং স্মৃতম্॥

টীকাতে লিখিত হইয়াছে—

"অশ্বত্থপত্রাকারাদিকং বক্ষঃস্থলাদৌ ন বিধেয়মিতি।"

অর্থাৎ অশ্বত্থপত্রাদিবৎ তিলকাঙ্কন বক্ষঃস্থলাদিতে বিধেয় নহে।

কণ্ঠে তুলসীমালা ধারণ এই সাম্প্রদায়িক বৈষ্ণবগণের একান্ত কর্ত্তব্য। ধাত্রীমালাধারণেরও নিয়ম আছে, যথা—

ধাত্রীফলকৃতা মালা তুলসীকাষ্ঠসম্ভবা।
দৃশ্যতে যস্য দেহে তু স বৈ ভাগবতোত্তমঃ॥

গৃহী ও উদাসীন বৈষ্ণবগণ মস্তকে শিখাধারণ করেন। শুভ্র বস্ত্র পরিধান করাই গৌড়ীয় বৈষ্ণবগণের রীতি। শাস্ত্র এই যে—

শুক্লবাসা ভবেন্নিত্যং রক্তঞ্চৈব বিবর্জ্জয়েৎ। (অঙ্গিরা)

অপিচ—অধৌতং কারুধৌতং বা পরেদ্যু র্ধৌতমেব বা।
কাষায়ং মলিনং বস্ত্রং কৌপীনঞ্চ পরিত্যজেৎ॥

সুতরাং কাষায়বস্ত্র পরিধান করা এই সম্প্রদায়ের বিরুদ্ধ। বস্ত্রাদি সম্বন্ধে আরও বহুল বিধান কীর্ত্তিত হইয়াছে। কিন্তু আবিকবস্ত্র (মেষলোমজাত বস্ত্র) সততই শুচি বলিয়া সমাদৃত, যথা—

আবিকন্তু সদা বস্ত্রং পবিত্রং রাজসত্তম।
পিতৃদেবমনুষ্যাণাং ক্রিয়ায়াঞ্চ প্রশস্যতে॥
ধৌতাধৌতং তথা দগ্ধং সন্ধিতং রজকাহৃতং।
শুক্রমূত্রাক্তলিপ্তং তথাপি পরমং শুচি॥

এই নিমিত্ত এই সম্প্রদায়ের বৈষ্ণবগণ প্রায়শঃই মেষলোম-নির্ম্মিত বস্ত্র রাখিয়া থাকেন।

উপাস্য দেবতা।

"কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং" শ্রীভাগবতপুরাণের এই সিদ্ধান্তানুসারে শ্রীকৃষ্ণই এই সম্প্রদায়ের উপাস্য দেবতা। রাধাকৃষ্ণ ও শ্রীগৌরাঙ্গ এই সম্প্রদায়ের নিকট অভিন্নতত্ত্ব।

নিষ্ঠানুসারে কেহ রাধাকৃষ্ণ যুগল কেহ বা শ্রীগৌরাঙ্গের অর্চ্চনা করিয়া থাকেন। শ্রীশ্রীরাধাকৃষ্ণ যুগলমূর্ত্তি প্রায় সকল স্থলে দেখিতে পাওয়া যায়। শ্রীগৌরাঙ্গের শ্রীমূর্ত্তি অর্চ্চনা সর্ব্বত্র দেখা যায় না। পৌরাণিক উপাস্য দেবতার অর্চ্চনাপদ্ধতি যেমন সহজে প্রবর্ত্তিত ও গৃহীত হয়, অভিনবাবির্ভূত শ্রীভগবান্ তত সহজে গৃহীত হন না। কিন্তু তথাপি আমরা এখন অনেক স্থলেই শ্রীশ্রীরাধাকৃষ্ণ যুগল ও শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ বিগ্রহ একই আসনে পূজিত হইতে দেখিতে পাই। শ্রীগৌরাঙ্গ শশী যে দিন নদীয়াতে প্রকাশ পাইলেন, সেই দিন হইতেই শ্রীবাস পণ্ডিত ও তাঁহার ভ্রাতৃগণ অপর অপ্রত্যক্ষ দেবতা উপাসনা পরিত্যাগ করিয়া স্বয়ং ভগবান্ শ্রীগৌরচন্দ্রকেই উপাস্য দেবতা বলিয়া পূজা করিতে লাগিলেন। শ্রীবাসের গৃহেই সর্ব্ব প্রথমে শ্রীগৌরাঙ্গ সুন্দর শ্যামসুন্দরের সমাসন প্রাপ্ত হন, যথা—

শ্রীবাস পণ্ডিত আর শ্রীরাম পণ্ডিত।
দুই ভাই দুই শাখা জগতে বিদিত॥
শ্রীপতি শ্রীনিধি তার দুই সহোদর।
চারি ভাইর দাস দাসী গৃহপরিকর॥
দুই শাখার উপশাখায় তা সভার গণন।
যাঁর গৃহে মহাপ্রভুর সদা সঙ্কীর্ত্তন॥
চারি ভাই সবংশে করে চৈতন্যের সেবা।
গৌরচন্দ্র বিনে নাহি জানে দেবী দেবা॥
(শ্রীচরিতামৃত আদি ১০ম)

শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটকেও শ্রীবাসের শ্রীগৌরাঙ্গ-নিষ্ঠার এইরূপ বহুল প্রমাণ আছে। শ্রীচৈতন্য-ভাগবতে মহাপ্রকাশের সময়ে শ্রীবাস যে স্তুতি করিয়াছিলেন, তাহাতে লিখিত আছে—

"তুমি বিষ্ণু, তুমি কৃষ্ণ তুমি যজ্ঞেশ্বর।
তোমার চরণোদক গঙ্গাতীর্থবর॥"

শ্রীবাস এইরূপ বহু স্তুতি করিয়া, অবশেষে বিষ্ণুপূজার ফুল তুলসী শ্রীগৌরাঙ্গের পাদপদ্মেই অর্পণ করিলেন, যথা—

বিষ্ণুপূজা নিমিত্ত যতেক পুষ্প ছিল।
সকল প্রভুর পায়ে সাক্ষাতেই দিল॥

শ্রীগৌরাঙ্গের অপর সহচর বৈদান্তিক পণ্ডিত শ্রীমন্মুরারিগুপ্তও শ্রীগৌরাঙ্গ সুন্দরকেই এক মাত্র সেব্য বলিয়া মনে করি-

তেন। অদ্বৈতাচার্য্য মহাপ্রকাশে যে রূপ প্রত্যক্ষ করিয়াছিলেন এবং বিস্মিত হইয়া বিবিধ পূজোপহারে যাঁহার পূজা করিয়াছিলেন তাহা শ্রীগৌরাঙ্গ সুন্দরেরই মূর্ত্তি, যথা—

জিনিয়া কন্দর্প কোটি অতীব সুন্দর।
জ্যোতির্ম্ময় কনকসুন্দর কলেবর॥ * *
কি বা নখ কি বা মণি না পারে চিনিতে।
ত্রিভঙ্গে বাজয়ে বাঁশী হাসিতে হাসিতে॥

শ্রীচৈতন্যভাগবতে বিস্তৃতরূপে এই বিবরণ লিখিত আছে। তাহাতে লিখিত আছে, অদ্বৈতাচার্য্য শাস্ত্র মতে পটল দেখিয়াই শ্রীগৌরাঙ্গের পূজা করিয়াছিলেন এবং তিনি শাস্ত্রানুসারে যে স্তুতি করিয়াছিলেন তাহাও লিখিত আছে। যথা—

জয় জয় সর্ব্ব প্রাণনাথ বিশ্বম্ভর।
জয় জয় গৌরচন্দ্র করুণাসাগর॥
জয় জয় ভক্তত বচন সত্যকারী।
জয় জয় মহাপ্রভু মহা অবতারী॥

তিনি গৌর সুন্দরকে স্তুতি করিয়া বলিলেন—

তুমি বিষ্ণু তুমি কৃষ্ণ, তুমি নারায়ণ, ইত্যাদি। শ্রীল কবিকর্ণপুরের শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটক এই গ্রন্থ অপেক্ষাও প্রাচীন। তাঁহার মর্ম্ম এইরূপ—শ্রীগৌরাঙ্গ শ্রীমন্নিত্যানন্দকে ষড়্ভুজ রূপ দেখাইয়াছিলেন। শ্রীবাস এবং অদ্বৈতেরও সেই রূপটী একবার দেখিবার ইচ্ছা, কিন্তু পাছে বা শ্যামসুন্দর রূপ দর্শনাভিলাষের সম্যক্ আগ্রহ প্রকাশ করিলে গৌররূপে নিষ্ঠার হানি হয়, তাই শ্রীমৎ অদ্বৈতাচার্য্য বলিতেছেন,—

'(স্বগতং) কিমত্র ব্রূমহে মহেচ্ছং প্রতি যদি তবৈতদেব স্বরূপং তদা দর্শনীয়শ্যামসুন্দরবিগ্রহাভিলাষো বিশ্রান্তঃ। যদি স এব স্বরূপমিত্যুচ্যতে তদাস্মিন্ প্রেমহানিরিতি ক্ষণং পরামৃশতি।'

ইহার তাৎপর্য্য এই যে, কৃষ্ণ রূপই "স্বরূপ" বলিলে গৌররূপে প্রেমের হানি হয়। সুতরাং শ্যামসুন্দর রূপ দেখিতে প্রার্থনা করিবেন কি না অদ্বৈত এই বিষয়ে চিন্তা করিতে ছিলেন। এই সময়ে শ্রীবাস বলিলেন—

"অস্মাকমিদমেব বপুঃ প্রেমপাত্রং অত্র কঃ সন্দেহঃ।"

অর্থাৎ এই গৌর রূপই আমাদের প্রেমপাত্র ইহাতে সন্দেহ কি।

এই সকল নিদর্শনে সপ্রমাণ হয় যে, অদ্বৈতাচার্য্য ও শ্রীবাসাদি গৌরাঙ্গ রূপেরই ধ্যান করিতেন, গৌরাঙ্গ রূপই তাঁহাদের প্রিয় ছিল। শ্রীমন্নিত্যানন্দ প্রভু বলিতেন—

"ভজ গৌরাঙ্গ কহ গৌরাঙ্গ লহ গৌরাঙ্গের নাম।
যেই জন গৌরাঙ্গ ভজে সেই মোর প্রাণ॥"

জগৎপ্রসিদ্ধ পণ্ডিত বাসুদেব সার্ব্বভৌমের আর কথা কি? শ্রীচরিতামৃতে লিখিত আছে,—

"সার্ব্বভৌম হৈল প্রভুর ভক্ত একতান।
মহাপ্রভু বিনে সেব্য নাহি জানে আন॥
শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গুণধাম।
এই ধ্যান, এই রূপ এই লয় নাম॥"

মহাভাগবত মহানুভাব হরিদাস নির্ব্বাণের সময়ে মহাপ্রভুর পাদপদ্ম সন্দর্শন করিতে করিতে এবং শ্রীকৃষ্ণচৈতন্য নাম জপ করিতে করিতে প্রাণত্যাগ করিয়াছিলেন। দেহত্যাগের পূর্ব্বে ভক্ত-শ্রেষ্ঠ হরিদাসের প্রার্থনা এই ছিল—

হৃদয়ে ধরিমু তোমার কমল চরণ।
নয়নে দেখিমু তোমার চাঁদ বদন॥
জিহ্বায় উচ্চারিমু তোমার কৃষ্ণ চৈতন্য নাম।
এই মত মোর ইচ্ছা ছাড়িমু পরাণ॥
এই মোর ইচ্ছা যদি তোমার কৃপা হয়।
এই নিবেদন মোরে কর দয়াময়॥

অপর একটী মহাপ্রাজ্ঞ শ্রীগৌরাঙ্গনিষ্ঠ ভক্তের নাম করিতেছি। ইহার নাম শ্রীপ্রকাশানন্দ সরস্বতী, ইনি কাশীর মায়াবাদী পণ্ডিতগণের গুরু ছিলেন। ইহার তুল্য পণ্ডিত সে সময়ে অতি অল্পই ছিল। ইহার প্রণীত শ্রীচৈতন্যচন্দ্রামৃত গ্রন্থের টীকায় ইহার কিঞ্চিৎ পরিচয় দেওয়া হইয়াছে যথা—

"শ্রীশ্রীপাদপরিব্রাজ-রাজো বেদান্ত-সাংখ্য-পাতঞ্জল-মীমাংসাগমনিগমমহাপুরাণেতিহাস-পঞ্চরাত্রালঙ্কার-কাব্যনাটকাদি-রহস্যসিদ্ধান্তানর্গলবক্তৃত্বোজ্জ্বলীকৃতাসংখ্যকাশীবাস্তব্যবাসিকজনান্তঃকরণকঃ ইত্যাদি।"

শ্রীগৌরাঙ্গ ভিন্ন ইহার অন্য উপাস্য ছিল না। ইহার রচিত শ্রীচৈতন্যচন্দ্রামৃত গ্রন্থখানি কেবল শ্রীগৌরাঙ্গ-মহিমায় পরিপূর্ণ। এস্থলে একটীমাত্র উদাহরণ দেওয়া যাইতেছে,—

"শ্রবণমননসঙ্কীর্ত্ত্যাদিভক্ত্যামুরারে-
র্যদি পরমপুমর্থঃ সাধয়েৎ কোঽপি ভদ্রম্।
মম তু পরমপারপ্রেমপীযূষসিন্ধো
কিমপি রসরহস্যং গৌরধাম্নো নমস্যম্॥"

অর্থাৎ "যদি কোন মুরারিভক্ত মুরবৈরি শ্রীকৃষ্ণের শ্রবণ কীর্ত্তনাদি নববিধ সাধন ভক্তিদ্বারা পরম পুরুষার্থ সাধন করেন, তবে তাহাও মন্দ নহে, যিনি যেরূপ সাধনই করুন, কিন্তু সেই অপার প্রেমসিন্ধু গৌরাঙ্গসুন্দরের রস-রহস্যই আমার নমস্য।" ইনিও জগদ্বিখ্যাত সার্ব্বভৌমের ন্যায় শ্রীগৌরাঙ্গের একজন ভক্ত ছিলেন। শ্রীনরহরি সরকার প্রভৃতি আরও বহুল গৌরভক্তের প্রবলতম নিষ্ঠার বিষয় উল্লিখিত আছে। এই সকল গ্রন্থের

প্রমাণে ও ব্যবহারে স্পষ্টতঃ প্রতিপন্ন হয় যে, গৌড়েশ্বর বৈষ্ণব সমাজের প্রবর্ত্তন সময় হইতে এ পর্য্যন্ত সপরিকর শ্রীকৃষ্ণ এবং তদভিন্নতত্ত্ব সপরিকর শ্রীগৌরাঙ্গ, এই বৈষ্ণব-সমাজে উপাস্য দেবতারূপে পূজিত হইতেছেন।

উপাসনা-প্রণালী

ভগবদর্চ্চনারূপ নিষ্কাম কর্ম্ম বা বিধিসঙ্গত ভক্তিই এই সম্প্রদায়ের উপাসনার আরম্ভ। চিত্ত শুদ্ধ্যাদির নিমিত্ত বিধানানুযায়িনী ভক্তির অনুশীলন অবশ্য কর্ত্তব্য। হরিভক্তিবিলাসে ও ভক্তিরসামৃতসিন্ধুতে এই বৈধভক্তি-প্রণালী এবং ভক্তিবিভাগ অতি বিস্তৃতরূপে লিখিত হইয়াছে। কিন্তু ব্রজরসের উপাসনাই এই সম্প্রদায়ের মুখ্য উপাসনা। ভক্তিই প্রধান সাধন। রসামৃতসিন্ধুগ্রন্থে ভক্তির বিশেষ বিবরণ আছে।

"রসো বৈ সঃ"ই ইহাদের উপাস্য দেবতা। সুতরাং ভাবরসে তাঁহার উপাসনাই উপাসনার চরম সিদ্ধান্ত। ভাবরসের উদাহরণ ব্রজগোপীদের শ্রীকৃষ্ণপ্রীতিতে পরিলক্ষিত হয়। উহাই চরম ভজনের আদর্শস্বরূপ। উজ্জ্বলনীলমণি গ্রন্থে তাঁহাদের ভাবরস দার্শনিক প্রণালীতে বিবৃত হইয়াছে।

রাগানুগা ভক্তিতে ব্রজবাসীদের ভাবের অনুসরণ করিয়া ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণের উপাসনা-প্রণালী সম্বন্ধে গোস্বামিগণ ভক্তিরসামৃতসিন্ধুতে সবিস্তার বর্ণনা করিয়াছেন। শ্রীচরিতামৃত গ্রন্থের মধ্যলীলায় রামানন্দ রায়-মিলনে এবং শ্রীরূপ সনাতনের শিক্ষায় এই সম্বন্ধে বহু উপদেশ প্রদত্ত হইয়াছে। এই সকল গ্রন্থ সর্ব্বত্র প্রচারিত। [সুতরাং এ সম্বন্ধে বিস্তৃত বিবরণ উক্ত গ্রন্থাদিতে এবং "সাত্বতধর্ম্ম" শব্দে দ্রষ্টব্য।]

শ্রীমদ্ভাগবতই এই সম্প্রদায়ের ব্রহ্মসূত্রভাষ্য বলিয়া স্বীকৃত হইয়াছে। (ভাগব° ১২।১৩।১৫)

বেদান্ততত্ত্ব

শ্রীজীবগোস্বামীর ক্রমসন্দর্ভ-টীকায় এবং ষট্‌সন্দর্ভে এই সম্প্রদায়ের দার্শনিক সিদ্ধান্ত বিবৃত হইয়াছে। ইহারা লীলারসময় শ্রীকৃষ্ণকে অদ্বয়তত্ত্ব বলিয়া স্বীকার করেন। শ্রীগোপাল উপনিষদে লিখিত হইয়াছে—

"কৃষ্ণএব পরদেবস্তং ধ্যায়েৎ তং রসেৎ তং ভজেৎ তং যজেৎ।"

অর্থাৎ কৃষ্ণই একমাত্র পরম দেব, তাঁহার ধ্যান করিবে, তাঁহার নাম জপ করিবে, তাঁহার পরিচর্য্যা করিবে এবং তাঁহার অর্চ্চনা করিবে। পরা ভক্তিই সাধনের উপায়।

জীব অণু ও নিত্য কৃষ্ণদাস। ভগবচ্চরণানুরক্তিই জীবের মোক্ষ। ইহারা সারূপ্য সাযুজ্যাদি মুক্তি প্রার্থয়িতব্য বলিয়া মনে করা দূরে থাকুক ঐ সকল বাসনা অতীব গর্হিত বলিয়া মনে করেন। শ্রীভগবদ্‌বিগ্রহের রূপ গুণ লীলাদি ইহাদের মতে নিত্য। শ্রীমচ্ছঙ্করের মায়াবাদ ইঁহাদের বিচারে অতি দূষণীয়। জীবগোস্বামী ষট্‌সন্দর্ভে ও ভাগবতটীকার ক্রম-সন্দর্ভে এবং বলদেব বিদ্যাভূষণ গোবিন্দভাষ্যে উক্ত মত খণ্ডন করিয়াছেন। ইহা অবশ্য অভিনব-প্রয়াস নহে। বৈষ্ণব মাত্রেই মায়াবাদবিরোধী। নির্ব্বিশেষ ব্রহ্ম ইঁহাদের অননুমোদিত। ইঁহারা পরিণামবাদের পক্ষপাতী, বিবর্ত্তবাদের বিরোধী, জগৎ নশ্বর হইলেও উহা মিথ্যা বলিয়া ইঁহাদের স্বীকার্য্য নহে। ইঁহারা অদ্বৈতবাদী নহেন এবং দ্বৈতবাদীও নহেন। বিশিষ্টাদ্বৈতবাদী বা বিশুদ্ধাদ্বৈতবাদী নহেন। ইঁহারা ভেদাভেদবাদী। নিম্বার্ক যেমন স্পষ্টতঃ ভেদাভেদ স্বীকার করেন। ইহারা তাদৃক্ সুস্পষ্ট ভেদাভেদবাদের সমর্থক নহেন। ইঁহারা জীব ও ব্রহ্মের ভেদাভেদ অচিন্ত্য বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। সুতরাং ইহাদের বেদান্তবাদ অচিন্ত্যভেদাভেদবাদ নামে প্রসিদ্ধ।

"রসো বৈ সঃ" 'আনন্দং ব্রহ্মণোরূপং' এই সকল শ্রুতি-প্রতিপাদ্য পদার্থ পরমতত্ত্বরূপে স্বীকৃত হওয়ায় ইহারা জ্ঞান সাধনের উপরেও প্রেমভক্তির দার্শনিক ভিত্তি প্রতিষ্ঠাপিত করিয়া প্রেমভক্তিকেই এই লীলারসময় আনন্দমাধুর্য্যময় শ্রীভগবানের উপাসনার চরম উপায় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। এই নিমিত্ত ভক্তিরসামৃতসিন্ধু ও উজ্জ্বলনীলমণি প্রেমদর্শন (Psychology of Divine Love) নামে অভিহিত হইতে পারে। ["বেদান্ত" শব্দে ও "সাত্বতধর্ম্ম" শব্দে এসম্বন্ধে সবিস্তার দ্রষ্টব্য।] এই সম্প্রদায়ের গ্রন্থাদির বিবরণ "বৈষ্ণব সাহিত্য" শব্দে দ্রষ্টব্য।

বৈষ্ণব উপ-সম্প্রদায়।

পূর্ব্বোল্লিখিত বৈষ্ণব সম্প্রদায়ের অন্তর্গত বহুল উপসম্প্রদায় আছে, সেই সকল সম্প্রদায়ের সম্যগ্‌রূপে সংখ্যাকরা সহজ ব্যাপার নহে। এস্থলে কতিপয় উপ-সম্প্রদায়ের নাম প্রকাশ করা গেলঃ—

অতিবড়ী—গৌড়ীয় বৈষ্ণব সমাজের অন্তর্ভুক্ত। গৌড়ীয় বৈষ্ণবদের আচার ব্যবহার ও উপাসনা হইতে ইহাদের আচার ব্যবহার স্বতন্ত্র। প্রবাদ, জগন্নাথ নামে এক বিরক্ত বৈষ্ণব মহাপ্রভুর নিকট শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করেন। তাঁহার ব্যাখ্যা শঙ্করের অদ্বৈতমতানুসারিণী বুঝিয়া মহাপ্রভু তাঁহার প্রতি কটাক্ষ করিয়া বলেন, তুমি এই তৃণাদপি সুনীচ বৈষ্ণব সমাজের সাম্প্রদায়িক গণ্ডীতে আসার যোগ্য নহ; তুমি অতিবড়। এই "অতিবড়" কথা হইতেই "অতিবড়ী" উপ-সম্প্রদায়ের সৃষ্টি হয়। ইহাদের সহিত গৌড়ীয় বৈষ্ণবগণের সাম্প্রদায়িক মিল নাই। এই শ্রেণীর উৎকলে বাস। পুরীতে ইহাঁদের মঠ আছে। জগন্নাথদাস উৎকলভাষায় ভাগবত অনুবাদ করেন।

অনন্তকুলী—ইহারা উৎকলী গৃহস্থ বৈষ্ণব।

অবধূতী—"অবধূতী" শব্দ দ্রষ্টব্য।

অমহদ পন্থী—এ দেশীয় বাউলদের ন্যায় ইহারা নিরঞ্জন উপাসক বৈষ্ণব। ইহারা প্রতিমা পূজা করে না। কিন্তু গলায় তুলসী মালা আছে। ইহারা মুখে দাড়ী গোঁপ রাখিয়া থাকে। ইহারা রামাতেরই উপ-সম্প্রদায়।

আউল

গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের উপ-সম্প্রদায়। ["আউল" শব্দ দ্রষ্টব্য।]

আখড়া

আখড়া বৈষ্ণবগণ রামানন্দ সম্প্রদায়ের উপ-সম্প্রদায়। ইহারা প্রচলিত সাত শাখায় বিভক্ত যথা নির্ব্বাণী, খাকী, সন্তোষী, নির্ম্মোথী, বলভদ্রী টাটম্বরী ও দিগম্বরী।

আপাপন্থী

মল্লারপুর জেলার অধিবাসী মুল্লাদাস নামে একটী স্বর্ণকার আপাপন্থী সম্প্রদায়ের প্রবর্ত্তক। অযোধ্যা হইতে বহুদূর পশ্চিমে আখড়া নামক স্থানে ইহাদের গদী আছে। হিন্দুস্থানী বৈরাগীরা বলে—"রামানুজকে ফৌজমে বারা গাড়ী পোল। আপাপন্থী মনসুখা ফির টোলে টোল॥"

অর্থাৎ রামানুজ সৈন্যদলে অনেকগুলি ভগ্ন শকট আছে। মনসুখী আপাপন্থীরা গলিতে গলিতে ভ্রমণ করিয়া থাকে। যাহারা আপন মনে কার্য্য করে, কাহাকেও গুরু স্বীকার করে না, তাহারা মনসুখী এই পন্থী রামানুজের উপ-সম্প্রদায়।

ওয়েরকারী

বোম্বাই অঞ্চলে ওয়েরকারী নামে একরূপ ভিক্ষুক বৈষ্ণব আছে। ইহারা গলদেশে ও বাহুযুগলে তুলসীর মালা ধারণ করে এবং গৈরিক বস্ত্র ও গৈরিক রঞ্জিত ঝুলি লইয়া বেড়ায়।

কবীরপন্থী—কবীর শব্দে দ্রষ্টব্য।

কর্ত্তাভজা—গৌড়ীয় সম্প্রদায়ের উপ-সম্প্রদায়।

[কর্ত্তাভজা শব্দ দেখ।]

কামধেন্নী

রামাৎ নিমাৎ উভয় সম্প্রদায়েই এই উপ-সম্প্রদায় দৃষ্ট হয়। ["কামধেন্নী" শব্দ দেখ।]

কালিন্দী

উৎকলের মুচি হাড়ী প্রভৃতি ইতর জাতীয় বৈষ্ণবেরা কালিন্দী বৈষ্ণব নামে অভিহিত। ইহাদের অন্য গুরু নাই। ইহারা শবদাহ করে না।

কিশোরীভজনী

বিক্রমপুরের কালাচাঁদ বিদ্যালঙ্কার কিশোরীভজন উপ-সম্প্রদায়ের প্রবর্ত্তক। কৃষ্ণলীলানুকরণ দ্বারা মুক্তি লাভ করা এই সম্প্রদায়ের অভিপ্রায়। ইহারা তীর্থ যাত্রা মানে না। এই সম্প্রদায়ের পুরুষ আপনাকে কৃষ্ণ মনে করে এবং স্ত্রী আপনাকে রাধা মনে করে। কিশোরী আদ্যাশক্তি; সুতরাং একজন নারীকে কিশোরী মনে করিয়া ইহারা তাহার পূজা করে। যুগল ভিন্ন ইহারা দীক্ষিত হইতে পারে না। নায়কের একটী নায়িকা থাকা প্রয়োজন। "আমি কৃষ্ণ তুমি রাধা" ইত্যাদি বাক্য দীক্ষার সময়ে প্রয়োজনীয়। এই সম্প্রদায়ের নরনারীগণ অতি সঙ্গোপনে নিশাযোগে সমবেত হয় এবং উক্ত কল্পিত কিশোরীর পূজা করে ও প্রসাদ খায়। ইহাদের জাতিবিচার নাই। সকলেই সকলের মুখোচ্ছিষ্ট ভোজন করে, কিন্তু মৎস্যাদি আহার করে না। শ্রীগৌরাঙ্গের নাম করিয়া গানাদি করে। পূর্ব্ববঙ্গের অনেক স্থানে এই উপ-সম্প্রদায়ের লোক দেখিতে পাওয়া যায়। ইহাদের মধ্যে ভদ্রলোকের সংখ্যা অতি অল্প। [সহজিয়া শব্দ দেখ।]

কুড়াপন্থী

প্রায় ৫০ বৎসর হইল আগরা জেলার অধীন হাতরাণ নামক নগরে তুলসী দাস নামক একজন অন্ধ বণিক্ কুড়াপন্থী সম্প্রদায়ের প্রবর্ত্তন করেন। সকলে একত্র হইয়া এক কুণ্ড বা কুঁড়েতে ভোজন করে, এইজন্য ইহারা কুড়াপন্থী নামে অভিহিত। ইহারা জাতিভেদ স্বীকার বা কোন মূর্ত্তির উপাসনা করে না। রাত্রিকালে স্ত্রী পুরুষ একত্র হইয়া ভজন করে। ইহারাও কর্ত্তাভজাদের ন্যায় গুরুর প্রতি অচলভক্তি প্রদর্শন করে। নিরাকার নিরঞ্জনের ধ্যানই ইহাদের উপাসনা। ইহাদের কার্য্যাদি কিশোরী-ভজনীদের ন্যায়।

খাকী—রামাৎ-সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। [খাকী শব্দ দেখ।]

খুশি বিশ্বাসী

কৃষ্ণনগরের অন্তর্গত দেব গ্রামের নিকট ভাঙ্গাগ্রামে খুশি বিশ্বাস নামক একজন মুসলমান এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। ইহাদের মধ্যে কতকটা সহজিয়া ভাব আছে। ইহারা শ্রীগৌরাঙ্গের নাম কীর্ত্তন করে; কিন্তু সাকার ঈশ্বর স্বীকার করে না।

গিরি—গৌড়েশ্বর সম্প্রদায়ের বৈষ্ণব শ্রেণীভুক্ত সন্ন্যাসী।

গুরুদাসী—ইহারা উৎকলবাসী একশ্রেণীর গৃহস্থ বৈষ্ণব।

গোবরাই

গোবরাই—একজন মুসলমান। এই ব্যক্তি কর্ত্তাভজা সম্প্রদায়ের অনুরূপ যে সম্প্রদায়ের সৃষ্টি করে, তাহারই নাম গোবরাই।

চতুর্ভুজী

চতুর্ভুজী—রামাৎসম্প্রদায়ের অন্তর্ভুক্ত। ইহাদের তিলক রামানন্দীদিগের ন্যায় কিন্তু মধ্যে শ্রীরেখা নাই।

[চতুর্ভুজী শব্দ দেখ।]

চরণদাসী

চরণদাস নামক দিল্লীর একজন ধূসর জাতীয় বণিক্ এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। দ্বিতীয় আলমগিরের সময়ে এই সম্প্রদায়ের উৎপত্তি। ইহারা রাধা-কৃষ্ণোপাসক। বৈষ্ণবীয় তিলকমালাদি যথারীতি ধারণ করেন। দিল্লীতেই এই সম্প্রদায়ের প্রধান গদী।

[চরণদাসী শব্দ দেখ।]

চামর বৈষ্ণব—"চামর বৈষ্ণব" শব্দ দ্রষ্টব্য।

চুহর পন্থী—এই সম্প্রদায় অতি আধুনিক। ইহারা বল্লভাচার্য্য সম্প্রদায়েরই উপ-সম্প্রদায়। প্রায় ৩০।৩৫ বৎসর হইল, আগরার এক বণিক্ এই সম্প্রদায়ের প্রতিষ্ঠা করেন। গুজরাটের "নাথজী" ইহাদের উপাস্য। ইহারা সতত কৃষ্ণ নাম কীর্ত্তন করে। নাম ভজনই ইহাদের ধর্ম্ম। স্ত্রীপুরুষগণ একত্র হইয়া নৃত্য করে। ইহারা সকল জাতির অন্নই খায়। ইহারা কীর্ত্তন প্রথাটী মহাপ্রভুর সম্প্রদায়ের নিকট হইতে গ্রহণ করিয়াছে।

চূড়াধারী—ইহারা গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ভুক্ত। ময়মনসিংহ অঞ্চলে এই সম্প্রদায় দৃষ্ট হয়। ইহারা গোপালবেশে চূড়াদি ধারণ করে। শুদ্ধবৈষ্ণবগণের সহিত ইহাদের মতসামঞ্জস্য নাই।

জগন্মোহনী—জগন্মোহন গোঁসাই এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। ইনি উৎকলের জনৈক রামানন্দী বৈষ্ণবের নিকট দীক্ষা গ্রহণ করেন। জগন্মোহনের শিষ্য গোবিন্দ, তৎশিষ্য শান্ত গোঁসাই, শান্তের শিষ্য রামকৃষ্ণ গোঁসাই। এই রামকৃষ্ণের সময়ে এই ধর্ম্মমত অধিক প্রচলিত হয়। ইহাঁরাই "গুরু সত্য" সম্প্রদায় বলিয়া পূর্ব্ব বঙ্গে বিখ্যাত। ইহাঁদের মধ্যে গৃহী ও উদাসীন দুই শ্রেণীর লোকই আছে।

তিঙ্গল—মান্দ্রাজ ও বোম্বাই অঞ্চলে এই শ্রেণীর বৈষ্ণব আছে। ইহারা শাস্ত্রের যুক্তিপ্রমাণ মানিয়া চলে। কাঞ্চিপুরনিবাসী বেদান্ত তেসিকার নামক জনৈক ব্রাহ্মণ রামানুজী সম্প্রদায় হইতে স্বতন্ত্র হইয়া এক বৈষ্ণব সম্প্রদায় সৃষ্টি করেন। তাহা হইতে পরে বড়্গল ও তিঙ্গল, দুইটী সম্প্রদায়ের সৃষ্টি হয়। বেদান্ত তেসিকার প্রচার করেন যে, আচার ও ধর্ম্মসংস্কারের জন্য তিনি ঈশ্বর কর্ত্তৃক প্রেরিত হইয়াছেন। ধর্ম্মমত ও তিলকসেবা লইয়া এই দুই দলের বহু বিরোধ আছে। [তেঙ্গল শব্দ দেখ।]

তিলকদাসী—একজন সদ্‌গোপ এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। এই ব্যক্তি পূর্ব্বে কর্ত্তাভজা ছিল। পরে স্বসম্প্রদায় ত্যাগ করিয়া নিজ নামে মুরাদপুরে একটি ধর্ম্ম সম্প্রদায় প্রবর্ত্তিত করে। এই ব্যক্তি আপনাকে বিষ্ণুর অবতার বলিয়া প্রচার করিত। এই সম্প্রদায় এখন বিলুপ্তপ্রায়।

দরবেশ—অজ্ঞ লোকেরা বলে শ্রীপাদ সনাতন গোস্বামী এই দলের প্রবর্ত্তক। ইহা সম্পূর্ণ মিথ্যা কথা। এই সম্প্রদায় বাউল ও ন্যাড়াদের একটী শাখাবিশেষ ও সর্ব্বদা "দীন দরদী" নাম উচ্চারণ করে। মুসলমান ও হিন্দু ধর্ম্মের সংস্রবে এই সম্প্রদায়ের উৎপত্তি। ইহারা হরি ও গৌর নিতাই নাম কীর্ত্তন করিয়া বেড়ায় বটে, কিন্তু খোদা আল্লা শব্দও ইহাদের গানে আছে।

দাদূপন্থী—রামাৎ সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। [দাদূপন্থী দেখ]

দুয়ারা—রামাৎ নিমাৎ প্রভৃতি হিন্দুস্থানী বৈষ্ণবদের ৫২টী দুয়ারা আছে। পৃথক্ সময়ে প্রাদুর্ভূত তেজিয়ান্ ব্যক্তিগণ স্বীয় প্রভাবে যে দল গঠিত করেন, তাহারই নাম দুয়ারা। যেমন, বামন দুয়ারা, অগ্রদাস দুয়ারা, শ্রমণজী দুয়ারা, কুয়াজী দুয়ারা, চিনাজী দুয়ারা ইত্যাদি।

নাগা—ইহারা শৈব ও বৈষ্ণব ভেদে দ্বিবিধ। বৈষ্ণব নাগাগণ রামাৎ সম্প্রদায়ভুক্ত। [নাগা শব্দ দেখ]

নিরঞ্জনী সাধু—নিরঞ্জন স্বামী এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। ইহারা রামাৎদের ন্যায় সাকার উপাসক উদাসীন বৈষ্ণব; এবং কৌপীন, কণ্ঠী ও রক্তবর্ণ, শ্রীযুক্ত তিলক ধারণ ও রাম, সীতা, শালগ্রাম প্রভৃতি বিগ্রহের পূজাদিও করে। [নিরঞ্জনী দেখ।]

নিহঙ্গ বৈষ্ণব—উৎকল প্রদেশের নিঃসঙ্গ বৈষ্ণবগণ এই নামে অভিহিত হন। ইহাঁরা মঠধারী ও সম্মানী।

ন্যাড়া—অনভিজ্ঞ নিরক্ষর লোকদের ধারণা যে, শ্রীমন্নিত্যানন্দ প্রভুর পুত্র বীরভদ্র ঢাকাপ্রদেশে গিয়া এই ধর্ম্মসম্প্রদায়ের প্রবর্ত্তন করেন, কিন্তু ইহা নিতান্তই ভ্রম। ন্যাড়া, বাউলসম্প্রদায়েরই শাখাবিশেষ। প্রকৃতিসাধনই ইহাদের ভজন। ইহাদের মত, শ্রীরাধাকৃষ্ণ মানব-দেহেই বিরাজিত, উপবাসাদি আত্মার ক্লেশজনক মাত্র। ইহারা বাহুতে লৌহ বা তাম্রের একটা কড়া ধারণ করে, বৈষ্ণবদের ন্যায় ডোর কৌপীন, তিলক, স্ফটিকমালা, পলা, শঙ্খাদির গলা ব্যবহার করে। ইহারা গোফ ও দাড়ী রাখে। শরীরে যথেষ্ট তৈল মর্দ্দন, আলখেল্লা পরিধান, ঝুলি লাঠি ও কিস্তী (নৌকাবৎ নারিকেলের খোল) লইয়া ভ্রমণ ও শ্রীগৌরাঙ্গের নাম কীর্ত্তন করে। ইহাদের আলখেল্লার নাম চিন্তাকন্থা। মুখে "হরিবোল" বা "বীর অবধূত" ধ্বনি উচ্চারণ করে।

পঞ্চধুনী—যে সকল রামাৎ ও নিমাৎ পঞ্চধুনী করিয়া তপস্যা করে, তাহারা পঞ্চধুনী নামে অভিহিত।

পন্থদাসী—পন্থদাস এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। ইহারা তুলসীর মালা ও তিলক ধারণ, রামকৃষ্ণাদি অবতার স্বীকার ও রামমন্ত্র গ্রহণ করে। ইহারা একরকম আধ্যাত্মিক ভাবাপন্ন রামাৎ।

[পন্থদাসী শব্দ দেখ।]

ফকিরদাসী—ছদ্মবেশী কর্ত্তাভজা। [ফকিরী শব্দ দেখ।]

ফারাচী—রামাৎ-নিমাৎ দলের কঠোরতাবলম্বী বৈষ্ণব তপস্বী।

মটুকধারী—যাহারা মটুকা স্কন্ধে করিয়া অথবা রাম কিম্বা কৃষ্ণের নাম করিয়া ভিক্ষা করে, হিন্দুস্থানে তাহারা মটুকধারী বৈষ্ণব নামে খ্যাত। [মটুকধারী শব্দ দ্রষ্টব্য।]

মহাপুরুষী—ইহা শঙ্করদেব নামক একজন মহাপুরুষ কর্ত্তৃক প্রবর্ত্তিত। শিখেরা যেমন গ্রন্থসাহেবের পূজা করেন, ইহারাও সেইরূপ শ্রীমদ্ভাগবতগ্রন্থের পূজা করে। রাম, কৃষ্ণ ও হরিনাম কীর্ত্তনও করিয়া থাকে। আসাম কোচবিহার অঞ্চলে এই সম্প্র-

দায়ের অনেক লোক আছে। [মহাপুরুষীয় ধর্ম্ম সম্প্রদায়ী শব্দে সবিস্তার বিবরণ দ্রষ্টব্য।]

মাধবী—মাধো নামে এক উদাসী এই সম্প্রদায় সংস্থাপন করেন। কান্যকুব্জবাসী মাধোদাস এই সম্প্রদায় প্রবর্ত্তন করেন, ইহাও প্রবাদে জানা যায়। ইঁহারা গৌড়ীয় বৈষ্ণব।

মানভবী—ইহারা কৃষ্ণোপাসক। কৃষ্ণান্তটযোগী এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। ইহাঁদের মতে কৃষ্ণই পরম দেবতা এবং জীব হিংসা মহাপাপ। কৃষ্ণের প্রসাদান্ন সকলে একত্র ভোজন করে। [মানভবী শব্দ দেখ]

মার্গী—দ্বারকা অঞ্চলে মার্গী সাধু নামে এক শ্রেণীর বৈষ্ণব আছে। ইহারা গৃহী ও রামানন্দী সম্প্রদায়ের উপসম্প্রদায়ভেদ। একজন বৈষ্ণব তীর্থযাত্রা করেন, পথিমধ্যে তাহার মৃত্যু হয়। তাঁহার সহিত কোন কোন ধর্ম্ম গ্রন্থ ছিল। কতকগুলি লোকে সেই ধর্ম্মগ্রন্থ পাইয়া তদনুষ্ঠান করে। মার্গে অর্থাৎ পথিমধ্যে প্রাপ্তগ্রন্থানুসারে ধর্ম্মানুষ্ঠান করায় ইহারা মার্গী বলিয়া অভিহিত।

মীরাবাই—এই সম্প্রদায় বল্লভাচারী সম্প্রদায়ের শাখাবিশেষ। [মীরাবাই শব্দ দেখ।]

মুলুকদাসী—রামাৎ সম্প্রদায়ের শাখা। [মুলুকদাসী শব্দ দেখ]

যোগী—গৌড়েশ্বর সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। যশোরে ও উৎকলে এই শ্রেণীর বৈষ্ণব আছে। [যোগী বৈষ্ণব শব্দ দেখ।]

রাতিভিখারী—এ দেশে এক শ্রেণীর ভিখারী বৈষ্ণব শুক্লপক্ষীয় পঞ্চমী হইতে পূর্ণিমা অবধি সন্ধ্যা হইতে রাত্রি এক প্রহর কাল পর্য্যন্ত ভিক্ষা করে, কিন্তু কাহারও দ্বারস্থ হয় না। কলিকাতার নিকটবর্ত্তী উত্তরপাড়া, শ্রীরামপুর ও বৈদ্যবাটী অঞ্চলে এই শ্রেণীর বৈষ্ণব আছে। [রাতিভিখারী শব্দ দেখ।]

রয়দাসী—রামাৎসম্প্রদায়ের বৈষ্ণব। [রুইদাস দেখ।]

রাধাবল্লভী—হরিবংশ গোস্বামী এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। ইনি বৃন্দাবনে ১৬৪১ সম্বতে রাধাবল্লভজীর মঠ স্থাপন করেন। এই সম্প্রদায়িগণের শ্রীমতী রাধিকাই প্রধান উপাস্যা। শ্রীবৃন্দাবনে এই সম্প্রদায়ের মঠ আছে। ইহাদের আচরণ ও বৈষ্ণব চিহ্নাদিও বৈষ্ণবোচিত। সেবাসখীবাণী নামক একখানি গ্রন্থে ইহাদের উপাসনা ও ক্রিয়া-কলাপাদির বিশেষ বিবরণ লিপিবদ্ধ আছে। এই সম্প্রদায়ের আরও অনেক শাখা আছে। ব্রজভাষায় লিখা ইহাদের অনেক গ্রন্থ আছে।

রামবল্লভী—[রামবল্লভী শব্দ দেখ।]

রামসনেহী—রামাৎসম্প্রদায় বিশেষ। [রামসনেহী দেখ।]

রামসাধনীয়—রামানন্দসম্প্রদায়ের উপসম্প্রদায়।

রূপ-কবিরাজী—গৌড়ীয় সম্প্রদায়চ্যুত এককণ্ঠী বৈষ্ণব। [স্পষ্টদায়ক শব্দ দেখ।]

লস্করী—রামানন্দী সম্প্রদায়ের অন্তর্গত। রামানন্দী তিলক করে, কিন্তু রক্তবর্ণ শ্রীরেখা দেয় না। অযোধ্যায় মঠ আছে।

বড়গল—মান্দ্রাজ ও বোম্বাই অঞ্চলের একশ্রেণীর শাস্ত্রাচার পালক বৈষ্ণব। [বড়গল শব্দ দেখ।]

বলরামী—বলরামহাড়ী নামক একজন বাঙ্গালীর প্রতিষ্ঠিত। ইহা ক্ষুদ্রধর্ম্মসম্প্রদায়। [বলরামী শব্দ দেখ।]

বাউল—বঙ্গীয় বৈষ্ণব সম্প্রদায়ের শাস্ত্রাচারবিবর্জ্জিত এক শাখা। রাধাকৃষ্ণ ইহাদের উপাস্য; কিন্তু উপাসনাপ্রণালী অতিগুহ্য। গৌরনিত্যানন্দ নামও কীর্ত্তন করে। [বাউলশব্দ দেখ।]

বাণশায়ী—রামাৎ নিমাৎসম্প্রদায়ের কঠোরতাচারী সম্প্রদায়ভেদ। ইহারা বাণে শয়ন করে।

বৈষ্ণবভাঁট—ইহারা রামানুজ প্রভৃতি বৈষ্ণবগণের গুরুপ্রণালী লিখিয়া রাখে এবং যশোগীতি কীর্ত্তন করে।

বিন্দুধারী—উৎকলীয় বৈষ্ণবভেদ। [বিন্দুধারী দেখ।]

বিট্‌ঠলভক্ত—মহারাষ্ট্র প্রদেশে বিট্‌ঠল ভক্ত নামে এক সম্প্রদায় আছে। উহারা গুজরাট, কর্ণাট ও ভারতবর্ষের মধ্যখণ্ডেও অবস্থিত। বিঠোবা নামক বিষ্ণুই ইহাদের উপাস্য। ইহার অপর নাম পাণ্ডুরঙ্গ। ইহারা উঁহাকে বিষ্ণুর সম অবতার বলিয়া বিশ্বাস করে। পণ্ঢরপুরে ইহাদের গদী এবং "হরিবিজয়" প্রভৃতি নামে সাম্প্রদায়িক গ্রন্থ আছে।

বীজমার্গী—[বীজমার্গী শব্দ দেখ।]

বৈরাগী—[বৈরাগা শব্দ দেখ।]

বৈষ্ণবতপস্বী—কেহ কাষ্ঠের কৌপীন ধারণ করে, কোমরকাঠ বান্ধে, ইহাদিগকে কাঠিয়া বলা হয়, কেহ পিঞ্জির ব্যবহার করে, উহারা লোহিয়া নামে অভিহিত হয় ইত্যাদি।

বৈষ্ণবদণ্ডী—ইহারা রামানুজ সম্প্রদায়ী ব্রাহ্মণকুলোদ্ভব দণ্ডীসম্প্রদায়। ইহাঁরা ত্রিদণ্ডী এবং গেরুয়া বস্ত্র-পরিধায়ী, মস্তক মুণ্ডন এবং যজ্ঞোপবীত ও কমলবীজ বা তুলসীর মালা ধারণ করেন। চতুর্ভুজ বিষ্ণুই উপাস্য। ইঁহারা শুদ্ধাচারী এবং অহরহ বেদাধ্যয়ন ও নিত্যক্রিয়াদির অনুষ্ঠান করেন।

বৈষ্ণব ব্রহ্মচারী—এই শ্রেণী রামানুজাদিসম্প্রদায়ে দৃষ্ট হয়।

বৈষ্ণবপরমহংস—রামানুজাদি সম্প্রদায়সম্মত দীক্ষায় দীক্ষিত হইয়া পরমহংসবৃত্তি অবলম্বন করিলে লোক বৈষ্ণবপরমহংস নামে খ্যাত হয়। যোগ সাধনদ্বারা সাজুয্য মুক্তিলাভ ইহাদের পরমপুরুষার্থ। ইহারা আপন হস্তে অন্ন পাক করে না।

এতদ্ব্যতীত সংযোগী, সখিভাবুকী, সৎকুলী, সৎনামী, সপ্তপন্থী, সহজিয়া, সাঞি, সাধিনীপন্থী, সাহেবধনী, সেনপন্থী, হজরতী, হরিবোলা, হরিব্যাসী, হরিশ্চন্দ্র ইত্যাদি উপসম্প্রদায় সম্বন্ধে তত্তৎ শব্দে দ্রষ্টব্য।

বৈষ্ণব (ক্লী) বিষ্ণোরিদং বিষ্ণু-অণ্। ১ হোমভস্ম। (শব্দরত্না°) ২ মহাপুরাণবিশেষ, বিষ্ণুপুরাণ।

"ত্রয়োবিংশতিসাহস্রং বৈষ্ণবং পরমাদ্ভুতম্।"

(দেবীভাগবত ৩।১।৮)

৩ বিষ্ণুসম্বন্ধী।

"গাং গতস্ত তব ধাম বৈষ্ণবং কোপিতো হ্যসি ময়া দিদৃক্ষুণা।"

(রঘু ১১।৮৫)

(পুং) বিষ্ণুর্দেবতাঽস্ত অণ্। ৪ বিষ্ণুমন্ত্রোপাসক, বিষ্ণুভক্ত, পর্য্যায় কার্ষ্ণ, হার। [পূর্ব্বে বৈষ্ণব শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

"গৃহীতবিষ্ণুদীক্ষাকো বিষ্ণুসেবাপরো নরঃ।
বৈষ্ণবশ্চাত্র সংগ্রাহ্যঃ স্কান্দাদ্যুক্তানুসারতঃ॥"

(হরিভক্তিবি° ১২ বি°)

যাহারা বিষ্ণুমন্ত্রের দীক্ষা গ্রহণ করিয়া সর্ব্বদা বিষ্ণুসেবা-পরায়ণ হইয়া থাকে, তাহাদিগকে বৈষ্ণব কহে।

বৈষ্ণবতীর্থ (ক্লী) তীর্থভেদ, বিষ্ণু সম্বন্ধীয় তীর্থ।

বৈষ্ণবদাস, অষ্টশ্লোকীবিবরণ প্রণেতা।

বৈষ্ণবদাস[কর্ণাটক], কর্ণাটদেশবাসী একজন কবি

বৈষ্ণবত্ব (ক্লী) বৈষ্ণবের ভাব। (রাজত° ৪।১২৪)।

বৈষ্ণববারুণ (ত্রি) বিষ্ণু ও বরুণ সম্বন্ধীয়। স্ত্রিয়াং ঙীপ্।

(শতপথব্রা° ৪।২।৭।৭)

বৈষ্ণবায়ন (পুং) বৈষ্ণবস্ত গোত্রাপত্যং বৈষ্ণব (হরিতাদি-ভ্যোঽঞ্। পা ৪।১।১০০) ইতি ফক্। বৈষ্ণবের গোত্রাপত্য।

বৈষ্ণবী (স্ত্রী) বিষ্ণোরিয়ং বিষ্ণু-অণ্, স্ত্রিয়াং ঙীপ্। ১ বিষ্ণুশক্তি। ২ দুর্গা। (শব্দরত্না°) ৩ গঙ্গা। গঙ্গা বিষ্ণুর পাদপদ্ম হইতে উৎপন্না হন, এই জন্য তাঁহাকে বৈষ্ণবী কহে।

"বিষ্ণোঃ পাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা।
পাহি নস্ত্বেনসস্তন্মাদাজন্মমরণান্তিকাৎ॥" (আহ্নিকতত্ত্ব)

৪ অপরাজিতা। (শব্দচ°) ৫ শতাবরী। (রাজনি°) ৬ তুলসী। (শব্দসা°) ৭ মনসা। ৮ পৃথিবী। ৯ শ্রবণা-নক্ষত্র। ১০ সামভেদ।

বৈষ্ণবীতন্ত্র (ক্লী) তন্ত্রভেদ।

বৈষ্ণব্য (ত্রি) যজ্ঞ সম্বন্ধীয়। পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ (শুক্ল-যজু° ১।১২) 'বৈষ্ণব্যৌঃ যজ্ঞসম্বন্ধিনী' 'যজ্ঞো বৈ বিষ্ণুঃ' (মহীধর) ২ বিষ্ণুসম্বন্ধীয়।

বৈষ্ণাবরুণ (ত্রি) বৈষ্ণববারুণ। স্ত্রিয়াং ঙীপ্।

(তৈত্তিরীয় সং ২।১।৫।৪)

বৈষ্ণুবারুণ (ত্রি) বৈষ্ণববারুণ। স্ত্রিয়াং ঙীপ্ (ঐতরেয়ব্রা°৩।৩৮)

বৈষ্ণুবৃদ্ধি (পুং) বিষ্ণু বৃদ্ধের গোত্রাপত্য। (প্রবরাধ্যায়) বৈষ্টুবৃদ্ধি পাঠান্তর।

বৈষ্বক্সৈন্য (পুং) বিষ্বক্সেনের অপত্যাদি।

বৈস, বৈশ। বৈশ্য শব্দের অপভ্রংশ। উত্তরভারতের বণিক্, মহাজন, দোকানদার প্রভৃতি মারবাড়ীরা আপনাদিগকে বৈস্ নামে পরিচিত করে। [বৈশ্য দেখ।]

বৈস, অযোধ্যাপ্রদেশবাসী রাজপুতজাতির ভিন্ন ভিন্ন শাখা। বৈশ্যবর্ণ হইতে যে সকল রাজপুত উৎপন্ন হইয়াছে, তাহারাই প্রধানতঃ বৈস্‌রাজপুত। ইহাদের বাসভূমি বলিয়াই যুক্তপ্রদেশের বৈসবাড়া জেলার নামকরণ হইয়াছে। এই জাতি একসময়ে রাজপুতজাতির ইতিহাসে বিশেষ প্রসিদ্ধিলাভ করিয়াছিল। এই গ্রন্থের বিভিন্ন স্থানে বাঈ বা বাইস শব্দে এই বৈসগণের পরিচয় প্রদত্ত হইয়াছে।

ইহাদের মধ্যে প্রবাদ আছে যে, দক্ষিণ-ভারতের মঞ্জী-পৈঠান নামক স্থান হইতে আসিয়া ইহারা উত্তর ভারতের নানা স্থানে বসবাস করিয়াছে। ইহারা বলে যে, শালিবাহন রাজার ৩৬০ মহিষীর সন্তানসন্ততি হইতে ৩৬০ ঘর বৈসজাতির উৎপত্তি হইয়াছে। ইহারা ৩৬ রাজপুতকুলের অন্তর্ভুক্ত এবং চৌহান ও কচ্ছবাহজাতির সহিত বৈবাহিক সম্বন্ধে আবদ্ধ।

বৈশ রাজপুতগণের বীরত্ব সম্বন্ধে এইরূপ একটী কিংবদন্তী শুনা যায়। ১২৫০ খৃষ্টাব্দে অর্গলরাজ গৌতম দিল্লীর লোদী সম্রাট্‌গণের অধীনতা স্বীকার করেন নাই। তিনি দিল্লীশ্বরকে রাজকর দানে অস্বীকৃত হইলে সম্রাটের আদেশে অযোধ্যার মুসলমান শাসনকর্ত্তা তাঁহার বিরুদ্ধে প্রেরিত হন। এই যুদ্ধে মুসলমান সেনা পরাজিত হয়। ইহারই কিছুকাল পরে গৌতমরাজ-মহিষী গঙ্গাস্নান উপলক্ষে দুণ্ডিয়া-খেরার নিকটবর্ত্তী বগসর নগরে আসিয়া উপস্থিত হন। অনেকে বলেন, রাণী প্রয়াগতীর্থ ত্রিবেণীতে স্নান করিতে আসিয়াছিলেন। মুসলমানেরা তাহার সন্ধান পাইয়া দলবল সহ রাণীকে আক্রমণ করিয়া বন্দী করিবার চেষ্টা পায়। এই সময়ে রাণী তঞ্জাম হইতে দণ্ডায়মান হইয়া বলেন যে, এখানে কি একজন ছত্রি নাই যে, রাজকুললনার মান রক্ষণে সমর্থ হয়। তখন অভয়চাঁদ ও নির্ভয়চাঁদ নামে দুইজন বৈস-রাজপুত ভ্রাতা এই সংবাদ পাইয়া সদলে আসিয়া মুসলমান সেনাদলকে নিহত করিয়া রাণীকে উদ্ধারপূর্ব্বক ফতেপুর জেলার অন্তর্গত অর্গল নগরে লইয়া যান।

মুসলমানের সহিত যুদ্ধে আহত হইয়া নির্ভয়চাঁদ পরলোক গমন করেন। অভয়চাঁদ রাণীকে লইয়া রাজা সমীপে উপনীত হইলে রাজা কৃতজ্ঞতাপূর্ণ হৃদয়ে স্বীয় কন্যার সহিত অভয়চাঁদের বিবাহ দেন এবং যৌতুক স্বরূপ গঙ্গার উত্তর ভাগস্থ স্বীয় রাজ্যাংশ ও রাও উপাধি দান করেন।

অনুমান ১৪০০ খৃষ্টাব্দে এই বংশে রাও তিলকচাঁদ জন্ম গ্রহণ

করেন। তিনি স্বীয় বাহুবলে বহুস্থান জয় করিয়া রাজ্যবিস্তার করেন। প্রবাদ, তিনি ২২ পরগণার অধিকারী হইয়া প্রভূত অর্থ সঞ্চয় করিয়াছিলেন। তাঁহারই অধিকারে প্রকৃত পক্ষে বৈসবাড়া বিভাগে বৈস জাতির প্রভাব বিস্তৃত হইয়াছিল।

যাহা হউক, তিলকচাঁদ যে স্বীয় ভুজবলে এক সময়ে অযোধ্যা-বিভাগের রাজগণের নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন, তাহাতে কোন সন্দেহ নাই। তিনি তাঁহার পাল্কীবাহক কাহার-দিগকে রাজপুত করিয়া যান এবং ফৈজাবাদের বারিজাতি তাঁহারই অনুগ্রহে 'ভালে সুলতান' নামে আখ্যাত হয়।

মৈনপুরী জেলার বৈসগণ বলেন যে, তাঁহারা ১৩৯১-৯২ খৃষ্টাব্দে রাঠোর রাজপুতগণের সহিত দুণ্ডিয়া-খেরা হইতে এদেশে আসিয়া বাস করে। তারিখ-ই-মবারক্-শাহী পাঠে জানা যায় যে, এখানকার বৈসগণ ১৪২০ খৃষ্টাব্দে ভয়ানক অত্যাচারী হইয়া উঠে। দিল্লীশ্বর তাঁহাদের উপদ্রব নিবারণার্থ সুলতান খিজির খাঁকে পাঠাইয়া দেন। খিজির খাঁ বৈস-শক্তি সমূলে উৎপাটন করিতে সমর্থ হইয়াছিলেন।

ফৈজাবাদ ও ফরুখাবাদেও বৈসগণের উপনিবেশ স্থাপিত হয়। ফরুখাবাদে আগমন সম্বন্ধে তথাকার বৈসগণ বলেন যে, হংসরাজ ও বৎসরাজ নামে দুই বৈস ভ্রাতা দুণ্ডিয়া-খেরা হইয়া এই প্রদেশে আইসেন। প্রথমে তাঁহারা ভর নামক তথাকার আদিম অধিবাসিগণের অধীন ছিলেন, পরে তাঁহাদের সহিত শত্রুতা করিয়া শকৎপুর ও সৌরিখ নামক স্থান অধিকারপূর্ব্বক তথায় বাস করেন, ক্রমে তাঁহারা ঈশান নদীতীরস্থ কএকখানি গ্রাম দখল করিয়া সেই সেই স্থানে আপনাদের প্রতিপত্তি বিস্তার করিয়াছিলেন।

বুদাউন জেলার বৈসদিগের মধ্যে কিংবদন্তী আছে যে, বৈশ-বাড়া হইতে দলিপসিংহ নামে এক জন বৈস-সর্দ্দার এ অঞ্চলে আসিয়া বাস করেন, তাঁহারই দুই পুত্র হইতে তাহাদের মধ্যে চৌধুরী ও রায় বংশের উৎপত্তি হইয়াছে। গোরক্ষপুরের বৈসগণ বলেন যে, তাঁহারা নাগবংশী এবং বশিষ্ঠ-ঋষির কামধেনুর নাসা-রন্ধ্র হইতে উৎপন্ন। গাজীপুরী বৈসরা আপনাদিগকে বৈসবাড়া হইতে সমাগত বাঘেল-রায়ের বংশধর বলিয়া থাকেন। মোগল সম্রাট্ অকবর শাহের সময় তাঁহাদের একটী শাখা রোহিলখণ্ডে যাইয়া বাস করেন।

নানা ক্ষুদ্র ক্ষুদ্র জাতি এই সুবিস্তৃত বৈসজাতির মধ্যে আসিয়া মিলিত হওয়ায় তাঁহাদিগকে লইয়া বৈস সমাজে অনেক গুলি থাকের সৃষ্টি হইয়াছে। ফৈজাবাদ ও পোস্তা জেলায় গঙ্গা-রিয়া, নাই পুরিয়া, বারবার ও চাহগণ আপনাদিগকে বৈশজাতি হইতে উৎপন্ন বলিয়া পরিচয় দেয়। রায়বরেলী জেলার পূর্ব্বাংশে ভরাভিবৈশ শ্রেণীর বাস। ভিতরিয়া ও বাহারিয়া বৈশগণের সম্বন্ধে কিংবদন্তী আছে যে, রাজা তিলকচাঁদের বহুসংখ্যক পত্নী ছিল। তন্মধ্যে রেবা ও মৈনপুরীর রাজকন্যাদ্বয় রাজসংসার হইতে পলাইয়া যায়। তাহা হইতেই ভিতরিয়া ও বাহরিয়া থাকের উৎপত্তি হইয়াছে। তিলকচাঁদী বৈসগণের মধ্যে রাও, রাবত, নৈহাটা ও সাইবংশী প্রধান। বৈস হইতে নীচজাতীয় রমণীর গর্ভে কাঠ বৈসগণের উৎপত্তি। তিলকচাঁদীরা ইহাদের কন্যা গ্রহণ বা তাহাদের সহিত একত্র পান ভোজন করেন না।

উপরে শালিবাহনরাজের ৩৬০ পত্নী হইতে যে ৩৬০ ঘর বৈস জাতির কথা লিখিত হইয়াছে, তাহাদের মধ্যে তিলসারী, চকবৈস, নান্‌বাগ, ভানবাগ, বৎস, পরাশরিয়া, পটসারিয়া, বিঝোনিয়া, ভট্‌কারিয়া, ছনমিয়া ও গর্গবংশই প্রধান।

তিলকচন্দ্র নামক শাখার সকলেই কপালে অর্দ্ধচন্দ্রাকৃতি তিলক ধারণ করিয়া থাকে।

বৈসবার, মীর্জাপুর জেলার পার্ব্বত্যপ্রদেশবাসী জাতিবিশেষ। ইঁহারা আপনাদিগকে দুণ্ডিয়াখেরাবাসী রাজপুত বৈস্ (বাঈস্) জাতির শাখা বলিয়া পরিচয় দেয়। প্রবাদ, বৈসজাতীয় দুই ভ্রাতা রাজাদেশে প্রাণদণ্ডে দণ্ডিত হইয়া সুদূর রেবারাজ্যে পলা-য়ন করেন। এখানে তাঁহারা রাজানুগ্রহ লাভ করিয়া বিস্তর ভূসম্পত্তি সঞ্চয় করিয়া লব্ধপ্রতিষ্ঠ হন। ৮।৯ পুরুষ এখানে বাসের পর, তাঁহারা মীর্জাপুর অঞ্চলে আসিয়া উপনিবেশ স্থাপন করেন। বৈসবারেরা বলে যে, বৈসবাড়াজাতীয়ের সহিত তাহা-দের কোন সম্পর্ক নাই, পরস্পরে আদান প্রদানও চলে না।

তাহারা আপনাদিগকে রাজপুতজাতির শাখা বলিয়া পরিচিত করিলেও, তাহাদের মধ্যে যে রাজপুতরক্ত প্রবাহিত আছে, এরূপ বলিয়া মনে হয় না, কারণ তাহাদের বাহ্য আকৃতি ও প্রকৃতি অনুশীলন করিলে, তাহাদিগকে প্রাচীন দ্রাবিড়ীয় শাখাসম্ভূত বলিয়াই অনুমিত হয়।

তাহাদের মধ্যে ৭ টী বিভাগ আছে। তন্মধ্যে খণ্ডাইৎ ও বংশীৎ প্রধান। এই দুই শ্রেণী হইতে অপর পাঁচটী শ্রেণী উদ্ভূত। চৌধুরীগণ কুম্মী পুরুষের ঔরসে বৈসবার রমণীর গর্ভে উৎপন্ন। বনভূমে বাস বলিয়া একটী শাখা বননৈত নামে প্রসিদ্ধিলাভ করিয়াছে। রৌতিহা, সোহাগপুরিয়া ও পিপ্‌রাহ গ্রামে বাসহেতু শাখাত্রয়ের ঐরূপ নাম হইয়াছে। রেবতী, সোহাগপুর ও পিপ্‌রা গ্রাম বুন্দেলখণ্ডে অবস্থিত।

উপরি কথিত সপ্ত-শাখার মধ্যে খণ্ডাইৎ প্রধান। অপর শাখার লোককে খণ্ডাইতের কন্যা গ্রহণ করিতে হইলে পণ দিতে হয় খণ্ডাইৎ দিগের মধ্যে যে ব্যক্তি পঞ্চায়তের সর্দ্দার হয় তাহার নাম মহ্‌তো।

বৈসবারদিগের মধ্যে ব্যভিচার ততদূর দোষজনক নহে, কিন্তু যদি স্বজাতির কেহ অন্যজাতির অন্নগ্রহণ করে, তবে তাহার জাতিনাশ ঘটে। জাতিনাশ বা পাপক্ষালনের জন্য ভাগবতের ৭টী শ্লোক পাঠ, গঙ্গাস্নান অথবা বারাণসী, প্রয়াগ বা মথুরায় তীর্থযাত্রা করিতে হয়। পঞ্চায়তের বিচারে অন্য দণ্ড নাই।

তাহাদের মধ্যে বহুবিবাহ প্রচলিত আছে, কিন্তু সাধারণতঃ একটীমাত্র পত্নী গ্রহণ করাই নিয়ম। যাহার দুই বা ততোধিক পত্নী থাকে, তাহার প্রথমাই গৃহকর্ত্রী ও দেবপূজাদির অধিকারিণী হয়। সাগাইমতে বিধবার বিবাহ হয়। ঐ সময়ে সত্যনারায়ণের পূজা এবং স্বজাতীয় স্বজনসমক্ষে উভয়ের গ্রন্থিবন্ধন ব্যতীত আর কোন ক্রিয়া অনুষ্ঠিত হয় না। দেবর যদি ভাইবৌকে বিবাহ করিতে না চায়, তাহা হইলে সেই বিধবা অপরকেও বিবাহ করিতে পারে। স্বামী বা স্ত্রী যদি অন্যজাতির হুকায় তামাকু সেবন করে, তাহা হইলে পরস্পর পরস্পরকে ত্যাগ করিতে পারে। হিন্দুশাস্ত্রানুসারে বৈসবারেরা দত্তক গ্রহণ করিতে পারে।

সন্তান জন্মিলে প্রথম ছয় দিন চামার-ধাত্রী সূতিকাগারে প্রসূতিকে দেখাশুনা করে, তৎপরে ছয়দিন নাপিতানী আসিয়া সূতিকাগারে থাকে। দ্বাদশাহে প্রসূতি শৌচাদি সম্পন্ন হইয়া গৃহে আসে, কিন্তু ছয় মাস পর্য্যন্ত সে স্বামীর কাছে আসিতে পারে না। বালক চলিতে শিখিলে তাহার কর্ণবেধ এবং অন্নপ্রাশন হয়।

বিবাহ সম্বন্ধ স্থির হইলে একটী ভোজ হয় এবং কন্যার পিতা পাত্রের কপালে টীকা দিয়া বিবাহ পাকা করিয়া যান। বিবাহের পাঁচ দিন পূর্ব্বে মট-মঙ্গলা হয়। ঐ সময়ে রমণীরা একটী ঢোলক সিন্দূরে রঞ্জিত করিয়া লইয়া যায়। পরিবারস্থ বৃদ্ধা রমণী মাটী কাটিয়া বাড়ীতে আনে ও তাহা বিবাহমঞ্চের মধ্যস্থলে রাখিয়া একটী বেদিকা প্রস্তুত করে। বেদীর উপরে শিমুল গাছের ডাল ও পবিত্র জলপূর্ণ কলস স্থাপিত থাকে।

বিবাহের পূর্ব্বদিনে মন্ত্রিপূজা হয়। ঐ সময়ে একটী ঘরের দেওয়ালে গোময় লেপিয়া তাহার উপর দূর্ব্বা ও আম্রপল্লব লাগাইয়া হরিদ্রারঞ্জিত বস্ত্র আচ্ছাদন করিয়া দেয়। কন্যা তদুপরি ঘৃত নিক্ষেপ করিলে পর, খড়্গপূজা হইয়া থাকে, কন্যাপক্ষের কোন আত্মীয় ঐ সময়ে স্বহস্তে খড়্গ ধারণ করিয়া দণ্ডায়মান থাকে এবং বরের মাতা আসিয়া তাহাতে চাউলের পিটুলী ও হরিদ্রা মাখাইয়া দেয়, তৎপরে ঐ তরবারির বাঁট দিয়া একটী শস্যপূর্ণ কলস ভাঙ্গিয়া ফেলে। প্রবাদ, বরপক্ষের কোন ব্যক্তি যদি এই বিবাহে শত্রুতাচরণ করে, তাহা হইলে তাহাদিগকে শস্যের ন্যায় দূরে বিদূরিত করা হইবে।

অতঃপর ঐ তরবারি বিবাহমণ্ডপের বেদীর মধ্যস্থলে আনিয়া রাখা হয় এবং পরে ঐ তরবারি দ্বারা একটী ছাগহত্যা করিয়া রাত্রে খিচুড়ী ও ছাগমাংসের ভোজ হয়, উহাকে বৈসবারেরা 'ভাতবান্' বা আইবড় ভাত বলে।

বরযাত্রার পূর্ব্বে, নাপিত আসিয়া কন্যার গৃহ হইতে আনীত জলে বরকে স্নান করায়। ঐ জল কন্যার স্নানের পর মৃত্তিকা হইতে স্বতন্ত্র পাত্রে তুলিয়া আনা হয়। বরযাত্রাকালে বরের মা 'পরছন' কার্য্য সমাপন করে। তৎপরে সকলে একত্র হইয়া কন্যার আলয়ে যায় এবং কন্যার গ্রামে আসিলেই কন্যাপক্ষীয় আত্মীয় স্বজনেরা তাহাদিগকে অভ্যর্থনা করিয়া কন্যাগৃহে লইয়া যায়। ঐ সময়ে কন্যা পক্ষীয় নাপিত এখানে হরিদ্রারঞ্জিত বস্ত্র আনিয়া বরের পালকী আচ্ছাদন করিয়া দেয়।

কন্যাগৃহের দ্বারদেশে বসিবার আসন পাতা হয়। ঐ স্থানে বর বসিয়া গৌরী ও গণেশ পূজা করে। পূজা সমাপ্ত হইলে কন্যার পিতা আসিয়া বরের কপালে দধি ও চাউল দেয়। তাহার পর কন্যাগৃহ হইতে বর ও বরপক্ষীয় বালক বালিকাদের জলপান আইসে। তৎপরিবর্ত্তে বরের পিতা কন্যা ও কন্যার মাতার জন্য সাড়ী ও অলঙ্কার এবং বরের স্নান করা জল পাঠাইয়া দেন। ঐ জলে কন্যাকে পুনরায় স্নান করাইয়া নববস্ত্র ও অলঙ্কারাদি পরাইয়া বিবাহমণ্ডপে আনা হয় এবং বরকে আনিয়া সকলে বিবাহকার্য্যে ব্রতী হয়।

বর ও কন্যা তখন সম্মুখে রক্ষিত গৃহদেবতার মূর্ত্তি পূজা করিয়া সম্মুখস্থ কলস ও শিমুল বৃন্তে সিন্দূর মাখাইয়া দেয়। তারপর বস্ত্রে বস্ত্রে গ্রন্থিবন্ধন করিয়া দিয়া বর ও কন্যাকে সেই বেদীর চারিপার্শ্বে পাঁচবার প্রদক্ষিণ করান হয়। প্রদক্ষিণকালে বরের হাতে কুলা থাকে; কন্যার ভ্রাতা ঐ কুলার উপর চাউল দিতে দিতে যায় এবং স্বয়ং কন্যা আবার সেই চাউল ফেলিতে ফেলিতে যায়। তারপর বরকন্যাকে বাসরগৃহে (কোহাবর) লইয়া রাখা হয়। বাসি বিবাহের দিন কন্যার মাতা বরের টোপর কাড়িয়া লইয়া বরকে যৌতুক দিয়া থাকে। ঐ দিন খিচুড়ী ভোজের পর, বর কন্যাকে লইয়া স্বগৃহে যায়। তথায় উপর্য্যুপরি ৩।৪ দিন ধূমধামে ভোজ হইয়া থাকে। দ্বিরাগমনের পর বরের আলয়ে স্থানীয় দেবতাদের পূজা ও হোম হইয়া থাকে।

সকল হিন্দুর ন্যায় ইহারাও শবদেহ দাহ করে। শবদাহান্তে শববাহকগণ গৃহে আসিয়া অষ্টাঙ্গে অগ্নি স্পর্শ করিয়া শুদ্ধ হয়। পরদিন প্রাতে মৃতের নিকটাত্মীয় দাহস্থানে যাইয়া শবের অস্থি ও ভস্ম সংগ্রহ করিয়া নিকটবর্ত্তী নদীতে নিক্ষেপ করে। তদনন্তর তাহারা একটী অশ্বত্থ বৃক্ষতলে প্রেত আত্মার তৃষ্ণানিবারণের জন্য এক কলস জল স্থাপন করিয়া রাখে। মৃতেরনিকট আত্মীয়

প্রত্যহ প্রেতের উদ্দেশে একটী করিয়া পিণ্ড দেয় এবং দশম দিনে দুগ্ধ ও তণ্ডুল উৎসর্গ করিয়া নিকটবর্ত্তী জলাশয়ে ফেলিয়া দিয়া আসে। একাদশ দিনে মহাপাত্রকে মৃতের বসন ভূষণ দান করা হয়। তাহাদের বিশ্বাস যে, সেই গুলি প্রেতলোকে যায়। দ্বাদশাহে ষোড়শ পিণ্ডদানান্তে মহাপাত্রকে ভোজন করান হয় এবং দক্ষিণাস্বরূপ তাহার হস্তে একটী গাভী ও বস্ত্র দেওয়া হইয়া থাকে। ত্রয়োদশ দিনে ব্রাহ্মণভোজন করাইতে হয়।

ইহারা দেবী দুর্গা ও বর্দ্দির ভবানীর পূজা করে।

বৈসর্গিক (ত্রি) বিসর্গায় প্রভবতি বিসর্গ (তস্মৈ প্রভবতি সম্ভাপাদিভ্যঃ। পা ৫।১।১০১) ইতি ঠঞ্। যাহা ত্যাগের নিমিত্ত হয়।

বৈসর্জ্জন (ত্রি) ১ বিসর্জ্জন বা উৎসর্গ। ২ যাহাকে উৎসর্গ করা যায়। ৩ যজ্ঞের বলি।

বৈসর্জ্জনীয় (ত্রি) উৎসর্গের যোগ্য। (শতপথব্রা° ৩।৬।৩।১)

বৈসর্জ্জিন (ক্লী) বৈসর্জ্জন শব্দার্থ।

বৈসর্প (ত্রি) বিসর্প-অণ্। ১ বিসর্প রোগ। ২ বিসর্প রোগ সম্বন্ধীয়।

বৈসাদৃশ্য (ক্লী) বিসদৃশ ভাবে ষ্যঞ্। বিসদৃশতা। বৈষম্য, বিসদৃশের ভাব বা ধর্ম্ম।

বৈসারিণ (পুং) বিশেষেণ সরতীতি বিসারী মৎস্যঃ স এব (বিসারিণো মৎস্যে। পা ৫।৪।১৬) ইতি অণ্। মৎস্য। (অমর)

বৈসূচন (ক্লী) বিশেষেণ সূচয়তীতি বিসূচনম্, তদেব স্বার্থে অণ্। নাট্যে পুরুষদিগের স্ত্রীবেশধারণ।

বৈসৃপ (পুং) দানবভেদ। (হরিবংশ)

বৈস্তারিক (ত্রি) বিস্তার সম্বন্ধীয়।

বৈস্পষ্ট্য (ক্লী) পরিষ্কার, পরিচ্ছন্নতা। বিশেষরূপ স্পষ্টতা।

বৈস্রেয় (পুং) বিস্রি ঋষির অপত্য। (পা ১।১২৩)

বৈস্বর্য্য (ত্রি) ১ স্বর-বিকৃতির ভাব। গলাভাঙ্গা।

"মতং গদ্‌গদভাষিত্বং বৈস্বর্য্যং প্রমদাদিজম্।"

বৈহগ (ত্রি) বিহগ-অণ্। বিহগ সম্বন্ধীয়। (কথাসরিৎ ৫৯।১৭৮)

বৈহঙ্গ (ত্রি) বিহঙ্গ-অণ্। বিহঙ্গ সম্বন্ধীয়। (সুশ্রুত)

বৈহতি (পুং) বিহতের গোত্রাপত্য। বৈহলি পাঠও দেখা যায়।

বৈহায়ন (পুং) বিহত ঋষির অপত্যাদি। (সংস্কারকৌমুদী)

বৈহায়স (ত্রি) বিহায়স-অণ্। বিহায়স সম্বন্ধীয়, আকাশ সম্বন্ধীয়।

বৈহার (পুং) মগধের অন্তর্গত একটী পর্ব্বত। (ভারত সভাপর্ব্ব) বৈভার নামে খ্যাত। [রাজগৃহ দেখ।]

বৈহার্য্য (ত্রি) বিশেষেণ হ্রীয়তে ইতি বি-হৃ-ণ্যৎ বিহার্য্য এব স্বার্থে অণ্। পরিহাস দ্বারা লালনীয়। শ্যালকসম্বন্ধ্যাদি।

"যথাবালেষু নারীষু বৈহার্য্যেষু তথৈব চ।
সঙ্গরেষু নিপাতেষু তথাপদ্ব্যসনেষু চ।
অনৃতং নোক্তপূর্ব্বং মে তেন সত্যেন খং ব্রজ।"

(ভারত উদ্যোগপ°)

বৈহাসিক (পুং) বিহাসং করোতি ঠক্। যিনি হাসান, ভণ্ড, বিদূষক। পর্য্যায় বাসন্তিক, কেলিকিল, প্রহাসী, প্রীতিদ। (হেম)

বৈহ্বল্য (ক্লী) বিহ্বলস্য ভাবঃ বিহ্বল-ষ্যঞ্। বিহ্বলতা, বিহ্বলের ভাব বা ধর্ম্ম।

"মুমূর্ষোরিব তত্রাস্য বৈহ্বল্যগলিত স্মৃতেঃ।"

(রাজতর° ৮।২২৪৮)

বোআ, চলিত বোআ সাপ বা ময়াল (Boa constrictor) ইহারা সর্পজাতির Pythonidæ শ্রেণীর Ophidia বিভাগের অন্তর্ভুক্ত। এসিয়ার দক্ষিণ-পূর্ব্বাংশে গ্রীষ্মপ্রধান দেশভাগে, বিশেষতঃ পার্ব্বত্যপ্রদেশে এই জাতীয় সর্প বহুল দেখিতে পাওয়া যায়। ইহারা এত বড় হয় যে, সময়ে সময়ে নিশ্চল অবস্থায় পড়িয়া থাকে। খাদ্যের জন্যও তাহারা অন্যত্র গমনের চেষ্টা করিতে পারে না। বায়ুতে নিশ্বাস গ্রহণদ্বারা কীট, মক্ষিকাদি আহরণ করিয়া উদরস্থ করে। প্রবাদ, মনুষ্য ও চতুষ্পদ জন্তুদিগকে ইহারা নিশ্বাসে টানিয়া লয়।

সিংহলদ্বীপে একটী ২০ ফুট লম্বা ময়াল সাপ পাওয়া যায়। উহা তখন নিশ্চেষ্ট অবস্থায় পড়িয়াছিল। উহাকে ধরিয়া "লণ্ডন জুলজিকাল গার্ডেন" নামক উদ্যানে রাখা হয়। ছয় বৎসর মধ্যে উহা ২৯ ফুট পর্য্যন্ত বাড়িয়াছিল।

ভারতের পশ্চিম উপকূলদেশে, সিংহলে এবং উত্তরে হিমালয়-পাদমূলে ময়াল সাপ দেখিতে পাওয়া যায়। বড় বড় নদীর তীরে বালুকার মধ্যে ইহারা বাস করে। যদি কোন ক্রমে গাত্রোপরিস্থ বালুকা সরিয়া যায়, তখন তাহাদের গাত্র দেখিয়া বড় গাছের শিকড় বলিয়া মনে হয়। তিস্তা নদীতীরে একদল শিকারী বালুকাচরের উপর চা গরম করিতেছিল। অগ্নির উত্তাপে বালু উত্তপ্ত হইলে ময়াল সাপ বালুরাশি ভেদ করিয়া কুণ্ডলী পাকাইয়া উঠে ও গর্জ্জন করিতে থাকে। সেই গর্জ্জনে শীকারীদলের সহগামী হস্তিদল ভীত হইয়া পলায়ন করে।

অন্যান্য সর্পের ন্যায় ইহারা শীকার ধরিয়া আস্তে আস্তে গলাধঃকরণ করিতে থাকে।

বোআলমারী, বাঙ্গালার ফরিদপুর জেলার অন্তর্গত একটী বাণিজ্যপ্রধান গণ্ডগ্রাম। বারাসিয়া নদীতটে অবস্থিত। অক্ষা° ২৩° ২৩´ উং এবং দ্রাঘি° ৮৯° ৪৮´ ৩০´´ পূঃ। এখানে চাউল, বিলাতী কার্পাসবস্ত্র, দেশী কার্পাসবস্ত্র, সুতা, পাট ও তামাকুর বিস্তৃত কারবার আছে। প্রতি রবিবার ও বুধবার এখানে হাট

বসে এবং প্রায় ২।৩ দিনের পথ হইতে নানা গ্রামের লোক ঐ হাটে আসিয়া ক্রয়বিক্রয় করে।

বোক্কাণ (পুং) দেশভেদ ও তদ্দেশবাসী। (বৃহৎসংহিতা ১৮।২০)

বোখারা, প্রাচীন তুর্কীস্থানের অন্তর্গত একটী ক্ষুদ্র সামন্তরাজ্য। খান্ উপাধিধারী মুসলমান নরপতিদ্বারা শাসিত। অক্ষা° ৩৭° হইতে ৪৩° উত্তর এবং দ্রাঘি° ৬০° হইতে ৬৮° পূঃ মধ্যে অবস্থিত।

এই রাজ্যের চারিদিকে মরুভূমি থাকিলেও মধ্যবর্ত্তী এই দেশভাগ সমধিক শস্যশালী। আমু বা অক্ষু নদী, সৈর বা জাক্সার্তিস্, কোহিক বা জার আফ্সান এবং কর্শি ও বাহ্লিকরাজ্য-প্রবাহিত নদীগুলি ইহার মধ্য দিয়া প্রবাহিত থাকায় এই স্থানের উর্ব্বরতা দ্বিগুণ বর্দ্ধিত হইয়াছে। এখানকার অধীশ্বর আমীর উপাধিধারী।

এই স্থানে প্রথমে তাজক জাতি আসিয়া বাস করে। হিজিরার প্রথম শতাব্দে মহম্মদের অনুচরেরা বোখারায় প্রবেশ-পূর্ব্বক সামনিদ্-বংশীয় শাসনকর্ত্তাদিগকে পরাজয় করিয়া ইস্লাম-ধর্ম্মে দীক্ষিত করেন। খৃষ্টীয় ১০ম শতাব্দে এই বংশের রাজগণ হীনবল হইলে উজবক্ জাতি তাঁহাদিগকে পরাজিত করিয়া সিংহাসন অধিকার করিয়াছিলেন। তৎপরে খৃষ্টীয় ১২শ শতাব্দে চেঙ্গিজখাঁর অধীনস্থ মোগলবাহিনী এই রাজ্য আক্রমণ করিয়া উজবক্দিগকে তাড়াইয়া দেয়।

জার-আফ্সান নদীর পূর্ব্বকূল হইতে ৭ মাইল দূরে বোখারা নগর অবস্থিত। এই নগর একটী প্রধান বাণিজ্যকেন্দ্র, হিন্দুস্থান রুষিয়া, খাসগার ও তুর্কীস্থানের নানাস্থানের লোক এখানে আসিয়া পণ্যদ্রব্য ক্রয় করিয়া লইয়া যায়। রাজা অল্প আর্শলান্ কর্ত্তৃক এখানকার সুবিস্তৃত প্রাসাদ বিনির্ম্মিত হয়, তৎপরবর্ত্তি-কাল হইতেই এখানকার সৌধমালার উন্নতি সাধিত হইতে থাকে। ক্রমে অসংখ্য মসজিদ্, স্কুল, ও বণিক্সম্প্রদায়ের বাসের জন্য সুন্দর সুন্দর সরাই নির্ম্মিত হইয়াছে।

১৮৬৮ খৃষ্টাব্দে বোখারা রুষসাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়।

বোখারি, মহম্মদের মৃত্যুর পর যে ছয়জন মুসলমান ধর্ম্মাচার্য্যরূপে মহম্মদের প্রোক্ত ধর্ম্মমত (হাদি) সংগ্রহ করিয়াছিলেন, তাহার মধ্যে ইনি একজন। প্রকৃত নাম আবু আবদুল্লা মহম্মদ ইস্মাইল।

বোগদাদ, তুরুষ্করাজ্যের অন্তর্গত বোগদাদ প্রদেশের প্রধান নগর। অক্ষা° ৩৩° ১৯´ ৫০´´ উঃ এবং দ্রাঘি° ৪৪° ২২´ ৪৫´´ পূঃ। ৭৬০ খৃষ্টাব্দে এই নগর স্থাপিত হয় এবং মুসলমান্ খলিফাগণের শাসনকালে ইহার যথেষ্ট সমৃদ্ধি সাধিত হইয়াছিল। ১২৫৭ তাতারদল-নেতা হালকু ও ১৪০০ খৃষ্টাব্দে তৈমুরলঙ্গ অসংখ্য অধিবাসী ধ্বংস করিয়া এই নগর জয় করেন। ১৫০৮ খৃষ্টাব্দে শাহ ইস্মাইল সুফীর আক্রমণে ইহা পারস্যের শাসনভুক্ত হয় এবং ১৫৩৪ খৃষ্টাব্দে সুলেমান ইহাকে পারস্যের অধীনতামুক্ত করিয়া তুরুষ্কের অধীন করেন। তৎপরে শাহ আব্বাস উহা পুনরায় পারস্যের অধীন করিয়াছিলেন। ১৬৩৮ খৃষ্টাব্দে উহা আবার পারস্যের হস্তচ্যুত হয়। তদবধি উহা তুর্কদিগেরই অধিকারভুক্ত আছে।

এই নগর খলিফাদিগের অধিকারে দর-উশ্-সলাম ও মদিনাৎ-অল্ খলিফা নামে পরিচিত হইয়াছিল। খৃষ্টীয় ৮ম শতাব্দে মঙ্ক ও সালি নামক হিন্দু চিকিৎসকদ্বয় খলিফা হারুণ অল্ রসীদের সভায় প্রতিপত্তি লাভ করিয়াছিলেন।

বোটা (স্ত্রী) দাসী, পরিচারিকা।

'পোটা বোটা চ চেটী চ দাসী চ কুটহারিকা।' (হেম)

বোঁটা (দেশজ) ফল, ফুল বা পত্রাদির বৃন্তভাগ।

বোড় (পুং) গুবাক, সুপারি। (শব্দরত্না°)

জটাধরে ভূরিপ্রয়োগে ঝোড় এইরূপ পাঠান্তর দেখিতে পাওয়া যায়।

বোড়াসাপ (দেশজ) বোড্র সর্প। কিংবদন্তী আছে, "চটিলেই চিতি, কামড়ালেই বোড়া"।

বোড্র (পুং) ১ গোনাসসর্প, চলিত বোড়া সাপ।

"গোনাসো মণ্ডলী বোড্রঃ" (ভরতধৃত বিক্রমাদিত্য)

২ মৎস্যবিশেষ। (মেদিনী)

বোড়ী (স্ত্রী) পণচতুর্থাংশ, পণের চারিভাগের একভাগ, চলিত বুড়ি, ৫ গণ্ডায় এক বুড়ি।

বোঢ় (পুং) ঋষিভেদ, বোঢ়ু।

বোঢ়ব্য (ত্রি) বহ্-তব্য, অকারস্যোকারঃ। বহনীয়, বাহ্য।

"বোঢ়ব্যা পুঙ্গবেনেব ধুঃ সদা রণমূর্দ্ধনি।" (হরিবংশ ৭৫।৮৮)

২ পরিণেতব্য, বিবাহযোগ্য। (ভারত ১২।৪৪।৪৫)

বোঢ়ু (পুং) ঋষিবিশেষ, প্রতিদিন ইহার উদ্দেশে তর্পণ করিতে হয়। দেবতর্পণের পর ঋষিতর্পণ বিধেয়—

"সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥" (আহ্নিকতত্ত্ব)

বোঢ়ৃ (পুং) বহতাতি বহ-তৃচ্ (সহিবহোরোদবর্ণস্য। পা ৬।৩।১১২) ইতি অকারস্যোকারঃ। ১ ভারিক, ভারী বা বাহক অর্থাৎ যাহারা শিবিকাদি বহন করে।

"বিষমগতাং স্বশিবিকাং রহূগণ উপধার্য্য পুরুষানধিবহত আহ হে বোঢ়ারঃ সাধ্বতিক্রামত" (ভাগবত ৫।১০।২)

২ মূঢ়। ৩ পরিণেতা, বিবাহকর্ত্তা।

"অন্যাং চেদ্দর্শয়িত্বান্যা বোঢ়ুঃ কন্যা প্রদীয়তে।
উভে তে একশুল্কেন বহেদিত্যব্রবীন্মনুঃ॥" (মনু ৮।২০৪)

৪ সূত। (মেদিনী) ৫ অনড়ান্, ঋষভ। (রাজনি°) (ত্রি) ৬ বহনকর্ত্তা, ভারবাহক। ৭ সারথি। ৮ পথদর্শক।

বোণাই, বাঙ্গালার ছোটনাগপুর বিভাগের অন্তর্গত একটী সামন্ত রাজ্য। অক্ষা° ২১´ ৩৫´ ৩০´´ হইতে ২২° ৭´ ৪৫´´ উঃ এবং দ্রাঘি° ৮৪° ৩১´ ৫´´ হইতে ৮৫° ২৫´ পূঃ মধ্য। ইহার উত্তরে সিংহভূম ও গাঙ্গপুর রাজ্য, দক্ষিণে ও পশ্চিমে বামড়া সামন্তরাজ্য এবং পূর্ব্বে কেউঞ্চর রাজ্য।

১৮২৬ খৃষ্টাব্দ হইতে ইংরাজের শাসনাধীন হইয়াছে। এখানকার রাজা ইংরাজ বাহাদুরকে সেনাদল দিয়া সাহায্য করিতে বাধ্য।

বোণাইগড়, উক্ত প্রদেশের একটী নগর। ব্রাহ্মণী নদীতীরে অবস্থিত। এখানে বোণাই রাজ্যের রাজপ্রাসাদ আছে। রাজদুর্গের প্রায় তিন দিক্ নদীদ্বারা বেষ্টিত। এই স্থান সমুদ্রপৃষ্ঠ হইতে ৫০৫ ফিট্ উচ্চ। অক্ষা° ২১° ৪৯´ ৮´´ এবং দ্রাঘি° ৮৫° ০´ ২০´´ পূঃ।

বোণাইশৈল, বোণাই সামন্ত-রাজ্যের অন্তর্গত একটী বিস্তৃত শৈলশ্রেণী। বোণাই মধ্য উপত্যকা হইতে ২০০০ হইতে ৩০০০ ফিট্ উচ্চ। মানকারমাচা, বাদামগড়, কুমরিতাড়, চেলিয়াটোকা, কোণ্ডাধর নামক শিখরগুলি যথাক্রমে ৩৬৩৯, ৩৫২৫, ৩৪৯০, ৩৩০৮, ৩০০০ ফুট্ পর্য্যন্ত উচ্চ।

বোণ্ট (পুং) বৃন্ত, চলিত বোঁটা। শব্দকল্পদ্রুমে লিখিত আছে, এই পাঠ প্রামাদিক, ইহার প্রকৃত পাঠ 'বোঁট'।

'তথা বোঁট ইতি খ্যাতো বৃন্তং প্রসববন্ধনম্।' (শব্দরত্নাবলী)

বোদ (পুং) আর্দ্র। (ত্রিকা°)

বোদাল (পুং) বোদঃ আর্দ্রঃ সন্ অলতীতি অল-অচ্। মৎস্যবিশেষ, চলিত বোয়ালমাছ। পর্য্যায়—সহস্রদংষ্ট্রা, পাঠীন, বদালক। (শব্দরত্না°) এই মৎস্য অতি সুস্বাদু।

বোন্থাদেবী (স্ত্রী) রাজপত্নীভেদ।

বোপদেব (পুং) একজন বিখ্যাত পণ্ডিত। ইনি সুপ্রসিদ্ধ মুগ্ধবোধ-ব্যাকরণ প্রণয়ন করিয়া সংস্কৃত সাহিত্যে বিশেষ খ্যাতি লাভ করিয়াছেন। ইনি জাতিতে ব্রাহ্মণ, দেবগিরিবাসী, পিতার নাম কেশব। ধনেশ পণ্ডিতের নিকট ইনি শিক্ষালাভ করিয়াছিলেন। ইনি যাদবপতি মহারাজ মহাদেবের সভাপণ্ডিত ছিলেন। কবি কল্পদ্রুম, কাব্য-কামধেনু, ত্রিংশচ্ছ্লোকী, আশৌচ-সংগ্রহ, ধাতুকোষ ও ধাতুপাঠ, পরমহংসপ্রিয়া, পরশুরামপ্রতাপ-টীকা (শ্রাদ্ধখণ্ড), ভাগবতপুরাণ দ্বাদশ স্কন্ধানুক্রম, মহিম্নঃস্তব-টীকা, মুক্তাফল, রামব্যাকরণ, শতশ্লোকী ও শতশ্লোকীচন্দ্রকলা নাম্নী টীকা, শার্ঙ্গধরসংহিতা, গূঢ়ার্থদীপিকা ও সিদ্ধমন্ত্রপ্রকাশ (বৈদ্যক) হরিলীলা, হৃদয়দীপনিঘণ্টু (বৈদ্যক) প্রভৃতি গ্রন্থ ইহার রচিত। এতদ্ভিন্ন নির্ণয়সিন্ধু, আচারময়ূখ ও শ্রাদ্ধময়ূখ গ্রন্থে ইহার রচিত একখানি ধর্ম্মশাস্ত্রের উল্লেখ পাওয়া যায়।

বোপদেবশতক নামে এক খানি কাব্যও পাওয়া যায়। ইহার রচয়িতা বোপদেব স্বতন্ত্র ব্যক্তি কি না তাহা জানা যায় না। [যাদব রাজবংশ দেখ।]

বোপালিত (পুং) একজন আভিধানিক।

বোপালিত সিংহ, একজন আভিধানিক। অভিধান রত্নমালায় হলায়ুধ এবং মহেশ্বর, মেদিনীকর, উজ্জ্বল দত্ত প্রভৃতি ইহার অভিধানের উল্লেখ করিয়াছেন।

বোম্, ত্রিপুরার পার্ব্বত্য প্রদেশবাসী জাতি বিশেষ। বুন্‌জু বা বোন্-চু নামেও পরিচিত। কুকি, লঙ্গথা ও ক্যুঙ্গীরা এই জাতি ভুক্ত। [তত্তদ্ শব্দ দেখ।]

বোম (দেশজ) ১ যানাদিতে অশ্বাদি সংযোজিত করিবার কাষ্ঠ দণ্ড ভেদ। ২ শূন্যমার্গে পারাবত সংরক্ষণের জন্য ছত্রীযুক্ত বংশদণ্ড।

বোমা, (ইংরাজী Bomb শব্দার্থ)। অগ্নিক্রীড়ার জন্য এ দেশে এক প্রকার বোমা প্রস্তুত হইয়া থাকে। অগ্নিসংযোগ করিলেই উহা ভীষণ শব্দে ফাটিয়া যায়।

বোম্বাই, বোম্বাই প্রেসিডেন্সীর প্রধান নগর ও বোম্বাই গবর্মেণ্টের রাজধানী। ইহা পশ্চিমভারতের একটী প্রধান বাণিজ্য বন্দর। অক্ষা° ১৮° ৫৫´ ৫´´ উঃ এবং দ্রাঘি° ৭২° ৫৩´ ৫৫´´ পূঃ। বিচার বিভাগের সুব্যবস্থার জন্য এখানে বিচারাদালত প্রতিষ্ঠিত আছে এবং বোম্বাই নগর একটী স্বতন্ত্র জেলারূপে গণ্য হইয়া আসিতেছে। ইহার ভূপরিমাণ ২২ বর্গ মাইল।

মুম্বাদেবীর নামানুসারে মুম্বই হইতে বোম্বাই নামের উৎপত্তি হইয়াছে। পর্ত্তুগীজগণ সমুদ্রতীরে ইহার অবস্থান দেখিয়া ইহাকে Bom-bahia বা Boa-bahia বলিয়া উল্লেখ করিয়াছেন। পর্ত্তুগীজ 'বোমবাহিয়া' শব্দ হইতে কেহ কেহ ইংরাজী বোম্বাই নামেরও কল্পনা করিয়া থাকেন।

১৬৬১ খৃষ্টাব্দে পর্ত্তুগীজগণ ইংলণ্ডের রাণী কাথারাইন্ অব্ ব্রাগাঞ্জাকে যৌতুকস্বরূপ বোম্বাই-দ্বীপ দান করেন। ঐ সময়ে এই দ্বীপের আয় ৬৫০০০ টাকা ছিল। ঐ সময়ে সুরাট বন্দরেই পশ্চিম ভারতে ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানীর প্রধান আড্ডা ছিল।

ইহার পর পর্ত্তুগীজগণ বোম্বাই নগরের সংস্রব ত্যাগ করিয়া সালসেটি দ্বীপে আশ্রয় লয়েন। দুর্বৃত্ত পর্ত্তুগীজদিগকে দমন করিবার জন্য ১৬৬৮ খৃষ্টাব্দে মোগল নৌ-সেনাপতি সিদি বোম্বাই দুর্গ আক্রমণ করেন। ঐ সময়ে ইংরাজেরা মোগল সম্রাটের

নিকট আবেদন করিলে, সম্রাটের আদেশে মোগল সৈন্য বোম্বাই হইতে অপনীত হয়। ১৬৮৪ খৃষ্টাব্দে ডিরেক্টারগণের অনুমতি অনুসারে সুরাট হইতে কোম্পানির বাণিজ্যকেন্দ্র বোম্বাই সহরে আনিয়া প্রতিষ্ঠা করা হয়, সেই সূত্রে ১৬৮৭ খৃষ্টাব্দে বোম্বাই সহর ইংরাজের প্রধান বাণিজ্য বন্দর বলিয়া পরিগণিত হয়।

এতদিন যে দুইটী ইংরাজকোম্পানী ইংলণ্ডেশ্বরের নিকট হইতে ভারতে বাণিজ্যের অধিকার পাইয়াছিল, ১৭০৮ খৃষ্টাব্দে সেই দুইটী কোম্পানী পরস্পরে মিলিত হইয়া ইউনাইটেড্ ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানী নামে আখ্যাত হয় এবং বোম্বাই সহর তৎকালে স্বতন্ত্র শাসনাধীন বোম্বাই প্রেসিডেন্সীর প্রধান নগর বলিয়া গৃহীত হইয়াছিল। ১৭৭৩ খৃষ্টাব্দে বোম্বাই নগর গবর্ণর জেনারলের শাসনাধীন হয়, তদবধি বোম্বাই নগরের ইতিহাস সমগ্র বোম্বাই প্রেসিডেন্সীর ইতিহাসের সহিত সন্নিবিষ্ট হইয়াছে।

১৭৭৪ হইতে ১৭৮২ খৃষ্টাব্দে প্রথম মহারাষ্ট্র যুদ্ধ সংঘটিত হয়। তাহাতে ইংরাজ কোম্পানী জয়লাভ করেন এবং ঐ সূত্রে বোম্বাই ও তাহার চতুর্দ্দিকস্থ ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপ গুলি ও ভারতোপকূলের প্রসিদ্ধ ঠানা নগরী ইংরাজের হস্তগত হইয়াছিল। মহারাষ্ট্র অভ্যুত্থান সময়ে, মহারাষ্ট্র পীড়নে নিগৃহীত বহুলোক বোম্বাই প্রদেশে আশ্রয় লাভ করেন। ১৮১৮ খৃষ্টাব্দে পেশবা-শক্তির অধঃপতন ঘটিলে, বোম্বাই নগরও মরাঠাধিকৃত সমগ্র পশ্চিম ভারতের রাজধানীরূপে গণ্য হয়। ঐ সময় হইতেই পশ্চিম ভারতের প্রকৃত উন্নতির কাল গণনা করা যায়।

১৮১৯ হইতে ১৮৩০ খৃষ্টাব্দ পর্য্যন্ত এখানে মাননীয় মনষ্টুয়ার্ট এল্‌ফিন্‌ষ্টোন ও সর্ জন মাকম্ নামক দুইজন সুপ্রসিদ্ধ রাজনৈতিক গবর্ণর নিযুক্ত হইয়াছিলেন। তাঁহাদেরই বুদ্ধি ও অধ্যবসায়ে এখানে শাসনশৃঙ্খলা স্থাপিত হইয়াছিল। মহামতী এলফিন্‌ষ্টোন্ এখানকার শাসনপদ্ধতির সংস্কার করেন এবং খ্যাতনামা মাকম্ বোরঘাট গিরিসঙ্কট কাটিয়া উপকূলদেশ হইতে দাক্ষিণাত্যের অধিত্যকা-গমনের পথ সুগম করিয়া যান, তাহারই ফলে অনতিকাল মধ্যেই দক্ষিণভারতে শাসন-বিস্তারের পথ সুপ্রশস্ত হয়।

বোম্বাই ইংরাজ-বণিকের ভারতীয় বাণিজ্যের প্রধান কেন্দ্র হইবার পূর্ব্ব হইতেই য়ুরোপীয় ভ্রমণকারীগণ সুয়েজযোজক অতিক্রম করিয়া বা পারস্যের পথে য়ুরোপ যাত্রা করিতেন। এইরূপ গমনাগমন বিশেষ অসুবিধাজনক ছিল। বোম্বাই যাতায়াতের সুবিধার জন্য বিশেষ যত্নে ও অধ্যবসায়ে লেফ্‌টেনাণ্ট ওয়াগহর্ণ "Over-land Route" পত্তন করিয়া যান।

এই সময়ে ভারতের সংবাদাদি ইংলণ্ডের ডিরেক্টার ও য়ুরোপের অন্যান্য স্থানে পাঠাইবার বিশেষ অসুবিধা ছিল। জাহাজে পত্রাদি যাইতে অনেক বিলম্ব পড়িত। এই কারণে ১৮৩৮ খৃষ্টাব্দে মিসরের পথে সংবাদ পাঠাইবার ব্যবস্থা হয় এবং প্রথমে মাসে একবার মাত্র ডাক প্রেরিত হইতে থাকে। ১৮৫৫ খৃষ্টাব্দে পেনিন্‌সুলার ও ওরিএণ্টাল-কোং সংবাদ ও যাত্রীবহনের জন্য প্রথম বন্দোবস্ত করিয়াছিলেন। এই সময়ের পর হইতেই বোম্বাই বন্দর ইংরাজের ডাক পাঠাইবার ও য়ুরোপীয় ডাক গ্রহণ করিবার কেন্দ্র হইয়া পড়ে। ভারতপ্রবাসী য়ুরোপীয়গণ তদবধি বোম্বাই সহর হইতেই জাহাজে উঠিয়া স্বদেশযাত্রা করিতেন। ১৮৫০ খৃষ্টাব্দে গ্রেট ইণ্ডিয়ান পেনিন্‌সুলার রেলওয়ের পত্তন হইয়া তিনবৎসরের মধ্যে ঠানা পর্য্যন্ত বিস্তৃত হয়। ১৮৩৬ খৃষ্টাব্দে ঐ রেলপথ বোরঘাট হইয়া পুণা পর্য্যন্ত চালিত হইয়াছিল। ১৮৭০ খৃষ্টাব্দে কলিকাতা রাজধানীর সহিত এবং ১৮৭১ খৃঃ অঃ মান্দ্রাজ বন্দরের সহিত বোম্বাই সহরের বাণিজ্য সম্বন্ধ রাখিবার জন্য পরস্পরে রেলপথে সংযুক্ত হয়। এই সুবিধার জন্য অনেকে কলিকাতা হইতে অর্ণবপোতে য়ুরোপ যাত্রা না করিয়া রেলপথে বোম্বাই পর্য্যন্ত আসিয়া জাহাজে উঠিতেন। প্রথমে ইষ্ট ইণ্ডিয়ান রেলপথ "ভায়া জব্বলপুর" পথে বোম্বাই চলিত। তৎপরে বেঙ্গল-নাগপুর রেলপথ "ভায়া নাগপুর" হইয়া বোম্বাই পর্য্যন্ত বিস্তৃত হইয়াছে। এই পথে রেল গাড়ী শীঘ্র যায়। বোম্বাই সহরের "ভিক্টোরিয়া টার্মিনাস্, নামক রেল ষ্টেসন ভারতের মধ্যে একটী অপূর্ব্ব দৃশ্য।

বোম্বাইনগরে নানা সুন্দর সুন্দর অট্টালিকা আছে। ইউনিভার্সিটী সেনেট হল, ক্লক্-টাউয়ার, হাইকোর্ট, পাবলিক ওয়ার্কস্ ডিপার্টমেণ্ট, পোষ্ট ও টেলিগ্রাফ আপিস, সেলার্স হোম, বম্বে ক্লাব, কাষ্টম হাউস,টাউনহল, টাঁকশাল, গির্জ্জা এবং কাসল্ ও ফোর্ট-সেণ্ট জর্জ্জ নামক দুর্গস্থান এখানকার দেখিবার জিনিস। বোম্বাই রক্ষার জন্য ইংরাজরাজ সমুদ্রপথে যুদ্ধের জাহাজ সর্ব্বদাই রাখিয়া দেন।

গ্রীষ্মের সময় এখানকার গবর্ণর মহাবলেশ্বরে এবং বর্ষার সময় পুণা নগরে যাইয়া বাস করিয়া থাকেন।

বোম্বাই প্রেসিডেন্সী, ইংরাজরাজের পশ্চিম ভারতের একটী দেশভাগ ও বিচার-বিভাগ। বোম্বাই প্রদেশের গবর্ণরের শাসনাধীন। এই দেশভাগ ইংরাজাধিকৃত কতকগুলি জেলা ও দেশীয় সামন্ত রাজ্য লইয়া গঠিত।

ইংরাজাধিকৃত জেলাগুলি সাধারণতঃ ৪ ভাগে বিভক্ত, যথা—উত্তর বিভাগ—আহ্মদাবাদ, খেড়া, পঞ্চ-মহল, ভরোচ, সুরাট, ঠানা ও কোলাবা।

মধ্য বিভাগ—খান্দেশ, নাসিক, আহ্মদ্‌নগর, পুণা, সোলাপুর ও সাতারা।

দক্ষিণ বিভাগ :—বেলগাম, ধারবাড়, কলাদগী, উত্তর-কণাড়া ও রত্নগিরি।

সিন্ধু বিভাগ—করাচী, থর ও পার্কার, হায়দরাবাদ, শিকারপুর, উত্তরসিন্ধু সীমান্ত প্রদেশ।

বাবেল-মান্দের প্রণালীস্থ সুপ্রসিদ্ধ আদেন বন্দর ও বোম্বাই নগর ইংরাজাধিকৃত জেলা বলিয়া গৃহীত। এই কারণে আদেনে ইংলণ্ড পোষ্ট প্রচলিত।

এই প্রেসিডেন্সীর মধ্যে নিম্নলিখিত কয়েকটী সামন্ত রাজ্য আছে। যথা :—বড়োদা, কোল্‌হাপুর, কচ্ছ, মহীকান্থারাজ্য-সমূহ, রেবাকান্থা রাজ্যসমূহ, কাঠিয়াবাড় রাজ্যসমূহ, পালানপুর রাজ্যসমূহ, খৎবাৎ, সাবন্তবাড়ী, জঞ্জিরা, দক্ষিণমরাঠা জায়গীর সমূহ, সাতারার জায়গীর সমূহ, যবহার, সুরাটের অন্তর্গত সামন্ত রাজ্যসমূহ, সাবনূর, নাড়ুকোট, অকালকোট, খান্দেশের অন্তর্গত দঙ্গরাজ্যসমূহ ও খয়েরপুর রাজ্য।

উপরি উক্ত জেলাসমূহ ও সিন্ধুপ্রদেশের ভূ-পরিমাণ ১২৪১২৩ বর্গমাইল, এবং সামন্তরাজ্য সমূহের ভূপরিমাণ ৮২৩২৪ বর্গ মাইল। সমগ্র বোম্বাই প্রেসিডেন্সীর ভূ-পরিমাণ ২০৬৪৫৭ বর্গমাইল। বর্ত্তমান সময়ে নানা বৈষয়িক গোলমালে ঐ সকল সামন্তরাজ্যের পরিমাণ অনেক হ্রাস হইয়াছে, তাহা আদম-সুমারীর বিবরণী পাঠ করিলেই জানিতে পারা যায়। সমগ্র প্রেসিডেন্সীর মধ্যে ১১৯ খানি নগর ও ১৫৩৩২ খানি গ্রাম আছে।

বোম্বাই প্রেসিডেন্সীর এই সকল স্থানের ঐতিহাসিক ও প্রত্নতত্ত্বের বিবরণ বিভিন্ন স্থানে লিখিত হইয়াছে, এই কারণে এখানে আর বিস্তৃত ভাবে আলোচিত হইলেন না। [প্রতি জেলা ও দেশীয় সামন্ত রাজ্য নামে তত্তদ্‌বিষয় দ্রষ্টব্য।]

বোরক (পুং) লেখক। (ত্রিকা)

বোরট (পুং) কুন্দপুষ্প, কুঁদফুল। (ত্রিকা°)

বোরপট্টী (স্ত্রী) মন্দুরা, চলিত মাদুর। (শব্দমালা)

বোরব (পুং) ধান্যবিশেষ, চলিত বোরোধান। ইহার গুণ—ত্রিদোষবর্দ্ধক, মধুর, অম্লপাক ও পিত্তজনক।

"বোরবস্তু বুধৈঃ প্রোক্তস্ত্রিদোষস্য প্রকোপনঃ।
মধুরশ্চাম্লপাকশ্চ ব্রীহিঃ পিত্তকরো গুরুঃ।" (রাজবল্লভ)

বোরুখান (পুং) পাটলবর্ণ অশ্ব। (হেম)

বোর্ণিও, ভারত মহাসাগরস্থ ভারতীয় দ্বীপপুঞ্জের অন্তর্গত একটি সুবৃহৎ দ্বীপ। এখানে অসভ্য জাতির বাস আছে। ১৫১৮ খৃষ্টাব্দে সেণ্ট-সিবাষ্টিয়ান্ জাহাজে চড়িয়া পর্ত্তুগীজ নাবিক লরেন্সো ডি গোমেজ বোর্ণিও দ্বীপে সমাগত হন। তদবধি বিভিন্ন সময়ে পর্ত্তুগীজ বণিকেরা এখানে বাণিজ্য করিতে আসিয়া আপনাদের অধিকার বিস্তার করে।

বোল (ক্লী) বোলয়তি প্রায়শো নিমগ্নং ভবতি বুল-অচ্, যদ্বা বা গতৌ পিঞ্জাদিত্বাদ্‌লচ্। স্বনামখ্যাত বণিক্‌দ্রব্য, (Balsamodendron, myrrh) তন্নামক সারজদ্রব্য, গন্ধরস, বোল, হিরাবোল, খুনখারাপী। হিন্দী—বোল, মহারাষ্ট্র—বোল, তৈলঙ্গ—বালিম্ ত্রিপোলম্, তামিল—বেল্লইয়পোলম্, বম্বে—রক্ত্যাবোল। সংস্কৃত পর্য্যায়—রক্তাপহ, মুণ্ড, সুরস, পিণ্ডক, বিষ, নির্ল্লোহ, বর্ব্বর, পিণ্ড, সৌরভ, রক্তগন্ধক, রসগন্ধ, মহাগন্ধ, বিশ্বা, শুভগন্ধ, বিশ্বগন্ধ, গন্ধরস, ব্রণারি। গুণ—কটু, তিক্ত, উষ্ণ, কষায়, রক্তদোষনাশক, কফপিত্ত এবং প্রদরাদিরোগনাশক। (রাজনি°)

ভাবপ্রকাশমতে গুণ—রক্তহর, শীতল, মেধ্য, দীপন, পাচন, মধুর, কটু, তিক্ত, ত্রিদোষনাশক, জ্বর, অপস্মার, কুষ্ঠরোগনাশক এবং গর্ভাশয়-বিশুদ্ধিকারক। (ভাবপ্র°)

বোলক (পুং) লেখক। (শব্দরত্না°)

বোল্লাসক (ক্লী) নগরভেদ।

বোল্লাহ (পুং) অশ্ববিশেষ। ইহার লক্ষণ—যে অশ্বের কেশর ও লাঙ্গুল পাণ্ডুবর্ণ হয়, তাহাকে বোল্লাহ কহে।

'বোল্লাহস্ত্বয়মেব স্যাৎ পাণ্ডুকেশরবালধিঃ।' (হেম)

বোহিত্থ (ক্লী) যানপাত্র, অর্ণবপোত, জাহাজ। (হেম)

বৌদ্ধ (ক্লী) বুদ্ধেন কৃতং বুদ্ধ-অণ্। বুদ্ধদেবকৃত নিরীশ্বরশাস্ত্র, বুদ্ধদেব শিষ্যদিগের প্রতি যে সকল আদেশ প্রচার করেন, তাহাই বৌদ্ধশাস্ত্র। ইহাতে নিরীশ্বর বাদপ্রতিবাদিত হইয়াছে।

২ জিনধর্ম্ম। হিন্দুপুরাণ মতে, বৃহস্পতি রাজপুত্রদিগকে মোহিত করিবার জন্য এই শাস্ত্র উপদেশ দেন।*

(ত্রি) ৩ বুদ্ধসম্বন্ধী।

বৌদ্ধদর্শন, বৌদ্ধমতজ্ঞাপক তত্ত্বগ্রন্থ।

[বৌদ্ধধর্ম্ম ও বৌদ্ধশাস্ত্র দেখ।]

বৌদ্ধধর্ম্ম, ভগবান্ শাক্যবুদ্ধের ভক্ত বৌদ্ধগণ যে ধর্ম্ম মানিয়া চলেন, তাহাই বৌদ্ধধর্ম্ম।

বৌদ্ধধর্ম্মের উৎপত্তি।

ভারতবর্ষে বৌদ্ধধর্ম্মের আবির্ভাবের প্রকৃত সময় নির্দ্দেশ করা একপ্রকার অসম্ভব। তবে ইহাও স্থিরসিদ্ধান্ত যে

* "ততো বৃহস্পতিশ্চক্রমকরোদ্‌বলমর্পিতম্।
গ্রহশান্তিবিধানেন পৌষ্টিকেন চ কর্ম্মণা।
গত্বাথ মোহয়ামাস রাজপুত্রান্ বৃহস্পতিঃ।
জিনধর্ম্মং সমাস্থায় বেদবাহ্যং স বেদবিৎ।
বেদত্রয়ীপরিভ্রষ্টাংশ্চকার ধিষণাধিপঃ।
বেদবাহ্যান্ পরিজ্ঞায় হেতুবাদসমন্বিতান্।
জঘান শক্রো বজ্রেণ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতান্।"
(মৎস্যপুরাণ সোমবংশানুকীর্ত্তন ২৪ অ°)

উপনিষদ্‌যুগের অবসানের সঙ্গে সঙ্গেই বৌদ্ধধর্ম্মের অভ্যুত্থান ঘটে; কারণ বৌদ্ধধর্ম্মের ত্রিপিটক ও সূত্রগুলি পর্য্যালোচনা করিলে স্পষ্টই প্রতীয়মান হয় যে, তৎকালে উপনিষৎ বা বেদান্তমত উন্নতির সোপানে আরোহণ করিয়াছিল, যোগ-সাধনা বেদান্তের অঙ্গভূত না হইলেও প্রকৃতপক্ষে বৈদান্তিকগণ তাহার পূর্ণাঙ্গতা সম্পাদন বিষয়ে বিরুদ্ধমত প্রকাশ করেন নাই, এবং যোগসূত্রকার পতঞ্জলির সময়ে যোগধর্ম্ম যতদূর উন্নত ও পুষ্ট হইয়াছিল, বুদ্ধদেবের আবির্ভাবকালে তাদৃশভাবে জন-সমাজে প্রচারিত না হইলেও যোগচর্য্যা যে ভিক্ষু বা সন্ন্যাসি-সমাজে বিশেষ আদৃত ও অনুষ্ঠিত ছিল, তাহা প্রাচীন বৌদ্ধগ্রন্থাদি আলোচনা করিলে সুস্পষ্টরূপে বুঝা যায়। বুদ্ধ-প্রবর্ত্তিত কর্ম্ম-বাদ ও আত্মার দেহান্তরবাদ তৎকালে জন সাধারণের চিন্তার বিষয়ীভূত হইয়াছিল সন্দেহ নাই। বৌদ্ধগণ যদিও আত্মার অস্তিত্ব স্বীকার করেন নাই; কিন্তু কার্য্যতঃ তাঁহারা কর্ম্ম-ফলকে স্বীয় ধর্ম্মতত্ত্বের সারভূত করিয়া লইয়াছেন। জীবের বা আত্মার এই ধর্ম্ম বৌদ্ধ মনোবিজ্ঞানের সম্পূর্ণ বিরোধী হইলেও তৎসাময়িক বেদান্ত ও যোগতত্ত্বের প্রচার বিষয়ের নিদর্শন স্বরূপে বৌদ্ধ ধর্ম্মনীতিতে স্থান লাভ করিয়াছিল।

বৌদ্ধধর্ম্মের অভ্যুত্থান-সময়ে শিক্ষিত ও চিন্তাশীল ভারত-বাসীর পারলৌকিক মুক্তিচিন্তা গভীর দুশ্চিন্তায় (বৌদ্ধমতে, সম্বেগ) পরিণত হইয়াছিল। তৎকালে তাঁহারা যে কোন্ আদর্শকে লক্ষ্য করিয়া ধর্ম্ম ও নীতির পথে অগ্রসর হইতেছিলেন, তাহা আলোচনা করিলে দেখা যায় যে, সে সময়ে সকলেই কষ্টময় জীবনের যন্ত্রণা, বার্দ্ধক্য এবং মৃত্যুর আশঙ্কায় ভীত ছিলেন। পুনঃ পুনঃ জন্ম-পরিগ্রহের ভয়ও তাঁহাদের সেই পীড়াদায়ক চিন্তাকে আরও ভয়ানক করিয়া তুলিয়াছিল। সকল সম্প্রদায়ের লোকেই তৎকালে জীবনকে অতিশয় গুরুভার মনে করিতেন এবং ইহাকেই মানবজীবনের একমাত্র অবিমিশ্র দুঃখের কারণ বলিয়া জানিতেন। এজন্য সকলেই পুনর্জন্ম বা 'সংসারযন্ত্রণা' হইতে মুক্তিলাভের জন্য ব্যতিব্যস্ত হইয়াছিলেন। সকলের মনেই দৃঢ় বিশ্বাস ছিল যে, পুনর্জন্ম-নিবারণের বিভিন্ন উপায় আছে। তত্তদনুষ্ঠানেই মুক্তিলাভের পথ প্রশস্ত হয়। অজ্ঞান বা অবিদ্যার পরাজয় ও শ্রেষ্ঠতম সত্য (সম্বোধি) লাভ করাই ঐ পথাশ্রয়ের একমাত্র উপায়। বৈদান্তিকেরা বলেন, পরমাত্মা এবং জীবাত্মার ঐকান্তিক ভাবে একত্র সংশ্লেষের নাম সত্য বা তত্ত্বজ্ঞান। সাংখ্যবাদীরা বলেন, আত্মা অনন্ত ও বিশুদ্ধ এবং ভূত বা তত্ত্ব হইতে সম্পূর্ণ বিচ্ছিন্ন। আত্মা দেহাবচ্ছিন্ন থাকিলেও কখন পবিত্রতা নষ্ট করেন না। বৌদ্ধগণ আত্মা বা পরমাত্মরূপ কোন পদার্থের অস্তিত্ব স্বীকার করেন না।

সম্বোধি লাভের পর মহাত্মা শাক্যবুদ্ধ আর্য্যসত্য ও প্রতীত্য-সমুৎপাদ প্রচার করেন। [বর্ণীয় 'ব'এ বুদ্ধদেব শব্দ দেখ।] এই দুইটিই তাঁহার প্রচারিত ধর্ম্মের মূলভিত্তি। যথা—দুঃখ, সমুদয়, নিরোধ এবং প্রতিপদ বা মার্গ এই চারিটী সত্যই আর্য্যসত্য। দুঃখ আছে একথা কেহই অস্বীকার করিতে পারে না। দুঃখ থাকিলেই তাহার কারণ (সমুদয়) আছে। এই দুঃখের নিরোধ করিতে অবশ্যই কোন পন্থা বা উপায় (মার্গ) আছে। প্রতীত্যসমুৎপাদের সংখ্যা দ্বাদশটি। অন্যতর নাম 'দ্বাদশনিদান।' এই দ্বাদশ নিদানের উদ্দেশ্য দুঃখের প্রকৃত কারণ নির্ণয় করা।

আর্য্য-সত্য

প্রতীত্যসমুৎপাদ

আয়ুর্ব্বেদের সঙ্গে নিদানের যে সম্বন্ধ, আর্য্য-সত্যের সঙ্গে এই দ্বাদশ নিদানের সেই সম্বন্ধ। দ্বাদশ নিদানের নাম যথা—অবিদ্যা, সংস্কার, বিজ্ঞান, নামরূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, তৃষ্ণা, উপাদান, ভব, জাতি, জরা-মরণ, শোক, পরিদেবনা, দুঃখ, দৌর্ম্মনস্য, উপায়াস ইত্যাদি।

[বুদ্ধদেব শব্দ ৭২ পৃষ্ঠা দেখ।]

মানুষ প্রথমতঃ অবিদ্যাচ্ছন্ন অর্থাৎ অজ্ঞান নিদ্রাভিভূত থাকে। কিঞ্চিন্মাত্র চেতনা লাভ করিয়া সে কতকগুলি সংস্কারের বশবর্ত্তী হয়। তখনও তাহার পূর্ণচেতনা হয় নাই। সংস্কারের পরে বিজ্ঞান বা চেতনা। চেতনা হইলে দ্রব্যের নাম এবং রূপের জ্ঞান জন্মে; নামরূপের উপলব্ধি হইলে ষড়ায়তন অর্থাৎ ষড়িন্দ্রিয়ের ক্রিয়া আরম্ভ হয়। সেই ইন্দ্রিয়ক্রিয়া হইতে বাহিরের বস্তুর সহিত সংস্পর্শ ঘটে। সংস্পর্শ হইতে বেদনা বা অনুভূতি এবং অনুভূতি হইতে তৃষ্ণা অর্থাৎ সুখপ্রাপ্তির এবং দুঃখ পরিহারের ইচ্ছা। এই তৃষ্ণা হইতে কার্য্যের চেষ্টা বা উপাদান। চেষ্টার আরম্ভ হইলে একটা অবস্থার উৎপত্তি হইবে, তাহা ভাল কিংবা মন্দও হইতে পারে, এই অবস্থার নাম ভব। তাহার পরেই জাতি অর্থাৎ নবজীবনের উৎপত্তি। যাহার উৎপত্তি আছে, তাহার বিনাশ অবশ্যম্ভাবী; সুতরাং জীবনে শোক দুঃখ জরামরণ প্রভৃতি অবশ্যই ভোগ করিতে হইবে। যাহাতে এই জরামরণ দুঃখাদি হইতে নিস্তার পাওয়া যায়, সেই পন্থা আবিষ্কার করাই বুদ্ধধর্ম্মের মুখ্য উদ্দেশ্য। এখানেও যোগশাস্ত্রের সহিত উক্ত মতের বড় বিরোধ নাই। অবিদ্যাই সকল অমঙ্গলের নিদান। এই অবিদ্যার বিনাশ উভয়েরই উদ্দেশ্য। কিন্তু ইহার মধ্যে একটী গুরুতর কথা আছে। যোগ-শাস্ত্রকার দার্শনিক শাশ্বতবাদী—তিনি অমৃতত্ব এবং অপরিবর্ত্তনশীলতার আকাঙ্ক্ষী। যাহা ক্ষণস্থায়ী এবং পরিবর্ত্তনশীল তাহাই অমঙ্গল এবং সেই অমঙ্গল পরিহার করাই জীবের প্রধান কর্ত্তব্য। কিন্তু বৌদ্ধধর্ম্মে আত্মার অস্তিত্ব আদৌ স্বীকৃত হয়

নাই। আত্মা সম্বন্ধে মোটামুটি তিনটি মত প্রবল ধরা যাইতে পারে—

(১) শাশ্বতবাদ—আত্মা ইহকালে এবং পরকালে উভয় কালেই বর্ত্তমান থাকে।

(২) উচ্ছেদবাদ—আত্মা কেবল ইহকালেই বর্ত্তমান।

(৩) বৌদ্ধমত—আত্মা ইহকালে কিম্বা পরকালে প্রকৃত-রূপে বর্ত্তমান থাকে না।

হিন্দুধর্ম্মের কর্ম্মবাদ এবং বৌদ্ধধর্ম্মের কর্ম্মবাদেও প্রভেদ আছে। হিন্দুরা আত্মার অমরত্বে বিশ্বাস করেন এবং তাঁহাদের কর্ম্মবাদ সেই বিশ্বাসের উপর সংস্থাপিত। আত্মার অমরত্বে অবিশ্বাসী বৌদ্ধগণ তাহা বিশ্বাস করিতে না পারিয়া কর্ম্মবাদকে ছাটিয়া ছুটিয়া আপনাদের মনোমত করিয়া লইয়াছেন। বৌদ্ধধর্ম্মে কর্ম্মকে এইরূপে বর্ণনা করা হইয়াছে—"মনুষ্যের মৃত্যু হইলে তাহার ভিন্ন ভিন্ন খণ্ডও সেই সঙ্গে বিনষ্ট হয়। কিন্তু তাহার কর্ম্মদ্বারা তত্তৎস্থলে নূতন খণ্ড উপস্থিত হয় এবং ঐ সকল খণ্ড দ্বারা গঠিত অন্য একটী জীব অন্য লোকে জন্ম লাভ করে। যদিও এই জীব ভিন্ন খণ্ডদ্বারা গঠিত, কিন্তু কর্ম্ম এক থাকাতে সে এবং মৃত মনুষ্য উভয়েই এক। সুতরাং সংসারে জীব যদিও অসংখ্য জন্মমৃত্যুর অধীন হয়, তথাপি এক কর্ম্মসূত্রদ্বারাই তাহার একত্ব স্থির থাকে।"

এই রূপ নীতি জ্ঞান বা যুক্তির বহির্ভূত বলিয়া মনে হইলেও বিশেষ কিছু আসে যায় না। কারণ বৌদ্ধধর্ম্ম মানবজ্ঞানের অতীত এবং সদা সত্যের উপর প্রতিষ্ঠিত বলিয়া বৌদ্ধগণ বিশ্বাস করিয়া থাকেন।

"সর্ব্বম্ অনিত্যম্" সমস্তই অনিত্য ক্ষণস্থায়ী—ইহা বৌদ্ধ-ধর্ম্মের একটী মূলসূত্র। এই মূল সূত্র ধরিয়া অনেকে আপত্তি করেন,—"যদি সমুদয়ই অনিত্য বা ক্ষণস্থায়ী হইল, তবে কর্ম্ম জন্মজন্মান্তরে স্থায়ী হইবে কিরূপে?" ইহার উত্তরে বোধ হয় বলা যাইতে পারে যে পার্থিব সমুদয়ই অনিত্য। যে কর্ম্ম দ্বারা মানবজীবন জন্মজন্মান্তরে প্রথিত, সে আদর্শসূত্র পার্থিব অনিত্য বস্তুর মধ্যে পরিগণিত নহে।

আরও একটী গুরুতর সমস্যা আছে। বৌদ্ধ ধর্ম্মগ্রন্থে অনেক পৌরাণিক গল্প স্থান লাভ করিয়াছে।

এই সব বিষয় আলোচনা করিয়া ইহাই ধারণা হয় যে, পরবর্ত্তী বৌদ্ধ শাস্ত্রগ্রন্থে যে ধর্ম্মের কথা দেখা যায়, মহাত্মা বুদ্ধের প্রচারিত মূলধর্ম্ম তাহা হইতে অন্যরূপ ছিল। পণ্ডিতেরা কেহ কেহ মনে করেন, মহাত্মা শাক্যবুদ্ধ কর্ম্মবাদ প্রচার করেন নাই এবং অতিরঞ্জিত উপন্যাস, রূপক গল্প বা আখ্যায়িকা তাঁহার জ্ঞানগর্ভ ও তত্ত্বজ্ঞানপূর্ণ উপদেশ কলঙ্কিত করিতে পারে নাই। তাঁহার নির্ব্বাণপ্রাপ্তির পরে যতই ধর্ম্মগ্রন্থ সকল সঙ্কলিত হইয়াছে, ততই নানারূপ আবর্জ্জনা ও জঞ্জাল-জালে তাহা পূর্ণ হইয়াছে।

অবান্তর বিষয় সম্বন্ধে যাহাই হউক বৌদ্ধ ধর্ম্মের মূলনীতির বিশেষ কোনও পরিবর্ত্তন হয় নাই। দার্শনিকসংজ্ঞা প্রদান করিতে হইলে বৌদ্ধধর্ম্মকে নিরীশ্বর মায়াবাদ বলা যাইতে পারে। পাশ্চাত্য দার্শনিক বার্কলির মায়াবাদও কতকটা এইরূপ। বাহ্যজগতের একটা সত্তা আছে, এই ভ্রান্ত সংস্কারের বশবর্ত্তী হইয়াই মানব নানারূপ ভ্রমে পতিত হয়। মানুষ আপনার অনুভূতি ব্যতীত আর কিছুই অনুভব করিতে পারে না এবং সে নিজেই নিজের অনুভূতির একমাত্র কারণ। জগতের সমুদয় জ্ঞাত এবং জ্ঞেয় পদার্থ কর্ত্তার জ্ঞানসাপেক্ষ। তাহারা সমস্তই 'অহং' অর্থাৎ 'আমি'র ফলস্বরূপ, 'আমি'র জন্য 'আমি' দ্বারা 'আমি'তেই বর্ত্তমান। বার্কলির মতে ঈশ্বর-বাদ আছে, বৌদ্ধমতে তাহা নাই, এই মাত্র প্রভেদ।

প্রত্যেক জীবের দুইটী বিভিন্ন উপাদান, নাম এবং রূপ। নামদ্বারা মানসিক গুণ এবং রূপ দ্বারা বাহ্য গুণ প্রকাশ পায়। বেদনা, সংজ্ঞা, সংস্কার, এবং বিজ্ঞান এই চারিটি গুণ 'নাম' দ্বারা প্রকাশিত হয়। মৃত্তিকা, বারি, অগ্নি এবং মরুৎ এই চারিটি মহা-ভূত এবং তাহা হইতে উৎপন্ন সমুদয় পদার্থ 'রূপ'দ্বারা প্রকাশিত হইয়া থাকে।

সত্তার বিভিন্ন উপাদান

উপরি উক্ত সমুদয় গুণ বা স্কন্ধের সমষ্টি অথবা জন্ম ও পুনর্জ্জন্মের কারণের নাম কর্ম্ম। এইজন্য ইহা বলা গিয়া থাকে যে, নাম এবং পুনর্জন্মের ধারাবাহিক সমষ্টির নাম সংসার। কর্ম্মের আরম্ভ নাই, কিন্তু শেষ থাকিতে পারে। এই অবস্থাপ্রাপ্তির আট রকম পন্থা নির্দ্দিষ্ট আছে।

নির্ব্বাণকামী জীবের চারিটী অবস্থা অতিক্রম করিতে হয়। যাঁহারা ক্রমাগত এই চারিটী অবস্থা প্রাপ্ত হইয়াছেন, তাঁহারা যথাক্রমে শ্রোতঃ-আপন্ন, সকৃদাগামী, অনাগামী এবং অর্হৎ বলিয়া উক্ত হইয়া থাকেন। ইহাদের সাধারণ নাম শ্রাবক বা সেবক। এই প্রত্যেক অবস্থা আবার দুইভাগে বিভক্ত; যথা মার্গ এবং ফল।

মুক্তিপথ

১ যিনি প্রথম অবস্থা লাভ করিয়াছেন, তাঁহার নাম শ্রোতঃআপন্ন। ইনি সংযোজনের (মানব-প্রবৃত্তির) প্রথম তিন বন্ধন অতিক্রম করিয়াছেন। তাঁহার অপায় বা কোন বিপদের ভয় নাই।

মুক্তিকামীর চারি অবস্থা

২ যিনি আর একবার মাত্র মানব জন্ম লাভ করিবেন, তিনি সকৃদাগামী। ইনি কেবল সন্দেহাদি প্রথম তিন বন্ধন

হইতে মুক্তি লাভ করেন নাই ; ইহা ব্যতীত রাগ (অনুরাগ, স্নেহ মমতা) দ্বেষ এবং মোহ এই তিন রিপুকেও অনেক পরিমাণে বশীভূত করিয়াছেন।

৩ অনাগামী পঞ্চবন্ধন হইতে মুক্ত হইয়াছেন। কাম-লোকে তাঁহার আর পুনর্জন্ম হইবে না, ব্রহ্মলোকে জন্ম হইবে।

৪ অর্হৎ—সমুদয় অপবিত্রতা দূর করিয়াছেন এবং যাবতীয় ক্লেশ উপেক্ষা করিতে সমর্থ, কোনরূপ প্রলোভনেও তিনি নীতিপথ হইতে বিচ্যুত হয়েন না, তাঁহার সমস্ত কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন এবং সমস্ত বন্ধন ছিন্ন হইয়াছে, তিনিই অর্হৎ। তিনি চারি প্রকার উচ্চ প্রকৃতি লাভে সমর্থ, তাঁহার আর পুনর্জন্ম হইবে না।

যাঁহারা উক্ত চারি অবস্থা ক্রমাগত অতিক্রম করিয়া মুক্তি-পথের পথিক, তাঁহারাই প্রকৃত আর্য্য। আর্য্যের জীবনের মুখ্য উদ্দেশ্য নির্ব্বাণলাভ। নির্ব্বাণ সম্বন্ধে অনেক কথা বলিবার আছে, এখানে সংক্ষেপে দু-এক কথা বলা যাইতেছে।

নির্ব্বাণ

নির্ব্বাণ দুই প্রকার—অর্হতেরা এই সংসারে থাকিয়া যে নির্ব্বাণ লাভ করেন, তাহা বৈদান্তিকগণের জীবন্মুক্তি বলিয়া ধরা যাইতে পারে। ইহাই প্রথম নির্ব্বাণ। ইহার অন্যতর বৌদ্ধনাম উপাধিশেষ। অন্য নির্ব্বাণের নাম পরিনির্ব্বাণ। মৃত্যুর পর বুদ্ধগণই এই নির্ব্বাণের অধিকারী। এই নির্ব্বাণলাভে চির-কালের জন্য সকল প্রকার পার্থিব যন্ত্রণার অবসান হয়। ইহা বিশুদ্ধ আনন্দের অবস্থা এবং অনন্তকালস্থায়ী।

এই পরিনির্ব্বাণ-প্রাপ্তির পরে অনুভব-ক্ষমতা বর্ত্তমান থাকে কি না ইহা একটী আলোচ্য বিষয়। বৌদ্ধধর্ম্মের মূলসূত্র ধরিয়া বিচার করিতে গেলে নির্ব্বাণপ্রাপ্তির পর অনুভব ক্ষমতা থাকা সম্ভবপর বলিয়া মনে হয় না, কিন্তু এবিষয়ে বৌদ্ধ-গণের মনেও বিষম সন্দেহ আছে বলিয়া মনে হয়। কারণ তাঁহারা যখন বুদ্ধের মুখে শ্রবণ করিয়াছেন যে, তিনি পূর্ব্ব পূর্ব্ব জন্মের সমুদয় ঘটনা স্মরণ করিতে পারিতেন ; তখন তাঁহাদের মনে এ সংস্কার হইতে পারে যে, নির্ব্বাণপ্রাপ্তির পরেও স্মৃতি ও অনুভব থাকার সম্ভাবনা। যাহা হউক এ সম্বন্ধে আলোচনা করা মহাত্মা বুদ্ধেরই নিষেধ আছে। সুতরাং আমরাও তাহা হইতে ক্ষান্ত রহিলাম।

নির্ব্বাণপ্রাপ্তির চেষ্টা করিতে হইলে বহু ধ্যানধারণার প্রয়োজন। এই উচ্চ অবস্থার আয়োজন করিতে হইলে যে সোপানের আবশ্যক তাহার নাম ভাবনা (অর্থাৎ চর্চ্চা বা অনুশীলন)। ইহার চারিটী স্তর—মৈত্রী, করুণা, মুদিতা (সন্তোষ) এবং উপেক্ষা। যোগি-

ধর্ম্ম-সাধনা

গণের সাধনার অবস্থার সঙ্গে ইহার সাদৃশ্য আছে। ইহাদের অন্যতর সাধারণ নাম ব্রহ্মবিহার।

সময়ে সময়ে আরও একটী ভাবনার উল্লেখ দেখিতে পাওয়া যায়। তাহার নাম 'অশুভ' ভাবনা অর্থাৎ শরীরে যে সকল ঘৃণিত ভাব আছে, তাহার উপলব্ধি। এখানে ভাবনা অর্থে চর্চ্চা নহে, কিন্তু উপলব্ধি। এই অশুভ দশ প্রকার। পালিগ্রন্থে এই দশটী অশুভ ভাবনার নাম এইরূপ পাওয়া যায়—১ উদ্ধু-মাতক, ২ বিনীলক, ৩ বিপুব্বক, ৪ বিচ্ছিদ্দক, ৫ বিক্খায়িতক, ৭ হতবিক্খিত্তক, লোহিতক, পুঢ়বক ও অট্ঠিক। রক্ত, মাংস, অস্থি, কৃমি, প্রভৃতি দ্বারা দেহের যে অবস্থান্তর ঘটে, এই অশুভ দ্বারা তাহাই সূচিত হয়।

এই দশ প্রকার অশুভ এবং চারি প্রকার ব্রহ্মবিহার ৪০ 'কম্মথান' বা ধর্ম্মকার্য্যের অঙ্গবিশেষ বিশুদ্ধিমগ্গে বর্ণিত আছে। ললিতবিস্তরে ঐ সমস্ত ১০৮টী কর্ম্মালোকমুখের অন্তর্নিবিষ্ট। অশুভভাবনার মধ্যে এক প্রকার গূঢ় সাধনা আছে, তাহার নাম কসিণ অথবা কৃৎস্নায়তন। এই সাধনার সময় যে দশ বস্তুর প্রতি মনঃসংযোগ পূর্ব্বক ভাবনা করিতে হয়, তাহাদের নাম যথা—মৃৎ, বহ্নি, অগ্নি, বায়ু, নীল, পীত, লোহিত, শ্বেত, আলোক এবং শূন্য বা ব্যোম ভাবনা।

কথিত চত্বারিংশ প্রকারের মধ্যে দশ প্রকার অনুস্মৃতির উল্লেখ দেখা যায়। যথা—বুদ্ধ, ধর্ম্ম, সঙ্ঘ, দেবতা, নীতি ত্যাগ, মৃত্যু, দেহ, আনাপানস্মৃতি (নিশ্বাস প্রশ্বাসের নিয়মাকতা) এবং শান্তি বা নির্ব্বাণ।

আনাপানস্মৃতি দ্বারা নিশ্বাস প্রশ্বাসের প্রতি মন নিবিষ্ট করিয়া কতগুলি নির্দ্দিষ্ট বিষয়ের চিন্তা করিতে হয় ; ইহা অতি উচ্চ অঙ্গের সমাধি।

কম্মথানের মধ্যে 'আরুপ্য' নামে চারিটী বিশেষ আছে, তাহা আবার ব্রহ্মলোকানুগত। এই চতুষ্টয়ের নাম 'আকাশানাঞ্চা-য়তন' (আকাশানন্ত্যায়তন), 'বিঞ্ঞানাঞ্চায়তন' (বিজ্ঞানা-নন্ত্যায়তন), 'আকিঞ্চঞ্ঞায়তন' (আকিঞ্চন্যায়তন) ও 'নেবসঞ্ঞানাসঞ্ঞায়তন' (নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন)। যাহাঁরা ধ্যান ও সমাধি বলে এই সকল লোকবিষয়লাভ করিতে সমর্থ, তাঁহারা ধর্ম্মের অতি উচ্চ অবস্থা লাভ করিয়াছেন। ইহার উপরে আর একটি উচ্চতর অবস্থা আছে, তাহার নাম সংজ্ঞাবেদিতনিরোধ। এই অবস্থায় সাধকের বিমোক্ষ লাভ হয়।

যদিও কম্মথানের মধ্যে চারি প্রকার ধ্যানের বিশেষ উল্লেখ নাই, কিন্তু স্বরূপ মিলাইয়া দেখিলে বুঝা যাইবে যে, চারি প্রকার ধ্যানের অবস্থা সাধনার চারিটী অঙ্গবিশেষরূপে বর্ণিত আছে। এ স্থলে এ কথা বলা আবশ্যক যে, বৌদ্ধধর্ম্মপ্রচলনের বহুপূর্ব্ব

হইতেই ধ্যানের প্রথা প্রচলিত ছিল। কাহারও কাহারও মতে ধ্যানের অবস্থা চারিটীর পরিবর্ত্তে পাঁচটি বলিয়া উল্লিখিত আছে। তাঁহারা দ্বিতীয় অবস্থাকে দুই ভাগে বিভক্ত করিয়াছেন।

ধ্যানের কথা বলিতে গেলে সমাধির কথাও বলিতে হয়। সমাধির নানা রূপ প্রকার ভেদ দেখিতে পাওয়া যায়। বৌদ্ধশাস্ত্রে তিন প্রকার সমাধির নাম যথা—সবিতর্ক সবিচার, অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার। অন্য তিন প্রকার সমাধির নাম শূন্যতা, অনিমিত্ত (কারণহীন) এবং অপ্রণিহিত (অপ্রণিহিত বা বিশেষ উদ্দেশ্যবিহীন)।

সমাধির দুই সোপান। নিকৃষ্ট সমাধির নাম উপচারসমাধি এবং উৎকৃষ্ট সমাধির নাম অপ্পনা (অর্পণা) সমাধি। মহাযান-মতাবলম্বী বৌদ্ধগণ আরও বহুবিধ সমাধির কথা বলিয়াছেন। প্রজ্ঞাপারমিতা গ্রন্থে ১০৮ রকম সমাধির কথা পাওয়া যায়।

পূর্ব্বকথিত চত্বারিংশ প্রকার কম্মথান ব্যতীত আরও দুই একটীর উল্লেখ পাওয়া যায়। আহারপটিক্কুলসঞ্ঞা (অর্থাৎ আহারপ্রতিকূলসংজ্ঞা বা আহার্য্য দ্রব্যে অপবিত্রতাবোধ)। চতুর্ধাতুবত্থান অর্থাৎ চারি মহাভূতের নির্ণয়করণ ইত্যাদি।

ভূসংস্থান ও জীবশ্রেণীভেদ।

বৌদ্ধশাস্ত্র মতে, বিশ্বব্রহ্মাণ্ডে বহু সংখ্যক চক্রবাল আছে। প্রত্যেক চক্রবালে বিভিন্ন পৃথিবী, সূর্য্য, চন্দ্র, স্বর্গ এবং নরক বর্ত্তমান। আমাদের পৃথিবীর কেন্দ্রস্থলে মেরু অথবা সুমেরুপর্ব্বত প্রতিষ্ঠিত। ইহার চতুর্দ্দিকে প্রধান প্রধান কুলাচল পর্ব্বত এবং এই সকল পর্ব্বত অতিক্রম করিয়া চারিটী মহাদ্বীপ অবস্থিত। উত্তরে উত্তরকুরু, মেরু পর্ব্বতের দক্ষিণে জম্বুদ্বীপ (ভারতবর্ষ), পশ্চিমে অপর-গোদান এবং পূর্ব্বদিকে পূর্ব্ববিদেহ বর্ত্তমান।

প্রত্যেক গোলকে তিনটী লোক বা ধাতু আছে। সর্ব্বনিম্নে কামলোক, তৎপরে রূপলোক এবং সর্ব্বোপরি অরূপলোক।

সর্ব্বনিম্নলোকে ছয় প্রকার দেবতার বাস—১ চারি দিক্‌পাল, ২ ত্রেতিশ দেবতা, ৩ যমগণ, ৪ তুষিতগণ, ৫ নির্ম্মাণ-রতিগণ, ৬ পরিনির্ম্মিত ও বশবর্ত্তিগণ। ইহা ব্যতীত মনুষ্য, অসুর, প্রেত, ও জীবলোক এবং নরক লইয়া সর্ব্বসমেত একাদশ কামলোক।*

রূপব্রহ্মলোক ষোড়শ ভাগে বিভক্ত। যাঁহারা কাম পরাজয় করিয়া দেবত্ব লাভ করিয়াছেন, তাঁহারা আপনাদের অধিকার অনুসারে এই সকল লোকে বাস করিতে পারেন। এই লোক-সমূহের মধ্যে সর্ব্বনিম্ন হইতে, ১ম ব্রহ্মপারিসজ্জ, ২য় ব্রহ্মপুরোহিত, ৩য় মহাব্রহ্ম, ৪র্থ পরিত্তাভ, ৫ম অপ্রমাণাভ, ৬ষ্ঠ আভাস্বর, ৭ম পরীত্তশুভ, ৮ম অপ্রমাণশুভ, ৯ম শুভকৃৎস্ন, ১০ম বৃহৎফল, ১১শ অসংজ্ঞ, ১২শ অবৃহ, ১৩শ অতপস্, ১৪শ সুদর্শ, ১৫শ সুদর্শন, এবং সর্ব্বোচ্চ লোক ১৬শ অকনিষ্ঠ।† প্রথম ধ্যানের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্তরে যাঁহারা পারদর্শী তাঁহারাই প্রথম হইতে তৃতীয় লোকের অধিকারী। দ্বিতীয় ধ্যানের অধিকারীরা চতুর্থ হইতে ষষ্ঠ লোকের বাসোপযোগী। তৃতীয় ধ্যানের অধিকারীরা সপ্তম হইতে নবম লোকে, চতুর্থ ধ্যানের অধিকারিগণ দশম ও একাদশে এবং অনাগামিগণ দ্বাদশ হইতে ষোড়শ লোকে বাস করিবার উপযুক্ত। রূপব্রহ্মলোকের পরে অরূপব্রহ্মলোক। ইহার আবার চারিটি ভিন্ন ভিন্ন স্তর নির্ণীত আছে।

জীবগণের বাসের জন্য সর্ব্বসমেত একত্রিশটী স্থান নির্দ্দিষ্ট। সর্ব্বনিম্ন স্থানের নাম নরক বা নিরয়। আটটী প্রধান নরকের উল্লেখ আছে—যথা, সঞ্জীব, কালসূত্র, সংঘাত, রৌরব, মহা-রৌরব, তপন, প্রতাপন, ও অবীচি। এই আটটী নরক ব্যতীত আরও বহুতর ক্ষুদ্র নরকের উল্লেখ দেখিতে পাওয়া যায়।

নরকের উপরে ইতরপ্রাণিগণের স্থান। তাহার উপরে প্রেতলোক এবং তৎপরে অসুর লোক। অসুরগণের মধ্যে রাহু সর্ব্বপ্রধান বলিয়া বর্ণিত। নরক এবং তদুপরি কথিত তিন লোক অপায়লোক নামে কথিত। ইহা ভোগের স্থান।

একত্রিশটী স্থান ব্যতীত আরও একটি লোক আছে, যেখানে প্রাণিগণ আপনাদের কর্ম্মফলানুসারে উচ্চ ও নীচগতি লাভ করিয়া থাকে। যে অতি উচ্চপদ লাভ করিয়াছে, তাহারও ঘোর অধোগতি হইতে পারে। কেবল বুদ্ধ, প্রত্যেকবুদ্ধ এবং অর্হৎগণের অধোগতি হয় না।

নিম্নলিখিত রূপে শ্রেণী বিভাগ করা হইয়াছে—(১) বুদ্ধ (২) প্রত্যেকবুদ্ধ (৩) অর্হৎ (৪) দেব (৫) ব্রহ্ম (৬) গন্ধর্ব্ব (৭) গরুড় (৮) নাগ (৯) যক্ষ (১০) কুম্ভাণ্ড (১১) অসুর (১২) রাক্ষস, (১৩) প্রেত (১৪) নরকবাসী।

এই শ্রেণীবিভাগের মধ্যে কেবল প্রথমোক্ত তিনটীই আমাদের আলোচ্য।

নির্ব্বাণপ্রাপ্তির পূর্ব্বে চারিটি সোপানের উল্লেখ করা হইয়াছে। সর্ব্বোচ্চ সোপানে অর্হৎগণ অবস্থিত। সামান্য মানব অপেক্ষা ইহাঁদের মানসিক শক্তি অনেক পরিমাণে শ্রেষ্ঠ। ইহাঁরা অর্থ, ধর্ম্ম, নিরুক্তি এবং প্রতিভান এই চারি প্রকার প্রতিসম্ভিদা-সম্পন্ন। ইহা ব্যতীত ইহাঁদের পাঁচ প্রকার অভিজ্ঞা আছে। অভিজ্ঞা দ্বারা তাঁহারা অমানুষিক ও আশ্চর্য্যজনক কার্য্য করিতে, পূর্ব্ব জন্মের

অর্হৎ

* ললিতবিস্তর, অঙ্গুত্তরনিকায় ও ব্যুৎপত্তি দ্রষ্টব্য।

† মজ্ঝিমনিকায় ও ললিতবিস্তর।

কথা স্মরণ করিতে, পৃথিবীর সমুদয় শব্দ শুনিতে ও তাহার অর্থ বুঝিতে, পৃথিবীর সমুদয় ঘটনা দর্শন করিতে এবং জীবগণের মৃত্যু, জন্ম, এবং পুনর্জ্জন্ম কি ভাবে হয় তাহা বুঝিতে সমর্থ। ইহাঁদের আর এক প্রকার অভিজ্ঞা আছে, যাহাদ্বারা সমুদয় নীচ প্রবৃত্তি সমূলে বিনষ্ট হয়। অর্হৎগণ এই আট প্রকার বিদ্যাবিশিষ্ট হইয়া থাকেন। ইহাদের সর্ব্বপ্রধান গুণ প্রজ্ঞা। এই প্রজ্ঞা বলে তাঁহারা ভবসমুদ্র উত্তীর্ণ হইয়া থাকেন এবং তজ্জন্যই তাঁহাদিগকে প্রজ্ঞাবিমুক্ত বলা হয়। অর্হৎগণের নিম্ন শ্রেণিস্থ অনাগামী প্রভৃতি এ অবস্থা লাভ করিতে পারে না।

যাঁহারা আর্য্য সংজ্ঞা পাইবার অধিকারী তাঁহাদের মধ্যে অর্হৎগণই সর্ব্বশ্রেষ্ঠ। অনেক স্থলে আর্য্য, অর্হৎ, এবং শ্রাবক, এই তিনটি শব্দই এক অর্থে ব্যবহৃত হইতে দেখা যায়।

পরবর্ত্তিকালে মহাযান-সম্প্রদায়িগণ প্রত্যেক শব্দে পূর্ব্বতন বৌদ্ধগণকে বুঝাইতেন এবং তাঁহাদের বিরুদ্ধবাদী হীনযান সম্প্রদায়ের প্রতিও এ শব্দ প্রয়োগ করিতেন।

মহাযানগণ সমুদয় বৌদ্ধসন্তানগণকে যান বা সম্প্রদায়ে বিভক্ত করেন—(১) শ্রাবকযান, (২) প্রত্যেকবুদ্ধ যান এবং (৩) বোধিসত্ত্বযান। সদ্ধর্ম্মপুণ্ডরীক গ্রন্থে এই তিনটী যানের উল্লেখ আছে। এই গ্রন্থ মতে স্থবির অর্থাৎ পূর্ব্বমতাবলম্বিগণ শ্রাবক, নির্জ্জনে চিন্তাপরায়ণ দার্শনিকগণ প্রত্যেকবুদ্ধ এবং সিদ্ধ, গুরু ও ধর্ম্মপ্রচারকগণ বোধিসত্ত্ব নামে অভিহিত।

যদিও বৌদ্ধ ধর্ম্মাবলম্বিগণের মধ্যে শ্রেণীবিভাগ ও মতবিরোধ আছে, কিন্তু শেষে সকলেরই চরম গতি এক। এই জন্যই তথাগত বলিয়াছেন, "আমি সকল জীবকেই নির্ব্বাণের পথে লইয়া যাইব।" "সমুদয় জীব আমারই সন্তান।"

পুরাতন প্রত্যেকবুদ্ধযান এবং মহাযান বৌদ্ধগণ সকলেই বলেন যে, অর্হৎ অপেক্ষা প্রত্যেকবুদ্ধ অনেক উচ্চে অবস্থিত। প্রত্যেকবুদ্ধও বুদ্ধের ন্যায় আপনার ক্ষমতাদ্বারা নির্ব্বাণপ্রাপ্তির উপযোগী জ্ঞানলাভ করিতে সমর্থ; কিন্তু ধর্ম্ম প্রচার করা তাঁহার কর্ত্তব্য মধ্যে পরিগণিত নহে। তিনি সমুদয় বিষয় দর্শন করিতে সমর্থ নহেন এবং সর্ব্ব বিষয়ই বুদ্ধের নিম্ন আসনের অধিকারী। প্রাকৃতিক নিয়ম বলে বুদ্ধ এবং প্রত্যেকবুদ্ধ এক সময়ে বাস করিতে পারেন না।

বুদ্ধ কে তাহা জানিতে হইলে তাঁহার বাহ্য ও আভ্যন্তরিক লক্ষণ সমূহের আলোচনা করা আবশ্যক। বাহ্য লক্ষণের

বুদ্ধ

মধ্যে প্রথম উল্লেখযোগ্য ৩২টী মহাপুরুষলক্ষণ। তাহার পরে ৮০ রকমের অনুব্যঞ্জন। ইহা ব্যতীত ২১৩ মাঙ্গল্য লক্ষণের কথা বর্ণিত আছে। বুদ্ধের প্রত্যেক পায়ে ১০৮টী করিয়া এই লক্ষণ বা চিহ্ন বর্ত্তমান থাকে। বুদ্ধগণ তাঁহাদের দেবচক্ষু দ্বারা প্রতিদিন ছয়বার পৃথিবী দর্শন করিয়া থাকেন। কেহ কেহ বলেন, গৌতমবুদ্ধের দেহ ১২ হাত আবার কেহ বা বলেন ১৮ হাত ছিল। সিংহল প্রদেশে আদম-শৈলশৃঙ্গে তাঁহার যে শ্রীপদচিহ্ন দেখা যায়, তাহা দৈর্ঘ্যে ৫ ফুটের অধিক এবং ২½ ফুট প্রশস্ত।

বুদ্ধের মানসিক গুণাবলী তিনভাগে বিভক্ত—(১) দশ বল (২) অষ্টাদশ আবেণিকধর্ম্ম এবং (৩) চতুঃ বৈশারদ্য। বলের সংখ্যা দশ হওয়াতে বুদ্ধের অন্য একটী নাম দশবল। উপযুক্ত বা অনুপযুক্ততার জ্ঞান, কর্ম্মের অবশ্যম্ভাবিফল, উদ্দেশ্যলাভের প্রকৃতপথ, বিভিন্ন ভূতের জ্ঞান প্রভৃতি দশ বলের উল্লেখ আছে। ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমুদয় ঘটনা দর্শন করার ক্ষমতা প্রভৃতি অষ্টাদশ আবেণিক ধর্ম্ম। নিম্নলিখিত চারিটি বৈশারদ্যের কথা দেখা যায়। যথা—(১) তথাগতের সর্ব্বদর্শনক্ষমতালাভ, (২) পাপহীনতা, (৩) নির্ব্বাণপ্রাপ্তির অন্তরায় গুলির জ্ঞানলাভ এবং (৪) প্রকৃত মুক্তিপথ দেখাইবার ক্ষমতা।

বুদ্ধের অন্য নাম—জিন, সুগত, তথাগত, অর্হৎ, শাস্তা, ভাগবত, দশবল, লোকবিদ্, সর্ব্বজ্ঞ, নির্ভয়, নিরবদ্য, পুরুষদম্যসারথি, ষড়ভিজ্ঞ, অনুজ্ঞ, নরোত্তম, দেবাতিদেব, ত্রিকালজ্ঞ, ত্রিপ্রাতিহার্য্যসম্পন্ন, ইত্যাদি। এ সমুদয় নাম সকল সময়ের বুদ্ধগণের প্রতি প্রযোজ্য। বর্ত্তমান সময়ের বুদ্ধের কতকগুলি বিশেষ নাম আছে—শাক্যসিংহ, শাক্যমুনি, শাক্য, শাক্যপুঙ্গব, সিদ্ধার্থ, সর্ব্বার্থসিদ্ধ, শৌদ্ধোদনি, আদিত্যবন্ধু, সূর্য্যবংশ, আঙ্গিরস ও গৌতম ইত্যাদি।

পুরাতন বৌদ্ধ-শাস্ত্রগ্রন্থ-মতে বর্ত্তমান যুগের বুদ্ধের পূর্ব্বে আরও ২৪ জন বুদ্ধ গত হইয়াছেন। এই ২৪ জন গত বুদ্ধের নাম দীপঙ্কর, কৌণ্ডিন্য, মঙ্গল, সুমনা, রেবত, শোভিত, অনোমদর্শী, পদ্ম, নারদ, পদ্মোত্তর, সুমেধ, সুজাত, প্রিয়দর্শী, অষ্টদর্শী, ধর্ম্মদর্শী, সিদ্ধার্থ, পুষ্য, বিপশ্যি, শিখী, বিশ্বভূ, ক্রকুচ্ছন্দ, কোণাগমন ও কাশ্যপ।

অতীতকালে যেমন বুদ্ধ ছিলেন, ভবিষ্যতেও সেইরূপে বুদ্ধ অবতীর্ণ হইবেন। ভবিষ্যতে যিনি বুদ্ধ হইবেন তাঁহার নাম মৈত্রেয়। উপাধি—অজিত; বর্ত্তমানে ইনি তুষিতস্বর্গে বোধিসত্ত্বরূপে বাস করিতেছেন।

সমুদয় তথাগতই প্রায় সমতুল্য; তবে সামান্য সামান্য বিষয়ে পরস্পরে কিঞ্চিৎ প্রভেদ পরিলক্ষিত হয়। শারীরিক আকৃতি এবং আয়ুপরিমাণে ইতরবিশেষ আছে। কেহ বা ক্ষত্রিয়বংশে কেহ বা ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন। সকল বুদ্ধই একরূপ নীতি প্রচার করিয়াছেন। কালের আক্রমণে যখন প্রচারিত

সত্য অন্তর্হিত হইয়া যায়, তখন একজন বুদ্ধ জন্মগ্রহণ করিয়া আপনার ক্ষমতাবলে কোনও গুরুর সাহায্য বিনা, পূর্ব্বপ্রচারিত নীতি ও সত্যের পুনরাবিষ্কার করেন।

মহাযানসম্প্রদায়গণ আর একপ্রকার বুদ্ধের কথা বলেন। ইহাঁরা ধ্যানীবুদ্ধ নামে প্রসিদ্ধ। নাম যথা—বৈরোচন, অক্ষোভ্য, রত্নসম্ভব, অমিতাভ এবং অমোঘসিদ্ধি। ইহাঁদের আবার পঞ্চশক্তি বা পঞ্চতারা মহাযোগিনী আছে।

পাশ্চাত্য পণ্ডিতগণের মতে শাক্যমুনিই একমাত্র ঐতিহাসিক বুদ্ধ, ইঁহার পূর্ব্বে যাঁহাদের নামের উল্লেখ পাওয়া যায়, তাহা কল্পিত।

আমরা বুদ্ধের বাহ্য লক্ষণ এবং আভ্যন্তরীণ গুণাবলীর সমালোচনা করিয়া বুদ্ধ কি প্রকার ব্যক্তি ছিলেন, তাহার যে মীমাংসা করিতে চাই তাহা বুদ্ধ নিজেই সে প্রশ্নের উত্তর প্রদান করিয়াছিলেন। বুদ্ধকে এক বৃক্ষতলে উপবিষ্ট দেখিয়া এক ব্রাহ্মণ জিজ্ঞাসা করিলেন, "আপনি কি দেবতা?" বুদ্ধ বলিলেন—"না"। "আপনি কি গন্ধর্ব্ব?" উত্তর পূর্ব্ববৎ। "আপনি কি যক্ষ?" উত্তর "না"। ব্রাহ্মণ আবার জিজ্ঞাসা করিলেন, "তবে কি আপনি মানুষ?" বুদ্ধ বলিলেন "আমি মানুষও নহি।" তখন ব্রাহ্মণ আশ্চর্য্যান্বিত হইয়া জিজ্ঞাসা করিলেন "তবে আপনি কে?" তখন উত্তর হইল, "হে ব্রাহ্মণ, অবগত হও আমি বুদ্ধ।" অতএব দেখা যাইতেছে, বুদ্ধ মানুষের আকৃতি ধারণ করিলেও প্রকৃতিতে ও গুণে মানুষ নহেন। তিনি বুদ্ধ—কিন্তু মনুষ্য, দেবতা, যক্ষ বা গন্ধর্ব্ব নহেন। বহু অবস্থা অতিক্রম করিলে বুদ্ধত্বপ্রাপ্তি ঘটিয়া থাকে।

যিনি বুদ্ধ হইবার অধিকারী হইয়াছেন তাঁহাকে বোধিসত্ত্ব বলা যায়। বোধিসত্ত্ব শব্দের সাধারণ অর্থ "বুদ্ধিমান্ জীব"।

বোধিসত্ত্ব

যাঁহার বোধি আছে, তিনিই বোধিসত্ত্ব; কিন্তু এই "বোধি" সম্যক্ সম্বোধিতে পরিণত হয় নাই। সেই অবস্থা লাভ করিলে বুদ্ধ হওয়া যায়।

বোধিসত্ত্বের তিন অবস্থা—অভিনীহার অর্থাৎ (বুদ্ধত্বপ্রাপ্তির উচ্চ আকাঙ্ক্ষা), ব্যাকরণ (তথাগত কর্ত্তৃক ভবিষ্যদ্বাণী যে ইনি বুদ্ধ হইবেন) ও হলাহল (বুদ্ধত্ব প্রাপ্ত হইলে আর পুনরায় তাঁহার জন্ম হইবে না—এজন্য আনন্দধ্বনি। এই তাঁহার শেষ জন্ম,—পুনরায় জন্মগ্রহণরূপ ক্লেশ আর ভোগ করিতে হইবে না।) কেহ কেহ বোধিসত্ত্বের জীবনের কার্য্যকে চারিভাগে বিভক্ত করিয়া থাকেন। যথা—মানস (অভিপ্রায়), প্রণিধান (দৃঢ়সঙ্কল্প), বাক্‌প্রণিধান (বাক্যদ্বারা সঙ্কল্পের প্রকাশ) এবং বিবরণ (অভিব্যক্তি)।

বুদ্ধের ন্যায় বোধিসত্ত্বও বহুনামে পরিচিত। তন্মধ্যে মহাসত্ত্ব নামটী সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। বৌদ্ধ ধর্ম্মগ্রন্থে অনেক বোধিসত্ত্বের বিবরণ দৃষ্ট হয়। তন্মধ্যে মৈত্রেয়, লোকেশ্বর বা অবলোকিতেশ্বর এবং মঞ্জুশ্রী সমধিক বিখ্যাত।

যিনি ভবিষ্যতে বুদ্ধ হইবেন, তাঁহার বহুজন্ম অতিক্রম করিতে হইয়াছে। পূর্ব্বে যে সকল বুদ্ধ ছিলেন, তাঁহারা তাঁহার বুদ্ধত্বপ্রাপ্তির বিষয় ভবিষ্যদ্বাণী করিয়া গিয়াছেন। তাঁহার জন্ম জন্মান্তরের কার্য্য ও গুণের শত শত প্রশংসা জাতক এবং অবদান নামক বৌদ্ধ গ্রন্থসমূহে বর্ণিত আছে। বর্ত্তমান ভদ্রকল্পের বুদ্ধ শাক্য মুনির পূর্ব্বজন্ম সম্বন্ধে এরূপ অসংখ্য ইতিহাস ও গল্প, লিখিত ও প্রচলিত আছে।*

বোধিসত্ত্বের বহু নৈতিক এবং মানসিক গুণ থাকা আবশ্যক। সর্ব্বাপেক্ষা প্রধান গুণ জীবের প্রতি দয়া।

পালি ধর্ম্মগ্রন্থে দশ পারমিতা বা মহাগুণের উল্লেখ দেখিতে পাওয়া যায়। যথা—দান, শীল, নেক্‌খম্ম বা (নিষ্কর্ম্ম বা সংসার-ত্যাগ), পঞ্ঞা (প্রজ্ঞা), বিরিয় (বীর্য্য), খন্তি (ক্ষান্তি), সচ্চ (সত্যবাদিতা), অধিট্‌ঠান (দৃঢ়সঙ্কল্প), মেত্তী (মৈত্রী বা মমতা), উপেক্‌খা (উপেক্ষা)।

এই সকল আধ্যাত্মিক গুণ ব্যতীত বোধিসত্ত্বের উচ্চ মানসিক গুণ থাকাও আবশ্যক। এই সকল গুণের নাম বোধিপক্ষধর্ম্ম; এই গুণ, সংখ্যায় ৩৭টী। এই সকল গুণ কেবল বোধিসত্ত্বের পক্ষে প্রয়োজনীয় এরূপ নহে। অর্হৎগণেরও এই সকল গুণ থাকা আবশ্যক। এই গুণগুলি সাত ভাগে বিভক্ত। যথা—

১। দেহ, অনুভূতি, উপস্থিত চিন্তা এবং ধর্ম্ম সম্বন্ধে চারিপ্রকার 'স্মৃত্যুপস্থান' অর্থাৎ স্মৃতি বা চিন্তাশীলতা।

২। চারিপ্রকার সম্যপ্রধান (সম্যক্‌প্রহাণ) অর্থাৎ প্রয়োগ বা সৎচেষ্টা।

৩। চারি প্রকারের ইদ্ধিপাদ (ঋদ্ধিপাদ) বা অলৌকিক ক্ষমতা।

৪। পঞ্চ ইন্দ্রিয়।

৫। পঞ্চ বাক্ (মানসিক শক্তি।)

৬। সাতপ্রকারের বোধি, বোধ্যঙ্গ বা সম্বোধ্যঙ্গ, স্মৃতি, অনুসন্ধিৎসা, উদ্যম, প্রীতি, শম, মনঃসংযম, সমাধি, উপেক্ষা।

৭। অষ্টাঙ্গিক মার্গ বা আট প্রকার পন্থা।

উপরি উক্ত গুণ ও ধর্ম্ম ব্যতীত বোধিসত্ত্বের অন্যান্য গুণের উল্লেখও স্থানে স্থানে দেখিতে পাওয়া যায়।

উত্তর ভারতীয় প্রাচীন বৌদ্ধ সম্প্রদায়ের মহাবস্তু নামক

* পালি চরিয়া-পিটক এবং আর্য্যশূর রচিত জাতকমালা দ্রষ্টব্য।

গ্রন্থে বোধিসত্ত্বের ১০ প্রকার ভূমি বা অবস্থা বর্ণিত হইয়াছে। যথা—প্রমুদিতা, বিমলা, প্রভাকরী, অর্চ্চিষ্মতী, সুদুর্জ্জয়া, অভিমুখী, দুরঙ্গমা, অচলা, মধুমতী, ও ধর্ম্মমেঘা।

বোধিসত্ত্বের যেমন অসংখ্য গুণ থাকা আবশ্যক, তেমনি তাঁহার অধিকারও অসংখ্য।

শাক্যমুনি বুদ্ধ হইবার পূর্ব্বে যে সকল বোধিসত্ত্ব জন্মগ্রহণ করিয়াছিলেন, তাহা তাঁহারই অবতার বলিয়া কথিত হইয়াছে। কোন কোন সম্প্রদায় বিশ্বাস করেন যে, বুদ্ধত্বপ্রাপ্তির পরেও তাঁহার অবতার হইয়াছে। ইহারা অশোকের পুত্র কুণালকেও এক অবতার মধ্যে পরিগণিত করেন।

বৌদ্ধধর্ম্মনীতি।

ব্রাহ্মণ্য ধর্ম্মের নীতি বেদ, স্মৃতি, পুরাণ, সাধুগণের আচরণ এবং ব্যক্তিগত বিবেকের উপর সংস্থাপিত, কিন্তু বৌদ্ধধর্ম্মনীতি কেবল একমাত্র বুদ্ধের উপদেশ এবং তাঁহার প্রদর্শিত পথের অনুগত। কিন্তু বুদ্ধ একটী যে ধর্ম্মনীতির প্রতিষ্ঠা করিয়াছিলেন তাহাও বলা যায় না, কারণ তিনি নিজেই অনেক সময়ে প্রাচীন ঋষিগণের ধর্ম্মনীতির যথেষ্ট সুখ্যাতি করিয়াছেন। তিনি ইহাও বলিয়াছেন যে, প্রাচীন ব্রাহ্মণগণ তাঁহাদের উচ্চ ধর্ম্ম ও নীতির জন্য জগতে বিখ্যাত ছিলেন।

বৌদ্ধগণ তাঁহাদের ধর্ম্মগ্রন্থে ব্রাহ্মণ্য হিন্দুধর্ম্মের কথা স্বীকার না করিলেও কার্য্যতঃ অনেক ধর্ম্মনীতি এবং সাধু ও সৎ আচার ব্যবহার হিন্দুধর্ম্মশাস্ত্র হইতে গ্রহণ করিয়াছেন।

বুদ্ধ উপদেশ দিয়াছেন যে প্রত্যেক ধার্ম্মিক গৃহপতি আর্য্য শ্রাবক পঞ্চবলি প্রদান করিবেন। পরিবার, অতিথি, পিতৃগণ, ভূস্বামী এবং দেবতাগণকে এই পঞ্চবলি বা উপহার দিতে হইবে।† এই উপদেশ যে স্মৃতি হইতে গ্রহণ করা হইয়াছে, তাহাতে কোন সংশয় নাই।

বৌদ্ধ ধর্ম্মে আত্মার অস্তিত্বস্বীকার না থাকিলেও মহাত্মা বুদ্ধ অনেক সময়ে আত্মা বা বিবেকের কথা উল্লেখ করিয়াছেন। ইহা দ্বারাই বুঝা যাইতেছে, অজ্ঞাতসারে হিন্দুধর্ম্ম হইতে বৌদ্ধনীতির কিয়দংশ গৃহীত হইয়াছে। অহিংসা, পিতামাতার ভরণপোষণ, এবং ভিক্ষাদান এই সকল নীতিও প্রাচীন ধর্ম্মসূত্র হইতে গৃহীত হইয়াছে বলিয়া মনে হয়।

বৌদ্ধধর্ম্মগ্রন্থে যেখানেই ধর্ম্মনীতি সম্বন্ধে উপদেশ প্রদান করা হইয়াছে, প্রায় সেখানেই পদ্যছন্দের ব্যবহার আছে। সমুদয় অংশ পদ্যে লিখিত না হইলেও কতক অংশ যে পদ্যে লিখিত ইহা সর্ব্বত্রই দৃষ্ট হয়। এইসকল উপদেশ অনেকস্থলে বৌদ্ধধর্ম্মের মূলসূত্র হইতে বিভিন্ন এবং স্থানে স্থানে বিরুদ্ধমত-প্রকাশক। ইহা দেখিয়া মনে হয় যে কেবল বৌদ্ধ ভিক্ষুগণের কর্ত্তব্য এবং অকর্ত্তব্য নির্দ্ধারণ ব্যতীত অন্য কোনও ধর্ম্মনীতি পূর্ব্বে বর্ত্তমান ছিল না। ধর্ম্মবিস্তারের সঙ্গে সঙ্গেই ক্রমে উহা লিপিবদ্ধ হইয়াছে।

বৌদ্ধ ধর্ম্মনীতি সম্বন্ধে প্রকৃত ধারণা করিতে হইলে কয়েকটী কথা মনে রাখিতে হইবে। (১) ভিক্ষু ও গৃহী উভয় শ্রেণীর জন্যই নীতি উপদেশ দেওয়া হইয়াছে। (২) অর্হৎগণ কিয়ৎ পরিমাণে সাধারণ নীতির অতীত। মুনির কোনরূপ আসক্তি থাকিবে না; প্রীতি কিংবা অপ্রীতিজনক কোন কার্য্য তিনি করিবেন না। যে পুত্রকন্যা পরিত্যাগ করিতে পারে, সে জ্ঞানী বলিয়া পরিচিত। ভিক্ষুধর্ম্মগ্রহণের জন্য যে আপনার স্ত্রীকে পরিত্যাগ করিয়া আসিতে পারে এবং যে কিছুতেই স্ত্রীপুত্রের তত্ত্বাবধারণ করে না, সে অতি সৎ কার্য্য করিয়াছে বলিয়া জগতের নিকট প্রশংসা ও সমাদর লাভ করে। অথচ অন্যান্য স্থানে ইহাও দেখা যায় যে স্ত্রীকে সর্ব্বোৎকৃষ্ট বন্ধু বলা হইয়াছে এবং তাঁহাকে পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ ধন বলিয়া বর্ণনা করা হইয়াছে। বৌদ্ধধর্ম্ম গ্রন্থে এরূপ বৈষম্য বহুল পরিমাণে দৃষ্ট হইয়া থাকে।

উত্তর ও দক্ষিণ প্রদেশীয় বৌদ্ধগণের মধ্যে ধর্ম্মনীতি বিষয়ে বিশেষ কোন বৈষম্য পরিলক্ষিত হয় না। তবে উত্তরাঞ্চলের বৌদ্ধগণের মধ্যে সৎ ও সুনীতি যেন অধিকতররূপে কার্য্যে পরিণত হইয়াছে বলিয়া বোধ হয়। এইজন্যই ইঁহাদের ধর্ম্মমত দক্ষিণাঞ্চলের বৌদ্ধগণের অপেক্ষা সমধিক বিস্তৃতি লাভ করিয়াছে।

ভারতবর্ষেই হউক কি অন্য দেশেই হউক সকলস্থানেই নীতি দুইভাগে বিভক্ত হইতে পারে—(১ম) যে সকল নিয়ম লঙ্ঘন করিলে শাস্তির ব্যবস্থা নির্দ্দিষ্ট আছে। এবং (২য়) যে সকল অনুশাসন পালন করিলে প্রশংসা, আদর অথবা পুরস্কার পাওয়া যায়। প্রথমশ্রেণীর নিয়মগুলি অবশ্য প্রতিপাল্য, কারণ তাহা না হইলে সমাজবন্ধন শিথিল হইয়া যায়। ইহাদের নাম যম এবং দ্বিতীয় শ্রেণীর অনুশাসনের নাম নিয়ম। নিয়ম সকল সময়ে সকলের অবশ্য প্রতিপাল্য নহে। তবে যিনি তাহা পালন করিতে পারিবেন, তিনি লোকসমাজে মহৎ ও আদর্শ বলিয়া বিবেচিত হইবেন।

বৌদ্ধধর্ম্মনীতির মধ্যে দশটী শিক্ষাবাদও এই রকমের। এই দশটীই ভিক্ষু সম্প্রদায়ের অবশ্য প্রতিপাল্য। যাঁহারা গৃহী তাঁহাদের পক্ষে প্রথম পাঁচটী মাত্র। এই দশটী শিক্ষাবাদ দ্বারা নিম্নলিখিত কার্য্য নিষিদ্ধ হইয়াছে—

(১) জীবনাশ, (২) চৌর্য্য, (৩) ব্যভিচার, (৪) মিথ্যাবাদিতা,

† অঙ্গুত্তরনিকায় ২য়ভাগ ৬৮ পৃঃ।

(৫) মদ্যপান, (৬) অনিয়মিত সময়ে আহার, (৭) সাংসারিক আমোদ-প্রমোদে যোগদান (৮) অলঙ্কার, অথবা বিলাসদ্রব্যের ব্যবহার (৯) বৃহৎ অথবা সাজসজ্জাপূর্ণ পালঙ্কের ব্যবহার ও (১০) অর্থগ্রহণ।

প্রথম পাঁচটী সকলের পক্ষেই প্রযোজ্য। কিন্তু সে প্রয়োগের মধ্যেও ইতরবিশেষ আছে। ব্রহ্মচর্য্য বা ইন্দ্রিয়সংযম অর্থাৎ সন্ন্যাসী ও সন্ন্যাসিনীগণের পক্ষে সর্ব্বতোভাবে স্ত্রীপুরুষসংসর্গ পরিহার, কিন্তু গৃহীর পক্ষে পরপুরুষ বা পরস্ত্রীগমন নিষিদ্ধ ইত্যাদি।

যাঁহারা সংসার পরিত্যাগ করিয়া শ্রমণ সম্প্রদায়ভুক্ত হইয়াছেন, তাঁহাদের পক্ষে এই শিক্ষাবাদ ব্যতীত আরও অনেক কঠোর নিয়ম বিধিবদ্ধ আছে। তাঁহাদের নৈতিক জীবন তিনভাগে বিভক্ত বলা যাইতে পারে। প্রথম দুইভাগ প্রায় দশশিক্ষাবাদের সমান। কিন্তু তৃতীয় অবস্থা ইহা অপেক্ষা অনেক উচ্চতর। এ অবস্থায় পশুবলি, ভবিষ্যৎবাণী বা জ্যোতিষশাস্ত্রে বিশ্বাস প্রভৃতি নিষিদ্ধ। ব্রাহ্মণ্যধর্ম্মের চতুর্থ আশ্রমে যতি বা মুক্ত দ্বিজগণের যে অবস্থা, শ্রমণগণের তৃতীয় অবস্থা তাহারই সমতুল্য।

বৌদ্ধধর্ম্মের প্রশংসার বিষয় এই যে, কুসংস্কার এবং ঘৃণিত ধর্ম্মমত ইহাতে স্থান পায় নাই।

বৌদ্ধগণ কখনই বিরুদ্ধ-ধর্ম্মবাদিগণের সহিত কলহে প্রবৃত্ত হইতেন না কিংবা অকারণে তাহাদিগকে কোনরূপে অসন্তুষ্ট করিতে চাহিতেন না। বুদ্ধ স্বয়ংও সর্ব্বদা সাধারণের মতের সম্মান করিয়া চলিতেন। তাঁহার কোন শিষ্যের অপরাধ তাঁহার নিকট বিচার্য্য-বিষয় হইলে তিনি এমনভাবে বিচার করিতেন যে সর্ব্বসাধারণের কেহ তাঁহার প্রতি অসন্তুষ্ট হইতে পারিত না। তিনি এরূপ কোন উপদেশ বা আদেশ প্রদান করিতেন না, যাহা অতি কঠোর বলিয়া বিবেচিত হইতে পারে। যখন দেবদত্ত, বুদ্ধদেবকে অনুরোধ করিয়াছিলেন যে শ্রমণগণ কখনও মৎস্য বা মাংসাহার করিতে পারিবে না, এই নিয়ম করা হউক, তিনি দেবদত্তের সে অনুরোধে কর্ণপাত করেন নাই।২

এইরূপ গল্প প্রচলিত আছে যে, একজন জৈন বুদ্ধদেবের শিষ্যত্ব গ্রহণ করেন। বুদ্ধ তাঁহাকে এই উপদেশ দিয়াছিলেন—"দেখ, নিগ্রন্থগণ (জৈনাচার্য্য) বহুদিন তোমার বাড়ীতে আশ্রয় পাইয়াছেন, অতএব যখন তাঁহারা তোমার নিকট আসিবেন, তোমার তাঁহাদিগকে ভিক্ষাপ্রদান করা কর্ত্তব্য।" ইহাদ্বারা বুঝা যায়, অন্য ধর্ম্মাবলম্বীর প্রতি বুদ্ধদেবের হিংসা ছিল না। কিন্তু যাহারা ধর্ম্মের নামে অক্রিয়া বা কুক্রিয়া করিত, তাহারা কখনও বুদ্ধদেবের শ্রদ্ধা লাভ করিতে পারে নাই। সেই সময়ে আজীবক নামে এক সম্প্রদায় ছিল, তাহাদের অনেক কুক্রিয়ার কথা শুনা যায়। একদিন একজন বুদ্ধদেবকে জিজ্ঞাসা করিল যে কোনও আজীবক মৃত্যুর পরে স্বর্গে যাইতে পারিয়াছে কি না? তিনি উত্তরে বলিলেন—"আমি ৯১ কল্পের কথা স্মরণ রাখি, ইহার মধ্যে কেবল একজন মাত্র আজীবককে স্বর্গে দেখিয়াছি, সে 'কর্ম্মবাদিন্' এবং 'কিরিয়বাদ' (ক্রিয়াবাদ) বুঝিত।"৩

বৌদ্ধধর্ম্মের ব্যবহারিকনীতির বিশেষত্ব নির্দ্দেশ করা দুরূহ। ইহার দুইটী কারণ। প্রথমতঃ বৌদ্ধ-ধর্ম্মনীতির আদর্শ ও ভারতবর্ষের অন্যান্য ধর্ম্মের আদর্শে বিশেষ কোন পার্থক্য লক্ষিত হয় না। দ্বিতীয়তঃ বিভিন্ন বৌদ্ধসম্প্রদায়ের বিভিন্ন মত। বৌদ্ধধর্ম্ম প্রধানতঃ ভিক্ষু বা সন্ন্যাসীর ধর্ম্ম। ক্রমে ইহা যখন গৃহস্থাশ্রমে প্রবেশ করিল, তখন স্থান, কাল ও পাত্রবিশেষে নিয়মাদি অনেক ছাটিয়া কাটিয়া গৃহস্থের ব্যবহারোপযোগী করিয়া লওয়া হইয়াছে।

দক্ষিণ ও উত্তরদেশীয় বৌদ্ধসম্প্রদায়ের যেরূপ মতবিভিন্নতা দৃষ্ট হয়, সেইরূপ মহাযান এবং হীনযান এই উভয় সম্প্রদায়ের মধ্যেও মতবিরোধ ছিল। মহাযানগণের ধর্ম্মগ্রন্থে অহিংসা ও দয়ার যেরূপ শ্রেষ্ঠত্ব দেওয়া হইয়াছে, অন্য সম্প্রদায়ের গ্রন্থে ততটা দেখা যায় না। এই জন্য এই দুইটিই বৌদ্ধধর্ম্মের বিশেষত্ব বলিয়া অনেকে মনে করিয়া থাকেন।

মহাযান-বৌদ্ধগণের আদর্শ উচ্চ হইলেও তাঁহাদের একটী মহৎ দোষ ছিল। আপনাদের দয়া ও উদারতা সাধারণের নিকট বিশেষরূপে প্রকাশ করিয়া, অন্য ধর্ম্মসম্প্রদায়ে সে সকল গুণ নাই, ইহা দেখাইয়া অন্য সম্প্রদায়ীকে তীব্র আক্রমণ করিতে মহাযানেরা সর্ব্বদা তৎপর ছিলেন। এমন কি তাঁহাদের স্বধর্ম্মাবলম্বী হীনযান সম্প্রদায়ের প্রতিও তাঁহাদের ব্যবহার ততটা উদার ছিল না।

মোটের উপর বৌদ্ধগণ ভারতের অন্যান্য ধর্ম্মসম্প্রদায় অপেক্ষা অনেক উদারতা দেখাইয়াছেন, তাহাতে সন্দেহ নাই। বৌদ্ধধর্ম্ম প্রচার করিতে গিয়া তাঁহারা বৌদ্ধসমাজের লোকদিগকে হিন্দুসমাজের ন্যায় সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে রাখিতে প্রয়াসী হয়েন নাই। এই জন্যই বৌদ্ধধর্ম্ম জগতে একটী সার্ব্বজনীন ধর্ম্ম বলিয়া পরিচিত হইয়াছে।

(২) মহাবগ্‌গ ৬।৩১।১৪, মজ্‌ঝিমনিকায় (১।৩৬৮) প্রভৃতি প্রাচীন বৌদ্ধধর্ম্মশাস্ত্রে অদৃষ্ট, অশ্রুত বা অসন্দিগ্ধ এরূপ মৎস্য ও মাংসগ্রহণের ব্যবস্থা আছে। মহাবগ্‌গে মনুষ্য, হস্তী, অশ্ব, কুকুর, সর্প, সিংহ, ব্যাঘ্র, শূকর ও তরক্ষুর মাংস ভক্ষণ নিষিদ্ধ হইয়াছে। (মহাবগ্‌গ ৬।২৩।)

(৩) মজ্‌ঝিমনিকায় ১ম ভাঃ ৪৮৯ পৃঃ।

ভারতীয় সন্ন্যাস-ধর্ম্ম

অনেক দেশেই দেখা যায় যে, সময়ে সময়ে কতকগুলি লোক চতুর্দ্দিকেই সাংসারিক ও সামাজিক ভোগবিলাসের বাহুল্য দর্শনে বিরক্ত হইয়া অথবা আপনারা মায়া-জীবনে যে প্রিয়তম আশা লইয়া জীবন ধারণ করিতেছিলেন, তাহাতে নিরাশ হইয়া যখন সাংসারিক সুখের অসারতা ও অনিত্যতা বুঝিতে পারেন, তখন তাঁহারা এই কপটতাপূর্ণ সাংসারিক সুখ পরিত্যাগ করিয়া প্রকৃত ও পবিত্র সুখান্বেষণে নির্জ্জন প্রদেশে অবস্থানপূর্ব্বক ধর্ম্ম ও ঈশ্বরচিন্তারূপ পবিত্র কার্য্যে জীবন যাপন করেন। ভারতবর্ষের প্রাকৃতিক সৌন্দর্য্য, প্রাচীন আর্য্যঋষিগণের অতীত জীবন, ভারতবাসীর চিন্তাশীলতা এবং অত্যধিক পরিমাণে ধর্ম্মানুরাগ প্রভৃতি কারণে এই সন্ন্যাস-ধর্ম্মগ্রহণ-পিপাসা ভারতবর্ষেই বহুল পরিমাণে দৃষ্ট হয়।

অতি প্রাচীন কাল হইতে ভারতবর্ষে যে চারি আশ্রমের প্রথা প্রচলিত হইয়া আসিতেছিল, তাহার মধ্যেই সন্ন্যাসধর্ম্মের বীজ নিহিত রহিয়াছে। ব্রহ্মচর্য্যের প্রথম অবস্থায় যখন গুরুগৃহে বাস করিতে হইত, তখন সন্ন্যাসধর্ম্মের সমুদয় কঠোরতাই প্রতিপালন করিতে হইত। এই সকল প্রথাই বৌদ্ধ ভিক্ষুগণ গ্রহণ করিয়াছিলেন।

ব্রহ্মচারী ইচ্ছা করিলে আজীবন শিষ্য ভাবে গুরুগৃহে বাস করিতে পারিতেন। এইরূপ ব্রহ্মচারী ও বৌদ্ধভিক্ষুর মধ্যে কোন পার্থক্য দেখা যায় না। যতি, মুক্ত, সন্ন্যাসী, এবং পরিব্রাজক ইত্যাদি নামেও ইঁহারা পরিচিত।

যদিও বৌদ্ধ ধর্ম্মের অভ্যুত্থানের প্রকৃত সময় নির্দ্দেশ করা সুকঠিন, কিন্তু সম্রাট্ অশোকের সময় যে বৌদ্ধ সঙ্ঘ সুপ্রতিষ্ঠ হইয়াছিল এবং বহু ধর্ম্মগ্রন্থ লিপিবদ্ধ হইয়াছিল, সে বিষয়ে কোনও সন্দেহ নাই। অশোকের অনুশাসন হইতেই তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। ইহাদ্বারা বুঝা যায় অশোকের রাজত্বের বহু পূর্ব্ব হইতেই বৌদ্ধধর্ম্ম প্রাধান্য লাভ করিয়াছিল। বৌদ্ধ-ধর্ম্মগ্রন্থে নির্গ্রন্থ এবং আজীবক সম্প্রদায়ের বারম্বার উল্লেখ দেখিতে পাওয়া যায়। তাঁহাদের সহিত বৌদ্ধগণের বিরোধের বিষয়ও উহাতে বর্ণিত আছে। ইহাতে মনে হয় যে, এই তিন সম্প্রদায়ই একসময়ে বর্ত্তমান ছিল। এই সকল সম্প্রদায়ের দৃষ্টান্ত অনুসরণ করিয়া বৌদ্ধগণ সপ্তাহে একটী দিন ধর্ম্মকার্য্যের জন্য নির্দ্দিষ্ট করিয়াছিলেন। বুদ্ধদেব নিজে অতি অল্প সংখ্যক নীতি বা বিধির সৃষ্টি করিয়াছেন। তিনি অনেক সময়েই প্রচলিত সাধারণের মত ব্যবহারের মধ্যে যাহা অদূষণীয় মনে করিতেন, তাহাই গ্রহণ করিতেন। তিনি নিয়ম বা বিধানের সৃষ্টি করার জন্য বিশেষ ঔৎসুক্য দেখান নাই। তিনি নিয়মরক্ষার জন্য সর্ব্বদাই ব্যস্ত ছিলেন।

প্রাতিমোক্ষ

সঙ্ঘের যে সকল বিধান দ্বারা মণ্ডলীর শাসন বা শাস্তিবিধান হইত, তাহার নাম 'পাতিমোক্খ' (প্রাতিমোক্ষ)। পালি ধর্ম্মগ্রন্থে যে পাতিমোক্খের বিধান আছে, তাহাই সর্ব্বপ্রাচীন বলিয়া গণ্য। ইহাই বৌদ্ধ ভিক্ষুগণেই দণ্ডবিধি। সকল বৌদ্ধসম্প্রদায়ের বিধানই একরূপ। তবে বিধানের সংখ্যার কম বেশী দেখা যায়। পালিগ্রন্থমতে সন্ন্যাসিগণের প্রাতিমোক্ষের সংখ্যা ২২৭; চীনদেশে প্রকাশিত ধর্ম্মগুপ্তসম্প্রদায় মধ্যে এই সংখ্যা ২৫০, তিব্বতে ২৫৩ এবং মহাব্যুৎপত্তিতে ২৫৯।

বুদ্ধদেবের আদেশ ছিল যে প্রতি মাসে দুইবার অর্থাৎ প্রতিপক্ষে একবার ঐ সকল নিয়মাবলী পঠিত হইবে। চারি জন ভিক্ষু যেখানে সমবেত হইতেন, সেখানেই এই আবৃত্তি হইতে পারিত। প্রত্যেক বিধানের আবৃত্তি শেষ হইলে পাঠক জিজ্ঞাসা করিতেন, কোন ভিক্ষু তাহা লঙ্ঘন করিয়াছেন কি না। লঙ্ঘন করিয়া থাকিলে তাহা প্রকাশ্য ভাবে সভায় বলিতে হইবে।

প্রাতিমোক্ষ ব্যতীত ভিক্ষুগণের প্রতিপাল্য আরও কয়েকটী নিয়ম আছে। ইহাদের নাম ধূতাঙ্গ বা ধূতগুণ। দক্ষিণপ্রদেশীয় বৌদ্ধগণের গ্রন্থে ইহাদের সংখ্যা ১৩ এবং উত্তর প্রদেশীয় বৌদ্ধগণের মতে ইহার সংখ্যা ১২। নিম্নে সংক্ষিপ্ত বিবরণ দেওয়া গেল—

(১) পাংশুকুলিক—অর্থাৎ ছিন্ন বস্ত্র খণ্ড দ্বারা বসন নির্ম্মাণ করিতে হইবে। সমুদয় ভিক্ষুগণ এই নিয়ম প্রতিপালন করিতেন না। আরণ্যক ভিক্ষুগণই এই নিয়ম বিশেষ ভাবে প্রতিপালন করিতেন।

(২) তেচিবরিক (ত্রৈচীবরিক)—প্রত্যেক ভিক্ষুর তিনটীর অধিক পরিধেয় থাকিতে পারিবে না।

(৩) পৈণ্ডপাতিক—দ্বারে দ্বারে ভিক্ষা দ্বারা খাদ্য সংগ্রহ করিতে হইবে।

(৪) 'সাবদানচারিয়া' (সাবদান-চর্য্যা) এক দ্বার হইতে অন্য দ্বারে নিয়মমতে ভিক্ষা করিতে হইবে।

(৫) একাসনিক (ঐকাসনিক)—এক আসনে আহার করিতে হইবে।

৬। পত্তপিণ্ডিক (পাত্রপিণ্ডক)—একপাত্র হইতে আহার। (উত্তর প্রদেশীয় বৌদ্ধগণের মধ্যে এ নিয়ম নাই।)

৭। 'খলুপচ্ছাভত্তিক'—আহার্য্য দ্রব্য অসঙ্গত বোধ হইলে আহার না করা।

৮। আরণ্যক—বনে বাস করা।

৯। 'রুক্খমূলিক' (বৃক্ষমূলিক)—বৃক্ষ মূলে বাস করা।

১০। 'অব্‌ভোবাসিক' (অভ্যোবকাসিক) অনাচ্ছাদিত স্থানে বাস করা।

১১। 'সোসানিক (শ্মাশানিক) শ্মশানে অথবা তাহার সন্নিধানে বাস করা।

১২। 'যথাসন্থতিক' (যাথাসংস্তারিক)—যেখানে রাত্রি হইবে, সেইখানে শয্যা বিস্তার করা।

১৩। 'নেসজ্জিক' (নৈশয্যক) নিদ্রাকালেও শয়ন না করিয়া উপবিষ্ট অবস্থায় থাকা।

উক্ত নিয়মগুলি সকলের পক্ষে প্রয়োজন নহে। তবে পালন করিতে পারিলে উত্তম। অষ্টম হইতে একাদশ পর্য্যন্ত সন্ন্যাসিনীগণের পক্ষে প্রয়োজ্য নহে। একাদশ হইতে ত্রয়োদশ তাঁহাদের পক্ষে একেবারেই নিষিদ্ধ। গৃহীদের পক্ষে কেবল ৫ম ও ষষ্ঠ প্রতিপাল্য।

প্রব্রজ্যা, উপসম্পদা

যে কোন পুরুষ অথবা রমণী সংসারের ভোগসুখ পরিত্যাগ করিয়া ভিক্ষুজীবন যাপন করিতে অভিলাষী হইতেন, তাঁহাদিগকে ভিক্ষু সম্প্রদায়ে গ্রহণ করা হইত। এস্থলে জাতি বা মর্য্যাদার বিশেষত্ব ছিল না। কেবল দস্যু, তস্কর, ক্রীতদাস, যুদ্ধব্যবসায়ী এবং যাহারা ছোঁয়াচে রোগগ্রস্ত বা মহাপাপী এই সকল ব্যক্তিকে বাদ দেওয়া হইত। সঙ্ঘে প্রবেশের নাম প্রব্রজ্যা এবং ভিক্ষুক বা শ্রমণ ধর্ম্মে দীক্ষিত হওয়ার নাম উপসম্পদা। প্রব্রজ্যা-গ্রহণে যেরূপ দস্যু তস্করাদি অযোগ্য বলিয়া বিবেচিত হইত, সেইরূপ কুকর্ম্মান্বিত কতকগুলি লোককে দীক্ষা দেওয়া হইত না। রমণীগণের দীক্ষাগ্রহণে চতুর্বিংশতি প্রকার অন্তরায় ছিল।

প্রব্রজ্যা এবং দীক্ষা বা উপসম্পদার পার্থক্য লইয়া বৌদ্ধ ধর্ম্মগ্রন্থ সমূহ অনেক সময়ে বড়ই গোল করিয়াছেন। তবে মোটামুটি এই বুঝিলেই যথেষ্ট হইবে যে, সন্ন্যাসধর্ম্ম গ্রহণের জন্য গৃহত্যাগের নাম প্রব্রজ্যা এবং সেই ধর্ম্মে দীক্ষিত হওয়ায় নাম উপসম্পদা। বৌদ্ধ ধর্ম্ম গ্রন্থ পাঠে জানা যায় যে বুদ্ধদেব প্রথমতঃ যাইট জন শিষ্যকে ভিক্ষুপদে বরণ করেন, ইহাঁরা অতি অল্প সময়ের মধ্যেই ব্রহ্মচর্য্য ধর্ম্মের উৎকর্ষ দেখাইয়াছিলেন। যখন বুদ্ধশিষ্যগণ ধর্ম্মপ্রচার হইতে ফিরিয়া আসিলেন, তখন তাঁহাদের সঙ্গে অনেক লোক আসিয়া বুদ্ধদেবের নিকট প্রব্রজ্যা ও উপসম্পদার দীক্ষা প্রার্থনা করিল। সেই সময় হইতে তিনি অনুমতি দিলেন যে, ভিক্ষুগণও এই দীক্ষা প্রদান করিতে পারিবেন এবং এই সময়েই মস্তক ও শ্মশ্রু মুণ্ডন এবং কাষায়বস্ত্র পরিধানাদি নিয়ম প্রবর্ত্তিত হইল।

এই সময়ে দীক্ষাগ্রহণকারীকে তিনটীর আশ্রয় লইতে হইত—বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘ—"বুদ্ধং শরণং গচ্ছামি ধর্ম্মং শরণং গচ্ছামি সঙ্ঘং শরণং গচ্ছামি।৪

প্রব্রজ্যাগ্রহণ এবং ভিক্ষুসম্প্রদায়ে প্রবেশ এক সময়েই হইতে পারিত, ইহার অনেক দৃষ্টান্ত আছে।৫ বৌদ্ধ বালকের সাত বৎসর পূর্ণ হইলে এবং পিতামাতার অনুমতি পাইলে সে ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া ভিক্ষুধর্ম্ম গ্রহণের জন্য অপেক্ষা করিতে পারিত। ২০ বৎসর বয়স না হইলে কেহ প্রব্রজ্যা গ্রহণে অধিকারী হইত না। সুতরাং শ্রামণেরদিগকে ১২ বৎসর ব্রহ্মচর্য্য শিক্ষা করিতে হইত। এই সময়ে তাহারা দশ প্রকার শিক্ষাপাঠ অভ্যাস করিত।

অন্য ধর্ম্মাবলম্বী কেহ যদি বৌদ্ধ সন্ন্যাস-গ্রহণে অভিলাষী হইত, তাহাকেও যথারীতি নিয়ম প্রতিপালন করিতে হইত। পরীক্ষার জন্য তাহাকে কিছু দিন অপেক্ষা করিতে হইত। এই সময়ের নাম 'পরিবাস'। চূড়াধারী অগ্নি উপাসক জটিল এবং শাক্যবংশ ব্যতীত আর কাহাকেও (পরিবাস ছাড়া) উপসম্পদা লাভ করিতে দেখা যায় নাই।

ভিক্ষুপদপ্রার্থী ব্যক্তিকে দশজন অথবা সময় বিশেষে পাঁচজন ভিক্ষুর সমক্ষে এক পরীক্ষা দিতে হইত। এই পরীক্ষার পূর্ব্বে পদপ্রার্থীকে কমণ্ডলু এবং কাষায় বস্ত্র গ্রহণ ও একজন উপাধ্যায় বা গুরু মনোনয়ন করিতে হইত। ভিক্ষুগণের মধ্যে একজন সভাপতিরূপে দীক্ষাপ্রার্থীর পরীক্ষা করিতেন। যদি তিনি সন্তুষ্ট হইতেন, তবেই তিনি তথায় সমবেত ভিক্ষুগণকে উপস্থিত ব্যক্তির প্রার্থনা এবং তাঁহার উপযুক্ততা জানাইতেন। তাঁহাকে দুইবার স্বমত বলিতে হইত। ভিক্ষুগণ উপযুক্ত মনে করিলে তাঁহাদের মৌন দ্বারা সম্মতি জানাইতেন। তৎপরে সভাপতি মহাশয় ভিক্ষুপদপ্রার্থীকে ভিক্ষুমণ্ডলে গ্রহণ করিয়া তাঁহাকে আজীবন কেবল চারি প্রকার আবশ্যকীয় দ্রব্য ভোগ এবং চারি প্রকার পাপ পরিহার করিবার জন্য উপদেশ প্রদান করিতেন। চারি প্রকার আবশ্যকীয় দ্রব্য ব্যতীত অন্যান্য দ্রব্য একেবারেই নিষিদ্ধ ছিল না, কিন্তু আবশ্যকীয় বলিয়া গণ্য হইত।

রমণীগণের মধ্যে যাহারা সন্ন্যাস ধর্ম্ম গ্রহণ করিতেন, তাঁহাদিগকেও পুরুষের ন্যায় সকল নিয়মই প্রতিপালন করিতে হইত। (চুল্লবগ্‌গ ১০।১৭)

উপসম্পদা বা দীক্ষা প্রণালী সম্বন্ধেই উত্তর এবং দক্ষিণ

(৪) মহাবগ্‌গ নামক পালি গ্রন্থে ইহা 'ত্রিশরণগমন' বলিয়া অভিহিত। ভোট দেশীয় ব্যুৎপত্তিগ্রন্থে ত্রিশরণের এইরূপ অর্থ করা হইয়াছে—"বুদ্ধং দ্বিপদানামগ্র্যং, ধর্ম্মং বিরাগানামগ্র্যং, সঙ্ঘং গণানামগ্র্যং"।

(৫) দীপবংশ ১২।৬২।

প্রদেশীয় বৌদ্ধগণের মধ্যে সামান্য কিছু কিছু মতভেদ থাকিলেও মূল বিষয়ে কোনরূপ পার্থক্য দেখা যায় না।৬

ভিক্ষুগণের পরিধেয় তিন ভাগে বিভক্ত—অন্তরবাসক, উত্তরাসঙ্গ এবং সঙ্ঘাতি। অন্তরবাসক কোমর হইতে পা পর্য্যন্ত ঝুলিয়া থাকে; কোমরের সঙ্গে তাহা কায়বন্ধন বা পেটী দিয়া বান্ধিয়া রাখিতে হয়। ইঁহার অন্যতর নাম নিবাসন। উত্তরাসঙ্গ উত্তরীয়ের কার্য্য করে, ইহা বক্ষ ও স্কন্ধদেশ আবরণের জন্য ব্যবহৃত হয়। সঙ্ঘাতির প্রকৃত ব্যবহার কি ছিল তাহার নিশ্চিত নির্দ্ধারণ করা সুকঠিন। ভিন্ন ভিন্ন খণ্ডে সংলগ্ন করিয়া পরিধেয় প্রস্তুত করা হইত। মগধের শস্যক্ষেত্রের অনুকরণই ইহার উদ্দেশ্য বলিয়া কথিত হয়। পরিধেয়

ভিক্ষুগণকে বস্ত্র বিতরণ করা গৃহীর পক্ষে পুণ্য কার্য্য। প্রত্যেক বৎসর বর্ষা অন্তে এইরূপ পরিধেয় বিতরণের নিয়ম আছে। এই বিতরণ কার্য্যের নাম "কঠিন"। ইহার নানারূপ নিয়ম ও প্রণালী বিধিবদ্ধ আছে। গায়ের আচ্ছাদনের জন্য কোন দ্রব্য ব্যবহার করা ভিক্ষুগণের বিলাসিতা বলিয়া গণ্য হইত। বৌদ্ধগ্রন্থে বিলাস দ্রব্য ব্যবহার নিষিদ্ধ। কাষ্ঠপাদুকা (খড়ম) ও চটীজুতা ব্যবহারের ততটা নিষেধ নাই। ছাতা ব্যবহার বিশেষ কারণ ব্যতীত অনাবশ্যকীয়। পাখা ব্যবহারের অনুমতি আছে। (মহাবগ্‌গ ২-৪ ও চুল্লবগ্‌গ ৫।২২।২৩)

তিন রকম পরিচ্ছদ ব্যতীত নিম্নলিখিত দ্রব্যও ভিক্ষুগণের নিত্য ব্যবহার্য্যের মধ্যে পরিগণিত ছিল। একটী ভিক্ষাপাত্র; কোমরবন্ধ, একটি সূচী (বোধ হয় ছিন্ন পরিচ্ছদ সেলাই করিবার জন্য), ক্ষৌরকার্য্যের জন্য একখানা ক্ষুর এবং একটী জলপাত্র।

উত্তরাঞ্চলের ভিক্ষুগণ একখানি লাঠী ব্যবহার করিতেন, তাহার নাম খক্‌খর। দক্ষিণাঞ্চলে ইহাকে 'কত্তর' বলা হইত।

জপের মালা বৌদ্ধগণের মধ্যে এখন সর্ব্বত্রই প্রচলিত দেখা যায়, কিন্তু এ ব্যবহার অল্পদিন হইতে আরম্ভ হইয়াছে বলিয়া বোধ হয়। জপের মালার ব্যবহারপ্রথা ভারতবর্ষে উৎপত্তি হইয়াছে কি না সে সম্বন্ধেও ঘোর সন্দেহ আছে।

ভিক্ষুগণের বর্ষাকালে কোন এক স্থানে বাস করিবার বিধি ছিল। সে সময়ে ভ্রমণ করা নিষিদ্ধ। আষাঢ়ী পূর্ণিমা হইতে কার্ত্তিকী পূর্ণিমা পর্য্যন্ত তাঁহারা গৃহবাস করিতেন। কেহ কেহ বা একমাস পরে কোন পর্ণশালায় আশ্রয় লইতেন। উত্তর প্রদেশীয় ভিক্ষুগণ শ্রাবণের ১মদিবস হইতে কার্ত্তিকের ১মদিবস পর্য্যন্ত গৃহে বাস করিতেন। বর্ষাবাস।

(৬) Waddell's Buddhism of Tibet, p. 178, 145, Hodgson's Nepal, p. 139, 145 দ্রষ্টব্য।

ভিক্ষুসম্প্রদায়ের সৃষ্টির প্রথম হইতেই এইরূপ বাসস্থানের ব্যবস্থা প্রবর্ত্তিত ছিল কি না তাহা নির্দ্ধারণ করা দুরূহ। অনেকগুলি ভিক্ষুকে একত্র থাকিতে হইবে এরূপ কোন নিয়ম ছিল না। বর্ত্তমান সিংহলবাসী ভিক্ষুগণ বর্ষার সময়ে তাঁহাদের মঠ পরিত্যাগ করিয়া সময়োপযোগী স্থানে বাস করেন। কিন্তু বুদ্ধঘোষের বিবরণ সম্পূর্ণ স্বতন্ত্র। এই বিবরণে দেখা যায় যে, ভিক্ষুগণের কর্ত্তব্য—বিহারের তত্ত্বাবধারণ, আপনাদের আহার ও পানীয়ের সংস্থান, বিগ্রহাদি মূর্ত্তির সেবা এবং অন্যান্য যথাবিহিত অনুষ্ঠান করা। ভিক্ষুগণকে প্রতিদিন উচ্চৈঃস্বরে একবার দুইবার কি তিনবার বলিতে হইত, "আমি কেবলমাত্র তিনমাসের জন্য এই বিহারে বাস করিতে আসিয়াছি।"

এই ব্যবহারের প্রকৃত উদ্দেশ্য ইহাই বুঝিতে হইবে যে, বর্ষাকালে যাহাতে ভিক্ষুগণ ভ্রমণ না করেন, সেই জন্যই এইকালে তাঁহাদের গৃহে বাস করার নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছিল। ভিক্ষুদিগের বাসগৃহ নির্দ্দিষ্ট হওয়া সম্বন্ধে এইরূপ প্রবাদ আছে। প্রথমতঃ তাঁহাদের কোন নির্দ্দিষ্ট বাসস্থান ছিল না। বনে, পর্ব্বতগুহায়, বৃক্ষমূলে, বা শ্মশানে, এইরূপ যে কোন স্থানে তাঁহারা বাস করিতেন। রাজগৃহের কোন সমৃদ্ধিশালী বণিক্ ইহাঁদের জন্য বাসস্থান নির্ম্মাণ করিতে অভিলাষী হইয়া বুদ্ধদেবের অনুমতি প্রার্থনা করেন। তিনি এই প্রার্থনানুসারে ভিক্ষুদিগকে বিহার প্রভৃতি পাঁচ রকম বাসস্থানে বাস করিবার অনুমতি দেন এবং উক্ত বণিক্‌ও তাঁহাদের বাসের জন্য একদিনে ৬০ খানা বাসগৃহ নির্ম্মাণ করান।

'বিহার' অর্থে কেবল বৌদ্ধমঠ বুঝায় না। ইহাদ্বারা মন্দিরও বুঝা যায়। হিউয়েনসিয়াং বলেন, সিংহলে ভিক্ষুগণের বাসস্থানের নাম পর্ণশালা এবং যেখানে দেব দেবী প্রভৃতির পূজা হয় তাহার নাম 'বিহার'। ভিক্ষুগণের বাসস্থানের অন্যতর নাম "সঙ্ঘারাম"। প্রত্যেক বৌদ্ধমঠের মধ্যে বিহার ছিল। যথা নালন্দা এবং সারনাথের বিহার। বিহার

মধ্যযুগে ভারতবর্ষে এবং সিংহলে সঙ্ঘারামের প্রকৃত বিবরণ আমরা চীন দেশীয় বৌদ্ধ পরিব্রাজকগণের লিখিত গ্রন্থ হইতেই দেখিতে পাই। ইহা হইতে জানা যায় যে, যাঁহারা মঠে বাস করিতেন, তাঁহাদিগকে "আবাসিক" বলিত। রাজা এবং ধনী লোকদিগের দানশীলতার জন্য শ্রমণদিগকে মঠের ব্যয়ের জন্য কোন চিন্তা করিতে হইত না।

ভিক্ষুগণের নিত্য নৈমিত্তিক কর্ত্তব্য—পুণ্যকার্য্যের অনুষ্ঠান, ধর্ম্মসূত্রপাঠ এবং ধ্যানধারণা। কোন মঠে আগন্তুক (অন্য স্থানের অপরিচিত ভিক্ষু) আগমন করিলে মঠবাসী তাঁহাকে সম্বর্দ্ধনা করিতেন। তাঁহার ভিক্ষুগণের কর্ত্তব্য

বস্ত্রাদি বহন করিয়া লইতেন, তাঁহার পাদপ্রক্ষালনের জল দিতেন, গাত্রে মর্দ্দনজন্য তৈল দিতেন এবং নিয়মিত সময়ে যে নিয়মিত আহার নির্দ্দিষ্ট থাকিত, তাহা প্রদান করিতেন। আগন্তুক অল্পকাল বিশ্রামলাভ করিলে, তিনি কতদিন ভিক্ষুব্রত গ্রহণ করিয়াছেন তাহা তাঁহাকে জিজ্ঞাসা করা হইত। প্রশ্নের উত্তর পাইলে তাঁহার জন্য নিদ্রার ও বাসের স্থান নির্দ্দিষ্ট হইত এবং তাঁহার মর্য্যাদা অনুসারে যে সকল পরিচর্য্যা বিহিত ছিল, তাঁহাকে সেইরূপ সেবা করা হইত। গমিক (যাঁহারা গমনোদ্যত), পিণ্ডকারিক (ভিক্ষাকার্য্যে নিযুক্ত) এবং আরণ্যক (অরণ্যবাসী) ভিক্ষুগণের জন্য বিভিন্ন প্রণালীর অভ্যর্থনা এবং পরিচর্য্যা বিধিবদ্ধ আছে। (চুল্লবগ্‌গ)

মঠের কার্য্য-প্রণালী

মঠের কার্য্য-প্রণালী নিয়মিত করিবার জন্য উপযুক্ত ভিক্ষুগণ সঙ্ঘকর্ত্তৃক নিযুক্ত হইতেন। এই সকল কার্য্য নানা ভাগে বিভক্ত ছিল। খাদ্যবিভাগ, বাসস্থাননির্দ্দেশ, ভাণ্ডাররক্ষা, বস্ত্রাদিরক্ষা, পরিচ্ছদ প্রদান, বর্ষাকালের জন্য স্বতন্ত্রভাবে পরিচ্ছদ রক্ষা, মঠস্থ উদ্যানের তত্ত্বাবধারণ, পানীয় জলের ব্যবস্থা প্রভৃতি নানারূপ কার্য্য নানাজনের উপর ন্যস্ত থাকিত। সর্ব্ব বিষয়েরই সুনিয়ম বিধিবদ্ধ ছিল; সুতরাং কোনরূপ গোলযোগ হইবার কোন সম্ভাবনা থাকিত না। কোন কোনও সঙ্ঘে লোক নিযুক্ত থাকিত না। যখন আবশ্যক হইত, তখন ভিক্ষু বিশেষের উপর সাময়িক কর্ম্মভার ন্যস্ত হইত। দৃষ্টান্তস্থলে "নবকর্ম্মিক" পদের উল্লেখ করা যাইতে পারে। যদি কোন ব্যক্তি ভিক্ষুদিগের জন্য গৃহ নির্ম্মাণ করাইতে প্রস্তুত হইয়া কার্য্যের তত্ত্বাবধারণের জন্য এক জন উপযুক্ত ভিক্ষু প্রার্থনা করিতেন, তখন একজনকে ঐ কার্য্যে মনোনীত করা হইত।

প্রাচীন কালে, জ্ঞান ও বয়সের ছোটবড় লইয়া ভিক্ষুগণের পদমর্য্যাদার কোন ইতর বিশেষ ছিল না। তাই বলিয়া যে কোন শ্রেণী বিভাগ ছিল না এমত নহে। কার্য্যভেদে শ্রেণীভেদ হইত। যাঁহারা বয়সে প্রাচীন তাঁহারা 'স্থবির', যাঁহারা নবীন তাঁহারা 'দহর' বলিয়া অভিহিত হইতেন। ইহা ব্যতীত উপাধ্যায় (শিক্ষাদাতা), সার্দ্ধবিহারী (সদস্য), আচার্য্য (অধ্যাপক) এবং অন্তেবাসী (শিক্ষার্থী) এই কয়েক শ্রেণীতে ভিক্ষুগণ বিভক্ত ছিলেন। সিংহলেও এইরূপ শ্রেণী বিভাগ ছিল, কিন্তু তথায় মহানায়ক পদে অধিষ্ঠিত হইয়া একজন ভিক্ষু সমস্ত কার্য্যের পরিদর্শন করিতেন। মহাযানদিগের মধ্যে এরূপ প্রথা ছিল না।

ভিক্ষুগণের খাদ্য

ঘৃত, মাখন, তৈল, মধু, চিনি, মৎস্য, মাংস, দুগ্ধ এবং দধি [illegible] ভিক্ষুগণের পক্ষে নিষিদ্ধ ছিল। কিন্তু কেহ পীড়াগ্রস্ত হইলে আবশ্যক মতে ইহার যে কোন দ্রব্য ব্যবহার করিতে পারিতেন। অন্যস্থলে আবার ইহাও দেখা যায় যে, তিন প্রকারে পবিত্র হইলে মৎস্য এবং মাংস আহার করা যাইতে পারে। সেই তিন প্রকার এই—অদৃষ্ট, অশ্রুত এবং অসন্দিগ্ধ। এই নিষেধের কোন কার্য্যকারিতা নাই। কথিত আছে, বুদ্ধদেব স্বয়ং শূকরের মাংস আহার করিয়াছিলেন। প্রকৃত কথা এই যে বৌদ্ধেরা এ সকল বিষয়ে ব্রাহ্মণদিগের পথানুসরণ করিয়া চলিতেন। মৎস্য মাংস ব্যবহারে ব্রাহ্মণদিগের যেমন কতকটা বাধা আছে, ভিক্ষুদের পক্ষেও তদনুরূপ কতকটা নিষেধ করা হইয়াছে মাত্র। সেই সময়ে দেশে যে ব্যবস্থা প্রচলিত ছিল বৌদ্ধগণ আপনাদের সমাজে তাহারই প্রবর্ত্তন করিয়াছিলেন।

বৌদ্ধ ভিক্ষুগণ (পুরুষ অথবা রমণী) ব্রহ্মচারিগণের ন্যায় আপনাদের আহারীয় দ্রব্য ভিক্ষাদ্বারাই সংগ্রহ করিতেন, কিন্তু প্রভেদ ছিল এই যে, ব্রহ্মচারীরা ভিক্ষা প্রার্থনা করিত, কিন্তু ভিক্ষুগণের প্রার্থনা করার রীতি ছিল না, যদি ইচ্ছা করিয়া কেহ কিছু দিত, তবে তাহাই গ্রহণ করিবার প্রথা ছিল।

পীড়া হইলে ঔষধ ব্যবহার করার বিধি ছিল। এই সময়ে ঘৃত মাখন, তৈল, মধু, শর্করা ও ঔষধ স্বরূপে ব্যবহার করিতে পারা যাইত। নানারূপ ঔষধ প্রস্তুত করার বিধি, এবং বিবিধ প্রকার অস্ত্রের বিবরণ বৌদ্ধ গ্রন্থে পাওয়া যায়। ইহা দ্বারা বুঝা যায়, সে সময়েও চিকিৎসা-শাস্ত্রের প্রভূত উন্নতি হইয়াছিল। (মহাবগ্‌গ)

প্রাতিমোক্ষ প্রধানতঃ আট ভাগে বিভক্ত। এই প্রত্যেক অংশের অল্প কি অধিক সংখ্যক বিধি নির্দ্দিষ্ট আছে।

প্রাতিমোক্ষ বা দণ্ডবিধি

১ম। যে সকল অপরাধের শাস্তি সঙ্ঘ হইতে বহিষ্করণ, কঠিন অপরাধ করিলে এই শাস্তি প্রদান করা হইত। সমুদয় বৌদ্ধ গ্রন্থই এ সম্বন্ধে একমত। অপরাধের বিবরণ (১) কামরিপুর বশীভূত হইয়া ইন্দ্রিয়নিগ্রহের প্রতিজ্ঞাভঙ্গ, (২) চৌর্য্য (৩) প্রাণনাশ এবং (৪) অলৌকিক ক্ষমতা আছে বলিয়া প্রকাশ করা।

২য়। ত্রয়োদশ প্রকারের অপরাধ। শাস্তি কোন নির্দ্দিষ্ট সময়ের জন্য সঙ্ঘ হইতে বহিষ্করণ।

৩য়। এই বিভাগে অনিশ্চিত অপরাধ সম্বন্ধে দুইটি বিধান আছে।

৪র্থ। এই বিভাগে ত্রিশটি অপরাধের উল্লেখ আছে। নানা-গ্রন্থে নানারূপে সন্নিবেশিত। দণ্ডগ্রহণ দ্বারা প্রায়শ্চিত্ত।

৫ম। এই শ্রেণীতে ৯২টী অনুশাসনের কথা আছে। এ সকল অপরাধকারীর শাস্তি প্রায়শ্চিত্ত। চীন দেশীয় ধর্ম্মগ্রন্থে

এবং ব্যুৎপত্তি নামক গ্রন্থে কেবলমাত্র ১০টির উল্লেখ দৃষ্ট হয়।

৬ষ্ঠ। চারিপ্রকারের অপরাধ—অপরাধ নিজ মুখে স্বীকার করিলেই প্রতীকার হয়।

৭ম। শিক্ষাকার্য্য—নানা বিষয়ের নিয়মাবলী, উদ্দেশ্য, সভ্যতা ও সদাচার শিক্ষা। পালি গ্রন্থে ইহাদের সংখ্যা ৭৫, চীনদেশীয় গ্রন্থে ১০০ শত এবং ব্যুৎপত্তিতে ১০৬।

৮ম। আইন বিষয়ক সাতটী নীতি।

স্ত্রী ভিক্ষুগণের জন্যও এই সকল বিধি প্রবর্ত্তিত আছে। তবে শ্রেণী বিভাগে কিঞ্চিৎ পরিবর্ত্তন লক্ষিত হয় মাত্র। কোন সমাজে নিয়ম প্রবর্ত্তন করিতে হইলে তাহা সঙ্ঘারামের শাসন বিধান করা আবশ্যক। বৌদ্ধসঙ্ঘেও শাস্তির বিধান আছে। তাহা কঠিন না হইলেও যথেষ্ট। সর্ব্বপ্রধান শাস্তি সঙ্ঘ হইতে বহিষ্করণ। তাহার নিম্নস্তরের শাস্তি কিয়ৎকালের জন্য নির্ব্বাসন। আর এক প্রকার শাস্তির নাম নিঃসারণ। নির্ব্বাসন এবং নিঃসারণের পার্থক্য উপলব্ধি করা কঠিন। নির্ব্বাসন পরিবাদ এবং নিঃসারণ প্রভৃতি দণ্ডের পরে যখন ভিক্ষুদিগকে পুনরায় সঙ্ঘে গ্রহণ করা হইত, তখন ভিক্ষুগণ একত্র হইয়া নির্দ্ধারণ করিতেন, অপরাধীর শাস্তি হইয়াছে কিনা। এই সময়ে ২০ জন বা ততোধিক সংখ্যক ভিক্ষুর সমাবেশ হওয়া আবশ্যক। ব্রহ্মদণ্ড নামে আর এক প্রকার অদ্ভুত শাস্তির উল্লেখ দেখিতে পাওয়া যায়। পরিনির্ব্বাণপ্রাপ্তির কিছুকাল পূর্ব্বে বুদ্ধদেব, চণ্ডনামা এক ব্যক্তির প্রতি এই শাস্তি প্রদান করিবার জন্য তাঁহার প্রিয় শিষ্য আনন্দকে আদেশ করিয়া ছিলেন। আনন্দ তখন জানিতেন না ব্রহ্মদণ্ড কাহাকে বলে। জিজ্ঞাসা করায় বুদ্ধদেব উত্তর করিলেন, "চণ্ড যাহা খুসী বলুক, ভিক্ষুগণের মধ্যে কেহ যেন তাহার সহিত কথা বলে না এবং তাহাকে কোন উপদেশ প্রদান বা কোন অনুরোধ করে না।" এই শাস্তি দ্বারা চণ্ডের অনুতাপ জন্মিয়াছিল। ইহা হইতেই এই শাস্তি প্রচলিত হয়।

অপরাধ স্বীকার করা অন্যতম শাস্তি। প্রথমতঃ নিয়ম ছিল যে যখন ভিক্ষুগণ প্রতি পক্ষে একত্র সমবেত হইতেন, তখন এই স্বীকারোক্তি করিতে হইবে। কিন্তু তাহাতে বিলম্ব হয় এবং কার্য্যেরই ব্যাঘাত ঘটে বলিয়া শেষে নিয়ম হয় যে, বয়োজ্যেষ্ঠ কোন ভিক্ষুর নিকট স্বীকার্য্য অপরাধের স্বীকারোক্তি করিতে হইবে।

পূর্ব্বেই বলা হইয়াছে, দীক্ষাকালে তিনটীর শরণ লইতে হইত। বৌদ্ধগণের তাহাই প্রধান উপাস্য ত্রিরত্ন বা রত্নত্রয়—বুদ্ধ, ধর্ম্ম এবং সঙ্ঘ।

উপাস্য।

ইহা ব্যতীত আরও অনেক পদার্থ আছে যাহা বৌদ্ধগণের নিকট সম্মান ও অর্চ্চনার বিষয়। সাধু-মহাত্মগণের পবিত্র স্মৃতির পরিচায়ক কোন দ্রব্য এবং তাঁহাদের স্মরণার্থ প্রতিষ্ঠিত স্মৃতিস্তম্ভাদি। এই সমুদায়ের সাধারণ নাম ধাতু। ধাতু তিন ভাগে বিভক্ত। শারীরিক, উদ্দেশিক এবং পারিভোগিক। শারীরিক ধাতু শরীর সম্বন্ধীয়। উদ্দেশিক—স্মরণ উদ্দেশ্যে যাহা সংস্থাপিত। পারিভোগিক—যে সকল দ্রব্য বুদ্ধদেবের ব্যবহারে লাগিয়াছে।

ত্রপুষ এবং ভল্লিক নামে দুইজন বণিক্ বুদ্ধদেবের শিষ্যত্ব গ্রহণ করিলে তিনি কৃপাপরবশ হইয়া তাহাদিগকে স্মরণার্থ কেশগুচ্ছ প্রদান করেন। ইহাই সর্ব্বলোকের প্রাচীনতম পবিত্র স্মৃতি। কেহ কেহ বলেন, এই সাধু বণিক্দ্বয় নখ এবং চুল ব্যতীত তাঁহার পাত্র, এবং তিনটী পরিচ্ছদও পাইয়াছিলেন।

সিংহলেও এইরূপ কেশস্মৃতির বিষয় কথিত আছে। কনোজ, অযোধ্যা, মথুরা প্রভৃতি আর্য্যাবর্ত্তের অনেকস্থলে বুদ্ধদেবের কেশ ও নখরূপ পবিত্র স্মৃতি সংরক্ষিত আছে এবং সেখানে স্তূপ নির্ম্মিত হইয়াছিল। কনোজের এই স্তূপ ও পবিত্র স্মৃতি সম্বন্ধে বৌদ্ধসমাজে অনেক অলৌকিক কথা প্রচারিত ছিল। সৎকারের পরে শরীরের যে অংশ অবশিষ্ট থাকে, তাহাই সর্ব্বপ্রধান শারীরিক স্মৃতি। বুদ্ধদেবের মৃত্যুর পরে তাঁহার শরীরের অবশেষ-স্মৃতি লইয়া রাজগৃহ, বৈশালী, কপিলবস্তু, অল্লকল্প, রামগ্রাম, বেহাদ্বীপ, পাবা, এবং কুশীনগর এই আটটী স্থানে আটটি স্তূপ নির্ম্মিত হয়। এই অষ্টস্তূপ ব্যতীত বুদ্ধদেবের স্মরণার্থ দ্রোণ এবং মৌর্য্যবংশীয়েরা দুইটী মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়াছিলেন। এইরূপ প্রবাদ প্রচলিত আছে যে, বুদ্ধদেবের একটী দন্ত স্বর্গে, একটি গান্ধারে, একটি কলিঙ্গে এবং অন্য একটি নাগলোকে অর্চ্চিত হইয়া থাকে।

কাবুল নদীর দক্ষিণদিকে নগর নামক স্থানে যত পবিত্র স্মৃতিচিহ্নের কথা শুনা যায়, এরূপ আর কুত্রাপি নহে। হিদ্দ নগরীতে বুদ্ধদেবের মস্তকের অস্থি এবং চক্ষুগোলক স্বরূপ পবিত্র স্মৃতিরক্ষার জন্য তিনটি বিহার প্রতিষ্ঠিত আছে।

সিংহল প্রভৃতি দক্ষিণদেশেও পবিত্র স্মৃতির অভাব নাই। সিংহলে দন্তস্মৃতি সুপ্রসিদ্ধ। ইহা ব্যতীত জিনের অর্থাৎ বুদ্ধদেবের স্কন্ধদেশের অস্থিও সেখানে রক্ষিত আছে বলিয়া তথাকার বৌদ্ধগণের বিশ্বাস। খের সরভু ইহা শ্মশান হইতে লইয়া গিয়া সিংহলে রক্ষা করেন। রুয়ানবেলী নামক স্থানে বুদ্ধদেবের অস্থি সংরক্ষিত আছে, ইহাও প্রসিদ্ধ কথা।

পূর্ব্ব পূর্ব্ব যুগের বুদ্ধগণের কোন শরীরাবশেষস্মৃতি কোনও স্থানে রক্ষিত আছে বলিয়া ততটা শুনা যায় না। শ্রাবস্তী

নামক স্থানে একস্তূপে কাশ্যপ বুদ্ধের সমুদয় অস্থি সংরক্ষিত আছে বলিয়া শুনা যায় মাত্র। পরবর্ত্তী সাধু এবং ভিক্ষুগণের অনেক স্মৃতি অনেক স্থানে রক্ষিত আছে বলিয়া জানা গিয়াছে।

চীনপরিব্রাজক ফাহিয়ান্ বৈশালীর নিকটে আনন্দের অর্দ্ধশরীরোপরি একটি স্তূপ বিনির্ম্মিত দেখিয়াছিলেন। তাঁহার অপরার্দ্ধ শরীর মগধে পবিত্র স্মৃতিরক্ষা করিতেছে। মথুরা নগরে সারিপুত্র, মৌদ্গল্যায়ন, পূর্ণমৈত্রায়ণীপুত্র, উপালী, আনন্দ এবং রাহুলের স্মৃতিরক্ষার জন্য স্তূপ নির্ব্বাচিত হইয়াছিল। এই স্থানে উপগুপ্তের নখ পবিত্র স্মৃতিরূপে সংরক্ষিত এবং মঞ্জুশ্রী ও অন্যান্য বোধিসত্ত্বের স্মৃতিসংরক্ষণ জন্যও একটি স্তূপের কথা শুনা যায়।

বুদ্ধ এবং সাধুগণ যে সকল দ্রব্য ব্যবহার করিতেন, তাহাও বৌদ্ধসমাজে অতি ভক্তির সহিত পূজিত হইয়া থাকে। কোন্ সময় হইতে এই ভক্তি ও পূজার আরম্ভ হয়, তাহা নির্দ্দেশ করা সুকঠিন, কিন্তু ইহা সুনিশ্চিত যে, মধ্যযুগের বহুপূর্ব্ব হইতেই উত্তর এবং দক্ষিণভারতে এই পূজা আরম্ভ হইয়াছিল।

ফা-হিয়ান্ যখন তীর্থভ্রমণে বহির্গত হইয়াছিলেন, তখন তিনি নগরের নিকটে চন্দনকাষ্ঠ-বিনির্ম্মিত বুদ্ধদেবের যষ্টি দেখিয়াছিলেন। ইহার দৈর্ঘ্য ১৬ কি ১৭ ফুট হইবে। এই স্থানের অনতিদূরে আর একস্থলে এক মন্দিরে বুদ্ধের সঙ্ঘাতি দেখিয়াছিলেন। হিউয়েন্সিয়াং এই স্থানে সঙ্ঘাতি এবং কাষায় উভয়ই দেখিয়াছিলেন।

তীর্থপর্য্যটক ফা-হিয়ান্ বুদ্ধদেবের ভিক্ষাপাত্র পেশোয়ারে দেখিয়াছিলেন। বুদ্ধদেবের পবিত্র স্মৃতিরক্ষক এই ভিক্ষাপাত্র সর্ব্বসাধারণ দ্বারা পূজিত হইত। দুই শতাব্দী পরে ইহা পারস্যাধিপতির অধিকারে ছিল। এইরূপ প্রবাদ প্রচলিত আছে যে, এই ভিক্ষাপাত্র প্রথমে বৈশালীতে ছিল। ফা-হিয়ান্ বলেন যে, তিনি এইরূপ ভবিষ্যদ্বাণী শ্রবণ করিয়াছেন যে, এই ভিক্ষাপাত্র পরবর্ত্তী সময়ে ক্রমে তোখারিস্থান, খোটান, করাচর, চীন, সিংহল এবং ভারতবর্ষ ভ্রমণ করিয়া অবশেষে তুষিত দেবতাগণের স্বর্গে গমন করিবে।

সিংহল-ধর্ম্মগ্রন্থে অনেক পরিভোগ-স্মৃতিচিহ্নের বিবরণ দেখা যায়। বুদ্ধ ককুসন্ধের (ক্রকুচ্ছন্দ) পানপাত্র, কোনাগমনের কোমরবন্ধ এবং কাশ্যপ ও গৌতমবুদ্ধের স্নানবস্ত্রের কথা সবিস্তার উল্লেখ আছে।

দাক্ষিণাত্যে কোঙ্কণপুরে ৭ম শতাব্দীতে একটি বিহার ছিল। এই বিহারে সিদ্ধার্থের বাল্যকালের মস্তকাবরণ সংরক্ষিত ছিল। ভক্তগণ ইহা সপ্তাহে একদিন (বিশ্রাম দিনে) দেখিতে পাইতেন এবং ইহা পূজা করিতেন। যে চীনপরিব্রাজক এই সংবাদ দিয়াছেন, তিনি বলেন বামিয়ান নামক স্থানে স্থবির মানবাসিকের লৌহপাত্র এবং পরিচ্ছদ রক্ষিত ছিল। মণি নির্ম্মিত বলিয়া পরিচ্ছদটী লোহিতাভ বর্ণের ছিল। প্রবাদ এইরূপ, যতদিন বৌদ্ধধর্ম্ম ও বৌদ্ধনীতি পৃথিবীতে বর্ত্তমান থাকিবে, এই পরিচ্ছদও ততদিন থাকিবে।

আর একরকম স্মৃতির কথা উল্লেখ আছে। ইহাকে ছায়া-স্মৃতি বলা যাইতে পারে। অনেক স্থলে গুহা বিশেষে বুদ্ধদেব, বা বোধিসত্ত্ব ছায়া রাখিয়া গিয়াছেন—ইহা ভক্তগণকে দেখান হইত। কৌশাম্বী, গয়া এবং নগর এই তিন স্থানের কথাই বিশেষ প্রসিদ্ধ। কৌশাম্বীর গুহা বর্ত্তমান থাকিলেও হিউএন্সিয়াং সেখানে ছায়া দেখিতে পান নাই। কিন্তু তিনি গয়াধামে ছায়াদর্শনে কৃতার্থ হইয়াছিলেন। তাঁহার পূর্ব্ববর্ত্তী পরিব্রাজক ফা-হিয়ান্ বলেন যে, বুদ্ধের এই ছায়া প্রায় তিনফুট লম্বা হইবে। এবং তৎকালে তাহা বেশ পরিষ্কার দেখা যাইত। নগরের নিকটবর্ত্তী গুহায় বুদ্ধের ছায়া সমধিক প্রসিদ্ধ ছিল। এই গুহায় নাগ গোপাল বাস করিতেন এবং বুদ্ধদেব মহানির্ব্বাণ প্রাপ্তির অব্যবহিত পূর্ব্বে এই গুহায় আপনার ছায়া রাখিয়া যান। গুহার প্রবেশদ্বারে দুইখানে সমচতুষ্কোণ প্রস্তর ছিল, তদুপরি তথাগতের পদচিহ্ন দেখা যাইত।

চৈত্য, বিহার

বৌদ্ধপ্রভাবের সময়ে ভারতবর্ষ যে স্থপতি ও ভাস্করবিদ্যার পরিচয় প্রদান করিয়াছে, অদ্যাপি তাহা পৃথিবীর পুরাতত্ত্ববিদ্-গণের আলোচনার বিষয়ীভূত হইয়া রহিয়াছে এবং আরও বহুদিন থাকিবে। এ পর্য্যন্ত যতগুলি স্তূপ, মন্দির, মূর্ত্তি, স্মৃতিস্তম্ভ বা চৈত্যাদি আবিষ্কৃত হইয়াছে, তাহার আমূলবিবরণ প্রকাশের স্থান এখানে অসম্ভব। যাহা বিশিষ্টরূপে ধর্ম্মাদি ব্যাপারের সহিত সংসৃষ্ট, তাহার স্থূল বিবরণ দেওয়া যাইতেছে।

ধর্ম্মমন্দির বা মঠের সাধারণ নাম চৈত্য। চৈত্য বলিলে কেবল ইষ্টক বা প্রস্তর নির্ম্মিত মন্দির বুঝায় না, ইহাদ্বারা পবিত্র বৃক্ষ, স্মৃতিপরিচায়ক প্রস্তর, পবিত্র স্থান, মূর্ত্তি বা খোদিতলিপি এ সমুদয়ই বুঝা যাইতে পারে। সুতরাং পবিত্র ধর্ম্মগৃহ মাত্রেই চৈত্য, কিন্তু চৈত্য হইলেই তাহা কোন গৃহ বা মন্দির হইবে না।

এইরূপ পবিত্র মন্দিরের মধ্যে বিহার এবং স্তূপই প্রধান। মঠ অথবা জীবিত বুদ্ধগণের বাসস্থান কিম্বা মূর্ত্তিসমন্বিত মন্দিরকে সাধারণতঃ বিহার বলা যাইতে পারে। নেপালে চৈত্য ও বিহারের যে পার্থক্য ধরা হয় তাহার বিশেষত্ব কিছুই নাই। তাহাদের মধ্যে যেখানে আদিবুদ্ধ বা ধ্যানীবুদ্ধের মূর্ত্তি আছে তাহা চৈত্য এবং যেখানে শাক্যদেব, অন্যান্য সাত জন মানুষী-

বুদ্ধ অথবা সাধুদের মূর্ত্তি আছে তাহার নাম বিহার। নেপালী চৈত্যের বিস্তৃত বিবরণ পাঠ করিলে বোধ হয়, এই চৈত্য-স্তূপ ব্যতীত আর অন্য কিছুই নহে। স্তূপের পালিনাম থূপ।

স্তূপ

ধাতুগর্ভ বা গর্ভ, স্তূপের একার্থক বলিয়া অনেকে মনে করেন। প্রকৃত পক্ষে স্তূপের একাংশকে গর্ভ বলে অর্থাৎ যেখানে পবিত্রস্মৃতি সংরক্ষিত হয় উহাই গর্ভ। প্রসিদ্ধ ব্যক্তিগণের সমাধির উপরে স্মৃতিসংরক্ষণ জন্য স্তূপ নির্ম্মিত হইত, ইহা অনেকেই বলিয়া থাকেন এবং ইহা সম্ভব-পরও বোধ হয়। স্তূপের ভিত্তি চতুষ্কোণ এবং গোলাকার উভয়ই হইতে পারে। ইহার উপরে একটী গম্বুজ এবং গম্বুজের উপরে বিপরীতভাবে সংস্থাপিত একটী পীরামিড্ বা চূড়া। পীরামিড্টী একটী ক্ষুদ্র 'গল' দ্বারা সংলগ্ন। সর্ব্বোপরি একটী বা দুইটী ছত্র এবং ছত্রের উপরিভাগ পতাকা ও পুষ্পমালা ইত্যাদি দ্বারা পরিশোভিত।

কার্লির গুহামন্দিরে যে স্তূপ দেখা যায়, তাহা উপরি উক্ত প্রকারে নির্ম্মিত। ইহার উপরিভাগে এখনও কাষ্ঠনির্ম্মিত ছত্রের চিহ্ন দেখা যায়।

সিংহলের এবং নেপালের প্রাচীন চৈত্যগুলিরও আকার এইরূপ। সিংহলের কোন কোন স্তূপের উপরিভাগে খর্ব্বাকৃতি গুম্বজ দেখা যায়, কিন্তু সাধারণ আকৃতি জলবুদ্বুদের ন্যায় এবং তদুপরি ক্রমান্বয়ে তিনটি ছত্র সংস্থাপিত।

ছত্রের সংখ্যা অথবা পারামিডের বিভিন্ন স্তরগুলি ব্রহ্মাণ্ডের বিভাগনির্দ্দেশক। উত্তর ও দক্ষিণ উভয় প্রদেশীয় বৌদ্ধেরাই অনেক স্তূপের মধ্যে মেরুপর্ব্বতের প্রতিকৃতি দেখিতে পাইয়া থাকেন।

চীনদেশীয় পরিব্রাজকেরা যখন ভারতবর্ষে ভ্রমণ করিয়াছেন, তখন দেশের নানাস্থানে স্তূপ ও চৈত্য ছিল। এখন তাহাদের অনেকের অস্তিত্ব মাত্র নাই এবং কোন কোন স্থলে ভগ্নাবশেষ দেখা যায়।

হিউয়েন্সিয়াং যখন তীর্থপর্য্যটন করিতে ভারতবর্ষে আগমন করেন, তখন অনেক বিহার এবং সঙ্ঘারাম ভগ্নাবস্থায় দেখিয়াছেন, তাহা তাঁহার লিখিত বিবরণে দৃষ্টিগোচর হয়; কিন্তু তাহার দুই শতাব্দী পূর্ব্বের বিবরণে দেখা যায় যে, সে সকল অভগ্ন অবস্থাতেই ছিল। পেশোয়ার নগরের সুবৃহৎ স্তূপ ৪০০ হাতেরও অধিক উচ্চে ছিল। হিউয়েন্সিয়াং যখন তাহা দেখিয়াছেন তাহার পূর্ব্বেও তিনবার এই বৃহৎ স্তূপ অগ্নিদাহে নষ্ট হইয়াছে। এই স্তূপ মহারাজ কণিষ্কের সময়ে নির্ম্মিত হয়। মানিকিয়ালের স্তূপও এই সময়ে নির্ম্মিত হইয়াছিল বলিয়া বিশ্বাস। পুষ্কলাবতীতে দুইটি স্তূপ সম্রাট্ অশোকের সময় নির্ম্মিত হয় বলিয়া প্রবাদ আছে। ব্রহ্মা এবং ইন্দ্র দেবতা বহুমূল্য প্রস্তরে বিনির্ম্মিত দুইটি স্তূপ সংস্থাপিত করিয়াছিলেন বলিয়া যে প্রবাদ প্রচলিত আছে, তাহা অবশ্য ঐতিহাসিকগণ কখনও বিশ্বাস করিবেন না। উপরি উক্ত স্তূপসমূহের ভগ্নাবশেষ মাত্র হিউএন্সাং দেখিয়াছিলেন।

অশোকাবদানে লিখিত আছে যে সম্রাট্ অশোক ভারতবর্ষে সর্ব্বশুদ্ধ ৮৪০০০ ধর্ম্মরাজিকা বা স্তূপ এবং বিহার নির্ম্মাণ করাইয়াছিলেন। বুদ্ধদেবের নির্ব্বাণপ্রাপ্তির পরে যে স্তূপাষ্টক নির্ম্মিত হয়, তাহার মধ্যে সাতটির দ্বার অশোককর্ত্তৃক উন্মুক্ত হয়। কেবল রামগ্রামের স্তূপের দ্বার তিনি উন্মুক্ত করিতে পারেন নাই।

বারাণসীর নিকট সারনাথের বিহার এবং স্মৃতিপ্রাসাদসমূহ ৭ম শতাব্দীতেও অবিকৃত অবস্থায় ছিল। কিন্তু এখন তাহা ভগ্নাবশেষে পরিণত। সেখানকার একটি মন্দির এখন জৈনগণের অধিকারে।

কেবল যে সাধু এবং ধার্ম্মিকগণের স্মরণার্থে স্তূপ বিনির্ম্মিত হইত তাহা নহে। মথুরায় সারিপুত্র, মৌদ্গল্যায়ন এবং আনন্দের উদ্দেশ্যে এরূপ স্তূপ উৎসর্গীকৃত হইয়াছিল। অভিধর্ম্ম, বিনয়, এবং সূত্রগ্রন্থের উদ্দেশ্যেও স্তূপ নির্ম্মিত হইবার বিবরণ পাওয়া যায়।

কপিলবস্তুতেও কতকগুলি স্মৃতিপরিচায়ক স্তূপ এবং বিহারের কথা শুনা যায়, কিন্তু তাহার চিহ্নমাত্রও নাই। মধ্যযুগে মগধেও স্তূপের অপ্রাচুর্য্য ছিল না।

সিংহলের সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ এবং প্রাচীন স্তূপের নাম মহাথূপ। দুট্ঠগামনির সময়ে বুদ্ধদেবের পদচিহ্নের উপরে এই স্তূপ বিনির্ম্মিত হয়। ইহা অনুরাধপুরের উত্তরে সংস্থাপিত এবং তিনশত হাত উচ্চ ছিল। ইহার নিকটেই অভয়গিরির প্রসিদ্ধ সঙ্ঘারাম বর্ত্তমান ছিল। ইহা ব্যতীত অন্যান্য স্তূপ, বিহার এবং প্রাসাদ ইত্যাদির সংখ্যাও সিংহলে নিতান্ত কম নহে।

প্রাচীন বৌদ্ধ ধর্ম্মগ্রন্থে বুদ্ধদেবের মূর্ত্তিপূজার বিবরণ দেখা যায় না। তাঁহার পদচিহ্ন, আসন, বেদী বা চক্র প্রভৃতির নিকটেই লোক বুদ্ধদেবের উপস্থিতি কল্পনা করিয়া তাহার পূজা ও ভক্তি করিত, এইরূপ বিবরণই পাওয়া যায়। অনেকের বিশ্বাস যে, অশোকের রাজত্বের পর হইতে মূর্ত্তিপূজার প্রথা প্রচলিত হইয়াছে। এ সম্বন্ধে কোন ঐতিহাসিক তথ্য পাওয়া যায় না, তবে নানা প্রকার প্রবাদ এবং উপন্যাস প্রচলিত আছে। সকল অর্চ্চনার যথাযথ আলোচনা এবং অনুসন্ধান করিয়া ঐতিহাসিক তথ্য নির্ণয় করা এই প্রবন্ধে অসম্ভব। য়ুরোপীয়

পুরাতত্ত্ববিৎ পণ্ডিতগণের সিদ্ধান্ত এই যে,খৃষ্ট জন্মের এক শতাব্দী পূর্ব্বে কিম্বা তাহার পরে মূর্ত্তিপূজার প্রথা প্রচলিত হইয়াছে। কিন্তু তাহার পূর্ব্ব হইতেই যে মূর্ত্তিপূজা প্রচলিত ছিল, আলেক্‌সান্দারের সময়ে গ্রীক লিখিত কাহিনী হইতেও তাহা জানা যায়। তবে সম্রাট্ কণিষ্কের সময় হইতেই এই প্রথা সমুদয় ভারতবর্ষে যথেষ্ট প্রসিদ্ধি লাভ করিয়াছিল। ধর্ম্মপিপাসু চীনপরিব্রাজকগণ তাঁহাদের ভ্রমণ বৃত্তান্তে শত শত বার বুদ্ধদেবের মূর্ত্তির উল্লেখ করিয়াছেন। ফা-হিয়ান্ খৃষ্টীয় ৫ম শতাব্দে সাঙ্কাশ্য নামক স্থানে বুদ্ধ দেবের দশহস্ত পরিমিত দণ্ডায়মান মূর্ত্তি দেখিয়াছিলেন এবং হিউয়েনসিয়াংও খৃষ্টীয় ৭ম শতাব্দে ঐ মূর্ত্তি দেখিয়া যান। ইনি পেশোয়ারে দ্বাদশহস্ত পরিমিত শ্বেতপ্রস্তরনির্ম্মিত বুদ্ধমূর্ত্তির দর্শন লাভ ও পূজা করিয়া যান। এই মূর্ত্তি কনিষ্কস্তূপের অতি সন্নিহিত ছিল এবং রাত্রিকালে ইহা স্তূপের চতুর্দ্দিকে ভ্রমণ করিয়া বেড়াইত।

নির্ব্বাণপ্রাপ্তির সময়ে বুদ্ধ দেবের উপবিষ্ট প্রতিমূর্ত্তির উল্লেখ বহুবার দেখিতে পাওয়া যায়। বামিয়ান্ নামক স্থানে এই অবস্থার একটি মূর্ত্তির কথা শুনিতে পাওয়া যায়, তাহা না কি প্রায় এক সহস্র ফুট পরিমাণে ছিল। হিউএনসিয়াং বলেন যে, তিনি কুশীনগরের শালবনের মধ্যে নির্ব্বাণপ্রাপ্তির অবস্থাপরিচায়ক আর একটী বুদ্ধমূর্ত্তি দেখিয়াছিলেন।

বুদ্ধদেবের চিত্রিত প্রতিকৃতির সংখ্যাও মধ্য যুগে নিতান্ত কম ছিল না। কিন্তু এ বিষয়ের উল্লেখ ততটা দেখা যায় না। হিউএন্‌সিয়াং পেশোয়ারে এক খানি প্রতিকৃতি দেখিয়াছিলেন। তাহার শিল্পচাতুর্য্যে ও সৌন্দর্য্যে তিনি বিমোহিত হইয়াছিলেন। ইহারই নিকটে তিনি বুদ্ধ দেবের দুইটি মূর্ত্তিও দেখিয়াছিলেন, একটীর দৈর্ঘ্য ছয় এবং আর একটির দৈর্ঘ্য চারিফুট।

বৌদ্ধ ভক্তগণ কেবল শাক্যমুনিকে ভক্তি প্রদর্শন করিয়াই বিরত হয়েন নাই; তাঁহারা পূর্ব্ব-বুদ্ধগণের মূর্ত্তিও পূজা করিয়া থাকেন। অনেক স্থলে শাক্যবুদ্ধেরমূর্ত্তির সহিত তিন হইতে ছয় জন গতবুদ্ধের মূর্ত্তি দেখা যায়। ভবিষ্যদ্‌বুদ্ধ মৈত্রেয়ের প্রতি তাঁহাদের ভক্তি আরও বেশী। ইনি বর্ত্তমানে বোধিসত্ত্ব অবস্থায় বর্ত্তমান। ইহাঁর অনেক মূর্ত্তি দেখা যায়। সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ মূর্ত্তি উদ্যানের রাজধানীর সন্নিহিত উপত্যকায় ছিল। ইহা ৯০ হাত উচ্চ এবং স্বর্ণবর্ণ কাষ্ঠদ্বারা নির্ম্মিত হইয়াছিল। বৌদ্ধগ্রন্থে দেখা যায়, বোধিসত্ত্ব এখন পৃথিবীতে অবতীর্ণ হয়েন নাই; সুতরাং যে শিল্পী এই মূর্ত্তি নির্ম্মাণ করিয়াছেন, তাঁহাকে অর্হৎ মধ্যান্তিকের অনুগ্রহ লাভ করিয়া তুষিত স্বর্গে যাইতে হইয়াছিল। সেখানে তিনি [illegible]ত্ত্বের শারীরিক পরিমাণ এবং বর্ণ ইত্যাদি দর্শন [illegible]ত্যাবর্ত্তন এবং এই মূর্ত্তি নির্ম্মাণ করেন।

উত্তর প্রদেশীয় বৌদ্ধগণ কেবল বোধিসত্ত্বমৈত্রেয়ের মূর্ত্তিপূজা করিয়া পরিতৃপ্ত হইতে পারেন নাই। ইহাঁরা অবলোকিতেশ্বর এবং মঞ্জুশ্রী বোধিসত্ত্বেরও মূর্ত্তি পূজা করিয়া থাকেন। ফা-হিয়ান্ বলেন, তিনি মথুরার মহাযান সম্প্রদায়কে প্রজ্ঞাপারমিতা, মঞ্জুশ্রী এবং অবলোকিতেশ্বরের পূজা করিতে দেখিয়াছেন। দুই শতাব্দী পরে হিউয়েনসিয়াং পরিভ্রমণ কালে অবলোকিতেশ্বরের অসংখ্য মূর্ত্তি দর্শন করিয়াছেন। কপিশ, উদ্যান, কাশ্মীর, কনোজ, গয়া এবং মহারাষ্ট্রের কপোত-সঙ্ঘারামে এই বোধিসত্ত্বের মূর্ত্তিপূজার কথা তাঁহার লিখিত বিবরণে পাওয়া যায়। কিন্তু চীনপরিব্রাজকেরা কোন স্থলেই অবলোকিতেশ্বরের বহুমুখের কথা উল্লেখ করেন নাই। বোধ হয় শেষে তাঁহার নাম সমন্তমুখ করা হইয়াছে এবং নামের সার্থকতার জন্য বহুমুখ সংলগ্ন করা হইয়াছে।

মথুরায় মঞ্জুশ্রীর খুব সম্মান ছিল। সেখানে এক স্তূপে তাঁহার স্মৃতিচিহ্ন পরিরক্ষিত ছিল, কিন্তু কোন মূর্ত্তির বিবরণ পাওয়া যায় না। এখন মঞ্জুশ্রী চতুর্ভুজ রূপে দৃষ্ট হইয়া থাকেন, কিন্তু যবদ্বীপে ১২৬৫ আদিত্যবর্ম্মা যখন তাঁহার মূর্ত্তি প্রতিষ্ঠা করেন, তখন দুই হাত বই ছিল না।

ধ্যানীবুদ্ধগণের মূর্ত্তি প্রচলিত হওয়া অবধি উত্তর প্রদেশের বৌদ্ধগণ তাঁহাদিগকে পূজা করিয়া আসিতেছেন। মূর্ত্তি এবং চিত্রিত প্রতিকৃতি দ্বারা ধ্যানীবুদ্ধগণ, তাঁহার শক্তি বা তারাগণ এবং সন্তানগণ মানবসমাজে প্রচারিত ও অর্চ্চিত হইতেছেন। নেপাল, তিব্বত এবং মঙ্গোলিয়াতে উক্ত বুদ্ধ, বোধিসত্ত্ব ও শক্তিগণের অর্চ্চনা অধিক পরিমাণে দৃষ্ট হইয়া থাকে,এই বুদ্ধগণের মুখ এবং অবয়ব বুদ্ধাকৃতির ন্যায়; আসন—পদ্মাসন, কিন্তু বাহনের পার্থক্য আছে। বৈরোচনের বাহন সিংহ, অক্ষোভ্যের বাহন হস্তী, রত্নসম্ভবের বাহন ঘোটক, অমিতাভের বাহন হংস এবং অমোঘসিদ্ধির বাহন গরুড়। ইহাদের পাঁচ জন বিভিন্ন প্রকার মুদ্রা দ্বারা পরিচিত। চিত্রিত করার সময়ে ইহাদিগকে বিভিন্ন বর্ণে চিত্রিত করা হয়। যে বুদ্ধের যে তারা বা শক্তি এবং যে বোধিসত্ত্ব, তাঁহারা সেইরূপ বর্ণে চিত্রিত হইয়া থাকেন। তারা এবং বোধিসত্ত্বগণের দণ্ডায়মান ও উপবিষ্ট উভয় অবস্থার মূর্ত্তিই দেখা যায়।

বোধিদ্রুম

পবিত্র বোধিবৃক্ষকে পরিভোগ চৈত্য বলিয়া নির্দ্দেশ করা হইয়া থাকে, কিন্তু প্রকৃত পক্ষে ইহাকে উদ্দেশক বলা কর্ত্তব্য। অতি প্রাচীন কাল হইতে বৌদ্ধগণ এই পবিত্র বৃক্ষের পূজা ও ভক্তি করিয়া আসিতেছেন। যখন মূর্ত্তিপূজা আরম্ভ হয় নাই, তখন বোধিবৃক্ষ পূজিত হইত।

ছয় জন বিগত বুদ্ধের বোধিবৃক্ষের চিত্র আমরা দেখিতে

পাই। এই ছয় জন বুদ্ধের নাম 'বিপস্‌সি', 'কশ্যপ, কোণগমন' 'ককুসন্ধ' 'বেস্‌সভূ' এবং শাক্যমুনি। শাক্যমুনির বোধিদ্রুম এবং তাহার তলে বোধিখণ্ড (যে আসনে তিনি সিদ্ধি লাভ করিয়াছিলেন,) অনেক স্থলে চিত্রিত দেখা যায়। এই বৃক্ষের উপর দুইটি ছত্র এবং ইহার শাখা প্রশাখায় পতাকা চিত্রিত দেখা যায়। উপরি ভাগে দুই কোণে দুইটি অপ্‌সরা পুষ্পমালা হস্তে দণ্ডায়মানা। তন্নিম্নে দুইটি পুরুষমূর্ত্তি সবিস্ময়ে দাঁড়াইয়া আছেন। কিন্তু ইহাঁদের পাদ ভূমি স্পর্শ করে নাই। বৃক্ষের স্কন্ধ দেশ বহু স্তম্ভে পরিবেষ্টিত; পাদদেশে একখানি আসন, আসনের সম্মুখে নতজানু দুইটি মনুষ্যমূর্ত্তি কৃতাঞ্জলিপুটে অবস্থিত। ইহাদের একজনের পশ্চাতে একটি রমণীমূর্ত্তি এবং অন্যের পশ্চাতে নাগরাজ দণ্ডায়মান। বোধিমণ্ড বা আসন সমচতুষ্কোণ প্রস্তরবেদিকা। একখানি চিত্রে চারিজন গতবুদ্ধের চারিখানি আসন চিত্রিত রহিয়াছে।

গয়াধামের বোধিবৃক্ষতলে যে আসনে উপবেশন করিয়া শাক্যমুনি সিদ্ধি লাভ করিয়াছিলেন, যে আসনে সমুদায় বিগত বুদ্ধ, বুদ্ধত্ব লাভ করিয়াছেন এবং ভবিষ্যতের বুদ্ধগণও যেখানে বুদ্ধত্ব লাভ করিবেন,—হিউএনসিয়াংএর মতে তাহাই বজ্রাসন। তাঁহার সময়ে এই আসন চতুর্দ্দিকে ইষ্টকপ্রাচীর দ্বারা পরিরক্ষিত ছিল।

অধুনা যে বোধিবৃক্ষ দেখা যায়, তাহার পাদদেশ মৃত্তিকা হইতে প্রায় ৩০ফুট উচ্চে এবং চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া সোপানাবলী রহিয়াছে। বৌদ্ধগণের বিশ্বাস এই, বোধিমণ্ড বা নরসিংহাসন পৃথিবীর ঠিক মধ্যস্থলে অবস্থিত। এইরূপ প্রবাদ আছে যে, অশোকের কন্যা এই বোধিবৃক্ষের দক্ষিণদিকের শাখা সিংহলে লইয়া গিয়াছিলেন এবং মহামেঘবাহন ইহা রোপণ করিয়াছিলেন। ইহা হইতে অতি আশ্চর্য্যরূপে আটটি শাখা বহির্গত এবং তাহা সিংহলের বিভিন্নস্থানে রোপিত হয়। এই অষ্টশাখা হইতে পুনর্ব্বার বত্রিশটী প্রশাখা উৎপন্ন হইয়াছিল। "মহাবোধিবংশ" নামক গ্রন্থে এই বোধিবৃক্ষের ইতিহাস সবিস্তার বর্ণিত আছে।

বুদ্ধের পদচিহ্ন

মহাবোধিবৃক্ষের যতপ্রকার চিত্র দেখা যায়, পদচিহ্নের সেরূপ দেখা যায় না। সাধারণ বিশ্বাস এই যে, তথাগত যে সকল পদচিহ্ন রাখিয়া গিয়াছেন, তন্মধ্যে সুমনাপর্ব্বতের উপরিস্থিত "শ্রীপাদ"ই সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ। প্রবাদ আছে যে, জিন যখন সিংহলে আসিয়াছিলেন, তখন তিনি অনুরাধপুরের দক্ষিণে এক পদ এবং ১৫ যোজন ব্যবধানে এক পর্ব্বতের উপরে অন্য পদ স্থাপন করিয়াছিলেন। এই "শ্রীপাদ"কে নানা ধর্ম্মাবলম্বী লোক নানারূপ মনে করিয়া থাকে। শৈবগণের বিশ্বাস ইহা মহাদেবের পদচিহ্ন, মুসলমানগণের বিশ্বাস ইহা আদমের পদচিহ্ন এবং বৌদ্ধগণ বলেন, ইহা বুদ্ধের পদচিহ্ন। ইহার দৈর্ঘ্য পাঁচফুটের উপরে এবং প্রশস্ত ২½ ফুট।

বিগত বুদ্ধ চতুষ্টয়ের যে পদচিহ্ন মৃগদাব বা সারনাথে দেখান হইত, তাহা ইহা অপেক্ষাও অতি বৃহত্তর। হিউয়েনসিয়াং বলেন,—ইহা দৈর্ঘ্যে পাঁচশত ফুট এবং গভীরতায় ৭ ফুট ছিল। উক্ত চীনপরিব্রাজক পাটলিপুত্রে বুদ্ধদেবের যে পদচিহ্ন দেখিয়াছিলেন, তাহা তুলনায় অতি ক্ষুদ্র। ইহা দৈর্ঘ্যে এক ফুট আট ইঞ্চি এবং ছয়ইঞ্চি মাত্র প্রশস্ত।

অন্যান্য বহু স্থানেও পাদচিহ্ন প্রদর্শনের কথা প্রচলিত আছে। উদ্যানে সুয়াত নদীর উত্তরতীরে একখানি বৃহৎ প্রস্তর খণ্ডের উপর এক পাদচিহ্ন ছিল, তাহা দর্শকের মনোভাব অনুসারে বৃহৎ বা ক্ষুদ্র দেখা যাইত।

নেপালী বৌদ্ধগণ পাদচিহ্নকে 'পাদুকা' বলিয়া থাকেন। তাঁহারা বুদ্ধের পদচিহ্ন বৃক্ষের ন্যায় এবং মঞ্জুশ্রীর পদচিহ্ন চন্দ্রের ন্যায় আকৃতিদ্বারা চিত্রিত করিয়া থাকেন।

পাদচিহ্নপূজার প্রথা কোথা হইতে উৎপন্ন হইয়াছে, ইহার প্রকৃত কথা এপর্য্যন্ত নিরূপিত হয় নাই। হিন্দুগণের অনুষ্ঠিত বিষ্ণুর পাদচিহ্নপূজা হইতেই এই প্রথার উৎপত্তি হইবার সম্পূর্ণ সম্ভাবনা বলিয়া বোধ হয়।

গয়াধামে যেরূপ পবিত্রস্থানের বাহুল্য আছে, বারাণসীও তৎপক্ষে নিতান্ত কম নহে। শাক্যমুনি বুদ্ধত্বলাভের পূর্ব্বে বোধিসত্ত্ব অবস্থায় বারাণসীর যে স্থানে ভবিষ্যদ্‌বুদ্ধত্ব লাভের ভবিষ্যদ্‌বাণী শ্রবণ করিয়াছিলেন, সেস্থান লোকেরা দেখাইয়া দিত। ভবিষ্যৎ কালের বুদ্ধ এবং যিনি এখন বোধিসত্ত্ব অবস্থায় বর্ত্তমান আছেন, সেই মৈত্রেয়ও এই বারাণসী ক্ষেত্রে শাক্যমুনির নিকট তাঁহার (মৈত্রেয়ের) ভবিষ্যদ্‌বুদ্ধত্ব প্রাপ্তির কথা শুনিয়াছেন।

বৌদ্ধতীর্থ

বৌদ্ধধর্ম্ম গ্রন্থে উল্লিখিত প্রসিদ্ধ চারিটি তীর্থক্ষেত্র ব্যতীত আরও অনেকানেক তীর্থের উল্লেখ আছে। সিংহলদ্বীপে এক স্থান দেখান হয়, যেখানে এক বৃক্ষতলে বুদ্ধদেব বসিয়াছিলেন। এই রূপ নানাস্থানে নানা তীর্থের প্রবাদ আছে। ধর্ম্মগ্রন্থে যে তীর্থের উল্লেখ নাই, প্রবাদ বাক্য তাহাকে তীর্থে পরিণত করিয়াছে।

ধর্ম্মচক্রের উৎপত্তি কোথা হইতে হইল, তাহার নির্ণয় করা সহজ নহে। বিষ্ণুচক্র হইতে এই ধর্ম্মচক্র আসিয়াছে কি না তাহাই বা কে বলিবে? ধর্ম্মচক্রের প্রতিমূর্ত্তি নিম্নলিখিতরূপে প্রদর্শিত হইয়াছে। একটী

ধর্ম্মচক্র

মন্দিরের মধ্যে একটী ছত্রের নিম্নে এই ধর্ম্মচক্র সুন্দরবস্ত্রে সুসজ্জিত করিয়া রাখা হইয়াছে। দুই পার্শ্বে দুইটি পুরুষমূর্ত্তি দণ্ডায়মান। নিম্নে অশ্ব চতুষ্টয়-সংযোজিত রথের উপরে এক রাজা আসীন। খোদিত লিপিপাঠে জানা যায় এই রাজার নাম প্রসেনজিৎ, ইনি কোশলের অধিপতি।

অন্য একখানি ফলকে চক্রের যে প্রতিকৃতি দেখা যায়, তাহাতে ইহা এক অতি উচ্চ স্তম্ভের উপরে সংস্থাপিত।

সাঞ্চি, গয়া এবং শ্রাবস্তীতে এইরূপ ধরণের ধর্ম্মচক্রের প্রতিকৃতি পাওয়া গিয়াছে।

পর্ব্বদিন

ধর্ম্মচর্চ্চার জন্য নির্দ্দিষ্ট দিনের নাম 'উপোসথ'। প্রত্যেক পক্ষের অষ্টমী, চতুর্দ্দশী, পূর্ণিমা ও অমাবস্যার দিন পর্ব্বমধ্যে গণ্য ছিল। বৌদ্ধগণ এই প্রথা অন্যান্য ধর্ম্মসম্প্রদায় হইতে অনুকরণ করিয়াছেন বলিয়া মনে হয়। কিন্তু এজন্য সঙ্ঘ দায়ী নহে। সাধারণের মতের প্রতি লক্ষ্য ও সম্মান রাখিয়া তথাগত বোধ হয় এই রূপ বিধান করিয়া থাকিবেন।

সাপ্তাহিক উপোসথ গৃহী ও ভিক্ষু উভয় সম্প্রদায়েই পালন করিতেন। প্রতিমাসে চারিদিনের মধ্যে দুইদিন, ভিক্ষুগণ প্রাতিমোক্ষ আবৃত্তি করিতেন। যদি শ্রমণগণের মধ্যে কাহার সঙ্গে কাহার বিরোধ হইত,—সেই বিরোধ ভঞ্জন ও পুনরায় মৈত্রী সংস্থাপনের দিনকেও তাঁহারা পবিত্র দিন বলিয়া মনে করিতেন। ইহার পালি নাম, সামগ্গী উপোসথ।'

সিংহল, ব্রহ্মদেশ এবং নেপালে প্রতিমাসে ধর্ম্মচর্চ্চার জন্য এই চারিদিন নির্দ্দিষ্ট আছে, যথা—অমাবস্যা, পূর্ণিমা এবং প্রতিপক্ষের অষ্টমী তিথি। তিব্বতে ১৪ই, ১৫ই এং ২৯শে ও ৩০শে এই চারিদিন ধর্ম্মচর্য্যায় অবধারিত আছে। ধর্ম্মসূত্রে যে বিধি আছে, তাহা বিভিন্ন প্রদেশে বিভিন্ন অর্থে গৃহীত হইয়াছে বলিয়া এই পার্থক্য লক্ষিত হয়। সিংহলে নির্দ্দিষ্ট বিশ্রামদিনের সঙ্গে মনুর বিধানের সামঞ্জস্য আছে। আপস্তম্বের বিধান মতে অমাবস্যার সময়ে দুইদিন বিশ্রাম দেওয়াই বিধি।

উপোসথ বিশ্রামের দিন। এদিনে বাণিজ্য বা অন্য কোন কার্য্য করা নিষিদ্ধ। এদিনে বিদ্যালয় কিম্বা বিচারালয়ের কার্য্যও বন্ধ থাকে। মৎস্যধরা কি মৃগয়া প্রভৃতি কার্য্যও এদিনে করিতে নাই। প্রাচীনকাল হইতে এই দিনে উপবাসের প্রথা প্রচলিত আছে। গৃহস্থগণ এই দিনে পরিষ্কৃত বসন পরিধান করিবে এবং পবিত্র মনে থাকিবে। পূর্ব্ব কথিত অষ্ট প্রকার উপদেশ প্রতিপালন করা তাহাদের পক্ষে পুণ্য কার্য্য।

প্রত্যেক বিশ্রাম দিনে ধর্ম্মপ্রচার এবং উপদেশ প্রদান করা সাধারণ রীতি। ধর্ম্মগ্রন্থ হইতে কিয়দংশ পাঠ করারও নিয়ম আছে। পূর্ব্বে ভিক্ষুগণ এই কার্য্যের অধিকারী ছিলেন। অধুনা সিংহলে প্রতি গৃহে গমন করিয়া অন্যান্য ব্যক্তিরাও দেশীয় ভাষায় ধর্ম্মগ্রন্থ পাঠ করিয়া থাকেন।

বর্ষাকাল-ই ধর্ম্ম-প্রচারের প্রশস্ত সময়। বৌদ্ধধর্ম্মের প্রবর্ত্তন সময় হইতেই এই প্রথা চলিয়া আসিতেছে। প্রাচীন কালে ভারতবর্ষে ধর্ম্ম কার্য্যের জন্য বৎসর তিন ভাগে বিভক্ত ছিল। প্রত্যেক ফাল্গুনী, আষাঢ়ী এবং কার্ত্তিকী পূর্ণিমায় বলি প্রভৃতি দ্বারা চাতুর্ম্মাস্য আরম্ভ হইত। বৌদ্ধগণও এই প্রথা বজায় রাখিয়াছেন, পশুবলি প্রভৃতি প্রচলিত নাই।

বর্ষাকালের নির্জ্জনবাস আষাঢ় মাসের পূর্ণিমা কি তাহার একমাস পর হইতে আরম্ভ হয়। সিংহল প্রদেশে তিনমাস কাল নির্জ্জনবাস করিতে হয়। যে দিনে এই নির্জ্জন বাসের শেষ হয়, তাহার নাম প্রবারণা। এই দিনে পাঁচ কি ততোঽধিক শ্রমণ একত্র হইয়া সঙ্ঘের বিধানাবলীর আবৃত্তি করিয়া থাকেন।

মাসের চতুর্দ্দশী এবং পূর্ণিমায় এই পারায়ণ উৎসব সম্পন্ন হইত। এই দুই দিনে শ্রমণগণকে উপহার প্রদান, ভোজন করান এবং তাহাঁদের এক রথযাত্রা বা মিছিল বাহির হইত। সিংহল ও ব্রহ্মে এখনও বাহির হয়।

ইহার পর বৌদ্ধভক্তগণ শ্রমণ অর্থাৎ ভিক্ষুদিগকে বস্ত্রদান করিতেন। অন্যূন পাঁচজন ভিক্ষু একত্র হইয়া নির্দ্ধারণ করিয়া দিতেন কোন্ কোন্ ভ্রাতার বস্ত্র আবশ্যক। ইহা স্থির হইলে ভিক্ষু এবং গৃহীগণ একত্র হইয়া ভিক্ষুগণের পরিধেয় পরিচ্ছদ প্রস্তুত এবং পীতবর্ণে উহা রঞ্জিত করিয়া দিতেন। চব্বিশ ঘণ্টা সময়ের মধ্যেই এই সমুদয় কার্য্য সম্পন্ন হইত।

সিংহলের বৌদ্ধগণ বসন্তকালের প্রারম্ভে এক উৎসব করিয়া থাকেন। মারের বিনাশ করা উপলক্ষে এই উৎসব হইয়া থাকে। শ্যাম দেশে এই উৎসবের নাম সংক্রান অর্থাৎ সংক্রান্তি। ইহার যে বিবরণ আছে, তাহা পাঠ করিলে স্পষ্টই প্রতীতি হয় যে, ইহা হিন্দুদিগের বসন্ত উৎসবের অনুকরণ মাত্র।

বৈশাখী পূর্ণিমায় এক বৌদ্ধ উৎসব হইয়া থাকে তাহার নাম বৈশাখপূজা। এই দিনে বুদ্ধদেব জন্মগ্রহণ করেন এবং এই তিথিতেই তাঁহার বুদ্ধত্ব ও নির্ব্বাণ লাভ হয়। এই উৎসব শ্যামদেশেই সমধিক প্রচলিত। পূর্ব্বে সিংহলেও ইহার বিশেষ প্রচলন ছিল। এই উৎসবের স্মৃতিস্বরূপ অদ্যাপি বঙ্গের নানাস্থানে ও ময়ূরভঞ্জে বৈশাখী পূর্ণিমায় ধর্ম্মের গাজন বা উড়াপর্ব্ব হইয়া থাকে।

বৌদ্ধ ধর্ম্মের যখন বিশেষ প্রভাব ছিল, তখন প্রতি পাঁচ বৎসর অন্তে একটী পাঞ্চবার্ষিক উৎসব হইত। ইহার অন্যতর

নাম ছিল 'মহামোক্ষপরিষদ্'। এই সময়ে ভিক্ষুগণকে এবং সঙ্ঘেও বিস্তর উপহার দান করা হইত। কনোজের প্রসিদ্ধ সম্রাট্ হর্ষ শিলাদিত্য নিয়মিতরূপে এই উৎসব বিশেষ সমারোহের সহিত সম্পন্ন করিতেন।

সঙ্গীতি বা মহাধর্ম্মসভা।

দুইটী প্রধান ঘটনা ঠিক একশত বৎসর অন্তরে ঘটিয়াছিল। এই দুই ঘটনা দুইটি সঙ্গীতি বা ধর্ম্মসম্মিলন। সমুদয় বৌদ্ধধর্ম্ম গ্রন্থেই এই সঙ্গীতির বিবরণ লিপিবদ্ধ আছে। এই সকল বিভিন্ন বিবরণের স্থানে স্থানে কিছু কিছু ইতর বিশেষ লক্ষিত হয়, কিন্তু তাহা অতি সামান্য এবং ধর্ত্তব্যের মধ্যে নহে।

প্রথম সঙ্গীতি সম্বন্ধে পালিগ্রন্থে যে বিবরণ দেওয়া আছে, তাহা এইরূপ :—বুদ্ধদেবের মৃত্যুর পর সুভদ্দ (সুভদ্র) নামে একজন ভিক্ষু তাঁহার সহযোগীদিগকে এইরূপ মন্তব্য দেন,—

১ম সঙ্গীতি

তোমরা বুদ্ধের মৃত্যুর জন্য দুঃখ বা বিলাপ করিও না। বৃদ্ধ শ্রমণ মরিয়াছে না আমরা রক্ষা পাইয়াছি। তিনি সর্ব্বদাই "ইহা করা কর্ত্তব্য, ইহা অকর্ত্তব্য" বলিয়া আমাদিগকে বিরক্ত করিতেন। এখন আমরা স্বাধীন, যাহা ইচ্ছা হয় তাহা করিব, যাহা ভাল না লাগে, তাহা করিব না।"

এই কথা শুনিয়া ভিক্ষুগণ অত্যন্ত ব্যথিত হইলেন এবং এই রূপ উৎপাত হইতে রক্ষা পাইবার জন্য বুদ্ধদেবের প্রিয় শিষ্য মহাত্মা কাশ্যপ প্রস্তাব করিলেন যে, বুদ্ধদেবের উপদেশ আবৃত্তির জন্য সমুদয় ভিক্ষুগণ একত্র হওয়া আবশ্যক। কাশ্যপের এই প্রস্তাব গৃহীত হইলে, তাঁহাকেই পাঁচশত অর্হৎ মনোনীত করিতে অনুরোধ করা হয়। রাজগৃহে এই সম্মিলনের অধিবেশন হইবে স্থিরীকৃত হইল। রাজগৃহের সন্নিকট 'বেভার' (বৈভার) পর্ব্বতের 'সত্তপন্নী' (সপ্তপর্ণী) গুহায় সাত মাসের পরিশ্রমে উপালির সাহায্যে "বিনয়" এবং আনন্দের সাহায্যে "ধর্ম্ম" নামক বৌদ্ধধর্ম্ম শাস্ত্র স্থিরীকৃত হয়।

কোন কোন পাশ্চাত্য পণ্ডিত বলেন যে, এই কথায় কোন ঐতিহাসিক সত্য নাই, ইহা কল্পনাপ্রসূত উপকথা মাত্র।* মহাপরিনির্ব্বাণসূত্রে সুভদ্রের উপরি উক্ত ব্যবহারের উল্লেখ আছে বটে কিন্তু তাহা দ্বারা সঙ্গীতি আহ্বান হইতে পারে, এরূপ কোনও কারণ জন্মিবার সম্ভাবনা দেখা যায় না।

মহাবস্তু গ্রন্থে লিখিত আছে যে, কাশ্যপের সঙ্গীতি আহ্বান করার কারণ অন্যরূপ ছিল। বুদ্ধদেবের মৃত্যুর পরে বৌদ্ধগণ তাঁহার উপদেশ প্রতিপালন করে না, পাছে লোকে এইরূপ নিন্দা করে এই ভয়ে তিনি সমুদয় অর্হৎগণকে একত্র করেন। এই গ্রন্থে দেখা যায় যে, বৈভার পর্ব্বতের উত্তরে সপ্তপর্ণ গুহায় এই অধিবেশন হইয়াছিল।

যাহা হউক, যে সমস্ত বিবরণ পাওয়া যায়, তাহাদের প্রত্যেকটিতেই দেখা যায়, রাজগৃহেই "বিনয়" এবং "ধর্ম্ম" এই দুই পিটক পুনঃ সংশোধিত হইয়াছিল। কেহ কেহ বলেন, "অভিধর্ম্মেরও" পুনরাবৃত্তি হয়। উপালি এবং আনন্দের কার্য্যও সকলেই স্বীকার করেন। কাশ্যপ কর্ত্তৃক ধৃতবাদ-ব্যাখ্যার কথাও কেহ বলিয়া থাকেন।

মোটের উপর বলা যাইতে পারে যে, বুদ্ধদেবের মৃত্যুর পরে তাঁহার শিষ্যগণ কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণ জন্য রাজগৃহে সমবেত হইয়াছিলেন, ইহা ঐতিহাসিক সত্য। কিন্তু সেখানে ত্রিপিটক, বিনয় বা সূত্রের আলোচনা বা সংশোধন সম্বন্ধে কিরূপ নির্দ্ধারিত হইয়াছিল, তাহা ঠিক করা কঠিন। [ত্রিপিটক, বিনয় ও সূত্র দেখ।]

সমুদয় বৌদ্ধ বিবরণেই দৃষ্টিগোচর হয় যে বৈশালী নামক স্থানে দ্বিতীয় সঙ্গীতির অধিবেশন হইয়াছিল। যে সকল বিবরণ

২য় সঙ্গীতি

আছে, তাহা ঐতিহাসিক বলিয়াই প্রতীত হয়, কিন্তু ইহার তারিখ এবং অন্যান্য ক্ষুদ্র ক্ষুদ্র বিবরণ সম্বন্ধে অনেক মতপার্থক্য আছে।

এই সঙ্গীতি সম্বন্ধে পালি গ্রন্থে এইরূপ বিবরণ লিখিত আছে,—বুদ্ধদেবের নির্ব্বাণপ্রাপ্তির একশত বৎসর পরে বৈশালীর বৃজি ভিক্ষুগণ নির্দ্ধারণ করেন যে স্বর্ণ রৌপ্যাদির উপহার গ্রহণ, মধ্যাহ্ন ভোজন, দুগ্ধপান প্রভৃতি দশ কর্ম্ম বৈধ। এই সময়ে কাকণ্ডকের পুত্র স্থবির যশা এইস্থানে আগমন করেন এবং বৃজি ভিক্ষুগণের এইরূপ ব্যবহার দেখিয়া তাহার তীব্র প্রতিবাদ করেন। ভিক্ষুগণ তাঁহার কথায় কর্ণপাত করা দূরে থাকুক, তাঁহারা তাঁহাকে নানারূপে অপদস্থ করিবার চেষ্টা করেন। তিনি বৃজি ভিক্ষুগণের একজন প্রতিনিধি সংগ্রহ করিয়া বৈশালীনগরের বৌদ্ধ গুণীগণের নিকট এই সকল কথা অবগত করান। তাঁহারা সমুদয় কথা অবগত হইয়া এবং যশার যুক্তির সারবত্তা শ্রবণ করিয়া তাঁহাকেই একমাত্র প্রকৃত শ্রমণ বলিয়া স্বীকার করেন এবং ভিক্ষুগণের কার্য্য নিন্দনীয় বলিয়া মত প্রকাশ করেন। ভিক্ষুগণের প্রতিনিধি দিগকে একথা জানাইলেন, কিন্তু তাঁহারা শান্ত হইলেন না. বৃজি-ভিক্ষু বরং যশাকে সঙ্ঘবহির্ভূক্ত করিলেন। যশা তৎক্ষণাৎ কৌশাম্বী গিয়া পশ্চিমাঞ্চলে অবন্তী নগরে এবং দক্ষিণাঞ্চলে সমুদয় ভিক্ষু সম্প্রদায়ের নিকট লোক পাঠাইলেন এবং সকলকে একত্র সম্মিলিত হইবার জন্য আহ্বান করিলেন। তিনি নিজে অহোগঙ্গশৈলনিবাসী সম্ভূত-সাণবাসী নামক মহাপুরুষের নিকট

(*) Oldenberg, Intro Mahavagga, p. XXVII.

গমন করিয়া সমুদয় বৃত্তান্ত বলিলেন। এদিকে যে সকল অর্হৎকে সংঘদ দেওয়া হইয়াছিল, তাঁহারা সকলে আসিয়া এই স্থানে সসমবেত হইলেন। কিছুকাল তর্ক বিতর্কের পর স্থির হইল যে, সোরেয্যবাসী রেবতকে এই বিষয়ে সম্মত করান আবশ্যক, রেবত, আগম, ধর্ম্ম, বিনয় প্রভৃতি সর্ব্বশাস্ত্রে পারদর্শী ছিলেন। এদিকে রেবত, যোগবলে স্থবিরগণের অভিপ্রায় জানিতে পারিয়া এবং এই বিরোধ হইতে দূরে থাকিতে ইচ্ছা করিয়া নিজ স্থান ছাড়িয়া সাঙ্কাশ্য নামক স্থানে গমন করিলেন। ভিক্ষুগণ তাঁহার অনুসন্ধানে সেইস্থানে গিয়া দেখিলেন যে তিনি সেখান হইতে কনোজে গিয়াছেন। অনেক চেষ্টার পরে সহজাতি নামক স্থানে তাঁহার দর্শন পাওয়া গেল। উল্লিখিত দশকর্ম্ম নীতি সঙ্গত কিনা জিজ্ঞাসা করায় তিনি উত্তর প্রদান করিলেন, "ইহা অবৈধ।" যশস্ তখন তাঁহাকে অনুরোধ করিলেন যে, এই দুর্নীতি সর্ব্ব সাধারণের মধ্যে প্রসারিত হইবার পূর্ব্বেই ইহা নিবারণ করা কর্ত্তব্য।

এদিকে বৃজ্জি ভিক্ষুগণ রেবতকে হস্তগত করার জন্য সহজাতিতে গমন করিলেন। তাঁহার শিষ্য উত্তরকে বহু উৎকোচ এবং রেবতকে নানারূপ উপহার প্রদান দ্বারা বশীভূত করিবার বহু চেষ্টা করিয়াও ভিক্ষুগণ কৃতকার্য্য হইতে পারিলেন না।

মীমাংসার জন্য যখন সকলে একত্র হইলেন, তখন রেবত প্রস্তাব করিলেন যে যে স্থানে এই প্রশ্ন উঠিয়াছে, সেই স্থানে বসিয়াই ইহার মীমাংসা করা কর্ত্তব্য। সকলে এই প্রস্তাবে সম্মত হইলে ভিক্ষুগণ বৈশালীতে সমবেত হইলেন। সেই সময় উক্ত নগরীতে একজন প্রসিদ্ধ বৃদ্ধ স্থবির বাস করিতেন, তাঁহার নাম সব্বকামিন্ (সর্ব্বকামী)। ইনি ১২০ বৎসর পূর্ব্বে উপসম্পদা প্রাপ্ত হইয়াছিলেন। রেবত এবং সম্ভূত তাঁহার নিকট এই কথা জ্ঞাপন করিলে তিনিও তাঁহাদের প্রস্তাবে সম্মতি প্রদান করিলেন।

যখন মহাসভার অধিবেশন হইল, তখন নানারূপ গোলযোগে প্রশ্নের মীমাংসা হইয়া উঠিল না। তখন রেবত প্রস্তাব করিলেন যে, আটজন শ্রমণের উপর এই প্রশ্নের মীমাংসার ভার অর্পিত হউক। আটজনের মধ্যে চারিজন পূর্ব্বদেশীয় এবং চারিজন পশ্চিম দেশীয় হইবেন। তদনুসারে পূর্ব্বদেশীয় হইতে সর্ব্বকামী, সাঢ়্হ, খুজ্জসোভিত ও বাসভগামিক এবং পশ্চিম দেশীয় হইতে রেবত সম্ভূত, যশস্ ও সুমন এই আটজন নির্ব্বাচিত হইলেন। বালিকারাম নামক নির্জ্জন স্থানে তাঁহাদের এই সমিতির অধিবেশন হইল।

এই সমিতির কর্ম্মপ্রণালী নিম্নলিখিত রূপে সম্পন্ন হইয়াছিল। রেবত প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন এবং সর্ব্বকামী প্রতি প্রশ্নের শাস্ত্র সঙ্গত উত্তর প্রদান করিয়াছিলেন। যে দশবিধ কার্য্যের কথা লইয়া প্রশ্ন উঠিয়াছিল, তাহার প্রতি প্রশ্নেই বৃজ্জি ভিক্ষুগণের বিরুদ্ধে মীমাংসা হইল। দশকর্ম্ম-ই অবৈধ বলিয়া স্থিরীকৃত হইল।

কোন কোন গ্রন্থে ইহাও দেখা যায় যে এই বিচারে সন্তুষ্ট না হইয়া অনেক ভিক্ষু আর একসভা করিয়াছিলেন। এই ধর্ম্ম-সভার নাম মহাসঙ্গীতি। কিন্তু কোন্ স্থানে এই সঙ্গীতির অধিবেশন হয় এবং কি কি কার্য্য হয় অথবা কাহারা ইহার নেতা ছিলেন, তাহার প্রকৃত বিবরণ উদ্ধার করা অসম্ভব।

বৈশালীর উক্ত সঙ্গীতি সম্বন্ধে আরও নানারূপ বিবরণ দেখা যায়। কোন্ সময়ে ইহার অধিবেশন হয় তাহা নির্দ্দেশ করাই সর্ব্বাপেক্ষা সুকঠিন। আধুনিক পণ্ডিতেরা অনেক গবেষণা ও আলোচনা করিয়াও ইহার প্রকৃত তথ্য নির্দ্ধারণ করিতে পারেন নাই। একস্থানে দেখিতে পাওয়া যায় যে বুদ্ধদেব ভবিষ্যৎ বাণী করিয়াছিলেন,—"আমরা পরিনির্ব্বাণের চারি মাস পরে সঙ্ঘের প্রথম সম্মিলন হইবে এবং ১১৮ বৎসর পরে বৌদ্ধধর্ম্মপ্রচারের জন্য দ্বিতীয় সম্মিলন হইবে। এই সময়ে ধর্ম্মাশোক নামে এক মহা ধার্ম্মিক ও প্রতাপশালী নরপতি জম্বুদ্বীপে রাজত্ব করিবেন।"

কোন কোন বিবরণে দেখা যায় যে, স্থবির যশস্ যে কালে এই আন্দোলন উপস্থিত করেন, তখন কালাশোক নামে একব্যক্তি রাজা ছিলেন। সে সময়ে কালাশোক কি ধর্ম্মাশোক রাজা ছিলেন, ইহা লইয়া অনেক বাদানুবাদ হইয়া গিয়াছে, কিন্তু স্থির মীমাংসা কিছুই হয় নাই।

বৈশালীর সঙ্গীতি সম্বন্ধে যে সকল বিবরণ বা মতামত আছে তাহার সমুদয় পর্য্যালোচনা করিয়া যাহা বুঝিতে পারা যায়, তাহা এই :—বৈশালীতে সঙ্ঘের এক সম্মিলন হইয়াছিল এবং তাহাতে "বিনয়" সম্বন্ধেই আলোচনা হইয়াছিল। মহাসঙ্গীতি বা মহাসঙ্ঘিকের বহুপূর্ব্বে এই সম্মিলন হইয়াছিল এবং ইহার সহিত মহাসঙ্ঘিকগণের কোন সংশ্রবই নাই। অনেকের মতে বুদ্ধদেবের নির্ব্বাণ-প্রাপ্তির একশত দশ বৎসর পরে এই সঙ্গীতির অধিবেশন হয়।

পাটলিপুত্রের সঙ্গীতি সর্ব্বশ্রেণীর বৌদ্ধভিক্ষুগণের সম্মিলন নহে। এই সম্মিলনে কেবল বিজ্জবাদী শ্রমণগণ একত্র হইয়াছিলেন। মহাসঙ্গীতির বহু পরে এই সম্মিলন হয় এবং মহাসঙ্ঘিকগণ এই সভায় যোগদান করেন নাই। কথিত আছে, সম্রাট্ অশোকের অভিষেকের অষ্টাদশ পরে এই সঙ্গীতির অধিবেশন হয়। এই সভার বিবরণ বর্ষ সম্বন্ধেও নানারূপ কল্পিত গল্প এবং উপকথা বর্ণিত আছে।

পাটলিপুত্রে ৩য় সঙ্গীতি

বৈশালীর সঙ্ঘে উপস্থিত বৌদ্ধ-স্থবিরগণ জানিয়াছিলেন "যে ১০৮ বৎসর পরে এক বৌদ্ধ শ্রমণের আবির্ভাব হইবে, তিনি ব্রহ্মলোক হইতে অবতীর্ণ হইবেন এবং ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করিবেন। ইহার নাম 'তিস্‌স মোগ্‌গলিপুত্ত' (তিষ্য মৌদ্‌গলীপুত্র)। ইনি 'সিগ্‌গব' এবং 'চন্দবজ্জি' নামক ভিক্ষুদ্বয়ের নিকট দীক্ষালাভ এবং তীর্থিক নীতি বিনাশ করিয়া সত্যধর্ম্ম সংস্থাপন করিবেন। ধার্ম্মিক অশোক নৃপতি যখন পাটলিপুত্রে রাজত্ব করিবেন, তখন ইনি অবতীর্ণ হইবেন।"

দ্বিতীয় সঙ্গীতির সাতশত স্থবির সকলেই নির্ব্বাণপ্রাপ্ত হইলে পর তিষ্যের জন্ম হয়। ইনি প্রথমতঃ ব্রাহ্মণ্যধর্ম্ম ও বিজ্ঞানে শিক্ষিত হইলেন এবং অবশেষে সিগ্‌গবের নিকট দীক্ষালাভ করিলেন।

বুদ্ধদেবের নির্ব্বাণপ্রাপ্তির ২৩৬ বৎসর পরে (৩০৭ খৃষ্ট-পূর্ব্বাব্দে) অশোকারাম বিহারে ৬০ হাজার ভিক্ষু বাস করিতেন। ইঁহারা বিভিন্ন সম্প্রদায়ের হইলেও সকলেই কাষায় বস্ত্র পরিধান করিতেন। ইঁহারা বুদ্ধপ্রচারিত নীতির অতিশয় দুর্গতি করিয়াছিলেন। এই সময়ে মোগ্‌গলিপুত্ত সঙ্গীতি আহ্বান করেন এবং তাহাতে এক মহন্ত ভিক্ষু উপস্থিত হইয়াছিলেন। দুর্নীতি ও অপধর্ম্মের বিনাশ করিয়া ইনি সত্যধর্ম্মের পুনরুদ্ধার করেন এবং অভিধর্ম্মের ধর্ম্মনীতি প্রচার করেন। কথিত আছে, এই মোগ্‌গলিপুত্তের নিকট হইতে মহেন্দ্র পঞ্চনিকায়, অভিধর্ম্মের সপ্তগ্রন্থ এবং সম্পূর্ণ বিনয়পিটক অধ্যয়ন করেন এবং সিংহলে ধর্ম্মপ্রচার করিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন।

অন্য এক বিবরণে দেখা যায়,যে এক হাজার নহে, ৬০হাজার ভিক্ষু এই সঙ্গীতিতে উপস্থিত হইয়াছিলেন।

এই সঙ্গীতির প্রধান উদ্দেশ্য বোধ হয় মহাবিহারের বিভজ্য-বাদিগণের মতকেই প্রকৃত বৌদ্ধধর্ম্ম বলিয়া প্রচার এবং ইহার প্রাধান্য সংস্থাপন।

বিভজ্যবাদ, 'থেরবাদ' (স্থবিরবাদ) এবং আচার্য্যবাদ ও তন্নির্গত শাখাপ্রশাখা হইতে সম্পূর্ণ বিভিন্ন। মূল স্থবিরবাদ হইতে কালক্রমে দুইশাখা উৎপন্ন হয়, 'মহীশাসক' এবং 'বজ্জিপুত্তক' (বৃজ্জিপুত্রক)। এই শেষশাখা আবার চারিভাগে বিভক্ত হয় যথা—ধর্ম্মোত্তরিক, ভদ্রযানিক, ষণ্ণগরিক এবং সম্মিতীয়। মহীশাসকের দুইশাখা যথা—সর্ব্বাস্তিবাদী এবং ধর্ম্মগুপ্তিক। অন্যান্য ক্ষুদ্র ক্ষুদ্র শাখাপ্রশাখার উল্লেখ নিষ্প্রয়োজন।

বৌদ্ধগ্রন্থাদিতে যে সকল প্রমাণ পাওয়া যায়, তাহাতে বিভজ্যবাদকেই একমাত্র সত্যধর্ম্ম অথবা অন্যান্য সম্প্রদায় হইতে সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া মনে করিবার কোন প্রকৃষ্ট কারণ পাওয়া যায় না। ইহা লইয়া অবশ্য সে সময়ে নানা প্রকার বাদানুবাদ চলিত এবং সেই জন্যই বিভজ্যবাদীরা আপনাদের প্রাধান্য স্থাপনের জন্য তিনটি উপায় ঠিক করিয়া রাখিয়াছিলেন।—(১) তাঁহাদের ধর্ম্মগ্রন্থসমূহ মাগধীভাষায় লিখিত, ইহা সর্ব্বত্র প্রচারের চেষ্টা। (২) তিস্‌স মোগ্‌গলিপুত্তের ব্রহ্মলোকে জন্ম এবং তথা হইতে অবতরণের প্রবাদ ও ভবিষ্যদ্‌বাণী। (৩) তাঁহাদের ধর্ম্মগ্রন্থ "পরিবার" পাটলিপুত্রের সঙ্গীতিতে পুনরাবৃত্ত হইয়াছিল বলিয়া ঘোষণা।

সমুদয় বিষয়ের আলোচনা করিলে এইমাত্র ধারণা হয় যে পাটলিপুত্রের সঙ্গীতি সম্প্রদায়-বিশেষের সম্মিলন মাত্র। মহাসঙ্ঘিকেরা ইহাতে আদৌ যোগদান করেন নাই। সে সময়ে স্থবিরবাদীরা সকলেই একমতে ছিলেন কি তাহাদের মধ্যেও ক্ষুদ্র ক্ষুদ্র সম্প্রদায় ছিল, তাহার প্রমাণ করা অসম্ভব। সিংহলের বিভজ্যবাদী বৌদ্ধগণ সঙ্গীতির বিবরণকে অন্যরূপে রঞ্জিত করিয়া সাধারণের অশ্রদ্ধা উদ্রেক্ করিতে পারেন অথবা উত্তরদেশীয় বৌদ্ধগণ এই সঙ্গীতির কথা লোকে বিশ্বাস না করে সে জন্যও হয়ত বিধিমত চেষ্টা করিতে পারেন। এই জন্যই পরবর্ত্তী বৌদ্ধগ্রন্থে তিস্‌স মোগ্‌গলিপুত্তের নাম সচরাচর দেখা যায় না।

যাহা হউক, পাটলিপুত্রের বৌদ্ধসঙ্ঘে যে সম্রাট্ অশোককে সদ্ধর্ম্মে অনুবর্ত্তী করিয়াছিল, তাহাতে সন্দেহ নাই! এই সঙ্গীতির পর যে বুদ্ধভাষিত শাস্ত্রসমূহ লিপিবদ্ধ ও ভারতের নানাস্থানে প্রচারিত হইবার ব্যবস্থা হয়, জয়পুরের অন্তর্গত ভাব্‌রা নামক স্থান হইতে আবিষ্কৃত সম্রাট্ অশোকের গিরিলিপি হইতে তাহার স্পষ্ট প্রমাণ পাওয়া যায়। উক্ত গিরিলিপিতে বিনয়পিটকের সারাংশ 'বিনয়সমুৎকর্ষ' নামক প্রাতিমোক্ষ,সূত্রপিটকের অঙ্গুত্তর-নিকায়ের অন্তর্গত আরণ্যক 'অনাগত-ভয়'-সূত্র, বিনয়পিটকের মহাবগ্‌গের অন্তর্গত 'উপতিষ্যপ্রশ্ন' বা 'শারিপুত্রপ্রশ্ন', সূত্র-পিটকের সুত্তনিপাতের অন্তর্গত 'মুনিগাথা' নামক ১০শ সূত্র, মজ্‌ঝিমনিকায়ের অন্তর্গত 'লাঘুলোবাদে মৃষাবাদ' বা অম্বলট্‌ঠিকা রাহুলোবাদ নামক ৬১ সূত্র ইত্যাদি প্রাচীন বৌদ্ধগ্রন্থাবলীর স্পষ্ট উল্লেখ আছে। [প্রিয়দর্শী শব্দ ৫১০ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

পূর্ব্বে উক্ত হইয়াছে অশোকের রাজত্ব কালে পাটলিপুত্রে সঙ্গীতির অধিবেশন হয়। ইহা অবিশ্বাস করিবার কোন কারণ নাই। অশোক, বিন্দুসারের পুত্র এবং চন্দ্রগুপ্তের পৌত্র ছিলেন। সম্ভবতঃ খৃঃ পূঃ ৩১৬ অব্দে অশোকের রাজ্যাভিষেক হয়।

অশোকের রাজত্বে বৌদ্ধধর্ম্মের প্রচার

[প্রিয়দর্শী দেখ।]

অশোকের সময়ের যে সকল অনুশাসনাদি পাওয়া যায়, তাহাতে দেখা যায়, তিনি বৌদ্ধধর্ম্মে দীক্ষিত হইয়া যদিও উক্ত

ধর্ম্মপ্রচারের জন্য যথাসাধ্য চেষ্টা করিয়াছেন এবং তজ্জন্য বহু অর্থ ব্যয় করিয়াছেন, তথাপিও আজীবক, নিগ্রন্থ প্রভৃতি সম্প্রদায়ের উপর তিনি কোনরূপ অত্যাচার করেন নাই। কিন্তু বৌদ্ধগণ উক্ত সম্প্রদায়ের লোকদিগকে সকল সময়েই কৃষ্ণবর্ণে চিত্রিত করিতে কখনও ত্রুটী করেন নাই। অশোক তাঁহাদের প্রতি অত্যাচার করেন নাই বলিয়া বৌদ্ধগণ অনেক সময়ে তাঁহার উপর বিরক্ত ছিলেন।

তিনি বৌদ্ধধর্ম্ম অবলম্বন করিয়া যে সকল অনুশাসন প্রচার করিয়াছিলেন, তাহা হইতে জানা যায় তিনি প্রৌঢ় বয়সে বৌদ্ধধর্ম্মের জন্য যথেষ্ট অর্থ ব্যয় এবং আপনাকে একজন ভিক্ষু বলিয়া পরিচয় প্রদান করিয়াছেন। স্থূল কথা, তাঁহার রাজত্ব সময়ে বৌদ্ধধর্ম্ম ভারতবর্ষে উন্নতির উচ্চসীমায় আরোহণ করিয়াছিল। যখন বৃদ্ধবয়সে তিনি মন্ত্রিগণ ও রাজকুমারের পরামর্শে চলিতে বাধ্য হইয়াছিলেন, তখন হইতেই বৌদ্ধধর্ম্ম প্রচারের জন্য ব্যয় বাহুল্যের হ্রাস হইয়া আসিতেছিল, ইহা বৌদ্ধধর্ম্ম গ্রন্থ পাঠে অবগত হওয়া যায়। বলিতে কি, অশোকের সময়েই প্রকৃত প্রস্তাবে "অহিংসা পরমোধর্ম্মঃ"-রূপ মূলমন্ত্র কেবল ভারত বলিয়া নহে, দেশ দেশান্তরেও প্রচারিত হইয়াছিল। তৎপূর্ব্বে শত শত যজ্ঞশালায় প্রতিদিন সহস্র সহস্র পশুবধ হইত। অশোক সেই পশুবধ নিবারণ করিবার জন্য এইরূপ অনুশাসন প্রচার করিয়াছিলেন,—

"দেবগণের প্রিয়রাজা প্রিয়দর্শী এই জানাইতেছেন, অভিষেকের ষড়্‌বিংশতি বর্ষ পরে নিম্নলিখিত জীবগণের বধ নিবারিত হইল—

শুক, শারিকা, অরুণ, চক্রবাক, হংস, নান্দীমুখ, গিলাট, জতুকা, অম্বাকপীলিকা, দন্দী, অলঠিকা, মৎস্য, বেদবেয়ক, গঙ্গাপুত্রক, সংযুদ্ধমৎস্য, ককটশন্যক, পন্নসস্, সমর, বণ্ডক, ওকাপিণ্ড, পলসত, শ্বেতকপোত, গ্রাম্যকপোত ও অন্য চতুষ্পদ সকল (জীব), যাহা ভোগে আসেনা বা খাওয়া যায় না; অজকা (ছাগী), এড়কা (ভেড়ী), শূকরী, গর্ভিণী বা দুগ্ধবতী এ সমস্তই অবধ্য। তাহাদের ছয়মাসের ন্যূনবয়স্ক শাবকেরাও অবধ্য। বধি-কুক্কুট কাটিবে না, তুষে জীব দগ্ধ হইবে না। অনিষ্টার্থ বা হিংসার্থ বন সব অগ্নিতে দগ্ধ করিবে না। জীব দ্বারা অন্য জীবকে পোষণ করিবে না। তিন চতুর্মাস্যে, পৌষ পূর্ণিমায়, চতুর্দ্দশী, পঞ্চদশী ও প্রতিপদে এবং প্রতি উপবাসের দিন মৎস্য অবধ্য, এই সময়ে মৎস্য বিক্রীত হইবে না। সেই সেই দিন নাগবনে ও কেওটপাড়ায় যে অন্যান্য জীব থাকিবে তাহারাও অবধ্য। অষ্টমী, চতুর্দ্দশী ও পূর্ণিমায়, তিষ্য ও পুনর্ব্বসু নক্ষত্রযুক্ত দিনে, তিন চাতুর্মাস্যায় ও পর্ব্বদিনে বৃষ, অজ, মেষ, শূকর ও অন্যান্য জীব খাসি করা হইবে না। তিষ্য ও পুনর্ব্বসু নক্ষত্রে, চাতুর্মাস্য পূর্ণিমায় ও চাতুর্মাস্য পক্ষে অশ্ব বা গো লাঞ্ছিত করিবে না।" (৫ম স্তম্ভলিপির অনুবাদ)

বুদ্ধদেবের জীবনকালে মধ্যদেশ এবং প্রাচ্য বা পূর্ব্বভারতে বৌদ্ধধর্ম্ম প্রচারিত হইয়াছিল, তাহা বৌদ্ধধর্ম্ম গ্রন্থে পাওয়া যায়। অশোক বৌদ্ধধর্ম্মে দীক্ষিত হওয়ার পূর্ব্ব পর্য্যন্ত অন্য কোন স্থানে ধর্ম্মপ্রচারের বিশেষ কোন চেষ্টা হয় নাই; অশোকের সময় হইতেই বৌদ্ধধর্ম্মের প্রভাব নানাস্থানে বিস্তৃত, ইহা সর্ব্ববাদিসম্মত, কিন্তু প্রচারের প্রণালীবিশেষ লইয়া নানারূপ মতভেদ দৃষ্ট হয়।

অশোকের রাজত্বকালে বৌদ্ধধর্ম্ম প্রচারের প্রধান কেন্দ্র সিংহলের নাম দৃষ্ট হইয়া থাকে। আমরা পূর্ব্বে উল্লেখ করিয়াছি, বুদ্ধদেব নির্ব্বাণপ্রাপ্তির পূর্ব্বে ভবিষ্যদ্‌বাণী করিয়াছিলেন যে, ২৩৬ বৎসর পরে মহেন্দ্র নামে একব্যক্তি সিংহলে বৌদ্ধধর্ম্মের আলোক প্রজ্বলিত করিবে। যে বৎসর পাটলিপুত্র নগরে অধিবেশন হয়, সেই বৎসরেই মহেন্দ্র সিংহলে ধর্ম্ম প্রচারের ভার গ্রহণ করেন এবং চারিজন শ্রমণ সমভিব্যবহারে যাত্রা করেন। প্রথমতঃ তিনি বিদিশগিরিতে গিয়া তাঁহার মাতাকে দীক্ষিত করেন। এরূপ প্রবাদ আছে যে, সেইস্থানে অবস্থান কালে স্বর্গ হইতে দেবরাজ ইন্দ্র তাঁহার সহিত দেখা করিতে আসিয়া ছিলেন এবং সিংহলের কুসংস্কারাচ্ছন্ন লোকদিগের নিকট বৌদ্ধধর্ম্মের সত্য আলোক প্রকাশ করিতে তাঁহাকে আদেশ করেন। মহেন্দ্র তাঁহার সঙ্গিগণ সহ শূন্যমার্গে সিংহলে যাত্রা এবং মিস্‌সক নামক পর্ব্বতের উপরে অবতরণ করিলেন। সেখানে সিংহলের রাজা দেবানাম্প্রিয় মৃগয়া করিতেছিলেন। ঘটনাচক্রে রাজার সহিত মহেন্দ্রের সাক্ষাৎ হইলে তিনি রাজাকে 'হত্তিপদসুত্ত' হইতে উপদেশ প্রদান করেন। রাজা সেই স্থানেই তাঁহার ৪০ সহস্র অনুচরগণের সহিত বৌদ্ধধর্ম্মে দীক্ষিত হইলেন। ইহার পরে তিনি রাজধানীতে গমন করেন, সেখানে রাজকুমার ও রাজপুত্রীগণ এবং সভাসদ্‌গণ তাঁহার ধর্ম্মোপদেশশ্রবণে বৌদ্ধধর্ম্মে দীক্ষিত হইলেন। ক্রমে লোকের জনতা এতবৃদ্ধি হইল যে, নগরের বহির্ভাগে নন্দন উদ্যানে ধর্ম্মোপদেশ প্রদানের স্থান নির্দ্দিষ্ট করিতে হইল। এই স্থানেও বহুসংখ্যক সিংহলবাসী বৌদ্ধধর্ম্মের আশ্রয় করিল। রাজা মেঘবন নামক উদ্যানে পটাবাস নির্ম্মাণ করাইয়া প্রচারকগণের আবাসস্থল নির্দ্দিষ্ট করিয়া দিলেন এবং পরদিন রাজা সেখানে আসিয়া যখন জানিলেন যে শ্রমণগণ তাঁহার নির্দ্দিষ্ট আবাসস্থলে অতি আরামে এবং সন্তোষের সহিত বাস করিতেছেন, তখন তিনি এই মেঘবন উদ্যান সঙ্ঘের নামে উৎসর্গ করিলেন। এই মেঘবনই শেষে তিস্‌সারাম বা মহাবিহারে পরিণত হইয়াছিল।

মহাবিহারের শ্রমণগণ সিংহলে বৌদ্ধ ধর্ম্মপ্রচার সম্বন্ধে যদিও অনেক অলৌকিক এবং মহেন্দ্রের ক্ষমতা প্রভৃতির অতিরঞ্জিত বর্ণনা করিয়াছেন, তবুও ইহা একেবারে অমূলক বলিয়া উড়াইয়া দিতে পারা যায় না। কারণ উত্তরাঞ্চলের বৌদ্ধগণও স্বীকার করেন যে, মহেন্দ্রের দ্বারাই প্রথমে সিংহলে বৌদ্ধ ধর্ম্মের প্রচার হয়। প্রভেদের মধ্যে এই দেখা যায় যে মহাবিহারের ভিক্ষুগণ মহেন্দ্রকে অশোকের পুত্র বলিয়াছেন, কিন্তু উত্তর প্রদেশীয়েরা তাঁহাকে অশোকের ভ্রাতা বলিয়া বর্ণনা করেন।

উভয় প্রদেশের বৌদ্ধগণই ধর্ম্ম প্রচার সম্বন্ধে মধ্যান্তিক নামক এক সাধু পুরুষের যথেষ্ট প্রশংসা করিয়াছেন। সিংহলবাসীরা বলেন, এই মধ্যান্তিকের নিকট হইতে মহেন্দ্র উপসম্পদা প্রাপ্ত হয়েন এবং মধ্যান্তিক গান্ধার প্রদেশে এক ক্রুদ্ধ এবং ভয়াবহ নাগরাজকে দমন করেন এবং অনেক ব্যক্তিকে তাহার দাসত্ব হইতে মুক্ত করেন। কেবল নাগলোক নহে, তিনি নরলোকেও অনেককে বৌদ্ধ ধর্ম্মের আলোক প্রদান করেন। উত্তর প্রদেশীয় বৌদ্ধ বিবরণে দেখা যায় যে, মধ্যান্তিক আনন্দের শিষ্য ছিলেন, তিনি কাশ্মীরে হুলুণ্ড নামক নাগকে শাসন করিয়া তাহাকে বৌদ্ধ ধর্ম্মে দীক্ষিত করেন। কাশ্মীরে তাঁহার দ্বারা বৌদ্ধ ধর্ম্মের এত অধিক প্রচার হইয়াছিল যে, অল্পদিনের মধ্যেই সেখানে নাগগণ কর্ত্তৃক পাঁচশত মঠ প্রতিষ্ঠিত হইয়াছিল।

মজ্‌ঝিম নামে আর একজন স্থবির হিমালয়ের যক্ষগণকে বৌদ্ধধর্ম্মে দীক্ষিত করিয়াছিলেন বলিয়া বর্ণিত আছে।

মহাদেব নামে আর একজন বিখ্যাত ধর্ম্মপ্রচারকের বিবরণ দেখা যায়। তাঁহার নিকটে মহেন্দ্র প্রব্রজ্যা অবলম্বন করেন, বলিয়া লিখিত আছে। ইনি মহীন্তল প্রদেশে গিয়া অনেককে বন্ধন মুক্ত করিয়াছিলেন। উত্তর দেশীয় বৌদ্ধধর্ম্ম গ্রন্থেও ইহাঁর নাম দেখা যায়, কিন্তু এই সব গ্রন্থে তিনি একজন সন্দেহবাদী বলিয়া বর্ণিত হইয়াছেন। ইহার কুটতর্ক দ্বারা বৌদ্ধ ভ্রাতৃগণের মধ্যে নানারূপ মতভেদ ও বাদ বিসম্বাদ ঘটিয়াছিল। হিন্দুদেবতা মহাদেবের বর্ণনার সহিত এই মহাদেবের অনেক সাদৃশ্য লক্ষিত হয়। কাশ্মীরে ইহাঁর অতিশয় প্রভাব ছিল এবং ইহা হইতে বৌদ্ধ ধর্ম্ম-প্রচারের অনেক বিঘ্ন ঘটিয়াছিল। কোন কোন বৌদ্ধ পণ্ডিত বলেন যে, শৈবেরাও কাশ্মীরে বৌদ্ধ ধর্ম্ম প্রচারের প্রতিবন্ধক হইয়াছিল, তাহাই অতিরঞ্জিত ভাবে মহাদেবের স্কন্ধে চাপান হইয়াছে।

সিংহল দেশীয় বিবরণে আরও অনেক ধর্ম্মপ্রচারক মহাপুরুষগণের নাম দেখা যায়—রক্ষিত, মহারক্ষিত, ধর্ম্মরক্ষিত, এবং মহাধর্ম্ম রক্ষিত। ইহাঁদের নামের নিতান্ত সৌসাদৃশ্য থাকিলেও আমরা ইহাঁদের মধ্যে কাহাকেও একেবারে ছাটিয়া ফেলিতে পারি না। শোন ও উত্তর নামে আর দুই জনের নাম দেখা যায়। ইহারা সুবর্ণভূমি নামক স্থানে গিয়া সেখান হইতে পিশাচদিগকে তাড়াইয়া অনেককে মুক্তিপথে আনিয়া ছিলেন। এই দুই ব্যক্তি প্রকৃত পক্ষে দুই জন কি শোণোত্তর কি উত্তর নামে একজনের দুই নাম তাহা নির্ণয় করা দুরূহ।

অশোকের পর হইতে কনিষ্ক পর্য্যন্ত বৌদ্ধ প্রভাবে

সম্রাট্ অশোকের মৃত্যুর পর হইতে কনিষ্কের সিংহাসন আরোহণ পর্য্যন্ত তিন শতাব্দী কাল বৌদ্ধধর্ম্মের প্রভাব উত্তরোত্তর বৃদ্ধি পাইয়াছিল। যদিও শুঙ্গবংশীয় রাজগণ বৌদ্ধধর্ম্মের প্রতি ততটা সুদৃষ্টিপাত করেন নাই, তবুও বৌদ্ধধর্ম্মের প্রভাব উত্তরে হিমালয় ভেদ করিয়া চীনদেশ পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল এবং দক্ষিণে সিংহল দেশে ইহা যে প্রভাব বিস্তৃত করিয়াছিল, তাহা অদ্যাপিও বর্ত্তমান রহিয়াছে।

মৌর্য্যবংশীয় শেষ রাজা পুষ্যমিত্র কর্ত্তৃক রাজ্যচ্যুত হইয়াছিলেন। এই পুষ্যমিত্র ব্রাহ্মণ্যধর্ম্মে বিশ্বাসী ছিলেন। ইনি বৌদ্ধ ধর্ম্মের প্রতি কি পরিমাণে অত্যাচার করিয়াছেন, তাহার ঐতিহাসিক তথ্য সংগ্রহ করা সহজ নহে। তবে এবিষয় অনেক কিংবদন্তী প্রচলিত আছে—এক বিবরণে দেখা যায় যে ইনি অগ্নিসংযোগে মধ্যদেশ হইতে জালন্ধর পর্য্যন্ত অনেক বৌদ্ধ সঙ্ঘারাম ভস্মীভূত এবং অনেক মঠধারী শিক্ষিত বৌদ্ধ ভিক্ষুগণকে নিহত করিয়াছিলেন। আর এক বিবরণে লিখিত আছে যে, ইনি দেশ হইতে বৌদ্ধ ধর্ম্ম বিতাড়িত করিবার উদ্দেশ্যে পাটলিপুত্রের কুক্কুটারাম ধ্বংস করেন এবং শাকল প্রদেশের নিকটবর্ত্তী ভিক্ষুগণকে বিনাশ করেন। তৃতীয় বিবরণে দৃষ্ট হয় যে, নাগার্জ্জুনের সময় হইতে অসঙ্গের সময় পর্য্যন্ত বৌদ্ধগণের প্রতি তিনবার ঘোরতর অত্যাচার করা হয়।

খৃষ্টপূর্ব্ব দ্বিতীয় শতাব্দীতে মধ্যদেশে বৌদ্ধধর্ম্মের যে অবস্থাই হউক না কেন, উত্তরপশ্চিম ভারতবর্ষে যবন-রাজগণের অধিকারে বৌদ্ধ ধর্ম্মের প্রবল প্রভাব তখনও বর্ত্তমান ছিল। ইঁহাদের মধ্যে মিলিন্দ (Menahder) নামে নরপতি বৌদ্ধ ধর্ম্মানুরক্ত ছিলেন। এরূপ বিবরণও লিপিবদ্ধ আছে যে, ইনি স্থবির নাগসেন দ্বারা বৌদ্ধ ধর্ম্মে দীক্ষিত হইয়াছিলেন।

নাগসেনের সম্বন্ধে বিশেষ বিবরণ কিন্তু জানা যায় না। তিব্বত দেশীয় একখানা গ্রন্থে দেখা যায় যে, ষোলজন মহাপুরুষের মধ্যে একজন কাশ্যপের দেহান্তরের পর ইনি ধর্ম্মপ্রচারে বহির্গত হন। আর এক তিব্বতীয় গ্রন্থে দেখা যায় যে, নাগসেন এবং মনোরথ এই দুই জনের মধ্যে মতভেদ উপস্থিত হইয়াছিল। এই সকল গ্রন্থে যে সময় নির্দ্দেশ করা হইয়াছে তাহা আদৌ বিশ্বাসযোগ্য নহে ও তাহার উপর নির্ভর করাও নিরাপদ নহে।

বিহার, অনুশাসন প্রভৃতির উপর নির্ভর করা যায়, তবে নিঃসন্দেহে প্রমাণিত হইবে যে, খৃঃ পূঃ ৩০০ এবং ১০০ খৃঃ অঃ মধ্যের সময়ে বৌদ্ধ ধর্ম্ম বিশেষ জয়যুক্ত হইয়াছিল। এই মূল ধর্ম্ম হইতে নানা রূপ সম্প্রদায়েরও সৃষ্টি হইয়াছিল। কনিষ্কের রাজত্বের পূর্ব্ব সময় পর্য্যন্ত অষ্টাদশ প্রকার বিভিন্ন সম্প্রদায়ের বিবরণ পাওয়া যায়। বোধ হয় খৃষ্টীয় দ্বিতীয় শতাব্দীতেই মহাযান সম্প্রদায়ের পুষ্টি, উন্নত ভাব এবং চিন্তা বৌদ্ধসমাজে প্রবেশ করিয়াছিল।

সিংহলে বৌদ্ধ ধর্ম্মের প্রভাব সমান ভাবেই চলিয়াছিল। দেবানাম্প্রিয় রাজা চল্লিশ বৎসর রাজত্ব করেন। তাহার পর তাঁহার ভ্রাতা সিংহাসন আরোহণ করেন। দেবানাম্প্রিয়ের ৯৬ কি ১০৬ বৎসর পরে অভয়চুট্‌ঠগামনীর রাজত্ব আরম্ভ হয়। এই নরপতি বৌদ্ধ ধর্ম্মে বিশেষ অনুরাগী ছিলেন। ইনি বহু সংখ্যক স্তূপ, বিহার এবং লৌহপ্রাসাদ নির্ম্মাণ করিয়াছিলেন। কথিত আছে, মহাবিহার ইঁহারই দ্বারা নির্ম্মিত হয়। আবার কেহ কেহ বলেন যে, তিস্‌সের সময় মহাবিহার প্রতিষ্ঠিত হইয়াছিল। মহাস্তূপের পাদদেশে, বুদ্ধ, ধর্ম্ম, সঙ্ঘ এবং ধর্ম্মপ্রচারক মহাদেব, উত্তর এবং ধর্ম্মরক্ষিতের প্রতিমূর্ত্তি সংস্থাপিত দেখিতে পাওয়া যায়।

অভয়বট্টগামনীর রাজত্ব সময়ে অভয়গিরি সঙ্ঘারাম সংস্থাপিত হইয়াছিল বলিয়া প্রকাশ। এই রাজার রাজত্ব কালে সিংহলে ত্রিপিটক ও অথকথা (বৌদ্ধ ধর্ম্ম নীতি)-সমূহ লিপিবদ্ধ হইয়াছিল।

ইহার পর আরও অনেক নরপতি বৌদ্ধসঙ্ঘের মহদুপকার সাধন করিয়াছিলেন। তাঁহাদের মধ্যে বসভের (ঋষভ) নামই সর্ব্বশ্রেষ্ঠ। ইনি অনেক স্তূপ নির্ম্মাণ করিয়াছিলেন। ইহাছাড়া একটী বিহার ও একটী উপাসনা গৃহনির্ম্মাণ করেন, অনেক ভগ্ন আরামের সংস্কার এবং ৪৪ বার বৈশাখ উৎসব সম্পন্ন করেন। এতদ্ভিন্ন আরও অন্যান্য নানাবিধ সৎকার্য্য দ্বারা ইনি যশস্বী হইয়াছিলেন।

কনিষ্ক

কনিষ্কের রাজত্ব ভারতবর্ষের ইতিহাসে উজ্জ্বল বর্ণে চিত্রিত রহিয়াছে। এই শকবিজেতা হইতেই শক-সংবৎসরের গণনা আরম্ভ হয়। খোতন, কাস্‌-

করেন। কোন্ সময়ে ইনি এই ধর্ম্ম গ্রহণ করেন তাহা করা কঠিন, তবে তাঁহার সময়ে যে (১০০) খৃঃ অঃ সঙ্গের বেশন হইয়াছিল তাহা একরূপ স্থিরীকৃত হইয়াছে। কেহ বলেন যে, জালন্ধরের সন্নিহিত কুবনের বিহারে এই স বসিয়াছিল, আবার কেহ কেহ বলেন যে কাশ্মীরের অ কুন্তলবনের বিহারে ইহার অধিবেশন হইয়াছিল।

এই তৃতীয় মহাসঙ্গিতির কার্য্য বিবরণ সম্বন্ধে নানারূপ ভেদ দৃষ্ট হয়, তাহার সমুদয় লিপিবদ্ধ করা এস্থলে অস তিব্বত দেশীয় এক গ্রন্থে দেখা যায় যে একশত বৎসরের হইতে বৌদ্ধ ভ্রাতৃগণের মধ্যে যে মতভেদ চলিয়া আসিতে তাহার মীমাংসা করার জন্য কনিষ্ক এই সঙ্গীতি আহ্বান ক সর্ব্ব প্রকারে অষ্টাদশ সম্প্রদায়ই এই সভায় উপস্থিত ছি এবং সকলেই ধর্ম্মের মূলসূত্র রক্ষা করিতে যত্নবান্ হন। সভায় সম্পূর্ণ বিনয় এবং সূত্র ও অভিধর্ম্মের অলিখিত লিপিবদ্ধ হইয়াছিল। এই সময়েই মহাযান সম্প্রদায়ের ধ কতক গৃহীত হইয়াছিল, কিন্তু প্রাচীন বৌদ্ধ শ্রাবকেরা তা কোনও আপত্তি করেন নাই।

অন্য এক তিব্বতীয় গ্রন্থে দৃষ্ট হয় যে, ধর্ম্মগ্রন্থসমূহ লি করিবার জন্য পার্শ্বের দলভুক্ত পাঁচশত অর্হৎ এবং বসুমি দলভুক্ত পাঁচশত বোধিসত্ত্ব এই স্থলে একত্র হইয়াছিলেন।

হিউএন্‌সিয়ং বলেন, রাজা কনিষ্কই মতভেদ ও বি মিটাইবার জন্য এই সঙ্গীতি আহ্বান করেন। পার্শ্বের অ এবং পরামর্শ লইয়া এই কার্য্যের অনুষ্ঠান হয়। অর্হৎদি সম্মিলনের জন্য রাজা একটী বিহার নির্ম্মাণ করেন এবং ঐ ৫০০ ভিক্ষু একত্র হইয়াছিলেন। এই মহাধর্ম্মসভায় উ তিব্বত, সিকিম, ভোটান, নেপাল, লাদক, চীন, মোঙ্গ তাতার, এমন কি জাপান হইতে এবং দক্ষিণে সিংহল, শ্যাম প্রভৃতি স্থান হইতে বৌদ্ধ প্রতিনিধিগণ উপস্থিত হ ছিলেন। সিংহলের মহাবংশ হইতে জানা যায় যে, অ (আলেক্‌সান্দ্রিয়া) হইতে এখানে ত্রিশ হাজার ভিক্ষু আ করেন! বসুমিত্রের কর্ত্তৃত্বাধীনে এই সভার কার্য্য হইয়াছিল। এখানে সূত্রপিটকের লক্ষশ্লোকসমন্বিত এক অ সমসংখ্যক শ্লোকসমন্বিত বিনয়বিভাস (বিনয়ের ভাষ্য) অভিধর্ম্ম বিভাস (অভিধর্ম্মের ভাষ্য) রচিত হইয়াছিল।

ভারতবর্ষীয় বৌদ্ধগণের সর্ব্বসম্প্রদায়ের প্রতিনিধিগণই ইহাতে উপস্থিত ছিলেন এবং এই সঙ্গীতি দ্বারা যে ক্ষুদ্র ক্ষুদ্র মত-বিরোধের মীমাংসা হইয়াছিল, ইহাই পরম লাভ বলিতে হইবে।

মহাযান সম্প্রদায়

আমরা পূর্ব্বেই বলিয়াছি যে, মহাযান সম্প্রদায়ের ভাব ও চিন্তা বহুপূর্ব্ব হইতেই বৌদ্ধ-সমাজে প্রবেশ করিয়াছিল। কোন্ সময়ে এই সম্প্রদায়ের প্রথম আবির্ভাব, তাহা ঠিক করা কঠিন। অনেকে মনে করেন, যে বুদ্ধনির্ব্বাণের একশত বর্ষ পরে বৈশালীর মহাসঙ্ঘিক-সভা হইতেই মহাযানমতের সূত্রপাত। স্থবির অশ্বঘোষ হইতে খৃষ্টীয় ১ম শতাব্দে এই মহাযানমত সর্ব্বসাধারণে প্রচারিত হয়। আদি বৌদ্ধশাস্ত্রগুলি পালিভাষায় রচিত ছিল, সম্রাট্ কনিষ্কের আশ্রয়ে মহাযানের অভ্যুদয়ের সহিত সংস্কৃত ভাষায় বৌদ্ধশাস্ত্র রচিত ও প্রচারিত হইল। শকনৃপতিগণ প্রধানতঃ সৌর ছিলেন, কনিষ্কের বৌদ্ধদীক্ষাগ্রহণের সহিত মহাযান-মতে সৌরপ্রভাব সংক্রামিত হয়। মহাযানদিগের প্রধান উপাস্য অমিতাভকে অনেকে সূর্য্যদেবতারই প্রতিরূপ বলিয়া মনে করেন। বৌদ্ধগ্রন্থে দেখা যায় যে বোধিসত্ত্ব নাগার্জ্জুন তৃতীয় সঙ্গীতির সময়ে জন্মগ্রহণ করেন। ইনিই মাধ্যমিক সম্প্রদায়ের প্রবর্ত্তক এবং ইঁহার দ্বারাই পূর্ব্বপ্রবর্ত্তিত মহাযান সম্প্রদায়ের প্রভূত উন্নতি সাধিত হইয়াছিল। ইনি রাহুলভদ্র নামে এক ব্রাহ্মণের শিষ্য ছিলেন এবং এই ব্রাহ্মণ মহাযান সম্প্রদায়ভুক্ত ছিলেন। এই ব্রাহ্মণ শ্রীকৃষ্ণ ও গণেশের নিকট অনেক বিষয় শিক্ষা পাইয়াছিলেন। ইহার সরল অর্থ বোধ হয় এই যে, মহাযান সম্প্রদায়ের ধর্ম্মমত ভগবদ্গীতা হইতে অনেক পরিমাণে গৃহীত হইয়াছিল। এমন কি শৈবধর্ম্মের নিকটও মহাযানগণ অনেক বিষয়ে ঋণী বলিয়া অনেকে বিশ্বাস করেন।

কেহ বলেন, নাগার্জ্জুন ৬০ বৎসর কাল জীবিত ছিলেন এবং পরে সুখাবতী স্বর্গে গমন করেন। কেহ বলেন, তিনি একশত বৎসর কাল জীবিত ছিলেন। আবার কেহ বা তাঁহাকে পঞ্চশত বৎসরের অধিক পরমায়ু প্রদান করিতেও কুণ্ঠিত হন নাই। রাজতরঙ্গিণী নামক ঐতিহাসিক গ্রন্থে দেখা যায় যে নাগার্জ্জুন তুরুষ্ক রাজাদিগের পরে আবির্ভূত হইয়াছিলেন। এই বিবরণের উপর নির্ভর করিয়া এ সিদ্ধান্ত করা বোধ হয় ভ্রমাত্মক হইবে না যে, নাগার্জ্জুন খৃষ্টীয় দ্বিতীয় শতাব্দীর মধ্যভাগে বা শেষভাগে জীবিত ছিলেন। দেব নামক একজন সিংহলবাসী স্থবিরের সহিত নাগার্জ্জুনের ঘোরতর বাক্‌যুদ্ধ হয় বলিয়া বর্ণিত আছে। এই দেব অল্পবয়স্ক ছিলেন এবং তৃতীয় শতাব্দীর প্রথমভাগেও জীবিত ছিলেন। ইহা হইতেও এই ধারণা হয় যে, নাগার্জ্জুন দ্বিতীয় শতাব্দীর শেষভাগে জীবিত ছিলেন।

এই নবীন ধর্ম্মসম্প্রদায় বহুধর্ম্মগ্রন্থ লিপিবদ্ধ করিয়া আপনাদের কার্য্যতৎপরতার পরিচয় প্রদান করিয়া গিয়াছেন। অধিকাংশ স্থলেই ত্রিপিটক হইতে মূলসত্য গৃহীত হইয়া আবশ্যক মত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়াছে। হীনযানেরা মহাযান-দিগকে বৌদ্ধধর্ম্মের শত্রু বলিয়া পরিচিত করিলেও কার্য্যতঃ সেরূপ কিছুই দেখা যায় নাই। মূলধর্ম্মের সত্যই মহাযানেরা গ্রহণ করিয়াছেন বটে, কিন্তু টীকাটিপ্পনী দ্বারা তাহার অন্যরূপ অর্থ করিয়াছেন, তাহা অস্বীকার করা যায় না।

মূল বৌদ্ধধর্ম্ম কঠোর নিয়মাধীন কতিপয় ভিক্ষুসঙ্ঘের সীমাবদ্ধ ছিল, অর্থাৎ আদি বৌদ্ধধর্ম্মমতে কেবল ভিক্ষুরাই মোক্ষলাভে সমর্থ। কিন্তু মহাযানসম্প্রদায় নিখিলজগতে মুক্তি বিধান করিয়াছিলেন। সকলেই মহাযান আশ্রয় করিলে অতি সহজে, অতি সত্বরে ক্রমে বোধিসত্ত্ব হইয়া সংসার অতিক্রম করিয়া নির্ব্বাণপথের পথিক হইতে পারিবেন, এই বিশাল ও উদারনীতি হইতেই এই সম্প্রদায় 'মহাযান' নামে খ্যাত হইয়াছিলেন। আর সঙ্কীর্ণবুদ্ধি ও অতি অল্প লোকের মতানুবর্ত্তী ছিল বলিয়া আদিবৌদ্ধধর্ম্মানুগামিগণকে মহাযানেরাই অবজ্ঞার সহিত 'হীনযান' বলিয়া অভিহিত করিতেন। বাস্তবিক তাঁহারাই প্রত্যেকবুদ্ধযান বা শ্রাবকযান বলিয়া পরিচিত ছিলেন। তাঁহারা কখন আপনাদিগকে 'হীনযান' বলিয়া অভিহিত করেন নাই।

মহাযানগণের মতে কর্ম্মশূন্য অর্হৎগণ অপেক্ষা দয়া ও সহানুভূতিপূর্ণ বোধিসত্ত্বগণ শ্রেষ্ঠ। এজন্য হীনযানগণ তাঁহাদিগকে নিন্দা করিয়া থাকেন। মহাযানগণ শূন্যবাদের পক্ষপাতী। এই মহাযান হইতেই ভারতে শূন্যবাদ অর্থাৎ "সর্ব্বং শূন্যং" এই মত বিশেষভাবে প্রচলিত হইয়াছিল।

মহাযান-ধর্ম্মের বহুল প্রচারের প্রধান কারণ এই যে ইহারা ভক্তিকে শ্রেষ্ঠ আসন প্রদান করিয়াছেন এবং ধ্যানধারণা ও সাধনা প্রভৃতিকে ধর্ম্মের অঙ্গ বলিয়া মনে করেন। ইহার সঙ্গে সঙ্গে জীবের প্রতি দয়া ও সহানুভূতি প্রকাশ করাকে ইহারা প্রধান কর্ত্তব্য বলিয়া স্থির করায় ভারতের লক্ষ লক্ষ নরনারী এই ধর্ম্মের আশ্রয় গ্রহণ করিয়াছিল।

প্রাধান্য লাভের জন্য মহাযানগণকে হীনযান-সম্প্রদায়ের সহিত ঘোরতর সংগ্রাম করিতে হইয়াছিল। এই তর্কযুদ্ধ বহুকালস্থায়ী ছিল।

সিংহলবাসী বৌদ্ধেরা জালন্ধরের সঙ্গীতিতে যোগদান করেন নাই, তাহা পূর্ব্বে বলা হইয়াছে। এমন কি তাঁহাদের গ্রন্থে কনি-ষ্কের নাম পর্য্যন্ত উল্লিখিত নাই। ইহাদ্বারা প্রতীত হয় যে, খৃষ্টীয় প্রথম শতাব্দীতেই দুই সম্প্রদায়ের সম্পূর্ণ পার্থক্য ঘটিয়াছিল।

২০৯ বা ২১৭ খৃষ্টাব্দে সিংহলপতি তিষ্যের সময় বেতুল্যকগণ এক ঘোরতর তর্ক উপস্থিত করেন, তর্কের প্রধান উদ্দেশ্য—বুদ্ধ অমানুষ, তিনি তুষিত স্বর্গে বাস করেন, তৎকর্ত্তৃক ধর্ম্ম উপদিষ্ট হয় নাই। তাঁহার প্রেরিত ও আদিষ্ট আনন্দ কর্ত্তৃকই ধর্ম্ম উপদিষ্ট হইয়াছে। এই মত লইয়া সংঘর্ষ উপস্থিত হয়। এই মত বেতুল্লবাদ বা বিতণ্ডাবাদ নামে খ্যাত। তিষ্যরাজের যত্নে এই গোলযোগ থামিয়া যায়। এই সময়ে 'থেরদেব' নামে এক প্রসিদ্ধ বৌদ্ধাচার্য্যের অভ্যুদয় হইয়াছিল।

খৃঃ তৃতীয় শতাব্দীর মধ্যভাগে অভয়মেঘবর্ণের রাজত্বকালে মহাবিহার এবং অভয়গিরির ভিক্ষুগণের সহিত মতবিরোধ উপস্থিত হয় এবং এই সময়ে সাগলিক সম্প্রদায়ের উৎপত্তি হয়। মহাসেনের রাজত্বকালে মহাবিহারের বৌদ্ধগণের প্রতি অনেক নির্য্যাতন হইয়াছিল। কথিত আছে, শত্রুগণের প্ররোচনায় মহাবিহার বিধ্বস্ত হইয়াছিল এবং অভয়গিরির বৌদ্ধগণের প্রভূত উন্নতি সাধিত হয়। এই মহাবিহার পরে পুনর্ব্বার নির্ম্মিত হয়।

মহাসেনের পুত্র মেঘবর্ণের রাজত্বকালে (৩০৯ খৃঃ অঃ) প্রসিদ্ধ বুদ্ধদত্ত সিংহলে আনা হইয়াছিল বলিয়া প্রবাদ আছে। মহাসেনের রাজত্বকালে ফা-হিয়ান সিংহলে গমন করেন। তিনি বলেন, তখন মহাবিহারে ৩০০০ এবং অভয়গিরিতে ৫০০০ শ্রমণ বাস করিতেন এবং অভয়গিরি মহাবিহার অপেক্ষা সমধিক সমৃদ্ধিশালী ছিল। মহানাম ৪১০-৪৩২ খৃঃ অঃ রাজত্ব করেন। এই সময়ে ভারতবর্ষ হইতে বুদ্ধঘোষ সিংহল-ভ্রমণে গমন করেন এবং বিশুদ্ধিমার্গ নামক প্রকাণ্ড গ্রন্থ রচনা করেন। সিংহলবাসীরা তাঁহাকে স্বয়ং মৈত্রেয় বলিয়া সম্মান করিতেন।

আরও বহু রাজা সিংহলে বৌদ্ধধর্ম্মের উন্নতির জন্য নানারূপ সাহায্য করিয়াছিল।

চারি দার্শনিক শাখা

চীন-পরিব্রাজক হিউএন্‌সিয়াং যখন ভারতবর্ষে অবস্থান করিতেছিলেন, তখন বৌদ্ধ সমাজে চারিটী প্রধান দার্শনিক সম্প্রদায় ছিল। ১ বৈভাষিক, ২ সৌত্রান্তিক, ৩ যোগাচার ও মাধ্যমিক। প্রথম দুইটী হীনযান এবং শেষোক্ত দুইটী মহাযান সম্প্রদায়ভুক্ত। হিউএন্‌সিয়াং বলেন, সিংহলের মহাবিহারবাসিগণ হীনযান এবং অভয়গিরির ভিক্ষুগণ মহাযান সম্প্রদায়ী ছিলেন।

বৈভাষিক

বৈভাষিকগণ পৃথিবীর অস্তিত্ব স্বীকার করেন। তাঁহারা বলেন যে, বাহ্য জগতের দ্রব্য সমুদয়ের জ্ঞান উপলব্ধি করার ক্ষমতা মানুষমাত্রেরই আছে। ইহারা সূত্রের প্রাধান্য অস্বীকার করিয়া "অভিধর্ম্ম"কেই প্রামাণ্য গ্রন্থ বলেন। ইহাদের মতে, শাক্যমুনি সাধারণ মানব মাত্র; তবে অন্যের সাহায্য ব্যতীত তিনি স্বয়ং যে জ্ঞান লাভ করিতে পারিয়া ছিলেন, তাহাই তাঁহার দেবত্ব।

সৌত্রান্তিক

সৌত্রান্তিকগণ বলেন, বাহিরের পদার্থ সকল প্রকৃত নহে ছায়া মাত্র, সুতরাং তাঁহাদের জ্ঞান প্রত্যক্ষ নহে; পরোক্ষ। ইহারা একমাত্র "সূত্র"ই বিশ্বাস করেন। ইহাদের মতে বুদ্ধ দশবল, চারি বৈশারদ্য, তিন স্মৃত্যুপস্থান সমন্বিত এবং সর্ব্বভূতে দয়াবান্। তাঁহার দুই কায়, একটী ধর্ম্মকায় এবং অপরটী ভোগকায়। কুমারলব্ধ এই মতের প্রবর্ত্তক।

যোগাচার

যোগাচার শ্রেণীর বৌদ্ধদার্শনিকগণ বিজ্ঞান ব্যতীত অন্য কিছুরই অস্তিত্ব স্বীকার করেন না। এজন্য ইহাদের অন্য নাম বিজ্ঞানবাদী।

মাধ্যমিক

মাধ্যমিকেরা হিন্দু বৈদান্তিকগণের ন্যায় বলেন, বিশ্বসংসার সমুদয়ই ইন্দ্রজালের ন্যায়। সত্য দুইপ্রকার, পরামর্শ এবং সংবৃত্তি (বেদান্তের পারমার্থিক এবং ব্যবহারিক)। ইহাদের মতে সমুদয়ই স্বপ্নবৎ। সত্তা নাই, বিনাশ নাই, জন্ম, মৃত্যু বা নির্ব্বাণ কিছুই নাই।* ইহারা প্রকৃতপক্ষে মায়াবাদী হইলেও "মায়া" কথাটা ব্যবহার করেন না। ইহারা সাংখ্য মতের "প্রধান" এবং "প্রকৃতির" পরিবর্ত্তে "প্রজ্ঞা" ও "উপায়" শব্দ ব্যবহার করেন।

সর্ব্বদর্শনসংগ্রহকার মাধ্যমিক, যোগাচার, সৌত্রান্তিক ও বৈভাষিক, এই চারিমতের সংক্ষিপ্ত পরিচয় ও সমালোচনা এইরূপ করিয়াছেন—

'উক্ত মতচতুষ্টয়ের মধ্যে মাধ্যমিক মতে—"কিছুই নাই, সকলই শূন্য" এইরূপ দৃষ্টান্ত প্রদর্শিত হইয়া থাকে। কিন্তু যে সকল বস্তু স্বপ্নাবস্থায় দৃষ্ট হয়, জাগ্রদবস্থায় তাহার কিছুই দেখা যায় না এবং যে সকল বস্তু জাগ্রদবস্থায় দৃষ্ট হইয়া থাকে, কিন্তু স্বপ্নাবস্থায় তাহার কিছুই দেখা যায় না। আর সুষুপ্তিদশায় কোন বস্তুই দৃষ্ট হয় না। সুতরাং ইহাতে প্রতিপন্ন হইতেছে যে, বস্তুতঃ কোন বস্তুই সত্য নহে। সত্য হইলে অবশ্যই উহা সকল অবস্থায়ই দৃষ্ট হইত।

* শান্তিদেবের বোধিচর্য্যাবতার গ্রন্থে মূল মাধ্যমিক মতের এইরূপ সার বিবৃত হইয়াছে—

"সংবৃতিঃ পরমার্থশ্চ সত্যদ্বয়মিদং মতম্।
বুদ্ধেরগোচরস্তত্ত্বং বুদ্ধিঃ সংবৃতিরুচ্যতে॥
এবং ন চ নিরোধোঽস্তি ন চ ভাবোঽস্তি সর্ব্বদা।
অজাতমনিরুদ্ধঞ্চ তস্মাৎ সর্ব্বমিদং জগৎ॥
স্বপ্নোপমাস্তু গতয়ো বিচারে কদলীসমাঃ।
নির্বৃতানির্বৃতানাঞ্চ বিশেষো নাস্তি বস্তুতঃ॥"

'যোগাচার মতে বাহ্যবস্তু মাত্রই মিথ্যা, কেবল ক্ষণিক বিজ্ঞান রূপ আত্মাই সত্য। ঐ বিজ্ঞান দুই প্রকার প্রবৃত্তি বিজ্ঞান, ও আলয় বিজ্ঞান। জাগ্রৎ ও সুপ্ত অবস্থায় যে জ্ঞান জন্মে, তাহাকে প্রবৃত্তি বিজ্ঞান, আর সুষুপ্তি দশায় যে জ্ঞান হয়, তাহার নাম আলয়-বিজ্ঞান। ঐ জ্ঞান কেবল আত্মাকেই অবলম্বন করিয়া হইয়া থাকে।

'সৌত্রান্তিকেরা বাহ্য বস্তুকে সত্য ও অনুমান সিদ্ধ কহিয়া থাকেন। বৈভাষিকদিগের মতে বাহ্যবস্তু সকল প্রত্যক্ষ সিদ্ধ। একমাত্র ভগবান্ বুদ্ধ বৌদ্ধধর্ম্মের উপদেষ্টা হইলেও শিষ্যদিগের মতভেদ হওয়া অসম্ভব নহে। তাঁহারা ইহার দৃষ্টান্ত এইরূপ দিয়াছেন। যদ্যপি কোন ব্যক্তি কহে, "সূর্য্য অস্তগত হইলেন।" তখন সেই শব্দ শ্রবণে লম্পট ব্যক্তি পরদারহরণের, ও তস্কর পরধনাপহরণের কাল উপস্থিত হইল বোধ করে এবং সাধু সন্ধ্যাবন্দনাদি ভগবদুপাসনার কাল উপস্থিত হইয়াছে বিবেচনা করেন। অতএব একব্যক্তি বক্তা হইলেও শ্রোতৃবর্গ স্ব স্ব অভিপ্রায়ানুসারে এক বাক্যের পৃথক্ পৃথক্ তাৎপর্য্য গ্রহণ করিয়া থাকেন।

'উহাদের মতে বাক্, পাণি, পাদ, গুহ্য ও লিঙ্গ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়। নাসিকা, জিহ্বা, চক্ষু, ত্বক্ ও শ্রোত্র এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয়; আর মন ও বুদ্ধি এই দুইটী উভয়েন্দ্রিয়। এই দ্বাদশ ইন্দ্রিয়ের আয়তন (আবাসস্থান) বলিয়া দেহ দ্বাদশায়তন নামে অভিহিত। সকল বৌদ্ধমতেই ধনোপার্জ্জন দ্বারা এই দ্বাদশায়তন শরীরের সম্যক্ শুশ্রূষারূপ পূজা করাই প্রধান কর্ম্ম। ইহাদিগের মতে দেবতা সুগত, জগৎ ক্ষণভঙ্গুর; প্রত্যক্ষ ও অনুমান এই দুই প্রমাণ। দুঃখ, আয়তন, সমুদয় ও মার্গ এই চারিটী তত্ত্ব। বিজ্ঞানস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ ও রূপস্কন্ধ, এই পঞ্চস্কন্ধকে দুঃখতত্ত্ব কহে। পঞ্চ ইন্দ্রিয় এবং রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ এই পাঁচটী বিষয় এবং মন ও ধর্ম্মায়তন অর্থাৎ বুদ্ধি এই দ্বাদশটী আয়তনতত্ত্ব। মানবদিগের অন্তঃকরণে স্বভাবতঃ যে রাগ-দ্বেষাদি জন্মিয়া থাকে, তাহাকে সমুদয় তত্ত্ব কহে।

এই মতে সকল সংস্কারই ক্ষণমাত্র স্থায়ী, এইরূপ যে স্থির বাসনা তাহার নাম মার্গতত্ত্ব। মার্গতত্ত্বই মোক্ষ নামে অভিহিত। চর্ম্মাসন, কমণ্ডলু, মুণ্ডন, চীর, পূর্ব্বাহ্ণভোজন, সমূহাবস্থান ও রক্তাম্বর এই সকল যতি ধর্ম্মের অঙ্গ।

উক্ত বৌদ্ধ সম্প্রদায় মতে, সকল বস্তুই ক্ষণিক অর্থাৎ প্রথম ক্ষণে উৎপন্ন ও দ্বিতীয় ক্ষণে বিনষ্ট হয়। আত্মাও ক্ষণিক ও জ্ঞান স্বরূপ, ক্ষণিক জ্ঞানাতিরিক্ত স্থিরতর আত্মা নাই।'

(সর্ব্বদর্শনসং)

নাগার্জ্জুন মাধ্যমিক মতের প্রবর্ত্তক বলিয়া প্রসিদ্ধি আছে। এইরূপে তাঁহার সমসাময়িক কুমারলব্ধ সৌত্রান্তিক মত-প্রবর্ত্তক বলিয়া প্রসিদ্ধ। এই সময়ে আর্য্যদেব ও অশ্বঘোষ নামে আরও দুইজন প্রসিদ্ধ স্থবিরের নাম পাওয়া যায়। মহাযান-সম্প্রদায় অশ্বঘোষকে স্ব সম্প্রদায়ভুক্ত বলিয়াই মনে করেন। নাগার্জ্জুন ও আর্য্যদেবের সমসাময়িক অথচ বয়ঃকনিষ্ঠ নাগাহ্বয় উপাধি তথাগতভদ্র নামে এক প্রসিদ্ধ আচার্য্যের উল্লেখ আছে। ইনি নালন্দাবিহারের প্রধান আচার্য্য ছিলেন। অনেকে নাগাহ্বয় ও নাগার্জ্জুনকে অভিন্ন ব্যক্তি বলিয়া মনে করেন।

বৈভাষিকগণের মধ্যে ধর্ম্মত্রাত, ঘোষক, বুদ্ধদেব, বসুমিত্র প্রভৃতি ভদন্তগণ প্রসিদ্ধ ছিলেন। ধর্ম্মত্রাত আর্য্যদেবের শিষ্য এবং মহাবিভাষা ও উদানবর্গপ্রণেতা। বসুমিত্র কনিষ্ক-রাজপুত্রের রাজত্বকালে বিদ্যমান ছিলেন।

প্রধান প্রধান বৌদ্ধাচার্য্য

৬ষ্ঠ শতাব্দীতে দুইটী প্রসিদ্ধ দার্শনিক পণ্ডিতের আবির্ভাব হইয়াছিল। একজনের নাম আর্য্য অসঙ্গ এবং অন্যের নাম বসুবন্ধু। ইঁহারা দুই জনেই গান্ধারবাসী। অসঙ্গ যোগাচার-মতাবলম্বী ছিলেন। ইনি প্রথমে মহীশাসক ও পরে মহাযান সম্প্রদায়ভুক্ত হইয়াছিলেন, বহুদিন অযোধ্যার নিকট এক সঙ্ঘারামে বাস করিয়া পরে রাজগৃহে অবস্থান করেন এবং সেইস্থানেই তাঁহার সমাধি হয়। ইনি যোগ সম্বন্ধে এক প্রসিদ্ধ পুস্তক প্রণয়ন করেন।

বসুবন্ধু অসঙ্গের কনিষ্ঠ ভ্রাতা। ইনি নালন্দা-বিহারের অধ্যাপক ছিলেন। নেপালে ইঁহার মৃত্যু হয়। ইঁহার প্রধান গ্রন্থ অভিধর্ম্মকোষ। এতদ্ব্যতীত ইনি বহু মহাযান গ্রন্থের টীকাও রচনা করেন।

এই দুইজন ব্যতীত আরও অনেক প্রসিদ্ধ ও অসাধারণ পণ্ডিতের বিবরণ পাওয়া যায়। ইহাঁরা কেহ বা মহাযান, আবার কেহ বা হীনযান সম্প্রদায়ভুক্ত ছিলেন। ইহাঁদের নাম যথা— দিঙ্নাগ, গুণপ্রভ, স্থিরমতি, সঙ্ঘদাস, বুদ্ধদাস, ধর্ম্মপাল, শীলভদ্র, জয়সেন, চন্দ্রগোমিন্, চন্দ্রকীর্ত্তি, গুণমতি, বসুমিত্র (২য়), যশোমিত্র, ভব্য, বুদ্ধপালিত এবং রবিগুপ্ত।

ইহাঁদের মধ্যে ধর্ম্মকীর্ত্তি সর্ব্বশেষে বিদ্যমান ছিলেন বলিয়া কেহ কেহ মত প্রকাশ করিয়াছেন। কেহ বা বলেন, ধর্ম্মকীর্ত্তি ইনি কুমারিল ভট্টের সমসাময়িক ছিলেন। কিন্তু হিউএন্সিয়াং ইহাঁর নাম করেন নাই।

মহাযানদিগের প্রাধান্যের সহিত এ সম্প্রদায়ের মধ্যে কেহ কেহ তান্ত্রিক গুহ্যধর্ম্ম অবলম্বন ও প্রকাশ করেন। ভোট-দেশীয় লামাগণ নাগার্জ্জুনকেই এই গুহ্যমতের প্রবর্ত্তক বলিয়া

মনে করেন। খৃষ্টীয় ৬ষ্ঠ শতাব্দীতে এই গুহ্যমতাবলম্বিগণ "মন্ত্রযান" নামে খ্যাত হন। ঐ সময় চীন ও জাপানে পর্য্যন্ত বৌদ্ধ তান্ত্রিকের অভ্যুদয় ঘটিয়াছিল। খৃষ্টীয় ৭ম শতাব্দে ভোটদেশে (তিব্বতে) 'মন্ত্রযান' মত প্রচলিত হয়। খৃষ্টীয় ১০ম শতাব্দে এই মন্ত্রযানই নানা বিভৎসমূর্ত্তিতে "কালচক্র" নামে সমগ্র ভোটে দেখা দিয়াছিল। ইহাই নেপালে 'বজ্রযান' নামে আজও প্রচলিত রহিয়াছে।

প্রবাদ এই যে শঙ্করাচার্য্য এবং কুমারিলভট্ট দুইজনে বৌদ্ধধর্ম্মকে ভারতবর্ষ হইতে নির্ব্বাসিত করেন। কিন্তু এ প্রবাদের মূলে কিছুমাত্র সত্য আছে বলিয়া মনে হয় না। শঙ্করাচার্য্যের বহু পরেও যে বৌদ্ধধর্ম্ম ভারতে উজ্জ্বল ছিল, তাহার যথেষ্ট প্রমাণ রহিয়াছে। শঙ্করের সহিত হিন্দুধর্ম্মের অভ্যুদয় হইলেও পরাক্রান্ত রাজন্যবর্গ বৌদ্ধ ও হিন্দুধর্ম্মকে কিছুকাল সমভাবেই দেখিয়া আসিতেছিলেন।

উত্তর ভারতে বৌদ্ধধর্ম্ম

৭ম শতাব্দীতে রাজা হর্ষবর্দ্ধন বৌদ্ধ ধর্ম্মের প্রভূত উন্নতি সাধন করেন। ইহাঁর অন্যতর নাম শিলাদিত্য। ইনি যদিও মহাযানসম্প্রদায় ভুক্ত ছিলেন, কিন্তু সকল বৌদ্ধ সম্প্রদায়কেই সমভাবে দর্শন করিতেন। তিনি বৌদ্ধাচার্য্য মৈত্রায়ণীয় দিবাকর মিত্রকে বিশেষ ভক্তি করিতেন, তাঁহার ভগিনী রাজ্যশ্রী বৌদ্ধ ভিক্ষুণী হইয়াছিলেন। তাঁহারই সময় চীনপরিব্রাজক হিউএন্‌সিয়াং ভারতবর্ষে আগমন করেন; তিনি দেখিয়া গিয়াছেন যে, সম্রাট্ হর্ষবর্দ্ধনের রাজচ্ছত্রতলে নানা সম্প্রদায়ের হিন্দু ও বৌদ্ধগণ সুখশান্তিতে অতিবাহিত করিতেছেন। এ সময় হীনযান ও মহাযান এই দুই সম্প্রদায়ী বৌদ্ধগণের মধ্যেই কিছু দলাদলি চলিতেছিল। কর্ণসুবর্ণরাজ শশাঙ্ক বৌদ্ধদলনে বিশেষ তৎপর ছিলেন, কিন্তু এরূপ দৃষ্টান্ত অতি বিরল।

এই সময়ে কাশ্মীরেও বৌদ্ধধর্ম্মের প্রভাব সজীব ভাবেই বর্ত্তমান ছিল। কিন্তু এখানে কায়স্থবংশীয় রাজা দুর্লভবর্দ্ধনের রাজ্যগ্রহণের সহিত শৈব প্রভাব অল্পে অল্পে বর্দ্ধিত হওয়ার প্রমাণ পাওয়া যায়। তিনি নিজে শৈব হইলেও বৌদ্ধধর্ম্মের প্রতি বিরাগ প্রদর্শন করেন নাই।

নেপালেও রাজা এবং সাধারণ লোকে বৌদ্ধ ও হিন্দুধর্ম্মের প্রতি সমভাবে সমদর্শী ছিলেন।

আমরা পূর্ব্বে বলিয়াছি যে ৭৫০ খৃঃ অব্দ হইতে বৌদ্ধধর্ম্মের অবনতি আরম্ভ হয়, কিন্তু পশ্চিম ভারতবর্ষে ইহার পূর্ব্বেই মুসলমান কর্ত্তৃক সিন্ধুবিজয় দ্বারা (৭১২ খৃঃ) অবনতির সূত্রপাত হইয়াছিল।

সিংহলে ভিক্ষুগণের মধ্যে যে সাম্প্রদায়িক বিরোধ ছিল, তাহা অগ্রবোধির রাজত্বকালে অনেক পরিমাণে নির্ব্বাপিত হয়, কারণ এই সময়ে তামিলগণ বৌদ্ধদের প্রতি অত্যাচার করায় ইঁহাদের মধ্যে একতার বন্ধন দৃঢ়তর হইয়া উঠে। সঙ্ঘবোধি-পরাক্রম বাহু (১ম) (১১৫৩—১১৮৪ খৃঃ) নৃপতির রাজত্বকালে সর্ব্ব সম্প্রদায়ের মধ্যে একতাবন্ধনের জন্য বিশেষ চেষ্টা হয় এবং ১১৬৫ খৃষ্টাব্দে অনুরাধপুরের সঙ্গীতিতে তাহা কার্য্যে পরিণত হয়।

খৃষ্টীয় ১৩শ শতাব্দীর প্রথমে কলিঙ্গ হইতে মাঘ নামে এক রাজা পুনরায় বৌদ্ধদের প্রতি অত্যাচার আরম্ভ করেন। প্রায় ১২৫০ খৃষ্টাব্দে বিজয়বাহু রাজা হইয়া এই অত্যাচার নিবারণ করেন এবং বৌদ্ধধর্ম্মকে সজীব করেন। তাঁহার পুত্র পরাক্রমবাহু (৩য়) অতিশয় ধর্ম্মানুরাগী ও শিক্ষানুরাগী ছিলেন। সংস্কৃত ভাষায় তাঁহার অগাধ পাণ্ডিত্য ছিল এবং বহু পণ্ডিত তাঁহার সভায় স্থান পাইতেন।

সিংহলে বৌদ্ধধর্ম্ম অদ্য পর্য্যন্তও সমভাবে বর্ত্তমান রহিয়াছে। খৃষ্টান, মুসলমান ও হিন্দু ধর্ম্মের আক্রমণ সহ্য করিয়াও তাহা একেবারে তিরোহিত হয় নাই। সিংহলে উচ্চশ্রেণীর সকলেই বৌদ্ধধর্ম্মবিশ্বাসী। কিন্তু বর্ত্তমান সিংহলী বৌদ্ধধর্ম্ম হিন্দুধর্ম্মের ছায়া ও তৎপ্রভাবে জড়িত।

তান্ত্রিকতার প্রাধান্য যখন আরম্ভ হইয়াছে, তখন হইতেই বৌদ্ধধর্ম্মের অবনতির সূত্রপাত। এজন্য কেবল হিন্দুরা দায়ী নহে। বৌদ্ধগণও শেষকালে এই তান্ত্রিকতায় আস্থা স্থাপন করিয়া নানাপ্রকার অলৌকিক ক্রিয়াকলাপ ও সিদ্ধিলাভের আশায় ইহার চর্চ্চা করিতেন। অসঙ্গের তিরোভাব এবং ধর্ম্মকীর্ত্তির আবির্ভাব এই সময়ের মধ্যেই বৌদ্ধ তান্ত্রিকতার পরিপুষ্টি সাধিত হয়। ভোটদেশী লামা তারনাথ লিখিয়াছেন যে, ধর্ম্মকীর্ত্তির পরই অনুত্তর-যোগ প্রবল হইয়াছিল।

ভারতে বৌদ্ধধর্ম্মের প্রভাব লোপ

গৌড়ের পালরাজগণ বৌদ্ধধর্ম্মাবলম্বী ছিলেন, তাহার প্রমাণের অভাব নাই। এই পালরাজগণের সভায় বহু সিদ্ধ-বজ্রাচার্য্য নানা অলৌকিক কার্য্য দেখাইয়া সাধারণকে বিমুগ্ধ করিয়াছিলেন। এই সময়ে বজ্রযানের পরিণতি-কাল। এই সময়েই গুরুকর্ত্তৃক কর্ণে তান্ত্রিক বীজ মন্ত্রদানের ব্যবস্থা হয়।

এই পালবংশ ৭৭৫—১১৬১ খৃঃ অঃ রাজত্ব করেন। ইঁহাদের সময়ে বিক্রমশিলার মঠ তান্ত্রিক শাস্ত্র-চর্চ্চার একপ্রধান স্থান ছিল।

পালরাজ-বংশের পরে সেনরাজগণ প্রবল হন। ইঁহারা যদিও হিন্দুধর্ম্মাবলম্বী ছিলেন, কিন্তু বল্লালসেন নিজে তান্ত্রিক ধর্ম্ম গ্রহণ করায় বৌদ্ধদের প্রতি অত্যাচার করেন নাই। ১২০৩ খৃঃ অব্দে

মুসলমান-বিজয়ের পরে মগধ হইতে বৌদ্ধধর্ম্ম একবারে তিরোহিত হইল। উদ্দণ্ডপুর ও বিক্রমশিলার মঠ ভূমিসাৎ হইল। ভিক্ষুগণ কতক নিহত হইলেন এবং কতক পলায়ন করিলেন। উড়িষ্যা, নেপাল, ব্রহ্ম, কম্বোজ প্রভৃতি দেশে ভিক্ষুগণ আশ্রয় লইলেন। তন্মধ্যে বৌদ্ধাচার্য্য শাক্যশ্রী প্রথমে উড়িষ্যায় পরে তিব্বতে, রত্নরক্ষিত নেপালে, বুদ্ধমিত্র ও তাঁহার অনুসঙ্গিগণ দক্ষিণভারতে, সঙ্গম শ্রীজ্ঞান পার্ষদসহ ব্রহ্ম ও কম্বোজ প্রভৃতি স্থানে চলিয়া গেলেন। এইরূপে মগধ হইতে বৌদ্ধধর্ম্ম অন্তর্হিত হইল। কিন্তু যে যে স্থানে উক্ত মহাত্মারা পদার্পণ করিয়াছিলেন, তথা হইতে বৌদ্ধধর্ম্মের ক্ষীণ দীপালোক বহুকাল নির্ব্বাপিত হয় নাই। এখনও দক্ষিণবঙ্গ, উড়িষ্যা ও দক্ষিণ ভারতের স্থানে স্থানে সেই বৌদ্ধপ্রভাবের ক্ষীণ স্মৃতি বিদ্যমান। খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দী পর্য্যন্ত ভোটদেশীয় তীর্থযাত্রী ত্রিপুরা ও উড়িষ্যার পার্ব্বত্য-প্রদেশে বৌদ্ধধর্ম্মের নিদর্শন দেখিয়া গিয়াছেন, এখনও তাঁহার স্মৃতি ময়ূরভঞ্জের পার্ব্বত্য প্রদেশে বিদ্যমান।

কাশ্মীরে প্রায় চতুর্দ্দশ শতাব্দীর মধ্যভাগ পর্য্যন্ত বৌদ্ধ-প্রভাব বিদ্যমান ছিল। ১৩৪০ খৃষ্টাব্দে মুসলমানেরা আধিপত্য লাভ করিলে লাদক ভিন্ন অপর সকল স্থান হইতে বৌদ্ধধর্ম্ম তিরোহিত হইল।

বঙ্গদেশে খৃষ্টীয় ১৬শ শতাব্দী পর্য্যন্তও বৌদ্ধধর্ম্মের আলোক প্রজ্বলিত ছিল। খৃষ্টীয় ১৫শ শতাব্দীতে বাঙ্গালায় এক রাজা গয়ার বোধিবৃক্ষের পাদপীঠের জীর্ণ সংস্কার করিয়াছিলেন। উড়িষ্যার রাজা মুকুন্দদেব হরিচন্দন যদিও হিন্দু ছিলেন, তথাপি তাঁহার রাজত্ব সময়ে বৌদ্ধপ্রভাব পুনরায় সজীব হইয়া উঠিয়াছিল। মুসলমানেরাই সে আলোক নির্ব্বাণ করেন।

যে সকল আচার্য্য নেপালে গিয়াছিলেন, তাঁহাদের পার্ষদ তথায় বজ্রযানের প্রবর্ত্তক হইলেন। এই সম্প্রদায় মধ্যে বজ্রাচার্য্যই সর্ব্বপ্রধান গুরুর আসন লাভ করিলেন। আজও নেপালে 'বজ্রযান' প্রবল। এই সম্প্রদায় ঘোরতর তান্ত্রিক ও পঞ্চমকারের উপাসক। নেপালের ন্যায় তিব্বতেও বজ্রযান বা কালচক্রযানের প্রাধান্য লক্ষিত হয়। [নেপাল, তিব্বত, চীন, জাপান, ব্রহ্ম, শ্যাম, লামা প্রভৃতি শব্দ দ্রষ্টব্য।]

বাঙ্গালা ও হিন্দুস্থান হইতে বিতাড়িত হইয়া বৌদ্ধগণ নেপালে আশ্রয় গ্রহণ করেন। সেখানে তাঁহাদের প্রতি কোন অত্যাচার হয় নাই। এখনও নেপালে বহুসংখ্যক বৌদ্ধ বাস করিতেছেন। কিন্তু ধর্ম্মের প্রতি অনুরাগ, সংসার-বিতৃষ্ণা, মুক্তির ঐকান্তিক বাসনা প্রভৃতি যাহা বৌদ্ধধর্ম্মের আকর্ষণের বিষয় ছিল, তাহার কিছুই এখন বর্ত্তমান নাই।

এখনও নেপালে নামমাত্র বৌদ্ধভিক্ষু দেখা যায়। প্রকৃত প্রস্তাবে বজ্রাচার্য্য বা গৃহীতান্ত্রিক গুরুর আধিপত্যই প্রবল। এক সময়ে যেখানে মুক্তিকামী হইয়া সকলে তন্ত্র ও ধারণী সমূহ শ্রবণ করিত এখন তাহা অর্থকরী ব্যবসায়ে পরিণত হইয়াছে।

বর্ত্তমানকালে নেপালের বৌদ্ধদার্শনিক সমাজে স্বাভাবিক, ঐশ্বরিক, কার্ম্মিক ও যান্ত্রিক এই চতুর্বিধ মত প্রচলিত। এই চারি সম্প্রদায় নামমাত্র ত্রিরত্ন স্বীকার করিয়া থাকেন, কিন্তু তাঁহাদের নিকট ত্রিরত্নের অর্থ অন্যরূপ। তাঁহাদের নিকট বুদ্ধ অর্থে 'মন', ধর্ম্ম অর্থে 'ভূত' এবং সঙ্ঘ অর্থে উভয়ের সহিত জড় জগতের সম্পর্ক। স্বাভাবিকেরা চার্ব্বাক, ঐশ্বরিকেরা অনেকটা নৈয়ায়িক ও মীমাংসক এবং কার্ম্মিক ও যান্ত্রিকেরা দৈব ও পুরুষকারবাদী বলিলেই হয়। যদিও বহু পূর্ব্বকাল হইতে ঐ সকল মত প্রচলিত আছে, কিন্তু ত্রিরত্নের সহিত সম্বন্ধ ও সঙ্ঘের অভূতপূর্ব্ব ব্যাখ্যা আলোচনা করিলে ঐ সকল মত যে আধুনিক সময়ে নেপালে প্রচলিত হইয়াছে, তাহাতে সন্দেহ থাকে না।

বৌদ্ধধর্ম্মের শেষস্মৃতি ও প্রচ্ছন্ন বৌদ্ধ সম্প্রদায়।

যে বৌদ্ধধর্ম্ম সার্দ্ধদ্বিসহস্র বর্ষকাল পূর্ব্ব ভারতে প্রাধান্যলাভ করিয়াছিল, আবালবৃদ্ধবনিতা যে ধর্ম্মে সহস্র সহস্র বর্ষ অভ্যস্ত ছিল, সেই বৌদ্ধধর্ম্ম পূর্ব্বভারতে যে স্মৃতি না রাখিয়া এককালে তিরোহিত হইবে, তাহা কখন সম্ভবপর নহে।

মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় প্রমাণ করিয়াছেন যে, বঙ্গদেশে ধর্ম্মপণ্ডিতদিগের মধ্যে এখনও প্রচ্ছন্ন বৌদ্ধধর্ম্ম বিদ্যমান। ডোমপণ্ডিত ও শীতলাপণ্ডিতগণ ভূতপূর্ব্ব বৌদ্ধ প্রভাবের ক্ষীণ স্মৃতি জাগাইয়া রাখিয়াছে।

[ধর্ম্মঠাকুর শব্দে দ্রষ্টব্য।]

মহাযান এবং এই সম্প্রদায় হইতে উদ্ভূত মন্ত্রযান ও বজ্রযানেরা নানা বুদ্ধ, বোধিসত্ত্ব ও নানা শক্তিমূর্ত্তি এবং তাঁহাদের পূজা প্রচার করিলেও, নানা কুসংস্কার ও আবর্জ্জনায় বিশুদ্ধ বুদ্ধমত অন্ধকারাবৃত হইলেও, তাঁহারা এককালে লক্ষ্যভ্রষ্ট হন নাই, তাঁহাদের লক্ষ্য সেই মহাশূন্যবাদের দিকেই ছিল। বৌদ্ধেরা আপন ধর্ম্মকে কেবল 'ধর্ম্ম' বা 'সদ্ধর্ম্ম' এবং আপনাদিগকে 'সদ্ধর্ম্মী' বলিয়াই পরিচয় দিত।

কি হীনযান কি মহাযান উভয় সম্প্রদায় মধ্যেই ত্রিরত্নের যথেষ্ট সম্মান ছিল। পরবর্ত্তী মহাযানদিগের নিকট ত্রিরত্নই মূর্ত্তিপরিগ্রহ করিয়া উপাসিত হইলেন। ধর্ম্ম স্ত্রীমূর্ত্তি পরিগ্রহ করিয়া বুদ্ধদেবের বাম পার্শ্বে এবং সঙ্ঘ পুরুষমূর্ত্তিতে পরিণত হইয়া বুদ্ধের দক্ষিণ পার্শ্বে অধিষ্ঠিত হইয়া পূজা পাইতে লাগিলেন। ত্রিরত্নের এইরূপ পরিবর্ত্তন-চিত্র গয়ার মহাবোধি হইতে আবিষ্কৃত প্রাচীন ভাস্করশিল্প হইতে পাওয়া গিয়াছে।* যে ধর্ম্মের জন্য

* Cunningham's Mahabodhi, p. 55, plate XXVI.

বুদ্ধদেব অতুল রাজৈশ্বর্য্য পরিত্যাগ ও কঠোর সাধনা করিয়া সিদ্ধিলাভ করিয়াছিলেন, ক্রমে সেই ধর্ম্মই বৌদ্ধসাধারণের প্রধান উপাস্য এবং সেই ধর্ম্মই বুদ্ধ ও বুদ্ধশক্তির মধ্যে সর্ব্বপ্রধান আসন লাভ করিলেন। যে শূন্যবাদ বৌদ্ধধর্ম্মের প্রধান লক্ষ্য, সেই মহাশূন্যই ধর্ম্মদেবতার নামান্তর বলিয়া গণ্য হইলেন এবং এই নিরাকার মহাশূন্য হইতেই সমস্ত বুদ্ধ, দেবদেবী ও সর্ব্বজগতের উৎপত্তি কল্পিত হইল।

হিন্দু ও মুসলমানপ্রভাবে মহাযান বৌদ্ধপ্রভাব বিলুপ্ত হইলেও সাধারণের হৃদয়ে উক্ত ধর্ম্ম দেবতাটী যে আসন পাতিয়া বসিয়াছিলেন, তাঁহাকে সহজে কেহ সেই স্থান হইতে বিচ্যুত করিতে পারিল না। যাহারা ধর্ম্ম দেবতাকে ভূতপূর্ব্ব বৌদ্ধ ধর্ম্মাবশেষ বলিয়া ছাড়িতে পারিল না, গৌড়বঙ্গের ব্রাহ্মণপ্রধান সমাজে তাহারা হীন জাতিতেই পরিণত হইল, তাঁহাদিগের বংশধরেরা আজও ধর্ম্মঠাকুরের সেবক বা পূজক। মহাযান-প্রভাবের শেষাবস্থায় ধর্ম্ম নারামূর্ত্তি পরিগ্রহ করিলেও বঙ্গের ধর্ম্মপূজকদিগের নিকট সে মূর্ত্তি দুই এক স্থল ভিন্ন সর্ব্বত্র আদৃত হইয়াছিল বলিয়া মনে হয় না। বাঙ্গালার প্রায় সর্ব্বত্রই যেখানে বহুসংখ্যক নিম্নশ্রেণীর হিন্দুর অর্থাৎ ডোম, পোদ, দুলে, বাগ্‌দী, কৈবর্ত্ত প্রভৃতির বাস, সেখানেই ধর্ম্মরাজ পূজিত হন, বলিতে কি কোথাও সেই ধর্ম্মঠাকুরের মূর্ত্তি নাই, কোথাও একখানি নুড়ী,কোথাও একখানি নোড়া, ধর্ম্মঠাকুরের পূজা দখল করিতেছেন। পাথরের অক্রবক্র বা ঢোপ অনুসারে যে, যে রূপই কল্পনা করিয়া লউন, তাহাতে ক্ষতি নাই ; প্রকৃতপক্ষে তাঁহার কোন রূপ ছিল না, যদিও কোথাও ধ্যানীবুদ্ধমূর্ত্তি ধর্ম্মরাজরূপে পূজিত হইতেছেন, কিন্তু নানাস্থান হইতে যে ধর্ম্মঠাকুরের ধ্যান পাওয়া গিয়াছে, তাহা পাঠ করিলেই শূন্যমূর্ত্তির পরিচয় পাইবেন—

"যস্যান্তো নাদি মধ্যো ন চ করচরণৌ নাস্তিকায়ো নির্ণাদং
নাকারো নৈব রূপং ন চ ভয়মরণে নাস্তি জন্মানি যস্য।
যোগীন্দ্রৈ র্জ্ঞানগম্যং সকলদলগতং সর্ব্বলোকৈকনাথং
ভক্তানাং কামপূরং সুরনরবরদং চিন্তয়েৎ শূন্যমূর্ত্তিং॥"

এই শূন্যমূর্ত্তি কিরূপে হইল তাহা সর্ব্বদর্শনসংগ্রহে বৌদ্ধদর্শন প্রস্তাবে এইরূপ দৃষ্ট হয়—

"অস্তি নাস্তি তদুভয়ানুভয়চতুষ্কোটিবিনির্মুক্তং শূন্যরূপং"

বাস্তবিক বৌদ্ধদিগের সর্ব্বোচ্চদর্শনই শূন্যবাদ। প্রজ্ঞাপারমিতা প্রভৃতি প্রসিদ্ধ বৌদ্ধগ্রন্থগুলিতে শূন্যতা ও মহাশূন্যতা লইয়াই বিশেষভাবে আলোচনা। কোন হিন্দুশাস্ত্র এরূপ শূন্যবাদ সমর্থন করেন নাই, এবং পরবর্ত্তী হিন্দুদার্শনিকগণ শূন্যবাদ খণ্ডন করিতেই যত্নবান্ হইয়াছেন। মহাযানদিগের এই শূন্যবাদের আলোচনা করিবার কারণ এই যে, মহাযান সম্প্রদায় এক্ষণে অঙ্গ বঙ্গ কলিঙ্গ হইতে এককালে অন্তর্হিত হইলেও, ব্রাহ্মণ-প্রাধান্য-নির্দ্দেশক কোন হিন্দুশাস্ত্রে শূন্যবাদ স্বীকৃত না হইলেও আজও বঙ্গ উৎকলবাসীর ইতর সাধারণের মধ্যে শূন্যবাদের প্রভাব বিলুপ্ত হইতে পারে নাই, কেবল শূন্যপুরাণ বলিয়া নহে, বহু ধর্ম্মমঙ্গলে ও ডোম, হাড়ী, বাউরি প্রভৃতি নীচ জাতির ধর্ম্মবিশ্বাসে সেই শূন্যরূপ সুস্পষ্ট প্রতিভাত রহিয়াছে। কেবল বঙ্গের উক্ত সাম্প্রদায়িক মঙ্গলগ্রন্থ বা নীচজাতির বিশ্বাস বলিয়া নহে, ময়ূরভঞ্জের দুর্ভেদ্য জঙ্গলাবৃত প্রদেশ হইতে আবিষ্কৃত সিদ্ধান্ত-উড়ুম্বর, অময়পটল, অনাকার-সংহিতা প্রভৃতি উৎকল পুথি হইতেই মহাযানধর্ম্মের বিগত স্মৃতি পাওয়া গিয়াছে।

সিদ্ধান্ত উড়ুম্বরের প্রারম্ভেই এই শ্লোকটী দৃষ্ট হয়—

"অনাকাররূপং শূন্যং শূন্যং মধ্যে নিরঞ্জনঃ।
নিরাকারমঙ্গজ্যোতিঃ সংজ্যোতির্ভগবানয়ম্॥"

ধর্ম্মপূজাপ্রবর্ত্তক রামাই পণ্ডিতের শূন্যপুরাণেও এই শ্লোকটী আছে—

"শূন্যরূপং নিরাকারং সহস্রবিঘ্ননাশনম্।
সর্ব্বপরঃ পরোদেবঃ তস্মাত্বং বরদো ভব॥"

সুতরাং দেখা যাইতেছে উভয় গ্রন্থকারের লক্ষ্য শূন্যবাদ, উদ্দেশ্য এক।

নেপালী বৌদ্ধগণের স্বয়ম্ভূপুরাণের প্রারম্ভেও এইরূপ শ্লোক রহিয়াছে—

"নমো বুদ্ধায় ধর্ম্মায় সঙ্ঘরূপায় বৈ নমঃ।
স্বয়ম্ভুবে বিয়চ্ছান্তভানবে ধর্ম্মধাতবে॥১
অস্তি নাস্তি স্বরূপায় জ্ঞানরূপস্বরূপিণে।
শূন্যরূপস্বরূপায় নানারূপায় বৈ নমঃ॥৩"

রামাইপণ্ডিতের পদ্ধতিতেও আমরা দেখিতে পাই যে, সেই মহাশূন্যমূর্ত্তি "ললিত অবতার"-রূপ ধর্ম্ম হইতে আদ্যাশক্তি পার্ব্বতীর জন্ম, অতঃপর সেই পার্ব্বতী হইতে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের উৎপত্তি। এই ধর্ম্মরাজ আদ্য বা অনাদ্য নামেও সকল ধর্ম্মমঙ্গলে পরিচিত। ময়ূরভঞ্জের অনাকারসংহিতাতেও দেখি—

"ব্রহ্মা বিষ্ণু রুদ্র তাপরে দুর্গাএ পড়ান্তি আদ্যর গুরু।
সাম জজু রুক্ অথর্ব্বএ আদি পড়ান্তি অনাদ্যঠাকুর॥"

এখানে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও দুর্গা হইতেও আদ্য বা অনাদ্য ঠাকুরের শ্রেষ্ঠতা ঘোষিত হইতেছে।

পূর্ব্বেই বলিয়াছি যে, মহাযান-প্রবর্ত্তক উপনিষদের ব্রহ্মকেই মহাশূন্যরূপে গ্রহণ করিয়াছিলেন, রামাইপণ্ডিতের শূন্যপুরাণেও সেই কথা, সেই মহাশূন্যে লয় বা ব্রহ্মনির্ব্বাণের কথাই দেখি। উক্ত অনাকার-সংহিতায় লিখিত আছে—

"একা ব্রহ্ম দেখ জগতেরি পুরেহি
খিদ্র কলে পাই খেদ।
জাতি অজাতি জেনোহো প্রতিষ্ঠা
তাহারে নাহি অভেদ॥
অব্যক্ত হরি অনাকার পুরি
তেহুঁ পদপুর অছি।"

ধর্ম্মপূজার পদ্ধতিতে "ধাং ধীং ধং ধর্ম্মায় নমঃ" এইরূপ শূন্যমূর্ত্তি ধর্ম্মরাজের বীজ নির্দ্দিষ্ট আছে। ময়ূরভঞ্জের সিদ্ধান্ত-উড়ুম্বর পুথিতে 'ওঁ ধ্রীং শূন্যব্রহ্মায়ে নমঃ' এইরূপ শূন্যরূপ নিরঞ্জনের বীজ দৃষ্ট হয়। কোন হিন্দুশাস্ত্রে ব্রহ্মকে শূন্য বলিবে না; অতএব এটী যে খাঁটী মহাযান বৌদ্ধদিগের বীজমন্ত্র তাহা বলাই বাহুল্য।

পূর্ব্বেই বলিয়াছি, মহাযানদিগের নিকট ত্রিরত্নের একতম সঙ্ঘ পুরুষমূর্ত্তিতে পরিগৃহীত হইয়াছিলেন, বোধগয়ায় এখনও সেই মূর্ত্তি বিদ্যমান; গৌড়বঙ্গের ধর্ম্মোপাসকগণ সাধারণতঃ ঐ মূর্ত্তি গ্রহণ না করিলেও ধর্ম্মমঙ্গলসমূহের নায়ক প্রসিদ্ধ ধর্ম্মভক্ত লাউসেনের রাজধানী ময়নাগড়ের নিকট হইতে যে ধর্ম্মস্তব পাওয়া গিয়াছে, তাহা হইতে কিন্তু আমরা বুদ্ধগয়ার সঙ্ঘ মূর্ত্তিরই যেন সন্ধান পাইয়াছি, সেই স্তবটী এইরূপ—

"শ্বেতবস্ত্রং শ্বেতমাল্যং শ্বেতযজ্ঞোপবীতকম্।
শ্বেতাসনং শ্বেতরূপং নিরঞ্জনং নমোঽস্তু তে॥"

উক্ত আদর্শ রাখিয়া ময়ূরভঞ্জের সিদ্ধান্ত উড়ুম্বর গ্রন্থে ধর্ম্ম ও সঙ্ঘকে একত্র লক্ষ্য করিয়া প্রসিদ্ধ বিষ্ণুর ধ্যানটী কল্পিত হইয়াছে, যথা—

"ওঁ শুক্লাম্বরধরং দেবং শশিবর্ণং চতুর্ভুজম্।
প্রসন্নং বদনং ধ্যায়েৎ সর্ব্ববিঘ্নোপশান্তয়ে॥"

যেখানে উক্ত ধ্যানটী আছে, তৎপূর্ব্বে এইরূপ ধর্ম্মগায়ত্রী দৃষ্ট হয়—

"ওঁ সিদ্ধদেবঃ সিদ্ধঃ ধর্ম্মো বরেণ্যমস্ত ধীমহি।
ভর্গদেবো ধীয়ো য়োন সিদ্ধধর্ম্ম প্রচোদয়াৎ॥"
(সিদ্ধান্ত উড়ুম্বর ১২ অঃ)

উক্ত গায়ত্রীতে সিদ্ধদেব বা সিদ্ধার্থ বুদ্ধ, সিদ্ধ বা বৌদ্ধ সঙ্ঘ ও ধর্ম্ম অর্থাৎ বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘ এই ত্রিরত্নেরই মহিমা এবং ত্রিশরণ-দীক্ষা-মন্ত্র বিঘোষিত। আশ্চর্য্যের বিষয় সিদ্ধান্ত উড়ুম্বর গ্রন্থকার উক্ত গায়ত্রীকে বাউরি জাতির গায়ত্রী বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। সিদ্ধান্ত উড়ুম্বরে বাউরি জাতির উৎপত্তি-কথা এইরূপ পাওয়া যায়—

"নিরাকার দক্ষিণরু বিপ্র হোএ জাত।
উত্তর অঙ্গরু জান গোপাল সম্ভূত॥ ১৭
বদন অন্তরে বিশ্বামিত্র মুনি কহি।
তাহাঙ্কু অঙ্গরে বাউরি জাত হোই॥ ১৮
বিশ্বামিত্র জ্যেষ্ঠ সুত পুত্র হাদে জান।
সেইটী বাউরি অনন্তকাণ্ডী নাম॥ ২১

এবে বাউরি বার পুত্র নাম কহিবা। পদ্মালয়াপুত্র দুলি বাউরি অটন্তি। ব্রাহ্মণ সঙ্গে বেদ পড়ুথান্তি। ব্রাহ্মণ জ্যেষ্ঠ বাউরি কনিষ্ঠ। এ পড়ুথিলে রাজা প্রতাপরুদ্রঙ্ক ঠারু গোপ্য করি রখি অচ্ছন্তি।"

সিদ্ধান্ত-উড়ুম্বর হইতে অজ্ঞাতপূর্ব্ব কতকগুলি কথা পাইতেছি। অবশ্য ঐ আখ্যায়িকাটী পৌরাণিক ছাচে ঢালা, কিন্তু আশ্চর্য্যের বিষয় কি হিন্দু কি বৌদ্ধ কোন পৌরাণিক গ্রন্থে ওরূপ আখ্যায়িকার সমর্থন পাইলাম না। ইহাতে মনে হয় যে, সিদ্ধান্ত-উড়ুম্বর রচনা কালে অর্থাৎ দুই শত বর্ষেরও পূর্ব্বে বাউরি-সমাজে যেরূপ প্রবাদ প্রচলিত ছিল অথবা সেই প্রবাদ-সমর্থক যদি কোন গ্রন্থ থাকে, তদবলম্বনে উড়ুম্বরকার বাউরি জাতির পরিচয় দিয়া গিয়াছেন। আমরা বেশ বুঝিতেছি যে নিরাকারের দক্ষিণ উরু হইতে বিপ্র ও মুখ হইতে বিশ্বামিত্রের জন্ম এবং তাঁহা হইতেই বাউরি জাতির উৎপত্তি। এই নিরাকরের দক্ষিণ অঙ্গ হইতে পদ্মালয়া নামে দেবী জন্ম গ্রহণ করেন, তাঁহার গর্ভে বিশ্বামিত্রের ঔরসে অনন্ত কাণ্ডী নামে বাউরির উৎপত্তি। অনন্তকাণ্ডি দুলি বাউরি নামেও প্রসিদ্ধ হন। দুলি বাউরি ও তাঁহার বংশধরগণ ব্রাহ্মণগণের সহিতই বেদ পাঠ করিতেন। এ সময়ে ব্রাহ্মণ জ্যেষ্ঠ ও বাউরি কনিষ্ঠ সহোদর বলিয়াই গণ্য হইতেন। বায়োকাণ্ডি, পরমানন্দ ভোই ও রাধো শাসমল এই তিন জনেই পদ্মালয়ার বংশধর। এই তিন জনে দুলি বাউরি। বিশ্বামিত্রের দ্বিতীয়া ভার্য্যার নাম চিত্রোর্ব্বশী, তাঁহার গর্ভে কুশ-সর্ব্বা, বিধুকুশ ও উর্ব্বকুশ এই তিন পুত্র জন্মে, এই পুত্রত্রয় হইতেই বাউরি। বিশ্বামিত্রের তৃতীয়া ভার্য্যা গন্ধকেশী হইতে প্রযশা, উদ্যম ও সাধুধর্ম্ম নামে তিন পুত্র হয়, তাহারা বাঘুতি (বাগ্‌দী) নামে পরিচিত এবং বিশ্বামিত্রের ৪র্থা ভার্য্যা বায়ুরেখা হইতে জয়-সর্ব্বা, বিজয়সর্ব্বা ও বীর্য্যকেতু নামে তিন পুত্র জন্মে; ইহারা শবর নামে পরিচিত হয়। উক্ত দুলি বাউরি, বাঘুতি ও শবর হইতে আবার সর্ব্বশুদ্ধ ১২টী জাতি বা শাখাভেদ ঘটে। যথা দুলি বাউরি, কাহাল, অজয় কাহাল, গুরু কাহারি, ঐরি, বাউরি, শবর, জুআঙ্গ, যাদু, ভাদু, গুরু ও নূধন।

এখানে একটী কথা বলিয়া রাখি, যদিও সিদ্ধান্ত-উড়ুম্বরের বিবরণ অপর কোন গ্রন্থে দেখি নাই। কিন্তু বিশ্বামিত্র হইতে শবর জাতির উৎপত্তি, একথা আমরা ঋগ্‌বেদের ঐতরেয় ব্রাহ্মণে পাইয়াছি। যথা—"ত এতেঽন্ধ্রাঃ পুণ্ড্রাঃ শবরাঃ পুলিন্দা মূতিবা

ইত্যুদন্ত্যা বহবো ভবন্তি। বৈশ্বামিত্রাঃ দস্যূনাং ভূয়িষ্ঠাঃ।"(৭।৩।৬)

সিদ্ধান্ত-উড়ুম্বরের উক্ত পৌরাণিক বিবরণী মধ্যেও যে বহু প্রাচীন ঐতিহাসিকতত্ত্ব নিহিত আছে, তাহা ঐতরেয় ব্রাহ্মণের সমর্থনে বুঝিতেছি।

সিদ্ধান্ত-উড়ুম্বকার উক্ত পরিচয় মধ্যে একটী বিশেষ কথা লিখিয়াছেন, তাহা এই—

পদ্মালয়ার তিন পুত্রের মধ্যে জ্যেষ্ঠের সহিত বিষ্ণুর সম্ভাষণ ঘটে, বিষ্ণু শঙ্খাসুর মারিয়া তাঁহাকে সঙ্খ দিয়াছিলেন। এই রূপে পদ্মালয়ার বংশধরগণ পঞ্চজন সঙ্খের সম্ভাষণ জানিয়া ছিলেন। অপর ৯ ভাই তাহার অংশ স্পর্শেও অধিকারী হয় নাই।

এখানে সঙ্খ শব্দে বৌদ্ধ 'সঙ্ঘ'। শূন্যপুরাণেও এইরূপে 'সঙ্ঘের' স্থানে 'সঙ্খ' শব্দ ব্যবহৃত হইয়াছে *। বৌদ্ধধর্ম্মানভিজ্ঞ ইতর সাধারণের নিকট 'সঙ্ঘ' 'সঙ্খে' পরিণত হইয়াছে, এরূপ প্রমাণেরও অভাব নাই।† সঙ্ঘের শত্রুগণকে মারিয়া বুদ্ধদেবের জন্যই জ্যেষ্ঠ ঢুলি বাউরি সঙ্ঘাধিপ হইয়াছিল। এইরূপে তাঁহার ও তদীয় ভ্রাতৃদ্বয়ের বংশধরগণ বৌদ্ধ-সঙ্ঘে প্রবেশ করিয়াছিলেন। কিন্তু অপর ৯ শাখা সঙ্ঘে প্রবেশ করে নাই অর্থাৎ বৌদ্ধ ধর্ম্ম গ্রহণ করে নাই, তাহারা অস্পৃশ্য বলিয়া গণ্য হইয়াছিল।

সিদ্ধান্ত-উড়ুম্বরকার স্পষ্টই লিখিয়াছেন "ঢুলি বাউরি অটন্তি, ব্রাহ্মণ সঙ্গে বেদ পড়ুথান্তি। ব্রাহ্মণ জ্যেষ্ঠ বাউরি কনিষ্ঠ। এ পড়ুথিলে রাজা প্রতাপরুদ্রঙ্কঠারু গোপ্য করি রখি অচ্ছন্তি।"

উদ্ধৃত প্রমাণ হইতে বেশ জানিতেছি যে বাউরি জাতি রাজা প্রতাপরুদ্রের সময় পর্য্যন্ত বৌদ্ধাচার পালন করিয়াই চলিত, ব্রাহ্মণের সমকক্ষ বলিয়াই গণ্য হইত। রাজা প্রতাপরুদ্রের সময়ই এই জাতির অধঃপতন ঘটে। রাজা প্রতাপরুদ্র মহাপ্রভু চৈতন্যদেবের সমসাময়িক। ঐ সময়ে উড়িষ্যা ও দাক্ষিণাত্যের নানা স্থানে যে বৌদ্ধসমাজ বিদ্যমান ছিল, তাহা মহাপ্রভু চৈতন্যদেবের ভ্রমণবৃত্তান্তলেখক গোবিন্দদাসের কড়চা ও তাঁহার চরিতাখ্যায়ক চূড়ামণিদাসের চৈতন্য-মঙ্গল হইতেই জানা গিয়াছে। চৈতন্য-প্রবর্ত্তিত বৈষ্ণব ধর্ম্মে শ্রেষ্ঠ বৌদ্ধ ধর্ম্মের সার এবং নিম্ন শ্রেণীর বৈষ্ণব বা সহজিয়ার মধ্যে হীন বৌদ্ধ ধর্ম্ম ওতপ্রোতভাবে যে মিশিয়া রহিয়াছে, তাহারও যথেষ্ট প্রমাণ পাওয়া গিয়াছে। যুগল-ভজন প্রভৃতি সহজিয়াদিগের প্রধান অঙ্গ যে বিলুপ্ত বৌদ্ধ ধর্ম্মের জঞ্জাল হইতে গৃহীত, তাহা নেপাল হইতে আবিষ্কৃত কানুভট্টের 'চর্য্যাচর্য্যাবিনিশ্চয়' নামক বৌদ্ধ গ্রন্থ পাঠে জানা গিয়াছে।* ষ্টার্লিং সাহেব উৎকলাধিপতি প্রতাপরুদ্রের সভায় প্রথমে বৌদ্ধদিগের সমাদর এবং শেষে বৌদ্ধ নিগ্রহের ইতিহাস বর্ণনা করিয়া গিয়াছেন।†

সিদ্ধান্ত উড়ুম্বর ও উক্ত উৎকলের ইতিহাস একত্র আলোচনা করিয়া বুঝিতেছি যে, বাউরি জাতীয় বৌদ্ধাচার্য্যগণই রাজনিগ্রহে প্রচ্ছন্নভাব অবলম্বন করিতে বাধ্য হইয়াছিল। রাজনিগ্রহ, বিশেষতঃ ব্রাহ্মণভয়ে তাঁহারা অতি গোপনে স্বধর্ম্মাচরণ করিতে লাগিল, এই সঙ্গে তাহারা বুদ্ধ ও বৌদ্ধশক্তিগণের নাম গোপন করিয়া ফেলিল। বিষ্ণুই বুদ্ধ অবতার হইয়াছিলেন, এই বিশ্বাসে তাহারাবুদ্ধের স্থানে বিষ্ণুকে বসাইল, হিন্দু দেবদেবীকে উপাস্য বলিয়া স্বীকার করিলেও তাহাদের প্রধান লক্ষ্য হইতে তাহারা সরিয়া পড়িল না, শূন্যবাদের মূল ধর্ম্মকেই তাহারা সর্ব্বপ্রধান করিয়া রাখিল। ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরও তাহাদের ধর্ম্মের কাছে খর্ব্ব রহিলেন। বাঙ্গালায় ধর্ম্মভক্ত ধর্ম্মপণ্ডিত ও ডোম পণ্ডিতগণ যেমন হিন্দু সমাজে অস্পৃশ্য, রাজনিগ্রহে হিন্দুসমাজের শাসনে বাউরি জাতিও সেইরূপ অস্পৃশ্য হইল। সিদ্ধান্ত উড়ুম্বরকার বলিতেছেন,—"কলিযুগে ন ছুইব। বাউরি ছুইলে সকল পাতক ক্ষয় হব বোলি বিষ্ণুমায়া করি গোপ্য করি রখি অচ্ছন্তি।"

এখানে সিদ্ধান্ত-উড়ুম্বরকার বাউরিজাতিকে অস্পৃশ্য বলিয়াও যেরূপভাবে বাড়াইয়াছেন, তাহাতে তাঁহাকেও আমরা কোন প্রচ্ছন্ন বৌদ্ধ বা ডোমপণ্ডিতদিগের ন্যায় কোন বাউরি-পণ্ডিত বলিয়াই মনে করি। বঙ্গের ধর্ম্মপণ্ডিতগণ "ধর্ম্মকেই" সর্ব্ব শ্রেষ্ঠাসনে অধিষ্ঠিত করিয়াছেন। কিন্তু সিদ্ধান্তউড়ুম্বর হইতে জানিতেছি যে, বাউরিজাতি প্রাচীন মহাযানসম্প্রদায়ের ন্যায় মহাশূন্যতা বা শূন্যব্রহ্মকেই সর্ব্বজগতের মূল বলিয়া ঘোষণা করিয়াছে। অর্থাৎ তাঁহাদের প্রচ্ছন্ন বৌদ্ধমত মধ্যে মহাযানদিগের খাঁটী শূন্যবাদেরই আভাস পাওয়া যায়।

রাজা প্রতাপরুদ্রের সময় খৃষ্টীয় ১৬শ শতাব্দে বৌদ্ধধর্ম্ম উৎকলে প্রবল ছিল, তাহার প্রমাণ পাইয়াছি। কিন্তু রাজনিগ্রহে বৌদ্ধপ্রভাবের অবসান হইলেও বৌদ্ধসম্প্রদায় এককালে বিলুপ্ত হইয়াছিল বলিয়া বোধ হয় না। সম্ভবতঃ রাজনিগ্রহভয়ে বৌদ্ধগণ উড়িষ্যার গড়জাতসমূহের দুর্গম পার্ব্বত্যপ্রদেশে আশ্রয় লইয়াছিল।

উৎকলের শেষ স্বাধীননৃপতি মুকুন্দদেব, এক সময়ে উত্তরে ত্রিবেণী ও দক্ষিণে গঞ্জাম পর্য্যন্ত যাঁহার অধিকারভুক্ত ছিল, তিনিও যে কতকটা বৌদ্ধানুরাগী ছিলেন এবং তাঁহার অধিকারে

* সাহিত্য-পরিষদ্ হইতে প্রকাশিত শূন্যপুরাণ ৮৩ পৃষ্ঠা।

† Mahomahapadhyaya H. P. Shastri's Living Buddhism in Bengal, p. 21.

* মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় এই গ্রন্থখানি আবিষ্কার করিয়াছেন। সহস্রবর্ষের প্রাচীন বাঙ্গালায় লিখিত। গ্রন্থখানি নিতান্ত অশ্লীল।

† Sterling's Orissa, (Ed of 1904), p. 80-81.

বৌদ্ধগণের বাস ছিল, তিব্বতীভাষায় সুম্পো খাম্পো রচিত পগ্‌সম্‌ জোন্‌জম্‌ নামক গ্রন্থ হইতে জানা যায়—

"Mukunda Deva (Dharma Raja) king of Otivisa (Orissa), who favoured Buddhism, became powerful. His power extended up to Magadha. He too did some service to the cause of Buddhism."*

খৃষ্টীয় ১৭শ শতাব্দেও যে বৌদ্ধধর্ম্মের ক্ষীণালোক নানাস্থানে প্রজ্বলিত ছিল, তাহার কিছু কিছু পরিচয় পাওয়া গিয়াছে। তিব্বতীয় বৌদ্ধধর্ম্মের ইতিহাসলেখক Dr. Waddel ভোট-ভাষায় রচিত বুদ্ধগুপ্ত তথাগতনাথের ভ্রমণবৃত্তান্ত প্রকাশ করিয়াছেন, উক্ত মহাত্মা ১৬০৮ খৃষ্টাব্দে ভারত পর্য্যটন করেন। তাঁহার ভ্রমণবিবরণী হইতে জানা যায় যে খৃষ্টীয় ১৭শ শতাব্দীতেও ত্রিপুরার দেবীকোট, হরিভঞ্জ, ফুক্‌রাঢ় ও পালগড়ে বহু বৌদ্ধযতি ও বহু বৌদ্ধগ্রন্থ বিদ্যমান ছিল।

বুদ্ধগুপ্ত-তথাগতনাথ পার্ব্বত্যত্রিপুরারাজ্য দর্শন করিয়া হরিভঞ্জ নামক স্থানে আসিয়াছিলেন। এই স্থানকে আমরা ময়ূরভঞ্জ বলিয়াই মনে করি। খৃষ্টীয় ১৭শ শতাব্দে অর্থাৎ বুদ্ধগুপ্তের সময়ে হরিহরভঞ্জ-প্রতিষ্ঠিত হরিহরপুরে ময়ূরভঞ্জের রাজধানী। বিদেশী কর্ত্তৃক হরিহরপুর বা হরিপুর ও ময়ূরভঞ্জ একত্র 'হরিভঞ্জ' নামে আখ্যাত হওয়া কিছু বিচিত্র নহে। হরিপুরে এক সময় যে বৌদ্ধসংস্রব ছিল, তাহা এখানকার ধ্বংসাবশেষ হইতে আবিষ্কৃত জাঙ্গুলীতারা হইতে আভাস পাওয়া যায়। বুদ্ধগুপ্ত এই অঞ্চলে হরিভঞ্জচৈত্য দর্শন করিয়াছিলেন, এখানে তিনি হিতগর্ভকন্যা নামে এক বৌদ্ধ উপাসিকা ও এক প্রধান ধর্ম্মপণ্ডিতের জীবনী হইতে অনেক গুহ্যতত্ত্ব অবগত হইয়াছিলেন।

হরিভঞ্জের অবস্থান-নির্ণয়

ফুক্‌রাঢ় বা ফুগ্‌রাঢ়—তিব্বতীভাষায় 'ফুগ্‌' অর্থে সিদ্ধ-গুহা†। সিদ্ধগুহাবেষ্টিত রাঢ়প্রদেশই ফুগ্‌রাঢ়। বর্ত্তমান বাঙ্গালা প্রদেশের পশ্চিমদক্ষিণাংশ যেমন "রাঢ়" নামে অভিহিত, সেইরূপ ময়ূরভঞ্জের পার্ব্বত্যপ্রদেশও অধিবাসিগণের নিকট "রাঢ়" বলিয়াই পরিচিত, কেবল স্থানীয় অধিবাসী বলিয়া নহে, সমস্ত উৎকলবাসীর নিকট ময়ূরভঞ্জই "রাঢ়" নামে পরিচিত। এরূপ স্থলে হরিভঞ্জের নিকটবর্ত্তী সিদ্ধগুহাবেষ্টিত (ফুক্‌) রাঢ়কে ময়ূরভঞ্জের পার্ব্বত্যপ্রদেশ বলিয়াও মনে করিতে পারি। উড়িষ্যার গড়্‌জাতসমূহের অন্য-তম বর্ত্তমান "পাললহরা" রাজ্যই ভোটভ্রমণ-কারীর পালগড় বলিয়া মনে হয়। এখানেও শুনিয়াছি, এক সময়ে বৌদ্ধপালরাজগণের বংশধরগণ রাজত্ব করিতেন এবং বৌদ্ধকীর্ত্তিরও অভাব নাই।

ফুক্‌রাঢ়ের সংস্থান

পালগড়ের সংস্থান

খৃষ্টীয় ১৭শ শতাব্দেও যেখানে বৌদ্ধ উপাসিকা হিতগর্ভকন্যা অবস্থিতি করিতেন, ধর্ম্মপণ্ডিতের জীবনী ও তাঁহার প্রবর্ত্তিত গুহ্যতত্ত্ব যেখানে সকলে আদরে অধ্যয়ন করিতেন, যেখানে বহু যতি ও বহু বৌদ্ধগ্রন্থের অভাব ছিল না, সেই হরিভঞ্জচৈত্য কোথায়?

ময়ূরভঞ্জের বর্ত্তমান রাজধানী বারিপদা হইতে ৮ ক্রোশ দূরে অবস্থিত বর্ত্তমান বড়সাই গ্রামে বোধিপুকুরের নিকট হইতে ক্ষুদ্র চৈত্যমূর্ত্তি বাহির হইয়াছে, ঐ স্থানের নিকটই যে প্রাচীন হরিভঞ্জ চৈত্যের অবস্থান ছিল, তাহা উক্ত স্থান পরিদর্শন করিয়া আমাদেরও ধারণা হইয়াছে।

নেপালের নানা স্থানের চৈত্যের অবস্থান পর্য্যবেক্ষণ করিয়া জানা গিয়াছে, যেখানে কোন বৃহৎ চৈত্য আছে, সেখানেই তাহার আদর্শস্বরূপ এক বা একাধিক ক্ষুদ্র চৈত্য দৃষ্ট হয়। নেপালের যে কোন মধ্যযুগের বা বর্ত্তমান চৈত্যে আদিবুদ্ধ, পঞ্চধ্যানীবুদ্ধ, ত্রিরত্ন বা বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘের মূর্ত্তি এবং চৈত্যপার্শ্বে হারীতীর মূর্ত্তি বিদ্যমান।

বড়সাইগ্রামের মধ্যেও ঐরূপ ক্ষুদ্র চৈত্য দেখিয়াছি, এই ক্ষুদ্র চৈত্য এখন "চন্দ্রসেনা" নামে স্থানীয় হিন্দুসাধারণের নিকট পরিচিত। এইরূপ চৈত্যটীকেই আমরা বৃহৎ চৈত্যের আদর্শরূপ বলিয়াই মনে করি।

নেপালের প্রত্যেক ক্ষুদ্র, বৃহৎ বা আদর্শ চৈত্যের চারিপার্শ্বে বা কুলুঙ্গীতে অক্ষোভ্য, রত্নসম্ভব, অমিতাভ ও অমোঘসিদ্ধি এই চারি 'ধ্যানী'বুদ্ধ দৃষ্ট হয়।*

বড়সাইগ্রামের উক্ত আদর্শ চৈত্যের চারিপার্শ্বে ঐ রূপ চারিটী মূর্ত্তি আছে, এই চারিটী মূর্ত্তি অক্ষোভ্যাদি চারিটী ধ্যানীবুদ্ধের রূপ না হইলেও উক্ত চতুর্বুদ্ধের বাহন ও তাঁহাদের পুত্র চারি বোধিসত্ত্বের মূর্ত্তি আছে—যেমন অক্ষোভ্যস্থানে তাঁহার বাহন

* Journal of the Asiatic Society of Bengal, Vol LXIV. Part. I. p. 26.

† See Tibetan English Dictionary, by S. C. Das, p. 823.

* Oldfield's Nepal, vol. II. p. 214.

এসম্বন্ধে নেপালী বৌদ্ধদিগের বৃহৎ স্বয়ম্ভূপুরাণেও বর্ণিত আছে—

"মধ্যে বৈরোচনঞ্চাপি পূর্ব্বে অক্ষোভ্যমিত্যপি।
দক্ষিণে রত্নসম্ভবং অমিতাভং পশ্চিমে অপি।
উত্তরেঽমোঘসিদ্ধিঞ্চ ইতি পঞ্চ তথাগতম্।"

বৃহৎ স্বয়ম্ভূপুরাণ (Society's Edition) p. 370-1

হস্তী ও তদুপরি দণ্ডায়মান বজ্রপাণিবোধিসত্ত্ব, রত্নসম্ভবস্থানে তাঁহার বাহন অশ্ব এবং তদুপরি দণ্ডায়মান রত্নপাণিবোধিসত্ত্ব, এইরূপ অমিতাভ স্থানে তাঁহার বাহন ময়ূরপক্ষী ও তদুপরি পদ্মপাণিবোধিসত্ত্ব এবং অমোঘসিদ্ধের স্থানে তাঁহার বাহন গরুড় ও তদুপরি বিশ্বপাণির মূর্ত্তি। ঊর্দ্ধে মধ্যভাগে বৈরোচন স্থানে একটী মুখাকৃতি রহিয়াছে।

উক্ত চৈত্যপার্শ্বে ত্রিরত্নের অন্যতম চতুর্ভুজা ধর্ম্মমূর্ত্তি বিরাজমানা। নেপালে বহু চৈত্যে এইরূপ ধর্ম্মমূর্ত্তি আছে।*

বড়সাই গ্রামে উক্ত চতুর্ভুজা ধর্ম্মমূর্ত্তির নিকটই শীতলা বা হারীতীর মূর্ত্তি রহিয়াছে। পূর্ব্বেই লিখিয়াছি, নেপালের প্রত্যেক বৌদ্ধচৈত্যে বা মন্দিরের পার্শ্বে শীতলা বা হারীতীর মূর্ত্তি দেখা যায়।† নেপালীবৌদ্ধদিগের বৃহৎ স্বয়ম্ভুপুরাণেও এইরূপ বর্ণিত হইয়াছে—

"ততশ্চ হারীতীং দেবীং পঞ্চপুত্রশতৈর্বৃতাম্।
শ্রীস্বয়ম্ভুপশ্চিমাগ্রে দক্ষিণাঙ্গং সংস্থাপিতম্॥
যে চ বা বা মনুষ্যাশ্চ পঞ্চোপচারকৈরপি।
মন্থধারাদিভিঃ পূজ্যাঃ মাংসৈ র্বলিভির্মীনকৈঃ॥
লেহ্যৈঃ পেয়ৈঃ খাদ্যৈঃ পানৈঃ ভক্তপিণ্ডাভ্যাং পূজিতম্।
তস্যাঃ পুণ্যপ্রসাদাচ্চ ন জাতু ঈত্যুপদ্রবান্॥
অত্রজা অন্যজা লোকাঃ শৈবাপি বৌদ্ধসেবকাঃ।
হারীত্যামপি যক্ষিণ্যাং সদা মুদা প্রপূজিতম্॥" (৭ম অঃ)

এখন স্থির হইল যেখানে চৈত্য, সেখানেই ত্রিরত্ন, ও ধ্যানীবুদ্ধশোভিত আদর্শ চৈত্য, তাহারই নিকট হারীতীর অধিষ্ঠান সম্ভাবনা। বড়সাইগ্রামে একস্থানে উক্ত তিন মূর্ত্তি হইতে কি স্পষ্ট মনে হইতেছে না, যে একসময়ে এখানে একটী বৃহৎ চৈত্য ছিল। এখানকার অধিবাসিগণ বলিয়া থাকে যে বড়সাই গ্রামের পার্শ্ববর্ত্তী বোধিপুকুরের নিকটই পূর্ব্বে উক্ত মূর্ত্তিত্রয় বিদ্যমান ছিল, অল্পদিন হইল তথা হইতে গ্রাম মধ্যে আনিয়া রাখা হইয়াছে। বোধিপুকুরের চারিদিকে এখন বিস্তীর্ণ কৃষিক্ষেত্র, একসময়ে এই পুষ্করিণীর নিকটই যে বৌদ্ধচৈত্য ছিল এবং তাহা হইতেই যে পুষ্করিণীর বোধিপুকুর নাম হইয়াছে, তাহাতে সন্দেহ নাই। সেই প্রাচীন বৌদ্ধচৈত্যের এখন আর কোন চিহ্ন নাই; অর্দ্ধশতাব্দী পূর্ব্বেও যে সামান্য স্মৃতিপরিচায়কচিহ্ন ছিল, কৃষকদিগের হলচালনায় সে সকল চিহ্নও স্থানান্তরিত হইয়াছে, কেবল মধ্যে মধ্যে বড় বড় কাটা পাথর ক্ষীণস্মৃতি জাগাইয়া রাখিয়াছে।

হরিপুরের ৩ ক্রোশ দূরে উক্ত বোধিপুখুর,—বোধিপুখুরের পার্শ্বস্থ বড়সাই গ্রাম ভিন্ন হরিপুরের নিকটবর্ত্তী আর কোনস্থানে ঐরূপ বৌদ্ধচৈত্যনিদর্শন পাওয়া যায় নাই। এই কারণই বড়সাইর নিকটস্থ বুদ্ধগুপ্তবর্ণিত হরিভঞ্জচৈত্যের অবস্থান স্বীকার করি। তথাগতনাথ এখানে বিস্তর গুহ্যশাস্ত্র ও ধর্ম্মপণ্ডিতের জীবনী শুনিয়াছিলেন। বাস্তবিক এই বড়সাই গ্রাম হইতেই প্রচ্ছন্ন বৌদ্ধমতসমর্থক সিদ্ধান্তউড়ুম্বর, অনাকারসংহিতা, অমরপটল প্রভৃতি অপূর্ব্বগ্রন্থ আবিষ্কৃত হইয়াছে। বলিতে পারি না এই অঞ্চলে বিশেষ অনুসন্ধান করিলে ঐরূপ কত জিনিস মিলিতে পারে। ধর্ম্মপূজাপ্রবর্ত্তক রামাইপণ্ডিতের শূন্যপুরাণের ও এখানকার সিদ্ধান্তউড়ুম্বরগ্রন্থের মূলসূত্র বা লক্ষ্য যে এক, তাহা পূর্ব্বেই লিখিয়াছি।

বড়সাইর উক্ত ধর্ম্ম, চৈত্য ও হারীতীপূজায় এখনও ব্রাহ্মণের অধিকার নাই, অতি নিম্নশ্রেণীর দেহুরী আসিয়া পূজা করিয়া যায়। পূর্ব্বে বাথুড়িরাই কেবল পূজা করিত, এখনও সময়ে সময়ে তাহারা আসিয়া পূজা করিয়া যায়। যে দিন বৌদ্ধজগতের সর্ব্বত্র বুদ্ধদেবের জন্মোৎসব হইয়া থাকে, অদ্যাপি সেই স্মরণীয় বৈশাখীপূর্ণিমার দিন উক্ত বড়সাই গ্রামে চন্দ্রসেনা নামে পরিচিত উক্ত বৌদ্ধচৈত্যের পূজা ও মহোৎসব হইয়া থাকে। সাধারণের বিশ্বাস, স্মরণাতীতকাল হইতে এখানে বৈশাখীপূর্ণিমার মহোৎসব চলিয়া আসিতেছে, ইহা "উড়াপর্ব্ব" নামে পরিচিত। এই উৎসবে ২০।২৫ হাজার নিম্নশ্রেণীর লোক সমবেত হইয়া থাকে, তন্মধ্যে বাথুড়ির সংখ্যা কম নহে। তাহারা 'ভকত'বেশে আসিয়া চৈত্যপূজা, বাণফোড়া ও চড়কে ঘুরিয়া থাকে। এরূপ উৎসাহ ময়ূরভঞ্জের মধ্যে আর কোথাও দেখা যায় না। সময়ে সময়ে ২০০ পর্য্যন্ত 'ভকত' মানত করিয়া বাণফুঁড়িয়া ও সেই ফোড়ে কাপড় জড়াইয়া চড়ক গাছে ঘুরিয়া থাকে। এ সময়ে সাধারণে উক্ত ক্ষুদ্রচৈত্যের পূজা উপলক্ষে অসাধারণ ভয়ভক্তি প্রদর্শন করিয়া থাকে। এমন কি ব্রাহ্মণেরাও আসিয়া ঐ সময়ে উহার নিকট মস্তক অবনত করিয়া থাকেন। ঐ মূর্ত্তিবিশিষ্ট ক্ষুদ্র চৈত্যটীর আজও এত সম্মান কেন? বুদ্ধ ও বোধিসত্ত্বের মূর্ত্তি থাকায় এটী বৌদ্ধসমাজে প্রধান পূজার জিনিস বলিয়াই গণ্য ছিল। নেপালে এখনও ঐরূপ মূর্ত্তিবিশিষ্ট চৈত্যের সর্ব্বত্র মহাসমাদর ও পূজা প্রচলিত।

এক্ষণে বৈশাখী পূর্ণিমার উড়া পর্ব্ব ভিন্ন অপর কোন দিন উক্ত ক্ষুদ্র চৈত্যের পূজা হয় না, কিন্তু হারীতী দেবীর পূজা অনেক সময়েই হইতেই দেখা যায়। কারণ বহুকাল হইতেই বৌদ্ধ ও হিন্দু জনসাধারণ হারীতী বা শীতলার পূজা করিয়া আসিতেছেন। আশ্চর্য্যের বিষয়, এখন এই মূর্ত্তিটী সাধারণের

* Dr. Oldfield's Nepal, II. p. 159.
† do. II. p. 160.

নিকট "কালিকা" নামে পরিচিত। এই কারণ অল্প দিন হইতে সময় সময় ব্রাহ্মণ আসিয়াও এই দেবীর পূজা করিয়া থাকেন, কিন্তু সাধারণতঃ নীচ দেহুরীর হাতেই পূজা পাইয়া আসিতেছেন, এবং নিম্নশ্রেণীর দেহুরীরাই বহুপূর্ব্ব হইতে এখানকার দেবসম্পত্তি ভোগ করিতেছে।

যাহা হউক, সার্দ্ধ দ্বিশত বর্ষ পূর্ব্বেও যে স্থানে বৌদ্ধ উপাসক ও উপাসিকার অভাব ছিল না, তিব্বতাদি বহু দূর দেশ হইতে বৌদ্ধ আচার্য্যগণ যে স্থানের প্রসিদ্ধ চৈত্য এবং নানা গুহ্যশাস্ত্র দর্শন করিতে আসিতেন, এখন সেই স্থানে উক্ত সামান্য নিদর্শন ভিন্ন আর পূর্ব্ব পরিচয়ের কিছুই নাই। স্থানীয় প্রাচীন লোকের মুখে শুনিয়াছি, বাউরি জাতির যত্নেই সমগ্র ধ্বংস মুখ হইতে ঐ কয়টী দ্রব্য মাত্র রক্ষা পাইয়াছে।

উক্ত বাথুরি জাতির সন্ধান ময়ূরভঞ্জ ও নিকটবর্ত্তী অপর গড়জাত ভিন্ন আর কোথাও আমরা পাই নাই। সিদ্ধান্ত উড়ুম্বরে ৯ প্রকার ব্রাহ্মণ জাতির মধ্যে "বাউরি" নামক যে একতম (বর্ত্তমান অস্পৃশ্য) ব্রাহ্মণজাতির কথা লিখিয়াছি, তাহারাই কি প্রচ্ছন্নভাবে ময়ূরভঞ্জের পার্ব্বত্য প্রদেশে 'বাউরি' নামে পরিচয় দিতেছে? বাউরি জাতি যে এক সময়ে অনার্য্য জাতি বলিয়া পরিচিত ছিল না, ইহারা সুসভ্যজাতি মধ্যেই গণ্য ছিল, ইহাদের মধ্যে অনেক রাজা শাসন বিস্তার করিয়া গিয়াছে, অনেক দেবকীর্ত্তি স্থাপন করিয়া সুসভ্য সমাজের পরিচয় দিয়াছে, ময়ূরভঞ্জের নানা স্থানে তাহার প্রমাণের অভাব নাই। ময়ূরভঞ্জের সুদুর্গম সিম্‌লি পাহাড়ের উপর স্থাপত্য-শিল্পের যে বিশাল নিদর্শন "আঠার ডেউল" নামে প্রাচীন প্রস্তর মন্দির ও প্রস্তর অট্টালিকাদি রহিয়াছে, সেই বিশাল কীর্ত্তিই বাথুরিজাতির পূর্ব্ব সমৃদ্ধিরই পরিচয় দান করিতেছে। কিছুকাল পূর্ব্বেও যে এই জাতির মধ্যে রাজা, রাজমন্ত্রী, সামন্ত প্রভৃতি বিদ্যমান ছিল, এখনও তাহার ক্ষীণস্মৃতি রহিয়াছে। বাথুরিয়া আজও আপনাদিগকে আর্য্যজাতি ও ব্রাহ্মণ-সমকক্ষ বলিয়া মনে করে। এখনও তাহারা ব্রাহ্মণের ন্যায় যজ্ঞসূত্র ধারণ করে, ব্রাহ্মণের ন্যায় দশাং অশৌচ পালন করে, অশৌচান্তকালে নাপিত আসিয়াই ক্ষৌ করিয়া থাকে। একাদশ দিনেই শ্রাদ্ধ সম্পন্ন হয়, তাহাতে ব্রাহ্মপুরোহিতেই পৌরোহিত্য করিয়া থাকে। এই একাদশ দিবসই ব্রাহ্মণভোজন ও স্বজাতি ভোজ হইয়া থাকে। বর্ত্তমান সময়ে এই জাতির সর্ব্বপ্রধান ব্যক্তি "মহাপাত্র" উপাধিতে ভূষিত। ময়ূরভঞ্জের খুঁটা-করকচিয়া নামক স্থানে মহাপাত্রের বাস। তাহার আবার দেওয়ান বা ব্যবহর্ত্তা আছে। মহাপাত্রকে বড় কিছু করিতে হয় না। প্রত্যেক বাথুরি গৃহস্থ-কেই পুত্রকন্যার বিবাহের সময় মহাপাত্রকে তাঁহার মর্য্যাদা স্বরূপ একখানি বস্ত্র, ১০টী সুপারি ও ১০০টী পাণ দিতে হয়। কোন উৎসবের সময় মহাপাত্রের অনুমতি লইতে হয়। ময়ূরভঞ্জের মহাপাত্র-বংশ আপনাদিগকে জ্যেষ্ঠের সন্তান এবং কেউন্‌ঝর, দশপুর প্রভৃতি স্থানের মহাপাত্র-বংশকে কনিষ্ঠের সন্তান বলিয়া পরিচিত করেন।

বাথুরি ও বাউরি

দৈব দুরদৃষ্টক্রমে এই জাতির অবস্থা এক্ষণে অতি হীন হইলেও জাতীয় সম্মান ও বংশমর্য্যাদার দিকে ইহাদের বিশেষ লক্ষ্য। প্রাণান্তেও কোন বাথুরি ব্রাহ্মণাদি অপর কোন জাতির অন্ন ভোজন করিবে না, যদি কেহ অপর জাতির অন্ন গ্রহণ বা ভিন্ন জাতীয় রমণীর সহিত যৌন সম্বন্ধ করে, সে অবিলম্বে সমাজ ও জাতিচ্যুত হয়। আশ্চর্য্যের বিষয়, ইহারা অপর কোন জাতিকে স্পর্শ করিতে ঘৃণা বোধ করে। ইহারা ধর্ম্মরাজ, জগন্নাথ* ও কিঞ্চকেশ্বরী বা ছোট খিচিঙ্গেশ্বরীর পূজা দিয়া থাকে। ইহারা বলে যে, নিরঞ্জনের বাহু হইতেই তাহাদের বীজপুরুষের উৎপত্তি, তাহা হইতেই বাহুরি বা বাথুরি নাম হইয়াছে।

"বাহুরি" শব্দ হইতে যে 'বাউরি' বা 'বাথুরি হইয়াছে, তাহাতে সন্দেহ করিবার এখন কোন কারণ দেখি না। বর্ত্তমান বাথুরি জাতির যজ্ঞসূত্র, অশৌচ, শ্রাদ্ধ, আভিজাত্য-মর্য্যাদা ও আচার ব্যবহার দৃষ্টে এই জাতিকেই আমরা, সিদ্ধান্ত-উড়ুম্বর বর্ণিত মহাযান বৌদ্ধ সম্প্রদায়ভুক্ত বাউরি জাতি বলিয়াই মনে করি। সিদ্ধান্ত উড়ুম্বরকার, লিখিয়াছেন, "কলিযুগে না ছুইব। বাউরি ছুইলে সকল পাতক ক্ষয় হব বোলি বিষ্ণুমায়া করি গোপ্য করি রখি অচ্ছন্তি। শুনহে গণেশ বড় গহনএ গুপ্ত করি থুইবু। এথি সকাশরু বাউরি গার কাটিলে ব্রাহ্মণ নিভাই পারন্তি নহি। মুর্খা পাতক হোব বোলি শাপ্যকু মানিথান্তি।"

বাস্তবিক এই জাতি অতি প্রচ্ছন্ন ভাবেই গহনে বাস করে। পূর্ব্বেই বলিয়াছি যে, বাথুরিরা অপর জাতিকে স্পর্শ করিতে ঘৃণা বোধ করে। ব্রাহ্মণপ্রভাবান্বিত হিন্দু রাজার অধিকারে বাস ও অবস্থাবৈগুণ্য হেতু অনেকেই পূর্ব্বাচার পরিত্যাগ করিতে বাধ্য হইলেও ইহারা এখনও পূর্ব্ব ধর্ম্ম মত ও বিশ্বাস এককালে পরিত্যাগ করিতে পারে নাই। ধর্ম্মরাজ জগন্নাথকে তাহারা মহাযান বৌদ্ধ ভাবেই পূজা করিয়া আসিতেছে। খিচিঙ্গে যে প্রকাণ্ড বুদ্ধমূর্ত্তি বাহির হইয়াছে, ইহারা তাঁহাকে ধর্ম্মরাজ

* নেপালী বৌদ্ধদিগের নিকট আজও ধর্ম্মরাজ, জগন্নাথ বুদ্ধদেবেরই নামান্তর বলিয়া পরিচিত—

"তদ্‌যথাসৌ জগন্নাথঃ শাক্যমুনিস্তথাগতঃ।
সর্ব্বজ্ঞো ধর্ম্মরাজোঽর্হন্মুনীশ্বরবিনায়কঃ॥" (বৌদ্ধ স্বয়ম্ভুপুরাণ ১ম অঃ।)

বলিয়াই মানে। ছোট খিচিঙ্গেশ্বরীর মূর্ত্তি বৌদ্ধ তান্ত্রিক সমাজে সিতমারাচী নাম্নী শক্তি মূর্ত্তি বলিয়াই পরিচিত ছিলেন। এই মূর্ত্তির গাত্রে এখনও "যে ধর্ম্ম হেতুপ্রভবা" ইত্যাদি বৌদ্ধ সূত্র উৎকীর্ণ রহিয়াছে। বাথুরিরা "ধর্ম্ম মা" নামে আর একটী দেবী মূর্ত্তির পূজা করিয়া আসিতেছে, খিচিঙ্গে সেই দ্বিভুজ রমণীমূর্ত্তি অধিষ্ঠিতা, অবস্থা বৈগুণ্যে বাথুরি মহিলাগণ হীনশ্রেণির রমণীদিগের মত সর্ব্ববাহু-ভূষিত কাঁসা পিতলের অলঙ্কার ব্যবহার করিতেছে। ঐ দেবীটীও সেই রূপ হীনজাতির বেশ ভূষায় ভূষিত হইলেও এই মূর্ত্তিটীকেও আমরা ত্রিরত্নের অন্যতম ধর্ম্মমূর্ত্তিরই রূপান্তর বলিয়া মনে করি। নেপাল ও বড়সাই প্রভৃতি স্থানে ধর্ম্মমূর্ত্তির চতুর্ভুজ দেখিয়া ঐ মূর্ত্তিকে কেহ ভিন্নদেবীর রূপ বলিয়া মনে না করেন, কারণ ধর্ম্ম দ্বিভুজা মূর্ত্তিতেও যে এক সময়ে অধিষ্ঠিত ও পূজিত হইতেন, গয়ার মহাবোধি হইতে তাহার নমুনা পাওয়া গিয়াছে, সে কথা পূর্ব্বেই বলিয়াছি। স্থানে স্থানে বাথুরিরা "শূন্য ব্রহ্মেরও" পূজা করিয়া থাকে। সিদ্ধান্ত উড়ুম্বর হইতেও আমরা 'ওঁ শূন্যব্রহ্মায়ে নমঃ' এইরূপ বীজমন্ত্র পূর্ব্বেই উদ্ধৃত করিয়াছি। অশিক্ষিত হীনাবস্থাপন্ন কোন কোন বাথুরি ঐ ব্রহ্মকে 'বড়ম্' বা 'বরম্' বলিয়া পরিচয় দেয়। কোলসাঁওতালের মধ্যে এক বড়ামের উপাসনা প্রচলিত আছে। কি আশ্চর্য্য বড়ম্ ও বড়ামে নামসাদৃশ্য দেখিয়া অনেকে বাথুরিজাতিকে হীন অনার্য্য-জাতিমধ্যে গণ্য করিতে প্রস্তুত। আমরা সিদ্ধান্তউড়ুম্বরে পাইয়াছি, "বাউরি দিঅই অন্নপিণ্ড" অর্থাৎ ব্রাহ্মণের ন্যায় বাউরিয়াও অন্নপিণ্ড দিয়া থাকে। বর্ত্তমান বাথুরিজাতির মধ্যেও মহাপাত্র প্রভৃতি প্রধানগণের শ্রাদ্ধে অন্নপিণ্ড দিবার ব্যবস্থা রহিয়াছে। ইহাতেও এইজাতি যে একসময়ে বৌদ্ধ-প্রভাবকালে ব্রাহ্মণের উপর টেক্কা দিতে অগ্রসর হইয়াছিল, তাহার কিছু কিছু আভাস পাওয়া যাইতেছে। যাহা হউক, মহারাজ প্রতাপরুদ্রের সময় হইতে রাজনিগ্রহে এই জাতি যে পার্ব্বত্যপ্রদেশে আশ্রয় লইতে বাধ্য হইয়াছিল এবং বৌদ্ধপ্রভাব বিলোপের সহিত বঙ্গদেশের ডোমপণ্ডিতদিগের ন্যায় অতি হীন ও অস্পৃশ্য হইয়া পড়িয়াছে, তাহাতে সন্দেহ নাই। ময়ূর-ভঞ্জে ও নিকটবর্ত্তী পার্ব্বত্য গহনকাননবাসী এই অপরিচিত জাতিকেই প্রচ্ছন্ন বৌদ্ধ বলিয়াই মনে করি। এই জাতীয় দুই একজনের মুখে গোরখ্‌নাথ, মণিকানাথ ও মার্কণ্ডেয় নাম শুনা যায়। বড়সাইগ্রাম হইতে আবিষ্কৃত অমরপটলে মীননাথেরই নাম মণিকানাথ দৃষ্ট হয়। বাঙ্গালার শূন্যপুরাণ ও নানা ধর্ম্মমঙ্গলে অপর কোন ঋষির বিশেষ পরিচয় না থাকিলেও মার্কণ্ডেয়ের নাম এবং গোরক্ষ, মীননাথ প্রভৃতির নাম পাওয়া যায়। এখানকার অনাকারসংহিতায় মার্কণ্ডেয়ের তপস্যা ও অমরপটলে মীনগোরক্ষসংবাদ বর্ণিত হইয়াছে। বৌদ্ধসমাজে গোরক্ষনাথ একজন প্রধান বৌদ্ধাচার্য্য বলিয়ই সম্মানিত ছিলেন।* মীননাথের ত কথাই নাই। তিনি এখনও নেপালের অধিষ্ঠাতৃদেবতা মচ্ছেন্দ্রনাথ নামে বৌদ্ধসমাজে বিশেষ পূজিত ও নেপালী-বৌদ্ধগণ এই মচ্ছেন্দ্রনাথকেই "পদ্মপাণি" বোধিসত্ত্বের অবতার বলিয়া মনে করেন।†

যাহা হউক উক্ত নানা প্রমাণে ও নানা কারণে বাথুরিদিগকে প্রচ্ছন্ন ও জীবন্ত বৌদ্ধ বলিয়া গ্রহণ করিতে আর আপত্তি থাকিতেছে না।

* "It is stated in Pagsam Jon-Zan (by Sumpo Khanpo, a renowned Buddhist Teacher of Tibet) "About (13th Cetury A. D.) this time foolish ygis, who were followers of Buddhist Yogi Goraksha became Civaite Samnyasis." (Journal of the Asiatic Societ of Bengal, 1898, Pt. I. P. 25)

† Dr. Oldfield's Nepal, Vol, II. P. 264.

(ঊনবিংশ ভাগ সমাপ্ত

UNIVERSITY OF NORTH BENGAL. LIBRARY. RAJA RAMMOHANPUR.